"Mr. Tamizuddin Khan: Sir, I have very little to add to what has already been said against the amendment moved by my Honorable friend, Mr. Datta. One thing that has been said by the Honorable the acting Leader of the Congress Party here seems to me to be of some importance. He said that the Honorable the Leader of the House in the course of his speech stated that this is a Muslim state and his apprehension is that if that is so, where the minorities are. So far as that question is concerned, you, Sir, made it clear on the very first day and it has been made clear from a thousand platforms that all minorities in Pakistan will enjoy equal rights with the majority. They will have the same rights as the majority has. That position, I think, remains unaltered. The Honorable the Leader of the House has called it a Muslim State. There are people who call India a Hindu State. We call Turkey a Muslim country and also Egypt a Muslim country. But does that mean that there are no non-Muslims in those countries? So far as America is concerned, till recently, all Indians, irrespective of the fact whether they were Hindus or Muslims or Parsees or Christians, were called Hindus. The substance of the thing does not depend upon the name. It is absolutely clear, as clear as anything can be, that every citizen of Pakistan, who is loyal to Pakistan, has the same rights and privileges.

So far as the other question is concerned, I do not want to add anything to what has already been said.

Sir, 1 cannot accept the amendment.

Mr. President: The question is: "That in sub-rule (1) of rule 29, after the word 'English' in line 2, the word 'Bengalee' be inserted."

The motion was negatived.

---

* Speech not Corrected by the Honorable Member.

শিরোনাম	সূত্র	তারিখ
প্রথম জাতীয় বাজেট আলোচনাকালে পূর্ব বাংলার দাবীদাওয়ার প্রশ্নে বিতর্ক	পাকিস্তান গণপরিষদ (আইন সভা)	১লা মার্চ, ১৯৪৮

THE GENERAL BUDGET-GENERAL DISCUSSION
Constituent Assembly (Legislature)
[1st March, 1948]
Constituent Assembly (Legislature) of Pakistan Debates
VOL. 1 of 1948

Prof. Rajkumar Chakravcrty (East Bengal: General):..... Sir, I congratulate the Honorable the Finance Member on his admirable speech with which he presented the Budget before this House. It was full of high sentiments and noble emotions for Pakistan which we all fully share. We have his assurance that not a single Pie would be spent so long as, according to the Finance Minister, it is an avoidable item of expenditure. We also learn that his maxim for the Finance Department is that inescapability must be the criterion of all future expenditure.

Sir, we fully share his difficulties also in presenting the first Budget of the Pakistan Government, as he has said that he has begun almost from scratch and he has to build up the future, worthy of Pakistan. But, Sir I cannot congratulate him on the contents of the Budget and the way in which he has presented the Budget before this House. The Budget lacks a sense of realism. I wish to add that in spite of his best intentions, he has not been able fully to avoid the old, outmoded way of presenting the Budget. The Budget should have been really a deficit Budget, but he has shown it to be a surplus one, and that too at the cost of poor men and the common men. Sir, the test of a Budget is not whether it is a deficit Budget or a surplus one. The test of the Budget lies in the fact whether it leads to the greatest good of the greatest member of people whether it has anything for the Common man and considered in that light the Budget has not came out as a successful one. Sir, the Honorable the Finance Member has continued the tax on the poor man's salt, which is a very essential commodity of the common man. He has increased the excise duty on hookah tobacco, which is the solace of the life of poor people. He has increased the rates of excise duty on betel nut which is another joy in the life of the Common man. He has increased the rates of the inland postcards which are very necessary in the life of the common man every day. He has increased the duty on kerosene, knowing very well that 99 per cent of the people of this land cannot do without kerosene and they have not got their houses electrically lit. He has increased the third class railway fares knowing very well that their journey is anything but comfortable while traveling in the third class. He has not only given no relief to the poor man and the common man, but he has hit them hard and he has kicked them too. The poor people will groan during the year to come under the measures of taxation he has proposed in the Budget. Sir, the Budget, he has presented follows the old bureaucratic method. He has

merely cut the t's and dotted the is. He has given up nothing new worth the name in any sphere of life, whether in the matter of education or medical relief or industry, but he has given us more promises and promises in abundance, but without any fulfillment. He has said that he has set up a development Board, but the Board has not developed anything. He has said that he has set up an Advisory Planning Board, but the Board has planned nothing as yet. He has proposed to set up an Industrial Finance Corporation, but it is yet to mature. He has stated that he is going to set up an Industrial Research Institute, but it is yet under consideration, and the Budget, therefore, Sir, is a Budget of speculation and of little actual performance. Six months have elapsed since the establishment of the free State of Pakistan and I regret to have to say that nothing has been done tangible in the way of Planning and time is essence of any Planning. He has pointed out, and we all know, that over 70 per cent of the produce of jute in this Sub-continent is from Pakistan and there no jute mills worth the name in Pakistan. While he has done nothing, he has not even taken any tangible steps to set up any jute mill to cope with the production of jute in Eastern Pakistan. He has told us, and you all know there are few cotton mills in Pakistan and the production of staple cotton there is a very large in quantity. I wish he did something to establish cotton mills or increase the number of cotton mills in Pakistan so that our resources might be better realized. These are, Sir, my first reactions to the Budget.

The next thing to which I take objection to in the Budget is -the encroachment on the rights of the Provincial Governments. He has proposed to take over in proceeds of the Estate duty from the Provinces. Sir, this raises very important issues, and on behalf of the Provincial Governments I think it is my duty to protest in this House against this encroachment by the Centre on the provincial sphere. Sir, we are going to have a Federation of the Autonomous States of Pakistan and these taxation proposals of the Honorable the Finance Minister strike at the very root of the autonomy of the federating units which we cannot look at with any sense of pleasure or equanimity. I must, therefore, sound a note of warning to the Central Government, that if they continue encroaching like this, the Provincial Government will took at these measures as a starting kick of the Honorable the Finance Minister and I hope he will consider the matter...

Mr. Abul Matin Choudhury (East Bengal: Muslim):. ... I congratulate, Sir, the Honourable the Defence Minister on the steps that he had already taken for the nationalization of the Pakistan Army, but I suggest to him. Sir, it in making recruit for the officers' rank in the Army, Navy and the Air Force of Pakistan, he should see to it, Sir, that the Eastern Pakistan makes the necessary contribution. Defence, Sir, is a responsibility common to all the citizens of the State and there is no dearth of suitable candidates from among the millions of people in the Eastern Pakistan for officer’s rank in the Army. When I speak of Eastern Pakistan, Sir, I do not speak in a spirit of provincialism. I hold the view, Sir, that interests of the State of Pakistan transcend every other consideration-sectional, parochial or provincial-and that we must suppress all disruptive in every sphere of life, if Pakistan is to survive as a compact and homogeneous State, but, Sir, that should not preclude as from ventilating the grievances of the part of the country with which we are familiar and about the conditions of which we have special knowledge.

Eastern Pakistan, Sir, is fortunate in having a large body of sea-faring population inhabiting the districts of Sylhet, Chittagong, Noakhali, Comilla, Dacca, Mymensingh and Faridpur. For years these districts have been supplying crew for all Ocean-going steams for the port of Calcutta, the Port of Bombay and even for the port of Mombassa. I hope, Sir, full opportunity should be taken of utilizing the services of these men in training for our Navy. Concentration, Sir, of the training Establishments in Karachi in my view, is hindrance, a drawback to the full utilization of our available manpower for the Navy. I hope. Sir, that in locating training centers, the Defence Department will bear all these considerations in mind..

Mr. Azizuddin Ahmed (East Bengal: Muslim) : . . . Sir, it is quite true that Pakistan as it is situated now requires a large defence force and a strong army, navy and also Air Force, and so the bulk of our revenue should go for Defence, but Sir, when I go into the Budget and find that nothing has been done for the isolated part of Pakistan, namely, the Eastern Bengal, which is surrounded on three sides by foreign Dominion and on the South by the Bay of Bengal. I feel really disappointed. Sir, it has been said that at one time Bengal was neglected and the other day our esteemed colleague, Begum Shaiesta Ikramullah, remarked that East Bengal is, if late, talked if patronizingly. It seems. Sir, that in the present scheme of things. East Bengal is really Very much neglected. Our friends over here who are in the compact area of Sind, N.W.F.P., Baluchistan and the Punjab do not give much time or thought, it seems, to the isolated position of East Bengal which is cut off from this part of Pakistan by at least 1,500 miles and surrounded on all sides by foreign, and even at times hostile, Dominion and the Bay of Bengal. Sir, I do not know what my friend, the Honourable the Defence Minister, may have to say - it may be a State Secret - for the defence of Eastern Pakistan, but. Sir, the people should be taken into confidence so that Eastern Pakistan may not be a sort of temptation to other people for aggression or for attack. So, Sir, this part of the Budget has been really very much disappointing to us, the people of Eastern Bengal.

Then, Sir, a lot of revenue of Pakistan certainly comes from the Jute Duty, but, Sir, in the present Budget we do not find any provision whatsoever for improving the port of Chittagong, so that this item of our duty might be increased. Jetties are there – they require a lot of improvement - but I feel, Sir, that the Honorable the Finance Minister altogether forgot Chittagong and its improvement for the purpose on exporting jute and to add additional revenue to our coffers.

Then, Sir, what is the provision we find in the Budget for improving the lot of the people who grow jute. The only luxury, Sir that they enjoy is hookah. They have got no Cinema, they have no theatre; no club life; the only luxury, Sir that these poor people enjoy is the hookah which also is being taxed...

Then, there is another luxury which the poor agriculturist enjoys and that is Pan. That, Sir, is also being heavily taxed, so that the poor man's lot is really unenviable. The poor men had already been faced with difficulties in getting kerosene and the heavy taxation which has been put on kerosene adds to them...

Then again, Sir, there is no provision whatsoever for any textile mills in Eastern Pakistan. Probably the Finance Minister sitting over here, 1,500 miles away, did not gather information regarding the shortage of cloth from which the poor people of East Bengal suffer. Whatever, my friend, Khwaja Nazimuddin, may say and give his good wishes and *dooa* for the masses and whatever Mr. Hamidul Huq Chowdhury, the Finance Minister of East Bengal, may say for his failure or for the matter of that he may throw the blame on somebody else in supplying their quota of cloth to the villagers, people really go naked. Now, Sir, if the difficulties were there before the advent of Pakistan, if the difficulties are now increased the common people, who have got no education, and for whom there is no provision for education in the Budget, would blame Pakistan all the more if they go naked, if they have got no cloth to cover their shame and even to bury their dead. These are instances in Eastern Pakistan where dead bodies have had to be buried without cloth...

So, Sir, I think this part of the Honorable the Finance Minister's Budget is also disappointing because there is no provision for giving us additional quota of cloth by having some sort of textile mills in Eastern Pakistan.

I am glad, Sir, that the Honorable the Finance Minister has put taxes on Cigars and Cigarettes, Motor cars and Wireless sets, but, Sir, I think that he could alleniate the difficulties and sufferings of the poor masses if he had also taxed cycles and bicycles. In Bengal, Sir, we have cycles and also rickshaws, but at the same time, Sir, I would request the, Honorable the Finance Minister, if he has this in his mind - to tax cycles also-not to make it a Central Subject. At least my friends from East Bengal have lost their sales-tax..

The Honourable Mr. Liaquat Ali Khan: No, Sir, you have not lost it. You are getting everything back.

Mr. Azizuddin Ahmed: But the compensation, Sir, would be so inadequate that it is as good as robbing Peter for paying Paul! So, Sir, if the sales-tax goes, if the income-tax goes, which was already out of the Province, and if the agricultural income-tax also goes what is to be done to improve the lot of these poor people and probably the Provincial Governments will have no more item to tax...

Mr. Ghyasuddin Pathan (East Bengal: Muslim):... Sir, while offering my sincere congratulations to the Honorable the Finance Minister for his honest efforts in strengthening and re-organizing the defence side, I should like to draw his attention to certain facts: There is no doubt that Pakistan needs complete re-organisation and strengthening of its defence in the context of new circumstances. It is needless to mention that of the two parts of the State, Eastern unit of Pakistan is surrounded by foreign countries on all sides. This is a plain country with not many natural barriers except at the time of rainy seasons when water serves the purpose of obstacles in the way of invasion. We have got the largest population both in number and in density. I will be borne out by pre-British History in India that Bengalis were a martial race and did win laurels in many battle fields. It was due to a mischievous policy of the British rulers that the raising of army from amongst the Bengalis was stopped. It must be admitted that in the freedom

movement Bengal was the first amongst other Indian provinces to plunge itself into the fight and this is one of the reasons for depriving the Bengalis from their right of participating in the Army. With the achievement of independence, the old outlook of our old masters has got to be changed. Besides, during the last war no difference was made between martial and non-martial races and the recruitment covered all the provinces of India including Bengal, which has contributed to the land and air forces. So far as Navy is concerned East Bengal is proud of having a sea-faring nation which has made name centuries ago. Indian Seamen which is mainly composed of East Bengal Seamen has entered every water on the globe, rough and smooth, and have got the appreciation and admiration of foreign admirals. It is, therefore, incumbent upon the Government to provide facilities immediately to the people of East Bengal for naval training and to develop Chittagong as a Naval Training Centre. As regards recruitment in the Air Force, East Bengal has been treated in a step motherly way. There are 6 or 7 recruiting centers in West Pakistan whereas there is only one in East Pakistan. This is not certainly giving equal facilities to all citizens of Pakistan. Again, no Training Centre has been opened in East Bengal and the Boys recruited there have got to travel at least two thousand miles to receive their first training. This is not encouraging. A training centre for Air Force must therefore be opened in East Bengal without further delay and though East Bengal is a part and parcel of the Pakistan State it must be developed into a self-sufficient unit on account of the great distance between East Pakistan and West Pakistan. In all matters of development and defense, East Bengal cannot be treated as a unit of the Pakistan State in its ordinary sense, applicable to West Punjab, Sind, Frontier and Baluchistan, because all these units in the West are a compact geographical area. East Bengal, physically situated as it is, must be regarded as a separate unit and defence and development should be made equally in the Eastern and Western zone of the Pakistan State. You must make East Bengal self-sufficient in every respect...

Sir, before I close discussion on defence, I must emphasize the immediate necessity of establishing an Ordnance Factory in the Eastern zone. It is foolish to think that in time of hostilities, Western part of the State will be able to help the Eastern counterpart with sufficient arms and ammunitions. Throughout the Budget speech recognition of the urgent necessity of East Bengal's defence is lacking. I am, however, glad to find that Pakistan Government contemplates starting a number of new training-institutions like the Military Academy, Technical and Administrative School, Electrical and Mechanical Engineering Centre and School and has provided a fairly good account for setting up machineries for certain essential factories during the next year. This will certainly include ordnance and ammunition depots. I must bring it to the notice of this House that some of these institutions must be set up in East Bengal for the reasons stated above. Such a step in my opinion will be an act of foresight and political sagacity. Difficulties, excuses or platitudes may be used for depriving East Bengal of the advantages already mentioned. But such a step will be most impolitic and may give rise to a sense of frustration amongst more than half the population inhibiting the State of Pakistan. The feeling is already there and the sooner the leaders at the helm of affairs realize and remedy the same, the better for all concerned...

Mr. Mahnuid Husain (**East Bengal: Muslim**) : ... To me, Sir, there are two things which are objectionable in the method by which the Budget has been balanced. One is very fundamental. And it is this that I find in it an encroachment upon the financial autonomy of the Provinces. It is a very fundamental question and a very large question and it requires very careful thought. I cannot possibly express fully on this subject within the short time available to me. But, Sir, the kind of Pakistan that I envisage consists of autonomous units. For reasons of geography, because of linguistic difference, because of racial differences, because we are many miles apart-1,500 miles divide Eastern Pakistan from Western Pakistan-and because even within Western Pakistan there are differences which cannot be ignored and which should not be ignored, I think, Sir, our future development should be on the lines of autonomous development of provinces, complete autonomy for Provinces. That is the only manner in which we can run Pakistan. That is fundamental. I think, Sir, in the Budget this principle has not merely not been observed but there are signs of encroachment upon the financial resources of the Provinces. It really does not help us, because all you do is that you take away some money from the provinces and spend it for the Centre. It does not really solve our economic problem. Our economic problem can be solved only when we can increase our national wealth. We can raise our standard of living not by just some sort of reshuffling of the sources of income, not by taking away some money from here and giving it there. It does not solve our economic problem. My complaint is. Sir that our economic problem has not been squarely faced by the Honorable the Finance Minister. He ought to have faced these difficulties and he ought to have produced a solution. He ought to have at lease made a beginning could have been made; at least he could have given us some idea that in future this was the kind of thing he was thinking of and this was the plan by which he was trying to solve our problem.....

The Honorable Khwaja Nazimuddin (East Bengal; Muslim) [2nd March, 1948]:... Sir, I would point out that in the State where there are provinces, it is very necessary that the people of the provinces should develop and progress equally just as in the case of a carriage drawn by a pair of horses, it is no use if we have got one strong and powerful horse and the other lean and thin, the team never works. Similarly, provinces must develop and prosper together and if we are going to have one province which is economically and financially unsound, whose people are not wealthy, it is bound to affect the position of the whole state and purely from that point of view, I would like to place certain demands, if I may say so, suggestions before the Central Government. First and foremost among these is that as far as Eastern Pakistan is concerned, we must have a fair and proper share in the Armed Forces of Pakistan. This I consider very essential and it must be remembered that so long for various reasons the people of Eastern Pakistan have been almost kept out of the Armed Forces and if you are now going to place us in a position that we have got to get only a share of the new recruits, you can realize how long it will take for us to get anything like adequate representation. The Heads of the Armed Forces who have visited Eastern Pakistan have been impressed with the material that they have seen recruited in one or two battalions of the East Bengal Regiment...

They feel that there is a great possibility of East Bengal supplying a large number of people into the Armed forces of Pakistan. But unless special steps are taken to see that they get their fair and proper share, it will be difficult to ensure adequate representation of the people of Eastern Pakistan...

In conclusion, I would like again to congratulate the Finance Minister and would again ask him to remember that we in Eastern Pakistan are suffering from great handicaps. We are far away from the seat of the Central Government and we are apt to be forgotten. We are anxious to help in every possible manner to maintain the solidarity of the Pakistan State. We are mostly poor people and that is the special feature of the Pakistan State. The Pakistan State is for the poor people. It is a people's Government now and not the government of any other kind and their demands should receive the special attention of the Central Government.

শিরোনাম	সূত্র	তারিখ
সাপ্তাহিক 'নও বেলালে' প্রকাশিত রাষ্ট্রভাষা সংক্রান্ত সম্পাদকীয়	সাপ্তাহিক 'নও বেলাল'। সূত্র: ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতিঃ বদরুদ্দীন উমর। পৃষ্ঠা-৬২	৪ঠা মার্চ, ১৯৪৮

এই পত্রিকাটিতে ৪ঠা মার্চ তারিখে পাকিস্তান গণপরিষদের ভাষা বিষয়ক প্রস্তাব এবং তার সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্তের উপর 'রাষ্ট্রভাষা' শীর্ষক একটি দীর্ঘ সম্পাদকীয় প্রকাশ করা হয়। রাষ্ট্রভাষা প্রশ্নের সাথে পূর্ব বাংলার সাংস্কৃতিক জীবনের ও সাংস্কৃতিক আত্মনিয়ন্ত্রণ অধিকারের যোগসূত্রের কথা উল্লেখ করে তাতে বলা হয় :

> পাকিস্তান লাভ করিবার পূর্বে পূর্ব-পাকিস্তানবাসীদের ধারণা ছিল যে তাহাদের সংস্কৃতি, তহজিব, তমদ্দুন সকল অবস্থায়ই অক্ষুণ্ণ থাকিবে। পাকিস্তান রাষ্ট্রের এলাকাধীন বিভিন্ন প্রদেশের অধিকাংশ বাসিন্দা মুসলমান গতিকে, তাহাদের মধ্যে মজহাবী একতা ছাড়া ভাষাগত বিষয়ে বিভিন্ন প্রদেশের নানাবিধ পার্থক্য রহিয়াছে তাহা অস্বীকার করিবার উপায় নাই। যদি এক ভাষার আধিপত্যে অন্য ভাষার প্রসার সংকুচিত হয় অথবা অন্য প্রদেশের সংস্কৃতি নষ্ট হইবার সূচনা দেখা যায় তাহা হইলে যে প্রদেশের ভাষার মর্যাদার হানি হইয়াছে তাহার প্রতি অবিচার করা হইবে।

বৃটিশ সাম্রাজ্যবাদের সাথে কেন্দ্রীয় পাকিস্তান সরকারের তুলনা করে পত্রিকাটি বলেন :

> সাম্রাজ্যবাদী ইংরেজদের আমলেও গভর্ণমেন্টের কারেন্সী নোটেও বাংলা ভাষার স্থান ছিল। পাকিস্তান সরকার বাংলাকে তুলিয়া ফেলিয়াছেন। পাকিস্তান সরকারের মনি অর্ডারের ফরম, ডাক টিকিট, পোষ্ট কার্ড ইত্যাদিতে বাংলার স্থান নাই।

প্রধানমন্ত্রী লিয়াকত আলীর উক্তি সম্পর্কে নওবেলাল বলেন :

> এই প্রস্তাবের প্রসঙ্গে পাকিস্তানের উজিরে আজম জনাব লিয়াকত আলী যে অসংলগ্ন কথার অবতারণা করিয়াছেন তাহাতে বাস্তবিকই মর্মাহত হইতে হয়। তিনি বলিয়াছেন পাকিস্তান একটি মুসলিম রাষ্ট্র, তাই পাকিস্তানের ভাষা হইবে মুসলিমদের ভাষা উর্দু। এই সব অপরিণামদর্শী ভাষণের আলোচনাও এক দুঃখজনক ব্যাপার। তবে এই সব ঘোষণার প্রতিক্রিয়া যে মারাত্মক হইতে পারে সে সম্বন্ধে আমরা জনাব লিয়াকত আলী খানকে ভাবিয়া দেখিতে অনুরোধ করি।

খাজা নাজিমুদ্দিনের উক্তির সমালোচনা প্রসঙ্গে এতে বলা হয়:

> এই প্রসঙ্গে পূর্ব পাকিস্তানের জনমতের উল্লেখ করিতে যাইয়া জনাব নাজিমুদ্দিন ও তমিজুদ্দিন খান যেসব অপ্রত্যাশিত মন্তব্য করিয়াছেন তার জন্য নিশ্চয়ই তাহাদিগকে একদিন পূর্ব পাকিস্তানবাসীর নিকট জবাবদিহি করতে হইবে। খাজা সাহেবের পারিবারিক ভাষা উর্দুকে পূর্ব পাকিস্তানের জনসাধারণ তাহাদের সাধারণ ভাষারূপে গ্রহণ করিতে চায় এই তথ্য কোথায় আবিষ্কার করিলেন?

গণপরিষদের মুসলিম লীগ দলীয় বাঙালী সদস্যদের উদ্দেশে পত্রিকাটি বলেন:

> এইভাবে আপনার মাতৃভাষার মূলে যাহারা কুঠারঘাত করিতেছেন, তাহারা কি একবার ভাবিয়াও দেখেন নাই যে ভাষার ভিতর দিয়াই জাতির আশা-আকাংখা, সুখ-দুঃখ, আর্দশ প্রভৃতি রূপ পাইয়া

থাকে। ভাষা সম্পূর্ণ বিকাশ লাভ না করিলে জাতির মেরুদণ্ড গঠিত হইয়া উঠিতে পারে না। কোন এক বিশেষ প্রভাবে পড়িয়া তাঁহারা হয়ত আপনাদের অস্তিত্বের বিলোপ করিতে পারেন, তবে পূর্ব পাকিস্তানের চারি কোটি চল্লিশ লক্ষ লোক কিছুতেই তাহাদিগকে ক্ষমা করিবে না। কিছুতেই তাহারা তাহাদের মাতৃভাষা বাংলার অবমাননা সহ্য করিবে না। তাই ইতিমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ধর্মঘট করিয়াছে এবং মিছিল সহকারে সর্বত্র বিক্ষোভ প্রদর্শন করিয়াছে। কেবল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণই নহে পূর্ব পাকিস্তানের সর্বত্র এই ব্যবস্থার বিরুদ্ধে তুমুল আন্দোলন গড়িয়া উঠিতেছে। এই গনবিক্ষোভ যখন পূর্ণ আত্মপ্রকাশ করিবে তখন এইসব নেতাদের আসনও টলটলায়মান হইয়া পড়িবে।

সর্বশেষে পাকিস্তানের শান্তি এবং ঐক্য বজায় রাখার আবেদন জানিয়ে সম্পাদকীয়টিতে বলা হয় :

তাই পূর্বাহ্নেই আমরা কর্তৃপক্ষ মহলকে অনুরোধ করিতেছি যদি পাকিস্তানের সংহতি, ঐক্য ও সর্বোপরি শান্তি বজায় রাখিবার জন্য তাহাদের মনে এতটুকু আগ্রহ থাকে তাহা হইলে অনতিবিলম্বে তাহাদের কর্মের সংশোধন করুন। পূর্ব পাকিস্তানের রাষ্ট্রভাষা ও শিক্ষার মাধ্যমরূপে বাংলাকে গ্রহণ করুন। তাহা না হইলে স্বভাবতঃই পূর্ব পাকিস্তানবাসীর মধ্যে এই ধারণা বদ্ধমূল হইতে থাকিবে যে পূর্ব পাকিস্তানের উপর যুক্ত প্রদেশ ও পশ্চিম পাঞ্জাবের লোকের আধিপত্য প্রতিষ্ঠা করিবার জন্য বাংলাকে আস্তে আস্তে তার ন্যায্য আসন হইতে সরাইয়া ফেলা হইতেছে।*

* এই সময় ঢাকা থেকে কোন দৈনিক পত্রিকা প্রকাশিত হোত না। সিলেট থেকে প্রকাশিত সাপ্তাহিক 'নও বেলাল'-এর ভূমিকা ছিল প্রগতিশীল ও বাংলা ভাষার পক্ষে।

শিরোনাম	সূত্র	তারিখ
১১ই মার্চ ১৯৪৮ সালে অনুষ্ঠিত হরতাল সম্পর্কে সরকারী বক্তব্য	পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতিঃ বদরুদ্দীন উমর। পৃষ্ঠা-৮২	১২ই মার্চ, ১৯৪৮

১১ই মার্চের এই ঘটনাবলী সম্পর্কে পূর্ববঙ্গ সরকারের একটি প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় :

বাংলাকে কেন্দ্রের সরকারী ভাষা না করার সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপনের উদ্দেশ্যে ১১ই মার্চ আহূত সাধারণ ধর্মঘটকে কার্যকর করবার জন্যে আজ ঢাকাতে কিছুসংখ্যক অন্তর্ঘাতক এবং একদল ছাত্র ধর্মঘট করার চেষ্টা করে। শহরের সমস্ত মুসলিম এলাকা এবং অধিকাংশ অমুসলিম এলাকাগুলি ধর্মঘট পালন করতে অসম্মত হয়। শুধুমাত্র কিছু কিছু হিন্দু দোকানপাট বন্ধ থাকে। শহরের এবং আদালতের কাজকর্ম সম্পুর্ণ স্বাভাবিক ছিলো। রমনা এলাকায় অবশ্য ধর্মঘটকারীরা কিছু কিছু অফিসের লোকদেরকে কাজে যোগদানে বাধা দেয়। পিকেটিং করার উদ্দেশ্যে ছাত্রদের ক্ষুদ্র ক্ষুদ্র এক একটি দল সেক্রেটারিয়েট, হাইকোর্ট এবং অন্য কতকগুলি অফিসে সম্মুখে সমবেত হয়। এদের মধ্যে অনেককে শান্তভাবে স্থান ত্যাগ করতে সম্মত করা গেলেও অন্যান্যেরা আক্রমণোদ্যত হয়ে সেখানে অবস্থিত পুলিশ ও অফিস যোগদানে ইচ্ছুক কিছুসংখ্যক লোকজনের উপর ইটপাকেল ছোড়ে এবং অন্যান্য হিংসাত্মক কার্য্যকলাপ শুরু করে। এর ফলে পুলিশ লাঠিচার্জ করতে বাধ্য হয় এবং ৬৫ জনকে গ্রেফতার করে। এক সময় দুবার বন্দুকের ফাঁকা আওয়াজ পর্যন্ত করতে হয়। বিক্ষোভ প্রদর্শন ও পুলিশ তৎপরতার ফলে মোট চৌদ্দ ব্যক্তি আহত হন এবং তাঁদেরকে হাসপাতালে ভর্তি করা হয়। এঁদের মধ্যে কেউই গুরুতরভাবে অথবা গুলির আঘাতে আহত হননি। খানাতল্লাসীর ফলে যে সমস্ত প্রমাণাদি এখন সরকারের হস্তগত হয়েছে তার থেকে স্পষ্টই বোঝা যায় যে মুসলমানদের মধ্যে বিভেদ এবং প্রশাসনিক হতবুদ্ধিতা সৃষ্টি করে পাকিস্তানকে খর্ব করার উদ্দেশ্যে একটা গভীর ষড়যন্ত্র চলছে।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ববাংলা ব্যবস্থাপক সভায় কার্য বিবরণীর একটি অংশ	প্রাদেশিক ব্যবস্থাপক সভা	১৫ই মার্চ, ১৯৪৮

* * * *

Mr. Dhirendra Nath Dutta: স্যার, Assembly-র বাইরে খুব গোলমাল চলছে, ছেলেদের উপর কোন অত্যাচার হচ্ছে কিনা আমরা জানতে চাই।

Dr. Protap Chandra Guha Roy: সভাপতি সাহেব, যদিও আমাদের adjournment motion move করতে পারি নাই তাহলেও ঐ Adjournment সম্বন্ধে আমাদের House-এর Leader কোন statement দেবেন কি?

The Hon'ble Mr. Khwaja Nazimuddin: Sir, the reason why I was delayed is that I was meeting the members of the Committee of Action. An agreement was signed between us and I have given orders for release of these people. There was an understanding that they would not come near the Assembly Chamber and the Secretariat; but I find that evidently they have come very near the Assembly Hall and are making demonstration. I have withdrawn all the police, under the agreement and they left them in front of the Assembly and the Secretariat building. I do not know what has been happening and I think nothing untoward will happen. This is the position, Sir, since they did not come on the road adjoining the Assembly, I do not think they will be molested.

Dr. Protap Chandra Guha Roy : Sir, ১১ তারিখের ঘটনা সম্বন্ধে কোন Statement দিবেন কিনা?

The Hon’ble Mr. Khwaja Nazimuddin : এ সম্বন্ধে আলোচনা Parliamentary party meeting-এ হয়ে গিয়েছে এবং তার বিবৃতি করা হয়েছে, সে সম্বন্ধে আর অধিক আলোচনা ভাল মনে করি না।

Mr. Provash Chandra Lahiri : মাননীয় সভাপতি সাহেব, House-এর বাইরে যে কি হচ্ছে এবং ছাত্র demonstrator-দের উপর কোন অত্যাচার হচ্ছে কিনা সেটা একবার দেখে এলে ভাল হোত।

The Hon’ble Mr. Khwaja Nazumuddin : With your permission, Sir, I would like to make a statement about what has happened (Interruption). Please listen to me. Please listen to what I have got to say (Interruption).

Mr. Speaker: I appeal to the members to follow the procedure of the House. The Hon’ble Leader of the House will make a statement on the subject and appeal to you all to listen to him.

Mr. Monoranjan Dhar : Sir, আমি নিজে দেখে এলাম এবং প্রধান মন্ত্রীর নিজে গিয়ে দেখা উচিত যে বাইরে কি হচ্ছে। সত্যই যদি এখানে ছাত্রদের উপর পুলিশের কোন অত্যাচার হয় তা হলে সেটা বড় দুঃখের বিষয় হবে।

The Hon'ble Mr. Khwaja Nazimuddin : Sir, since this morning I have been in consultation with the Committee of Action which represent various organizations who have started this movement. As a result of our discussion certain agreements were arrived at and they were given permission to go to jail and see who were there. They came back and signed the agreement. I gave order for release of all people who have been in jails. They wanted me to withdraw all the police. I gave orders for the withdrawal of the police except in front of the Assembly and the Secretariat. I assured them and also gave orders that the police will be withdrawn. They should not come before the Assembly. They can go anywhere else they like provided they do not come before the Assembly. They can go to Ramna or any other place. I do not know what has happened. Why they are making demonstrations here? Here is a copy of the agreement. All the police have been withdrawn except in front of the Secretariat and the Assembly. I think the Committee of Action has been disowned, or what has happened I do not know. (Noise).

If you like 1 can read out the copy of the agreement.

"After discussion with the members of the Joint State Language Committee of Action it was agreed as follows:

1. All those who have been arrested in connection with the Bengali language issue from the 29.h February, 1948, will be released immediately.
2. The Hon'ble the Prime Minister will enquire into the alleged excesses by the police and issue a statement within a month.
3. In the first week of April, 1948 on a day reserved for the unofficial business of the East Bengal Legislative Assembly a special motion will be moved recommending that Bengali should also be one of the State languages and given the same status as Urdu in Pak Assembly and in Central Govt. examinations.

In today's party meeting this question will be discussed.

4. An official resolution will be moved in the Assembly in April proposing that as soon as English is replaced it will be by Bengali as the official language of the province, and the medium of instruction will be in Bengali but in schools and colleges the mother tongue of the majority of the students will have preference.
5. No victimization of anyone who has taken part in this movement.
6. The ban on papers will be withdrawn.
7. Wherever section 144 has been imposed in East Bengal in connection with the language question with effect from the 29th of February will be withdrawn.
8. After discussion with the Committee of Action, I am satisfied that this movement was not inspired by the enemies of the State."

Dr. A.M. Malik : মাননীয় সভাপতি সাহেব, আমাদের House-এর Leader এখন যে বল্লেন সব জায়গা হতে Police তুলে নেওয়া হয়েছে কিন্তু আমি দেখে এলাম Police তুলে নিয়ে Military বসান হয়েছে।

Mr. Abu Taiyab Mazharul Haque : স্যার, আপনি নিজে গিয়ে দেখুন।

The Hon'ble Mr. Khwaja Nazimuddin : এখানে Military প্রথম থেকে বসান ছিল। The military was posted here from the beginning and the police have been withdrawn from other parts. They were all over Ramna, but from all those places the police have been withdrawn and no arrests have been made, nobody is being interfered with. The arrangement was that they would not come before the Assembly or go to the Secretariat, but they could go anywhere else they liked. (Great uproar in the House).

Mr. Mafizuddin Ahmed: Sir, ১১ তারিখে যে সমস্ত ছাত্রদের গ্রেপ্তার করা হয়েছে তাদের ছেড়ে দেওয়া হয়েছে কি?

Mr. Abdul Momin: একজনে বললে ভাল হয়।

Mr. Shamsuddin Ahmed: Sir, আমরা যখন আসি তখন বহু জায়গায় পুলিশ দেখেছি। কি agreement হয়েছে আমি তা জানি না। যাই হউক তিনি যে agreement-টা পড়লেন ওটা বহু গণ্ডগোলের ব্যাপার, তিনি যদি ব্যাপারটা নিজে গিয়ে একবার দেখে আসেন তা হলে ভাল হয়।

Mr. Muhammad Ali: Sir, fresh developments must have arisen by this time It seems the demonstrators want to come to this place because this is the only forum where the representatives of the people ventilate their grievances. Therefore the matter should be taken in session of the House. I do not suggest that the Premier should personally present and see that what their grievances are. It is better that you, Sir, your representative should find out what the demonstrators want and what their grievances are, so that we may understand what is the position, and how far it possible to redress their grievances.

Mr. Masihuddin Ahmed : সভাপতি সাহেব, আমি এই House-কে একটা সংবাদ দিচ্ছি, আপনারা জানেন যে একটা agreement স্বাক্ষরিত হয়েছিল কিন্তু এখনই শুনতে পেলাম যে Mr. Gafur ইউনিভারসিটি প্রাঙ্গণে ঢুকে সেখানে মহিলা ছাত্রীদের উপর tear gas open করেছে, তার ফলে যে agreement হয়েছিল তা নষ্ট হয়ে গিয়েছে এবং তারই জন্যে বাহিরে demonstration হচ্ছে, আমি আশা করি Leader of the House বাহিরে গেলে সব বুঝতে পারবেন। মিঃ গফুর এই situation create করেছে।

* * * * * *

Mrs. Anwara Khatun : Sir, আমার একটা বক্তব্য আছে।

Mr. A. K. Fazlul Huq : On a point of order. Sir, I suggest that the Leader of the House should go out and see what is happening outside. Unless that is done we will not allow the proceedings of the house to go on. Our feelings cannot be trampled like this. This is not ছেলে খেলা। The Leader of the House must go outside just now. He must go, must go, must go.

Anwara Khatun: Sir, আমার একটা বক্তব্য আছে।

Mr. Speaker : Mr. Fazlul Huq, I am very sorry to say that what you have spoken was not on any point of order. As an old parliamentarian, you should know what a point of order is and what not a point of order is. The Leader of the House made a statement in connection with the language question. After this I cannot ask him to take any action in the matter. He is quite aware of his duties. If you so like you can request him to take further action in the matter outside the house.

Mr. Dhirendra Nath Dutta: Mr. Speaker, Sir, Mrs. Anwara Khatun কিছু বলতে চাচ্ছেন।

Mrs. Anwara Khatun : স্যার, গত ১১ই মার্চ তারিখে যা হয়েছে, তা হয়েছে। আজ পুলিশ মেয়েদের গায়ে হাত দিয়েছে, গলা টিপে মেরেছে, তার প্রতিকার চাই। ঐ সমস্ত চোরামি এখানে চলবে না। আমরা চাই Chief Minister সেখানে গিয়ে দেখে আসুন।

* * * * *

Mr. Shamsuddin Ahmed : Sir, মেয়েদের গায়ে পুলিশ হাত তুলেছে। আমরা এর প্রতিকার চাই। এই মুহূর্ত্তে সকলের resign করা উচিত।

Mr. Speaker: The House stands adjourned still 4.55 P.M.

* * * * *

After Adjournment

Mr. Mohammad Ali: Sir, I made a suggestion that you should take up the matter in your own hand as the demonstration is going on in front of the Assembly. Sir, this is the House of the representatives of the masses and when some people are demonstrating in front of us, we would like to know what are their grievances and how they can be redressed. You are the best person to take up the matter in your own hand by holding a conference in your Chamber with some of the members of the House and some representatives of the demonstrators. And then we would be in a position to know what are their grievances and whether it is within the competece of the House to redress them. I would, Sir, like to know what you propose to do with my suggestion.

Mr. Muhammad Rukunuddin : Mr. Speaker, Sir, ছেলেরা আমাদের প্রাণ; ছেলেদের শান্তি আমাদের শান্তি; তাদের অশান্তি আমাদের অশান্তি, গত ২/৩ দিন যাবৎ যা চলছে এবং আজও যা চলছে তা নিতান্তই অপ্রীতিকর। একটা compromise হওয়ায় আমরা আনন্দিত ও নিশ্চিত হয়েছিলাম। কিন্তু সে compromise ভঙ্গ হয়েছে। আমাদের দেখা দরকার কি জন্য কাদের উস্কানিতে এমন একটা সুন্দর compromise ভঙ্গ হল, একটা enquiry হওয়া উচিত এবং যারা এর জন্য দায়ী তাহাদের উপযুক্ত বিচার হওয়া উচিত।

* * * * *

Point of Information Regarding Language Question (17th March, 1948).

Maulana Abdul Hamid Khan : জনাব সদর সাহেব, এখানে যাঁরা সদস্য আছেন তাঁরা সকলেই স্বীকার করবেন যে এটা বাংলা ভাষাভাষীদের দেশ, এই Assembly-র যিনি সদর তিনিও নিশ্চয়ই বাংলাতেই বলবেন। আপনি কি বলেন আমরা তা' কিছুই বুঝিতে পারি না, আপনি যা বলেন তার সহিত সদস্যদের discussion-এর কোন সংস্রব থাকতে পারে না। আপনি যদি বাংলায় Ruling না দেন তা হলে আমরা আপনার আলোচনার শরীক হ'ব কি করে, আমি আশা করি আপনি ruling দিবেন যেন সবাই বাংলাতে বলেন এবং আপনিও বাংলাতে ruling দিবেন।

Mr. Speaker : মাননীয় মেম্বর যা বলছেন সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে এখন পর্যন্ত এই Assembly-তে ঠিক হয় নাই যে কোন ভাষায় এই Assembly-র কাজ হবে, তা নির্ভর করে এই Assembly-র সদস্যদের সিদ্ধান্তের উপর। এখনও এই রূপ কোন সিদ্ধান্ত এই Assembly-তে হয় নাই, যে পর্যন্ত এইরূপ কোন সিদ্ধান্ত না হয় সে পর্যন্ত যিনি যে ভাষা জানেন তিনি সেই ভাষায় বলবেন, এটা Ruling-এর বিষয় নয়।

Moulana Abdul Hamid Khan : আপনি কোন ভাষায় বলবেন? সদর সাহেব, আমি আশা করি ইংরেজী বর্জ্জন করে বাংলা ভাষাতেই যাতে সকলে বলেন তার ব্যবস্থা করবেন।

* * * * *

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ববাংলা ব্যবস্থাপক সভায় বাজেটের ওপর বিতর্কে মওলানা ভাসানীর বক্তব্য	প্রাদেশিক ব্যবস্থাপক সভা	১৯ই মার্চ, ১৯৪৮

Maulana Abdul Hamid Khan : জনাব সদর সাহেব, দীর্ঘদিন যাবৎ সাম্রাজ্যবাদী বৃটিশ গভর্ণমেন্টের শাসন ও শোষণ হ'তে মুক্তি লাভ করে পূর্ব্ববঙ্গের জনসাধারণ আশা করেছিল যে স্বাধীন পাকিস্তান রাষ্ট্রে স্বাধীনভাবে জীবিকা নির্ব্বাহ করবে, স্বাধীন মতামত ব্যক্ত করবে, তাদের হারান গৌরব ফিরে পাবে, তারা অর্থনৈতিক, সামাজিক এবং রাজনৈতিক উন্নতি লাভে সক্ষম হবে কিন্তু বড়ই পরিতাপের বিষয়, বড় আফসোসের বিষয় যে এই হাউসে জনাব অর্থসচিব যে বাজেট পেশ করেছেন তা তিনি জনসাধারণের প্রতিনিধি হিসাবে করেননি। গভর্ণর জেনারেলের মনোনীত মেম্বর হিসাবে করেছেন। স্বাধীন দেশে, 'স্বাধীন পাকিস্তানে স্পেশাল পাওয়ারের মন্ত্রী দ্বারা বাজেট পেশ হবে তা আমরা কখনও আশা করিনি। জনসাধারণের মনের কথা, মনের দুঃখ ও বেদনা বুঝবার তাঁর শাক্তি নাই কারণ জনসাধারণের সঙ্গে তাঁর আদৌ কোন সংশ্রব নাই। তিনি গভর্ণর জেনারেলের প্রেরিত প্রতিনিধি। জনসাধারণের সঙ্গে তাঁর মনের কোন মিল নাই। বিংশ শতাব্দীর এই গণতান্ত্রিক যুগে এই স্বাধীন দেশে গভর্ণর জেনারেল স্পেশাল পাওয়ার ব্যবহার করবেন এটা আমাদের ধারণার অতীত।

তারপর তিনি যে বাজেট পেশ করেছেন তাতে আমলাতান্ত্রিক ভোগবিলাসের জন্য সব কিছুই করেছেন। কিন্তু দেশের মেরুদণ্ড কৃষক মজুর যারা দিবারাত্র হাড়ভাঙ্গা খাটুনি খেটে রাজস্ব যোগায়, তাদের জন্য কিছুই করেন নাই। শতকরা ৪ জন লোক শহরে বাস করে তাদের পানীয় জলের জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ করেছেন কিন্তু ৪ কোটি ৬০ লক্ষ গ্রামবাসীদের পানীয় জলের জন্য কোন ব্যবস্থা করেন নাই। যুক্তবঙ্গে ১৯৪৩-৪৪ সালে পুলিশ খাতে ব্যয় বরাদ্দ করা হয়েছিল ৩ কোটি ২ লক্ষ ১৪ হাজার টাকা আর আমাদের মাননীয় অর্থ সচিব যে বাজেট উপস্থিত করেছেন তাতে কেবল পূর্ব্ব পাকিস্তানের জন্য পুলিশের খাতে ব্যয় বরাদ্দ করেছেন ৩,০৩,৭৭,০০০ টাকা।

পূর্ব্ব পাকিস্তান যারা হাসিল করেছে তাদের উপরই ইহা রক্ষা করার দায়িত্ব। পূর্ব্ব পাকিস্তানের জনসাধারণ তা করতে বদ্ধপরিকর। পূর্ব্ব পাকিস্তানের বিরুদ্ধে যারা শত্রুতা করে ইহাকে ধ্বংস করবার চেষ্টা করবে, পূর্ব্ব পাকিস্তানের আবালবৃদ্ধবণিতা কৃষক, মজুর, সকলে সংগবদ্ধ হয়ে তাদের বিরুদ্ধে লড়বে এবং পাকিস্তানকে রক্ষা করবে। পুলিশের ব্যয় বৃদ্ধি করে স্বাধীন পাকিস্তানকে রক্ষা করার চেষ্টা অত্যন্ত লজ্জাকর বিষয়।

দেশের শিল্প, কৃষি, নৈতিক চরিত্র ও সর্ব্বপ্রকার উন্নতি নির্ভর করে শিক্ষার উপর। কিন্তু সেই শিক্ষার জন্য ব্যয় বরাদ্দ করা হয়েছে মাত্র দুই কোটি কয়েক লক্ষ টাকা। আমি আশা করি মাননীয় অর্থ সচিব সাহেব পুলিশের ব্যয় সঙ্কোচ করে শিক্ষার খাতে যথেষ্ট টাকা বরাদ্দ করবেন এবং এই বাজেট রহিত করে নূতন আকারে আনয়ন করবেন।

মাননীয় অর্থ সচিব সাহেব সেদিন বলেছেন যে জমিদারী প্রথা তাড়াতাড়ি উচ্ছেদ করলে এক কোটি লোক মারা যাবে বা তাদের জীবন বিপন্ন হবে। তাঁর ফিগার বুঝতে পারলাম না। পূবর্ব বাংলার মোট ৪ কোটি ৬০ লক্ষ লোকের মধ্যে শতকরা ৯৫ ভাগ কৃষিজীবী। জমিদারী প্রথা উচ্ছেদ করলে ১ কোটি লোক কি করে মারা যায়? এটা তিনি কি করে আবিষ্কার করলেন? গরীব কৃষকদের উপর জুট লাইসেন্স ফী বাবদ ২০ লক্ষ টাকা ধার্য্য করা হয়েছে। কিন্তু আপনারা জেনে অবাক হবে যে এই প্রদেশে জমিদারদের কাছে ২ কোটি টাকা সেস্ বাকি আছে। এক ময়মনসিংহ জেলায় ২৬ লক্ষ টাকা সেস্ বাকি। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সমস্ত দিন ঘুমান আর সন্ধার সময় গিয়ে দস্তখত করেন। এই বাকি সেস্ আদায়ের কোন ব্যবস্থা করছেন না। যে সমস্ত গরীব কৃষক কৃষিঋণ

নিয়েছে এবং শোধ করতে পারছে না, মাননীয় অর্থ সচিব সার্টিফিকেট দ্বারা তাদের বাড়ীঘর নীলাম এবং জোতজমি ক্রোক করে উক্ত ঋণ আদায়ের ব্যবস্থা করেছেন। কিন্তু প্রবল প্রতাবশালী জমিদারদের হাতে কড়া লাগিয়ে ২ কোটি টাকা বাকি সেস আদায়ের ব্যবস্থা করতে পারেননি। এই হাউসে অনেক মিনিষ্টারের কাছেও লক্ষ লক্ষ টাকা সেস্ বাকি পড়ে আছে। স্বয়ং অর্থ সচিব মাননীয় হামিদুল হক সাহেবেরও হয়ত সেস বাকী আছে। (হাস্য...)। যদি মন্ত্রীরা গরীব কৃষকদের মেরে মন্ত্রীত্ব করতে চান তাহলে তাহারা আর বেশী দিন মন্ত্রীত্ব করতে পারবেন না।

The Hon'ble Mr. Hamidul Huq Chowdhury : Mr. Speaker, Sir, will you ask the honorable member to take personal responsibility for the statement he has made that a large amount of cess remains in arrear so far as I am concerned?

(At this stage there was uproar in the House).

Moulana Abdul Hamid Khan: যদি মরণাপন্ন কৃষকদের প্রতি এই ব্যবস্থা করা হয় তাহলে মন্ত্রীমণ্ডলীর সোনার চেয়ার ধ্বংস হবে। কৃষকদের উপর অত্যাচার করে মন্ত্রিত্ব করার অধিকার কারো নাই। আজ আর বৃটিশ শাসন নাই। আজাদ পাকিস্তানে প্রত্যেক নাগরিকের সমান অধিকার। প্রত্যেক মানুষ চায় খাওয়া-পরা, রোগ ঔষধ, থাকার ঘর, চলাচলের রাস্তা, ও লেখাপড়ার সুব্যবস্থা এবং এগুলি তাদের সঙ্গত দাবী। আমি আশা করি মন্ত্রীমণ্ডলী জমিদারী প্রথা উচ্ছেদ করে জনপ্রিয়তা লাভ করবেন।

Co-operative Department-এর ঋণদান সমিতি সুদের টাকা আদায় করতে কি অত্যাচার না করে? এই Department একটি Bogus Department। গভর্ণমেন্টের কত টাকা খরচ হচ্ছে কিন্তু বাস্তবিক কোন কাজ হচ্ছে না। এর চেয়ে Trade Society করে Share বিক্রি করে গ্রামে গ্রামে Industry গড়ে তুলবার ব্যবস্থা করলে অনেক ভাল হত।

বিনা বেতনে Civil Supply Department এ Superintendent-এর পদ পেলেও অনেকে দরখাস্ত করবে। আমি দেখেছি Civil Supply Department-এর ২০০ টাকার কর্মচারীর ঘরে Silk মশারী এবং দরজা জানালায় Silk-এর পর্দা। এরাই এই পাক পাকিস্তানকে নাপাকের Depot-তে পরিণত করেছে। এটা বড়ই আফসোসের কথা। এই নাপাকের Depot উচ্ছেদ করতে হবে। Civil Supply Deptt. দুর্নীতিপূর্ণ Department। এই Department-কে উচ্ছেদ করবার প্রতিশ্রুতি দিয়ে এই house-এর সদস্য নির্বাচিত হয়েছেন। Muslim League-এর নির্দেশ অনুযায়ী দেশের জনসাধারণ লীগ মনোনীত কলা গাছকেও ভোট দিয়েছে। মুসলিম লীগ প্রার্থী ১ নয় ২ নয় শতকরা ৯৮টি আসন দখল করেছে। জনসাধারণ আপনাদের মুখপানে চেয়ে আছে-জমিদারী প্রথা উচ্ছেদ হবে, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হবে, দূনীতিপূর্ণ কন্ট্রোল প্রথা উঠে যাবে।

এই পাকিস্তানে লক্ষ লক্ষ টাকার মদ বিক্রি হচ্ছে। মদ বিক্রি করে, হারাম বিক্রির রাজস্ব দিয়ে পাকিস্তান রাষ্ট্র পরিচালনা হতে পারে না। মানুষের নৈতিক চরিত্রের উন্নতি ছাড়া পাকিস্তানের উন্নতি হতে পারে না। আপনারা জানেন বহু টাকা ক্ষতি হওয়া সত্ত্বেও আসাম গভর্ণমেন্ট মদ বিক্রি তুলে দিয়েছেন। আমাদের প্রধানমন্ত্রী আলহাজ, আশা করি পাকিস্তানে নাপাক ডিপো, মদ-গাজার দোকান, বেশ্যাবৃত্তি এবং দুনীর্তিপূর্ণ Control ব্যবস্থা রাখবেন না। পাকিস্তানে পাক মানুষ বাস করবে। পাক Department থাকবে। মেম্বরদের জন্য ১০ লক্ষ কয়েক হাজার টাকা বরাদ্দ হয়েছে কিন্তু প্রাইমারী স্কুলের শিক্ষকগণ আজ ৮ মাস যাবৎ সামান্য ১৫ টাকা বেতনও পাচ্ছেন না। অথচ মন্ত্রীদের বেতন ঠিক মাস মাস আদায় হচ্ছে।

Mr. Speaker: আপনার সময় হয়েছে, আপনি বসুন।

Maulana Abdul Hamid Khan: দুটি কথা। প্রাদেশিক গর্ভণমেন্ট এই যে sales-tax Central গভর্ণমেন্টের সঙ্গে চুক্তি করে Central Government-Subject করে দিয়ে আসলেন এবং তাদের কাছ হতে মাত্র ১ কোটী টাকা নিবেন বলে স্বীকৃত হলেন, এটা মন্ত্রীমণ্ডলী কোন স্বাধীনতার বলে করলেন? Assembly-র member-দের সঙ্গে পরামর্শ না করে তাঁরা নিজেরা মোড়লী করলেন কোন অধিকারে? আমরা কি Central Government-এর গোলাম? বৃটিশ গভর্ণমেন্টের গোলামী করি নাই। ন্যায়সঙ্গত অধিকারের জন্য চিরকাল লড়াই করেছি, আজও করব। আমরা হাড়ভাঙ্গা পরিশ্রম করে পাট উৎপাদন করব অথচ Jute Tax, এমন কি Railway Tax, Income Tax, Sales Tax নিয়ে যাবে Central Govt. এই সব tax-এর শতকরা ৭৫ ভাগ প্রদেশের জন্য রেখে বাকি অংশ Central Govt. কে দেওয়া হোক। এই বাজেটে মোহাম্মদ আলী ও মওলানা শওকত আলী যাঁরা আজাদীর জন্য প্রাণ দিয়েছেন এবং কায়েদে আযম মোহাম্মদ আলী জিন্নাহ যিনি পাকিস্তানের জন্য সমস্ত জীবন উৎসগ করেছেন তাদের memorial-এর জন্য কোন ব্যবস্থা করা হয় নাই। এই দিকে আমি গভর্ণমেন্টের দৃষ্টি আকর্ষণ করি।

শিরোনাম	সূত্র	তারিখ
১১ই মার্চের ধর্মঘট সম্পর্কে ''নও বেলালের'' প্রতিনিধির বক্তব্য	পূর্ববাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতিঃ বদরুদ্দিন উমর। পৃষ্ঠা-৮৩	২৫শে মার্চ, ১৯৪৮

১১ই মার্চ কেবলমাত্র কিছু সংখ্যক অমুসলমানদের দোকান বন্ধ ছিলো এবং ভাষা আন্দোলনের উদ্দেশ্য মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি ও পাকিস্তানকে খর্ব করা, এই বক্তব্যের মাধ্যমে প্রেস বিজ্ঞপ্তিটিতে সমগ্র আন্দোলনের একটা সাম্প্রদায়িক ব্যাখ্যা দেওয়ার প্রচেষ্টা সহজেই লক্ষণীয়। এই প্রসঙ্গে সাপ্তাহিক 'নও বেলালের' ঢাকাস্থ প্রতিনিধি প্রেরিত একটি চিঠিতে বলা হয়ঃ

> ১১ই মার্চের এত বড় ঘটনার পর পূর্ববঙ্গ সরকার যে প্রেসনোট বাহির করেন তাহা পড়িলেই বুঝা যায় প্রকৃত সংবাদকে ব্ল্যাক আউট করার জন্য সরকার চেষ্টা করিয়াছেন। প্রেসনোটে বলা হয় মাত্র কতিপয় বিভেদ সৃষ্টিকারী রাষ্ট্রের দুশমন এই ধর্মঘটে যোগ দিয়াছিল। শহরের সমগ্র মুসলিম এলাকা ধর্মঘটে অংশগ্রহণ করিতে অস্বীকার করে অর্থাৎ সরকারের মতে মুষ্টিমেয় কম্যুনিষ্ট এবং কতিপয় হিন্দু ধর্মঘটে অংশ নিয়াছিল। অথচ কে না জানে ধর্মঘটকে সফল করিয়া তুলিবার জন্য ঢাকার প্রত্যেকটি মুসলমান ছাত্র পুলিশের গুলি ব্যায়নেট ও লাঠির সম্মুখে বুক পাতিয়া দিয়াছিল। অথচ সরকারের মতে মুসলমানরা এই আন্দোলনে যোগ দেয় নাই। প্রচারণার কি অপূর্ব্ব নমুনা!

শিরোনাম	সূত্র	তারিখ
রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ ও নাজিম উদ্দীনের মধ্যে স্বাক্ষরিত ভাষা ও রাজনৈতিক সুযোগ প্রদান সংক্রান্ত চুক্তি	পূর্ববাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতিঃ বদরুদ্দিন উমর। পৃষ্ঠা-৯০	১৫শে মার্চ, ১৯৪৮

সর্বসম্মত চুক্তিটির বিবরণ নিমণরূপঃ

১। ২৯শে ফেব্রুয়ারী, ১৯৪৮, হইতে বাংলা ভাষার প্রশ্নে যাঁহাদিগকে গ্রেপ্তার করা হইয়াছে তাঁহাদিগকে অবিলম্বে মুক্তি দান করা হইবে।

২। পুলিশ কর্তৃক অত্যাচারের অভিযোগ সম্পর্কে প্রধানমন্ত্রী স্বয়ং তদন্ত করিয়া এক মাসের মধ্যে এ বিষয়ে একটি বিবৃতি প্রদান করিবেন।

৩। ১৯৪৮-এর এপ্রিলের প্রথম সপ্তাহে পূর্ব বাংলা সরকারের ব্যবস্থাপক সভায় বেসরকারী আলোচনার জন্য যেদিন নির্ধারিত হইয়াছে সেইদিন বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করিবার এবং তাহাকে পাকিস্তান গণপরিষদে এবং কেন্দ্রীয় সরকারের পরীক্ষা দিতে উর্দুর সমমর্যাদা দানের জন্যে একটি বিশেষ প্রস্তাব উত্থাপন করা হইবে।

৪। এপ্রিল মাসে ব্যবস্থাপক সভায় এই মর্মে একটি প্রস্তাব উত্থাপন করা হইবে যে প্রদেশের সরকারী ভাষা হিসাবে ইংরেজী উঠিয়া যাওয়ার পরই বাংলা তাহার স্থলে সরকারী ভাষা রূপে স্বীকৃত হইবে। ইহা ছাড়া শিক্ষার মাধ্যমও হইবে বাংলা। তবে সাধারণভাবে স্কুল-কলেজগুলিতে অধিকাংশ ছাত্রের মাতৃভাষার মাধ্যমেই শিক্ষা দান করা হইবে।

৫। আন্দোলনে যাঁহারা অংশগ্রহণ করিয়াছেন তাঁহাদের কাহারো বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হইবে না।

৬। সংবাদপত্রের উপর হইতে নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হইবে।

৭। ২৯ শে ফেব্রুয়ারী হইতে পূর্ব বাংলার যে সকল স্থানে ভাষা আন্দোলনের জন্য ১৪৪ ধারা জারি করা হইয়াছে সেখান হইতে তাহা প্রত্যাহার করা হইবে।

৮। সংগ্রাম পরিষদের সাথে আলোচনার পর আমি এ ব্যাপারে নিঃসন্দেহ হইয়াছি যে এই আন্দোলন রাষ্ট্রের দুশমনদের দ্বারা অনুপ্রাণিত হয় নাই।

শিরোনাম	সূত্র	তারিখ
জাতীয় সংহতি সম্পর্কে মোহাম্মদ আলী জিন্নাহর বক্তব্য	কায়েদে আযম মোহাম্মদ আলী জিন্নাহ : স্পিচেস এ্যাজ গভর্ণর জেনারেল অব পাকিস্তান- ১৯৪৭-১৯৪৮ পৃষ্ঠা-৮২	২১শে মার্চ, ১৯৪৮

NATIONAL CONSOLIDATION

Speech at a public meeting
attended by over three lakhs of people at Dacca
on March 21,1948

Assalam-o-Alaikum! Assalam-o-AIaikum!! Assalam-o-Alaikum !!!

I am grateful to the people of this Province and, through you, Mr. Chairman of the Reception Committee, to the people of Dacca, for the great welcome that they have accorded to me. I need hardly say that it gives me the greatest pleasure to visit East Bengal. East Bengal is the most important component of Pakistan, inhibited as it is by the largest single bloc of Muslims in the world. I have been anxious to pay this Province an early visit, but unfortunately, other matters, of greater importance had so far prevented me from doing so.

সুখী পাকিস্তান গঠনের জন্য জনগণের সহযোগিতার আকাঙ্খা এবং যুবসমাজের পবিত্র প্রতিক্ষা আজ মেশিনগানের সামনে রুদ্ধ হইবার উপক্রম হইয়াছে। সহযোগিতার আকাঙ্খাকে পাকিস্তানের দুশমনী বলিয়া আখ্যা দেওয়া হইতেছে। কিন্তু যুবসমাজ তাহাদের পবিত্র প্রতিজ্ঞা কার্য্যকরী করিতে দৃঢ়প্রতিজ্ঞ। যুবসমাজ জানে কোন একজন ব্যক্তির কৃতিত্বে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় নাই। লক্ষ লক্ষ জনসাধারণের সংগ্রামেই এই পাকিস্তান আসিয়াছে এবং সুখী পাকিস্তান গঠনের অধিকার তাহাদেরই, কোন শক্তিই জনসাধারণের পথ রোধ করিতে পারিবে না। জনসাধারণের শক্তিতে অটল বিশ্বাস লইয়াই যুবসমাজ অগ্রসর হইবে।

ঢাকায় প্রতিজ্ঞা লইবার এক বছর পরে রাজশাহী বিভাগের যুবকেরা ঈশ্বরদীতে বিভাগীয় সম্মেলনে মিলিত হইয়া সমস্ত অবস্থার পর্য্যালোচনা করিয়াছে। ধনিক শ্রেণীর ষড়যন্ত্রকে বানচাল করিয়া সুখী পাকিস্তান গঠনের জন্য নূতনভাবে প্রতিজ্ঞা লইয়াছে। সম্মেলনে আন্দোলনের জন্য একটা ইস্তাহার এবং কয়েকটি প্রস্তাব গৃহীত হইয়াছে। কৃষক-মজুরকে তাহাদের শ্রেণী সংগঠন সংঘবদ্ধ করিয়া জনগণের গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করিবার জন্য যুবসমাজ প্রতিজ্ঞা লইয়াছে। খাদ্য সংকট প্রতিরোধ, ব্যক্তিস্বাধীনতা প্রতিষ্ঠা, ছাঁটাই বন্ধ, জমিদারী উচ্ছেদ, চিকিৎসার পূর্ণ ব্যবস্থা এবং সংকটের হাত হইতে শিক্ষাব্যবস্থা রক্ষা করিবার জন্য প্রস্তাব লওয়া হইয়াছে। সম্মেলনে গৃহীত ইস্তাহার এবং প্রস্তাবাদী কার্য্যে পরিণত করিতে যুবসমাজ আপোষহীন সংগ্রাম করিবে। পূর্ণ আজাদী এবং গণতন্ত্রের জন্য সংগ্রাম করিতে যুবলীগ যুবসমাজকে আহ্বান জানাইতেছে। দিকে দিকে যুব সংগঠন করিয়া গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামে যুবসমাজকে সংঘবদ্ধ হইবার জন্য যুবলীগ আবেদন জানাইতেছে।

আমাদের স্বাধীনতা সংগ্রাম শেষ হয় নাই। জনগণের মুক্তি জন্য আমরা বৃটিশের বিরুদ্ধে সংগ্রাম করিয়াছি। বৃটিশের শোষণের বিরুদ্ধেই ছিল আমাদের সংগ্রাম। আজও শোষণ বন্ধ হয় নাই। নূতনভাবে শোষণ আরম্ভ হইয়াছে। দেশী বিদেশী কোন শোসককেই আমরা বরদাস্ত করিব না। সমস্ত রকমের শোষণ ধ্বংস করিয়া গণআজাদী প্রতিষ্ঠার জন্যই যুবসমাজ সংগ্রাম করিয়াছে। গণআজাদী প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত যুবসমাজ থামিবে না। পূর্ণ আজাদী এবং গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য যুবসমাজ যে প্রতিজ্ঞা নিয়াছিল সে প্রতিজ্ঞা পূর্ণভাবে পালনে করিবেই। কোটি কোটি মজলুম মানুষের জন্য পূর্ণ আজাদী হাসিল করিবেই। গণতান্ত্রিক যুবলীগ তাই এই পবিত্র প্রতিজ্ঞা পালনের জন্য যুবসমাজকে উদাত্ত আহ্বান জানাইতেছে।

মোঃ একরামুল হক
প্রকাশক

ইস্তাহার

গত বৎসর পূর্ব পাকিস্তানের সাতশত যুবক কর্মীর সহযোগিতা ও চেষ্টার মধ্য দিয়া গণতান্ত্রিক ''যুবলীগ'' জন্মলাভ করে। যুবলীগের গঠনের পিছনে মূল প্রেরণা ছিল পাকিস্তানকে একটি স্বাধীন, সুখী ও গণতান্ত্রিক দেশ হিসাবে গড়িয়া তোলা। সেই জন্য গত যুব সম্মেলনে প্রগতিশীল আদর্শের উপর ভিত্তি করিয়া একটি ''গণদাবীর সনদ'' রচিত ও গৃহীত হয়, সেই আদর্শের উপর ভিত্তি করিয়া পাকিস্তান রাষ্ট্রকে গড়িয়া তুলিবার জন্য যুবশক্তির নিকট আহ্বান জানান হয় এবং এই পথে রাষ্ট্রকে গড়িয়া তুলিবার কাজে সরকারকে সকল রকম সহযোগিতার প্রতিশ্রুতি দেওয়া হয়।

যুবলীগ প্রতিষ্ঠার পরে পুরা এক বছর চলিয়া গিয়াছে। পূর্ব পাকিস্তানের মজুর কৃষক, মধ্যবিত্ত প্রভৃতি সকল শ্রেণীর যুবকদের মধ্যে আজ প্রশ্ন জাগিয়াছে গত যুব সম্মেলনে যে গণদাবীর সনদ রচিত হইয়াছিল, যে প্রেরণা ও চেতনা লইয়া যুবকগণ পাকিস্তান রাষ্ট্রকে গড়িয়া তুলিবার স্বপ্ন দেখিয়াছিল গত এক বছরে তাহার কতটুকু সফলতা লাভ করিয়াছে? আমরা কি পূর্ণ স্বাধীনতা, সুখ ও গণতন্ত্রের পথে অগ্রসর হইতেছি, না ক্রমেই সাম্রাজ্যবাদী চক্রান্তের পাকে জড়াইয়া পড়িতেছি, দেশবাসীর জীবনে দুঃখ-দুর্দশা কমিতেছে না আরও বাড়িয়া চলিয়াছে।

আমাদের বর্ত্তমান দুঃখ-দুর্দশা, গণতান্ত্রিক অধিকার হরণ ও বৃটিশ আধিপত্যের জন্য দায়ী কে এবং কোন পথেই বা ইহার আবসান হইতে পারে, ইহাই আজ প্রত্যেক গণতান্ত্রিক চেতনাসম্পন্ন যুবকের মনে সবচেয়ে বড় প্রশ্ন। যে ''গণদাবীর সনদ'' আমরা গত ঢাকা সম্মেলনে গ্রহণ কায়িছিলাম তাহা কোন অবস্থার মধ্যে কার্য্যকরী হওয়া সম্ভব, বর্ত্তমান সরকার দ্বারা ঐ সনদকে কার্য্যে পরিণত করা সম্ভব কিনা এবং তাহা সম্ভব না হইলে কোন কর্ম্মপন্থার ভিত্তিতে আমরা অগ্রসর হইব এই সকল মূল প্রশ্ন এড়াইয়া যাওয়ার ফলেই আমাদের ''গণদাবীর সনদ'' একটি আদর্শ পরিকল্পনাই মাত্র রহিয়া গিয়াছে, ইহাকে কার্য্যে পরিণত করিবার সংগ্রাম আজও গড়িয়া উঠে নাই। ইহার ফলে প্রথম কিছুটা কর্ম্মচাঞ্চল্যের পরেই যুবলীগ ঝিমাইয়া পড়িয়াছে। আমাদের এই ঝিমাইয়া পড়া অবস্থার কারণ ইহাই নয় যে পাকিস্তানের যুবলীগ আজ নির্জীব ও অকর্ম্মণ্য বরং একথা খুব জোরের সাথেই বলা চলে যে বর্ত্তমান দুঃখ-দুর্দশা আজ কৃষক, মজুর ও মধ্যবিত্ত যুবককে যত বেশী চঞ্চল করিয়া তুলিয়াছে, যত বেশী কর্ম্মপ্রেরনা সৃষ্টি করিয়াছে অতীতে কোনদিনই এরূপ হয় নাই। যুবকগণ আজ একথা বুঝিয়াছে যে শুধুমাত্র একটা আদর্শ প্রোগ্রাম হাজির করিলে বা তাহাকে প্রচার করিলেই চলিবে না। তাহাকে কার্য্যকরী করিবার জন্য সক্রিয় কর্ম্মপন্থাও গ্রহণ করিতে হইবে। আমাদের গত সম্মেলন সে সম্বন্ধে কোনও নির্দেশ দিতে পারে নাই সে জন্যই আজ পাকিস্তানের যুবশক্তি বিপুল কর্ম্মক্ষমতা লইয়াও বর্ত্তমান অবস্থার নিরপেক্ষ দর্শকমাত্র হইয়া রহিয়াছে। অতীতে দেখা গিয়াছে যখনই তাহাদের কাছে সংগ্রামের আহ্বান আসিয়াছে তখন তাহাতে সাড়া দিতে একটুকুও দ্বিধাবোধ করে নাই।

গত বাংলা ভাষা আন্দোলন দুটি সত্য আমাদের সম্মুখে খুলিয়া ধরে। প্রথমতঃ একথা পরিষ্কার ধরা পড়ে যে আমাদের গণদাবীর সনদের সর্ব্বনিম্ন দাবী বাংলা ভাষার অধিকার অর্জন করিতেও যুবশক্তি বর্ত্তমান শাসক শ্রেণীর কাছ হইতে লাঠি, গুলি, কাঁদুনে গ্যাস ও জেল পাইয়াছে। ইহাতেই দেখা যায় আমাদের সনদের অন্যান্য মূলদাবী আদায় করিতে হইলে আমাদিগকে কি বিরাট বাধার সম্মুখীন হইতে হইবে। দ্বিতীয়তঃ ইহাও দেখা যায় যে, পাকিস্তানের যুবশক্তি বর্ত্তমান শাসক শ্রেণীর সকল আঘাত উপেক্ষা করিয়াও আন্দোলনের আহ্বানে কিভাবে সাড়া দিয়াছে।

''বাংলা ভাষা আন্দোলনের'' শিক্ষা আমরা ঠিকমত বুঝিয়া সময়মত নেতৃত্ব না দিবার ফলেই বিপুল সম্ভাবনা সত্ত্বেও পূর্ব পাকিস্তানের যুব আন্দোলনে ভাটা পড়িয়াছে। আমাদের গণদাবীর সনদ শুধুমাত্র কাগজপত্রের থাকিয়া গিয়াছে।

যুব আন্দোলনকে নূতন ও উচ্চস্তরে আগাইয়া লইয়া যাইতে হইলে অবিলম্বে প্রয়োজন পাকিস্তান প্রতিষ্ঠার পর গত এক বছরের রাজনৈতকি ও অর্থনৈতিক অবস্থা ভালভাবে পর্য্যালোচনা করিয়া নূতন কর্ম্মপদ্ধতি গ্রহণ করা। সামান্য প্রয়োজনীয় পরিবর্ত্তন করিলেই ''গণদাবীর সনদই'' যুব আন্দোলনের মূল প্রোগ্রাম হিসাবে এখনও গ্রহণ করা যাইতে পারে বটে কিন্তু মুহূর্ত্তের প্রয়োজন হইল উক্ত প্রোগ্রামকে কার্যকরী করিবার আন্দোলন গড়িয়া তোলার সম্বন্ধে কর্ম্মপন্থা নির্ধারণ করা।

১৫ই আগষ্ট ১৯৪৭ হইতে ১৫ই আগষ্ট ১৯৪৮-আমরা কি চাহিয়াছিলাম এবং কি পাইয়াছি

গত ঢাকা সম্মেলনে যে ''গণদাবীর সনদ'' গৃহীত হয় তাহাতে গণতান্ত্রিক রাষ্ট্র, মৌলিক গণতান্ত্রিক অধিকার, গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা, আর্থিক গণতন্ত্র, কৃষি পুনর্গঠন, শিল্প বিপ্লব প্রভৃতি মূলদাবীর কথা বলা হইয়াছে। এই সনদের অর্থই হইল পরাধীন দেশের রাজনৈতিক সম্পর্ক ও অর্থনৈতিক ব্যবস্থা ভাঙ্গিয়া ফেলিয়া নূতন বুনিয়াদের উপর দেশের রাজনৈতিক, অর্থনৈতিক ভিত্তি স্থাপন করা। কিন্তু বর্ত্তমান সরকার পুরাতন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থাকেই কায়েম রাখিতে যে বদ্ধপরিকর গত এক বছরের কার্য্যাবলী লক্ষ্য করিলেই তাহা ধরা পড়ে।

গণতান্ত্রিক রাষ্ট্র?

আমাদের দাবী ছিল পাকিস্তান বৃটিশ সাম্রাজের বাহিরে একটি স্বাধীন ও সার্ব্বভৌম গণরাষ্ট্র হোক অথচ ১৯৪৮ সালের জুন মাসে বর্ত্তমান শাসকমণ্ডলী সার্বভৌম ঘোষণা না করিয়া ইংরাজ রাজার জন্ম দিবস পালন করিল। কায়েদ-এ-আজম পূর্ব্বেই ঘোষণা করিয়াছেন যে বৃটিশ কমনওয়েলথের ভিতরে থাকাই তাঁহার ব্যক্তিগত মত। এখনও রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক কার্য্যে ইংরাজ গভর্ণর, উপদেষ্টা ও বড় বড় অফিসার নিযুক্ত থাকিয়া গরীব দেশের কোটি কোটি টাকা লুটিতেছে, আমাদের রাষ্ট্রের উপর তাহাদের প্রভাব বজায় রাখিতেছে। ইহাই কি স্বাধীনতা? এই সকল ঘটনা হইতেই পরিস্কার বোঝা যায় বর্ত্তমান প্রকৃত স্বাধীনতা নয়, মেকি স্বাধীনতা মাত্র।

আমরা দাবী করিয়াছিলাম পাকিস্তানের বিভিন্ন ভাষাভাষী প্রদেশকে আত্মনিয়ন্ত্রণের পূর্ণ অধিকার দেওয়া হউক। রাষ্ট্রের সার্বভৌমত্ব জনগণের উপর ন্যস্ত থাকিবে। অথচ বর্ত্তমান শাসক শ্রেণী আত্মনিয়ন্ত্রণের অধিকারের বদলে সমগ্র ক্ষমতা কেন্দ্রীয়করণের উপর জোর দিতেছে। খুশীমত যে কোন প্রদেশের অধিকার হরণ করিতেছে (সিন্ধু হইতে করাচীকে বিচ্ছিন্ন করা) সমস্ত রাজনৈতিক ক্ষমতা হরণ করিবার এমন কি প্রাদেশিক ও কেন্দ্রীয় আইন সভার হাত হইতেও ক্ষমতা কাড়িয়া সমস্ত ক্ষমতা বড় লাটের হাতে কেন্দ্রীভূত করিতেছ। ইহাই কি গণতান্ত্রিক রাষ্ট্রের নমুনা?

মৌলিক গণতান্ত্রিক অধিকার?

আমাদের সনদে দাবী করা হইয়াছিল প্রত্যেক বয়স্ক লোকের ভোটাধিকার চাই কিন্তু এখন পর্য্যন্ত সকল নির্ব্বাচনই ইংরাজ মার্কা পদ্ধতিতেই চলিয়াছে। অর্ডিন্যান্স করিয়া জনগণের অধিকার হরণ করা চলে কিন্তু অধিকার দান করা চলে না।

আমরা দাবী করিয়াছিলাম ব্যক্তিস্বাধীনতা চাই অর্থাৎ মতামত প্রকাশের, সভা ও সমিতি, শোভাযাত্রা, সংগঠন গঠনের, পত্রিকা ও প্রকাশের, বিক্ষোভ ও প্রদর্শন ও ধর্ম্মঘটের, বিনা বিচারে আটক না রাখার স্বাধীনতা চাই। কিন্তু গত এক বছরের অভিজ্ঞতার ফলে একথা জোরের সাথেই বলা যায় যে, আজ যেভাবে ব্যক্তিস্বাধীনতা হরণ করা হইতেছে এবং সকল রকমের বিরোধিতা ও সমালোচনার টুটি টিপিয়া বন্ধ করা হইতেছে, ইংরাজ আমলেও ইহার চাইতে বেশী কিছু করা সম্ভব হয় নাই। পুলিশ, গোয়েন্দা ও কায়েমী স্বার্থের দল হাত ধরাধরি

করিয়া আজ সকল রকম প্রগতিশীল আন্দোলন ধ্বংস করিতেছে এবং তাহারাই পাইতেছে শাসকমণ্ডলীর পূর্ণ সমর্থন। খুশীমত ১৪৪ ধারা জারী করিয়া সভা সমিতি বন্ধ করা, যে কোন রকম মজুর কৃষক আন্দোলনকেই বে-আইনী কাজ হিসাবে দমন করা, যথেচ্ছাভাবে খানাতল্লাশী চালানো, গোয়েন্দা বিভাগের অঙ্গুলী হেলনে যে কোন ব্যক্তিকে যত দিন খুশী বিনা বিচারে আটক রাখা বা প্রদেশ হইতে বহিষ্কৃত করা আজ প্রতিদিনের ঘটনা হইয়া দাঁড়াইয়াছে। শত শত বৎসরের লড়াই ও ত্যাগের মধ্য দিয়া যতটুকু ব্যক্তিস্বাধীনতা আমরা অর্জন করিয়াছি বর্ত্তমান শাসকমণ্ডলীর হাতে তাহাও বিপন্ন হইয়া পড়িয়াছে। ''পঞ্চম বাহিনী'', ''রাষ্ট্রের শত্রু'', ''কমিউনিষ্ট'' প্রভৃতি মামুলী আখ্যা দিয়া চরম দমননীতি প্রয়োগ করিয়া বর্ত্তমানে মন্ত্রীসভা সমস্ত ক্ষমতা নিজের মুষ্ঠির মধ্যে আনিয়া পুলিশ, গোয়েন্দা ও ধনিক শ্রেণীর খেয়ালের উপর পূর্ব্ব পাকিস্তানের পৌনে পাঁচ কোটি লোকের ভাগ্য ছাড়িয়া দিয়াছে। জমিদার, জোতদার, মিল মালিক প্রভৃতি ধনিক গোষ্ঠীর স্বার্থে আঘাত লাগে এরূপ যে কোন আন্দোলনকেই দমন করা ও রাষ্ট্রের শত্রু আখ্যা দেওয়ার মধ্য দিয়াই রাষ্ট্রের বর্ত্তমান কর্ণধারগণের স্বরূপ ধরা পড়ে। বাংলা ভাষা আন্দোলনের উপর নির্ম্মম আঘাত হানার মধ্যে দিয়া ইহাদের আত্মনিয়ন্ত্রণ অধিকারবিরোধী মনোভাবও প্রকাশ পাইয়াছে।

এক কথায় বলিতে গেলে যে মৌলিক গণতান্ত্রিক অধিকার আমরা দাবী করিয়াছিলাম বর্ত্তমান শাসকমণ্ডলী তাহার কোন মর্য্যাদাই দেয়া নাই।

আর্থিক গণতন্ত্র?

কোন দেশের রাজনৈতিক কাঠামো কিরূপ তাহা ভালবাবে বুঝিতে হইলে সেই দেশের অর্থনৈতিক ব্যবস্থাকে প্রথমে লক্ষ্য করিতে হয়। যে দেশের অর্থনৈতিক ব্যবস্থা শোষণ ও জুলুমের ভিত্তিতে গঠিত অর্থাৎ দেশের শতকরা ৯৫ জন লোককে শতকরা মাত্র ৫ জন লোকের স্বার্থেই খাটিয়া মরিতে হয়, যে দেশে বড় বড় মোটা বেতনের আমলা পুষিয়া গরীব কেরানী ও মজুরকে ছাঁটাই করা হয়- এ কথায় বলিতে গেলে যে দেশে অর্থনৈতিক সাম্য বলিয়া কোন জিনিষ নাই সে দেশে রাজনৈতিক গণতন্ত্র বলিয়াও কিছু থাকিতে পারে না। ইংরাজ সরকার তাহার শোষণ ও শাসন বজায় রাখিবার জন্য আমাদের দেশে একদিকে জমির উপর একদল পরগাছা সৃষ্টি করিয়াছে অপর দিকে শিল্পের দিক দিয়া আমাদের দেশকে অনগ্রসর করিয়া রাখিয়াছে। মুষ্টিমেয় জমিদারের স্বার্থে কোটি কোটি কৃষককে শোষণ করা হইতেছে এবং অপর দিকে বেকারের দল সৃষ্টি হইয়াছে। সেইজন্য আমাদের আজাদীর লড়াইয়ের মূল কথাই ছিল ইংরাজের তৈরী অর্থনৈতিক কাঠামো ভাঙ্গিয়া চুরমার করিয়া সেই স্থলে নূতন গণতান্ত্রিক অর্থনৈতিক কাঠামো তৈরী করা। আমাদের নূতন অর্থনৈতিক কাঠামোর মূল ভিত্তিই হইবে বিনা খেশারতে জমিদারী প্রথা ধ্বংস করিয়া কৃষককে জমির মালিক বলিয়া ঘোষণা করা এবং যে সকল ক্ষেত্রে একজন লোকের হাতে অধিক পরিমাণে আবাদী জমি একীভূত হইয়াছে সে সকল ক্ষেত্রে সমস্ত প্রয়োজনাতিরিক্ত জমি বাজেয়াপ্ত করিয়া তাহা গরীব কৃষক ও দিনমজুরদের মধ্যে বিতরণ করা। যাহারা চাষের হাল-বলদ কিনিতে পারিতেছে না, জমিতে সার দিতে পারিতেছে না তাহাদিগকে সরকার হইতে সাহায্য করা। অথচ বর্তমান সরকার জমিদারী উচ্ছেদের যে বিল আনিয়াছে তাহাতে ''শিশু রাষ্ট্রের'' পকেট হইতে ৪০ কোটি টাকা খেসারত ব্যবস্থা হইয়াছে, জোতদারকে ২০০ শত বিঘা জমি রাখিতে দেওয়া হইয়াছে, জমিদারের ঋণ লাঘবের ব্যবস্থা হইয়াছে, জমিদার জোতদারের জন্য সকল রকমেরই রক্ষাকবচের ব্যবস্থা হইয়াছে কিন্তু এই বিলের ফলে কৃষক কি পাইবে, আধিয়ার ও দিনমজুরের ভাগ্যের কি পরিবর্ত্তন হইবে শুধু সেইটাই খুঁজিয়া পাওয়া যায় না। এক কথায় বলিতে গেলে এই বিল কৃষকের স্বার্থে রচিত হয় নই- জমিদারের স্বার্থেই রচিত।

কর্ম্মচারী, কেরানী, শিক্ষক প্রভৃতি সম্বন্ধে সত্যিকারের গণতান্ত্রিক নীতির অর্থ এই যে, যে দেশের কোটি কোটি লোকের পেটে ভাত নাই, পরনে কাপড় নাই, ঘরে বাতি নাই সে দেশের মন্ত্রী বা উচ্চ অফিসারদের কখনও মাহিনা, ভাতা প্রভৃতি দিয়া চার-পাঁচ হাজার টাকা মাসিক আয় বরদাশত করা চলে না। যাহারা একজন রেলমজুরকে ও একজন প্রাইমারী শিক্ষককে ১৫/২০ টাকা মাহিনা দিতে লজ্জা বোধ করে না তাহারা নিজেরাই বা

পাঁচ হাজার টাকা লয় কিভাবে ও ইংরাজ আমলের অত্যাচারী ও দুর্নীতিপরায়ণ আমলাদের হাজার হাজার টাকা বেতন দিয়া পুষিতেছে কিভাবে? বর্ত্তমান অবস্থায় কোন মজুর ও কর্ম্মচারীর বেতন ও ভাতা ১০০ টাকার কম হইতে পারে না এবং কোন উচ্চপদস্থ কর্মচারীই বেতন ৫০০ টাকার বেশী হওয়া উচিত নয়। অথচ আমাদের সরকার মুখে ইসলামী সমাজতন্ত্রের কথা বলিয়া কার্য্যক্ষেত্রে ইংরাজ আমলের শোষণ ও অসাম্যের উপর প্রতিষ্ঠিত অর্থনৈতিক ব্যবস্থাকেই কায়েম রাখিতেছে। ঘুষ, দুর্নীতি, স্বজনপ্রীতি ও স্বেচ্ছাচারিতা বৃটিশ আমলকেও লজ্জা দেয়।

শিল্প বিস্তারের ব্যাপারে সরকার মজুর ও জনসাধারণের সক্রিয় সহযোগিতা লাভ করিয়াছে, অপরদিকে তেমনি মুষ্টিমেয় ধনিকের হাতে না জমিয়া কোটি কোটি টাকা সরকারের হস্তগত হইয়াছে, যাহা দিয়া নূতন শিল্প গড়িয়া তোলা, পুরাতন শিল্পকে প্রসার করার সুযোগ পাওয়া গিয়াছে। এই পথেই তাহারা জনসাধারণের আয় বাড়াইয়াছে, জিনিষের দর কমাইয়াছে এবং বেকার সমস্যার সমাধান করিয়াছে। এই ব্যবস্থা গ্রহণ করার ফলে মুষ্টিমেয় ধনিক, রাজা, জমিদার ও বিদেশী সাম্রাজ্যবাদী তাহাদের শত্রু হইয়াছে বটে কিন্তু দেশের কোটি কোটি মজুর, কৃষক ও মধ্যবিত্ত রাশিয়া রাষ্ট্রের নিরাপত্তার ভার গ্রহণ করিয়াছে, রাষ্ট্র পরিচালনায় সক্রিয় অংশগ্রহণ করিয়াছে। সেই জন্যই দেখা যায় যুদ্ধের নিদারুন ক্ষয়ক্ষতি সহ্য করা সত্ত্বেও সোভিয়েট রাশিয়া ও নয়া গণতান্ত্রিক দেশসমূহ কেবলমাত্র নিজ শক্তির উপর ভরসা করিয়াও পরস্পরের সাথে সহযোগিতা করিয়া অতি দ্রুত অর্থনৈতিক উন্নতির পথে অগ্রসর হইতেছে। আর মার্কিন ধনকুবেরগণের সাহায্য লাভ করিয়া পশ্চিম ইউরোপের দেশসমূহ, চিয়াংকাইশেকের চীন প্রভৃতি কেবল সম্মেলন করিয়া বেড়াইতেছে ও অর্থনৈতিক সংকটে হাবুডুবু খাইতেছে।

যাহারা নিজের দেশের ধনিকদের তোষণ ও লালপালন করে অর্থের জন্য তাদেরই বিদেশী সাম্রাজ্যবাদীদের কাছে হাত পাতিতে হয় এবং তদ্বারা অভ্যন্তরীণ ব্যাপারেও বিদেশী প্রভুদের হস্তক্ষেপ ডাকিয়া আনিতে হয়। এইভাবেই অর্থনৈতিক গোলামী হইতে রাজনৈতিক গোলামীর সৃষ্টি হয়।

সেইজন্য পাকিস্তান সরকার অভ্যন্তরীণ ব্যাপারে ধনিক তোষণ ও কৃষক মজুর আন্দোলনে ধ্বংসের পথ গ্রহণ করিয়াও আন্তর্জাতিক ব্যাপারে বৃটিশ ও আমেরিকার লেজুড়ে পরিণত হইয়াছে। ইহার ফলেই নেতারা বৃটিশ সম্পর্কোচ্ছেদের বদলে বৃটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত থাকিবার কথা বলিতেছেন, রাজার জন্মদিবস পালন করিতেছেন। ইহা আজাদীর পথ নয়, গোলামীর পথ, শিল্প বিস্তারের পথ নয়, বিদেশী পুঁজিপতিদের স্বার্থে দেশের শিল্পবিস্তার বন্ধ রাখার পথ ও অর্থনৈতিক স্বাধীনতার বদলে অর্থনৈতিক দাসত্বের পথ।

সত্যিকারে, আজাদীর শিল্প বিস্তার ও অর্থনৈতিক স্বাধীনতার পথে বর্তমানে শাসকমণ্ডলী অগ্রসর হইতে পারেন না, কারণ তাহা হইলে কৃষক, মজুর ও গরীব মধ্যবিত্তের বিরুদ্ধে জেহাদ ঘোষণা না করিয়া মিল মালিক, জমিদার, জোতদার, বিদেশী পুঁজিপতি, মুনাফাখোর, বড় ব্যবসায়ী ও মোটা বেতনের দেশী-বিদেশী অফিসারদের বিরুদ্ধেই জেহাদ ঘোষণা করিতে হইবে। দুই নৌকায় পা দিয়া চলা আজ অসম্ভব। হয় ধনিকের শাসন ধ্বংস করিয়া মেহনতকারী জনসাধারণকে বাঁচাইতে হইবে আর না হয় মেহনতকারী জনসাধারণকে বুভূক্ষু রাখিয়া ধনিকের ধন-দৌলত বাড়াইতে হইবে। কোন দেশ কোন পথে যাইবে তাহা নির্ভর করে সেই দেশের শাসক শ্রেণী কোন দলের প্রতিনিধি তাহার উপর। সোভিয়েট রাশিয়া ও নয়া গণতান্ত্রিক দেশসমূহে কৃষক, মজুর ও গরীব মধ্যবিত্ত রাষ্ট্র ক্ষমতা দখল করিয়াছে সেই জন্যই সেখানকার জনগণ আজ খাঁটি আজাদী গণতন্ত্র ও সুখ ভোগ করিয়াছে, আর উন্নতির পথে আগাইয়া চলিয়াছে। গত এক বৎসরের কার্য্যকলাপের ফলে একথা ক্রমেই স্পষ্ট হইয়া উঠিতেছে যে পাকিস্তানের শাসক শ্রেণী ধনিক শ্রেণীর প্রতিনিধি হিসাবেই কাজ করিতেছে এবং সেই জন্যই দেশবাসীর জীবনে দুঃখ-দুর্দশা নামিয়া আসিয়াছে। সরকার বলে ''সময় দাও'' কিন্তু আমাদের প্রশ্ন যে এক বৎসর সময় আমরা দিলাম তাহা কাহার স্বার্থে কিভাবে ব্যবহার করা হইল? এই এক বৎসরে কি তাহারা বৃটিশ সম্পর্কোচ্ছেদ, ধনিক শ্রেণীর উচ্ছেদ, চোরাকারবারী ও মুনাফাখোরী ধ্বংস ও কৃষক মজুর মধ্যবিত্তের উন্নতির

কাজে ব্যয় করিয়াছে, না দেশী বিদেশী ধনিক তোষণ ও গরীব হত্যার কাজে ব্যয় করিয়াছে? সময় পাইলেই যদি ধনিক শ্রেণীর উচ্ছেদ হইত, জনসাধারণ পেটে ভাত, পরনে কাপড় পাইত তাহা হইলে আমেরিকা ও ইংলেণ্ডে আজ কোটিপতিরা দেশের মালিক কেন? সেখানকার মজুরদেরও মজুরী বৃদ্ধির জন্য ধর্মঘট করিতে হয় কেন? আর মাত্র ২/৩ বৎসর সময়ের মধ্যে আলবেনিয়া, হাঙ্গেরী, পোলাণ্ড প্রভৃতি দেশ তাহাদের ভাগ্য পরিবর্তন করিতে পারিল কেন?

সময় পাইলেই সব ঠিক হইবে একথা সম্পূর্ণ মিথ্যা, সরকারী কর্তৃপক্ষ কাহার স্বার্থে রাষ্ট্র পরিচালনা করিতেছে-ধনিকের না গরীবের? এটাই হইল আসল প্রশ্ন। যে সরকার ধনিকের স্বার্থে রাষ্ট্র পরিচালনা করে তাহাকে সময় দেওয়ার অর্থ ধনিকের শক্তিবৃদ্ধি করিতে সুযোগ দেওয়া মাত্র।

গণতান্ত্রিক শাসনব্যবস্থা-

যে রাষ্ট্রে অর্থনৈতিক ও রাজনৈতিক গণতন্ত্রের স্থান নাই; সেই রাষ্ট্রে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা আশা করা বৃথা।

আমরা দাবী করিয়াছিলাম সকলের কাজ করিবার অধিকার চাই, গ্রামে গ্রামে বিনা বেতনে শিক্ষা দিবার স্কুল চাই, প্রতি ইউনিয়নে সরকারী ডাক্তার চাই। বলা বাহুল্য যে, ইহার কোনটাই আমরা পাইতেছি না এবং পাইবার কোন সম্ভাবনাও দেখিতেছি না। প্রত্যেকের কাজের অধিকারের বদলে পাইতেছি বেকার সমস্যা; গ্রামে গ্রামে স্কুলের পরিবর্ত্তে বর্ত্তমানে সামান্য কয়টি স্কুল ও সরকারী শিক্ষা বিভাগের খেয়ালমত ভাঙ্গা গড়া ইত্যাদি। স্বাস্থ্যের উন্নতি দূরের কথা সরকারী খরচে মাত্র যে কয়জন Health Assistant টিকা, ইনজেকশন দিবার জন্য রাখা হইয়াছে তাহাদেরও বরখাস্তের বন্দোবস্ত হইতেছে। শ্রমিক, কৃষক, নারী জাতি প্রভৃতির জন্য আমরা যে সকল অধিকার দাবী করিয়াছিলাম, একটি সুখী সমাজ ব্যবস্থা গড়িবার যে আর্দশ, যে কর্মপন্থা আমরা গ্রহণ করিয়াছিলাম বর্তমান শাসকমণ্ডলীর দ্বারা তাহা সম্পূর্ণ উপেক্ষিত হইয়াছে। গত এক বছরে নূতন সমাজ ব্যবস্থা গড়িয়া তোলা দূরে থাকুক পুরাতন জরাজীর্ণ ব্যবস্থাও ভাঙ্গিয়া পড়িয়াছে। সমাজের বিভিন্ন শ্রেণীকে নূতন অধিকার দানের বদলে পুরাতন অধিকার কাড়িয়া লওয়া হইয়াছে।

বর্ত্তমান শাসক শ্রেণী খাদ্য সমস্যার সমাধান করিতে পারিতেছে না অথচ খবরের কাগজে বিবৃতি দিতেছে যে দেশে খাদ্য সমস্যা নাই। কোন জিনিষেরই দর কমাইতে পারিতেছে না। সকল রকমের কুটির শিল্প ধ্বংস হইয়া যাইতেছে। ছাঁটাই প্রভৃতির ফলে বিরাট আকারে বেকার সমস্যা দেখা দিয়াছে। এক কথায় বলিতে গেলে লোকের আয় ক্রমেই কমিতেছে আর ব্যয় বহুলাংশে বাড়িয়া চলিয়াছে, অথচ সরকারী কর্তৃপক্ষ ইহার বিরুদ্ধে কোন ব্যবস্থাই গ্রহণ করে নাই। কিন্তু রেল শ্রমিক, সরকারী কর্মচারী প্রভৃতি যখন নিজ নিজ ইউনিয়ন মারফত বর্ত্তমান ব্যবস্থার প্রতিকারের জন্য আন্দোলন, ধর্মঘট প্রভৃতির দিকে আগাইয়া আসে তখন সরকার ইউনিয়ন নেতাদের গ্রেপ্তার, বরখাস্ত, বদলী, ১৪৪ ধারা জারী প্রভৃতি দ্বারা ইহার জবাব দেয়। কাপড় ও চিনির কলের মালিকরা যখন উৎপাদক মজুর শ্রেণী, ক্রেতা ও মধ্যবিত্ত ও কৃষক শ্রেণীকে শোষণ করিয়া কোটি কোটি টাকা মুনাফা লুট করে তখন সরকার নিরপেক্ষ দর্শকের ন্যায় সবই মুখ বুজিয়া সহ্য করে। অথচ মজদুর শ্রেণী যখন বাধ্য হইয়া জীবন ধারণের উপযোগী মজুরী, ছুটি প্রভৃতির দাবী লইয়া আন্দোলন ও ধর্মঘটের পথে অগ্রসর হয় তখন সরকার মিল মালিকের পক্ষেই হস্তক্ষেপ করাকে পবিত্র কর্ত্তব্য বলিয়া মনে করে। আমরা আজাদী পাইয়াছি, কিন্তু এখনও রেল শ্রমিক ও যাত্রীদের শোষণ করিয়া কোটি কোটি টাকা ইংরাজ পূঁজিপতিদের জন্য বিলাতে পাঠাইতে হয়। যে সকল ইংরাজ অফিসার আমাদের দেশে চাকুরী করার নামে শোষণ ও শাসনের যন্ত্র হিসাবে কাজ করিয়াছে, আমাদের দেশের স্বাধীনতাকামী জনসাধারণের বুকের রক্ত দিয়া হাত রাঙ্গাইয়াছে, সেলামীস্বরূপ তাহাদের পেনসনের টাকা বিলাতে পাঠাইতে হয়। অথচ আমাদের দেশেরই গরীব মজুর ও শিক্ষকের দল না খাইয়া থাকে।

আমরা দাবী করিয়াছিলাম অর্থনৈতিক গণতন্ত্র, শোষণমূলক ব্যবস্থার অবসান। অথচ আমরা পাইতেছি একদিকে মুষ্টিমেয় কায়েমী স্বার্থের অর্থনৈতিক একাধিপত্য, মোটা বেতনভোগী, ভোগ-বিলাস ও অপরদিকে অন্নহীন, বস্ত্রহীন কঙ্কালসার দরিদ্র জনসাধারণ- ইহাই কি ইসলামী সমাজতন্ত্র? না সমাজতন্ত্রের নামে প্রবঞ্চনা?

শিল্প বিপ্লব

গত এক বছর হইল সরকারীমহল হইতে আশার বাণী শুনান হইতেছে যে পাকিস্তানে শিল্প বিস্তারের সম্ভাবনা প্রচুর। এক বিশেষ কমিটি গঠিত হইতেছে, ইংরাজ বিশেষজ্ঞদিগকেও মোটা টাকা দিয়া পরামর্শ দিবার জন্য আনা হইতেছে, কিন্তু অবস্থার একচুলও পরিবর্ত্তন হয়নি। বাস্তব কর্মপন্থা ভিত্তিতে একটি কাজও শুরু হয়নি। আমাদের সরকার যতদিন বৃটিশ ও আমেরিকার সাম্রাজ্যবাদীদের তোষণ করিয়া পাকিস্তানের শিল্প বিস্তারের চেষ্টা করিবে ততদিন পর্যন্ত বর্ত্তমান অবস্থাই চলিতে থাকিবে। কারণ সাম্রাজ্যবাদীরা নিজ স্বার্থে যতটুকু প্রয়োজন তার চাইতে একধাপও অগ্রসর হইবে না। পাকিস্তানের জনসাধারণের প্রয়োজনের চেয়ে নিজেদের সাম্রাজ্য বিস্তারের প্রয়োজনই তাহাদের কাছে ঢের বড় কথা এবং এইদিকে নজর রাখিয়াই তাহারা সব কিছু করিবে। মার্শাল পরিকল্পনা মারফৎ পশ্চিম ইউরোপের শিল্পপ্রধান দেশগুলিকে যেভাবে পদানত করিবার চেষ্টা করিতেছে, তাহাতে বেশ বুঝা যায় যে এই সাম্রাজ্যবাদী ধুরন্ধরেরা পাকিস্তানের দুর্বলতার সুযোগ গ্রহণ করিতে মোটেই ছাড়িবে না। অথচ আমাদের কর্তৃপক্ষ তাহাদেরই দুয়ারে ধর্ণা দিতেছে। আমেরিকার কাছ হইতে তাহাদের শর্ত্তে টাকা ধার করা বা আমেরিকার পুঁজিপতিগণকে দেশে শিল্প বিস্তারের জন্য আমন্ত্রণ জানানো যে খাল কাটিয়া কুমীর আনিবারই শামিল হইবে একথা যে কোন সাধারণ লোকেই বুঝিতে পারে। অথচ চোখের উপরই দেখিতেছি পূর্ব্ব ইউরোপের নয়া গণতান্ত্রিক রাষ্ট্রসমূহ সাম্রাজ্যবাদীদের দাসত্বসুলভ শর্তে দেওয়া ঋণ ঘৃণায় প্রত্যাখান করিয়া নিজ শক্তির উপর নির্ভর করিয়াই অনেক দ্রুতগতিতে শিল্প বিস্তার করিতেছে। ১৯৭১ সালে সমাজতান্ত্রিক বিপ্লবের পরে সোভিয়েট রাশিয়া আমাদের দেশের মত প্রতিকূল অবস্থার মধ্যে পড়িয়াও সাম্রাজ্যবাদীদের কাছে মাথা বিকাইয়া না দিয়া নিজ শক্তির উপর ভরসা করিয়া দাঁড়াইয়াছিল। তাহারা যদি সাম্রাজ্যবাদী শক্তির বিরোধিতা সত্ত্বেও অতি দ্রুত শিল্প বিস্তার করিতে পারে তাহা হইলে আমাদের সরকার সাম্রাজ্যবাদীদের তোষণ করিয়াও গত এক বছরে এক ধাপও অগ্রসর হইতে পারেন নাই কেন?

সোভিয়েট রাশিয়া পরাধীন দেশ শোষণ করিয়া বা সাম্রাজ্যবাদীদের কাছ হইতে ঋণ করিয়া শিল্প বিস্তারের টাকা জোগাড় করে নাই। তাহারা টাকা জোগাড় করিয়াছে সকল কলকারখানা, খনি, যানবাহন, ব্যাঙ্ক ও আভ্যন্তরীণ ও বহির্বাণিজ্য ধনিক শ্রেণীর হাত হইতে দখল করিয়া রাষ্ট্রের হাতে আনিয়া জারের আমলের সকল ধার-দেনা অস্বীকার করিয়া। দেশী ও বিদেশী ধনিকদের হাতে মুঠা হইতে অর্থনৈতিক আধিপত্র কাড়িয়া লওয়ার ফলে একদিকে যেমন শ্রমিক শ্রেণীর মজুরী বাড়িয়াছে ও জিনিষের দর কমিয়াছে- এককথায় বলিতে গেলে রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সকল দিক দিয়াই আমরা যেন আরও পরাধীনতার নাগপাশে আবদ্ধ হইতেছি। অগণতান্ত্রিক ব্যবস্থাসমূহ জোর করিয়া আমাদের উপর চাপাইয়া দেওয়া হইতেছে- ইহাই হইল আমাদের গত এক বছরের অভিজ্ঞতা।

গণপরিষদ

স্বাধীন দেশের গঠনতন্ত্র রচনার ফলে যে মুষ্টিমেয় লোকের ভোটে এবং পরোক্ত নির্বাচন দ্বারা গণপরিষদ গঠিত হইয়াছিল এক বছরে একমাত্র পতাকা নির্ধারণ ছাড়া তাহা কোন কাজই করে নাই। জনসাধারণকে ভুলাইবার জন্য নামেমাত্র একটি গণপরিষদ খাড়া করিয়া রাখা হইয়াছে। পৃথিবীর অন্যান্য দেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস আলোচনা করিলে আমাদের গণপরিষদের অগণতান্ত্রিক ভিত্তি ও স্থবিরতা একটি লজ্জার বিষয় হইয়াছে। এইরূপ একটি গণপরিষদের কাছ হইতে আমরা বিপ্লবী পরিবর্তন আশা করিতে পারি কিভাবে? সকলের মনেই আজ এ প্রশ্ন জাগিতেছে বর্ত্তমান পরিষদ কি কালের দাবীর সহিত তাল মিলাইয়া পুরাতন বৃটিশ

রচিত সমাজব্যবস্থা ধ্বংস করিয়া আমাদের রাজনৈতিক অর্থনৈতিক ও সামাজিক জীবনে বিপ্লবী পরিবর্ত্তন আনিতে পারিবে? একথা আজ লজ্জার সাথে স্বীকার করিতেই হইবে যে বর্ত্তমান গণপরিষদ পাকিস্তানবাসীকে সকল দিক হইতেই নিরাশ করিয়াছে।

আমাদের ভবিষ্যৎ

গত এক বছরের অভিজ্ঞতা আগামীকালের ভবিষ্যৎ সম্পর্কে মোটেই আশান্বিত করিয়া তুলিতেছে না। বরং এই আশংকাই আমাদের মধ্যে প্রবল যে, বর্তমান অবস্থার গতিরোধ করিতে না পারিলে আমাদের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক জীবনে এক ঘোরতর বিপর্যয় দেখা দিবে। মাত্র কয়েকজন লোকের স্বার্থে পাকিস্তানের কোটি কোটি জনসাধারণের সকল অধিকার হরণ করিয়া একটিমাত্র গোষ্ঠীর একনায়কত্ব জাঁকিয়া বসিবে। ইহাদেরই স্বার্থে এবং খেয়াল চরিতার্থ করিবার জন্য আমাদের সকলের স্বার্থ ত্যাগ করিতে হইবে। ইহাদেরই সুখ বৃদ্ধির জন্য আমাদের সকলের সুখ বিসর্জন দিতে হইবে। ইহাদের অধিকার কায়েম রাখিতে আমাদের সকলের অধিকার হরণ করা হইবে। পাকিস্তানের যুবসমাজ শাসকমন্ডলীর এই গণবিরোধী নীতি, গণতন্ত্রের প্রতি উপেক্ষা ও শোষকমূলক ব্যবস্থা কখানো মুখ বুজিয়া মানিয়া লইতে পারে না। সরকার যদি মনে করিয়া থাকে একমাত্র দমন নীতির সাহায্যে ত্রাসের সঞ্চার করিয়া সমস্ত গণতান্ত্রিক আন্দোলন স্তব্ধ করিয়া দিব, কৃষক, মজুর, ছাত্র ও যুব সংগঠন ধ্বংস করিয়া দিব, তাহা হইলে তাহারা চরম ভুল করিয়াছে; ইতিহাস হইতে কোন শিক্ষাই গ্রহণ করে নাই। লাঠি ও জেলখানার সাহায্যে কখনও গণআন্দোলন ধ্বংস করা যায় নাই। হিটলার-মুসোলিনী হইতে শুরু করিয়া পৃথিবীর কোন দেশের শাসক শ্রেণীই যে কাজে কৃতকার্য্য হইতে পারে নাই পাকিস্তান সরকারের সেই চেষ্টা করা বৃথা। পাকিস্তান সরকার যেন এ কথা না ভুলে যে, আজ যাহারা গণ-আন্দোলন গড়িয়া তুলিতেছে তাহাদেরই এক বিরাট অংশ বর্ত্তমান পাকিস্তান প্রতিষ্ঠার জন্য দায়ী। শুধুমাত্র 'পঞ্চম বাহিনী', 'রাষ্ট্রের শত্রু' প্রভৃতি আখ্যা দিয়া লোক চক্ষে তাহাদের হেয় করিবার চেষ্টা বৃথা। যে প্রেরণা লইয়া আমরা একদিন পাকিস্তান হাসেল করার আন্দোলনে ঝাপাইয়া পড়িয়াছিলাম যদি প্রয়োজন হয় তাহার জন্য দ্বিগুণ উৎসাহ লইয়াই বর্ত্তমান শাসকশ্রেণীর বিরুদ্ধে আন্দোলনে পাকিস্তানের যুবশক্তি ঝাঁপাইয়া পড়িবে। সরকারের কোন হুমকি তাহাকে সফলচ্যুত করিতে পারিবে না।

যুবসমাজের প্রতি

বর্ত্তমান সরকারের সাম্রাজ্যবাদ ঘেঁষা নীতি, ব্যক্তি-স্বাধীনতা হরণ, কৃষক-মজুর আন্দোলন ও তাহাদের সংগঠন ধ্বংস করা ও জমিদার, মিল মালিক তোষণ, ছাঁটাই ও বেতন বৃদ্ধি না করা প্রভৃতি কার্যের বিরুদ্ধে তুমুল আন্দোলন করিবার জন্য আমরা পাকিস্তানের যুব সমাজের কাছে উদাত্ত আহবান জানাইতেছি, এমন আন্দোলন সৃষ্টি করিতে হইবে যাহার ফলে সরকার তাহার গণবিরোধী নীতি পরিবর্ত্তন করিতে বাধ্য হইবে। না হয় মজুর, কৃষক, গরীব, মধ্যবিত্তের প্রতিনিধিত্বমূলক নূতন সরকার বর্ত্তমান সরকারের স্থান গ্রহণ করিবে। যে সরকার গণবিরোধী কার্য্যের দ্বারা আস্থা হারাইয়া ফেলে যে সরকার দেশের লোকের ভাত-কাপড়ের ব্যবস্থা না করিয়া শুধু লাঠি ও জেলখানার সাহায্যে দেশ শাসন করে গণতান্ত্রিক নীতি অনুযায়ী তাহার একদিনও টিকিয়া থাকিবার অধিকার নাই।

যুবসমাজই জাতির মেরুদন্ড। সেইজন্য তাহাদের কাছে আমাদের আহবান আপনারাই আগাইয়া আসিয়া আন্দোলনে নেতৃত্ব দিন। কৃষক, মজুর, ছাত্র, কর্ম্মচারী প্রভৃতির যে সকল নিজস্ব শ্রেণী, প্রতিষ্ঠান তাহার সাথে যুবলীগের কোন বিরোধিতা নাই বরং তাহাদের সহযোগিতাতেই একমাত্র প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্র গড়িয়া উঠিতে পারে। যুবলীগের মধ্যে থাকিয়াও যেন কৃষক সমিতি ও মজুর ইউনিয়নের সভ্যভূক্ত হন এবং কৃষক সমিতি ও মজুর ইউনিয়নের সংগে সহযোগিতা করেন। তাহাদের দাবী-দাওয়া লড়াই করতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ। কৃষক-মজুরের আন্দোলনকে বাদ দিয়া কোন সত্যিকারের গণতান্ত্রিক আন্দোলনই গড়িয়া উঠিতে পারে না। কোন

দেশ কতটা গণতান্ত্রিক তাহার প্রকৃত প্রমাণ মিলে সেই দেশের শাসক শ্রেণীর কৃষক-মজুরের দাবী-দাওয়া ও তাহাদের আন্দোলনের প্রতি মনোভাবের মধ্য দিয়া। আমেরিকান সাম্রাজ্যবাদীদের ন্যায় মুখে গণতন্ত্রের বুলি ও কার্যে নিগ্রো নির্যাতন ও কৃষক-মজুর শোষণ কখনো গণতন্ত্রের নীতি হইতে পারে না।

পাকিস্তানে এমন শক্তিশালী গণতান্ত্রিক যুব আন্দোলন গড়িয়া উঠুক যাহা দুনিয়ার প্রগতিশীল যুব আন্দোলনের পাশে সমমর্য্যাদা লইয়া দাঁড়াইতে পারে। সেই উদ্দেশ্যে প্রতি গ্রাম, বন্দর ও কলকারখানায় যুবলীগের শাখা গঠন করিতে হইবে। তাহাদের দাবী-দাওয়া লইয়া আন্দোলন করিতে হইবে। নিম্নলিখিত কার্যসূচীর ভিত্তিতে আন্দোলন গড়িয়া তুলিবার জন্য যুব সমাজের প্রতি আহবান জানানো যাইতেছেঃ

১। অবলিম্বে বৃটিশ সাম্রাজ্যবাদের সঙ্গে সম্পর্ক ছিন্ন করিয়া পূর্ণ আজাদী ঘোষণা করিতে হইবে। আগামী অক্টোবরের বৃটিশ উপনিবেশ সম্মেলনে যোগদান করা চলিবে না। বৃটিশ আমলের কোন ইংরাজ অফিসারের পেনসনের খরচ পাকিস্তান সরকার বহন করিতে পারিবে না। ১৯৪৮ সালের মধ্যেই পাকিস্তানের ষ্ট্রালিং পাওনা কড়ায় গন্ডায় বুঝিয়া লইতে হইবে- কোন রকম দীর্ঘ-মেয়াদী চুক্তি করা চলিবে না।

২। প্রাপ্ত বয়স্কদের সার্ব্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে অবিলম্বে নূতন গণপরিষদ মারফৎ গণতান্ত্রিক শাসন ব্যবস্থা প্রণয়ন করিতে হইবে।

৩। ভাষার ভিত্তিতে স্বয়ং শাসন অধিকার সম্পন্ন প্রদেশ গড়িবার এবং আত্মনিয়ন্ত্রণের অধিকার মানিয়া লইতে হইবে।

৪। সংখ্যালঘুদের ন্যায্য অধিকারর স্বীকার করিতে হইবে।

৫। জনগণের স্বার্থে পারস্পরিক অর্থনৈতিক সাহায্যের জন্য এবং সাম্রাজ্যবাদী হস্তক্ষেপের বিরুদ্ধে গণতান্ত্রিক দেশগুলির সহিত বন্ধুত্ব স্থাপন করিতে হইবে।

৬। বিনা ক্ষতিপূরণে জমিদারী প্রথার উচ্ছেদ করিয়া কৃষককে জমির মালিক করিতে হইবে। কৃষকের ঋণ মকুব করিতে হইবে। ক্ষেত-মজুরদের ন্যায্য মজুরী দিতে হইবে।

৭। বড় বড় শিল্প, বড় ব্যাঙ্ক, ইনসিওরেন্স কোম্পানীগুলি জাতীয়করণ করিতে হইবে। শ্রমিকদের খাটুনির সময় আট ঘন্টা বাঁধিয়া দিতে হইবে এবং বাঁচার মত মজুরীর ব্যবস্থা করিতে হইবে।

৮। ব্যাঙ্ক, চা বাগান, খনি ইত্যাদি বড় বড় ব্যবসায় নিয়োজিত বিদেশী মূলধন বাজেয়াপ্ত করিতে হইবে। মার্শাল প্লান অথবা অন্য কোন বিদেশী মূলধন জাতীয় স্বার্থবিরোধী শর্তে গ্রহণ করা চলিবে না।

৯। বিনা ব্যয়ে শিক্ষা বাধ্যতামূলক ও সার্ব্বজনীন প্রাথমিক শিক্ষা চালূ করিতে হইবে।

১০। রাষ্ট্রের খরচে স্বাস্থ্য এবং চিকিৎসার ব্যবস্থা করিতে হইবে।

১১। জনগণকে সামরিক শিক্ষা দিতে হইবে এবং জনগণের সামরিক বাহিনী গড়িয়া তুলিতে হইবে।

১২। নারীদের সমান গণতান্ত্রিক অধিকার স্বীকার করিতে হইবে।

পাকিস্তান গণতান্ত্রিক যুবলীগের রাজশাহী বিভাগীয় আঞ্চলিক কমিটির সেক্রেটারী মোহাম্মদ একরামূল হক কর্তৃক এই ইস্তাহার উত্থাপিত হয় এবং উপস্থিত প্রতিনিধিগণ কর্তৃক সর্ব্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

যুবসম্মেলনে গৃহীত প্রস্তাবাবলী

১। খাদ্য সংকটের বিরুদ্ধে রুখিয়া দাঁড়াও
আমলাতান্ত্রিক গাফিলতির মুখোশ খুলিয়া দাও
জনগণের প্রতিরোধ গড়িয়া তোল

পূর্বপাকিস্তানে খাদ্যসমস্যা প্রকট হইয়া উঠিয়া যশোহর জেলায় ৪০ টাকা, খুলনায় ৩৮ টাকা, পাবনা নদীয়ায় ৩৫ টাকার উপরে চাউলের দর চলিতেছে। ২২/২৪ টাকার নীচে কোন জেলাতেই চাউল পাওয়া সম্ভব নয়। এক কথায় বলিতে গেলে পূর্ব্ব পাকিস্তানে খাদ্যের মূল্য জনসাধারণের নাগালে বাহিরে চলিয়া গিয়াছে। পাকিস্তান প্রতিষ্ঠিত হওয়ার পর ইহা দ্বিতীয় খাদ্য সংকট।

এই সংকট সমাধানে সরকারের তরফ হইতে এক বিবৃতি দেওয়া ছাড়া অন্য কোনই চেষ্টা হইতেছে না। খাদ্য সংগ্রহ ও সরবরাহ সম্পর্কে সরকারী নীতি খাদ্য সংকটকে আরও প্রকট করিয়া তুলিতেছে। এখন পর্য্যন্ত খাদ্য সংগ্রহের যথোপযুক্ত ব্যবস্থা হয় নাই। বড় জোতদার ও মজুতদারদের স্পর্শ না করিয়া সাধারণ কৃষকের নিকট হইতে ধান চাউল সংগ্রহ করাই সরকারের নীতি হইয়া দাঁড়াইয়াছে। মজুতদার ও জোতদারকে তোষণ করিয়া কৃষকের ধান 'সীজ' করিবার নীতিতে খাদ্য সংগ্রহ হইতে পারে না। দ্বিতীয়তঃ বিদেশ হইতে খাদ্য আমদানীরও কোন ব্যবস্থা হইতেছে না। যে খাদ্য বর্ত্তমানে সরকার সংগ্রহ করিয়াছেন তাহাও সঠিকভাবে সরবরাহ হইতেছে না।

খাদ্য সংগ্রহ ও সরবরাহ এইরূপ চলিতে থাকায় ৪ কোটি ৪০ লক্ষ লোকের পূর্ব পাকিস্তান আজ এক ভয়াবহ দুর্ভিক্ষের সামনে উপস্থিত হইয়াছে।

রাজশাহী বিভাগীয় যুব সম্মেলন ভয়াবহ উদ্বেগের সঙ্গে এই পরিস্থিতি লক্ষ করিতেছে। খাদ্য সমস্যার আশু সমাধানের জন্য অবিলম্বে নিম্নলিখিত কর্ম্মপদ্ধতি গ্রহণ করিবার জন্য এই সম্মেলন সরকারের নিকট দাবী করিতেছেঃ

১। কৃষকদের নিকট হইতে জবরদস্তিমূলকভাবে ধান কাড়িয়া লওয়া চলিবে না। অবিলম্বে সমস্ত জোতদার ও মজুতদারদের বাড়তি খাদ্য বাজেয়াপ্ত করিয়া লইতে হইবে।

২। ভারত ও পাকিস্তানের বাহিরে অন্যান্য দেশের সঙ্গে সমঝোতা করিয়া খাদ্য আমদানীর ব্যবস্থা করিতে হইবে।

৩। সরকার কর্তৃক সংগৃহীত খাদ্য কালবিলম্ব না করিয়া ঘাটতি এলাকায় সস্তা দরে সরবরাহ করিতে হইবে।

৪। প্রত্যেক শহরে রেশনিং ব্যবস্থা চালু করিতে হইবে এবং রেশনিং এলাকায় নিয়মিতভাবে সস্তা দরে খাদ্য সরবরাহের ব্যবস্থা করিতে হইবে।

৫। যে সমস্ত লোক দুস্থ হইয়া পড়িয়াছে এবং খাদ্যক্রয়ে অক্ষম তাহাদের জন্য বিনামূল্যে খাদ্য বিলির ব্যবস্থা করিতে হইবে। বন্যাপীড়িত অঞ্চলে দ্রুত সরবরাহ পাঠাইতে হইবে।

৬। নিত্যপ্রয়োজনীয় জিনিষের মূল্য কমাইইতে হইবে।

৭। কৃষকের ক্রয় শক্তি বৃদ্ধির জন্য অর্থকারী ফসল যেমন পাট ইত্যাদির মূল্য বৃদ্ধি করিয়া সর্বনিম্ন দর বাঁধিয়া দিতে হইবে। পাটের সর্বনিম্ন দর মণ প্রতি ৪০ টাকা বাঁধিয়া দিতে হইবে।

৮। মজুর ও মধ্যবিত্ত কর্মচারীদের মাহিনা বৃদ্ধি করিতে হইবে।

৯। জিন্নাহ তহবিল হইতে দুই-তৃতীয়াংশ অর্থ পূর্ব্ব পাকিস্তানের দুর্ভিক্ষ ও বন্যাপীড়িতদের সাহায্যের জন্য বরাদ্দ করিতে হইবে।

উপরোক্ত পদ্ধতি যাহাতে অবিলম্বে কার্য্যকরী করা হয় তজ্জন্য আন্দোলন গড়িয়া তুলিবার জন্য পূর্ব্ব পাকিস্তানের যুব সমাজ ও জনসাধারণের নিকট এই সম্মেলন আহবান জানাইতেছে।

২। জমিদারী উচ্ছেদের ভাঁওতা দিয়া কৃষক উচ্ছেদ চলিবে না। বিনা খেসাতে জমিদারী উচ্ছেদ ও কৃষককে জমির মালিক করিতে হইবে।

বৃটিশ সাম্রাজ্যবাদী নিজের শাসন ও শোষণ কায়েম করিবার জন্য জমিদারী প্রথার সৃষ্টি করিয়া আমাদের দেশের জনসাধারণের অর্থননিতক জীবন পঙ্গু করিয়া দিয়াছে। দেশে চিরস্থায়ী খাদ্যসমস্যার সৃষ্টি করিয়াছে। সাম্রাজ্যবাদ সৃষ্ট এই ঘৃণ্য প্রথার বিরুদ্ধে কৃষকের আন্দোলন বহুদিনের আন্দোলন। আজাদী পাইলে জমিদারী প্রথা উচ্ছেদ করিয়া কৃষককে জমির মালিক করা হইবে-ইহাই ছিল নেতাদের ওয়াদা। আজাদ পূর্ব্ব পাকিস্তান সরকার জমিদারী উচ্ছেদের এক বিলও উত্থাপন করিয়াছে। কিন্তু এই বিলে যে সমস্ত ধারা রহিয়াছে তাহা সমস্তই কৃষক স্বার্থের বিরোধী। এই বিলের মূলধারাগুলি হইতেছেঃ

(১) জমিদারদের জন্য ৪০ কোটি টাকারও অধিক ক্ষতিপূরণ।
(২) জোতদারদের জন্য জমি।
(৩) জমিদারদের ঋণ মকুব।
(৪) ওয়াক্‌ফ্ ও দেবোত্তর সম্পত্তির সুবিধা ইত্যাদি।

এই সম্মেলনের মতে উপরোক্ত সমস্ত ধারাগুলি কৃষক স্বার্থবিরোধী এবং বিনা খেসারতে জমিদারী প্রথা উচ্ছেদ করিয়া কৃষককে জমির মালিক করিবার মূল দাবী গৃহীত হয় নাই। এই বিল পাশ হইলে জমিদারী উচ্ছেদের পরিবর্ত্তে কৃষক উচ্ছেদেরই ব্যবস্থা হইবে। জমিদারী উচ্ছেদের নামে এইরূপ কৃষক বিরোধী বিল উত্থাপন করিয়া সরকার পূর্ব্ব পাকিস্তানের জনমতের সঙ্গে চরম বিশ্বাসঘাতকতা করিয়াছে। এই সম্মেলনে প্রস্তাবিত বিলের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করিতেছে এবং অবিলম্বে এই বিল প্রত্যাহার করিয়া বিনা ক্ষতিপূরণে ও ''কৃষকই জমির মালিক'' এই নীতির ভিত্তিতে জমিদারী উচ্ছেদের দাবী জানাইতেছে।

এই সম্মেলন মনে করে যে তুমুল আন্দোল ব্যতীত সরকার কৃষকের দাবী অনুযায়ী জমিদারী প্রথা উচ্ছেদ করিবে না। কৃষকের শ্রেণী সংগঠনকে জোরদার করিয়াই এই অন্দোলন সফল হইতে পারে। এই সম্মেলন পূর্ব্ব পাকিস্তানের যুব সমাজকে কৃষকের শ্রেণী সংগঠনকে সর্ব্বতোভাবে সাহায্য করিয়া জমিদারী উচ্ছেদকে সফল করিবার জন্য আহবান জানাইতেছে।

৩। রেল শ্রমিকের বাঁচিবার লড়াইয়ে সাহায্য করিব। আসন্ন রেল ধর্মঘটকে কামিয়াব করেত সর্বপ্রকার সহযোগিতা দিব।

পাকিস্তান সরকারের শ্রমনীতি পাকিস্তানের রেল মজুরদের ধ্বংসের মুখে ঠেলিয়া দিতেছে। পাকিস্তান রেলওয়েতে প্রায় ১৬,০০০ হাজার শ্রমিক ছাঁটাইয়ের মুখে। পে কমিশনের রায় চালু, গ্রেনশপের পাকা ব্যবস্থা,

বাসস্থান ইত্যাদি শ্রমিকদের কোন দাবীই সরকার পূরণ করে নাই উপরন্তু রেল শ্রমিক আন্দোলনের উপর ব্যাপক দমননীতি প্রয়োগ করা হইতেছে। তাই রেলশ্রমিকরা বাধ্য হইয়া নিম্নলিখিত পাঁচটি মূল দাবীর ভিত্তিতে সাধারণ ধর্ম্মঘটের প্রস্তুতির জন্য ষ্ট্রাইক ব্যালট গ্রহণ করিতেছেঃ

(১) পুরাতন পে কশিশনের রায় চালু করিতে হইবে।
(২) ছাঁটাই বন্ধ করিতে হইবে।
(৩) গ্রেনশপের তালিকাভূক্ত দ্রব্য পূর্ণ সরবরাহের ব্যবস্থা করিতে হইবে।
(৪) বাসস্থানের ব্যবস্থা করিতে হইবে।
(৫) দমননীতি বন্ধ করিতে হইবে এবং ট্রেড ইউনিয়ন আন্দোলনের পূর্ণ স্বাধীনতা দিতে হইবে।

এই সম্মেলন রেল শ্রমিকদের দাবী-দাওয়া ন্যায্য বলিয়া মনে করে এবং দাবী আদায়ের জন্য শ্রমিকদের ধর্ম্মঘটের সিদ্ধান্তকে পূর্ণভাবে সমর্থন করিতেছে এবং তাহাদের সংগ্রাম সর্ব্বপ্রকার সাহায্য ও সহানুভূতির প্রতিশ্রুতি দিতেছে। রেল ধর্ম্মঘটকে সাফল্যমন্ডিত করিবার জন্য এই সম্মেলন বিভিন্ন রেলশ্রমিক প্রতিষ্ঠানকে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করিবার আহবান জানাইতেছে।

৪। ব্যক্তিস্বাধীনতার জন্য লড়ো

আজাদ পাকিস্তানে ব্যক্তি স্বাধীনতা হরণ চরম পর্য্যায়ে উঠিয়াছে। ব্যক্তি স্বাধীনতা হরণে পাকিস্তান সরকার সাম্রাজ্যবাদীদেরও ছাপাইয়া উঠিয়াছে। সভা, শোভাযাত্রা করিবার অধিকার ব্যাপকভাবে খর্ব্ব করা হইতেছে। ১৪৪ ধারার যথেচ্ছ প্রয়োগ, বিনা বিচারে আটক, অন্তরীণ ও বহিস্কার আদেশ, গ্রেপ্তারী পরওয়ানা, সংবাদপত্রের স্বাধীনতা হরণ ইত্যাদি নিত্যনৈমিত্তিক ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। দমননীতি, পুলিশ জুলুম ও অর্ডিন্যান্স-রাজ পাকিস্তানবাসী জনসাধারণের জীবনে বিভীষিকা সৃষ্টি করিয়াছে।

এই সম্মেলন ব্যক্তি স্বাধীনতার উপর সরকারী আক্রমণ এবং দমননীতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করিতেছে এবং অবিলম্বে সমস্ত বিনা বিচারে আটক বন্দীদের মুক্তি, ১৪৪ ধারা, গ্রেপ্তারী পরোয়ানা, অন্তরীণ ও বহিস্কার আদেশের আশু প্রত্যাহার দাবী করিতেছে।

দমননীতির বিরুদ্ধে আন্দোলন গড়িয়া তুলিয়া ব্যক্তি স্বাধীনতা প্রতিষ্ঠা করিবার জন্য এই সম্মেলন দলমত নির্ব্বিশেষে সমস্ত যুবক ও জনসাধারণকে আহবান জানাইতেছে।

৫। যুব আন্দোলনের উপর হামলা বরদাস্ত করা হইবে না।

এই সম্মেলন গভীর উৎকণ্ঠার সহিত লক্ষ্য করিতেছে যে, পাকিস্তান সরকার 'গণতান্ত্রিক যুবলীগ' প্রতিষ্ঠিত হইবার পর হইতে ইহার উপর হামলা শুরু করিয়াছে। সম্প্রতি ঢাকায় যুবলীগের কেন্দ্রীয় অফিস খানাতল্লাশী করা হইয়াছে। যুবলীগের অন্যতম প্রতিষ্ঠিত মিঃ আতাউর রহমানের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হইয়াছে এবং প্রাদেশিক কমিটির সদস্য মিঃ আবদুল আওয়ালের উপর ময়মনসিংহ জিলা হইতে বহিস্কার আদেশ জারী করা হইয়াছে।

এই সম্মেলন, যুবলীগের প্রতি সরকারী দমননীতির তীব্র প্রতিবাদ করিতেছে এবং অবিলম্বে মিঃ আতাউর রহমানের উপর হইতে গ্রেপ্তারী পরোয়ানা প্রত্যাহার এবং মিঃ আব্দুল আউয়ালের উপর হইতে বহিস্কার আদেশ উঠাইয়া লইবার দাবী জানাইতেছে।

৬। ব্যাপক ছাঁটাইয়ের বিরুদ্ধে দাঁড়াও

এই সম্মেলন বিশেষ উৎকণ্ঠার সহিত লক্ষ্য করিতেছে যে, পাকিস্তান সরকারের ছাঁটাই-নীতি দেশের মধ্যে এক ভয়ানক বিভীষিকার সৃষ্টি করিয়াছে। ছাঁটাই নীতির কবলে পড়িয়া হাজার হাজার দরিদ্র কর্ম্মচারী ও মজুরের সংসার ছারখার হইয়া যাইতেছে। এই সম্মেলন সরকারের এই ছাঁটাই নীতির তীব্র প্রতিবাদ জানাইতেছে এবং সম্মেলন মনে করে যে, এইরূপে সমস্যা বাড়িবে কিন্তু কমিবে না। সুতরাং সম্মেলনের দাবী যে, ছাঁটাই নীতি অবিলম্বে বন্ধ করিতে হইবে এবং যাহাদিগকে ছাঁটাই করা হইয়াছে তাহাদিগকে পুনর্নিয়োগ করিতে হইবে।

৭। ধ্বংসমুখী শিক্ষা ব্যবস্থাকে বাঁচাও

পূর্বপাকিস্তানে শিক্ষা ব্যবস্থায় ভীষণ বিশৃঙ্খলা সৃষ্টি হইয়াছে। চট্রগ্রাম, ঢাকা, রংপুর প্রভৃতি জেলায় বিদ্যালয়ে সরকারী দপ্তর স্থাপন করিবার চেষ্টা করিয়াছিল কিন্তু সংঘবদ্ধ ছাত্র আন্দোলন দ্বারাই সরকারী প্রচেষ্টা ব্যর্থ হইয়াছে। পাকিস্তান লাভের আগে রাজশাহী জেলায় প্রাইমারী স্কুল ছিল ১২০০ শত, বর্ত্তমান সরকার তাহাকে ৮০০ শতে নামাইবার ব্যবস্থা করিয়াছেন। প্রাইমারী শিক্ষকগণের মাহিনা প্রয়োজনের তুলনায় অকিঞ্চিঃৎকর কিন্তু তাহাও নিয়মিত পাইতেছে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নূতন সিলেবাস অনুযায়ী নূতন পুস্তক এখনও পর্য্যন্ত যথেষ্ট পরিমাণে বাজারে বাহির না হওয়ার জন্য ছাত্রদের পড়াশুনা ভয়ানক ক্ষতি হইতেছে এবং বিভিন্ন সাময়িক পরীক্ষাগুলি বন্ধ রহিয়াছে।

ছাত্রদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য খাতা, পেন্সিল, কাপড়, কেরোসিন প্রভৃতির অভাবে ছাত্র জীবন বিপন্ন কিন্তু সরকারের তরফ হইতে কোন প্রকার সাহায্য তো করা হয় নাই বরং যাহারা নিত্য প্রয়োজনীয় দাবী লইয়া আন্দোলন করিতেছে তাহাদের উপর সরকারী দমননীতি নগ্নরূপে প্রকাশ পাইতেছে। আজ শিক্ষা জীবনে যে সংকট দেখা দিয়াছে তাহা রোধ করিবার জন্য অবিলম্বে নিম্নলিখিত ব্যবস্থাগুলি কার্য্যকরী করিবার জন্য এই সম্মেলন সরকারের নিকট দাবী জানাইতেছে; এবং এই সমস্ত দাবী সরকার যাহাতে কার্য্যকরী করেন তাহার জন্য ঐক্যবদ্ধ আন্দোলন গড়িয়া তুলিবার জন্য ছাত্রসমাজকে আহবান জানান যাইতেছেঃ

(১) কোন প্রাথমিক, মাধ্যমিক বা হাই স্কুল তুলিয়া দেওয়া চলিবে না।
(২) শিক্ষকগণকে মানুষের মত বাঁচিবার উপযোগী বেতন দিতে হইবে।
(৩) বাংলা ভাষাকে শিক্ষার মাধ্যমরূপে চালু করিতে হইবে।
(৪) বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা ব্যবস্থার প্রবর্ত্তন করিতে হইবে।

(৫) ছাত্রদের নিত্য প্রয়োজনীয় জিনিস খাতা, পেন্সিল, বই, কেরোসিন ইত্যাদি নিয়মিত সরবরাহের ব্যবস্থা করিতে হইবে।

(৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবং অন্যান্য কলেজে বিভিন্ন বিভাগে শিক্ষকের যে সমস্ত পদ খালি রহিয়াছে তাহার পূরণ করিতে হইবে।

(৭) শিক্ষালয়ে পূর্ণ গণতান্ত্রিক উপায়ে ইউনিয়ন চালু করিতে হইবে।

৮। জনস্বাস্থ্যের প্রতি সরকারী উদাসীনতার প্রতিকার চাই

পূর্বপাকিস্তানে জনস্বাস্থ্য বিপন্ন হইয়াছে। জনসংখ্যার তুলনায় ডাক্তারের সংখ্যা নগণ্য। ঔষধপত্র বাজারে দুষ্প্রাপ্য হইয়া দাঁড়াইয়াছে। যাহাও আসিতেছে অগ্নিমূল্যের জন্য জনসাধারণের আয়ত্তের বাহিরে। ঔষধপত্র

আমদানীর কোন ব্যবস্থা হইতেছে না। ডাক্তারী শিক্ষার জন্য মেডিক্যাল স্কুল-কলেজ শিক্ষার্থীদের তুলনায় একেবারেই নগণ্য। স্বাধীন পাকিস্তানে জনস্বাস্থ্যের উন্নতির জন্য নূতন ব্যবস্থা হওয়া দূরের কথা যেটুকু ব্যবস্থা আছে সরকারের অবহেলায় তাহাও বিপন্ন হইয়া পড়িয়াছে। সরকারী হাসপাতালগুলিতে ঔষধ নাই, দুর্নীতিতে পূর্ণ। পল্লীর জনস্বাস্থ্য রক্ষার যেটুকু ব্যবস্থা ছিল তাহাও জনস্বাস্থ্য কর্ম্মচারীদের ছাঁটাই করিয়া ধ্বংস করিবার পরিকল্পনা চলিতেছে। এই সম্মেলন সরকারের জনস্বাস্থ্যবিরোধী মনোভাবের তীব্র নিন্দা করিতেছে এবং অবিলম্বে জনস্বাস্থ্যের উন্নতির জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি কার্য্যকরী করিবার দাবী জানাইতেছে এবং এই ব্যবস্থাগুলি যাহাতে সরকার কার্য্যকরী করেন তার জন্য আন্দোলন গড়িয়া তুলিতে এই সম্মেলন জনসাধারণ এবং যুবসমাজকে আহবান জানাইতেছেঃ

(১) হাসপাতালগুলিতে ঔষধ সরবরাহ করিয়া সক্রিয় ও দুর্নীতিমুক্ত করিতে হইবে।
(২) প্রতি ইউনিয়নে হাসপাতাল খুলিয়া বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করিতে হইবে। এ, জি, হাসপাতালগুলিকে পুনর্জীবিত করিতে হইবে।

(৩) মেডিক্যাল স্কুল-কলেজের সংখ্যা বৃদ্ধি করিতে হইবে।
(৪) জনস্বাস্থ্য বিভাগকে রাষ্ট্রীয়করণ করিতে হইবে এবং ডিষ্ট্রিক্ট বোর্ড হেলথ্ এ্যাসিসটেন্টদের চাকুরী স্থায়ী করিতে হইবে।

সাংগঠনিক প্রস্তাবাবলী

উপরোক্ত প্রস্তাবগুলি ছাড়া সম্মেলনে নিম্নলিখিত বিষয়ে চারিটি সাংগঠনিক প্রস্তাব গৃহীত হইয়াছেঃ

- রাজশাহী বিভাগীয় আঞ্চলিক কমিটি গঠন।
- রাজশাহী শহরে আঞ্চলিক অফিস স্থাপন।
- আঞ্চলিক কমিটির পক্ষ হইতে 'যুব অভিযান' নামে পাক্ষিক প্রচারপত্র প্রকাশ।
- প্রাদেশিক যুবলীগ সম্মেলন আহবানের জন্য প্রাদেশিক কমিটিকে অনুরোধ।
-

যুব অভিযান

গণতান্ত্রিক যুবলীগের রাজশাহী বিভাগীয় আঞ্চলিক কমিটির তরফ হইতে 'যুব অভিযান' নামে একখানা পাক্ষিক প্রচারপত্র বাহির করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। এই প্রচার পত্রিকার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। রাজশাহী বিভাগের প্রত্যেক জেলা, মহকুমা এবং প্রাথমিক যুবলীগ কমিটিগুলিকে অর্থ সংগ্রহ করিয়া পাঠাইবার জন্য আবেদন করা যাইতেছে। কেহ সরাসরি সাহায্য পাঠাইলেও সাদরে গৃহীত হইবে। যুব আন্দোলনকে বেগবান করিতে হইলে প্রচারপত্রের প্রয়োজনীয়তা কতখানি তাহা বলা বাহুল্য।

বিভিন্ন যুবলীগ কমিটি কতখানি 'যুব অভিযান' লইতে চান তাহা অবিলম্বে জানাইবেন। যেখানে যুবলীগ গঠিত হয় নাই সেখানকার কোন যুবকর্মী ব্যক্তিগতভাবে 'যুব অভিযান' লইতে ইচ্ছুক থাকিলে বিভাগীয় অফিসে জানাইবার জন্য আবেদন করা যাইতেছে।

অর্থ পাঠাইবার ঠিকানাঃ মাহবুব আহম্মদ খান (কোষাধ্যক্ষ),
পোঃ ঈশ্বরদী, পাবনা।

---

* ১৯৪৭ সনে পূর্ব পাকিস্তান গণতান্ত্রিক যুবলীগ প্রতিষ্ঠিত হয়। পাকিস্তান প্রতিষ্ঠার পর পরই ঢাকা রাজশাহী ও ময়মনসিংহসহ বিভিন্ন জেলায় এর শাখা খোলা হয়, কিন্তু তীব্র পুলিশী নির্যাতন ও ক্ষমতাসীন মুসলিম লীগের গুন্ডাদের অত্যাচারের ফলে ১৯৪৮ সালের শেষ দিকে এই সংগঠনের বিলুপ্তি ঘটে।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনে ভাষার স্বাধীনতার পক্ষে ডঃ শহীদুল্লাহ	''শহীদুল্লাহ সম্বর্ধনা গ্রন্থ এবং বদরুদ্দীন উমরের পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি''	ডিসেম্বর, ১৯৪৮

পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলন ঢাকা অধিবেশনে মূল সভাপতির অভিভাষণ ৩১-১২-১৯৪৮ইং

সমবেত সাহিত্যিক ও সাহিত্যরসিক বন্ধুগণ,

দয়াময় খোদাতায়ালার অসংখ্য ধন্যবাদ, আমরা আজ এক স্বাধীন রাষ্ট্রের প্রাদেশিক রাজধানীর বুকে মুক্ত আকাশের নীচে মুক্ত-মানুষরূপে সমবেত হতে সক্ষম হয়েছি। জাহাঙ্গীর, শায়েস্তা খান ও ইসলাম খান আযীমুশ শানের স্মৃতিবিজড়িত জাহাঙ্গীরনগর ঢাকা আজ আযাদ পূর্ব পাকিস্তানের রাজধানী। ঢাকার নিকটবর্ত্তী পূর্ববঙ্গের এলাকাধীন রাজধানী সোনারগাঁও ন্যায়বান বাদশাহ গিয়াসুদ্দীন আযম শাহের পুণ্য স্মৃতি আজও বুকে ধরে আছে। স্মৃতি আমাদের নিয়ে যায় ঢাকার অদূরবর্ত্তী বিক্রমপুরে সেন রাজাদের শেষ রাজধানীতে, যেখানে একদিন লক্ষণ সেন, কেশব সেন ও মধু সেন রাজত্ব করেছিলেন। দূর স্মৃতি আমাদের টেনে নিয়ে চলে বিক্রমপুরের সন্নিকট রাজা রামপালের স্মৃতিচিহ্ন রামপালে এবং বৌদ্ধ মহাপন্ডিত শীলভন্দ্র, কমলশীল ও দীপঙ্কর শ্রীজ্ঞান অতীশের স্মরণপূত অধুনা-বিস্মৃত জন্মভূমিতে। এই অঞ্চল যেমন বৌদ্ধ, হিন্দু ও মুসলমানের স্মারকলিপি হয়ে আছে, প্রার্থনা করি তেমনই এ যেন নূতন রাষ্ট্রের জাতি বর্ণ ধর্ম্ম নিবির্বশেষে সকল নাগরিকের মিলনভূমি হয়। আমীন!

পূর্ব বাংলার বিশেষ গৌরব এই যে, এই প্রদেশের প্রাচীন নাম বাঙ্গাল থেকে সমস্ত দেশের নাম হয়েছে বাঙ্গালা বা বাংলা। এই বঙ্গাল নাম পাই আমরা রাজেন্দ্র চোড়ের তিমরুলৈ লিপিতে (১০২৩ খ্রীঃ অব্দে)। বৌদ্ধযুগের কবি ভুসুকু একটি চর্য্যাগীতিতে বলেছেন-

''বাজ-ণাব পাড়ী পউআঁ খালেঁ বাহিউ।
অদ্বয় বঙ্গাল দেশ লুড়িউ''।।

-বজ্রযানরূপ নৌকায় পাড়ি দিয়ে পদ্মার খালে বাইলাম। অদ্বয়-রূপ বঙ্গাল দেশ লুট করলাম। -এতে বুঝতে পারি যে পদ্মা নদীর পারেই হ'ল বঙ্গাল দেশ। ''বাঙাল'' আমাদের নিন্দার কথা নয়, এই দেশবাসীর প্রাচীন নাম। শীরাযের অমর কবি হাফিয সোনারগাঁওয়ের সুলতান গিয়াসউদ্দিন আযম শাহকে যে গযল কবিতা উপহার পাঠিয়েছিলেন, তাতে বলেছেন-

''শক্কর-শিকন শওন্দ হমা তূতীয়ানে হিন্দ।
যে কন্দে পারসী কে ব-বঙ্গালা মী রওদ।।''

-ভারতের তোতা হবে চিনি খেকো সকলি।
পারসীর মিছরী এই যে বাঙ্গালায় চলিছে।

কেবল হাফিয নন, মিথিলার বিদ্যাপতিও বাংলার এই সুলতানকে প্রশংসা করেছেন- ''মহলম যুগপতি চিরজীব জীবথু গ্যাসদীন সুরতান''।

মালব, কর্ণাট প্রভৃতি দেশের নামের ন্যায় এই বঙ্গাল দেশও সঙ্গীত শাস্ত্রের এক বিশেষ রাগের নামকরণ করেছে। ভুসুক একটি চর্য্যাগীতি এই বঙ্গাল রাগে রচনা করেছেন।

পূর্ববঙ্গের শ্রেষ্ঠ গৌরব এই যে, এই দেশ থেকেই বাংলা সাহিত্য এবং নাথপন্থের উৎপত্তি হয়েছে। মৎস্যেন্দ্রনাথ যেমন বাংলার আদিম লেখক, তেমনি তিনি নাথপন্থের প্রবর্তক। তাঁর নিবাস ছিল ক্ষীরোদ সাগরের তীরে চন্দ্রদ্বীপে, বর্ত্তমানে সম্ভবতঃ যাকে সনদ্বীপ বলে। ৬৫৭ খ্রীঃ অব্দে তিনি রাজা নরেন্দ্র দেবের রাজত্বকালে নেপালে উপস্থিত হন। তাঁর একটি কবিতা তাঁর পরদশন থেকে আশ্চর্য্যচর্য্যাচয়ের টীকায় উদ্ধৃত হয়েছে-

''কহন্তি গুরু, পরমার্থের বাট
কর্ম্মকু রঙ্গ সমাধিক পাট।
কমল বিকসিল কহিহ ণ জমরা
কমল মধু পিবিবি ধোকই ন ভমরা।।''

অর্থ-কহনে গুরু পরমার্থের বাট।
কর্ম্মের রঙ্গ সমাধির পাট।।
কমল বিকসিল কহিওনা জোংড়াকে (শাযুককে)।
কমল মধু পান করিতে ভুল করে না ভোমরা।।

এর শেষ দুই পদের সঙ্গে তুলনা করুন-

''গুণিনি গুণজ্ঞো রমতে নাগুণশীলস্য গুণিনি পরিতোষঃ।
অলিরেতি বনাৎ কমলং নহি ভেকেত্বেকবাসোহপি।।''
(হিতোপদেশ)

মৎস্যেন্দ্রনাথের পদাঙ্ক অনুসরণ ক'রে কানু পা, কুক্কুরীপা, ডোম্বী, সরহ, শবরী প্রভৃতি বহু সিদ্ধাচার্য্য চর্য্যাগীতি বা পারমার্থিক গান রচনা করেন। তার কতকগুলি আমরা পেয়েছি। এই গানগুলির একটি বিশেষত্ব- পদের শেষে ভণিতা। যেমন ধরুন-

''সরহ গুঁণন্তি বর সূন গোহালী কি মো দুঠ বলদেঁ
একেলে জগা নাসিঅ রে বিহরহুঁ সুচ্ছন্দেঁ।।''

-সরহ ভণেণ বরং শূন্য গোয়াল, কি মোর দুষ্ট বলদে।
একেলা জগৎ নাশিয়া রে আমি বিহার করি স্বচ্ছন্দে।।

এই ভণিতার রীতি প্রাচীন বাংলা থেকে সংস্কৃতে যায়। যেমন জয়দেবের গীতগোবিন্দে। সমস্ত মহাজন পদাবলী চর্য্যাগীতির বৈষ্ণব সংস্করণ। নাথপন্থের বিস্তারের সঙ্গে সঙ্গে চর্য্যাগীতির রীতি পঞ্জাব পর্য্যন্ত উত্তর ভারতের পারমার্থিক গানে চলতে তাকে। পঞ্জাব থেকে এই রীতি পারস্যে যায়। পারসী গজল আরবীর অনুকরণে নয়। তা চর্য্যাগীতিরই অনুকরণে। আরবীতে রুসাদী আছে গযল নেই।

ত্রিপুরার মেহেরকুলের রাজা গোপীচন্দ্র গুরু জালন্ধরী পার নিকট নাথপন্থে দীক্ষিত হয়ে বৈরাগী হয়ে যান। নাথপন্থের সঙ্গে সঙ্গে এই আখ্যান ভারতময় বিভিন্ন ভাষার কবিতার উপজীব্য হয়ে ওঠে। সুদূর হিমালয়ের কাংড়া উপত্যকায় যে গোপীচাঁদের গান প্রচলিত আছে, আমি তার প্রথম চার চরণ উদ্বৃতি করছি-

''চনন চৌকী বো রূপী ঝাড়িয়াঙ রাজা গোপীচন্দ নহাএ।
তা অম্বর ভোলা বো অঘ্‌ণা চান্দী বর্ণা ঠন্ডী বুন্দ কতৌও আএ।
তা সজ্জে বো বৈঠী মাতা নৈনবন্তী নৈন-ভরী ভরী টোএ।
তা ফিরী উপড়হূঙ হেরে রাজা গোপীচন্দ তা মাতা নৈনবন্তী রোএ।।''

-চন্দনের চৌকিতে রূপার ঘড়ায় রাজা গোপীচাঁদ করে।
আকাশ পরিস্কার চাঁদীবর্ণ, ঠান্ডা বৃষ্টিবিন্দু কোথা থেকে আসে?
বারান্দায় বসে মা ময়নামতী চোখ ভ'রে ভ'রে কাঁদে।
তখন ফের উপর দিকে চেয়ে দেখে রাজা গোপীচাঁদ,
মা ময়নামতী কাঁদে।

এই পূর্বাঞ্চলের ভীম, দিব্বোক, ঈসা খান, চাঁদ রায়, কেদার রায় প্রভৃতি বীরেরা সাম্রাজ্যবাদী অত্যাচারী রাজশক্তির বিরুদ্ধে লড়াই করেছিল। পূর্ববঙ্গের সাহসী সন্তানেরা শুধু আজ নয়, প্রাচীন কাল থেকে সমুদ্রযাত্রায় নির্ভীক। এরাই একদিন সুমাত্রা, জাভা, বালিদ্বীপ, কম্বোডিয়া এবং বর্ণিও পর্য্যন্ত সাগরে পাড়ি দিত। মহাকবি কালিদাস নৌ বিদ্যায় দক্ষ বঙ্গবাসীর উল্লেখ করেছেন। কবিকঙ্কণ প্রচীন ঐতিহ্য অনুসরণ করেই ধনপতি সদাগরের জাহাজের মাঝি-মাল্লাদিগকে পূর্ব্ববঙ্গবাসী বলে বর্ণনা করেছেন। দক্ষিণ-পূর্ব এশিয়ার এবং পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জের ধর্ম, সাহিত্য ও সংস্কৃতিতে বাংলার ছাপ রয়েছে। বাংলার উপকথা এখনও সেখানে প্রচলিত আছে। বাংলার রক্ত যে তাদের রক্তের সঙ্গে মেশেনি, তা কে বলতে পারে? জাভার বরবুদুরের স্থাপত্য উত্তর বঙ্গের পাহাড়পুরের মঠের স্থাপত্যের অনুকরণে।

প্রাচীন রাঢ়, বরেন্দ্র এবং বঙ্গ নিয়েই আমাদের বাঙ্গালা দেশ। রাঢ় ব্রাহ্মণ্য ধর্ম্মকে আঁকড়ে ছিল। সেখানে শূর বংশীয় রাজারা রাজত্ব করতেন। এই বংশের আদিশূর বাইরে থেকে ব্রাহ্মণ আমদানী করে হিন্দুত্বকে বাঁচিয়ে রাখেন। শূর বংশের পর সেন বংশ এই রাঢ় থেকেই রাজত্ব বিস্তার করেন। তাঁরাও গোঁড়া হিন্দু ছিলেন। বল্লাল সেন কৌলীণ্য প্রথা চালিয়ে আদিশূরের ধারাকেই স্থায়ী করেন। তুর্কিদের বাংলা বিজয়ের সূত্রপাত রাঢ় থেকে হলেও এখানে ইসলাম তেমন বিজয়ী হতে পারিনি। বরেন্দ্র ও বঙ্গ মুসলিম আক্রমণের প্রাক্কালে বৌদ্ধ বা নাথপন্থী ছিল। তারা সনাতন পন্থীদের দ্বারা নির্য্যাতিত হচ্ছিল। এমন সময়ে আসে তুর্কিদের হামলা। তারা এই বিদেশীদের রক্ষাকর্তা মনে ক'রে বোধ হয় সাহায্য করেছিল এবং পরে সাম্যবাদী ইসলাম ধর্মের শীতল ছায়ার আশ্রয় নিয়েছিল। তাই আজ পূর্ব পাকিস্তান হওয়া সম্ভবপর হয়েছে। নাথপন্থীদের একটি ছড়ায় এই যুগের অহিন্দু জনসাধারনের মনের ছাপ রয়েছে-

''জাজপুর পুরবাদি সোল সঅ ঘর বেদি
বেদি লয় কেবোল দুর্জন
দখিন্যা মাগিতে জাঅ জার ঘরে নাহি পাঅ
সাঁপ দিয়া পুড়ান ভুবন।।
* * *
বেদ করে উচ্চারণ বের্‌যাঅ অগ্নি ঘনে ঘন
দেখিয়া সভাই কম্পমান
মনেত পাইঅ মম্ম সভে বোলে রাখ ধম্ম
তোমা বিনে কে করে পরিত্তান

****

ধম্ম হৈল্য জবনরূপি মাথাএত কাল টুপি
হাথে সোভে ত্রিকচ কামান।
চাপিআ উত্তম হয় ত্রিভূবনে লাগে ভয়
খোদায় বলিয়া এক নাম।।
নিরঞ্জন নিরাকার হৈলা ভেন্ত অবতার
মুখেত বলে তদম্বদার।
যতেক দেবতাগণ সভে হয়্যা একমন
আনন্দেত পরিল ইজার।।
* * *

জতেক দেবতাগণ হয়্যা সবে একমন
প্রবেশ করিল জাজপুর।
দেউল দেহারা ভাঙ্গে কাড়্যা ফিড়্যা খায় রঙ্গে
পাখড়া পাখড় বোলে বোল।
ধরিআ ধর্ম্মের পায় রামাঞ্চি পন্ডিত খায় রঙ্গে
ই বড় বিষম গন্ডগোল।।'''' (শূন্য পুরাণ)

পরবর্ত্তীকালে কিছু কিছু হিন্দু ইসলাম গ্রহণ করলেও পূর্ব পাকিস্তানের অধিকাংশ মুসলমান যে বৌদ্ধ বংশজাত তাতে সন্দেহের অবকাশ নেই। বাংলার বৌদ্ধ ও নাথ পন্থীদের প্রধান উপাস্য ছিল শূন্যমূর্ত্তি নিরঞ্জন। কানুপা তাঁর দোহায় বলেছেন-

''লোঅহ গবব সমুব্বহই হউঁ পরমত্থে পবীন।
কোড়িহ মঙেঝ এক্কুজই হোই নিরংজন লীন।''

অর্থাৎ- লোকগর্ব বয়ে বেড়ায় যে আমি পরমার্থে প্রবীণ।
কোটির মধ্যে একজন যদি নিরঞ্জনে লীন হয়।।

প্রাচীন মুসলমান লেখকেরা কেহই ঈশ্বর বা ভগবান আল্লাহের প্রতিশব্দ রূপে ব্যবহার করেননি। কিন্তু তাঁরা নিরঞ্জন শব্দটি ব্যবহার করেছেন। এটি বৌদ্ধ উৎপত্তির একটি বলবৎ প্রমাণ। ইসলাম জাত পাত মানে না। মানুষ মাত্রেই আদমের সন্তান এবং সমান। কুরআনের বাণী ''ইন্না আকরামাকুম্ ইন্দাল্লাহি আতক্বাকুম''- নিশ্চয় তোমাদের মধ্যে যে সকলের চেয়ে বেশি ধার্ম্মিক, সেই আল্লাহের নিকট সকলের চেয়ে বেশি সম্মানিত। কাজেই আমরা বংশ দেখি না, আমরা দেখি গুণ। বাংলার মুসলমান যদি গুণে শ্রেষ্ঠ হতে পারে, তবে আরব, পারস্য, তুর্কী, হিন্দুস্থান প্রভৃতি পৃথিবীর যে কোন মুসলমানের চেয়ে সে কেন নিকৃষ্ট হবে? কবি হাফিজ কেমন সুন্দর বলেছেন-

''তাজে শাহী তলবী গওহরে যাতী বু-নামা।
ওয়ার খোদ আয় তুখ্মাএ চম্শীদ ও ফরীর্দু বাশী।''

অর্থাৎ- রাজার মুকুট চাও যদি নিজ গুণের প্রকাশ কর।
হও ফরীদুন জম্শীদের বা যদি বংশধরও।

স্বাধীন পূর্ব বাংলার স্বাধীন নাগরিকরূপে আজ আমাদের প্রয়োজন হয়েছে সর্বশাখায় সুসমৃদ্ধ এক সাহিত্য। এই সাহিত্যে আমরা আজাদ পাক-নাগরিক গঠনের উপযুক্ত প্রয়োজনীয় বিষয়ের অনুশীলন চাই। এই সাহিত্য হবে আমাদের মাতৃভাষা বাংলায়। পৃথিবীর কোন জাতি জাতীয় সাহিত্য ছেড়ে বিদেশী ভাষায় সাহিত্য রচনা করে যশস্বী হতে পারেনি। ইসলামের ইতিহাসের একেবারে গোড়ার দিকেই পারস্য আরব কর্তৃক বিজিত হয়েছিল, পারস্য আরবের ধর্ম্ম নিয়েছিল, আরবী সাহিত্যের চর্চা করেছিল। কিন্তু তাঁর নিজের সাহিত্য ছাড়েনি। তাই রুদাগী ফিরদৌসী, নিযামী, সাদী, হাফিয, উর্ফি, খাকানী, বুআলী সীনা, গাযালী, খায়্যাম প্রমুখ কবি, ভাবুক সুফী ও দার্শনিক লেখকগণের রচনায় পারস্য সাহিত্য গৌরব-সমুজ্জ্বল। বাংলা সাহিত্যের চর্চ্চা আমাদের মধ্যে আজ নূতন নয়। বাংলাদেশ যখন দিল্লীর অধীনতা-নিগড় থেকে মুক্ত হয়ে গৌড়ে এক স্বাধীন সুলতানত প্রতিষ্ঠা করে, তখন থেকেই বাংলা সাহিত্য সৃষ্টির দিকে রাজার মনোযোগ পড়ে। ইউসুফ শাহ্ হোসেন শাহ্, নসরত শাহ্, ফিরোয শাহ্, নিযাম শাহ্শূর, ছুটী খাঁ, পরাগল খাঁ প্রভৃতি রাজা ও রাজপুরুষগণ বাংলা সাহিত্যের উৎসাহদাতা ছিলেন। হিন্দু কবিরা মুক্তকণ্ঠে তাদের যশ কীর্তন ক'রে গেছেন। কৃত্তিবাসের পৃষ্ঠপোষক ছিলেন এক গৌড়েশ্বর। তাঁর প্রশংসায় কবি বলেছেন-

''পঞ্চ গৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা।
গৌড়েশ্বর পূজা কৈলে গুণের হয় পূজা।''

এই গৌড়েশ্বর খুব সম্ভবতঃ রাজা গণেশ নন; কিন্তু তাঁর পুত্র উত্তরাধিকারী জালালুদ্দীন মুহম্মদ শাহ্। রাজা গণেশের রাজত্বকাল অল্প এবং অশান্তিপূর্ণ ছিল। আমরা তাঁকে সাহিত্যের পৃষ্ঠপোষকরূপে কোথাও দেখি না। অন্যপক্ষ জালালুদ্দীন মুহম্মদ শাহ্ দীর্ঘকাল শান্তিতে রাজত্ব করেন (১৪১৯-১৪৩১ খ্রীঃ)। তিনি ভরত মল্লিককে নানা উপহাসহ বৃহস্পতি ও রায়মুকুট এই দুই উপাধি দিয়েছিলন। কৃত্তিবাস স্বধর্ম্মত্যাগী বলে বোধ হয় এই গৌড়েশ্বরের নাম উল্লেখ করেননি।

কবীন্দ্র পরমেশ্বর সুলতান আলীউদ্দীন হোসেন শাহের প্রশংসায় বলেছেন-

''কলিযুগ অবতার গুণের আধার
পৃথিবী ভরিয়া যাঁর যশের বিস্তার।
সুলতান আলাউদ্দিন প্রভু গৌড়েশ্বর
এ তিন ভুবনে যাঁর যশের প্রসার।''

শ্রীকর নন্দী নসরত শাহের প্রশংসায় বলেছেন-

''নসরত শাহ্ নামে তথি অধিরাজ
রাম সম প্রজা পালে করে রাজ-কাজ।''

কবি শেখর এই নসরত শাহের প্রশংসায় বলেছেন-

''কবি শেখর ভণ অপরূপ রূপ দেখি
রায় নসরত শাহ্ ভজলি কমলমুখী''।

(মধ্যযুগের বাংলা সাহিত্যে মুসলমানের অবদান হিন্দু অপেক্ষা কম নয়।)

পল্লীগীতিকায় মুসলমানের দান অতি মহৎ। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থসাহায্যে জ্যেষ্ঠ সহোদরকল্প। পরলোকগত দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও উৎসাহে যে গাথাগুলি সংগৃহীত হয়েছে, তা ছাড়া আরও বহু পল্লী-কবিতা পূর্ব্ববঙ্গে ছড়িয়ে পড়ে আছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পূর্ব্ববঙ্গের সরকার কি এদিকে মনোযোগ দিবেন? এই পল্লীকাব্য সম্বন্ধে দীনেশবাবু বলেছেন, ''এই বিরাট সাহিত্যের সূচনা আমি যেদিন পাইয়াছিলাম, সেদিন আমার জীবনের এক স্মরণীয় দিন। আমি সেদিন দেশ-মাতৃকার মোহিনীমূর্ত্তি দেখিয়া মুগ্ধ হইয়াছিলাম, আমাদের বাংলা ভাষার শক্তি ও প্রসার দেখিয়া বিস্মিত হইয়াছিলাম এবং হিন্দু ও মুসলমানের যে যুগলরূপ দেখিয়াছিলাম-

তাহাতে চক্ষু জুড়াইয়া গিয়াছিল।'' এ পর্যন্ত কলিকাতা বিশ্ববিদ্যালয় ৪৫টি পল্লীগাথা প্রকাশ করেছেন। এর মধ্যে ২৩টি মুসলমান কবির রচিত।

(c) The members of the District Sub divisional or City Leagues shall form the Subjects Committee of the District and the Sub divisional or City League Conferences respectively with power to the President to nominate 10 members from amongst the delegates to the Subject Committee.

60. At conferences of the District, Sub divisional or City Leagues, the members of the Council of the East Pak. Awami Muslim League belonging to the respective District or Subdivision or City, shall be *ex-officio* delegate and members of the Subjects Committee.

61. Notices of the meetings of Primary Leagues:-

(a) Rule 56 shall apply to all ordinary meetings of the Primary Awami Leagues.

(b) In case of requisition meetings of Primary Leagues Rule 55 shall apply except that such requisition shall be signed by at least 20 members.

62. All vacancies in the ranks of office-bearers and members of the Primary League Executive Committees shall be filled up by the Executive Committees by election.

63. All branch Leagues shall submit quarterly reports of their activities to their respective immediate superior Leagues.

64. The Executive Committee of the District League shall have power to take disciplinary action against any member within its jurisdiction, who violates the decisions of the League or acts in contravention of the principles and policies of the League. Such members, against whom disciplinary action has been taken, shall have the right of appeal to the Working Committee of the Provincial Awami League and the decision of the Working Committee shall be final.

N. B.- this is a provisional constitution, which will be finally adopted at the first meeting of the elected Council of the East Pakistan Awami Muslim League, with such alterations, addition or modification as may- be deemed necessary by the said Council.*

❖ □□□□□□□□□□□□ □□□□ □□□ □□□□□□□□

শিরোনাম	সূত্র	তারিখ
লিয়াকত আলী খান কর্তৃক উত্থাপিত অবজেকটিভ রিজোলিউশন ও তার উপর বক্তৃতা	পাকিস্তান গণপরিষদ	মার্চ, ১৯৪৯

Speech of Liaquat Ali Khan on Objectives Resolution

"In the name of Allah, the Beneficent, the Merciful"

Whereas sovereignty over the entire universe belongs to God Almighty alone and the authority which He has delegated to the State of Pakistan through its people for being exercised within the limit prescribed by Him is a sacred trust;

This Constituent Assembly representing the people of Pakistan resolves to frame a constitution for the sovereign independent State of Pakistan;

Wherein the State shall exercise its powers and authority through the chosen representatives of the people;

Wherein the principles of democracy, freedom, equality, tolerance and social justice, as enunciated by Islam, shall be fully observed;

Wherein the Muslims shall be enabled to order their lives in the individual and collective spheres in accord with the teachings and requirements of Islam as set out in the Holy Quran and the *Sunna;**

Wherein adequate provision shall be made for the minorities freely to profess and practise their religions and develop their cultures;

Whereby the territories now included in or in accession with Pakistan and such other territories as may hereafter be included in or accede to Pakistan shall form a Federation wherein the units will be autonomous with such boundaries and limitations on their powers and authority as may be prescribed;

Wherein shall be guaranteed fundamental rights including equality of status of opportunity and before law, social, economic and political justice, and freedom of thought, expression, belief, faith, worship and association, subject to law and public morality;

Wherein adequate provision shall be made to safeguard the legitimate interests of minorities and backward and depressed classes;

Wherein the independence of the judiciary shall be fully secured;

Wherein the integrity of the territories of the Federation, its independence and all its rights including its sovereign rights on land, sea and air shall be safeguarded;

* Tradition of the Holy Prophet

So that the people of Pakistan may prosper and attain their rightful and honored place amongst the nations of the World and make their full contribution towards international peace and progress and happiness of humanity."

Sir, I consider this to be a most important occasion in the life of this country, next in importance only to the achievement of independence, because by achieving independence we only won an opportunity of building up a country and its polity in accordance with our ideals. I would like to remind the House that the Father of the Nation, Quaid-i-Azam, gave expression to his feelings on the matter on many an occasion, and his views were endorsed by the nation in unmistakable terms. Pakistan was founded because the Muslims of this Sub-continent wanted to build up their lives in accordance with the teachings and traditions of Islam, because they wanted to demonstrate to the world that Islam provides a panacea to the many diseases which have crept into the life of humanity today. It is universally recognized that the source of these evils is that humanity has not been able to keep pace with its material development, that the Frankenstein Monster which human genius has produced in the form of scientific inventions, now threatens to destroy not only the fabric of human society but its material environment as well, the very habitat in which it dwells. It is universally recognized that if man had not chosen to ignore the spiritual values of life and if his faith in God had not been weakened, this scientific development would not have endangered his very-existence. It is God-consciousness alone which can save humanity, which means that all power that humanity possesses must be used in accordance with ethical standards which have been laid down by inspired teachers known to us as the great Prophets of different religions. We, as Pakistanis, are not ashamed of the fact that we are overwhelmingly Muslims and we believe that it is by adhering to our faith and ideals that we can make a genuine contribution to the welfare of the world. Therefore, Sir, you would notice that the Preamble of the Resolution deals with a frank and unequivocal recognition of the fact that all authority must be subservient to God. It is quite true that this is in direct contradiction to the Machiavellian ideas regarding a polity where spiritual and ethical values should Play no part in the governance of the people and, therefore, it is also perhaps a little out of fashion to remind ourselves of the fact that the State should be an instrument of beneficence and not of evil. But we, the people of Pakistan, have the courage to believe firmly that all authority should be exercised in accordance with the standards laid down by Islam so that it may not be misused. All authority is a sacred trust, entrusted to us by God for the purpose of being exercised in the service of man, so that it does not become an agency for tyranny or selfishness. I would, however, point out that this is not a resuscitation of the dead theory of Divine Right of Kings or Rulers, because, in accordance with the spirit of Islam, the Preamble fully recognizes the truth that authority has been delegated to the people, and to none else, and that it is for the people to decide who will exercise that authority.

For this reason it has been made clear in the Resolution that the State shall exercise all its powers and authority through the chosen representatives of the people. This is the very essence of democracy, because the people have been recognized as the recipients of all authority and it is in them that the power to wield it has been vested.

Sir, I just now said that the people are the real recipients of power. This naturally eliminates any danger of the establishment of a theocracy. It is true that in its literal sense, theocracy means the Government of God; in this sens6, however, it is patent that the entire universe is a theocracy, for is there any corner in the entire creation where His authority does not exist. But in the technical sense, theocracy has come to mean a Government by ordained priests, who wield authority as being specially appointed by those who claim to derive their rights from their sacerdotal position. I cannot over-emphasize the fact that such an idea is absolutely foreign to Islam. Islam does not recognize either priesthood or any sacerdotal authority; and, therefore, the question of a theocracy simply does not arise in Islam. If there are any who still use the word theocracy in the same breath as the polity of Pakistan, they are either laboring under a grave; misapprehension, or indulging in mischievous propaganda.

You would notice, Sir that, the Objectives Resolution lays emphasis on the principles of democracy, freedom, equality, tolerance and social justice, and further defines them by saying that these principles should be observed in the constitution as they have been enunciated by Islam. It has been necessary to qualify these terms because they are generally used in a loose sense. For instance, the Western Powers and Soviet Russia alike claim that their systems are based upon democracy, and yet, it is common knowledge that their policies are inherently different. It has, therefore, been found necessary to define these terms further in order to give them a well-understood meaning. When we use the word democracy in the Islamic sense, it pervades all aspects of our life; it relates to our system of Government and to our society with equal validity, because one of the greatest contributions of Islam has been the idea of the equality of all men. Islam recognizes no distinctions based upon race, color or birth. Even in the days of its decadence. Islamic society has been remarkably free from the prejudices which vitiated human relations in many other parts of the world. Similarly, we have a great record in tolerance, for under no system of Government, even in the Middle Ages, have the minorities received the same consideration and freedom as they did in Muslim countries. When Christian dissentients and Muslims were being tortured and driven out of their homes, when they were being hunted as animals and burnt as criminals-even criminals have never been burnt in Islamic society-Islam provided a haven for all who were persecuted and who fled from tyranny. It is a well-known fact of history that, when anti-Semitism turned the Jews out of many a European country, it was the Ottoman Empire which gave them shelter. The greatest proof of the tolerance of Muslim peoples lies in the fact that there is no Muslim country where strong minorities do not exist, and where they have not been able to preserve their religion and culture. Most of all, in this Sub-continent of India, where the Muslims wielded unlimited authority, the rights of non-Muslims were cherished and protected. I may point out, Sir that it was under Muslim patronage that many an indigenous language developed in-India. My friends from Bengal would remember that it was under the encouragement of Muslim rulers that the first translations of the Hindu scriptures were made from Sanskrit into Bengali. It is this tolerance which is envisaged by Islam, wherein a Minority does not live on sufferance, but it respected and give every opportunity to develop its own thought and culture, so that it may contribute to the greater glory of the entire nation. In the matter of social justice as well, Sir, I would point out that Islam has a distinct contribution to make, Islam envisages a society in

which social justice means neither charity nor regimentation. Islamic social justice is based upon fundamental laws and concepts which guarantee to man a life free from want and rich in freedom. It is for this reason, that the principles of democracy, freedom, equality, tolerance and social justice have been further defined by giving to them a meaning which, in our view, is deeper and wider than the usual connotation of these words.

The next clause of the Resolution lays down that Muslims shall be enabled to order their lives in the individual and collective spheres in accord with the teachings and requirements of Islam as set out in the Holy Quran and the *Sunna.* It is quite obvious that not non-Muslim should have any objection if the Muslims are enabled to order their lives in accordance with the dictates of their religion. You would also notice. Sir, that the State is not to play the part of a neutral observer, wherein the Muslims may be merely free to profess and practice their religion, because such an attitude on the part of the State would be the very negation of the ideals which prompts the demand of Pakistan, and it is these ideals which should be the corner-stone of the State which we want to build. The State will create such conditions as are conducive to the building up of a truly Islamic society, which means that the State will have to play a positive part in this effort. You would remember, Sir, that the Quaid-i-Azam and other leaders of the Muslim League always made unequivocal declarations that the Muslim demand for Pakistan was based upon the fact that the Muslims had a way of life and a code of conduct. They also reiterated the fact that Islam is not merely a relationship between the individual and his God, which should not in any way, affect the working of the State. Indeed, Islam lays down specific directions for social behavior, and seeks to guide society in its attitude towards the problems which confront it from day to day. Islam is not just a matter of private beliefs and conduct. It expects its followers to build up a society for the purpose of good life-as the Greeks would have called it, with this difference, that Islamic "good life" is essentially based upon spiritual values. For the purpose of emphasizing these values and to give them validity, it will be necessary for the State to direct and guide the activities of the Muslims in such a manner as to bring about a new social order based upon the essential principles of Islam, including the principles of democracy, freedom, tolerance and social justice. These I mention merely by way of illustration; because they do not exhaust the teachings of Islam as embodied in the Quran and the *Sunna.* There can be no Muslim who does not believe that the word of God and the life of the Prophet are the basic sources of his inspiration. In these there is no difference of opinion amongst the Muslims and there is no sect in Islam which does not believe in their validity. Therefore, there should be no misconception in the mind of any sect which may be in a minority in Pakistan about the intentions of the State. The State will seek to create an Islamic society free from dissensions, but this does not mean that it would curb the freedom of any section of the Muslims in the matter of their beliefs. No sect, whether the majority or a minority, will be permitted to dictate to the others and, in their own internal matters and sectional beliefs, all sects shall be given the fullest possible latitude and freedom. Actually we hope that the various sects will act in accordance with the desire of the

Prophet who said that the differences of opinion amongst his followers are a blessing. It is for us to make our differences a source of strength to Islam and Pakistan, not to exploit them for narrow interests who will weaken both Pakistan and Islam. Differences of opinion very often lead to cogent thinking and progress, but this happens only when they are not permitted to obscure our vision of the real goal, which is the service of Islam and the furtherance of its objects. It is, therefore, clear that this clause seeks to give the Muslims the opportunity that they have been seeking, throughout these long decades of decadence and subjection of finding freedom to set up a polity, which may prove to be a laboratory for the purpose of demonstrating to the world that Islam is not only a progressive force in the world, but it also provides remedies for many of the ills from which humanity has been suffering.

In our desire to build up an Islamic society we have not ignored the rights of the non-Muslims. Indeed, it would have been un-Islamic to do so, and we would have been guilty of transgressing the dictates of our religion if we had tried to impinge upon the freedom of the minorities. In no way will they be hindered from professing or protecting their religion or developing their cultures. The history of the development of Islamic culture itself shows that cultures of the minorities, who lived under the protection of Muslim States and Empires contributed to the richness of the heritage which the Muslims built up for themselves. I assure the minorities that we are fully conscious of the fact that if the minorities are able to make a contribution to the sum total of human knowledge and thought, it will redound to the credit of Pakistan and will enrich the life of the nation. Therefore, the minorities may look forward, not only to a period of the fullest freedom, but also to an understanding and appreciation on the part of the majority which has always been such a marked characteristic of Muslims throughout history.

Sir, the Resolution envisages a federal form of government because such is the dictate of geography. It would be idle to think of a unitary form of Government when the two parts of our country are separated by more than a thousand miles. I, however, hope that the Constituent Assembly will make every effort to integrate the units closer and forge such ties as would make us a well-integrated nation, I have always advocated the suppression of provincial feelings, but I want to make it clear that I am not an advocate of dull uniformity. I believe that all the areas and units, which form Pakistan, should contribute to the richness of our national life. I do, however, want to make it clear that nothing should be permitted which, in any sense, tends to weaken national unity; and provision should be made for bringing about a closer relationship amongst the various sections of our population that exists today. For this purpose the Constituent Assembly will have to think a new as to what will be the best method for the distribution of subjects between the Centre and the units, and how the units should be defined in our new setup.

Mr. President, it has become fashionable to guarantee certain fundamental rights, but I assure you that it is not our intention to give these rights with one hand and take them away with the other. I have said enough to show that we want to build up a truly liberal Government where the greatest amount of freedom will be given to all its members.

Everyone will be equal before the law, but this does not mean that his personal law will not be protected. We believe in the equality of status of justice. It is our firm belief and we have said this from many a platform that Pakistan does not stand for vested interests or the wealthy classes. It is our intention to build up an economy on the basic principles of Islam which seeks a better distribution of wealth and the removal of want. Poverty and backwardness-all that stands in the way of the achievement of his fullest stature by man-must be eradicated from Pakistan. At present our masses are poor and illiterate. We must raise their standards of life, free them from the shackles of poverty and ignorance. So far as political rights are concerned, everyone will have a voice in the determination of the policy pursued by the Government and in electing those who will run the State, so that they may do so in the interests of the people. We believe that no shackles can be put on thought and therefore, we do not intend to hinder any person from the expression of his views. Nor do we intend to deprive anyone of his right of forming associations for all lawful and moral purpose. In short, we want to base our polity upon freedom, progress and social Justice. We want to do away with social distinctions, but we want to achieve this without causing suffering or putting fetters upon the human mind and lawful inclinations.

Sir, there are a large number of interests for which the minorities legitimately desire protection. This protection the Resolution seeks to provide. The backward and depressed classes are our special charge. We are fully conscious of the fact that they do not find themselves in their present plight for any fault of their own. It is also true that we are not responsible by any means for their present position. But now that they are our citizens, it will be our special effort to bring them up to the level of other citizens, so that they may bear the responsibilities imposed by their being citizens of a free and progressive State, and share them with others who have been more fortunate than themselves. We know that so long as any sections amongst our people are backward, they will be a drag upon society and, therefore, for the purpose of building up our State we must necessarily look to the interests of these sections.

Mr. President, in the end we firmly believe that by laying the foundations of our constitution on the principles enunciated in this Resolution, we shall be able to put Pakistan on the path of progress, and the day is not far distant when Pakistan will become a country of which its citizens, without distinction of class or creed, will be proud. I am confident that our people have great potentialities. Through their unparalleled sacrifices and commendable sense of discipline, displayed at the time of a grave disaster and crisis, they have earned the admiration of the world. Such a people, I am sure, not only deserves to live, but is destined to make a contribution to the welfare and progress of humanity. It is essential that it should keep alive its spirit of sacrifice, and its adherence to its noble ideals, and Destiny itself will lead it to its place of glory in the affairs of the world, and make it immortal in the annals of humanity. Sir, this people has traditions of great achievement to its credit; its history is replete with deeds of glory; in every sphere of life it has contributed its full measure of achievement; its heroism adorns the pages of military chronicles; its administrators created traditions which have withstood the ravages of time; in creative art, its poetry, architecture and sense of beauty have won their tribute

of appreciation; in the matter of spiritual greatness it has few parallels. It is this people which is again on the march, and given the necessary opportunities, it will surpass its previous record of glorious achievement. This Objectives Resolution is the first step in the direction of the creation of an environment which will again awaken the spirit of the nation. We, whom Destiny has chosen to play a part, howsoever humble and insignificant, in this great drama of national resurrection, are overwhelmed with the magnitude of the opportunities which are before us. Let us use these opportunities with wisdom and foresight, and I have not the least doubt that these humble efforts will bear fruit far in excess of our wildest expectations, through the help of a Providence which has brought Pakistan into existence. It is not every day that great nations come into their own; it is not every day that peoples stand on the threshold of renaissance; it is not every day that Destiny beckons the down-trodden and the subjugated to rise and greet the dawn of a great future. It is the narrow streak of light heralding the brilliance of the full day that we salute in the form of this Resolution.

শিরোনাম	সূত্র	তারিখ
হাজং বিদ্রোহের ওপর সংবাদপত্রের প্রতিবেদন ও সরকারী প্রেস নোট	পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতিঃ বদরুদ্দীন উমর	ফেব্রুয়ারী- মার্চ, ১৯৪৯

৪ঠা ফেব্রুয়ারীতে লেঙ্গুরা হাটের সামনে যে কৃষক-সিপাহী সংঘর্ষ হয় সে বিষয়ে ময়মনসিংহ থেকে ১০ই ফেব্রুয়ারী প্রেরিত দৈনিক আজাদ পত্রিকায় প্রকাশিত নিম্নলিখিত বিবরণটি এদিক থেকে উল্লেখযোগ্যঃ

জানা গিয়াছে যে, গত ৪ঠা ফেব্রুয়ারী মোমেনশাহী জেলার আসাম-পূর্ব্ববঙ্গ সীমান্তবর্তী এলাকাবাসী হাজং ও আদিবাসীগণ লাঠি, তীর, ধনুক, বর্শা ও রামদা লইয়া লেঙ্গুরাস্থিত পুলিশ ক্যাম্প আক্রমণ করে। হাজংদের মধ্যে কম্যুনিষ্ট প্রভাব বলিয়া প্রকাশ। তাহারা দুই দলে বিভক্ত হইয়া পুলিশদিগকে আক্রমণ করে, কিন্তু পুলিশের পাল্টা আক্রমণ ও গুলি চালনার ফলে হটিয়া যায়। গুলিবর্ষণের ফলে ১০ জন হাজং নিহত ও আরও কয়েকজন আহত হইয়াছে। পরে অতিরিক্ত পুলিশ বাহিনী প্রেরণ করা হয় এবং অবস্থা আয়ত্তাধীন আসিয়াছে বলিয়া প্রকাশ।

পুলিশ হাজংদের কয়েকটি গ্রামে হানা দিয়া ২৮ জনকে গ্রেফতার করিয়াছে এবং বহু তীর, ধনুক ও বর্শা উদ্ধার করিয়াছে। জানা গিয়াছে যে, হাজংরা কিছুকাল যাবৎ সরকারের টঙ্ক ও কর সংগ্রহ পরিচালনার বিরুদ্ধে প্রতিবাদ করিয়া আসিতেছে। 'টঙ্ক' ব্যবস্থা অনুসারে নগদ টাকার পরিবর্ত্তে উৎপন্ন শস্যের একটি নিদিষ্ট অংশ জমিদারগণকে দিতে হয়।

প্রকাশ যে, গত ৪ঠা ফেব্রুয়ারী ঘটনার পূর্বে উক্ত একই এলাকার অন্তর্গত বালিগঞ্জে সীমান্ত বাহিনীর একজন সৈন্য নিহত হয়।

ময়মনসিংহ থেকে ১২ই ফেব্রুয়ারী প্রেরিত এবং 'দৈনিক আজাদ' পত্রিকায় প্রকাশিত একটি রিপোর্ট ৯ই ফেব্রুয়ারী দুটি ঘটনা সম্পর্কে বলা হয়ঃ

জানা গিয়াছে, গত ৯ই ফেব্রুয়ারী মোমেনশাহী জেলার পূর্ব পাক-আসাম সীমান্তবর্তী উত্তর এলাকার গারো হাজং কমিউনিষ্টগণ লাঠি, তীর, ধনুক, বর্শা ইত্যাদি মারাত্মক অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হইয়া দুর্গাপুর থানার নিকটস্থ 'সেঙ্গু' এবং হালুয়াঘাট থানার উপকণ্ঠস্থ 'পুলিশ ক্যাম্প' আক্রমণ করিলে, পুলিশ বাহিনী পাল্টা আক্রমণ করিয়া গুলি চালায়। ফলে, হালুয়াঘাট থানার নিকটস্থ ঘটনা কেন্দ্রে কমিউনিষ্ট পক্ষের ১ জন নিহত এবং ৬ জন আহত হইয়াছে বলিয়া জানা গিয়াছে। লেঙ্গুরাস্থ ঘটনা কেন্দ্রের হতাহতের খবর এখনও পাওয়া যায় নাই। প্রকাশ, পূর্ব প্রকাশিত সরকারের টঙ্ক ও খাদ্য সংগ্রহনীতির বিরুদ্ধাচারনই এই সমস্ত সংঘর্ষের মূল কারণ। আর এক খবরে প্রকাশ, জেলা ম্যাজিষ্ট্রেটের অনুপস্থিতিতে অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট হালুয়াঘাট, নলিতাবাড়ী এবং শ্রীবর্দী থানাত্রয়ে ১৪৪ ধারা জারী করিয়াছেন। আরও প্রকাশ, অতিরিক্ত পুলিশ বাহিনী এবং ই, বি, রেজিমেন্ট রাইফেলস্ উক্ত অঞ্চলে প্রেরণ করা হইয়াছে। বর্তমান অবস্থা কিয়ৎ পরিমাণে শান্ত।

ময়মনসিংহের হাজং অঞ্চলে কৃষক-সিপাহী সংঘর্ষ এবং সিপাহীদের কৃষক নির্যাতন সম্পর্কে এই সময় কলকাতা থেকে প্রকাশিত 'আনন্দবাজার পত্রিকা', 'হিন্দুস্তান ষ্ট্যান্ডার্ড' ইত্যাদি পত্রিকায় মন্তব্যসহ কিছু কিছু সংবাদ প্রকাশিত হয়। এই সব সংবাদের প্রতিবাদ করে পূর্ব বাঙলা সরকার ১৬ই ফেব্রুয়ারী ময়মনসিংহের উত্তরাঞ্চলের পরিস্থিতি সম্পর্কে নিম্নলিখিত প্রেসনোট জারী করেনঃ

গত ১৫ই ফেব্রুয়ারী 'আনন্দবাজার পত্রিকা' ও 'হিন্দুস্তান ষ্ট্যান্ডার্ড'-এ প্রকাশিত ইউনাইটেড প্রেস অব ইন্ডিয়ার একটি খবরের প্রতি পূর্ববঙ্গ সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। মোমেনশাহী জেলার আংশিক বহির্ভূত এলাকায় সাম্প্রতিক গোলযোগ সম্পর্কে উক্ত সংবাদ মিথ্যা বিবরণ দেওয়া হইয়াছে। উহাতে বলা হইয়াছে ।

যে, বাধ্যতামূলক ধান্য সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী নির্দ্দিষ্ট পরিমাণ ধান দিতে অস্বীকার করায় প্রায় একশত জনেরও অধিক কৃষককে গুলি করিয়া নিহত করা হইয়াছে। প্রকৃত ঘটনাটি এইরূপঃ

উক্ত এলাকার হাজংদের আন্দোলন প্রায় স্থানীয় বৈশিষ্ট্যস্বরূপ : ১৯৪৬ সালে একবার তাহাদের আন্দোলন এত ব্যাপক এবং দীর্ঘস্থায়ী হইয়াছিল যে, অবস্থা আয়ত্তাধীনে আনিতে বাংলা সরকারকে পুলিশ প্রেরণ করিতে হইয়াছিল। জনসাধারণের অনুন্নত অবস্থার সুযোগে টঙ্ক প্রথার বিরুদ্ধে পুরাতন আন্দোলন পুনরায় আরম্ভ করা হইয়াছে। কম্যুনিষ্টদের নেতৃত্বে হাজংরা কয়েকটি সভা ও শোভাযাত্রায় টঙ্ক প্রথা, খাজনা ও ধান্য সংগ্রহের বিরুদ্ধে আওয়াজ তোলে। তাহারা বর্শা, দাও প্রভৃতি মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত ছিল। কয়েকবার তাহারা ধানও লুট করে। ২৮শে জানুয়ারী সীমান্ত পুলিশ দলের জনৈক নায়েক তাহাদের হস্তে নিহত হয়। একজন পুলিশ কনষ্টেবলকেও হাজংরা বেদম প্রহার করে। গত ৪ঠা ফেব্রুয়ারী কম্যুনিষ্ট হাজংদের এক বিরাট জনতা বর্শা ও দাও প্রভৃতি অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া লেঙ্গুরা থানার পুলিশ ক্যাম্পটি পরিবেষ্টন করিয়া ফেলে। পুলিশ তাহাদিগকে ছত্রভঙ্গ করিতে অসমর্থ হইয়া গুলি চালায়। দুই ঘন্টা পর অপেক্ষাকৃত বৃহৎ আরেকটি জনতা ঐ স্থানে জমায়েত হয়। পুলিশ তাহাদিগকে ছত্রভঙ্গ করার জন্য আবার গুলি চালায়। ৯ই ফেব্রুয়ারী দুর্গাপুর ও হালুয়াঘাট থানায় দুইটি স্থানেও অনুরূপ ঘটনা ঘটে। প্রত্যেক ক্ষেত্রেই জনতাকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ বারবার সাবধান করে। জনতা যখন ভীতি প্রদর্শন করে এবং অবস্থা যখন আয়ত্তের বাহিরে চলিয়া যাওয়ার উপক্রম হয়, তখনই পুলিশ গুলি করে। এ পর্য্যন্ত মোট ১৩ জন নিহত হইয়াছে। বর্তমানে অবস্থা শান্ত।

১৪ই ফেব্রুয়ারী ছাত্র ফেডারেশনের* ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ময়মনসিংহের হাজং কৃষকদের ওপর পুলিশের গুলিবর্ষণ ও কৃষক হত্যার প্রতিবাদে ১৬ই ফেব্রুয়ারী তারিখ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে একটি ছাত্রসভা আহবান করে। মোহাম্মদ বাহাউদ্দীনের সভাপতিত্বে সভার কাজ শুরু হওয়ার পরই দেখা যায় একদল ছাত্র জোরপূর্বক সভা ভেঙ্গে দিতে বদ্ধপরিকর। এদের মধ্যে একজন 'সভা কে আহবান করেছে' সেটা জানতে চায় এবং সভাপতির হাত ধরে টেনে তাঁকে চেয়ার থেকে ফেলে দেয় এবং অন্য একজন সভাপতির চেয়ারটি পার্শ্ববর্তী পুকুরে নিক্ষেপ করে। এরপর সেই গুন্ডা ছাত্রদল সভাটির উদ্যোক্তাদের উপর ইচ্ছেমত কিল, চড়, ঘুষি ইত্যাদি চালাতে থাকে। ফলে সভাস্থলে এক দারণ হট্টগোল গন্ডগোলের সৃষ্টি হয় এবং সভার কাজ চালানো আর সম্ভব হয় না। এই গুন্ডামির বিরুদ্ধে অবশ্য সভাস্থলেই একদল ছাত্র তীব্র প্রতিবাদ জানান। এঁদের একজনের একটি পত্র নওবেলালে প্রকাশিত হয় এবং তাতে তিনি বলেনঃ

সবাই বুঝিতে পারেন, যাহারা গুন্ডামি করিয়া সভা ভাঙ্গিয়া দেন তাহারা শুধু ছাত্র ফেডারেশনেরই শত্রু নন, তাহারা প্রত্যেকটি গণতন্ত্রকামী ছাত্র আন্দোলনেরই দুষমন। এরাই বাংলা ভাষা আন্দোলনে সরকারের দালাল সাজিয়েছিলন। এরাই জমিদারী উচ্ছেদ ব্যাপারে সরকারের জমিদার পোষণ নীতির সমর্থন করেন। সর্বোপরি এরা হাজং চাষীদের উপর গুলিবর্ষণ নীতির দিক দিয়া সমর্থন করেন।***

---

* দেশ বিভাগের পূর্বে প্রতিষ্ঠিত কমিউনিষ্ট প্রভাবাধীন একটি ছাত্র প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি সরকারী ও বেসরাকরী প্রতিক্রিয়াশীলদের আক্রমণে এমই বিপর্যস্ত হয়ে পড়ে যে, তার অস্তিত্ব রক্ষা করা আর সম্ভব হয় না এবং অল্পকাল পরেই তার বিলূপ্তি ঘটে। ব,উ।

** এই ধরনের ছাত্র প্রতিষ্ঠান তখন ঢাকাতে একটিই ছিল। তার নাম নিখিল পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ। সরকার ও মুসলিম লীগের পৃষ্ঠপোষকতার এই সংগঠনের ছাত্ররাই বিরোধী দলের সভাগুলিতে সুপরিকল্পিতভাবে গুন্ডামি করতো। এদের সাথে সম্পর্কচ্ছেদ করেই দবিরুদ্দিন, নঈমুদ্দীন, আহমদ, আজিজ আহমদ, আবদুর রহমান চৌধুরী, শেখ মুজিবুর রহমান, আবদুল মতিন প্রভৃতি 'পূর্ব পাকিস্তান মুসলিম লীগ' নামে একটি নতুন ছাত্র প্রতিষ্ঠান গঠন করেন।

*** সিলেট ও ময়মনসিংহ এলাকার হাজং আন্দোলনের সূত্রপাত হয় জমিদারীর অত্যাচারের বিরুদ্ধে। কিন্তু পাকিস্তান প্রতিষ্ঠার পর এই হাজংদের আন্দোলন আবার নতুন করে দানা বেঁধে ওঠে ধানের ওপর সরকারী লেভী ও টঙ্ক (ধানের মাধ্যমে খাজনা) প্রথার বিরোধিতার মাধ্যমে। এটি সর্বশেষে সশস্ত্র আন্দোলনের রূপ নেয় এবং হাজংদের ওপর ব্যাপক অত্যাচারের ফলে এই আন্দোলনের বিলুপ্তি ঘটে। এই আন্দোলনের নেতৃত্বে ছিলেন কমিউনিষ্ট পার্টি সর্মথিত কৃষক সমিতি।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগের রাজনৈতিক বক্তব্য সম্বলিত লিফলেট	পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ	জুন, ১৯৪৯

অতি বামপন্থী বিভেদকারীদের সম্পর্কে হুঁশিয়ারী

ঢাক বিশ্ববিদ্যালয়ের ২৭ জন ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বনের প্রতিবাদে ঢাকা- তথা পূর্ব্ব-পাকিস্তানের ছাত্রসমাজ ১৭ই এপ্রিল থেকে যে আন্দোলন শুরু করেছেন, বর্ত্তমানে তা এক বিশেষ গুরুত্বপূর্ণ পর্য্যায়ে উপনীত হয়েছে। সংগ্রাম পরিষদ বরাবরই এই সমস্যার সুষ্ঠু সমাধান চেয়েছে, কিন্তু কর্ত্তৃপক্ষের ভ্রান্তনীতি ও অপরিণামদর্শী পদক্ষেপের জন্যে সমাধানের দুয়ার বারবার রুদ্ধ হয়েছে। কর্ত্তৃপক্ষের রাইফেলের গুলিতে আন্দোলনকে স্তব্ধ করে দিতে চেয়েছিলেন; তারা ভেবেছিলেন যে ছাত্র নেতাদের কারা-প্রাচীরের অন্তরালে আবদ্ধ করে রাখলেই সংগ্রাম থেকে যাবে। কিন্তু সংগ্রামী ছাত্রসমাজ কোন জুলুমের মোকাবেলায়ই স্তব্ধ হয়ে যায়নি- বরঞ্চ নাগরিকদের স্বতঃস্ফুর্ত সমর্থন ও সহযোগিতায় তাদের আন্দোলন শতগুণ শক্তিশালী হয়েছে। চরম প্রতিকূল পরিবেমের মধ্যেও ছাত্রসমাজ মাথা উচু করে রেখেছে- তারা কোনক্রমেই আত্মসমর্পণ করেনি। সংগ্রাম পরিষদে লক্ষ্য ছিল- সমস্ত ছাত্রসমাজকে সমবেত করে শৃঙ্খলার সঙ্গে সংগ্রাম চালিয়ে যাওয়া। এ ব্যাপারে সংগ্রাম পরিষদ সফল হয়েছে। কর্ত্তৃপক্ষের দালালরা ছাত্র সংহতির মধ্যে ভাঙ্গন ধরাতে বহু চেষ্টা করেছে। কিন্তু তারা ছাত্রসমাজের ঐক্য এতটুকু ক্ষুন্ন করতে পারেনি। বরঞ্চ জনগণের সম্মুখে ঐ দালালদের স্বরূপ সুস্পষ্টভাবেই উদঘাটিত হয়েছে।

কিন্তু আজ এক নতুন আপদ এসে জুটেছে। এটা হচ্ছে কম্যুনিষ্ট অধ্যুষিত ছাত্র ফেডারেশন। আলস সংগ্রামের সময় গা ঢাকা দেওয়া এবং সুযোগ বুঝে মাটির তলা থেকে গলাটা বের করে দু'টারটি ''অতিবিপ্লবী'' বুলি কপচানই যাদের পেশা। ''অতিবিপ্লব'' যে ''প্রতিবিপ্লব''-এরই সামিল তা অবশ্য এরা নিজেরাও জানেন। এই অদলীয় ফেডারেশন নেতারা প্রতিটি বলিষ্ঠ ছাত্র আন্দোলনে অনুপ্রবেশ করতে চেষ্টা করেন এবং ঘোড়ার আগে গাড়ীজুড়ে বরাবরই আন্দোলনকে সাবোটাশ করেন। বলিষ্ঠ আন্দোলনের চেয়ে বিশৃঙ্খলা সৃষ্টিই যাদের কাম্য, তারাই সাবোটাশ নীতি গ্রহণ করেন।

গতবার রাষ্ট্রভাষা আন্দোলনেও এই ''অতিবিপ্লবী'' অদলীয় নেতারা উড়ে এসে জুড়ে বসে আন্দোলনটিকে ধ্বংস করতে চেষ্টা করেছিলেন; কিন্তু ছাত্রসমাজের দৃঢ়তা ও সতর্কতায় তাদের অপচেষ্টা সফল হয়নি। এবারকার আন্দোলনেও এরা অনুপ্রবেশ করতে চেষ্টা করেছিলেন- কিন্তু সংগ্রাম পরিষদের সতর্কতায় এর সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। তাই এই অর্ব্বাচীন বামপন্থীরা এবার কেন্দ্রীয় সংগ্রাম পরিষদ এবং পূর্ব্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগের বিরুদ্ধে অপপ্রচারের অভিযান শুরু করেছেন। সম্প্রতি এক ইশতাহারে এরা বলেছেন- ''পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্রলীগ বারে বারে ছাত্রসমাজের সংগ্রামী জোয়ারে রাশ টেনেছে, নিখিল পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্র লীগের সঙ্গে এক সারিতে এসে দাঁড়িয়েছে এবং বস্তুতঃপক্ষে পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্রলীগের নেতা শেখ মুজিবুর রহমান খোলাখুলিভাবে নিখিল পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্রলীগের সঙ্গে হাত মিলাতে চান'' ইত্যাদি।

যে পূর্ব্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগের উদ্যোগে এবং নেতৃত্বে রাষ্ট্রভাষা আন্দোলন, শিক্ষা প্রতিষ্ঠান রিকুইজিশন বিরোধী আন্দোলন, হোষ্টেল-কমনরুম প্রতিষ্ঠার আন্দোলন, দমননীতি রিরোধী আন্দোলন বিশ্ববিদ্যালয় কর্ত্তৃপক্ষের স্বৈরাচারবিরোধী আন্দোলন এবং সাম্প্রতিক সাধারণ ধর্ম্মঘট পরিচালিত হয়েছে, দমননীতির চক্রতলে নিষ্পেষিত প্রায় জনমতকে যারা পূর্ব্ব পাকিস্তানে এখনও জিয়ায়ে রেখেছ, প্রতিটি সংগ্রামের পুরোভাগে থেকে যারা পুলিশের লাঠি, গুলি এবং কাঁদুনে গ্যাসের মোকাবেলা করেছে, যারা দলে দলে

অকাতরে কারাবরণ করেছে (কিন্তু পেছন দুয়ার দিয়ে পালিয়ে গিয়ে মাটির তলায় আত্মগোপন করেনি) তাদের বিরুদ্ধে এই সব অপপ্রচার যে কতখানি হীন এবং উদ্দেশ্যমূলক তা বলাই বাহুল্য। যে সবার আগে কারাবরণ করেছে এবং আজও যে কারাপ্রাচীরের অন্তরালে আবদ্ধ আছে সেই মুজিবুর রহমান নিখিল পূর্ব্ব-পাক মুসলিম ছাত্রলীগের মত ভূইফোঁড়, প্রতিক্রিয়াশীল, দালাল প্রতিষ্ঠানের সঙ্গে হাত মেলাতে ব্যস্ত এরূপ প্রলাপোক্তি ফেডারেশনের ''আত্ম-প্রতারিত মুখরাই'' করতে পারেন এবং তারাই এটা বিশ্বাস করতে পারেন। ফেডারেশনী চমুবা এমনি ধরনের অনেক প্রলাপোক্তিই করেছেন। আমরা জানি ছাত্রসমাজ সেগুলোকে উপেক্ষাই করবেন। কিন্তু এই সব অপপ্রচারের মধ্যে ফেডারেশনের যে বিভেদ সৃষ্টিকারী রূপ প্রকাশিত হয়েছে তার বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের ছাত্রসমাজকে আমরা সতর্ক করে দেওয়ার প্রয়োজন অনুভব করছি।

- এই বিভেদ সৃষ্টিকারীদের অপপ্রচারের বিরুদ্ধে ছাত্রসমাজ হুঁশিয়ার হউন।
- বিশৃঙ্খলাকামী তথাকথিক 'বামপন্থীদের' স্বরূপ উদ্‌ঘাটিত করে বলিষ্ঠ আন্দোলনকে চালু রাখুন।
- সমবেত কণ্ঠে ছাত্র বন্দীদের মুক্তি এবং শাস্তিমূলক আদেশ প্রত্যাহারের দাবী করুন।
- জুলুম, অনাচার ও অবিচারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করুন।
- পূর্ব্ব পাকিস্তানের পতনোন্মুখ শিক্ষা ব্যবস্থাকে অযোগ্য কর্ত্তৃপক্ষের কবল থেকে রক্ষা করুন।
- সুশৃঙ্খল সংগ্রামের মধ্য দিয়ে পূর্ব্ব পাকিস্তানকে গড়ে তোলার শক্তি সঞ্চয় করুন।

পাকিস্তান- জিন্দাবাদ, পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ- জিন্দাবাদ।

শিরোনাম	সূত্র	তারিখ
উর্দ্দুর পক্ষে লেখা বাঙালীদের তাত্ত্বিক বক্তব্য	মাহে নও (আজাদী সংখ্যা)	১৪ই আগস্ট, ১৯৪৯

পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম

মীজানুর রহমান

দুনিয়ার প্রত্যেক আজাদ রাষ্ট্রের নিজস্ব রাষ্ট্রভাষা রয়েছে এবং থাকা দরকার। এই বিষয়ে তর্ক-তকরারের গোনজায়েশ নাই।

তিক্সিমের পর ভারতবর্ষ বা হিন্দুস্তানের রাষ্ট্রভাষারূপে গ্রহণ করা হয়েছে নাগরী হরফে লেখা হিন্দী বা হিন্দুস্থানীকে। পাকিস্তানের রাষ্ট্রভাষার সওয়াল স্বাভাবিকভাবে উঠেছিল। কায়েদে আজম নির্দেশ দিয়ে গেছেন- উর্দ্দু হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।

কায়েদে আজমের নির্দেশ যুক্তিসংগত। পাকিস্তানের রাষ্ট্রভাষা হবার কবেলিয়াত উর্দ্দুর রয়েছে। এই সমস্যার সমাধানের বুনিয়াদ তৈরী হয়েছে গেছে। আনজামের এনতেজাম শুধু বাকী।

সমাধানের বিষয়গত আলোচনার দরকার নেই। তবে পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম নিয়ে আমরা কিছু সোপারেশ রয়েছে। এই সোপারেশটুকু পেশ করার জন্যই আজকের আলোচনা।

রাষ্ট্র বা জাতির নামানুসারেই হয়ে থাকে রাষ্ট্রভাষার নাম। হওয়াও সংগত এবং সুবিধাজনক। এই হিসাবে আমার মতে পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম হওয়া উচিৎ পাকিস্তানী। উর্দ্দু ভাষাকে ''পাকিস্তানী'' বলে অভিহিত করাই আমার প্রস্তাব।

''উর্দ্দু মানে সামরিক ছাউনি (মিলিটারী ক্যাম্প) উর্দ্দু কেবল মুসলমানের ভাষা নহে। মুসলমান ও অমুসলমানদের সমবেত প্রচেষ্টাতেই উর্দ্দু বিকশিত হয়েছে। উর্দ্দুর নামের সহিত মুসলিম তাহজীব তমদ্দুনের খাছ কোন তায়ালুক নেই। মরহুম মওলানা মোহাম্মদ আলীর কথায়- ''উর্দ্দু ইসলামের তোহফা নহে। আরবী-ফারসী-তুর্কী জবান হতেও উর্দ্দুর উৎপত্তি নহে... আরবী-ফারসী জবানের কতকগুলি আলফাজই উর্দ্দু ভাষায় মুসলমানদের নিজস্ব।... আরবী কোন দিনই ভারতের মুসলমানদের কথ্য ভাষা ছিলনা। ফারসী এবং তুর্কী এককালে ভারতের মুসলমানদের কথ্য ভাষা ছিল।

"Although the Court Language of the Muslims remained Persian. Hindustani had to come the vernacular of daily use long before the Mughals lost the rule of Delhi. It is this language which is called Urdu and in the advocacy of which Muslims are sometimes so vehement. To use the sneer or Mr. Lioyd George, it is not only Mr. Balfour who is hatching the Cuckoo's egg for even though the Muslims of India know that it is not their own they are now as much attached to Urdu as they were attached to Persian before, and far more than they were ever attracted to Arabic".

উর্দ্দু দৈনিক 'হামদর্দের' সম্পাদক এবং মশহুর উর্দ্দু কবি মরহুম মওলানা মোহাম্মদ আলীর পক্ষে উর্দ্দু হামদর্দীই স্বাভাবিক। তথাপি সত্যের খাতিরেই মওলানা উপরের মন্তব্য করেছেন। উর্দ্দুর বিকাশে মুসলমানের

দান অবশ্য প্রচুর। নিজস্ব শক্তি সৌন্দয্য এবং সাবলীলতার কল্যাণেই উর্দ্দু ভারতবর্ষের নানা প্রদেশে এতটা প্রসার লাভ করেছিল।

মুসলিম হুকুমাতের মারকাজ দিল্লীর সামরিক ছাউনীতেই উর্দ্দুর পয়দায়েশ। রাজনীতিক কারণে বেচারা উর্দ্দুকে আজ জন্মভূমি হতে হিজরত করে আসতে হয়েছে পাকিস্তানে। পাকিস্তানের নানা প্রদেশে উর্দ্দু অবশ্য অপরিচিত নহে। বর্ণমালা ও ইসলামী অবধারার কল্যাণে এবং নিজস্ব শক্তি ও সৌন্দর্য্যের দওলতে উর্দ্দু মুসলমানদের নিকট খুবই আদরণীয়।

মাগরেবী পাকিস্তানের বাসিন্দাগণের নিকট উর্দ্দুর মকবুলিয়াৎ সম্বন্ধে সন্দেহের অবসর নাই। মাশরেকী পাকিস্তানেরও উর্দ্দুর কদরদামী ব্যাপক। মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দ্দু শব্দ সম্পাদকে বলতে গেলে খালাতো ভাই। মাশরেকী পাকিস্তানের মুসলমান সমাজে নিত্য প্রচলিত শব্দসমূহের শতকরা ৬০-৭০টি শব্দ উর্দ্দু ভাষাতেও প্রচলিত বলে আমার বিশ্বাস। সাহিত্যিক বাংলার কথা অবশ্য আলাহিদা। তথাকথিত সাহিত্যিক বাংলা মাশরেকী পাকিস্তানের সাধারণ মাতৃভাষা নহে তাহা অবশ্যই স্বীকার্য। মোকামী জবান এবং আদাবী জবানের পার্থক্য সকল দেশেই বর্তমান। মোকামী জবানই আসলের মাদেরী জবান।

মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দ্দুর আসল পার্থক্য লিখন প্রণালীতে। মাশরেকী পাকিস্তানের বাংলা জবানের লিখনরীতি পরিবর্তনের কথা উঠছে। আরবী হরফে লিখিত হলে মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দ্দুর বর্তমান পাথক্য কালক্রমে বিলোপ পাওয়া বিচিত্র নহে। পাকিস্তানের কল্যাণে আমাদের জীবন অনেক কিছু পরিবর্তন এসেছে এবং আরও আসবে। রাজনৈতিক আবর্তন বিবর্তনের সহিত ভাষার আবর্তন বিবর্তন বিশেষভাবে বিজড়িত। ভাব প্রকাশের জন্যই ভাষা। ভাবধারার পরিবর্তনের সংগে সংগে ভাষার পরিবর্তনও অবশ্যাম্ভাবী।

মুসলিম জাতীয়তা ভৌগোলিক সীমারেখায় সীমাবদ্ধ নহে। ভৌগোলিক জাতীয়তার সহিত ইসলামী জাতীয়তার মৌলিক মোখলেকাৎ ভৌগোলিক ব্যবধান যাহাই হোক না কেন, সমগ্র দুনিয়ার মুসলমানদের এক খোদা, এক নবী, এক মযহাব, এক মিল্লাত, একই তাহজীব-তমাদ্দুন। সুতরাং ভৌগোলিক ব্যবধানে মুসলিম মিল্লাতের সত্যিকার ভাবধারা বিভিন্নমুখী হতে পারে না। যেহেতু ভাবধারার উৎস এক, ভাবের বাহন ভাষাও মোটামুটি এক-কেন্দ্রিক হওয়াই স্বাভাবিক।

আগেই বলেছি রাষ্ট্র-ভাষার নাম দেশ বা জাতির নামানুসারেই হয়ে থাকে। এবং হওয়াও সংগত। পাকিস্তানের রাষ্ট্র-ভাষার স্বাভাবিক নাম ''পাকিস্তানী''। উর্দ্দু নাম বদল করে পাকিস্তানের রাষ্ট্র-ভাষাকে ''পাকিস্তানী'' বলাই আমার মতে সঙ্গত। পাকিস্তানী গৃহীত হলে আমার বিশ্বাস মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দ্দু Ultimate fusion-এর পথ অধিতর প্রশস্ত হবে। মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দ্দু সমবায়ে গঠিত হবে Common Script-এ লেখা পাকিস্তানী। মাশরেকী ও মাগরেবী পাকিস্তানের জবানী সমস্যার সুষ্ঠু সমাধান এই পথে।

স্বাভাবিকভাবেই সওয়াল হতে পারে উর্দ্দু যখন হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা তখন উহার নাম বদলের দরকার কি? দরকার রয়েছে। পাকিস্তানের সবচেয়ে সমুন্নত ভাষা উর্দ্দু এবং বাংলা। অন্য কোন প্রাদেশিক ভাষা বাংলার ন্যায় একটা বিকশিত নহে। মাশরেকী পাকিস্তানের মুসলমানী বাংলার সহিত উর্দ্দুর সামঞ্জস্যের কথা বলেছি। পাকিস্তানের রাষ্ট্র-ভাষার নাম পাকিস্তানী রাখা হলে মাশরেকী ও মাগরেবী পাকিস্তানের ভাষাগত সমন্বয়ের পথ সহজ ও কোশাদা হবে। পাকিস্তানী কথাটায় পাকিস্তানের বাশিন্দাগণের প্রাণে যতটা অনুপ্রেরণার সঞ্চার করবে অন্য কোন নামে তাহা সম্ভবপর নহে। অনুপ্রেরণার কথাটা বিশেষভাবে কাবেলে কদর।

নাম পরিবর্তনের উর্দ্দুর অন্তর্নিহিত ও সাবলীলতা ব্যাহত হবে না। আবশ্যক সংস্কার এবং পরিবর্তনের পর মাশরেকী পাকিস্তানের বাংলা ভাষার নাম পরিবর্তনেরও কথা উঠেছে। মুসলমানী বাংলার নাম পরিবর্তন করে

পাকিস্তানী হতে পারে। পাকিস্তানী বাংলা ও পাকিস্তানী উর্দ্দু স্বাভাবিকভাবেই চলবে ইসলামী তাহজীব-তমদ্দুনের পথে। ভারতীয় উর্দ্দু এবং পশ্চিম বাংলার বাংলা ভাষা চলবে অন্য পথে। দুই বিভিন্নমুখী ভাষার এক নাম অসংগত নহে কি? এই দিক দিয়ে বিবেচনা করলেও পাকিস্তানী বাংলা ও পাকিস্তানী উর্দ্দুর নাম পরিবর্তনের আবশ্যকতা অনুভূত হবে।

Common Script এবং Common ideology সোনার কাঠির পরশে Common Language-evaluation খুবই সম্ভব এবং স্বাভাবিক। পাকিস্তানী হওয়া উচিৎ উক্ত Common Language-এর নাম। পাকিস্তানের সামগ্রিক কল্যাণ কামনায় Common Language তৈরী করার প্রচেষ্টা শুধু সংগত নহে, জরুরী। ইনশাআল্লাহ্ পাকিস্তান স্থায়ী হবার জন্যই এসেছে Common Language হবে পাকিস্তানের স্থায়ীতের অন্যতম সোনালী বন্ধন। নাম পরিবর্তনের উর্দ্দু ভাষার আসল হাস্তি বজায় থাকবে। অথচ নতুন নামের দওলতে পাকিস্তানের সকল প্রদেশের কাছে খাছ করে মাশরেকী পাকিস্তানের বাশিন্দাগণের নিকট রাষ্ট্রভাষার মর্য্যাদা এবং আকর্ষণীয়তা বৃদ্ধি পাবে। কারণ আগেই বয়ান করেছি।

একথা সত্য যে, উর্দ্দু সাধারণভাবে পাকিস্তানের কোন প্রদেশেরই মাদেরী জবান নহে যদিও উর্দ্দু পাকিস্তানের প্রচলিত জবানসমূহের মধ্যে পাকিস্তানের হুকুমতী জবান হবার পক্ষে অধিকতর মোমতাহেক। রাজনৈতিক আবর্তনে উর্দ্দু নিজ বাসভূমে পরাবাসী হতে বসেছে। হিন্দুস্থানের ইউ,পি, দিল্লী প্রভৃতি প্রদেশেই ছিল উর্দ্দুর শক্তিশালী আস্তানা। নাগরী হরফে লেখা হিন্দীর হামলায় উর্দ্দু সাবেক আবাস হতে বহিস্কৃত হচ্ছে। পাকিস্তানী নামের বরকতে উর্দ্দু ভাষা পাবে পাকাপোক্ত আস্তানা এবং উচ্চতর আসন পাকিস্তানের পাক মাটিতে।

নাম বদলের প্রস্তাব পেশ করেছি বলে কেউ যেন মনে না করেন যে আমি উর্দ্দুর মোখালেফ। বাংলা আমার মাদেরী জবান হলেও আমি বরাবর উর্দ্দু ভাষার অধিকতর চর্চার পক্ষপাতী। পাকিস্তানের সামগ্রিক কল্যাণ কামনায়ই আমি নাম পরিবর্তনের প্রস্তাব পেশ করেছি। আমার প্রস্তাবে কায়া বজায় থাকবে, বদল হবে কেবল ছায়া। ছায়ার চেয়ে কায়াই আসলে কাম্য।

Common Script-এ লেখা Common Language রাষ্ট্রের পক্ষে নেহায়েত জরুরী ব্যাপার। ভাবালুতা বাদ দিয়ে রাষ্ট্রের ভবিষ্যৎ ও মংগলের জন্য আমাদিগকে সর্বপ্রকার ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকতে হবে। পাকিস্তানের স্বচ্ছ দৃষ্টি আকৃষ্ট হোক এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি, পাক গণপরিষদে রাষ্ট্রভাষা প্রস্তাব গ্রহণ করবার কালে প্রস্তাবিত ''পাকিস্তানী'' নাম অনায়াসে গৃহীত হতে পারে। পাক-বাংলা, এবং পাক-উর্দ্দুর সমন্বয় সাধনের প্রকৃষ্ট পন্থা সেরাতুল মোস্তাকীম, পাকিস্তানী।

শিরোনাম	সূত্র	তারিখ
নাচোল অঞ্চলে কৃষক বিদ্রোহের নেত্রীর উপর পুলিশী নির্যাতনের অভিযোগ সম্বলিত বক্তব্য	পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতিঃ বদরুদ্দীন উমর	ফেব্রুয়ারী, ১৯৫০

HOW HUMANITY ATTACKED UNDER

LIAKAT-NURUL AMIN REGIME?

Below in the statement of Sm. Ila Mitra made before the court at Rajshahi with regard to inhuman treatment meted out to a lady, only because she holds a political opinion other than that of Liakat-Nurul Amin Feudal class :

Sm. Ila Mitra in her Statement Pleading "not guilty' to the charges said, I know nothing about the case. On 7-1-50 last I was arrested in Rahanpur and taken to Nachole the next day. The police guards assaulted me on the way and thereafter I was taken inside a cell. The S. I. threatened to make me naked if I did not confess everything about the murder. As I had nothing to say all my garments were taken away and I was imprisoned inside the cell in stark naked condition.

No food was given to me, not even a drop of water. The same day in the evening the sepoys began to beat me on the head with butt ends of their guns, in the presence of the S. I. I was profusely bleeding through the nose. Afterwards my garments were returned to me, and at about 12 midnight I was taken out of the cell and read possibly to the quarters of the S.I., but I was not certain.

In that room where I was taken they tried brutal methods to bring out confession. My legs were pressed between two sticks, and the people around.

I was being administered a 'Pakistani injection'. When this torture was going on they tied my mouth with a napkin. They also pulled off my hairs, but as they could not force me to say anything, I was taken back to the cell carried by the sepoys, as after the torture it was not possible for me to walk.

Inside the cell again the S. I ordered the sepoys to bring four hot eggs, and said, now she will talk. Thereafter four or five sepoys forced me to lie down on my back, and one pushed a lot egg through my private parts. I was feeling like being burnt with fire, and became unconscious.

When I came back to my senses in the morning of 9-1-50 the S. I and some sepoys came into my cell and began to kick me on the belly with boots on. Thereafter a nail was pierced through my right heel. I was then lying half conscious, and heard the S. I. muttering: we are coming again at night, and if you do not confess, one by one the sepoys will ravish you. At dead of night, the S. I. and his sepoys came back and the threat was repeated. But as I still refused to say anything, three or four men got hold of me, and a sepoy actually began to rape me. Shortly afterwards I became unconscious.

Next day on 10-1-50 when I became conscious again I found that I was profusely bleeding and my cloth was drenched in blood. I was in that state taken to Nawabganj from Nachole. The sepoys in Nawabganj jail gate received me with smart blows.

I was at that time in a prostate condition and the Court Inspector and some sepoys carried me to a cell. I had high fever then and I was still bleeding. A doctor, possibly from the Govt. Hospital at Nawabganj had noted the temperature of my body to be 105°. When he heard from me of the profuse bleeding I had he assured me, I would be treated with the help of a woman nurse. I was also given some medicines and two pieces of rugs.

On 11-1-50 the woman nurse of the Govt. Hospital examined me. I do not know what report she gave about my condition. After she came, the bloodstained piece of cloth I was wearing was changed for a clean one. During all this time, I was in a cell of the Nawabganj P. S. under the treatment of a doctor. I had high fever and profuse bleeding, and was unconscious from time to time.

On 16-1-50 a stretcher was brought before my cell in the evening and I was told that I would have to go elsewhere for examination. On my protest that I was too ill to move about, I was, struck with a stick and forced to get on the stretcher after which I was carried on it to another house. I told nothing there, but the sepoys forced me to sign a blank paper. I was at time in a semi-conscious state with high fever. As my condition was going worse, I was next day transferred to the Nawabganj Govt. Hospital, and on 21-1-50when the state of my health was still very precarious, I was brought from Nawabganj to Rajshahi Central Jail, and was admitted to the Jail Hospital.

I had not under any circumstances said anything to the police, and I have nothing more to say than I have stated above.*

ইলা মিত্রের জবানবন্দী। এই জবানবন্দীই ইস্তাহার আকারে পূর্ব বাংলার সর্বত্রই ১৯৫০ সালের গোড়ার দিকে বিলি করা হয়। পৃষ্ঠা ২৯২-৯৪।

*১৯৪৭ সালে তেভাগা আন্দোলন শেষ হয়ে গেলেও এর প্রভাব বাংলাদেশের রাজশাহীর নাচোল এলাকায় স্তিমিত হয়নি। যার ফলে ১৯৪৮ থেকে ১৯৫০ পর্যন্ত এই এলাকায় নতুন করে ব্যাপক কৃষক আন্দোলন শুরু হয়। এই সব কৃষক প্রধানতঃ ছিলেন সাঁওতাল এবং এঁদের নেতা ছিলেন মাতলা সরদার। এই এলাকায় সরকারী প্রভাব প্রায় বিলুপ্তি হয়ে যায়। ১৯৫০ সালের জানুয়ারী মাসে সাঁওতাল কৃষক ও পুলিশের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষে অসংখ্য হতাহত হয়। এর পর সমগ্র এলাকায় পুলিশের অমানুষিক অত্যাচারের ফলে আন্দোলন ধ্বংস হয়ে যায়।

শিরোনাম	সূত্র	তারিখ
সাম্প্রদায়িক দাঙ্গার বিরুদ্ধে বাংলাদেশের বুদ্ধিজীবীদের যৌথ বিবৃতি	পূর্ব বাংলার ভাষার আন্দোলন ও তৎকালীন রাজনীতিঃ বদরুদ্দীন উমর	ফেব্রুয়ারী, ১৯৫০

পূর্ব পাকিস্তানের নাগরিকগণের নিকট আবেদন

ভ্রাতৃগণ,

আল্লাহ্ তা'আলার অসীম অনুগ্রহে দুইশত বৎসরের গোলামীর পরে আমরা আজাদী লাভ করিয়াছি। এই আজাদী জিহাদের প্রধান সেনানী কায়েদে আজম মুহাম্মদ আলী জিন্নাহ মরহুম আমাদিগকে বলিয়াছেন, ''আমি পাকিস্তানের ভিত্তি পত্তন করিলাম, তোমরা পাকিস্তানের নাগরিকগণ ইহার উপর ইমারত গঠন করিবে''। এই গঠন কার্য্যের জন্য অত্যাবশ্যক দেশে শিক্ষা, শিল্প, বাণিজ্য ও কৃষির সমুন্নতি সাধন। ইহার জন্য সর্বাগে প্রয়োজন দেশের শান্তির আবহাওয়া সৃষ্টি করা। কিন্তু গভীর দুঃখের বিষয় পশ্চিম বঙ্গে কতিপয় স্থানে বিশেষত কলিকাতায় সাম্প্রদায়িক হাঙ্গামার কারণে অথবা অন্য যে কনে কারণেই হউক আমাদের এই সুন্দর শান্তিপূর্ণ পূর্ব বাঙ্গালাতেও অশান্তি দেখা দিয়েছে। পশ্চিম বঙ্গের সংখ্যালঘুদের প্রতি উৎপীড়ন যেমন আমরা ঘৃণা করি, পূর্ব্ববঙ্গের সংখ্যালঘুদের প্রতি উৎপীড়ন আমরা সেইরূপই ঘৃণা করি। আমাদের মহামান্য কায়েদে আজম মরহুম, পাকিস্তানের বড় লাট মাননীয় জনাব খাজা নাজিমুদ্দিন, প্রধান মন্ত্রী মাননীয় জনাব লিয়াকত আলী খান, পূর্ববঙ্গের প্রধান মন্ত্রী মাননীয় জনাব নূরুল আমীন, পূর্ব পাকিস্তানের জমিয়তে উলামায়ে ইসলামের সভাপতি মৌলানা আতাহার আলী প্রভৃতি গণ্যমান্য মহোদয়গণ অন্য রাষ্ট্রের মুসলমানগণের প্রতি অন্যায় আচরণের প্রতিশোধ আমাদের রাষ্ট্রের সংখ্যালঘু নিঃসহায় শান্ত জনগনের উপর লওয়ার প্রবৃত্তিকে একবাক্যে নিন্দা করিয়াছেন। আমরা আমাদের মুসলমান ভাইগণকে সবিনয়ে দৃঢ়ভাবে বলিব যে, এই প্রকার কার্য্যের দ্বারা পরোক্ষভাবে ও অজ্ঞাতসারে তাঁহারা ভারতের ৪ (চারি) কোটি মুসলমানের ধনপ্রান বিপন্ন করিয়া তুলিতেছেন এবং পাকিস্তানের অশেষ ক্ষতি সাধন করিতেছেন। এ প্রকার কার্য্যের ফলে আকস্মিক লোক বিনিময়ে রাষ্ট্রের উপর এমন চাপ পড়িবে যে, তার ফলে ভারত ও পাকিস্তান উভয় রাষ্ট্রের অর্থনৈতিক কাঠামো ভাঙ্গি পড়িবে। উচ্ছৃংখল কার্য্যকলাপের ফলে, শিল্প-বাণিজ্য এবং স্কুল-কলেজ, ইউনিভার্সিটি প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠানগুলি বন্ধ হইয়া উভয় রাষ্ট্রই অচল হইয়া পড়িবে যার ফলে আমাদের এই সাধের আজাদী বিপন্ন হইবে।

আল্লাহতা'আলা ধর্ম্মবিশ্বাসী মুমনিগণকে বলিতেছেন, ''ওহে ধর্ম্মবিশ্বাসী মুমিনগণ, তোমরা আল্লাহর কথা মান, রসুলের, এবং তোমাদের মধ্যে আজ্ঞাদাতা নেতাদের কথা মান''। (কুরআন, সুরা নিসা, রুকু ৮)। আল্লাহ তা'আলা বলিতেছেন, ''যে ব্যক্তি হত্যাকারী কিংবা পৃথিবীতে উৎপাতকারী ভিন্ন অন্য কোনও প্রাণকে হত্যা করে, সে যেন সমস্ত মনুষ্য জাতিকে হত্যা করে''। (কুরআন মাইদাঃ রুকু ৫)। হজরত রসূলুল্লাহ (দঃ) বলিয়াছেন, ''উৎপীড়িত (মজলুম) যদিও বিধর্ম্মী হয়, তাহার আর্তনাদ হইতে সাবধান হও''। তিনি আরও বলিয়াছেন, ''যে ব্যক্তি কোন জিম্মীকে (মুসলমান রাজ্যের অমুসলমানকে) কষ্ট দেয়, সে নিশ্চয়ই আমাকে কষ্ট দেয়''।

Now, who has nurtured this agitation; who was responsible for this agitation? There was an agitation in 1948. There was no agitation afterwards in Bengal, until there was speech-somebody may say you are misquoting-but there was a speech by some big man in which he said Urdu was to be the State language and no other language. I was not there, but that set the ball rolling and that brought together all Muslim Students-Students of Fazlul Haq Hall and Salimullah Hall-who came forward and started that agitation, it is stated that they were going on with this agitation months before the 21st February. If it was in their knowledge that they were agitating about the language issue, why did Mr. Nurul Amin rush to the House on the 22nd at nightfall to move his Resolution? If he had moved that Resolution on the 20th the whole agitation would have fizzled out. There would have been no provocation for that agitation.. .

Mr. President: Mr. Chattopadhyaya, which is not the issue before us. You can speak in respect of the resolution and the amendment.

Shri Sris Chandra Chattopadhyaya: I am on the amendment. I do not agree with these words of the amendment, these words, "that there being no immediate necessity of taking a decision here and now." I do not agree with that. I say it is a very urgent matter. Already people are in temper in East Bengal. Therefore, the sooner it is decided, one-way or the other, it is better at least for the people of East Bengal. Because in that case they

will not be back into the agitation and they will not give opportunity to the Government of East Bengal to use their Safety Act and other laws for terrorizing the people and it will not be necessary for them to use firing squads against the youth and boys, that would be very wrong for them to do. But if it is postponed in this way without a final decision that will give cause for fresh agitation and will not stop the people of East Bengal from pressing their claims for recognition of Bengali as a State language. I am afraid of this. Again they will say it is being engineered by Hindus. I think, in that case our only course would be to leave the town of Dacca for some time so that nobody can say Hindu are doing all this. Hindus had not taken part in agitation and will also remain aloof from any future movement on language question. We do not want to take any part in this agitation. We do not agitate for Bengali language outside this House. This House is our only forum. We have tabled motions and we support this issue here and we had agitated for Bengali in this House before; and there it ended. We do not go outside to agitate. Many things have been stated and said in support of Bengali language. In this connection 12 Muslim Editors of East Bengal issued a statement, one of them is the Editor of the Azad of which my friend, Maulana Akram Khan, is the proprietor, strongly supporting the demand for Bengali as a State language.. .

... I expected the mover to have spoken some words in support of his resolutions. I expected some of our Muslim members of this House from East Bengal would have spoken either way-either supporting or rejecting it. By keeping mum people there will understand they are not supporting the Bengali language. The people of East Bengal will be misled thereby.

The Honourable Mr. Nurul Amin: I rise to speak a few words more for giving a personal explanation on account of certain mis-statements made by no less a person than Mr. Chattopadhyaya who is the leader of the Opposition in the Legislature...

(Interruption)

I understand he is leader in the Constituent Assembly, as well, that puts him to a position of much higher responsibility than being a leader in the Legislature. When I heard certain provocative statements coming down from his lips-mis-statements, incorrect facts-I thought that it was not the Bengali language which has created a loss of balance in him but it was something else which was in his mind and which was coming up before the House. This is a bill which is going to be moved with regard to the arrangements that will be made in East Bengal for the coming general elections on the basis of separate electorates. As for myself, I did not speak because I thought the amendment which has been made by the Honorable member Mr. Abdus Sattar was not inconsistent with the resolution moved by me in the Bengal Provincial Legislative Assembly or with any of the motions tabled by my esteemed friends from East Bengali. But there was another reason for which I did not speak. I wanted to see how far the Honorable members sitting on my right can go to create a cleavage between us; what are the arguments, what are the provocations, what are the appeals to our sentiments, in which they are part-masters, by which they want to create a cleavage. In that I hope I have been successful in exposing them to the best. This was not such a motion on which such lengthy and emphatic speeches would have been made. It was not the denial of the

desire of the people of East Bengal; it was not the shelving of the question, but is was a very simple proposition by which it is expected that better results may emerge. There has been a demand from East Bengal for Bengali language, no doubt. The people of Bengal also want that people on this side-their brethren on this side should be educated and acquainted with their feelings, logic and justification. So, Sir, this postponement, to my mind, seems for the better and not for the worse as has been interpreted by my honorable friends on the opposition. Each one of them has spoken in the strain that they are the only advocates, fathers and forefathers of Bengali language; and the Muslims coming from East Bengal have no claim on Bengali language and have no love for that language. This is not their monopoly. They arrogate to themselves in certain matters to show to the world that they are the monopolists in these matters-in the matter of preservation of right in a democratic country; in giving rights to the people; in giving rights to the people for the freedom of speech and all that. But they should understand that we who are sitting here, who have got the responsibility to run the administration of the country, have got to be more responsible than those

(Interruption)

.....Sir, what was the resolution that I moved in the East Bengal Assembly to

which several honorable members on this side, including the Leader of the Opposition, have referred. This is a simple resolution:

"The reason for moving this resolution is that there has been a good deal of confusion among a section of the members of the public that the action that was taken by the Government yesterday was on account of the demand by the students for Bengali to be one of the State languages. The issue have been confused because so far as that demand is concerned, the students brought out two peaceful processions on two occasions and the Government did not interfere."

That was the occasion on which this resolution was moved. Then there was an amendment by a member of that Assembly-Begum Anwara Khatoon-to the effect.

"That it should be finally decided in the next session of the Constituent Assembly of Pakistan."

That was the amendment and my reply was:

"Coming to the amendment of Begum Anwara Khatoon there also I find that it is not acceptable because we are not the persons, we are not the authority to decide whether this matter will be taken up in the next session of the Constituent Assembly or not."

So this amendment was also voted down. It was not accepted. So what I meant by this resolution-and I still stand by that-was that this resolution should be forwarded to the proper authority, the President of the Constituent Assembly, who will deal with this matter according to the rules governing such matters in the Constituent Assembly, and this has been sent to the President. I do not know what will happen to that, but when this matter comes up before this House in due time, certainly I will mention the resolution

passed by the Legislative Assembly of East Bengal. This is not the proper time. This matter has come up before this House because certain motions have been moved by some members of this House and there has been an amendment to that motion, and I do not see how the amendment is contradictory to any of the resolutions which has asked Bengali to be one of the State languages in Pakistan. So long as the question of Bengali language remains pending, so long as the demand of East Bengal is not decided adversely, I do not see any fear in that. Rather I am hopeful that better results may come out of it. 'But there are members in this House who want to fish in troubled waters when they get a certain opportunity, and this is one of them .. .

..... Sir, I have confined myself to the issue. Sir, the resolution is of the East Bengal Assembly there. I have read out the wording of the resolution of the East Bengal Legislative Assembly, as also its intention. So it is not the question why I do not move that resolution here A motive has been imputed by the Honorable the Leader of the Opposition. So there should not be a confusion which has been sought to be created amongst our people by the gentleman speaking from that side. I do not touch the points raised by Sardar Shaukat Hyat Khan who has spoken from the Bench over there, because I know that his party being so small, he has got to be in the lap of my friend Mr. Chattopadhyaya...

Mr. President: I am first putting the amendment to vote.

The question is :

That for the original motion the following be substituted:

"That in view of the fact that no decision has yet been taken in the matter of the State language and there being no immediate necessity of taking a decision thereon' be it resolved that the question be decided by this Assembly when it comes up before it in due course."

(The House then divided)

A YES-41

i. Mr. Abdulla-al Mahmood.
2. Maulana Md. Abdullah-el Baqui.
3. Maulana Md. Akram Khan.
4. The Hon'ble Mr. Azizuddin Ahmad.
5. Moulavi Ebrahim Khan.
6. The Hon'ble Mr. Fazlur Rahman.
7. Mr. Ghayasuddin Pathan.
8. Mr. Shahoodul Huque.
9. The Hon'ble Dr. Ishtiaq Husain Qureshi
10. The Hon'hle Mr. Mafizuddin Ahmad.

11. The Hon'ble Dr. Mahmud Husain.
12. The Hon'ble Dr. A. M. Malik.
13. The Hon'ble Mr. Md. Habibullah Dahar.
14. Mr. Nur Ahmed.
15. The Hon'ble Mr. Nurul Amin.
16. The Hon'ble Khwaja Nazimuddin.
17. Mr. Asadullah.
18. H.E. Khwaja Shahabuddin.
19. The Hon'ble Mr. Abdul Hamid.
20. Sayed A. B. M. Husain.
21. Shri Dhananjoy Roy.
22. Mr. Akshay Kumar Das.
23. Mr. Abdul Monem Khan.
24. Mr. Choudhury Zahiruddin Moazzam Hossain (Lalmian).
25. H.E. Malik Md. Firoz Khan Noon.
26. The Hon'ble Mr. Mohamad Ali.
27. The Hon'ble Sir Muhammad Zafrulla Khan.
28. The Hon'ble Sardar Abdur Rab Khan Nishtar.
29. Khan IftlHv.r Hnrain Vh ,n nfMnmHnt
39. Syed Khalilur Rahman.
31. Sardar Amir Azam Khan.
32. Shaikh Sadiq Hasan.
33. Sayed Ghulam Bhik Nairang.
34. Malik Shaukat Ali.
35. The Hon'ble Pirzada Abdus Sattar Abdur Rahman.
36. Mr. M. H. Gazder.
37. Mr. M. A. Khuhro.
38. Mr. M. H. Kizilbash.
39. The Hon'ble Mr. Mushtaq Ahmad Gurmani.
40. Mr. P. D. Bhandara.
41. Mr. Ahmad E. H. Jaffer.

NOES-12

1. Mr. Prcm Hari Barma.
2. Sim Dhircndra Nath Duita.
3. Shri Kamini Kumar Duta.
4. Prof. Rajkunur Chakraveny.
5. Shri Sris Chandra Chattapadhyaya.
6. Mr. Bhupendra Kumar Datta
7. Mr. Jnunendra Chandra Majumdar.
8. Mr. Birat Chandra Mandal.
9. Mr Bhabesh Chandra Nandy.
10. Sardar Shaukat Hyat Khan.
11. Sardar Asadullah Jan Khan
12. Seth Sukhdev.

The motion was adopted.

Mr. President: So `all the other motions on the language issue full through.

শিরোনাম	সূত্র	তারিখ
সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ সম্মেলনে আতাউর রহমান খানের ভাষণ	সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ	২৭শে এপ্রিল, ১৯৫২

সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ-সম্মেলন

বার এসোসিয়েসন হল, ঢাকা

২৭শে এপ্রিল, ১৯৫২

সভাপতি জনাব আতাউর রহমান খানের ভাষণ

বন্ধুগণ,

বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা দাবী করার অপরাধে পূর্বব পাকিস্তানে যে বিপর্যয় ও বিভীষিকার ঝড় বয়ে গেল তার একটা মোটামোটি ইতিহাস আপনাদের সামনে পেশ করতে চাই।

উনিশ শ' আটচল্লিশ সালে রাষ্ট্রভাষা আন্দোলনে প্রথম উৎপত্তি, ছাত্রসমাজের উপর মুসলিম লীগ সরকারের নির্যাতন ও আন্দোলনের বিরুদ্ধে নানা অভিযোগ উত্থাপন এবং শেষ পর্য্যন্ত তখনকার পূর্বব পাকিস্তানের প্রধানমন্ত্রী, খাজা নাজিমউদ্দীনের চুক্তিপত্র স্বাক্ষর- সবই আপনারা জানেন। আপনারা এও জানেন যে, উক্ত চুক্তির শর্ত্ত কখনও কার্যকরী করার চেষ্টা হয়নি, পক্ষান্তরে আরবী হরফে বাংলা ভাষা প্রচলনের এক উদ্ভট পরিকল্পনা কার্যকরী করার জন্য সরকার লক্ষ লক্ষ টাকা ব্যয় করে ফেলেছেন।

তারপর চার বছর কেটে গেলো। রাষ্ট্রভাষা সম্পর্কে সবাই একরকম চুপচাপ। ঠিক এমনি সময় একদা জানুয়ারী শেষ ভাগে খাজা নাজিমউদ্দীন সাহেব, ঢাকার জনসভায় উর্দ্দুই পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা হবে বলে ঘোষণা করে বসলেন। বারুদে আগুন লাগলো। সাড়ে চার কোটি মানুষের দাবীকে উড়িয়ে দিয়ে, নিজের প্রতিশ্রুতি ও চুক্তি ভঙ্গ করে 'নাজিমউদ্দীন সাহেব যখন এই ঘোষণা করলেন, তখন সারা পূর্বব পাকিস্তানের জনসাধারণ বিস্ময়ে স্তম্ভিত ও হতবাক হয়ে পড়লো। চারদিক থেকে তীব্র প্রতিবাদের রোল পাকিস্তানের আকাশে-বাতাসে ধ্বনিত হলো।

তারপর তিরিশে জানুয়ারী তারিখে ছাত্র ও জনসাধারণের বিরাট মিছিল, জনসভা, একত্রিশ তারিখে মৌলানা ভাসানীর সভাপতিত্বে সবর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ গঠন এবং চৌঠা ফেব্রুয়ারী তারিখে শহরে হরতাল পালন ও স্কুল-কলেজ বন্ধ, এসব পর পর হয়ে গেলো। কর্মপরিষদের এক সভাতে একুশে ফেব্রুয়ারী তারিখে দেশব্যাপী হরতাল, শোভাযাত্রা সভাসমিতি করার প্রস্তাব ঘোষণা করা হলো। এগারো, বারো ও তেরো তারিখে পতাকা দিবস পালন করা হলো। চৌদ্দই তারিখে কর্মপরিষদের তরফ থেকে নুরুল আমিন সাহেবকে কর্মপরিষদের সদস্যদের সাথে আলোচনা করার জন্যে দিন, তারিখ ও স্থান ধার্য করার অনুরোধ জানিয়ে এক চিঠি দেওয়া হয়। সে চিঠির জবাব অবশ্য কোনদিনই পাওয়া যায়নি।

হঠাৎ বিশে ফেব্রুয়ারী অপরাহ্নে ঢাকার জেলা ম্যাজিষ্ট্রেট একশ' চুয়াল্লিশ ধারা ঘোষণা করে শোভাযাত্রা ও সভাসমিতি বন্ধ করার আদেশ দেন। বিনা মেঘে বজ্রপাত। এর আগে আন্দোলনের বিভিন্ন পর্যায়ে ছাত্র ও জনসাধারণ সৃশুঙ্খল ও নিয়মতান্ত্রিকভাবে সভা, হরতাল ও মিছিল চালিয়ে গেছে- নিষেধাজ্ঞা জারী করার কোন

প্রয়োজন কোনকালেও হয়নি। ছাত্র ও জনসাধারণ এই হঠকারিতায় ভয়ানক বিক্ষুব্ধ হয়। কিন্তু কর্মপরিষদ সভা আহবান করে তৎক্ষণাৎ ঘোষণা করে যে শান্তিপূর্ণ হরতাল পালন করা হবে, কিন্তু নিষেধাজ্ঞার দরুন সভা ও শোভাযাত্রা বন্ধ রাখা হবে।

একুশে তারিখের মর্ম্মন্তুদ ও শোকাবহ ঘটনাবলীর পুনরাবৃত্তি করে আপনাদের মনে কষ্ট দিতে চাই না। ঐদিন বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ছাত্রদের শান্তিপূর্ণ সুশৃঙ্খল সভা করার সময় চারিদকে সশস্ত্র পুলিশের পাহারা, সভা ভঙ্গের পর ইতস্তত গমনরত ছাত্রদের উপরে লাঠিচার্জ, কাঁদুনে গ্যাস নিক্ষেপ, দলে দলে ছাত্রদের গ্রেফতার এবং শেষ পর্য্যন্ত মেডিকেল ছাত্রাবাসের ভেতর অনধিকার প্রবেশ করে নিরস্ত্র ছাত্রদের উপর বেপরোয়া গুলী চালনা ও মৃত্যুর ঘটান এবং অসংখ্য ছাত্র জখম-এ দৃশ্য কারবালার দৃশ্যকেও হার মানিয়ে দিয়েছে। সভ্য জগতে এর দৃষ্টান্ত বিরল। সারা শহরের প্রত্যেকটি নর-নারীর মনে শোকের ছাড়া পড়ে গেলো। এই নির্ম্মম হত্যাকাণ্ডের বিরুদ্ধে প্রত্যেকটি নাগরিক প্রতিবাদ করে উঠলো।

পরদিন সারা শহরে শোকার্ত্ত মিছিল; বিক্ষুব্ধ জনতার তীব্র নিন্দা শহরের প্রতি কোণে ধ্বনিত হলো। এই দিনও পুলিশ গুলী চালিয়ে কতিপয় লোকের মৃত্যু ঘটায় ও অনেকগুলি লোককে জখম করে।

পাকিস্তানের প্রধানমন্ত্রী বলেছেন, শহরে কয়দিন ''সরকার'' ছিল বলে মনে হয় না। একুশে বাইশের ঘটনা যারা দেখেছেন তাঁরাও একথা মনে করেছেন যে কোন সুসভ্য ও গণতান্ত্রিক সরকার তখন ঢাকায় প্রতিষ্ঠিত ছিল না, কারণ নিরস্ত্র, শান্তিপ্রিয় ও সুশৃঙ্খল তরুণ সরলপ্রাণ ছাত্রদের উপর কোন সরকার কোন অবস্থায়ই গুলী চালাতে পারে একথা চোখে দেখলেও অনেকে বিশ্বাস করতে রাজী হবেন না।

এত বড় অন্যায় কাজ করার ফলে সরকারের আসন টলমল করে উঠলো। চারদিক থেকে মন্ত্রিমণ্ডলীর গদী ছাড়ার দাবী তীব্রভাবে জানানো হতে লাগলো। মন্ত্রী সমর্থক সদস্যরাও পদে ইস্তফা দিতে কৃতসঙ্কল্প হলেন। এটা পরিস্কার বুঝা গেল যে এই মন্ত্রিত্ব আর একদিনও টিকে থাকতে পারছে না। ঠিক এমনি সময়ে পরিষদের অধিবেশন হঠাৎ বন্ধ করে দেওয়া হলো। মন্ত্রিমণ্ডলী হাঁফ ছেড়ে বাঁচলেন- চাকরি রয়ে গেলো।

এর আগেই বেগতিক দেখে নুরুল আমিন সাহেব রাষ্ট্রভাষা সম্বন্ধে একটি সোপারেশ প্রস্তাব পরিষদে পাশ করিয়ে নিয়ে জানিয়ে দিলেন যে এর পর আন্দোলনের আর কোন দরকার নেই। বশংবদ পত্রিকাগুলিও সুরে সুর মিলিয়ে গাইতে লাগলো। পরবর্ত্তীকালের ঘটনাবলী পরিষ্কাররূপে প্রমাণ করেছে যে আন্দোলনের কত প্রয়োজন ছিল এবং আছে সরকারের ঘোষণা ও মিষ্টিবুলি কত মারাত্মক ধোঁকাবাজী।

সরকার কিন্তু নির্ম্মম হত্যাকাণ্ডের কোন কৈফিয়ৎই দিবার চেষ্টা করেন নি। পক্ষান্তরে মন্ত্রীত্বের সিংহাসন অবৈধ উপায়ে নিরাপদ করতে দমন নীতির আশ্রয় গ্রহণ করলেন। নানা প্রকারের কুয়াশার জাল সৃষ্টি থেকে রাষ্ট্রভাষা আন্দোলনকে বানচাল করে দেওয়ার জন্য নিতান্ত জঘন্য মিথ্যা প্রচার আরম্ভ করে দিলেন। প্রথম থেকে বাঙালী-অবাঙালী বিরোধ সৃষ্টি করার প্রচেষ্টাও চলছিল, কিন্তু সে চেষ্টা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়। গোটা রাষ্ট্রভাষা আন্দোলন কম্যুনিষ্ট রাষ্ট্রদোহী ও বিদেশী দালালদের দ্বারা পরিচালিত হয়েছিল এবং তারাই ছাত্রদের উস্কানি দিয়ে মৃত্যুর দুয়ারে ঠেলে দিয়েছে, রাজনৈতিক সুবিধাবাদীরা এর সাথে হাত মিলিয়ে সহায়তা করেছে, ফলে গোটা রাষ্ট্রটাই বিপন্ন হয়ে পড়েছিলো- এই সব প্রচার করে লক্ষ লক্ষ ইস্তাহার হাওয়াই জাহাজে দেশময় ছড়িয়ে সরকার দেশে একটা ভীষণ আতঙ্কের সৃষ্টি করে তোলেন। মুসলিম লীগও সময় বুঝে ঠিক ঐ মর্ম্মে প্রস্তাব পাশ করে দেশবাসীকে সাবধান করে দেন, যেন কেউ এসব আন্দোলনে যোগ না দেন। সঙ্গে সঙ্গে ধরপাকড় আরম্ভ হয়ে যায়। ছাত্র, যুব কর্মী, পরিষদের সদস্য, বিরোধী দলের নেতা ও কর্মী, এবং কতিপয় অধ্যাপককে জেলে ঢোকানো হলো। সলিমুল্লা মুসলিম হলে হামলা করে অনেকগুলি ছেলেকে ধরে আনা হলো। শহীদদের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের জন্যে ছাত্রবন্ধুগণ মেডিকেল কলেজ হোষ্টেলে যে স্মৃতিস্তম্ভ গড়ে তুলেছিলেন সরকার তা নির্ম্মমভাবে ধূলিসাৎ করেন। ববর্বরতার এমন নজির কোথায়ও মিলে না।

সারা দেশের লোক আতঙ্কিত হয়ে উঠলো। মুখ ফুটে কথা কইবার জো নেই। বশংবদ সংবাদপত্রগুলি আন্দোলনের কথা, কর্ম্ম পরিষদের বিবৃতি ইত্যাদি সব ছাপানো বন্ধ করে দিলো। তাদেরও নাকি টুটি টিপে দেওয়া হয়েছিলো। কিন্তু নাজিমউদ্দীন সাহেবের শ্যালক খাজা নুরুদ্দীন সাহেবের মনিং নিউজ শুরু থেকেই জঘন্য প্রচারণা শুরু করে। দেশের যুবক, শিক্ষক, বুদ্ধিজীবী, বিশ্ববিদ্যালয়, শহরের সর্দ্দার সবাইকে রাষ্ট্রদ্রোহী, গুণ্ডা ইত্যাদি আখ্যা দিনের পর দিন দিয়ে যেতে লাগলো-এখানো দিচ্ছে। সারা দেশ এর বিরুদ্ধে প্রতিবাদ করা সত্ত্বেও সরকার এর কোন প্রতিকার করেন নি। পক্ষান্তরে সরকার মর্নিং নিউজের গল্পই বিশ্বাস করে তদনুযায়ী দমন নীতি চালিয়ে যান। এই পত্রিকাটিই বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ, অধ্যাপক, ছাত্র সবাইকে ষড়যন্ত্রকারী, রাষ্ট্রদ্রোহী বলে অতি জঘন্য ভাষায় গালি দেয়। সরকারও তা সমর্থন করেন। বিশ্ববিদ্যালয়ে বিরুদ্ধে এরূপ মিথ্যা অভিযোগের নজির ইতিহাসে আর নেই।

কোথায় কোন বিদেশী পত্রিকা কি বলেছে, কোথায় কোন সিপাহীকে কে বা কাহারা নিহত করেছে, তার বিচার না করে, দোষ চাপিয়ে দেওয়া হয়েছে রাষ্ট্রভাষা আন্দোলনের উপর। একথাও বলা হয়েছে যে নারায়ণগঞ্জেও 'জয়হিন্দ' ও যুক্ত বাংলার ধ্বনিও কেউ কেউ করেছিল।

আজ কিন্তু এ কথা দিনের আলোর মত পরিষ্কার হয়ে গেছে যে এই সব অভিযোগ, কটাক্ষ, দৃষ্টান্ত, মিথ্যা ও বানোয়াট এবং রাষ্ট্রভাষা আন্দোলনকে গলাটিপে মারার ষড়যন্ত্র ছাড়া আর কিছুই নয়। এতো প্রচার সত্ত্বেও কয়েকটি সরকারী ধামাধরা কর্মচারী আর মুসলিম লীগের কোন কোন সভ্য ছাড়া পূবর্ব পাকিস্তানের কোন ব্যক্তিই এসব কথা বিশ্বাস করতে পারেনি। গণপরিষদের দু'একজন সদস্য পরিষ্কার বলেছেন যে, রাষ্ট্রভাষা আন্দোলনের বিরুদ্ধে সরকার ও মুসলিম লীগের পক্ষ থেকে যেসব অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা। যারা বাস্তবিক পক্ষে রাষ্ট্রভাষা আন্দোলন চালিয়ে গেল তারা কোনদিন কম্যুনিষ্ট, রাষ্ট্রদ্রোহী বা বিদেশী দালালদের অস্তিত্ব ভিতরে বাইরে কোথায়ও খুঁজে পায়নি। সরকারও আজ পর্য্যন্ত একটি রাষ্ট্রদ্রোহীকে গ্রেফতার করে তাদের বহু উচ্চারিত ভাষণের পোষকতা করতে পারেননি। বিদেশী সাহয্যের কোন দলিল বা প্রমাণ আজ পর্য্যন্ত লোকসমক্ষে ধরতে পারেননি। রাষ্ট্রভাষা আন্দোলনে সংশ্লিষ্ট কোন ব্যক্তি পাহারারত কোন সিপাহীর হত্যার ব্যাপারে জড়িত হতে পারে এ কথা কোন বুদ্ধি ও বিবেকসম্পন্ন ব্যক্তি বিশ্বাস করতে পারে না। পাকিস্তানের বুকে দাঁড়িয়ে ''জয় হিন্দ'' বা ''যুক্ত বাংলা'' ধ্বনি উচ্চারণ করার মত দুঃসাহস কারো হতে পারে এ কথা কোন পাগলও বিশ্বাস করতে রাজী হবে না। অথচ নূরুল আমিন সাহেব ও তাঁর মুরবিব নাজিমউদদীন সাহেব অম্লান বদনে তা শুধু বিশ্বাসই করেননি, পরিষদ ভবনে ঐ মর্ম্মে বিবৃতিও দিয়েছেন। হলফ করে বলা যেতে পারে যে, তাঁরাও এ কথা অন্তরে বিশ্বাস করেন না কিন্তু ভাষা আন্দোলনের বিরুদ্ধে জনগণের মনে ঘৃণা সৃষ্টি করার জন্য তাঁরা নিজেরাই এ সমস্ত গল্প সৃষ্টি করে বারবার প্রচার করছেন- এটা তাঁদের স্বভাব। তাঁরা যেন বোঝাতে চান যে, গোটা পাকিস্তানটাই মূর্খের আবাসভূমি আর তাঁরা এবং তাঁদের কুক্ষিগত মুসলিম লীগ সমস্ত জ্ঞানের একমাত্র অধিকারী।

নির্ম্মম দমন নীতির মুখেও আজ পূবর্ব পাকিস্তানের সাড়ে চার কোটি নর-নারীর মুখে এই ধ্বনিই স্পন্দিত হচ্ছে যে, মুসলিম লীগ ও তার সরকার কোনদিনই জনগণের কোন দাবী মেটাতে পারেনি ও পারবে না। চিরদিন যারা মিথ্যার বেসাতি করে এসেছে তাদের কাছে জনগণ কিছুই আশা করতে পারে না-করেও না।

সেদিন পাকিস্তান গণপরিষদে রাষ্ট্রভাষার দরদীগণ যে নির্লজ্জ প্রহসনের পালা সাঙ্গ করলেন তার কালিমা ইতিহাসের পাতা হতে কোনদিনই মুছে যাবে না। সমগ্র জাতির ইতিহাস কলঙ্কিত হয়ে রইলো। যাঁরা বাংলা ভাষাকে ভালোবাসার ভান করে পরিষদের সোপারিশ প্রস্তাব পাশ করে জনগণকে আন্দোলন হতে বিরত থাকার নির্দ্দেশ দেন- তাঁরাই করাচী গিয়ে বোল বদলিয়ে মুরবিবদের খুশী করলেন। ফলে রাষ্ট্রভাষার দাবী অনির্দিষ্ট কালের জন্য চাপা রইলো। সমস্যাটি জরুরী নয়- পূবর্ব বাংলার তরুণ-প্রাণ মাতৃভাষার মর্য্যাদা প্রতিষ্ঠা করতে গিয়ে আত্মাহুতি দিয়েও সমস্যাটিকে জরুরী প্রমাণ করতে সক্ষম হয়নি। ইসলাম ও পাকিস্তানের নামে মুসলিম সংহতির নামে আমাদের ভাগ্যনিয়ন্তারা সমস্যার মোকাবেলা না করে ধামাচাপা দেবার সহজ পথই বেছে নিলেন।

পূবর্ব বাংলার প্রতিটি নাগরিক বুঝতে পারলো এ সমস্যার সমাধান তারা কখনও করবে না। এদিকে মুসলিম লীগের পাণ্ডারা কেউ কেউ দেশে ফিরে এসে এর কৈফিয়ৎ দিতে গিয়ে নতুন নতুন ভাঁওতা সৃষ্টি করলেন; জনসাধারণের ন্যায্য ও পবিত্র দাবী দাবিয়ে রাখার অপরাধের সাফাই গাইতে হবে ত!

পূবর্ব পাকিস্তানের জনগণ আজ জাগ্রত। বুলেটের সামনে বুক পেতে দিয়ে তারা জগতকে দেখিয়ে দিয়েছে যে সমগ্র জাতির ন্যায্য দাবী কোন স্বৈরাচারী সরকারই কোন হিংস্র উপায় অবলম্বনে দমিয়ে রাখতে পারে না। জীবন দিয়ে যে জাতি তার দাবীর সত্যতা ও পবিত্রতা প্রমাণ করেছে সে দাবীকে অগ্রাহ্য করবার সাধ্যি কারো নেই।

বন্ধুগণ, মুসলিম লীগ ও লীগ সরকারের কার্যাবলী আজ আয়নার মত আপনাদের চোখের সামনে-তার বিশ্লেষণ বা তফছিরের কোন প্রয়োজন নেই-বন্ধুবেশে এরা গত পাঁচ বছরে আমাদের জাতীয় জীবনকে বিষিয়ে তুলেছে-প্রত্যেকটি সমস্যাকে ধামাচাপা দেবার জন্য এরা চিরদিন চেষ্টা করে এসেছে। এত বড় একটা স্বতঃস্ফূর্ত্ত আন্দোলনের ভিতরও ভাঙ্গন ধরাবার জন্য এরা নানা অলীক ও মিথ্যা অভিযোগ সৃষ্টি করেছে, দালাল লেলিয়ে দিয়েছে, মানুষের মনে আতঙ্ক সৃষ্টি করেছে। সরকার ও মুসলীম লীগ জানে যে, পূবর্ব পাকিস্তানের জনগণ সমবেত কণ্ঠে তাদের বিরুদ্ধে রায় দিয়েছে, তাই কায়েমী স্বার্থ রক্ষার জন্যে তারা জনগণের বুকে দিয়েছে মারণ কামড়। যে উপায়ে হোক এ আন্দোলনকে দাবীয়ে দিতে পারলে-কিংবা অন্ততঃ ভাঙ্গন ধরাতে পারলেও তাদের খানিকটা লাভ। সেই লাভের আশায় তারা নতুন নতুন ফন্দী আবিষ্কার করে যাচ্ছেন। এদের অনেককে আমরা দেখেছি আন্দোলনের পুরোভাগে অংশগ্রহণ করে আন্দোলনকে বিপথগামী করার চেষ্টাও করেছেন। তা' না পেরে শেষে পাততাড়ি গুটিয়ে উল্টা সুর গাইতে শুরু করেছেন।

সবর্বদলীয় রাষ্ট্রভাষা পরিষদ দাবী জানিয়েছিল যে, সরকারের কার্য্যাবলী তদন্ত করার জন্য সরকারী ও বেসরকারী সদস্য দ্বারা গঠিত প্রকাশ্য তদন্ত কমিশন নিযুক্ত করা হোক। সে দাবী উপেক্ষা করে মাত্র একুশে তারিখের পুলিশের গুলীবর্ষণ আইনসঙ্গত হয়েছিল কিনা- এ ব্যাপারে তদন্ত করার জন্যে একটি গোপন তদন্ত কমিশন নিযুক্ত করা হয়েছে। বাইশে তারিখের ঘটনাবলী সম্পূর্ণ উপেক্ষা করা হয়েছে। একশ' চুয়াল্লি ধারা জারি করার কোন আইনসঙ্গত কারণ ছিল কিনা সে সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হবে না। অথচ এই নিষেধাজ্ঞাই সমস্ত দুর্ঘটনার জন্যে দায়ী। পূবর্ব পাকিস্তানের যেসব জায়গায় নিষেধাজ্ঞা জারি করা হয়নি সেখানে কোন গোলমালই ঘটেনি। সুতরাং কমিশন নিযুক্তির ব্যাপারেও সরকার যে জনগণকে ধোঁকা দিয়েছেন-তা স্পষ্ট বোঝা যায়। জনসাধারণ ও ছাত্র সমাজের দিক দিয়ে তদন্তের কোন মূল্যই নেই। তাই রাষ্ট্রভাষা কর্মপরিষদ এতে যোগদান করেনি।

কথা এখন মুসলিম লীগ ও লীগ সরকারকে নিয়ে নয়, কথা হচ্ছে এখন আমাদের নিয়ে। সরকার প্রচার করছে যে, মুসলিম লীগ ও সরকারের রোপিত 'বিষবৃক্ষ' ফল দিতে আরম্ভ করেছে- জনসাধারণ দমে গিয়েছে, ছাত্র সমাজও ভীত-সন্ত্রস্ত হয়ে পড়েছে। বাংলা ভাষার দাবী মেটাবার ভার মুসলিম লীগ ও সরকার গ্রহণ করেছে- কথাটা বিশ্বাস করতে ইচ্ছে হচ্ছে না। এত বড় একটা স্বতঃস্ফূর্ত্ত আন্দোলন কতকগুলি মিথ্যা ভাঁওতার চাপে দমে যাবে-যে জাতি জীবন দিতে শিখেছে সে জাতি সন্ত্রস্ত হয়ে পড়বে-এরূপ কল্পনা করা অন্যায়। সাময়িক প্রতিক্রিয়া বিশ্বাসপ্রবণ সরল মনে কিছুটা কুয়াশা সৃষ্টি করতে পারে কিন্তু তার অন্তরের অন্তঃস্তলে বাসা বাঁধতে পারে না। প্রয়োজন হলে সে আবার দাঁড়িয়ে উঠে, বুক ফুলিয়ে অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে তার স্বরূপ প্রকাশ করতে পারে।

বন্ধুগণ, জানি আপনাদের উপরও সরকারের আক্রোশ কম নয়-আপনারাও কম নির্যাতন ভোগ করেননি- কিন্তু তা সত্ত্বেও যে আজ এখানে সমবেত হয়েছেন এতেই স্পষ্ট প্রমাণিত হয় যে সরকারের বুজরগী ব্যর্থ ও বিফল হয়ে গিয়েছে। তারাই যে পাকিস্তান ও ইসলামের একমাত্র রক্ষক আর পূবর্ব পাকিস্তানের জনসাধারণের মনে পাকিস্তান ও ইসলামের জন্যে বিন্দুমাত্র দরদ নেই- এ কথা বলে যে দুর্বিষহ অপমানের ভার আমাদের ঘাড়ে

চাপিয়ে দেয়- তার প্রতিবাদের দিন এসেছে। আপনারা প্রমাণ করে দিন- যারা ইসলাম ও পাকিস্তানের একমাত্র জিম্মাদার বলে দাবী করে- তরা ভণ্ড। পাকিস্তানের অস্তিত্ব তাদের অনুগ্রহ-নিগ্রহের উপর নির্ভর করে না- পাকিস্তান বেঁচে থাকবে, আর তার কোটি কোটি বাসিন্দা নিজেদের অধিকার নিয়ে বেঁচে থাকবে- তাদের অন্তরের দৃঢ় বিশ্বাস, শক্তি ও সামর্থ্যের জোরে।

রাষ্ট্রভাষা সমস্যাই আমাদের একমাত্র সমস্যা নয়। বহু ছোট-বড় সমস্যা আমাদের জীবনে মাথাচাড়া দিয়ে উঠেছে- তারও সমাধানের প্রয়োজন। সমগ্র জাতিকে সংঘবদ্ধ করে এসব সমস্যার সমাধান আমাদের নিজেদেরকেই করতে হবে, কারণ রাষ্ট্র আমাদের। কিন্তু তার জন্যে চাই শৃঙ্খলা, একাগ্রতা ও আন্তরিকতা। আপনারা শক্তি অর্জন করুন, প্রতিটি মানুষের প্রাণে দেশাত্মবোধ, জীবন ধারণের প্রয়োজন বোধ জাগিয়ে তুলুন। ঘরে ঘরে একই আওয়াজ তুলুন- ‘‘আমাদের দাবী মানতে হবে।’’

আমাদের সংগ্রাম এক দিনের নয়। যে প্রতিক্রিয়াশীল নেতৃত্ব বর্ত্তমানে আমাদের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলছে তারা সহজে কাবু হবার নয়-তাড়াহুড়া করে হৈচৈ করে বা শৃঙ্খলা ভঙ্গ করে আমাদের কাজ উদ্ধার হবে না দীর্ঘমেয়াদী সংগ্রামের নীতি অবলম্বন করে ধীরে ধীরে আন্দোলনকে এগিয়ে নিতে হবে। হট্টগোল করে যেন এর গুরুত্ব আমরা নষ্ট না করি এদিকে লক্ষ রাখতে হবে। ধীর বিচারবুদ্ধির একান্ত প্রয়োজন। আপনারা সারা পূবর্ব পাকিস্তানের প্রতিনিধিত্ব করেন। সারা দেশ আপনাদের দিকে চেয়ে আছে। ভবিষ্যৎ কর্মপন্থী আপনারা নির্ধারণ করুন। প্রত্যেক শহরে, মহকুমায়, থানায় গ্রামে কর্মপরিষদ গঠন করে তুলুন। -এই হবে আপনাদের আন্দোলনের দ্বিতীয় অধ্যায়। আর আওয়াজ তুলুন :

রাষ্ট্রভাষা বাংলা চাই

বন্দীদের মুক্তি চাই।’’

পাকিস্তান জিন্দাবাদ

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাভাষার পক্ষে ইসলামী ভ্রাতৃসংঘের ঘোষণা	ইসলাম ভ্রাতৃসংঘ	মে-১৯৫২

ইসলাম, ভাষা সমস্যা ও আমরা

ইসলামী ভ্রাতৃসংঘ

ইসলামী ভ্রাতৃসংঘের প্রচার দপ্ত
৬নং নয়া পল্টন, ঢাকা হইতে প্রকাশিত
●
'আমাদের প্রেস'
১৯নং আজিমপুর রোড হইতে মুদ্রিত।

২১শে ফেব্রুয়ারী পূর্ব পাকিস্তানের গণজাগরণের ইতিহাসে অবিস্মরণীয় দিন। পূর্ব বাংলার সাড়ে চার কোটি অধিবাসী এইদিন দৃপ্ত শপথ গ্রহণ করেছে : বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে সুপ্রতিষ্ঠিত করতেই হবে।

কিন্তু কেন এই দাবী? সাড়ে চার কোটি অধিবাসীর প্রাণের পরতে পরতে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবী প্রতিধ্বনিত হয়ে উঠল কোন যুক্তির ভিত্তিতে?

সে যুক্তি একটি নয়, দু'টি নয়, অগণিত। ইসলামী ভ্রাতৃসংঘ বিশ্বাস করে, জনসাধারণের সেই সব যুক্ত ইসলামের আলোকে সুপ্রতিষ্ঠিত।

প্রতিটি নাগরিকের দেহ এবং মনের সর্বাংগীণ বিকাশ ইসলামী রাষ্ট্রে সর্বপ্রধান লক্ষ্য। ইসলামী ভ্রাতৃসংঘ দৃঢ়ভাবে বিশ্বাস করে, মাতৃভাষার সাহায্য ছাড়া এ বিকাশ সাধন করা একেবারেই অসম্ভব। পৃথিবীর প্রত্যেকটি দেশে জাতীয় উন্নয়নের প্রাথমিক কাজ শুরু হয়েছে মাতৃভাষার উন্নতিসাধনের মধ্যদিয়ে। আমাদের প্রিয় নবী হযরত মোহাম্মদ (দঃ) আবির্ভাবের সময় হিব্রু ভাষা পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদশালী ভাষা হিসেবে পরিগণিত হতো; কিন্তু সাধারণ মানুষের বোধগম্য হওয়ার জন্যই অপেক্ষাকৃত সহজ ভাষা আরবীতে পবিত্র কোরান শরীফ নাজেল হয়। আরবীর পরিবর্তে সেদিন যদি অন্য কোন ভাষায় কোরান শরীফ নাজেল হতো তবে আরববাসীদের পক্ষে ইসলামের বাণী অতি অল্প সময়ে গ্রহণ করা সম্ভব হতো না। পূর্ব পাকিস্তানে সত্যিকার ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হলে ঠিক তেমনি করে মাতৃভাষার মাধ্যমে আজ ইসলামী সমাজবাদের বাণী পূর্ব-পাকিস্তানের প্রতিটি ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। মাতৃভাষা ছাড়া অন্য কোন ভাষার মাধ্যমে এ চেষ্টা করার অর্থ হবে আমাদের অগ্রগতি ব্যাহত করা।

ইংরেজ আমলে বাংলাদেশে মুসলমানদের রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন হিন্দুদের তুলনায় ঘোর পশ্চাৎপদ ছিল। এর একমাত্র কারণ, ইংরেজ বাংলায় শাসন-বিস্তারের সাথে সাথেই মুসলমানদের মধ্যে ভাষা-সংকট সৃষ্টি করে। রাজভাষা ফারাসীকে বিতাড়িত করে ইংরেজরা সেখানে নিয়ে এল ইংরেজী। সদ্য আজাদীহারা মুসলমানদের ইংরেজী ভাষার প্রতি অবহেলা এবং সর্বব্যাপী অসহযোগিতা ও অজ্ঞানতার সুযোগ

নিয়ে প্রতিবেশী হিন্দু সমাজ স্বাভাবিকভাবেই অল্প কিছুদিনের মধ্যেই শিক্ষা-সংস্কৃতিতে মুসলমান সম্প্রদায়কে অতিক্রম করে গেলেন।

এদিকে মুসলমানদের অবস্থা কি? তাঁরা হয়ে রইলেন 'না ঘরকা না ঘাটকা।' বাংলাভাষাও ভাল করে চর্চা করলেন না, ইংরেজীকেও বয়কট করলেন। ভারতের শিক্ষা-সংস্কৃতির ধারক ও বাহক বিরাট মুসলিম জাতি অশিক্ষিত মৎসজীবীর পর্যায়ে নেমে আসতে বাধ্য হলেন।

অন্যদিকে একদল ''শেরিফ'' সম্পূর্ণভাবে বাংলাভাষাকে বর্জন করবার জন্য সচেষ্ট হয়ে উঠলেন। একদিকে ইংরেজী বর্জন, অন্যদিকে ''শেরিফ'' দের বাংলা বর্জন করে উর্দু প্রচলিত করার প্রচেষ্টায় যে বিপর্যয় দেখা দেয় তাতে সাধারণ মুসলমানদের শিক্ষা-সংস্কৃতি ও অগ্রগতি মারাত্মকভাবে ব্যাহত হয়।

কিন্তু আস্তে আস্তে অবস্থার পরিবর্তন সূচিত হলো। বিশেষ করে গত ত্রিশ বছর ধরে এই অবস্থার অনেকটা পরিবর্তন এসেছে। শিক্ষিত মুসলিম সমাজ ধীরে ধীরে মাতৃভাষার কদর বুঝতে শিখেছেন এবং ক্রমে ক্রমে বাংলা সাহিত্যের সাধনায় মুসলমানদের ব্যাপক অনুপ্রবেশ নিশ্চিত পথে অগ্রসর হচ্ছিল। বাংলা-ভাষাভিত্তিক একটি মধ্যবিত্ত মুসলমান সমাজও বাংলাদেশে গড়ে উঠল। সরকারী চাকুরী, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কৃষি ইত্যাদি সব ক্ষেত্রেই বাংগালী মুসলমানের ক্রমোন্নতি লক্ষ্য করা গেল এবং বলাই বাহুল্য, এই নবগঠিত মুসলিম মধ্যবিত্ত সমাজের শিক্ষা-সংস্কৃতি ও কৃষ্টি-সভ্যতার বাহন হল বাংলা-উর্দু বা ইংরাজী নয়।

এরপর এল দেশ বিভাগ। অত্যন্ত স্বাভাবিকভাবেই এদেশের সাড়ে চার কোটি জনসাধারণ আশা করে যে, স্বাধীনতাপ্রাপ্তির সাথে সাথে বাংলা ভাষার মাধ্যমে পূর্বপাকিস্তানের উন্নয়ন আরও ব্যাপক ও সর্বাত্মক হয়ে উঠবে। যে ভাষার মাধ্যমে ইতিমধ্যেই একটি মধ্যবিত্ত সমাজ গড়ে উঠেছে, সেই ভাষাকে কেন্দ্র করেই পূর্ব পাকিস্তানে সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়ন চলবে, এটা অত্যন্ত ন্যায়সংগত ও স্বাভাবিক কথা; কিন্তু এখানেও একটা সংকটের সৃষ্টি করা হয়েছে। ইংরেজ সরকার বাংলাদেশের শাসন হাতে নেবার সাথে সাথেই যেভাবে ভাষা-সংকটের সৃষ্টি করে, এবারেও তার ব্যতিক্রম হচ্ছে না। ইংরেজ ফারসী তাড়িয়ে আমদানী করেছিল ইংরেজী, এবার বাংলাকে হটিয়ে দিয়ে আমদানী করার কথা চলছে উর্দু।

পৃথিবীর কোন দেশের ইতিহাসে বহিরাগত রাষ্ট্রভাষার স্থায়িত্বের নজীর নেই। ইরান ও তুরস্কের ইতিহাসে এর প্রমাণ আমরা পেয়েছি। এই ভারত ও পাকিস্তানেও ইংরেজী শিখে বহু ভারতীয় যশের শিখরে আরোহণ করেছেন সত্যি কথা, কিন্তু ইংরেজ চলে যাবার সাথে সাথে ইংরেজী ভাষাকেও এদেশ থেকে পাততাড়ি গুটাতে হচ্ছে। তার স্থান দখল করতে যাচ্ছে ভারতে হিন্দী এবং পাকিস্তানে বাংলা ও উর্দু।

বাংলাভাষাকে রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে একশ্রেণীর লোকের কাছে একটা সস্তা যুক্তি প্রায়ই শুনতে পাওয়া যায়। সেটা হচ্ছে এই যে, বাংলা সংস্কৃতি ভাষা থেকে উৎপন্ন ও হিন্দু সাহিত্যিকদের দ্বারা পরিপুষ্ট বলে এই ভাষা ইসলামী ভাবধারা প্রচারের উপযোগী নয়। যাঁরা এই যুক্তি দেখিয়ে থাকেন, তাঁদের জানা আছে (এবং না জানলে জানা উচিত) যে ভারত ও পাকিস্তানের প্রায় প্রত্যেকটি প্রধান ভাষা অল্পবিস্তর সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন। উর্দু ভাষায় অজস্র সংস্কৃত শব্দের অস্তিত্ব সম্বন্ধে কারুর কোন সন্দেহ আছে কি? যদি না থাকে তাহলে কি উর্দু ভাষার জাত খোয়া গেছে বলতে হবে? আমাদের প্রশ্ন, পবিত্র কোরান শরীফ যে সময় অবতীর্ণ হয়, সে সময় আরবী ভাষা কাদের ভাষা ছিল? পুতুল-পূজারী পৌত্তলিক নাসারাদের নয় কি? যদি তাই হয়, তাহলে আরবী ভাষাকে পবিত্র ভাষায় মর্যাদা দেওয়া হয় কেন? আসলে, ভাষা ভাবপ্রকাশের বাহন মাত্র। ভাব যদি সমৃদ্ধ হয় এবং ভাষা যদি শক্তিশালী হয়, তাহলে যে কোন সমৃদ্ধ ভাবধারা যে কোন শক্তিশালী ভাষায় প্রকাশ করা চলবে। বাংলা ভাষা পৃথিবীর পঞ্চম বৃহৎ ভাষা- এই ভাষায় যদি ইসলামী ভাবধারার প্রচার ও প্রসার ঘটা অসম্ভব হয়, তাহলে বুঝতে হবে, হয় বাংলা ভাষা দুর্বল, নয় ইসলামী ভাবধারারই দুর্বলতা রয়েছে; কিন্তু এ দুয়ের যে কোন একটি স্বীকার করে নেবার প্রগলভতা কারুর আছে কি?

উর্দু ভাষাকে ইসলামী ভাবধারার অন্যতম বাহন বলা হয়ে থাকে; কিন্তু প্রশ্ন করতে পারি কি, এই উর্দু ভাষাতেই নিরীশ্বরবাদী কম্যুনিষ্ট কাব্য সাহিত্যের প্রচার সম্ভব হচ্ছে কি করে? উর্দু ভাষা যদি এতই সাফ-সুতরা ও পাক-পবিত্র হবে, তাহলে সে ভাষায় কম্যুনিষ্ট সাহিত্য রচনা করা হচ্ছে কেন? বস্তুতঃ বাংলা ইসলামী ভাবধারা প্রচারের অনুকূল ভাষা নয় বলে যাঁরা মতামত দেন, তাঁদের দৃষ্টিশক্তি নিতান্তই একপেশে। ইসলামী ভাবধারা তার নিজস্ব আদর্শের দীপ্তিতে সমুজ্জ্বল। পৃথিবীর যে কোন ভাষায় যে কোন যুগে সার্থক রূপায়ণ চলতে পারে।

বাংলাভাষার ইতিহাস আলোচনা করলে এ সত্য পরিস্ফুট হয়ে উঠবে। বাংলাভাষার প্রাথমিক বিস্তারের মূলে ছিলেন মুসলমান, হিন্দুরা নয়। তৎকালীন বাংলা ভাষায় প্রচুর আরবী-ফারসী শব্দের অস্তিত্ব ছিল। নবাব হোসেন শাহের আমলে প্রধানতঃ মুসলমান কবি-সাহিত্যিকদের প্রচেষ্টায় বাংলা সাহিত্যের শ্রীবৃদ্ধি ঘটে। বাংলা ভাষা ও সাহিত্যের সংস্কৃত-ঘেঁষা রূপ অতি অল্পদিনের ঘটনা। বিদ্যাসাগরই প্রথম বাংলা ভাষা থেকে আরবী ফারসী শব্দের প্রায় বিলোপ সাধন করেন এবং সংস্কৃত ব্যাকরণের উপর ভিত্তি করে বাংলা ভাষার রূপ দেন। বলা বাহুল্য, বিদ্যাসাগরের সংস্কৃত সাধন-ঘেঁষা বাংলা আজ হিন্দুসমাজও ব্যবহার করেন না। ভাব ও সংস্কৃতির বিবর্তনের সাথে সাথে বাংলা ভাষায়ও বিবর্তন এসেছে- এই বিবর্তনের মুখে কাজী নজরুল ইসলামের আরবী-ফারসী মধুর আমেজ দেওয়া কাব্য ও ছন্দের রাজা সত্যেন্দ্রনাথ দত্তের আরবী-ফারসী শব্দের সুষ্ঠু প্রয়োগবিশিষ্ট কবিতা বাংলা সাহিত্যের সম্পদ বৃদ্ধি করেছে। পাকিস্তানের প্রতিষ্ঠা পূর্ববাংলার মুসলমানদের মনোজগতে এক বিরাট ভাববিপ্লবের সৃষ্টি করেছে। সংস্কৃতির ক্ষেত্রে জোরজবরদস্তি যদি না করা হয় এবং উপর থেকে কোন কিছু চাপিয়ে দেবার কোন চেষ্টা যদি না হয়, তাহলে বাংলা ভাষা উর্দু ভাষা থেকেও তার আহরণী-প্রতিভার পরিচয় দেবে, নিঃসন্দেহে এ আশা আমরা করতে পারি।

আমরা স্পষ্ট ভাষায় বলতে চাই, বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে দাবী করতে গিয়ে আমরা হীন প্রাদেশিকতার মনোভাবকে প্রশ্রয় দিচ্ছি না। আমরা বিশ্বাস করি, গোষ্ঠীগত ও দেশগত রূপ ছাড়াও প্রত্যেক মুসলমানের একটি বিশ্বজনীন রূপ আছে- প্রাদেশিকতার পঙ্কিলতায় নিমগ্ন হয়ে আমরা ক্ষুদ্র ও সংকীর্ণ দৃষ্টভংগীর পরিপোষকতা করার বিরোধী। সাথে সাথে একথাও বলে রাখা দরকার যে উর্দুকে অন্যতম রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে আমাদের কোন বক্তব্য নেই। বরং আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, পশ্চিম পাকিস্তানের সাথে ভাববিনিময়ের প্রয়োজনে আমাদের উর্দু শিখতে হবে। তাই অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে উর্দুর দাবীও আমরা সমর্থন করি।

ইসলামী রাষ্ট্র পাকিস্তানে একের বেশী দুইটি রাষ্ট্রভাষার অস্তিত্ব থাকলে জাতির ঐক্যে ফাটল ধরবে, কেউ কেউ এই অভিমতও পোষণ করে থাকেন। বলা বাহুল্য, এ যুক্তিও ইসলামের আলোকে মেনে নেওয়া চলে না। ঐক্য (**ঁহরঃ**) ও সমতা (**ঁহরভড়ৎসরঃ**) এক হবে, একই ভাষায় কাজ-কারবার করতে হবে, একই ধারায় চিন্তা করতে হবেথ-এ যুক্তি ইসলামের দৃষ্টিতে সম্পূর্ণ অচল। বৈচিত্র্যের মধ্যে মিলন- ইংরেজীতে যাকে বলা হয়,ঁ**হরঃ রহ ফরাবৎংরঃ**-সেই লক্ষ্যে পৌঁছানোই ইসলামের আদর্শ। একমাত্র সাধারণ আদর্শ ও জীবন-নীতির মাধ্যমেই একটি জাতিকে একতাসূত্রে আবদ্ধ করা যেতে পারে। পাকিস্তানের সংগ্রামে ভারতের বিভিন্ন প্রদেশ থেকে বহু ভাষা-ভাষী মুসলমানের এগিয়ে এসেছিলেন। বাংলাদেশে লীগ ও পাকিস্তানের প্রচার চলেছিল বাংলা ভাষাতেই, মাদ্রাজে মাদ্রাজীতে, উড়িষ্যায় উড়িয়াতে। এতে পাকিস্তানের দাবী দূর্বল না হয়ে বরং জোরালোই হয়েছিল। পাকিস্তান সংগ্রামের অভাবিতপূর্ব সাফল্যের অন্যতম কারণ ছিল এই যে, ভারতের বিভিন্ন প্রদেশের মুসলমানেরা আকৃতিগত, প্রকৃতিগত এবং ভাষাগত বিভেদ সত্ত্বেও একই আদর্শের পতাকাতলে সমবেত হতে পেরেছিলেন। আজ পাকিস্তান অর্জিত হওয়ার পর বাংলা-পাঞ্জাব-সিন্ধু-বেলুচিস্তান-সীমান্ত প্রদেশের মুসলমানেরা যদি সমান প্রেরণা নিয়ে হুকুমাতে রববানিয়াৎ প্রতিষ্ঠার সংগ্রামের এগিয়ে আসেন, তাহলে ভাষার বিভিন্নতা, প্রাকৃতিক দূরত্ব এবং অন্যান্য অসুবিধা কোন প্রতিবন্ধকতার সৃষ্টি করতে পারবে না। তা-ছাড়া আমরা বিশ্বাস করি আজকের যুগের ভাষার মাধ্যমে নয় বরং একমাত্র আদেশের মাধ্যমেই পাকিস্তান ঐক্যবদ্ধ ও শক্তিশালী রাষ্ট্র হিসেবে দুনিয়ার বুকে বেঁচে থাকতে পারবে। পশ্চিম পাকিস্তানের ভাইরা যদি বাংলা শেখেন এবং পূর্ব পাকিস্তানের জনসাধারণ

উর্দূ শেখেন তাহলে উভয় অংশের জনগণ একে অপরের ভাবধারা, সুখ-দুঃখ, সাহিত্য ও সংস্কৃতির সংগে পরিচিত হতে পারবেন এবং উভয় অংশের জনসাধারণের মধ্যে ঐক্য সুদৃঢ় ভিত্তির উপর স্থাপিত হবে।

তাই উপসংহারে এ কথা দ্ব্যর্থহীন ভাষায় আমরা ঘোষণা করতে চাই যে, বাংলাভাষা আন্দোলন পাকিস্তানের ঐক্যে ফাটল ধরায়নি বরং এক ঐক্যবদ্ধ ও শক্তিশালী পাকিস্তান প্রতিষ্ঠার পথে এ আন্দোলন আমাদের এগিয়ে দিয়েছে।

ইসলামী ভ্রতৃসংঘ ও রাষ্ট্রভাষা আন্দোলন

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার সপক্ষে উপরে যেসব যুক্তি দেওয়া গেল, ইসলামী ভ্রাতৃসংঘের কর্মীবৃন্দ মনেপ্রাণে তা বিশ্বাস করে বলেই সাংগঠনিক সমস্ত অসুবিধা অপেক্ষা করেও কর্মীরা রাষ্ট্রভাষা আন্দোলনে অংশগ্রহণ করেছিলো।

এই আন্দোলনে কারাবরণ ও নির্যাতনের সম্মুখীন হতে তারা মোটেই দ্বিধাবোধ করেনি।

আমরা বিশ্বাস করি, প্রাদেশিকতার সংকীর্ণ মনোবৃত্তি বা উর্দু ভাষাভাষীদের প্রতি কোনরকম বিদ্বেষের মনোভাব ভাষা আন্দোলনের জন্মদান করেনি। গভীর দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়েই পূর্ব-পাকিস্তানের সাড়ে চার কোটি জনসাধারণ বাংলাকে আজ পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার জন্য সংগ্রাম আরম্ভ করেছেন।

মহান উদ্দেশ্যে অনুপ্রাণিত হয়ে যে আন্দোলন আরম্ভ হয়েছে তাকে পার্টিগত বা ব্যক্তিগত স্বার্থের কুক্ষিগত করার প্রচেষ্টার বিরুদ্ধে ইসলামী ভ্রাতৃসংঘ রুখে দাঁড়াবে।

ইসলামী ভ্রাতৃসংঘ বিশ্বাস করে, রাষ্ট্রভাষা আন্দোলনকে যারা রাষ্ট্রভাসানো আন্দোলনে পরিণত করতে চায় তাদের বিরুদ্ধে সদাজাগ্রত প্রহরীরূপে কাজ করে যাবেন পূর্ব-বাঙ্গলার প্রতিটি সন্তান।

তাই বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার কাজে সহায়তা করার জন্য পাকিস্তানের প্রতিটি কল্যাণকামী সাহিত্যিক, বুদ্ধিজীবী ও শ্রমজীবীকে আমরা উদাত্ত আহবান জানাই।

শিরোনাম	সূত্র	তারিখ
রাষ্ট্রভাষা আন্দোলনকালে মিছিলে গুলিবর্ষণের ঘটনার ওপর জাষ্টিস এলিসের রিপোর্ট	পাকিস্তান সরকার	২৭শে এপ্রিল, ১৯৫২

Report of the Enquiry into the Firing by the police at Dacca on the 21st February 1952, by the Hon'ble Mr. Justice Ellis of the High Court of Judicature at Dacca.

GOVERNMENT OF EAST BENGAL
HOME (POLICE) DEPARTMENT

RESOLUTION
No. 2148PL, doled the 3rd June, 7952.

READ—Government Notification No. 943-PL., dated the 13th March, 1952, stating that with regard to the firing that took place at Dacca on the 21st February 1952, an enquiry should be held by a Judge of the Dacca High Court, to be nominated by the Hon'ble the Chief Justice, to ascertain whether—

(i) The firing by the police was necessary; and

(ii) The force used by the police was justified in the circumstances of the case.

READ—The Report, dated the 27th May, 1952, submitted by the Hon'ble Mr. Justice T. H. Ellis, who was nominated by the Hon'ble the Chief Justice and appointed by Government to hold the enquiry.

The Government of East Bengal are pleased to accept the findings of the Enquiring Judge that-

(i) The firing by the police was necessary;

(ii) The force used by the police was justified in the circumstances of the case.

Ordered that a copy of the Resolution be forwarded to the Enquiring Judge, the Hon'ble Mr. Justice T. H. Ellis, for information.

Ordered also that copy of the Resolution together with a copy of the Report be forwarded to the Commissioner of the Dacca Division and the Inspector General of Police, East Bengal, for information and necessary action.

Ordered further that the Resolution together with the Report be published in an extraordinary issue of the "Dacca Gazette".

AZIZ AHMED
C'hipf Secretary

FROM:

THE HON'BLE Mr. JUSTICE ELLIS.
HIGH COURT OF JUDICATURE.
DACCA.

To:

THE CHIEF SECRETARY.

To THE GOVERNMENT OF EAST BENGAL.

DACCA

Dated Dacca, the 27th May. 1952

Sir,

1 have the honour to submit herewith, my report on the Firing by the Police at Dacca on the 21st of February, 1952. in pursuance of Notification No 943PL. dated the 13th March, 1952, published in the Dacca Gazelle. Extraordinary, dated the 13th March, 1952.

1 have the honour to be.

Sir,
Your most obedient servant,
T H. ELLIS

Report of the Enquiry into the FIRING BY THE POLICE AT DACCA on the 21st February, 1952, in pursuance of Notification No. 943PL,, dated the 13th March. 1952. published in the Dacca Gazette, Extraordinary, dated the 13th March, 1952, by the Hon'ble Mr. Justice Ellis of the High Court of Judicature at DACCA.

I. On the 31sc of January. 1952. a Committee styled the "All-Party Committee of Action" was formed in order to direct the agitation which was being carried on in East Bengal for the inclusion of Bengali as a State Language. This Committee claimed to guide and control the agitation and announced through the medium of the Press that a mammoth demonstration would be staged in Dacca on the 21st of February. 1952 and called for a complete hartal on that date. The East Bengal Legislative Assembly would be in Session on the 21st of February. 1952. and the Provincial Muslim League Council had also arranged to hold a meeting on that date. In the circumstances the District Magistrate of Dacca apprehended that there might be a breach of the pcace and disturbance of public tranquility in the city; accordingly at about 5 o'clock in the afternoon of the previous day the 20lh of February, 1952, he duly promulgated an order under section 144 of the Code of Criminal Procedure prohibiting processions, demonstrations and the assembly of 5 or more persons in any public place or thoroughfare in the city except with the prior permission of the District Magistrate. The order was promulgated by beat of drum

throughout the city; a publicity van broadcast it through the microphone and copies were given to the various newspapers. Police arrangements were made to meet the expected emergency and by 7-30 a.m. on the 21st of Februrary 1952, the Control Room was manned and dispositions were made of the police forces in accordance with these arrangements. Reports were received at the Control Room and at the various police stations from an early hour in the morning that attempts were being made to enforce the hartal by closing down shops interfering with vehicular traffic and compelling passengers to dismount from buses, taxis, rickshaws and hackney carriages. Throughout the day the situation deteriorated and ultimately the Police opened fire at 3-20 p.m. at the Medical College gate with the result that one person was killed on the spot and three others subsequently succumbed to the injuries they received. One of the persons killed was a student named Abul Barkat.

2. On Thursday, March 13, 1952, a notification, being Notification No. 943-PL, dated the 13th March, 1952, was published in the Dacca Gazette, Extraordinary of that date
The notification is in the following terms :-

"With regard to the firing by police that took place in Dacca on the 21st February. 1952, the Government of East Bengal have decided that an enquiry should be held by a Judge of the Dacca High Court to be nominated by the Hon'ble the Chief Justice. The terms of reference of the enquiry are as follows

To enquire and report—

(i) whether the firing by the police was necessary, and

(ii) whether the force thus used by the police was justified in the circumstances of the case or whether it was in excess of that necessary to restore order.

The enquiry shall be held in camera. The Enquiring Judge may at his discretion permit Advocates to assist him in the conduct of the enquiry.

The enquiry shall start on a date to be fired by the Enquiring Judge and shall be completed as soon as possible."

3. This notification recited that the Government of East Bengal had decided that the enquiry should be held by a Judge of the Dacca High Court nominated by the Hon'ble Chief Justice. Thereafter, I received a copy of an order, dated the 17th of March,1952, from His Excellency the Governor of East Bengal, directing that I should hold the enquiry. The order runs as follows:-

"His Excellency the Governor of East Bengal is pleased to direct the Hon'ble Mr. Justice T. H. Ellis, a Judge of the High Court of Judicature at Dacca to hold an enquiry into the firing by the police at Dacca on the 21st February, 1952, as required under Notification No. 943-PL., dated the 13th March, 1952, published in the Dacca Gazette. Extraordinary, dated the 13th March 1952.

A. O. RAZIUR RAHMAN
Secretary to the Governor of East Bengal

4. On receipt of the order I issued the following notice :-

NOTICE

"Statements in writing, preferably typewritten, of facts relevant to the firing by the Police at Dacca on the 21st of February, 1952, are invited from members of the public, members of the University, student groups or organisations from the Provincial Government and any other parties concerned.

The statements should be accompanied by a list of the full names and addresses of the witnesses cited in their support.

The statements should be addressed to the Hon'ble Mr. Justice Ellis at the High Court, Dacca, and should reach him on or before the 31st March, 1952."

T. H. ELLIS,

Judge, High Court, Dacca.

20-3-1952.

The notice was given wide publicity by publication in the Provincial newspapers and by broadcast announcement over Radio Pakistan.

5. The notice invited statements in writing from persons in a position to speak to facts relevant to the firing by the Police on the 21st of February 1952. In all I received 28 communications and of those 28 communications one related to the events of the 22nd of February, 1952, which did not fall within the scope of my enquiry and therefore did not call for consideration. Eleven of the communications were received from persons who thought that the firing by the Police was not warranted by the circumstances of the case. Two of the communications came from the convenor of the All-Party State Language Committee and from the acting General Secretary, East Pakistan Youth League respectively. They forwarded resolutions of those associations announcing that they did not propose to take part in the enquiry inasmuch as they objected to its scope and limitation. An anonymous petition purporting to come from the students and public complained that the students leaders and the leaders of the public who were aware of the material facts had been kept in jail and thus were not in a position to make any statements relevant to the Police firing. One communication was a letter signed by one Syedul Huq of Mymensingh who asked me to send his letter to the Press for publication. It appeared that he was labouring under a personal grievance, had a private axe to grind and was anxious for a little free and safe publicity. One statement in Bengali, dated the 28th March 1952, was received from a student of the Dacca College by name Mohd. Abdul Matin, but he subsequently withdrew in a letter of the 9th April, 1952 that statement on behalf of himself and the witnesses he had cited. A statement was sent by one Aktaruddin, President of the All East Pakistan Muslim Students' League, 24, S.M. Hall, Dacca, on the 27th of March, 1952. It did not reach me till the 1st of April 1952, one day after the date appointed for the reception of statements. I accepted it, however, as it had been despatched on the 27th of March, 1952. It contained the surprising statement that a

written order to fire was handed over to the Police officials from a private car from Burdwan House. It was accompanied by a letter expressing the students' mortification at the limited scope of the enquiry and then apprehension that it would prove impossible-or had been made impossible for me to gather the true facts of the occurrence.

6. The principal statement of the communicants who objected to the Police firing was received from one Dewan Harun Md. Maniruddin, a student of the Jagannath College, Dacca. He was the only person who claimed to have personally witnessed the Police firing. He submitted one statement on the 21st March, 1952, in which he gave the names of 5 witnesses but followed it up two days later by another statement, dated the 23rd of March, 1952, shorter but substantially on the same lines-in which he added the names of 17 more witnesses.

7. Sixteen statements were received from persons who complained that they had been the victims of lawlessness on the part of the student body on the 21st February, 1952. Some of them were bus conductors, drivers and rickshawalas, who had apparently gathered the impression that one of the functions of the enquiry was to assess damages and award compensation to persons whose vehicles had been damaged. The principal statement in justification of the firing was that submitted by the Government of East Bengal to which a list of 21 persons was attached as witnesses in a position to give evidence material to the enquity.

8. I considered it desirable to secure the statements of all the persons whose names had been given in the various statements submitted and accordingly had notices issued or requiring requesting them to attend the enquiry for that purpose. The addresses proved insufficient to reach 8 of the persons whose names had been given and so no notice could
be served upon them. Seven of those who actually did receive notice did not put in an appearance. They replied either declining to give evidence or explaining that they were not in a position to give any evidence material to the scope of the enquiry.

9. The Government notification of the 13th March, allowed me at my discretion to permit Advocates to assist me in the conduct of the enquiry. Mr. Hamoodur Rahman appeared with my permission on behalf of certain of the Government officers concerned in the enquiry. No other Advocate applied for permission to appear, nor did any other party ask to be represented by an Advocate. Though the Government of East Bengal had submitted a statement it did not consider itself a party to the enquiry and was not legally represented. At my request, however, Mr. Syed Abdul Ghani appeared as appointed by Government to assist me in the enquiry.

10. The hearing in camera should have commenced on the 7th April, 1952, but on that date it proved impossible to examine any witness as certain preliminary arrangements were not completed in time. The examination of witnesses actually commenced on the 8th of April.

11. Witnesses whose statements were in support of the police claim that the firing was justified and was not in excess were examined on the 8th, 9th, 10th, 15th, 16th, 17th and 18th of April, i.e., for 7 days. Witnesses whose names figured in the statements

disapproving of the firing were examined on the 21st, 22nd, 24th, 25th, 26th, 28th and 30th of April, i e., for a similar period of 7 days. After the statements of the witnesses had been recorded two days were taken up in argument. Mr. Hamoodur Rahman presented the case for his clients on May 2nd, and Mr. Abdul Ghani argued his case on May 3rd. After the enquiry was concluded, although familiar with the topography of the scene of the firing I visited the locality to refresh my memory as to the position and lie of the buildings and landmarks figuring in the enquiry and to see for myself the bullet marks on the Medical College hostels.

12. Witnesses' statements recorded in the enquiry may conveniently be divided into 5 classes. The first class consists of official witnesses-1 to 21 and witness No. 36, Ashraf Ali Wahidi, a photographer attached to the firm of Messrs. Zaidi & Co., who took photographs at the instance of the police after the occurrence was over.

	Witness No.
Mr. Md. Idris, P.S.P., S.P., Dacca	1
Mr. S.H. Quraishi, C.S.P., District Magistrate, Dacca ...	
Mr. A.Z. Obaidullah, D.I.-G., Dacca Range	2
Mr. Md. Siddique Dewan, D.S.P., City, Dacca	3
Mr. Nuruddin Ahmed, S.D.O., Sadar South, Dacca	4
Mr. Masood Mahmood, P.S.P., Additional S.P., City, Dacca	5
পাক-বাংলার সাহিত্য-সংস্কৃতিসেবীদের প্রতি যত উপেক্ষা দেখানো হোক না কেন, ভারতীয় বাংলায় সাহিত্যসেবীদের প্রতি সম্মেলনের উদ্যোক্তাদের শ্রদ্ধাভক্তি দেখিয়া পুলকিত হইতে হয়। মনে হয় সম্ভব হইলে ভারতীয় বাংলা উজাড় করিয়া সাহিত্যিকদিগের কাগমারী লইয়া আসিতেও তাঁদের দ্বিধা ছিল না। কিন্তু তা তো সম্ভব ছিল না, তাই গুটি কয়েকজনকে আনিয়াই দুধের সাধ ঘোলে মিটাইতে হইয়াছে।

যাহা হোক ''সাংস্কৃতিক'' সম্মেলন সম্পর্কে আমরা অন্যদিন আলোচনা করিব। আজ আওয়ামী লীগ কাউন্সিল সম্পর্কেই আমরা কিঞ্চিৎ আলোচনা করিতে চেষ্টা করিব। অবশ্য এই আওয়ামী কাউন্সিলে যেসব প্রস্তাব গৃহীত হইয়াছে, সেইসব প্রস্তাবের যৌক্তিকতা বা সময়োপযোগিতা সম্পর্কে আমরা কিছু বলিতে চাই না। আমরা শুধু এই অধিবেশনের কার্যক্রমের ভিতর দিয়া যে সুর ফুটিয়াছে সে সম্পর্কে কিছু বলিতে বাধ্য হইতেছি এই কারণে যে, এই সুরটি বড় ভয়ানক- ইহাতে পাকিস্তানের অশুভ পরিনামের ইংগিতই ফুটিয়া উঠিয়াছে।

সম্মেলনে পাকিস্তানের পররাষ্ট্রনীতি পরিবর্তনের যে মারাত্মক চেষ্টা করা হইয়াছিল সুখের বিষয়, প্রধানমন্ত্রী জনাব সোহরাওয়ার্দীর হস্তক্ষেপে এবং তার ব্যক্তিত্বের প্রভাবে সে চেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে। যারা এই অপচেষ্টা করিয়াছিলেন তাঁদের উদ্দেশ্য করিয়া জনাব সোহরাওয়ার্দী সুস্পষ্ট ভাষা ঘোষণা করেনঃ ''দেশের বৃহত্তম স্বার্থে, সময় ও প্রয়োজনের পরিপ্রেক্ষিতে পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করিয়া পররাষ্ট্র নীতি পরিবর্তিত হইয়া আসিতেছে। কূটনীতির উপরই পররাষ্ট্রনীতি নির্ভর করে। এই কারণেই পররাষ্ট্রনীতির নির্ভর করে। এই কারণেই পররাষ্ট্রনীতির ক্ষেত্রে ১৯৫০ সালে প্রদত্ত প্রতিশ্রুতি বছরের পর বছর ধরিয়া আকড়াইয়া থাকিতে হইবে, এমন কোন কথা নাই। এই বিশ্বাসে বলীয়ান হইয়া পররাষ্ট্র বিষয়ক ব্যাপারে বর্তমান সরকার যে নীতি গ্রহণ করিয়াছেন, হাতে হাতে তার ফল পাওয়া গিয়াছে। আন্তর্জাতিক ক্ষেত্রে পাকিস্তান আজ যথেষ্ট গুরুত্ব ও মর্যাদা অর্জন করিয়াছে।''

বলাবাহুল্য, জনাব সোহরাওয়ার্দীর এই ঘোষণায় প্রতিবাদীদের সমস্ত চেষ্টা ভাসিয়া গিয়াছিল। ইহার সমর্থনে আট শতাধিক কাউন্সিলারের করতালিতে অধিবেশন কক্ষ মুখরিত হইয়া উঠিয়াছিল বলিয়া প্রকাশ। কিন্তু তুব এই অপচেষ্টাকারীরা দমিয়া গিয়াছিলেন কি? মনে তো হয় না। ''ষ্টেটসম্যানের'' রিপোর্ট যদি সত্য হইয়া থাকে তাহা হইলে মওলানা ভাসানীর নেতৃত্বে ইহারা আবার মাথা জাগাইয়াছিলেন এবং তাঁদের অপচেষ্টার সমর্থনে একটি প্রস্তাবও পাস করাইয়া লইয়াছিলেন বলিয়া মনে হয়। এ কথা সত্য হইয়া থাকিলে এবং এ প্রস্তাব কার্যকরী করার চেষ্টা হয়, তাহা হইলে আওয়ামী লীগে ভাঙন রোধ করা কঠিন হইয়া পড়িবে বলিয়া মনে করার কারণ আছে।

আওয়ামী লীগের ভবিষ্যৎ সম্পর্কে গবেষণা করা অবশ্য আমাদের কাজ নয়, এই ব্যাপারে আমাদের বক্তব্য শুধু এইটুকু যে, মওলানা ভাসানীর নেতৃত্বে যাঁরা পাকিস্তানের পররাষ্ট্রনীতি বদলাইতে দৃঢ়প্রতিজ্ঞ, তাঁরা পাকিস্তানকে কোথায় লইয়া যাইতে চান? পররাষ্ট্রনীতিতে নিরপেক্ষতা মানে বন্ধুহীনতা, শুধু তাই নয়, জনাব সোহরাওয়ার্দীর ভাষায় 'ব্ল্যাকমেলিং'। এই বাদুড়নীতি আজ ভারতকে বন্ধুহীন করিয়াছে, কাশ্মীর প্রশ্নের আজ একজনও তার সমর্থক নাই। এসব দেখিবার পরও তারা পাকিস্তানকে ভারতের অনুসরণ করিতে বলিতেছেন কোন সদুদ্দেশ্যে? কাশ্মীর সমস্যার সুসমাধান যতদিন না হইতেছে, ততদিন প্রতিবেশী হইলেও, ভারতকে পাকিস্তান বন্ধরাষ্ট্র বলিয়া স্বীকৃতি দিতে পারে না। কাজেই এই সময় পররাষ্ট্রনীতির ক্ষেত্রে ভারতের বাদুড়নীতির অনুকরণ করিতে যারা বলেন, পাকিস্তানের মঙ্গল তাদের কতটুকু কাম্য?

তাছাড়া মওলানা ভাসানীর ভাষণে এমন কতকগুলি উক্তি আছে, যাতে সত্যভাবে পাকিস্তানী মাত্রই শঙ্কিত না হইয়া পারেন না। মোছলেম লীগের নিন্দায় মওলানা ভাসানী তার ভাষণে একেবারে পঞ্চমুখ হইয়া উঠিয়াছেন। তা হোন, কিন্তু বেসামল হইয়া তিনি এমন কথাও বলিয়া ফেলিয়াছেনঃ ''প্রাক- স্বাধীনতা যুগেরও মোছলেম লীগের কোন অস্তিবাচক জীবনদর্শন ছিল না। প্রধানতঃ বিদ্বেষকে অবলম্বন করে সেদিন আমাদের রাজনীতি পরিচালিত হয়েছে। জীঘাংসার নিবৃত্তি হলে আমরা কি গড়ে তুলব সেদিন একথা আমাদের কোন নেতা চিন্তা করেননি এবং চিন্তা করেননি বলেই পাকিস্তানে আজ পর্যন্ত সত্যকার গণতন্ত্রের প্রতিষ্ঠা হল না।''

উপরোক্ত উক্তির সোজা অর্থ এই দাঁড়ায় যে কায়েদে আজমের নেতৃত্বে যে পাকিস্তান আন্দোলন পরিচালিত হইয়াছিল তাহা ছিল নিতান্তই নেতিবাচক হট্টগোল মাত্র, জীবনদর্শন বলিয়া কেন গঠনমুলক ব্যাপার তাতে ছিল না, আর বিদ্বেয় ছিল এই হট্টগোলের ভিত্তি। এবং মার-কাটের ভিতর দিয়া পাকিস্তান আসিয়াছে বলিয়াই পাকিস্তানে এখন পর্যন্ত গণতন্ত্র প্রতিষ্ঠিত হইল না।

পাকিস্তান আন্দোলন এবং সে আন্দোলনের নেতা কায়েদে আজম সম্পর্কে ভারতীয় কংগ্রেসীরা অনেক কুকথা বলিয়াছেন বটে কিন্তু এমন কথা তারাও বলিতে পারেন নাই। কায়েদে আজমের মোছলেম আবাসভূমি প্রতিষ্ঠার দাবী, মওলানা ভাসানীর মতে ছিল নেতিবাচক কথামাত্র। কায়েদের আজম চাহিয়াছিলেন বড়- ছোটর ভেদাভেদ ঘুচাইয়া শোষণহীন গণতান্ত্রিক রাষ্ট্র পাকিস্তান প্রতিষ্ঠা করিতে। তাঁর এ উক্তিও তাহা হইলে জীবনদর্শনহীন বাজে কথামাত্র। বস্তুতঃ রাষ্ট্রের প্রতিষ্ঠাতা জাতির পিতা সম্পর্কে এমন প্রশস্তি (!) আর কোন দেশে কখনো উচ্চারিত হইয়াছে কিনা সন্দেহ। পাকিস্তানের উৎপত্তি সম্পর্কে এমন ন্যক্কারজনক ঘৃণ্য উক্তি শুনিবার দুর্ভাগ্য আমাদের হইবে এরূপ কল্পনাও আমাদের ছিল না। পাকিস্তান সম্পর্কে এই ধারণা পোষণ করেন বলিয়াই কি মওলানা ভাসানী ইহাকে আজ রসাতলে লইয়া যাইবার মতলব আঁটিয়াছেন?

তাঁর এই মতলব ধরা পড়িয়াছে তাঁর আর একটি উক্তিতে। তিনি বলিয়াছেন যে, পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানের শোষণ যদি বন্ধ না হয় তবে অদূর ভবিষ্যতে এমন দিন আসিবে, যখন পূর্ব পাকিস্তান হয়ত পশ্চিম পাকিস্তানকে জানাইবে 'আসসালামো আলায়কুম'। অর্থাৎ পাকিস্তান হইতে পূর্ব পাকিস্তান আলাদা হইয়া যাইবে। পাকিস্তান সম্পর্কে কোন পাকিস্তানীর মুখে পাকিস্তান বিচ্ছেদের মারাত্মক কথা যে এমন হালকাভাবে উচ্চারিত হইতে পারে, ইহা কে কবে ভাবিতে পারিয়াছিল? এমন কথা মুখে উচ্চারণ করিতে পারেন মাত্র তাঁরাই, যাঁরা পাকিস্তানের সংহতির কোন গুরুত্বই উপলব্ধি করিতে পারেন না। পাকিস্তানের উভয় অংশ যদি খোদা না করুন, পৃথক হইয়া পড়ে, তাহা হইলে পাকিস্তানের অস্তিত্ব থাকিবে কি? আর থাকিলেও বিশ্ব রাজনীতিতে তার কোন গুরুত্ব থাকিবে কি? পশ্চিম পাকিস্তান-বিদ্বেষে এমন কথা কোন পাকিস্তানী উচ্চারণ করিলে তাতে তার পূর্ব পাকিস্তান নীতি হয়ত প্রকাশ পাইতে পারে, কিন্তু রাষ্ট্র হিসাবে পাকিস্তানের প্রতি ইহা রাষ্ট্রদ্রোহকর উক্তি ছাড়া আর কিছুই নয়। তাছাড়া মওলানা ভাসানীর দলই যখন বর্তমানে রাষ্ট্রতরণীর কর্ণধার তখন এমন উক্তির মাত্র একটি অর্থই হইতে পারে, এবং তা হইতেছেঃ যিনি এমন উক্তি করেন, পাকিস্তান হিসাবে এই রাষ্ট্রের টিকিয়া থাকা তাঁর কাম্য নয়।

শিরোনাম	সূত্র	তারিখ
ভাসানীর রাজনৈতিক ও সাংগঠনিক বক্তব্যভিত্তিক লিফলেট	মাওলানা ভাসানী	২৬শে মার্চ, ১৯৫৭

আওয়ামী লীগ কর্মী ও দেশবাসীর প্রতি আবেদন

ভাইসব,

উভয় পাকিস্তানের সংহতি ও মিলন নির্ভর করে একমাত্র আঞ্চলিক স্বায়ত্তশাসন দানের উপর।

আঞ্চলিক স্বায়ত্তশাসন ব্যতীত সারে চার কোটি বাঙ্গালীর অর্থনৈতিক, রাজনৈতিক ও সমাজ জীবনের মুক্তি অসম্ভব।

আওয়ামী লীগের মাধ্যমে নোও-জওয়ান, ছাত্র, চাষী, মজুর, শিল্পী, ব্যবসায়ী ও শিক্ষক সকলেই ঐক্যবদ্ধভাবে ২১ দফার অন্যতম দফা আঞ্চলিক স্বায়ত্তশাসন আন্দোলন শুরু করুন।

গদীর মোহে মুসলিম লীগের সহিত হাতে মিলাইয়া যাহারা সাড়ে ৪ কোটি বাঙ্গালীকে চিরকালের জন্য কৃতদাস বানাইতে, আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী বিসর্জন দিয়া পাকিস্তানের শাসনতন্ত্র পাস করিয়াছিল, তাহারাই পুনরায় সাম্রাজ্যবাদীর ও কোটিপতি শোষকদের সহিত হাত মিলাইয়া বর্তমানে আমারও আওয়ামী লীগের বিরুদ্ধে সংবাদপত্রে বিবৃতি, পোষ্টার, বিজ্ঞাপন ছড়াইয়া সারাদেশময় মিথ্যা প্রচার শুরু করিয়াছে। এই সব কুচক্রীদের দেশবাসী ভাল করিয়াই চিনে। তাহারাই গত নয় বৎসর ধরিয়া পূবর্ব পাক তথা পাকিস্তানের অর্থনৈতিক কাঠামোকে চরম বিপর্যয়ের মুখে ঠেলিয়া দিয়াছে।

কিন্তু রাখে আল্লা মারে কে? মিথ্যা প্রচারে কর্ণপাত না করিয়া ২১ দফা দাবী আদায়ের জন্য সারা দেশময় আন্দোলন করুন।

পাকিস্তানের রাজধানী করচী হইতে স্থানান্তরিত করা হইল, পাকিস্তানের শতকরা ৫৬ জন অধিবাসীর দাবী পাকিস্তানের রাজধানী ঢাকায় স্থানান্তরিত করিতে হইবে। ইতি-

আরজ গুজার-

মঃ আবদুল হামিদ খান ভাসানী

শিরোনাম	সূত্র	তারিখ
স্বায়ত্তশাসন প্রস্তাব গৃহীত	পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভা	১লা ও ৩রা এপ্রিল, ১৯৫৭

Mr. Mohiuddin Ahmed (3rd April, 1957) : Sir, I beg to move that this Assembly is of opinion that Government of East Pakistan should represent to the government of Pakistan for taking suitable steps for providing full Regional Autonomy for East Pakistan leaving the following subjects only to be the concern of the Centre :

(1) Currency,

(2) Foreign Affairs, and

(3) Defense.

Mr. Syed Quamrul Ahsan: I beg to move the amendment of which notice has already been given.

This Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan the necessity of making regional autonomy as envisaged in the Constitution a reality.

Mr. A. K. Rafiqul Hossain : Sir, I beg to move by way of amendment that form the words "Full up to (3) Defense" in the resolution moved by Mr. Mohiuddin Ahmed be omitted and the following be substituted :-

"autonomy to the Provinces with a view to better and more effective administration considering the geographical peculiarly between the two regions of Pakistan and for setting up an independent commission consisting of Federal and High Court Judges to determine the extent of autonomy necessary for the purpose so that the solidarity and integrity of Pakistan cannot be at jeopardy."

Mr. Mohiuddin Ahmed : মিষ্টার স্পীকার, স্যার আমি এখানে যে প্রস্তাবটা উত্থাপন করেছি তার জন্য আমি নিজেকে গৌরবান্বিত মনে করছি। তার কারণ গত ১৯৫৪ সালে যে নিবর্বাচন হয়ে গিয়েছে এবং যার মারফৎ একটা প্রতিক্রিয়াশীল যুগের অবসান ঘটিয়ে নবযুগের সূচনা করেছিলাম সেই যুক্তফ্রন্টের ২১ দফার ভিতর সবর্বশ্রেষ্ঠ যে দফা ছিল সেটা হল প্রাদেশিক স্বায়ত্তশাসন।.... এটা পূবর্ব পাকিস্তানের জনগণের একমাত্র দাবী নয়, এটা সমস্ত পাকিস্তানের গণতান্ত্রিক শক্তির দাবী। মিঃ স্পীকার, স্যার, আজকে পূবর্ব পাকিস্তানের এই দাবীকে বানচাল করার জন্য বহু রকমের ষড়যন্ত্র, বহু রকমের প্রচার বিভিন্ন দিক থেকে হচ্ছে। আমরা জানি গত ৯/১০ বৎসর পর্য্যন্ত পূবর্ব পাকিস্তানের প্রতিনিধিত্বের নামে পূবর্ব পাকিস্তানকে গুটি কয়েক একচেটিয়া মুনাফাখোরের হাতে লুণ্ঠনের ক্ষেত্র হিসাবে তুলে দিয়েছিল এবং আজকে পূবর্ব পাকিস্তানকে লুণ্ঠন করার অবসর ও সুযোগ থেকে বঞ্চিত হওয়ার জন্য কতিপয় লোক দেশের ভিতর বিভ্রান্তি সৃষ্টি করছে। তারা বলছে পূবর্ব পাকিস্তানের এই প্রাদেশিক স্বায়ত্তশাসনের অর্থ হচ্ছে পাকিস্তান থেকে পূবর্ব পাকিস্তানকে বিচ্ছিন্ন করা। এ কথা নূতন কথা নয়। এ কথা আমরা স্বাধীন হওয়ার পরে মুসলিম লীগ যখন ক্ষমতায় আসে তখন থেকেই শুনে আসছি। আমরা গত নিবর্বাচনে যখন যুক্তফ্রন্ট মারফৎ পরিষদে প্রতিযোগিতা করেছিলাম তখন আমাদের বিরুদ্ধে কতিপয় লোক ও রাজনৈতিক প্রতিষ্ঠান প্রচার করেছিল

যে যুক্তফ্রন্টের অর্থ যুক্ত বাংলা। এই রকম প্রচার আমাদের বিরুদ্ধে এই জন্যই করেছিল যে আমাদের বিরুদ্ধে প্রচার করে যদি জনসাধারণের মনে অশান্তি, সন্দেহ এবং বিভ্রান্তি সৃষ্টি করতে পারে তাহলে সেই যুক্তফ্রন্টের ফাঁকে এই সমস্ত প্রতিক্রিয়াশীলেরা আবার ক্ষমতাসীন হতে পারবে।

স্যার, আমি মনে করি যে, প্রাদেশিক স্বায়ত্তশাসনের দাবী একটি যুক্তি সঙ্গত দাবী এটা পাকিস্তানের প্রত্যেক অঙ্গকে শক্তিশালী করবে। যদি একটা মানুষের একটা হাত বা একটা পা শুকিয়ে যায় তা'হলে তাকে একজন স্বাস্থ্যবান লোক বলা চলে না। পাকিস্তানের সবচেয়ে বেশী জনসংখ্যা এই পূবের্ব পাকিস্তানে। আমাদের পূবর্ব পাকিস্তান সোনার দেশ। এখানকার মাঠে ফসল ফলে। মানুষ সুখে শান্তিতে বাস করত। সেই পূবর্ব পাকিস্তান আজ ধ্বংসের পথে। পূবর্ব পাকিস্তানের আজ দুর্ভিক্ষ এবং মহামারী সৃষ্টি হয়েছে। এদেশের লোকের আজ সর্বনাশ হয়ে যাচ্ছে। এরা আজ সামান্যতম মুক্তির পথ খুঁজে পেতে চায়। আজকে পূবর্ব পাকিস্তানের মানুষকে না খাইয়ে শুকিয়ে মেরে যারা পাকিস্তানের মুক্তি কামনা করে তারা পাকিস্তানের ধ্বংস ছাড়া আর কিছুই কামনা করে না। আজ পূর্ব পাকিস্তানের ৪ কোটি ২১ লক্ষ লোক যদি তাদের শিল্প, বাণিজ্য এবং চাষাবাদের সম্পূর্ণ মুক্তি পায় তাহলে এখানে এক একটা সুখী সমৃদ্ধিশালী পরিবার গড়ে উঠবে এবং সেই সমস্ত পরিবার হবে পাকিস্তানের একটা অখন্ড শক্তি। অন্যদিকে কথা হচ্ছে যে পাকিস্তানের একটা অঙ্গকে যদি ক্ষতিগ্রস্ত করা হয়, দুবর্বল করে রাখা হয়, নানা রকম অত্যাচারের মধ্যে রাখা হয়। তাহলে সেটা নিশ্চয়ই শুভ লক্ষণ নয়। আজকে সমগ্র পাকিস্তানের মঙ্গলের জন্যই এই প্রাদেশিক স্বায়ত্তশাসন দাবী করা হচ্ছে। এটা কেবল পূবর্ব পাকিস্তানের বিষয়ই নয়। পশ্চিম পাকিস্তানে দেখা গিয়াছে যে অগণতান্ত্রিক শাসন ব্যবস্থা জনগণের বুকের উপর চেপে আছে। এক ইউনিট করে সেখানকার প্রত্যেকটি প্রদেশের সত্তা বিলুপ্ত করে দেবার যে ষড়যন্ত্র চলছে তার বিরুদ্ধে সেখানে আজ ব্যাপক আন্দোলন শুরু হয়েছে। আজকে আমাদের এই আন্দোলন শুধু পূবর্ব পাকিস্তানের আন্দোলন নয়, এ আন্দোলন সমগ্র পাকিস্তানের গণতান্ত্রিক শক্তির আন্দোলন। এ আন্দোলনের বিরোধিতা করার ক্ষমতা কারো নাই।.... আমার প্রস্তাবের উপর সংশোধনী প্রস্তাব এনেছেন আমার বন্ধু জনাব কামরুল আহছান সাহেব। যাঁরা শাসনতন্ত্র পাস করেছেন জনাব কামরুল আহছান সাহেব তাঁদের মধ্যে একজন। শাসনতন্ত্রে কি দেওয়া হয়েছে, মিষ্টার স্পীকার স্যার, আপনি তা জানেন। আপনি একজন বিশেষ আইনজ্ঞ ব্যক্তি। আমি শাসনতন্ত্র পড়েছি, তাতে দেখেছি কতকগুলো অপদার্থ ক্ষমতা পূবর্ব পাকিস্তানের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। এই শাসনতন্ত্র প্রণেতাদের মধ্যে জনাব কামরুল আহছান সাহেবও একজন ছিলেন। আজকে তাঁরা সেগুলো আমাদের ঘাড়ে চাপাবার চেষ্টা করছেন। আমি আশা করি এত আলোচনার পর, এত বক্তৃতার পর জনাব আহছান সাহেব তাঁল সংশোধনী প্রস্তাব প্রত্যাহার করবেন।

Mr. Khandaker Mushtaque Ahmed: আপনারা একেবারে স্বাধীন হতে চান?

Mr. Mohiddin Ahmad: মিষ্টার স্পীকার স্যার, জনাব রফিকুল হাসান সাহেব যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তার প্রতিবাদ করছি। আমরা সবাই যুক্তফ্রন্টের টিকেটে নিবর্বাচিত হয়ে এসেছি। আমরা জনগণের কাছে ওয়াদা করে এসেছি। আমি আশা করি আমার বন্ধু জনাব রফিকুল হাসান তাঁর সংশোধনী প্রস্তাব প্রত্যাহার করবেন।.....

Mr. Muzaffar Ahmed: Sir, it was not the only demand of our leader Maulana Bhasani as regards the form of address "Assalamo-Alaikum". Our resolution on regional autonomy is in accordance with the 19th point of the 21-point programme on the basis of which the last general election was faught and to which the various components of the then United Front Party, namely, the Awami League. Krishak Sramik Party, Nizame Islam Party, Ganatantri Dal. are committed. The Muslim League is also committed to this by their Lahore Resolution of 1940 where in it is clearly laid down that the units of

Pakistan are to be autonomous and sovereign. Today this resolution of demand for regional autonomy is not a demand of our Leader Maulana Bhasani alone or any particular party. This is a national demand; this is a demand of 42 million people of East Pakistan. The demand for regional autonomy is based on facts, reasons and history; and it is not an outburst of sentiments and emotions nor is it neither a vote-catching slogan nor an outcome of frustration and disappointment. It means complete freedom of the regions in internal affairs from the control of the Central Government in spheres other than Defense, Foreign Affairs and Currency. The demand for regional autonomy is not undemocratic. It is democratic because at least 56 per cent of the total population of East Pakistan demands it. It is geographically inescapable because the two wings of Pakistan are based on two different economies. It is politically sound. There can be 'union without unity' and unity cannot be achieved through coercion, threat or force. There is no necessity of unity so long as there can be "union without unity'. History confirms it; because Political History is replete with such instances...

After August, 1947 political independence we have achieved no doubt, but economic liberation is yet to be achieved. Containing 56 per cent of the population of Pakistan, East Pakistan has all through these 10 years been smarting under numerous grievances relating to uphold their national rights. East Pakistan has suffered under the discriminatory treatment met out to her economic filed.

Mr. Speaker, Sir, the improvement of the lot of our backward and poverty-striken people will not be possible without regional autonomy. The real solution of the food problem of the country which is suffering from permanent deficiency lies either in the import of foodstuffs from foreign countries or in the increase of yield per acre by the application of scientific appliances. How can we import foodstuffs and scientific appliances from other countries without exporting goods to those countries? Export of a country pays for its import. East Pakistan has nothing today to be called industrial or manufactured goods to export and thereby to earn foreign earnings. The little foreign earnings that she has every year by exporting jute that also she is deprived of. Our agriculture has been very much neglected...

You know, vSir, in the field of industrial development, tariff laws play a great part and East Pakistan has got no control over it. Another important factor is freight charges which again arc under the control of the Central Government. In the name of currency and foreign exchange is controlled by the Central Government and the step-motherly treatment of the Central Government is well known to all of us. The Central Government also on account of its economic subordination to some foreign countries and signing the various military pacts labors under serious handicaps in the field of industrial development.

Mr. Speaker, Sir, in the field of our agriculture, industry, commerce, internal transport, education and health, no development can be conceived of by a Government silting 1,400 miles off at Karachi. In the present pattern of our State, it is regional autonomy and regional autonomy alone that can guarantee an all round development of this wing of Pakistan ...

Mr. Ashabuddin Ahmed : স্যার, স্বায়ত্তশাসনের দাবীর উপরেই পাকিস্তানের ভিত্তি। ঐতিহাসিক লাহোর প্রস্তাবেও স্বায়ত্তশাসনের কথা বলা হয়েছে। তাই এখন স্বায়ত্তশাসনের দাবীর বিরোধী করা লাহোর প্রস্তাব ও পাকিস্তানেরই বিরোধিতা করা হবে। আমার আর একটা কথা হ'ল স্যার যে, মুসলিম লীগের পতন হ'ত না- চরম ব্যর্থতায় মুসলিম লীগ শাসন পর্যবসিত হ'ত না যদি পাকিস্তান লাভের পর তারা পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন আদায়ের জন্য সংগ্রাম করতেন এবং সচেষ্ট হতেন। তা না করে প্রদেশের হাতে বিভিন্ন কর আদায়ের যে ক্ষমতা ছিল সেগুলিও কেন্দ্রের হাতে তাঁরা তুলে দিলেন। যে পরিমাণ ক্ষমতা তাঁরা কেন্দ্রের হাতে ছেড়ে দিয়েছেন সে পরিমাণ ক্ষমতা আমাদের এ প্রদেশ হারিয়েছে। তার ফলে হয়েছে দেশবাসী তাদের ক্ষমা করেননি- তাদের ক্ষমতাচ্যুত করেছে। ২১ দফা জাতির মহাসনদ। এই সনদে জনাব শহীদ সোহরাওয়ার্দী সাহেব, জনাব এ, কে, ফজলুল হক সাহেব ও মওলানা আবদুল হামিদ খান ভাসানী সাহেব স্বাক্ষর করেছিলেন। সে সনদেও আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী করা হয়েছিল। **(ঠড়রপবঃ** মওলানা আতাহার আলী সাহেবও সে ২১-দফা সনদে স্বাক্ষর দিয়েছিলেন)। আমি মনে করি যে আমাদের ২১-দফা যে সমস্ত বিষয় নিয়ে রচিত হয়েছিল তার মধ্যে ১৯নং দফায় যে পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী আছে সেটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ, কারণ এই দাবী আদায় করতে না পারলে আমাদের অন্যান্য দাবী পূরণ করা সম্ভব হবে না। আমি একথা বলতে পারি যে যদি এই ১৯নং দফর পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী আদায় করতে না পারি তাহলে আজকে এই আইন পরিষদে যারা সদস্য হয়ে এসেছে জনসাধারণ তাদের দফা রফা করে দেবে।... একথা কেউ অস্বীকার করতে পারবেন না যে আমাদের দৃষ্টিভঙ্গী যদি বাস্তব না হয় তাহলে আমরা জাতি হিসাবে বাঁচতে পারব না। একথাও কেউ অস্বীকার করতে পারবেন না যে আমাদের পাকিস্তান দু'অংশ পরস্পর শত মা ল দূরে অবস্থিত। এই বাস্তব সত্যের উপর ভিত্তি করে আমাদের রাষ্ট্রের সমস্ত কিছু নীতি নির্ধারণ করতে হবে। আমাদের আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী অস্বাভাবিক কিছু নয় আজ আমাদের দেশের একটা খাল-বিল কাটতে হলে করাচী থেকে সম্মতি আনতে হয়। এই প্রদেশের খাল-বিল, নদী-নালা, স্বাভাবিক এটা কেউ অস্বীকার করতে পারে না। কিন্তু এই নদী-নালা আকাশ পথে সংস্কার অনুমোদনের জন্য করাচী প্রেরণ এটা অস্বাভাবিক না অতিপ্রাকৃত। জনাব স্পীকার সাহেব, গত কযেক বছর যাবৎ কেন্দ্রীয় কর্তৃপক্ষের কাছে আমাদের এ প্রদেশ কিরূপ ব্যবহার পেয়েছে সেটা আপনি জানেন। হিসাবে দেখা যায় যে ১৯৪৭ সাল থেকে ১৯৫৬ সাল পর্য্যন্ত এই ভাবে ব্যয় করা হয়েছেঃ

[কোটি টাকার অঙ্কে]

	পূঃ পাকিস্তান।	পঃ পাকিস্তান
রাজস্ব খাতে	১৮৮	১,০০৮
কল-কারখানা ও যন্ত্রপাতি	৫৪	২১৯
সাহায্য খাতে	১৮	৫৪
বিদেশী সাহায্য	১৫	৭৩
কৃষি খাতে	৯	৯৭
পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় সামরিক খাতে	৩৭	৬১২
ডাক ও তার	৩	১৩

তারপর ১৯৪৭-১৯৫৫ সন পর্যন্ত রপ্তানীর জন্য অনুমুতি দেওয়া হয়েছে এই ভাবে-

	[কোটি টাকার অঙ্কে] আমদানী	রপ্তানী
পূর্ব পাকিস্তান	২৮৯	৫৬২
পশ্চিম পাকিস্তান	৭৭১	৫৮১

Mr. Syed Quamrul Ahsan : Mr. Speaker, Sir, I must make it clear at the very outset that I am not opposed to regional autonomy as such by my approach to the problem is fundamentally different from that of the sponsors of the resolution on regional autonomy. To me it appears that the real trouble lies in our failure to implement the provisions of the Constitution. ... To begin with Article 118. It relates to the establishment of a National Finance Commission. Article 199 provides for a National Economic Council. Between these two articles I maintain with the fullest sense of responsibility we have fiscal autonomy of the right type. What do these two articles profess to give us? The representatives of the Provincial and the Federal Governments are to meet, to put their heads together, to chalk out plans relating to the distribution between the Federation and the Provinces of the net proceeds of the taxes, the making of grants-in-aid by the Federal Government of the Governments of the Provinces, the exercise by the Federal Government and Provincial Governments of the borrowing powers conferred by the Constitution and the review of the overall economic position of the country formulating schemes aiming at the attainment of uniform standards in the economic development of all parts of the Country. That is not all. In the implementation of aforesaid plans, Article 199 enjoins the President to take suitable steps to decentralize the administration by setting up in each Province Necessary administrative machinery to provide the maximum convenience to the people and expeditious disposal of Government business and public requirements. I would ask, Sir, cannot we then ensure legitimate economic demand of East Pakistan by implementing Articles 118 and 199?

Article 132 provides for the transfer of railways to the Governments to the Provinces or to the authority constituted in the Province for that purpose.

Then I come to the question of control of All Pakistan Service. Article 183(5) lays down that while a member of All Pakistan Service is serving in connection with the affairs of a Province, his promotion and transfer within that Province, and the initiation of any disciplinary proceedings against him in relation to his conduct in that Province, shall take place by order of the Governor of that Province.

Then Article 200. It relates to the appointment of Advisory Bards for Posts and Telegraphs Department. It is laid down that recruitment to Posts and Services other than class I, in the Posts and Telegraphs Department in a Province shall be made from amongst persons domiciled in that Province.

These are salutary provisions deserving commendation.

Sir, industries, shipping and navigation on tidal waters, coastal shipping confined to ports within one Province-these and many other items, all told 94 in number figure in the Provincial list where as the Federal and the concurrent lists contain 30 and 19 items respectively. I believe that the Constitution offers the possible opportunity of working out our own destiny keeping in fact at the same time the integrity and unity of Pakistan. We cannot conceive anything better under Federal system of Government. To take regional autonomy in the sense, that Bhashani Saheb does, will be putting a premium on disintegration and chaos...

Mr. Abul Khair Rafiqul Hussain : জনাব স্পীকার সাহেব, এ রিজলিউশনের উপর আমার যে সংশোধনী প্রস্তাব আছে, আমি মনে করি যে, এর দ্বারা রিজলিউশনটির আদৌ কোন মৌলিক পরিবর্তন করা হবে না। শুধু ইহার ব্যবস্থা ও উদ্দেশ্য সম্পর্কে একটু ব্যাখ্যাই করা হবে। (হৈচৈ) আমার বন্ধুরা অনেকে সন্দেহ পোষণ করতে আরম্ভ করেছেন যে এ সংশোধনী প্রস্তাবের মাধ্যমে না আবার স্বায়ত্তশাসনের বিরোধিতা করা হয়। আমার অতি উৎসাহী বন্ধুরা শুধু স্বায়ত্তশাসনের যোশেই হাঁকছেন না, তাঁদের মনের ভিতরে হয়তো ইহা ছাড়াও অন্য কিছু থাকতে পারে। আমার এ সংশোধনী প্রস্তাব তাদের সেই অব্যক্ত উদ্দেশ্যে বাধা প্রদান করে বলে সন্দেহ পোষণ করলে আমার কিছু আসে যায় না। স্বায়ত্তশাসনের বিরোধী আমি কখনও নই। কারণ, আওয়ামী লীগের মৌলিক দাবী স্বায়ত্তশাসন (হৈচৈ)।

Mr. Speker: অর্ডার, অর্ডার।

Mr. Abul Khair Rafiqul Hussain : জনাব স্পীকার সাহেব, আমার বন্ধুরা নিজেদের বিবেচনা নিজেরা করে আমার সময়টা নষ্ট না কররেই মেহেরবানী করে ভাল করবেন। (হৈচৈ) মিঃ স্পীকার, স্যার যে ১০/৫ জন লোক গোড়া থেকে আওয়ামী লীগকে গঠন করেছে আমি তাদের মধ্যে একজন। সুতরাং স্বায়ত্তশাসনের দাবীর সঙ্গে আমি অঙ্গাঙ্গিভাবে জড়িত। এতে কোন সন্দেহ নাই। সুতরাং আমি যে জায়গায় সংশোধনী দিয়েছে ওেসটুকু আমার বন্ধুরা অনুধাবন করলে বুঝতে পারবেন যে, এ সংশোধনী স্বায়ত্তশাসনের বিরোধী নয়। সে জায়গায় আমি বলেছি..... আমার বন্ধুদের যদি এর কোন শব্দ সম্বন্ধে আপত্তি করার থাকে, তবে এক-একটি শব্দ করে বলতে পারেন। স্বায়ত্তশাসন আছে, প্রদেশ আছে উৎকৃষ্ট শাসন ব্যবস্থা আছে, এবং সঙ্গে সঙ্গে সার্বভৌম ও অখন্ড (হৈচৈ) পাকিস্তানও আছে। শুধু বন্ধুদের অতি-উৎসাহের ফলে পাকিস্তানের উপর যে বিপদের আশঙ্কা আছে তাহাই নাই।.....

....

Mr. Ashutosh Singha : মিঃ স্পীকার, স্যার, যে প্রশ্নটা আজকে আমাদের সামনে উপস্থিত হয়েছে সেটা আমাদের ধীরস্থিরভাবে আলোচনা করা উচিত- বিষাদপূর্ণ মন নিয়ে নয়, মুক্ত মন নিয়ে পাকিস্তানের স্বার্থক সম্মুখে রেখে আলোচনা করা দরকার। এ সম্পর্কে আমাদের পাকিস্তানের ইসলামিক প্রজাতন্ত্রের শাসনতন্ত্রের প্রিএম্বল আছে। সে প্রিএম্বলের একটা ধারার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

Where in the territories now included in or in accession with Pakistan and such other territories as may hereafter be included in or accede to Pakistan should form a federation, where in the provinces would be autonomous with such limitations on their powers and authority as might be prescribed.

আমি মনে করি আঞ্চলিক স্বায়ত্তশাসন ও প্রাদেশিক স্বায়ত্তশাসন একই অর্থবাচক, আর আমরা দলমত নির্বিশেষে সকলেই এই প্রিএম্বল গ্রহণ করেছি। তাহলে এটা নিশ্চিত বুঝা যায় যে, যারা এ প্রস্তাব উত্থাপন করেছেন তারা এ কথা বলতে চায় না যে, পূবর্ব পাকিস্তান কখনও স্বাধীন হয়ে যাবে। তবে তারা একথা বলে যে পূবর্ব পাকিস্তানের উন্নয়নের জন্য বেশী ক্ষমতা দিতে হবে। সৈন্যবাহিনী হচ্ছে আসল জিনিস। যদি সৈন্যবাহিনী কেন্দ্রীয় সরকারের কর্তৃত্বে থাকে তা'হলে যারা আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী করছেন তারা দেশকে কিভাবে ভাগ করতে চান সেটা আমি বুঝে উঠতে পারছি না।... দ্বিতীয় প্রশ্ন হচ্ছে প্রাদেশিক স্বায়ত্তশাসনের অর্থ এই নয় যে আমরা রাজনৈতিক স্বাধীনতা চাচ্ছি। আমরা অর্থনৈতিক স্বাধীনতা ভোগ করতে চাই।...

Mr. Sheikh Mujibur Rahman: মিঃ স্পীকার, স্যার, প্রাদেশিক স্বায়ত্তশাসনের দাবী আমরা যে শুধু এই পরিষদে পাস করছি তাই নয়, এটা সমগ্র পূবর্ব পাকিস্তানের জনগণের দাবী। এই দাবীর ভিত্তিতে আমরা

গত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করেছিলাম। পূবর্ব পাকিস্তানের সকল শ্রেণীর লোক এই দাবী সমর্থন করেছে। জাতীয় পরিষদে যখন শাসনতন্ত্র তৈরী হচ্ছিল তখন আমরা আওয়ামী লীগের ১২ জন সদস্য স্বায়ত্তশাসনের দাবী নিয়ে সংগ্রাম করেছিলাম। এটা করেছিলাম পাকিস্তানকে দুবর্বল করবার জন্য নয়, বরং পাকিস্তানকে সবল করার জন্য। দীর্ঘ ৯ বৎসরের ইতিহাস পর্য্যালোচনা করলে দেখা যাবে, কেন আমরা পূর্ণ স্বায়ত্তশাসন চাই। অর্থ, বৈদেশিক নীতি সমস্ত কেন্দ্রের হাতে। পূবর্ব পাকিস্তান যদি পশ্চিম পাকিস্তানের সংলগ্ন রাজ্য হতো তাহলে আমরা এ দাবী নাও করতে পারতাম। আজ আমরা দেখতে পাই যে পাকিস্তানে দুইটা অর্থনীতি চলছে- একটা পশ্চিম পাকিস্তানে আর একটা পূবর্ব পাকিস্তানে। শ্রম শিল্পের উন্নয়ন পশ্চিম পাকিস্তানে হয়েছে, পূবর্ব পাকিস্তানে হয় নই। মুসলিম লীগের আমলে পাকিস্তানে অর্থনৈতিক ভিত্তিতে জরিপ করার জন্য একটি কমিটি করা হয়েছিল। তাঁরা রিপোর্ট দিয়েছিলেন যে পূবর্ব পাকিস্তানকে শিল্পায়িত করা হোক। মুসলিম লীগ গভর্ণমেন্ট সে রিপোর্ট চাপা দিয়েছে, আমাদের এ সংগ্রাম পশ্চিম পাকিস্তানের জনগণের বিরুদ্ধে সংগ্রাম নয়। আমরাও পশ্চিম পাকিস্তানের স্বায়ত্তশাসনের দাবী সমর্থন করি। এ দাবী হ'ল পূবর্ব পাকিস্তানের জনসাধারণের দাবী, এ দাবী পশ্চিম পাকিস্তানের জনগণের দাবী। এই স্বায়ত্তশাসনের দাবী রাজনৈতিক দাবী নয়, এই দাবী আমাদের বাঁচা-মরার দাবী। প্রদেশের বিক্রয় করের টাকা আমরা পুরাপুরি পাই না। অর্থের অভাবে আমরা উন্নতিমূলক কাজ করতে পারি না। বৈদেশিক মুদ্রাকর পাওনা অংশ পাইনা। অবস্থা কি-

"আপন ধন পরকে দিয়ে

দৈবজ্ঞ মরে কাঁথা বয়ে।"

ট্যাক্স যা দরকার তা ধরা হোক, তাতে আমাদের আপত্তি নাই। রাজনৈতিক স্বাধীনতা আমরা পেয়েছি কিন্তু স্বায়ত্তশাসন আমাদের দরকার যাতে আমরা প্রদেশের সর্ববাঙ্গীণ উন্নতি করতে পারি। প্রাদেশিক স্বায়ত্তশাসন ২১ দফার অন্যতম দাবী। আজ আমরা মন্ত্রী আছি কিন্তু কাল নাও থাকতে পারি, কিন্তু আমাদের ২১ দফার দাবী থাকবে এবং আমরা ২১ দফার দাবী সমর্থন করে যাব। যারা প্রাদেশিক স্বায়ত্তশাসনের প্রস্তাবের বিরোধী করবে তাদের জনসাধারণ ক্ষমা করবে না। প্রাদেশিক স্বায়ত্তশাসনের জন্য আজ আমাদের নূতন করে শপথ গ্রহণ করতে হবে।

স্যার, এই দাবী শুধু এই পরিষদের দাবী নয় এটা জনসাধারনের দাবী। জনসাধারণ বাঁচতে চায়। এ দাবী পশ্চিম পাকিস্তানের জনসাধারণের দাবী। পূবর্ব বাংলার জনসাধারণের সঙ্গে সেখানকার জনসাধারণের কোন পার্থক্য নাই। পূবর্ব বাংলার জনসাধারণ বুভুক্ষু এবং সর্বহারা, আর পশ্চিম পাকিস্তানের জনসাধারণ না খেয়ে মরে। জনসাধারণের মধ্যে কোন বিভেদ নাই। আমি নির্দিষ্ট করে বলতে চাই যে পাকিস্তানের মুক্তির জন্য, পাকিস্তানের উন্নতির জন্য আমরা এই স্বায়ত্তশাসনের দাবী সমর্থন করি। জনসাধারণ বুঝে যে এ দাবী তাদের ন্যায্য দাবী। এ দাবী আমাদের বাঁচার দাবী, জনসাধারণের বাঁচার দাবী। এ দাবী কারো বিরুদ্ধে দাবী নয়। এই কথা বলেই আমি মহিউদ্দিন সাহেবের প্রস্তাব সম্পূর্ণ সমর্থন করছি।

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing autonomy to the Provinces with a view to better and more effective administration considering the geographical peculiarity between the two regions of Pakistan and for setting up an independent commission consisting of Federal and High Court Judges to determine the extent of autonomy necessary for the purpose, so that the solidarity and integrity of Pakistan cannot be at jeopardy, was then put and negatived.

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing

full regional autonomy for east Pakistan leaving the following subjects only to be the concern of the Centre :

(1) Finance,

(2) Foreign Affairs, and

(3) Defense

was then put and negatived.

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing full provincial autonomy for East Pakistan leaving the following subjects to be the concern of the Centre :

(1) Currency,

(2) Foreign Affairs, and

(3) Defense

was then put and negatived.

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the government of Pakistan for taking suitable steps for providing full Provincial Autonomy for East Pakistan leaving the following subjects only to be the concern of the Centre :

(1) Currency,

(2) Foreign Affairs, and

(3) Defense

was then put and agreed to.

শিরোনাম	সূত্র	তারিখ
ন্যাশনাল আওয়ামী পার্টি গঠিত	দৈনিক সংবাদ	২৬শে জুলাই, ১৯৫৭

পাকিস্তানের উভয় অংশের গণতান্ত্রিক শক্তিসমূহের সমন্বয় পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি নামে নয়া রাজনৈতিক দল গঠিত

ঢাকায় অনুষ্ঠানরত গণতান্ত্রিক সম্মেলনের অভূতপূর্ব সাফল্যঃ বারো শতাধিক প্রতিনিধির সমাবেশে জাগ্রত জনমতের অভিব্যক্তি

বিষয় নির্বাচন কমিটিতে খসড়া ম্যানিফেষ্টো গৃহীতঃ প্রতিনিধি সভায় সাময়িকিভাবে অনুমোদন দান

সারা পাকিস্তানের গণতান্ত্রিক কর্মী সম্মেলনের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী গতকল্য (বৃহস্পতিবার) ঢাকায় পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি নামের একটি নতুন রাজনৈতিক প্রতিষ্ঠান জন্মলাভ করিয়াছে। সমগ্র পাকিস্তান গণতান্ত্রিক শক্তিসমূহের সমন্বয়ে গঠিত এই রাজনৈতিক প্রতিষ্ঠানটির অস্তিত্বের ফলে পাকিস্তানের ইতিহাসে এক স্বর্ণোজ্জ্বল সংগ্রামী অধ্যায় সূচনা হইল।

গণতন্ত্রের অতন্দ্র প্রহরী মওলানা আবদুল হামিদ খান ভাসানী সভাপতিত্বে অনুষ্ঠিত এই ঐতিহাসিক সম্মেলনে পাকিস্তানের উভয় অংশের বারো শতাধিক কর্মী ও নেতা যোগদান করিয়াছেন।

অসাম্প্রদায়িক ভিত্তিতে নয়া রাজনৈতিক প্রতিষ্ঠানটি গঠনের প্রস্তাব করা হইয়াছে। সমগ্র পাকিস্তানে ইহাই বৃহত্তম অসাম্প্রদায়িক রাজনৈতিক সংস্থা। আশা ও আকাঙ্খার আলোকে উদ্ভাসিত প্রতিটি প্রতিনিধি নয়া প্রতিষ্ঠান গঠনের প্রস্তাবটির প্রতি সমবেতভাবে সমর্থন জানাইয়াছেন। গণতন্ত্রী দল, ন্যাশনাল পার্টি এবং ভাসানীপন্থীগণ এই নয়া পার্টিতে যোগদান করিবেন বলিয়া জানা গিয়াছে। পশ্চিম পাকিস্তানের সর্বজনমান্য নেতা আবদুল গফফার খান, জি এম সৈয়দ, মিয়া ইফতেখার উদ্দিন, মাহমুদুল হক ওসমানী, আবদুল মজিদ সিন্ধী, আবদুস সামাদ খান আচাকজারী (আচাকজাই), আবরার আবদুল গফুর, গোলাম মোহাম্মদ লাগারী, হাশিম খান গীলরাই; মাহমুদ আলী কাসুরী, এয়ার কমান্ডার ঝাঞ্জুয়া প্রমুখ এক শতাধিক কর্মী উপস্থিত ছিলেন। সম্মেলনের মঞ্চটি জনসাধারণের বিভিন্ন দাবী-দাওয়া সম্বলিত বহুসংখ্যক পোষ্টার দিয়া সজ্জিত করা হইয়াছিল। অপরাহ্নের অধিবেশনে সীমান্তের গান্ধী খান আবদুল গফফার খান এবং প্রাদেশিক মন্ত্রী জনাব মাহমুদ আলী যোগদান করেন। সকাল সাড়ে আটটার মধ্যে বিপুল উদ্দীপনার সহিত প্রদেশের বিভিন্ন অঞ্চলের সহস্রাধিক গণতান্ত্রিক কর্মী সদরঘাটস্থ রূপমহল সিনেমা হলে সমবেত হন। জাতীয় পতাকা উত্তোলন এবং কোরান শরীফ তেলাওয়াতের পর সারা পাকিস্তান গণতান্ত্রিক কর্মী সম্মেলনের প্রথম অধিবেশন শুরু হয়। সম্মেলনে অভ্যর্থনা কমিটির সভাপতি জনাব ইয়ার মোহাম্মদ খান অতিথি ও কর্মীদের স্বাগত জানাইয়া দেশের বর্তমান রাজনৈতিক অবস্থা পর্যালোচনা করিয়া বক্তৃতা দেন। তিনি তাহার বক্তৃতায় বর্তমান আওয়ামী সরকারের কার্য্যক্রম ও জনাব সোহরাওয়ার্দীর পররাষ্ট্রনীতির তীব্র সমালোচনা করিয়াছেন।

ইহার পর সভাপতি মওলানা ভাসানী মুহুর্মুহু জিন্দাবাদ ধ্বনির সংগে ভাষণ দান করিতে উঠেন। তিনি বিভাগপূর্ব কাল হইতে শুরু করিয়া আওয়ামী লীগের ক্ষমতা লাভ এবং পাকিস্তানের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা পর্যালোচনা করিয়া দীর্ঘ বক্তৃতা করেন। তাঁহারা বক্তৃতা উর্দুতেও অনুবাদ করিয়া পাঠ করা হয়।

পশ্চিম পাকিস্তানী নেতাদের বক্তৃতার পর জনাব ইয়ার মোহাম্মদ খান নয়া গণতান্ত্রিক প্রতিষ্ঠান গঠনের প্রস্তাব উত্থাপন করেন। জনাব মোহাম্মদ তোয়াহা প্রস্তাবটি সমর্থন করেন। প্রস্তাবটিতে বলা হয়: পাকিস্তানের

উভয় অংশের বিভিন্ন গণতান্ত্রিক দল এবং সকল গণতান্ত্রিক নাগরিকরেদ প্রতিনিধিবৃন্দদের এই সম্মেলনকে দেশের আভ্যন্তরীণ রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অবস্থা পর্যালোচনা পর এবং (১) পাকিস্তানকে সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা সাম্রাজ্যবাদ ও শোষণমুক্ত একটি শক্তিশালী জাতিতে সংগঠিতকরণ, (২) জনসাধারণের অর্থনৈতিক অবস্থার উন্নতি সাধন, (৩) নিয়মতান্ত্রিক পদ্ধতিতে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা ও দেশের উভয় অংশে স্বায়ত্তশাসন কায়েম করার উদ্দেশ্যে দেশের সমস্ত গণতান্ত্রিক শক্তিকে ঐক্যবদ্ধ করার প্রয়োজনীয়তা উপলব্ধী করিয়া সম্মেলনে পাকিস্তানবাসীর সেবায় উৎসর্গীকৃত নতুন একটি জাতীয় দল গঠনের প্রস্তাব করিতেছে। এই নতুন দলটির নাম হইবে ন্যাশনাল আওয়ামী পার্টি।

এই পার্টি একটি গঠনতন্ত্র প্রণয়নের যাবতীয় ব্যবস্থা গ্রহণ এবং পাকিস্তানের উভয় অংশে আনুষ্ঠানিকভাবে পার্টি প্রতিষ্ঠার জন্য সম্মেলন একটি সংগঠনী কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিতেছে।

উক্ত প্রস্তাবক্রমে গঠিত নয়া পার্টির ম্যানিফেষ্টোতে বলা হইয়াছে যে, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা, গণতন্ত্রের প্রতিষ্ঠা, প্রাদেশিক স্বায়ত্তশাসন অর্জন এবং দেশ ও জাতির অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন সাধনের জন্য পূর্ব ও পশ্চিম পাকিস্তানের গণতান্ত্রিক শক্তিসমুহের সমন্বয়ের এক নয় রাজনৈতিক দল গঠনের প্রয়োজন রহিয়াছে। পাকিস্তানের উভয় অংশের গণতান্ত্রিক শক্তিগুলির প্রতিনিধিবৃন্দের এই সম্মেলন এতদ্বারা ঘোষণা করিতেছে যে, এক নয়া রাজনৈতিক দল গঠিত হইল এবং পশ্চিম পাকিস্তানের ন্যাশনাল আওয়ামী পার্টি ও পূর্বাঞ্চলের গণতন্ত্রী দল এবং অন্যান্য গণতান্ত্রিক শক্তিগুলি এই নতুন দলে যোগদান করিতেছে।

নয়া দলের ঘোষণাপত্রে পররাষ্ট্র নীতি সম্পর্কে বলা হয় আমরা স্বাধীন পররাষ্ট্র নীতি অনুসরণ করিয়া চলিব। আমাদের জাতীয় স্বার্থের আদর্শে এই পররাষ্ট্র নীতি পরিচালিত হইবে এবং আমাদের স্বাধীনতার শক্তি বৃদ্ধি, আন্তর্জাতিক ক্ষেত্রে পাকিস্তানের মর্যাদা বৃদ্ধি ও বিশ্ব-শান্তি প্রতিষ্ঠাই পররাষ্ট্র নীতির লক্ষ্য হইবে।

এই ম্যানিফেষ্টোতে ভূমি সংস্কার, জমিদারী উচ্ছেদ, শিল্পায়ন, দুর্নীতি বন্ধ, শিক্ষার প্রসার, শ্রম মূল্য দান, ভৌগোলিক অবস্থান এবং ভাষার ভিত্তিতে পশ্চিম পাকিস্তানের প্রদেশ ভাগের কথা ঘোষণা করা হইয়াছে।

বিষয় নির্বাচনী কমিটি ম্যানিফেষ্টোটি গতকল্য অপরাহ্নের এক বিশেষ সভায় সংশোধনীয় গ্রহণ করে এবং সাধারণ প্রতিনিধি সভা কর্তৃক অস্থায়ীভাবে গ্রহীত হইয়াছে। অদ্য সকাল সাড়ে আটটায় পুনরায় সম্মেলন শুরু হইবে। যদি কোন প্রকার দুর্বিপাকে অদ্যকার সম্মেলন অনুষ্ঠিত না হয় তবে প্রতিনিধি সম্মেলনে স্থিরীকৃত সময় অনুযায়ী অস্থায়ী অনুমোদিত ম্যানিফেষ্টো এবং গঠনতন্ত্র অনুযায়ী নয়া পার্টি পরবর্তী সভা পর্যন্ত কাজ করিয়া যাইবে। গতকাল নয় ঘন্টাকাল অধিবেশন অপরাহ্নে ছয়টা পর্যন্ত চলে। সম্মেলনে গুন্ডা আক্রমণের তীব্র নিন্দা করিয়া একটি প্রস্তাব গ্রহণ করা হইয়াছে। বিভিন্ন বক্তা এই গুন্ডামির বিরুদ্ধে বক্তৃতা করেন।

পশ্চিম পাকিস্তানী নেতাদের বক্তৃতা

সম্মেলনে জনাব আব্দুল মজিদ সিন্ধী বলেন, আমাদের ঐক্যবদ্ধ শক্তি এশিয়া ও আফ্রিকার জনগণের মুক্তির সংগ্রাম নিয়োজিত হইবে। কিন্তু আমরা দুনিয়ার কোন রাষ্ট্রের হিসাবে থাকিতে চাইনা। সমস্ত প্রকার যুদ্ধজোট আমাদের ভয়াবহ যুদ্ধের মধ্যে ঠেলিয়া দিতেছে। আমরা আণবিক যুদ্ধের বিভীষিকা হইতে মানবতাকে রক্ষা করিতে চাই।

তিনি বলেন, বিরোধী দল আমাদের নেতাদের উপর আজ আক্রমণ করিয়াই আমাদের এই সম্মেলনকে সাফল্যমন্ডিত করিয়া দিয়াছে।

শিরোনাম	সূত্র	তারিখ
সাধারণ নির্বাচন বানচাল	সাপ্তাহিক 'সৈনিক'	২৮শে নভেম্বর, ১৯৫৭

সাধারণ নির্বাচন অনুষ্ঠানে বিলম্ব জনগণ বরদাস্ত করিবে না। কেন্দ্রীয় মন্ত্রিসভার সংকট: রিপাবলিকান দলের সুবিধাবাদিতা : বিপ্লবী পরিষদ গঠনের পূর্বাভাস?

পৃথক নির্বাচন মারফত পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠানের শর্তে কেন্দ্রে মুসলীম লীগের নেতৃত্বে কোয়ালিশন সরকার গঠিত হইয়াছে। মন্ত্রিসভার বৈঠকেও এই ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। যার ফলে যুক্ত নির্বাচনের ভিত্তিতে প্রণীত ভোটার তালিকা ছাপার কাজ প্রায় শেষ হইয়া আসিলেও উহা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। এতদুপলক্ষে মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী তৈরী বিল অদ্য জাতীয় পরিষদের অধিবেশনে উজিরে আজম জনাব চুন্দ্রীগরের উত্থাপনের কথা। বলা বাহুল্য এই জন্যই ঢাকার পরিবর্তে করাচীতে তাড়াহুড়া করিয়া এই অধিবেশন আহবান করা হইয়াচে।

কিন্তু কোয়ালিশনের প্রধান অংশ দল রিপাবলিকান পার্টির সাম্প্রতিক কেন্দ্রীয় সংগঠনী কমিটির সভায় জাতীয় পরিষদে এই বিল উত্থাপন না করার জন্য উজিরে আজমকে অনুরোধ করা হইয়াছে এবং পার্টি সদস্যগণ যাহাতে এই প্রস্তাবের নির্দেশ মানিয়া চলে তাহার প্রতি লক্ষ্য রাখার জন্য পার্টির নেতাকে ভার দেওয়া হইয়াছে।

আমাদের দুর্ভাগ্য এই যে, আমাদের পাকিস্তানের রাজনৈতিক দলগুলি আজ যা সিদ্ধান্ত করেন কাল তার বিপরীতে একটি কিছু করিয়া বসেন।

এই মন্ত্রিসভা যদিও মুসলিম লীগের নেতৃত্বে কায়েম হইয়াছে তবুও রিপাবলিকান দল যখন জনাব সোহরাওয়ার্দীর উপর হইতে সমর্থন প্রত্যাহার করে তখন তিনি পদত্যাগ করেন। এই সময় রিপাবলিকান দলের উদ্যোগেই বর্তমান মন্ত্রিসভা কায়েম হইয়াছে।

অবস্থাদৃষ্টে মনে হয় আবার মন্ত্রিসভা ভাংগাগড়া হইতে পারে। হয়ত আওয়ামী লীগেরও আবার গদী লাভ সম্ভব হইতে পারে। রিপাবলিকান পার্টির এই সুবিধাবাদী নীতি পাকিস্তান রাজনীতি মোড় কোন দিকে নিয়া যায় বলা যায় না। তবে এ কথা সত্য যে গদীকে কেন্দ্র করিয়া গঠিত রিপাবলিকান দল বেশ কিছুদিন ক্ষমতায় থাকিবে। এই দলের নেতৃত্ব পঃ পাকিস্তানে প্রাদেশিক পরিষদ সারা পাকিস্তানে পৃথক নির্বাচন ব্যবস্থা প্রবর্তনের সোপারিশ করিয়াছিল। আবার তারাই ঢাকা জাতীয় পরিষদের অধিবেশনে পূর্ব পাকিস্তানের জন্য যুক্ত নির্বাচনে সমর্থন করিয়াছিল। তখন অবশ্য তারা পশ্চিম পাকিস্তানে পৃথক নির্বাচন প্রবর্তনের সিদ্ধান্তে অটল ছিলেন। আবার তারা জাতীয় পরিষদে বিল পাস করাইয়া সারা পাকিস্তানের জন্য যুক্ত নির্বাচন চালু করার ব্যবস্থা করে।

সকলেই আশা করিয়াছিলেন পৃথক নির্বাচনের শর্তে যে মন্ত্রিসভা কায়েম হইয়াছে রিপাবলিকান পার্টি সেই প্রতিশ্রুতি পালন করিবে। কিন্তু কেন্দ্রীয় সংগঠনী কমিটির সভায় তাহারা তার বিরুদ্ধে মতামত জ্ঞাপন করিয়াছে। তবুও শেষ পর্যন্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের চাপে অথবা সলাপরামর্শ মারফত সুবিধাবাদী দর্শন অনুযায়ী তাহারা আবার মত বদলাইতেও পারে।

রিপাবলিকান দলের এই সুবিধাবাদিতার পিছনে কোন গভীর ষড়যন্ত্র রহিয়াছে কিনা বলা যায় না। কারণ উক্ত পার্টির নেতা কিছুদিন যাবৎ "বিপ্লবী পরিষদ" অন্তবর্তীকালীন সরকার" ইত্যাদির যে সব ঘোষণা করিয়া আসিতেছেন সেই সুবিধাবাদিতা তারই পূর্বাভাস কিনা জানি না।

গদীতে যেই থাকুক না কোন পূর্ব ঘোষণা মত ১৯৫৮ সালের নভেম্বর মাসে সাধারণ নির্বাচন অনুষ্ঠান আজ জনগণের দাবী। এই দাবী মোতাবেক কাজ না হইলে দেশ এই অশুভ শক্তির হাত হইতে মুক্ত হইবে না এবং বাহির বিশ্বেও পাকিস্তানের কলংক বাড়িয়া চলিবে। জনগণ সাধারণ নির্বাচনে বিরুদ্ধে কোন প্রকার সরকারী-বেসরকারী চক্রান্ত বরদাশত করিবে না। বিপ্লবী পরিষদ বা অন্তবর্তীকালীন সরকার গঠনের অগণতান্ত্রিক ও শাসনতন্ত্র বিরোধী অশুভ প্রচেষ্টাকে সকল পাকিস্তান দরদীর রুখিতে হইবে।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তানের আর্থিক অবস্থা ব্যাখ্যা করে মুখ্যমন্ত্রী আতাউর রহমানের ভাষণ	পূর্ব পাকিস্তান সরকার	৪ঠা জানুয়ারী, ১৯৫৮

পূর্ব পাকিস্তানের আর্থিক দুর্গতি

পাকিস্তান প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই পূর্ব পাকিস্তান এক মারাত্মক রকমের আর্থিক ও অর্থনৈতিক সঙ্কটে ভুগে আসছে, তা থেকে সে আজও মুক্ত হতে পারেনি। বর্তমানে তার অবস্থা আরও চরমে গিয়ে পৌঁছেছে। বস্তুতঃ পূর্ব পাকিস্তানের আর্থিক জীবনের কতকগুলি সমস্যাকে মূলধন করে কোন কোন পত্রিকা ও রাজনৈতিক দল এমন সব প্রচারণা চালিয়ে যাচ্ছেন যাতে করে প্রকৃত অবস্থা সম্পর্কে যাঁরা ওয়াকেবহাল নন তাঁরাও স্বভাবতঃ বিভ্রান্ত হয়ে পড়ছেন। তাই, পূর্ব পাকিস্তানের বর্তমান সমস্যাগুলি প্রকৃত প্রস্তাবে কি, জনসাধারণ সহজেই যাতে তা সম্যক উপলব্ধি করতে পারেন, তার জন্য আজ পূর্ব পাকিস্তানের আর্থিক অবস্থা ও অর্থনৈতিক ইতিহাসের এক সংক্ষিপ্ত বিবরণ দিতে চাই।

নিম্নলিখিত খাতগুলি মোট ১৪ কোটি ১৬ লাখ টাকার দেনার বোঝা ঘাড়ে নিয়ে ১৯৪৭ সালের ১৫ই আগস্ট একটি পূর্ণাঙ্গ প্রদেশ হিসাবে পূর্ব পাকিস্তানের জন্ম হয় :-

(১) রিজার্ভ ব্যাঙ্কের কাছে দেনা,

(২) প্রভিডেন্ট ফান্ড,

(৩) বে-সামরিক আমানতাদি,

(৪) অনাদায়ী ট্রেজারী বিলসমূহ,

(৫) খাদ্য ক্রয় খাতে ঘাটতি জমা ও

(৬) সরকারী চাকুরীয়াদের পাওনাসহ চুক্তিগত দেনা।

অবশ্য রিজার্ভ ব্যাঙ্কের এই পাওনা ও অবিভক্ত বাংলার অনাদায়ী ট্রেজারী বিল বাবদ আমাদের যে দেনা ছিল, তা পরিশোধের জন্য কেন্দ্রীয় সরকার গোড়াতেই ৪ কোটি ৪৭ লক্ষ টাকা ঋণ মঞ্জুর করেন। কিন্তু অন্যান্য খাতের দেনা থেকেই যায়। ফলে, কার্যভার গ্রহণের পর থেকে প্রাদেশিক সরকারকেই বছরের পর বছর ধরে এসব খাতের দেনা পরিশোধের ব্যবস্থা করে যেতে হয়। সেই সংগে প্রাদেশিক সরকারকে প্রদেশের রাজধানীতে সদর দফতরসমূহের স্থান সঙ্কুলানের জন্য বহু সংখ্যক দালান-কোঠা নির্মাণ করতে হয়।

৪ কোটি ১৯ লক্ষ লোকের বাসভুমি পূর্ব পাকিস্তানের রাজস্ব খাতে ১৯৪৮-৮৯ সালের বার্ষিক আয় ছিল ১৬ কোটি ৯১ লক্ষ টাকা। অপর পক্ষে ৩ কোটি ৩৭ লক্ষ অধিবাসী অধ্যুষিত পশ্চিম পাকিস্তানের রাজস্ব বাবদ আয় ছিল সে সময় ২৭ কোটি ৯৫ লক্ষ টাকা।

কেন্দ্রের সাহায্য-

সুতরাং দেখা যাচ্ছে যে, শুরু থেকেই কেন্দ্রের কাছ থেকে পশ্চিম অংশের তুলনায় পূর্ব পাকিস্তানেরই অনেক বেশী আর্থিক সাহায্য পাওয়া প্রয়োজন ছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ এই সত্যটি কার্যক্ষেত্রে সর্বদাই উপেক্ষিত হয়েছে এবং গত ক'বছরে কেন্দ্রীয় সরকার বিভিন্ন সময়ে উভয় অংশের জন্য যে সাহায্য মঞ্জুর করেছেন, দুই অংশের

আনুপাতিক প্রয়োজনের সংগে তার কোন সঙ্গতি নেই। ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জন্য কেন্দ্রীয় সরকার যে অর্থ সাহায্য করেছেন, তা থেকেই এ কথার সত্যতা নিরূপণ করা যায়। আলোচ্য সময় পর্যন্ত কেন্দ্রীয় সরকার পশ্চিম পাকিস্তানকে যে ক্ষেত্রে ৫২ কোটি ৫৮ লক্ষ টাকা সরাসরি সাহায্য দিয়েছেন, পূর্ব পাকিস্তানকে সে ক্ষেত্রে দিয়েছেন ২৬ কোটি ৫২ লক্ষ টাকা।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যেতে পারে যে, দেশ বিভাগের আগে পূর্ব পাকিস্তানেও কয়েকটি উন্নয়ন পরিকল্পনার কাজ চলছিল। বাংলা প্রদেশের এ সকল উন্নয়ন পরিকল্পনা কার্যকরী করার জন্য তদানীন্তন ভারত সরকার ৭০ কোটি টাকা সাহায্য মঞ্জুর করেন। এই অর্থের মধ্যে পূর্ব পাকিস্তানের প্রাপ্য হতো অন্যূন ৫০ কোটি টাকা। কিন্তু পাকিস্তান সরকার উন্নয়ন পরিকল্পনাসমূহের জন্য অর্থ সাহায্য দেওয়া বন্ধ করে দিয়ে বলেন যে, উন্নয়ন পরিকল্পনা বাবদ প্রাদেশিক সরকারকে ঋণ মঞ্জুর করা হবে।

ঋণ দানের ক্ষেত্রেও পূর্ব পাকিস্তানের প্রতি সুবিচার করা হয়নি। ১৯৫৭-৫৮ সাল পর্যন্ত উন্নয়ন পরিকল্পনাসমূহ কার্যকরী করার জন্য পশ্চিম পাকিস্তান যেখানে ঋন পেয়েছে ৯৮ কোটি ২৩ লক্ষ টাকা, পূর্ব পাকিস্তান সেখানে পেয়েছে মাত্র ৪৫ কোটি ৭৭ লক্ষ টাকা। বিদেশ থেকে প্রাপ্ত সাহায্য পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে কিভাবে বন্টন করা হয়েছে, তার আনুপাতিক হার সম্পর্কে সঠিক কোন তথ্য পাওয়া যায় না। তবে যে সকল আভাস পাওয়া যাচ্ছে তা থেকে ধরে নেয়া যেতে পারে যে, এ ক্ষেত্রেও পূর্ব পাকিস্তান তার ন্যায্য অংশ পায়নি। প্রকৃতপক্ষে শূন্যের কোঠা থেকেই পূর্ব পাকিস্তানের জীবনযাত্রার শুরু। এমতাবস্থায়, পশ্চিম পাকিস্তানের তুলনায় পূর্ব পাকিস্তানের বিভিন্নমুখী ঘাটতি পূরণের জন্য এখানকার জনসংখ্যা এবং বৈষয়িক ও আর্থিক অসচ্ছলতার কথা বিবেচনা করে কেন্দ্রীয় সরকারের প্রদত্ত সরাসরি সাহায্য, বৈদেশিক সাহায্য ও উন্নয়ন খাতে মঞ্জুরীকৃত ঋণের অন্যূন শতকরা ৫০ ভাগের বেশী পূর্ব পাকিস্তানেরই পাওয়া উচিত ছিল। কিন্তু কার্যক্ষেত্রে তা হওয়া তো দূরের কথা- এই প্রদেশ কেবল অবহেলাই পেয়ে এসেছে। প্রদেশের বর্তমান শোচনীয় আর্থিক অবস্থা এই অবহেলারই ফল।

কেন্দ্রীয় সরকারের রাজস্ব খাতের ব্যয় বরাদ্দের ক্ষেত্রেও পূর্ব পাকিস্তানের প্রতি অত্যন্ত অবিচার করা হয়েছে। ১৯৫৬-৫৭ সাল পর্যন্ত এই খাতের ব্যয় বরাদ্দের তুলনামূলক বিবরণ থেকে এটা পরিস্কার হয়ে পড়েছে। আলোচ্য সময় পর্যন্ত পূর্ব পাকিস্তানের জন্য যেখানে ব্যয় করা হয় মাত্র ৬৩ কোটি টাকা সেখানে পশ্চিম পাকিস্তানের জন্য ব্যয় করা হয় ৮১ কোটি টাকা।

দেশরক্ষা-

দেশরক্ষা খাতের ব্যয় বরাদ্দের চিত্র আরও নৈরাশ্যজনক। ১৯৫৬-৫৭ সাল পর্যন্ত দেশরক্ষা বাবদ পূর্ব পাকিস্তানে ব্যয় করা হয় কিঞ্চিদধিক ১৮ কোটি টাকা, অপরপক্ষে পশ্চিম পাকিস্তানে ব্যয় করা হয় ৪৮০ কোটি টাকা। এ কথা স্বীকার করতেই হবে যে, দেশ বিভাগকালে পূর্ব পাকিস্তানের তুলনায় পশ্চিম পাকিস্তানের অবস্থা সব দিক দিয়েই সন্তোষজনক ছিল। সুতরাং এ প্রদেশের দেশরক্ষা ব্যবস্থা উন্নয়ন ও শক্তিশালী করার দিকে আরও বেশী নজর দেওয়া উচিত ছিল। কিন্তু অবস্থাদৃষ্টে মনে হয়, পূর্ব পাকিস্তানকে তার অস্তিত্ব বজায় রাখার জন্য নিরবচ্ছিন্ন কঠোর সংগ্রামের পথেই ঠেলে দেওয়া হয়েছিল। ফলে, তার পক্ষে জাতি গঠনমূলক কোন গুরুত্বপূর্ণ কাজে হাত দেওয়া সম্ভব হয়ে ওঠেনি। এ ক'বছরে পূর্ব পাকিস্তানে তেমন কোন বড় রকমের উন্নয়ন পরিকল্পনা কার্যকরী না হওয়ায় এখানকার আর্থিক অবস্থার বিশেষ কোন উন্নতি হয়নি। আমি আগেই বলেছি, এ সব অসুবিধা সত্ত্বেও পূর্ব পাকিস্তান সরকার তাঁদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন খাতের আয় বৃদ্ধির জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে এসেছেন। আয় বৃদ্ধির উদ্দেশ্যে সরকার বিগত ১০ বছরে ৩০টি নয়া কর ধার্য করেছেন অথচ সাধারণের আর্থিক মানের উন্নতি না হওয়ায় অধিক করভার বহনের ক্ষমতাও তাদের নেই। যে পরিমাণ সাহায্য করা উচিত ছিল, কেন্দ্রীয় সরকার তা করেননি। সিএসপি অফিসারদের বেতন ও ভাতা বৃদ্ধি এবং গভর্ণরকে আর বেশী সুযোগ-সুবিধা দেওয়ার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার প্রাদেশিক সরকারের উপর কতিপয় ব্যবস্থা চাপিয়ে দেওয়ায়

প্রাদেশিক কোষাগার থেকে বৎসরে কয়েক লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় হচ্ছে। রাজস্ব আদায়ের উৎসগুলির বিলি বন্টনের ক্ষেত্রে সুবিচারের জন্য প্রাদেশিক সরকার দাবী জানিয়ে এসেছে। এতদসত্ত্বেও ১৯৪৮-৮৯ সালে রাজস্বের একমাত্র সম্প্রসারণশীল উৎস ''বিক্রয়-কর'' ও কেন্দ্রীয় সরকারের আওতায় নেয়া হয়। রাজস্ব-উৎসগুলির পুনবিন্যাসের জন্য বারংবার দাবী জানাতে থাকায় কেন্দ্রীয় সরকার ১৯৫২-৫৩ সালে এ সম্পর্কে একটি কমিটি গঠনে সম্মত হন, যাকে রেইসম্যান কমিটি বলা হয়। দুঃখের বিষয়, এই কমিটিও প্রদেশকে সাহায্য না করে কেন্দ্রকেই জোরদার করে গেছেন। পাট রফতানী শুল্কের অংশ বন্টন ব্যাপারে রেইসম্যান কমিটির রোয়েদাদ প্রদেশের সত্যিকার কোন উপকারের পরিবর্তে বরং অপকারই করেছে। ১৯৫০-৫১ ও ১৯৫১-৫২ সালে পাট শুল্ক খাতে প্রদেশের আর ছিল যথাক্রমে ৬ কোটি ৭২ লক্ষ ও ৬ কোটি টাকা। কিন্তু রেইসম্যান রোয়েদাদের পর ১৯৫২-৫৩ ও ১৯৫৩-৫৪ সালে তার পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪ কোটি ৩২ লক্ষ ও ৪ কোটি টাকা।

প্রদেশের আর্থিক অবস্থার ক্রমাগত এই অবনতির আর একটি কারণ হচ্ছে, কেন্দ্রীয় সরকারের জন্য প্রাদেশিক সরকার যে সব কাজ করেছেন, সে সকল ক্ষেত্রেও কেন্দ্রীয় সরকার তাদের দায়িত্ব পুরাপুরিভাবে পালন করেননি। ইষ্ট পাকিস্তান রাইফেলস ও সীমান্ত পুলিশ বাহিনীর জন্য মোট যা ব্যয় হয়, কেন্দ্রীয় সরকার তার শতকরা ৬০ ভাগ বহন করতে সম্মত হয়েছিলেন। কিন্তু কেন্দ্রীয় সরকার উক্ত টাকা দেননি। ফলে, এই একটি খাতেই বর্তমান সময় পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছে পূর্ব পাকিস্তান সরকারের পাওনা দাঁড়িয়েছে প্রায় ৮ কোটি টাকা।

বেসামরিক দেশরক্ষা বাবদ যা ব্যয় হয়, কেন্দ্রীয় সরকারের তারও শতকরা ৭৫ ভাগ বহন করার কথা। এ খাতেও পূর্ব পাকিস্তানের পাওনা দাঁড়িয়েছে ৫৩ লক্ষ টাকা। বারংবার তাগিদ দেওয়া সত্ত্বেও কেন্দ্রী সরকার এই খাতে কোন সাহায্যই মঞ্জুর করেননি।

তা হলে দেখা যাচ্ছে, যে সব কারণে পূর্ব পাকিস্তানের আর্থিক অবস্থা বর্তমানে সঙ্কটজনক পর্যায়ে এসে ঠেকেছে, তা আজও বিদ্যামান রয়েছে। বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বিশেষ করে ''অধিক খাদ্য ফলাও'' আন্দোলন জোরদার করার জন্য কেন্দ্রীয় সরকারের প্রদত্ত সাহায্য ও ঋণের অংশ যদি পর্যাপ্ত হতো, তা হলে অধিকাংশ অসুবিধাই আমরা এড়িয়ে যেতে পারতাম। রাজস্বের ক্ষেত্রে আমাদের এই যে ক্রমাগত ঘাটতি এরও অন্যতম কারণ কেন্দ্র ও প্রদেশের মধ্যে রাজস্ব উৎস বন্টনের ব্যাপারে অনুসৃত অসম ব্যবস্থা।

ব্যয় সঙ্কোচ-

কেন্দ্রীয় সরকার রাজস্ব খাতের আয় পরীক্ষা ও ব্যয়-হ্রাসের জন্য আমাদের পরামর্শ দিয়েছেন। কিন্তু আগেই আমি বলেছি যে, গত ১০ বছরে আমরা ৩০টি নয়া কর ধার্য করেছি। কিন্তু প্রদেশবাসীর বৈষয়িক অবস্থা অতীব শোচনীয় হওয়ায় আমাদের রাজস্ব খাতে আয় তেমন বাড়েনি। পক্ষান্তরে ব্যয় কমানোও সম্ভব হয়নি। কেননা, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির উচ্চমূল্য এবং জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয়ের সাথে সরকারী চাকুরিয়াদের আয় বা বেতনের সামঞ্জস্য নেই। অন্যান্য ক্ষেত্রেও ব্যয় আনুপাতিক হারে বেড়ে যাওয়ায় সে সব-ক্ষেত্রেও ব্যয় সঙ্কোচ করা সম্ভব হয়নি। আর্থিক সাহায্য দানের ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের প্রতি অতীতে যে সব অবিচার করা হয়েছে তার আশু প্রতিকার এবং কেন্দ্র ও প্রদেশের মধ্যে রাজস্ব আদায়ে উৎসগুলির ন্যায্য ও সুষম বন্টনের মধ্যেই পুর্ব পাকিস্তানের এসব অভাব-অসুবিধার বাস্তব সমাধান নিহিত।

রিলিফের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যে সাহায্য চেয়েছি সে সম্পর্কে অনেক কিছুই বলা হয়েছে। এ প্রসঙ্গে আমি পূর্ব পাকিস্তানের বর্তমান অবস্থার একটি সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া প্রয়োজন মনে করি।

বিশেষ করে খাদ্য মূল্যের দিক থেকে বিবেচনা করলে এপ্রিল থেকে জুলাই পর্যন্ত-এই চার মাস পূর্ব পাকিস্তানের জন্য সব সময়ই সঙ্কটকাল বলে বিবেচিত হয়ে থাকে। এ সময় অবস্থা বিশেষে খাদ্যশস্যের মূল্য

কম-বেশ বৃদ্ধি পেয়ে থাকে। তদুপরি ১৯৫৪, ১৯৫৫ ও ১৯৫৬ সালের সর্বগ্রাসী বন্যা প্রদেশের অবস্থা আরও সঙ্গীন করে তোলে। এরপর ১৯৫৭ সালে অনাবৃষ্টির ফলে প্রদেশের কতকগুলি জেলায় আউস আমন ও রবিশস্য সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়ায় এবং অপর কতকগুলি জেলায় আংশিক শস্যহানি, উপকূল এলাকায় লোনাপনির প্লাবন ও কীটের উপদ্রবে অবস্থার আরও অবনতি ঘটে।

এর উপর আবার মড়কে বিভিন্ন জেলায় বহু গবাদিপশুর মৃত্যু হয়। আর সেই সঙ্গে কালেরা ও বসন্তের ভয়াবহ মহামারী সমগ্র প্রদেশ ছেয়ে ফেলে। এর দরুন-গ্রামাঞ্চলের জনসাধারণের কর্মসক্ষমতা হ্রাস পাচ্ছে।

এসব প্রাকৃতিক দুর্যোগের ফলে ধান, চাল ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি পেয়ে এখন জনসাধারণের ক্রয় ক্ষমতার বাইরে চলে গিয়েছে। ফলে, এখন সর্বত্র শোচনীয় দুরবস্থা বিরাজ করছে। দুর্গত এলাকায় বিপন্ন জনসাধারণ জান বাঁচানরো তাগিদে গরু, বাছুর, বীজ এমনকি কৃষির যন্ত্রপাতি পর্যন্ত বিক্রি করতে বাধ্য হয়েছে। এখন তাদের কাছে এমন কোন সম্পদই নেই, যার উপর তারা নির্ভর করে থাকতে পারে। এ অবস্থায় এখন সরকারকে কেবল এদের চাষাবাদের ব্যবস্থা করে দিলেই চলবে না- বরং এই সঙ্কটকালে তাদের বেঁচে থাকবার মত সংস্থানও করে দিতে হবে।

এসব প্রাকৃতিক দুর্বিপাকে প্রদেশের শতকরা সাড়ে ১২ জন অর্থাৎ মোট প্রায় ৫০ লক্ষ লোক মারাত্মক রকমের ক্ষতিগ্রস্ত হয়েছে। এদের সকলেরই সাহায্যের দরকার এবং তাদের তা পাওয়া উচিত। ক্ষতিগ্রস্তদের মধ্যে ৩০ লক্ষ লোকের (৬ লক্ষ পরিবার) কৃষি ঋণ প্রয়োজন। এই ৬ লক্ষ পরিবারের মধ্যে ৫ লক্ষ পরিবারকে পরিবার প্রতি ৫০ টাকা হারে কৃষি ঋণ ও পরিবার প্রতি ১৫০ টাকা হারে দুই লক্ষ পরিবারকে গবাদিপশু ক্রয় ঋণ মঞ্জুর করতে হবে। এ বাবদ প্রয়োজন হবে সাড়ে ৫ কোটি টাকা।

টেষ্ট রিলিফ-

ভূমিহীন যে সব শ্রমিক সহজে কাজ পাচ্ছে না, টেষ্ট রিলিফের মারফত তাদের কাজ দিতে হবে। দুর্গত জনসাধারণের মধ্যে ১৫ লক্ষ লোক অর্থাৎ ৩ লক্ষ পরিবারের জন্য এই ধরনের রিলিফের প্রয়োজন। টেষ্ট রিলিফের কাজ জুন মাসের শেষ কিংবা জুলাই মাসের মাঝামাঝি এমনকি, কোন কোন জেলায় এর পরেও চালু রাখতে হবে। পরিবার পিছু দুইজন হিসাবে মাথাপ্রতি ২ টাকা করিয়া হিসাব করিলে ছয় লক্ষ লোকের এক মাসের কর্মসংস্থান করিতে ৩ কোটি ৬০ লক্ষ টাকা প্রয়োজন। দিনাজপুর, রংপুর, রাজশাহী এবং বগুড়া জেলার এক-ফসলী অঞ্চলের প্রায় এক লক্ষ লোকের সাহায্যার্থে টেষ্ট রিলিফের কাজ নভেম্বর মাসের শেষভাবে আমন ফসল না ওঠা পর্যন্ত চালিয়ে যেতে হবে এবং এজন্য অতিরিক্ত ৩ কোটি টাকা প্রয়োজন। সুতরাং দেখা যাচ্ছে, টেষ্ট রিলিফের জন্য মোট প্রয়োজন প্রায় ৬ কোটি ৬০ লক্ষ টাকা। অর্থনৈতিক অবস্থার কিছুটা উন্নতি না হওয়া পর্যন্ত ভূমিহীন অক্ষম লোকদেরও খয়রাতি সাহায্য দিয়ে যেতে হবে। আগষ্টের প্রথমভাগে আউস কাটা শুরু হলে অবস্থার কিছুটা উন্নতি হবে। এ ধরনের লোকের সংখ্যা প্রদেশে ৫ লক্ষের মত। স্বাভাবিক হারে মাসপ্রতি মাথাপিছু ১০ সের চাল জোগালেও দু'মাসে (জুন ও জুলাই) চাল প্রয়োজন হবে ২,৫০,০০০ মণ যার দাম হবে যাবতীয় খরচসহ মোট ৫৬ লক্ষ ২৫ হাজার টাকা অর্থাৎ মনপ্রতি ২২ টাকা ৮ আনা। এ ছাড়া এক-ফসলী এলাকার ১ লক্ষ লোককেও আগামী নভেম্বর পর্যন্ত ৪ মাস খয়রাতি সাহায্য দিতে প্রয়োজন হবে ২২ লক্ষ ৫০ হাজার টাকা। এ নিয় খয়রাতি সাহায্যের জন্য মোট দরকার ৭৮ লক্ষ টাকা।

কাজেই আপনাদের নিজ নিজ স্বার্থ রক্ষার প্রয়োজনেই আপনাদিগকে এখন এমন সচেতন ও সক্রিয় হইয়া উঠিতে হইবে যাহাতে আপনাদের কাছে ওয়াদাবদ্ধ আপনাদেরই নির্বাচিত সভ্যরা প্রেসিডেন্ট পদে মিস জিন্নাহকে ভোট দিয়া তাহাদের ওয়াদা পালন করেন। একদিকে যেমন মিস জিন্নাহকে প্রেসিডেন্ট পদে নির্বাচনের জন্য আপনাদিগকে অনলস প্রচেষ্টা চালাইতে হইবে অপরদিকে তেমনই আপনাদের দাবী আদায়ের আন্দোলনকে জোরদার করার জন্য কৃষক সমিতিকে শক্তিশালী করিয়া ইস্পাত কঠিন কৃষক ঐক্য গড়িয়া তুলিতে হইবে। এই নির্বাচনে আপনাদের ঐক্যের শক্তিতে ভয় পাইয়াই প্রতিক্রিয়াশীল চক্র নানাভাবে আতঙ্ক সৃষ্টি করিয়া এই ঐক্যে ফাটল ধরাইতে প্রয়াসী হইয়াছে। যেখানে যেখানে কৃষক সমিতি আছে সেইগুলিকে শক্তিশালী করিয়া এবং যেখানে যেখানে নাই সেইখানে কৃষক সমিতি গঠন করিয়া দুর্বার কৃষক ঐক্য গড়িয়াই এই শয়তানের শয়তানীর সম্যক ও সঠিক উত্তর দিতে হইবে। ঐক্যবদ্ধ সংগঠনই আপনাদের শক্তি। আপনাদের দাবীর আন্দোলনকে জনপ্রিয় ও শক্তিশালী করিয়া তোলার জন্য এখন হইতেই প্রতি ইউনিয়নে, থানায়, মহকুমায় ও জিলায় মিছিল ও সভা প্রভৃতি গড়িয়া তুলুন এবং ঐ সমস্তে আপনাদের নির্বাচিত সভ্যকেও অংশীদার করুন। ছাত্র মেহনতি জনতাসহ রাজনৈতিক সংযুক্ত বিরোধীদলের সক্রিয় সহযোগিতায় এই আন্দোলনকে দুর্বার করিয়া তোলার জন্য কৃষক কর্ম্মী ও দরদীদের সর্বতোভাবে চেষ্টা করিতে হইবে। প্রেসিডেন্ট নির্বাচনের নির্ধারিত তারিখে ও সময়ে মিছিল করিয়া আপনাদের নির্বাচিত সভ্যকে ভোটকেন্দ্রে নিয়া মিস জিন্নাহকে ভোট দেওয়ানও আপনাদের অবশ্য করণীয় কাজ। আমি বিশ্বাস করি তাঁহারা দেশ ও সমাজের কাজের জন্য তাহাদের এই

গুরুদায়িত্ব সঠিকভাবেই পালন করিবেন। সংযুক্ত বিরোধীদলের গৃহীত কর্মসূচীতে কৃষকের মৌলিক দাবীর স্বীকৃতি আছে বলিয়াই কৃষক সমাজকে সংযুক্ত বিরোধীদলের সহিত সক্রিয়ভাবে সহযোগিতা করিতেই হইবে। এইরূপ মিথ্যা জনরব উঠিয়াছে যে মিস জিন্নাহ এই নির্বাচনে সাফল্য লাভ করিলে মৌলিক গণতন্ত্র সংস্থা ভাঙ্গিয়া দেবে এবং পুনঃনির্বাচনের ব্যবস্থা করিবেন। এই মিথ্যা প্রচারে বিশ্বাস করিবেন না। মাদারে মিল্লাত ঘোষণা করিয়াছেন যে, মৌলিক গণতন্ত্র সংস্থাকে আরও ক্ষমতা দিয়া শক্তিশালী করিবেন।

পথে-ঘাটে-বাজারে ঐক্যবদ্ধ আওয়াজ তুলুন

১। পূর্ণ গণতন্ত্র ও সার্বজনীন প্রাপ্তবয়স্কদের সরাসরি ভোটসহ সর্বপ্রকার মৌলিক অধিকার কায়েম কর।

২। সমস্ত প্রকার নিবর্তনমূলক আইন বাতিল, সমস্ত রাজবন্দীদের মুক্তি, গ্রেপ্তারী পরোয়ানা বাতিল ও বাজেয়াপ্ত সম্পত্তি প্রত্যার্পণ করিতে হইবে।

৩। সার্টিফিকেট প্রথাসহ নতুন রাজস্ব আদায়ের বিল বাতিল করুন।

৪। ৯৩ কোটি টাকা ঋণ হইতে কৃষককে রেহাই দিতে হইবে।

৫। ভুল রেন্ট রোল সংশোধন ও এজমালি খতিয়ানে বাটা-খতিয়ান পরিণত করিতে হইবে।

৬। বর্ধিত খাজনা ও ট্যাক্স কমাইতে হইবে এবং নগর শুল্ক বাতিল করিতে হইবে, খাজনার সুদ নেওয়া চলিবে না।

৭। উৎপাদিত ফসলের উদ্বৃত্তের উপর হারাহারি খাজনা বা কর ধার্যেও প্রথা চালু করিতে হইবে। ২৫ বিঘা পর্যন্ত জমির খাজনা ধার্য চলিবে না। ১০০ বিঘার উপর কাহাকেও জমি রাখিতে দেওয়া চলিবে না।

৮। অল্প জমির মালিক ও ভূমিহীন কৃষকদের মধ্যে সরকারী খাস জমি ও উদ্বৃত্ত জমি বিতরণ করিতে হইবে।

৯। মোহাজীরদের নামে যে ট্যাক্স আদায় হইতেছে তাহা দিয়া অচিরে তাহাদের পুনর্বাসনের ব্যবস্থা হইবে।

১০। হাট-বাজারের ও জলার ইজারা প্রথা বাতিল করিয়া সরাসরি খাজনা আদায়ের ব্যবস্থা করা হউক।

১১। পাটের নিম্ন দর চল্লিশ টাকা, আখের নিম্ন দর ৪ টাকা ধার্য করিয়া কৃষকের অন্যান্য অর্থকরী ফসলের ন্যায্যমূল্য বাঁধিয়া দেওয়া হউক।

১২। শিক্ষার ব্যয়ভার কমান হউক, শিক্ষকদের উপযুক্ত বেতন দেওয়া হউক।

১৩। ক্রুগ-মিশনের সুপারিশ মোতাবেক বন্যা নিয়ন্ত্রণ করা হউক।

১৪। বেকার সমস্যা সমাধানের জন্য শিল্প বিস্তারের ব্যবস্থাসহ দিনমজুরদের পল্লী উন্নয়নের কাজে নিযুক্ত করিয়া দৈনিক ৩ টাকা হইতে ৩ টাকা আট আনা দেওয়া হউক, কৃষি সমস্যার সম্যক সমাধান করিয়া ফসল উৎপাদনে কৃষককে সাহায্য ও সক্রিয়ভাবে উৎসাহ দিতে হইবে।

১৫। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমাইতে হইবে।

১৬। সংখ্যালঘুদের স্থাবর ও অস্থাবর সম্পত্তি বিক্রয়ের অধিকার দিতে হইবে।

১৭। সমস্ত প্রকার পুলিশী জুলুম বন্ধ করিতে হইবে।

১৮। পল্লী উন্নয়নের নামে বিনা ক্ষতিপূরণে কৃষকের জমি কাটা বন্ধ করিতে হইবে। সমস্ত রাষ্ট্রের সহিত সম্মানজনক শর্তে বন্ধুত্ব ও ব্যবসা করিতে হইবে।

১৯। সাম্প্রাদায়িকতার মূলোচ্ছেদ করিতে হইবে।

২০। ধ্বংসের মুখ হইতে কুটির শিল্পকে রক্ষা করিতে হইবে।

শিরোনাম	সূত্র	তারিখ
গণতন্ত্রের প্রতীক মিস ফাতিমা জিন্নাহকে নির্বাচিত করুন	পূর্ব পাকিস্তানের সংগ্রামী ছাত্র সমাজের প্রচার পত্র	ডিসেম্বর, ১৯৬৪

আইয়ুবকে পরাজিত করিয়া গণতন্ত্রের প্রতীক মিস ফাতিমা জিন্নাহকে জয়যুক্ত করুন নির্বাচনী কলেজের সদস্য ও দেশবাসীর প্রতি ছাত্র সমাজের আহবান

প্রেসিডেন্ট নির্বাচন আসন্নঃ

ছাত্র-শ্রমিক-কৃষক-জনতার বুকের রক্তে যে আইয়ুবশাহীর হাত এখনো রহিয়াছে সিক্তকলঙ্কিত, সেই জুলুমশাহীকে সমূলে নিপাত করিবার দিন আসিয়াছে। আজ দিন আসিয়াছে বিগত ছয় বছরের অত্যাচার-নির্যাতন আর নির্মম শোষণের জবাব দান করিবার। ছয় বছর পূর্বে যে ডিক্টেটর আইয়ুব দেশবাসীকে গোলামীর শৃঙ্খলে আবদ্ধ করিয়া নিজের একনায়কত্বকে চিরস্থায়ী করিবার ষড়যন্ত্র করিয়াছিল, যে আইয়ুব দেশবাসীকে 'গরু-ছাগল' আখ্যা দিয়া নিজেকে ''সর্বশ্রেষ্ঠ'' রাষ্ট্রপরিচালক ও ''মহাশক্তিশালী'' বলিয়া ঘোষণা করিয়াছিল সেই ''মহাশক্তিধর'' আইয়ুবের পদতলে আজ ভূমি কাঁপিতেছে থর থর। শোষিত-নির্যাতিত পাকিস্তানের দশ কোটি নর-নারী আজ পরাধীনতার শিকল ছিঁড়িয়া জাগিয়া উঠিয়াছে বিসুভিয়াসের মত। জনতার রুদ্ররোষের লেলিহান বহ্নিশিখায় পতঙ্গের মত পুড়িয় ভস্মীভূত হইবে দুষমন সব, পাপী-তাপী, অত্যাচারী, শোষক-শাসকের দল। আজ আসিয়াছে সেই দিন। ঘোষিত হইবেই স্বৈরতন্ত্রের পরাজয় আর গণতন্ত্রের মহান বিজয়।

আগামী ২রা জানুয়ারী প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হইবে। শুধু এ দেশবাসীরই নয়, সমগ্র বিশ্বের দৃষ্টি আজ এই নির্বাচনের প্রতি হইয়াছে নিবন্ধ। কেননা এই নির্বাচন অনুষ্ঠিত হইতেছে গণতন্ত্র বনাম স্বৈরতন্ত্রের প্রশ্নে- স্বাধীনতা ও মুক্তি বনাম গোলামী ও জুলুমবাজীর প্রশ্নে। এই নির্বাচনই নির্ধারিত করিবে পাকিস্তানের ইতিহাসের ভবিষ্যৎ গতিধারা। সুতরাং আসন্ন নির্বাচন অপেক্ষা গুরুত্বপূর্ণ ঘটনা পাকিস্তানবাসীদের নিকট আর কিছুই হইতে পারে না। কিন্তু জনগণের সুনিশ্চিত বিজয়ের মুখে, ক্ষমতার মোহে অন্ধ জুলুমবাজ আইয়ুবশাহী মরণ কামড় হানিতে পারে। তাই সর্তকতাই জনগণের বিজয়ের গ্যাঁরান্টি।

নির্বাচনী কলেজের সদস্যদের প্রতি আবেদনঃ

জনগণের প্রত্যক্ষ ভোটাধিকার কাড়িয়া লইয়া তাহাদের ঠুটো জগন্নাথ করা হইয়াছে। আজ আপনাদের ভোটেই প্রেসিডেন্ট নির্বাচিত হইবে। আপনারাই আজ জনগণের আশা পূরণের মালিক। দেশবাসী চায় গণতন্ত্র, চায় মিস ফাতেমা জিন্নাহর বিজয়। তাই ফাতেমা জিন্নাহকে জয়যুক্ত করাই আজ আপনাদের কর্তব্য। কিন্তু ক্ষমাতাসীন চক্র আজ মিথ্যা প্রচারের বাণ ছুটাইয়াছে। আইয়ুবশাহী আপনাদের বিভ্রান্ত করিতেছে যে, মিস জিন্নাহ জয়যুক্ত হইলেই বুনিয়াদী গণতন্ত্র ভাঙ্গিয়া দেওয়া হইবে। তাহারা পবিত্র ধর্মের নামেও মিথ্যা প্রচার চালাইয়াছে। দেশপ্রেমিক ছাত্রসমাজের উপর ভরসা থাকিলে এইসব মিথ্যা প্রচারে বিভ্রান্ত না হইয়া উপযুক্ত জবাব দান করুন মিস জিন্নাহকে ভোট দিয়া। শাসকশ্রেণী আজ আপনাদের বিরুদ্ধেও ষড়যন্ত্রে নামিয়াছে। ভয়ভীতি, প্রলোভন দেখাইয়া তাহারা আপনাদের বিপথগামী করিতে চায়। কিন্তু সুনিশ্চিতভাবে জানিবেন যে, আপনাদের সাথে রহিয়াছে সংগ্রামী ছাত্রসমাজ ও জাগ্রত দেশবাসী। তাই প্রলোভনের ফাঁদে না পড়িয়া নিঃশঙ্কচিত্তে নিজের দায়িত্ব

পালন করুন-''জিন্নাহকে' জয়যুক্ত করুন। এই মহান কর্তব্য পালনে সফল হইলে ইতিহাসে আপনারা অবিস্মরণীয় হইয়া থাকিবেন, সন্দেহ নাই। কিন্তু এই কর্তব্য পালনে অবহেলা করিলে, কিংবা দেশবাসীর সহিত বিশ্বাসঘাতকতার কাজ করিলে ইতিহাস প্রতিশোধ গ্রহণ করিতে ভুলিবে না, ক্ষমা করিবে না পূর্ব বাংলার বিপ্লবী ছাত্রসমাজ। আর জবাব দিতেই হইবে সেদিন জনতার দরবারে। আমরা সুনিশ্চিতভাবে, গভীর আত্মবিশ্বাসের সহিত ঘোষণা করিতেছি -আইয়ুবশাহীর উচ্ছেদ হইবেই হইবে। আপনাদের কাছে আবেদন, এই ঐতিহাসিক কর্তব্য পালনে আপনারা অকুতোভয়ে সামিল হউন।

দেশবাসীর প্রতি আবেদন

সর্বশ্রেণীর জনসাধারণ ও বিশেষ করিয়া কৃষক সমাজের কাছে আমাদের আবেদন। শোষকদের উচ্ছেদের জন্য সর্বশক্তি নিয়োগ করুন। গত ছয় বছর ধরে জনসাধারণের ও বিশেষ করিয়া কৃষক সমাজের চরম সর্বনাশ সাধন করিয়াছে আইয়ুব সরকার। কৃষিপণ্যের মূল্য কমিয়াছে, মূল্য বাড়িয়াছে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির। খাজনা, ট্যাক্স বাড়িয়াছে বহুগুণ। ধনিকের ধন বাড়িয়াছে, গরীব হইয়াছে আরো নিঃস্ব। তাহার উপর চলিয়াছে অত্যাচার, জুলুম-জবরদস্তি। আজ তাই এই অত্যাচারী শোষকদের পরাজিত করিবার জন্য সর্বশ্রেণীর মানুষকে সর্বশক্তি দিয়াই চালাইতে হইবে প্রচেষ্টা। কেবলমাত্র বুনিয়াদি গণতন্ত্রীদের ভোট দিয়া বসিয়া থাকিলেই চললেবে না। কৃষক-শ্রমিক-মধ্যবিত্ত সকল মানুষকে আরো ঐক্যবদ্ধ ও সংগঠিতভাবে আগাইয়া আসিতে হইবে নিজ নিজ স্বার্থ রক্ষার জন্যেই। নিজ প্রচেষ্টা দ্বারাই করিতে হইবে ভাগ্যের পরিবর্তন। মরিবার পূর্বেও আইয়ুবশাহী জনগণের বিরুদ্ধে সর্বনাশা ষড়যন্ত্র আঁটিতেছে। আইয়ুবের ষড়যন্ত্র ব্যর্থ করিয়া মিস জিন্নাহকে জয়যুক্ত করিতেই হইবে। ইহাই আমাদের বাঁচিবার পথ। তাই আসুন, আজ সকলে মিলিয়া নিমেণর কর্মসূচী অনুযায়ী কাজ করিয়া মিস জিন্নাহর বিজয়কে সুনিশ্চিত করিয়া তুলি। আসুন, আজ বজ্র কণ্ঠে ঘোষণা করিঃ শোষণের দিন শেষ, দিন শেষ জুলুমবাজীর।

ছাত্রসমাজের কর্তব্যঃ

ছাত্রসমাজ আজ দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করিতেছে, গ্রহণ করিতেছে বলিষ্ঠ শপথ। গণতন্ত্রের প্রতীক ফাতেমা জিন্নাহকে বিজয়ী করিবই করিব। এই শপথকে রক্ষা করিবার জন্য প্রতিটি ছাত্রকে আজ চারণের বেশে ছড়াইয়া পড়িতে হইবে গ্রাম বাংলার পথে পথে। হাটে-মাঠে-ঘাটে, শহরে-বন্দরে, গ্রামে-গঞ্জে সর্বত্র চালাইতে হইবে প্রচার। ছাত্রসমাজকে যাইতে হইবে জনতাকে সংঘবদ্ধ করিবার কাজে। নির্বাচনী কলেজের প্রতিটি সদস্যের নিকট পৌঁছাইতে হইবে দেশবাসীর ম্যান্ডেট : ''ফাতেমা জিন্নাহকে ভোট দাও। পালন কর দায়িত্ব।'' যে কোন মূল্যেই আজ উচ্ছেদ করিতে হইবে আইয়ুবশাহকে। এই আইয়ুবশাহীর উচ্ছেদের জন্যই গত তিন বছর ধরিয়া শত নির্যাতনের মুখে বুলেটের সামনে বুক পাতিয়া, বেয়নেটের নীচে দাঁড়াইয়া আমরা-ছাত্রসমাজ নির্ভীকভাবে চালাইয়া আসিয়াছি সংগ্রাম। আইয়ুবশাহীর বুলেটে নাম জানা -অজানা শহীদদের অতৃপ্ত আত্মা আজ দিয়াছে আমাদের কানে কানে ডাক। ডাক দিতেছে অন্ধকার কারা প্রকোষ্ঠ হইতে বন্দী ভাইরা। আজ আসিয়াছে দেশের ডাক-মায়ের ডাক। এই ডাকে আমরা সাড়া দিবই, উচ্ছেদ করিবই স্বৈরাচারী শাসকদের। তাই প্রতিটি ছাত্র ছাত্রীকে পালন করিতে হইবে নিম্নের কর্মসূচী। ইহাই ছাত্রসমাজের কর্তব্য।

কর্মসুচীঃ

- সকল ইউনিয়ন এবং সম্ভব হইলে সকল ইউনিটে 'ফাতেমা জিন্নাহ নির্বাচনী' কমিটি গঠন। রাজনৈতিক, অরাজনৈতিক, ছাত্র, যুবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সম্মিলিতভাবে ইহা গঠন করা।

- সকল ইউনিটে অথবা আঞ্চলিক ভিত্তিতে জনসভা করিয়া নির্বাচনী কলেজের প্রতিটি সদস্যের উপর মিস জিন্নাহর সমর্থনে ম্যান্ডেট প্রদান ও শপথ গ্রহণ।
- শহরে-গ্রামে. গাঁয়ে-গঞ্জে সর্বত্র প্রচার, জনসভা, পথসভা, ছোট এবং বড় মিছিল অনুষ্ঠান।
- ভোটের দিন ভোট কেন্দ্রের নির্বাচনী কলেজের সদস্যদের উপস্থিত করা ও ক্ষমতাসীনদের কব্জা হইতে তাঁহাদের রক্ষা করা।
- ভোটের দিন ভোট কেন্দ্রের নিষিদ্ধ সীমার বাহিরে হাজার হাজার গণজমায়েতের ব্যবস্থা।
- শত্রুপক্ষের ষড়যন্ত্র ব্যর্থ করিবার জন্য সর্বসময়ে প্রয়োজনীয় তৎপরতা।
- মিস্ জিন্নাহর নির্বাচনী তহবিলে অর্থ প্রদান ও অর্থ সংগ্রহ।

পূর্ব পাকিস্তানের সংগ্রামী ছাত্রসমাজ
ঢাকা।

পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন, পূর্ব পাকিস্তান ছাত্রলীগ ও পাকিস্তান ছাত্রশক্তি কর্তৃক প্রকাশিত এবং ইষ্ট পাকিস্তান প্রেস,২৬৩, বংশাল রোড, ঢাকা-১ হইতে মুদ্রিত।

শিরোনাম	সূত্র	তারিখ
'রাষ্ট্রপ্রধানের পদে মহিলা নির্বাচন জায়েজ- দশজন আলেমের বিবৃতি'	সংযুক্ত বিরোধী দল	ডিসেম্বর, ১৯৬৪

বর্তমান পরিস্থিতিতে
রাষ্ট্রপ্রধানের পদে মহিলা নির্বাচন জায়েজ

(বিশ্ববিখ্যাত ও দেশবরেণ্যে ওলামায়ে কেরামের ফতোয়া)

- মরহুম মাওলানা আশরাফ আলী থানভী
- মরহুম মাওলানা সৈয়দ সোলেমান নদভী
- মাওলানা মুফতী মোহাম্মদ শফী
- মাওলানা সাইয়েদ আবুল আলা মওদুদী
- মাওলানা আতাহার আলী
- মাওলানা শামছুল হক (ফরিদপুরী)
- মাওলানা নূর মোহাম্মদ আযমী
- মাওলানা তাজুল ইসলাম
- শর্ষিনার পীর শাহ মাওলানা মোহম্মদ ছিদ্দিক
- মাওলানা মুহাম্মদ আবদুর রহীম

হজরত মাওলানা আশরাফ আলী থানভী (রাঃ) বলেনঃ

রাষ্ট্র ব্যবস্থা তিন প্রকার,- রাজতন্ত্র, একনায়কত্ব ও গণতন্ত্র। গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থায় সদস্যদের সমবায়ে গঠিত পরিষদই রাষ্ট্রের প্রকৃত শাসনকর্তা। রাষ্ট্রপ্রধান এ পরিষদের একজন সদস্য মাত্র। তিনি জাতি কর্তৃক মনোনীত বা নির্বাচিত হলেও তাঁর পূর্ণ কর্তৃত্ব এখানে নাই। প্রকৃত প্রস্তাবে তিনিও পরিষদের অন্যান্য সদস্যদের মত একজন পরামর্শদাতা মাত্র যদিও তাঁর মত অন্যান্য একক সদস্যের মতের তুলনায় অগ্রধিকার লাভ করে থাকে তথাপি এতে পূর্ণ কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয় না। যদি তাই হতো তবে অন্যান্য সদস্যদের সমবেত মতের বিরুদ্ধে তাঁর মতামতই প্রাধান্য লাভ করতো; কিন্তু বাস্তবে তা কখনও হয় না।

কোরান মজিদে হজরত বিলকিসের রাজত্ব কাহিনী বর্ণনা প্রসঙ্গে তার কথার উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে ...''মা কুনতু কাতেয়াতান আমরান হাত্তা তাশ্হাদুন'' অর্থাৎ বিলকিস তাঁর সভাসদগণকে বলেন, ''আপনাদের উপস্থিতি ব্যতীত আমি কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করি না''- এ উক্তি থেকে প্রমাণিত হচ্ছে যে সে রাষ্ট্রের রাষ্ট্রীয় পদ্ধতি শাসনতন্ত্র অনুসারেই হোক বা বিলকিসের স্বাভাবিক অনুসৃত রীতি অনুসারেই হউক গণতান্ত্রিক পদ্ধতির অনুরূপই ছিল।

হজরত বিলকিসের মুসলমান হবার পর তাঁর রাষ্ট্রাধিকার কেড়ে নেবার কোন প্রমাণ নেই বরং তার রাজ্য যে আগের মতই বহাল ছিল, ইতিহাসে তার যথেষ্ট প্রমাণ রয়েছে। বিলকিসের রাজত্বে ও রাজ্য শাসন পদ্ধতির প্রতি কোরানে কোনরূপ অবজ্ঞা ও অসমর্থন জ্ঞাপন করা হয়নি। উসুলে ফেকাহর সুবিদিত বিধান হচ্ছে, কোরান বা হাদিছে যদি অতীতের কোন ঘটনা বা ব্যবস্থাকে কোনরূপ অবজ্ঞা বা অসমর্থন প্রকাশ না করে বর্ণনা করা হয়

তবে তা শরীয়তে প্রমাণ হিসেবে গৃহীত হতে পারে। সুতরাং বর্ণনা থেকে সুস্পষ্টভাবে প্রমাণিত হচ্ছে যে, গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থায় মহিলার নেতৃত্ব চলিতে পারে।

(ইমদাদুল ফাতাওয়া তাতিম্মায়ে ছানিয়া ১৬৯-৭০: ৫৪ বৎসর পূর্বে প্রদত্ত)
(দৈনিক আজাদ, ২২শে অক্টোবর ১৯৬৪ ইং)

মাওলানা সৈয়দ সোলেমান নদভী ছাহেব বলেনঃ

রাষ্ট্রপ্রধানের দায়িত্ব পালনের জন্য ইসলাম যেসব শর্তারোপ করেছে তা পালন করা কোন মহিলার পক্ষে দুঃসাধ্য। এ জন্যই নারী জাতিকে রাষ্ট্রপ্রধানের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। কিন্তু শুধু এই একমাত্র কারণে যদি কেহ মনে করেন যে কোন অবস্থায়ই মহিলা মুসলমানদের সামরিক ও রাজনৈতিক নেতৃত্ব দিতে পারেন না, তবে তা ভুল হবে। কারণ যখন জাতি কোন ফেতনা- ফাসাদের সম্মুখীন হয় এবং সে ফেতনা থেকে রক্ষা করতে পারে এমন কোন ব্যক্তিত্ব জনগণের দৃষ্টিতে কোন মহিলা ব্যতীত আর না থাকে, তবে উক্ত মহিলাকেই জাতির নেতৃত্ব প্রদান করতে হবে।

(সীরাতে আয়েশা, ৩য় খ- ১১৩ পৃঃ)

হজরত মাওলানা মুফতী মোহাম্মদ শফী ছাহেব বলেনঃ

গণতান্ত্রিক রাষ্ট্রে মহিলা রাষ্ট্রপ্রধান হওয়া ইসলামী শিক্ষা ও ঐতিহ্যের খেলাপ নহে।

(দৈনিক জঙ্গ, ৩রা নভেম্বর, ১৯৬৪ ইং)

হজরত মাওলানা সাইয়েদ আবুল আলা মওদুদী ছাহেব বলেনঃ

এখন আমি এমন একটি বিষয়ে বলবো, যা খুব জোরে-শোরে তোলা হচ্ছে এবং কিছুসংখ্যক আলেম ও পীরদের দ্বারাও তা লোকসমক্ষে প্রচার করানো হচ্ছে- তা হলো রাষ্ট্রপ্রধান মহিলাকে নিযুক্ত করা। বলা হচ্ছে যে, ইসলামে কোন নারীকে মুসলমানদের নেতা বা রাষ্ট্রপ্রধান বানানো যায় না। এই ব্যাপারে বিশেষ করে আমার লেখা বই থেকে নানা উদ্ধৃতি পেশ করা হচ্ছে। আর আমি সময় ও সুযোগ দেখে ইসলামের নীতি পরিবর্তন করে ফেলি বলে আমার নামে অভিযোগ তোলা হচ্ছে। এর জওয়াবে আমি অবশ্যই জিজ্ঞেস করতে পারি যে, ইসলামের দৃষ্টিতে নারীকে মন্ত্রী ও পার্লামেন্টারী সেক্রেটারী এবং বিদেশে রাষ্ট্রদূত বানানো যায় কি? ছেলে ও মেয়েদের সহ-শিক্ষা ব্যবস্থা কি ইসলামসম্মত? পুরুষ ও মেয়েলোকের একত্রিত হয়ে একই অফিসে কাজ করা কি জায়েজ? স্টেজে নেমে মেয়েদের নাচ, গান করা কি ইসলাম সমর্থন করে? উড়োজাহাজে যুবতি মেয়েরা সেবিকা হয়ে পুরুষ যাত্রীদের মধ্যে মদ পরিবেশন করে, তা কি জায়েজ.... আর এসব যদি না-জায়েজ কাজই হবে, তাহলে আজ পর্যন্ত এ ব্যাপারে ইসলামের নির্দেশ মেনে কাজ করা হয়নি কেন? এ সব ব্যাপারে ইসলামের কথা স্মরণ করা হয়নি কেন? আর আজ নারীর রাষ্ট্রপ্রধান হওয়ার প্রশ্নেই কেবল ইসলামের দোহাই দেয়া হয় কেন? এ হচ্ছে পাল্টা প্রশ্ন। এর পরে আমি আসল বিষয়ে শরীয়তের দৃষ্টিভংগী আপনাদের সামনে পেশ করছি।

একথা সর্ববাদীসম্মত যে, ইসলামে রাজনীতি আর রাষ্ট্রীয় কার্যকলাপ নীতিগতভাবে পুরুষদের কর্মক্ষেত্রের আওতার মধ্যে রাখা হয়েছে, এসবের দায়িত্ব পালনে মেয়েলোকদের শরীক করা হয়নি। মুসলমানদের আমীর বা নেতা হবার জন্যে যেসব শর্ত করা হয়েছে তার মধ্যে পুরুষ হওয়াটাও একটা শর্ত, একথা অস্বীকার করা যায়

না । আমি নিজেই এ বিষয়ে দলিল-প্রমাণ সহকারে বলিষ্ঠভাবে ইতিপূর্বে কয়েকবারই বলেছি, আর আজও আমি এই কথারই পুনর্ঘোষণা করছি।

কিন্তু বর্তমান মুহূর্তে আমাদের সামনে বিষয়টি এ সাদাসিধেভাবে উপস্থিত হয়নি যে, নারী মুসলমানদের আমীর হতে পারে কিনা তা নিয়েই আমরা মাথা ঘামাতে বসবো। বরং আমরা বর্তমানে এক বিশেষ পরিস্থিতির সম্মুখীন হয়ে আছি, তা হচ্ছে এইঃ

- দেশে এক জবরদস্তিমূলক অত্যাচারী ও স্বৈরাচারী শাসন ব্যবস্থা চালু হয়ে রয়েছে, তা আমাদের ধর্ম, চরিত্র, তাহজীব-তামাদ্দুন, অর্থনীতির পক্ষে অত্যন্ত মারাত্মক।

- এ ধরনের শাসন ব্যবস্থাকে নিয়মতান্ত্রিক পন্থায় পরিবর্তন করার জন্য আগামী নির্বাচনে খোদার দেয়া এক মহা সুযোগ পাচ্ছি।

- দেশে মুহতারিমা ফাতিমা জিন্নাহ ব্যতীত অপর কোন ব্যক্তিত্ব এমন নেই যাকে কেন্দ্র করে দেশের বিরাটসংখ্যক লোক একত্রিত হতে পারে, আর নির্ব্বাচনে সফলতা লাভ করতে পারে ও এ উপায়ে বর্ত্তমান স্বৈরতন্ত্রী জালেম শাসন ব্যবস্থাকে খতম করে দেওয়ার কোন সম্ভাবনা হতে পারে।

- মুহতারিমা ফাতিমা জিন্নাহর প্রার্থী হওয়ার সঙ্গে সঙ্গে দেশের সাধারণ জনতা তাঁর সমর্থনে কোমর বেঁধে দাঁড়িয়ে গিয়েছে।

- তাঁর পরিবর্তে অপর কোন ব্যক্তিকে দাঁড় করানো কিংবা এই নির্বচনী সংগ্রামে নিরপেক্ষ থাকার মানে বর্তমান প্রেসিডেন্ট আইয়ুব খানকেই সাহায্য কর।

এমতাবস্থায় আমাদের সামনে আসল প্রশ্ন হচ্ছে এই যে, একজন মেয়েলোকের রাষ্ট্রপ্রধান হওয়া কি শরীয়াতে এতই আপত্তিকর যে তাঁকে সমর্থন না করে তার বিপরীত বর্তমান জবরদস্তি আর অত্যাচার জুলুমের শাসনকে মেনে নিতে হবে? আমার মতে ইসলামী শরীয়াত সম্পর্কে সামান্য জ্ঞান রাখে এমন কোন ব্যক্তিই বলতে পারে না যে, একজন নারীকে রাষ্ট্রপ্রধান করার পরিবর্তে এই স্বৈরাচারী ও জালেম শাসনকে কবুল করা উচিত। বরং আমি তো বলবো, একজন নারীকে রাষ্ট্রপ্রধান বানানো যদি এক আনা দোষের কাজ হয় তা'হলে তার মুকাবিলায় বর্তমান অত্যাচারী ও জালেম শাসনকে বাঁচিয়ে রাখলে কমপক্ষে দশগুণ বেশী গুনাহ হবে। আর খোদার শরীয়াত তো অনেক বড়, সাধারণ জ্ঞান-বুদ্ধির একটি বালকও এক টাকা বাঁচানোর জন্যে দশ টাকার ক্ষতি স্বীকার করাকে পছন্দ করতে পারে না।

এছাড়া, একথাও মনে রাখতে হবে যে, ইসলামের সাধারণ নিয়ম অনুযায়ী রাষ্ট্রপ্রধান পুরুষ হওয়া একটি শর্ত বটে, কিন্তু নারীর রাষ্ট্রপ্রধান হওয়া ইসলামী শরীয়াতে সম্পূর্ণ হারাম- এমন হারাম যে, অত্যন্ত ও সাংঘাতিক প্রয়োজন দেখা দিলেও তা জায়েজ হবে না, এমন কথা কেউই বলতে পারে না। কোরআন-হাদিস থেকে যদি কেউ তা প্রমাণ করতে পারেন তবে করুন, আমরাও দেখব। আসলে ইসলামের সাধারণ নিয়মের মধ্যে আমরা কোনই পরিবর্তন করছি না, না তার কোন সংশোধন করার চেষ্টা করছি। কিন্তু বর্তমানের এই বিশেষ ধরনের অবস্থার কতিপয় প্রয়োজন দেখা দেওয়ার কারণে একজন মহিলাকে রাষ্ট্রপ্রধান করা জায়েজ মনে করছি মাত্র। কেননা, এ কাজ যে চূড়ান্ত ও স্থায়ীভাবে হারাম- এ কথা প্রমাণ করার কোন দলিলই আমরা শরীয়াতে পাইনি, এখন একজন নারীকে যদি আমরা, মেনে না নেই, তা'হলে তার অপেক্ষা বহুগুণ বেশী বড় অন্যায়কে মেনে নিতে হয়, এবং তা এত বড় যে, শুধু নৈতিক দৃষ্টিতেই নয়, ইসলামের দৃষ্টিতেও তা অত্যন্ত বড় অন্যায় কাজ হয়ে পড়ে।

এর পরেও প্রশ্ন থেকে যায়। তা' হচ্ছে এই যে ইসলামে রাষ্ট্রপ্রধানের জন্যে কেবল পুরুষ হওয়াই কি একমাত্র শর্ত? ... না সেই সঙ্গে আরো অনেক কয়টি শর্ত আছে? কোন এক বিশেষ সময়ে আমাদের সামনে

যদি দুই ব্যক্তির মধ্যে একজনকে গ্রহণ করার প্রশ্ন দেখা দেয়, দুজনের একজনকে অনিবার্যভাবে কবুল করে নিতে হয়, আর তাদের একজনের মধ্যে কেবল নারী হওয়া ছাড়া অন্য কোন আপত্তিকর জিনিষ না থাকে এবং অপর জনের মধ্যে কেবল পুরুষ হওয়া ছাড়া অন্য সব দিকই হয় মারাত্মকভাবে আপত্তিকর, তা'হলে ইসলামের জ্ঞানসম্পন্ন কোন ব্যক্তি কি আমাদিগকে নারীকে গ্রহণ না করে সেই পুরুষকেই গ্রহণ করার জন্যে বলতে পারে?

ভাইগণ, নারীর রাষ্ট্রপ্রধান হওয়া সংক্রান্ত বিষয়ের শরীয়াতের দৃষ্টিতে এ-ই হচ্ছে প্রকৃত অবস্থা। এই কারণেই আমরা আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে মুহতারিমা ফাতিমা জিন্নাহকে সমর্থন করার সিদ্ধান্ত নিয়েছি। এক্ষণে আমি দেশবাসীর নিকট আকুল আবেদন করতে চাই, আপনারা দেশের অধিবাসীরা - কেউই যেন এই নাজুক ও জটিল সংকটের সময় গাফিল হয়ে বসে না থাকেন- এই সুবর্ণ সুযোগকে নিশ্চিন্ত হয়ে বসে কাটিয়ে না দেন। খুব শান্তভাবে ঠান্ডা মনে চিন্তা করে ফয়ছালা করুনঃ বিগত ছয় বছর ধরে দেশবাসী যে অত্যাচার জুলুম নির্যাতন নিষ্পেষণের তলে নিষ্পেষিত হচ্ছে তাকেই কি স্থায়ী করে রাখতে চান?..... না, এ-কে পরিবর্তন করে এমন এক শাসন -ব্যবস্থা কায়েম করার ইচ্ছা রাখেন, যাতে দেশবাসী এক স্বাধীন মর্যাদাসম্পন্ন জাতি হিসেবে জীবন যাপন করার সুযোগ পাবে ও নিজেদের যাবতীয় গুরুতর ব্যাপারে নিজেরাই ফয়ছালা গ্রহণ করতে পারেন? প্রথম অবস্থা গ্রহণ করিতে যদি আপনারা রাজী না হন, বরং দ্বিতীয় অবস্থাকেই দেশে বহাল রাখতে চান, তা'হলে খোদার ওয়াস্তে বলছি এই সুযোগকে কিছুতেই হারাবেন না। আপনার ভোট পূর্ণ দৃঢ়তার সঙ্গে কেবলমাত্র সম্মিলিত বিরোধী দলের পক্ষে- মুহতারিমা ফাতিমা জিন্নাহর নামে-ব্যবহার করুন। এই সুবর্ণ সুযোগ যদি আপনারা হেলায় হারিয়ে ফেলেন, তা'হলে আপনাকে এবং আপনার ভবিষ্যৎ বংশধরদের এর কুফল দীর্ঘকাল পর্যন্ত ভোগ করতে হবে।

আমি খোদার নিকট দোয়া করছি, তিনি যেন আমাদের সকলকে সঠিক ও নির্ভুল পথ দেখান এবং ভুল পথে যাওয়া থেকে যেন তিনি আমাদিগকে রক্ষা করেন- আমীন।

(২৯শে নভেম্বর পল্টন ময়দানে প্রদত্ত বক্তৃতা থেকে)

মাওলানা আতাহার আলী ছাহেব বলেনঃ

দেশের বর্তমান পরিস্থিতিতে মুহতারিমা ফাতিমা জিন্নাহকে রাষ্ট্রপ্রধান পদে ভোট দেওয়া যাইতে পারে না বলিয়া একশ্রেণীর আলেম ও পীর নামধারী স্বার্থবাজ ব্যক্তি পবিত্র কোরআন ও হাদিসের যে ধরনের বিকৃত উদ্ধৃতি ও অপব্যাখ্যা দান করিতেছেন তাহা আমি গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিয়াছি। আরো পরিতাপের বিষয় এই যে, দেশের সরলপ্রাণ মুসলমানদের বিভ্রান্ত করার কুমতলবে ক্ষমতাসীন দলের পক্ষ হইতে সেইসব বিকৃত উদ্ধৃতি ও অপব্যাখ্যামূলক তথ্যের ভিত্তিতে অসংখ্য পুস্তক-পুস্তিকা ঘরে ঘরে বিলিবন্টন করা হইতেছে।

এমতাবস্থায় খাঁটি সচেতন কোন আলেম ও পীরের পক্ষে কিছুতেই নিশ্চিন্তে বসিয়া থাকা উচিত নহে। আমি দীর্ঘদিন যাবৎ রোগশয্যায় শায়িত থাকিয়াও এইরূপ পরিস্থিতিতে গভীর উৎকণ্ঠা বোধ করিতেছি।এবং দেশের বর্তমান পরিস্থিতিতে একজন নারীকে রাষ্ট্রপ্রধান পদে ভোট দেওয়া জায়েজ নহে বলিয়া যাহার দাবী করিতেছেন, তাহাদিগকে উহা প্রমাণিত করার জন্য আমি চ্যালেঞ্জ প্রদান করিতেছি।

পক্ষান্তরে আমি ঘোষণা করিতেছি যে, বর্তমান প্রেসিডেন্ট আইয়ুব খান সাহেব যিনি পবিত্র কোরানকে বিকৃত করিয়া বিভিন্ন ধরনের বিধান জারি করতঃ পবিত্র কোরান ও সুন্নাহর প্রতি চরম অবমাননা প্রদর্শন করিয়াছেন। ''তাঁহাকে ভোট দেওয়া মুসলমানদের পক্ষে সম্পূর্ণ হারাম''।

এই ব্যাপারে কাহারও দ্বিমত থাকিলে তিনি ঢাকা ফরিদাবাদ এমদাদুল উলুম মাদ্রাসার ঠিকানায় আসিয়া আমার সহিত সাক্ষাৎ করিয়া তর্কে প্রবৃত্ত হইতে পারেন।

স্বাঃ আতাহার আলী- ১০-১২-৬৪।

মাওলানা শামছুল হক ও মাওলানা নূর মোহাম্মদ আজমী ছাহেবদ্বয় বলেনঃ

যে ব্যক্তি আল্লাহর শাশ্বত চিরন্তন দ্বীনকে আধুনিকীকরনের প্রচেষ্টা চালাইতেছেন, যিনি মুসলিম পারিবারিক আইনের নামে স্বরচিত আইনের দ্বারা আল্লাহ ও রসূলের পবিত্র শরীয়তকে বিকৃত করিয়াছেন এবং ইদ্দত, তালাক ও বিবাহ ইত্যাদি ব্যাপারে কোরানের সুস্পষ্ট আইনকে রহিত করিয়াছেন, তাঁহাকে পাকিস্তানের প্রেসিডেন্ট পদের জন্য সমর্থন করা কোন মুসলমানের পক্ষে জায়েজ হইতে পারে না।

এইরূপ ব্যক্তির মোকাবেলায় এমন মহিলাকে প্রেসিডেন্ট করা কোনরুপেই অন্যায় হইবে না, যিনি এইরূপ শরীয়ত বিরোধী কাজ কখনও করেন নাই।

স্বাঃ নূর মোহাম্মদ আজমী
সেক্রেটারী, আঞ্জুমানে ইত্তেহাদুল ওলামা, পূর্ব পাকিস্তান।
স্বাঃ নাচিজ শামসুল হক (ফরিদপুরী)
প্রিন্সিপ্যাল, জামেয়া কোরআনীয়া, লালবাগ, ঢাকা ।
(১৯৬৪ সালের ৭ই ডিসেম্বর দৈনিক আজাদে প্রকাশিত)

মাওলানা তাজুল ছাহেব বলেনঃ

বর্তমানে প্রেসিডেন্ট নির্বাচনে যিনি প্রধান পুরুষ প্রার্থী-

১। তিনি জনসাধারণের ভোটাধিকার হরণ করিয়া পাকিস্তানের গণতন্ত্রের সমাধি রচনা করিয়াছেন।

২। তিনি পাকিস্তানকে ইসলামী গণতান্ত্রিক পথ হইতে সরাইয়া একনায়কত্বের পথে লইয়া যাইতেছেন।

৩। তিনি মুসলিম পারিবারিক আইন জারি করিয়া শরীয়তকে বিকৃত করায়াছেন এবং ইদ্দত, তালাক, ইসলামের আধুনিকীকরণের চেষ্টা ইত্যাদি ব্যাপারে পবিত্র কোরানের সুস্পষ্ট আইনকে রহিত করিয়াছেন, তাঁহাকে পাকিস্তানের প্রেসিডেন্ট পদের জন্য সমর্থন করা শরীয়তের দৃষ্টিতে কিছুতেই জায়েজ হইতে পারে না, এতদসত্ত্বেও যাহারা তাঁহাকে সমর্থন করিবে, তাহারা ঐ ব্যক্তির যাবতীয় কৃতকর্মের গুণাহের সমঅংশী হইবে।

অপরপক্ষে যিনি মহিলা প্রার্থী-

১। তিনি পাকিস্তানের জন্মের পূর্বে ও পরে গণতন্ত্রের ধারক ও বাহক।

২। তিনি জনগণের ভোটাধিকার ফিরাইয়া দিতে ওয়াদাবদ্ধ।

৩। তিনি একনায়কত্বের অবসান ঘটাইয়া পূর্ণ গণতন্ত্র প্রতিষ্ঠার ওয়াদা করিতেছেন।

৪। তিনি কোরআন ও সুন্নাহ মোতাবেক মুসলিম পারিবারিক আইনের অনৈসলামী ধারাসমূহ সংশোধন করার ওয়াদা করিতেছেন এবং পবিত্র শরীয়তকে রক্ষা করার অঙ্গীকার করিতেছেন।

জাতির এই পূর্ণ সংকটময় মুহূর্তে কোরআন বিকৃতকারী ও গণতন্ত্র হত্যাকারীদের অপসারণ কর অপিরহার্য কর্তব্য হইয়া পড়িয়াছে।

এই কার্য সম্পাদন করিতে যদি কোন মহিলার আশ্রয় লওয়া হয়, তবে শরীয়তের দৃষ্টিতে তাহা নাজায়েজ হওয়ার কোনই কারণ নাই। বরং তাঁহাকে জয়যুক্ত করার সব প্রকার প্রচেষ্টা চালাইয়া যাওয়া অবশ্য কর্তব্য হইয়া পড়িয়াছে।

স্বাঃ তাজুল ইসলাম, ৮-১২-৬৪

প্রিন্সিপ্যাল, ব্রাক্ষণবাড়ীয়া মাদ্রাসা।

শর্ষিনার পীর মাওলানা শাহ মোহাম্মদ ছিদ্দীক ছাহেব বলেনঃ

একনাকত্বমূলক সরকার কর্তৃক ইছলাম ও শরিয়তে ইছলামের খেলাফ কতকগুলি কাজ হওয়ায় দেশের জনসাধারণ, বিশেষ করিয়া ওলামায়ে কেরাম ইহার বিরুদ্ধে প্রতিবাদ করিতে বাধ্য হইতেছেন। কিন্তু এই সরকার সে সবের প্রতি কর্ণপাত না করায় দেশের জনসাধারণ ও রাজনৈতিক চেতনাসম্পন্ন হককানী ওলামায়ে কেরামের ক্রমবর্ধমান উদ্বেগ ও অসন্তোষের ফলে বিরোধী দলের নিয়মতান্ত্রিক আন্দোলন এবং ইছলাম জনসাধারণের স্বার্থে এই সরকার পরিবর্তনের সিদ্ধান্ত শরীয়তের দাবীতে একান্তই সময়োপযোগী এবং শরীয়তসম্মত।

এই পরিপ্রেক্ষিতে দেশের চিন্তাশীল নেতৃবৃন্দ এবং ওলামায়ে কেরামের সিদ্ধান্তকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাইতেছি। এবং আগামী প্রেসিডেন্ট নির্বাচনের ক্ষেত্রে আমি আন্তরিকভাবে আবেদন জানাইতেছি যে, জনসাধারণ কর্তৃক অকুণ্ঠ ভাবে সমর্থিত সম্মিলিত বিরোধী দলকে ইছলামের মহান স্বার্থে কমিয়াব করুন।

(দৈনিক আজাদ, ১৫ই ডিসেম্বর,১৯৬৪ইং)

মাওলানা মোহাম্মদ আবদুর রহীম ছাহেব বলেনঃ

নারীর রাষ্ট্রপ্রধান হওয়া জায়েজ নাই বলিয়া শর্ষিনা হইতে সম্প্রতি যে ফতোয়া প্রকাশিত হইয়াছে, তাহা সম্পূর্ণ মনগড়া কথায় পূর্ণ। তাহাতে যেসব দলিলের উল্লেখ করা হইয়াছে, তাহার কোন একটি দ্বারাও একথা প্রমাণিত হয় না যে, নিতান্ত প্রয়োজনে ঠেকিয়াও কোন সময়ই নারীকে রাষ্ট্রপ্রধান করা সম্মত নহে।

হাজী মোহাম্মদ দানি কর্তৃক ৪৬, কাপ্তান বাজার হইতে প্রকাশিত ও আরফান প্রেস, ১৬/২০ নবরায় লেন হইতে মুদ্রিত

শিরোনাম	সূত্র	তারিখ
নির্বাচনোপলক্ষে সম্ভাব্য বিশৃঙ্খলা প্রতিরোধের সরকারী ব্যবস্থা সর্ম্পকে ঘোষণা	সরকারী	জানুয়ারী, ১৯৬৫

সরকার কিছুদিন যাবৎ লক্ষ্য করিয়া আসিতেছেন যে, কিছু সংখ্যক লোক আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন প্রাক্কালে দেশে ব্যপকভাবে শান্তি ভঙ্গকরার পরিকল্পনা করিতেছে। প্রদেশের বিভিন্ন স্থান হইতে বিশৃঙ্খলাজনিত র্দুঘটনা, শান্তি ভঙ্গ ও ভীতি প্রর্দশনের সংবাদ পাওয়া যাইতেছে। সুতরাং দেশে যাহাতে মুক্ত ও শান্তিপূর্ণ আবহাওয়ায় নির্বাচন অনুষ্ঠিত হইতে পারে, সে জন্য সুস্থ ও স্বাভাবিক পরিবেশ রক্ষা করা একান্ত প্রয়োজন। নির্বাচক মন্ডলীর সদস্যরা যাহাতে পূর্ণ স্বাধীনতার সহিত তাহাদের ভোট প্রদান করিতে পারেন, উহার নিশ্চয়তা বিধানে সরকার স্থিরসংকল্প। এই উদ্দেশ্যে সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য প্রত্যেক র্নবাচন কেন্দ্রে কড়া পুলিশ প্রহরী মোতায়েন করা হইতেছে। নির্বাচন কেন্দ্রের বাহিরে যে কোন জরুরী অবস্থার মোকাবিলার জন্য ভ্রাম্যমাণ প্রহরার বন্দোবস্ত করা হইবে। নির্বাচক মন্ডলীর সদস্যদের ভীতি প্রদর্শন, অন্যায়ভাবে কোথাও আটক বা কোনরূপ বলপ্রয়োগ করিলে কঠোর শাস্তি প্রদান করা হইবে। প্রদেশের নিরবচ্ছিন্ন শান্তি বজায় রাখার উদ্দেশ্যে সশস্ত্র বাহিনীর প্রতি প্রশাসন বিভাগের সঙ্গে সহযোগিতা করার জন্য প্রয়োজনীয় নির্দেশ দান করা হইয়াছে।

প্রয়োজনবোধে বেসামরিক কতৃপক্ষ তলব করিলে শান্তিরক্ষার জন্য সামরিক বাহিনীও আগাইয়া আসিবে। নির্বাচন কেন্দ্রের ভিতরে ও বাহিরে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য স্থানীয় কতৃপক্ষ প্রয়োজন -বোধে উপযুক্ত নিষেধাজ্ঞা জারি করিতে পারিবেন।

নির্বাচকমন্ডলীর সদস্যদের নির্ভীক ও স্বাধীনভাবে ভোট প্রদানে বাধা দানের জন্য নির্বাচনের পূর্বে বা নির্বাচন চলাকালে বিশৃঙ্খলা সৃষ্টিকারী অথবা ভোট কেন্দ্র হইতে প্রত্যাবর্তনের সময় কোন সদস্যের প্রতি বলপ্রয়োগ করিলে তাহাদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হইবে।

পূর্ব পাকিস্তান সরকারের জনসংযোগ বিভাগ কর্তৃক প্রচারিত।

শিরোনাম	সূত্র	তারিখ
প্রেসিডেন্ট নির্বচনের ফলাফল	সরকারী	৮ই জানুয়ারী, ১৯৬৫

পরিশিষ্ট ৭
নির্বাচনী রিটার্ন, ১৯৬৫
রিটার্নিং অফিসার কর্তৃক নির্বাচন কমিশনের নিকট দাখিলযোগ্য

প্রদেশ	ক্রমিক নম্বর	প্রতিদ্বন্দী প্রার্থীর নাম	প্রদত্ত বৈধ ভোটের সংখ্যা	অবৈধ ভোটের সংখ্যা	প্রদত্ত, বৈধ ও অবৈধ ভোটের মোট সংখ্যা		প্রত্যেক প্রার্থীর লব্ধ ভোটের শতকরা হার
পূর্ব পাকিস্তানে মোট	১।	ফিল্ড মার্শাল মুহম্মদ আইয়ুব খান	২১,০	১২			৫৩.১২
	২।	জনাব কে,এম,কামাল		৯৩	২৭৪	৩৯,৮২৪	.২৩
	৩।	মিয়া বশীর আহমদ		১১			.২
	৪।	মিস্ ফাতিমা জিন্নাহ্		১৮,৪৩৪			৪৬.৬০
				৩৯,৫৫০	২৭৪		৩৯,৮২৪
পূর্ব পাকিস্তানে মোট	১।	ফিল্ড মার্শাল মুহম্মদ আইয়ুব খান	২৮,৯৩৯				৭৩.৫৬
	২।	জনাব কে,এম,কামাল		৯০	৫৩৬	৩৯,৮৭৬	.২৩
	৩।	মিয়া বশীর আহমদ		৫৪			.১৪
	৪।	মিস্ ফাতিমা জিন্নাহ্		১০,২৫৭			২৬.০৭
				৩৯,৩৪০	৫৩৬		৩৯,৮৭৬
পূর্ব পাকিস্তানে মোট	১।	ফিল্ড মার্শাল মুহম্মদ আইয়ুব খান	৪৯,৯৫১				৬৩.৩১
	২।	জনাব কে,এম,কামাল		১৮৩	৮১০	৭৯,৭০০	.২৩
	৩।	মিয়া বশীর আহমদ		৬৫			.০৮
	৪।	মিস্ ফাতিমা জিন্নাহ্		২৮,৬৯১			৩৬.৩৬
				৭৮,৮৯০	৮১০		৭৯,৭০০

আমি, ১৯৬৪ সালের প্রেসিডেন্ট নির্বচনী আইনের ৩৮(১) ধারা অনুসারে, এস্নারা ঘোষণা করছি যে, ফিল্ড মার্শাল মুহম্মদ আইয়ুব খান সবোর্চচসংখ্যক ভোট লাভ করে পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট পদে নির্বাচিত হয়েছেন। নির্বাচনের এই রিটার্ন এতদ্বারা নির্বাচনী কমিশনের নিকট পেশ করা হল।

স্থানঃ রাওয়ালপিন্ডি
তারিখঃ ৮ই জানুয়ারী, ১৯৬৫ সাল।

স্বাক্ষরঃ জি,মঈনুদ্দীন,
রিটার্নিং অফিসার।

শিরোনাম	সূত্র	তারিখ
ন্যাপের ১৪ দফা	ন্যাশনাল আওয়ামী পার্টি	৫ জুন,১৯৬৫

ন্যাপের ১৪ দফা-জাতীয় মুক্তির কর্মসূচী

(ন্যাশনাল আওয়ামী পার্টির কেন্দ্রীয় কমিটির ৪ঠা, ৫ই, ৬ই ও ৭ই জুনের সভায় গৃহীত)

স্বাধীনতা লাভের ১৮বছর পর পাকিস্তান আজ বিগত দিনের পুঞ্জীভূত সমস্যায় জর্জরিত হইয়া এক যুগসন্ধিক্ষণে আসিয়া দাঁড়াইয়াছে। একটির পর আরেকটি সরকার আসিয়াছে, কিন্তু তাহারা সমস্যার সমাধানের পরিবর্তে প্রতেকেই পুরাতনের সহিত নতুন সমস্যা যোগ করিয়াছে। ফলে শেষ পর্যন্ত কোন সমস্যাই দূর হয় নাই, উহা আরও বৃদ্ধি পাইয়াছে এবং দেশের সম্মুখে এক ভয়াবহ ইঙ্গিত বহনকারী সঙ্কটের উদ্ভব হইয়াছে। এই সঙ্কটের গুরুত্ব আরও প্রকটিত হইয়াছে সেপ্টেম্বরের পাক-ভারত যুদ্ধের সময়। যুদ্ধের সময় আমরা যে পরীক্ষায় সম্মুখীন হইয়া ছিলাম তাহার ফলে আমাদের বহু ভুল ধারণা পরিবর্তন হইয়াছে, বহু ধারণার সম্পূর্ণ বিপরীত ফল ফলিয়াছে। ক্ষমতাসীনেরা জাতীয় গুরুত্বসম্পন্ন যে-সমস্ত মৌলিক সমস্যা হিমাগারে নিক্ষেপ করিয়া রাখিয়াছিল তাহা নূতন গুরুত্ব লইয়া অকস্মাৎ প্রকট হইয়া উঠিয়াছে এবং অবসাদগ্রস্ত সমগ্র জাতিকে নাড়া দিয়াছে। বিগত সময়ের যে সকল সমস্যা সমাধান তো দূরের কথা স্পর্শই করা হয় নাই, উহা আজ অধিকতর গুরুত্ব লইয়া হাজির হইয়াছে। সংক্ষেপে বলিতে গেলে বলা যায় যে, সমস্যা আজ সমগ্র জাতির মুখোমুখি আসিয়া দাঁড়াইয়াছে এবং সমাধানের বাস্তব কর্মপন্থা গ্রহনের আওয়াজ তুলিয়াছে।

পূর্বের যে-কোন সময় অপেক্ষা এখন আমাদের জাতীয় জীবনের অন্তর্নিহিত ত্রুটি ও বৈসাদৃশ্যসমূহ প্রকটভাবে প্রকাশিত হইয়াছে। তাই আজিকার অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ সমস্যা হইল আমাদের সামগ্রিক জাতীয় গঠন প্রকৃতির একটি নির্দিষ্ট রূপ প্রদান করা। এবার দেশের অর্থনৈতিক পদ্ধতি, প্রশাসনিক কাঠামো, রাজনৈতিক ব্যবস্থা এবং পররাষ্ট্রনীতি, প্রত্যেকটিই সত্যকার পরীক্ষার সম্মুখীন হইয়াছে এবং প্রমাণিত হইয়াছে যে, বর্তমানে অনুসৃত নীতির কোনটাই আমাদের প্রয়োজনের সহিত সামঞ্জস্যপূর্ণ নয়।

বর্তমান সরকার পদ্ধতি

বর্তমান পদ্ধতির সরকার পাকিস্তানের জনগণের জন্য সমপূর্ণ অনুপযোগী; এমনকি মারাত্মক ক্ষতিকর বলিয়া প্রমাণিত হইয়াছে। পাকিস্তানে যে প্রেসিডেন্সিয়াল পদ্ধতি চালু রহিয়াছে, তাহা আমাদের দেশের প্রয়োজনের পক্ষে সম্পূর্ণ অনুপযুক্ত। এক হাজার মাইল বিদেশী রাষ্ট্রের দ্বারা বিছিন্ন ইহার দুইটি অংশ লইয়া পাকিস্তান এমন একটি প্রেসিডেন্সিয়াল পদ্ধতি চালু রাখিতে পারে না, যেখানে সমস্ত ক্ষমতা প্রেসিডেন্টের হস্তে কেন্দ্রীভূত থাকে। ভাইসরয়ের এক্সিকিউটিভ কাউন্সিল-এর মতো অবিকল একটি কেন্দ্রীয় সরকার, বাজেট ও আইন প্রণয়নের চূড়ান্ত ক্ষমতাহীন একটি জাতীয় পরিষদ, প্রেসিডেন্টের মনোনীত ব্যক্তি হিসাবে দুইজন প্রাদেশিক গভর্নর ও তাঁহাদের নিজস্ব বাছাই করা ব্যক্তিবর্গকে লইয়া গঠিত মন্ত্রপরিষদদ্বয় ও কার্যতঃ ক্ষমতাহীন দুইটি প্রাদেশিক পরিষদ পাকিস্তানের প্রয়োজন মিটাইতে মোটেই সক্ষম নহে। বর্তমানে যে প্রেসিডেন্সিয়াল পদ্ধতি চালু রহিয়াছে তাহা পাকিস্তানের অদ্ভূদ ভৌগলিক বৈশিষ্ট ও ইহার বিভিন্ন ভাষাগত ও সাংস্কৃতিক সত্তাকে সুষ্ঠুভাবে শাসন করিতে পারে না; কারণ ইহা জনগণের আশা-আকাঙ্ক্ষা বাস্তবে রূপান্তরিত করিতে অক্ষম; যেহেতু পাকিস্তানের প্রেসিডেন্ট ও জাতীয় পরিষদ এমন ব্যক্তিদের দ্বারা গঠিত নির্বাচকমন্ডলী কর্তৃক নির্বাচিত হন, যাঁহারা রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যার পরিবর্তে একপেশে, উপজাতীয়, পারিবারিক ও অন্যান্য অস্বাস্থ্যকর স্থানীয় অবস্থার

ভিত্তিতে নির্বাচিত হইয়া থাকেন, সেইহেতু রাজনৈতিক দিক দিয়া প্রেসিডেন্ট কিংবা জাতীয় পরিষদ পাকিস্তানের জনগণের প্রতিনিধিত্ব করেন, এমন কথা বলা যায় না।

অর্থনৈতিক পরিস্থিতির পর্যালোচনা

১। খাদ্য সমস্যাঃ পাক-ভারত যুদ্ধের পর পূর্ব পাকিস্তান খাদ্য ঘাটতির সম্মুখীন হইয়াছে, এবং এই খাদ্য পরিস্থিতি এখন এত তীব্র রুপ ধারণ করিয়াছে যে, প্রদেশব্যাপী বিশেষ করিয়া গ্রাম অঞ্চলে প্রায় দুর্ভিক্ষাবস্থা বিরাজ করিতেছে। চাউল প্রতিমণ ৪০ টাকা ও তদূর্ধ্ব মূল্যে বিক্রয় হইতেছে- যাহা শতকরা অন্ততঃপক্ষে ৯৫ জন লোকের ক্রয়ক্ষমতার বাহিরে। গ্রাম অঞ্চলের জনসাধারণ আরও অতিরিক্ত দুর্দশার সম্মুখীন হইয়াছে লেভী ব্যবস্থার ফলে। লেভী ব্যবস্থা এমনভাবে কার্যকরী করা হইয়াছে যে, ইহা জুলুমে পরিণত হয়েছে এবং ইহার সহিত সার্টিফিকেট প্রথা মিলিত হইয়া এই জুলুমকে গ্রামীণ জনসাধারণের নিকট আরও অসহনীয় করিয়া তুলিয়াছে। এই সব কিছুই খাদ্য সমস্যাকে আরও তীব্রতর করিয়াছে এবং জনসাধারণের দুর্দশাকে বহুমুখী করিয়া তুলিয়াছে।

২। পাটচাষী প্রসঙ্গেঃ পাটচাষীদের উপর শোষণ অবাধভাবে অব্যাহত রহিয়াছে, উপরন্তু ইহা আরও তীব্র হইয়াছে। তাদের উৎপাদিত পণ্যের মূল্য তাহারা পাইতেছে মণপ্রতি ১৩ টাকা। ইহা তাহাদের উৎপাদন ব্যয় অপেক্ষা অনেক কম। ইহার ফলে পাটচাষীরা কোনক্রমে তাহাদের শ্রমমূল্য লাভ করিতে পারে- বাঁচার মত মজুরী তাহারা পায় না । পাটের ন্যায্য মূল্য বাধিয়া দেওয়া উহা কার্য্যকরী করার ব্যাপারে বাস্তব কোন কিছু করা হয় নাই। ফলস্বরূপ, পাট চাষীরা ১৮ বৎসর আগে যেখানে ছিল বস্তুতঃ এখনও সেই একইস্থানে রহিয়াছে- পক্ষান্তরে, জীবন ধারণের প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর ব্যয় মাত্র কয়েক বৎসর পূর্বের তুলনায়ও বর্তমানে বহুগুন বৃদ্ধি পাইয়াছে। পাটের বর্ধিত মূল্য হইতে পাটচাষীরা বঞ্চিত হইতেছে, কিন্তু পক্ষান্তরে মুনাফা করিতেছে ফড়িয়া, মিল মালিক ও রফতানীকারকরা।

৩। পশ্চিম পাকিস্তানের কৃষকদের অবস্থাঃ সামরিক শাসনামলে বহুল প্রচারিত ভূমি সংস্কার আজ অতীতের গর্ভে বিলীন হইয়াছে। প্রাক্তন ভূ-স্বামীরা সামরিক শাসনামলের এই সংস্কারকালে হারানো তাহাদের অধিকাংশ জমির উপর অধিকার পুনরায় ফিরিয়া পাইয়াছে এবং তাহারা পূর্বের ন্যায় উৎপন্ন শস্য নির্ভয়ে ও অবাধে নিজেদের গোলায় লইয়া তুলিতেছে। শত শত বৎসর ধরিয়া ভূমি মালিকেরা যেভাবে ভূমিহীন কৃষকদের উপর শোষণ চালাইয়া আসিতেছে সেই শোষণ অব্যাহত রাখার ব্যাপারে তাহারা এখনও পূর্ব অধিকার ভোগ করিতেছে।

ভূমিহীন কৃষকদের এই দুর্দশার সহিত যোগ হইয়াছে 'অদৃশ্য ভূস্বামী' হিসাবে আমলাতন্ত্রীদের নির্যাতন। বাঁধ এলাকায় বা অন্যান্য সরকারী জমি এই সকল সরকারী কর্মচারীদের সুবিধাজনক দামে বা 'ইনাম' হিসাবে প্রদান করা হইতেছে। এইভাবে একটি 'অদৃশ্য ভূস্বামী' গোষ্ঠী সৃষ্টি করিয়া চিরন্তন ভূমিহীন চাষীদের উপর তাহাদের চাপাইয়া দেওয়া হইতেছে। এবং তাহারাও এই 'অদৃশ্য ভূস্বামী' ক্রীতদাসে পরিণত হইতেছে।

ইক্ষুচাষীদের অবস্থা

পাকিস্তানের পূর্ব ও পশ্চিম উভয় অংশেই ইক্ষুচাষীরা শোষিত হইতেছে। চিনি মিল মালিকেরা উচ্চ মূল্যে চিনি বিক্রয় করিয়া যখন প্রচুর অর্থ উর্পাজন করিতেছি তখন ইক্ষুচাষীরা বিভিন্ন ধরনের শোষণের যাঁতাকলে নিষ্পেষিত হইয়া তাহাদের ন্যায্য উর্পাজন হইতে বঞ্চিত। মিল মালিকেরা তাহাদের মর্জিমাফিক ইক্ষুর মূল্য

নিয়ন্ত্রন করিয়া থাকে। ইক্ষুর উপর তাহারা তাহাদের নিজেদের নির্ধারিত মূল্য চাঁপাইয়া দেয়। বেশী মূল্যে তাহারা ইক্ষু ক্রয় করিতে অস্বীকার করিয়া ইক্ষুচাষীদের বাধ্য করে কম মূল্যে তাহাদের পণ্য বিক্রয় করিতে। ইক্ষুচাষীকে বাধ্য করিবার জন্য তাহারা কৃষকের পণ্য বিক্রয়ের উপর নানাবিধ বাধানিষেধ আরোপ করে। ইক্ষুর পরিবর্তে তাহারা মিলে কাঁচামাল হিসেবে 'গুড়' ব্যবহার করে। এইভাবে বিভিন্ন পন্থায় তাহারা ইক্ষুচাষীদের অনাহারে এবং করুণার পাত্র করিয়া রাখে।এই অবস্থায় মিল মালিকরা যে শর্ত আরোপ করে তাহা মানিয়া লইয়া নতি স্বীকার করা ভিন্ন ইক্ষুচাষীদের আর কোন গত্যন্তর থাকে না। ইক্ষুচাষীদের এই অবস্থার প্রতিকার বিধানের ব্যাপারে কাহারও মাথাব্যথা আছে বলিয়া মনে হয় না। ডেপুটি কমিশনারদের ন্যায় সরকারী কর্মচারীরা অধিকাংশ ক্ষেত্রেই অপরিণত বুদ্ধি সম্পন্ন ও অযোগ্য হইয়া থাকে এবং তাহারা প্রায়শঃই মিল মালিকদের লোভের শিকারে পরিণত হইয়া তাহাদের প্রতি সমর্থন প্রদান করিয়া থাকে। পশ্চিম পাকিস্তানে প্রতিদিনই কৃষকদের অবস্থার অবনতি ঘটিতেছে। জলাবদ্ধতা ও লবণাক্ততায় বিনষ্ট হাজার হাজার একর জমি চাষের অনুপযোগী হইয়া পড়ায় পশ্চিম পাকিস্তানের বিশেষ করিয়া পাঞ্জাবের বিভিন্ন জেলার কৃষকরা এক ভয়াবহ ভবিষ্যতের সম্মুখীন হইয়াছে। অসংখ্য কৃষক আজ এই দুর্যোগময় ভবিষ্যতের মুখোমুখি হইয়াছে। ভূমিহীন কৃষকের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে। পূর্ব পাকিস্তানে বন্যা ও অনাবৃষ্টি কৃষকদের একইরূপ অভিশাপের মত কাজ করে।

ইহারই ফলশ্রুতি দুইটি বিশেষ গুরুত্বপূর্ণ ক্ষেত্রে দেখিতে পাওয়া যাইবে। প্রথম ক্ষেত্রে, কৃষি উৎপাদন বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে। দ্বিতীয়তঃ কৃষক অধিকহারে ভূমিহীন ও কর্পদহীন হওয়ার দরুন শিল্পোন্নয়নের সাথে সাথে আভ্যন্তরীণ, বাজার সম্প্রাসরণের পরিবর্তে দ্রুত সংকুচিত হইতেছে- যাহার ফলে গুরুতর জাতীয় সংকটের সৃষ্টি হইতেছে।

শ্রমিকদের অবস্থা

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অগ্নিমূল্যের ফলে শ্রমজীবী জনসাধারণের জীবনধারণ ক্রমশঃ কষ্টসাধ্য হইয়া উঠিতেছে। কল-কারখানার মালিকগণ স্বাধীনভাবে ও নির্ভয়ে শ্রমিকদের শোষণ করিয়া প্রচুর মুনাফা অর্জন করে। কিন্তু শ্রমিকগণ কয়েক বছর আগে যে বেতন পাইতেন, এখনও কার্য্যতঃ সেই বেতনই পাইতেছেন। ধর্মঘট ও যৌথ দরকষাকষির মৌলিক অধিকার হইতে বঞ্চিত করিয়া শ্রমিকদিগকে মালিকেরা খেয়ালখুশীর তাঁবেদার এককক্ষমতাহীন জনগোষ্ঠীতে পরিণত করা হইয়াছে। তাঁহাদের দুঃখ-দুর্দশা ক্রমাগতবৃদ্ধি পাইয়া চলিয়াছে, অথচ তাঁহাদের বেতনের হারের কোন পরিবর্তন ঘটে নাই, তদুপরি তাঁহাদের অধিকারসমূহকে খর্ব ও পদদলিত করা হইয়াছে। বিড়ি শ্রমিকগণ বিশেষভাবে দুর্দশাগ্রস্ত। টেন্ডু পাতার ব্যবহার ও আমদানী নিষিদ্ধকরণের ফলে তাঁহার বেকারত্ব ও অনাহারের সম্মুখীন হইয়াছে।

ছাত্রদের অবস্থা

শিক্ষা ক্রমবর্ধমান হারে ব্যবসায় পরিণত হইতেছে। স্কুল- কলেজের বেতন প্রদান করা অধিকাংশ পিতামাতার ক্ষমতার বাহিরে চলিয়া গিয়াছে। অধিকহারে স্কুল, কারিগরি ও মেডিক্যাল কলেজ স্থাপনের ব্যাপারে দৃষ্টি না দেওয়ার ফলে অধিকাংশ পিতা-মাতা তাহাদের সন্তান-সন্ততিকে বর্তমান শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ভর্তি করাতে পারেন না। পাঠ্য পুস্তকের ব্যবসায় চরম জালিয়াতি চলিতেছে। প্রতি বছর পাঠ্য-পুস্তক বদল করার ফলে পুরনো বই আর ব্যবহার করা যায় না। বহু অর্ডিন্যান্স ও অন্যান্য নিয়মকানুনের মাধ্যমে ছাত্রদের স্বাধীন ও অবাধ বুদ্ধিবৃত্তির বিকাশের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া এবং দেশের সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক জীবনে তাহাদের ঐতিহাসিক ভূমিকা পালনের সুযোগ হইতে বঞ্চিত করিয়া তাহাদিগকে বিচ্ছিন্ন রাখার চেষ্টা করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুলশিক্ষকগণ এক বিশেষ দুর্দিনের মধ্যে কালযাপন করিতেছেন, তাহাদের কার্যকলাপের উপর গোপন খবর রাখা হইতেছে ও বুদ্ধিবৃত্তির স্বাধীনতাকে অস্বীকার করা হইতেছে।

শিল্পখাত

একচেটিয়াবাদ ও কার্টেলের স্বার্থে পুঁজির একত্রীকরণ আরও বৃদ্ধি পাইয়াছে। ইহা পাকিস্তানের জন্য শুভ ইঙ্গিত নয়। ইহা আরও বেশী ভয়াবহ এই কারণে যে, এই নতুন ধারাটি সরকারের আনুকূল্য ও উৎসাহ লাভ করিতেছে। ইহা আমাদের জন্য উদ্বেগজনক যে, সম্প্রতি অনুমোদিত ৪৮টি নতুন শিল্প রাজনৈতিক স্বার্থ হাসিলের উদ্দেশ্য মঞ্জুর করা হইয়াছে। এই সকল উপকৃত ব্যক্তিদের মধ্যে মুখচেনা রাজনীতিক, আমলা, বর্তমান ও অতীতের বহু মন্ত্রী ও পরিষদ সদস্য রহিয়াছেন। এই সমগ্র নীতিটিকে রাজনৈতিক ঘুষ বলিয়া মনে হয়। ইহা সকলেই জানেন যে, এই সকল শিল্প স্থাপনের জন্য যাঁহাদিগকে অনুমোদন দেওয়া হইয়াছে তাঁহারা সকলেই এই পারমিটগুলো খোলা বাজারে বিক্রী করিতেছেন এবং বৃহৎ পুঁজিপতিগোষ্ঠী একটি টেক্সটাইল মিলের (সুতা কল) পারমিটের জন্য লক্ষ লক্ষ টাকা প্রদান করিতেও কুণ্ঠিত নয়। সরকারী খাত হইতে ব্যক্তিগত মালিকানার শিল্প প্রতিষ্ঠান হস্তান্তর মনোপলির স্বার্থে কাজ করিতেছে। জরুরী সম্পত্তি আইনের সাহায্যে দখলকৃত চা-বাগানসমূহ বিশেষ সুবিধাভোগী একচেটিয়া পুঁজির মালিকদিগকে প্রদান করা হইয়াছে।

১৯৬৫ সালের সেপ্টেম্বরের যুদ্ধ

১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসের পাক-ভারত যুদ্ধের অনেকগুলি গুরুত্বপূর্ণ রাজনৈতিক ফল পাইয়াছে। ইহা একদিকে আমাদের সকলের মধ্যেকার দেশপ্রেমের চেতনা প্রকাশ করিবার পূর্ণ সুযোগ প্রদান করিয়াছিল। তুরখাম হইতে টেকনাফ পর্যন্ত সর্বত্র প্রতিটি পাকিস্তানী দেশ রক্ষার কাজে সামিল হইয়াছিল। ৬ই সেপ্টেম্বর পাকিস্তানের প্রতি ইঞ্চি ভূমির স্বাধীনতা ও আঞ্চলিক অখন্ডতা রক্ষাকল্পে মহতী ত্যাগের প্রস্তুতিতে জনগণ নতুন সত্তা লইয়া আত্মপ্রকাশ করিয়াছে।

পাকিস্তানের উভয়াংশ ও ইহার দূর অঞ্চলের জনগণ ইহা প্রমাণ করিয়াছেন যে, তাঁহারা পাকিস্তান, ইহার সংহতি ও ঐক্যের স্বপক্ষে। সাধারণ মানুষের কোন রাজনৈতিক চেতনা নাই- জনগণের সার্বভৌমত্বকে অস্বীকারের মাধ্যমে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করিয়া ব্যক্তিগত শাসন চিরস্থায়ী ও সীমাহীন সম্পদ কুক্ষিগত করিতে যাহারা অভিলাষী জনগণ তাহাদের এই হীন এবং উদ্দেশ্যপূর্ণ অভিযোগ মিথ্যা প্রমাণ করিয়াছেন। আর বেশী দিন জনগণের মৌলিক অধিকারসমূহকে অস্বীকার করা যাইবে না এবং জনগণ আর অধিক দিন স্বৈরতন্ত্রকে সহ্য করিবে না কিংবা এক-নায়কত্ববাদকেও গ্রহণ করিবে না।

দ্বিতীয়তঃ আন্তর্জাতিক ক্ষেত্রে,এই অঞ্চলের শাসকগোষ্ঠীর অধীনে পাক-ভারত উপ-মহাদেশে একটি যৌথ প্রশাসন ব্যবস্থা সৃষ্টি করিয়া আমেরিকার টাকা ও অস্ত্রের সাহায্যে আমাদের উত্তর অঞ্চলের প্রতিবেশীগণকে প্রতিহত করিবার এবং তদ্বারা তৃতীয় বিশ্বযুদ্ধের ক্ষেত্রে চূড়ান্তভাবে নির্ণয়ের সাম্রাজ্যবাদীদের মহাপরিকল্পনা নিদারুণভাবে মার খাইয়াছে।

পাকিস্তান ও ইহার জনগণ সমগ্র বিশ্বের দৃষ্টি আকর্ষণ করিয়াছে এবং আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করিয়াছে। ভারতের সাথে সরাসরি একত্রীকরণ বা কনফেডারেশন গঠন কিংবা যৌথ প্রতিরক্ষা ব্যবস্থা অথবা যৌথ অর্থনৈতিক পরিকল্পনা কার্যকরীকরণের সম্ভাব্যতার পরিপ্রেক্ষিতে পাকিস্তানের ভবিষ্যৎ সম্পর্কে যে সন্দেহের উদ্ভব হইয়াছিল সাময়িকভাবে হইলেও তাহার অবসান ঘটিয়াছে।

ইহা দুর্ভাগ্যজনক যে, সরকারের বিভিন্ন প্রচারযন্ত্রের মাধ্যমে যুদ্ধের প্রচারের সাথে সাম্প্রদায়িক উন্মাদনা সৃষ্টি করিয়া দেশের সামাজিক ও রাজনৈতিক আবহাওয়াকে বিষাক্ত করিয়া তোলা হইয়াছিল। সংখ্যালঘু সম্প্রদায় নির্বিচার আক্রমণের শিকারে পরিণত হইয়াছিল।

রাজনৈতিক বিশ্লেষণ

১৯৫৮ সালে কতিপয় সমর নেতা কর্তৃক পাকিস্তানের মৌলিক প্রতিষ্ঠানসমূহের বাতিল, আমাদের পররাষ্ট্রনীতির পরিবর্তন, জাতীয় চিন্তার ক্ষেত্রে ভারতের সাথে সেপ্টেম্বরের যুদ্ধের ফলাফল, রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থা সম্পর্কে জনগণের মধ্যে পুঞ্জীভূত অসন্তোষ এবং এই অবস্থা পরিবর্তনের ইচ্ছাসহ ১৯৫৭ সালে ন্যাপের জন্মলগ্ন হইতে এ যাবৎ সংঘটিত ঘটনাবলী সম্পর্কে ১৯৫৭ সালে আমরা সুস্পষ্টভাবে যে বক্তব্য তুলিয়া ধরিয়াছিলাম, তাহার সত্যতাই প্রমাণ হইয়াছে। ইতিহাস আমাদের চিন্তাধারার যৌক্তিকতা ও ঘটনাপ্রবাহ জাতীয় সমস্যাবলী সম্পর্কে আমাদের বিশ্লেষণ নির্ভুল বলিয়া প্রমাণ করিয়াছে।

প্রত্যক্ষ নির্বাচন ও সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত জনগণের প্রতিনিধিদলের লইয়া গঠিত ফেডারেল সরকারের সাথে জনগণের সরাসরি যোগাযোগকে অস্বীকার করার ফলে সেপ্টেম্বর যুদ্ধের পরে এক গুরুতর অবস্থার সৃষ্টি হয়।

প্রেসিডেন্ট আইয়ুব ও তাঁহার দলের যে কোন জাতীয় প্রতিনিধিত্বমূলক চরিত্র নাই তাহা উদঘাটিত হইয়াছে। এবং জনগণের বিরুদ্ধ যুদ্ধে অবতীর্ণ হওয়ার ভীতি প্রদর্শন ব্যতিরেকে কোন বিস্ফোরণোন্মুখ রাজনৈতিক পরিস্থিতির মোকাবেলা করিতে তাহারা অক্ষম। ইহা অত্যন্ত দুভার্গজনক, গত ৮ বছর যাবৎ দেশ যে গণপ্রতিনিধিত্বহীন স্বৈরতান্ত্রিক ব্যবস্থার যাঁতাকালে নিষ্পিষ্ট হইতেছে, ইহা তাহারই প্রত্যক্ষ ফল।

খাদ্যের ব্যাপারে ক্রমবর্ধমান সঙ্কট আমাদের অর্থনীতির দুর্বল চরিত্রকে প্রকট করিয়া তুলিয়া ধরিয়াছে। চড়া হারের সুদে কোটি কোটি ডলারের সাহায্যে গ্রহণ করিয়াও সরকার জনসাধারণের অর্থনৈতিক সম্পদ দ্রুত ও ক্রমবর্ধমান ভাবে পুঞ্জীভূত হইয়া ওঠা এবং আমলাতন্ত্রের একটি নূতন ও শক্তিশালী ভূস্বামী ও শিল্প অভিজাত শ্রেণীতে রূপান্তর এমন এক বিরাট সমস্যার সৃষ্টি করিয়াছে সমাজতন্ত্রের ভিত্তিতে ছাড়া যাহারা মোকাবিলা করা সম্ভব নয়।

বহুদিন পূর্বেই ন্যাশনাল আওয়ামী পার্টি ইহা উপলব্ধি করিয়াছিল যে, পাকিস্তানের দুই অংশের অর্থনৈতিক জীবনের উন্নতি সাধনে ব্যর্থ হইয়াছে। মুষ্টিমেয় কয়েকটি পরিবারের হাতে দেশের অর্থনৈতিক বৈষম্য দূরীভূত হওয়া এবং পূর্ব পাকিস্তানের শিল্পোন্নয়ন ত্বরান্বিত করা উচিত। শিল্প উন্নয়নের সুফলগুলি ও অর্থনৈতিক উন্নতি কতিপয় এলাকায় অথবা মুষ্টিমেয় পরিবারের মধ্যে যেন সীমাবদ্ধ না হয়, তাহার নিশ্চয়তা বিধানও একান্ত আবশ্যক। যাহাদের বুঝিবার সদিচ্ছা আছে তাহাদের প্রত্যেকের জন্য আমাদের পার্টির পক্ষ হইতে ভবিষ্যৎ আন্তর্জাতিক সর্ম্পকের রূপরেখা বর্ণিত রহিয়াছে। চীন, ইন্দোনেশিয়া, ইরান, তুরস্ক ও অন্যান্য আফ্রো- এশীয় দেশ প্রমাণ করিয়াছে যে, পাকিস্তান তাহাদের মৈত্রিক উপর নির্ভর করিতে পারে। সাম্রাজ্যবাদীদের স্বরূপ উদঘাটিত হওয়ার সাথে সাথে আমাদের বৈদেশিক সর্ম্পকের এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকা ঘেঁষা রূপরেখা নূতন করিয়া অনুমোদিত হইয়াছে। ঘটনা প্রবাহ বৈদেশিক নীতির ক্ষেত্রে ন্যাশনাল আওয়ামী পার্টির ভূমিকার অকাট্য যৌক্তিকতা হাজির করিয়াছে।

অনেক মূল্যের বিনিময়ে দেশ আজ বুঝিতে পারিয়াছে যে, রাওয়ালপিন্ডি হইতে পাকিস্তানকে রক্ষা করা হইবে, উচ্চৈঃস্বরে ঘোষিত এই তত্ত্ব বাস্তব অথবা কার্যোপযোগী নয়। পাকিস্তানের দুই অংশের প্রতিরক্ষার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের এবং প্রতিরক্ষা নীতির সমন্বয় সাধনজনিত প্রয়োজনাদিসাপেক্ষে পূর্ব পাকিস্তানে নৌ-সদর দফতর স্থানান্তরের অত্যাবশ্যকতার কথা ১৯৫৭ সালের প্রণীত ন্যাশনাল আওয়ামী পার্টির গঠনতন্ত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করা হইয়াছে। আমরা পূর্ব ও পশ্চিম পাকিস্তানে সরকারী খাতে মূল ও ভারী শিল্প স্থাপনের দাবীও করিয়াছিলাম। যদি আমাদের প্রস্তাব গ্রহণ করা হইত এবং আমলাতন্ত্র উহাকে উপেক্ষা না করিত তবে

প্রতিরক্ষা ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের অপেক্ষাকৃত অসহায় অবস্থা এবং অস্ত্র নির্মাণ কারখানা স্থাপন করিয়া দেশের উভয় অংশ কর্তৃক অস্ত্রশস্ত্র নিজ নিজ চাহিদাপূরণের ব্যাপারে অক্ষমতা, যাহা সেপ্টেম্বরের যুদ্ধের সময় প্রকট হইয়া পড়িয়াছিল, এড়ান সম্ভব হইত।

পাকিস্তানের উভয়াঞ্চলের আঞ্চলিক স্বায়ত্তশাসনের প্রয়োজনীয়তা সেপ্টেম্বরের যুদ্ধের ফলশ্রুতি হিসাবে যাহা প্রকটভাবে দেখা দিয়াছে, আমরা শুরু হইতেই উপলব্ধি করিয়াছি। আমরা ১৯৫৭ সালে দাবী করিয়াছিলাম যে, পূর্ব ও পশ্চিম পাকিস্তানের স্বায়ত্তশাসিত দুইটি ইউনিটের ভিত্তিতে পাকিস্তানকে একটি পূর্ণ স্বাধীন ও সার্বভৌম এবং জনকল্যাণমূলক ফেডারেল রাষ্ট্র' হিসাবে গড়িয়া তোলা উচিত। আমরা পাকিস্তানকে এইরূপ একটি রাষ্ট্র হিসাবে দেখিয়াছি যেখানে রাষ্ট্রের সার্বভৌম অধিকার জনসাধারণেরই উপর ন্যস্ত থাকিবে এবং সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে প্রত্যক্ষ ও যুক্ত নির্বাচনের মাধ্যমে গঠিত গণপরিষদ উহা প্রয়োগ করিবে। আমরা পশ্চিম পাকিস্তানকে একটি আঞ্চলিক ফেডারেশন হিসাবে পুনর্গঠনের দাবী করিয়াছি, যাহার আইন পরিষদে কোন একটি প্রদেশ অন্য প্রদেশ অপেক্ষা অধিকসংখ্যক আসনের অধিকারী হইবে না এবং ভাষা ও সাংস্কৃতিক ভিত্তিতে প্রদেশসমূহ পুনর্গঠনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়াছি।

পাকিস্তানের উভয়াঞ্চলের জনসাধারণ দরিদ্র, নির্যাতিত এবং রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার, স্বাধীনতা ও মর্যাদা হইতে বঞ্চিত। আমরা মনে করি সমাজতান্ত্রিক সমাজকে গ্রহণ করাই ইহার জবাব। বিভিন্ন দেশে মানুষের অর্জিত শিক্ষাকে গুরুত্ব দেওয়া উচিত। মুষ্টিমেয় ব্যক্তির স্বার্থে রাষ্ট্র পরিচালনার নীতি পরিহার করা উচিত। সকল পাকিস্তানীকেই আমাদের জাতীয় সম্পদের অংশীদার বলিয়া গ্রহণ করা উচিত। ইহাদের পূর্ণ আত্মবিকাশের অধিকার রহিয়াছে এবং সমাজতান্ত্রিক অর্থনীতির অধীনে সম-সুযোগের অধিকার রহিয়াছে।

বর্তমানে স্বৈরতান্ত্রিক সরকার কর্তৃক আরোপিত শাসনতন্ত্র ও সরকারী নীতিসমূহ শুধু যে একটি মুষ্টিমেয় শ্রেণীর স্বার্থরক্ষাকারী এক ব্যক্তির হাতের সমস্ত রাজনৈতিক ক্ষমতা কেন্দ্রীভূত করিয়া দিয়াছে তাহাই নয় ইহা জনসাধারণের রাজনৈতিক, অর্থনৈতিক ও বুদ্ধিবৃত্তির স্বাধীনতাকে অস্বীকার করিয়াছে। সম্পদ ও অর্থনৈতিক ক্ষমতা মুষ্টিমেয় কয়েকজনের হাতে কেন্দ্রীভূত হইয়াছে। এই অবস্থায় আমাদের প্রথম পদক্ষেপ হইবে এমন একটি প্রতিনিধিত্বশীল ও গণতান্ত্রিক কাঠামো গড়িয়া তোলা যেখানে ক্ষমতা একটি সম্পূর্ণ সার্বভৌম আইন পরিষদে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত জনগণের প্রতিনিধিদের হস্তে ন্যস্ত থাকিবে। পাকিস্তানে সকল অংশের ঐক্য রক্ষায় ও সকল পাকিস্তানীর অধিকার আদায়ের জন্য সংগ্রামের ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। সকল নাগরিকের সমান সুযোগ, বিভিন্ন এলাকা ও জনগণের বিভিন্ন অংশের মধ্যকার অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ হইতেছে আমাদের সামনে যে সমস্যাবলী রহিয়াছে উহার প্রত্যুত্তরে আমাদের জবাব। সকল পাকিস্তানীর জন্য জনগণতান্ত্রিক অর্থনৈতিক আমাদের লক্ষ্য। পূর্ব পাকিস্তানের অর্থনৈতিক উন্নয়নের সমস্যার সমাধান অবশ্যই করিতে হইবে এবং উহার জনগণের উপর বিদেশী, পূর্ব পাকিস্তানী বা পশ্চিম পাকিস্তানী পুঁজিপতি যেই হউক না কেন তাহাদের শোষণ খর্ব ও নিয়ন্ত্রিত করিতে হইবে। দেশের সকল অংশকে যথাযথভাবে রক্ষার ব্যবস্থা করিতে হইবে এবং সকল অঞ্চলের জনসাধারণকে জাতীয় প্রতিরক্ষা বাহিনীতে যোগদানের পরিপূর্ণ সুযোগ প্রদান করিতে হইবে। সেনাবাহিনীকে জাতীয় ভিত্তিতে গঠন করিতে হইবে, এবং ক্রমশঃ উহার গঠন জনসংখ্যার আনুপাতিক হইতে হইবে। জাতীয় প্রতিরক্ষা, পররাষ্ট্রনীতি ও মুদ্রা এবং এই সকল বিষয়ে কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় ক্ষমতা ফেডারেল সরকারের হাতে ন্যস্ত থাকিবে। এবং এইগুলি ছাড়া অপরাপর সকল বিষয়কেই প্রাদেশিকীকরণ করিতে হইবে। পূর্ব পাকিস্তানে অবস্থানরত সেনাবাহিনীকে ভিত্তি করিয়া পূর্ব পাকিস্তানের প্রতিরক্ষার জন্য প্রয়োজনীয় সামগ্রী প্রদানকে প্রথম অগ্রাধিকার দিতে হইবে। গণতন্ত্র, স্বায়ত্বশাসন ও সমাজতন্ত্রের মাধ্যমে ঐক্য ও স্বাধীনতার পথে আগাইয়া চল- ইহাই হইতেছে আমাদের শ্লোগান।

সাম্রাজ্যবাদ ও সাম্রাজ্যবাদী শোষণ

আমরা একথা বলিতে পারি না যে, একটা দেশের মধ্যে যেমন একদল বঞ্চিত ও একদল বিত্তশালী রহিয়াছে তেমনি আন্তর্জাতিক ক্ষেত্রেও মুষ্টিমেয় কয়েকটি রাষ্ট্র সমস্ত ক্ষমতা কুক্ষিগত করিয়াছে। সর্বপেক্ষা ধনী দেশ মার্কিন যুক্তরাষ্ট্র ইহার তাঁবেদার রাষ্ট্রগুলি সহ একটি নূতন ধরনের অর্থনৈতিক সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছে। যুক্তরাষ্ট্র, অর্থ ও ক্ষমতার উপর তাহার একচেটিয়া অধিকার কায়েম রাখার জন্য, মনুষ্য জাতির উপর একটি তৃতীয় বিশ্বযুদ্ধ চাপাইয়া দেওয়ার চেষ্টা করিতেছে। ভিয়েৎনামে যুদ্ধ সম্প্রসারণ, চীনের বিরুদ্ধে নয়া মোকাবেলা, ভারতকে দ্রুত অস্ত্রসজ্জিতকরণ, সেন্টো ও সিয়েটো ধরনের সংস্থা গঠনের নয়া প্রচেষ্টা- এইসব কিছুই ঐ অভিসন্ধি নির্দেশ করে। পাকিস্তান সম্প্রতি উহার বাণিজ্যিকে বহুমুখী করার এবং চীন, সোভিয়েথ ইউনিয়ন, অন্যান্য সমাজতান্ত্রিক রাষ্ট্র ও আফ্রো-এশীয়-লাতিন আমেরিকান রাষ্ট্রগুলির সহিত সর্ম্পক উন্নয়নের চেষ্টা করিতেছে; কিন্তু আমরা এখনও সেন্টো-সিয়োটা হইতে বাহির হইয়া আসি নাই। এবং এখনও আমাদের দেশে মার্কিন সরকারের ঘাঁটি বিদ্যমান রহিয়াছে। বিদেশী পুঁজিপতিদের শোষণ, ইহারা আমাদের দেশের পুঁজিপতিদের মধ্যে উৎসুক মিত্র খুঁজিয়া পায়, বর্তমানে এক নতুন রূপ পরিগ্রহ করিতেছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য পূবাহ্নে প্রুতিশ্রুত অর্থ সাহায্য করিয়া যুক্তরাষ্ট্র আমাদের উপর চাপ সৃষ্টি করিতেছে। পাকিস্তানের পুঁজিপতি ও আমলাতন্ত্রীরা এই সকল ব্যাপরে গভীর উৎকণ্ঠিত এবং আমাদের জাতীয় স্বার্থ আর একবার বিক্রয় করিবার হুমকি দিতেছে। ইহাকে প্রতিহত করার জন্য জনসাধারণকে ঐক্যবদ্ধ হইতে হইবে এবং আমাদের পরিকল্পনাবিদদের অবশ্যই আমাদের জাতীয় সম্পদের প্রতি দৃষ্টি নিবন্ধ করিতে হইবে। আমাদের ত্যাগ স্বীকার এবং নূতন উন্নয়ন পরিকল্পনাগুলিকে রাষ্ট্রীয় খাতে স্থানান্তরকরণ মার্কিনী হুমকীর প্রতিক্রিয়াকে আংশিকভাবে ঠেকাইতে সক্ষম হইবে।

সঠিকভাবে আমাদের ভবিষ্যৎ নীতি ও কর্মপন্থা নির্ধারণের জন্য অবশ্যই আমাদের শত্রুদের অবস্থান, তাহাদের বর্তমান রণনীতি ও কৌশল সর্ম্পকে অবহিত হইতে হইবে। আমরা এ ব্যাপারে সকলেই একমত যে, সাম্রাজ্যবাদই আমাদের প্রধান শত্রু আর তাই, তাহাদের উদ্দেশ্য সাধনের জন্য সাম্রাজ্যবাদ কি রণনীতি ও কৌশল গ্রহণ করিতেছে সে সম্পর্কে আমাদের ওয়াকিবহাল থাকিতে হইবে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর গত কয়েক বৎসর এশিয়া ও আফ্রিকায় বহু স্বাধীন রাষ্ট্রের জন্ম হইয়াছে। এই সকল নূতন স্বাধীন রাষ্ট্র সোভিয়েত ইউনিয়ন, চীন ও অন্যান্য আন্তর্জাতিক সমাজতান্ত্রিক দেশের সহয়াতায় অনেকটা স্বাধীন অর্থনীতি গড়িয়া তুলিতেছে। কিছু ঔপনিবেশিক রাষ্ট্র মুক্তি অর্জনের জন্য সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করিতেছে। বিশ্বের সাম্রাজ্যবাদী দেশগুলি ইতিমধ্যোই সমাজতান্ত্রিক দেশগুলির সহিত এক তীব্র অর্থনৈতিক প্রতিযোগিতার সম্মুখীন হইয়াছে। এই সবই পুঁজিবাদের সাধারণ সংকটকে গভীরতর করিতেছে এবং পুঁজিবাদী দেশগুলির মধ্যেকার বিরোধকে তীব্রতর করিয়া তুলিতেছে। এই অবস্থা হইতে নিজেদের রক্ষা করার জন্য সাম্রাজ্যবাদীরা, মূলতঃ মার্কিন যুক্তরাষ্ট্রের সাম্রজ্যবাদী চক্র, বারবার যুদ্ধোন্মদনাসহ বিভিন্ন ধরনের উদ্ধৃত প্ররোচনার আশ্রয় গ্রহণ করিয়াছে এবং এখনও করিতেছে। মার্কিন সাম্রাজ্যবাদ ইতিমধ্যেই দক্ষিণ ভিয়েতনামে নিয়মিত যুদ্ধ শুরু করিয়াছে। তাহারা লাওসে প্রত্যক্ষ হস্তক্ষেপ করিতেছে এবং কম্বোডিয়াকে হুমকি প্রদান করিতেছে। দক্ষিণ ভিয়েতনামে বারংবার নাজেহাল হইয়া তাহারা মরিয়া হইয়া উঠিয়াছে। তাহারা যুদ্ধকে আরও বিস্তৃত করিতে চায়। তাহাদের লক্ষ্য হইতেছে চীন। চীনা ভূখন্ডের উপর সাম্প্রতিককালে মার্কিন বিমানের বেআইনী উড্ডয়ন ইহার একটি জ্বলন্ত প্রমাণ। এ ব্যাপারে ভারতের বর্তমান শাসকশ্রেণী যুক্তরাষ্ট্রের সহিত হাত মিলাইয়াছে। 'নেফা' কে শক্তিশালী করার ব্যাপারে সামরিক দিক দিয়া পূর্ব পাকিস্তানের গুরুত্ব সমধিক। সুতরাং, স্বাভাবিকভাবেই মার্কিন সাম্রাজ্যবাদীদের দৃষ্টি পূর্ব পাকিস্তানের উপর পতিত হওয়ার কথা। অধিকন্তু, যখনই সম্ভব সাম্রাজ্যবাদীরা সদ্য স্বাধীনতাপ্রাপ্ত দেশসমূহের আভ্যন্তরীণ দ্বন্দকে ব্যবহার করিতে চেষ্টা করে। তাহার বিভিন্ন সামাজিক, জাতীয় ও উপজাতীয়দের মধ্যে সংঘর্ষের প্ররোচণা দেয় এবং বিভিন্ন রাজনীতিককে পরস্পরের

বিরুদ্ধে প্ররোচিত করিয়া সব চাইতে প্রতিক্রিয়াশীল ও দুর্নীতিপরায়ণ এমন সকল রাজনীতিককে ক্ষমতায় অধিষ্ঠিত করায়, যাহাদের উন্নতি বৈদেশিক পুঁজির সাথে সহযোগিতা ও সম্পর্কের উপর নির্ভরশীল। পাকিস্তানে মার্কিন সাম্রাজ্যবাদীরা প্রকাশ্যে পূর্ব পাকিস্তানের প্রতি দরদ প্রকাশ করিতে শুরু করিয়াছে। কিছুকাল পূর্বে তদানীন্তন মার্কিন রাষ্ট্রদূত মিঃ ম্যাকনগী পূর্ব পাকিস্তান সফরকালে প্রকাশ্যে পূর্ব পাকিস্তানীদের সাহায্য করার প্রস্তাব করিয়াছিলেন।

দক্ষিণ ভিয়েৎনামে একদা মার্কিন শিখন্ডী নগো দিন দিয়েমের অপসারণ ও হত্যা ইহাই প্রমাণ করে যে, যদি তাঁবেদার তাহাদের উদ্দেশ্য হাসিল করিয়া দিতে ব্যর্থ হয়, তাহা হইলে সেই তাঁবেদারকে হত্যা করিতেও সাম্রাজ্যবাদীরা এতটুকু দ্বিধা করে না। ইহাতে কোন সন্দেহ নাই যে, বিশ্বের এই অঞ্চলে মার্কিন বিশ্বরণপরিকল্পনাকে সাহায্য না করার জন্য বর্তমান সরকারের প্রধানের উপর মার্কিনীরা সন্তুষ্ট নহে।

শত্রুর বিরুদ্ধে সংগ্রাম করার জন্য আমাদের নিজস্ব শক্তি সম্পর্কে ধারণা রাখা প্রয়োজন।

আমাদের জনগণ সাম্রাজ্যবাদ সম্পর্কে ততটা সচেতন নহে। বিগত পাক-ভারত যুদ্ধ জনগণকে অন্ততঃ মার্কিনবিরোধী করিয়াছে। অবশ্য ইহার অর্থ এই নয় যে, তাঁহারা সাম্রাজ্যবাদবিরোধী হইয়া গিয়াছেন। কিন্তু এখন এই মার্কিনবিরোধী মনোভাবকে সাম্রাজ্যবাদবিরোধী মনোভাবে পরিণত করা সহজতর হইয়াছে। আমাদের দেশে সাম্রাজ্যবাদী অবস্থানের ফলশ্রুতি হিসেবে জনগণ অধিক ট্যাক্স, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির অগ্নিমূল্য, বিভিন্ন ফসলের নিম্নমূল্য ও চরম দুর্নীতির চাপ নিশ্চয় অনুভব করিয়া থাকেন। ট্যাক্স, ব্যবসায় একচেটিয়া আধিপত্য, দুর্নীতি প্রভৃতি সমস্যার উপর আন্দোলনের মাধ্যমে জনগণকে বর্তমান অদৃশ্য সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রত্যক্ষ সংগ্রামে সামিল করার ও তাঁহাদের সাম্রাজ্যবাদবিরোধী করিয়া তোলার যথেষ্ট সুযোগ রহিয়াছে।

কাশ্মীর

কোন রকম পূর্ব ঘোষণা বা পূর্ব প্রস্তুতি ছাড়াই একই সঙ্গে শহরের এক প্রান্ত হইতে অন্য প্রাপ্ত পর্য্যন্ত এইভাবে ছাত্র-জনতাকে রাস্তায় বাহির হইতে দেখিয়া সকলেই বিস্মিত হয়। রাত্রি ৮টার পর হইতে মধ্য রাত্রি পার হইয়া যাওয়া পর্য্যন্ত শহরের বিভিন্ন স্থানে সমানে বিক্ষোভ চলিতে থাকে।

সামরিক বাহিনীর গাড়ীর শব্দ এবং বিক্ষিপ্তভাবে বন্দুকের গুলির আওয়াজ পরিবেশকে আতঙ্কগ্রস্ত করিয়া তোলে।

ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল সূত্রে অভিযোগ করা হয় যে, হাসপাতালের একটি এম্বুলেন্স আহত অবস্থায় রাস্তায় পড়িয়া থাকা লোকজন বা মৃতদেহ হাসপাতালে স্থানান্তরিত করার চেষ্টা করিলে টহলদানকারী সশস্ত্র বাহিনী বাধা প্রদান করে।

হাসপাতালে বুলেটবিদ্ধ ৩ ব্যক্তিকে ভর্তি করা হয় এবং রাত্রি ২টার পর এম্বুলেন্সের জন্য হাসপাতালের সামনে টেলিফোন আসিতে থাকে।

শিরোনাম	সূত্র	তারিখ
তথাকথিত আগরতলা মামলা প্রত্যাহৃতঃ মুজিবসহ সকল অভিযুক্তদের মুক্তিলাভ	দৈনিক পাকিস্তান	২২ ফেব্রুয়ারী, ১৯৬৯

মুজিবের মুক্তিঃ তথাকথিত আগরতলা মামলা প্রত্যাহার

তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করার ফলে শেখ মুজিবুর রহমানসহ অভিযুক্ত সকল ব্যক্তি মুক্তিলাভ করেছেন। প্রেসিডেন্ট আইয়ুব ''আগরতলা মামলা'' সংক্রান্ত অর্ডিন্যান্স বাতিল করে দিয়েছেন। শেখ মুজিবুর রহমান বর্তমানে তার ধানমন্ডিস্থ বাসভবনে অবস্থান করছেন। বেলা দেড়টায় এই খবর পাওয়া যায়।

১৯৬৮ সালের ফৌজদারী আইন সংশোধনী (বিশেষ ট্রাইবুন্যাল) অর্ডিন্যান্সের ৪ ধারা অনুযায়ী ১৯৬৮ সালের ২১শে এপ্রিলের বিজ্ঞপ্তি নং এম, আর, ও ৫৯ (আর)/৬৮ বলে বিশেষ টাইবুন্যালে রাষ্ট্র বনাম শেখ মুজিব ও অন্যান্যদের মামলা শুরু হয়।

১৯৬৮ সালের জুন মাসের তৃতীয় সপ্তাহে এই মামলার শুনানী শুরু হয় এবং ১৯৬৯ সালের ২৭শে জানুয়ারী শুনানী শেষ হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
রেসকোর্সর সম্বর্ধনা সভার মুজিব কর্তৃক জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্ব দাবী	দৈনিক পাকিস্তান	২৪ ফেব্রুয়ারী, ১৯৬৯

ঢাকার ইতিহাসে বৃহত্তম জনসভাঃ সংখ্যাসাম্য নয়-জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্ব চাই

রেসকোর্সের গনসম্বর্ধনায় শেখ মুজিব

(স্টাফ রিপোর্টার)

গতকাল রবিবার রমনা রেসকোর্স ময়দানে দশ লক্ষ লোকের এক বিশাল জনসমুদ্রের মাঝে দাঁড়িয়ে পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান ঘোষণা করেন, আমি ছাত্রদের ১১দফা শুধু সমর্থনই করি না এর জন্য আন্দোলন করে আমি পুনরায় কারাবরণ করতে রাজী আছি। .....

জনাব শেখ মুজিবুর রহমান ঘোষনা করেন যে কোনমতেই তাঁর দল সংখ্যাসাম্য মেনে নেবে না। সংখ্যাসাম্য যারা মানবে পূর্ব পাকিস্তানে তাদের ঠাই নেই। .....সংখ্যাসাম্যের নামে পূর্ব পাকিস্তানকে ঠকান হয়েছে।

তিনি সর্বস্তরে ও পর্যায়ে জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্ব দাবী করেন। .....

সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষ হতে রেসকোর্স ময়দানে প্রদত্ত গণসম্বর্ধনায় শেখ মুজিবুর রহমান ভাষণ দিচ্ছিলেন।

তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার শেষে মুক্তিক্তর পর গতকালই তিনি প্রথম জনসভায় ভাষণ দেন।

এই গণসম্বর্ধনা সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের আহবায়ক জনাব তোফায়েল আহমদ। সভায় রাষ্ট্র বনাম শেখ মুজিবর রহামন মামলায় অভিযুক্ত জনাব কে, এম,এস রহমান, সি,এস,পি, লিডিং সিম্যান জনাব সুলতানউদ্দিন, ষ্টয়ার্ড মুজিবর রহমান, জনাব এ, বি, খুরশীদ ও জনাব আলী রেজাসহ অন্যান্য অনেকে উপস্থিত ছিলেন।

শেখ মুজিবুর রহমান বলেন, আমি রাওয়ালপিন্ডি যাব এবং পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জনগণের পক্ষ হতে তাদের দাবী তুলে ধরব। দেশ আমরা কারুর কাছে বিকিয়ে দেইনি। আমার ৬ দফার সাথে আমার দল ও জনগণ আছে।

ছাত্রদের আশ্বাস দিয়ে তিনি বলেন আপনারা নিশ্চিন্ত থাকুন। আমি যদি এধেশের মুক্তি আনতে ও জনগণের দাবী আদায় করতে না পারি তবে আন্দোলন করে আবার কারাগারে যাব।

আওয়ামী লীগ প্রধান শিক্ষাক্ষেত্রে পূর্ব পাকিস্তানের প্রতি অবহেলার উল্লেখ করে সকল ক্ষেত্রে জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্ব আদায়ের কথা বলেন। তিনি বলেন আমি সংখ্যা সাম্যমানি না।

শেখ মুজিব বলেন, জনসংখ্যার ভিত্তিতে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নতুন পার্লামেন্ট গঠন করতে হবে। বর্তমান শাসনতন্ত্র বাতিল করা হবে না সংশোধন করা হবে পার্লামেন্টই তা নির্ধারণ করবে।

পশ্চিম পাকিস্তানের এক ইউনিট প্রসঙ্গে তিনি বলেন, এক ইউনিট ভেঙ্গে ফেলার জন্য সেখানে একটা দাবী উঠেছে। তারা এক ইউনিট চায় না।

তিনি বলেন, এ ব্যাপারে পশ্চিম পাকিস্তানের জনসাধারণের ভোট নেয়া হোক তারা যদি এক ইউনিট না চায় তবে তা ভেঙ্গে দিতে হবে। এক ইউনিট ভেঙ্গে দিয়ে পশ্চিম পাকিস্তানের প্রদেশগুলোকেও স্বায়ত্তশাসন প্রদানের তিনি দাবী জানান।

শেখ মুজিব বলেন, পশ্চিম পাকিস্তানে প্রদেশগুলো নিয়ে একটা ফেডারেশন গঠন করতে হবে। জনমতের বিরুদ্ধে কোন কিছু চালিয়ে দেয়া চলবে না।

চাকুরী, অর্থনীতি, শিল্প ইত্যাদি ক্ষেত্রে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বৈষম্যের উল্লেখ করে তিনি বলেন, রাজধানী পশ্চিম পাকিস্তানে অবস্থিত। ফলে সেখানকার লোক সবরকম সুবিধা পাচ্ছে। দেশের মোট জনসংখ্যার শতকরা ৫৫ জন পূর্ব পাকিস্তানের অধিবাসী হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকারে বিভিন্ন চাকুরীতে পূর্ব পাকিস্তানীয় সংখ্যা শতকরা দশজনের কম। কেন্দ্রীয় সরকারের সকল অফিস-আদালত শুধু রাজধানীতে। তাই ব্যবসা বাণিজ্যও সেখানে নিয়ন্ত্রিত হচ্ছে। ফলে এই প্রদেশে মূলধন গড়ে উঠছে না।

দেশরক্ষা খাতের ব্যয় সম্পর্কে তিনি বলেন এই খাতের শতকরা আশি ভাগ অর্থই পশ্চিম পাকিস্তানের ব্যয় হয়। কারণ সামরিক সদর দফতর সেখানে অবস্থিত। তিনি বলেন পশ্চিম পাকিস্তানের মজলম এবং পূর্ব পাকিস্তানের জনগণের মধ্যে কোন ভেদাভেদ নাই। .....

১৯৬৫ সালে ভারতের সাথে সংঘর্ষের সময় পূর্ব পাকিস্তানের অসহায় অবস্থার উল্লেখ করে তিনি বলেন, এই অবস্থার অবসানের জন্যই লাহোরে জাতীয় সম্মেলনে আমি দলের পক্ষ হতে ৬-দফা দাবী পেশ করেছিলাম। তাতে আমাদের বিছিন্নতাবাদী আখ্যা দেয়া হয়েছিল। আমরা দেশের জনসংখ্যার শতকরা ৫৬ জন। আমরা কেন বিছিন্ন হয়ে যাব? আমরা চাই ন্যায্য অধিকার। .....

তিনি বলেন,.....গুটিকয়েক ব্যবসায়ী, শিল্পপতি ও আমলার জন্য আমরা পাকিস্তান অর্জনের সংগ্রাম করিনি। এ দেশের চাষী, মজুর, ছাত্র সকল মানুষের বাঁচার জন্য আমরা সংগ্রাম করেছিলাম। কিন্তু জালেমের পর জালেম এসেছে দেশে শাসন ক্ষমতায়। জনগণ মুক্তি পায়নি।.....

জগন্নাথ কলেজসহ বিভন্ন প্রভিন্সিয়ালাইড করার তীব্র সমালোচনা করে তিনি বলেন এদেশের ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ করার জন্যই সরকার এই ব্যবস্থা নিয়েছে।

কারখানার মালিকদের তিনি শ্রমিকদের মুনাফার ভোগ প্রদানের আহবান জানান। তিনি বলেন, মালিকরা সব মুনাফা লুটেপুটে খেলে এমন দিন আসবে যখন কলকারখানা সবই বাজেয়াপ্ত হয়ে যাবে। শ্রমিক নির্যাতনের তিনি নিন্দা করেন।

রবীন্দ্র সংগীত প্রচারে সরকারী নীতির তিনি তীব্র সমালোচনা করেন। বেতার কেন্দ্রসমূহকে তিনি হুঁশিয়ার করে দিয়ে বলেন রবীন্দ্রনাথ বাংলার মানুষের কবি। তার গান রেডিওতে প্রচারের ব্যবস্থা করতে হবে। .....

শান্তি ও শৃঙ্খলা ভঙ্গ হতে পারে এরুপ কাজ হতে বিরত থাকার জন্য তিনি জনগণকে অনুরোধ জানান এবং সরকারকে উস্কানীমূলক কাজ হতে বিরত থাকতে বলেন। এ প্রসঙ্গে তিনি শহরের প্রতি মহল্লায় এবং মহকুমা ও জেলায় সংগ্রাম সমিতি গঠনের জন্য আহবান জানান।

শত্রুর খপ্পরে না পড়ার জন্য তিনি সকলকে সতর্ক করে দেন। সান্ধ্য আইন ও সামরিক বাহিনী প্রত্যাহারের জন্য সরকারের নিকট দাবী জানান। তিনি বলেন, আমাদের সংগ্রাম কমিটি মহল্লায় শান্তি বজায় রাখেন।

শেখ মুজিব বলেন, পূর্ব বাংলায় হিন্দু, মুসলমান, বিহারী এবং সকলেই আমরা শান্তিতে একত্রে বসাবাস করবো।

পরিশেষে তিনি বলেন, বাংলার মাটিকে আমি ভালবাসী। বাংলার মাটিও আমাকে ভালবাসে। ১১-দফার জিন্দাবাদ ধ্বনি দিয়ে তিনি তাঁর ৫০ মিনিট স্থায়ী বক্তৃতা শেষ করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
রেসকোর্সের সম্বর্ধনা সভায় শেখ মুজিবকে 'বঙ্গবন্ধু' উপাধি প্রদান এবং ১১-দফা বাস্তাবায়নের পদক্ষেপ গ্রাহণের জন্য মুজিবের প্রতি আহবান	দৈনিক পাকিস্তান	২৫ ফেব্রুয়ারী, ১৯৬৯

'বঙ্গবন্ধু শেখ মুজিব'

গত রবিবার ঢাকা রেসকোর্স ময়দানের ঐতিহাসিক জনসভায় শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়। সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের আহবায়ক জনাব তোফায়েল আহমদ পূর্ব পাকিস্তানের জনগণের পক্ষ থেকে মুজিবকে 'বঙ্গবন্ধু' উপাধি দানের প্রস্তাব করলে সমবেত জনসমুদ্র বিপুল করতালিতে তা সমর্থন করে।

রেসকোর্সের সম্বর্ধনা সভায় প্রস্তাব

(ষ্টাফ রিপোর্টার)

সর্বদলীয় ছাত্রসংগ্রাম পরিষদ ঐতিহাসিক ১১- দফা বাস্তবায়নের জন্যে শেখ মুজিবুর রহমানকে সক্রিয় পদক্ষেপ গ্রহণের আহবান জানিয়েছেন। তারা ঘোষণা করেন, ১১- দফা দাবী পূরণের মধ্যেই শহীদদের রক্ত ও নির্যাতিত ছাত্র, শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত ও মেহনতী জনতার দাবী পূর্ণ হতে পারে। সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ স্বৈরাচারী আইয়ুব সরকারের পদত্যাগ, জনগণের হাতে আশু ক্ষমতা অর্পণ এবং বর্তমান শাসনতন্ত্র বাতিল করে ১১-দফার ভিত্তিতে নতুন শাসনতন্ত্র প্রণয়নের দাবীতে সংগ্রাম গড়ে তোলার আহবান জানান হয়।

সভায় গৃহীত প্রস্তাবে ছাত্র, শ্রমিক, কৃষক মধ্যবিত্ত ও মেহনতী মানুষ নির্বিশেষে পূর্ব পাকিস্তানের সংগ্রামী জননেতা শেখ মুজিবুর রহমানের প্রতি প্রাণঢালা শ্রদ্ধাঞ্জলী জানান হয়।

নিরাপত্তা আইন, প্রেস এন্ড পাবলিকেশন অর্ডিন্যান্স, হুলিয়া মামলা প্রত্যাহার এবং ১১- দফা বাস্তবায়নের দাবীতে আগামী ৪ঠা মার্চ প্রদেশব্যাপী পূর্ণ হরতাল পালনের পূর্ব সিদ্ধান্তের প্রতি সভায় পুনরায় সমর্থন জানান হয়। সভায় গৃহীত প্রস্তাবে নিরাপত্তা আইন ও প্রেস এন্ড পাবলিকেশন্স অর্ডিন্যান্স বাতিল করে নিরাপত্তা আইনে জারীকৃত সকল হুলিয়া ও মামলা প্রত্যাহার এবং প্রগ্রেসিভ পেপার্স লিমিটেডকে তার নিজস্ব মালিকের হাতে প্রত্যর্পণের দাবী জানান হয়। বর্তমান গণঅভ্যুত্থানের কারণে জারীকৃত সকল মামলা ও সাজা প্রত্যাহারের দাবী জানান হয়।

সভায় গৃহীত আরেক প্রস্তাবে ৪ঠা মার্চের মধ্যে বনিয়াদি গণতন্ত্রী জাতীয় ও প্রাদেশিক পরিষদ সদস্যদের পদত্যাগের জন্য পুনরায় আহবান জানান হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
গোলটেবিল বৈঠকে শেখ মুজিবুর রহমানের বক্তৃতা	দৈনিক পাকিস্তান আওয়ামী লীগের পুস্তিকা	১০ মার্চ, ১৯৬৯

ADDRESS
by
SHEIKH MUJIBUR RAHAMAN
at
THE ROUND TABLE CONFERENCE
held at
RAWALPINDI

Mr. president and Gentlemen,

The nation today is experiencing a crisis which has shaken its very foundations. For all of us who love the nation and recall the sacrifice which were made to create Pakintan, this is a time of grave anxiety. In order to resolve the crisis, it is imperative that its nature should be understood and its causes identified. Nothing would be more catastrophic than the failure to come to grips with the basic issues which underlie the upheaval which has taken place in the country. These issues have been evaded for twenty-one years. The moment has arrived for us to face them squarely. I am convinced that a comprehensive solution must be found for our problems, for clearly the situation is too grave for palliatives and half-measures. What is at stake is our survival.

It is this conviction that obliges me to expound comprehensive solution to our basic problems. If the demands that have been expressed by different sections of the people are carefully examined, it will be seen that there are three basic issues which underlie them. The first is that of deprivation of political rights and civil liberties. The second is the economic injustice suffered by vast majority of the people, comprising workers, peasants, low and middle income groups, who have had to bear the burden of the costs of development in the form of increasing inflation while the benefits of such development are increasingly concentrated in the hands of a few families, who in turn are concentrated in one region. The third is the sense of injustice felt by the people of East Pakistan, who find that under the existing constitutional arrangements their basic interests have consistently suffered in the absence of effective political power being conferred upon them. The former minority provinces of West Pakistan feel similarly aggrieved by the present constitutional arrangements.

The issue of deprivation of Political rights finds expression in the 11-point programme of the students of East Pakistan, as also in the 6-Point programme of the Awami League, as a demand for the establishment of a Parliamentary Democracy, based on the principle of the supremacy of the legislature in which there is representation of all

units on the basic of population, and to which representatives are directly elected by the people on the basis of universal adult franchise.

The issue of economic injustice is reflected in the 11-point programme in the form of clearly formulated demands for re-organisation of the economic and educational system of the country. The 6-point programme of my party clearly recognizes the need for radical economic re-organisation, and the demand for regional autonomy, as outlined in it, insisted upon as an essential pre-condition for economic re-organisation and the implementation of effective economic programmes.

The issue of justice for the different regions and units of Pakistan is the basis of the demand for the establishment of a Freedom providing for regional autonomy, as embodied in the 6-point programme as also in the 11-point programme. This is also the basis of the demand for dismemberment of One Unit and the establishment of a Sub-Federation in West Pakistan.

The Democratic Action Committee has detailed deliberations regarding these grave and challenging national issues. There has always been complete unanimity in the Democratic Action Committee on the imperative necessity of effecting the following constitutional changes:

(a) The establishment of a federal parliamentary democracy.

(b) The introduction of a system of direct elections based on universal adult franchise.

(c) A consensus has also been apparent among the members of the Committee on the following matters:

(d) The dismemberment of One Unit and the establishment of a Sub-federation in West Pakistan.

(e) Full regional autonomy being granted to the region.

The Committee further agreed that its members should be at liberty to present further proposals, which in their view essential for achieving an effective and lasting solution of the problems that are at the root of the present crisis.

Since we are here for the very purpose of seeking to find such an effective and lasting solution, I have felt it my bounden duty to press before this Conference with all earnestness that every one sitting at this table should realize that constitutional changes to provide for representation on the basis of population on the Federal Legislature as well as for the granting of full regional autonomy, as outlined in the 6-point programme, are essential for achieving a strong, united and vigorous Pakistan.

I would like to state that the Awami League is a party of the freedom for Pakistan. Its founder, Huseyn Shaheed Suharwardy is indeed one of the founders of Pakistan. I recall with some pride that under his leadership, my colleagues and I were in

the vanguard of the struggle for Pakistan. Such proposals as I am presenting before the Conference are based on the conviction that they are absolutely essential in order to preserve and indeed to strengthen Pakistan.

The demand for representation in the Federal Legislature to be on the basis of population stems from the first principle of democracy, viz., "one man one vote". In the national forum, as envisaged in the 6-point scheme, only national issues would arise, for consideration. The representatives would, therefore, be called upon to deal with matters from a national point of view and hence the voting would not be on a regional basis. Further, national political parties would be represented in the Federal Legislature, which would ensure that voting would be on a party, and not on regional basis. Indeed, the experience of the last twenty-one years bears out the fact that voting in the National Assembly has invariably been on party basis. It is the principle of parity in representation of each wing, which is based on the false promise that representatives in the Federal Legislature are likely to vote on a regional basis. It is thus the parity principle that places an unjustified emphasis on regionalism as a factor in national politics. The entire historical experience of the last twenty-one years fully bears out the facts that East Pakistan has always subordinated its regional interest to the over-riding national interest, notwithstanding the fact that it had the majority of the population. It should not be necessary to recall that in the first Constituent Assembly, East Pakistan had 44 representatives as against 28 from West Pakistan; yet this majority was never used to promote any regional interest. Indeed, six West Pakistanis were elected to the Constituent Assembly from East Pakistan. Despite being a majority, East Pakistan accepted the principle of parity not only in representation in the Legislature but also in other organs of the State. It is painful to record that parity so far as representation in the Legislature was concerned, was promptly implemented, but the benefit of parity in representation in the other organs of the State, including the civil, foreign and defense services, was never extended to East Pakistan. East Pakistan had even acquiesced in the Federal Capital as well as all the Defense headquarters being located in West Pakistan. This meant that the bulk of the expenditure on defense and civil administration, amounting to about Rs. 270 crores, or, over 70 % of the central budget is made in West Pakistan. Should our West Pakistani brethren persist in refusing us representation on a population basis in the Federal Legislature; East Pakistanis will feel constrained to insist on the shifting of the Federal Capital and the Defense headquarters to East Pakistan.

It would be a positive step toward cementing the relations between the two wings of Pakistan if our West Pakistani brethren were to affirm their confidence in their East Pakistani brethren by not opposing the demand for representation in the Federal Legislature on the basis of population. Such a step would pay rich dividend by way of building up mutual confidence and trust between the people of East and West Pakistan.

The adoption of the- Federal Scheme presented in the 6-point programme is an essential prerequisite for the achievement of a political solution for the problems of the country. I would reiterate that the spirit underlying the 6-point programme is that Pakistan should present itself to the community of the nations as one single united nation of one hundred and twenty million people. This object is served by the Federal

Government being entrusted with the three subjects of Defense, Foreign Affairs and Currency. It is the same objective of having a strong and vigorous Pakistan that requires that due regard be paid to the facts of geography by granting full regional autonomy to the regions in order to enable them to have complete control in all matter relating to economic management.

I cannot too strongly emphasize the imperative necessity of removing economic injustices, if we are to put our society back on an even keel. The 11-point programme of the students for which I have expressed support contains proposals regarding the reordering of the economic and education system. These demands stem from the basic urge for the attainment of economic justice.

I would, however, like at this time to confine myself to outlining the constitutional changes, which are necessary for the attainment of economic justice, between man and man and between region and region.

The centralisation of economic management has steadily aggravated the existing economic injustices to the point of crisis. I need hardly dilate on the subject of the 22 families, who have already achieved considerable notoriety both at home and abroad on account of the concentration of wealth in their hands resulting from their ready access to the corridors of power. Monopolies and cartels have been created and a capitalist system has been promoted, in which the gulf between the privileged few and the suffering multitude of workers and peasants has been greatly widened. Gross injustices have also been inflicted on Hast Pakistan and the minority provinces of West Pakistan.

The existence of per capita income disparity between East and West Pakistan is known to all. As early as 1959-60, the Chief Economist of the Planning Commission estimated that the real per capita income disparity between East and West Pakistan was 60%. The Mid-Plan Review made by the Planning Commission and other recent documents show that the disparity in real per capita income has been steadily increasing and, therefore, would be much higher than 60 % today. Underlying such disparity is the disparity in general economic structure and infrastructure of the two regions, in the rates of employment, in facilities for education, and in medical and welfare services. To give just a few examples, power generating capacity in West Pakistan is 5 to 6 times higher than in East Pakistan; the number of hospital beds in 1966 in West Pakistan was estimated to be 26,200 while that in East Pakistan was estimated to be 6,900; between 1961-1966, only 18 Polytechnic Institutes were established in East Pakistan as against 48 in West Pakistan. Further, the disparity in the total availability of resources has been even higher. More than 80 % of all foreign aid has been utilized in, West Pakistan in addition to the net transfer of East Pakistan's foreign exchange earnings to West Pakistan. This made it possible for West Pakistan over 20 years to import Rs. 3,109 crore worth of goods against the total export earnings of Rs. 1,337 crore, while during the same period East Pakistan imported Rs. 1,210 crore worth of goods as against its total export earnings of Rs. 1,650 crore. All these facts underline the gross economic injustice which has been done to East Pakistan. There has been a failure to discharge the constitutional obligation to remove disparity between the provinces in the shortest possible time. The Annual

Report on disparity for the year 1968 placed before the National assembly records that disparity has continued to increase.

The centralization of economic management has thus failed miserably to meet the objective of attaining economic justice. It has failed to meet the constitutional obligation to remove economic disparity between region and region. Instead, therefore, of persisting in centralized economic management which has failed to deliver the goods, we should adopt a bold and imaginative solution to this challenging problem. The Federal Scheme of the Six-Point Programme is, in my view, such a bold and imaginative solution.

It is in essence a scheme for entrusting the responsibility for economic management to the regions. This proposal is born of the conviction that this alone can effectively meet the problems, which centralized economic management, has failed to overcome. The unique geography of the country, resulting in lack of labor mobility, as well as the different levels of development obtaining in the different regions, requires that economic management should not be centralized.

The specific proposal embodied in the Six-Point Programme with regard to currency, foreign trade, foreign exchange earnings and taxation are all designed to give full responsibility for economic management to the regional Governments. The proposals with regard to currency are designed to prevent flight of Capital and to secure control over monetary policy. The proposals regarding foreign trade and foreign exchange are designed to ensure that the resources of a region are available to that region and to ensure it to obtain the maximum amount of foreign exchange resources for development purposes. The proposal regarding taxation is designed to ensure control by the regional governments over fiscal policy, without in any way depriving the Federal Government of its revenue requirements.

The substance of these proposals is as follows:

(a) With regard to currency, measures should be adopted to prevent flight of capital from one region to another and to secure control over monetary policy by the regional governments. This can be done by adoption of two currencies or by having one currency with a separate Reserve Bank being set up in each region, to control monetary policy, with the State Bank retaining control over certain defined matters. Subject to the above arrangements, Currency would be a Federal subject.

(b) With regard to foreign trade and aid, the regional Governments should have power to negotiate trade and aid, within the frame work of the foreign policy of the country, which shall be the responsibility of the Federal Ministry of Foreign Affairs.

(c) The foreign exchange earnings of each region should be maintained in an account in each Regional Reserve Bank and be under the control of the regional Governments; the Federal requirements of foreign exchange would be met by appropriations from the two regional accounts on the basis of an agreed ratio.

(d) With regard to taxation, it is proposed that the power of tax levy and collection should be left to the regional Governments, but the Federal Government should be empowered to realize its revenue requirements from levies on the regional Governments. It should be clearly understood that it is not at all contemplated that the Federal Government be left at the mercy of the regional Governments for its revenue needs.

I would emphasize that there would be no difficulty in devising appropriate constitutional provisions whereby the Federal Government's revenue requirement could be met, consistently with the objective of ensuring control over fiscal policy by the regional Governments. The scheme also envisages that there would be just representation on a population basis of persons from each part of Pakistan in all Federal services, including Defense Services.

If these principles are accepted, the detailed provisions can be worked out by a Committee consisting of experts, to be designated by both parties.

The scheme holds enormous promise of removing the canker of economic injustice from the body politics of Pakistan while at the same time removing the mistrust and frustration which centralized economic management has fostered over the ears. I am confident that the people of West Pakistan would give their whole-hearted support to this scheme.

I urge the participants in this Conference to come forward with open minds and with large hearts, in a spirit of fraternity and national solidarity, to adopt the Federal Scheme presented above, as the only means of overcoming what has been one of the most formidable problems confronting the country, i.e., that of the attainment of economic justice. No source has fed the current crisis more than the sense of economic injustice. Let us remove it; let us tackle problems at their source. Any attempt to avoid coming to grips with these basic problems will jeopardize our very survival.

Neither Almighty Allah nor history will forgive us if at this time of national crisis we fail to rise to the occasion to adopt bold solutions in order to restore the formidable problems which have created a national crisis. This is a great opportunity, and one which may not present itself again, to face our national problems squarely. We must, therefore, strain every nerve to agree upon and implement the required solutions. Let us strive together to lift our beloved Pakistan out of the tragic situation in which she is placed, and to lay the constitutional foundations for a real, living. Federal Parliamentary Democracy which will secure for the people of Pakistan full political, economic and social justice. Only thus can a strong and united, Pakistan face the future with hope and confidence.

PAKISTAN Z1NDABAD

The 10th March, 1969.

*1966 সনের ২৬ শে ফেব্রুয়ারী প্রথম গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। দ্বিতীয় পর্যায়ের ১০ই মার্চ থেকে বৈঠক শুরু হয়।

Published by Abdul Momin, Publicity Secretary, East Pakistan Awami League, 15 Parana Paltan, Dacca.

শিরোনাম	সূত্র	তারিখ
প্রেসিডেন্ট আইয়ুব খান কর্তৃক জনগণের সার্বভৌমত্ব নির্বাচন ও পার্লামেন্টারী শাসন পুনঃপ্রবর্তনের সিদ্ধান্ত	দৈনিক ইত্তেফাক	১৪ মার্চ, ১৯৬৯

মৌলিক গণতন্ত্র ভিত্তিক স্বৈরাতন্ত্রী ব্যবস্থার প্রবর্তক প্রেসিডেন্ট আইয়ুব কর্তৃক জনগণের সার্বভৌমত্ব স্বীকার

বয়স্ক ভোটাধিকার ভিত্তিক প্রত্যক্ষ নির্বাচন ও পার্লামেন্টারী শাসন পুনঃপ্রবর্তনের সিদ্ধান্ত

রাওয়ালপিন্ডি, ১৩, মার্চ-চারদিন একটানাভাবে আলোচনার পর প্রেসিডেন্ট আইয়ুব কর্তৃক বয়স্ক ভোটাধিকার ও পার্লামেন্টারী সরকার প্রতিষ্ঠার দাবী মানিয়া নেওয়ার মধ্য অদ্য সরকার ও বিরোধী দলের মধ্যকার গোল টেবিল বৈঠক সমাপ্ত হয়। কিন্তু প্রাদেশিক স্বায়ত্তশাসন ও এক ইউনিট বিলোপের মত গুরুত্বপূর্ণ প্রশ্নে গোল টেবিল বৈঠকে কোন সিদ্ধান্তে পৌছুতে সক্ষম হয় নাই।

এদিকে আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করিয়াছেন যে, জনগণের অবশিষ্ঠ দাবী প্রতিষ্ঠার জন্যই আওয়ামী লীগ শান্তিপূর্ণ ও নিয়মতান্ত্রিক পন্থায় নিরবিচ্ছিন্ন সংগ্রাম চালাইয়া যাইবে।

স্বভাবতই প্রেসিডেন্ট এখন বয়স্ক নির্বাচন ও পার্লামেন্টারী সরকার বিধান শাসনতন্ত্রে সংযোজনের উদ্দেশ্যে জাতীয় পরিষদের অধিবেশন আহবান করবেন। প্রেসিডেন্ট তাঁহার বক্তৃতায় শান্তিপূর্ণ ও শাসনতান্ত্রিক পন্থায় ক্ষমতা হস্তান্তরের ঐতিহ্য সৃষ্টির প্রতিশ্রুতি প্রদান করেন। গোলটেবিল বৈঠক আলোচনার সমাপ্ত টানিয়া প্রেসিডেন্ট আইয়ুব বলেন, তিনি এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, সকল নেতাই দেশেই পার্লামেন্টারী পদ্ধতির সরকার প্রতিষ্ঠা এবং বয়স্কদের সরাসরি ভোটে প্রতিনিধি নির্বাচন এই দুইটি প্রশ্নে একমত হইয়াছে। প্রেসিডেন্ট বলেন, বয়স্কদের প্রত্যক্ষ ভোটে প্রতিনিধি নির্বাচনের প্রশ্নটি বিলের আকারে পেশের পূর্বে বিচার বিশ্লেষণ প্রয়োজন। বিষয় ভিত্তিতে অক্ষুন্ন রাখিয়া ফেডারেল পার্লামেন্টারী পদ্ধতি প্রবর্তনের জন্য জাতীয় পরিষদের প্রতি আহবান জানাইতে পারেন।

প্রেসিডেন্ট বলেন যে, অমীমাংসিত প্রত্যক্ষ ভোটে নির্বাচিত জনপ্রতিনিধিরা সমাধান করিলেই সব চাইতে ভাল হইবে।

শিরোনাম	সূত্র	তারিখ
পদত্যাগ করে আইয়ুব কর্তৃক জেনারেল ইয়াহিয়া খানকে ক্ষমতা গ্রহণের জন্য অনুরোধসহ লিখিত চিঠি।	দৈনিক ইত্তেফাক	২৬ মার্চ, ১৯৬৯

'আইয়ুবের' পত্র

রাওয়ালপিন্ডি, ২৫শে মার্চঃ গতকল্য (২৪শে মার্চ) প্রেসিডেন্ট ফিল্ড মার্শাল আইয়ুব খান প্রধান সেনাপতি জেলারেল এ,এম,ইয়াহিয়া খানের নিকট নিম্নোক্ত পত্র লিখেনঃ

প্রেসিডেন্ট হাউস
২৪শে মার্চ, ১৯৬৯

প্রিয় জেনারেল ইয়াহিয়া,

অতীব দুঃখের সহিত আমাকে সিদ্ধান্তে আসিতে হইয়াছে যে, দেশের সমুদয় বেসামরিক প্রশাসন ব্যবস্থা ও নিয়মতান্ত্রিক কর্তৃত্ব সম্পূর্ণ অচল হইয়া পড়িয়াছে। বর্তমানে উদ্বেগজনক মাত্রায় অবস্থার যদি অবনতি ঘটিতে থাকে, তাহা হইলে দেশের অর্থনৈতিক জীবনধারা তথা সভ্য জীবনের অস্তিত্ব বজায় রাখা সম্পূর্ণ অসম্ভব হইয়া পড়িবে।

এমতাবস্থায়, ক্ষমতার আসন হইতে নামিয়া যাওয়া ছাড়া কোন গত্যন্তর দেখিতেছি না।

তাই আমি পাকিস্তানের দেশরক্ষা বাহিনীর হস্তে দেশের পূর্ণ কর্তৃত্ব ন্যস্ত করিয়া সাব্যস্ত করিয়াছি; কেননা, সামরিক বাহিনীই দেশের আজিকার কর্মক্ষম ও আইনানুগ যন্ত্র।

শিরোনাম	সূত্র	তারিখ
কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটির স্বাধীন পূর্ব বাংলার কর্মসূচী	কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটির প্রচারপত্র	এপ্রিল, ১৯৬৯

পূর্ব বাংলার জনতার নিকট কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি কর্তৃকস্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলার কর্মসূচী পেশ

বিপ্লবী জনতা!

পূর্ব বাংলার কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত, ছাত্র, বুদ্ধিজীবী, ছোট ও মাঝারি ব্যবসায়ী, এক কথায় সমগ্র জনগণের জীবন এক সর্বগ্রাসী সংকটের আগুনে জ্বালিতেছে। পূর্ব বাংলার জনগনের উপর এক নিষ্ঠুর জাতিগত নিপীড়ন চলিতেছে। সংকটের এই আগুন পূর্ব বাংলার জনতার ধমনীতে ধমনীতে বিদ্রোহের বহ্নিশিখা জ্বালাইয়া দিয়াছে। পূর্ব বাংলার জনগণ আজ মুক্তি চায়। মুক্তি চায় অনাহার, বুভুক্ষা, দুঃখ-দারিদ্র্য, বন্যা, বেকারত্ব ও জাতিগত নিপীড়নের অভিশাপ হইতে। কিন্তু কোন পথে আসিবে তাহাদের মুক্তি? সাম্রজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজির প্রতিভূ এককেন্দ্রীক স্বৈরাচারী সমরবাদী শাসক গোষ্ঠীকে পূর্ব বাংলার বুক হইতে উচ্ছেদ করিয়া একমাত্র 'স্বাধীন, সার্বভৌম জনগণতান্ত্রিক পূর্ব বাংলা' কায়েমের মাধ্যমেই পূর্ব বাংলার শোষিত, বঞ্চিত জনতার মুক্তি সম্ভব। ''স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা'' কায়েম করিতে হইলে গ্রাম বাংলায় জোতদার, মহাজন ও শাসক গোষ্ঠীর বিরুদ্ধে কৃষকের গেরিলা যুদ্ধ শুরু করিয়া, সামন্তশ্রেণীকে উৎখাতের মাধ্যমে গ্রামঞ্চলে মুক্ত এলাকা গঠনের মাধ্যমে। গ্রামে এইভাবে গেরিলা যুদ্ধের মাধ্যমে জনতার সশস্ত্র বাহিনী গড়িয়া তুলিতে হইবে, গ্রাম দিয়া শহর ঘেরাও করিতে হইবে এবং শাসক গোষ্ঠীকে চূড়ান্তভাবে উৎখাত করিয়া রাষ্ট্র ক্ষমতা দখল করিতে হইবে। শহরের শ্রমিক, মুটে-মজুর, রিকসাওয়ালা, স্কুটারওয়ালা, বাস্তুহারা, বস্তিবাসী, অফিসের কেরানী, পিয়ন, আর্দালী, দোকানদার, ছোট ও মাঝারি ব্যবসায়ী, ছাত্র ও বুদ্ধিজীবী ও শহরের মধ্যে ব্যতিব্যস্ত করিয়া রাখা, যাহাতে গ্রাম বাংলার কৃষকের গেরিলা যুদ্ধ প্রচন্ড গতিতে অগ্রসর হইয়া যাইতে পারে।

বিপ্লবী সাথীরা!

পূর্ব বাংলার জনতা সেই পথেই আগাইয়া চলিতেছে। ১৯৬৮-৬৯ সালের বিপ্লবী গণঅভ্যুত্থান, গ্রাম বাংলার সিলেটের হাওর করাইয়া, খুলনার বাহিরদিয়ার কৃষি বিপ্লবের অগ্নিস্ফুলিঙ্গগুলি তাহারই নির্ভুল প্রমাণ। শ্যামপুর-পোস্তগোলা, খুলনা, সিদ্ধিরগঞ্জ, টঙ্গি, চট্রগ্রাম ও আদমজীতে শ্রমিক শ্রেণী নিজের ও শাসকগোষ্ঠীর রক্তে স্নান করিয়া তাহারই জ্বলন্ত স্বাক্ষর রাখিয়াছে।

আজ তাই ''কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ববাংলা সমন্বয় কমিটির'' পক্ষ হইতে আমরা জনতার বিপ্লবী চেতনার প্রতি শ্রদ্ধা রাখিয়া ''স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা'' কর্মসূচী আপনাদের নিকট পেশ করিতেছি। আসুন, মহান চীন, ভিয়েতনাম, পশ্চিম বাংলার নকশাবাড়ী, প্যালেষ্টাইনের আরবদের মুক্তি সংগ্রাম হইতে শিক্ষা গ্রহণ করিয়া আমরা সশস্ত্র বিপ্লবের মাধ্যমে উক্ত কর্মসূচীকে বাস্তবায়িত করি। আসুন মহান মাও সেতুঙের শিক্ষাকে আমরা মর্মে মর্মে উপলদ্ধি করি ও গ্রহণ করি ''বন্ধুকের নলই সকল রাজনৈতিক ক্ষমতার উৎস''। জয় আমাদের অনিবার্য। স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা কায়েম হইবেই। *

*এই সংগঠনের নেতৃত্বে ছিলেন কাজী জাফর আহমদ, হায়দার আকবর খান রনো এবং রাশেদ খান মেনন।

‘পূর্ব বাংলা জনগণতান্ত্রিক প্রজাতন্ত্রের’ কর্মসূচী
জনগণতান্ত্রিক শিক্ষা-সংস্কৃতির রূপরেখা

রাষ্ট্রীয় ব্যবস্থাঃ রাষ্ট্রীয় ব্যবস্থা হইবে সাম্রাজ্যবাদ, বিশেষ করিয়া মার্কিন সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও আমলা মুৎসুদ্দি বৃহৎ পুঁজি বিরোধী শ্রমিক, কৃষক, বুদ্ধিজীবী ও পেটিবুর্জোয়া শ্রেণীর অন্যান্য অংশ এবং দেশপ্রেমিক জাতীয় বুর্জেয়া শ্রেণীসমূহের যৌথ একনায়কত্ব-শ্রমিক নেতৃত্বে ইহা পরিচালিত হইবে-ইহা হইবে ‘‘পূর্ব বাংলা জনগণতান্ত্রিক প্রজাতন্ত্র’’।

রাজনৈতিক কাঠামোঃ রাজনৈতিক কাঠামো গড়িয়া উঠিবে গণতান্ত্রিক কেন্দ্রীয়তার নীতির ভিত্তিতে। রুপরেখা হইবে নিম্নরুপঃ

(১) কেন্দ্র হইতে একেবারে নিম্নপর্য্যায় পর্য্যন্ত জনগণের প্রত্যক্ষ ভোট দ্বারা নির্বাচিত গণপরিষদসমূহ (----------) থাকিবে যেমন, জাতীয় গণপরিষদ, জিলা গণপরিষদ, থানা গণপরিষদ, ইউনিয়ন গণপরিষদ। জাতীয় গণপরিষদ হইবে ‘‘পূর্ব বাংলা জনগণতান্ত্রিক প্রজাতন্ত্রের’’ সর্বোচ্চ সংস্থা এবং ইউনিয়ন গণপরিষদ হইবে নিম্নতর সংস্থা।

(২) এই গণপরিষদগুলি বিভিন্ন পর্য্যায়ে সরকারের বিভিন্ন সংস্থাসমূহ (----------) নির্বাচিত করিবে।

(৩)এই গণপরিষদগুলির নির্দিষ্ট মেয়াদ থাকিবে। নির্দিষ্ট মেয়াদের পর পুনর্বার নির্বাচনের ব্যবস্থা থাকিবে। তাহা ছাড়া নির্দিষ্ট মেয়াদের মধ্যেও নির্বাচিত প্রতিনিধিদের অপসারিত করিয়া নতুন প্রতিনিধি নির্বাচনের অধিকার জনগণের থাকিবে।

(৪)গণপরিষদসমূহে নির্বাচনের ভিত্তি হইবে শ্রেণী ও পেশাভিত্তিক। সকল বিপ্লবী শ্রেণীগুলি যাহাতে তাহাদের সামাজিক অবস্থান অনুযায়ী রাষ্ট্রীয় ব্যবস্থার সমানুপাতিক হারে (----------) প্রতিনিধিত্ব করিতে পারে সেই জন্য নারী, পুরুষ এবং সকল ধর্ম, জাতি,পেশা ও শিক্ষা নির্বিশেষে একটি সত্যিকার সার্বজনীন ও সমভোটাধিকার ব্যবস্থা (----------) প্রবর্তন করা হইবে।

(৫)এইভাবে সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচনের মাধ্যমে ‘‘পূর্ব বাংলা জনগণতান্ত্রিক প্রজাতন্ত্রের’’ সর্বোচ্চ কর্তৃপক্ষ জাতীয় সরকার গঠিত হইবে। এই জাতীয় সরকারের সহিত নীচের পর্যায়ের বিভিন্ন সরকারী সংস্থাসমূহের সম্পর্ক হইবে নিম্নরুপঃ (ক) বিভিন্ন নিম্নতর সংস্থাসমূহ তাহাদের নিজেদের স্বার্থে স্বেচ্ছায় জাতীয় সরকারকে যে ক্ষমতা ও দায়িত্ব প্রদান করিবে, ইহা তাহাই পালন করিবে। (খ) নিম্নতর সংস্থাগুলি কর্তৃক স্বেচ্ছায় প্রদত্ত ক্ষমতা ও দায়িত্বের ভিত্তিতে জাতীয় সরকার যে নির্দ্দেশাবলী প্রদান করিবে, নিম্নতর সংস্থাগুলি তাহা মানিয়া চলিতে বাধ্য থাকিবেঃ ইহাই গণতান্ত্রিক কেন্দ্রীকতার নীতি। গণতান্ত্রিক কেন্দ্রিকতার নীতির মাধ্যমে পরিচালিত একটি সরাকারই জনগলণর বিভিন্ন বিপ্লবী অংশের মতামতের সার্থক প্রতিনিধিত্ব করিতে পারে এবং বিপ্লবের শত্রুদের সম্পূর্ন কার্য্যকরীভাবে প্রতিহত করিতে পারে। (গ) জাতীয় সরকার ব্যতীত অন্যান্য নিম্নতর সংস্থাগুলির পাস্পরিক সম্পর্ক ও এই গণতান্ত্রিক কেন্দ্রিকতার নীতির ভিত্তিতে পরিচালিত হইবে।

গণতান্ত্রিক অধিকারঃ নারী, পুরুষ এবং সকল ধর্ম, জাতি, বর্ণ, পেশা ও শিক্ষা নির্বিশেষে সকল বিপ্লবী শ্রেণীসমূহের যথা শ্রমিক, কৃষক, বুদ্ধিজীবী, মধ্যবিত্ত, ছোট ও মাঝারী ব্যবসায়ী ও দেশপ্রেমিক জাতীয় বুর্জোয়া শ্রেণীর সকল রাজনৈতিক ও নাগরিক অধিকার থাকিবে। কিন্তু জনগণের শত্রু সাম্যবাদ, সামন্তবাদ ও আমলামুৎসুদ্দি বৃহৎ পুঁজিপতিদের তাহাদের সহযোগী প্রতি বিপ্লবীদের কোন রাজনৈতিক ও নাগরিক অধিকার থাকিবে না।

(২) জনগণের বাক-স্বাধীনতা, সংবাদপত্র ও প্রকাশনার স্বাধীনতা, সমাবেশের স্বাধীনতা, ট্রেড ইউনিয়ন স্বাধীনতা, প্রদান করা হইবে। কিন্তু কোন অবস্থাতেই সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও আমলা-মুৎসুদ্দি বৃহৎ পুজিঁর পক্ষেও গণতন্ত্রের বিরুদ্ধে কোন প্রকার বক্তব্য প্রকাশ ও সংগঠিত করিবার অধিকার দেওয়া হইবে না।

(৩) যে সকল ব্যক্তি বিপ্লবের বিরোধিতা করিয়াছিল অথবা বিশ্বাসঘাতকতা করিয়াছিল অথবা কোন সময়ে জনগণের উপর নিষ্ঠুর নির্যাতন চালাইয়াছিল, সেই সকল ব্যক্তিদের সারা জীবনের জন্য অথবা নির্দিষ্ট সময়ের জন্য রাজনৈতিক ও নাগরিক অধিকার কাড়িয়া লওয়া হইবে। অপরাধের তারতম্য বিবেচনা করিয়া তাহাদের সম্পত্তি সম্পূর্ন অথবা আংশিক বাজেয়াপ্ত, মৃত্যুদন্ড, কারাদন্ড কঠোর পরিশ্রমমূলক কাজ করিতে বাধ্য করা প্রভৃতি শাস্তি প্রদান করা হইবে। যাহাদের অপরাধ অপেক্ষাকৃত লঘু তাহাদের কম শাস্তি প্রদান করা হইবে এবং মার্কসবাদী পদ্ধতিতে তাহাদের চরিত্র সংশোধনের (যেমন জনগণের সাথে মিশিয়া উৎপাদনমূলক শারীরিক পরিশ্রমে বাধ্য করা) প্রচেষ্টা গ্রহণ করা হইবে। এই সব কিছুই নির্ধারিত হইবে স্থানীয়ভাবে জনগণের নির্ধারিত প্রকাশ্য গণ-আদালত দ্বারা।

ধর্মীয় স্বাধীনতাঃ

(১) রাষ্ট্র মানুষের নিজ নিজ ধর্ম প্রচার ও প্রসারের ক্ষেত্রে পূর্ণ স্বাধীনতা প্রদান করিবে।

(২) বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানগুলো যেমন মসজিদ, মন্দির, প্যাগোডা, কিয়াং, ইত্যাদি এবং ধর্মীয় গবেষণাগারগুলি যাহাতে সুষ্ঠুভাবে পরিচালিত হইতে পারে সেইজন্যে রাষ্ট্র ইহা তত্ত্বাবধানে পূর্ণ দায়িত্ব গ্রহণ করিবে এবং তাহা স্থানীয় ভিত্তিতে স্ব স্ব ধর্মের আগ্রহী জনগণের নির্বাচিত প্রতিনিধি দ্বারা পরিচালিত হইবে।

প্রশাসনিক ও বিচার ব্যবস্থাঃ

(১) প্রশাসন ও বিচার বিভাগ হইতে আমলাতন্ত্রের সম্পূর্ন উচ্ছেদ সাধন করা হবে।

(২) সরকার বিভিন্ন পর্যায়ের গুরুত্বপূর্ণ প্রশাসনিক ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষ ঐ পর্যায়ের গণপরিষদ কর্তৃক নির্বাচিত হইবে।

(৩) বর্তমান সকল প্রকারের আইন বাতিল ঘোষণা করিয়া জনগণতান্ত্রিক সমাজ ব্যবস্থার সহিত সামঞ্জ্যপূর্ণ আইন প্রণয়ন করা হইবে।

(৪) বিচার পদ্ধতি হইবে সহজ, সরল ও জনগণের আয়ত্তধীন। বিচারসমূহ অনুষ্ঠিত হইবে প্রকাশ্যভাবে ও স্থানীয় জনগণের মতামত সাপেক্ষে।

প্রতিরক্ষা ব্যবস্থাঃ

(১) জাতীয় সরকারের অধীন সশস্ত্র গণফৌজ থাকিবে-ইহা দেশের ভিতরের ও বাহিরের প্রতিবিপ্লবী আক্রমণকে প্রতিহত করিবে এবং জনগণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক সমাজ গঠনের কাজে অংশ গ্রহণ করিবে।

(২) বিপ্লবের মধ্য দিয়া যে গণফৌজ গড়িয়া উঠিবে, বিপ্লবোত্তর যুগে তাহাই রাষ্ট্রীয় গণফৌজ হিসাবে পরিগণিত হইবে। এই গণফৌজ মূলতঃ ভূমিহীন ও গরীব কৃষক ও শ্রমিক যুবকদের লইয়া গড়িয়া উঠিবে।

(৩) জাতীয় গণপরিষদের এই গণফৌজ পরিচালনার ব্যাপারে পূর্ণ অধিকার থাকিবে।

(৪) এই সশস্ত্র গণফৌজ ছাড়াও সমগ্র জনগণকে অস্ত্রের শিক্ষা প্রদান করা হইবে এবং গণমিলিশিয়া গঠণ করা হইবে।

(৫) গণফৌজ সম্পর্কে সমালোচনা ও সুপারিশ করিবার পূর্ণ অধিকার জনগণের থাকিবে।

(৬) গণফৌজের সদস্যদেরও রাজনীতিতে অংশগ্রহণ করিবার ও নিজস্ব পেশাগত সংগঠন করিবার এবং নির্বাচনে অংশগ্রহণ করিবার অধিকার থাকিবে। গণপরিষদসমূহে তাহাদের প্রতিনিধিত্ব থাকিবে।

(৭) গণফৌজের বিভিন্ন পদ ও স্তরের সৈনিকদের পারস্পরিকদের সম্পর্কে হইবে সাথী সুলভ ও ভ্রাতৃত্বমূলক-আমলাতান্ত্রিক নয়।

সংখ্যালঘু জাতিসংক্রান্ত নীতিঃ

(১) পূর্ব বাংলার বসবাসকারী বিভিন্ন সংখ্যালঘু জাতির পৃথক সত্তাকে স্বীকার করা হইবে। তাহাদের অর্থনীতি ও সাংস্কৃতিক বিকাশে জীবনযাত্রার মান উন্নয়নের জন্য রাষ্ট্র উৎসাহ ও সাহায্যদান করিবে। সংখ্যালঘু জাতিসমূহের নিজ নিজ কথ্য ও লিখিত ভাষা ব্যবহারের অধিকার থাকিবে। তাহাদের নিজস্ব সংস্কৃতি ও শিল্পকলা বিকাশের এবং তাহাদের আচার ব্যবহার সংরক্ষণ বা পরিবর্তনের অধিকার দেওয়া হইবে।

(২) ভারতবর্ষের বিভিন্ন স্থান হইতে আগত পূর্ব বাংলায় স্থায়ীভাবে বসবাসকারী অবাঙ্গালীদের ভাষা ও সংস্কৃতি বিকাশের পূর্ণ অধিকার প্রদান করা হইবে।

(৩) যে সমস্ত অঞ্চলে সংখ্যালঘু জাতিরা বিপুল সংখ্যাগরিষ্ঠ সেই সমস্ত অঞ্চলে তাহাদের পূর্ণ স্বায়ত্বশাসনের অধিকার দেওয়া হইবে-এই স্বায়ত্বশাসন জনগণতান্ত্রিক পূর্ব বাংলার রাষ্ট্রীয় ব্যবস্থার আওতায় পরিচালিত হইবে।

(৪) জাতীয় পরিষদ ও জাতীয় সরকারে সংখ্যালঘু জাতিদের প্রতিনিধিত্ব থাকিবে।

পররাষ্ট্র নীতিঃ

(১)শ্রমিক শ্রেনীর আন্তর্জাতিকতাবাদের নীতির ভিত্তিতে সকল সমাজতান্ত্রিক রাষ্ট্র, বিশেষ করিয়া গণচীনের সহিত বন্ধুত্ব, পারস্পরিক সৌহার্দ্য ও সহযোগিতার সম্পর্ক বৃদ্ধি করা।

(২) দুনিয়ার সমস্ত নিপীড়িত জনগণ ও নিপীড়িত জাতিসমূহের মুক্তি আন্দোলনকে সক্রিয়ভাবে সকল প্রকার সমর্থন ও সাহায্য প্রদান করা।

(৩) পরস্পরের ভূখন্ডের অখন্ডতা ও সার্বভৌমত্বের মর্য্যাদা রক্ষা করা; পরস্পরকে আক্রমণ না করা; পরস্পরের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ না করা; সমানাধিকারের ভিত্তিতে পারস্পরিক সুযোগ প্রদান ও শান্তি পূর্ণ সহ অবস্থান- এই পঞ্চশীলা নীতির ভিত্তিতে ভিন্ন সামাজিক ব্যবস্থার রাষ্ট্রগুলির সহিত শান্তিপূর্ণ সহযোগিতার জন্য চেষ্টা করা ও সাম্রাজ্যবাদী আগ্রাসী যুদ্ধনীতির সর্বাত্মক বিরোধিতা করা।

(৪) সাম্রাজ্যবাদ, বিশেষ করিয়া মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদকে দৃঢ়তার সহিত বিরোধিতা ও প্রতিহত করা।

(৫) সম্প্রসারণবাদী ভারত ও ইসরাইলসহ সাম্রাজ্যবাদের ক্রীড়ানক রাষ্ট্রসমূহের সর্বাত্মক বিরোধিতা করা।

(৬) কোন প্রকার সামরিক চুক্তিতে জড়িত না হওয়া; পূর্ব বাংলার মাটিতে কোন প্রকার বিদেশী সাম্রাজ্যবাদী সামরিক অস্তিত্ব না রাখা; সাম্রাজ্যবাদের সহযোগী পূর্বতন এককেন্দ্রীক শাসকগোষ্ঠী কর্তৃক সম্পাদিত সকল প্রকার সামরিক ও অসম অর্থনৈতিক চুক্তি বাতিল করা।

(৭) কোনরুপ রাজনৈতিক শর্ত জড়িত না থাকিলে যে কোন দেশের কারিগরী ও অর্থনৈতিক সাহায্য গ্রহণ করা।

জনগণতান্ত্রিক অর্থনীতি রুপরেখাঃ

সমাজতন্ত্রের অর্থনীতির লক্ষকে সম্মুখে রাখিয়া বর্তমান অর্থনৈতিক ব্যবস্থাকে আমুল পরিবর্তন করিয়া জনগণতান্ত্রিক অর্থনীতি কায়েম করা হইবে। এই জনগণতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার ভিত্তিতে জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন করার জন্য সম্পূর্ণ স্বাধীন, স্বয়ংসম্পূর্ণ ও আত্মনির্ভরশীল জাতীয় অর্থনীতি গড়িয়া তোলা হইবে। ইহার রুপরেখা হইবে নিম্নরুপঃ

রাষ্ট্রীয় মালিকানাঃ

(১) সকল সাম্রাজ্যবাদী পুঁজি বাজেয়াপ্ত করা, সকল প্রকার সাম্রাজ্যবাদী ঋণ অস্বীকার করা, সাম্রাজ্যবাদী এজেন্টদের সকল সম্পত্তি বাজেয়াপ্ত করা।

(২) সকল বৃহৎ পুঁজি, যাহার চরিত্র আমলা-মুৎসুদ্দি এবং যাহা পূর্ব বাংলার ক্ষেত্রে সম্পূর্ণ বিজাতীয় তাহা বাজেয়াপ্ত করা।

(৩) যাহারা প্রতিবিপ্লবী ও বিপ্লবের প্রতি বিশ্বাসঘাতকতা করিবে তাহাদের সমুদয় সম্পত্তি বাজেয়াপ্ত করা।

(৪) জোতদার, মহাজন, দুর্নীতিবাজ, আমলা ও তাহাদের দালালদের সকল সম্পত্তি বাজেয়াপ্ত করা। (জোতদারের বাজেয়াপ্তিত জমি গরীব ও ভূমিহীন কৃষকদের সধ্যে বিনামূল্যে বিতরণ করা হইবে)।

(৫) সকল ব্যাঙ্ক ও বীমা কোম্পানী রাষ্ট্রয়ত্ব করা হইবে এবং রাষ্ট্র নিজেই তাহা পরিচালনা করিবে।

(৬) সকল প্রাকৃতিক সম্পদ রাষ্ট্রের সম্পদ হিসাবে গণ্য হইবে, মধ্যস্বত্ব প্রথা বিলোপ করিয়া রাষ্ট্র নিজেই ইহা রক্ষা করিবে বরং নিজের তত্ত্বাবধানে সম্পদ আহরণ করিবে।

(৭) রেলওয়ে, জাহাজ বিমান কোম্পনী, অস্ত্রের কারখানা, বিদুৎ শিল্প ও অন্যান্য গুরুত্বপূর্ণ শিল্প রাষ্ট্রের মালিকানায় থাকিবে।

(৮) যে সকল শিল্প ও ব্যবসায় প্রতিষ্ঠান বর্তমানে সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে আছে, তাহা সম্পূর্ণরুপে রাষ্ট্রের মালিকানায় রাষ্ট্রের তত্ত্বাবধানে থাকিবে।

(৯) পাটশিল্পকে রাষ্ট্রয়ত্ব করা হইবে এবং নিজের মালিকানায় ইহা পরিচালনা করিবে।

কৃষিনীতিঃ

(১) ''খোদ'' কৃষকের হাতে জামি'' এই নীতির ভিত্তিতে ভূমি ব্যবস্থার আমূল সংস্কার করা হইবে। বিপ্লবের পর সমস্ত জমি পুনরায় জরিপ করিয়া বর্তমানে জমি রেকর্ড ও খতিয়ানের ব্যাপারে যে সমস্ত ভুলভ্রান্তি রহিয়াছে রাষ্ট্র তাহা দূর করার ব্যবস্থা করিবে।

(২) জোতদারী প্রথার উচ্ছেদ সাধন করা হইবে। জোতদার ও তাহাদের দালালদের সমস্ত জমি ও চাষের যন্ত্রপাতি রাষ্ট্র দখল করিবে এবং উহা বিনামূল্যে ভূমিহীন ও গরীব কৃষকদের মধ্যে বিতরণ করিবে।

(৩) সরকারের সকল খাস জমি রাষ্ট্র দখল করিবে এবং গরীব ও ভূমিহীন কৃষকদের মধ্যে বিনামূল্যে বিতরণ করিবে।

(৪) কৃষকদের মধ্যে বন্টনকৃত জমির প্রতি তাহাদের স্বত্বাধিকারের স্বীকৃতি ও সংরক্ষণের ব্যবস্থা করিবে।

(৫) সকল প্রকার বর্গা প্রথা বিলোপসাধন করা হইবে। রাষ্ট্রকর্তৃক নির্ধারিত দৈনিক মজুরী দিয়া ক্ষেতমজুর নিয়োগ করা যাইবে। কিন্তু চাষের যন্ত্রপাতি ও কৃষি উৎপাদনে আবশ্যকীয় অন্যান্য সামগ্রী জমির মালিককে বহন করিতে হইবে।

(৬) স্থানীয় পরিস্থিতিসাপেক্ষে জমির মালিকদের পরিবার প্রতি সর্বোচ্চ জমি সংরক্ষণের সীমা নির্দ্ধারণ করিয়া দেওয়া হইবে। ধনী কৃষকের নিকট হইতে এলাকা অনুযায়ী রাষ্ট্র নির্দিষ্ট উচ্চতম সীমার অতিরিক্ত জমি ক্রয়ের ব্যবস্থা করিবে।

(২) খাদ্যদ্রব্য ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যমানের সহিত সামঞ্জস্য বিধান করিয়া ক্ষেতমজুরদের বাঁচার উপযোগী নিম্নতর মজুরী নির্ধারণকরা হইবে।

(৮)অকৃষক বিধবা (এই অকৃষক বিধবা বলিতে কোন কৃষক পরিবারের বিধবাকে বুঝাইবে না)। শিক্ষক, কুটিরশিল্পী, ছোট দোকানদার প্রভৃতির হাতে বর্তমানে যে জমি রহিয়াছে সেই সম্পর্কে জনগণতান্ত্রিকরাষ্ট্রের নীতি হইবেঃ

(ক) মুক্ত এলাকায় যদি ইহাদের অবস্থান হয় (যেখানে শ্রমিক শ্রেণীর নেতৃত্বে কৃষকের বিপ্লবী সরকার প্রতিষ্ঠিত হইয়াছে) সেই এলাকায় অথবা সারা পূর্ব বাংলাব্যাপী জনগণতান্ত্রি বিপ্লব সুসম্পন্ন হইবার পর তাহাদের নিকট হইতে উপযুক্ত ক্ষতিপূরণ দিয়া রাষ্ট্র জমি ক্রয় করিয়া লইবে এবং গরীব ও ভূমিহীন কৃষকদের নিকট বিতরণ করিবে। কিন্তু রাষ্ট্র তাহাদের জীবন ধারণের জন্য বিকল্প কর্মসংস্তান অথবা তাহারা যে পেশায় নিযুক্ত রহিয়াছেন তাহাতে তাহারা পরিবারের ভরণ-পোষণের উপযোগী আয় যাহাতে করিতে পারেন রাষ্ট্র অবশ্যই তাহার ব্যবস্থা করিবে।

(খ) জনগণতান্ত্রিক বিপ্লব সুম্পন্ন হওয়ার পূর্বে অকৃষক বিধবা, শিক্ষক, কুটির শিল্প, ছোট দোকানদার, শহরে কার্য্যরত শ্রমিক, স্বল্প আয়ভোগী ব্যক্তিদের জমি যে অবস্তায় রহিয়াছে সেই অবস্থাতেই থাকিবে। কিন্তু বর্গাপ্রথার মাধ্যমে জমি চাষাবাদ করিতে দেওয়া হইবে না-উপযুক্ত মজুরী দিয়া ক্ষেতমজুর নিয়োগ করিয়া জমি চাষ করা যাইবে।

(৯) (ক) খাজনা প্রথার সম্পূর্ণ বিলোপসাধন করা হইলে। খাজনার পরিবর্তে উৎপাদনের উপর কৃষি আয়কর প্রথা চালু করা হইবে। ফসল না হইলে অথবা উৎপাদন পর্যাপ্ত পরিমাণে না হইলে আয়কর দিতে হইবে না। ফসল উৎপাদনের পর কৃষকদের সাধারণভাবে খাওয়া-পরার পর যাহা থাকিবে, তাহার উপর আয়কর ধার্য্য হইবে। কৃষকদের আয়কর ফসলে লওয়া হইবে। এই আয়কর ধার্য্য করিবে মূলতঃ কৃষক প্রতিনিধি সমবায়ে গঠিত ইউনিয়ন গণপরিষদ।

(খ) গরীব ও মাঝারী কৃষকের সকল বকেয়া খাজনা ও সুদসহ ঋণ মওকুফ করা হইবে।

(গ) নদী শিকস্তি জমির জন্য কোন আয়কর দিতে হইবে না এবং ইহার উপর কৃষকদের স্বার্থ সংরক্ষণ করা হইবে না বা নদী-নালা জমি-জমা ও ভিটামাটি হইতে উচ্ছেদপ্রাপ্ত কৃষকদের পুনর্বাসনের ব্যবস্থা করা হইবে।

(১০) হাট-বাজার, ঘাট, বন, পাহাড় বিল প্রভৃতিতে যে ইজারাদারী, মহালদারী ও কনট্রাক্ট প্রথা চালু রহিয়াছে এবং মধ্যস্বত্ব ভোগ করিবার যে অধিকার বর্তমান ব্যক্তি বিশেষকে দেওয়ার বিধান প্রচলিত রহিয়াছে, তাহা বিলোপ করা হইবে।

(খ) হাট-বাজারে জনসাধারণের খুচরা বেচা-কেনার উপর তোলা বা কর বিলুপ্ত করা হইবে। রাষ্ট্র নিজেই ইহা সংরক্ষণ করিবে এবং জনগণের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা ইহা পরিচালনার ব্যবস্থা করিবে। হাট-বাজার যথাযথ সংরক্ষণ ও উহার উন্নয়ন সাধনের জন্য পাইকারী ব্যবসায়ের উপর কর ধার্য্য করা হইবে।

(গ) বন, পাহাড়, বিল, হাওর, নদী সকল প্রাকৃতিক সম্পদ রাষ্ট্রের সম্পত্তি হিসাবে গণ্য হইবে। যাহারা নিজের হাতে শ্রমকাজ করিবেন, রাষ্ট্র তাহাদের সামান্য করের বিনিময়ে বন-পাহাড়ে, বাঁশ, ছন, গাছ, কাঠ কাটিবার এবং বিলে ও জলাশয়ে মাছ দরিবার অনুমতি প্রদান করিবে।

(১১) রাষ্ট্র সকল প্রকার মহাজনী বাতিল করিবে। মহাজনদের সকল সম্পত্তিও বাজেয়াপ্ত করা হইবে।

(খ) রাষ্ট্র কৃষকদের প্রয়োজনসাপেক্ষে চাষের প্রয়োজনীয় যন্ত্রপাতি ও দ্রব্যসামগ্রী যথা গরু, বীজ, সার, আধুনিক চাষের যন্ত্রপাতি প্রভৃতি ক্রয় করার জন্য বিনা সুদে স্বল্প ও দীর্ঘমেয়াদী ঋণ প্রদান করিবে।

(১২) রাষ্ট্র কৃষকদের জীবনধারণের মানোন্নয়ন, উৎপাদন বৃদ্ধি ও সামগ্রিক স্বার্থে আধুনিক যান্ত্রিক চাষ ও যৌথ সমবায় প্রথা প্রবর্তনের জন্য তাহাদের উৎসাহিত করিবে যাহাতে কৃষকের নিজেরা স্বেচ্ছামূলকভাবে এই পথ গ্রহণ করে। কৃষকেরা স্বেচ্ছায় যৌথ সমবায় প্রথার রাজী হইলে তাহাদের রাষ্ট্রের পক্ষ হইতে সস্তা দামে সকল প্রকার সামগ্রী সরবরাহ করা হইবে। খাস জমি বন্টনের ব্যাপারে যৌথ সমবায় অংশগ্রহণকারী কৃষককে অগ্রাধিকার দেওয়া হইবে। এই সমস্ত যৌথ সমবায় অবশ্যই কৃষকদের নির্বাচিত কমিটি দ্বারা পরিচালিত হইবে-রাষ্ট্র এই ব্যাপারে কোন প্রকার হস্তক্ষেপ করিবেনা।

(১৩) কৃষকদের ফসলের জন্য প্রকৃতির উপর যাহাতে নির্ভরশীল হইয়া পড়িতে না হয় সেইজন্য রাষ্ট্রের পক্ষ হইতে আধুনিক জলসেচের ব্যবস্থা করা হইবে।

(১৪) বন্যা নিয়ন্ত্রণের প্রশ্নটিকে বিপ্লবোত্তর অবস্থায় রাষ্ট্র প্রথম ও প্রধান বিষয় বলিয়া গণ্য করিবে। বিশ্বের সকল দেশ বিশেষ করিয়া গণচীনের সাহায্য লইয়া আমাদের দেশের অফুরন্ত জনশক্তির পূর্ণ সদ্ব্যবহার করিয়া পূর্ব বাংলার বন্যা সমস্যার একটি স্থায়ী সমাধান করা হইবে।

(১৫) কৃষকেরা তাহাদের অর্থকরী ফসল যেমন পাট, ইক্ষু, তামাক প্রভৃতির ন্যায্য দাম যাহাতে পাইতে পারে, রাষ্ট্র তাহার নিশ্চয়তা বিধান করিবে। বিশেষ করিয়া কৃষক পাটের ন্যায্য দাম যাহাতে পাইতে পারে সেইজন্য রাষ্ট্র সরাসরি কৃষকের নিকট হইতে পাট ক্রয় করিয়া তাহাদের প্রতিনিধি হিসাবে আন্তর্জাতিক বাজারে তাহা পথ এই যে, পাট বেচাকেনার ও অন্যান্য খরচ বাদে আন্তর্জাতিক বাজারে প্রাপ্ত পূর্ণ মূল্য রাষ্ট্র কৃষককে প্রদান করিবে। দেশের শিল্পে ব্যবহার্য্য পাটের মূল্যও নির্ধারিত হইবে আন্তর্জাতিক বাজারে প্রাপ্ত পূর্ণ মূল্য রাষ্ট্র কৃষককে প্রদান করিবে। দেশের শিল্পে ব্যবহার্য্য পাটের মূল্যও নির্ধারিত হইবে আন্তর্জাতিক বাজারে পাটের মূল্যের সহিত সঙ্গতি বিধান করিয়া। এইভাবে কৃষকের অর্থনৈতিক বুনিয়াদকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করা হইবে।

(১৬) শিল্পে ব্যবহার্য্য কৃষিপণ্য উৎপাদনের ব্যাপারে রাষ্ট্র সর্বপ্রকার উৎসাহ ও সাহায্য প্রদান করিবে।

শিল্পনীতিঃ

(১) জনগণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় রাষ্ট্রায়ত্ত শিল্পের চরিত্র হইবে সামজতান্ত্রিক এবং ইহা সামগ্রিকভাবে জাতীয় অর্থনীতির প্রধান বৈশিষ্ট্য হইবে। কিন্তু জনগণের জীবিকাকে নিয়ন্ত্রণ করিতে পারে না এমন ব্যক্তিগন মালিকানায় প্রতিষ্ঠিত শিল্প ও পুঁজিবাদী উৎপাদনে রাষ্ট্র বাধা প্রদান করিবে না।

(২) রাষ্ট্রীয় মালিকানায় ও পরিচালনায় মূল ও ভারী শিল্প গড়া হইবে।

(৩) বিদ্যুৎশক্তি, কৃষি যন্ত্রপাতি ও অন্যান্য আবশ্যকীয় কল-কব্জা নির্মানের ব্যাপারে অগ্রাধিকার প্রদান করা হইবে।

(৪) বিলাশদ্রব্য উৎপাদন নিরুৎসাহ করা হইবে।

(৫) (ক) ক্ষুদ্র শিল্প, যথা-তাঁত ও লবণ শিল্প সংরক্ষণ করার জন্য রাষ্ট্র যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবে। (খ) পূর্ব বাংলার ঐতিহ্যবাহী তাঁত ও বয়ন শিল্প যাহাতে রক্ষা পাইতে পারে ও উন্নত শিল্পে পরিণত হইতে পারে,

সেইজন্য রাষ্ট্র তাঁতীদের নিয়ন্ত্রিত স্বল্পমূল্যে সুতা সরবরাহ করিবে। (গ) পূর্ব বাংলার লবণশিল্প ও ক্ষুদে লবণ উৎপাদকেরা যাহাতে রক্ষা পাইতে পারে, সেইজন্য রাষ্ট্র লবণ কর বাতিল করিবে ও বিদেশ হইতে লবণ আমদানী নিষিদ্ধ করিবে। লবণ চাষীরা যদি জোতদারের জমিতে লবণ চাষ করে তাহা হইলে উক্ত জোতদারের জমি বাজেয়াপ্ত করিয়া লবণ চাষীদের মধ্যে বিতরণ করা হইবে। জোতদার নয় এমন জমির মালিকদের জমিও উপযুক্ত মূল্য দিয়া রাষ্ট্র ক্রয় করিয়া লইবে এবং লবণ চাষীদের মধ্যে বিতরণ করিবে। এইভাবে লবণ উৎপাদনের উপযোগী জমির উপর প্রকৃত লবণ চাষীর স্বত্ব প্রতিষ্ঠার ব্যবস্থা করা হইবে। লবণ চাষীরা যাহাতে যৌথ সমবায় প্রতিষ্ঠান গড়িয়া তোলে সেইজন্য রাষ্ট্র তাহাদের উৎসাহ প্রদান করিবে।

(৬) বনজ শিল্প সংরক্ষণ, সম্প্রসারণ ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৭) পূর্ব বাংলার খনিজ ও প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ ও উন্নয়নের উপর রাষ্ট্র বিশেষ গুরুত্ব প্রদান করিবে। পূর্ব বাংলার ভূগর্ভে কয়লা, তৈল, পেট্রোলিয়াম প্রভৃতি খনিজ সম্পদ আবিষ্কৃত হওয়ার যে উজ্জ্বল সম্ভাবনা রহিয়াছে রাষ্ট্র ব্যাপক অনুসন্ধান, পরীক্ষা ও খননকার্য্যের মাধ্যমে তাহা আহরণের সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করিবে।

(৮) নদী-নালা, খাল-হাওর-বিলের দেশ পূর্ব বাংলার মৎস্য শিল্প গড়িয়া তুলিবার জনগণতান্ত্রিক রাষ্ট্র বিশেষভাবে যত্নবান হইবে। এই জন্য মাছ ধরা ও মাছ ব্যবসায়ের ক্ষেত্রে যে নৈরাজ্য চলিতেছে তাহা দূর করা হইবে এবং ইহাকে পূর্ব বাংলার অন্যতম গুরুত্বপূর্ণ সম্পদ ও লাভজনক শিল্পে পরিণত করার জন্য রাষ্ট্র নিম্নোক্ত ব্যবস্থা অবলম্বন করিবেঃ

(ক) মৎস্য চাষের বিজ্ঞানসম্মত ব্যবস্থা অবলম্বন করা হইবে। কৃত্রিম উপায়ে মৎষ্য প্রজননের ব্যবস্থা করা হইবে।

(খ) নদী-নালা, খাল-বিল ও হাওরে জেলেদের মাছ ধরার জন্য রাষ্ট্রের পক্ষ হইতে মাছ ধরার যন্ত্রপাতি এবং অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী স্বল্পমূল্যে তাহাদের সরবরাহ করা হইবে। ''জাল যার জল তার'' এই নীতির ভিত্তিতে ইজারাদারী প্রথা ও জলকর গ্রহণ প্রত্যাহার করা হইবে।

(গ) বড় বড় নদী, গভীর সমুদ্রে রাষ্ট্র নিজেই সর্বাধুনিক যন্ত্রপাতি দ্বারা মাছ ধরার ব্যবস্থা করিবে।

(ঘ) মৎস্য সংরক্ষণের জন্য কোলড ষ্টোরেজ ও দেশী-বিদেশী বাজারে চালান দিবার জন্য পরিবহনের ব্যাপক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(ঙ) আধুনিক পদ্ধতিতে মৎস্য যাহাতে বিদেশে রপ্তানী হইতে পারে তাহার উপর রাষ্ট্র বিশেষ দৃষ্টি প্রদান করিবে ও মৎস্য রপ্তানী ব্যবসাকে রাষ্ট্রায়ত্ত করা হইবে।

(৯) বিদ্যুৎ শক্তির উন্নয়নকল্পে আণবিক প্রকল্প নির্মাণ করা হইবে।

(১০) জলবিদ্যুৎ প্রকল্প ও গ্যাস শিল্পের উন্নয়ন করা হইবে।

(১১) সমস্ত শহর ও গ্রামঞ্চলকে বৈদ্যুতিকরণ করা হইবে।

শ্রমনীতিঃ

শ্রেণী সংগ্রামের বিকাশের এবং ভবিষ্যত সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থার নেতা হিসাবে গড়িয়া তুলিবার লক্ষ্যকে সম্মুখে রাখিয়া শ্রমনীতি নির্ধারিত হইবে। ইহার রুপরেখা হইবেঃ

''উন্নয়নের জন্য আন্তর্জাতিক সহযোগিতার'' ক্ষেত্রে ক্রমাগত উদ্বেগজনক অবস্থার সৃষ্টি হতে থাকায় ১৯৬৭ সালের ২৭শে অক্টোবর বিশ্বব্যাঙ্কের তদানিন্তন প্রেসিডেন্ট মিঃ জর্জ উডস গত বিশ বছরের উন্নয়ন সাহায্য, সাহায্যদান নীতির সাফল্য ত্রুটি ও ফলাফল পর্যালোচনার জন্য অভিজ্ঞতা ও মর্যাদার অধিকারী ব্যক্তিদের নিয়ে একটি আন্তর্জাতিক কমিশন গঠনের প্রস্তাব করেন। ১৯৬৮ সালের ১৯শে আগষ্ট তারিখে কানাডার প্রাক্তন প্রধানমন্ত্রী মিঃ এল,বি, পিয়ার্সন বিশ্ব-ব্যাঙ্কের পরবর্তী প্রেসিডেন্ট মিঃ রবার্ট এস, ম্যাকনামারার কাছ থেকে এই কমিশন গঠনের আমন্ত্রণ গ্রহণ করেন। মিঃ পিয়ার্সন এই কমিশনে কাজ করার জন্য বিভিন্ন দেশ থেকে সাতজন সহযোগী গ্রহণ করেন। কমিশনের এই অপর সাতজন সদস্য হলেন, যুক্তরাজ্যের স্যার এডওয়ার্ড বয়েল, ব্রাজিলের মিঃ রবার্টো দ্য অলিবিয়া ক্যাম্পোস, যুক্তরাষ্ট্রের মিঃ সি, ডগলাস ডিলন, পশ্চিম জার্মানীর ডঃ উলফ্রেড গুথ, জ্যামাইকার ডবু, আর্থার লুই, ফ্রান্সের ডৎ রবার্ট ই, মারজোলীন এবং জাপানের ডঃ সবুরো ওকিতা। কমিশনের চেয়ারম্যান মিঃ পিয়ার্সন এবং উপরোক্ত সাতজন সদস্য ছাড়াও অন্যান্য উন্নত ও উনানয়নশীল দেশ থেকে ১৪ জন বিশেষজ্ঞ গ্রহণ করা হয়। উন্নয়নের জন্য আন্তর্জাতিক সহযোগিতার গত বিশ বছরের ইতিহাস পর্যালোচনা ছাড়াও আগামী ২০বছরের জন্য কমিশন নানা রকম প্রস্তাব ও সুপারিশ জ্ঞাপনের দায়িত্ব গ্রহণ করেন। এদিক থেকে পিয়ার্সন কমিশনের গুরুত্ব বিশ্বের অকম্যুনিস্ট দেশগুলোতে কম নয়। কমিশনের প্রথম বৈঠক অনুষ্ঠিত হওয়া ছাড়াও আঞ্চলিক বৈঠক রাওয়ালপিন্ডি, নয়াদিল্লী, সিঙ্গাপুর প্রভৃতি শহরে অনুষ্ঠিত হয়। চলতি বছরের ২৫ই সেপ্টেম্বর তারিখে কমিশনের চেয়ারম্যান মিঃ পিয়ার্সন আনুষ্ঠানিকভাবে কমিশনের রিপোর্ট বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্টের নিকট পেশ করেন।

অর্থনৈতিক বৈষম্যের কারণ

অকম্যুনিষ্ট বিশ্বের বিভিন্ন উন্নয়ন ও উন্নয়নশীল দেশের অর্থনৈতিক অবস্থা পর্যালোচনার সঙ্গে পিয়ার্সন কমিশনের রিপোর্টে ভৌগোলিক দিক থেকে পরস্পর বিচ্ছিন্ন পাকিস্তানের দু'অংশের অর্থনৈতিক সমস্যা ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কেও আলোকপাত করা হয়েছে। কমিশন স্পষ্ট ভাষাতেই অভিমত প্রকাশ করেছেন যে, কৃষি উন্নয়নের ক্ষেত্রেও পূর্ব ও পশ্চিম পাকিস্তানে সমান গুরুত্ব প্রদান করা হয়নি। ফলে দ্রুত কৃষি উন্নয়নের ফলে পশ্চিম পাকিস্তান খাদ্যোৎপাদনের ক্ষেত্রে উদ্বৃত্ত এলাকায় এবং পূর্ব পাকিস্তান ঘাটতি এলাকায় রুপান্তরিত হয়েছে। এই পরিস্থিতিতে আঞ্চলিক বৈষম্য দিন দিন আরও তীব্র আকার ধারণ করছে। কমিশন বলেছেন, ''দেশের দু'অংশে কৃষি উন্নয়নের ক্ষেত্রে বিপরীতমুখী নীতি আঞ্চলিক বৈষম্য বৃদ্ধি করেছে। পশ্চিম পাকিস্তানে কৃষি উন্নয়ন কৃষিকাজের জন্য প্রয়োজনীয় ক্ষুদ্রাকার ইঞ্জিনিয়ারিং শিল্পের বিকাশ ঘটিয়াছে এবং খাদ্য ঘাটতির ভয় থেকে উৎপাদন বৃদ্ধির দরুণ উদ্বৃত্ত খাদ্যের সমস্যা দেখা দিয়েছে। অন্যদিকে পূর্ব পাকিস্তানের কৃষিক্ষেত্রে স্থবিরতা এবং বর্ধিষ্ণু জনসংখ্যা ক্রমেই সকলের মোহভঙ্গের কারণ হয়েছে। .....পাকিস্তানে শিল্প বিকাশ দ্রুত হওয়া সত্বেও এই শিল্প ক্ষুদ্রাকার এবং প্রায় অধিকাংশ কাঁচামালের অভাবে আমদানির উপর বহুলাংশে নির্ভরশীল। তদুপরি প্রধানতঃ পশ্চিম পাকিস্তানকেই শিল্পায়ীত করা হয়েছে। দেশের দু'অঞ্চলের বৈষম্য তাতে আরো বৃদ্ধি পেয়েছে''। (পৃ:৩১০)।

কৃষি, শিল্প ও বৈদেশিক মুদ্রা বন্টনের ক্ষেত্রে

পাকিস্তান সম্পর্কে সংক্ষিপ্ত পর্যালোচনায় কমিশন দেশের দু'অংশের বিপরীতমুখী কৃষিনীতি অনুসরণ, শিল্পোন্নয়ন পশ্চিম পাকিস্তানে কেন্দ্রীভূত করা এবং অর্জিত বৈদেশিক মুদ্রা ও বৈদেশিক সাহায্য বন্টনের ক্ষেত্রে অনুসৃত বৈষম্য নীতির রাজনৈতিক ও অর্থনৈতিক প্রতিক্রিয়া এবং এই প্রতিক্রিয়া থেকে সৃষ্ট বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করেছেন। গত দশকে অধিক হারে বৈদেশিক সাহায্য ও ঋণলাভ করা সত্ত্বেও পাকিস্তানের দু'অঞ্চলে সম্পূর্ণ বিপরীত অর্থনৈতিক অবস্থা কেন সৃষ্টি হয়েছে কমিশনের রিপোর্ট থেকে তারও একটা আভাস পাওয়া যায়।

ঢাকাঃ মঙ্গলবার, ২রা অগ্রাহায়ণ, ১৩৭৬

নভেম্বর ১৮, ১৯৬৯

অসম কৃষি-উন্নয়ন থেকে প্রকৃত বৈষম্যের শুরু

(পূর্বদেশ রিপোর্ট)

পিয়ার্সন কমিশন নামে পরিচিত আন্তর্জাতিক উন্নয়ন কমিশনের চাঞ্চল্য সৃষ্টিকারী রিপোর্টে বলা হয়েছে, স্বাধীনতা লাভের একুশ বছরের মধ্যেও পূর্ব পাকিস্তানে কোন গ্রীণ রেভোলিউশন বা সবুজ বিপ্লব সংঘটিত হয়নি। সামগ্রিক কৃষি বিপ্লবকেই কমিশন 'সবুজ-বিপ্লব' আখ্যা দিয়েছেন। অন্যদিকে আধুনিক সেচ ব্যবস্থা, পানি সমস্যার সমাধান, সার সরবরাহ, নয়াজী আমদানী মুনাফাকেন্দ্রিক কৃষিনীতি অনুসরণের ফলে পশ্চিম পাকিস্তানে কৃষি বিপ্লব অনুষ্ঠিত হয় এবং মাত্র দু'বছরে শতকরা ৫০ ভাগ গম উৎপাদন বৃদ্ধি পায়। পূর্ব ও পশ্চিম পাকিস্তানে বৈষম্যমূলক কৃষি নীতি অনুসরণই দেশের দু'অংশের মধ্যে অর্থনৈতিক বৈষম্য বৃদ্ধির জন্য মূলতঃ দায়ী।

কমিশনের রিপোর্টে আমদানী বাণিজ্যের ক্ষেত্রে বৈদেশিক সাহায্যের গুরুত্বপূর্ণ ভূমিকা প্রদর্শন করা হয়েছে। গড়পড়তাভাবে উন্নয়নশীল দেশের আমদানী বাণিজ্যের শতকরা ২০ ভাগ বৈদেশিক সাহায্যের অর্থানুকূল্য লাভ করে থাকে। ১৯৬৭ সালে পাকিস্তানে আমদানী বাণিজ্যের প্রায় শতকরা ৩০ ভাগ এইডের অর্থানুকুল্য লাভ করে। এই আমদানী বাণিজ্যে পূর্ব পাকিস্তান কিভাবে গত দু'দশক যাবৎ বঞ্চিত হয়েছে তার হিসাব পাকিস্তানের সরকারী হিসাবপত্তরেও রয়েছে। পিয়ার্সন রিপোর্টে বলা হয়েছে, এইডের অর্থানুকুল্যে আমদানী ক্ষেত্রে নতুন যন্ত্রপাতি ও খুচরা অংশ, শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামল, কৃষি উন্নয়নের জন্য কীটনাশক ঔষধ ও সার প্রভৃতিকেই বেশী গুরুত্ব দেয়া হয়। এর পর আমদানী বাণিজ্যে উপেক্ষিত পূর্ব পাকিস্তানের কৃষি ও শিল্পের ক্ষেত্রে পিছিয়ে পড়ার কারণ প্রত্যক্ষভাবে উল্লেখ না করে কমিশন বলেছেন, ''পাকিস্তানের শিল্পোন্নতি প্রধানতঃ পশ্চিম পাকিস্তানেই ঘটেছে।'' কমিশনের রিপোর্টে পাকিস্তানের রফতানী বানিজ্যের কথাও উল্লেখ করা হয়েছে এবং কোরীয় যুদ্ধের আকস্মিক তেজীভাবের সুযোগ নিয়ে প্রধানতঃ কাঁচা পাট ও তুলা রফতানীর উপর নির্ভর করে পাকিস্তান তার বহির্বাণিজ্যে কিভাবে লাভবান হয়, তার বর্ণনা দেয়া হয়েছে। প্রধানতঃ পূর্ব পাকিস্তানের পাট ও অন্যান্য কাঁচামাল দ্বারাই বহির্বাণিজ্যে খাতে প্রায় দুদশক যাবৎ বৈদেশিক মুদ্রার সিংহভাগ অর্জিত হয়েছে। কিন্তু অর্জিত বৈদেশিক মুদ্রা এবং ঋণ ও সাহয্যের অর্থ বন্টনে পূর্ব পাকিস্তান যে তার ন্যায্য অংশ কখনো লাভ করেনি, তার হিসাব সরকারী পরিসংখ্যানেও গোপন করা সম্ভব হয়নি। কৃষি, শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে এই ক্রমাগত বৈষম্য পূর্ব পাকিস্তানে মূলধন সৃষ্টিতে অন্তরায় হয়ে দাঁড়ায় এবং অন্যাদকে পূর্ব পাকস্তানের পুঁজি ও সম্পদ ক্রমাগত অন্যত্র পাচার হতে থাকে। কমিশনের রিপোর্টে এই বেষম্যমূলক অবস্থার বিশদ বর্ণনা না দিয়ে সংক্ষেপে সন্তব্য করা হয়েছে ''পূর্ব পাকিস্তানকে শিল্পোন্নয়নের জন্য ক্রমাগত সরকারী খাতের উপর নির্ভর করতে হয় এবং পুঁজি নিয়োগের সুযোগ গ্রহণে বেসরকারী খাত ব্যর্থ হয়।'' (মুদ্রিত রিপোর্ট, পৃঃ ৩১০)।

পিয়ার্সন কমিশন বা আন্তর্জাতিক উন্নয়ন কমিশনের মতে স্বাধীনতা লাভের পরে যেসব উন্নয়নশীল দেশে দ্রুত ''সবুজ বিপ্লব'' বা কৃষি সংঘটিত হয়েছে যেসব দেশেই দ্রুত শিল্পোন্নতি ঘটেছে। পাকিস্তানে কৃষি বিপ্লব শুধু দেশের এক অংশেই অনুষ্ঠিত হয় এবং অন্য অংশে তার বেশী সুযোগ থাকা সত্ত্বে ও তার প্রতি উপেক্ষা প্রদর্শন করা হয়েছে। কমিশনের মুদ্রিত রিপোর্টের ৩১৬ পৃষ্ঠায় বলা হয়েছেঃ

''দেশের দু'অংশে কৃষির অসম বিকাশ আঞ্চলিক বৈষম্য বৃদ্ধি করেছে। অথচ এই বৈষম্য দূরীকরণে কৃষিই সর্বাধিক সহায়তা যোগাতে সক্ষম। পূর্ব পাকিস্তান অত্যন্ত ঘনবসতিপূর্ণ এলাকা হওয়া সত্ত্বেও সেখানকার ভূমি অত্যন্ত উর্বর এবং সেখানে অধিক উৎপাদন সক্ষম ধানের বীজ ছাড়াও উৎপাদন বৃদ্ধি সম্ভব। সেচ কার্যের জন্য সেখানে পানি রয়েছে এবং জমির শতকরা ২০ ভাগে মাত্র বছরে দু'বার শস্য উৎপাদন করা হয়।

বিভিন্ন নদী থেকে লো-লিফট পাম্পের সাহায্যে পানির ব্যবস্থা করে উৎপাদন বহু গুণ বৃদ্ধি সম্ভব। এ ব্যাপারে প্রাথমিক পরিকল্পনা ব্যর্থ হয়নি, সুতরাং এই পরিকল্পনার দ্রুত সম্প্রসারণ অত্যাবশ্যক।''

পূর্ব পাকিস্তানে যেখানে সকল সুযোগ ও জমির উৎপাদিকা শক্তির বৃদ্ধির যথেষ্ট সম্ভাবনা থাকা সত্ত্বেও গত দশকে কৃষি উন্নয়নের ক্ষেত্রে প্রাথমিক কর্মসূচী ছাড়া বলতে গেলে কিছুই করা হয়নি, সেখানে পশ্চিম পাকিস্তানে স্বাধীনতা লাভের পরপরই অনুর্বর লবণাক্ত কৃষি ভূমিতে 'কৃষি বিপ্লব' সম্পাদনের জন্য কি করা হয়েছে, কমিশন তার বিশদ বিবরণ প্রদান করেছেন।

কমিশন বলেছেন, ''উন্নত টেকনোলজির সাহায্যে পশ্চিম পাকিস্তানে কৃষি ক্ষেত্রে নাটকীয় উন্নতি সাধিত হয়েছে। গম ও চাল উৎপাদনের ক্ষেত্রে আরো বেশী ফলন প্রত্যাশা করা যায়।'' (পৃষ্ঠা ৩১৬)।

কমিশনের রিপোর্টে বলা হয়েছে,-

''১৯৫০সালের দিকে পশ্চিম পাকিস্তানে পানি নিষ্কাশনের ব্যবস্থার অভাবে বহু চাষাবাদের জমিতে লবণাক্ততার দরুন উৎপাদন মোটেই সম্ভব ছিল না। কিন্তু জলাবদ্ধতা ও জমির লবণাক্ততার সেই অভিশাপকে এখন আশীর্বাদে রুপান্তরিত করা হয়েছে। (পৃষ্ঠা ৩৪)।

বন্যা বিশেষজ্ঞরা বলেন, পূর্ব পাকিস্তানের বন্যার অভিশাপকেও আশীর্বাদে রুপান্তর করা এবং কৃষি উৎপাদনের ক্ষেত্রে বিপ্লব সৃষ্টি সম্ভব। এক্ষত্রে শুধু প্রয়োজন পশ্চিম পাকিস্তানের সিন্ধু অববাহিকা পরিকল্পনার মত সুষ্ঠু পরিকল্পনা, প্রয়োজনীয় অর্থ, বৈদেশিক সাহায্য ও বিশেষজ্ঞের। কিন্তু গত একুশ বছরেও এই অভাবটি পূরণ করা সম্ভব হয়নি।

স্বাধীনতার প্রক্কালে পশ্চিম পাকিস্তান কৃষিক্ষেত্রে পূর্ব পাকিস্তানের চাইতে উন্নত ছিল না, বরং কোন কোন এলাকা পশ্চাৎপদ ছিল। এই অবস্থায় মাত্র দু'দশকে দু'অঞ্চলের মধ্যে মারাত্মক কৃষি বৈষম্য সৃষ্টি হল কি করে? একদিকে জমির লবনাক্ততা দূর করা এবং গভীর কূপ খনন ও নলকূপ বসিয়ে সেচ ব্যবস্থার প্রবর্তন কৃষির উন্নতিতে সহায়তা জুগিয়েছে, অন্যদিকে আধুনিক ও উন্নত কৃষি পদ্ধতি প্রবর্তন গোটা কৃষি ব্যবস্থার চেহারা পাল্টে দিয়েছে।

কমিশন বলেছেন-''গম ও চালের নতুন ধরনের বীজ প্রবর্তন কৃষিক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আনয়ন করে। ১৯৬৬-৬৭ সালে যেখানে ২ লক্ষ একর জমিতে নতুন গমের বীজ রোপণ করা হয়েছিল, পরবর্তী বছরে তা ২৩ লক্ষ একর জমিতে গিয়ে দাঁড়ায়। নতুন বীজ থেকে চালের উৎপাদনও উল্লেখযোগ্যভাবে বেড়ে যায়। বেশীর ভাগ ক্ষেত্রে বৈদেশিক ঋণের টাকায় দ্রুত সরবরাহের ব্যবস্থা করা হয় এবং দ্রুত সার উৎপাদনেরও ব্যবস্থা হয়। পশ্চিম পাকিস্তান বিশ্বের দীর্ঘতম একটানা সেচ ব্যবস্থার অধিকারী। সেচের অধীনে উন্নত চাষ, পানি ও সার

সরবরাহের সুষ্ঠু ব্যবস্থা, ফসলের নতুন বীজ সরবরাহ, বিদেশ থেকে উন্নত যন্ত্রপাতি এসে কৃষি ব্যবস্থায় প্রবর্তন এবং মুনাফা প্রাধান্যমূলক কৃষিনীতি পশ্চিম পাকিস্তানে বিপ্লব সংঘটন সম্ভবপর করেছে।'' (পৃষ্ঠা ৩০৭ ও ৩০৮)।

কমিশন পশ্চিম পাকিস্তানে কৃষি উৎপাদনের হার বৃদ্ধিরও একটা তালিকা দিয়েছেন। এই হার নীচে দেয়া হল। ১৯৪৯-৫০-১৯৫৯ ৬০ গম ১.১ ভাগ এবং অন্যান্য প্রধান শস্য ২.৩ ভাগ। ১৯৫৯-৬০-১৯৬৭-৬৮ গম ৪.০ এবং অন্যান্য প্রধান শস্য ৫.০। (পৃষ্টা ৩০৯)।

কৃষি ক্ষেত্রে উন্নতির ফলে পশ্চিম পাকিস্তানে কৃষিকার্যের জন্য প্রয়োজনীয় ছোট ছোট ইঞ্জিনিয়ারিং শিল্পের বিকাশে শুরু হয় এবং আমদানী বাণিজ্য ও বৈদেশিক গ্রান্ট ও লোনের সিংহভাগ লাভ করায় সেখানে অর্থনৈতিক উন্নয়নের প্রাথমিক শিল্প-ভিত্তি গড়ে ওঠে। পূর্ব পাকিস্তান এদকি থেকে এই শিল্প-ভিত্তির কাঁচামাল যোগানদার এবং উৎপাদিত দ্রব্যের ক্রেতার ভূমিকায় থেকে যায়। পশ্চিম পাকিস্তানে অর্থনৈতিক উন্নয়নের শিল্প-ভিত্তি প্রতিষ্ঠা লাভ করায় সেখানে স্থানীয় পুঁজির যেমন বিকাশ ঘটে, তেমনি বাইরের পুঁজিও সেখানে আকৃষ্ট হয় ।

পিয়ার্সন কমিশন পূর্ব পাকিস্তানের দুর্ভোগ্যের প্রাথমিক কারণ বিশ্লেষণ করতে গিয়ে বলেছেন, ''উন্নত সেচ ব্যবস্থা পশিচম পাকিস্তানের কৃষিতে নাটকীয় পরিবর্তন ঘটায়, অন্যদিকে সেচ ব্যবস্থার অভবে) পূর্ব পাকিস্তানের কৃষিতে এই পরিবর্তন অনুপস্থিত। ফলে খাদ্যোৎপাদন তুলনামূলকভাবে বাধাগ্রস্ত হয়ে রয়েছে। অতি সম্প্রতি লো-লিফট পাম্পের সাহায্যে জমিতে পানি সরবরাহ বৃদ্ধির ব্যবস্থা করা হয়েছে। যার ফলে কৃষকদের পক্ষ বছরে দুটি কিংবা তিনটি ফসল ফলানেরও সম্ভব হবে। অসম কৃষিনীতি দু'অঞ্চলের মদ্যে অর্থনৈতিক বৈষম্যের পরিসর বিরাটভাবে বৃদ্ধি করেছে। (পৃষ্ঠা ৩০৮)।

পূর্ব পাকিস্তানের কৃষি উন্নয়ন সম্পর্কে কমিশন সুস্পষ্ট ভাষায় সুপারিশ করেছেন-আধুনিক টেকনোলজির সাহায্যে পূর্ব পাকিস্তানে পাট ও ধান উৎপাদনের ব্যবস্থা হওয়া প্রয়োজন এবং কেন্দ্রীয় সরকারেরই উচিত এই উন্নয়ন পরিকল্পনার জন্য অর্থ ও বিশেষজ্ঞ সরবরাহের দায়িত্ব গ্রহণ করা।

শিরোনাম	সূত্র	তারিখ
গলপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর, এক ব্যক্তি এক ভোটের ভিত্তিতে নির্বাচন ও অধিক স্বায়ত্তশাসনের প্রতিশ্রুতি দিয়ে ইয়াহিয়া খানের বক্তৃতা	দ্য ডন	২৯ নভেম্বর, ১৯৬৯

EXTRACTS FROM PRESIDENT YAHAYA KHAN'S ADDRESS TO THE NATION (NOVEMBER 28, 1969)

My Dear Countrymen,

I addressed you last on July 28. Since then a number of development have taken place in the country in various sectors and certain specific actions have been taken by my Government to lead the country forward towards the main objectives that I had outlined in that Address.

* * * * *

Now I come to the political and constitutional problems facing this country. In my last address, I had expressed the hope that the political leaders of the country would come up with a consensus on certain major issues relating to our future Constitution. It is regrettable that they have not been able to do so, but one can understand and appreciate their difficulties. I had, however, continued with my discussions with individual political leaders and others concerned with these problems since I spoke to you last and while no formal consensus has been produced, I am now fully aware of the views that various people hold on these important matters.

Transfer of Power

Ever since the responsibility for the administration of this country devolved on me, one of the most important problems which has been agitating my mind is the mode of transfer of power to people's representatives.

My aim is to transfer power to the elected representatives of the people, but this aim cannot be achieved without a legal framework. This, as you know, is not available to us today. It is, therefore, necessary for me, in my capacity as the President and Chief Martial Law Administrator of this country, to take initiative in this matter. I have naturally given deep thought to this problem and could think of four possible alternatives whereby a legal framework for the holding of elections could be evolved.

One method could be to have an elected constitutional Convention whose task would be to produce a new Constitution and then dissolve itself. This would have been a neat arrangement, but then it had certain disadvantages: the main one being that it would have

involved two election to the Convention and the other to the National Assembly based on the Constitution made by such a Convention. The other and more serious disadvantage of this procedure would have been that it would cause unnecessary delay in the transfer of power.

The next was to revive the 1956 Constitution but there is widespread opposition to adopting such a method in both wings of the country because certain features of that Constitution such as One Unit and parity are no longer acceptable to the people.

The third alternative was to frame a Constitution and have a referendum on it in the country. This alternative too has certain practical difficulties as a simple `yes' or no by way of an answer cannot possibly be given by the people to such a comprehensive document as a Constitution.

The fourth alternative was for me to evolve a legal framework for general elections on the basis of consultations with the various groups and political leaders as well as the study of Past Constitutions of Pakistan and the general consensus in the country. This proposal from me would only be in the nature of a provisional legal framework.

After careful thought, I have decided to adopt this fourth alternative, namely to evolve a legal framework for holding elections to the National Assembly. As I had mentioned in my July address, it became evident to me that the three main issues that face us as a nation in the constitutional field are firstly, the question of One Unit, secondly the issue of one man vote versus parity and thirdly, the relationship between the Centre and the Federating Provinces.

As discussions on constitutional matters went on in the country during the past few months, I could see that the first two of these issues would have to be resolved before the elections are held because they are connected with the basis or elections and with the setting up of the National Assembly. As regards other constitutional issues, such as the Parliamentary Federal Form of Government, direct adult franchise, fundamental rights of citizens and their enforcement by the law courts, independence of judiciary and its role as the custodian of the Constitution and the Islamic character of the Constitution which should preserve the ideology on which Pakistan was created, there is no disagreement and these can be considered as settled.

With regard to the three major issues as referred to by me, opinions were divided and I made it clear in my last address that these must not become election issues. I is glad to find that differences on these issues have now begun to narrow down. This is a good sign. Although no formal all-party meetings have taken place, through statements both to the press and during party meetings most political parties have now come quite close in their thinking on these issues. Also, during my tours in various parts of the country sections and groups quite clear to me that there is hardly any difference amongst different sections and groups of people on these questions. This has lent further strength to my initial reaction that these matters should not become election issues, because by a national process of discussion and sober thinking, we seem to have come closer to solving these issues and

great harm would be caused if these are pitched back in the election arena, as there is danger of these issues creating unnecessary bitterness on emotional grounds and thereby causing delay in the peaceful transfer of power.

I would now like to summarize what I consider to be the generally accepted view on these three important questions.

On the question of One Unit, there appears to be a general desire to revert to the system of separate Provinces instead of the present arrangement of One Unit for the whole of West of West Pakistan.

On the question of one man one vote also, it has by large, been recognized in the country that this is a basic requirement of any democratic form of Government, and therefore not only in the East Wing but also in the West Wing it is now generally accepted that we should base our representation on this form of voting. As stated by me the question of One Unit and the system of representation have to be decided before elections can be held and machinery can be set up to finalize the country's Constitution.

I, therefore, have decided to resolve these two issues on the following lines:

One Unit will be dissolved and separate Provinces will come into being. I may add here that One Unit was created by executive orders which, however, were subsequently approved by the Provincial Legislatures and by the second Constituent Assembly. In 1957, the West Pakistan had voted in favor of the dissolution of One Unit. If Martial law was not imposed in 1958, One Unit might have been dissolved long ago.

I would also like to remind you that when Pakistan was created, it was not on the basis of One Unit, but it was on the basis of various Provinces in the Western Wing. The people of both East and West Pakistan are almost unanimous in demanding the break-up of One Unit. My decision is, therefore, based on popular wish.

Similarly, in difference to the wishes of the people, I have accepted the principle of One Man One Vote and this democratic principle will be the basis of election for the future National Assembly.

As regards the relation between the Centre and the Provinces, you would recall that in my July broadcast I pointed out that the people of East Pakistan did not have their full share in the decision making process on vital national issues. I also said then that they were fully justified in being dissatisfied with this state of affairs. We shall, therefore, have to put an end to this position. The requirement would appear to be maximum autonomy to the two Wings of Pakistan as long as it does not impair national integrity and solidarity of the country.

One of the main aspects of the whole relationship between the Centre and the Provinces in Pakistan today lies in the financial and economic spheres. Federation implies not only a division of legislative powers but also that of financial powers. This matter will have to be dealt with in such a manner as would satisfy the legitimate

requirements and demands of the Provinces as well as the vital requirements of the nation as a whole. People of the two regions of Pakistan should have control over their economic resources and development as long as it does not adversely affect the working of a National Government at the Centre. The people of East and West Pakistan are bound together by common historical, cultural and spiritual heritage. There is, therefore, no reason why we should not be able to work out a satisfactory relationship, between the Centre and the Provinces in Pakistan wherein people of both the Wings shall together as equal and honorable partners.

I would like now to give you the details of the time table to which we should work for change over of power to the elected representatives of the people. First, the provisional legal framework for holding elections should be ready by March 31. 1970. Next, as already announced by the Chief Election commissioner, the Electoral Rolls will be ready by June, 1970. With the completion of the Electoral Rolls, the Election Commission will be engaged in delimiting the various constituencies both for Central and Provincial elections in accordance with the provisions which will be made in the legal framework, As you are aware, delimitation is finalized after hearing the objections if any, from the people. Therefore, some time has to be given to this task. Further, there are climatic difficulties for holding elections both in East and West Pakistan form June 1, to the end of September. I have, therefore, decided to hold general elections in the country on October 5, 1970. The provincial elections will be held after the National Assembly completes its task of constitution making. The Assembly will be required to complete this work within a period of 120 days from its first sitting, I would be happy if they can finalize it even before the expiry of this period. If however, they are unable to complete the task by the end of the stipulated period, the Assembly would stand dissolved and the nation will have to go to polls again. I hope and pray that this does not happen and I would, therefore, urge the future elected representatives to undertake this task with a full sense of responsibility and patriotism.

As regards the voting procedure in the National Assembly, it is important to appreciate that the Assembly will be deciding upon basic constitutional issues Constitution is a sacred document, and it is an agreement to live together. It cannot be compared to any ordinary law. It is, therefore, essential that the voting procedure to be evolved by the Assembly for itself should be just, and fair to representatives of all regions of Pakistan. After the Assembly has completed its task and the Constitution made by it has been duly authenticated, it will assume the character of Pakistan's Constitution. The stage would then be set for the formation of the new Government.

Throughout these activities, Martial Law will remain supreme in order to give support to the programme of peaceful transfer of power to the elected representatives of the people.

My dear countrymen, I would once again like to stress upon you that we are passing through the most critical stage of our national life. There is need for every single one of us to realize this fact and act in a sober, objective and patriotic manner. Let us all eschew parochial interests and cast aside personal or local considerations. Let each one of us say

to himself that he will contribute everything in his power to make this nation strong and prosperous.

On my part, I have placed before you a programme which I consider, in all sincerity and honesty, to be the most acceptable to the general mass of our people and to be entirely in the interest of Pakistan.

I have full faith and confidence in our people. I have also full faith in the destiny of our country which was created on the basis of our ideology and at the sacrifice of the lives of one million Muslims. Democracy was the driving force during the movement for Pakistan and I sincerely wish to adhere to democratic principles.

Finally, I would like to say that in view of the programme outlined by me, full political activity will be allowed in the country with effect from January 1, 1970. The Martial Law Regulation prohibiting such activities will be duly cancelled. I may, however, add that I am not prepared to tolerate any obstruction in the way of the restoration of democracy. Any individual or any group which creates law and order problems and indulges in acts of violence will be severely dealt with, because democracy implies tolerance and refutation of the use of force. All political activities must, therefore, accord with certain norms of behavior. In this behalf I propose to issue certain guidelines in the near future.

Let us now all go forward together and achieve this transfer of power in a peaceful and civilized manner.

God bless you all
Pakistan Paindabad.

শিরোনাম	সূত্র	তারিখ
ইয়াহিয়া খানের ভাষণ সম্পর্কে ছাত্রসমাজের বক্তব্য	ছাত্রসমাজ (তিনটি বৃহৎ ছাত্রদল)	নভেম্বর,১৯৬৯

১১-দফার সংগ্রাম চলবেই
ইয়াহিয়া খানের ভাষণ সম্পর্কে ছাত্রসমাজের অভিমত

জনগণের সংগ্রাম, শহীদের রক্তস্রোত, মাতার অশ্রুধারা, ছাত্র-শ্রমিক-রাজনৈতিক কর্মীদের নির্যাতন ভোগ ও দেশপ্রেমিকের কঠোর সাধনা বৃথা যায় নাই। বৃথা যায় নাই বিগত গণঅভ্যুত্থান ও এগারো দফার ঐতিহাসিক সংগ্রাম। গণ-অভ্যুত্থানের পটভূমিকায় দ্বিতীয়বারের জন্য সামরিক শাসন বলবৎ করা হইলেও গণদাবীর নিকট পরাভূত হইতে হইতেছে। সাম্রাজ্যবাদ সামন্ত্রবাদ, একচেটিয়া পুঁজির স্বার্থ রক্ষাকারী প্রতিক্রিয়াশীল কায়েমী স্বার্থবাদী গোষ্ঠীকে। দেশে পুনরায় পার্লামেন্টারী গণতন্ত্রের শাসন প্রবর্তনের জন্য ''এক ইয়াহিয়া খানকে। ইহাতে গণ-সংগ্রামের এক বিরাট বিজয় সূচিত হইয়াছে। ''এক লোক এক ভোট'' নীতির ভিত্তিতে নির্বাচন অনুষ্ঠানের ভিত্তি ঘোষিত হওয়ায় পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্যমূলক সংখ্যাসাম্য নীতিরও অবসান ঘটিল এবং জনসংখ্যার ভিত্তিই সকল ক্ষেত্রে প্রকৃত গণতান্ত্রিক ভিত্তি হিসাবে স্বীকৃতি লাভ করিল। পশ্চিম পাকিস্তানে প্রতিক্রিয়াশীল এক ইউনিট ভাঙ্গিয়া দেওয়ার ঘোষণাও সারা দেশর গণতন্ত্রকামী ও স্বায়ত্তশাসনকামী জনগণের আর একটি বিরাট বিজয়। প্রতিক্রিয়াশীল ও দক্ষিণপন্থী গোষ্ঠীগুলি ১৯৫৬ সালের শাসনতন্ত্র পুনরায় চালু করার যে আবদার করিতেছিল, জনমতের চাপে তাহাদের ঐ আবদারও ভাসিয়া গিয়াছে। পূর্ব পাকিস্তানের জনগণ যে রাষ্ট্রনীয় নীতি প্রনয়নের ক্ষেত্রে বারবার বঞ্চিত হইয়াছে উহাও প্রসিডেন্ট ইয়াহিয়া খানকে পুনরায় স্বীকৃতি দিতে হয়েছে। কিন্তু ইহার দ্বারা পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসনের প্রানের দাবীর ন্যায্যতার ভিত্তি স্বিকৃত হইলেও মূলতঃ যে স্বায়ত্তশাসনের জন্য ১৯৬৬ সালের ৭ই জুনের রক্তক্ষয়ী সংগ্রাম, ১৯৬৮ সালে শেখ মুজিবকে আগরতলা ষড়যন্ত্র মামলার আসামী করা হইয়াছিল এবং ১৯৬৯ সালের ঐতিহাসিক ১১-দফার দাবীতে পৃথিবী বিখ্যাত যে গণ-অভ্যুত্থান হইল সেই স্বায়ত্তশাসন পূর্ব বাংলার মানুষ এখনও পায় নাই। তথাপি ইহার দ্বারা পূর্ব পাকিস্তানের জনগনের স্বায়ত্তশাসনের দাবীর ন্যায্যতার ভিত্তি স্বীকৃত হইয়াছে। দেশে রাজনৈতিক কর্মতৎপরতা শুরু করিতে দেওয়ার জন্য যে দাবী উঠিয়াছিল উহার পরিপ্রেক্ষেতে ১লা জানুয়ারী হইতে জনসভা, মিছিল, ধর্মঘটের অধিকার ফিরাইয়া দেওয়ার কথাও প্রেসিডেন্ট ইয়াহিয়া ঘোষণা করিয়াছেন। প্রেসিডেন্ট ইয়াহিয়ার বেতার ভাষণের মাধ্যমে যে সকল ঘোষণা দেওয়া হইয়াছে উহাতে এই সকল প্রশ্নে গণসংগ্রাম ও গণতন্ত্রকামী স্বায়ত্তশাসনকামী জনগণের বিজয় সূচিত হইয়ছে, ইহাতে কোন সন্দেহ নাই।

অবিলম্বে মার্শার ল' প্রত্যাহার কর

কিন্তু জনগণের দাবী হইল এই যে, দেশ হইতে অবিলম্বে সামরিক আইন প্রত্যাহার করা হউক এবং পূর্ণ ব্যক্তিস্বাধীনতা ও মৌলিক অধিকার ফিরাইয়া দেওয়া হউক। একই সঙ্গে বিনাবিচারে আটক দেশপ্রেমিক বৃদ্ধ জননেতা মনি সিংসহ সকল রাজবন্দী ও রাজনৈতিক কারণে সামরিক আইনে সাজাপ্রাপ্ত ও আটক সকল বন্দীদের মুক্তি দেওয়া হউক এবং রাজনৈতিক কারণে জারীকৃত মামলা সামরিক আইনের মামলা, ঘোষিত সাজা, গ্রেফতারী পরোয়ানা প্রভৃতি অবিলম্বে প্রত্যাহার করা হউক। এইভাবে পরিপূর্ণ মুক্তি ও গণতান্ত্রিক পরিবেশে অবাধ ও নিরপেক্ষতার মধ্য দিয়া পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে-ইহাই জনগণ ও ছাত্রসমাজ আশা

করিয়াছিল। কেননা, বিশ্ববাসী যেন একথা ভাবিবার অবকাশ না পায় যে পাকিস্তানে নির্বাচন অনুষ্ঠানের জন্য মার্শাল ল' রাখিতে হয়। তাই আমাদের দেশের ও জনগণের মর্যাদা ও রক্ষার জন্যও ইহা প্রয়োজন। কিন্তু প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের সরকার কেন এই দাবী পূরণ করিলেন না, উহা আমরা বুঝিতে অক্ষম। তাই মার্শাল ল' প্রত্যাহার, ব্যক্তিস্বাধীনতা কায়েম, রাজনৈতিক কারণে জারীকৃত মামলা, সামরিক মামলা ও গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার এবং সকল রাজবন্দীর আমরা অবিলম্বে মুক্তি দাবী করিতেছি।

নির্বাচনের সংগে শাসনক্ষমতা জনপ্রতিনিধিদের হাতে দাও

ছাত্রসমাজ ও জনগণ ইহাও আশা করিয়াছিল যে, দেশে ৫ই অক্টোবরের পূর্বে দ্রুত নির্বাচন অনুষ্ঠিত হইবে ও নির্বাচনের সঙ্গে সঙ্গে দেশের শাসনভার এবং শাসনতন্ত্র রচনার সার্বভৌম ক্ষমতা নির্বাচিত পরিষদ তথা জনগণের নির্বাচিত প্রতিনিধিদের হাতে আস্থার সহিত অর্পণ করা হইবে। কিন্তু এই আশাও পরিপূর্ণবাবে বাস্তবায়িত নাই। যেভাবে সবকিছু ঘোষণা করা হইয়াছে অনুরুপভাবে নির্বাচন অনুষ্ঠিত হইবে ১৯৭১ সালের মার্চ মাস পর্যন্ত দেশে সামরিক শাসন বলবৎ থাকিয়া যাইবে এবং ভাগ্যের নির্মম পরিহাস সৃষ্টি করিয়া জাতীয় পরিষদ ১২০ দিনের মধ্যে শাসনতন্ত্র প্রণয়নে ব্যর্থ হইলে সামরিক শাসনের মেয়াদ আরও অনির্দিষ্টকালের জন্য বৃদ্ধি পাইবে শাসনতন্ত্র প্রণয়নের সুনির্দিষ্ট সময় সীমা নির্ধারণের প্রয়োজনীয়তা আমরা মর্মে মর্মে উপলদ্ধি করি। কিন্তু সামরিক শাসন দেশে বলবৎ থাকিলেও কায়েমী স্বার্থবাদীদের ষড়যন্ত্রের ফলে ১২০ দিনের মধ্যে শাসনতন্ত্র প্রণয়ন ব্যর্থ হইতে বসিলে নির্বাচিত প্রতিনিধিগণ সামরিক আইনের মেয়াদ যেন আর বৃদ্ধি না পায় এই লক্ষ্য হইতে তাড়াতাড়ি করিয়া শাসনতান্ত্রিক বিষয়ে যথেষ্ট গুরুত্ব না দিয়াই গোঁজামিলের পথে চলিয়া যাইতে পারেন। ইহার ফল ভবিষ্যতের জন্য হইবে খুবই মারাত্মক। কাজেই আমরা মনে করি যে নির্বাচনের সাথে সাথে নির্বাচিত প্রতিনিধিদের হাতেই শাসনভার অর্পণ করা দরকার।

ব্যাখ্যা প্রয়োজন

পূর্ব পাকিস্তান তথা বিভিন্ন প্রদেশসমূহের স্বায়ত্তশাসন সম্পর্কে প্রেসিডেন্ট ইয়াহিয়া তাঁহার ভাষণে কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারধীন কি কি বিষয় থাকিবে তাহা সুস্পষ্টভাবে কিছু না বলায় আমরা ইহাই মনে করিতেছি যে নির্বাচিত জাতীয় পরিষদে পরিপূর্ণ স্বাধীনভাবে সহজ সংখ্যাধিক্যের ভোটে স্বায়ত্তশাসনসহ সকল শাসনতান্ত্রিক সমস্যার সমাধান করিবেন ইহাই আশা করেন। 'এক লোক এক ভোট' যেমন আন্তর্জাতিকভাবে স্বীকৃত নির্বাচনের গণতান্ত্রিক ভিত্তি নূতনভাবে দেশের শাসনন্ত্র প্রণয়নের সময়ে সহজ সংখ্যাগরিষ্ঠ ভোটে উহা গ্রহণ করাও তেমনই আন্তর্জাতিকভাবে স্বীকৃত গণতান্ত্রিক পদ্ধতি। কিন্তু প্রেসিডেন্ট ইয়াহিয়া খান তাঁহার ভাষণে এই সম্পর্কিত তিনটি বিষয়ে যাহা বলিয়াছেন উহার সুস্পষ্ট ব্যাখ্যা প্রয়োজন বলিয়া আমরা মনে করি। প্রথমতঃ তিনি শাসনতন্ত্রের একটি বিশেষ পবিত্র দলিল হিসাবে বর্ণনা করিয়া জাতীয় পরিষদে শাসনতন্ত্র গ্রহণের জন্য বিশেষ ভোট পদ্ধতি কি হইবে উহা স্থির করার দায়িত্ব জাতীয় পরিষদের উপরই ন্যাস্ত করিয়াছেন। ইহার দ্বারা তিনি সহজ সংখ্যাগরিষ্ঠ ভোটপদ্ধতির পরিবর্তনের প্রতি ইঙ্গিত করিয়াছেন বলিয়াছেন বলিয়াই অনুমান করার অবকাশ আছে। দ্বিতীয়তঃ জাতীয় পরিষদের শাসনতন্ত্র গৃহীত হইবার পর উহা প্রেসিডেন্ট কর্তৃক অনুমোদিত হইবার কথাও বলা। এই অনুমোদন দানের বিষয়টি রাষ্ট্র প্রধান হিসাবে আনুষ্ঠানিক স্বাক্ষরদানের ব্যাপার মাত্র কিনা উহা ব্যাখ্যার অপেক্ষা রাখে। তৃতীয়তঃ স্বায়ত্তশাসন বিশেষতঃ পূর্ব বাংলার স্বায়ত্তশাসন বিশেষতঃ পূর্ব বাংলার স্বায়ত্তশাসন সম্পর্কে বলিতে গিয়া প্রেসিডেন্ট ইয়াহিয়া খান অর্থ (----------) এবং অর্থনৈতিক উন্নয়নের ব্যাপারে কেন্দ্র ও প্রদেশের মধ্যে ক্ষমতার ভাগ বণ্টনের কথা বলিয়াছেন ও এইভাবে রাষ্ট্রীয় সংহতি রক্ষার গুরুত্ব ব্যক্ত করিয়াছেন। স্বায়ত্তশাসন সম্পর্কে ছাত্রসমাজের বক্তব্য ঐতিহাসিক ১১-দফা দাবীতে বর্ণনা করা হইয়াছে, কিন্তু প্রেসিডেন্ট ইয়াহিয়া স্বায়ত্তশাসন সম্পর্কে যাহা বলিয়াছেন জাতীয় পরিষদের সামনে উহা একটি শাসনতান্ত্রিক ভিত্তি হিসাবে থাকিবে কিনা তাহাও

সুস্পষ্টভাবে ব্যাখ্যা করার প্রয়োজন আছে বলিয়া আমরা মনে করি। এই প্রসঙ্গে আমাদের অভিমত ও দাবী হইল এই যেঃ

তিনটি দাবী

(ক) জাতীয় পরিষদের সহজ সংখ্যাগরিষ্ঠ ভোটে শাসনতন্ত্র গ্রহণের গণতান্ত্রিক ভিত্তি পূর্বাহ্নে ঘোষণা করা প্রয়োজন। অন্যথায় এই সম্পর্ক সিদ্ধান্ত গ্রহণে জাতীয় পরিষদে যে বিতর্কের সূচনা হইবে উহাতে অযথা সময় নষ্ট হইবে, ফলে প্রতিক্রিয়াশীল গোষ্ঠী কর্তৃক ষড়যন্ত্র সৃষ্টির সুযোগ বৃদ্ধি পাইবে এবং এইভাবে ১২০ দিনের সময়-সীমার মধ্যে শাসনতন্ত্র রচনার কাজ অসম্ভব হইয়া উঠিবে।

(খ) জাতীয় পরিষদ কর্তৃক শাসনতন্ত্র রচনার পর প্রেসিডেন্টের অনুমোদন দানের বিষয়টিকে একটি আনুষ্ঠানিক ব্যাপার হিসাবে পূর্বাহ্নেই ঘোষণা দিতে হইবে।

(গ) প্রাদেশিক স্বায়ত্তশাসনসহ সকল বিষয়ে শাসনতান্ত্রিক সিদ্ধান্ত গ্রহনে পূর্ণ সার্বভৌম ক্ষমতা জাতীয় পরিষদের উপর ন্যস্ত করিতে হইবে ও এই সম্পর্কেও পূর্বাহ্নেই ঘোষণা দিতে হইবে। তবে এক ইউনিট বাতিল ও 'এক লোক এক ভোট নীতি' পার্লামেন্টারী গণতন্ত্র প্রভৃতি সর্বজনীস্বীকৃত নীতিসমূহ শাসনতন্ত্রের অনুর্ভুক্ত যে ৩১ শে মার্চের পূর্বেই নির্বাচনের সাময়িক আইনগত কাঠামো সম্পর্কে সরকার কর্তৃক যে ব্যবস্থা গ্রহণের কথা ঘোষণা করা হইয়াছে, এই আইনগত ভিত্তির মধ্যে উল্লেখিত তিনটি বিষয় অব্যশই অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

আইনগত কাঠামো দ্রুত ঘোষণা কর

এই সকল কারণে নির্বাচনের আইনগত কাঠামো দ্রুত ঘোষণার জন্যও আমরা দাবী জানাইতেছি।

পশ্চিম কয়টি প্রদেশ হইবে?

ইহা শুভ লক্ষণ যে, প্রেসিডেন্ট ইয়াহিয়া খান বলিষ্ঠতার সহিত এক ইউনিট ভাঙ্গিয়া দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করিয়াছেন। যদিও নির্বাচিত প্রতিনিধিরাই এক ইউনিট বাতিল করিয়া আশা করেন। কিন্তু এক ইউনিট উঠিয়া গেলে চারটি সাবেক প্রদেশ পুনর্জীবিত করা হইবে, নাকি পশ্চিম পাকিস্তানে প্রদেশের সংখ্যা পূর্বের তুলনায় হ্রাস বৃদ্ধি করা হইবে, সে বিষয়ে পরিষ্কারভাবে কিছু বলা হয় নাই। এই বিষয়ে অবিলম্বে সুস্পষ্ট ঘোষণা দেওয়া প্রয়োজন বলিয়া আমরা মনে করি। কেননা পশ্চিম পাকিস্তানে প্রদেশের সংখ্যা হ্রাস বৃদ্ধি করা হইলে বিভেদ ও বিদ্বেষ সৃষ্টি এবং ইহার ফলে এমন পরিস্থিতির উদ্ভব হওয়ার আশংকা আছে যে, পরিশেষে নির্বাচন নস্যাৎ করার পুরাতন ষড়যন্ত্র আবার মাথাচাড়া দিয়া উঠিতে পারে।

বেসামরিক আইনে দেশ শাসন কর

পহেলা জানুয়ারী হইতে রাজনৈতিক তৎপরতার সুযোগ দানের ঘোষণা দেওয়া হইয়াছে। আমরা মনে করি যে, ১লা জানুয়ারী হইতে সামরিক আইন তুলিয়া নেওয়া উচিত। ইহার ফলে শাসনব্যবস্থায় শুন্যতা সৃষ্টির অবকাশ নাই। কারণ প্রেসিডেন্ট ইয়াহিয়া খান স্বয়ং ঘোষণা করিয়াছেন যে, সামরিক ও বেসামরিক এই দুইভাবেই দেশ বর্তমানে শাসিত হইতেছে। কাজেই সামরিক আইন প্রত্যাহার করিয়া ১লা জানুয়ারী হইতে বেসামরিক আইনের বর্তমান ভিত্তিতে রাষ্ট্রকার্য পরিচালনার জন্য আমরা দাবী জানাইতেছি।

আত্ম-সন্তুষ্টির অবকাশ নাই

পরিশেষে আমরা আমাদের দেশের গণতন্ত্রকামী, স্বায়ত্তশাসনকামী ছাত্রসমাজ, শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত তথা জনগণের নিকট ও সকল গণতান্ত্রিক শক্তির নিকট আবেদন জানাইয়া বলিতে চাই যে, প্রেসিডেন্টের ঘোষণার মাধ্যমে গণদাবীর কতকগুলি বিজয় সূচিত হইলেও আত্ম-সন্তুষ্টির কোন অবকাশ নাই।

ইহা সকলেরই জানা আছে যে আমাদের দেশে গণতন্ত্র বিকাশে ও বাংলাসহ বিভিন্ন ভাষাভাষী জাতির জাতীয় অধিকার লাভের বিরুদ্ধে দেশী বিদেশী প্রতিক্রিয়াশীল কায়েমী স্বার্থবাদী গোষ্ঠী গত ২২ বৎসরব্যাপী প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া আসিয়াছে এবং দেশে একটি সাধারণ নির্বাচন পর্যন্ত অনুষ্ঠিত হইতে দেয় নাই। এই প্রতিক্রিয়াশীল গোষ্ঠী শেষ পর্যন্ত শেষ পর্যন্ত ষড়যন্ত্র চালাইয়া যাইবে, ইহাতে কোন সন্দেহ নাই। কাজেই নির্বাচন ও পার্লামেন্টারী গণতন্ত্র প্রতিষ্ঠা এবং পূর্ব বাংলাসহ সকল ভাষাভাষী জাতির পূর্ণ ও প্রকৃত স্বায়ত্তশাসন অর্জনের জন্য আজ আমাদরে সকলকে ঐক্যবদ্ধ থাকিতে হইবে ও আন্দোলনের তীব্রতা বৃদ্ধি করিতে হইবে। অন্যথায় বর্তমান বিজয়সমূহও পুনরায় নস্যাৎ হইবার আশংকা আছে। তদুপরি দেশে উগ্র দক্ষিণপন্থী ও উগ্র-হঠকারী বামপন্থীগণ কর্তৃক পুনরায় নির্বাচন বানচালের সুযোগ সৃষ্টি করিয়া দেওয়ার বিপদ এখনও আছে। এক্ষেত্রে আমরা সুস্পষ্টভাবে একথা ঘোষণা করিতে চাই যে, শুধু নির্বাচন ও পার্লামেন্টারী গণতন্ত্র অর্জন করিলেই জনগণের জীবনের সকল সমস্যার সমাধান হইয়া যাইবে, এ কথা আমরা মনে করি না। সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও একচেটিয়া পুঁজির উচ্ছেদ, দেশে পূর্ণ গণতন্ত্র কায়েম, বাঙ্গালীসহ সকল জাতির পূর্ণ জাতীয় স্বাধীকার প্রতিষ্ঠা এবং ছাত্র-শ্রমিক-শ্রমিক ও অন্যান্য মেহনতী মানুষের বিভিন্ন সমস্যার সমাধানের মধ্য দিয়াই দেশ মুক্তির পথে যাইতে পারে। এই জন্য নির্বাচন ও পার্লামেন্টারী গণতন্ত্র প্রতিষ্ঠা দ্বারা যে ব্যক্তি স্বাধীনতা ও মৌলিক অধিকার অর্জিত হয় উহা ঐ লক্ষ্য অগ্রসর হইবার একটি পথ মাত্র।

১১-দফার ভিত্তিতে ঐক্যবদ্ধ থাকুন

কাজেই আমরা জনগণ এবং গণতান্ত্রিক শক্তির নিকট আহবান জানাইতেছি যে, দেশী-বিদেশী প্রতিক্রিয়াশীল কায়েমী স্বার্থবাদী গোষ্ঠীর চক্রান্ত ও উগ্র-দক্ষিণ এবং উগ্র বামের বিপদের বিরুদ্ধে ১১-দফার ভিত্তিতে ঐক্যবদ্ধ হউন এবং গণতন্ত্র ও স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার সংগ্রামকে বর্তমানে অগ্রসর করিবার মধ্য দিয়া সাম্রাজ্যবাদ, সামন্ত বাদ ও একচেটিয়া পুঁজির শোষণ শাসন উচ্ছেদ করুন।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

১। শামসুদ্দোহা, সভাপতি, পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন।

২। নূরুল ইসলাম, সাধারণ সম্পাদক ঐ

৩। তোফায়েল আহমেদ, সভাপতি, পূর্ব পাকিস্তান ছাত্রলীগ।

৪। আবদুর সাধারণ সম্পাদক, ঐ

৫। ইব্রাহিম খলীল, সভাপতি, জাতীয় ছাত্র ফেডারেশন।

৬। খায়রুল ইসলাম, সাধারণ সম্পাদক, ঐ

পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় কার্যালয় ৩১/১ হোসেনী দালান হইতে প্রকাশিত ও কেন্দ্রীয় প্রচার সম্পাদক কামাল উদ্দিন আহমেদ কর্তৃক প্রচারিত। বর্ণশ্রী মুদ্রায়ণ, ৩৪, টিপু সুলতান রোড, ঢাকা-১ হইতে মুদ্রিত।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তানকে বাংলাদেশ নামকরণের পক্ষে বক্তব্য	দৈনিক পূর্বদেশ	৩০ নভেম্বর, ১৯৬৯

পূর্ব পাকিস্তানের নাম কি হবে?

(ষ্টাফ রিপোর্টার)

পশ্চিম পাকিস্তানের এক ইউনিট বাতিলের সিদ্ধান্ত গ্রহণের প্রেক্ষিতে পূর্ব পাকিস্তানের নাম স্বাভাবিকভাবেই 'পূর্ব বাংলা' হবে। পুনরায় প্রদেশের নামকরণ 'পূর্ব বাংলা' না করে শুধুমাত্র 'বাংলা নাম রাখার জন্য বিভিন্ন মহল সুপারিশ করছেন।

বাংলাদেশ বিভক্ত হওয়ার পর পাকিস্তানে বেশীরভাগ অংশ পড়েছে, এই যুক্তিতে সংখ্যাগুরুরাই কেবলমাত্র মূল নামে পরিচিত হওয়ার দাবী করতে পারে।

বিভিন্ন মহল বলছেন, এক ইউনিট বাতিলের পর সিন্ধু, বেলুচিস্তান এবং উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ তাদের আগের নামে পরিচিত হবে। পশ্চিম পাঞ্জাব বাহওয়ালপুর তাদের আগের নাম পশ্চিম পাঞ্জাব হিসেবে পরিচিত হতে চলেছে। এই মহল 'পশ্চিম পাঞ্জাব'-এর নামও শুধুমাত্র 'পাঞ্জাবই' হওয়া উচিত বলে অভিমত দিচ্ছেন। কারণ বিভক্ত পাঞ্জাবের অধিকাংশ এলাকা বর্তমানে পাকিস্তানে।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন কর্তৃক স্বাধীন পূর্ব বাংলা প্রতিষ্ঠার ১১-দফা কর্মসূচী	পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন	১১ ফেব্রুয়ারী, ১৯৭০

স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা প্রতিষ্ঠার ১১-দফা কর্মসূচী

দুটি কথা

পূর্ব-বাংলার জনগণের উপর সাম্রাজ্যবাদী শোষণ আমলা মুৎসুদ্দি পুঁজির শোষণ ও সামন্তবাদী শোষণ। পূর্ব বাংলার জনগণের শতকরা ৮৫ জন কৃষক যেহেতু তারা সামন্তবাদী শোষণের জর্জরিত-যেহেতু পূর্ব বাংলার জনগণের সাথে সামন্তবাদী শোষণের দ্বন্দ্ব প্রধান। যদিও এই কর্মসূচী পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন কর্তৃক প্রচারিত হচ্চে তবুও ছাত্র ইউনিয়নের পক্ষ এই কর্মসূচী বাস্তবায়নের নেতৃত্ব দেওয়া সম্ভব নয়-এই কর্মসূচীর বাস্তবায়ন হতে পারে একমাত্র শ্রমিক শ্রেণীর আদর্শনিষ্ঠ বিপ্লবী পার্টির নেতৃত্বে শ্রমিক, ভূমিহীন কৃষক, গরীব ও মাঝারী কৃষককে সংগঠিত কর বিপ্লবী, বুদ্ধিজীবী, শিল্প-সাহিত্য সংস্কৃতিসেবী, ছোট-মাঝারী ব্যবসায়ীদের মাধ্যমে মুক্তি ফ্রন্ট গঠন করার মধ্য দিয়ে, গ্রাম অঞ্চলে শ্রেণী সংগ্রাম তীব্রতর করে, শ্রেণী সংঘর্ষের রুপান্তরিত করে দীর্ঘ দিয়েই স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা প্রতিষ্ঠা করা সম্ভব। ছাত্রসমাজ জনগণতান্ত্রিক পূর্ব বাংলা কায়েমের জন্য সহায়কের ভূমিকা পালন করতে সক্ষম-যদি ছাত্রসমাজ নিজেদের আরাম, আয়েশ, ভোগ-বিলাস শ্রেণীচ্যুত হয়ে পূর্ব বাংলার জনগনের শ্রেণী শত্রুকে খতম করার দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করে। সাম্রাজ্যবাদ বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজির (যাহার চরিত্র আমলা মুৎসুদ্দি) এককেন্দ্রিক রাষ্ট্র ব্যবস্থার উচ্ছেদ সাধন করিয়া পূর্ব বাংলায় স্বাধীন সার্বভৌম জনগণতান্ত্রিক রাষ্ট্র কায়েম করা। এই ব্যবস্থায় পূর্ব বাংলার দেশরক্ষা অর্থনীতি, শাসন ব্যবস্থা, সংস্কৃতি তথা সর্বময় কর্তৃক পূর্ব বাংলার জনগণের হাতে থাকিবে। সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজির জাতীয় নিপীড়ন ও শ্রেণী শোষনের কবলমুক্ত এই ব্যবস্থায় জনগণের নিরঙ্কুশ অধিকার প্রতিষ্ঠিত হইবে ও জনতার গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হইবে।

২। (ক) আঠারো ও তদউর্ধ বয়স্ক-বয়স্কা নর-নারীর ভোট ও প্রত্যক্ষ নির্বাচনের ভিত্তিতে জনগণ পরিষদ নির্বাচিত হইবে। কোন নির্বাচনী এলাকার জনগণ ইচ্ছা করিলে যে কোন সময় তাদের প্রতিনিধি প্রত্যাহার করিতে পারিবে।

(খ) জনতার গণতান্ত্রিক অধিকার নিরঙ্কুশ করিবার জন্য সাম্রাজ্যবাদ, সামন্তবাদ, ও বৃহৎ পুঁজির দালাল ও সমর্থক যে কোন শ্রেণী ও ব্যক্তিকে ভোটাধিকার হইতে বঞ্চিত করা হইবে।

৩। (ক) হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃষ্টান, বাঙ্গালী-অবাঙ্গালী জাতি-উপজাতি বর্ণ নির্বিশেষে সকল সম্প্রদায়ের জনগণের সমান রাজনৈতিক অধিকার থাকিবে।

(খ) নারী জাতির সমান অধিকার এবং মর্যাদা প্রতিষ্ঠিত হইবে।

(গ) জনগণের সকল প্রকার মৌলিক অধিকার, বাকস্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা, ব্যক্তিস্বাধীনতা ও মতাদর্শের স্বাধীনতা নিশ্চিত করা হইবে।

(ঘ) জনগণের ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করা হইবে। ধর্মীয় প্রতিষ্ঠানের সহিত সরকারের সম্পর্ক হইবে গণতান্ত্রিক কেন্দ্রিকতার ভিত্তিতে। ধর্মের নাম ব্যবহার করিয়া সকল প্রকার শোষণ উচ্ছেদ করা হইবে।

৪। স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলার সার্বভৌমত্ব রক্ষা করে একটি গণবাহিনী থাকিবে। শ্রমিক, কৃষক, মেহনতী জনতার সমবায়ে এই গণবাহিনী গঠিত হইবে। ইহা ছাড়াও সমগ্র জাতি বিশেষ করিয়া শ্রমিক, কৃষক, মেহনতি জনতাকে সামরিক শিক্ষায় শিক্ষিত করিয়া তোলা হইবে এবং তাহাদের লইয়া গণ-মিলিশিয়া গঠন করা হইবে।

৫। জনগণের গণতান্ত্রিক অধিকার নিরঙ্কুশ করিবার জন্য আমলাতান্ত্রিক প্রশাসনিক ব্যবস্থার সম্পূর্ণ উচ্ছেদ সাধন করিয়া প্রশাসনিক ও বিচার বিভাগকে আমল পরিবর্তন করা হইবে। জনগণের নির্বাচনের মাধ্যমে প্রশাসনিক ব্যবস্থায় জড়িত ব্যক্তিদের নির্বাচিত করা হইবে। বিচার বিভাগের মূল ভিত্তি হইবে গণ-আদালত।

৬। পররাষ্ট্র নীতির ক্ষেত্রে পিন্ডি, ওয়াশিংটন, মস্কো, নয়াদিল্লীর সরকারের বিরোধীতা করা হইবে। যে কোন বন্ধুদেশের বশ্যতা স্বীকার করা হইবে না। সমাজতান্ত্রিক ও প্রগতিশীল সাম্রাজ্যবাদ বিরোধী দেশসমূহের সহিত বন্ধুত্বপূর্ণ সম্পর্কে স্থাপিত হইবে। দেশের বৈদেশিক বাণিজ্য পরিচালিত হইবে পারস্পরিক লাভ ও মুনাফার ভিত্তিতে। পৃথিবীর দেশে দেশে জাতীয় মুক্তি আন্দোলনের প্রতি সকল প্রত্যক্ষ ও সক্রিয় সাহায্য ও সমর্থন প্রদান করা হইবে।

৭। (ক) জোতদারী, মহাজনী, ইজারাদারী, তথা সকল প্রকার সামন্তবাদী শোষণ ব্যবস্থার উচ্ছেদ ঘটানো হইবে। ''কৃষকদের হাতে জমি'' এই নীতির ভিত্তিতে ভূমিহীন ও গরীব কৃষকদের মধ্যে জোতদার, মহাজনদের উদ্বৃত্ত বাজেয়াপ্ত জমি বন্টন করা হইবে।

(খ) টাকা ও পণ্যে আদায়কৃত খাজনা প্রথার অবসান করা হইবে।

(গ) কৃষকের অর্থকরী ফসল ধান, পাট, ইক্ষু ইত্যাদি ন্যায্যমূল্য প্রদান করা হইবে। এই সকল ফসলের মূল্য নির্ধারিত হইবে চাউলের সঙ্গে বিনিময়ের ভিত্তিতে।

(ঘ) কৃষিজাত উৎপাদন বৃদ্ধির জন্য কৃষককূলকে বিনাসুদে ঋণ দেওয়া হইবে। কৃষককে বকেয়া খাজনা ও ঋণের বোঝা হইতে মুক্তি করিয়া উন্নত চাষাবাদ করিবার সকল প্রকার উৎসাহ ও সুবিধাদি প্রদান করা হইবে।

৮। বন্যা নিয়ন্ত্রণের জন্য স্থায়ী ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং জল সম্পদের সুষ্ঠু ব্যবহারের জন্য সেচ ব্যবস্থার প্রণয়ন করা হইবে।

৯। (ক) বিদেশী মালিকানায় পরিচালিত সমস্ত শিল্প ব্যবস্থা ও প্রতিষ্ঠানসমূহ বাজেয়াপ্ত করিয়া জনগণের সম্পত্তি হিসেবে ঘোষণা করা হইবে।

(খ) বৃহৎ পুঁজির শোষণ হইতে জনগণের মুক্ত করিবার জন্য বৃহৎ বাইশ পুঁজি বাজেয়াপ্ত করা হইবে।

(গ) ব্যাঙ্ক, বীমা, পাটশিল্প, পাট ব্যবসা ও অর্থনীতির মূল নিয়ন্ত্রণকারী ব্যবসাসমূহ জাতীয়করণ করা হইবে।

(ঘ) বৈদেশিক বাণিজ্য রাষ্ট্রায়ত্ত করা হইবে।

(ঙ) সকল প্রকার পরোক্ষ কর প্রথা বাতিল করা হইবে। আয়ের হারের ভিত্তিতে কর ধার্য করা হইবে।

(চ) জনগণ বিরোধী অসৎ ব্যক্তি ও আমলাদের অসদুপায়ে অর্জিত সম্পদ বাজেয়াপ্ত করা হইবে।

(ছ) পুঁজি নিয়ন্ত্রণ নীতির সহিত সামঞ্জস্য রাখিয়া দেশপ্রেমিক জাতীয় ধনীকদের শিল্প ব্যবসায়ে আনুকুল্য প্রদান করা হইবে।

১০। (ক) প্রত্যেক ফ্যাক্টরীর শ্রমিকদের ন্যায্য মজুরী, বাসস্থান, চিকিৎসা, এবং সার্বিক সুবিধাদির ব্যাপারে সম্পূর্ণ নিশ্চয়তা দান করা হইবে। শ্রমিকদের সন্তান সন্ততির শিক্ষার ব্যবস্থা করা হইবে।

(খ) দেশে ব্যাপক শিল্পায়ণের মাধ্যমে সকল প্রকার বেকার লোকের কর্মসংস্থান করা হইবে।

১১। (ক) সাম্প্রদায়িক ও প্রতিক্রিয়াশীল শিক্ষা ব্যবস্থা বাতিল করিয়া গণমুখী, বৈজ্ঞানিক ও ধর্মনিরপেক্ষ শিক্ষা ব্যবস্থা চালু করা হইবে। দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা ব্যবস্থা কার্যকরী হইবে।

(খ) সাংস্কৃতিক ক্ষেত্রে গণসাংস্কৃতিতে সর্বাধিক মর্যাদা দেওয়া হইবে এবং কুসংস্কারাচ্ছন্ন ও সাম্প্রদায়িক ধ্যান ধারণার কবল হইতে জনগণকে মুক্ত করা হইবে।

২২শে ফেব্রুয়ারী ১৯৭০ পল্টন ময়দানের জনসভায় গঠিত ও গৃহীত।

প্রকাশকালঃ ৭ই মার্চ, ১৯৭০।

পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের পক্ষ মাহবুবউল্লাহ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।*

---

*মওলানা ভাসানীর সমর্থক এই ছাত্র সংগঠনটি 'মেনন গ্রুপ' নামে পরিচিত ছিল। ঘোষণার পরিপেক্ষিতে সামরিক আদালত কাজী জাফর আহমদ ও রাশেদ খান মেননকে সাত বৎসর এবং মোস্তফা জামাল হায়দার ও মাহবুবউল্লাহকে এক বৎসরের সশ্রম কারাদন্ড প্রদান করে।

শিরোনাম	সূত্র	তারিখ
প্রেস অর্ডিন্যান্স সম্পর্কে লেখক স্বাধীকার সংরক্ষণ কমিটির বক্তব্য	দৈনিক পূর্বদেশ	১১ ফেব্রুয়ারী, ১৯৭০

প্রেস অর্ডিন্যান্স বাতিল না হওয়া সাহিত্যিকদের আন্দোলন চলবে

(ষ্টাফ রিপোর্টার)

গত সোমবার 'সমকাল' ভবনে ডঃ আহমদ শরীফের সভাপতিত্বে ''লেখক স্বাধীকার সংরক্ষণ কমিটির'' এক বৈঠক অনুষ্ঠিত হয়।

সভায় লেখক স্বাধিকার সংরক্ষণ কমিটির সাংগঠনিক দিক ও কার্যাবলী সম্পর্কে বিস্তৃত আলোচনা করে শিল্প সাহিত্যের এলাকা থেকে সরকারী নির্যাতনমূলক তৎমূলক তৎপরতা বন্ধ না করা পর্যন্ত এবং প্রেস এ্যান্ড পাবলিকেশনস অর্ডিন্যান্স বাতিল না করা পর্যন্ত এই সংস্থার আন্দোলন অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয় বলে গতকাল মঙ্গলবার কমিটির এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়।

সভায় গৃহীত এক প্রস্তাবে সরকার কর্তৃক গঠিত পর্যালোচনা কমিটিকে স্বীকৃতিদানে অসম্মতিদানে জ্ঞাপন করে বলা হয় যে, সরকারী পৃষ্ঠপোষকতার আওতাভুক্ত কোন কমিটি দ্বারা শিল্প-সাহিত্যের পর্যালোচনার উদ্যোগ, দমনমূলক অশুভ পাঁয়তারার আরেকটি দিক উন্মোচিত করেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
ছাত্র ও শ্রমিক নেতাদের হয়রানি	দৈনিক পূর্বদেশ	২২ মার্চ, ১৯৭০

প্রতিবাদ সভা ও মিছিলঃ
ছাত্রনেতা গ্রেফাতার

(ষ্টাফ রিপোর্টার)

মেনন গ্রুপ পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক মাহবুব উল্লাহকে গতকাল শনিবার দুপুরে তেজগাঁ বিমানবন্দরের ডোমেষ্টিক লাউঞ্জের সম্মুখ থেকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ বিভাগের জনৈক ঊর্ধ্বতন কর্মকর্তা গতকাল রাতে আমাকে বলেন যে, ২ শে জানুয়ারী পল্টনের সভায় আপত্তিকর বক্তৃতা দানের সুনির্দিষ্ট অভিযোগে তাকে গ্রেফতার করা হয়েছে। ছাত্র ইউনিয়ন সাধারণ সম্পাদকের গ্রেফতারের প্রতিবাদে মধুর ক্যান্টিনে গতকাল বিকেলে সংগঠনের সভাপতি মোস্তফা জামাল হায়দারের সভাপতিত্বে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

সভার পর ছাত্র ইউনিয়ন কর্মীরা এক মশাল মিছিল বের করে এবং মাহবুব উল্লাহর মুক্তির দাবী জানায়।

মাহবুব উল্লাহর গ্রেফতারের প্রতিবাদে আজ রোববার সকাল ৯টায় মধুর কেন্টিনে ছাত্র ইউনিয়ন কর্মীদের এক সভা এবং বিকেলে বায়তুল মোকাররমে ছাত্র ও শ্রমিকদের অপর এক সভা অনুষ্ঠিত হবে বলে সংগঠনের এক প্রেস রিলিজে বলা হয়েছে।

শ্রমিক নেতার বাড়ীতে তল্লাশী

পি, পি, আই, পরিবেশিত অপর খবরে প্রকাশ, পূর্ব পাকিস্তান শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব সিরাজুল হোসেন্ খান আজ পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক জনাব মাহবুবউল্লাহকে গ্রেফতার এবং টঙ্গি শ্রমিক ফেডারেশনের সভাপতি কাজী জাফর আহমদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী ও তার বাসভবনে পুলিশী তল্লাশীর তীব্র নিন্দা করেছেন।

আজ রাতে সংবাদপত্রে প্রদত্ত এক বিবৃতিতে অবিলম্বে জনাব মাহবুবউল্লাহর মুক্তি ও কাজী জাফরের বিরুদ্ধে জারীকৃত গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার করার দাবী জানান।

এ প্রসঙ্গে জনাব হোসেন আটককৃত সকল ট্রেড ইউনিয়ন কর্মী, কৃষক ও ছাত্র নেতার মুক্তি দাবী করেন।

তিনি আরও বলেন যে, হুলিয়া ও গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার না করলে গণতন্ত্র প্রতিষ্ঠার শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি হবে না।*

*১৯৭০ সনের ২২শে ফেব্রুয়ারী পল্টন ময়দানে পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের আয়োজিত জনসভায় কাজী জাফর আহমদ, রাশেদ খান মেনন, মোস্তফা জামাল হায়দার ও মাহবুবউল্লাহ পূর্ব বাংলাকে স্বাধীন করার আহবান জানান।

শিরোনাম	সূত্র	তারিখ
প্রেসিডেন্ট ইয়াহিয়া কর্তৃক ক্ষমতা হস্তান্তরের পরিকল্পনা ঘোষণা	মনিং নিউজ	২৯ মার্চ, ১৯৭০

TEXT OF PRESIDENT YAHYA KHAN'S ADDRESS TO THE NATION (MARCH 28, 1970)

My Dear Countrymen, Assalam-Alaikum.

It is now four months since I spoke to you last. In many ways, these four months have been of considerable significance for us all. I propose, therefore, to give you a brief survey of what has been achieved in this period in various sectors and what still remains to be achieved.

As I have often said, the main objective that I have placed before myself is the peaceful transfer of power to the elected representatives of the people. But let me also make it clear that this is by no means the only responsibility of the Government. It has a host of other responsibilities and duties and we have every intention of carrying these out as long as the task of administering this country devolves on us.

The political parties of the country were denied the freedom to propagate views and explain their programmes for many years and therefore when, on the 1st January, 1970, the ban on holding of public meetings and taking out the processions was lifted, an overenthusiastic use of this freedom was only to be expected. But unfortunately, in some cases people transgressed the limits of good order.

It must be remembered that at this critical of juncture of our history, self-discipline and the rule of supreme importance. In the present context, every act of indiscipline or law breaking has every wide repercussion. This tendency for creating disorder must therefore be strictly curbed. Otherwise, our progress towards the achievement of democracy, that we so keenly desire, will be seriously impeded.

We must face facts and appreciate that Pakistan is passing through a phase surcharged with tension, and the slightest provocation can result in serious trouble. Whilst the Government has no intention of interfering with the right of any citizen to express his views or to work for a particular programme in the political field, as long as these are in keeping with the ideology and integrity of Pakistan, it has the right to ensure that all this activity is carried out within the limits of the law of the land.

In fact, I would ask everyone, be they political leaders and workers, labor or students, to think twice before they say anything or act in any manner, and ask themselves if what they are going to say or do, would be beneficial to the country or if it would harm it in however an indirect manner it may be. I am, referring here not only to

internal matters but also to external affairs. It is not only impolite but positively harmful to our relationship with other countries to pass harsh remarks about their leaders or their ideologies.

The responsibility for maintaining law and order in any civilized society does not rest with the Government alone, but must be shared by the leaders of public opinion as well as by the public in general. I must, therefore, insist that leaders and all other participants in political activity must act with a sense of responsibility.

While propagating their own views and programmes, they must not interfere with the freedom of others to do the same, because that is a negation of the very spirit of democracy and will necessarily interfere with the objectives that we have set in front of us. There have been some unfortunate incidents public meetings and processions being violently disturbed resulting in injury and death.

Such violence, be it in the political arena or based on narrow parochialism, can have serious adverse effects. I am fully conscious of my responsibilities and the responsibilities of the Government functionaries concerned with the maintenance of law and order, but I would like to ask you, and in particular those of you who are in positions of leadership, if you are also equally conscious of your responsibilities.

The Government has made its position quite clear. It will not tolerate violence and law-breaking and it has the right to expect full co-operation from all those who uphold democratic values and profess toleration. I will leave this subject with one last word. I regret to have to say that I have noticed a rather unfortunate tendency on the part of some of our leaders and others first to urge the Administration to be firm whenever violence breaks out in any particular area and then once the law-breakers are arrested and the legal processed of justice begin, to shout themselves hoarse in demanding the release of the processes of justice begin, to shout themselves hoarse in demanding the release of the very people, action against whom they initially so vociferously demanded.

It is obvious that this is done with an eye to the gallery. This is neither fair nor proper. We cannot afford in this critical phase of the life of this country to act in a short sighted manner calculated merely to obtain some sort of tactical gains in the political field. It is time that we are all true to ourselves and have the courage to condemn violence and incitement to violence and not to tolerate it even if it means a certain amount of unpopularity with some section of the community or the other.

34. **Amendments Procedure.** -Amendments shall ordinarily be considered in the order of the clauses of the Bill to which they respectively relate, and in respect of any such clause a motion shall be deemed to have been made "that his clause (or, as the case may be, that this clause, as amended) stand part of the Bill".

35. **Submission of Bills Clause by Clause.** -When a motion that a Bill be taken into consideration has been carried, it shall be in the discretion of the Speaker to submit the Bill or any part of the Bill to the Assembly clause by clause and when he does so, the Speaker shall call each clause separately and when the amendments relating to it have been dealt with shall put the question. That his clause (or, as the case may be, that this clause, as amended) stand part of the Bill".

36. **Passing of Bills.** - (a) When a motion that a Bill be taken into consideration has been carried and no amendment of the Bill is made, the Member in charge may at once move that the Bill be passed.

(b) If any amendment of the Bill is made, any Member may object to any motion being made, on the same day, that the Bill be passed, and such objection shall prevail, unless the Speaker allows the motion to be made.

(c) Where the objection prevails, a motion that the Bill be passed may be brought forward on any future day.

(d) No amendment which is neither formal nor consequential upon an amendment made after the Bill was taken into consideration shall be moved to a motion that the Bill be passed.

37. **Withdrawal of Bills.—**The member in charge may at any stage move for leave to withdraw the Bill introduced by him; and, if such leave is granted, no further motion may be made with reference to the Bill.

38. Lapse of Bills. When a Bill is passed, all other Bills pending before the Assembly shall lapse.

39. **Authentication.-**When the Constitutional Bill is passed by the Assembly the Secretary shall submit to the President for authentication a copy thereof signed by the Speaker.

40. **Committees of the Assembly.-(**a) The Assembly may, besides a Select Committee constituted in relation to a Bill, appoint as .many Committees and allocate to each such Committee such business as it may think fit.

(b) The members of the Committee including the Chairman shall be appointed by the Assembly at the time it appoints the Committee.

(c) A casual vacancy in a Committee shall be filled as soon as possible after it occurs by nomination by the Speaker.

(d) If the Chairman is not present at any meeting of the Committee, the members of the Committee shall elect once of their members to be the Chairman.

(e) In the case of an equality of votes, the Chairman shall have a second or casting vote.

41**. Power of any Committee to act notwithstanding Vacancy,** -(a) Subject to the requirement of a quorum prescribed by or under these rules a Committee appointed by the Assembly shall have power to act notwithstanding any vacancy in the membership thereof.

(b) A Committee may hear expert evidence and representatives of special interests who may desire to place their views before it.

42. **Quorum of the Committee.-(**a) At the time of the appointment of the Members of a Committee, the number of Members whose presence shall be necessary to constitute a quorum for a meeting of the Committee, and the time within which the Committee shall make its report, shall be fixed by the Assembly.

(b) If at the time fixed for any meeting of the Select Committee, or if at any time during any such meeting, the quorum is not present, the Chairman of the Committee shall either suspend the meeting until a quorum is present or adjourn the meeting to some future day.

(c) Where the Committee has been adjourned in pursuance of sub-rule (b) on two successive dates fixed for its meeting, the Chairman shall report the fact to the Assembly.

43. **Voting in Committee.-(**a) All questions at a meeting of a Committee shall be determined by a majority of the Members present and voting.

(b) The Chairman shall not vote except in the event of equality of votes.

44. **Reports of the Committees**, -(a) A Committee shall make a report relating to the business allocated to it or in the case of a Select Committee on the Bill referred to it.

(b) If any Member of a Committee desires to record a minute of dissent on any point he must sign the report stating that he does so subject to his minute of dissent, and must at the same lime hand in his minute.

45. **Presentation of Reporter**. - (a) The report of a Committee shall be presented to the Assembly by the Chairman.

(b) The Secretary shall cause every report of a Committee, together with the views of the minority, if any, to be printed in English and a copy thereof made available for the use of every member of the Assembly. The report, with the views of the minority, if any,

shall be published in the official Gazette and in the case of the report of a Select Committee, it shall be published together with the Bill as settled in the Committee.

46. **Agenda and Notice of the Meetings of Committees**, -(a) The time-table of business of a Committee and the agenda for each meeting of the Committee shall be determined by the Chairman of the Committee.

(b) Notice of all meetings of a Committee shall be sent to the Members of the Committee.

47. **Suspension of Rules**. -Whenever any inconsistency or difficulty arises in the application of these rules, any Member may, with the consent of the Speaker, move that any rule may be suspended in its application to a particular motion before the Assembly, and if the motion is carried, the rule in question shall stand suspended.

48. **Removal of Difficulties.** -Where in the opinion of the Speaker any difficulty is likely to arise in carrying out the provisions of these rules, or in respect of any matter for which no provisions or no sufficient provision exists in the rules, the Speaker may make such rules as he thinks fit, not inconsistent with rules, for the purpose of removing the difficulty.

শিরোনাম	**সূত্র**	**তারিখ**
আইনগত কাঠামো সংশোধনের আহবানঃ রাজনৈতিক নেতৃবৃন্দের বিবৃতি	দৈনিক পাকিস্তান ও ইত্তেফাক	১,২,৩,এপ্রিল, ১৯৭০

প্রেসিডেন্ট ইয়াহিয়া কর্তৃক ঘোষিত আইনগত কাঠামো গণতান্ত্রিক মূলনীতির পরিপন্থী। দেশের বিভিন্ন রাজনৈতিক দল আইনগত কাঠামো আদেশ সংশোধনের জন্য প্রেসিডেন্টের প্রতি আবেদন জানান।

''১লা এপ্রিল ১৯৭০ ঢাকায়'' পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির দু'দিনব্যাপী জরুরী বৈঠক শেষে গৃহীত এক প্রস্তাবে জনগণের গণতান্ত্রিক আশা-আকাঙ্খা বানচালের দরুন যে গুরুতর পরিস্থিতির সৃষ্টি হবে তা এড়াবার জন্য প্রেসিডেন্টকে গণতন্ত্রের মূলনীতির সাথে সামঞ্জস্য আনয়নের জন্য আইনগত কাঠামো নির্দেশ যথাযথভাবে সংশোধনের আহবান জানানো হয়। আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমানের সভাপতিত্বে তার বাসভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

(দৈনিক পাকিস্তান, ২রা এপ্রিল)।

১লা এপ্রিল সংবাদপত্রের প্রকাশিত এক বিবৃতিতে মওলানা ভাসানী প্রেসিডেন্ট ইয়াহিয়ার ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়ে তার সমালোচনা করে বলেন, প্রেসিডেন্টের ঘোষণার পরিপ্রেক্ষিতে প্রত্যেক পাকিস্তানীরই এই ধারণা হবে যে, শাসনতন্ত্রের চূড়ান্ত কাঠামোর ব্যাপারে নির্বাচিত সদস্যদের কোন কথা বলারই অধিকার থাকবে না।

(দৈনিক পাকিস্তান, ১লা এপ্রিল)।

প্রেসিডেন্টের আইনগত কাঠামোর বিরোধিতা করে দেশের প্রায় সব ক'টি রাজনৈতিক দলই তাদের স্ব স্ব বক্তব্য পেশ করে। লাহোর প্রস্তাব বাস্তবায়ন কমিটি প্রেসিডেন্টের আইনগত কাঠামো সম্পর্কে বলতে গিয়ে এই বিধানকে 'গণতন্ত্র অর্থ ও রেওয়াজের পরিপন্থী' বলিয়া অভিহিত করেন।

(দৈনিক ইত্তেফাক, ৩রা এপ্রিল)।

প্রাদেশিক ন্যাপ প্রধান (রিকুইজেশন) অধ্যাপক মোজাফফর আহমদ ২রা এপ্রিল চট্টগ্রামের এক জনসভায় নির্বাচনের আইনগত কাঠামোর ২৫ এবং ২৭ ধারার তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, তাদের দল এ দু'টি ধারার বিরোধী।

(দৈনিক পাকিস্তান, ৩রা এপ্রিল)।

শিরোনাম	সূত্র	তারিখ
আইনগত কাঠামো আদেশের প্রতিবাদ এবং ৬ ও ১১-দফা প্রতিষ্ঠার দাবী দিবস	পূর্ব পাকিস্তান ছাত্রলীগ	৫ এপ্রিল, ১৯৭০

ইয়াহিয়ার ঘোষণার পরিপ্রেক্ষিতে ৭ই এপ্রিল মঙ্গলবার "দাবী দিবস"

১৯৬৯ সনের ৬-দফা সম্বলিত ঐতিহাসিক ১১-দফার ভিত্তিতে গত শহীদের রক্তের বিনিময়ে গড়িয়া উঠা গণঅভ্যুত্থানের পটভূমিতে দেশব্যাপী সামরিক শাসন জারি করা হইয়াছিল। সামরিক আইন জারির পর জেনারেল ইয়াহিয়া খান বিভিন্ন সময়ে তাঁহার বক্তব্যের মাধ্যমে শান্তিপূর্ণ পরিবেশে গণতান্ত্রিক পন্থায় নির্বাচিত গণপ্রতিনিধিদের নিকট ক্ষমতা হস্তান্তরের কথা ঘোষণা করিয়াছিলেন। ইয়াহিয়ার আশ্বাসের পরিপ্রেক্ষিতে দেশবাসী আশা করিয়াছিল যে বাংলার স্বায়ত্তশাসনের দাবীসহ সমাজের বিভিন্ন মূল সমস্যার সমাধানের দায়িত্ব জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত গণপ্রতিনিধিদের সমন্বয়ে গঠিত সার্বভৌম পার্লামেন্ট-এর উপর ন্যস্ত হইবে।

দীর্ঘ বার বছরের আইয়ুবের অগণতান্ত্রিক সরকারের মূল উচ্ছেদ করিয়া সারাদেশে যে মুহূর্তে শর্তবিহীন নিরংকুশ গণতন্ত্র প্রতিষ্ঠিত হইবার সামান্যতম সম্ভাবনা দেখা দিয়াছিল গত ২৮শে মার্চে ইয়াহিয়ার ভাষণ ও ৩০শে মার্চ তারিখে ইয়াহিয়ার ঘোষিত " শাসনতান্ত্রিক আইনগত কাঠামো" ঘোষণার সঙ্গে সঙ্গে সে আশা দূরীভূত হইয়াছে। শুধু তাহাই নয় জনজীবনে এক বিরাট জিজ্ঞাসা দেখা দিয়াছে যে- "তাহা হইলে বাংলার ও বাঙ্গালীদের কি দশা হইবে।"

ইয়াহিয়া ঘোষিত আইনগত কাঠামোতে একটি দিক লক্ষ্যণীয় যে পাকিস্তানের দুই অঞ্চলের সংহতি ও অখন্ডতাকে জোর করিয়া চাপাইয়া দিবার চেষ্টা করা হইয়াছে। বিশেষ করিয়া আইনগত কাঠামোর ২৫নং বিধিতে গণপরিষদের উপর সন্দেহ প্রকাশ ও ২৭নং বিধিতে ইয়াহিয়ার একনায়কত্বমূলক যে মনোভাব প্রকাশ পাইয়াছে তাহা সকলের মূলনীতিবিরোধী। দেশের আপমর জনসাধারণের সার্বিক মঙ্গলের দিকে লক্ষ্য রাখিয়া আমরা স্পষ্টভাবে জানাইয়া দিতে চাই যে ইয়াহিয়া প্রণীত এই নীতিমালা কোন ভাবেই এদেশের সংগ্রামী মানুষের নিকট গ্রহণযোগ্য নয়।

বাংলার সাত কোটি মানুষের বাঁচিয়া থাকিবার উপায় হিসাবেই ৬-দফা ও ১১-দফা দাবী সংগ্রামের মধ্য দিয়া এ দেশবাসীর মনের মধ্যে প্রতিষ্ঠিত হইয়াছে। কোন ব্যক্তি বা গোষ্ঠীর খেয়ালের উপর নির্ভর করিয়া ৬-দফা ও ১১-দফা দাবীকে আমরা কোনভাবেই নস্যাৎ হইতে দিব না। আমরা মনে করি একমাত্র ৬-দফা ও ১১-দফার বাস্তবায়নই পাকিস্তানের অখন্ডতাকে বজায় রাখিতে পারে এবং স্বায়ত্তশাসন ও ভাবী শাসনতন্ত্রের প্রশ্নে বাংলার জাগ্রত মানুষ ৬-দফা ও ১১-দফার সামান্যতম বিচ্যুতিও স্বীকার করিবেন না বরং প্রয়োজনবোধে আরও দুর্বার আন্দোলন সৃষ্টির মাধ্যমে বাংলার ছাত্র-শ্রমিক, কৃষক ও মেহনতি মানুষ বাংলার বিরুদ্ধে সকল প্রকার ষড়যন্ত্রকে রুখিয়া দাঁড়াইবে।

বর্তমান অস্থায়ী সরকার কর্তৃক ঘোষিত শিক্ষানীতিকে প্রদেশের ছাত্রসমাজ পূর্বেই বর্জন করিয়াছে। পুনর্বার সরকার সেই একই শিক্ষানীতিকে পিছন দরজা দিয়া চালু করিবার চেষ্টায় লিপ্ত রহিয়াছে। আমরা পুনরায় এই শিক্ষানীতির প্রতি আমাদের অনাস্থা প্রকাশ করিতেছি।

সারাদেশে বর্তমানে স্বাভাবিক অবস্থা বিরাজমান থাকা সত্ত্বেও বর্তমান সামরিক সরকার ছাত্র-শ্রমিক, কৃষক ও রাজনৈতিক কর্মীদের সামরিক আইনে গ্রেফতারপূর্বক বিভিন্ন দন্ডে দন্ডিত করিতেছে। আজ ছাত্রনেতা খসরু,

মন্টু ও সেলিমের উপর ১৪ বৎসর সশ্রম কারাদন্ডাদেশ রহিয়াছে। আমরা অবিলম্বে উক্ত আদেশ প্রত্যাহারের দাবী জানাইতেছি।

উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে সারাদেশের মানুষকে এক ও অবিভাজ্য হিসাবে সকল চক্রান্তের বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইতে হইবে। আসুন দলমত নির্বিশেষে আমরা এদেশের ছাত্র-শ্রমিক-কৃষক জনতা এক সংগ্রামী ঐক্য গড়িয়া তুলি। তারই প্রথম পদক্ষেপ হিসাবে আগামী ৭ই এপ্রিল মঙ্গলবার মিছিল ও সভা-বিক্ষোভের মাধ্যমে ''দাবী দিবস'' পালন করি এবং বজ্রকণ্ঠে আওয়াজ তুলিঃ

* ইয়াহিয়ার ঘোষিত আইনগত কাঠামো বাতিল করতঃ ৬-দফা ভিত্তিক স্বায়ত্তশাসন ও ১১-দফা ভিত্তিক শাসনতন্ত্র প্রণয়নের জন্য সার্বভৌম গণপরিষদ গঠন করিতে হইবে।

* বর্তমান সামরিক সরকার প্রণীত অগণতান্ত্রিক শিক্ষানীতি বাতিল করিতে হইবে।

* ছাত্রনেতা খসরু,মন্টু ও সেলিমের উপর ১৪ বৎসর সশ্রম কারাদন্ডাদেশ বাতিল ও বিভিন্ন সামরিক আইনে সাজাপ্রাপ্ত ও বিনা বিচারে আটক রাজবন্দীসহ সকল ছাত্র শ্রমিক কৃষক ও রাজনৈতিক কর্মীর মুক্তি দিতে হইবে।

দাবী-দিবসের কর্মসূচীঃ

বেলা ১১টায় বটতলায় ছাত্রসভা, সভাশেষে শোভাযাত্রা ও বিক্ষোভ প্রদর্শন।

পূর্ব পাকিস্তান ছাত্রলীগ

পূর্ব পাকিস্তান ছাত্রলীগের প্রচার সম্পাদক মোস্তাফিজুর রহমান কর্তৃক ৪২, বলাকা ভবন ঢাকা হইতে প্রকাশিত ও প্রচারিত।

শিরোনাম	সূত্র	তারিখ
আইনগত কাঠামো আদেশের প্রতিবাদ ও সার্বভৌম পার্লামেন্টের দাবী	পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন	১২ এপ্রিল, ১৯৭০

সার্বভৌম পার্লামেন্টের দাবীতে এবং ইয়াহিয়ার নির্বাচনী আইনগত কাঠামো ও শাসনতন্ত্রের মূলনীতি ঘোষণার প্রতিবাদে- পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে (মতিয়া গ্রুপ) ১৩ই এপ্রিল, সোমবার, 'প্রতিবাদ দিবস' পালন করুন

সংগ্রামী ভাই ও বোনেরা,

বিগত গণ-অভ্যুত্থানের ফলে স্বৈরাচারী আইয়ুব সরকারের অবসান ঘটিয়েছে। সারা দেশের মানুষ গভীরভাবে আশা করিয়াছিল যে আসন্ন সাধারণ নির্বাচনের মাধ্যমে যে জাতীয় পরিষদ গঠিত হইতে যাইতেছে ঐ পরিষদে জনগণের আশা-আকাঙ্খার ভিত্তিতে স্বাধীনভাবে একটি শাসনতন্ত্র প্রণয়ন করিতে পারিবেন। এবং এইভাবে দেশের শাসনতান্ত্রিক সংকট ও সমস্যার প্রকৃত গণতান্ত্রিক সমাধান হইবে। সামরিক প্রধান ও প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ক্ষমতায় আসিয়া একটি সার্বভৌম জাতীয় পরিষদের মাধ্যমে নির্বাচিত জনগণপ্রতিনিধিগণ কর্তৃক শাসনতান্ত্রিক ব্যবস্থাকরণের প্রতিশ্রুতি প্রদান করিয়াছিলেন। কিন্তু সম্প্রতি প্রেসিডেন্ট নির্বাচনের যে আইনগত কাঠামোর আদেশ ঘোষণা করিয়া দেশবাসীর আশা-আকাঙ্খার বিরুদ্ধে এক রুঢ় আঘাত হানিয়াছেন।

ঘোষিত নির্বাচনী আইনগত কাঠামো আদেশ দ্বারা নির্বাচনী জাতীয় পরিষদকে কার্য্যতঃ পুরাপুরিভাবে ''কর্তার ইচ্ছায় কর্ম'' করণের তথাকথিত পরিষদে পরিণত করা হইয়াছে। ''কর্তার ইচ্ছায় কর্ম'' করিলে এই পরিষদ কর্তৃক শাসনতন্ত্র গৃহীত হইলেও উহাকে বাতিল করিবার নিরংকুশ ক্ষমতা প্রেসিডেন্টের হাতেই রাখিবার পাকাপাকি আইনও প্রণয়ন করা হইয়াছে। শাসনতন্ত্র প্রণয়নের জন্য নির্ধারিত পরিষদের সার্বভৌমত্ব বলিতে কিছুই নাই। জনগণের নির্বাচিত প্রতিনিধিগণ কর্তৃক জনগণের আশা-আকাঙ্খার তথা ১১-দফা ও ৬-দফা দাবীগুলোর ভিত্তিতে শাসনতন্ত্র প্রণয়নের সকল স্বাধীনতা ও অধিকার হরণ করা হইয়াছে। এই অবস্থায় জনগণের আকাঙ্খা অনুযায়ী ধর্ম-বর্ণ নির্বিশেষে অবাধ গণতন্ত্র, পূর্ব বাংলাসহ সকল ভাষা-ভাষী মানুষের স্বায়ত্তশাসন, মৌলিক অধিকার প্রভৃতির স্বীকৃতি প্রদানকারী কোন শাসনই জনগণের দ্বারা রচনা করা সম্ভব হইবে না। ফলে জনগণের আশা-আকাঙ্খা অনুযায়ী দেশের শাসনতান্ত্রিক সংকট সমাধান করা সম্ভব হইবে না। শুধু তাহাই নহে, নির্বাচনের আইনগত কাঠামো আদেশ দ্বারা দেশের ভবিষ্যৎ শাসনতন্ত্রের প্রায় সকল মৌলিক প্রশ্নই প্রেসিডেন্ট স্বয়ং নির্ধারিত করিয়া দিয়াছেন। শাসনতন্ত্রের মূলনীতি সম্পর্কে যে পাঁচটি ধারা আইন হিসাবে বাধ্যতামূলকভাবে পালনের নির্দেশ ঘোষিত হইয়াছে স্বায়ত্তশাসন সম্পর্কে ব্যাখ্যা করিতে গিঁয়া কেন্দ্র ও প্রদেশসমূহের মধ্যে বিষয় বণ্টনের যে নীতি নির্ধারিত হইয়াছে তাহাতে ৬-দফা ও ১১-দফা কার্যকরী করা সম্ভব নয়। উপরন্তু ধর্মভিত্তিতে জনগণকে বিভক্ত করার পুরাতন সাম্প্রদায়িক ব্যবস্থা বলবৎ করা হইয়াছে। এইভাবে প্রত্যক্ষ ভোটের অধিকার স্বীকার করা হইলেও মহিলাদের সংরক্ষিত আসনের ক্ষেত্রে পুরাতন আইয়ুবী ব্যবস্থাই চালু করা হইয়াছে।এইভাবে জনগণের ইচ্ছার বিরুদ্ধে পাকিস্তানে আরেকটি শাসনতন্ত্র প্রণয়ন করিয় উহা গণতন্ত্রের নামে চাপাইয়া দেওয়ার ব্যবস্থা এবং উহাতে প্রকৃতপক্ষে জনগণ কর্তৃক বাতিলকৃত ১৯৫৬ সালের প্রতিক্রিয়াশীল শাসনতন্ত্রের মূলনীতিগুলো চাপাইবার ব্যবস্থা হইয়াছে এবং এইভাবে সরকার এককভাবে দেশবাসীর উপর শাসনতন্ত্র চাপাইয়া

দিয়াছিল। আর বর্তমান সরকার শাসনতন্ত্রের কাঠামো নির্ধারণ করিয়া তার ভিত্তিতেই কেবল উহার বিস্তারিতভাবে লেখার দায়িত্ব নির্বাচিত জনপ্রতিনিধিদের উপর ছাড়িয়া দিতেছেন। এই দিক হইতে শাসনতন্ত্র প্রণয়নের স্বৈরতান্ত্রিক পদ্ধতি পূর্বের মত বহাল থাকিতেছে।

অন্যদিকে ছাত্রসমাজ কর্তৃক প্রত্যাখ্যাত শিক্ষানীতিকে চূড়ান্তভাবে ঘোষণা করা হইয়াছে। তাই স্বাধীনতার পর হইতেই বৈজ্ঞানিক গণতান্ত্রিক ধর্মনিরেপক্ষ, সার্বজনীন ও সহজলভ্য শিক্ষা হইতে ছাত্রসমাজ বঞ্চিত হইতেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগ, সমাজবিজ্ঞান বিভাগ, আই,ই,আর, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল ও ডেন্টাল কলেজ সমাজকল্যাণ কলেজ, জগন্নাথ কলেজ, পলিটেকনিক কলেজ, কৃষি কলেজ, এন,ডি,টি, আই গ্রাফিক আর্ট ইন্সটিটিউট, টেকনিক্যাল ইন্সটিটিউট, প্যারা মেডিক্যাল প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীদের দাবী আজও মানিয়া লওয়া হইতেছে না। হলে এবং হোষ্টেলে খাদ্যের নিম্নমান ও সিট সমস্যা চরম আকার ধারণ করিয়াছে। ছাত্রনেতা হায়দার আলী, মাহবুবউল্লাহ, বিধান, নির্মল, হিমাংশু বণিক, শূকদেব ঘোষ ও জননেতা মণি সিং, অজয় রায়, হাবিবুর রহমান, দেবেন সিকদার, শহীদুল্লাহ চৌধুরীসহ অসংখ্য দেশপ্রেমিক ছাত্র-শ্রমিক-কৃষক-রাজনৈতিক নেতৃবৃন্দকে কারারুদ্ধ, মামলা, গ্রেফতারী পরোয়ানা প্রভৃতির মাধ্যমে প্রচন্ড দমননীতির শিকারে পরিণত করা হইয়াছে।

দ্বিতীয়বারের জন্য সামরিক সরকারের শাসন কায়েম হইবার পর হইতেই আমরা দেশের গণতান্ত্রিক শক্তিগুলির ঐক্য বজায় রাখার আবেদন জানাইয়াছিলাম। বিশেষতঃ গত ১লা জানুয়ারী হইতে রাজনৈতিক কার্যকলাপের সীমিত অধিকার ফিরিয়া পাওয়ার পর গণতান্ত্রিক শক্তি ও রাজনৈতিক দলগুলির ঐক্যজোট কায়েমের অতীব গুরুত্ব আমরা ব্যাখ্যা করিয়াছিলাম কিন্তু সকলেই জানেন, আমাদের এই আবেদনে কেহ কেহ সাড়া না দিয়া বরং গণতান্ত্রিক শক্তি ও দলগুলির মধ্যে বিভেদ ও অনৈক্য সৃষ্টি করেন। খুবই দুখঃজনক যে ১১-দফা উত্থাপনকারী ছাত্রসমাজের মধ্যেও বিভেদ তীব্র হইয়া ওঠে। অপরদিকে দক্ষিণপন্থী গোষ্ঠীগুলি তাহাদের প্রতিক্রিয়াশীল লক্ষ্য অর্জনের জন্য গণতান্ত্রিক শক্তিগুলির বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয় এবং শাসনতান্ত্রিক প্রশ্নে সরকারের উপর চাপ সৃষ্টি করে যেন জাতীয় পরিষদ সার্বভৌম হইতে না পারে। উপরন্তু ইহা জানা আছে যে পাকিস্তানের শাসকগোষ্ঠী নীতিগতভাবেই গণতন্ত্র, স্বায়ত্তশাসন ও শ্রমিক কৃষকের স্বার্থের বিরুদ্ধে। এই পটভূমিতেই প্রেসিডেন্ট যে নির্বাচনী আইনগত কাঠামো ঘোষণা করিয়াছেন উহা দেশের ব্যাপক জনগণের স্বার্থের বিরুদ্ধে গিয়াছে। এক বৎসর আগে রক্তক্ষয়ী সংগ্রাম এবং গণতান্ত্রিক শক্তির ঐক্যের জোরে যতগুলি দাবী আদায় করা সম্ভব হইয়াছিল এবং সার্বভৌম জাতীয় পরিষদ নির্বাচনের যে প্রতিশ্রুতি প্রেসিডেন্ট ইয়াহিয়া খান দিতে বাধ্য হইয়াছিলেন আজ গণতান্ত্রিক শক্তির বিভেদের ফলেই প্রেসিডেন্ট ইয়াহিয়া খান এই প্রতিশ্রুতি অবজ্ঞা করিতে পারিতেছেন। শাসকগোষ্ঠী আজ কৌশলে বীর শহীদদের রক্ত ও জীবনের মূল্য অর্থহীন করিতে প্রয়াস পাইতেছে। কিন্তু পূর্ব বাংলা তথা সারা পাকিস্তানের সংগ্রামী ছাত্র-সমাজ ও জনগণ শাসকগোষ্ঠীর এই অপচেষ্টা ব্যর্থ করিতে দৃঢ়প্রতিজ্ঞ রহিয়াছে।

দেশের গণতান্ত্রিক রাজনৈতিক দলগুলি ও নেতৃবৃন্দ এবং ছাত্রসমাজসহ কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত, বুদ্ধিজীবী সকলের প্রতি আমাদের আবেদন যে সময় থাকিতে ঐক্যবদ্ধ হউন ও ১১-দফা প্রতিষ্ঠার লক্ষ্য লইয়া সার্বভৌম জাতীয় পরিষদ কায়েমের দাবীতে ঐক্যবদ্ধ প্রতিষ্ঠার পথে আগাইয়া আসুন। দাবী তুলুন- ‘প্রতিক্রিয়াশীল আইনগত কাঠামো সংশোধন কর’। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি এবং ইতিহাস হইতে এই শিক্ষা গ্রহণ করিয়াছি যে ঐক্যবদ্ধ আন্দোলনের পথে আগাইয়া আসিলে বিজয় আমাদের সুনিশ্চিত। কিন্তু বিভেদ আনবে সর্বনাশ। সরকারের কাছে দাবীঃ দেশের শাসনতান্ত্রিক সমস্যা এভাবে সমাধান করার জন্য নির্বাচনী আইনগত কাঠামো সংশোধন করে সার্বভৌম জাতীয় পরিষদ কায়েমের পথ প্রশস্ত করুন। অন্যথায় দেশের রাজনৈতিক স্থিতি সুদর পরাহত হইবে।

বন্ধুগণ

দেশের এই পরিস্থিতিতে আমরা পূর্ব বাংলার সংগ্রামী ছাত্রসমাজকে প্রতিক্রিয়াশীল ঘোষণাসমূহের প্রতিবাদে ঐক্যবদ্ধভাবে রুখিয়া দাঁড়াইবার জন্য আহবান জানাইতেছি। সাথে সাথে গণতন্ত্র ও স্বায়ত্তশাসনকারী শক্তিকে বিশেষতঃ সহযোগী গণতান্ত্রিক ছাত্র সংগঠনগুলিকে দলীয় সংকীর্ণতা ভুলিয়া ঐক্যবদ্ধ আন্দোলনের আহবান জানাইতেছি।

আসুন, আগামী ১৩ই এপ্রিল প্রতিবাদ দিবস সাফল্যমন্ডিত করার মাধ্যমে আওয়াজ তুলিঃ

- সার্বভৌম পার্লামেন্ট দিতে হইবে।
- নির্বাচনী কাঠামো সংশোধন কর।
- শাসনতন্ত্রের মূলনীতি বাতিল কর।
- সামরিক আইন বাতিল কর।
- সামরিক সরকারের শিক্ষানীতি মানি না।
- ছাত্রসহ সকল রাজবন্দীদের মুক্তি চাই।
- দমননীতি বন্ধ কর।
- ১১-দফার সংগ্রাম চলবেই।

ঢাকা শহরের কর্মসূচীঃ

- ১৩ই এপ্রিল, সোমবার, সকল শিক্ষা প্রতিষ্ঠানে কালো পতাকা উত্তোলন।
- বেলা ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় বটতলায় সাধারণ ছাত্র সভা ও বিক্ষোভ মিছিল।

শামসুদ্দোহা	নুরুল ইসলাম
সভাপতি	সাধারণ সম্পাদক
পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন।	পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন।

শিরোনাম	সূত্র	তারিখ
বন্দী মুক্তি ও দাবী দিবস	ন্যাপ (ভাষানী), ছাত্র ইউনিয়ন ও শ্রমিক ফেডারেশন	১৭ এপ্রিল, ১৯৭০

১৯শে এপ্রিল, রবিবার

‘‘বন্দী মুক্তি ও দাবী দিবস’’ উপলক্ষে

হরতাল

ও

জনসভা

স্থানঃ পল্টন ময়দান, সময়ঃ বিকাল ৩টা
প্রধান বক্তাঃ মওলানা আবদুল হামিদ খান ভাসানী

ভাইসব,

দেশ আজ এক চরম অর্থনৈতিক ও খাদ্য সংকটের সম্মুখীন। ছাঁটাই, লক-আউট ও ক্রমবর্ধমান দ্রব্যমূল্যের চাপে মেহনতী জনতার বিভিন্ন অংশ মজুরী ও বেতন বৃদ্ধি এবং অন্যান্য ন্যায়সংগত দাবী-দাওয়া আদায়ের জন্য ক্রমেই ধর্মঘটের পথ বাছিয়া লইতে বাধ্য হইতেছেন। অন্যদিকে, খাদ্যের উচ্চমূল্য এবং ক্রয়ক্ষমতার অভাব তৎসহ খাজনা-ট্যাক্সের জুলুম গ্রামীন জন-জীবনকে করিয়া তুলিয়াছে দুর্বিসহ। আমাদের দেশের তরুণ শিক্ষার্থী সমাজও তাহাদের উপর চাপাইয়া দেওয়া অগণতান্ত্রিক শিক্ষানীতি মানিয়া লইতে অস্বীকৃতি জানাইয়াছে। আর জনগন বিভিন্ন অংশের ন্যায়সংগত দাবী-দাওয়া লইয়া সংগ্রাম করার জন্য যাহারাই আগাইয়া আসিতেছেন তাহাদেরই স্থান হইতেছে কারাগারে। আজ রাজনৈতিক নেতা দেবেন শিকদার, মশিহুর রহমান, আনোয়ার জাহিদ, মনি সিংঙ, ছাত্র নেতা মাহবুবউল্লাহ, শ্রমিক নেতা, লুতফুল হক মজুমদারসহ বহুসংখ্যক রাজনৈতিক, ট্রেড ইউনিয়ন, কৃষক ও ছাত্রনেতা জেলখানায় বন্দি। শ্রমিক নেতা কাজী জাফর আহমদ, রাশেদ খান মেনন, ছাত্রনেতা জামাল হায়দারসহ আরও অনেকের বিরুদ্ধে গ্রেপ্তারী পরওয়ানা এবং শ্রমিক নেতা আবুল বাশার, আবদুল মালেকসহ আরও অনেকের বিরুদ্ধে হুলিয়া ঝুলিতেছে।

এই অবস্থায় মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী আগামী ১৯শে এপ্রিল, রবিবার সারা দেশব্যাপী ‘‘বন্দীমুক্তি ও দাবী দিবস’’ পালনের আহবান জানাইয়াছেন। এই দিবসের দাবীগুলো হইতেছেঃ

(১) আটক ও সাজা প্রাপ্ত সকল রাজনৈতিক, ট্রেড ইউনিয়ন, কৃষক ও ছাত্র নেতার মুক্তি চাই, গ্রেপ্তারী পরোয়ানা ও হুলিয়া প্রত্যাহার কর; সাম্প্রতিক ধর্মঘটকালে ধৃত সকল বাস-শ্রমিকের মুক্তি চাই।

(২) ২০ টাকা মণ দরে চাল ও ১০ টাকা মণ দরে গম চাই; খাজনা-ট্যাক্সের দায়ে সার্টিফিকেট জারী করা চলবে না; টেস্ট রিলিফের কাজ চাই।

(৩) পূর্ব পাকিস্তানে ৫ একর এবং পশ্চিম পাকিস্তানে ১২.৫ একর পর্যন্ত জমির মালিকদেও খাজনা মওকুফ কর, খাস ও সরকারী জমি গরীব ও ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি কর, পেশাগত ট্যাক্স মওকুফ কর, পানির উপর কর মওকুফ কর, বর্গাদার উচ্ছেদ করা চলবে না।

(৪) মিল মালিকদের লক-আউটের অধিকার দেওয়া চলবে না, ধর্মঘটের অধিকারসহ শ্রমিকদের যৌথ দর কষাকষির অধিকার কায়েম কর, শ্রমিকের নিম্নতম মজুরি মাসিক দুইশত টাকা নির্ধারণ কর।

(৫) নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমাও, সস্তাদরের দোকান চালু কর, পাট ও আখের ন্যায্য মূল্য দিতে হবে।

(৬) ছাত্র, শিক্ষক ও কার্যরত সাংবাদিকদের দাবী মানতে হবে।

(৭) প্রেস এন্ড পাবলিকেশন অর্ডিন্যান্স বাতিল কর, ন্যাশনাল প্রেস ট্রাস্ট ভেঙ্গে দাও।

উপরোক্ত দাবীগুলো আমাদের দেশের-কৃষকসহ জনতার সকল অংশের জরুরী দাবী। আসুন আমরা ঐক্যবদ্ধভাবে ঐ দিবস পালনের মধ্য দিয়া এমন এক গণ-আন্দোলনের সূচনা করি যাহা গণ-অধিকারের বিরুদ্ধে নূতনভাবে যে চক্রান্ত শুরু হইয়াছে উহাকে ব্যার্থ করিয়া দিবে। ঢাকা শহরের রিক্সা, স্কুটার, বাস চালক মালিকদের নিকট আমাদের অনুরোধ, আপনারা ঐ দিন সকাল ৬ টা হইতে বেলা ১টা পর্যন্ত যানবাহন বন্ধ রাখিয়া ১৯শে এপ্রিল ''বন্দি মুক্তি ও দাবী দিবসকে '' সাফল্যমন্ডিত করিতে আগাইয়া আসুন। কলকারখানার শ্রমিক-ভাইদের প্রতি আমাদের আবেদন, আপনারা ঐদিন কলের চাকা বন্ধ রাখুন এবং দলে দলে মিছিল সহকারে জনসভায় যোগদান করুন।

নাজিমুল আলম

কার্যকরী সাধারণ সম্পাদক

পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন।

সিরাজুল হোসেন খান

সাধারণ সম্পাদক

পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন।

মোহাম্মদ সুলতান

সম্পাদক

ঢাকা শহর ন্যাপ।

৯/এইচ, মতিঝিল এরিয়া হইতে প্রকাশিত ও জাগৃতি মুদ্রায়ন,৫৫, কলুটোলা (তনুগঞ্জ), ঢাকা-১ হইতে মুদ্রিত।

শিরোনাম	সূত্র	তারিখ
‘ আসন্ন নির্বাচন হবে স্বায়ত্তশাসনের প্রশ্নে গণভোট’: শেখ মুজিবুর রহমান	দ্য ডন	৮ জুলাই, ১৯৭০

PAKISTAN CANNOT BE DESTROYED
BY ANY POWER, SAYS MUJIB
'Islam in Danger' Cry a Political Stunt
Awami League Election Campaign Launched

Dacca, June 7: The Awami League Chief. Sheikh Mujibur Rahman, declared today amidst cheers that Pakistan had come to stay and that there was no force which could destroy it.

Addressing a massive public meeting at Ramna Race Course this afternoon in torrential rains, the Sheikh repeatedly held out the assurance that Islam was in no danger on the sacred soil of Pakistan, and lashed out at those who raised cries of "Islam in danger" on flimsy grounds, to promote their own political ends. He said in the past also similar bogeys were raised by a section of the people during the 1954 elections in East Pakistan and on the question of joint electorate, but it had been proved conclusively that "Islam in danger" cry was a mere political stunt.

Today's public meeting was organized by the Awami League to commemorate the movement of June 7, 1966, when a number of people fell to the bullets of the police of Ayub regime. Despite inclement weather and pouring rains, hundreds of thousands of enthusiastic people sat through the meeting to hear the Sheikh who was the only speaker. Defying rains, the people came from far and near in processions on foot and in buses and trucks and trains and launches. They shouted six-point slogans and rented the air with cries of "joy Bangla". West Pakistani Awami League leaders who came to attend the Council meeting of the All-Pakistan Awami League which concluded yesterday were also present on the dais.

Sheikh Mujib regretted that the Fourth Five-Year Plan had been announced by the present Government despite his party's demand that it should be left for the future Government to draw up the Plan. He declared the Fourth Plan would be scrapped and recast when a representative Government was inducted into office after the elections.

The Awami League chief, who was frequently greeted with slogans of "Banga Bandhu" (Friend of Bengal), told the meeting that the coming elections should be treated as a referendum on the autonomy issue-whether the people wanted autonomy on the basis of his party's six-point programme.

The Sheikh, who formally announced the launching of his party's election campaign as from today, asked' the people to "finish" the "Mir Jafars" of Bengal through elections and to see to it that their boxes went empty during the polls.

Agency reports add :

The Awami League chief said that from the allocations in the Fourth Plan which had recently been announced, it appeared that East Pakistan had not been given her due share of 56 per cent on the basis of her population. He posed a question, "If the allocations arc not properly made how you could remove the disparity?"

The meeting also said that the elected representatives of the people would have to revise the Fourth Five-Year Plan and alter it in every respect necessary to bring it into accord with those constitutional provisions which were expected to invest the Governments of federating units with full power of economic management.

The meeting referred to the shortfall of Rs. 1,100 crores in the Third Plan expenditure in East Pakistan and urged that all the previous shortfalls in the Plan expenditure be made up. It held that no annual development plan could represent meaningful steps towards revising the trend of economic disparity "unless the previous shortfalls are made up."

Sheikh Mujib recalled how in the past East Pakistan had been exploited and described how people had suffered under successive Governments.

The Awami League chief said that his party's struggle was to create a society free from exploitation, to eliminate the exploiters and to free the toiling masses-peasants) and workers-from exploitation.

Replying to the propaganda against the six-point programme, he said that in realization would in no way harm Pakistan. "The six points will be realized and Pakistan shall also stay", he said amidst loud cheers.

Deep-laid Conspiracy

Sheikh Mujib said that the economic situation in the country was deteriorating and that there was a deep-laid conspiracy to paralyze the economy by closing down mills and factories. Referring to the Adamjee Jute Mills riots of 1954, he said there was a similar conspiracy to create chaos and confusion to prevent the smooth transfer of power to the people. He referred to the recent closure of the Adamjee Jute Mills and asked for its immediate reopening.

The Awami League chief said that his party was not anxious to come to power, because they believed that even without coming to power the rights of the people could be realized. In this connection he referred to his party's earlier demand for representation on the basis of population and the breakup of One Unit in West Pakistan, which were ultimately realized. He also referred to their struggle for making Bengali one of the State languages.

Sheikh Mujib said that his party's struggle was to establish 'workers and peasant' rule in the country. He said that their demand for exemption of land revenue up to 25 bighas had partly been realized, when it was learnt that the Government was going to grant such exemption up to nine bighas. Awami League manifesto had promised workers share in industries, he said.

The big crowd at the meeting signified their support by raising their hand s when at one stage Sheikh Mujib asked if they wanted to realize regional autonomy on the basis of his party's six-point programme, if they wanted to establish the rule of workers and peasants and above all if they like to live as human beings.

The Sheikh censured the Jamaat-i-Islami for what he called their anti-East Pakistan role and for trying to deprive the people of this province of their legitimate rights by creating confusion in the name of Islam. He alleged that Maulana Moudoodi's partymen in East Pakistan were paid workers serving the case of those who made money by exploiting East Pakistan. The Awami League chief also criticized Khan Abdul Qayyum Khan, Nawab zada Nasrullah, Chowdhury Mohammad Ali and Ataur Rahman Khan. Besides he also criticized Mr. Nurul Amin for his role as Chief Minister, with particular reference to the language movement.

Referring to Mr. Nurul Amin's observation that the coming elections could not be regarded as referendum on six points, the Sheikh said that in undivided India when "Mr. Gandhi and other Congress leaders had opposed the partition of India, the Muslims had voted for Pakistan through referendum."

He said that the people of the country alone could frame the country's constitution and no constitution framed at the instance of any individual would be acceptable to them.

The Awami League chief pointed out that the elected representatives of the people were "alone competent to frame the constitution on behalf of the people."

In this context he once again urged the President to amend Articles 25 and 27 of the Legal framework Order immediately making the Parliament supreme in" constitution- making.

Sheikh Mujib warned those who had been trying to establish dictatorship. He said that the people had learnt to sacrifice their blood for a cause and they would resist all attempts to sabotage the elections. 'Take a lesson from history," he asked them.

He said that these anti-election forces had tried to create trouble at Mirpur, Mohammadpur, Postagola, Khulna and many other places. The Sheikh declared that no one had the power to undo Pakistan and the people who had achieved Pakistan would defend it. They would realize their due rights as well, he added"

Sheikh Mujib reminded his audience that the Ayub Regime had snatched away the right of franchise and the people had to make tremendous sacrifices to get back that right. He urged the people to exercise their right of franchise in the coming elections judiciously so that those who had betrayed them in the past could be completely eliminated.

শিরোনাম	সূত্র	তারিখ
ছাত্রলীগ আহূত জরুরী সভার প্রস্তাবাবলী	পূর্ব পাকিস্তান ছাত্রলীগের সার্কুলার	২৩ জুলাই, ১৯৭০

পূর্ব পাকিস্তান ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের ২২ এবং ২৩শে জুলাইয়ে অনুষ্ঠিত জরুরী সভার প্রস্তাবাবলী

শোক প্রস্তাবঃ

আফ্রো-এশিয়ার জাতীয়তাবাদী আন্দোলনের মহান শিক্ষাগুরু, সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদবিরোধী আন্দোলনের পুরোধা, আধুনিক ইন্দোনেশিয়ার জনক ''বাংকার্নো'', বৃহৎ শক্তি জোটবহির্ভূত তৃতীয় জোটের জনক, নয়া উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদের শিকার ইন্দোনেশিয়ার প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ আহমদ সুর্কানোর মহাপ্রয়াণে পূর্ব পাকিস্তান ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের অদ্যকার এই সভা গভীর শোক প্রকাশ করিতেছে এবং তাঁহার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করিতেছে।

রাজনৈতিক প্রস্তাবঃ

এই সভা গভীর উদ্বেগের সহিত দেশের রাজনৈতিক অবস্থার ক্রম-অবনতি লক্ষ্য করিতেছে। আগামী সাধারণ নির্বাচনের প্রাক্কালে দেশবাসী যখন গভীর আগ্রহের সহিত নির্বাচনে সহায়ক সুষ্ঠ গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির জন্য সরকারের আন্তরিক প্রচেষ্টার আশা করিতেছিল, ঠিক সেই মুহূর্তে সরকার কর্তৃক ছাত্র, শ্রমিক এবং রাজনৈতিক নেতৃ ও কর্মীদের উপর সরকারী নির্যাতন ও নিষ্পেষণের খড়গ নামিয়া আসিয়াছে। ব্যাপকহারে সামরিক আইনের অপপ্রয়োগ ঘটাইয়া ছাত্র-শ্রমিক, রাজনৈতিক নেতৃ ও কর্মীবৃন্দকে বিভিন্ন মেয়াদে কারাদন্ডে দন্ডিত করা হইতেছে। অধিকার এবং রুটি-রুজির দাবী তুলিয়া শ্রমিক পাইতেছে কারাদন্ড -বেত্রদন্ড, গুলি, বেয়নেট; খাদ্য ও কর মওকুফের দাবী তুলিয়া কৃষক পাইতেছে চরম নির্যাতন, মেহনতী জনতা বাঁচার নূন্যতম অধিকার চাহিয়া নিষ্পেষিত হইতেছে। সাম্প্রতিককালে ঢাকায় ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ধর্মঘটজনিত পরিস্থিতি, সিদ্ধিরগঞ্জের পাওয়ার ষ্টেশনের শ্রমিকদের শাস্তিদান সম্পর্কিত পরিস্থিতি, গণতান্ত্রিক আন্দোলনের পুরোধা এবং জননেতা এম, এ, আজীজের গ্রেফতারজনিত পরিস্থিতি দেশের জনগণের মধ্যে গভীর ক্ষোভের সঞ্চার করিয়াছে। এই সভা মনে করে যে দেশের ছাত্র-কৃষক-শ্রমিক-মেহনতী জনতা এবং রাজনৈতিক নেতৃ ও কমীবৃন্দেও উপর এই নির্যাতনে পূর্ব পাকিস্তান ছাত্রলীগ নীরব দর্শক হইতে পারে না। যেহেতু পূর্ব পাকিস্তান ছাত্রলীগ দেশের আপামর জনগণের উপর যে কোন মহলের চক্রান্তকে নস্যাৎ করিয়া দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় বদ্ধমূল। এবং যেহেতু সরকারী নির্যাতন এই গণতান্ত্রিক সরকার গঠন তথা নির্বাচনের সহায়ক গণতান্ত্রিক পরিবেশ গঠনের সম্পূর্ণ পরিপন্থী।

উপরোক্ত কারণে এই সভা সরকারের নিকট আগামী ৩১শে জুলাই, ১৯৭০ তারিখের মধ্যে সর্বপ্রকার নির্যাতনমূলক পথ প্রত্যাহার করিয়া নিম্নলিখিত দাবীগুলি পূরণের জোর দাবী জানাইতেছেঃ

(১) জননেতা এম, এ, আজীজ, মন্টু, সেলিম, হোসেন, বিমলসহ সকল ছাত্র-শ্রমিক-রাজনৈতিক বন্দীদের মুক্তি দিতে হইবে।

(২) সকল ছাঁটাইকৃত বা সাসপেন্ডকৃত শ্রমিক বা ৪র্থ শ্রেণীর কর্মচারীকে কাজে পুনর্বহাল করিতে হইবে ও তাহাদের ন্যায্য দাবী মানিয়া লইতে হইবে।

(৩) সকল প্রকার রাজনৈতিক বা ট্রেড ইউনিয়ন কার্যকলাপ সম্পর্কিত গ্রেফতারী পরোয়ানা, হুলিয়া, খসরুর দন্ডাদেশসহ সকল দন্ডাদেশ, মামলা বা নির্যাতনমূলক হয়রানি বন্ধ করিতে হইবে।

(৪)প্রকৌশল বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজসমূহ, নটরডেম কলেজ, নবাবপুর স্কুলসহ প্রদেশের বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠানসমূহ অবিলম্বে খুলিতে হইবে।

অন্যথায় পূর্ব পাকিস্তান ছাত্রলীগ নিজেদের পথ বাছিয়া লইবে এবং দেশব্যাপী তুমূল আন্দোলন গড়িয়া তুলিবে।

সাংগঠনিক প্রস্তাবঃ

(১) অদ্যকার এই সভা এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিতেছে যে, যেহেতু টাঙ্গাইল মহাকুমা শাখা জেলায় রূপান্তরিত হইয়াছে সেহেতু বর্তমান মহকুমা শাখাকে স্বীকৃতি না দিয়া জেলা শাখাকে সরাসরি থানা শাখার সাথে যোগাযোগ করিয়া সাংগঠনিক কার্য পরিচালনা করার নির্দেশ প্রদান করিতেছে।

(২) এই সভা বিভিন্ন জেলা ও মহাকুমা শাখার সভাপতি সাধারণ সম্পাদককে স্ব স্ব জেলা ও মহাকুমার যে সমস্ত ছাত্রলীগ কর্মী ও সামরিক আইনে সাজাপ্রাপ্ত, হুলিয়া ও গ্রেফতারী পরোয়ানা জারি হইয়াছে তাঁহাদের পূর্ণ নাম, সাজার বিবরণসহ ছাত্রলীগ কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণের নির্দেশ প্রদান করিতেছে।

(৩) এই সভা যে সমস্ত জেলা এখনো কেন্দ্রীয় সংসদের প্রতিনিধির নাম প্রেরণ করে নাই সে সমস্ত জেলাকে অবিলম্বে নাম প্রেরণের নির্দেশ প্রদান করিতেছে।

(৪) এই সভা বিভিন্ন জেলা ও মহাকুমা শাখার সভাপতি সাধারণ সম্পাদককে অবিলম্বে ঠিকানা প্রেরণের জন্য নির্দেশ প্রদান করিতেছে।

শাজাহান সিরাজ
সাধারণ সম্পাদক,
পূর্ব পাকিস্তান ছাত্রলীগ।

.....শাখার জ্ঞাতার্থে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য এম, এ, রশীদ এবং রেজাউল হক মোস্তাক দফতর এবং সহ-দপ্তর সম্পাদক, ছাত্রলীগ।

শিরোনাম	সূত্র	তারিখ
‘ শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের আহবান জানিয়ে প্রেসিডেন্ট ইয়াহিয়া’	দ্য ডন	২৯ জুলাই, ১৯৭০

PRESIDENT YAHYA KHAN'S ADDRESS TO NATION
ON JULY 28, 1970

My Dear Countrymen,
Assalam-O- Alaikum.

I have, from time to time, kept the nation abreast of developments in various spheres because people in all walks of life should know about major events as well as decision of the Government on important issues. Many significant events have occurred and decisions have been taken during the past four months. Time has, therefore, come for me to address you again.

New Provinces

Another important event which has taken place since, I spoke to you last is the restoration of pre-1955 provinces in West Pakistan. The decision, as you know was taken some months ago on the basis of the wishes of the people and I am glad to say that it has been possible to achieve the re-establishment of these provinces on the target date. I am sure you appreciate that a great deal of administrative work has gone into giving practical shape to what, a few months ago, was only a wish.

The mere formal restoration of the old provinces, however, is not going to solve any problems. What is required now is to make all-out efforts to examine the reasons why such a step was necessary and how matters can now be improved. The main achievement of this restoration has been to bring the Administration closer to the people in various regions of West Pakistan. It is also to give a greater sense of participation in the happenings in this Wing to the people of far-flung areas. Let me also caution you that what happened on the 1st of July was only the first step. The process of consolidation will continue for months until things really settle down in all sectors of the administrative field. On the one hand, the administration will have to work doubly hard and on the other, the people will have to be patient and make constructive contribution in the fulfillment of the purposes for which separate provinces were restored.

Furthermore, it is extremely important that the restoration of the old provinces must not lead the people of various regions towards the dangerous path of parochialism. All that has happened is that West Pakistan, instead of being one administrative unit, is now composed of tour administrative units. That is all. It has been done for the good of the people. It has been done with the hope that this will help in eradicating suspicions and a sense of deprivation on the part of certain regions of this Wing. In fact it is my firm belief

that when the people begin to manage their own affairs in their provinces, their attitude towards their neighboring and other provinces would be that of brotherliness and co- operation rather than that of hostility and separation.

In practical terms, any tendency to consider anyone who does not happen to be born and brought up within the boundaries of a particular province as an outsider will not be tolerated because as a Pakistani he has an inherent right to live, work and prosper in any part of Pakistan.

Talking on the national plane I am glad to tell you that our election machinery has been working with tremendous zeal and efficiency under the direction of the Chief Election Commissioner.

As you are aware a major portion of the work relating to elections has already been completed by, the Chief Election Commissioner and his staff.

By God's help we have been able to keep to our planning schedule for general elections. The forthcoming election day will indeed be a great day for Pakistan and it is my prayer that it will be a precursor of greater well-being and prosperity for this country.

Talking about elections I might add that it is my firm resolves that these elections are free and fair. To ensure that there is no violence, coercion and other mal-practices during these elections, I shall employ all necessary forces at the disposal of the Government. Now I come to a subject which is both important and of interest to all of us. I mean the political activities that have been taking place in this country during the past few months.

My own assessment of this matter is that after a rather over enthusiastic and violent start which in some ways, was understandable, things have, by and large, settled down. Abuse and counter-abuse have decreased and the use of violence is less evident in public meetings and processions and other political activities. The credit for this can be shared equally by the people, the political leaders and the Administration. The people decried violence, the political leaders saw that such methods were counter-productive and the Administration was understanding yet firm. We must not. however, be complacent and must try to see that violence and other destructive practices are completely eradicated from our political activities.

I would like at this stage to make a comment or two on the substance of what has been happening in the political field. Due to various reasons into which I do not propose to go at this stage. I regret to say that the division between parties has tended to become much too sharp. The uncompromising positions adopted by certain parties will have to be changed and tolerance towards each other is essential if the end product of all the activities of these past few months is to be beneficial to the people of Pakistan and is to contribute towards the integrity of this country. In this connection I would particularly like to mention the need for curbing violence and maintenance of law and order. Let there be no mistake on one point. The country is under Martial Law. The Martial Law authorities, under my directions, have been tolerating a number of actions including statements and speeches which no Martial law regime would have ever tolerated.

Up to now there were very good reasons for this attitude; the main one being that political activity in this country had in the past been curtailed and almost crippled to the extent that without nourishment and encouragement it would never have got off the ground. If the Martial Law authorities had gone strictly by Martial Law Regulations and Orders in every case right from the start, there was a possibility that the main objective of this regime, namely, the transfer of power, would have been unduly delayed and even jeopardized.

The plan under which the Martial Law authorities had, on occasions, to ignore breaches of Martial Law Regulations and Orders has, I know, been misconstrued in certain quarters as weakness. These people did not understand that this attitude was deliberate and was in fact inherent in the situation obtaining in the country. The task of my Government has been a difficult and delicate one. On the one hand we had to keep the forces of disorder in check and on the other, we had to ensure that development of political activity was not discouraged in any way.

Let me at this stage explain to you as to how this regime has tried to bring back political life in this country step by step.

In the first phase which commenced with the imposition of Martial Law and ended round about July 1969 the most important element of this plan was not to ban political parties. I remember that this caused both surprise and relief amongst our political parties, intellectuals and all others interested in this subject. The reason for their being surprised was that, normally speaking, the first action of any Martial Law regime is to ban political parties, for the existence of Martial Law regime side by side with political parties is a most unusual phenomenon. During this phase, however, we took care to see that whilst political parties were not banned, their activities were considerably restricted. This was. of course, deliberate and in keeping with the plan of reviving political life in a gradual manner.

The next phase which lasted from August 1969 to December 1969 saw considerable freedom of action in the political field although certain checks were still maintained. By about this time I had taken and declared decisions on certain major issues such as restoration of pre-1955 Provinces in West Pakistan and one man one vote.

The next phase commenced with the 1st of January this year when full scale political activity was allowed and all restrictions were removed except for certain guidelines which were issued in the form of a Martial Law Regulation.

So you see, the nourishment and bringing up of political activity went hand in hand with certain major decisions which had a direct bearing on such activity. I am happy to note that this main plan of ours has worked out well.

The present is the last phase.

Now that I have prepared the ground in every possible way for a peaceful transfer of power to the elected representatives of the people, there is no further requirement for handling of breaches of Martial Law, such as creating disaffection against the Government, violence and such other crimes, in a soft manner. From now on, in the

interest of our national objectives, we will take strict action against all cases of unlawful behavior. Any breaches of Martial Law Regulations and Orders and all other laws will be dealt with effectively. Having successfully created a sense of confidence in the leaders of political activity, I am now certain that this change of stance on the part of the Government is absolutely essential if we are to have civilized political behavior for this is the only path that leads to the National Assembly and the preparation of a Constitution which would be acceptable to the people of Pakistan.

We have just over two months left for general elections and it is essential that political leaders and political workers exercise due care in what they say and what they do. Democracy pre-supposes tolerance. Let us show that we are fit for democracy by displaying tolerant behavior throughout this election period that is in front of us. Accusing each other and accusing the Government will not get any one anywhere.

As we approach, the date of our general elections it is imperative that our leaders channelize the nation's political energy into civilized and constructive lines.

If this is done, we can look to the future with confidence.

I have said it before and I want to say it again that the tendency to have double standards in the matter of law and order must be curbed. You cannot on the one hand, ask the Government to create peaceful conditions in the country and, on the other, raise a hue and cry of law breakers who are arrested and dealt with. Political leaders must realize that all are equal in the eyes of law.

I might tell you that this lawlessness in certain areas and by certain groups has resulted in the issuance by me of a very clear direction to Governors as well as the Martial Law Administrators of all Provinces and Zones to make the maintenance of law and order their first and foremost concern. They have been directed to take speedy, firm and effective action against any kind of lawlessness. Those who deliberately and systematically try to break the law and create confusion and instability are the enemies of the people. I am glad to note that the people have now begun to realize this fact and on a number of occasions have themselves decried calls for general strikes which disrupt normal life and have condemned attacks on the economy of the country. Let there be no mistake: the people and the Government are one on this issue. The law breaker will be given no quarter by the people and the Administration.

We have set ourselves certain clear cut goals including that of the restoration of democracy in this country. We will not allow anyone to come in the way of the achievement of this objective because this is what the people of Pakistan want and this is what I have pledged to give them.

Since I last spoke to you, there have been anti-muslim riots in the Indian State of Maharashtra resulting in serious loss of life and the uprooting of thousands of innocent and unfortunate members of the Muslim minority in India.

I know how deeply disturbed our people have been over these tragic events which have shocked the conscience of the world. In addition to India's obligations under the Liaquat-Nehru Pact of 1950, the protection of the life and property of the Muslim

minority in India is indeed a matter of concern for the entire international community, because it is essentially a question of projection of human and fundamental rights. We earnestly hope that the Government of India would lake strong steps to afford adequate protection to the Muslims in India, as indeed to all minorities in that country.

It is our sincere desire to promote good neighborly relations with India. It is, however, regrettable that our main disputes with her, which are the root cause of bad blood between our two countries, remain unsettled.

In the recently concluded talks on Farakka, India has at least conceded our right to the Ganges waters, although the question of quantum has still been left undecided. That is the crux of the problem.

It is unfortunate that India has not shown any inclination for the settlement of the Kashmir dispute. International disputes of this nature must be resolved on the basis of equity and justice and respect for international agreements. A mere repetition by one party that the dispute does not exist or has resolved itself does not make it vanish into thin air. It continues to exist and cries out for a proper solution acceptable to the parties to the dispute.

In the Middle East, our Arab brethren are continuing their struggle to assert their inalienable rights. We fully support their resolve to resist aggression.

Our co-operation with the brotherly countries of Iran and Turkey continues to attain new dimensions. In May this year, I met His Imperial Majesty the Shahanshah of Iran and His Excellency the President of Turkey in Izmir. We were all glad to find ourselves in unison on many issues facing the world. Our three countries are dedicated to work for peace in our region as well as in the world. We recognize the basic need for relying on ourselves and are exerting together to bring about a rapid improvement in the standard of living of our peoples. This common endeavor has further strengthened our solidarity.

Finally a word of caution. The people of this country are, by and large, fully capable of identifying dangers and pit-falls that exist in empty slogans and tall promises. I would, therefore, expect those who aspire to administer this country in the future to explain the realities of the national's' economic, social and political ills as well as the limitations that a developing country tends to suffer from. There is no magic wand which can resolve difficult problems overnight. Future leaders and administrators must understand that it is only careful planning and hard work which result in benefits for the people. Developing countries must be prepared to undergo hardships and sacrifices in order to achieve an honorable and respectable place in the comity of nations. The road to prosperity is a long and arduous one. There are no short cuts. Political leaders must have the courage to explain hard realities to the people and to avoid making statements which might mislead them. They are not prepared to accept hollow claims. They have a right to demand, and they will demand honesty in word as well as in deed from their leaders.

My dear countrymen, there are just over two months left for general elections. This is the first time that the entire country will go to polls on the basis of adult franchise and elect their representatives who. as their first task, will make the Constitution for Pakistan and then later form the Centre Legislative Assembly.

This period is of great importance and the future of the country will depend a lot on how each one of us conducts himself. Every voter must appreciate the value and importance of his vote and cast it in favor of men who will serve this country in a selfless and patriotic manner. The political parties and the candidates will have to show that they are men on whom the electorate can rely.

Above all, during this period there is need for a great deal of self-discipline on everybody's part. The Administration will naturally do its best to keep the atmosphere peaceful and tranquil. But in this task they will need the active assistance and full co-operation of every one of you. I have no doubt that such assistance and co-operation will be forthcoming.

Let me congratulate you on what has been achieved so far and wish you every success in our great endeavor, so, go forth and participate in the great and challenging task of national polls with confidence in yourself and full faith in Almighty Allah.

Khuda Hafiz.

Pakistan Paindabad.

শিরোনাম	সূত্র	তারিখ
'পাকিস্তান-দেশ ও কৃষ্টি' বই বাতিলের দাবীতে ছাত্র জমায়েত	স্কুলছাত্র সংগ্রাম পরিষদ	৫ আগষ্ট, ১৯৭০

''পাকিস্তান-দেশ ও কৃষ্টি'' বই বাতিল ও শিক্ষা সমস্যা সমাধানের দাবীতে ৬ই আগষ্ট বৃহস্পতিবার বেলা ১১টায় শহীদ মিনারে ছাত্র জমায়েত

সংগ্রামী ভাই-বোনেরা,

দীর্ঘ দিন ধরে আমাদের দেশের ছাত্রসমাজ শিক্ষাজীবনের সংকট দূর করে একটি সার্বজনীন সুলভ, গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ ও বৈজ্ঞানিক শিক্ষাব্যবস্থার দাবীতে সংগ্রাম করছে। কিন্তু স্বাধীনতার ২৩ বৎসর পরও আমাদের ন্যায্য দাবী পদদলিত। আজ পর্যন্ত কোন সরকারই শিক্ষা ব্যবস্থা সমস্যার সমাধান করে নাই, উপরন্তু বিভিন্ন সময়ে নতুন নতুন সংকট সৃষ্টি করেছে।

শিক্ষার বিস্তারের জন্য ছাত্রসমাজ ছাত্রদের উপর থেকে সিলেবাসের বোঝা কমিয়ে একটি বৈজ্ঞানিক সিলেবাস প্রবর্তনের দাবী জানিয়েছে। কিন্তু কোন সরকারই আমাদের কথায় কান দেয় নাই, বরং সিলেবাসের বোঝা দিন দিন অবৈজ্ঞানিকভাবে বৃদ্ধি করা হচ্ছে। সম্প্রতি স্কুলের নবম ও দশম শ্রেণীর ছাত্রদের উপর ''পাকিস্তান-দেশ ও কৃষ্টি'' বইটি চাপিয়ে দেওয়া হয়েছে। সিলেবাসের এই নতুন বোঝার দ্বারা সুকৌশলে শিক্ষার বিস্তারকে রোধ করার প্রচেষ্টা চালান হচ্ছে। অন্য দিকে এই বই-এ অন্তভূর্ক্ত বিভিন্ন সাম্প্রদায়িক ও বিকৃত তথ্য পরিবেশনের মাধ্যমে ছাত্র সমাজকে সাম্প্রদায়িকতা শিক্ষা দেওয়া হচ্ছে। মুখে বিজ্ঞান ও কারিগরি শিক্ষার প্রয়োজনীয়তা স্বীকার করলেও ''পাকিস্তান-দেশ ও কৃষ্টি'' চাপিয়ে দেওয়ার জন্য বিজ্ঞান ছাত্রদের প্র্যাকটিক্যাল শিক্ষার সময় ও সুযোগ সীমিত করে দিয়েছে। সরকারের এই তোগলোক নীতির ফলে সমস্ত দেশের স্কুলের ছাত্রছাত্রীদের শিক্ষাজীবনে এক চরম সংকট সৃষ্টি হয়েছে। ছাত্রদের স্বতঃস্ফূর্ত বিক্ষোভের ফলে সরকার এই বই- এর দ্বিতীয় অংশ বাতিল করলেও আজও ছাত্রদের মাথায় বাধতামূলকভাবে চাপিয়ে রেখেছে এই বই-এর প্রথম অংশটি।

এ ছাড়াও, ভর্তি সমস্যা, পর্যাপ্ত স্কুল কলেজের অভাব, জগন্নাথ কলেজসহ প্রদেশের বিভিন্ন কলেজকে প্রাদেশিকীকরণজনিত সমস্যা, হল-হোস্টলের অভাব, ডাইনিং হল সমস্যা, অতিরিক্ত ফুডচার্জ প্রভৃতি বিবিধ সমস্যা ছাত্রদের শিক্ষাজীবনে সংকট করে চলেছে।

শিক্ষাজীবনের এই সংকট দূর করার জন্য এবং গণমুখী শিক্ষাব্যবস্থা গড়ে তোলার জন্য ছাত্রসমাজকে ঐক্যবদ্ধভাবে দুর্বার সংগ্রামের পথে এগিয়ে আসতে হবে। ঐক্যবদ্ধ সংগ্রাম ছাড়া অধিকার প্রতিষ্ঠা করা যায় না। আসুন, শিক্ষার সংকট মোচনের জন্য, গণমুখী শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার জন্য এবং ''পাকিস্তান-দেশ ও কৃষ্টি'' বই বাতিল করার জন্য ঐক্যবদ্ধভাবে সংগ্রামের পথে অগ্রসর হই।

বন্ধুগণ,

তাই আসুন আগামী ৬ই আগষ্ট বৃহস্পতিবার বেলা ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনারে জমায়েত ও বিক্ষোভ মিছিলকে সাফল্যমন্ডিত করিয়া তুলি।

স্কুলছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক আহূত

ও

পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন সমর্থিত।

শিরোনাম	সূত্র	তারিখ
প্রেসিডেন্ট ইয়াহিয়া কর্তৃক নির্বাচনের তারিখ পরিবর্তন	দ্য ডন	১৬ আগষ্ট, ১৯৭০

ELECTIONS SHIFTED TO DECEMBER
Decision due to floods

Dacca, Aug. 15: The President, Gen. A. M. Madhya Khan today announced the postponement of countrywide general elections, originally fixed for October 5, till December 7, this year, in view of the unprecedented flood situation in East Pakistan.

The new date of elections to the National Assembly was fixed for December 7, while the elections to the provincial assemblies would be held not later than December 19.

In a statement the President said that the decision to postpone the dates for elections had been taken "after very careful consideration" of various factors arising out of the unprecedented flood situation in East Pakistan.

He said the forthcoming elections were of supreme importance for the future of Pakistan and as such it was essential that the maximum number of people participated in the polls. He said it now appeared certain that unless election were postponed, it would not be possible to ensure this.

Gen. Yahya said the Government machinery, which would carry out various functions connected with the elections, was now fully occupied with the very important work of flood relief and practically the entire complement of the provincial Government, from the highest to the lowest, would continue to be engaged in relief work for months. It was, therefore, a question of weighing the relative importance and urgency of relief work and election work.

The President declared he did not have the slightest hesitation in deciding that the alleviation of human misery must take precedence over everything else. The flood waters might start receding soon, but there would always be the possibility of a second flood in September. In this state of uncertainty it was impossible to predict if conditions would be suitable for elections on October 5, the President said. It was, therefore, considered necessary to shift the date in such a manner as to ensure minimum interference in the holding of the national polls.

Explaining the difficulty in holding the elections on the original date, Gen. Yahya said for the purpose of holding elections the Chief Election Commissioner had to use practically the entire Government machinery. Officials at various levels had to perform different functions. The Subdivisional Officers and Circle Officers would have to carry out the duties of Returning Officers and Assistant Returning Officers.

The polling booths had to be established in various localities and many other related steps had to be taken. But the machinery, which would carry out various functions

connected with the elections, was presently fully occupied with the very important work of Hood relief.

The President further said that a large section of the population had to be evacuated to safer areas. It was not certain if they would be available in their constituencies for voting on the originally appointed date. The danger of epidemics loomed large and while everything would be done to ensure that these did not spread, it could not but cause some uncertainty about the suitability of October 5 as the election date.

শিরোনাম	সূত্র	তারিখ
১৭ই সেপ্টেম্বর শিক্ষা দিবস পালন করার আহবান	চারিটি ছাত্র সংগঠনের যৌথ প্রচারপত্র	১৪ই সেপ্টেম্বর, ১৯৭০

অমর ১৭ই সেপ্টেম্বর শিক্ষা দিবস পালন করুন

সংগ্রামী ভাই ও বোনেরা,

বছরান্তে ১৭ই সেপ্টেম্বরের রক্ত স্মৃতি বিজড়িত মহান শিক্ষা দিবস ঘুরিয়া আসিতেছে। এই দিনে ১৯৬২ সালে স্বৈরাচারী আইয়ুব সরকারের প্রতিক্রিয়াশীল শিক্ষা কমিশন রিপোর্ট বিরোধী আন্দোলনে ছোট ভাই বাবুল, ওয়াজিউল্লাহ, মোস্তফা শহীদ হইয়াছিলেন। তাই প্রতি বৎসরই পূর্ব পাকিস্তানের ছাত্রসমাজ পূর্ণ মর্যাদার সহিত ১৭ই সেপ্টেম্বর ''শিক্ষা দিবস''পালন করিয়া আসিতেছে। শহীদের রক্ত স্মৃতিবিজড়িত এই দিবসে পূর্ব পাকিস্তানের ছাত্রসমাজ শহীদানের স্মৃতি শ্রদ্ধার সহিত স্মরণ করিবে এবং সেই সঙ্গে গণতান্ত্রিক, বিজ্ঞানসম্মত, ধর্মনিরপেক্ষ, গণমুখী ও সুলভ শিক্ষানীতি কায়েমের জন্য শপথ গ্রহণ করিবে। এই দিবসটি যথাযোগ্য মর্যদার সহিত পালনের জন্য আমরা সারা পূর্ব পাকিস্তানের সকল ছাত্র-ছাত্রী ভাইবোনদের প্রতি আবেদন জানাইতেছি।

পূর্ব পাকিস্তানের ছাত্র সমাজ ১৭ই সেপ্টেম্বরকে শিক্ষা দিবস হিসাবে সকল স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ছুটির দিন ঘোষণার দাবী প্রথম হইতেই করিয়া আসিতেছে। কিন্তু জাতীয় শিক্ষা কমিশন রির্পোটের উদ্যোক্তা একনায়কত্ববাদী আইয়ুব সরকার শক্তির বলে ছাত্রদের এই দাবী অমান্য করিয়া আসিয়াছে এবং জাতীয় শিক্ষা কমিশন রির্পোট বাতিলেও অস্বীকৃতি জানাইয়াছে। ফলে প্রতি বৎসরই ছাত্রসমাজ বাধ্য হইয়াই ১৭ই সেপ্টেম্বর ধর্মঘট করিয়া আসিয়াছে এবং এইভাবে ও অন্যান্য কর্মসূচীর মাধ্যমে ১৭ই সেপ্টেম্বর পালন করিয়াছে। কারণ ইহা খুবই পরিষ্কার কথা যে শিক্ষার দাবীতে সেদিনটিতে আমাদের তিনজন ভাই পুলিশ, ই,পি,আর বাহিনীর গুলিতে শহীদ হইয়াছিল, সেই দিবসে ছাত্রসমাজের পক্ষে ক্লাসে অংশগ্রহণ করিয়া শহীদানের স্মৃতির প্রতি অমর্যাদা প্রদর্শন করিতে না পারে।

বর্তমান দেশের অবস্থার অনেক পরিবর্তন ঘটিয়াছে এবং একনায়কত্ববাদী আইয়ুব সরকার ইতিহাসের আঁস্তাকুড়ে নিক্ষিপ্ত হইয়াছে। আইয়ুব সরকারের জাতীয় শিক্ষা কমিশন রির্পোট শিক্ষা জীবনে যে কিরূপ সংকট সৃষ্টি করিয়াছে এবং শিক্ষা সংস্কারের নামে আইয়ুবের শিক্ষানীতি যে একটি শিক্ষা ধ্বংসের ষড়যন্ত্র ছিল বর্তমান সরকার উহা নীতিগত স্বীকৃতি দিয়াছেন। এবং আইয়ুবের শিক্ষা কমিশন রির্পোট ও কার্য্যতঃ বাতিল হইয়া গিয়াছে। বর্তমান সরকার একটি নতুন শিক্ষানীতি প্রণয়নে উদ্যোগী হইয়াছেন। অথচ এই কারণেই ১৯৬২ সালে আমাদের ভাইদের পুলিশ ও ই,পি,আর বাহিনীর গুলিতে প্রাণ বিসর্জন দিতে হইয়াছে। কাজেই বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে বর্তমান শাসন কর্তৃপক্ষকে আমরা আহবান জানাইতেছি যে, ১৭ই সেপ্টেম্বরকে শিক্ষা দিবস উপলক্ষে হিসাবে ঘোষণা করুন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সরকারী ছুটি ঘোষণা করুন।

ছাত্র সমাজের প্রতি আমরা আবেদন জানাইতেছি যে, অমর ১৭ই সেপ্টেম্বর শিক্ষা দিবসের সকল কর্মসূচীকে সাফল্যমন্ডিত করুন।

ঢাকা শহরের কর্মসূচীঃ

০ ১৫ই সেপ্টেম্বর সোমবার বিকাল ৪টায় মধুর ক্যান্টিনে সর্বদলীয় ছাত্রসভা ও কালোব্যাজ বিতরণ।

- ১৬ই সেপ্টেম্বর মঙ্গলবার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রসভা এবং সন্ধ্যায় হলে ও হোষ্টেলে সভা ও শপথ গ্রহণ।
- ১৭ই সেপ্টেম্বর বুধবার ভোরে প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠানে কালো পতাকা উত্তোলন, যথাযোগ্য মর্যাদার সহিত শিক্ষা দিবস পালন,বেলা ১১-৩০ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয় নয়া কলা ভবনে সাধারণ ছাত্র সভা।

শামসুদ্দোহা
সভাপতি,
পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন

তোফায়েল আহমেদ
সভাপতি,
পূর্ব পাকিস্তান ছাত্রলীগ।

মোস্তফা জামাল হায়দার
সভাপতি,
পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন।

ইব্রাহীম খলিল
সভাপতি,
জাতীয় ছাত্র ফেডারেশন।

নূরুল ইসলাম
সাধারণ সম্পাদক,
পূর্ব পাকিস্তান ছাত্র

আ,শ,ম আবদুর রব
সাধারণ সম্পাদক,
পূর্ব পাকিস্তান ছাত্রলীগ

মাহবুব উল্লাহ
সাধারণ সম্পাদক,
পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন।

ফখরুল ইসলাম
সাধারণ সম্পাদক
জাতীয় ছাত্র ইউনিয়ন
ফেডারেশন।

শিরোনাম	সূত্র	তারিখ
শিক্ষা দিবসে ছাত্রলীগের সভার প্রস্তাবাবলী	পূর্ব পাকিস্তান ছাত্রলীগের সার্কুলার (কেন্দ্রীয় সংসদ)	১৭ সেপ্টেম্ব, ১৯৭০

আজকের বটতলার ছাত্রসভার প্রস্তাবাবলী

বিশেষ প্রস্তাব

ঘুমের দেশের মানুষের ঘুম ভাংগাইতে যাইতে সোনার বাংলার যে সকল সোনার ছেলে স্বৈরাচারী আইয়ুব সরকারের লেলুয়া পুলিশ বাহিনীর গুলিতে ১৯৬২ সালের ১৭ই সেপ্টেম্বর চিরকালের জন্য ঘুমাইয়া পরিয়াছেন, আজকের এই মহতী সভা মোস্তফা, বাবুল, ওয়াজিউল্লাহসহ সেই সকল বীর শহীদানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করিতেছে। পূর্ব পাকিস্তান ছাত্রলীগ মনে করে যে, সেদিন জাতীয় শিক্ষা কমিশনের প্রতিক্রিয়াশীল শিক্ষানীতিকে প্রতিহত করিতে গিয়া যাহারা নিহত হইয়াছেন তাহারা দেশ ও জাতির কল্যান, গণমুখী, গণতান্ত্রিক, সহজলভ্য, বৈজ্ঞানিক, ধর্মনিরপেক্ষ শিক্ষানীতি কায়েম এবং ভবিষ্যৎ বংশধরগণের মঙ্গল কামনায়ই আত্মাহুতি দিয়াছেন। এই মহতী সভা পুনরায় তাহাদের মহান স্মৃতিকে স্মরন করিয়া শপথ গ্রহণ করিতেছে যে, যতদিন শহীদের আরব্ধ কার্য সম্পাদিত না হবে, ততদিন যে কোন ত্যাগের বিনিময়ে ছাত্রলীগ সংগ্রাম চালাইয়া যাইবে।

রাজনৈতিক প্রস্তাব

এই মহতী সভা গভীর উদ্বেগের সহিত দেশের বর্তমান রাজনৈতিক অবস্থা পর্যবেক্ষণ করিতেছে। আগামী ৭ই ডিসেম্বর জাতীয় নির্বাচনের তারিখ ঘোষণা করা হইলেও নির্বাচনকে বানচাল করার জন্য চরম প্রতিক্রিয়াশীল ডানপন্থী গোষ্ঠী, অতিবিপ্লবী হটকারী বামপন্থী গোষ্ঠী, এক শ্রেণীর সরকারী আমলারা এবং গণবিরোধী অশুভ শক্তি যেমন পাঞ্জাবী পুজিঁপতি, সামন্তপ্রভু, জোতদার, জমিদার যুগপৎ প্রচেষ্টা চালাইয়া যাইতেছে। নির্বাচনে নিশ্চিত ভরাডুবি লক্ষ্য করিয়া উস্কানিমূলক আচরণ শুরু করিয়াছে, সামরিক আইনের ব্যাপক অপপ্রয়োগ ঘটাইয়া শত শত রাজনৈতিক নেতৃবৃন্দ ও কর্মী, ছাত্রলীগ সদস্যসহ বিপুলসংখ্যক ছাত্রকর্মী, শ্রমিককে আজ গ্রেফতার করা হইতেছে, হুলিয়া জারি করিয়া হয়রানী করা হাইতেছে। বস্তুতঃপক্ষে আগামী নির্বাচনের জন্য অপরিহার্য সুষ্ঠু গণতান্ত্রিক পরিকেবশ আজ মারাত্মকভাবে ব্যাহত। আমরা মনে করি আগামী নির্বাচন কোন ক্ষমতা দখলের নির্বাচন নয়, বরং ৬-দফা ভিত্তিক স্বায়ত্বশাসন, ১১-দফার সত্যিকারের সমর্থকদের পক্ষে রায় ঘোষণার জন্য এই সভী দেশবাসীর প্রতি আকুল আবেদন জানাইতেছে। সংগে সংগে নির্বাচনের জন্য অপরিহার্য সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশের অভাব দেশবাসী মর্মে মর্মে অনুভব করিতেছে। নির্বাচনকে অবাধ, নিরপেক্ষ এবং সফল করার জন্য এই মহতী সভা দেশবাসীর পক্ষ হইতে নিম্ন লিখিত দাবীগুলি মানিয়া নিবার জন্য সরকারের নিকট জোর দাবী জানাইতেছেঃ

(ক) অবিলম্বে পাইকারী হারে ছাত্র, শ্রমিক, রাজনৈতিক নেতা ও কর্মীদেরকে গ্রেফতার বন্ধ করা হউক, ছাত্রলীগ সহ- সভাপতি নজরুল ইসলাম, মোহাম্মদ হোসেন, তোহা গাজী, সরদার রশীদ, বিমল দাস, মন্টু, সেলিমসহ সকল রাজবন্দীদের মুক্তি দেওয়া হউক, দায়েরকৃত মামলা প্রত্যাহার করা হউক ও খসরুসহ দাজ্ঞা প্রাপ্তদের দন্ডাদেশ মওকুফ করা হউক এবং শ্রমিক ছাঁটাই বন্ধ করা হউক, লক আউট, লে-অফ প্রত্যাহার করা হউক, ধর্মঘটী শ্রমিকদের দাবী-দাওয়া মানিয়া লওয়া হউক।

(খ) নির্বাচনকে সুষ্ঠু করার জন্য সরকারী প্রচারযন্ত্র, প্রশাসনযন্ত্র এবং গণবিরোধী অতি উৎসাহী আমলাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করিয়া সরকারি ভূমিকা সম্পূর্ণ দলনিরপেক্ষ করা হউক।

(গ) সামরিক আইন প্রত্যাহার করিয়া পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ ফিরাইয়া আনা হউক।

(ঘ) সর্বোপরি গণপরিষদের সার্বভৌমত্ব খর্বকারী আইনগত কাঠামো আদেশের ২০, ২৫ ও ২৭নং ধারা সংযোজিত থাকায় জনগণের সার্বভৌম অধিকার হরণকারী আইনগত কাঠামো আদেশ, ১৯৭০ প্রত্যাহার করা হউক।

শিক্ষা সমস্যাঃ

প্রদেশের শিক্ষাক্ষেত্রে আজ মারাত্মক সংকট সৃষ্টি হইয়াছে। উচ্চ শিক্ষার্থে বিশ্ববিদ্যালয়সমূহ এবং কারিগরি শিক্ষায়তনসমূহে প্রাপ্ত আসন সংখ্যার প্রায় চার গুন ছাত্র-ছাত্রী দরখাস্ত পেশ করিয়াছেন। সিলেবাসের বোঝা ছাত্র-ছাত্রীদের সুষ্ঠু শিক্ষা জীবনকে পঙ্গু করিতে চলিয়াছে। সম্প্রতি 'পাকিস্তান দেশ ও কৃষ্টি' নামক একখানি পুস্তক স্কুল ছাত্রদের উপর চাপাইয়া দিয়া শুধু সিলেবাসের কলেবরই বৃদ্ধি করা হয় নাই বাংলা ও বাঙ্গালীর কৃষ্টি, সংস্কৃতি এবং ঐতিহ্যেরও অবমাননা করা হইয়াছে। ছাত্র বেতন বৃদ্ধি, শিক্ষামূলক বৃত্তি বৃদ্ধিতে হড়িমসি এবং জগন্নাথ কলেজসহ প্রদেশের সচ্ছল কলেজগুলির প্রাদেশীকরণ অদ্যাবধি প্রত্যাহার করা হয় নাই। অদ্যকার এই সভা গভীর উদ্বেগের সহিত শিক্ষা ক্ষেত্রে সৃষ্ট এই সংকট অবলোকন করিয়া অবিলম্বে দেশব্যাপি শিক্ষা ক্ষেত্রের সকল সংকট অবসানের জন্য নিম্নলিখিত দাবীগুলি মানিয়া লইবার জন্য সরকারের নিকট জোর দাবী জানাইতেছেঃ

(ক) সম্পূর্ণ গণতান্ত্রিক পরিবেশে শিক্ষক, ছাত্র, বুদ্ধিজীবী, অভিভাবক ও ছাত্র প্রতিনিধিদের সমন্বয়ে নতুন শিক্ষা কমিশন গঠন করিয়া গণতান্ত্রিক, সহজলভ্য, গণমূখী, বৈজ্ঞানিক এবং ধর্মনিরপেক্ষ শিক্ষানীতি প্রণয়ন করা হউক।

(খ) 'পাকিস্তান-দেশ ও কৃষ্টি' পুস্তকটি বাতিল করা হউক এবং ব্যাবহারিক বিজ্ঞানে ২৫ নম্বর চালু করা হউক।

(গ) জগন্নাথ কলেজসহ সচ্ছল কলেজগুলির প্রাদেশিকীকরণ বাতিল করিয়া নতুন সরকারি কলেজ স্থাপন করা হউক।

(ঘ) ঢাকা বিশ্ববিদ্যালয়সহ প্রদেশের সকল বিশ্ববিদ্যালয়ের আসন সংখ্যা প্রতি বিভাগে বৃদ্ধি করা হোক, নৈশ বিভাগ চালু করা হোক, বৃত্তিমূলক শিক্ষার সম্প্রসারণ করা হোক এবং উচ্চ শিক্ষা গ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীদের ভর্তির সুবন্দোবস্ত করা হউক, আবাসিক সমস্যা সমাধানের জন্য আরও অধিক হল, হোস্টেল নির্মান করা হউক।

(ঙ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ রূপদান করা হউক এবং চলতি বছর হইতেই ঢাকায় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তি শুরু করা হউক।

অর্থনৈতিক অবস্থাঃ

বাংলার অর্থনৈতিক অবস্থা আজ চরম বিপর্যয়ের সম্মুখীন। বন্যার রুদ্র তান্ডবে বাঙালী আজ গৃহহারা। বন্যা নিয়াছে ক্ষেত্রে ফসল, গোয়ালের গরু। বন্যা উপদ্রুত অঞ্চলে মুনাফাখোরী, মজুতদারী গোষ্ঠির চক্রান্তের ফলে

দ্রব্যমল্যের উর্ধগতি দেশবাসিকে বিপর্যস্ত করিয়াছে এবং ঐ সকল অঞ্চলে রিলিফ ব্যবস্থার অপর্যাপ্ততা, মহামারী প্রতিরোধ, মেডিকেল ব্যবস্থার অভাব সারা বাংলার পরিস্থিতিকে বিষময় করিয়া তুলেয়াছে। বস্তুতঃপক্ষে সারা বাংলাদেশে আজ চরম দুর্ভিক্ষ অবস্থা বিরাজ করিতেছে। এই সভা গভীর উদ্বেগের সহিত প্রদেশের অর্থনৈতিক ব্যবস্থার ক্রম অবনতি লক্ষ্য করিয়া উহার আশু নিরসনের জন্য সরকারের নিকট নিম্ন লিখিত দাবীগুলি পূরণের জোর দাবী জানাইতেছেঃ

(ক) অবিলম্বে দেশীয় ও বৈদেশিক সাহায্যের সমন্বয়ে তহবিল গঠন করিয়া ক্রুগ্ব মিশন পরিকল্পনা বাস্তবায়িত করা হউক।

(খ) বন্যা উপদ্রুত অঞ্চলে মেডিকেল স্কোয়াড ও পর্যাপ্ত রিলিফ প্রদান করা হউক এবং মুনাফাখোরী, মজুতদারী ও রিলিফ দ্রব্যের অপব্যবহারকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হউক।

গ) সারা বাংলাদেশে দুর্ভিক্ষ অবস্থা ঘোষণা করিয়া পূর্ণ রেশনিং চালু করা হোক, গ্রামে গ্রামে লঙ্গরখানা খোলা হউক, বিনামূল্যে খাদ্যশস্য বিতরন করা হউক এবং কৃষকদের খাজনা, ট্যাক্স এবং সার্টিফিকেট জারি সম্পূর্ণ বন্ধ করা হউক।

(ঘ) দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধ করিয়া সাধারণ লোকের ক্রয়ক্ষমতার উন্নতি বিধান করা হউক।

(ঙ) শ্রমিকদের ৫-দফা মানিয়া লইয়া সাধারণ শ্রমিকদেরকে বাচাঁর অধিকার প্রদান করা হউক।

সংগ্রামের ডাকঃ

অদ্যকার মহান শিক্ষা দিবসে এই মহতি সভা দলমত নির্বিশেষে দেশের বর্তমান শিক্ষা, রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যার আলোকে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে জনতার সংগ্রামী ঐক্য গড়িয়া তোলার জন্য ছাত্র-শ্রমিক-কৃষকসহ সর্বশ্রেণীর জনতার প্রতি আহবান জানাইতেছে। এই মহতী সভা মনে করে যে, নির্বাচন আন্দোলনের অন্যতম পন্থা এবং এই কারণেই নির্বাচনে জনগণের রায়ে কোন মত ও পথ জনগণ সমর্থন করে তাহাও সুস্পষ্ট হইবে। অতএব কোন চক্রান্তের ফলে যদি আগামী সাধারণ নির্বাচনের রায়কে অগ্রাহ্য করা হয় তাহা হইলে দুর্বার গণ-আন্দোলনের মাধ্যমে আগামীতে বাংলার জনগণের সঠিক মুক্তির দাবী প্রতিষ্ঠার জন্য দেশবাসীর নিকট এই সভা আকুল আবেদন জানাইতেছে এবং যে কোন ত্যাগের জন্য প্রস্তুতি গ্রহণের জন্য এদেশের সংগ্রামী জনতার প্রতি এই সভা আবেদন জানাইতেছে।

প্রেরক-

এম, এ, রশীদ

দপ্তর সম্পাদক

পূর্ব পাকিস্তান ছাত্রলীগ।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব -পাকিস্তানের দাবীর সমর্থনে সম্পাদকীয়	সাপ্তাহিক 'ফোরাম'	১৯ সেপ্টেম্বর, ১৯৭০

INTEGRATING PAKISTAN

West Pakistanis reading *forum* must feel that we are too obsessed with East Pakistan's sense of alienation from power and justice. Living here it would be difficult not to be. Two decades is a long time for an entire people to be denied a patrimony for which they waged ceaseless political battle for half a century. But this sense of commitment should not give the impression that we are oblivious of the myriad and deep rooted grievances of our brothers in West Pakistan. Tyranny which has deprived East Pakistan of its rights sits as heavily on the 'Shorbohara' of West Pakistan.

The struggle for the rights of East Pakistan must always be seen as part of the wider struggle against the power elite which has ruled this country for two decades. This elite, as a result of historical circumstance, lives in West Pakistan but its basic commitment lies to its own narrow class interests rather than the people of West Pakistan.

Throughout this struggle it has become apparent that the real obstacle to diverting development resources to East Pakistan has not been the common people of West Pakistan but the big business and zamindar interests. Their lackeys in the Central Bureaucracy, who also have their homes in West Pakistan, have made sure that their burden of taxation is never strained by the need to direct resources for the development of the East Wing. Whilst they enjoy their tax free loot the privileged elite are guaranteed command over low-cost foreign aid, cheap money, protected markets and cut price labor through the deliberate policies of their bureaucratic blood brothers. It is no coincidence that the rise of the 22 families coincided with the widening of disparities.

This unity of interests between the peoples of East and West Pakistan does not however mean that the struggle will or even ought to run in identical channels. Whilst the privileged elite bestrides the two wings of Pakistan like a colossus its power is not equally secure in either region.

In East Pakistan they constitute an alien graft whose survival is largely equated with the domination of the West wing power elite over East Pakistan. The local compradors who act as their front men are themselves so feeble that they can promise no continuity once the protective umbrella of a strong centre is withdrawn. Once their financial ballast is removed the East wing capitalists will be fair game for the aroused social consciousness of the people. This miserable clutch of petty larcenists and time servers is not the stuff from which Robber Barons are made. It will take more than two decades of spoon feeding to raise them to baronial status. Who can wait that long? Let them be swept away with the same broom which wins East Pakistan its economic emancipation from Mc-Leod Road and let our industrial and commercial wealth become the property of the people.

In West Pakistan unfortunately the roots of exploitation run deeper. The Zamindar who dominates the and has ruled these regions first as an agent of the British and then in his own right for over a century. No mere parliament or constitutional development is going to demolish his power. Rural West Pakistan will have to wade through a sea of strife before this class relaxes its hold on the land. It is only when the peasant wins his land, when the link between the bureaucrat and the Zamindar is broken, that true democracy can take root in the village and consequently in West Pakistan.

To the same extent Big Business is equally entrenched. Whilst he began as an immigre junior partner in the ruling alliance, he has worked his way to senior status. Today he owns land and has Zamindars as his partners in industry as well as the cocktail lounge. Bureaucrats rise and fall at his whim as their alliance is fertilized by blood and money. No legislative bill will nationalize even a single shop in West Pakistan let alone banks and industry, until this closely knit alliance is broken. Many battles will have to be fought and these not at the polls, before this lot hands over the keys to the safe.

This is not to say that the last uprising has not shaken their confidence. The more farsighted of the 22 families are already expanding their operations to the international sphere in anticipation of the moment of reckoning. But they still feel that this is yet to come and will spend freely to defer it. Before the final pull out they will however go down with guns firing, in the knowledge that the zamindars and bureaucrats will be besides them at the barricades.

Autonomy for East Pakistan and from their social revolution can be a lot closer than for the West. This however should not minimize the commitment of the people in the West to our struggle. In East Pakistan, for the first time the grip of the power elite stands to be broken. Their first defeat will demoralize them as much as it will inspire the people of West Pakistan. With their pastures of exploitation seriously narrowed by the loss of East Pakistan they will have to intensify their exploitation of the West to compensate themselves. This will merely heighten the contradictions within West wing society at a time when the people's consciousness is at high tide. The confrontation may be violent but no one will deny that it will come sooner, once their hold begins to disintegrate in one wing. When people today talk of the unity and integrity of Pakistan what they really fear for is the unity and integrity of the exploiting class. Amongst the people of both wings there will always be unity. Let them unite in the common struggle for justice to East Pakistan and social revolution for the nation.

শিরোনাম	সূত্র	তারিখ
জনগণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার আহবান জানিয়ে পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন	পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন	২অক্টোবর, ১৯৭০

।। মেহনতী জনতার সাথে একাত্ম হও ।।

২রা অক্টোবরের গণসমাবেশে উপস্থিত কৃষক-শ্রমিক মেহনতি জনতার প্রতি

পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন

সংগ্রামী বন্ধুগণ,

কৃষক সমিতির সভাপতি মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর ডাকে আপনারা গ্রাম-বাংলার অগণিত ভুখা-নাঙ্গা কৃষক, শহরের বিভিন্ন শ্রমজীবী মানুষ ও সমাজের অন্যান্য নিপীড়িত নিগৃহীত জনতা আজ আজ রাজধানী ঢাকা শহরের এই সমাবেশে ও গণমিছিলে যোগ দিয়াছেন। আপনাদের জীবনে আজ যে সর্বগ্রাসী সংকট অনাহার, ক্ষুধা, মৃত্যু ও জুরার যে নির্মম অভিশাপ, ট্যাক্স, খাজনা, ঋণ ও সুদের যে দুর্বিসহ বোঝা, জোতদার, মহাজন-মালিক শ্রেণীর যে নিষ্ঠুর শোষণ, সাম্বাৎসরিক বন্যার যে ভয়াবহ তান্ডবলীলা, সর্বোপরি পূর্ব বাংলার মানুষের উপর যে নিষ্ঠুর জাতিগত নিপীড়ন, তাহা আজ আপনাদের করিয়া তুলিয়াছে বিদ্রোহী ও মুক্তিপাগল। আর তখন যখন যেখানেই কোন সংগ্রামের প্রতিশ্রুতি আপনারা শুনতে পান, সংগ্রামের বলিষ্ঠ প্রত্যয় ও মুক্তির দুর্বার আকাঙ্খা লইয়া সেখানেই আপনারা যোগদান করেন। আজও আপনারা ঢাকা মহানগরীর এই সমাবেশে হাজির হইয়াছেন আপনাদের অধিকার প্রতিষ্ঠার ও শোষণ মুক্তির বুকভরা আশা লইয়া। আপনাদের সংগ্রামী চেতনার প্রতি পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়নের পক্ষ হইতে জানাই আন্তরিক অভিনন্দন। আপনারা আমাদের অভিনন্দন গ্রহণ করুন।

আপনাদের জীবনে এই যে সংকট, ইহার মূল কারণ কি? সাম্রাজ্যবাদ বিশেষ করিয়া মার্কিন সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও আমলা মুৎসুদ্দি বৃহৎ পুঁজির প্রতিভূ পাকিস্তানের রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত এককেন্দ্রীক স্বৈরাচারী শাসকগোষ্ঠীই আজ সারা দেশের মানুষের দুঃখ, দুর্দ্দশা, অভাব-অনটন, বুভুক্ষা ও মৃত্যুর জন্য দায়ী। পাকিস্তানের জন্মের প্রথম দিনটি হইতে এই শাসকগোষ্ঠী দেশের মোট জনসমষ্টির শতকরা ৮০ জন কৃষকের উপর চালাইয়া যাইতেছে নির্মম শোষণ আর নির্যাতন। সামন্তবাদী ভূমি ব্যবস্থার দরুণ কৃষক তার সর্বস্ব খোয়াইয়া দিনের পর দিন পথের ভিখারীতে পরিণত হইতেছে। বৃহৎ পুঁজির স্বার্থে তার বহুকষ্টে উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য হইতে সে বঞ্চিত। পানির দামে শ্রমিকের শ্রমশক্তি কিনিয়া লইয়া ইহার গড়িয়া তুলিয়াছে মুনাফার পাহাড়। অপরদিকে এই দুই দেশীয় শোষকের সহযোগিতায় সাম্রাজ্যবাদ বিশেষ করিয়া মার্কিন সাম্রাজ্যবাদ অসম বাণিজ্যিক চুক্তি ও কঠোর শর্তযুক্ত ঋণ ও বৈদেশিক সাহায্যের বেড়াজালে সারাদেশকে আবদ্ধ করিয়া সারাদেশের অর্থনৈতিক চাবিকাঠি নিজেদের নিয়ন্ত্রণে লইয়া গিয়াছে। ইহাদেরই স্বার্থে আজ পূর্ব বাংলার কৃষকের জীবনের সবচাইতে বড় অভিশাপ বন্যা সমস্যার কোন সমাধান হইতেছে না। ফলে আমাদের দেশ আজ চিরন্তন খাদ্য ঘাটতির আবাসভূমিতে পরিণত হইয়াছে। পরিণত হইয়াছে তাহাদের উদ্বৃত্ত খাদ্য শস্য রপ্তানীর বাজারে। অন্যদিকে তাহাদের বিশ্বব্যাপী আগ্রাসী যুদ্ধনীতিকে বাস্তবায়িত করার জন্য পূর্ব বাংলাকে কেন্দ্র করিয়া একটির পর একটি ষড়যন্ত্র করিয়া চলিতেছে। তাহাদের এই ষড়যন্ত্রের নতুন সহযোগী হইয়াছে সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ। সাম্রাজ্যবাদের উপর নির্ভরশীল ও তাহার সহযোগী এদেশের শাসকগোষ্ঠী পূর্ব বাংলার বুকের উপর যে আধা-উপনিবেশিক, আধা- সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থার জোয়াল চাপাইয়া রাখিয়াছে তাহাই জন্ম দিয়াছে আজকের দিনের এই মহাসংকট।

সমাজ জীবনের এই মহাসংকটই পূর্ব বাংলাকে আজ অগ্নিগর্ভ করিয়া তুলিয়াছে- যাহার সার্থক বহিঃপ্রকাশ ঘটিয়াছিল ১৯৬৮-৬৯ সালের প্রচন্ড গণঅভ্যুত্থানে। আর এই গণঅভ্যুত্থান সমগ্র আন্দোলনকে উন্নীত করিয়াছে এক নতুন বিপ্লবী স্তরে। যেখানে মানুষ শান্তিপূর্ণ পথের সকল মোহকে ত্যাগ করিয়া তুলিয়াছে বিপ্লবী শক্তি প্রয়োগের পতাকাকে। জনতার আক্রমণে পর্যুদস্ত শাসকগোষ্ঠী সেদিন মরিয়া হইয়া শেষ অস্ত্র নিক্ষেপ করে। চাপাইয়া দেয় সামরিক শাসনের জগদ্দল পাথর। কিন্তু গণ-আন্দোলনের তীব্রতা ব্যাহত হইলেও, বিপ্লবী অবস্থা আজও বিন্দুমাত্র পরিবর্তন হয় নাই। জনতার বিপ্লবী মেজাজ আজও বিদ্যমান। আজও এই দেশের, বীর জনতা সংগ্রামের উত্তাল তরঙ্গাঘাতে শাসকগোষ্ঠীকে প্রতি মূহূর্তে নাস্তানুবাদ বানাইয়া ছাড়িতেছে। এই সেদিনও খুলনা জেলার বালি ও সিমেন্ট জেলার হাওর করাইয়ের বিপ্লবী কৃষক-জনতা জোতদার মহাজনের বিরুদ্ধে যে মহান লড়াইয়ের নজির স্থাপন করিয়াছে, খুলনার ও ঢাকার শ্যামপুর পোস্তগোলায় শাসক গোষ্ঠীর বিরুদ্ধে বীর শ্রমিক শ্রেণী যে দুধর্ষ আক্রমণ চালাইয়াছে, নিজের রক্ত ও শত্রুর রক্তে তাহারা যেভাবে অবগাহন করিয়াছে, তাহাতে জনতার বিপ্লবী চেতনা নির্ভুলভাবে প্রমাণিত হইয়াছে। দিকে দিকে আজ তাহারা প্রজ্জ্বলিত করিয়াছে প্রতিরোধ আর প্রতি আক্রমণের বহ্নিশিখা। শুরু করিয়াছে শ্রেণী সংঘর্ষের সশস্ত্র বিপ্লবী প্রক্রিয়া, জনযুদ্ধের মহান পথে শোষক শ্রেণীর বলপূর্বক উচ্ছেদে যাহার মহান পরিসমাপ্তি।

ভীতসন্ত্রস্ত শাসকগোষ্ঠীও আজ তাই কেবল পাশবিক নিপীড়ন যথেষ্ট নয় বুঝিয়া, পাশাপাশি তুলিয়া ধরিয়াছে ঝুটা নির্বাচনের টোপ। ভোট ও মন্ত্রীত্বের লড়াইয়ের মধ্যে নিক্ষেপ করিয়া শ্রমিক কৃষক মেহনতী জনতার বিপ্লবী চেতনাকে ভোঁতা করিয়া দেওয়া ও আন্দোলনকে বিভ্রান্ত করিয়া শোষণের ইমারতকে রক্ষা করাই তাহাদের আসল উদ্দেশ্য। আর শাসক শ্রেণীর এই নির্বাচনী ষড়যন্ত্রে শামিল হইয়াছে জনতার মধ্যে লুকিয়ে থাকা শোষক শ্রেণীর রঙ-বেরঙের দালালরা-তথাকথিত ''জনদরদী'' রাজনৈতিক দলসমূহ ও তাহাদের নেতৃবৃন্দ। বাঙ্গালী জাতীয়তা, শ্রমিক কৃষকের মুক্তি, এমনকি ''বিপ্লবী'' বলির আড়ালে জনতাকে তাহারা ক্ষমতা ভাগাভাগির বাহন হিসাবে ব্যবহার করিতে চাহিতেছে।

বন্ধুগণ, আজ এমন একটি রাজনৈতিক পটভূমিতে আপনারা উপস্থিত হইয়াছেন আপনাদের দাবী আদায়ের এবং শোষণ হইতে মুক্তি পাইবার অনেক আশা বুকে লইয়া। কিন্তু আজ বুঝিতে হইবে সত্যিকার মুক্তির পথ কোনটি, দাবী পূরণের হইবে কোন পথে। ভোটের মাধ্যমে? জনসভার মাযধমে? শহরে আসিয়া এমন শান্তিপূর্ণ সমাবেশ ও গণমিছিল করিয়া? স্মারকলিপি প্রদান বা শাসকগোষ্ঠীর কাছে দেন দরবার করিয়া তাহাদের করুণা দৃষ্টি আকর্ষণ করিয়া? না। এই পথ ধসে পড়া শোষণের ইমারতকে চূর্ণবিচূর্ণ করে না, তাহার উপর সংস্কারের প্রলেপ লাগাইয়া নতুন মোহই সৃষ্টি করলে কেবল। আজ একটি মাত্র পথই খোলা আছে। সেই পথ সশস্ত্র বিপ্লবের পথ। শ্রমিক শ্রেণীর নেতৃত্বে শ্রমিক-কৃষক মেহনতী জনতার বিপ্লবী লড়াইয়ের পথ। আর এই লড়াই শুরু হইবে গ্রামে কৃষকের মুক্তির পতাকাকে দৃঢ়ভাবে আকড়াইয়া ধরিয়া। শ্রমিক শ্রেণীর নেতৃত্বে গ্রাম এলাকায় কৃষকের শ্রেণী সংগ্রামকে বিপ্লবী জন-যুদ্ধে পরিণত করিয়া, সেখানে কৃষকের রাজনৈতিক ক্ষমতা প্রতিষ্ঠিত করিয়া, সশস্ত্র ঘাটি এলাকা তৈরী করিয়া শহরসমূহ অবরোধ এবং সর্বশেষ সারা পূর্ব বাংলার বুক হইতে সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও আমলা মুৎসুদ্দি পুঁজির এককেন্দ্রিক রাষ্ট্রব্যবস্থা উচ্ছেদ করিয়া জনগণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা কায়েমের মাধ্যমেই আসিবে পূর্ব বাংলার শ্রমিক-কৃষক মেহনতী জনতার মুক্তি। আর কৃষি বিপ্লবের এই প্রক্রিয়াকে সম্পন্ন করিবার জন্য তাহারই পাশাপাশি শহরে গড়িয়া তুলিতে হইবে শ্রমিক-ছাত্র-মেহনতী জনতার বিপ্লবী গণঅভ্যুত্থান-আঘাতের পর আঘাতের মাধ্যমে যাহা শত্রুশক্তিকে ব্যতিব্যস্ত রাখিবে বিপর্যস্ত করিবে।

সমবেত কৃষক-শ্রমিক-মেহনতী জনতা, পূর্ব বাংলার বুক হইতে শোষণের অবসানের এই বিপ্লবী পথে আগাইয়া আসিবার জন্য আপনাদের আমরা আহবান জানাই। শান্তিপূর্ণ পথ, নিয়মতান্ত্রিকতার নির্জীব পথকে

পরিহার করিয়া সশস্ত্র সংগ্রামের পতাকাকে উর্ধ্বে তুলিয়া ধরুন। শাসকগোষ্ঠী ও সুবিধাবাদী রাজনীতিবিদদের নির্বাচনী ষড়যন্ত্রের জাল ছিন্ন করিয়া গ্রাম বাংলায় গড়িয়া তুলুন তীব্র শ্রেণী সংগ্রাম, সৃষ্টি করুন সশস্ত্র সংঘর্ষেও শত শত অগ্নিকণা, যাহা অতি দ্রুত রূপান্তরিত হইবে দেশজোড়া এক প্রচন্ড দাবানলে। সমূলে উৎখাত করিবে সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজির এককেন্দ্রিক রাষ্ট্রব্যবস্থা- পূর্ব বাংলার বুকে প্রতিষ্ঠিত করবে শোষণহীন এক নতুন রাষ্ট্র-জনতার রাষ্ট্র, জনগণতান্ত্রিক রাষ্ট্র। পূর্ব বাংলার ছাত্রসমাজের পক্ষ হইতে আমরা এক বজ্রকঠোর শপথ গ্রহণ করিতেছি যে পূর্ব বাংলার অত্যাসন্ন বিপ্লবের ইতিহাস আমাদের উপর যে দায়িত্ব অর্পণ করিয়াছে, বুকের তাজা রুধির ঢালিয়া দিয়া আমরা সেই দায়িত্ব অক্ষরে অক্ষরে পালন করিব। সমাজ পরিবর্তনের এই মহান সংগ্রামে পূর্ব বাংলার শ্রমিক-কৃষক-ছাত্র মেহনতী জনতার এই মিলিত অভিযান জয়যুক্ত হইবেই।

পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন।

শিরোনাম	সূত্র	তারিখ
নির্বাচনের মাধ্যমে দাবী আদায় না হলে আবার আন্দোলন শুরু হবেঃ শেখ মুজিব	দ্য পিপল	১৮ অক্টোবর, ১৯৭০

BALLOT BATTLE MY LAST FIGHT TO SECURE RIGHTS OF EAST BENGAL

SHEIKH MUJIBUR RAHMAN'S SPEECH AT DOLAIKHAL

on October 17. 1970.

Sheikh Mujibur Rahman, the Awami League Chief while addressing a compact gathering of over a lakh of cheering people at Dolaikhal area yesterday declared that the ensuing "ballot battle" would be his last fight to achieve the rights of Bengal through peaceful means.

Launching his first election campaign in the old city from where he is contesting for a National Assembly seat. Sheikh Mujib reaffirmed his determination to nationalize banks and insurance companies, which have been serving the interest of the monopoly capital of West Pakistan and which have done a positive harm to the small traders of Bengal by refusing them due facilities.

Sheikh Mujib said that Bonus Voucher system had destroyed the small traders of Bengal and he assured that he would safeguard the interest of the small business from the devouring grip of the big business and monopoly capital of West Pakistan.

Turning to election he said that although he was seeing votes like all other parties, power was not the motto of his politics like those seasonal politicians who instead of suffering the pains of imprisonment had slaughtered the people of Bengal by joining hands with the vested interests.

He said that if he had any greed for power, he could become the Prime Minister of the country immediately after his release from the prison and if he wanted to be the Governor of Bengal he could occupy that chair even without suffering the long days of imprisonment. But no amount of allurement could ever deviate him from his devotion to the cause of the people of Bengal.

In a voice resonant with emotion, he asked the people to pray to Almighty to allow him an endurance to serve the cause of Bengal even at the cost of his life. He said that he had nothing left with him except his humble life to offer to the people in exchange of their immense love and affection and unprecedented sacrifices that saved him from being hanged.

Amidst thunderous ovation Sheikh Mujib declared that if the six-point demands were not fulfilled through election, he would again call the heroic people of Dacca to join him in the struggle and give blood once again.

While explaining the reason for contesting from the city constituency, he said that it was the people of Dacca who contributed the maximum blood for his release and it was in the Dacca Central Jail where he had spent 10 years of his youthful days. He claimed to be more "Daccaiya" than Khawaja Khairuddin, who incidentally happens to be of Kashmiri origin. The Sheikh claimed that lie had established blood'-relation with the local people with whom he had spent the best part of his life. He promised to give due consideration to them as for the local problems, particularly the provision of an alternative drainage against the sealed Dolaikhal and home for the uprooted destitute.

Sheikh Mujib said that crores of rupees were being drained in Bengal lo defeat the Awami League in the next election and conspiracies were still being hatched by the vested interests to defer the transfer to the elected representatives of the people in the same old style that was adopted in 1954 after the historic victory of the United Front.

শিরোনাম	সূত্র	তারিখ
শেখ মুজিবুর রহমানের নির্বাচনী ভাষণ	এ,পি,পি	২৮ অক্টোবর, ১৯৭০

Rawalpindi, Oct. 28: The President of All-Pakistan Awami League, Sheikh Mujibur Rahman, has stressed the need for a "real and living" democracy and justice between the country's regions by granting full regional autonomy to the federation units on the basis of his party's six point formula.

In a 30-minute speech over Radio and Television today, the first of the series arranged by the government to enable political leaders to inform the people about their party manifestos and programmes, he said: "within such a federal democratic frame- work, radical economic programmes must be implemented to bring about a social revolution."

The Awami League Chief said that re-ordering of the constitutional structure by giving full regional autonomy to the federating units on the basis of his party's six point formula presented a "rational solution" to the problem of regional injustice.

He said: Such autonomy in order to be effective must include the power of managing the economy, that is why he insist upon federating units having control over monetary and fiscal policy and foreign exchange earnings and other powers to negotiate foreign trade and aid.

He said a just federal balance would be attained by giving to the federating units full control over their economic destiny, while entrusting to the federal government "responsibility over foreign affairs and defense and subject to certain safeguards currency."

Sheikh Mujib spoke of the "appalling record of economic disparity existing between the two wings. After 22 years, Bengalis account for barely 15 p.c. and less than 10 p.c. in the defense services."

He said the total economic impact of discrimination has been that the economy of Bengal is today in a state of imminent collapse. He also charged that variation in the prices of commodities is a product of management of the economy for 22 years by the Central government.

He said fourth plan allocations are a confession of the failure of the central government, however powerful it might be, to redress past injustices.

Federal Services

Elaborating the Awami League's federal scheme, Sheikh Mujibur Rahman said it also envisaged abolition of all Pakistan services and their replacement by federal services in which recruitment would be made on the basis of population from all parts of Pakistan.

He said, "We also believe that maintenance of a militia as a paramilitary force will effectively contribute towards national security."

The Awami League chief was of the view that by removing the "sources of doubt, distrust and discrimination", this scheme would ensure a strong Pakistan. Within this constitutional frame work, he believed it would be possible to bring about a "social revolution through the democratic process and to create a socialist economic order free from exploitation."

Spelling out his party's economic programme, the Awami League Chief said it was imperative to place key areas of the economy, including banking and insurance under public ownership through nationalization.

"In the new order, workers should share in the equity capital and management of industrial enterprise" he said.

Sheikh Mujibur Rahman said the private sector had also its own sphere and must make its full contribution to the economy but added that monopolies and cartels "must be totally eliminated."

In this connection he also pleaded for extensive support and encouragement to small scale and cottage industries, nationalization of jute and cotton trade, improvement of cash crop qualities and a fair and stable price to the growers.

End of Zamindari

About the agricultural sectors, the Awami League Chief said the jagirdari zamindari and sardari systems in West Pakistan must be abolished and ceiling imposed on land holdings with land above such ceilings and Government 'khas' land redistributed to landless cultivators.

To modernize agriculture, he said the tillers should be induced to group their holdings under multipurpose co-operatives.

Sheikh Mujib said his party would abolish land revenue for holdings up to 25 bighas, and write off all arrears in respect of such holdings, adding: ultimately, "we aim to abolish the present system of land revenue."

He cited the vital areas forming part of the infrastructure of the economy which, he said must be accorded the highest priority-flood control, power and transport and communications.

Among the measures suggested by him were: implementation of a comprehensive flood control plan on emergency basis, measures to prevent water logging and salinity in West Pakistan, massive expansion in power generation and distribution, bridges over the rivers Jamuna, Buriganga, Sitalakhya, Kamafulh in East Pakistan and on the river Indus in Sind in the Punjab, and development of seaports and inland river ports and roads and railways.

Education, Housing

Stressing the need for greater investment in education, he said at least four per cent of the gross national product should be committed to this sector and salaries of college and school teachers must be substantially increased, "illiteracy must be eradicated by adoption of extra-ordinary methods" he observed.

He called for launching a crash programme to extend free compulsory primary education to all children within five years, secondary education being readily accessible to all sections of the people, rapid establishment of new Universities, including medical and technical Universities, immediate steps to ensure replacement of English by Bengali and Urdu in all walks of life, and every effort to encourage the development of regional languages.

About the problem of cities where low-income groups were living in "sub-human conditions" he said the future development must concentrate on providing for the need of the poor majority and low-cost housing must be accorded the highest priority.

In the field of health, he stood for immediate measures to establish a rural medical centre at every union and a hospital at every thana headquarter, introduction of national service in rural areas for medical graduates and training para-medical personnel in large numbers to staff rural health centre.

Pointing out the vital role of industrial workers in the economy, he said their basic rights to form trade unions to bargain collectively and a strike must be guaranteed, a living wage and the basic amenities like housing, education and medical care for themselves and for their children must be assured, and labor laws restricting their basic- rights must be repealed.

Pointing out his party's belief in the equality of all citizens, he said "we have always stood against every form of communalism". He said the minority community would enjoy equal rights with all other citizens and equal protection of the laws.

He said "mohajirs" should be integrated into the national life "so that they may become assimilated with the local people and thus enjoy equal rights and opportunities with them in all walks of life."

He repudiated what he called the "false propaganda" that Islam was endangered by the six-point formula or "our economic programme" and said "nothing which promotes justice between region and region and man and man can be opposed to Islam."

"We have affirmed our commitment to the constitutional principles that no law should be enacted or imposed in Pakistan which is repugnant to the junctions of Islam is contained in the Holy Quran and Sunna."

The Awami League Chief said the "powerful coteries" which ruled Pakistan for 22 years would do everything possible to prevent transfer of power to the people, but pointed out that a determined people could successfully resist and overcome such forces of oppression.

He said "we therefore, serve notice upon the forces of reaction in our society that we, along with the people of Pakistan will confront them and if democratic processes are obstructed, we shall resist them by every mean possible."

He said his party stood for pursuing a "truly independent, non-aligned foreign policy to avoid involvement in global power conflicts."

He said "we are committed to the immediate withdrawal from SEATO, CENTO and all other military pacts, and to avoid any such involvements in the future. We support the struggle of the oppressed people of the world against imperialism, colonialism and apartheid."

Kashmir, Farakka

In keeping with the principle "friendship for all and malice towards none," we believe in peaceful co-existence with all states and in particular our neighbors. We believe that normalization of our relations with our neighbors would be to the best advantage of our peoples.

"We, therefore, attach the highest importance to the settlement of our outstanding disputes. We have emphasized the importance of a just settlement of the Kashmir dispute in accordance with United Nations Resolutions".

"The threat or grave and permanent damage to the economy of Bengal posed by the completion of the Farakka barrage must be immediately met. Every effort must be for a just solution of this problem without further delay."

He called for the repeal of the "restrictive provisions" of the legal framework order, release of all political prisoners and withdrawal of all cases arising out of political activities.—A.P.P.

শিরোনাম	সূত্র	তারিখ
মওলানা ভাসানীর নির্বাচনী ভাষণ	এ,পি,পি	৫ নভেম্বর, ১৯৭০

The following is the English rendering of the text of the Radio and Television address by National Awami Party Chief, Maulana Bhashani, which was broad- cast and telecast on November 5.

"The object of the next elections is to frame the best possible constitution for Pakistan. A constitution serves as a heart for the country. A country cannot be administered without a constitution as a man cannot live without a heart."

"I appeal to the people and request them that the election should be completed in a peaceful manner and in a democratic fashion. The people should place their demand before the candidates contesting the forthcoming elections, so that these demands are implemented."

"I also appeal to the candidates that the election process should be completed peacefully, there should be no trouble so that the Nation does not have to face with more chaos. Nothing should be done to make bloodshed in the country and all possible steps should be taken to complete the elections in an atmosphere of love and affinity, and in spite of ideological differences, friendships can be maintained."

"In every country' of the world democracy is established through election, and we should feel it as our duty to maintain law and order, and make every effort for this purpose."

"I had even earlier asked president Yahya Khan that whether you are from East or West, you should call a National Convention of all Political Parties, Minorities, Trade Unions, Peasants and Student Leaders, so that they can present their view point for the formulation of an agreed constitution".

Love Pakistan

Even if there are thousands of differences among us; all should love Pakistan. We have to formulate such a constitution as could safeguard the integrity of the country, by way of meeting the demands and needs of peasants, workers, class III and class IV employees, primary, secondary and higher teachers, and their demands are implemented. Capitalists and moneyed people should not be allowed, not they be the only persons to become people's representatives.

"I had suggested earlier that through mutual consultations, if an agreed portion of the constitution was first framed, at a National conference the remaining constitution making work will become easier inside the Constituent Assembly. But the Government did not accept my request till today."

"The name of this country is Pakistan, there is no such country anywhere in the world".

If somebody indulges in getting bribes, and tries to represent the people he will never frame a law to punish corrupt officials. The one who himself is corrupt, can never have a good advice for others. The persons, who drink or indulge in black-marketing and exploit the people, are destroying the country.

The people who have connection with foreign countries, and even with enemy-like countries, they can never do anything for the welfare, prosperity, and progress of Pakistan. That's why it should have been arranged that black marketers, drunkards, and those who do not love Pakistan, or spy for other countries, should not be allowed to become people's representatives.

It is regrettable that it has become a custom in my country that those who come in power do not properly represent their people.

Since the creation of Pakistan, no honest, poor Pakistani could get a chance to become a representative. The reason is quite clear that the Government have imposed a restriction that anyone desirous to fight elections must deposit a sum of rupees one thousand as security. The peasants who constitute 85 per cent of population do not have rice or flour and how they can deposit a security of rupees one thousand. Therefore, they remain completely deprived.

The workers who constitute 10 per cent of the population also live a miserable life and the wages they get are the lowest in the world.

Condition of peasants and laborers in both wings of the country is similar, and both lack ever-basic facilities here including food, education.

Ninety-five percent of the population is illiterate; they cannot write even their names. Therefore, I had demanded that on population basis 95 per cent seats in the Assemblies should be reserved for peasants and laborers. A peasant or a laborer cannot contest elections against jagirdars, industrialists and corrupt retired Government officials. Therefore, in the prevailing circumstances he can never have an access to the Assemblies. They can neither have a hand in the affairs of constitution-making nor in Jaw-making.

In West Pakistan jagirdars own land and cultivators have nothing. If a cultivator dies he does not have small piece of land for his grave.

In such circumstances if he opposes jagirdar or nominates his own representative or he votes against the landlord, the landlord will subject him to forceful eviction from the land.

It is an old custom that the peasants are forced to favor their landlord. They are considered duty bound to vote for the man who happens to be their landlords. If we do not do so we will die unfed, we will be forced to die along with our hungry families.

In such conditions no peasant will vote against his landlord. Neither he will support anyone else than his jagirdar, because everyone is aware of the consequences to follow.

Even during the British rule over the Indo-Pak sub-continent, a few seats had been reserved for laborers but after that laborers of Pakistan could not get even that right.

I appeal to the Government and all political leaders in the name of God to make a constitution which could ensure food, education, and provision of all fundamental rights to the peasants and reserve seats in Assemblies for laborers and peasants on population basis. Minimum wage of laborers should be fixed at Rs. 250.00 per month.

In our country big officials get high salaries, live a luxurious life and possess big buildings but on the other hand school teachers, other Government employees and laborers are starving.

"You cannot send your children to school even up to primary standard. Education up to Secondary standard should be made compulsory, free and without any expenditure. This demand should be fulfilled.

"I request that land should be distributed among the landless peasants and agricultural laborers. Those jagirdars, who possess 10 or 12 bungalows and have six sons to augment the income of their families, will not fall short of money if their jagirdaris are abolished. But how landless peasants whose number runs in to thousands and lakhs can make both ends meet should be realized by you.

If the state confusion continues, the constitution would not prove useful, no Government will be permanent, the poor people will continue lamenting, the problems will continue to increase, the confusion will increase. In this state of affairs, no Government backed by imperialism or by capitalists will be able to survive for more than two years. Such a Government will not last even for one year. The Government will be compelled to call the army again. It is better that we should create conditions so that we do not call the army for the second time. It is, therefore, imperative that the demands of the working classes should be included in the constitution in full. The demands of the peasants and the students should also be included in the constitution.

Education has become so costly that poor people cannot afford to send their children to schools. The expenditure side has gone up one hundred times higher. Therefore, I demand from the Government and the future representatives of the people that they should frame such a constitution which could become popular with the peasants, the labor classes and the low-paid employees. If it is not done, you will have to call the army again and the Government will have to be run with the help of the army. It is a matter of shame.

Democratic country

The Quaid-i-Azam had also said that the Government in Pakistan would be a democratic country. There would be no dictatorship in Pakistan nor there a military Government.

করে ভয় দেখিয়েছেন আইনগত কাঠামোর নতুন নিশ্চয়তা প্রদান করে। আমরা সাত কোটি বাঙালীর জাগ্রত সংগ্রামের অকুতোভয় পতাকাবাহী হিসেবে শাসকগোষ্ঠি ও বাঙলার নেতৃবৃন্দের প্রতি এই হুঁশিয়ারীই করছি যে, শহীদের পূত রক্তরঞ্জিত বাঙলার স্বাধীনতা সংগ্রাম আমরা কিছুতেই ভেস্তে যেতে দেব না। মুখ ও মুখোশের প্রতিবাদে স্বাধীন ও সার্বভৌম বাঙলার সপক্ষে আমাদের রক্তসংগ্রাম চলবেই চলবে।

পরিষদ বৈঠক বর্জন কর

বাংলাদেশ স্বাধীন কর।

শিরোনাম	সূত্র	তারিখ
টিক্কা খানকে পূর্ব পাকিস্তানের গভর্ণর নিয়োগ	মর্নিং নিউজ	৭ মার্চ, ১৯৭১

TIKKA KHAN, GOVERNOR OF EAST PAKISTAN
Announcement on March 6,1971 by Chief Martial Law Administrator.

The President and Chief Martial Law Administrator has appointed Lt. Gen. Tikka Khan as Governor of East Pakistan, it was officially announced here today.

A notification issued by the Cabinet Division said : "The President and Chief Martial Law Administrator has been pleased to appoint Lt. Gen. Tikka Khan, S.Pk., as Governor of East Pakistan in pursuance of the proclamation of the 25th day of March. 1969, read with the Provisional Constitution Order."

Another notification of the Cabinet division issued today said that Vice-Admiral S.M. Ahsan ceased to be Governor of East Pakistan province with effect from the forenoon of March 1. 1971.

শিরোনাম	সূত্র	তারিখ
কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি কর্তৃক স্বাধীন বাংলাদেশ স্থাপনের উদ্দেশ্যে গেরিলা যুদ্ধের আহবান	কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি	৭ মার্চ, ১৯৭১

আঘাত হানো

সশস্ত্র বিপ্লব শুরু কর

জনতার স্বাধীন পূর্ব বাংলা কায়েম কর

কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি

পূর্ব বংলার মাটি আজ রক্ত চায়। পূর্ব বাংলার কোটি কোটি মানুষ আজ স্বাধীনতার জন্য উন্মাদ হইয়া উঠিয়াছে। গত তেইশ বছর ধরিয়া পাকিস্তানের শাসকগোষ্ঠী পূর্ব বাংলার জনতার রক্ত চুষিয়া খাইয়াছে। পূর্ব বাংলার জনতা আজ রিক্ত, নিঃস্ব, পথের ভিখারী। বার বার পূর্ব বাংলার মাটি শত শত শহীদের তাজা খুনে লাল হইয়াছে। পূর্ব বাংলার মানুষ যতবার তাহাদের মুক্তির জন্য সংগ্রামের ময়দানে নামিয়াছে, ততবারই শাসকগোষ্ঠী তাহাদের বর্বর পশু শক্তির মাধ্যমে তাহা দাবাইয়া দিয়াছে। সেনাবাহিনী হইল শাসকগোষ্ঠীর সকল ক্ষমতার উৎস। তাই আজ তাহারা সকল মুখোশ দূরে ছুড়িয়া ফেলিয়া দিয়া তাহাদের দেওয়া জাতীয় পরিষদের অধিবেশনও মূলতুবী করিয়া দিয়াছে। ইহা খুবই স্বাভাবিক। আমরা পূর্বেই বার বার বলিয়াছি যে, নির্বাচনের মাধ্যমে আপোসে বাংলার স্বাধীনতা আসিবে না- আসিবে না পূর্ব বাংলার কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত তথা সমগ্র জনতার মুক্তি। মুক্তি একমাত্র পথ সশস্ত্র বিপ্লব- ইতিহাস বার বার এই শিক্ষাই আমাদের দিয়াছে।

বিপ্লবী জনতা !

তাই আজ এক মুহূর্তেও দেরি করার সময় নাই। পূর্ব বাংলার মাটি আজ রক্ত চায়। তাই পূর্ব বাংলার কৃষক গ্রামে গেরিলা যুদ্ধ শুরু কর। শাসকগোষ্ঠীর হাত হইতে ক্ষমতা ছিনাইয়া লও। গ্রামে বাংলার স্বাধীনতার পতাকা উড়াইয়া দাও। মুক্ত এলাকা গঠন কর। পূর্ব বাংলার শ্রমিক, ছাত্র, তরুণ ও যুবকেরা হাতিয়ার তুলিয়া লও। শত শহীদের রক্ত ঋণ শোধ কর- রক্তের প্রতিশোধ লও। সেনাবাহিনীকে খতম কর। এককেন্দ্রিক স্বৈরাচারী শাসকগোষ্ঠীর শোষণের হাতিয়ার রাষ্ট্র যন্ত্রকে আঘাতের পর আঘাত হানো- লোপাট করিয়া দাও। পূর্ব বাংলার জনতা আস, আমরা শপথ গ্রহণ করি, জাতীয় মুক্তির যে লড়াই আমরা আজ শুরু করিব, যতদিন পর্যন্ত পূর্ব বাংলার স্বাধীনতা না আসিবে, যতদিন এই স্বাধীন পূর্ব বাংলার বুকে কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত, ছোট ও মাঝারি ব্যবসায়ী তথা সমগ্র জনতার রাষ্ট্র কায়েম না হইবে, ততদিন আমাদের এই লড়াইয়ে শ্রান্তি নাই, ক্ষান্তি নাই। আস, আমরা ঘোষণা করি, হুঁশিয়ার। পূর্ব বাংলার জাতীয় মুক্তি সাংগ্রামকে যাহারা বাধা প্রদান করিবে কিংবা যাহারা তাহাকে মাঝপথে থামাইয়া দিতে চাহিবে তাহাদের আমরা কিছুতেই ক্ষমা করিব না, বরদাশত করিব না।

জনতার সশস্ত্র বিপ্লব জিন্দাবাদ।
'স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা কায়েম কর।

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের শাসনতন্ত্রের জন্য ১৭ দফা প্রস্তাব	ন্যাশনাল আওয়ামী (মোজাফফর)	পার্টি ৭ মার্চ, ১৯৭১

গনতান্ত্রিক শাসনতন্ত্র রচনার বিরুদ্ধে ষড়যন্ত্র নস্যাৎ করুন : বিচ্ছিন্ন হওয়ার অধিকারসহ আত্মনিয়ন্ত্রণের অধিকার নেই

আজ দেশবাসীকে মনে রাখিতে হইবে যে প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী খুশী হইয়া নির্বাচনে রাজী হয় নাই- আন্দোলনের চাপে পড়িয়াই নির্বাচন অনুষ্ঠান করিতে বাধ্য হইয়াছে। নির্বাচন অনুষ্ঠিত হইয়াছে, জাতীয় পরিষদ ডাকা হইয়াছে। কিন্তু এখনও গনতান্ত্রিক শাসনতন্ত্র রচনা ও জনগণের প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের পথে বাধা সৃষ্টি করিবার জন্য শাসকগোষ্ঠী ও প্রতিক্রিয়াশীল শক্তিসমূহ নানা প্রকার ষড়যন্ত্র করিতেছে। সম্প্রতি এই ষড়যন্ত্র আত্মপ্রকাশ করিয়াছে বিভিন্নভাবে- জনাব ভূট্টো জাতীয় পরিষদের আসন্ন অধিবেশনে যোগদান করিবেন না বলিয়া বিবৃতি দিয়া ঐ ষড়যন্ত্রকে পাকাপোক্ত করিতেছেন। জাতীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্রকে মাথাচাড়া দিয়া উঠতে সাহায্য করিতেছে। পাক-ভারত সম্পর্কের অবনতি ঘটাইয়া গণতন্ত্র প্রতিষ্ঠার সম্ভাবনা, বিভিন্ন জাতির অধিকার , কৃষক-শ্রমিক প্রভৃতি সংখ্যাগরিষ্ঠ মেহনতি জনতার অধিকার নস্যাৎ করিবার যে ষড়যন্ত্র চলিতেছে উহাতে জনাব ভুট্টো অংশীদার হইয়াছেন। এই সমস্ত ষড়যন্ত্রের বিরুদ্ধে জনগণকে সজাগ থাকিবার এবং উহাকে ঐক্যবদ্ধভাবে রুখিয়া দাঁড়াইবার জন্য ন্যাশনাল আওয়ামী পার্টি উদাত্ত আহবান জানাইতেছে।

ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) মনে করে যে, পাকিস্তানে প্রথম সাধারন নির্বাচনের ভিতর দিয়া জনগণের যে রায় প্রকাশ পাইয়াছে তাহাকে মানিয়া নিয়া পাকিস্তানের ভবিষ্যৎ শাসনতন্ত্র নিম্নলিখিত নীতির ভিত্তিতে রচিত হওয়া উচিতঃ-

(1) পাকিস্তান রাষ্ট্রে ৫টি ভাষাভাষী জাতি- বাঙ্গালী, পাঞ্জাবী, পাঠান, সিন্ধী ও বেলুচ বাস করে। পাকিস্তান দুইটি বিচ্ছিন্ন অঞ্চল লইয়া গঠিত। এই বাস্তব সত্য মানিয়া নিয়া শাসনতন্ত্র প্রত্যেকটি জাতির সমান অধিকার ও প্রত্যেকটি জাতির বিচ্ছিন্ন হইবার অধিকারসহ আত্মনিয়ন্ত্রণের অধিকার নীতিগতভাবে স্বীকৃত হইতে হইবে।

শাসনতন্ত্রে এই নীতি স্বীকৃত হইলে পাকিস্তানের প্রত্যেকটি জাতির অধিকারগুলি নিশ্চিত হইবে, বিভিন্ন জাতির ভিতর বিদ্বেষ, সংশয়, ভয়-নীতি ও ভূল বুঝাবুঝি দূর হইবে, তাহাদের ভিতর প্রীতি ও সৌভ্রাতৃত্ব গড়িয়া উঠিবে।

(2) শাসনতন্ত্রে এই নীতি স্বীকার করিয়া নিয়া বর্তমানে কেন্দ্রীয় সরকারের হাতে (১১ দফা কর্মসূচীর ২ ও ৩নং ধারা বা ন্যাপের কর্মসূচী মোতাবেক) দেশরক্ষা, পররাষ্ট্র (রাজনৈতিক) ও মুদ্রা-এই তিনটি বিষয় ন্যস্ত হইবে। বাদবাকী সমস্ত বিষয় (অবশিষ্টাত্মক ক্ষমতাসহ) পাঁচটি অঞ্চলের পাঁচটি জাতির নির্বাচিত সরকারের হাতে ন্যস্ত হইবে।

(3) কেন্দ্রীয় আইনসভা হইবে এক কক্ষবিশিষ্ট। আইন সভার সংখ্যাগরিষ্ঠ ভোটের সুযোগে বিশেষ একটি প্রদেশের উপর ইহার ইচ্ছার বিরুদ্ধে যাহাতে কোন কিছু চাপাইয়া না দেওয়া হয়, তাহার জন্য শাসনতন্ত্রে একটি বিশেষ রক্ষা ব্যবস্থা রাখিতে হইবে।

(4) রাষ্ট্র পরিচালনার সার্বভৌম ক্ষমতা জনগণ দ্বারা নির্বাচিত প্রতিনিধিমূলক আইনসভার হাতে ন্যাস্ত রাখিতে হইবে। রাষ্ট্রপ্রধানকে সব সময় মন্ত্রী পরিষদের পরামর্শ মতে করিতে হইবে।

(5) যুক্ত নির্বাচন, প্রাপ্তবয়স্কদের সার্বজনীন ভোটাধিকার ও এক লোক এক ভোট নীতির ভিত্তিতে প্রত্যক্ষ নির্বাচন চালু থাকিবে।

(6) নগর, শহর ও গ্রামের স্থানীয় বিষয় ও কাজসমূহ পরিচালনার জন্য জনগণের নির্বাচিত স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান থাকিবে।

(7) শাসনতন্ত্রে জনগণের মৌলিক অধিকারসহ সমস্ত গণতান্ত্রিক অধিকারের নিশ্চয়তা বিধান করিতে হইবে- ব্যক্তিস্বাধীনতা রাজনৈতিক দল ও সংঘ গঠনের স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা, সভা-সমিতি, শোভাযাত্রা পরিচালনা ও ধর্মঘট পালনের পূর্ণ নিশ্চয়তা দান করিতে হইবে। শ্রমিক-কৃষক ও ছাত্রজনতা যাহাতে এই সকল অধিকার ভোগ করিতে পারেন তাহার ব্যবস্থা থাকিবে। বিদেশে যাতায়াতের জন্য প্রত্যেক নাগরিকের পাসপোর্ট পাইবার অধিকার থাকিবে।

(8) সকল প্রকার দমনমূলক আইন রহিত করিতে হইবে, বিনা বিচারে কাহাকেও আটক রাখা চলিবে না।

(9) বিচার বিভাগকে শাসন বিভাগ হতে পৃথক করিতে হইবে।

(10) রাষ্ট্রভাষা বাংলা ও উর্দু ছাড়া নিম্নলিখিত ভাষাসমূহকে পাকিস্তানের জাতীয় ভাষার মর্যাদা দিতে হইবে- যেমন, সিন্ধী, পাঞ্জাবী, বেলুচ ও পশতু।

(11) প্রদেশগুলির নাম হইবে বাংলা, পাঞ্জাব, পাখতুনিস্তান এবং বেলুচিস্তান।

(12) আইন পরিষদের কোন দলের পক্ষ হইতে নির্বাচিত কোন সদস্য দল পরিবর্তন করিলে তাহাকে পরিষদের আসন হইতে পদত্যাগ করিতে হইবে এবং পুনরায় নির্বাচনের সম্মুখীন হইতে হইবে।

(13) কোন সদস্য তাহার নির্দিষ্ট নির্বাচনী এলাকার নির্বাচকমন্ডলীর আদেশ (ম্যান্ডেট) ভঙ্গ করিলে তাহার সদস্যপদ বাতিল করিবার অধিকার উক্ত নির্বাচকমন্ডলীর থাকিবে।

(14) জাতি-ধর্ম-বর্ণ ও স্ত্রী-পূরুষ নির্বিশেষে দেশের সকল নাগরিক রাষ্ট্রের চোখে সমান বলিয়া বিবেচিত হইবে। ধর্মবিশ্বাস ও সম্প্রদায় নির্বিশেষে সকল নাগরিক যাহাতে অবাধে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও নিয়মকানুন পালন করিতে পারে তাহার ব্যবস্থা করিতে হইবে। ধর্মীয় বিশ্বাসের জন্য কোন নাগরিকের প্রতি কোন ক্ষেত্রেই কোন প্রকার বৈষম্যমূলক আচরণ করা চলিবে না। দেশ শাসনের ক্ষেত্রে অংশগ্রহণ করিতে সমস্ত নাগরিকের সমান অধিকার থাকিবে।

(15) পাকিস্তানকে ধর্মনিরপেক্ষ (সেকুলার) গণতান্ত্রিক রাষ্ট্র বলিয়া ঘোষণা করিতে হইবে।

(16) শিল্প, ব্যাংক, বীমা বা বিদেশী সাম্রাজ্যবাদী পুঁজি জাতীয়করণের পথে বাধা হইতে পারে এমন কোন বিধান শাসনতন্ত্রে থাকিবে না।

(17) পাকিস্তানকে একটি পূর্ণ স্বাধীন, সার্বভৌম ও জানকল্যাণমূলক রাষ্ট্রে পরিণত করিতে হইবে।

উপরোল্লিখিত ঐরূপ একটি গণতান্ত্রিক শাসনতন্ত্র রচনার পথে প্রেসিডেন্ট ইয়াহিয়া কর্তৃক ঘোষিত আইনগত কাঠামো আদেশ হইল এক বিরাট বাধা। অতএব, আমরা উপরোক্ত নীতির ভিত্তিতে গণতান্ত্রিক

শাসনতন্ত্র রচনার দাবীর সঙ্গে সঙ্গে আইনগত কাঠামো আদেশের অগণতান্ত্রিক ধারাসমূহ প্রত্যাহার ও শাসনতন্ত্র রচনার ক্ষেত্রে জাতীয় পরিষদের সার্বভৌমত্বের দাবী করিতেছি।

অধ্যাপক মোজাফফর আহমদ

সভাপতি

সৈয়দ আলতাফ হোসেন

সাধারণ সম্পাদক

পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ)

---

* পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্ট্র প্রচার সম্পাদক বজলুর রহমান কর্তৃক

১০/২১, ধানমন্ডি হকার্স মার্কেট হইতে প্রকাশিত।

শিরোনাম	সূত্র	তারিখ
রেসকোর্স ময়দানে প্রদত্ত শেখ মুজিবুর রহমানের ভাষণ	'জয় বাংলা' (বিশেষ সংখ্যা)	৭ মার্চ, ১৯৭১

বঙ্গবন্ধুর ৭ই মার্চের (১৯৭১) ঐতিহাসিক ভাষণ
(টেপ রেকর্ড থেকে লিপিবদ্ধ)

আজ দুঃখভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি। আপনারা সকলে জানেন এবং বোঝেন আমরা আমাদের জীবন দিয়ে চেষ্টা করেছি। কিন্তু দুঃখের বিষয় আজ ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুরে আমার ভাইয়ের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছে। আজ বাংলার মানুষ মুক্তি চায়, বাংলার মানুষ বাঁচতে চায়, বাংলার মানুষ অধিকার চায়। কি অন্যায় করেছিলাম? নির্বাচনের পরে বাংলাদেশের মানুষ সম্পূর্ণভাবে আমাকে ও আওয়ামী লীগকে ভোট দেন। আমাদের ন্যশনাল এসেমব্লি বসবে, আমরা সেখানে শাসনতন্ত্র তৈরী করবো এবং এদেশের ইতিহাসকে আমরা গড়ে তুলবো। এদেশের মানুষ অর্থনীতি ও সাংস্কৃতিক মুক্তি পাবেন। কিন্তু দুঃখের সঙ্গে বলছি বাংলদেশের করুণ ইতিহাস বাংলার মানুষের রক্তে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।

১৯৫২ সালে আমরা রক্ত দিয়েছি। ১৯৫৪ সালে নির্বাচনে জয়লাভ করেও আমরা গদিতে বসতে পারিনি। ১৯৫৮ সালে আয়ুব খাঁ মার্শাল-ল জারী কর ১০ বছর আমাদের গোলাম করে রেখেছে। ১৯৬৪ সালে ৬-দফা আন্দোলনের সময় আমাদের ছেলেদের গুলি করে হত্যা করা হয়েছে। ১৯৬৯ সালের আন্দোলনে আয়ুব খাঁর পতনের পরে ইয়াহিয়া এলেন। ইয়াহিয়া খান সাহেব বললেন দেশে শাসনতন্ত্র দেবেন- আমরা মেনে নিলাম। তারপর অনেক ইতিহাস হয়ে গেল. নির্বাচন হলো। প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সাহেবের সঙ্গে দেখা করেছি। আমি, শুধু বাংলার নয়, পাকিস্তানের মেজরিটি পার্টির নেতা হিসাবে তাকে অনুরোধ করেছিলাম ১৫ই ফেব্রুয়ারী তারিখে আমাদের জাতীয় পরিষদের অধিবেশন দিতে । তিনি আমার কথা রাখলেন না, রাখলেন ভূট্টো সাহেবের কথা। তিনি বললেন, মার্চ মাসে প্রথম সপ্তাহে সভা হবে। আমি বললাম ঠিক আছে, আমরা এসেমব্লিতে বসবো। আমি বললাম, এসেমব্লির মধ্যে আলোচনা করবো- এমনকি এ পর্যন্তও বললাম, যদি কেউ ন্যায্য কথা বলে, আমরা সংখ্যায় বেশী হলেও একজনের মতেও যদি তা ন্যায্য কথা হয়, আমরা মেনে নেবো।

ভূট্টো সাহেব এখানে ঢাকায় এসেছিলেন, আলোচনা করলেন। বলে গেলেন আলোচনার দরজা বন্ধ নয়, আরো আলোচনা হবে। তারপর অন্যান্য নেতাদের সঙ্গে আমরা আলোচনা করলাম- আলাপ করে শাসনতন্ত্র তৈরী করবো- সবাই আসুন বসুন। আমরা আলাপ করে শাসনতন্ত্র তৈরী করবো। তিনি বললেন, পশ্চিম পাকিস্তানের মেম্বর যদি আসে তাহলে কসাইখানা হবে এসেমব্লি। তিনি বললেন, যে যে যাবে তাদের মেরে ফেলে দেওয়া হবে, যদি কেউ এসেমব্লিতে আসে পেশোয়ার থেকে করাচী পর্যন্ত জোর করে বন্ধ করা হবে। আমি বললাম, এসেমব্লি চলবে. এসেমব্লি চলবে। আর হঠাৎ ১ তারিখে এসেমব্লি বন্ধ করে দেওয়া হোল।

ইয়াহিয়া খান প্রেসিডেন্ট হিসেবে এসেমব্লি ডেকেছিলেন। আমি বললাম, আমি যাবো। ভূট্টো বললেন, যাবেন না। ৩৫ জন সদস্য পশ্চিম পাকিস্তান থেকে এখানে এলেন। তারপর হঠাৎ বন্ধ করে দেওয়া হোল, দোষ দেওয়া হোল বাংলার মানুষের, দোষ দেওয়া হোল আমাকে। দেশের মানুষ প্রতিবাদমুখর হয়ে উঠল।

আমি বললাম, আপনারা শান্তিপূর্ণভাবে হরতাল পালন করুন। আমি বললাম, আপনারা কলকারখানা সব কিছু বন্ধ করে দেন। জনগণ সাড়া দিল। আপন ইচ্ছায় জনগণ রাস্তায় বেরিয়ে পড়লো, সংগ্রাম চালিয়ে যাবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হোল। আমি বললাম, আমার জামা কেনার পয়সা দিয়ে অস্ত্র পেয়েছি বহিঃ শত্রুর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য, আজ সেই অস্ত্র আমার দেশের গরীব-দুঃখী মানুষের বিরুদ্ধে- তার বুকের উপর হচ্ছে গুলী। আমরা পাকিস্তানে সংখ্যাগুরু- আমরা বাঙালীরা যখনই ক্ষমতায় যাবার চেষ্টা করেছি তখনই তারা আমাদের উপর ঝাপিয়ে পড়েছে।

আমি বলেছিলাম, জেনারেল ইয়াহিয়া খান সাহেব, আপনি পাকিস্তানের প্রেসিডেন্ট, দেখে যান কিভাবে আমার গরীবের উপর, আমার বাংলার মানুষের বুকের উপর গুলি করা হয়েছে। কিভাবে আমার মায়ের কোল খালি করা হয়েছে, কি করে মানুষকে হত্যা করা হয়েছে, আপনি আসুন, আপনি দেখুন। তিনি বললেন আমি ১০ তারিখে রাউন্ড টেবিল কনফারেন্স ডাকবো।

আমি বলেছি, কিসের এসেমব্লি বসবে; কার সঙ্গে কথা বলবো? আপনারা আমার মানুষের বুকের রক্ত নিয়েছেন, তাদের সঙ্গে কথা বলবো? পাঁচ ঘন্টার গোপন বৈঠকে সমস্ত দোষ তারা আমাদের উপর, বাংলার মানুষের উপর দিয়েছেন। দায়ী আমরা!

২৫তারিখে এসেমব্লি ডেকেছে। রক্তের দাগ শুকায় নাই। ১০ তারিখে বলেছি, রক্তে পাড়া দিয়ে, শহীদের উপর পাড়া দিয়ে, এসেমব্লি খোলা চলবে না। সামরিক আইন মার্শাল-ল withdraw করতে হবে। সমস্ত সামরিক বাহিনীর লোকদের ব্যারাকের ভিতর ঢুকতে হবে। যে ভাইদের হত্যা করা হয়েছে তাদের তদন্ত করতে হবে। আর জনগণের প্রতিনিধির কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে। তারপর বিবেচনা করে দেখবো আমরা এসেমব্লিতে বসতে পারবো কি পারবো না। এর পূর্বে এসেমব্লিতে আমরা বসতে পারি না।

আমি প্রধানমন্ত্রীত্ব চাই না। দেশের মানুষের অধিকার চাই। আমি পরিস্কার অক্ষরে বলে দিবার চাই যে, আজ থেকে এই বাংলাদেশের কোর্ট-কাচারী, আদালত-ফৌজদারী, শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে। গরীবের যাতে কষ্ট না হয়, যাতে আমার মানুষ কষ্ট না করে সেজন্য যে সমস্ত অন্যান্য জিনিসগুলি আছে, সেগুলির হরতাল কাল থেকে চলবে না। রিক্সা, গরুরগাড়ী, রেল চলবে- শুধু সেক্রেটারিয়েট, সুপ্রীম কোর্ট, হাইকোর্ট, জজকোর্ট, সেমি গভর্নমেন্ট দপ্তর, ওয়াপদা কোন কিছু চলবে না। ২৮ তারিখে কর্মচারীরা গিয়ে বেতন নিয়ে আসবেন। এরপর যদি বেতন দেওয়া না হয়, এরপর যদি ১টি গুলি চলে, এরপর যদি আমার লোককে হত্যা করা হয়। তোমাদের কাছে অনুরোধ রইল, প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল। তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে এবং জীবণের তরে রাস্তাঘাট যা যা আছে সবকিছু আমি যদি হুকুম দিবার নাও পারি তোমরা বন্ধ করে দেবে। আমরা ভাতে মারবো, আমরা পানিতে মারবো। সৈন্যরা তোমরা আমার ভাই, তোমরা ব্যারাকে থাকো, তোমাদের কেউ কিছু কলবে না। কিন্তু আর তোমরা গুলি করবার চেষ্টা করো না। সাত কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না। আমরা যখন মরতে শিখেছি, তখন কেউ আমাদের দাবায়ে রাখতে পারবা না।

আর যে সমস্ত লোক শহীদ হয়েছে, আঘাতপ্রাপ্ত হয়েছে, আমরা আওয়ামী লীগের থেকে যদ্দুর পারি সাহায্য করতে চেষ্টা করবো। যারা পারেন আওয়ামী লীগ অফিসে সামান্য কিছু টাকা-পয়সা পৌছে দেবেন। আর ৭দিন হরতালে শ্রমিক ভাইয়েরা যোগদান করেছে, প্রত্যেক শিল্পের মালিক তাদের বেতন পৌছে দেবেন। সরকারী কর্মচারীদের বলি, আমি যা বলি তা মানতে হবে। যে পর্যন্ত আমার এই দেশের মুক্তি না হচ্ছে, ততদিন ওয়াপদা ট্যাক্স বন্ধ করে দেওয়া হোল কেউ দেবে না। শুনুন, মনে রাখুন শত্রুপিছনে ঢুকেছে, নিজেদের মধ্যে আত্মকলহ সৃষ্টি করবে, লুটতরাজ করবে। এই বাংলায় হিন্দু মুসলমান যারা আছে আমাদের ভাই, বাঙালী, অ-বাঙালী

তাদের রক্ষা করার দায়িত্ব আমাদের উপর, আমাদের যেন বদনাম না হয়। মনে রাখবেন, কর্মচারীরা, রেডিও যদি আমাদের কথা না শোনে তাহলে কোন বাঙালী রেডিও ষ্টেশনে যাবে না। যদি টেলিভিশন আমাদের নিউজ না দেয়, তাহলে টেলিভিশনে যাবেন না। ২ ঘণ্টা ব্যাঙ্ক খোলা থাকবে, যাতে মানুষ তাদের মাইনেপত্র নিতে পারবে। পূর্ববাংলা থেকে পশ্চিম পাকিস্তানে এক পয়সাও চালান হতে পারবে না। টেলিফোন, টেলিগ্রাম আমাদের এই পূর্ববাংলায় চলবে এবং বাংলাদেশের নিউজ বাইরে পাঠানো চলবে।

এই দেশের মানুষকে খতম করবার চেষ্টা চলছে-বাঙালীরা বুঝেসুঝে কাজ করবেন। প্রত্যেক গ্রামে, প্রত্যেক মহল্লায় আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম প্রতিষ্ঠান গড়ে তুলুন। এবং আমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকুন। রক্ত যখন দিয়েছি আরো রক্ত দেবো। এই দেশের মানুষকে মুক্ত করে তুলবো ইনশাআল্লা। এবারেরা সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা।

শিরোনাম	সূত্র	তারিখ
মুজিব কর্তৃক দশ দফার ঘোষণা	দ্য ডন	৮ মার্চ, ১৯৭১

MUJIB GIVES 10 POINT PROGRAMME

Statement by Sheikh Muijbur Rahman on March 7, 1971

Sheikh Mujibur Rahman. Chief of the Awami League, today announced a week-long programme from tomorrow.

In a statement, the Awami League Chief said the non-violent and non-co-operation movement would continue till the objectives- the immediate termination of Martial Law and transfer of power to the elected representatives- were achieved. He said our struggle must continue.

The programme would be:

1. No-tax campaign to continue.
2. The Secretariat, Government and semi-Government offices, High Courts and other courts throughout Bangladesh Should observes hartals. Appropriate exemption shall be announced from time to time.
3. Railway and ports may function, but railway workers and port workers should not co-operate if railways or ports are used for mobilization of forces for the purpose of carrying out repression against the people.
4. Radio, Television and newspapers shall give complete versions of our statements and shall not suppress news about the people's movement, otherwise Bangladesh working in these establishments shall not co-operate.
5. Only local and inter-district trunk telephone communication shall function.
6. All educational institutions shall remain closed.
7. Banks shall not effect remittances to the Western Wing either through the State Bank or otherwise.
8. Black flags shall be hoisted on all building every day.
9. Hartal is withdrawn in all other spheres but complete or partial hartal may be declared at any moment depending upon the situation.
10. A Sangram Parishad (Council of Action) should be organized in each union, mahallah, thana, subdivision and district under the leadership of the local Awami League units.

Announcing the programme of action, Sheikh Mujib said the transport service would be allowed to function. In this connection he referred to railway, rickshaw and transports.

He said the banks could remain open for two hours for cash transactions for disbursing salaries, but 'not a single farthing can be transferred to West Pakistan.' The factory owners must pay off the salaries of their workers.

Sheikh Mujib asked the Radio, Television and newspaper to faithfully report the events and the movements. 'If our news are not reported, Bengalis should not attend to their duties.'

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতা প্রতিষ্ঠার আহবানে ফরওয়ার্ড ষ্টুডেন্টস ব্লক	ফরওয়ার্ড ষ্টুডেন্টস ব্লকের প্রচারপত্র	৮ মার্চ, ১৯৭১

জয় স্বাধীন বাংলা
ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লকের ডাক
আপোসের চোরাবালিতে বাংলার এ স্বাধীনতার উদিত সূর্য যেন মেঘাচ্ছন্ন না হয়

সংগ্রামী বন্ধুগণ,

সাড়ে সাত কোটি বাঙালীর স্বাধীনতা সংগ্রাম চলছে-ঘরে ঘরে আজ উড়ছে স্বাধীন বাঙলার পতাকা। দুই যুগ ধরে যারা বাঙলার রাজনৈতিক, সামাজিক আর অর্থনৈতিক ঐতিহ্যের চিহ্নটুকু নিশ্চিহ্ন করার জন্য স্বৈরাচারের নির্মম, হিংস্র নখরের ধাবা এ বাঙলার মাটিতে চালিয়েছিল-জাগ্রত বীর বাঙালীর রুদ্ররোষের মুখে আর কালের অবধারিত বিচারে বাঙলার মাটি থেকে উৎখাত হয়ে আজ তারা আঁস্তাকুড়ে নিক্ষিপ্ত হবার পথে।

সংগ্রামী সাথী ভাইবোনেরা,

স্বাধীনতা প্রতিষ্ঠার এ দুর্জয় সংগ্রামকে খতম করার নিমিত্তে শোষক চক্রের কারসাজির জাল বিস্তার সবিশেষ লক্ষণীয়। মুক্তিপাগল বাঙালীরা শোষকদের দু-একটি কারসাজির মুখোশ ইতিমধ্যেই আঁচ করতে সক্ষম হয়েছে।

বাঙলার জনপদ আজ বাঙলার বীর মুক্তিফৌজদের রক্তে রঞ্জিত। বিদেশী সেনাদের পদচারণা বাঙলার মাটি আজও অপবিত্র ও কলঙ্কিত।

এরই পটভূমিতে সে রক্তশোষকদের রুদ্ররোষের দাবানলের বহ্নিশিখা সাময়িক ক্ষীণতর হয়ে এ বাঙলার মানুষের নজ্য কুম্ভীরাশ্রু করা আরম্ভ করেছে।

মুক্তিকামী জাগ্রত ভাইবোনেরা,

ইয়াহিয়া-ভুট্টো-কাইয়ুম চক্র আজ আপোসের চোরাবালি সৃষ্টি করতে চাচ্ছে। প্রাসাদচক্রের এ বিস্তারিত জালের পতন অবশ্যম্ভাবী কিন্তু আজ আমাদের সর্বাগ্রে আপোসের সেই জালে পদচারণা থেকে বিরত থাকার শপথ নিতে হবে।

সংগ্রামের ঐতিহ্যবাহী নিপীড়িত বাঙালী যদি পশ্চিমাদের সে আপোসের চোরাবালিতে পদচারণা করে তাহলে যুগের নির্ধারিত স্থানে আর ইতিহাসের অবধারিত কলঙ্কিত অধ্যায়েই বাঙালীদের স্থান হবে। আজকের এ স্বাধীনতা সংগ্রামের নায়কদের এ শিক্ষা গ্রহণ করা উচিত হবে, নচেৎ তাদেরকেও পলাশীর বিশ্বাসঘাতকদের দলেই ইতিহাসের রূঢ় বাস্তব চিহ্নিত করে রাখবে।

পরিশেষে বাংলার সাড়ে সাত কোটি জাগ্রত স্বাধীনতাকামী ভাইবোনদের নিকট আমাদের আকুল আবেদন, টেকনাফ থেকে তেঁতুলিয়া পর্যন্ত বাঙলার ঘরে ঘরে মাতৃভূমি বাঙালাকে স্বাধীন করার যে দুর্জয় প্রতিজ্ঞা গর্জে উঠেছে তাকে যে কোন মূল্যে বাঁচিয়ে রেখে ''স্বাধীন সমাজতান্ত্রিক বাঙলা দেশ'' গঠন করতে হবেই। এরই প্রেক্ষিতে সর্বস্তরে 'বাঙলা মুক্তিফ্রন্ট' (Bengal Liberation Front) গঠন করুন, গ্রামে-গ্রামে, নগরে-নগরে, মুক্তি ফৌজ গড়ে তুলুন আর স্বাধীনতা সংগ্রামকে সঠিক গতিতে এগিয়ে নিয়ে চলুন। জয় আমাদের অবশ্যম্ভাবী।

জয় স্বাধীন বাঙলাঃ

বিনীত-

মোঃ লুৎফর রহমান
সভাপতি।

সৈয়দ ওয়াজেদুল করিম
সাধারণ সম্পাদক

শিরোনাম	সূত্র	তারিখ
গেরিলা যুদ্ধ করার নিয়ম সংক্রান্ত একিট বেনামী লিফলেট	----------	৮ মার্চ, ১৯৭১

INTRODUCTION UNCONVENTIONAL WARFARE IN RELATION TO CONVENTIONAL WARFARE

* By using all possible means enemy is to throw out within quickest possible time.
* Important elements to fight:

  People must feel that Independence in needed.
* Conventional warfare is fought between countries and guerrillas adopt- both violent and non-violent means. (Armed and unarmed).
* A guerrilla uses all the possible means to achieve the goal.

  Enemy should not know about the guerrilla. Guerrilla should attack the enemy surprisingly through slow process by using brain and weapons.
* A guerrilla must have in his mind the interest of the common people. They must have a strong and new character in order to achieve the confidence of the people.
* All resources arc used by the guerrilla prefers destroying the key resources of the enemy. Mostly is a psychological warfare.

Determination of Man:

It is the man who fights.

We are to be prepared to give the last ounce of determination for achieving the goal and then we will win the way. We are to demoralize the enemy by acting as furtom.

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীন বাংলাদেশ ছাত্র সংগ্রাম পরিষদ গঠনের আহবান	ছাত্রলীগ	৮ মার্চ, ১৯৭১

পূর্ব পাকিস্তান ছাত্রলীগ
কেন্দ্রীয় সংসদ
প্রস্তাবাবলী

৪২, বলাকা ভবন
ঢাকা-২
তারিখ ৮ ই মার্চ, ১৯৭১

অদ্যকার এই সভা আগামী কাউন্সিল অধিবেশন পর্যন্ত পূর্ব পাকিস্তান ছাত্রলীগের পরিবর্তে শুধুমাত্র 'ছাত্রলীগ' নাম ব্যবহৃত হইবে।

প্রত্যেক জেলা শহর হতে প্রাথমিক শাখা পর্যন্ত শাখার সভাপতিকে আহবায়ক, সাধারণ সম্পাদককে সম্পাদক করিয়া এবং ৯ জন সদস্য সর্বমোট ১১ জনকে নিয়া ''স্বাধীন বাঙলাদেশ ছাত্র সংগ্রাম পরিষদ'' গঠন করার প্রস্তাব গ্রহণ করিতেছে। সংগ্রাম পরিষদ গঠনের ব্যাপারে কলেজ ছাত্র সংসদের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করার নির্দেশ প্রদান করিতেছে।

প্রত্যেকটি শাখাকে তাহার আওতাভুক্ত এলাকায় আঞ্চলিক সংগ্রাম পরিষদ গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিতেছে।

বটতলা ও পল্টনের জনসভার প্রস্তাবাবলী এক নম্বর ইস্তাহার এই সভার প্রস্তাব হিসেবে গ্রহণ করা হইল।

প্রত্যেক জেলা শাখাকে জরুরী কাউন্সিল সভা আহবান করিয়া ছাত্রলীগের এই কেন্দ্রীয় সংসদকে অনির্দিষ্টকালের জন্য দায়িত্ব পালনের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়ার জন্য নির্দেশ প্রদান করিতেছে।

যে সকল জেলায় জেলা শাখা নাই, সেখানে সভাপতি ও সাধারণ সম্পাদককে সরাসরিভাবে সেই সকল জেলায় সংগ্রাম পরিষদ গঠন করার দায়িত্বভার অর্পণ করিতেছে।

দেশের সকল প্রেক্ষাগৃহে পাকিস্তানী পতাকা প্রদর্শন, পাকিস্তানী সংগীত বাজানো এবং উর্দু বই প্রদর্শন বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিতেছে এবং বঙ্গবন্ধু নির্দেশিত সিনেমা করও প্রদান না করার সিদ্ধান্ত গ্রহণ করিতেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীন বাংলা প্রতিষ্ঠার সংগ্রাম অব্যাহত রাখার আহবান	পূর্ব পাকিস্তানের কমিউনিষ্ট পার্টি	৯ মার্চ, ১৯৭১

শত্রুবাহিনীকে মোকাবেলায় প্রস্তুত হউন
গণস্বার্থে স্বাধীন বাংলা প্রতিষ্ঠার সংগ্রাম অব্যাহত রাখুন

ভাইসব,

বাংলাদেশের জনগণ আজ গণতন্ত্র ও নিজেদের অধিকার প্রতিষ্ঠার জন্য এখানে একটা পৃথক ও স্বাধীন সার্বভৌম রাষ্ট্র কায়েম করিতে বদ্ধপরিকর হইয়াছেন ও এই জন্য এক গৌরবময় সংগ্রাম চালাইতেছেন। এই সংগ্রামে জনগণ সশস্ত্র সেনাবাহিনীকে অসম সাহসিকতার সহিত মোকাবেলা করিতেছেন এবং নিজেদের আশা-আকাঙ্খা পূরণের জন্য বুকের রক্ত ঢালিতেও দ্বিধা করিতেছেন না। কমিউনিষ্ট পার্টি পূর্ব বাংলার সংগ্রামী বীর জনগণকে আন্তরিক অভিনন্দন জানাইতেছে। পূর্ব বাংলার কমিউনিষ্টরা দীর্ঘকাল হইততেই বাঙালীসহ পাকিস্তানের সকল ভাষাভাষী জাতির বিচ্ছিন্ন হইয়া পৃথক স্বাধীন রাষ্ট্র গঠনের অধিকার তথা আত্মনিয়ন্ত্রণ অধিকার দাবী করিয়া আসিতেছে। পূর্ব বাংলার জনগণ আজ অনেক ঘটনার ঘাত-প্রতিঘাতের ভিতর দিয়া পূর্ব বাংলায় একটি পৃথক ও স্বাধীন রাষ্ট্র গঠনের যে দাবী উত্থাপন করিয়াছেন, আমরা উহাকে ন্যায্য মনে করি, তাই পূর্ব বাংলার জনগণের বর্তমান সংগ্রামে আমরাও সর্বশক্তি লইয়া শরিক হইয়াছি।

জনগণের দুশমন কাহারা?

বাংলাদেশে পৃথক ও স্বাধীন রাষ্ট্র গঠনের এই সংগ্রামে জনগণের দুশমন হইল পাকিস্তানের প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী ও বর্তমান সামরিক সরকার। পাকিস্তানের প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী বিদেশী সাম্রাজ্যবাদ বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদ বড় বড় জোতদার-জায়গিরদার-মহাজন ও একচেটিয়া পুঁজির মালিক ২২টি পরিবারের কায়েমী স্বার্থ রক্ষার জন্য গত ২৩ বৎসর বাংলাদেশের শ্রমিক-কৃষক, মধ্যবিত্ত-ছাত্র প্রভৃতি জনগণকে শোষণ এবং নিপীড়ন করিয়াছেন সাম্রাজ্যবাদ, সমাজবাদ ও একচেটিয়া পুঁজির স্বার্থে শাসকগোষ্ঠী পূর্ব বাংলার সমগ্র জনগণকে জাতীয় অধিকার ও গণতান্ত্রিক অধিকার হইতে আগাগোড়া বঞ্চিত করিয়াছে। আজও উহাদের স্বার্থেই ইয়াহিয়া সরকার প্রতিক্রিয়াশীল গোষ্ঠীসমূহের নয়া নেতা ভুট্টোর সহিত ষড়যন্ত্রের লিপ্ত হইয়া জাতীয় পরিষদের অধিবেশন নস্যাৎ করে ও গণতন্ত্র, জাতীয় অধিকার এবং শাসন ক্ষমতা হস্তান্তরের বিরুদ্ধে লিপ্ত রহিয়াছে এবং সেনাবাহিনীকে জনগণের বিরুদ্ধে নিয়োগ করিয়াছে। সেনাবাহিনী পূর্ব বাংলায় ইতিমধ্যেই গণহত্যা ঘটাইয়াছে ও রক্তের বন্যায় পূর্ব বাংলায় জনতার সংগ্রামকে স্তব্ধ করিবার জন্য সেনাবাহিনী প্রস্তুত হইয়া রহিয়াছে।

তাই বাংলাদেশের দুশমন হইল সাম্রাজ্যবাদ-সমান্তবাদ ও একচেটিয়া পুঁজির স্বার্থ রক্ষাকারী সরকার ও উহাদের সেনাবাহিনী। পশ্চিম পাকিস্তানের পাঠান, বেলুচ, সিন্ধি, পাঞ্জাবী জাতিসমুহের মেহনতি জনতা পূর্ব বাংলার জনগণের শত্রু নয়। বরং পশ্চিম পাকিস্তানের জনগণের গণতন্ত্র ও বিভিন্ন জাতি-গোষ্ঠীর জাতীয় অধিকারকেও পাকিস্তানের প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠীই নস্যাৎ করিয়া রাখিয়াছে। পূর্ব বাংলার অবাঙালী উর্দু ভাষাভাষী মেহনতি জনগণকেও ঐ শাসকগোষ্ঠী শোষণ ও নিপীড়নে করিতেছে। তাই ঐ দুশমনদের পরাজিত

করিয়া বাংলাদেশের জনগণের দাবী কায়েম করার জন্য আজ এখানে গড়িয়া তুলিতে হইবে বাঙালী-অবাঙালী, হিন্দু-মুসলমান জনগণের দুর্ভেদ্য একতা। ঐ দুশমনদের বিরুদ্ধে সংগ্রামে বাংলাদেশের জনগণকে বেলুচ-পাঠান-সিন্ধি-পাঞ্জাবী মেহনতি জনগণকে মিত্র বলিয়া মনে করিতে হইবে এবং পূর্ব বাংলার সংগ্রামে তাহাদের সাহায্য পাইতে সর্বদাই সচেষ্ট থাকিতে হইবে। এই সংগ্রামে এখানকার জনগণের সুদৃঢ় ঐক্য ও বেলুচ-পাঠান প্রভৃতির সমর্থন যত বেশী গড়িয়া উঠিবে গণদুশমনদের পরাজয়ও ততই নিশ্চিত হইবে।

প্রকৃত মুক্তির লক্ষ্যে অবিচল থাকুন

ঐক্যবদ্ধ গণশক্তি ও জনতার সংগ্রামের জোরে গণদুশমনদের ও উহাদের সেনাবাহিনীকে পরাস্ত করিয়া এখানে জনগণের দাবী মতে 'স্বাধীন গণতান্ত্রিক বাংলা' রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রাম অগ্রসর করিয়া লইতে হইবে। কিন্তু স্বাধীন বাংলা যাহাতে সাম্রাজ্যবাদীদের ডলারের শৃংখলে বাঁধা না পড়ে, স্বাধীন বাংলার কৃষক সমাজের উপর যাহাতে জোরদার মহাজনদের শোষণ না থাকে, স্বাধীন বাংলায় যাহাতে শ্রমিক ও জনসাধারণকে পুনরায় পুঁজিপতিদের শোষণ ও নিপীড়নের ধুঁকিয়া ধুঁকিয়া মরিতে না হয়, সেজন্যও সংগ্রামকে দৃঢ়ভাবে আগাইয়া লওয়ার জন্য কমিউনিষ্ট পার্টি শ্রমিক-কৃষক-ছাত্র মধ্যভিত্ত জনতাকে তাহাদের সংগ্রাম আগাইয়া লওয়ার আহবান জানাইতেছে।

কমিউনিষ্ট পার্টি বাংলাদেশে এমন একটি স্বাধীন রাষ্ট্র-গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য সংগ্রামের আহবান জানাইতেছে যেখানে সাম্রাজ্যবাদ, সামন্তবাদ উৎখাত করিয়া ও পুঁজিবাদী বিকাশের পথ পরিহান করিয়া জরনগণের স্বার্থে জাতীয় গণতান্ত্রিক বিপ্লব সমাধা করাও সমাজতন্ত্রের পথে অগ্রসর হইবার বিপ্লবী পথ উন্মুক্ত হইতে পারে।

ভিভ্রান্ত হইবেন না

কতকগুলি তথাকথিত ' কমিউনিষ্ট পার্টি' জনগণকে বিভ্রান্ত করার জন্য 'ধর্মঘট, অসহযোগ আন্দোলন প্রভৃতির প্রয়োজন নাই', 'গ্রামে গ্রামে কৃষি বিপ্লব শুরু কর', 'জোতদারদের গলা কাট' প্রভৃতি আওয়াজ তুলিতেছে। কোন কোন নেতা 'স্বাধীন বাংলা প্রতিষ্ঠা হইয়া গিয়াছে' বলিয়া ধ্বনি তুলিয়া আজিকার গণসংগ্রামের উদ্দীপনা সংকল্প ও প্রস্তুতিতে ভাটা আনিয়া দিতে চাহিতেছেন। মার্কিনী এজেন্টরা এই সংগ্রামে অনুপ্রবেশ করিয়া সংগ্রামকে বিপথগামী করার প্রচেষ্টা করিতে পারে। শাসকগোষ্ঠীর ও প্রতিক্রিয়াশীলদের উস্কানিতে সমাজবিরোধী দৃষ্কৃতকারীরা দাঙ্গা-হাঙ্গামা, লুটতরাজ প্রভৃতি বাধাইয়া সংগ্রামকে বিনষ্ট করিতে তৎপর হইতে পারে। এই সকল বিষয়ে হুঁশিয়ার ও সজাগ থাকার জন্য আমরা জনগণের প্রতি আহবান জানাইতেছি।

দৃঢ়সংকল্প বজায় রাখুন

বাংলাদেশের জনগণ আজ অভূতপূর্ব দৃঢ়তার ও একতার সাথে অফিস-আদালতে হরতাল, খাজনা-ট্যাক্স বন্ধ প্রভৃতির যে সংগ্রাম চালাইতেছেন, সে সংগ্রাম ইতিমধ্যেই ইহিতাসে এক নূতন নজির স্থাপন করিয়াছেন। সামরিক সরকারের হুমকি, দমননীতি, অভাব-অনটন প্রভৃতির মধ্যেও সে সংগ্রাম শিথিল বা দমিত হইবে না এবং শত্রুর নিকট আমরা কখনও নতি স্বীকার করিব না-এই বজ্র দৃঢ় সংকল্প আজ বাংলার ঘরে জাগিয়া উঠুক।

ক্ষমতা হস্তান্তরে বাধ্য করুন

নির্বাচিত গণপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর, সামরিক শাসন প্রত্যাহার প্রভৃতি যে দাবীগুলি আওয়ামী লীগ প্রধান উত্থাপন করিয়াছেন, সেগুলি আদায় করিতে পারিলে স্বাধীন বাংলা কায়েমের সংগ্রামের অগ্রগতির সুবিধা হইবে-ইহা উপলদ্ধি করিয়া ঐ দাবীগুলির পিছনে কোটি কোটি জনগণকে সমবেত করা এবং ঐ দাবীগুলি পুরণে ইয়াহিয়া সরকারকে বাধ্য করা-ইহা হইল এই মূহুর্তে জরুরী কর্তব্য।

সেনাবাহিনীর আক্রমণ প্রতিহত করুন

বস্তুতঃ হরতাল, লক্ষ লক্ষ জনতার সমাবেশ, মিছিল, সরকারী অফিস-আদালত ও সামরিক বাহিনীর সহিত অসহযোগ প্রভৃতি শান্তিপূর্ণ পন্থায় বর্তমান পর্যায়ে জনগণের আকাংক্ষিত স্বতন্ত্র স্বাধীন বাংলা প্রতিষ্ঠার সংগ্রাম চালাইতে হইবে।

কিন্তু জনগণকে আজ সংগ্রাম করিতে হইতেছে প্রত্যক্ষভাবে সশস্ত্র সেনাবাহিনীর বিরুদ্ধে। তাই শান্তিপূর্ণ পন্থায় শেষ পর্যন্ত জনগণের সংগ্রাম বিজয়ী হইবে এইরূপ মনে করিবার কারণ নাই। প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠীর আজ্ঞাবাহী সেনাবাহিনী জনগণের উপর সশস্ত্র হামলা শুরু করিতে পারে। তাই আত্মসন্তুষ্টির কোন কারণ নাই। সংগ্রাম যে কোন সময়ে সুতীব্র রূপ ধারণ করিতে পারে। এই অবস্থায় স্বতঃস্ফূর্ততার উপর নির্ভর না করিয়া সুশৃংখলভাবে সংগ্রামের সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করা দরকার। সেনাবাহিনীর আক্রমণ মোকাবেলা, উহা প্রতিরোধ করার জন্য শহর-গ্রাম সবৃত্র জনগণকে সংগঠিতভাবে প্রস্তুত হইবার জন্য আমরা জনগণের প্রতি আহবান জানইতেছি।

এই জন্য পাড়ায়, মহল্লায়, গ্রামে কল-কারখানায় সর্বত্র দলমত নির্বিশেষে সমস্ত শক্তি নিয়া গড়িয়া তুলুন স্থানীয় সংগ্রাম কমিটি ও গণবাহিনী। সেনাবাহিনী আক্রমণ করিলে উহা প্রতিরোধের জন্য ব্যারিকেড গঠন করুন, যাহা আছে উহা দিয়াই শত্রুকে প্রতিহত করুন।

শ্রমিক-কৃষক ভাইরা এগিয়ে আসুন

আজিকার সংগ্রাম জনগণের ন্যায্য সংগ্রাম। পশুশক্তির বিরুদ্ধে এই সংগ্রামে বিজয়ের বজ্রকঠিন শপথ ও সংকল্প নিয়া আগুয়ান হওয়ার জন্য পূর্ব পাকিস্তানের কমিউনিষ্ট পার্টি আজ নারী-পুরুষ, জাতি-ধর্ম-নির্বিশেষে বাংলাদেশের সমস্ত জনগণকে বিশেষতঃ শ্রমিক, শহরে গরীব বস্তিবাসী, কৃষক ও ছাত্রসমাজের প্রতি আহবান জানাইতেছে। সাহসের সহিত শত্রুর বিরুদ্ধে সঠিকভাবে সংগ্রাম চালাইতে পারিলে আমাদের জনগণের বিজয় সুনিশ্চিত।

ঢাকা,
তাং ৯-৩-১৯৭১।

কেন্দ্রীয় কমিটি,
পূর্ব পাকিস্তানের কমিউনিষ্ট পার্টি।

শিরোনাম	সূত্র	তারিখ
মুক্তি সংগ্রামে অবতীর্ণ হওয়ার আহবানে মওলানা ভাসানী	মওলানা ভাসানী (প্রচার পত্র)	৯ মার্চ, ১৯৭১

পূর্ব পাকিস্তানের বঞ্চিত জনসাধারণের প্রতি মওলানা ভাসানীর আহবান

পূর্ব পাকিস্তানের আজাদী রক্ষা ও মুক্তি সংগ্রামে

ঝাঁপাইয়া পড়ুন

প্রিয় দেশবাসী,

আজ আমি সাত কোটি পূর্ব বাংলার সাধারণ মানুষের কাছে এই জরুরী আহবান জানাইতে বাধ্য হচ্ছি যে, আপনারা দল, মত, ধর্ম ও শ্রেণী নির্বিশেষে প্রতিটি মানুষ একত্রে এবং একযোগে একটি সাধারণ কর্মসূচী গ্রহণ করুন, যার মূল লক্ষ্য হবে, ২৩ বৎসরের অমানুষিক এবং শোষণকারী শাসকগোষ্ঠীর করাল কবল থেকে পূর্ব বাংলাকে সম্পূর্ণ ও চূড়ান্তভাবে স্বাধীন ও সার্বভৌম করা।

১৯৪৭ সালের তথাকথিত স্বাধীনতা হস্তান্তরের ইতিবৃত্ত ও নির্গলিতার্থ এবং তার পরবর্তী অধ্যায়ে নবরূপে শোষণের প্রক্রিয়া সম্পর্কে শতকরা ৯৮ জন দেশবাসী অবহিত আছেন। এবং সে জন্যই আজ আমি আহবান জানাচ্ছি যে, ১৯৪৭ সালের ১৪ই আগষ্ট স্বাধীন-সুখী দেশ প্রতিষ্ঠা করার নামে সমঝোতার মাধ্যমে বিভিন্ন শ্রেণীর দেশী শোষকদের হাতে ক্ষমতা হস্তান্তর করে স্বাধীনতার যে প্রহসন সৃষ্টি করা হয়েছিল, আসুন আজ আমরা একত্রিত হয়ে সেই কপট স্বাধীনতাকে সত্যিকারের স্বাধীনতায় রূপান্তরিত করি।

আসুন, আজ আমরা বজ্রকণ্ঠে ঘোষণা করি যে, পূর্ব বাংলার পূর্ণ স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জনগণের হাতে গণতান্ত্রিক পূর্ণ ক্ষমতা অর্জিত না হওয়া পর্যন্ত আমরণ সংগ্রাম করে যাব।

আসুন, আমরা ঘোষণা করি যে, পূর্ণ স্বাধীনতা অর্জনই আমাদের একমাত্র লক্ষ্য। এর চেয়ে কম কিছু নয়। কারণ অন্য কোনও উপায়ে শোষিত কোটি কোটি পূর্ব বাংলার সাধারণ মানুষের অর্থনৈতিক ও রাজনৈতিক উন্নতি ও স্বয়ংসম্পূর্ণতা আসতে পারে না।

আসুন, এই আন্দোলনকে আমরা সত্যিকারের স্বাধীনতা অর্জনের জন্য দ্বিতীয় ও শেষ পর্যায়ের মরণপথ সংগ্রামে পরিণত করি। সত্যিকারের জাতীয় মুক্তির আর কোনও পথ নেই।

আসুন, আমরা বজ্রকণ্ঠে ঘোষণা করি যে, 'জয় বাংলা' রব তুলে নিপীড়িত কোটি কোটি বাঙালীর ভোট তথা সমর্থন নিয়ে সেই শক্তির বিনিময়ে পশ্চিম পাকিস্তানের শোষক ও সামরিক শাসকদের সাথে হাত মিলিয়ে যেনতেন প্রকারের একটা আপোস ও সমঝোতার সরকার গঠনপূর্বক শোষিত বাঙালীর আত্মনিয়ন্ত্রণের দ্বিধাহীন ও দুর্বার আকাংখাকে পুনর্বার বানচাল করার যে চক্রান্ত মুষ্টিমেয় বাঙালী শোষক ও তাদের হোতারা করে চলেছে, সেই হীন ষড়যন্ত্রকে আমরা শতকরা ৯৫ জন শোষিত, নিপীড়িত বাঙালী একযোগে অঙ্কুরেই প্রতিহত ও বিনষ্ট

করব। আসুন, আমরা শেষ ও চূড়ান্ত বারের মত পূর্ব বাংলার জাতীয় মুক্তি ও স্বাধীনতা রক্ষার আন্দোলনে একত্রিত হই এবং পশ্চিম পাকিস্তানী সাম্রাজ্যবাদী ও মুষ্টিমেয় বাঙালী শোষকের শত বাধা-বিপত্তি ও আক্রমণকে প্রতিহত করে জয়যাত্রা শরু করি।

'ঘরে ঘরে ডাক পাঠাই তৈরী হও জোট বাঁধো-
মাঠে কিষান, কলে মজুর, নওজোয়ান জোট বাঁধো।
এই মিছিল সর্বহারার সব পাওয়ার এই মিছিল,
হও সামিল, হও সামিল, হও সামিল

মার্চ ৯, ১৯৭১। **মওলানা আবদুল হামিদ খান ভাসানী**

শিরোনাম	সূত্র	তারিখ
নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরই সংকট মুক্তির একমাত্র পথ- একটি সম্পাদকীয় অভিমত	দৈনিক পাকিস্তান	৯ মার্চ, ১৯৭১

সম্পাদকীয়ঃ সংকট মুক্তির একমাত্র পথ

বাংলাদেশের সংগ্রাম জনসাধারণ একথা দ্ব্যর্থহীনভাবে প্রমাণ করিয়াছেন যে, বাঙালীকে আর শোষিত ও অবদমিত রাখা যাইবে না। গত রবিবার রমনা রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে ঐতিহাসিক ভাষণ দিয়াছেন, তাহাতে প্রতিফলিত হইয়াছে মুক্তিপাগল প্রতিটি বাঙ্গালীর মনোভাব। পূর্ব বাংলার মাটি হইতে এখনো শহীদের রক্তের দাগ মুছিয়া যায় নাই, এখনো এদেশের বহু ঘরে শোনা যাইতেছে স্বজন-হারানোর আর্তনাদ। তাই শেখ মুজিবুর রহমান প্রদীপ্ত কণ্ঠে ঘোষণা করিয়াছেন যে, তিনি শহীদের রক্ত মাড়াইয়া পরিষদে যোগ দিতে পারেন না। তবে তিনি পরিষদে যোগদানের সম্ভাবনাকে একেবারে উড়ায়া দেন নাই। অবিলম্বে সামরিক আইন প্রত্যাহার করা হইলে, সেনাবিহনীকে ব্যারাকে ফিরাইয়া নিলে, গণহত্যার তদন্ত করা হইলে এবং দেশের শাসনভার জনপ্রতিনিধিদের হাতে হস্তান্তর করিলেই তিনি বিবেচনা করিয়া দেখিবেন পরিষদে যোগদানে করিবেন কি করিবেন না। ইহার আগে পরিষদে যোগদান করার কোনো প্রশ্নই উঠে না বলিয়া তিনি জানান।

শেখ মুজিবুর রহমান পরিষদে যোগদানের প্রশ্নটি বিবেচনা করিয়া দেখার জন্য যে চারিটি শর্ত আরোপ করিয়াছেন সেগুলি নিঃসন্দেহে অত্যন্ত যুক্তিযুক্ত। এই শর্তাবলী মানিয়া লওয়া হইলেই শেখ মুজিবুর রহমান ও তাঁহার পার্টি সদস্যদের পরিষদে যোগদান করার পক্ষে অনুকূল পরিবেশ সৃষ্টি হইতে পারে, ইহার আগে নয়। বেয়নেটের ছায়ায় কখনো পরিষদের কাজ মুক্ত ও সুষ্ঠুভাবে চলিতে পারে না। এই জন্যই অবিলম্বে সামরিক আইন প্রত্যাহার করা এক অপিরহার্য প্রয়োজন দেখা দিয়াছে। খোদ প্রেসিডেন্টই নির্বাচিত জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা তুলিয়া দেওয়ার প্রতিশ্রুতি দিয়াছেন। সুতরাং এ ব্যাপারে কোনো রকম বিলম্ব ঘটানোর কোনো নৈতিক অধিকার বর্তমান সরকারের নাই। একথা প্রেসিডেন্টের বোঝা উচিত যে, জনগণের প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করার পথে অন্তরায় শুরু হইতেছে বলিয়াই পূর্ব বাংলা আজ বিক্ষুব্ধ। যদি একটি সংখ্যালঘু দলের অন্যায় আবদার রক্ষা করিতে গিয়া জাতীয় পরিষদের অীধবেশন স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা না হইত, তবে বাংলাদেশ ফাটিয়া পড়িত না বিক্ষোভে, শহীদের রক্তে রঞ্জিত হইত না বাংলার মাটি। বাংলাদেশের বিক্ষোভের পরিপ্রেক্ষিতে আগামী ২৫ শে মার্চ জাতীয় পরিষদের অধিবেশন আরম্ভের কথা ঘোষণা করিতে গিয়া তিনি গত শনিবার যে বেতার ভাষণটি দান করিয়ারেছন তাহা খুবই দুঃখজনক, সন্দেহ নাই। তাঁহার সেই ভাষণ সাত কোটি বাঙগালীর মনে দুঃখ ও ক্ষোভের সঞ্চার করিয়াছে। তিনি যে সুরে কথা বলিয়াছেন, তাহা আমাদের কাছে অপ্রত্যাশিত ও অস্বাভাবিক ঠেকিয়াছে। গণপ্রতিবাদমুখর বাংলার বর্তমান পরিস্থিতির জন্য তিনি বাংলাদেশের জনসাধারণ ও বাঙালী নেতৃত্বকেই দায়ী করিয়াছেন। কিন্তু একটি সংখ্যালঘু দলের যে নেতাটি ইহার জন্য দায়ী, যাঁহার অনমনীয় মনোভাবের জন্যই বাংলার মাটি আবার রঞ্জিত হইল রক্তে, বুলেটের শিকার হইল এখানকার নিরস্ত্র মানুষ তাঁহার দোষর প্রেসিডেন্টের লক্ষ্যগোচরই হইল না। ইহা কি একদেশদর্শিতার পরিচায়ক নয়? সে যাহাই হউক, সংকট এড়াইতে হইলে অবিলম্বে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করা একান্ত জরুরী। এয়ার মার্শাল নুর খান তো স্পষ্টতই বলিয়াছেন যে, শেখ মুজিবুর রহমানের দেশ শাসন করার আইনগত অধিকার রহিয়াছে এবং ক্ষমতা হস্তান্তরের সব রকম প্রতিবন্ধকতা অবিলম্বে দুর করা উচিত। এয়ার মার্শাল আসগর খানও শেখ মুজিবুর রহমানের শর্তবলীকে অত্যন্ত যুক্তযুক্ত বলিয়া মনে করেন। বস্তুতঃ ইহাই শান্তি প্রতিষ্ঠা ও দেশ রক্ষা করার একমাত্র পথ।

শিরোনাম	সূত্র	তারিখ
অসহযোগ আন্দোল ত্যাগ করে গেরিলা লড়াইয়ে আহবান জানিয়ে পূর্ব পাকিস্তানের কমিউনিষ্ট পার্টি (মার্কসবাদী-লেনিনবাদী)	পূর্ব পাকিস্তানের কমিউনিষ্ট পার্টি (মার্কসবাগী-লেনিনবাদী)	৯ মার্চ, ১৯৭১

নল থেকে রাজনৈতিক ক্ষমতা বেরিয়ে আসে-মাও সেতুং

পূর্ব বাঙলার মুক্তির জন্য শান্তিপূর্ণ অসহযোগ আন্দোলন নয়, হরতাল ধর্মঘট নয়

অস্ত্র হাতে লড়াই করুন
শত শত মানুষের হত্যার বদলা নিন
গ্রামে কৃষকদের গেরিলা লড়াই-এ সংগঠিত করুন

পূর্ব বাংলার মেহনতি গরীব ভাইসব,

গত কয়েক দিনে শাসকগোষ্ঠীর পুশিল-মিলিটারী পূর্ব বাংলার শত শত মেহনতি মানুষকে হত্যা করেছে। আরো হত্যা করার নতুন হুমকি দিয়েছে। অথচ, হত্যাকারীদের একটি চুলও খসেনি। অতীতেও তারা জনতার উপর হত্যালীলা চালিয়েছে। মরেছে, মার খেয়েছে শুধু গরীব জনসাধারণই। কিন্তু গরীব লোকের উপর শোষণ কমেনি, অত্যাচার কমেনি বরং বেড়েই চলেছে। শাসকগোষ্ঠীর হত্যালীলা ও শোষণের বিরুদ্ধে আজ যখন সারা পূর্ব বাঙলায় বিক্ষোভের আগুন দাউ দাউ করে জ্বলছে, পূর্ব বাঙলার পূর্ণ মুক্তির জন্য মেহনতি মানুষ পাগল হয়ে উঠেছে, তখন তথাকথিত বাঙলার দরদি নেতারা অস্ত্রহাতে লড়াই শুরু করার আহবান না দিয়ে বিপ্লবী জনগণকে এত হত্যালীলার পরও শান্তিপূর্ণ অসহযোগ আন্দোলনের নির্দেশ দিচ্ছে। এই ধোঁকাবাজ নেতারা গরীব জনতাকে আন্দোলনে নামিয়ে নিজেদের স্বার্থ হাসিল করেছে। মন্ত্রী হয়েছে, ধনী হয়েছে। যখনি জনতা অস্ত্র হাতে নিয়ে শোষক শ্রেণীকে খতম করার চেষ্টা করেছে, তখনি তারা শান্তির কথা বলে জনতাকে লড়াই থেকে সরিয়ে নিয়েছে। তারপর নিজেরা ক্ষমতার হালুয়া-রুটির ভাগাভাগি করেছে। ফলে, গরীব জনতা জান দিয়েছে, কিন্তু পায়নি কিছুই।

পাকিস্তানের শাসকগোষ্ঠী এবং পূর্ব বাংলার তথাকথিত দরদি বিশ্বাসঘাতক নেতাদের পরামর্শদাতা হলো কুখ্যাত নরপশু মার্কিন রাষ্ট্রদূত ফারল্যান্ড। এই নরঘাতক শুয়োরের বাচ্চাটি চকান্ত করে ইন্দোনেশিয়ার লক্ষ লক্ষ নিরীহ গরীব মানুষকে হত্যা করেছে। গত কিছুদিন যাবৎ ঘন ঘন পূর্ব বাংলায় এসে এখানেও ব্যাপক হত্যার ষড়যন্ত্র করছে। বিশ্বের মেহনতি মানুষের বড় দুশমন এই হিংস্র জানোয়ারদের সাথে যেসব তথাকথিত বাংলার দরদি নেতারা বৈঠক করে, ষড়যন্ত্র করে এবং লাঞ্ছিত-শোষিত মেহনতি মানুষকে শান্ত থাকতে উপদেশ দেয়, তারা গরীব কৃষক-শ্রমিকদের বন্ধু হতে পারে না। তারা শোষকগোষ্ঠী ও সাম্রাজ্যবাদের পা চাটা কুকুর। এই দালালদের চিনে নিন। এই শয়তানদের শান্তির আবেদনে ঝাঁটা মেরে হত্যার বদলা নেয়া শুরু করুন। অস্ত্র হাতে নিয়ে ছোট দলে (৪/৫ জন) বিভক্ত হয়ে অতর্কিতে দেশী-বিদেশী সকল শোষকদের উপর ঝাঁপিয়ে পড়ুন। শহরের বস্তিতে বস্তিতে, পাড়ায় পাড়ায়, প্রত্যেক গ্রামে গ্রামে গেরিলা লড়াই (গোপন যুদ্ধ) চালিয়ে অত্যাচারী জোতদারী মহাজন ও দালালদের খতম করুন। গণবাহিনী গড়ে তুলুন। গ্রামে গ্রামে গরীবের রাজত্ব কায়েম করুন।

পাকিস্তান শাসকগোষ্ঠীর জাতীয় পরিষদ পূর্ব বাঙলার জনগণের স্বার্থবিরোধী। পূর্ব বাঙলার জাতীয় পরিষদ সদস্যরা এই কুখ্যাত পরিষদ থেকে পদত্যাগ করুন। পূর্ব বাঙলার মুক্তি সশস্ত্র সংগ্রামে শরীক হউন। জাতীয় পরিষদের যোগদানকারী সকলেই পূর্ব বাঙলার মানুষের কাছে জঘন্য বিশ্বাসঘাতক বলেই প্রমাণিত হবে।

শোষিত নির্যাতিত ভাইসব,- পূর্ব বাঙলাকে মুক্ত করতেই হবে। পূর্ব বাঙলার শ্রমিক-কৃষক রাজত্ব কায়েম করতেই হবে, এর জন্য গ্রামকে লড়াইয়ের ঘাঁটি করুন। জনগণের সশস্ত্র বাহিনী গড়ে তুলুন। শ্রমিক শ্রেণীর পার্টি পূর্ব পাকিস্তানের কমিউনিষ্ট পার্টি (মার্কসবাদী-লেনিনবাদী)-র ডাকে ও নেতৃত্বে ১৯৭০ সালের ৪ঠা অক্টোবর থেকে গ্রামে কৃষকদের গেরিলা যুদ্ধ শুরু হয়েছে। অত্যাচারী জোতদারী মহাজন ও দালাল খতমের মাধ্যমে এই গেরিলা লড়াই ৭টি জেলায় ছড়িয়ে পড়েছে। এই লড়াইকে সারা পূর্ব বাঙলায় ছড়িয়ে দিন। শোষকদের খতম করুন। শত্রুর হাতে থেকে অস্ত্র কেড়ে নিন। শাসকগোষ্ঠীর পুলিশ -মিলিটারী খতম করুন। পূর্ব বাঙলা মুক্ত করুন। জনগণতান্ত্রিক পূর্ব বাঙলা কায়েম করুন।

শোষক গোষ্ঠীর জাতীয় পরিষদ-ধ্বংস হউক
পূর্ব বাঙলার মুক্তি সংগ্রাম-জিন্দাবাদ
পুর্ব বাঙলার কৃষকদের সশস্ত্র গেরিলা যুদ্ধ-জিন্দাবাদ
মার্কিনী দালালদের-খতম করুন
জনগণতান্ত্রিক পূর্ব বাঙলা-জিন্দাবাদ

ঢাকা জেলা শাখা
৯-৩-১৯৭১ইং

পূর্ব পাকিস্তানের কমিউনিষ্ট পার্টি
(মার্কসবাদী-লেনিনবাদী)।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তানের গভর্ণর হিসাবে লেঃ জেঃ টিক্কা খানের শপথ গ্রহণ সংক্রান্ত খবর	দৈনিক ইত্তেফাক	১০ মার্চ, ১৯৭১

পরিচালক পদে লেঃ জেঃ টিক্কা খান

(ষ্টাফ রিপোর্টার)

গতকাল (মঙ্গলবার) গভীর রাত্রে পি,পি,আই এবং এনা পরিবেশিত খবরে প্রকাশ, চীফ মার্শাল এডমিনিস্ট্রেটর সংশ্লিষ্ট বিধি পরিবর্তন করিয়া রেঃ জেঃ টিক্কা খান এস,পি-কে-কে 'খ' অঞ্চলের মার্শাল লঃ এডমিনিস্ট্রেটর নিয়োগ করিয়াছেন। তাঁহার এই নিয়োগ গত ৭ই মার্চ হইতে কার্যকরী হইবে।

এখানে উল্লেখ করা যাইতে পারে যে, চীফ মার্শাল ল' এডমিনিস্ট্রেটর লেঃ জেনারেল টিক্কা খান এস,পি-কে-কে গত ৬ই মার্চ পূর্ব পাকিস্তানের গভর্নর নিয়োগ করেন এবং নূতন দায়িত্বভার গ্রহণের জন্য ৭ই মার্চ তিনি ঢাকা পৌঁছেন।

গতকাল বি,বি,সি-র এক খবরে বলা হয় যে, আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমানের নির্দেশ অনুযায়ী ঢাকা হাইকোর্টে হরতালের দরুন কোন বিচারপতি পূর্ব পাকিস্তানের নবনিযুক্ত সামরিক গভর্নরের শপথ অনুষ্ঠান পরিচালনা করিতে সম্মত হইতেছেন না। ফলে নয়া গভর্নরের কার্যভার গ্রহণ বিলম্বিত হইতেছে।*

* তকালীন পূর্ব পাকিস্তানের প্রধান বচারপতি বি, এ, সিদ্দিকী ১৯৭১ সালের ৯ই মার্চ গভর্নও হিসাবে জেনারেল টিক্কা খানের শপথগ্রহণ অনুষ্ঠন পরিচালনা করতে অস্বীকৃতি জানিয়েছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
'শেখ মুজবের সঙ্গে এক হয়ে সর্বাত্মক সংগ্রাম করবোঃ পল্টনের জনসভায় মওলানা ভাসানী	দৈনিক পাকিস্তান	১০ মার্চ, ১৯৭১

মুজিব-ভাসানী এক হবে

(স্টাফ রিপোর্টার)

ন্যাশনাল আওয়ামী পার্টি প্রধান মওলানা আবদুল হামিদ খান ভাসানী গতকাল মঙ্গলবার পল্টনের এক জনসমুদ্রে দাঁড়িয়ে দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেন যে, সাত কোটি বাঙালীর মুক্তি ও স্বাধীনতার সংগ্রামকে কেউ দাবিয়ে রাখতে পারবে না। এবং এ ব্যাপারে কোন প্রকার আপোসও সম্ভব নয়। তিনি প্রেসিডেন্ট ইয়াহিয়াকে এই দাবীর মর্যাদা রক্ষা করে অবিলম্বে ৭ কোটি বাঙালীকে স্বাধীনতা দানের আহবান জানান। বিপুল হর্ষধ্বনির মধ্যে তিনি ঘোষণা করেন, আগামী ২৫শে মার্চের মধ্যে এই দাবী মেনে না নিলে তিনি শেখ মুজিবুর রহমানের সঙ্গে এক হয়ে বাঙালীর স্বাধীনতার জন্য সর্বাত্মক সংগ্রাম শুরু করবেন।

বর্তমান সংগ্রামের উল্লেখ করে তিনি বলেন, কেউ কেউ বলছে যে, প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ঢাকা এলে শেখ মুজিবুর রহমান তার সাথে আপোস করবে। তিনি বলেন, এই সন্দেহ অমূলক। শেখ মুজিব বা মওলানা ভাসানী বা যে কোন নেতা যদি এ ব্যাপারে আপোস করতে যায় জনতা তাকে আস্ত রাখবে না। আপোসের সময় চলে গেছে। এখন আপোসের আর কোন পথ খোলা নেই। মওলানা ভাসানী শেখ মুজিবুর রহমানের প্রতি আস্থা রাখার জন্য আহবান জানিয়ে বলেন, তাকে আপনার অবিশ্বাস করবেন না।

শেখ মুজিবুর রহমানকে তিনি পাকিস্তানের প্রধানমন্ত্রী হওয়ার চেয়ে বাংলার সংগ্রাম বীর হওয়ার আহবান জানান।

তিতি বলেন, ১৩ বছর আগে কাগমারী সম্মেলনে আমি আসসালামু-আলাইকুম বলেছিলাম। মরহুম শহীদ সোহরাওয়ার্দী তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন ব্যক্তি হয়েও সেদিন আমার কথা অনুধাবন করতে পারেননি। কারণ আমি বুঝতে পেরেছিলাম যে, দুই অংশ যদি একত্রে থাকে তাহলে কালব্যাধি যক্ষার জীবাণু যেমন দেহের হৃৎপিণ্ডের দু অংশকে নিঃশেষ করে দেয়, তেমনি পাকিস্তানের দু অংশই বিনষ্ট হবে। তাই বলেছিলাম যে, তোমরা তোমাদের শাসনতন্ত্র প্রণয়ন কর এবং আমরা আমাদের জন্য শাসনতন্ত্র প্রণয়ন করি। 'লাকুম দীনুকুম ওলিয়াদীন', শেখ মুজিবুর রহমান আজ ঘরের ছেলে ঘরে ফিরে এসেছে।

তিনি বলেন, আমি ৭ কোটি বাঙালীকে আজ মোবারকবাদ জানাই এ জন্য যে, তারা এই বৃদ্ধের ১৩ বছর আগের কথা এতদিন পরে অনুধাবন করতে পেরেছে।

বাংলাদেশের নিরস্ত্র নিঃসহায় মানুষের ওপর বেপরোয়া গুলীবর্ষণের নিন্দা করে তিনি ইয়াহিয়াকে ইতিহাস হতে শিক্ষা গ্রহণের পরামর্শ দেন। তিনি বলেন, অত্যাচারী শাসক ও জালিম কখনও ক্ষমতায় টিকে থাকতে পারে না। তার পতন অনিবার্য। তিনি বৃটিশ সাম্রাজ্যবাদ, মুসলিম লীগ সরকার ও আইয়ুব খানের পতনের ইতিহাস বর্ণনা করে বলেন, এরা নিজেরাই নিজেদের ধ্বংস ডেকে এনেছিল।

তিনি বলেন, বৃটিশ জাতি বুদ্ধিমান ছিল। তাই তারা এদেশের জনগণের সঙ্গে সম্পর্ক চিরতরে ছিন্ন হওয়ার মত পর্যায়ে পৌঁছার আগেই স্বাধীনতা দিয়ে যায়। তেমনিভাবে সম্পর্ক বজায় রাখার জন্য বাংলার ৭ কোটি মানুষকেও তিনি অবিলম্বে স্বাধীনতা প্রদানের দাবী জানান।

তিনি এ ব্যাপারে ইয়াহিয়াকে জনাব দেওলতানা, জনাব ভুট্টো ও জনাব খুরোসহ বিভিন্ন পশ্চিম পাকিস্তানী নেতাদের সঙ্গে পরামর্শ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন।

অহিংস আন্দোলন প্রসঙ্গে মওলানা ভাসানী বলেন, আমি কোনদিন অহিংসায় বিশ্বাস করি না। রসুল (দঃ) অহিংসায় বিশ্বাস করতে বলেননি। জুলুমের প্রতিশোধ নিতে বলেছেন। জালিমের অত্যাচার যে সহ্য করে এবং যে অত্যাচার করে তারা উভয়ই মহাপাপী। তিনি বলেন, অহিংসা পন্থা অবাস্তব।

দেশে আইনশৃঙ্খলা ভঙ্গের জন্য তিনি প্রেসিডেন্টকে দায়ী করেন। পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণা সম্পর্কে প্রেসিডেন্টের যুক্তি একজন নিরক্ষর নাগরিকের নিকটও গ্রহণযোগ্য নয় বলে তিনি অভিমত প্রকাশ করেন।

দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার নামে প্রেসিডেন্টের ভূমিকার নিন্দা করে তিনি বলেন, প্রেসিডেন্ট পরিষদে সংখ্যাগরিষ্ঠ দলের প্রতি কোন মর্যাদা না দিয়ে তার আইনগত কাঠামোর কথা জোর গলায় প্রচার করছেন। তিনি আইনগত কাঠামো আদেশেরবলে সবকিছু করবেন বলে হুমকি দিচ্ছেন। এটা কোন ধরনের গণতন্ত্র? গণতন্ত্রে এরূপ আদেশের কোন নজির কোন দেশে খুঁজে পাওয়া যায় না। তিনি এলএফও'র কঠোর নিন্দা করেন।

তিনি বলেন, প্রেসিডেন্টের গণতন্ত্র শুধুই মুখের কথা। কোন দেশে পার্লামেন্টকে কেউ বাধা দেয় না। এটা গণতন্ত্রের নিয়ম বহির্ভূত।

জনাব ভুট্টোর পরিষদ বর্জনের হুমকি প্রসঙ্গে ন্যাপ প্রধান বলেন, এটাও নজিরবিহীন ঘটনা। আজাদীপূর্বকালে ভারতীয় পার্লামেন্টে মুসলমানরা সংখ্যাগলঘিষ্ঠ হওয়া সত্বেও পার্লামেন্টে যোগ দেব না এরূপ কথা বলেনি। আইন পাসের ব্যাপারে সংখ্যাগরিষ্ঠ দলের সংখ্যালঘিষ্ঠ দল পরিষদে বাধা দান করেছে, যুক্তিতর্ক, ন্যায়বিচার ও ইনসাফের দোহাই দিয়ে সংখ্যাগরিষ্ঠ দলকে বোঝাবার চেষ্টা করেছে। শেষ পর্যন্ত ওয়াকউট করেছে। ভুট্টোর উচিত ছিল সেই গণতন্ত্রসম্মত পথ অনুসরণ করা। পশ্চিম পাকিস্তানী গরীব জনগণের বিরুদ্ধে সংখ্যাগরিষ্ঠ দল যদি কোন আইন পাস করত বা তাদের মুখের গ্রাস কেড়ে নেবার চেষ্ঠা করত এবং একথা যদি ভুট্টোর দল প্রমাণ করতে পারত, তাহলে জনমত তার দলের পক্ষে যেত।

তিনি ইন্দোনিশিয়ার মার্কিন ষড়যন্ত্রের উল্লেখ করে বলেন, সেখানে লক্ষ লক্ষ মানুষকে হত্যা করা হয়েছে। কিন্তু এই হত্যার প্রতিশোধ ইন্দোনেশিয়ার জনগণ নেবেই।

নিরস্ত্র অসহায় মানুষকে গুলি করে হত্যার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়ে তিনি বলেন, আমাদের মা-বোনদের আজ গুলি করে মারা হচ্ছে। গত পরশু আমি চলে গিয়েছিলাম। এক মহিলা কেঁদে লুটিয়ে পড়লেন। তাঁর ছেলে রাজশাহীতে পড়ত, তাকে গুলি করে হত্যা করা হয়েছে। সেই মহিলা চিৎকার করে কাঁদছে। বাংলা মা'র কোল এমনি করেই খালি করে বাংলাকে ক্রন্দসী বাংলা করছে।

তিনি বলেন, সন্তানের জন্য মায়ের যে বদনা তা ইয়াহিয়া বুঝবেন না। সন্তানহারা মায়ের অভিশাপ বিফলে যাবে না। বিভিন্ন দ্রব্যাদির মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধির বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে তিনি গ্রামে গ্রামে সর্বদলীয় সংগ্রাম কমিটি গঠনের আহবান জানান। তিনি বলেন, সিমেন্টের দাম ইতিমধ্যেই প্রতি বস্তা এগার টাকা হতে পনের টাকা ও ঢেউটিন প্রতি বান একাশি টাকা হতে দুশো ৪২ টাকা উঠেছে।

তিনি বলেন, পূর্ব বাংলা স্বাধীন হবেই। এই স্বাধীনতা রক্ষার জন্য এখন হতে প্রস্তুতি নিতে হবে। এ ব্যাপারে বাঙালীদের ঐক্যবদ্ধ হতে হবে। চরিত্র গঠন গরতে হবে। বাংলাদেশ হতে একটি কানাকড়িও যেন বাইরে পাচার না হয় তৎপ্রতি সতর্ক দৃষ্টি রাখার জন্য তিনি আহবান জানান।

মওলানা ভাসানী বাঙালী, অবাঙালী, হিন্দু, বৌদ্ধ, খৃস্টান ইত্যাদি ভেদাভেদ ভুলে সকলকে মিলেমিশে থাকার আহবান জানান।

তিনি বলেন, বিহারীদের আমি বড় ভালবাসি। ওরা অত্যাচারিত হয়ে এদেশে এসেচে। ওরা পশ্চিম পাকিস্তানী নয়, হিন্দুস্তানের অধিবাসী ছিল। তাদের ওপর বহু নির্যাতন হয়েছে।

তিনি বলেন, এদের সকলের সম্পত্তি রক্ষা করার দায়িত্ব আমাদের। কারণ এগুলো আমাদের দেশের সম্পদ।

সভার শুরুতেই গণআন্দোলনে যারা শহীদ হয়েছেন তাঁদের জন্য মওলানা ভাসানীর ইমামতীতে গায়েবী জানাজা অনুষ্ঠিত হয়।

আতাউর রহমান

পল্টন ময়দানের জনসভায় বক্তৃতাকালে জাতীয় লীগ প্রধান জনাব আতাউর রহমান খান বিলম্ব না করে বাংলায় জাতীয় সরকার ঘোষণা করার জন্যে আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমানের প্রতি আহবান জানান।

জনাব আতাউর রহমান খান বলেন, আজ আর আমাদের মধ্যে কোন কোন্দল নেই। বাংলার কৃষক-শ্রমিক, ছাত্র-জনতা ঐক্যবদ্ধ হয়েছে। বাঙালী জজ, সিএসপি ও সরকারী কর্মচারীরাও আজ জনগণের সার্থে ঐক্যবদ্ধ। তাঁরা রক্ত দিচ্ছেন এবং প্রয়োজন হলে আরো রক্ত দেবেন। 'তাই এই মুহুর্তে শেখ মুজিব জাতীয় সরকার গঠন করলে সবাই তাঁর হুকুম মেনে নেবে। আজকের এই মুহূর্ত আর বারবার ফিরে আসবে না বলে তিনি মন্তব্য করেন।

জাতীয় লীগ নেতা বলেন, বাংলার আজ মহা দুর্দিন। বাঙালী জাতির সামনে আজ চরম পরীক্ষা। বাঙালী এখন জীবন্মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে আছে। ঐতিহাসিক লাহোর প্রস্তাবে স্বাধীনতার যে ওয়াদা করা হয়েছিল তা পূরণ করা হয়নি।

বাঙালীদের বিরুদ্ধে পশ্চিমা শোসকদের ষড়যন্ত্রের কথা উল্লেখ করে জনাব আতাউর রহমান খান বলেন, তাঁরা বাঙালীদের শাসন ক্ষমতায় অংশিদারিত্ব করতে চায় না। শেরে বাংলা ও সোহরাওয়ার্দীকেও তারা বিশ্বাস করেনি। আজও সংখ্যাগরিষ্ঠ দলের নেতা শেখ মুজিবুর রহমানকে তাঁরা ক্ষমতা দিতে চাচ্ছে না। তাই একবার জাতীয় পরিষদের অধিবেশন ডেকে আবার তা বন্ধ করে দেয় এবং পরে আবার তারিখ ঘোষণা করে। শেখ মুজিবের প্রতি আহবান জানিয়ে তিনি বলেন, ভানুমতির খেলা শুরু হয়ে গেছে। চারদিকে ষড়যন্ত্রের জাল ফেলা হয়েছে। এই ষড়যন্ত্রের জাল ভেদ করতে হবে। কাজেই আপনি পরিষদের কথা ভুলে যান এবং জাতীয় সরকার ঘোষণা করুন।

প্রেসিডেন্ট ইয়াহিয়াকে উদ্দেশ্য করে তিনি বলেন, বাঙালী জাতি আজ মৃত্যুকে উপেক্ষা করছে। বাংলাদেশের ৭ কোটি মুক্তিপাগল মানুষকে দাবিয়ে রাখা যাবে না।

ইতিপূর্বে জনসভার প্রস্তাব পাঠকালে এক সংক্ষিপ্ত বক্তৃতায় ন্যাপ সম্পাদক জনাব মশিহুর রহমান বলেন, আজ রাজনৈতিক কোন্দলের দিন নয়। ন্যাপ কোন্দলে বিশ্বাস করে না। তাই আজ আমরা ঐকবদ্ধ।

শিরোনাম	সূত্র	তারিখ
মওলানা ভাসানীর ১৪ দফা কর্মসূচী ঘোষণা	দৈনিক পাকিস্তান	১০ মার্চ, ১৯৭১

মওলানা ভাসানীর ১৪ দফা কর্মসূচী

(ষ্টাফ রিপোর্টার)

গতকাল মঙ্গলবার পল্টন ময়াদনের অনুষ্ঠিত ন্যাপের জনসভায় সংগ্রামের বর্তমান পর্যায় ১৪ দফা কর্মসূচী ঘোষণা করা হয়। প্রয়োজন মত এই কর্মসূচীর সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধন করা হবে বলেও ঘোষণা করা হয়।

বিগত ৯ই জানুয়ারী সন্তোষ সম্মেলনে এবং ১০ই জানুয়ারী পল্টন ময়দানের জনসভায় ঘোষিত মুক্ত পূর্ব বাংলা প্রতিষ্ঠার দাবীর প্রতি দ্ব্যর্থহীন সমর্থন;

উৎপাদন ও বন্টন ব্যবস্থার সামাজিকীকরণ ও সুষম বন্টন এবং সাম্রাজ্যবাদ, সামন্তবাদ, উপনিবেশবাদ, নয়া উপনিবেশবাদ ও একচেটিয়া পুঁজিবাদ বিরোধী কৃষক-শ্রমিক রাজ কায়েম এবং ধর্ম বর্ণ ও ভাষা নির্বিশেষে সকল নাগরিকের সমান অধিকার প্রতিষ্ঠা;

পূর্ব বাংলায় উৎপাদিত পণ্যের বিকল্প সকল বিদেশী পণ্য বর্জন;

পূর্ব বাংলার সর্বস্তরে সর্বদলীয় সংগ্রাম পরিষদ গঠন;

শেখ মুজিবুর হরমান খাজনা, ট্যাক্স বন্ধের যে আহবান জানিয়েছেন তা যাতে সুষ্ঠুভাবে পালিত হয় তজ্জন্য সংগ্রাম পরিষদের মাধ্যমে লবণ শুল্ক, নগর শুল্ক, হাট-বাজারের তোলা, খাজনা, ইনকাম ট্যাক্স, কৃষি ট্যাক্সসহ সমুদয় ট্যাক্স প্রদান সুসংগঠিতভাবে বন্ধ রাখা;

নিরস্ত্র নিরপরাধ জনগণকে গুলি করে হত্যা করার অপরাধের সাথে সংশিলষ্ট সকল সামরিক সৈন্য, কর্মচারী ও সরকারী কর্মচারীদের নিকট নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী বিক্রি বন্ধ রাখা;

পূর্ব বাংলার বর্তমান খাদ্য ও অর্থনেতিক সংকটের সময়ে যাতে কোন দ্রব্যসামগ্রী সীমান্তের অপর পারে চোরাচালান না হতে পারে তার দিকে সতর্ক দৃষ্টি রাখা;

ত্রিশ লক্ষ টন খাদ্য ঘাটতি পূরণের নিমিত্ত স্বেচ্ছায় উৎপাদন বৃদ্ধি এবং পতিত জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা;

পূর্ব বাংলায় অবস্থিত পশ্চিম পাকিস্তানী ব্যাংকসমূহ কোন টাকা জমা না রাখা;

দ্রব্যমূল্য স্বাভাবিক রাখার জন্য কালোবাজারী ও আড়তদাররা যাতে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য মওজুত করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি দেয়া; বাঙালী-অবাঙালী, হিন্দু-মুসলমানের দাঙ্গা বাধিয়ে গণসংযোগকে বিপথে পরিচালিত করার সড়যন্ত্রকে প্রতিরোধ করা;

বাঙালী জাতীর মুক্তির আন্দোলনের নামে টাউট ও প্রবঞ্চকরা যাতে চাঁদা তুলতে না পারে তার প্রতি সতর্ক দৃষ্টি রাখা;

বিদেশী সৈন্য যাতে পূর্ব বাংলার মাটিতে অবতরণ করতে না পারে তজ্জন্য চট্টগ্রাম ও খুলনার সামুদ্রিক বন্দরগুলোর প্রতি সজাগ দৃষ্টি রাখা;

গণবিরোধী শাসকচক্রের তমঘা, খেতাবসহ বিভিন্ন উপঢৌকন বর্জন করা।

এ ছাড়া সভায় গৃহীত এক প্রস্তাবে নিরীহ নিরস্ত্র স্বাধীনতাকামী বাঙালীর উপর গুলিবর্ষণের তীব্র প্রতিবাদ করা হয় এবং নিহত ও আহত স্বাধীনতার সৈনিকদের প্রতি গভীর সংগ্রামী সমবেদনা জানানো হয়। প্রস্তাবে দেশের সর্বত্র গায়েবানা জানাজা অনুষ্ঠানের জন্যে জনসাধারণের প্রতি আহবান জানানো হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
সরকারী ও আধা-সরাকরী সংস্থাসমূহের প্রতি আওয়ামী লীগের পক্ষ থেকে তাজউদ্দিনের নির্দেশাবলী	দ্য ডন	১০ মার্চ, ১৯৭১

MUJIB'S DIRECTIVE - EXEMPTIONS AND CLARIFICATIONS
Announcement by Mr. Tajuddin Ahmad.
General Secretary of the East Pakistan Awami League on March 9,1971.

The following exemptions and clarifications were issued pursuant of Sheikh Mujibur Rahman's directive according to Mr. Tajuddin Ahmad. General Secretary of the East Pakistan Awami League :

নং-তম/প্রেস-১/২এফ-২/৯৭/বিবিধ-১/৯৬৯ তারিখঃ ৩০ অক্টোবর ২০০৩

প্রেরক : অঞ্জলী রানী চক্রবর্তী
সিনিয়র সহকারী সচিব (প্রেস-১)

প্রাপক : জনাব গোলাম মোস্তফা
স্বত্বাধিকারী
মেসার্স হাক্কানী পাবলিশার্স
মমতাজ প্লাজা (৪র্থ তলা)
ধানমন্ডি, ঢাকা।

বিষয় : ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র (১৫ খন্ড)'' পুনর্মুদ্রণের নিমিত্তে প্রচ্ছদ ও অঙ্গসজ্জার নমুনা অনুমোদন।

সূত্র :তাঁর ০৮ অক্টোবর ২০০৩ তারিখের আবেদন।

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের সাথে প্রাপ্ত নমুনা অনুযায়ী প্রচ্ছদ, প্রিন্টার্স লাইন ও অঙ্গসজ্জা মোতাবেক বিষয়োক্ত গ্রন্থাবলী চূড়ান্ত মুদ্রণের অনুমোদন প্রদান করা হলো। মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত/অনুমোদিত প্রচ্ছদ নির্দেশক্রমে এতদসাথ ফেরত প্রদান করা হলো।

সংযুক্তি : বর্ণনা মতোবেক।

আপনার বিশ্বস্ত

(অঞ্জলী রানী চক্রবর্তী)
সিনিয়র সহকারী সচিব (প্রেস-১)

প্রকাশকের কথা

প্রতিটি দেশ বা জাতির জন্য তার স্বাধীনতা সংগ্রামের ইতিহাস একটি অমূল্য সম্পদ। সে আলোকে বাংলাদেশের ১৯৭১ সনের স্বাধীনতা যুদ্ধ এবং তৎপূর্বের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস আমাদের কাছে এক গৌরবময় সম্পদ। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস প্রণয়নের জন্য ১৯৭৭ সনে তৎকালীন সরকার বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্প গ্রহণ করে। নিরপেক্ষতা ও যথার্থতা বজায় রাখার জন্য স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের দলিলাদি সংগ্রহ ও যাচাইপূর্বক তা সংকলন করা হয়। তারই ফলশ্রুতি 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র' গ্রন্থাবলী। বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় ১৯৮২ সনে ১৫ খন্ডে এই গ্রন্থাবলী প্রকাশ করে। এ উদ্দেশ্যে গঠিত কমিটির সম্মানিত সদস্যগণের অক্লান্ত পরিশ্রমের ফসল এই গ্রন্থাবলী।

এই গ্রন্থাবলী প্রকাশ হওয়ার অল্প দিনের মধ্যে তার পুরো স্টক ফুরিয়ে যায়। এই গ্রন্থাবলী স্বাধীনতা যুদ্ধ-বিষয়ক সকল গবেষণা কর্মের গুরুত্বপূর্ণ রেফারেন্স হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং হবে। কিন্তু স্টক না থাকায় বাংলাদেশের বর্তমান জনগোষ্ঠীর একটি বৃহৎ অংশ আমাদের স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের প্রকৃত ইতিহাস জানা থেকে দীর্ঘদিন যাবৎ বঞ্চিত রয়েছে এবং এর দুষ্প্রাপ্যতা অনেক গবেষণা কর্মে ব্যাঘাত ঘটাচ্ছে।

এমতাবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক **বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র** গ্রন্থাবলী পুনর্মুদ্রণের সিদ্ধান্তটি অত্যন্ত সময়োপযোগী বলে আমরা মনে করি।

বাংলাদেশ সরকার কর্তৃক এ রকম একটি জাতীয় গুরুত্বপূর্ণ কর্মকান্ডের দায়িত্ব আমাদেরকে অর্পণ করায় আমরা গৌরবান্বিত। এরই ভিত্তিতে গ্রন্থাবলীর বিষয়সূচি সম্পূর্ণ অপরিবর্তিত রেখে নতুন আঙ্গিকে নির্ভুলভাবে পুনর্মুদ্রণের আপ্রাণ চেষ্টা করেছি। আশা করি, পুনর্মুদ্রিত গ্রন্থাবলী পাঠক-গবেষকদের চাহিদা মেটাতে সক্ষম হবে।

বিশাল এই কর্মকান্ডে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন, আমরা তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

০৭ ডিসেম্বর ২০০৩

(গোলাম মোস্তফা)
স্বত্বাধিকারী
হাক্কানী পাবলিশার্স

মুখবন্ধ

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের নয় সদস্যবিশিষ্ট প্রামাণ্যকরণ কমিটির তরফ থেকে এই দলিল সংগ্রহের প্রকাশনা সম্পর্কে দুটি কথা নিবেদন করছি। এ প্রকল্পের উৎপত্তি ও গঠন, এর মূল উদ্দেশ্য ও কার্যপদ্ধতি সম্পর্কে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব হাসান হাফিজুল রহমান বিস্তারিত বলবেন।

বিপুলায়তন ও সংগৃহীত উপাত্ত থেকে প্রকাশিতব্য দলিলসমূহ নির্বাচন কমিটির সদস্যবৃন্দ নিরপেক্ষ ভূমিকা পালনে যথাসাধ্য চেষ্টা করছেন। তাঁরা ঘন্টার পর ঘন্টা ধরে দলিলাদির পান্ডুলিপি ধৈর্য ধরে পরীক্ষা করেছেন, বিস্তারিত আলোচনা-সমালোচনার মাধ্যমে সংযোজন ও সংশোধনের জন্য মূল্যবান উপদেশ দিয়ে প্রকল্প বাস্তবায়নে সহায়তা করেছেন। আমাদের কোন মন্তব্য ছাড়াই দলিলগুলো সরাসরি পাঠক ও গবেষকদের কাছে উপস্থিত হচ্ছে। দলিলপত্র যথাসম্ভব মূলসূত্র থেকে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। প্রকাশিত দলিলগুলো প্রামাণ্যকরণ কমিটি অনুমোদন করে দিয়েছেন।

প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠাব্যাপী দলিল থেকে প্রাথমিক নির্বাচনের পর গুরুদায়িত্ব পালন করেছেন প্রকল্পে নিয়োজিত বিভিন্ন গবেষকবৃন্দ। তাঁরা জনাব হাসান হাফিজুর রহমানের নেতৃত্বে এ দায়িত্ব যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সংগে পালন করছেন।

প্রামাণ্যকরণ কমিটির সকল সদস্যকে এবং প্রকল্পের গবেষকবৃন্দকে তাঁদের প্রশংসনীয় ভূমিকার জন্য আমি অশেষ ধন্যবাদ জানাই। সেই সঙ্গে প্রকল্পের প্রধান বাংলাদেশের বিশিষ্ট কবি ও সাংবাদিক জনাব হাসান হাফিজুর রহমানকে নিরলস ও অকাতর কর্মপ্রচেষ্টার জন্য জানাই প্রাণঢালা অভিনন্দন।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সুবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলো থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমুদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদঘাটিত ও অনাবিস্কৃত দলিলগুলো ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলো মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলো পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক বলে মনে করব।

১৪ সেপ্টেম্বর,
১৯৮২।

মফিজুলস্নাহ কবীর
চেয়ারম্যান,
প্রামাণ্যকরণ কমিটি,
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প।

ভূমিকা

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়সীমা ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই সময়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংগে সম্পর্কিত সারা বিশ্বে যা কিছু ঘটেছে তার তথ্য ও দলিলপত্র সংগ্রহ এবং সেসবের ওপর ভিত্তি করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা ও মুদ্রণের দায়িত্ব অর্পিত হয় মুক্তিযুদ্ধ ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পের ওপর। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনে এই প্রকল্পটি প্রতিষ্ঠিত হয় এবং এর কাজ শুরম্ন হয় ১৯৭৮ সালের জানুয়ারী থেকে (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ইতিহাস রচনার দায়িত্বপ্রাপ্ত হলেও এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। এর কারণ, সমকালীন কোন ঘটনার বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মতো একটি যুগান্তকারী ঘটনার ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা এবং বিকৃতির সম্ভাবনা এড়িয়ে যাওয়া বস্তুত অত্যন্ত দুরূহ। এ জন্যই আমরা ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিক গুরুত্বপূর্ণ মনে করেছি। এর ফলে দলিল ও তথ্যাদিই কথা বলবে, ঘটনার বিকাশ ও ধারাবাহিকতা রক্ষা করবে, ঘটনা পরম্পরার সংগতি রক্ষা করবে।

এই লক্ষ্য সামনে রেখেই কয়েকটি খন্ডে সংগৃহীত দলিলসমূহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে প্রকল্পের সামনে একটি বিশেষ বিবেচ্য বিষয় দেখা দেয় এই যে, দলিলপত্র সংগ্রহের সময়সীমা স্বাধীনতা যুদ্ধকেন্দ্রিক হওয়া সত্ত্বেও এ সত্যও সমান গুরুত্বপূর্ণ যে, স্বাধীনতা যুদ্ধের পশ্চাতে বিরাট পটভূমি রয়েছে। স্বাধীনতা যুদ্ধকে এই পটভূমি থেকে বিচ্ছন্ন করে দেখা যায় না। এই পটভূমির ঘটনাবলী- যাকে মুক্তিসংগ্রাম বলে অভিহিত করা যায়- তার অনিবার্য পরিণতিই স্বাধীনতা যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তোলে। তাই মুক্তিসংগ্রামের স্বরূপ জানা ছাড়া স্বাধীনতা যুদ্ধকে তুলে ধরা সম্ভবই নয়। এই পরিস্থিতিতে স্বাধীনতা যুদ্ধের দলিল প্রকাশের সংগে এর পটভূমি সংক্রান্ত দু'খন্ড দলিলসংগ্রহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এর ফলে প্রকল্পের দলিল প্রকাশের পরিকল্পনা নিম্নরূপে দাঁড়ায় :

প্রথাম খন্ডঃ	পটভূমি (১৯০৫-১৯৫৮)
দ্বিতীয় খন্ডঃ	পটভূমি (১৯৫৮-১৯৭১)
তৃতীয় খন্ডঃ	মুজিবনগর : প্রশাসন
চতুর্থ খন্ডঃ	মুজিবনগর : প্রবাসী বাঙালীদের তৎপরতা
পঞ্চম খন্ডঃ	মুজিবনগর : বেতারমাধ্যম
ষষ্ঠ খন্ডঃ	মুজিবনগর : গণমাধ্যম
সপ্তম খন্ডঃ	পাকিস্তানী দলিলপত্র : সরকারী ও বেসরকারী
অষ্টম খন্ডঃ	গণহত্যা, শরণার্থী শিবির ও প্রাসংগিক ঘটনা
নবম খন্ডঃ	সশস্ত্র সংগ্রাম (১)
দশম খন্ডঃ	সশস্ত্র সংগ্রাম (২)
একাদশ খন্ডঃ	সশস্ত্র সংগ্রাম (৩)
দ্বাদশ খন্ডঃ	বিদেশী প্রতিক্রিয়া : ভারত
এয়োদশ খন্ডঃ	বিদেশী প্রতিক্রিয়া '' জাতিসংঘ ও বিভিন্ন রাষ্ট্র
চর্তুদশ খন্ডঃ	বিশ্বজনমত
পঞ্চদশ খন্ডঃ	সাক্ষাৎকার
ষোড়শ খন্ডঃ	কালপঞ্জী, গ্রন্থপঞ্জী ও নির্ঘন্ট

চার

মুল পরিকল্পনায় ৭২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খন্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভঙ্গী অবলম্বন করি। আমরা শুধু সেইসব তথ্য ও দলিলই পটভূমি খন্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই, যা বাংলাদেশের বর্তমান ভূখন্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা আকাঙ্খার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকরণ, এই ভূখন্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত করেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খন্ডে কালানুক্রমিকবাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটতে বহু দূর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রামত্ম দলিল-তথ্যাদি সন্নিবেশন শুরম্ন করি। আমরা মনে করি, বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরম্নর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ ও যুক্তিগ্রাহ্য।

১৯০৫-এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খন্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভূখন্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অমত্মর্ভূক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্তারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরম্ন জনগোষ্ঠীর অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিলস্নী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্রীয়রূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়। এরই পরিণতিতে পরবর্তীকালে বাংলাদেশের জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খন্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খন্ডে বিভক্ত। প্রথম খন্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ুব খানের ক্ষমতা দখলের সময়সীমা। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খন্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে- কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলি হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধসংক্রামত্ম লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পালামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অমত্মর্ভূক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্বসাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণসহযোগিতার প্রতিস্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খন্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরম্নত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা রক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

পাঁচ

এ কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মমত্মব্য নেই, অঙ্গুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ণ না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ হয়ে ওঠে, কেবল তখনই জনগনের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তুব একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতা চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহুক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি- এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খন্ডে একইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যা দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে, শেষ সীমায় পৌছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাববার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি তাতে স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে এ কথা বলা য়ায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসেবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ার আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা

ছয়

যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশাঙ্কা, তা আমাদের দলিল খন্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিন্তু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখাও সুযোগ দিতে রাজী হননি- অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতাসংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্রে প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খন্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পার। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়।
ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।
ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।
ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।
ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
জনাব হাসান হাফিজুল রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গ্রহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরন্নরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খন্ডবিশেষ সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খন্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খন্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খন্ড টি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তুপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েচে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খন্ড-র দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খন্ড-র দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খন্ড-ই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয় হয়েছে। শেষ খন্ড- গ্রথিত হচ্ছে সকল খন্ড-র নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খন্ড- কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খন্ড গুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উলেস্নখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উলেস্নখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহির উদ্দীন আহমদের নাম উলেস্নখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরউদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লেখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকান্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খন্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকভাবে সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খ-গুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খন্ড গুলির পেছনে রয়েছে যাঁদের আক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরম্ন করে দলিলসমূহরে সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উলেস্নখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

দলিল প্রসঙ্গঃ মুজিবনগর-প্রশাসন

মুজিবনগর সরকারের দলিলপত্র সংগ্রহ করা অত্যন্ত দুরূহ কাজ ছিল, কারণ এসব দলিল সংরক্ষণের জন্য কোন মহাফেজখানা সৃষ্টি করা হয়নি। একই সাথে বিভিন্ন সকারী দলিল-দস্তাবেজ ঢাকায় আনয়নের দায়িত্বও কোন একক প্রতিষ্ঠান বা সংস্থার ওপর অর্পণ করা হয়নি। সরকারের বিভিন্ন মন্ত্রণালয় বা প্রতিষ্ঠান এবং ব্যক্তি বিভিন্নভাবে এসব দলিলপত্র নিয়ে আসেন এবং সব দলিল সংগ্রহের কেন্দ্রীয় দায়িত্ব কারও হাতে না থাকায় অনেক দলিলপত্র নষ্ট হয়ে যায়। অতএব, সংগ্রহের ব্যাপারে আমাদের প্রধানভাব নির্ভর করতে হয়েছে বিভিন্ন মন্ত্রণালয়ের সংগৃহীত তথ্যাদি এবং বিভিন্ন ব্যক্তির নিজস্ব সংগ্রহের উপর। বলাবাহুল্য, এর উপর ভিত্তি করেই সামগ্রিক চিত্র তুলে ধরার চেষ্টা করা হয়।

১০ এপ্রিল, ১৯৭১ সালে বাংলাদেশ সরকার-এর আনুষ্ঠানিক প্রতিষ্ঠা হয়। কিন্তু এর পূর্বেকার স্বাধীনতার ঘোষণাসমূহ এবং বিভিন্ন আবেদনগুলিও গ্রন্থে সংযোজিত হয়েছে। পরবর্তী সময়ে অস্থায়ী রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের ভাষণগুলি যথাসম্ভব সংযোজিত হয়েছে।

মুজিবনগর সরকারের মূল যে কয়েকটি বিভাগ ছিল, যথা- অর্থ, স্বরাষ্ট্র, সাধারণ প্রশাসন, তথ্য ও প্রচার, ত্রাণ ও পুনর্বাসন, প্রতিরক্ষা, পররাষ্ট্র এবং কেবিনেট মন্ত্রণালয়- এসবের বিভিন্ন দলিলপত্র অন্তর্ভুক্ত করা হয়েছে এ খন্ডে। সমস্ত মন্ত্রণালয়ের আনুপাতিকভাবে সমসংখ্যক দলিলপত্র না পাওয়াতে দলিল সন্নিবেশের ক্ষেত্রে হয়তো কিছু কিছু ফাঁক বা ঘাটতি থেকে গেছে এবং এ তথ্য-স্বল্পতার অনিবার্য পরিস্থিতিতেও যাতে একটি জাতির স্বাধীনতা সংগ্রাম পরিচালনারত একটি জাতীয় সরকারের পূর্ণ অবয়ব ফুটে ওঠে, দলিল সন্নিবেশকালে আমরা সে চেষ্টার ত্রুটি করিনি।

মূজিবনগর সরকারের শাখা-দপ্তরসমূহের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে আঞ্চলিক প্রশাসনিক জোনসমূহ, যার অধীনে বিভিন্ন এলাকার পরিচালিত হত। এইসব জোনের অধীনে শরণার্থী শিবির এবং যুব ক্যাম্প উভয়ই পরিচালিত হত। মুজিবনগর সরকারের বিভিন্ন জোনগুলির মাধ্যমে জনগনের সাথে সরাসরি যোগাযোগ রক্ষা করা হত। এই জন্য জোন প্রশাসনের দলিলের জন্য একটি আলাদা বিভাজন করতে হয়েছে।

যুব ত্রাণ এবং যুব অভ্যর্থনা শিবিরগুলি থেকেই মুক্তিযোদ্ধাদের রিক্রুট করা হত। অতএব, কিভাবে এই কাজ সম্পন্ন করা হত উপস্থাপিত দলিল থেকে এ বিষয়ের একটি চিত্র পাওয়া যাবে। মুজিবনগর সরকারের বিজয়ের পর কি ধরনের রাষ্ট্র-কাঠামো প্রতিষ্ঠার চিন্তা ছিল তার পরিচাল পাওয়া যাবে পরিকল্পনা বোর্ডের দলিলের মধ্যে। তাছাড়া বিভিন্ন দলিলে বিশেষ করে নভেম্বর-ডিসেম্বর মাসের দলিলপত্রসমূহে এই চিত্র আরও বিশদভাবে ফুটে উঠবে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের দলিলসমূহ একত্র করে একটি আলাদা বিভাজন করা হয়েছে এইজন্য যে, আন্তজার্তিক যোগাযোগ ও সম্পর্ক ছিল স্বাধীনতা যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ নিয়ামক অংশ। এই অংশে দলিলপত্রের সঙ্গে কিছু কিছু প্রচারমূলক তথ্যাদিও সংযোজিত করা হয়েছে, যথা- ''বাংলাদেশ এ ওয়ার্ল্ড কমেনট্রি'' (পৃষ্ঠা ৭৯৬) এবং ''দ্য কেস ফর বাংলাদেশ'' (সেপ্টেম্বর ১৯৭১, পৃষ্ঠা ৮২৯)।

সর্বোচ্চ পর্যায়ে বাংলাদেশ সরকারের সঙ্গে অন্যান্য দেশের মধ্যে যে চিঠিপত্র বিনিময় হয়েছে, সেসবও এখানে সংযোজিত করা হয়েছে। বাংলাদেশ সরকার কর্তৃক প্রকাশিত প্রথম ডাকটিকিট সংক্রান্ত দলিলপত্র নিয়ে একটি পরিশিষ্ট প্রকাশ করা হয়েছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

এ খন্ড সন্নিবেশকালে কিছু গুরুত্বপূর্ণ দলিল সংগৃহীত হয়, যেগুলোতে দুর্ভাগ্যবশত কোন তারিখ ছিল না। এর মধ্যে বিভিন্ন সময়ে সরকার কর্তৃক প্রকাশিত স্বাধীনতা যুদ্ধের লিফলেট (পৃষ্ঠা ৩২২ থেকে ৩৩৪) ছাড়া অন্যান্য সরকারী দলিলও অন্তর্ভুক্ত। যথা ''যুব প্রশিক্ষণ কর্মসূচী ও সিলেবাস'' (৩৩৫ পৃষ্ঠা), পররাষ্ট্র মন্ত্রণালয়ের কয়েকটি প্রতিষ্ঠান (পৃষ্ঠা ৮৯২) ও অন্যান্য। এগুলো যথাসম্ভব একত্র করে বিভিন্ন বিভাজনে প্রকাশ করা গেল। এখানে একটি দলিলের (১৩৮ পৃষ্ঠা দ্রষ্টব্য) সন্নিবেশগত ক্রটি রয়ে গেছে যা উল্লেখ না করলেই নয়। এটি সেপ্টেম্বর মাসের না হয়ে ডিসেম্বর মাসের দলিল হিসেবে বিবেচ্য।

হাসান হাফিজুর রহমান
সম্পাদক

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No. 51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members.

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies. Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D. History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:

(a) To verity, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3.	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies. Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K.M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D. History of Bangladesh War of Liberation Project	Member-Secratary

2. The following shall be the terms of reference of the Committee:

verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

To determine validity and price of documents are required for the committee.

M.A. Salam Khan
Section Officer.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3.	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies. Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K.M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D. History of Bangladesh War of Liberation Project	Member-Secratary

2. The following shall be the terms of reference of the Committee:

verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

To determine validity and price of documents are required for the committee.

M.A. Salam Khan
Section Officer.

সূচীপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
	প্রথম অধ্যায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেসামরিক প্রশাসন	
১।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হতে শেখ মুজিবুর রহমানের নামে প্রচারিত স্বাধীনতার ঘোষণা	১
২।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মেজর জিয়াউর রহমান কর্তৃক স্বাধীনতার ঘোষণা	২
৩।	পাক হানাদার বাহিনী কর্তৃক বাংলাদেশের গণহত্যা রোধে এগিয়ে আসার জন্য জাতিসংঘ ও বৃহৎ শক্তিবর্গের প্রতি মেজর জিয়ার আহবান	৩
৪।	স্বাধীনতার আনুষ্ঠানিক ঘোষণা	৪
৫।	অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক আইন বলবৎকরণ আদেশ জারি	৬
৬।	বাংলাদেশবাসীর উদ্দেশে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ-এর ভাষণ	৭
৭।	বাংলাদেশ সরকারের মন্ত্রিসভা গঠন	১৩
৮।	জনসাধারণের প্রতি বাংলাদেশ সরকারের নির্দেশ	১৫
৯।	জনগণের প্রতি বাংলাদেশ সরাকারের নির্দেশাবলী	১৬
১০।	অস্থায়ী সরকার কর্তৃক মুক্তিবাহিনীর পুর্নগঠনঃ কর্নেল ওসমানীকে সর্বাধিনায়ক পদে নিয়োগ	১৯
১১।	বাংলাদেশ সরকার গঠনের পর প্রধানমন্ত্রীর তাজউদ্দীন আহমদ-এর ভাষণ	২১
১২।	কলিকাতাস্থ পাকিস্থানী ডেপুটি হাইকমিশনারের বাংলাদেশের পক্ষাবলম্বন	৩০
১৩।	বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে বহির্বিশ্ব ও জাতিসংঘে বাংলাদেশের কূটনৈতিক মিশনের বিশেষ প্রতিনিধি নিয়োগ	৩৩
১৪।	অস্ত্র সাহায্যের জন্য প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের আবেদন	৩৪
১৫।	বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার উপর বাংলাদেশ সরকারের অর্থনৈতিক উপদেষ্টার একটি প্রতিবেদন	৩৫
১৬।	বাংলাদেশবাসীর প্রতি সরকারের ৭-দফা নির্দেশাবলী	৪০
১৭।	প্রধানমন্ত্রীর ১৮-দফা নির্দেশাবলী	৪২
১৮।	স্বরাষ্ট্রমন্ত্রীর সাথে একটি সাক্ষাৎকারের বিবরণ	৪৪
১৯।	নয়াদিল্লীতে প্রেরিত বাংলাদেশের সংসদীয় সম্পর্কিত সংবাদ	৪৬
২০।	স্বাধীন বাংলা বেতার হতে প্রচারিত প্রধানমন্ত্রীর সাথে একটি সাক্ষাৎকার	৪৭
২১।	পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের বক্তৃতার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীর মন্তব্য	৪৮
২২।	‘‘পাকিস্তানের কাঠামোতে আপোসের প্রশ্নই উঠতে পারে না’’-প্রধানমন্ত্রী	৫০
২৩।	অল ইন্ডিয়া রেডিও প্রচারিত বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাক্ষাৎকার	৫১
২৪।	রাজনৈতিক সমাধানের প্রশ্নে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম কর্তৃক ৬ই জুনে পেশকৃত চার দফা প্রস্তাব	৫৩
২৫।	শেখ মুজিবের নিরাপত্তার জন্য বিশ্বের শক্তিশালী রাষ্ট্রবর্গের কাছে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের আবেদন	৫৫

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২৬।	বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রীর উত্তরবঙ্গ সফরের রিপোর্ট	৫৬
২৭।	বিভিন্ন এলাকায় প্রবাসী, সরকারী চাকুরীতে বাংলাদেশবাসীর বেতন সংক্রান্ত চিঠি	৬০
২৮।	বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত	৬২
২৯।	অস্থায়ী রাষ্ট্রপতির বেতার ভাষণ	৬৪
৩০।	যুব শিবিরে প্রদত্ত বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রীর একটি ভাষণ	৬৫
৩১।	সামরিক বিজয়ই সমস্যার একমাত্র সমাধান-প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ঘোষণা, ১৪ই জুলাই	৬৮
৩২।	বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত	৬৯
৩৩।	বাংলাদেশ সরকারের অন্তর্বর্তীকালীন আর্থিক বিধিমালা ও বাজেট বিবরণী- প্রচার, প্রকাশনা, তথ্য ও বেতার মন্ত্রণালয়ের ৬ মাসের খসড়া বাজেট	৭০
৩৪।	বাংলাদেশ সরকারের প্রশাসনিক জোন প্রতিষ্ঠার বিজ্ঞপ্তি	৮৪
৩৫।	যুব ক্যাম্প নিয়ন্ত্রণ বোর্ডের প্রধান কর্তৃক পশ্চিম জোনের ক্যাম্প প্রধান নিয়োগ	৮৯
৩৬।	বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত	৯০
৩৭।	বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত	৯১
৩৮।	বাংলাদেশ সরকারের সচিবদের নিয়মিত সাপ্তাহিক সভা সংক্রান্ত সার্কুলার	৯২
৩৯।	কেবিনেট সচিব কর্তৃক বাংলাদেশে দখলীকৃত এলাকা হতে আনীত অর্থ ও সম্পদের সদ্ব্যবহার সম্পর্কে কমিশন নিয়োগের নির্দেশ	৯৩
৪০।	বাংলাদেশ সরকারের সাধারণ প্রশাসন বিভাগের একটি নিয়োগপত্র	৯৪
৪১।	প্রধানমন্ত্রীর একটি প্রশাসনিক নির্দেশ	৯৫
৪২।	আন্তঃবিভাগীয় সচিবদের সভার কার্যবিবরণী	৯৬
৪৩।	প্রচার বিভাগের দায়িত্বে নিয়োজিত পরিষদ সদস্যের প্রচার সংক্রান্ত আন্তঃবিভাগীয় একটি চিঠি	৯৮
৪৪।	ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী প্রদত্ত বিদেশে রাষ্ট্রীয় কাজে প্রেরিত পরিষদ সদস্যের একটি পরিচয়পত্র	৯৯
৪৫।	জোনাল কাউন্সিল এবং যুব ক্যাম্পের অর্থনৈতিক ব্যবস্থা সম্পর্কে কেবিনেট সচিবের একটি চিঠি	১০০
৪৬।	জোনাল এডমিনিস্ট্রেটিভ কাউন্সিল গঠনের উদ্দেশ্যে স্বরাষ্ট্রমন্ত্রী আহূত সভার বিজ্ঞপ্তি	১০২
৪৭।	বীরত্ব খেতাব প্রদান স্কীম অনুমোদন সংক্রান্ত একটি চিঠি	১০৭
৪৮।	যুব ক্যাম্পে ত্রৈমাসিক ব্যয়বরাদ্দের হিসাব	১০৮
৪৯।	বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র সচিবের নিয়োগপত্র	১১৩
৫০।	রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী	১১৫
৫১।	দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ভাষণ	১১৬
৫২।	বাংলাদেশের পত্রিকা প্রকাশনা সম্পর্কে একটি সরকারী চিঠি	১১৯
৫৩।	প্রধানমন্ত্রী কর্তৃক কৃষিসচিব নিয়োগ	১২০
৫৪।	প্রচার ও প্রপাগান্ডার সমন্বয় সম্পর্কে প্রতিরক্ষা সচিবের একটি সাক্ষাৎকার	১২১
৫৫।	অনুষ্ঠিতব্য মন্ত্রী পরিষদের বৈঠকের কর্মসূচী	১২২

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
৫৬।	বাংলাদেশের পাঁচটি রাজনৈতিক দল সমবায়ে ৮ সদস্যের উপদেষ্টা কমিটি গঠন সংক্রান্ত তথ্য-৯ সেপ্টেম্বর	১২৩
৫৭।	মুক্তাঙ্গনে সরকারী কর্মচারীদের কাজে লাগানো সম্পর্কিত নির্দেশ	১২৪
৫৮।	ভারতে জহীর রায়হান পরিচালিত একটি প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনের প্রতিবাদে অস্থায়ী রাষ্ট্রপতির কাছে লিখিত বাংলাদেশের চলচ্চিত্র প্রযোজক পরিচালক ফজলুল হকের চিঠি	১২৫
৫৯।	মৎস্যচাষের প্রয়োজনে লীজ সংক্রান্ত একটি চিঠি	১২৭
৬০।	প্রধানমন্ত্রী কর্তৃক সচিব নিয়োগ	১২৯
৬১।	রাজস্ব আদায় সম্পর্কে অর্থ সচিবের একটি মেমো	১৩০
৬২।	স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক পূর্বাঞ্চলীর লিবারেশন জোনের প্রধানকে অর্থবিষয়ক কমিটি গঠনের নির্দেশ	১৩১
৬৩	আন্তঃসচিব সভার সিদ্ধান্তের অংশবিশেষ	১৩২
৬৪।	বাংলাদেশ ডিফেন্স লীগের মুখপত্র বাংলাদেশ নিউজ লেটার প্রকাশনার প্রাক্কালে প্রেরিত বাংলাদেশের প্রধানমন্ত্রীর শুভেচ্ছাবাণী	১৩৩
৬৫।	মুক্তিবাহিনীর প্রচার সম্পর্কে প্রতিরক্ষা সচিবের একটি চিঠি	১৩৪
৬৬।	প্রধানমন্ত্রী কর্তৃক চারটি নূতন প্রশাসনিক জোন প্রতিষ্ঠার নির্দেশ	১৩৫
৬৭।	জোন প্রশাসনের অর্থব্যবস্থা সম্পর্কে অর্থ মন্ত্রণালয়ের একটি চিঠি	১৩৬
৬৮।	জনগণের প্রতি সরকারের নির্দেশাবলী	১৩৮
৬৯।	প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বাজেট সম্পর্কে মন্ত্রী পরিষদের সিদ্ধান্তে অংশ	১৩৯
৭০।	স্বাস্থ্য ও জনকল্যাণ বিভাগের সচিবদের বিভিন্ন এলাকা সফর শেষে প্রদত্ত রিপোর্ট	১৪০
৭১।	আন্তঃবিভাগীয় সচিবদের সভার কার্যবিরণী	১৪৫
৭২।	স্বাস্থ্য বিভাগের জরুরী প্রয়োজনের ওপর প্রস্তুতকৃত সরকারী প্রতিবেদন	১৪৬
৭৩।	মুক্ত এলাকায় বিভিন্ন সামগ্রী বিতরণ সম্পর্কে পরিকল্পনা তৈরী করার জন্য পরিকল্পনা সেলে লিখিত চিঠি ও পরিকল্পনা সেলের উত্তর	১৪৯
৭৪।	যুদ্ধ পরিস্থিতির ওপর মুক্তিবাহিনীর সর্বাধিনায়কের বক্তৃতা	১৫১
৭৫।	কেবিনেট ডিভিশন কর্তৃক প্রচারিত একটি আন্তঃবিভাগীয় সার্কুলার	১৫৩
৭৬।	আন্তঃবিভাগীয় সচিবদের সভার কার্যবিবরণী	১৫৪
৭৭।	মুক্তিযুদ্ধে প্রকৌশলীদের ভূমিকা সম্পর্কে প্রেরিত একটি রিপোর্ট	১৫৫
৭৮।	বেতারে নীতিনির্ধারণী বক্তব্য প্রচারের উপর বিধিনিষেধ সংক্রান্ত বিজ্ঞপ্তি	১৫৭
৭৯।	যুব ক্যাম্পের জন্য ওষুধ সরবরাহের হিসাব	১৫৮
৮০।	বিভিন্ন যুব শিবিরে অবস্থানকারী শীতবস্ত্র সরবরাহ করার জন্য রাষ্ট্রপতির আদেশ	১৬১
৮১।	বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদের সিদ্ধান্তের অংশবিশেষ	১৬২
৮২।	স্বাধীন বাংলা বেতার কর্মী কর্তৃক আন্তর্জাতিক যোগযোগ সম্পর্কে প্রতিরক্ষা সচিবকে লিখিত একটি চিঠি	১৬৩
৮৩।	স্বাস্থ্য বিভাগে একটি নিয়োগ সম্পর্কে স্বাস্থ্য সচিবের সিদ্ধান্ত	১৬৫
৮৪।	আহত মুক্তিযোদ্ধা ও তাদের পুনবার্সন সম্পর্কিত মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত	১৬৬
৮৫।	তথ্য সচিব হিসাবে আনওয়ারুল হক খানের নিয়োগ বিজ্ঞপ্তি	১৬৭
৮৬।	বিভিন্ন সেক্টরে প্রয়োজনীয় ঔষধের তালিকা প্রেরণ সম্পর্কে স্বাস্থ্য সচিবের একটি চিঠি	১৬৮

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
৮৭।	প্রতিরক্ষা স্বাস্থ্য বাজেট সম্পর্কিত মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত	১৬৯
৮৮।	জোনাল স্বাস্থ্য কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত	১৭০
৮৯।	তথ্য সচিব কর্তৃক লিখিত প্রশাসনিক সমন্বয় সম্পর্কিত একটি চিঠি	১৭১
৯০।	তথ্য সচিব কর্তৃক প্রতিরক্ষা সচিবকে লিখিত একটি চিঠি	১৭২
৯১।	বাংলাদেশ সরকারের বিভিন্ন বিভাগের কর্মের অগ্রগতি সম্পর্কে একটি প্রতিবেদন	১৭৩
৯২।	উপজাতীয় কর্মচারীদের নিয়োগ সম্পর্কে প্রতিরক্ষা সচিবকে লিখিত কেবিনেট সচিবের চিঠি	১৮১
৯৩।	প্রতিরক্ষা মন্ত্রণালয়ে নিয়োজিত কয়েকজন কর্মকর্তার তালিকা	১৮২
৯৪।	প্রতিরক্ষা মেডিকেল কর্মসূচীর অধীনে হাসপাতাল প্রতিষ্ঠার ব্যাপারে ভারতীয় কর্তৃপক্ষের সাথে আলোচনার রিপোর্ট	১৮৩
৯৫।	যুদ্ধরত সৈনিকদের ভাতা সম্পর্কে মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত	১৮৪
৯৬।	প্রতিরক্ষা বিভাগের পত্র বিনিময় ও প্রকাশনা সংক্রান্ত মাসিক রিপোর্ট	১৮৫
৯৭।	মুক্তিফৌজের জন্য বিশ্রামাগার মিশন ও ঔষধ সংগ্রহ সংক্রান্ত একটি চিঠি	১৮৬
৯৮।	বাংলাদেশ সরকারের পুলিশ কর্মচারীদের বিভিন্ন জোনাল কাউন্সিলে নিয়োগের বিজ্ঞপ্তি	১৮৭
৯৯।	প্রতিরক্ষা সচিব কর্তৃক পংগু সৈনিকদের আশ্রয় নিবাস প্রতিষ্ঠার জন্য জোনাল কাউন্সিলের প্রতি নির্দেশ	১৯০
১০০।	শীতবস্ত্র কেনার জন্য সরকার কর্তৃক কর্মচারীদের আগাম প্রদানের বিজ্ঞপ্তি	১৯১
১০১।	জোনাল কাউন্সিল এবং সংসদ সদস্যদের ভ্রমণ ও অন্যান্য ভাতা সম্পর্কে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশাবলী	১৯২
১০২।	যুব অভ্যর্থনা শিবির পরিচালনার নির্দেশাবলী	১৯৩
১০৩।	বাংলাদেশ সরকার ও মন্ত্রী পরিষদের ব্যবহারের জন্য যানবাহন সংগ্রহঃ প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য প্রদত্ত কেবিনেট সচিবের একটি প্রতিবেদন	১৯৭
১০৪।	শীতবস্ত্র সংগ্রহ ও বিতরণ সম্পর্কে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দুটি পত্র	২০৩
১০৫।	বাংলাদেশ সরকারের প্রধান প্রকৌশলী নিয়োগের বিজ্ঞপ্তি	২০৪
১০৬।	বিদেশে প্রস্থানকারীদের ছাড়পত্র সম্পর্কে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের চিঠি	২০৫
১০৭।	বাংলাদেশের মুক্তাঞ্চলসমূহের বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠা সম্পর্কে মন্ত্রী পরিষদ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত	২০৬
১০৮।	প্রতিরক্ষা সচিব কর্তৃক তথ্য সচিবকে প্রদত্ত রাজাকারদের প্রতি সরকারী নীতি ব্যাখ্যা	২০৮
১০৯।	ভারত সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে মুক্তিফৌজের জন্য এাণ ও চিকিৎসা সাহায্য সংক্রান্ত আলোচনা রিপোর্ট	২০৯
১১০।	বাংলাদেশ সরকারের অক্টোবর থেকে ডিসেম্বর মাস পর্যন্ত ব্যয় বরাদ্দের হিসাব সংক্রান্ত চিঠি	২১১
১১১।	চিকিৎসা ব্যবস্থা ও ঔষধ সরবরাহ সম্পর্কে স্বাস্থ্য দফতরের কতিপয় চিঠি	২১৩
১১২।	বাংলাদেশ সরকারের পাকিস্তানের সাথে রাজনৈতিক সমঝোতার বিরোধিতা সংক্রান্ত সংবাদ	২১৭
১১৩।	পরিকল্পনা সেল কর্তৃক 'কমিউনিটি উন্নয়ন প্রকল্প' সম্পর্কে প্রধানমন্ত্রীর কাছে প্রেরিত প্রতিবেদন	২১৯
১১৪।	বাংলাদেশ সরকারের প্রশাসনিক জোনের প্রধান এবং জোনাল অফিসারদের তালিকা	২৩৫
১১৫।	বিভিন্ন সেন্টারে রণসাংবাদিক নিয়োগের নির্দেশ	২৩৮
১১৬।	দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ভাষণ	২৩৯

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
১১৭।	শহীদের পরিবারকে অর্থ সাহায্যদান এবং পংগু ভাতা সম্পর্কে প্রতিরক্ষা দপ্তরের দলিল	২৪১
১১৮।	মুক্তাঞ্চলসমূহে বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠার উদ্দেশ্যে আন্তঃবিভাগীয় সচিবদের কাছে স্বরাষ্ট্র সচিবের চিঠি	২৪৬
১১৯।	মুক্তাঞ্চলে বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠার ব্যাপারে আন্তঃবিভাগীয় সচিবদের নিয়ে একটি সাব-কমিটি গঠনের সিদ্ধান্তের বিজ্ঞপ্তি	২৪৭
১২০।	যোদ্ধাদের শীতকালীন বস্ত্র কেনার জন্য অর্থ চেয়ে প্রতিরক্ষা সচিব কর্তৃক অর্থ সচিবকে লিখিত চিঠি	২৪৮
১২১।	জোনাল কাউন্সিল এবং সেক্টরে সুষ্ঠু অর্থনৈতিক লেনদেন সম্পর্কে প্রতিরক্ষা সচিবের একটি নোট	২৪৯
১২২।	পুলিশ বাহিনীর ইউনিফর্ম নির্বাচন সংক্রান্ত একটি সরকারী চিঠি	২৫০
১২৩।	নার্সদের নিয়োগ এবং বেতন সংক্রান্ত একটি সরকারী চিঠি	২৫১
১২৪।	তথ্য বিভাগের কর্মকর্তাদের বিদেশী সাংবাদিকদের সংগে যোগাযোগ সম্পর্কে তথ্য সচিব কর্তৃক প্রতিরক্ষা সচিবকে লিখিত একটি চিঠি	২৫২
১২৫।	রণক্ষেত্রে মুক্তিবাহিনীর ভূমিকার প্রচার সম্পর্কে তথ্য সচিবের একটি চিঠি	২৫৬
১২৬।	রণক্ষেত্রে সংবাদদাতা নিয়োগ সম্পর্কে প্রতিরক্ষা সচিবের একটি চিঠি	২৫৭
১২৭।	বাংলাদেশ সরকারের দপ্তরসমূহ এবং উর্ধ্বতন কর্মকর্তাদের নিরাপত্তা সম্পর্কে কেবিনেট সচিবের একটি চিঠি	২৫৮
১২৮।	মুক্তাঞ্চলে বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠা সম্পর্কে মন্ত্রী পরিষদ সভার ও কার্যবিবরণী ও সিদ্ধান্ত	২৬০
১২৯।	পঙ্গু যোদ্ধাদের জন্য স্বাস্থ্যনিবাস প্রতিষ্ঠা সম্পর্কে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জোনাল কাউন্সিলে প্রেরিত একটি চিঠি	২৬৩
১৩০।	মুক্ত বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামো সম্পর্কে উপ-পরিষদের বৈঠক সংক্রান্ত চিঠি	২৬৪
১৩১।	বিদেশে গমনেচ্ছু বাংলাদেশীদের ছাড়পত্র সম্পর্কে প্রতিরক্ষা সচিব কর্তৃক স্বরাষ্ট্র সচিবকে লিখিত একটি চিঠি	২৬৬
১৩২।	মুক্ত এলাকায় বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠার অনুরোধ জানিয়ে প্রতিরক্ষা সচিবের একটি চিঠি	২৬৭
১৩৩।	বৈদেশিক বাণিজ্য মিশন কর্তৃক প্রত্যন্ত সীমান্ত ও মুক্ত এলাকায় অবস্থিত ধন-সম্পত্তির সংরক্ষণ ও ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত প্রতিবেদন	২৬৮
১৩৪।	মুক্ত এলাকায় অবস্থিত দেশের সম্পদ সংরক্ষণ সম্পর্কে অস্থায়ী রাষ্ট্রপতির নির্দেশ	২৮৪
১৩৫।	বাংলাদেশ সরকারের অস্থায়ী মহাসচিব নিয়োগ সম্পর্কে মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত	২৮৫
১৩৬।	জাতির উদ্দেশ্যে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ভাষণ	২৮৬
১৩৭।	বাংলাদেশের অভ্যন্তরে মালিকানাহীন সম্পত্তি সংরক্ষণ সম্পর্কে অর্থমন্ত্রীর নির্দেশাবলী	২৯১
১৩৮।	জাতির উদ্দেশে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ভাষণ	২৯২
১৩৯।	মন্ত্রী পরিষদের বৈঠকের কার্যবিবরণীর অংশ	২৯৫
১৪০।	দখলীকৃত বাংলাদেশে কর্মরত সরকারী কর্মচারীদের প্রতি বাংলাদেশ সরকারের নীতিমালা প্রচারের জন্য তথ্য সচিবকে লিখিত কেবিনেট সচিবের একটি চিঠি	২৯৬
১৪১।	বাংলাদেশ সরকারের পুলিশের ডিরেক্টর জেনারেলের অধীন কর্মকর্তাদের তালিকা	২৯৮
১৪২।	বাংলাদেশে বিদেশী কর্মকর্তা নিয়োগ সম্পর্কে মন্ত্রী পরিষদ সভার কার্যবিবরণী	৩০০

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
১৪৩।	দখলদার বাহিনীর সহযোগীদের বিচার সম্পর্কে মন্ত্রী পরিষদের বৈঠকের কার্যবিবরণী	৩০১
১৪৪।	বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠা সম্পর্কে মন্ত্রী পরিষদের সভার কার্যবিবরণী	৩০৪
১৪৫।	ভারতীয় প্রশাসনের সাথে আলোচনা সম্পর্কিত অস্থায়ী মহাসচিবের সার্কুলার	৩০৭
১৪৬।	মন্ত্রী পরিষদের অনুষ্ঠিতব্য একটি সভার বিজ্ঞপ্তি	৩০৮
১৪৭।	জেলা প্রশাসকদের আশু কর্তব্য সম্পর্কিত সংস্থাপন বিভাগীয় সচিবের চিঠি	৩০৯
১৪৮	জাতির উদ্দেশ্যে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ভাষণ	৩১৩
১৪৯।	যশোরের ডেপুটি কমিশনার কর্তৃক সাধারণ প্রশাসন বিভাগের সচিবের কাছে প্রদত্ত বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠার রিপোর্ট	৩১৫
১৫০।	জাতির উদ্দেশে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ভাষণ	৩১৬
১৫১।	প্রবাসী বাংলাদেশীদের জন্য বাংলাদেশ সরকারের ঘটনাবলীর ব্যাখ্যা (লিফলেট)	৩১৯
১৫২।	''বাংলার বাণী''-একটি লিফলেট	৩২২
১৫৩।	সংগ্রামী জনগণের প্রতি উদাত্ত আহবান	৩৩২
১৫৪।	মোনাফেকদের ক্ষমা নেই	৩২৫
১৫৫।	মুক্তাঞ্চলের জনগণের জন্য বাংলাদেশ সরকারের নির্দেশাবলী	৩২৮
১৫৬।	''বাংলার গণদুশমনরা হুঁশিয়ার''	৩২৯
১৫৭।	বাংলাদেশের স্বাধীনতার পক্ষে যুদ্ধরত পুলিশদের প্রতি স্বরাষ্ট্র দফতর	৩৩০
১৫৮।	দেশবাসীর প্রতি বাংলাদেশ সরকারের অর্থ ও বাণিজ্যমন্ত্রীর বেতার ভাষণ	৩৩২
১৫৯।	''যুব প্রশিক্ষণ''-কর্মসূচী ও সিলেবাস	৩৩৫
১৬০।	যুব শিবির প্রণোদনা কোর্স সম্পর্কিত দলিল	৩৫৮
১৬১।	যুব শিবিরঃ একটি নির্দেশিকা	৩৬০
১৬২।	যুব শিবিরের নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে নির্দেশ	৩৮১
১৬৩।	বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও জনকল্যাণ বিভাগের কর্মকান্ডের উপর একটি প্রতিবেদন	৩৮৩
১৬৪।	প্রতিরক্ষা মন্ত্রণালয়ে চাকুরীরত কর্মচারীদের তালিকা	৩৮৬
১৬৫।	তথ্য ও বেতার মন্ত্রণালয়ে কর্মরত ব্যক্তিদের তালিকা	৩৮৯

পরিশিষ্ট-কঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বেচ্ছাসেবক সংগঠন ও কমিউনিটি উন্নয়ন প্রকল্প

১৬৬।	বাংলাদেশ স্বেচ্ছাসেবক বাহিনী সম্পর্কিত একটি প্রতিবেদন	৩৯৯
১৬৭।	কমিউনিটি উন্নয়ন প্রকল্পের পরিকল্পনা	৪০৩
১৬৮।	গ্রামীণ প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো ও প্রশিক্ষণ সিলেবাস	৪০৮
১৬৯।	কমিউনিটি উন্নয়ন ও স্থানীয় সরকারের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	৪১৫
১৭০।	কমিউনিটি উন্নয়নের 'রওমারী' প্রকল্প সভার কার্যবিবরণী	৪১৭
১৭১।	রওমারী প্রকল্পের স্বেচ্ছাসেবকদের সভার কার্যবিবরণী	৪২০
১৭২।	রওমারী প্রকল্পের স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ কর্মসূচীর রিপোর্ট	৪২২
১৭৩।	রওমারী প্রকল্পের স্বেচ্ছাসেবকদের সভার কার্যবিবরণী	৪২৯
১৭৪।	রওমারী প্রকল্পের ব্যয়বরাদ্দের খতিয়ান	৪৩১

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
১৭৫।	রওমারী প্রকল্পের স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ কর্মসূচীর রিপোর্ট	৪৩৩

পরিশিষ্ট-খঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারঃ শাসনব্যবস্থা ও পুনর্গঠন

১৭৬।	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শাসনব্যবস্থা ও তার পুনর্গঠনের একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন	৪৩৫

দ্বিতীয় অধ্যায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তি সংগ্রাম পরিষদঃ পূর্বাঞ্চলীয় জোন

১৭৭।	আঞ্চলিক উপদেষ্টা কমিটির একটি নিয়োগপত্রঃ সৈনিকদের আশ্রয়ের ব্যবস্থার জন্য একটি চিঠি	৫৫৫
১৭৮।	লিবারেশন কাউন্সিল, পূর্বাঞ্চলীয় জোনের আওতাধীন যুব শিবিরের কর্মীদের তালিকা ও আনুষংগিক তথ্য	৫৫৬
১৭৯।	মুক্তিফৌজে অন্তর্ভূক্তিকরণ সম্পর্কে সেনাবাহিনীর সাথে যুব শিবিরের যোগাযোগ	৫৫৯
১৮০।	যুব ত্রাণ শিবির সম্পর্কিত একটি প্রতিবেদন	৫৬০
১৮১।	পূর্বাঞ্চলীয় জোনের উচ্চশক্তিসম্পন্ন পরিষদ সভার কার্যবিবরণী	৫৬৬
১৮২।	পূর্বাঞ্চলীয় জোনের আওতাধীন বেলোনিয়ার রাজনৈতিক উচ্চ পরিষদ গঠন সংক্রান্ত চিঠি	৫৭২
১৮৩।	যুব এাণ শিবির সম্পর্কে আরেকটি প্রতিবেদন	৫৭৩
১৮৪।	পূর্বাঞ্চলীয় জোনের আওতাধীন যুব শিবির পরিচালনা সংক্রান্ত সভার কার্যবিবরণী	৫৭৬
১৮৫।	পূর্বাঞ্চলীয় লিবারেশন জোনে জোন প্রশাসন বাস্তবায়ন স্কীম (বাজেট) সম্পর্কে অর্থ মন্ত্রণালয়ের সচিবকে লিখিত জোন কর্মকর্তার চিঠি	৫৭৭
১৮৬।	ভিত্তি ফৌজ প্রতিষ্ঠা সম্পর্কিত একটি প্রতিবেদন	৫৮৬
১৮৭।	যুব প্রশিক্ষণ সমন্বয় উপ-প্রধান হিসেবে প্রফেসর দেবব্রত দত্তগুপ্তের নিয়োগপত্র	৫৮৯
১৮৮।	রাজনৈতিক প্রশিক্ষণ সমন্বয় উপ-প্রধান হিসেবে প্রফেসর শফি কাদরীর নিয়োগপত্র	৫৯০
১৮৯।	বক্সনগর যুব শিবিরে প্রবেশকারীদের দৈনিক হিসাব	৫৯১
১৯০।	শিবির ত্যাগকারী সম্পর্কে একটি বিজ্ঞপ্তি	৫৯২
১৯১।	শিবির তালিকা	৫৯৩
১৯২।	শিবির প্রশিক্ষকদের তালিকা	৫৯৪
১৯৩।	যুব ত্রাণ শিবিরে মটিভেটর নিয়োগ সম্পর্কিত চিঠি	৫৯৭
১৯৪।	অর্থনৈতিক উপ-পরিষদ গঠন সম্পর্কিত নির্দেশ	৫৯৮
১৯৫।	যুব শিবির পরিচালক জনাব খালেদ মাহমুদ আলীর রিক্রুটমেন্ট প্রধান হিসেবে নতুন দায়িত্বপ্রাপ্তি সম্পর্কে একটি বিজ্ঞপ্তি	৫৯৯
১৯৬।	ত্রাণ শিবির থেকে মুক্তিফৌজে ভর্তিকরণ সম্পর্কিত একটি চিঠি	৬০০
১৯৭।	মুক্তিফৌজ প্রশিক্ষণের ব্যবস্থা সম্পর্কিত একটি চিঠি	৬০২
১৯৮।	যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রায়াজনীয় খরচাদির মঞ্জুরী সংক্রান্ত যুব শিবির পরিচালকের একটি বিজ্ঞপ্তি	৬০৩
১৯৯।	যুব প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি ও সমস্যাদি পর্যালোচনার জন্য আহূত একটি সভার বিজ্ঞপ্তি	৬০৪

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২০০।	মুক্তিফৌজ রিক্রুটমেন্টের ব্যাপারে নিয়ম রক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কিত যুব শিবির মটিভেটর প্রধানের চিঠি	৬০৫
২০১।	যুব প্রশিক্ষণ অগ্রগতি উপদেষ্টা কমিটি গঠিতঃ যুব শিবির পরিচালকের একটি বিজ্ঞপ্তি	৬০৬
২০২।	শিবির কর্মকর্তাদের বেতন সম্পর্কিত বিজ্ঞপ্তি	৬০৭
২০৩।	যুব শিবিরে নতুন যুবক ভর্তি সম্পর্কে চিঠি	৬০৮
২০৪।	শিবিরে ব্যয় সম্পর্কিত প্রকল্প সংযোগকারীর একটি চিঠি	৬০৯
২০৫।	যুব শিবিরে অনিয়মতান্ত্রিক উপায়ে ভর্তি না করার জন্য শিবির পরিচালকের একটি বিজ্ঞপ্তি	৬১২
২০৬।	যুব শিবিরে প্রেরিত বিভিন্ন সামগ্রীর হিসাব	৬১৩
২০৭।	যুব শিবিরে বসবাসকারীদের প্রতি কতিপয় নির্দেশ	৬১৫
২০৮।	যুব শিবির পর্যালোচনা পরিষদের বৈঠকের সিদ্ধান্ত	৬১৬
২০৯।	যুব শিবিরের সুষ্ঠু পরিচালনা সম্পর্কে কর্মকর্তাদের কয়েকটি পরামর্শ	৬১৭
২১০।	ক্যাম্পের সাংকেতিক নাম পরিবর্তনের সিদ্ধান্ত জানিয়ে লেখা চিঠি	৬১৯
২১১।	যুবশিবির, এলাকা ও শিবির প্রধানের একটি তালিকা	৬২০
২১২।	রিক্রুটমেন্টের ক্ষমতাপ্রাপ্ত জনাব খালেদ মাহমুদ আলীর দলকে সহযোগিতা দানের জন্য যুব শিবির পরিচালকের একটি বিজ্ঞপ্তি	৬২২
(iii) Appointments and postings wherever made by the Bangladesh Govt. supersede orders made by the occupation Govt. Incumbents of posts which have been filled up by the Bangladesh Govt. shall continue to work. Persons appointed by the occupation Govt. against these posts will become Officers on Special Duty.

(iv) Employees who had left their posts but did not get employment under the Bangladesh Govt. have been asked to resume their previous posts. Appointments made to these posts by the occupation army stand cancelled. Such employees shall remain Officers on Special Duty until further orders.

(v) Where appointments have been made by the Bangladesh Govt. to posts whose incumbents had left their jobs and abstained from serving the occupation Govt., the officers appointed by the Bangladesh Govt. shall assume charge of the office while the earlier incumbent shall join as Officers on Special Duty.

C) RESTORATION OF ECONOMIC LIFE.

It is essential that normal economic activities are restored as speedily as possible. At the same time, a correct assessment of the assets and liabilities of Banks etc. and also of properties left by enemy nationals and collaborators would have to be made. It is immediately necessarily to ensure that these properties are not looted or destroyed. The following actions in this field are to be taken:

(i) All treasuries and banks will cease to hold transactions with immediate effect pending issue of further instructions by the Govt. Cash, gold, other valuable articles etc. in the Treasuries and Banks should be verified, sealed and their safe custody ensured by posting of adequate guards in the premises. Verification Report should be sent to the Govt. without delay.

(ii) Industrial establishments, factories, shops and other properties of the enemy nationals and absentee collaborators should also be sealed. Where conditions permit and the Dy. Commissioners so deem expedient, steps may be taken to run any of the above establishments by appointing suitable Administrators. In other cases, the employees should be asked to remain in readiness so that the establishments can be put to commission immediately on receipt of Govt. directives.

(iii)People will be encouraged to re-open all other factories and shops as quickly as possible. Hospitals, dispensaries, Municipal services, etc. should also be resumed forthwith.

(iv) Steps should be taken for providing irrigational facilities by use of Power Pumps, etc.

(D) RESTORATION OF COMMUNICATION:

Restoration of communication is a matter of Top-most Priority. Without this, all other activities of the Govt. will suffer. Please take the following actions:

(i) All telephones and telegraph services should be revived. Messenger and courier system has also to be used systematically. You should, also try to take advantage of wireless sets of the armed forces whenever possible.

(ii) Road and Rail Communication has to be restored. For this, officials of these departments should be contacted and whatever action is possible taken. Also inform Govt. of your requirements in this regard.

(iii)Great emphasis should be laid on river communication.

(E) RELIEF AND REHABILITATION:

Systematic supply of relief and rehabilitation of refugees and other displaced persons will be paramount importance. Without this restoration of normalcy will be difficult, if not impossible. Actions to be taken in this regard are as follows:

(i)Designate personnel at thana level to look after refugees and displaced persons.

(ii) Check position of food grains in Govt. godowns.

(iii)Appeal to people to maintain peace and order and to go back to their respective houses in an orderly manner.

(iv) Elaborate orders in this regard will be issued by Govt. soon. In the meantime, all possible assistance may be given as interim measures.

(F) ESSENTIAL SUPPLIES:

There is likely to be shortage of food, kerosene, salt, sugar, mustard oil and many other items of essential supplies. Govt. is looking after this problem in a broad based manner. For the interim period, take the following actions:

(i) Make an assessment of the existing stock of these items and take measures for proper distribution.

(ii) Take measures to prevent hoarding and black-marketing.

(iii)Furnish your requirement to Govt. for the next three months.

Lastly, I would again emphasize the need of working in full co-operation with elected representatives, political workers, freedom-fighters and the public in general. The task before you is of tremendous magnitude and a concerted effort of all sections of the public is necessary to accomplish it.

A preliminary report covering all aspects should be sent to Govt. at the earliest. Detailed report should follow soon after.

(M. NOORULQUADER)

Memo No. BD/3179(19)/1 (23) Dated, December 16, 1971.

Copy to:

1. Chairman, Board of Trade, Commerce & Industries.
2. Chairman, Planning Cell.
3. Secretary, Defense.
4. Director General of Police.
5. Relief Commissioner.
6. Chief Engineer.
7. Special Officer-in-charge, P & T Deptt.
8. P. S. to President.
9. P. S. to Prime Minister.
10. P. S. to Minister-in-Charge.
11. A. D. C. to C-in-C.

for information.

(K. AHMED)
Deputy Secretary,
Establishment Division.

শিরোনাম	সূত্র	তারিখ
জাতির উদ্দেশে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ভাষন	বাংলাদেশ সরকার রাষ্ট্রপতির কার্যালয়	১৬ ডিসেম্বর,১৯৭১

সুখী সমৃদ্ধিশালী সমাজ গড়তে হবে

আমার প্রাণপ্রিয় দেশবাসী,

আপনারা আমার সংগ্রামী সালাম গ্রহণ করুন ।

আজ পশ্চিম পাকিস্তানী দখলদার বাহিনী ঢাকায় সম্মিলিত বাহিনীর অধিনায়কের কাছে বিনাশর্তে আত্মসমর্পণ করেছে । গত ২৫ শে মার্চের বিভীষিকাময় রাতে যে জাতীয় দুর্যোগের বীভৎসতা শুরু হয়েছিল, এই সাথে সমাপ্তি হলো সেই অন্ধকারাচ্ছন্ন অধ্যায়ের। এই দীর্ঘ ন'মাসে দখলদার বাহিনীর কলঙ্কিত হাতে আমার প্রিয় দেশবাসীরা অনেকে অমূল্য জীবন দান করেছেন। আজ রাতে, তাঁদের স্মৃতিকে আমি যথাযোগ্য মর্যাদার সাথে স্মরণ করছি এবং তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সর্বশক্তিমান আল্লাহতালার কাছে আকুল প্রার্থনা জানাচ্ছি। মাতৃভূমিকে মুক্ত করার সংগ্রামে আমাদের যেসব বীর মুক্তিযোদ্ধা আত্মদান করেছেন,শহীদ হয়েছেন, আজকের এই রাতে তাঁদেরও স্মরণ করি। তাঁরা আজ আমাদের প্রতিটি দেশবাসীর হৃদয়ে অমর। তাঁদের এই অপূর্ব আত্মবলিদান অনাদি অনন্তকাল ধরে আমাদের ভবিষ্যৎ বংশধরদের যোগাবে অনুপ্রেরণা, করবে উদ্বুদ্ধ। বিশ্বের প্রতিটি মুক্তিকামী মানুষের জন্য তাঁদের স্মৃতি হয়ে থাকবে অনুপ্রেরণার উৎস। আমি আজ রাতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আবার স্মরণ করছি। তিনি আজও পাকিস্তানের কোন এক কারাগারের অন্ধ প্রকোষ্ঠে দিনাতিপাত করছেন। আসুন, আজ আমরা আমাদের প্রিয়তম নেতাকে আমাদের মাঝে ফিরিয়ে আনবার দৃঢ় সংকল্পকে বলিষ্ঠ শপথের আগুনে আরেকবার ঝলসে নিই। স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ আজ এক বাস্তব সত্য। আগামী ক'দিনের মধ্যেই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঢাকায় বসবে। দেশ আজও নৃশংস ও নির্মম শত্রুর আঘাতে ক্ষতবিক্ষত। রক্ত ঝরছে এর বুকের সেই ক্ষতচিহ্ন থেকে। তাই এ জাতির ভবিষ্যৎকে নবরূপ দান করতে হবে আমাদেরই । নতুন করে গড়ে তুলবার দায়িত্ব এই সরকারের।

সরকারের সামনে রয়েছে অনেক কাজ। কিন্তু আমাদের দৃঢ়বিশ্বাস আল্লার অশেষ কৃপায় সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নের পথে সব বাধাই আমরা সফলতার সংগে অতিক্রম করতে সক্ষম হবো। এ মুহূর্তে দেশবাসীর কাছে আমার আবেদন শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এই গৌরবোজ্জ্বল ক্ষণটিকে যথাযথ মর্যাদা ও শান্তভাবে গ্রহণ করুন এবং সুখী ও সমৃদ্ধিশালী একটি সমাজ গঠনের উদ্দেশ্যে পরিচালিত আমার সরকারের যাবতীয় কর্মপন্থার প্রতি সর্বাত্মক সহযোগিতা করুন। আমাদের মহান প্রতিবেশী রাষ্ট্র ভারত গত ন'মাস ধরে আমাদের জন্যে যা করেছেন তার জন্যে আমি এই সুবাদে আমার নিজের, আমার সরকারের ও বাংলাদেশের জনগণের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের আরেকটি প্রতিবেশী রাষ্ট্র ভুটান আমাদের স্বীকৃতি দিয়ে যে সাহস ও দূরদৃষ্টির পরিচয় দিয়েছেন তার জণ্যে আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।

আমাদের মুক্তিসংগ্রামের প্রতি সমর্থন দানের জন্যে আমি সোভিয়েত সমাজতান্ত্রিক প্রজাতন্ত্র, পোলান্ড ও অন্যান্য দেশের নেতৃবৃন্দ, জনগণ ও সরকারের প্রতিও ধন্যবাদ জ্ঞাপন করি । গত ন'মাস ধরে মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা মাতৃভূমির মুক্তির জন্যে যে স্মরণীয় শৌর্য ও দুরতিক্রম্য বীরত্বের প্রমাণ দিয়েছেন আমি তার জন্যে দেশবাসীর পক্ষ থেকে তাঁদের অভিবাদন জ্ঞাপন করছি। মাতৃভূমির মুক্তির জন্যে আমাদের মুক্তিবাহিনীর সংগে কাধেঁ কাঁধ মিলিয়ে আমাদের মিত্রবাহিনীর যেসব সৈনিকেরা অসীম বীরত্বের সংগে লড়ছেন আমি তাঁদেরও ধন্যবাদ জানাচ্ছি।

সবশেষে আমি দেশবাসীকে দুর্যোগের হাত থেকে রক্ষা করার জন্যে ও অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে আমাদের মদত দেবার জন্যে অসীম কারুণিক আল্লাহতালার কাছে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমি , মুসলমান , হিন্দু, বৌদ্ধ খৃষ্টান সহ সব দেশবাসীকে আল্লার প্রতি শোকরিয়া জ্ঞাপনের জন্যে ও একটি সুখী সমৃদ্ধশালী সমাজ গঠনে আল্লার সাহায্য ও নির্দেশ কামনা করার উদাত্ত আহবান জানাচ্ছি।

জয় বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম কর্তৃক ১৬ই ডিসেম্বর
জাতির উদ্দেশে প্রদত্ত বেতার ভাষণ।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও প্রচার দফতর
কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত পুস্তিকা।

শিরোনাম	সূত্র	তারিখ
যশোরের ডেপুটি কমিশনার কর্তৃক সধারণ প্রশাসন বিভাগের সচিবের কাছে প্রদত্ত বে-সামরিক প্রশাসন প্রতিষ্ঠার রিপোর্ট	বাংলাদেশ সরকার যশোরের ডেপুটি কমিশনারের দপ্তর	১৭ ডিসেম্বর, ১৯৭১

GOVERNMENT OF THE PEOPLE S REPUBLIC OF BANGLADESH.
Office of the Deputy Commissioner,
Jessore.

Memo No..... Dated 17.12.71.

From : Mr. Waliul Islam ,

Deputy Commissioner, Jessore.

To : The Secretary,

General Administration,

Govt. of the People's Republic of Bangladesh, Mujibnagar.

The undersigned has set up the Civil Administration up to the Thana level . The existing Sub-divisional Officers were asked to continue in their jobs as O. S D. Administration in the area. The Sub-divisional Officer, Narail was killed . The Second Officer was asked to act as O. S.D. Administration. Out of the 20 Thanas, in 18 the Police personnel's have been posted. In 13 Thanas the Circle Officers (Dev) have already joined and by Monday the Circle Officers (Dev) will be posted in the other Thanas if incumbent in the post does not join by that date. The Circle Officer (Rev) will be asked to act as Circle Officer (Dev) in those thanas. A list of the officers who have submitted their joining report under the Government of Bangladesh is enclosed here with .

At the Sub-divisional level it is requested that new Sub-divisional Officer be posted; for it is difficult on the part of the old Sub-divisional Officer to function smoothly for obvious reasons.

Deputy Commissioner, Jessore.
17.12.71.

শিরোনাম	সূত্র	তারিখ
জাতির উদ্দেশে প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের ভাষণ	বাংলাদেশ সরকার তথ্য মন্ত্রণালয়	১৭ ডিসেম্বও ১৯৭১

স্বাধীনতার সূর্যোদয়ে

দেশবাসী সংগ্রামী ভাইবোনেরা,

বাংলাদেশে দখলদার বাহিনী আত্মসমর্পণ করেছে। সাড়ে সাত কোটি মানুষের মুক্তিসংগ্রাম আজ সাফল্যের তোরণে উপণীত হয়েছে।

গতকাল বিকেল পাঁচটা এক মিনিটে সম্মিলিত ভারতীয় সৈন্য বাহিনী ও মুক্তিবাহিনীর অধ্যক্ষ লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং আরোরার কাছে প্রেসিডেন্ট ইয়াহিয়া খাঁর নিযুক্ত 'খ' অঞ্চলের সামরিক প্রশাসক লেফটেন্যান্ট জেনারেল নিয়াজী তাঁর অধীনস্থ পাকিস্তানী স্থল, বিমান ও নৌ-বাহিনী, আধা সামরিক ও বেসামরিক সশস্ত্র-বাহিনী সহ বিনাশর্তে আত্মসমর্পণ করেছেন।

পঁচিশে মার্চ বাংলাদেশের জনসাধারণের যে দুঃস্বপ্নের রাত্রি শুরু হয়েছিল, এতদিনে তার অবসান হল। বাংলাদেশে আমাদের নিজেদের কর্তৃত্ব পূর্ণরূপে প্রতিষ্ঠিত হল। এত অল্পসময়ে বোধহয় আর কোন জাতির স্বাধীনতার সংগ্রাম সফল হয়নি।স্বাধীনতার জন্য এত মূল্যও বোধ হয় আর কোন জাতি দেয়নি।

আজকের বিজয়, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বিজয়, ভারত-বাংলাদেশ মৈত্রীর বিজয়, সত্য, ন্যায় ও গণতন্ত্রের বিজয়।

আমরা যাঁরা আজ স্বাধীনতার সূর্যোদয় দেখার সৌভাগ্য লাভ করেছি, আসুন, শ্রদ্ধাপ্লুত হৃদয়ে, কৃতজ্ঞচিত্তে স্মরণ করি সেই বীর মুক্তিযোদ্ধাদেরকে, যাঁরা নিজেদেরকে উৎসর্গ করেছেন সকলের জন্য।

পাকিস্তানের সামরিক চক্র চেয়েছিল বর্বর শক্তি দিয়ে বাংলাদেশের জনগণকে দমন করে রাখতে। হানাদারেরা দেশের মানুষকে হত্যা করেছে, পঙ্গু করেছে, ঘরবাড়ী জ্বালিয়েছে, আমাদের জাতীয় সম্পদ ধ্বংস করেছে। এই দুঃসময়ে আমাদেরকে সাহায্য করতে এগিয়ে আসে ভারত। আর তাই পাকিস্তানী সমর নায়কদের আক্রোশ গিয়ে পড়ে ভারতের উপর। বাংলাদেশের বিরুদ্ধে যুদ্ধকে তারা রুপান্তরিত করে ভারতের সঙ্গে যুদ্ধে। পশ্চিম রণাঙ্গনে ভারতীয় সেনারা পাকিস্তানী আক্রমণ প্রতিহত করেছেন। আর পূর্ব রণাঙ্গনে মুক্তিবাহিনীর সাথে মিলিতভাবে সংগ্রাম করে তাঁরা মাত্র বারো দিনের যুদ্ধে দখলদার সেনাদেরকে আত্মসমর্পণে বাধ্য করেছেন।

পাকিস্তানী সেনাবাহিনীর বিপর্যয় এত দ্রুতগতিতে সম্পন্ন হতে পারল ভারতীয় সশস্ত্র বাহিনীর সর্বাধ্যক্ষ জেনারেল মানেকশা'র নেতৃত্ব এবং সম্মিলিত বাহিনীর অধ্যক্ষ লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং আরোরার নিপুণ রণকৌশলে। এই দুই সেনাপতির কাছে এবং ভারতের স্থল, নৌ ও বিমানবাহিনীর কাছে আমরা গভীরভাবে কৃতজ্ঞ।

আমাদের সাফল্যে এই মুহূর্তে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে বাংলাদেশের আবালবৃদ্ধবনিতা গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। তিনি যেভাবে পৃথিবীর বিভিন্ন দেশের সরকার ও নেতাদের কাছে আমাদের ন্যায় সঙ্গত সংগ্রামের ব্যাখ্যা দিয়েছেন এবং যেভাবে লক্ষ লক্ষ শরণার্থীর দায়িত্ব গ্রহণ করেছেন, ইতিহাসে তার নজীর নেই। আমাদের সংগ্রামের ফলে ভারতের জনসাধারণকে যে বিপুল ভার বহন করতে

হয়েছে, সে বিষয়েও আমরা সচেতন। তাঁদের এই কষ্ট স্বীকার সার্থক হয়েছে। শরণার্থীরা এখন মর্যাদার সঙ্গে প্রত্যেকে নিজের ঘরে ফিরে আসবেন।

আমাদের সংগ্রামের প্রতি দৃঢ়তাপূর্ণ সমর্থন দানের জন্য বাংলাদেশের মানুষ সোভিয়েত ইউনিয়নের কাছে গভীরভাবে কৃতজ্ঞ। পোল্যান্ড এবং অন্য যেসব দেশ আমাদের ন্যায্য সংগ্রামকে সমর্থন করেছে, তাদের কাছেও আমরা কৃতজ্ঞ।

আমরা একথাও ভুলিনি যে, পৃথিবীর বিভিন্ন দেশের জনগণ, সংবাদপত্র, বেতার ও টেলিভিশনের সাংবাদিকেরা গণতন্ত্র ও মানবাধিকারের জন্য আমাদের সংগ্রামকে যথার্থরূপে তুলে ধরে এই সংগ্রাম সফল করতে সাহায্য করেছেন।

দেশবাসী ভাইবোনেরা,

বাংলাদেশের রক্তক্ষয়ী যুদ্ধ শেষ হয়েছে, কিন্ত আমাদের সংগ্রাম শেষ হয়নি। আমাদের মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এখনও শত্রুর কারাগারে । পাকিস্তানী শাসকদেরকে আমি আহবান জানাচ্ছি তাঁরা শেষ মুহূর্তের অন্ততঃ শুভবুদ্ধির পরিচয় দিন, বঙ্গবন্ধুকে মুক্ত করুন। এই দাবী মেনে নেবার সুফল সম্পর্কে পাকিস্তানক অবহিত করাও তার বন্ধুদের কর্তব্য বলে আমি মনে করি।

বন্ধুগণ,

বাংলাদেশের স্বাধীনতা এলা এক রক্তাপ্লুত ভূমিতে, এক ধ্বংসস্তূপের মধ্যে। জনগণের আশা ও আকঙ্খা অনুযায়ী এই দেশকে নতুন করে গড়ে তোলার দায়িত্ব এখন আমাদের সামনে। দেশের দ্রুত পুনর্গঠনের কাজে আমরা ভারতের সহযোগিতা ও সাহায্য কামনা করব। শুধু পুনঃর্নিমাণ নয়-নতুন সমাজ গঠনের দায়িত্ব আমরা নিয়েছি। সংগ্রামের কালে সমগ্র জাতির যে ঐক্য ও আত্মত্যাগের পরিচয় আমরা দিয়েছি, সেই ঐক্য ও ত্যাগের মনোভাব অটুট রাখতে হবে। তবেই গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, সমাজতান্ত্রিক বাংলাদেশের ভিত্তি দৃঢ় হবে। সেই নতুন আলো পথে আজ আমরা যাত্রা করলাম।

জয় বাংলা

জাতির উদ্দেশে ১৭ই ডিসেম্বর ১৯৭১ তারিখে প্রদত্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী
জনাব তাজউদ্দীন আহমদের বেতার ভাষণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও প্রচার দফতর
কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত পুস্তিকা।

পরবর্তী দলিলসমূহের তারিখ নির্ধারণ করা সম্ভব হয়নি, ফলে সেগুলি সন্নিবেশের ক্ষেত্রে কালানুক্রম পদ্ধতি ব্যাহত হয়েছে। দলিলসমূহের কালপর্যায় ২৬ মার্চ হতে ১৬ ডিসেম্বর, ১৯৭১।

শিরোনাম	সূত্র	তারিখ
প্রবাসী বাংলাদেশীদের জন্য বাংলাদেশ সরকারের ঘটনাবলীর ব্যাখ্য (লিফলেট)	বাংলাদেশ সরকার প্রচার দপ্তর	..... ১৯৭১

PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
FOR BANGLADESH CITIZENS AND FRIENDS ABROAD

MUJIBNAGAR.
BANGLADESH.

Gentlemen,

Bangladesh is at war. Since March 25th, 1971 our Liberation forces have been fighting an aggression by West Pakistani troops and resisting a very well trained and mechanized army. Their attempt is clear. They would like to continue with their colonial policy towards Bangladesh. In their last desperate attempt to deprive us from our right to live, they have adopted a policy of destruction, annihilation, and attrition. West Pakistani troops have burned down hundreds of villages, killed millions of people, and destroyed all our major industrial projects and vital installations. They have bombed and strafed indiscriminately. They have killed our mothers, raped our sisters, and driven out thousands of helpless people outside the country. Wherever they go, they kill young boys and children, loot houses, banks, jeweler shops, steal food grains and cattle and finally desert the places, leaving no human being alive.

The heroic people of Bangladesh have, however, accepted this challenge of war.

The people all over Bangladesh have joined the Liberation Army within 24 hours after they heard of the massacre at Dacca on 25th night.

There is no instance of this kind of genocide ever committed in human history. The detail of the atrocities need not be noted here as we are certain that you have been receiving the same through world press and radios and particularly through Indian Newspapers.

We all have to take part in this War. Every Bengali whether in England or America or Japan or even in Iceland, is a part of our Liberation force. And we expect that each one of us shall fight this War through the means available to him, wherever he is residing. World opinion is vitally important today for the survival of the most helpless and poor 78 million people. This war is as important outside Bangladesh as it is inside.

Gentlemen, while the brave sons of our soil are now engaged in the marshy battle fields of Bangladesh to defend their soil from the enemy aggression, our citizens abroad can contribute equally by organizing themselves into liberation front's, mobilizing public and world opinion, holding seminars and meetings, collecting funds sending reliefs and essential supplies.

WHAT SHOULD BE DONE?

1. Form organizations in the nature of Liberation Front and if there is more than one such organization in one country, establish-contact with each other and form a co-ordinate federation type organization so that all correspondence and communications may be made through one particular body. Unless otherwise impracticable, follow the system mentioned above.

2. A bank account must be opened properly in the name and style of Bangladesh and should be operated by at least two persons. You should have a cable code for communication proposes and a permanent address to be mentioned in every correspondence.

3. The people of Bangladesh expect you to continue your struggle and lobby the world public opinion, particularly with the American and Canadian Press, radio and television. Your organization may sponsor a solidarity committee consisting of public representatives, journalists, lawyers, teachers and other important personalities and representatives from other national and international bodies, from different shades of opinion who would lead the movement on your behalf. You are to continue to get in touch with all the countries of the world including the members of the United Nations.

4. You ought to maintain day to day contacts with the USSR Embassy, the Indian High Commission and countries who are supporting our cause and also to follow up the developments.

5. Through your lobby you ought to follow up the notes of different countries in respect of Bangladesh.

6. Put pressure upon the Diplomats from Bangladesh to dissociate from Pakistan and wherever possible make them establishes the Bangladesh Mission.

7. You must move a petition in the International Court of Justice for taking effective measures to stop genocide and to set up a trail for punishing Yahiya Khan and his gangsters for committing crimes against humanity. You may also approach the International Commission of Jurists and follow up their condemnation already flashed through world press.

8. Please make maximum utilization of the UN Human Rights Charter and relevant forums for such purposes. Take advantage of Genocide Charter. Engage able, inspired and well reputed international jurists.

9. An UN observation team ought to come immediately for an on the-spot inspection of the actual position.

10. Diseases and famine is imminent. As most of the food storages have either been looted or bombed by the military junta, a great scarcity of food-grain is prevailing. Millions of people are already at starvation stage. Please contact International Red Cross and all other humanitarian organizations to send relief materials immediately.

11. All your lobbing must be handled by mature political hands with utmost sophistication and care. Remember that one faulty step may disrupt what we have

already achieved in the international world. At the appropriate time, our emissary will be sent and he would get in touch with you for necessary liaison. Our cardinal principle is 'friendship to all and malice to none'. Solidarity and friendship with freedom-loving people all over the world. We seek for peaceful co-existence and strive for world peace.

12. Since you are already aware about the atrocities reported through the Indian Press, we need not make this heavier by adding more to what you have already learnt. Read the Indian Press for getting the details. Foreign Press may be told that since Pakistan Army bundled out all foreign journalists, the only source remains open is by way of crossing the border from Indian Territory. The news thus collected should be given due credence and importance and we invite the British Press to come and see the situation for themselves, as to the effectiveness and stability of the Government of Bangladesh, and particularly the unparallel morale and determination with which our people have been fighting with the foreign army.

13. West Pakistani troops are only in occupation of the towns and cantonment areas. The whole of the rest of Bangladesh is under the effective control of Bangladesh Government. The innocent and helpless people in the villages are completely relying upon this Government for their food, shelter and security. This a colossal task and it needs cooperation from every individual of Bangladesh whether he is inside or outside the country.

IMMEDIATE REQUIREMENTS:

(a) Medium-wave Broadcasting Transmitter to cover at least 300 miles.
(b) Sophisticated arms and ammunitions (for specification and channel of transportation contact the authorized representative, of Bangladesh Government in your country of residence. Do not plan till you are in contact with such a representative).
(c) Walki-talkies and wireless transmitters for communication purposes.
(d) Food grains.
(e) Salt.
(f) Matches and Kerosene.
(g) Clothing's (both civil and military).
(h) Medicines and medical units.
(i) Petrol, diesel, and fuel oils.
(j) Other essentials.
(k) Cash money (not to be sent till clear instructions are given).
(1) Tents and tarpaulins
(m) Boots and other outfits.

14. For correspondence and communication for the time being use the address of Bangladesh Mission, 9, Circus Avenue, Calcutta-17.

Sd/-Rahmat Ali
(For and on behalf of
Bangladesh Government)

শিরোনাম	সূত্র	তারিখ
''বাংলার বাণী''-একটি লিফলেট	বাংলাদেশ সরকার, প্রচার দপ্তর	.....১৯৭১

বাংলার বাণী

বাংলার নির্যাতিত, নিপীড়িত, মুক্তিপাগল সংগ্রামী ভাইয়েরা-

বাঙালী জাতি আজ এক চরম অগ্নিপরীক্ষার সম্মুখীন। তথাকথিত পশ্চিমা বেনিয়া গোষ্ঠী শেষবারের মত বাঙালী জাতির উপর চরম আঘাত হেনেছে। তারা চায় বাঙালী জাতিকে চিরতরে পৃথিবীর মানচিত্র থেকে উঠিয়ে দিতে বাঙালীর অপরাধ তারা আর শোষিত হতে চায় না। ইসলামের নামে মিথ্যা প্রহসন দিয়ে, তাই বলে চব্বিশটি বছর বাংলাদেশকে শোষণ করেছে। স্বাধীনতা-উত্তরকাল থেকে আমাদের উপর চলেছে শাসন আর শোষণের যাঁতাকল। ১৯৫২ সালে মায়ের ভাষার জন্য আমরা রক্ত দিয়েছি, পর্যায়ক্রমে '৬২সাল, '৬৬সাল, '৬৯ সাল এ দেশে ''লাল রক্তের'' ইতিহাস হযে রয়েছে। কত মা তার পুত্রকে, কত বোন তার ভাইকে, কত স্ত্রী তার স্বামীকে হারিয়েছে। শহীদের আত্মা আজ বাঙলার পথে-প্রান্তরে ঘুরে বেড়াচ্ছে।

তাই বাংলার সাড়ে সাত কোটি মানুষ আজ একতাবদ্ধ। তারা হাতে অস্ত্র তুলে নিয়েছে। পৃথিবীর কোন শক্তিই তাদের আজ দাবিয়ে রাখতে পারবে না। শহীদের অতৃপ্ত আত্মাকে তারা তৃপ্ত করবেই। বঙ্গবন্ধু বলেছেনর ''রক্ত যখন দিয়েছি-আরো রক্ত দেব, এদশেকে মুক্ত করে ছাড়বো ইনশাল্লাহ।'' ইতিহাস কখনও মিথ্যা হতে পারে না। আজ জাগরিত বাংলার মানুষ প্রতিজ্ঞাবদ্ধ। কৃষক, শ্রমিক, মেহনতি মানুষ আজ প্রতিজ্ঞাবদ্ধ-বাংলাকে শাসন ও শোষণমুক্ত গণপ্রজাতান্ত্রিক ''বাংলাদেশ'' রূপে প্রতিষ্ঠা করবেই।

সতর্কবাণী

(এক শ্রেণীর দুস্কৃতকারী যারা সব সময় বাংলার সাথে বেঈমানী করেছে, তাদের কাছ থেকে সাবধান)

(১) মুসলিম লীগ ও জামায়াতের দালালদের কথায় কর্ণপাত করবেন না। মনে রাখবেন-তারা আমাদের বড় শত্রু

(২) অবাঙালী বা অপরিচিত লোকের কাছে গোপন তথ্য প্রকাশ করবেন না।

(৩) ঢাকা বেতারের গায়েবী আওয়াজে বিশ্বাস করবেন না।

নির্দেশ

(১) পশ্চিমা পশুদের খতম করার আগে নিজেদের বিশ্বাসঘাতকদের খতম করুন।

(২) পশ্চিমা এবং চীনের দ্রব্য-সামগ্রী ব্যবহার বর্জন করুন।

(৩) অবাঙালীদের দোকানে যাতায়াত বন্ধ করুন।

(৪) বাংলার সাথে যারা বিশ্বাসঘাতকতা করে তাদের নাম তালিকাভুক্ত করুন এবং নিকটস্ত 'মুক্তিবাহিনী' কে প্রদান করুন।

(৪) সরকারী কর্মচারী যারা আছেন তারা কাজে যোগদান থেকে বিরত থাকুন।

''এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম-
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম''

-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

জয় বাংলা

শিরোনাম	সূত্র	তারিখ
সংগ্রামী জনগণের প্রতি উদাত্ত আহবান	বাংলাদেশ সরকার, প্রচার দপ্তর	.....১৯৭১

স্বাধীন বাংলাদেশের

সংগ্রামী জনগণের প্রতি উদাত্ত আহবান

বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা এক হয়েছি। এক আওয়াজে মিলেছে সাত কোটি কন্ঠঃ পশ্চিমা শোষণের অবসান চাই সোনার বাংলায়। তবু অগণতান্ত্রিক বেঈমান ইয়াহিয়া খানের সামরিক চক্রের ষড়যন্ত্র আমাদের অধিকার দেয়নি, বাধ্য করেছে লড়াইয়ের পথ বেছে নিতে।

খান নামে কুখ্যাত অমানুষ এই সেনা পিশাচের অত্যাচার চালিয়েছে শান্ত স্নিগ্ধ গ্রামের বুকে। আপনারা হাজারে হাজারে বেরিয়েছেন পথে। প্রথম দিন থেকে শহরে বেছে বেছে শিক্ষিত মানুষদের নিশ্চিহ্ন করে দিয়েছে তারা। শহরে আজ জনমানুষ মেলা ভার-বলেছেন বিদেশী সাংবাদিকেরা। সৈন্যবাহিনী এবং তাদের আওতায় স্বার্থান্বেষী স্থানীয় দালাল অত্যাচারীরা নির্বিশেষে তাদের মেরেছে। চেয়েছে সবকিছু নষ্ট করে দিতে। মাঠেঘাটে পথের পাশে রয়েছে খানসেনার শিকার অগণন মানুষ। এরা সব আপনার আমার আত্মীয়। যাঁরা বেঁচে তাঁরা সবাই আজ পথে পথে। যাঁরা রুদ্ধ ঘরে লুকিয়ে তাঁদের ঘরে ঘরে হাহাকার।

আমরা চেয়েছি হিন্দু মুসলমান বৌদ্ধ খ্রীষ্টানের মিলিত বাংলা। শোষণের বিরুদ্ধে এক হয়ে দাঁড়িয়েছিল এরা সবাই। পশ্চিমী জঙ্গীশাহীর চূড়ান্ত বিশ্বাসঘাতকতার মুখেও বঙ্গবন্ধু আমাদের সাবধান করেছিলেন ‘‘শত্রুর চরেরা আমাদের মধ্যে সাম্প্রদায়িকতা ও প্রাদেশিকতার জিগির তুলবে।’’ চরম প্ররোচনার মুখেও তিনি জানিয়েছিলেন বাংলাদেশে বসবাসকারী সকল সাম্প্রদায়িক ও প্রাদেশিক সংখ্যালঘুদের ধনপ্রাণ ইজ্জত রক্ষা করার দায়িত্ব আমাদেরই নিতে হবে।

সারা পৃথিবীর বিবেকবান মানুষের কাছে ইয়াহিয়া চক্রের অত্যাচার এবং তার বীভৎসতা যতই প্রকাশিত হচ্ছে ততই বাংলার স্বাধীনতা সংগ্রামের সমর্থনকে বিভ্রান্ত করার চরম হাতিয়ার হিসাবে সংখ্যালঘুদের উপর বিশেষ আক্রমণকে প্ররোচিত করছে জঙ্গীসেনা । এই নীতির তিন লক্ষ্য-(১)স্বাধীনতা সংগ্রামকে বিভক্ত করা, (২) ভারতহসহ অন্যান্য দেশের সাধারণ মানুষকে বিভ্রান্ত করা ও (৩)ভারত ও পশ্চিমবঙ্গ সরকারকে এককোটির অধিক সংখ্যালঘুর দায়িত্ব চাপিয়ে পর্যুদস্ত করা। এ জঘন্য চক্রান্ত আমাদের বুঝতেই হবে।

এবং এর জবাব চাই। এর জবাবে তৈরী হচ্ছে দেশের রক্ষীরা। দেশের ছাত্ররা, জোয়ানরা এগিয়ে আসুন। মুসলমান , হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান-আপনাদের প্রতি অত্যাচার হয়েছে। আসুন সবাই মিলে তার জবাব দিই। ‘‘সাত কোটি মানুষেরে দাবিয়ে রাখতে পারবা না’’ বলেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর সেই অমর বাক্য সত্য হবেই। কি করে পারবে খানসেনা তাদের অপরিচিত এই সোনার দেশকে, বীর মায়েদের হাতে তৈরী সোনার টুকরো ছেলেদের চেপে রাখতে? এ অত্যাচার ভুলবে কে? আসুন মুক্তিফৌজে যোগ দিই, মুক্তিফৌজকে সাহায্য করি, মোকাবিলা করি এই সুসজ্জিত কিন্তু বর্বর শত্রুসেনার সঙ্গে।

তারপর আমরা ফিরে পাবো সেই হারানো বাংলাকে। বাংলাদেশ সরকার আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছে- নিঃস্ব হয়ে যাঁরা পথে দাঁড়িয়েছেন, এই অবস্থার শেষে জেলায় জেলায় জমিজায়গা, ভিটেমাটি আপনারা নিশ্চয় ফিরে পাবেন। জমি যে হারিয়েছে সে ফিরে পাবে তার জমি। ঘর যার গেছে তাকে দশজন মিলে গড়তে সাহায্য করবে নতুন ঘর। মাঝি তার লুকানো নৌকো আবার বের করবে মুক্ত নদীর বুকে। জেলে ফিরে পাবে তার জাল। তাঁতী ফিরে বুনবে কাপড়। যে যার কাজে ফিরে যাবে।

বাংলাদেশ বেশীদিন শ্মশান থাকবে না। দিনে দিনে তার উন্নতি হবে অব্যাহত। কারণ আমাদের ধান পাট মাছ গুড় চিনি, আমাদের সোনাদানা, আমাদের চা কাগজ তামাক এখন থেকে আমরাই খরচ করব। আমরাই বিশ্বের দরবারে কেনা-বেচা করব আমাদের নিত্যপ্রয়োজনীয় জিনিস। খুব তাড়াতাড়ি তাই আবার ফিরে পাবো আমাদের সোনার বাংলাদেশ। আবার জাতি ধর্ম দল মতবর্ণ নির্বিশেষে বাঙালী ফিরে পাবে তার সম্মান। আজ যে শ্মশান বাংলাদেশে এনেছে খানসেনা, সেই শ্মশানে দাঁড়িয়ে মনে রাখুন আগামী এই সোনার বাংলার ছবি। জঙ্গীশাহীর কুৎসায় ভুলবেন না। মনে রাখবেন চরম শাস্তি হবে তার, যে এই জঙ্গীশাহীর সঙ্গে হাত মেলাবে। জয় বাংলার আদর্শ, শেখ মুজিবের আদর্শ ভুলে তুচ্ছতা, নীচতা সাম্প্রদায়িকতার জিগির তুলে জঙ্গীশাহীর চরের কাজ করবে যে, সে পাবে চরম শাস্তি-প্রাণদন্ড।

-গণতান্ত্রিক প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিরোনাম	সূত্র	তারিখ
''মোনাফেকদের ক্ষমা নেই''	বাংলাদেশ সরকার, প্রচার দপ্তর	.....১৯৭১

গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকার

মোনাফেকদের ক্ষমা নেই

ক্ষমতার দম্ভে, উন্মত্ততায় মানুষ বিবেকবুদ্ধি হারিযে এমন সব কথাবার্তা বলে থাকে যখন মনে হয় মানুষ তার আসল হারিয়ে জানোয়ারের স্তরে নেমে এসেছে।

পাকিস্তানের ২৩ বছরের ইতিহাস এরূপ বহু নজীর সৃষ্টি করেছে। পশ্চিম পাকিস্তানের কায়েমী স্বার্থবাদী গোষ্ঠী নিজেদের স্বার্থে এতটুকু হতে পড়তে দেখলেই অস্থির হয়ে ওঠে। ন্যায় নীতির সমর্থকদের বিরুদ্ধে পশ্চিম পাঞ্জাবী গোষ্ঠী ও তাদের তাঁবেদারগণ তখন তাদের বিরুদ্ধে কুৎসা রটনায়, ষড়যন্ত্রে লেগে যায়। পাকিস্তানের ২৩ বছরের ইতিহাস ষড়যন্ত্রের ইতিহাস, শোষণ ও পীড়নের ইতিহাস।

সিরাজুদ্দৌলা নাটকে নাট্যকার নবাব সিরাজুদ্দৌলার মুখ দিয়ে জানিয়েছেনঃ ''মীরজাফর,জগৎশেঠ, রাজবল্লভ, উমিচাঁদের দল কি আর জন্মগ্রহন করবে না গোলাম হোসেন?'' নাট্যকারের সে আশঙ্কা অমূলক নয়। বাংলায় বহু বিশ্বাসঘাতক জন্ম নিয়েছে এবং তারা বহাল তবিয়তে বাংলাদেশ ও বাঙ্গালীর সাথে বেঈমানী করে চলেছে। বাংলার এই বেঈমান, বিশ্বাসঘাতকগণই কায়েমী স্বার্থবাদী গোষ্ঠীর পদলেহী হয়ে দেশ ও দশের সর্বনাশ করে চলেছে। এদের দাস-সূলভ মনোভাবের উপর নির্ভর করে তাদের পাঞ্জাবী প্রভুরা বাঙ্গালীর বিরুদ্ধে কুৎসা রটনা করে, বাঙ্গালীদের উৎখাত করে।

বাংলার মানুষ যখনই তাদের হক আদায়ের দাবী জানিয়েছে, ইনসাফের আওয়াজ_তুলেছে,সুখে-শান্তিতে, মর্যাদার সাথে বাঁচতে চেয়েছে তখনই পশ্চিম পাকিস্তানী গোষ্ঠী তাদের ''দেশদ্রোহী'', ''বিচ্ছিন্নতাবাদী'', ''ভারতের দালাল'' বলে কুৎসা রটনা করে বাংলার সরল, সহজ মানুষের মনে ঘৃণা ও বিদ্বেষ সৃষ্টির চেষ্টা করেছে।

অদৃষ্টের নির্মম পরিহাস! যে দেশের সিংহপুরুষ মরহুম এ, কে ফজলুর হক লাহোর প্রস্তাব উত্থাপন করল, যে দেশের মানুষ তাদের প্রিয় নেতা মরহুম হোসেন শহীদ সোহরাওয়ার্দী, মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর নেতৃত্বে পাকিস্তানের পক্ষে নিরঙ্কুশ সমর্থন দিয়ে পাকিস্তান প্রতিষ্ঠাকে সুনিশ্চিত করেছিল, যে দেশের মানুষ তাদের প্রাপ্য আসন কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ, মরহুম লিয়াকত আলী খান, চৌধুরী খালিকুজ্জামান, চৌধুরী মোহাম্মদ আলী, খান আবদুল কাইয়ুম খানকে ছেড়ে দিয়েছিল, সে দেশের মানুষ ও তাদের নেতৃবৃন্দের দেশপ্রেমে কটাক্ষ করা হয়েছে। অদৃষ্টের নির্মম পরিহাস! যে দেশের আবাল-বৃদ্ধ-বণিতা, নিজেদের অটুট ধর্ম-বিশ্বাসে পঞ্জেগানা নামাজ আদায়ে ভুল করে না, ধর্মীয় অনুশাসন মেনে মদ খেয়ে বেহুশ হয়ে থাকে না, কামুক নারীর উলঙ্গ নৃত্য ও উৎকট সঙ্গীত শুনে ক্লাবে, ক্যাবারেতে আল্লাহর শান খুঁজে ফেরে না, ধর্মীয় বিধান মেনে যারা জিঘাংসাকে সংযত করে প্রীতি ও সৌহার্দ্যের বাণী প্রচার করে, যে দেশের মানুষ পশ্চিম পাঞ্জাবী শোষণ ও শাসনকে ছোট ভাইয়ের উৎপাত বলে মনে করে নির্যাতনের অবসান কামনায় তাদের উপর আল্লাহতালার হেদায়েত বর্ষণের প্রার্থনা জানায়, সেই বাংলাদেশের মানুষের ধর্ম বিশ্বাসে সন্দেহ সৃষ্টি করার অপপ্রয়াস চালান হয়েছে ও হচ্ছে।

অদৃষ্টের নির্মম পরিহাস! যারা কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহকে বিনা চিকিৎসায়, অবহেলায় মৃত্যুবরণ করতে বাধ্য করেছিল, যারা লিয়াকত আলী খানকে হত্যা করেছিল, যারা নিজেদের প্রভুত্ব বিস্তারে রাজনীতিতে ষড়যন্ত্রের আমদানী করে পাকিস্তানের পরিবেশকে বিষাক্ত করে তুলেছে, যারা বৃটিশের গোলামী করেছে আর পরে গোষ্ঠীস্বার্থে জনপ্রতিনিধিদের সরিয়ে দিয়ে নিজেরাই পাকিস্তানের ভাগ্য বিধাতা হয়েছে, যারা

পাকিস্তানে গণতন্ত্রের অবসান ঘটিয়ে স্বৈরতন্ত্র ও সামরিক শাসন চালু করেছে, যারা কাসীম ভাট্রির মত চোরাচালানকারীর সাথে আঁতাত করে কোটি কোটি টাকার সোনার চোরাকারবার করেছিল , যারা ইরান, আফগান সীমান্তে চোরাকারবার ও চোরাচালানের খোলাবাজার চালু রেখেছে, যারা ইরান-তুরস্কের মাধ্যমে ইহুদীদের সাথে গোপন সংযোগ রেখেছে, বাংলাদেশের বরেণ্য নেতৃবৃন্দ ও বাংলার গণপ্রতিনিধিবৃন্দকে দেশদ্রোহী বলে অভিযুক্ত করছে।

কায়েমী স্বার্থবাদী মহল ও তাদের পদসেবীগন, যারা জাতির স্বার্থের চাইতে, নিজেদের স্বার্থের উপর অধিক গুরুত্ব দিয়ে আসছে, যারা তাদের স্বার্থে কোটি কোটি লোককে অভুক্ত রেখে, অনটনে রেখে, বেকার রেখে, বন্যা ও জলোচ্ছ্বাসে বাঙালীর জানমাল ধ্বংস হয়ে যেতে ষড়যন্ত্র করেছে আকাশচুম্বী বৈষম্যের সৃষ্টি করে মানুষের মনকে বিষাক্ত করে দিয়েছে; যারা ষড়যন্ত্র করে, সামরিক শক্তির প্রয়োগ এবং নির্বিচার গনহত্যার ও পোড়ামাটি নীতির অনুসরণে বাঙালী, বেলুচী ও পাঠানদের মনকে তিক্ত করে দিয়েছে এবং যার ফলে নির্যাতিত- নিপীড়িত বাঙালী, বেলুচী ও পাঠান আজ পশ্চিম পাঞ্জাবীদের সাথে একাত্ম হতে পারছে না, যার অপরিহার্য ফল হিসাবে পাকিস্তান আজ খান খান হয়ে গিয়েছে, সেই কুটচক্রী,কায়েমী স্বার্থবাদী পশ্চিম পাঞ্জাবী গোষ্ঠী বেঁচে থাকার দাবীকে মুখর বাংলার মানুষকে বিচ্ছিন্নতাবাদী বলে প্রচার করছে।

অদৃষ্টের নির্মম পরিহাস! মুসলমান মুসলমানের উপর নির্যাতন করতে পারবে না, হত্যা করতে পারবে না, অমুসলমানদের জানমালের পূর্ণ নিরাপত্তা মুসলমানকে দিতে হবে , অহেতুক অশান্তি সৃষ্টি করতে পারবে না-ইসলামের এই সুস্পষ্ট নির্দেশ লংঘন করে যারা স্রেফ নিজের প্রভুত্ব, শোষণ ও শাসণ অক্ষুণ্ণ রাখার উদ্দেশ্যে বাংলাদেশের মুসলমানদের নির্বিচারে হত্যা করছে, তাদের ধন-সম্পত্তি লুট করছে, তাদের বাড়ী ঘর জ্বালিয়ে দিচ্ছে, হিন্দু বৌদ্ধ খৃষ্টানদের উপর চরম নির্যাতন চালিয়ে তাদের ভিটামাটি থেকে উচ্ছেদ করছে, যাদের ভাড়াটিয়া সৈন্য নিজেদের মুসলমান বলে দাবী করছে আর বাংলার মুসলমান নারীদের উলঙ্গ করে মা-বাপের সামনে পর পর পাশবিক অত্যাচার চালিয়ে শেষে গুলি করে মারছে, নিস্পাপ শিশু-কন্যাদের, যাদের সঙ্গে রাজনীতি বা দুনিয়ার কোন সম্পর্ক এখনো গড়ে ওঠেনি তাদের খুন করছে, মুসলমান বাঙ্গালীকে গ্রেপ্তার করে তাদের দিয়ে গর্ত খুঁড়ে গুলী করে মারার পর তাদেরই সেই গর্তে ফেলে দিচ্ছে, নিরপরাধ সাহিত্যিক, সাংবাদিক, শিক্ষক, শিক্ষাবিদ ও শিল্পীদের নির্বিচারে খুন করেছে ও করছে, যারা মদে চুর হয়ে থাকে, কোরআন-হাদিসের বিধি-বিধানের ধার ধারে না, যারা সুন্নী সম্প্রদায়কে দাবিয়ে রেখে শিয়া-কাদিয়ানী প্রভুত্ব কায়েমের চক্রান্তে মেতে উঠেছে-তারাই ইসলামের জিগির তুলে বাঙালীর সরল মনকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালাচ্ছে।

পশ্চিম পাকিস্তানী হানাদারগণ যদি ইসলামে বিশ্বাসী হত তাহলে তারা নিরপরাধ বাঙ্গালীকে নির্বিচারে হত্যা করতে পারত না।বাঙ্গালীর বুকে গুলী লেগে যখন মৃত্যু নেমে আসে, তখন তার মুখ দিয়ে কি কলেমা উচ্চারিত হয় না? কি অপরাধ করেছিল বাংলার নারী ও শিশু সন্তানেরা ?কেন আজ তারা সর্বহারা হয়ে গ্রাম থেকে গ্রামান্তরে প্রাণ ভয়ে ছুটে চলেছে? ইয়াহিয়া খান কেন নির্বাচন দিয়েছিল, কেন বলেছিল নির্বাচন সুষ্ঠু নিরপেক্ষ হয়েছিল, আজ আবার কেনই বা আওয়ামী লীগকে বে-আইনী করল, বাঙ্গালীর উপর নরপিশাচ পাঞ্জাবী ভাড়াটিয়াদের অতর্কিতভাবে লেলিয়ি দিল? এর জবাব কে দেবে?

ধর্ম যদি রাষ্ট্রীয় বন্ধনী হয়, তবে সাউদী আরব কেন ইয়ামেনের মুসলমানদের উপর নির্যাতন চালাচ্ছে-মিশর, সিরিয়া ইরাক, ইরান তুরস্ক, লিবিয়া, আলবেনিয়া, তিউনিসিয়া, মরক্কো, সুদান পাকিস্তান এক হতে পারল না কেন? পাকিস্তান কেন আফগানিস্তানের বিরুদ্ধে বিষোদগার করছে? পাকিস্তান ইরান ও তুরস্কের মাধ্যমে কেন ইহুদীদেরও সাথে যোগাযোগ রক্ষা করে চলেছে আর বাইরে দেখাচ্ছে তারা ইসরাইলের বিরোধী-এ মোনাফেকীর জবাব দেবে কে? প্যালেস্টাইনের মুসলমান মুক্তিফৌজ আজ জর্দানের মুসলমানদের হাতে কেন খুন হচ্ছে? বাঙ্গালী কি এসব বোঝে না? বাঙ্গালী কি এতই বুজদিল? বাঙ্গালী সব জানে, সব বোঝে, কেবল সময়ের অপেক্ষায় আছে । বাঙ্গালী আজ সম্পূর্ন সচেতন।

আর এই ক্ষমতালোভী স্বার্থপর মহলের পদলেহন করে তাদের মনস্তুষ্টির জন্যে চাটুকারিতা করে চলেছে বাংলার কিছু সংখ্যক বিশ্বাসঘাতক, পিশাচ হানাদারদের সাময়িক সাফল্যকে তারা স্থায়ী সাফল্য বলে মনে করে, হানাদার পশুদের সাথে হাত মিলিয়ে বাংলার গণজীবনে হাহাকার সৃষ্টি করেছে । বিশ্বাসঘাতকদের কেউ কখনো বিশ্বাস করে না-ইতিহাস তার সাক্ষী। মীরজাফরকে রেহাই দেওয়া হয়নি। বিশ্বাসঘাতক যাদের জন্যে দেশ ও জাতির সঙ্গে বিশ্বাসঘাতকতা করে, স্বার্থসিদ্ধির পর তারাই তাদের খতম করে দেয়। তাই বিশ্বাসঘাতকের জান-মাল দু'দিক থেকেই বিপন্ন। বাংলার মুক্তিকামী মানুষ, বাংলার মাটি থেকে এসব বিশ্বাসঘাতক মোনাফেক, পরগাছাদের নিমূর্ল করে দিতে বদ্ধপরিকর। এ অভিযান চলছে। ইতিমধ্যেই বাংলাদেশের বিভিন্ন এলাকা থেকে কয়েকজন বিশ্বাসঘাতককে বিলোপ করে দেয়া হয়েছে। বিশ্বাসঘাতককে তাদের কাজের জন্য চরম মূল্য দিতে হবে। কোন ক্ষমা নেই। তাদের উৎখাত করা হবেই-তাদের পাঞ্জাবী প্রভুদের বেষ্টনী ভেদ করে মুক্তি সংগ্রামী বুলেট বিশ্বাসঘাতকের লাগবেই। নির্যাতিত, নিপীড়িত মানুষের তীব্র জ্বালায় বিশ্বাসঘাতকদের ধন-সম্পত্তি দাউ দাউ করে জ্বলবে। জাতীয় স্বার্থে বাঙ্গালী শত্রকে ক্ষমা করবে না, করতে পারে না-তাদের চরম শাস্তি দেওয়া হবে।

আজকের এ সংগ্রাম মুক্তির সংগ্রাম। বাঙ্গালীর এ সংগ্রাম বাঁচার সংগ্রাম , সত্য ও ন্যায়ের সংগ্রাম । মানুষ নিজের গরজে রাষ্ট্র সৃষ্টি করে। রাষ্ট্রের জন্য মানুষের সৃষ্টি নয়। মানুষকে মেরে রাষ্ট্র হতে পারে না। বাঙ্গালী তাদের দু'যুগের তিক্ত অভিজ্ঞতায় নিজেরাই নিজেদের শাসন করার দাবী জানিয়েছে;বাঁচার মত বাঁচতে দাবী জানিয়েছে। বাঙ্গালী তাদের সন্তানদের জন্যে উপযুক্ত শিক্ষা লাভের, চিকিৎসার দাবী জানিয়েছে ; অনাহার-অনটনের তাহ থেকে মুক্তিলাভের দাবী জানিয়েছে, বন্যা ও প্লাবনের কবল থেকে রক্ষা করার দাবী জানিয়েছে, বেকারত্বের অবসানে কর্মসংস্থানের দাবী জানিয়েছে। মানুষের মৌলিক অধিকারে শান্তিতে ও সুখে বাস করার দাবী জানিয়েছে। অন্য কোন অপরাধ করেনি। বাঙ্গালীর অটুট সঙ্কল্প, ঐক্য ও দৃঢ়তা তার মুক্তি আনবে; বাঙ্গালী পশ্চিম পাকিস্তানী অক্টোপাসের কবল থেকে মুক্ত হবেই।

আল্লাহতা'লা প্রতিশ্রুতি দিয়েছেনঃ সত্যের জয় ও মিথ্যার বিনাশ অবশ্যম্ভাবী। বাঙ্গালী এত সম্পূর্ণ বিশ্বাসী।

জয়বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচার দপ্তর হইতে প্রকাশিত।

শিরোমনাম	সূত্র	তারিখ
মুক্তাঞ্চলের জনসাধারণের জন্য বাংলাদেশ সরকারের নির্দেশাবলী	বাংলাদেশ সরকার প্রচার দপ্তর	.....১৯৭১

মুক্তাঞ্চলে জনসাধারণের জন্য বাংলাদেশ

সরকারের নির্দেশাবলী

(১) মুক্তাঞ্চলের জনসাধারণকে দৃঢ়ভাবে শৃঙ্খলা বজায় রাখতে হবে। এ ব্যাপারে আপনাদের নির্বাচিত জনপ্রতিনিধি ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক কর্মচারীদের সংগে পূর্ণ সহযোগিতা করুন।

(২) বিচার ও শাস্তির ভার কোন অবস্থাতেই নিজের হাতে নেবেন না। দেশদ্রোহীদের বিচারের ব্যবস্থা বাংলাদেশ সরকার করছেন।

(৩) ঐক্যবদ্ধভাবে আত্মবিশ্বাস ও সাহসের সংগে বসবাস করুন। একে অন্যকে সাহায্য করুন।

(৪) এখন দেশের পুনর্গঠনের দায়িত্ব আপনার, আমার-সকলের। পুর্ণোদ্যমে নিজ নিজ কার্যে লিপ্ত হয়ে যান-দেশের সম্পদ বাড়ানোর জন্য সর্বশক্তি নিয়োগ করুন।

বাংলাদেশ সরকারের তথ্য প্রচার দফতর কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শিরোনাম	সূত্র	তারিখ
''বাংলার গণদুশমনরা হুশিয়ার''	বাংলাদেশ সরকার, প্রচার দপ্তর	.....১৯৭১

বাংলার গণদুশমনরা হুশিয়ার

স্বাধীন বাংলাদেশবাসী ভাইসবের প্রতিঃ

আমাদের মুক্তিবাহিনীর বীর বিক্রমে হানাদার ইয়াহিয়া সরকারের বর্বর সেনাবাহিনীর সহিত লড়াই করিয়া চলিতেছে। বিপুল পরিমাণ অস্ত্র-শস্ত্র সীমাহীন অত্যাচার-অবিচার, নিরস্ত্র নর-নারী-শিশু-বৃদ্ধ হত্যা, নারী ধর্ষণ, অবাধ লুন্ঠন ও ঘরে ঘরে অগ্নিসংযোগের তান্ডবলীলা বাঙ্গালী জাতির ইস্পাতদৃঢ় মনোবল ক্ষুন্ন করিতে পারে নাই। সমস্ত দেশে নরখাদক পাক সরকার আজ পর্যন্ত অফিস-আদলত, রাস্তাঘাট চালু করিতে সক্ষম হয় নাই, খাজনা-শুল্ক আদায় ও দেশের কাচাঁমাল লুন্ঠনে সম্পূর্ণ ব্যর্থ হওয়ায় তারা অর্থনৈতিক দিক দিয়া সম্পূর্ণ দেউলিয়া হইয়া পড়িয়াছে।

বাংলাদেশের অভ্যন্তরে দখলদার বাহিনী নিজেদের দালাল খুঁজিয়া পাইয়াছে গণদুশমন মুসলিম লীগ, পি,ডি,পি জামাত ইত্যাদি জনসমর্থনহীন রাজনৈতিক দলগুলির মধ্যে। আপনারা এই সব দালালদের কলঙ্কময় অতীত ইতিহাস ভালভাবে জানেন আজ তারা হানাদারদের সাহায্যে বাংলাদেশের নিরীহ জনসাধারণের উপর যে বিপদ ডাকিয়া আনিয়াছে, বিশ্বের ইতিহাসে তাহার তুলনা নাই।

স্বাধীন বাংলাদেশের জনসাধারণ মুক্তিফৌজের সাথে কাঁধে কাঁধ মিলাইয়া লড়াই করিতেছেন। অপরদিকে পাক ফৌজকে তাহাদের দুষ্কৃর্ম ও পাশবিক কার্যকলাপে পি,ডি,পি , মুসলিম লীগ ও জামাতে ইসলাম ইত্যাদি প্রতিষ্ঠানের দালাল ও গুন্ডারা সহযোগিতা করিতেছে। দালালেরা গ্রামে গ্রামে পাক ফৌজকে পথ দেখাইয়া লইয়া আসে,নিরীহ জনসাধারণের টাকা-পয়সা, গরু-খাসী সহ যাবতীয় খাদ্যবস্ত্ লুটপাট করে, ঘরবাড়ী ভাঙ্গিয়া আগুন ধরাইয় দেয়, মহিলাদের উপর পাশবিক অত্যাচার চালায়, মানুষের মনে ত্রাসের সৃষ্টি করিয়া হাজারে হাজারে লোককে দেশত্যাগে বাধ্য করে। নির্বিচারে নারী শিশু-বৃদ্ধ-যুবকদিগকে হত্যা করিয়া নদী-নালায় ভাসাইয়া দেয়।

তাই, হানাদার দস্যু বাহিনী পাকফৌজের মতো এই সমস্ত দালাল ও গুন্ডাদল বাংলাদেশবাসীর জাত শত্রু এই দালাল-গুন্ডা দেশদ্রোহী বিভীষণদের খতম করার জন্য আমরা চিহ্নিত করিয়াছি। এদের প্রতিটি দুষ্কৃর্ম ও গতিবিধি সম্বন্ধে আমরা সম্পূর্ণ অবগত আছি। এদের নির্মূল করা আমাদের প্রাথমিক ও অবশ্য কর্তব্যের মধ্যে গণ্য। ইতিমধ্যে আমরা এই সমস্ত দেশদ্রোহীদের মধ্যে অনেককেই খতম করিয়াছি। বাকীগুলি মৃত্যুর অপেক্ষায় দিন গুনিতেছে। জানিয়া রাখুন, এদের ধ্বংসের দিন আর দূরে নয়।

ভাইসব,

হানাদার বাহিনীর প্রতি পদক্ষেপে দুর্বার গণপ্রতিরোধে অধিকতর দৃঢ় করুন। নিকটস্ত মুক্তিবাহিনীর শিবির ও স্বাধীন বাংলাদেশ সরকারের কার্যালয়ের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ ও পরিপূর্ণ সহযোগিতা বজায় রাখিয়া চলুন। দুর্বার গতিতে মুক্তি সংগ্রামকে চূড়ান্ত বিজয়ের লক্ষ্যে পৌঁছাইয়া দিন।

আমাদের স্বাধীনতর সংগ্রাম আজ প্রায় তিন মাস যাবৎ অপ্রতিহত গতিতে চলিয়াছে। সারা বিশ্বে বীর জাতি হিসাবে আমরা শির উঁচু করিয়া দাঁড়াইয়াছি। রক্তের বিনিময়ে দেশের স্বাধীনতা অর্জন করিতে হয়। আমরা বহু রক্ত দিয়াছি, প্রয়োজনে আরও দিব । আমাদের সংগ্রাম ন্যায়ের সংগ্রাম, আজাদীর সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম। জয় আমাদের সুনিশ্চিত।

মনে রাখিবেন, যে জাতি নিঃশেষে প্রাণ বিলাইয়া দিতে জানে, সে জাতির ক্ষয় নাই, ক্ষয় নাই।

-জয় বাংলা-

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের স্বাধীনতার পক্ষে যুদ্ধরত পুলিশদের প্রতি স্বরাষ্ট্র দপ্তর	বাংলাদেশ সরকার স্বরাষ্ট্র বিভাগ	..... ১৯৭১

বাংলাদেশের বীর পুলিশ ভাইসব,

সাড়ে সাত কোটি নিরস্ত্র বাঙ্গালী আজ মরিয়া হয়ে ইয়াহিয়া খানের সশস্ত্র বাহিনীর বিরুদ্ধে সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছেন। আমরা বাংলাদেশের সন্তান, আমরা বাঙ্গালী, আমরা বাংলাদেশের পুলিশ আমরা মুক্তিযোদ্ধা। বাংলাদেশের স্বাধীনতা রক্ষা করার দায়িত্ব আমাদের।

অতীতে এবং বিগত ২৫শে মার্চ থেকে পাক ফৌজ বাংলাদেশে যে নিধনযজ্ঞ ও বর্বরতা চালিয়েছে তার নজীর ইতিহাসে নাই। সোনার বাংলা আজ এক প্রেতপুরী। সেখানে এখন কবরের শান্তি বিরাজ করছে। এই হত্যাযজ্ঞের প্রথম শিকার হয়েছিল বাংলার পুলিশ বাহিনী। রাজারবাগ, চট্রগ্রাম , খুলনা, রাজশাহী, কুমিল্লা ও অন্যান্য জেলাসমূহের পুলিশ বাহিনীকে কিভাবে মেশিনগানের গুলিতে ও বোমার আঘাতে হত্যা করা হয়েছে তার করুণ দৃশ্য আমরা কোনদিন ভুলতে পারবো না।

আপনারা স্বচক্ষে দেখেছেন নারী হত্যা, নারীধর্ষণ, শিশু-ছাত্র-কৃষক-শ্রমিক বুদ্ধিজীবী ও শিল্পী হত্যার বীভৎস দৃশ্য। হারিয়েছি আমরা প্রিয়জন, আত্মীয়-স্বজন, বেনাদক্লিষ্ট জীবনের সব সঞ্চয় ও সম্বল। ধ্বংসের ঢেউ শহর বন্দর ছড়িয়ে এখন পৌঁছেছে গ্রামে-গ্রামান্তরে। রাস্তাঘাটে হাটে মাঠে নৃশংসভাবে হত্যা করা হয়েছে নিরীহ বাংগালী পুলিশ বাহিনীকে, ভাসিয়ে দেয়া হয়েছে তাদের পরিবারকে দুঃখের অতল সাগরে। এই গণহত্যা ও ধ্বংসের তুলনা ইতিহাসে মেলে না।

তাই আজ বাংলাদেশের প্রতিটি মানুষ বজ্রকণ্ঠে আওয়াজ তুলেছেন-স্বাধীন বাংলাদেশের মাটিতে পাক ফৌজকে দাঁড়াতে দেবে না। পশ্চিম পাক ফৌজের সর্বশেষ প্রাণীটি বাংলাদেশ থেকে বিতাড়িত না হওয়া পর্যন্ত আমরা সংগ্রাম চালিয়ে যাব।

হালকা অস্ত্র নিয়ে বাংলাদেশের পুলিশ বাহিনী মেশিনগান, ট্যাঙ্ক ও বোমার মুখে যে বীরত্ব দেখিয়েছে তা কখনও ভোলা যায় না। বাংলাদেশের স্বাধীনতা রক্ষার সংগ্রামে পুলিশের ত্যাগ ও অবদান ইতিহাসে সোনার অক্ষরে লেখা থাকবে।

বাংলাদেশের পুলিশের মনোবল ভেঙ্গে দেয়ার জন্য পুলিশ কর্তাদেরকে মেশিনগানের মুখে রেখে বাধ্য করা হয়েছে একথা ঘোষনা করতে-যেন বাংলাদেশের পুলিশ বাহিনী ইয়াহিয়ার জঙ্গী শাসকদের কাজে যোগদান করেন। মুক্তিফৌজের বীরত্বপূর্ণ সংগ্রামে আঘাত হানার জন্য এই হীন প্রচেষ্টা । এই ঘোষনা বা ডাকে বাংলাদেশের পুলিশ বাহিনী সাড়া দেবেন না। নানা কৌশলে পুলিশ বাহিনীকে একবারে নিশ্চিহ্ন করে ফেলাই পাক ফৌজের উদ্দেশ্য একথা আমাদের ভুললে চলবে না। একবার ভেবে দেখুন-কেন পাক ফৌজ আমাদের সহকর্মী পুলিশ ভাইদেরকে অকাতরে নৃশংসভাবে হত্যা করছে-কেন তারা বাংলাদেশেরে পুলিশ লাইন পুড়িয়ে জ্বালিয়ে ধ্বংস করেছে-কেন হাজার হাজার পুলিশকে দেশছাড়া করেছে। জঙ্গী সরকার অস্ত্রের শক্তিতে শক্তিশালী এবং সেই শক্তির দাপটে ইয়াহিয়া সরকার আমাদেরকে নিশ্চিহ্ন করার প্রচেষ্টা চালাচ্ছে। এই জঙ্গী সরকারের সাথে সহযোগিতা করা বাংলাদেশের প্রতি বিশ্বাসঘাতকতা ছাড়া আর কিছু নয়।

আমরা বাংলাদেশের সন্তান-বাংলাদেশের স্বাধীনতা রক্ষার সংগ্রামে আমরা বহু ত্যাগ করেছি। আমরা আমাদের সর্বস্ব ত্যাগ করেছি। মুক্তিযুদ্ধে হাসিমুখে প্রাণ দিয়েছি। বাংলাদেশের শত্রুদের সংগে লড়াই করে বহু কর্মচারী শহীদ হয়েছেন। তাদের কাছে আমরা চিরঋণী। তাদেরকে চিরদিন জানাব শ্রদ্ধা। তাদের পরিবারবর্গকে

জানাব সহানুভূতি-যারা শত্রুসেনার হাতে ক্ষতবিক্ষত হয়ে মৃত্যুর সংগে লড়াই করছে। তাদের জীবন বাঁচাবার জন্য আমরা সব কিছু করতে প্রস্তুত। বর্বর পাক ফৌজের অমানুষিক অত্যাচারের হাত থেকে রেহাই পাবার জন্য অনেক পুলিশ কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে আশ্রয় নিয়েছেন। তাদেরকে আহবান জানাচ্ছি তারা যেন অবিলম্বে মুক্তিফৌজে যোগদান করেন।

আমরা পুলিশ-আমরা অস্ত্র চালনা জানি। বাংলাদেশের এই মুহূর্তে আমাদের অনেক কিছু করার আছে। আমরা শত্রু শিবিরে সহযোগিতার মনোভাব নিয়ে যাব না- শত্রুর কাছে মাথা নত করবো না। তাদের সংগে সহযোগিতা করার আহবানে আমরা সাড়া দেব না। বাংলাদেশের স্বাধীনতা রক্ষার সংগ্রামে প্রাণ দেব। আমরা জানি যারা শত্রুর সংগে হাত মিলিয়ে চলেছেন-বাংলাদেশের সংগ্রামী জনতা তাদেরকে কোনদিন ক্ষমা করবে না। পুলিশের সংগে যারা অফিসের কাজ করছেন তাদের প্রতিও আমাদের এই একই আবেদন।

পুলিশের ভাইয়েরা যারা সীমান্তের ওপারে গিয়ে আশ্রয় নিয়েছেন তারা ৯নং সার্কাস এভেনিউ, কলিকাতায় (বাংলাদেশ মিশন) অথবা সুবিধামত মুজিবনগরে পুলিশ সদর দপ্তরের সংগে যোগাযোগ স্থাপন করবেন।

আমরা একথাই মনে রাখবো যে-আমরা বাংলাদেশের সন্তান-বাংলাদেমের স্বাধীনতা রক্ষার সংগ্রাম আমাদের বাঁচার সংগ্রাম। আমরা লড়ছি সত্যের জন্য-ন্যায়ের জন্য। এই সংগ্রামে আমরা জয়ী হবই।

-জয় বাংলা-

-আবদুল খালেক

শিরোনাম	সূত্র	তারিখ
দেশবাসীর প্রতি বাংলাদেশ সরকারের অর্থ ও বানিজ্যমন্ত্রীর বেতার ভাষণ	বাংলাদেশ সরকার প্রচার দপ্তর	..... ১৯৭১

নতুন শপথ

আমার প্রিয় দেশবাসী,

আমাদের স্বাধীনতা রক্ষার মরণজয়ী সংগ্রাম ধাপে ধাপে এগিয়ে আজ এক চূড়ান্ত পর্যায়ে উপনীত হয়েছে। মুক্তিযুদ্ধের এই সাফল্যের পরিপ্রেক্ষিতে সামাজিক এবং অর্থনৈতিক ক্ষেত্রে আমাদের প্রত্যেকের দায়িত্ব নতুন করে বুঝে নিতে হবে। বৃহত্তর জাতীয় স্বার্থের প্রতি গভীর শ্রদ্ধাবোধ, প্রত্যেকটি নতুন ঘটনার প্রতি সজাগ দৃষ্টি, সচেতন মানসিকতা এবং সর্বোপরি সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে আমরা বাংলাদেশকে একটি সুখী সমৃদ্ধিশালী রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে পারি।

বন্ধুগণ,নানারুপ প্রতিকূল অবস্থার মধ্যেও আমাদের মুক্তিসংগ্রামে যে সাফল্য অর্জন করেছে তাতে বিশ্ববাসী বিস্মিত না হয়ে পারেনি। বঙ্গবন্ধুর অগ্নিমন্ত্রে দীক্ষিত বাংলার মুক্তিযোদ্ধাদের আত্মপ্রত্যয় এবং শৌর্যবীর্যে যে ইতিহাস সৃষ্টি হয়েছে যুগে যুগে পৃথিবীর মুক্তিকামী মানুষকে তা নূতন নূতন প্রেরণা জোগাবে। মানবতা ও ন্যায়নীতি বোধে উদ্বুদ্ধ ভারতীয় মিত্রবাহিনীর কাঁধে কাঁধ মিলিয়ে তারা একের পর এক শত্রুঘাঁটি দখল করে চলেছে।

মহান ভারত বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিয়ে আমাদের মুক্তিসংগ্রামকে আরো দুর্বার এবং বিশ্বের দরবারে আমাদের সম্মান উত্তরোত্তর বৃদ্ধি করেছে। ভারতের এই মানবতাবাদী এবং বন্ধুসুলভ ব্যাবহারে আমরা মুগ্ধ এবং কৃতজ্ঞ। আমাদের আর এক প্রতিবেশী রাষ্ট্র ভূটানও আমাদের বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিয়েছে। তাদের কাছেও আমরা কৃতজ্ঞ। বাংলাদেশ আজ বিশ্বে একটি প্রতিষ্ঠিত রাষ্ট্র-স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অস্তিত্ব আজ একটি বাস্তব সত্য।

সমগ্র মুক্তাঞ্চলে বাংলাদেশ সরকারের প্রশাসনিক ব্যবস্থা চালু করা হচ্ছে। সেখানে আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক জনজীবনের স্বাবাবিক অর্থনৈতিক কর্মতৎপরতা ফিরে আসছে দ্রুত গতিতে।

তবু বন্ধগণ, একথা সত্যি যে বর্বর হানাদার বাহিনী বাংলাদেশের অর্থনীতির সর্বাত্মক ক্ষতি সাধনে এখনও আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে। হামলার প্রথম স্তরে তারা বাংলাদেশের অনেক শিল্প-কারখানা জ্বালিয়ে দিয়েছে কিংবা কলকব্জা করে পশ্চিম পাকিস্তানে পাচার করেছে। তার পর থেকে শহরের পর শহর, গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দিয়ে, সোনা-দানা গরু-বাছুর লুটতরাজ করে, তাদেরকে নিজেদের বাড়ীঘর থেকে তাড়িয়ে দিয়ে লক্ষ লক্ষ বাঙালীর জীবনে ডেকে এনেছে এক চরম অর্থনৈতিক বিপর্যয়। ক্ষেতে-খামারে বিষাক্ত ঔষধ ছিটিয়ে আমাদের ফসল করেছে বিনষ্ট। রাজাকার এবং চোর-ডাকাতদের লেলিয়ে দিয়ে, দেশপ্রেমিক নাগরিকদের বাড়ী জবরদখল করিয়ে তারা আমাদের সমাজে বপন করতে চেয়েছিল অর্থনৈতিক বিশৃঙ্খলার বীজ।

তারপর আমাদের শিক্ষিত এবং কর্মক্ষম ব্যক্তিদের হত্যা করে মানবিক সম্পদকে করেছে পর্যুদস্ত-আমাদের অর্থনৈতিক উন্নতির পথকে করেছে দুস্তর।

আজ যখন মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর হাতে মার খেয়ে পালিয়ে যাচ্ছে, তখনও তারা চালাচ্ছে এই অবাধ ধ্বংসযজ্ঞ।

এই পর্যুদস্ত অর্থনীতির পুনর্গঠনের বিরাট দায়িত্ব আমাদের উপর ন্যস্ত হয়েছে। একটি নবজাত স্বাধীন রাষ্ট্রের নাগরিক হিসাবে সে দায়িত্ব সুষ্ঠুরূপে আমাদের পালন করতেই হবে। পুনর্বাসন ও অর্থনৈতিক পুনর্গঠনকে প্রধান দায়িত্ব হিসেবে ধরে নিয়েই রচিত হচ্ছে আমাদের অর্থনৈতিক পরিকল্পনার খসড়া। প্রত্যেক বাস্তুচ্যুত লোক যাতে সসম্মানে ফিরে আসতে পারে এবং তার দখলীকৃত সম্পত্তি ফিরে পায় তার জন্য বাংলাদেশ সরকার শীঘ্রই যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। যে সমস্ত দুস্কৃতকারী অন্যের বাড়ীঘর জবরদখর করেছে তাদের কঠোর শাস্তি পেতেই হবে। কেউই তাদের রক্ষা করতে পারবে না।

যুদ্ধের কারণে অনেক নাগরিককে তাদের অস্থাবর সম্পত্তি অরক্ষিত অবস্থায় রেখে পালিয়ে যেতে হয়েছে। এইসব সম্পত্তি যদি কেউ নিজের স্বার্থে বেদখল করতে চেষ্টা করে তবে তাকেও কঠোর শাস্তি ভোগ করতে হবে। যদি কেউ সরলভাবে বিশ্বাস করেন যে কোন সম্পত্তি লা-ওয়ারিশ অবস্থায় পড়ে আছে এবং নষ্ট হয়ে যাবার আশংকা রয়েছে তবে তিনি যেন নিকটবর্তী থানা সেক্টর বা সাবসেক্টর অথবা বাংলাদেশ সরকার কর্তৃক ক্ষমতা প্রদাত্ত ব্যক্তি বা কর্মচারীর কাছে তা জমা দেবার ব্যবস্থা করেন। প্রকৃত মালিককে এগুলো ফিরিয়ে দেবার ব্যবস্থা যথাসময়ে করা হবে।

স্বাধীন বাংলাদেশের অর্থনীতির কাঠামো হবে সমাজতান্ত্রিক। এ কাঠামোর ভিত্তিতে আমরা গড়ে তুলব এমন এক সুখী-সমৃদ্ধ দেশ যেখানে মানুষ মানুষকে শোষণ করবে না। যেখানে শ্রমিক পাবে তার শ্রমের ন্যায্য মূল্য, কৃষক পাবে তার ফসলের ন্যায্য অধিকার। অথ্যনৈতিক বৈষম্যের প্রাচীর রুদ্ধ করবে না মানুষের দক্ষতা এবং প্রতিভা বিকাশের পথ। বাংলাদেশের মুক্তিসংগ্রামে যেমন প্রতিটি পরিবারের দান রয়েছে, বাংলাদেশের অর্থনৈতিক পুনর্গঠনের কাজে যেমনিভাবে প্রত্যেকটি সক্ষম নাগরিককে অংশ নিতে হবে, তেমনি বাংলার অর্থনৈতিক উন্নতির ফসলেও থাকবে সমান অধিকার। এক শ্রেণীকে শোষণ করে আরেক শ্রেণী ফেঁপে উঠবে এমন অর্থনৈতিক অনাচার বাংলাদেশের মাটিতে বরদাস্ত করা হবে না।

বন্ধুগন, মনে রাখবেন জনসম্পদই একটি জাতির সবচাইতে বড় সম্পদ। বাংলাদেশের মত একটি দরিদ্র দস্যু-বিধ্বস্ত দেশের পক্ষে এ উক্তি আরো বেশী সত্য। পুনর্বাসন ও পুনর্গঠনের যে বিরাট কাজ শুরু হয়েছে তা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আমাদের প্রচুর ত্যাগ তিতিক্ষা সহ্য করতে হবে। পুনর্গঠনের এই পর্যায়ে সম্মিলিত শ্রমই বস্তুতঃ পুঁজি হিসেবে কাজ করবে। বিশেষ করে যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধনের মাধ্যমে জাতীয় অর্থনীতির ভিত্তিপ্রস্তর স্থাপনে সম্মিলিত শ্রম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারে। বাংলাদেশের প্রত্যকটি মানুষ যেমনিভাবে এতদিন মুক্তিযোদ্ধা হিসাবে কাজ করে আসছে ঠিক তেমনিভাবে আজ প্রত্যেকটি বাংগালীকে হতে হবে এক-একজন কর্মঠ পুনর্গঠক। দ্রুত এবং সুষ্ঠু পুনর্গঠনের পূর্বশর্ত পূর্ণ নিয়ম ও শৃঙ্খলা।

তাই মুক্তাঞ্চলে আইন-শৃঙ্খলা বজায় রেখে স্বাভাবিক অথ্যনৈতিক কর্মতৎপরতা চালিয়ে যান এবং অর্থনৈতিক পুনর্গঠনের কাজে নিয়োজিত কর্মচারীদের সর্বতোভাবে সাহায্য করুন। কর্মচারীদের কাছে আমার অনুরোধ, জাতি গঠনের এই গুরুত্বপূর্ণ মুহূর্তে যাবতীয় দুঃখ-কষ্ট সহ্য করে আপনাদের সমস্ত সময় ও শক্তি জনগণের সেবায় নিয়োজিত করুন। মনে রাখবেন, বাংলাদেশের মানুষ দীর্ঘ আটমাস ধরে হানাদর সৈন্যদের হাতে চরম অত্যাচার-নিপীড়ন সহ্য করে আসছে। লক্ষ লক্ষ ছিন্নমূল মানুষকে নিজের ঘরবাড়ী ছেড়ে গ্রামে-গ্রামান্তরে পালিয়ে বেড়াতে হয়েছেঃ বিনিদ্র রজনীর কষ্ট করতে হয়েছে। প্রায় এক কোটি মানুষকে পৈতৃক বাস্তুভিটা ত্যাগ করে বন্ধুরাষ্ট্র ভারতে আশ্রয় নিতে হয়েছে। এদের অভাব-দুঃখ-দুর্দশার অন্ত নেই। আপনাদেরকে পরম সহানুভূতি এবং সমবেদনা সহকারে এসব লোকদের পুনর্বাসনের দায়িত্ব পালন করতে হবে।

বাংলার কৃষক শ্রমিক সবার কাছেই আমার আবেদন তারা যেন যত তাড়াতাড়ি সম্ভব নিজ নিজ কাজে যোগ দিয়ে জাতীয় সম্পদ এবং উৎপাদন বাড়িয়ে তোলেন। মিল-মালিকদের কাছে আমর অনুরোধ, যত শিগগির সম্ভব কলকারখানা চালু করুন, যাতে শ্রমিকরা আপন কাজে যোগ দিতে পারে এবং জাতীয় সম্পদ বৃদ্ধি হতে পারে।

বন্ধুগণ, জাতির এই গুরুত্বপূর্ণ মুহূর্তে আমি মুক্তিসংগ্রামে শহীদ এবং আহত ভাইদের স্মরণ করছি। নিজের বুকের রক্তে যারা স্বাধীনতা রক্ষা করতে এগিয়ে গেলেন সেইসব হাজার হাজার তরুণ মুক্তিযোদ্ধাদের জন্যে জাতি গর্বিত। মহান ভারতের মহীয়সী দেশনেত্রী শ্রীমতী গান্ধীর নেতৃত্বে মানবাতবোধে উদ্বুদ্ধ যেসব বীর ভারতীয় সৈনিক বাংলাদেশের স্বাধীনতার জন্য প্রাণ দিয়েছেন তাঁদের আমি গভীর শ্রদ্ধার সংগে স্মরন করছি।

নানা অসুবিধার মধ্যেও ভারতের জনগণ ও সরকার আমাদের লক্ষ লক্ষ ছিন্নমূল মানুষকে তাদের মাটিতে আশ্রয় দিয়ে এবং সর্বোপরি বর্বর পাক সরকারের চরম সামরিক হুমকির মুখেও বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিয়ে সাড়ে সাত কোটি মানুষের বাঁচার অধিকারকে সার্থকভাবে প্রতিষ্ঠিত করেছেন। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষর কন্ঠে কন্ঠ মিলিয়ে আমিও ভারতকে আর একবার ধন্যবাদ জানাচ্ছি। এই স্বীকৃতির ফলে বাংলাদেশ ও ভারতের অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা হবে। হাতে হাত মিলিয়ে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করে দুটি দেশ এগিয়ে যাবে শান্তি এবং সমৃদ্ধির পথে।

২৮৩	বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে সমর্থন এবং 'বাংলাদেশ রিলিফ ফান্ডে' চাঁদা প্রদানের জন্য ছাত্রসমাজকে উদ্বুদ্ধ করার আবেদন জানিয়ে বৃটেনের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের উদ্দেশে লিখিত চিঠি	৬৪০
২৮৪	যুদ্ধকালে বৃটেনের বিভিন্ন শহরে মঞ্চায়িত নৃত্যনাট্য 'অস্ত্র হাতে তুলে নাও' এর পান্ডুলিপি	৬৪৪
২৮৫	১৬ অক্টোবর ম্যাঞ্চেস্টারে অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক অনুষ্ঠানের পোস্টার	৬৫০
২৮৬	প্রেরিত চাঁদার রসিদ চেয়ে লিবিয়া থেকে বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে লেখা চিঠি	৬৫১
২৮৭	দক্ষিণ ইংল্যান্ড আঞ্চলিক এ্যাকশন কমিটি সম্পর্কে মতানৈক্যের প্রশ্নে আয়োজিত সভায় উপস্থিতির জন্য কনভেনশন কমিটির আহবায়কের বিজ্ঞপ্তি	৬৫২
২৮৮	ওল্ডহ্যামে গঠিত বাংলাদেশ ইয়োথ লীগের সংগৃহীত অর্থের সদ্ব্যবহারের উপদেশ কামনা করে স্টিয়ারিং কমিটিকে লিখিত চিঠি	৬৫৩
২৮৯	প্রবাসে একটি সাংস্কৃতিক কেন্দ্র প্রতিষ্ঠার প্রস্তাব সম্বলিত বিচারপতি আবু সাঈদ চৌধুরীর কাছে গণ-সংস্কৃতি সংসদের পক্ষে পেশকৃত গোপন প্রতিবেদন	৬৫৪
২৯০	ঈদের ফেতরা সহ মুক্তিযোদ্ধাদের অন্যান্য সাহায্যের জন্য বাংলাদেশ মহিলা সমিতির আবেদন	৬৫৮
২৯১	বাংলাদেশের স্বাধীনতার আন্দোলনকে সমর্থন ও সহযোগিতার আহবান জানিয়ে বৃটেনের লিবারেল পার্টির ১৯৭১ সনের কনফারেন্সে আগত প্রতিনিধিদের উদ্দেশে প্রচারিত আবেদন	৬৬০
২৯২	বৃটেনে গঠিত বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদের সভাপতি ডঃ এনামুল হকের চিঠিপত্র ও যোগাযোগ	৬৬২
২৯৩	ইংল্যান্ডে গঠিত বাংলাদেশ ফান্ড ও এ্যাকশন কমিটিসমূহের স্টীয়ারিং কমিটির আয় ও ব্যয়ের হিসাব	৬৭৪
২৯৪	মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবাসী আবুল এইচ, সাদউদ্দিনের চিঠিপত্র	৬৯৪
২৯৫	মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবাসী বাঙালীদের প্রচারিত 'টু এ্যাপীলস'	৬৯৯
২৯৬	পাকিস্তানের ওয়াশিংটন দূতাবাসে বাঙালী কূটনীতিকের প্রতি অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদলিপি	৭০১
২৯৭	পাকিস্তানের প্রেসিডেন্টের উদ্দেশে বাঙালী কূটনীতিক এ, এম, এ, মুহিতের স্মারকলিপি	৭০২
২৯৮	পাকিস্তান সরকারের চাকুরী ত্যাগ করে বাংলাদেশের প্রতি আনুগত্য জ্ঞাপনের কারণ সংবলিত বাঙালী কূটনীতিক এ, এম, এ, মুহিতের বিবৃতি	৭০৬
২৯৯	পাক সামরিক জান্তার অধীন গভর্নর মালিকের নিকট জনাব মুহিতের চিঠি	৭০৮
৩০০	নির্ঘন্ট	৭১১

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র :চতুর্থ খন্ড

মুজিবনগর : প্রবাসী বাঙালীদের তৎপরতা

সম্পাদক : **হাসান হাফিজুর রহমান**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল : চতুর্থ খন্ড

প্রকাশক	:	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য মন্ত্রণায়ল-এর পক্ষে- গোলাম মোস্তফা হাক্কানী পাবলিশার্স বাড়ি # ৭, রোড # ৪ ধানমন্ডি, ঢাকা-১২০৫ ফোন : ৯৬৬১১৪১, ৯৬৬২২৮২ ফ্রাক্স : (৮৮০২)৯৬৬২৮৪৪ E-mail : info@paramabd.com
কপিরাইট	:	তথ্য মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রথম প্রকাশ	:	নভেম্বর, ১৯৮২ অগ্রহায়ণ, ১৩৮৯
পুনর্মুদ্রণ	:	ডিসেম্বর, ২০০৩ অগ্রহায়ণ, ১৪১০
পুনর্মুদ্রণ	:	জুন, ২০০৯ জ্যৈষ্ঠ, ১৪১৬
প্রচ্ছদ	:	বকুল হায়দার
মুদ্রাকর	:	মোঃ আবুল হাসান হাক্কানী প্রিন্টিং এন্ড প্যাকেজিং সড়ক # ৯, লেইন # ২, বাড়ি # ১ ব্লক # এ, সেকশন # ১১, মিরপুর, ঢাকা-১২১৬

HISTORY OF BANGLADESH WAR OF INDEPENDENCE
DOCUMENTS, VOL-4

Published by : Golam Mustafa
Hakkani Publishers
House # 7, Raod # 4, Dhanmondi, Dhaka-1205
Tel : 9661141, 9662282, Fax : (8802) 9662844
E-mail : info@paramabd.com

On behalf of Ministry of Information
Government of the People's Republic of Bangladesh

Copyright : Ministry of Information
Government of the People's Republic of Bangladesh

Printed by: Md. Abul Hasan
Hakkani Printing & Packaging
Raod # 9, Lane # 2, House # 1
Block # A, Sec # 11, Mirpur, Dhaka-1216

First Published: November, 1982
Reprint: December 2003
Reprint: June 2009

ISBN: 984-433-091-2 (set)

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র : চতুর্থ খন্ড

সচিব
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা, বাংলাদেশ

পুনর্মুদ্রণ প্রসঙ্গে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় ১৯৭৭ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্প গ্রহণ করে। পরবর্তীকালে এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা ও বিকৃতির আশংকা এড়িয়ে যাবার জন্যই ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিকতর গুরুত্বপূর্ণ মনে করা হয়েছে। আর সে প্রকল্পের ফসলই ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র''। প্রায় ১৫,০০০ পৃষ্ঠায় ১৫ খন্ডে এসব দলিলপত্র প্রণয়ন করে ১৯৮২ সালে তা প্রকাশ করা হয়। এই প্রকল্পের সঙ্গে জড়িত গবেষক ও সম্পাদকবৃন্দের আক্লান্ত পরিশ্রমের ফসল এই দলিলপত্র গ্রন্থমালা।

প্রথম প্রকাশের পরপরই বস্তুনিষ্ঠতা ও নিরপেক্ষতায় ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালা সর্ব মহলে ব্যাপকভাবে সমাদৃত হয়।

এই গ্রন্থমালা প্রকাশের অল্প সময়ের মধ্যেই এর সমুদয় কপি বিক্রি হয়ে যায়। পরবর্তীকালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত সকল গবেষণায় এই গ্রন্থমালা রেফারেন্স হিসেবে ব্যবহৃত হতে থাকে।

''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালার চাহিদা উত্তরোত্তর বাড়ছে। বিভিন্ন মহল থেকে তথ্য মন্ত্রণালযে গ্রন্থমালার চাহিদাপত্র আসতে থাকায় মন্ত্রণালয় ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালা সীমিত সংখ্যায় পুনর্মুদ্রণের সিদ্ধান্ত গ্রহণ করে। প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা শেষে পুনর্মুদ্রণের দায়িত্ব অর্পণ করা হয় দেশের প্রখ্যাত প্রকাশনা প্রতিষ্ঠান 'হাক্কানী পাবলিশার্স'কে। পুনর্মুদ্রণের ক্ষেত্রে তথ্যের কোন ব্যত্যয় বা ব্যতিক্রম যাতে না হয়, সে ব্যাপারে সর্বাত্মক সতর্কতা অবলম্বন করা হয়েছে। গত দুই দশকে প্রকাশনা প্রযুক্তিতে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়েছে। ফলে পুনর্মুদ্রিত দলিলপত্রের অঙ্গসৌষ্ঠব আরও সুন্দর ও দৃষ্টিনন্দন হয়েছে।

আমার দৃঢ় বিশ্বাস, ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালার সংস্করণটি বরাবরের মতই পাঠক ও গবেষকদের কাছে আদৃত হবে।

ঢাকা
ডিসেম্বর ২০০৩

(নাজমুল আলম সিদ্দিকী)
ভারপ্রাপ্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রেস-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-তম/প্রেস-১/২এফ-২/৯৭/বিবিধ-১/৯৬৯ তারিখঃ ৩০ অক্টোবর ২০০৩

প্রেরক : অঞ্জলী রানী চক্রবর্তী
সিনিয়র সহকারী সচিব (প্রেস-১)

প্রাপক : জনাব গোলাম মোস্তফা
স্বত্বাধিকারী
মেসার্স হাক্কানী পাবলিশার্স
মমতাজ প্লাজা (৪র্থ তলা)
ধানমন্ডি, ঢাকা।

বিষয় : ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র (১৫ খন্ড)'' পুনর্মুদ্রণের নিমিত্তে প্রচ্ছদ ও অঙ্গসজ্জার নমুনা অনুমোদন।

সূত্র : তাঁর ০৮ অক্টোবর ২০০৩ তারিখের আবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের সাথে প্রাপ্ত নমুনা অনুযায়ী প্রচ্ছদ, প্রিন্টার্স লাইন ও অঙ্গসজ্জা মোতাবেক বিষয়োক্ত গ্রন্থাবলী চূড়ান্ত মুদ্রণের অনুমোদন প্রদান করা হলো। মন্ত্রণালয় কর্তৃক নিবার্চিত অনুমোদিত প্রচ্ছদ নির্দেশক্রমে এতস্নাথ ফেরত প্রদান করা হলো।

সংযুক্তি : বর্ণনা মতোবেক।

আপনার বিশ্বস্ত,

(অঞ্জলী রানী চক্রবর্তী)
সিনিয়র সহকারী সচিব (প্রেস-১)

প্রকাশকের কথা

প্রতিটি দেশ বা জাতির জন্য তার স্বাধীনতা সংগ্রামের ইতিহাস একটি অমূল্য সম্পদ। সে আলোকে বাংলাদেশের ১৯৭১ সনের স্বাধীনতা যুদ্ধ এবং তৎপূর্বের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস আমাদের কাছে এক গৌরবময় সম্পদ। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস প্রণয়নের জন্য ১৯৭৭ সনে তৎকালীন সরকার বাংলাদেশের স্বাধীতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্প গ্রহণ করে। নিরপেক্ষতা ও যথার্থতা বজায় রাখার জন্য স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের দলিলাদি সংগ্রহ ও যাচাইপূর্বক তা সংকলন করা হয়। তারই ফলশ্রুতি 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র' গ্রন্থাবলী। বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় ১৯৮২ সনে ১৫ খন্ডে এই গ্রন্থাবলী প্রকাশ করে। এ উদ্দেশ্যে গঠিত কমিটির সম্মানিত সদস্যগণের অক্লান্ত পরিশ্রমের ফসল এই গ্রন্থাবলী।

এই গ্রন্থাবলী প্রকাশ হওয়ার অল্প দিনের মধ্যে তার পুরো স্টক ফুরিয়ে যায়। এই গ্রন্থাবলী স্বাধীনতা যুদ্ধ-বিষয়ক সকল গবেষণা কর্মের গুরুত্বপূর্ণ রেফারেন্স হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং হবে। কিন্তু স্টক না থাকায় বাংলাদেশের বর্তমান জনগোষ্ঠীর একটি বৃহৎ অংশ আমাদের স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের প্রকৃত ইতিহাস জানা থেকে দীর্ঘদিন যাবৎ বঞ্চিত রয়েছে এবং এর দুষ্প্রাপ্যতা অনেক গবেষণা কর্মে ব্যাঘাত ঘটাচ্ছে।

এমতাবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক **বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র** গ্রন্থাবলী পুনর্মুদ্রণের সিদ্ধান্তটি অত্যন্ত সময়োপযোগী বলে আমরা মনে করি।

বাংলাদেশ সরকার কর্তৃক এ রকম একটি জাতীয় গুরুত্বপূর্ণ কর্মকান্ডের দায়িত্ব আমাদেরকে অর্পণ করায় আমরা গৌরবান্বিত। এরই ভিত্তিতে গ্রন্থাবলীর বিষয়সূচি সম্পূর্ণ অপরিবর্তিত রেখে নতুন আঙ্গিকে নির্ভুলভাবে পুনর্মুদ্রণের আপ্রাণ চেষ্টা করেছি। আশা করি, পুনর্মুদ্রিত গ্রন্থাবলী পাঠক-গবেষকদের চাহিদা মেটাতে সক্ষম হবে।

বিশাল এই কর্মকান্ডে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন, আমরা তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

(গোলাম মোস্তফা)
স্বত্বাধিকারী
হাক্কানী পাবলিশার্স

০৭ ডিসেম্বর ২০০৩

মুখবন্ধ

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের নয় সদস্যবিশিষ্ট প্রামাণ্যকরণ কমিটির তরফ থেকে এই দলিল সংগ্রহের প্রকাশনা সম্পর্কে দুটি কথা নিবেদন করছি। এ প্রকল্পের উৎপত্তি ও গঠন, এর মূল উদ্দেশ্য ও কার্যপদ্ধতি সম্পর্কে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব হাসান হাফিজুল রহমান বিস্তারিত বলবেন।

বিপুলায়তন ও সংগৃহীত উপাত্ত থেকে প্রকাশিতব্য দলিলসমূহ নির্বাচন কমিটির সদস্যবৃন্দ নিরপেক্ষ ভূমিকা পালনে যথাসাধ্য চেষ্টা করছেন। তাঁরা ঘন্টার পর ঘন্টা ধরে দলিলাদির পান্ডুলিপি ধৈর্য ধরে পরীক্ষা করেছেন, বিস্তারিত আলোচনা-সমালোচনার মাধ্যমে সংযোজন ও সংশোধনের জন্য মূল্যবান উপদেশ দিয়ে প্রকল্প বাস্তবায়নে সহায়তা করেছেন। আমাদের কোন মন্তব্য ছাড়াই দলিলগুলো সরাসরি পাঠক ও গবেষকদের কাছে উপস্থিত হচ্ছে। দলিলপত্র যথাসম্ভব মূলসূত্র থেকে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। প্রকাশিত দলিলগুলো প্রামার্ণকরণ কমিটি অনুমোদন করে দিয়েছেন।

প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠাব্যাপী দলিল থেকে প্রাথমিক নির্বাচনের পর গুরুদায়িত্ব পালন করেছেন প্রকল্পে নিয়োজিত বিভিন্ন গবেষকবৃন্দ। তাঁরা জনাব হাসান হাফিজুর রহমানের নেতৃত্বে এ দায়িত্ব যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সংগে পালন করেছেন।

প্রামাণ্যকরণ কমিটির সকল সদস্যকে এবং প্রকল্পের গবেষকবৃন্ধকে তাঁদের প্রশংসনীয় ভূমিকার জন্য আমি অশেষ ধন্যবাদ জানাই। সেই সঙ্গে প্রকল্পের প্রধান বাংলাদেশের বিশিষ্ট কবি ও সাংবাদিক জনাব হাসান হাফিজুর রহমানকে নিরলস ও অকাতর কর্মপ্রচেষ্টার জন্য জানাই প্রাণঢালা অভিনন্দন।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলো থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমূদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদঘাটিত ও অনাবিস্কৃত দলিলগুলো ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলো মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলো পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক বলে মনে করব।

১৪ সেপ্টেম্বর,
১৯৮২।

মফিজুল্লাহ কবীর
চেয়ারম্যান,
প্রামাণ্যকরণ কমিটি,
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প।

ভূমিকা

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়সীমা ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই সময়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংগে সম্পর্কিত সারা বিশ্বে যা কিছু ঘটেছে তার তথ্য ও দলিলপত্র সংগ্রহ এবং সেসবের ওপর ভিত্তি করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা ও মুদ্রণের দায়িত্ব অর্পিত হয় মুক্তিযুদ্ধ ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পের ওপর। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনে এই প্রকল্পটি প্রতিষ্ঠিত হয় এবং এর কাজ শুরু হয় ১৯৭৮ সালের জানুয়ারী থেকে (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ইতিহাস রচনার দায়িত্বপ্রাপ্ত হলেও এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। এর কারণ, সমকালীন কোন ঘটনার বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মতো একটি যুগান্তকারী ঘটনার ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা এবং বিকৃতির সম্ভাবনা এড়িয়ে যাওয়া বস্তুত অত্যন্ত দুরূহ। এ জন্যই আমরা ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিক গুরুত্বপূর্ণ মনে করেছি। এর ফলে দলিল ও তথ্যাদিই কথা বলবে, ঘটনার বিকাশ ও ধারাবাহিকতা রক্ষা করবে, ঘটনা পরম্পরার সংগতি রক্ষা করবে।

এই লক্ষ্য সামনে রেখেই কয়েকটি খন্ডে সংগৃহীত দলিলসমূহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে প্রকল্পের সামনে একটি বিশেষ বিবেচ্য বিষয় দেখা দেয় এই যে, দলিলপত্র সংগ্রহের সময়সীমা স্বাধীনতা যুদ্ধকেন্দ্রিক হওয়া সত্ত্বেও এ সত্যও সমান গুরুত্বপূর্ণ যে, স্বাধীনতা যুদ্ধের পশ্চাতে বিরাট পটভূমি রয়েছে। স্বাধীনতা যুদ্ধকে এই পটভূমি থেকে বিচ্ছন্ন করে দেখা যায় না। এই পটভূমির ঘটনাবলী- যাকে মুক্তিসংগ্রাম বলে অভিহিত করা যায়- তার অনিবার্য পরিণতিই স্বাধীনতা যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তোলে। তাই মুক্তিসংগ্রামের স্বরূপ জানা ছাড়া স্বাধীনতা যুদ্ধকে তুলে ধরা সম্ভবই নয়। এই পরিস্থিতিতে স্বাধীনতা যুদ্ধের দলিল প্রকাশের সংগে এর পটভূমি সংক্রান্ত দু'খন্ড দলিলসংগ্রহ প্রকাশের সিদ্ধান্তও প্রকল্প গ্রহণ করে। এর ফলে প্রকল্পের দলিল প্রকাশের পরিকল্পনা নিম্নরূপে দাঁড়ায় :

প্রথাম খন্ড	ঃ	পটভূমি (১৯০৫-১৯৫৮)
দ্বিতীয় খন্ড	ঃ	পটভূমি (১৯৫৮-১৯৭১)
তৃতীয় খন্ড	ঃ	মুজিবনগর : প্রশাসন
চতুর্থ খন্ড	ঃ	মুজিবনগর : প্রবাসী বাঙালীদের তৎপরতা
পঞ্চম খন্ড	ঃ	মুজিবনগর : বেতারমাধ্যম
ষষ্ঠ খন্ড	ঃ	মুজিবনগর : গণমাধ্যম
সপ্তম খন্ড	ঃ	পাকিস্তানী দলিলপত্র : সরকারী ও বেসরকারী
অষ্টম খন্ড	ঃ	গণহত্যা, শরণার্থী শিবির ও প্রাসংগিক ঘটনা
নবম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (১)
দশম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (২)
একাদশ খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (৩)
দ্বাদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া : ভারত
ক্রয়োদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া : জাতিসংঘ ও বিভিন্ন রাষ্ট্র
চর্তুদশ খন্ড	ঃ	বিশ্বজনমত
পঞ্চদশ খন্ড	ঃ	সাক্ষাৎকার
ষোড়শ খন্ড	ঃ	কালপঞ্জী, গ্রন্থপঞ্জী ও নির্ঘণ্ট

চার

মূল পরিকল্পনায় ৭২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খণ্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভঙ্গী অবলম্বন করি। আমরা শুধু সেইসব তথ্য ও দলিলই পটভূমি খণ্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই, যা বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা আকাঙ্খার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকারণ, এই ভূখণ্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত করেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খণ্ডে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটতে বহু দূর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রান্ত দলিল-তথ্যাদি সন্নিবেশন শুরু করি। আমরা মনে করি, বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরুর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ ও যুক্তিগ্রাহ্য।

১৯০৫-এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খণ্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভূখণ্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অন্তর্ভূক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্তারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরু জনগোষ্ঠীর অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিল্লী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্রীয়রূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়। এরই পরিণতিতে পরবর্তীকালে বাংলাদেশের জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ুব খানের ক্ষমতা দখলের সময়সীমায়। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খণ্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে- কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলি হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধসংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভূক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্বসাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণসহযোগিতার প্রতিস্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খণ্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা রক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অঙ্গুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ণ না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ হয়ে ওঠে, কেবল তখনই জনগনের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তবু একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতা চিন্তা একটা দেশের একটা জাতির নিদিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহুক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি- এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খণ্ডেএকইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যার দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে, শেষ সীমায় পৌঁছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাববার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি তাতে স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে এ কথা বলা য়ায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসেবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ার আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা

ছয়

যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশাঙ্কা, তা আমাদের দলিল খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি- অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতাসংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্রে প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পার। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়।

ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।

ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।

ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।

ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

জনাব হাসান হাফিজুল রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তূপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খণ্ডে গ্রথিত হচ্ছে সকল খণ্ডের নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খণ্ডে কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহির উদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকাণ্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খণ্ডগুলির পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

দলিল প্রসঙ্গঃ মুজিবনগর-প্রবাসী বাঙালীদের তৎপরতা

পৃথিবীর বিভিন্ন দেশে বসবাসকারী বাঙালীরা বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে সফল করার উদ্দেশ্যে মুজিবনগরে গঠিত বাংলাদেশ সরকারের অধীনে যে আন্দোলন গড়ে তুলেছিলেন, সে-সম্পর্কিত দলিলপত্র এই খন্ডে সন্নিবেশিত হয়েছে। ইস্ট পাকিস্তান লিবারেশন ফ্রন্ট (পৃষ্ঠা ২-৩) এবং ইস্ট পাকিস্তান লীগ অফ আমেরিকা (পৃঃ ২৩০-২৩২) সহ বিভিন্ন সংগঠনের মাধ্যমে প্রবাসী বাঙালীরা বিশেষ করে বৃটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রে স্বাধীনতার লক্ষ্যে আগে থেকেই তৎপরতা চালাচ্ছিলেন; ১৯৭১ সনের ১৭ এপ্রিল আনুষ্ঠানিকভাবে মুজিবনগরে বাংলাদেশ সরকার প্রতিষ্ঠিত হলে তারা সরকারের নেতৃত্বে এই আন্দোলনকে পরিচালিত করেন।

বৃটেনে প্রবাসী বাঙালীদের দ্বারা গঠিত 'এ্যাকশন কমিটি ফর দ্য পিপলস্ রিপাবলিক অব বাংলাদেশ' স্বাধীনতা সংগ্রামকে সহায়তার উদ্দেশ্যে বিভিন্নমুখী তৎপরতা চালিয়েছিল। বৃটেনের বিভিন্ন শহরে মিছিল ও গণসমাবেশ অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের সপক্ষে জনমত গঠনের পদক্ষেপ নেয়া হয়। লন্ডনের এমনই একটি সমাবেশে বাংলাদেশ সরকারের বিশেষ প্রতিনিধি বিচারপতি আবু সাঈদ চৌধুরীর ভাষণ এখানে সন্নিবেশ করা হয়েছে (পৃঃ ৬১৩-৬১৭)। বিভিন্ন রাষ্ট্রের প্রধানদের প্রতি (পৃঃ ৪৩-৪৫, ১৭৩-১৭৪), বৃটেনের পার্লামেন্ট সদস্যদের প্রতি (পৃঃ ১৮-২২), বৃটিশ কনজার্ভেটিভ (পৃঃ ৩৫-৩৯) ও লিবারেল (পৃঃ ৬৬০-৬৬১) দলসমূহের প্রতি এবং মার্কিন সিনেটর (পৃঃ ১৬-১৭) ও কংগ্রেস সদস্যদের প্রতি (পৃঃ ২৪৭-২৪৮) চিঠি ও আবেদন প্রেরণের মাধ্যমে এ্যাকশন কমিটি বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রতি পাশ্চাত্য-নেতৃবৃন্দের সমর্থন লাভের পদক্ষেপ নিয়েছিলো। পাকিস্তানে বন্দী বাংলাদেশের রাষ্ট্রপতি শেখ মুজিবর রহমানের বিচারের বিরুদ্ধেও তারা আন্দোলন করেছিলেন (পৃঃ ১০-১২, ৯০, ৯৬)। বৃটিশ এবং ওলন্দাজ পার্লামেন্ট সদস্য ও মার্কিন সিনেটরদের ভারত সফরের ব্যবস্থা করে এ্যাকশন কমিটি স্বাধীনতা আন্দোলনকে পৃথিবীর কাছে পরিচিত করানোর প্রচেষ্টা নিয়েছিলো।

মাঝে মাঝে বুলেটিন, পত্রিকা ও পুস্তিকা প্রকাশের মাধ্যমেও এ্যাকশন কমিটি বৃটেনসহ পাশ্চাত্যের বিভিন্ন দেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের সপক্ষে জনমত গঠনের প্রচেষ্টা নিয়েছে (পৃঃ ৬১-৬৪, ৮২-৮৫, ২০০-২০৪, ২১৩-২২০)। পাশাপাশি বিভিন্ন সময়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমেও আন্দোলনকে জোরদার করা হয়(পৃঃ ৬৪৪-৬৪৯)। এছাড়া প্রবাসী বাঙালীদের নিয়ে একটি কেন্দ্রীয় সাংস্কৃতিক কেন্দ্র গঠনেরও উদ্যোগ নেয়া হয়। এই লক্ষ্যে বৃটেনে গঠিত 'বাংলাদেশ গণসংস্কৃতি সংসদের' পক্ষে ডঃ এনামুল হক কর্তৃক বিচারপতি আবু সাঈদ চৌধুরীর কাছে পেশকৃত স্মারকলিপিটি এ খন্ডে মুদ্রিত হয়েছে (পৃঃ ৬৫৪-৬৫৭)।

বৃটেনে বাঙালী ছাত্র সমাজের তৎপরতা ছিলো উল্লেখযাগ্য। এ্যাকশন কমিটির সঙ্গে একযোগে বাংলাদেশ ছাত্র সংগ্রাম পরিষদও পত্রিকা প্রকাশ, সমাবেশ ও সম্মেলনের মধ্য দিয়ে আন্দোলনকে এগিয়ে নিয়ে গেছে (পৃঃ ১৭৬-১৮৪)। বাংলাদেশ এসোসিয়েশন স্কটল্যান্ড ও বৃটেনের জনগণ, বিশ্ববিদ্যালয়সমূহ ও সেগুলির উপাচার্যগণের প্রতি প্রচারপত্র ও আবেদন প্রেরণের মাধ্যমে স্বাধীনতা সংগ্রামকে জোরদার করেছিলো (পৃঃ ১৩-১৫, ২৩-২৪)।

এ্যাকশন কমিটির তৎপরতার অপর একটি দিক ছিলো চাঁদা সংগ্রহ। 'বাংলাদেশ ফান্ড'-এর মাধ্যমে সংগৃহীত অর্থ মুক্তিযোদ্ধা ও সরকারের বিভিন্ন কাজে ব্যয়িত হয়েছিলো। এর আয় ও ব্যয়ের হিসাব সংবলিত রিপোর্টটি মুদ্রিত হয়েছে এই খন্ডের শেষাংশে। এ ছাড়া সন্নিবেশিত বিভিন্ন দলিলপত্রের মধ্য দিয়ে এ্যাকশন কমিটি ও পরবর্তীকালে গঠিত এ্যাকশন কমিটিসমূহের স্টীয়ারিং কমিটি এবং অন্যান্য সংগঠনের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যাবে।

মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবাসী বাঙালীরা বাংলাদেশ লীগ অফ আমেরিকা ও বাংলাদেশ ডিফেন্স লীগসহ বিভিন্ন সংগঠনের মাধ্যমে চিঠি, প্রচারপত্র ও পুস্তিকা প্রকাশ করে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে জোরদার করেছেন (পৃঃ ২২৩-২২৬, ৩০৯-৩১৯)। 'শিখা', 'বাংলাদেশ' ও 'বাংলাদেশ পত্র'সহ বিভিন্ন পত্রিকা ও বুলেটিন বাংলাদেশ আন্দোলনের সপক্ষে জনমত সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলো (পৃঃ ২৪১-২৪২, ২৬০-২৬৩, ২৭৩-২৭৮, ২৮৩-২৮৯, ২৯৮-৩০১)। বাংলাদেশের পক্ষে যোগদানকারী পাকিস্তানের সাবেক কূটনীতিকদের ভূমিকা সম্পর্কিত দলিলও এই খন্ডে সন্নিবেশিত হয়েছে।

বাংলাদেশ এসোসিয়েশন অফ কানাডা ছিলো কানাডার প্রবাসী বাঙালীদের সংগঠন। 'স্ফুলিঙ্গ' ও 'বাংলাদেশ'সহ পত্র-পত্রিকা প্রকাশনার মাধ্যমে তারাও অত্যন্ত কার্যকর অবদান রেখেছিলেন (পৃঃ ৩২৫, ৩৩৪-৩৩৭)।

ইন্দোনেশিয়ায় প্রবাসী বাঙালীদের আন্দোলন পরিচালিত হয়েছিলো গোপনে। প্রধানত পাকিস্তানী দূতাবাসে কর্মরত বাঙালীরা 'আমরা' নামক একটি গোপন সংগঠনের মাধ্যমে এই আন্দোলন পরিচালনা করেছিলেন। নিরাপত্তার প্রয়োজনে সংগঠনের কর্মকর্তারা ছদ্মনাম ব্যবহার করতেন (পৃঃ ৩৭৩-৩৭৪)। 'আমরা'-এর তৎপরতা সম্পর্কে জানা যাবে এই গ্রন্থে মুদ্রিত বিভিন্ন দলিলপত্রের মধ্য দিয়ে (পৃঃ ৩৫৪-৩৫৫)। বাংলাদেশের যৌক্তিকতা ব্যাখা করে 'আমরা' প্রচারিত প্রতিবেদনও এই খন্ডে সন্নিবেশিত হয়েছে (পৃঃ ৩৮৯-৪০৩)।

প্রবাসী বাঙালীদের তৎপরতা ছাড়াও বাংলাদেশের নেতৃবৃন্দ ও সংগঠনসমূহের স্বাধীনতা যুদ্ধকালীন বিভিন্ন দলিলপত্রও এই খন্ডে সন্নিবেশিত হয়েছে। এগুলির মধ্যে আছে রাষ্ট্রপ্রধানদের প্রতি মওলানা ভাসানীর আবেদন (পৃঃ ৪২৩-৪২৮), সংসদ সদস্যদের সমাবেশে অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলামের ভাষণ (পৃঃ ৪৭৬-৪৮৩), মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদ সংক্রান্ত তথ্য (পৃঃ ৫১৩-৫১৫), জাতীয় মুক্তিসংগ্রাম সমন্বয় কমিটির ঘোষণা (পৃঃ ৪৫৬-৪৬০), মওলানা ভাসানীর বিবৃতি (পৃঃ ৪৪২-৪৪৫, ৪৫২-৪৫৫, ৪৫৭-৪৬২) এবং বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (পৃঃ ৫০৫-৫০৭), বাংলার কমিউনিস্ট পার্টি (পৃঃ ৫২৯-৫৩৬), পূর্ব বাংলার সর্বহারা পার্টি (পৃঃ ৪৬৪-৪৬৬), ন্যাশনাল আওয়ামী পার্টি (মোজাফফর পৃঃ ৪০৫), কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ (পৃঃ ৪৬৭-৪৬৯, ৪৭০-৪৭২), ট্রেড ইউনিয়ন সেন্টার (পৃঃ ৫৫৯-৫৬৩) সহ বিভিন্ন সংগঠনের ঘোষণা, বিবৃতি ও কর্মসূচী। স্বাধীনতা যুদ্ধ চলাকালে বাংলাদেশে বৌদ্ধ ধর্মাবলম্বীদের অবস্থা সম্পর্কে মুদ্রিত হয়েছে একটি বিশেষ প্রতিবেদন (পৃঃ ৫৭৫-৫৮৮)।

ভারতে প্রবাসী বাংলাদেশ বুদ্ধিজীবি সংস্থা (পৃঃ ৪৭০-৪৭২, ৪৮৪-৪৮৫, ৫০৩-৫০৪, ৫৫২-৫৫৪) এবং বাংলাদেশ শিক্ষক সমিতির (পৃঃ ৪৭৪, ৫১০, ৫৬৭-৫৭৩) স্মারকলিপি ও বিবৃতি তাদের ভূমিকাকে তুলে ধরেছে।

পরিশেষে উল্লেখ্য যে অনেক দেশে বাঙালীদের আন্দোলন সম্পর্কিত তথ্য সংগ্রহের বাইরে রয়ে গেছে। ভাষা সমস্যার কারণেও কিছু দলিল প্রকাশ করা সম্ভব হয়নি। যে ক'টি দেশে প্রবাসী বাঙালীদের আন্দোলন সংক্রান্ত দলিলপত্র প্রকাশিত হয়েছে, সেসব দেশেরও সমুদয় দলিল সংগ্রহ করা সম্ভব হয়নি। বিলম্বে সংগৃহীত হবার ফলে গ্রন্থের শেষে একটি সংযোজন অধ্যায় সন্নিবেশ করতে হয়েছে।

হাসান হাফিজুর রহমান
সম্পাদক

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/231 Dated : 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:\

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of document are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated : 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh are of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4.	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies, Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K. M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D., History of Bangladesh War of Liberation Project	Member-Secretary

2. The following shall be the terms of reference of the Committee:

To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

To determine validity and price of document are required for the committee.

M.A. Salam Khan
Section Officer

॥ বৃটেনে প্রবাসী বাঙালীদের তৎপরতা ॥

[বাংলাদেশের অভ্যন্তরে ১৯৭১ সনের আগে থেকেই স্বাধীনতার চিন্তাভাবনা এবং আন্দোলনের ধারা চলে আসছিলো। বিদেশে অবস্থানরত বাঙালীদের মধ্যেও আন্দোলনের অনুরূপ ধারা লক্ষ্য করা যায়। ব্যক্তিগত এবং সাংগঠনিক পর্যায়ে প্রবাসী বাঙালীদের এই তৎপরতার প্রমাণ মেলে বিভিন্ন প্রচারপত্র এবং পুস্তিকার মধ্যে। বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধ শুরু হওয়ার পর প্রবাসী বাঙালীদের আন্দোলন মুজিবনগর সরকারের নেতৃত্বে একযোগে চলতে থাকে। ১৯৭১, ২৫শে মার্চের আগে তাদের এই আন্দোলনের ধারা প্রতিফলিত হয় এরূপ কয়েকটি উল্লেখযোগ্য তথ্য এই খন্ডে সন্নিবেশিত করা হয়েছে।]

শিরোনাম	সূত্র	তারিখ
বৃটেনে গঠিত 'ইস্ট পাকিস্তান লিবারেশন ফ্রন্ট' কর্তৃক স্বাধীনতা সংগ্রামের আহবান।	'ইস্ট পাকিস্তান লিবারেশন ফ্রন্ট নিউজ'	নভেম্বর ১৯৭০

EAST PAKISTAN LIBERATION FRONT NEWS

A meeting of the East Pakistan Liberation Front was held at Digbeth Civic Hall on Sunday 29th November 1970, at 2.00 p.m. with about two thousand Bengalis from the Midlands attending the meeting.

The former student leader Mr. Tariq Ali addressed the meeting and said that "the steps taken by the East Pakistan Liberation Front will be an example to the whole of Asia". He also said that during British rule in India, it was commonly said that" What Bengal thinks today, India thinks tomorrow".

The convener of the meeting, Mr. Azizul Hoque Bhuia, called for the immediate and complete independence of East Pakistan; and the following resolutions were put to the meeting and carried without dissent.

This meeting of the East Pakistan Liberation Front:

1. Condemns strongly the indifference and deliberate ineffectiveness shown by President Yahya and his military Government in handling the relief work and also for trying to play down the death toll. In view of this, we hold President Yahya directly responsible for the death of 100,000 people after the disaster. These people could have been saved if prompt action had been taken by the Pakistan Government. We demand Yahya's immediate resignation.

2. Demands that in view of the recent disastrous cyclone, and International committee be set up which includes the International Red Cross, the Red Crescent and similar agencies from China and the Soviet Union, to actively supervise the relief and rehabilitation work and also to make sure that the responsibility of the relief work is not left alone to the Pakistan Army which cannot be trusted and does not enjoy the confidence of the Bengali nation.

3. Immediate steps be taken to negotiate with friendly Governments to execute a Flood Control Programme and permanent measures (like Evacuation and early warning system shelters) against cyclone and Tidal waves. Such a programme was offered, without strings by the Chinese Government several years ago, but was rejected.

4. That. Dacca Airport be declared an International Airport so that in times of emergency it can be used more efficiently.

5. Recognized that East Pakistan is being exploited by the Capitalist Government from West Pakistan. The 75 million Bengalis betrayed for the last 23 years are-no longer willing to rely on a 1100 mile away Government for their protection. This Government

which cannot protect the Bengalis and does not even want to do so, has been exposed clearly in this disaster and therefore the Bengalis declare their ULTIMATE DEMAND FOR INDEPENDENCE.

"LONG LIVE PEOPLES EAST PAKISTAN"

EAST PAKISTAN LIBERATION FRONT

East Pakistan Liberation Front is a revolutionary organization formed by a group of students and workers from East Pakistan with a motto of liberating people of East Pakistan from ruthless exploitation and domination by the Capitalist dominated Government which happens to be from West Pakistan. They also feel in the same way for the ordinary people of West Pakistan being exploited by the same Capitalist class and that liberation for them should come from themselves.

They firmly believe that East Pakistan should be an entirely independent *country with a people's government* and *the* economic system should be adopted to suit the needs of people in East Pakistan and develop the country's agriculture and industry in such a way that the resources of the country can best be used for the welfare of the country in all aspects of life. Working class and the peasants should enjoy the freedom to the full extent. The front will fight with all its strength against any sort of discrimination by the ruling class.

The front believes that East Pakistan has long been betrayed in the name of religion. 75 million Bengalis are quite capable of looking after their own interests and are united in their voice to have their country free from the domination by the colonialist government in West Pakistan.

The front has with them the blessings and support in carrying the wishes of all the' 75 million Bengalis for an Independent East Bengal. Each and every Bengali has, in his or her heart, the wish for an Independent East Bengali.

The front will keep its struggle for Independence to liberate the people of East Pakistan from the Capitalist exploitation and colonial domination. LONG LIVE FREE EAST PAKISTAN.

"LONG LIVE PEOPLE'S EAST PAKISTAN"

Published by M. A. H BHUIA. Convener & M AHMAD. Deputy Convener.
Primed by The Reprographic Centre, 129 Soho Hill, Birmingham 19.

শিরোনাম	সূত্র	তারিখ
ইস্ট পাকিস্তান লিবারেশন ফ্রন্টের মুখপাত্র 'বিদ্রোহী বাংলা'র প্রকাশিত তথ্যাবলী।	ইস্ট পাকিস্তান লিবারেশন ফ্রন্ট	২১ মার্চ, ১৯৭১

বিদ্রোহী বাংলা

BIDROHI HANGLA: FORTNIGHTLY NEWS PAPER: 3RD ISSSUE: BIRMINGHAM- SUNDAY, 21ST MARCH, 1971

আটজন বাঙ্গালী সৈন্যর নির্মম মৃত্যু

চট্টগ্রাম ৮ই মার্চ ডেইলি টেলিগ্রাফে প্রচারিত আটজন বাঙ্গালী সৈন্যকে FIRING SQUAD কর্তৃক গুলি করিয়া হত্যা করা হয়। ঘটনার বিবরণে প্রকাশ, চট্টগ্রামে বিক্ষোভ মিছিলের উপর গুলি চালাইতে বলা হইলে ৮জন অল্পবয়স্ক অফিসার গুলি চালাইতে অস্বীকার করে। তাহারা বলে যে নিরস্ত্র জনসাধারণের উপর গুলি চালান সৈনিকের কাজ নয়। তোদের কাজ বৈদেশিক আক্রমণ থেকে দেশকে রক্ষা করা। উক্ত প্রতিবাদের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম অঞ্চলের বিশেষ সামরিক কর্মকর্তা তাদেরকে প্রকাশ্যে ময়দানে গুলি করিয়া মারার হুমকি দেয় এবং অনতিবিলম্বে পাঞ্জাবী ফায়ারিং স্কোয়াডের সৈন্যগণ তাদের গুলি করে হত্যা করে। পৃথিবীর ইতিহাসে এ ধরনের নজির আর কোথাও দেখা যায় না। এই শহীদ সেনানীদের রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা ছাড়া বাঙ্গালীদের আর কিছুই গ্রহণযোগ্য নয়।

পাকিস্তানী ব্যাঙ্কগুলির দুষ্কৃতি

পুঁজিপতি শোষকদের সবচেয়ে মারাত্মক শোষণযন্ত্র হিসাবে কাজ করে যাচ্ছে পশ্চিম পাকিস্তানী ব্যাঙ্কগুলি। ইদানীং পূর্ব পাকিস্তানের উপর অত্যাচার, হয়রানী ও হত্যার প্রতিবাদে ও আমানত খেয়ানতের ভয়ে বাঙ্গালীগণ তাদের নিজের জমা ব্যাঙ্ক থেকে তুলতে গেলে পশ্চিম পাকিস্তানী তথা পাঞ্জাবী কর্মচারীগণ (উচ্চ এবং নিম্নপদস্থ সমবায়ে) তাদের সঙ্গে তুচ্ছ-তাচ্ছিল্যভাবে ব্যবহার করে এবং রীতিমত বিদ্বেষভাব প্রদর্শন করে। শুধু তাই নয়, যাও অল্পসংখ্যক (নিম্নপদস্থ) বাঙ্গালী কর্মচারী সে সমস্ত প্রতিষ্ঠানে কাজ করে তাদেরকে পরোক্ষভাবে নাজেহাল করে তাদের জীবন দুর্বিষহ করে তোলে।

এক্ষেত্রে সকল বাঙ্গালীরই উচিত এই সমস্ত কুখ্যাত প্রতিষ্ঠানগুলোকে যতটা সম্ভব এড়িয়ে চলা এবং তাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্যে অসহযোগ করা। সবচেয়ে মজার বিষয় এই যে এর মধ্যে দু-একজন বাঙ্গালী তাঁবেদার এখনও সেই সমস্ত প্রতিষ্ঠানের প্রশংসায় পঞ্চমুখ। মীরজাফর এখনও জন্ম নিচ্ছে। সাবধান, এদের কথায় যেন ভুল করবেন না।

আর কত দিন?

গত ১৬ই মার্চ ঢাকা থেকে প্রাপ্ত খবরে প্রকাশ, ''ইয়াহিয়া-মুজিব'' আলোচনার প্রাথমিক পর্যায়ে কোন প্রকার সমঝোতায় এখনও পৌঁছাতে পারেননি। ইয়াহিয়ার সঙ্গে আলোচনার পর প্রেসিডেন্ট ভবন থেকে আসার পথে সাংবাদিকগণ ''জয় বাংলা'' ধ্বনি করিয়া শেখ মুজিবকে সর্ম্বধনা জানায়। কিন্তুশেখ মুজিবকে তাতে খুব প্রফুল্ল দেখায়নি। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি শুধু ''আমাকে এখন কিছু জিজ্ঞেস করবেন না'' বলে গাড়ীতে উঠে পড়েন। গাড়ী চলতে শুরু করলে বাঙ্গালী সাংবাদিকগণ ঘন ঘন ''জয় বাংলা'' ধ্বনি করিয়া শেখ মুজিবকে বিদায় সর্ম্বধনা জ্ঞাপন করেন। সেনাবাহিনীর জনৈক উচ্চপদস্থ কর্মচারী জয় বাংলা ধ্বনি করিয়া ১০ বৎসরের সশ্রম

কারাদন্ডের ভয় দেখান। কিন্তু সাংবাদিকগণ তাতে মোটেই কর্ণপাত করেননি। দু'দিন আগেই হোক আর পরেই হোক জোড়াতালির পাকিস্তান আর কয়দিন।

আপোষ না সংগ্রাম (সম্পাদকীয়)

পূর্ব বাংলার জনসাধারণের এই অসহযোগ আন্দোলন নিয়ে এসেছে এক গণবিপ্লবের জয় জয়কার। এ গণবিপ্লব শুধু বাংলাদেশ আর পাকিস্তানই নয়, ভারত এবং দুরপ্রাচ্যে গণবিপ্লবের এক নতুন অধ্যায় খুলে ধরছে।

মার্শাল ল এবং মিলিটারী নির্যাতন সত্ত্বেও বাংলার স্বাধীনতা আন্দোলন যে গতিতে এগিয়ে চলেছে তাকে রোধ করা পাকিস্তানী পুঁজিপতি কেন সারা পৃথিবীর সাম্রাজ্যবাদীরা মিলেও রোধ করতে পারবে না।

গত ২৩ বছরের শোষণ নির্যাতন এবং বিড়ম্বনা আজ যতটা নগ্ন হয়ে ধরা পড়েছে তা বাঙ্গালী কোনদিন কোনক্রমেই ক্ষমতা করতে পারবে না। তাই বাংলা মায়ের যোগ্য সন্তানরা অকাতরে ঢেলে দিয়েছে তাদের তাজা কাঁচা তরুণ লাল রক্ত। তাদের আশা-আকাঙ্খাকে রূপায়িত করার জন্য বাংলার আনাচে-কানাচে আজ ধ্বনিত হচ্ছে ''জয় বাংলা'' বজ্রনিনাদ। বাংলার কিশোররা প্রস্তুত হচ্ছে মিলিটারীদের সঙ্গে লড়াই করার জন্য। তীর ধনু আর বাঁশের লাঠি নিয়ে বেরিয়ে পড়ার জন্য সার সার কাতারবন্দি হয়ে আছে- নব বাংলার নতুন ক্ষুদিরাম আর তোরাব আশরাফ। কৃষাণ তৈরী হচ্ছে লাঙ্গল রেখে, শ্রমিক আসছে কারখানা ছেড়ে, ছাত্রেরা বেরিয়ে এসেছে বিদ্যালয় থেকে। এরা সম্মলিতভাবে আজ আওয়াজ তুলছে জুলুমের বিরুদ্ধে, শোষণের বিরুদ্ধে। এরা প্রস্তুত হচ্ছে আজ শোষক শ্রেণীর বিরুদ্ধে। এই শ্রেণীযুদ্ধে সাধারণের জয় অনিবার্য।

শোষক শ্রেণী বুঝতে পেরেছে তাদের পরাজয়ের কাল-কুক্ষণ আর দূরে নয়। আজ আমাদের এই বলিষ্ঠ পদক্ষেপকে বানচাল করার জন্য আপোসের বায়না নিয়ে হাজির হয়েছে কুচক্রী ''ইয়াহিয়া''। এক্ষেত্রে আপোষ করা হবে বিপ্লবের এবং জনগণের আশা-আকাঙ্খা এবং তরুণদের আত্মবলির অপমৃত্যু। তাই আজ আমাদের কর্তব্য অচল-অটলভাবে আমাদের সংগ্রাম চালিয়ে যাওয়া। কৃষক, শ্রমিক, ছাত্র ও আপামর জনসাধারণের শ্রেণীশত্রুদের নিঃশেষ ও নিশ্চিহ্ন না করা পর্যন্ত চালিয়ে যেতে হবে বিপ্লবী সংগ্রাম। সংগ্রামই মুক্তির একমাত্র পথ। ''মুক্তির একই নাম- সংগ্রাম'\

সবুজ বাংলা লাল হলো

আজিজ আল মোজাহিদ

মার্চ মাসের ৩ তারিখ বুধবার জাতীয় পরিষদের সম্মেলন শুরু হবার কথা। ১২ বৎসরের মিলিটারী শাসনের অবসান, উৎপীড়ন ও শোষণ শেষ হবে। জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিরা ভার নেবে জাতীয় বিভিন্নমুখী সমস্যা সমাধানের। গণতান্ত্রিক নিয়মে নির্ধারিত হবে দেশের ভবিষ্যৎ।

হঠাৎ করে পশ্চিম পাকিস্তানী নেতা ভুট্টো সাহেব ঘোষণা করলেন, তিনি অসহযোগ করবেন জাতীয় পরিষদের প্রথম বৈঠকে। কারণ ইসলামী ভ্রাতৃত্বের নামে কায়েমী স্বার্থবাদী শোষণ রোধ হয় আর সম্ভব হয়ে উঠবে না।

তাই ইয়াহিয়াকে তিনি কানে কানে বুঝালেন। বাঙ্গালীরা এবার সংখ্যাগরিষ্ঠ। নিয়মতান্ত্রিক ভিত্তিতে এগুতে গেলে বাঙ্গালীর জয় হবে সুনিশ্চিত। বাঙ্গালী ২৩ বছর থেকে বঞ্চিত হয়ে আসছে তাদের ন্যায্য দাবীদাওয়া এবং পাওনা থেকে।

তাই এরা এবার তাদের পাওনা আদায় করবে কড়ায় গন্ডায়।

শেখ মুজিব তার ছ'দফা ভিত্তিক দাবী আদায় না করে ছাড়বেন না। তাতে পাঞ্জাব রাজের শোষণনীতি ব্যাহত হয়ে পড়বে। ধসে পড়বে ঔপনিবেশিক শোষণের পথ, বন্ধ হয়ে যাবে পশ্চিম পাকিস্তানের দালান, ইমারত রাস্তাঘাট ও ড্যাম নির্মাণের কাজ।

তাই যেমন করেই হোক বাংলাকে তার দাবী থেকে হঠাতে হবে বন্দুক দেখিয়ে। আর বন্দুকের বাহক পাঞ্জাবী মিলিটারীর সাহায্যে চলতে থাকবে অবাধ শোষণ। ইয়াহিয়া খান ভাবলেন কথা মন্দ নয়। নির্বাচন অনুষ্ঠান করতে দিয়ে যে ভুল করা হয়েছে তাকে শোধরাতে হলে এই একমাত্র পথ।

Maulana Bhashani said he had issued instructions to form all-party committees in the districts of Bangladesh to continue the liberation movement.

The Maulana said that except for a section of the Muslim League, all parties were now out to support the main issue-liberation of the people.

The Exploited

Replying to a question if |he extremist elements would join such an all-party committee in view of their attitude towards other parties, particularly the Awami League, the NAP leader said: "I think national liberation is the main task before the people, whichever party they may belong".

Maulana Bhashani said that the fight in Bangladesh was between two sections of Muslims-the exploiters and the exploited.

In a talk with newsmen, the NAP leader denied that the current "revolution" in his
country had been imported from India or any other land. Whenever the Pakistani rulers could not solve any problem, they blamed India to save their skin. Had India abetted this revolution, it could have given recognition to the Provisional Government, of Sheikh Mujibur, Rahman, he said adding that on many occasions he himself had been described as "an agent of India".

The octogenarian leader said that the British had left the Indian sub-continent in time and it was high time that Yahya regime left Bangladesh. The more the delay the more would be the complications, he added.

Maulana Bhashani does not know where is wife and children are at present.

"I do not know whether they are dead or alive," he said, answering a question by a
correspondent about a Pakistani report of his "arrest" by the Yahya Khan Government.

He said that he had heard the report after his house at Kagmari in Mymensingh District had been destroyed. But he had no information about his wife and children. However, what hurt him most personally was the total destruction by Pakistani troops of his small library, which contained the "collection of a life time," he said.

শিরোনাম	সূত্র	তারিখ
মওলানা ভাসানীর সাংবাদিক সাক্ষাৎকারের বিবরণ	ন্যাশনাল হেরাল্ড (নয়াদিল্লী)	৩ জুন, ১৯৭১

BHASHANI : NO POLITICAL SETTLEMENT

Report of Maulana Bhashani's talk: with some local and foreign correspondents somewhere in a liberated area of Bangladesh on June 2, 1971.

The octogenarian National Awami Party leader. Maulana Bhashani. made it absolutely clear that they did not want any mediation for a political settlement of the Bangladesh issue. He, however, reiterated his earlier stand that a referendum could be held under the direct supervision of the United Nations to assertion the wishes of the Bangladesh people. The NAP leader was talking with some local and foreign correspondents somewhere in a liberated area of Bangladesh. He asked: 'How can there be a political settlement with the invaders who have killed lakhs of defenseless people and unleashed a reign of terror in Bangladesh?"

The Maulana said that their main aim was to liquidate the hordes of West Pakistan. "We will fight to the finish: either we achieve victory or die", he said.

Mr. Bhashani spoke in the same vein as the leaders of the Awami League had done a few days ago. During his talk with newsmen he called the Chinese bluff and said that he was never a Communist.

Deprecating the international inaction, he said it was strange that the world community behaved like a silent spectator when Bangladesh was being drenched with the blood of its people. There was not a single country left to whom he had not approached seeking recognition to the Bangladesh Government, he said. They had only expressed sympathy.

The NAP leader expressed his gratitude to the Indian Government for helping lakhs of refugees with food and shelter. He felt sorry that no other country, be it a socialist or imperialist, had taken any note of the pitiable plight of the people of Bangladesh.

In reply to a query he said that China's friendliness with the military junta of Islamabad was a strange politics. He ruled out the possibility of his ever-visiting China. For long popularly known as a<friend of China, the Maulana said that Peking would one day realize mistakes in supporting Islamabad.

The Maulana is against the formation of a liberation front or a National Government at this stage because, according to him, there might be a struggle for leadership "which will jeopardize our cause." He said he was in favor of an all-party action committee to mobilize the people for the long-drawn battle against Pakistan.

He emphatically said that Pakistan and Bangladesh "can never meet together, the breach is total and final", he prophesied.

শিরোনাম	সূত্র	তারিখ
মুক্তিযুদ্ধ ও রাজনৈতিক পরিস্থিতি ব্যাখা করে পূর্ববাংলার সর্বহারা পার্টি	পূর্ববাংলার সর্বহারা পার্টির প্রচারপত্র	৭ জুন, ১৯৭১

পূর্ব বাংলার সর্বহারা পার্টির নেতৃত্বে বরিশাল ও অন্যান্য জেলায় জাতীয় মুক্তিযুদ্ধ চলছে, একে সমর্থন করুন ! জাতীয় শত্রুখতমের মাধ্যমে সমগ্র পূর্ব বাংলায় গেরিলা যুদ্ধ চালিয়ে যান ! জাতীয় মুক্তিফ্রন্ট গঠন করে নিজেদেরকে ঐক্যবদ্ধ করুন ! নিজেদের শক্তির উপর নির্ভর করে পূর্ব বাংলায় জাতীয় মুক্তিযুদ্ধ পরিচালনা করুন ।

পূর্ব বাংলার সর্বহারা পার্টি কর্তৃক পূর্ব বাংলার জনগণের উদ্দেশ্য প্রচারিত। (পূর্ব বাংলার সর্বহারা পার্টি, পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন কর্তৃক ৩রা জুন, ১৯৭১ প্রতিষ্ঠিত।)

১

পূর্ব বাংলার বীর জনগণ পাকিস্তানের ঔপনিবেশিক সামরিক ফ্যাসিস্টদের সুদীর্ঘ তেইশ বৎসরের ঔপনিবেশিক শোষণ ও লুণ্ঠনের পাহাড় উপরে ফেলার জন্য দেশের অফিস-আদালত-যোগাযোগ-ব্যবসা-বাণিজ্য বন্ধ করে দেয়। এভাবে তারা সমগ্র পূর্ব বাংলার পাকিস্তানী ঔপনিবেশিক শাসকগোষ্ঠীর লুণ্ঠন ও শোষণের যন্ত্রকে বিকল করে দেয়।

ঔপনিবেশিক সামরিক ফ্যাসিস্টরা জনগণের জাতীয় মুক্তির শান্তিপূর্ণ সংগ্রাম দমন করার জন্য বাংলার রাজধানী ঢাকার বুকে চরমতম ফ্যাসিবাদী বর্বরতা প্রদর্শন করে এবং অন্যান্য শহরে সৈন্য মোতায়েন করে হত্যা, লুট, অগ্নিসংযোগ ও গ্রেফতার চালায়।

যেখানেই অত্যাচার সেখানেই বিদ্রোহ-বিপ্লব। অহিংস-অসহযোগের ভুল পথ পরিত্যাগ করে জনসাধারণ ফ্যাসিবাদী বর্বর হামলার বিরুদ্ধে অস্ত্রহাতে বিদ্রোহী দেশপ্রেমিক বেঙ্গল রেজিমেন্ট, ইপিআর, পুলিশ, আনসার, সরকারী কর্মচারী, ছাত্র, শ্রমিক, কৃষক, বুদ্ধিজীবি অর্থাৎ পূর্ব বাংলার সমগ্র জনসাধারণ অস্ত্রহাতে রুখে দাঁড়ায় এবং অধিকাংশ জেলা দখল করে নেয়, সামরিক দস্যুদের সেখানে খতম করে এবং ক্যান্টনমেন্ট ঘেরাও করে।

পাকিস্তানের ঔপনিবেশিক সামরিক ফ্যাসিস্টরা পুনরায় সমগ্র পূর্ব বাংলায় তাদের দখল কায়েমের জন্য বিরাট শক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়ে এবং হত্যা, লুট, অগ্নিসংযোগ এবং ধর্ষণের তান্ডবলীলা শুরু করে। বিশেষ করে হিন্দু জনসাধারণের উপর তারা যে অত্যাচার চালায় তা হিটলারের ইহুদীবিরোধী তৎপরতাকে ম্লান করে দিয়েছে। এভাবে তারা পৃথিবীর বুকে অত্যাচারের নির্মমতম নজীর স্থাপন করে। সঠিক নেতৃত্ব ও পথে পরিচালিত না হওয়ায় সশস্ত্র দেশপ্রেমিক প্রতিরোধ ভেঙ্গে পড়ে, সামরিক দস্যুরা সমগ্র পূর্ব বাংলাব্যাপী তাদের ফ্যাসিস্ট ঔপনিবেশিক দখল করতে সক্ষম হয়।

২

পূর্ব বাংলার শ্রমিক আন্দোলন প্রতিনিয়ত আওয়ামী লীগ ও তার নেতৃত্বে মুক্তিবাহিনী, সকল দেশপ্রেমিক পার্টি ও জনসাধারণের প্রতি ঐক্যবদ্ধ হয়ে সঠিক পথে সংগ্রাম পরিচালনা করতে আহবান জানায়। বরিশাল জেলার ঝালকাঠির মুক্তিবাহিনী ও আওয়ামী লীগের দেশপ্রেমিকরা আহবানে সাড়া দেয়। তাদের অংশগ্রহণসহ অন্যান্য দেশপ্রেমিকদের নিয়ে স্থানীয় ভিত্তিতে জাতীয় মুক্তিফ্রন্ট গঠন করা হয়।

ঐক্যবদ্ধ মুক্তিবাহিনী তফসিলী হিন্দু সম্প্রদায় অধ্যুষিত পূর্ব বাংলার বৃহত্তম পেয়ারা বাগান কুরিয়ানা, ডুমুরিয়া, ভীমরুলী এলাকায় গেরিলা যুদ্ধ পরিচালনা করে।

এই গেরিলা যুদ্ধের রূপ হয় প্রধানত জাতীয় শত্রুখতম করা। অতি অল্প সময়ের মধ্যেই কয়েক শত জাতীয় শত্রুখতম করা হয় ; পাক সামরিক দস্যুদের একখানি লঞ্চ আক্রমণ করা হয় এবং প্রায় তিরিশজন সামরিক দস্যুকে খতম করা হয়, দুজন পুলিশসহ দুই ইঞ্জিন বিশিষ্ট একটি স্পীড বোট দখল করা হয়।

মে মাসের প্রথম থেকে শুরু করে প্রায় দেড়মাস সময়কালীন এ অঞ্চলের গেরিলা যুদ্ধে পাকিস্তানী সামরিক দস্যুরা এত ভীতসন্ত্রস্ত হয় যে, তারা বরিশাল জেলার প্রায় সমস্ত সৈন্য এবং অনেক থানার পুলিশ নিয়ে এ অঞ্চল ঘেরাও করে। তারা জলপথে কারফিউ জারী করে, গানবোট, স্পীডবোট, লঞ্চ দিয়ে দিনরাত পাহারা দেয়, বরিশাল জেলার কয়েক হাজার মুসলিম জনসাধারণকে হত্যার ভয় দেখিয়ে পেয়ারা গাছ কাটা, মুক্তিবাহিনীকে খোঁজ করা, হিন্দুদের বাড়ি লুট করা, তাদেরকে খতমের জন্য নিয়ে আসে।

এ অঞ্চলের সমস্ত ঘরবাড়ি তারা জ্বালিয়ে দেয়, লুট করে, শত শত লোককে হত্যা করে, পেয়ারা গাছ কেটে ফেলে-কিন্তু মুক্তিবাহিনীর সন্ধান তারা পায়নি। মুক্তিবাহিনী তাদের ঘেলাও পার হয়ে বরিশাল জেলার বিভিন্ন স্থানে জাতীয় শত্রুখতমের মাধ্যমে গেরিলা যুদ্ধ চালিয়ে যাচ্ছে। কোন শক্তিই তাদেরকে ধ্বংস করতে পারবে না। বরিশালের গেরিলা যুদ্ধের সমর্থনে পূর্ব বাংলার অন্যান্য স্থানে জাতীয় শত্রুখতমের মাধ্যমে গেরিলা যুদ্ধ চলছে।

৩

পূর্ব বাংলার জাতীয় প্রশ্ন নিয়ে মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদীরা আন্তর্জাতিক ষড়যন্ত্রে মেতেছে। তারা লুণ্ঠন-শোষণ বজায় রাখা এবং চীন জনগণ কমিউনিজম বিরোধিতার জন্য গোটা পাকিস্তান ও ভারত যৌথ সামরিক জোট বা পূর্ব বাংলা-ভারত যৌথ সামরিক জোট স্থাপনের দ্বিমুখী লক্ষ্য সামনে রেখে, তাদের সমর্থকদের নেতৃত্বে পূর্ব বাংলার জাতীয় সংগ্রামকে ব্যবহার করছে। পাকিস্তান যাতে তাদের হাতছাড়া না হয় এ জন্য তারা একে সাহায্য ও সহায়তা করছে। এ উদ্দেশ্যে তারা নিজেদের মাঝে সহযোগিতা করছে আবার পাকিস্তান-ভারত-বাংলাদেশের উপর একচেটিয়া প্রভাব স্থাপনের জন্য নিজেদের মাঝে প্রতিদ্বন্দ্বিতাও করছে।

মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদ, আমলাতান্ত্রিক পুঁজিবাদ ও সামন্তবাদ এই চার পাহাড়ের শোষণের প্রতিনিধিত্বকারী ভারতীয় প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী তাদের সমর্থকদের নেতৃত্বে পূর্ব বাংলার মুক্তিসংগ্রাম সমর্থন ও সহায়তা করছে। তাদের উদ্দেশ্য হলো পূর্ব বাংলায় এই চার পাহাড়ের শোষণ ও লুণ্ঠন কায়েম করা এবং চীনবিরোধী, জনগণ ও কমিউনিস্ট বিরোধী বাংলা-ভারত যৌথ সামরিক জোট স্থাপন করা।

অতীতে নেতাজী সুভাষ বোস ভারতের আনয়নের জন্য জাপানী ফ্যাসিস্টদের সহায়তায় আজাদ হিন্দু ফৌজ ও সরকার গঠন করে এবং জাপান-জার্মান ফ্যাসিস্টদের মিত্র হিসেবে কাজ করে। জাপানী ফ্যাসিস্টদের সহায়তার প্রকৃত উদ্দেশ্য ছিল আজাদ হিন্দু ফৌজ ও সরকারকে নিজের সাহায্যকারী শক্তি হিসেবে ব্যবহার করা এবং বৃটিশদের উৎখাত করে নেতাজীর নেতৃত্বে পুতুল সরকার গঠন করে ভারতকে তাদের সাম্রাজ্যভুক্ত করা। দ্বিতীয় মহাযুদ্ধের পরাজয় জাপানীদের এ স্বপ্ন নস্যাৎ করে দেয়। এভাবে প্রতিক্রিয়াশীলদের সহায়তায় ভারতকে মুক্ত করার প্রচেষ্টা ব্যর্থ হয়।

অতীত ও বর্তমান বিশ্বের ঘটনাবলী আমাদের শিক্ষা দেয় মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদ ও ভারতীয় প্রতিক্রিয়াশীলদের সহায়তায় কখনই পূর্ব বাংলা বা বিশ্বের অন্য কোন দেশ, জাতি ও জনগণের সত্যিকার মুক্তি আসতে পারে না। এদের সহায়তা জাতীয় মুক্তিসংগ্রামকে হয় বানচাল করবে বা জাতীয় মুক্তির নামে চার পাহাড়ের শোষণ ও লুণ্ঠন পূর্ব বাংলায় কায়েম করবে।

পূর্ব বাংলার দেশপ্রেমিক জনগণ ও বিশ্বের বিপ্লবী জনগণ পূর্ব বাংলার জাতীয় প্রশ্নে সাম্রাজ্যবাদ, সামাজিক সাম্রাজ্যবাদ ও ভারতীয় সম্প্রসারণবাদের এ সকল জঘন্য চক্রান্তকে কখনই সমর্থন করতে পারে না।

কাজেই পাকিস্তানের ঔপনিবেশিক শাসকগোষ্ঠীকে উৎখাত করার সাথে সাথে মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদকেও পূর্ব বাংলা থেকে উৎখাত করতে হবে এবং ভারতীয় সম্প্রসারণবাদের মাধ্যমে চার পাহাড়ের শোষণ কায়েমের বিরোধিতা করতে হবে এবং প্রতিক্রিয়াশীল শক্তির সাহায্যের উপর ভিত্তি না করে নিজেদের শক্তির উপর নির্ভর করে সংগ্রাম পরিচালনা করতে হবে।

৪

গত কয়েক মাসের অভিজ্ঞতা প্রমাণ করেছে পূর্ব বাংলার জনগণের মহান জাতীয় মুক্তিসংগ্রাম সঠিকপথে পরিচালিত করার জন্য একটি বিপ্লবী রাজনৈতিক পার্টির প্রয়োজন। এইরূপ একটি বিপ্লবী পার্টি প্রতিষ্ঠার জন্য পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন গত সাড়ে তিন বৎসর ধরে বিপ্লবী কাজ করে আসছে। এ সময়কার বিপ্লবী অনুশীলনে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের রাজনৈতিক, সাংগঠনিক, সামরিক লাইনের সঠিকতা ঐতিহাসিকভাবে প্রমাণিত হয়েছে। পক্ষান্তরে মণি সিং-মোজাফফর সংশোধনবাদী, হক-তোয়াহা নয়া সংশোধনবাদী দেবেন-মতিন ট্রটস্কি-চে'বাদী, কাজী-রনো ষড়যন্ত্রকারী বিশ্বাসঘাতক চক্র রাজনৈতিক, সামরিক ও তত্ত্বগত ক্ষেত্রে সম্পূর্ণরূপে পরাজিত হয়েছে। পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের কর্মীরা জাতীয় মুক্তির গেরিলা যুদ্ধ সূচনা ও পরিচালনা করার মাধ্যমে জাতীয় মুক্তিবাহিনী গড়ে তুলছে; দেশপ্রেমিক জনসাধারণকে ঐক্যবদ্ধ করে জাতীয় মুক্তিফ্রন্ট গড়ে তুলছে; বিপ্লবী অনুশীলনের প্রক্রিয়ার মতাদর্শগত ক্ষেত্রে পুনর্গঠিত হচ্ছে। এভাবে সর্বহারা রাজনৈতিক পার্টি প্রতিষ্ঠার যথাযথ অবস্থার সৃষ্টি হয়েছে।

এ কারনে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন তার ঐতিহাসিক ভূমিকা সমাপ্ত করে পূর্ব বাংলার সর্বহারা পার্টি প্রতিষ্ঠা করেছে। ইহা পূর্ব বাংলার সর্বহারা শ্রেণীর রাজনৈতিক পার্টি এবং এর পথপ্রদর্শক তাত্ত্বিক ভিত্তি হলো মার্কসবাদ লেনিনবাদ মাও সেতুঙ চিন্তাধারা। ইহা হচ্ছে বিশ্বের বিপ্লবী সংগ্রামের অভিজ্ঞতার সার সংকলন, ইহা বিপ্লবের বিজ্ঞান। ইহার প্রয়োগের মাধ্যমেই পূর্ব বাংলার বিপ্লব বাস্তবায়িত হবে।

পূর্ব বাংলার বাঙালী জাতির অস্তিত্ব আজ বিপন্ন; পূর্ব বাংলার সকল সংগ্রামরত দেশপ্রেমিক রাজনৈতিক পার্টি, ব্যক্তি, গোষ্ঠী, ধর্মীয়, ভাষাগত উপজাতীয় সংখ্যালঘু, মুক্তিবাহিনী, বিভিন্ন শ্রেণী, স্তর, অর্থাৎ পূর্ব বাংলার সমগ্র জনগণ ঐক্যবদ্ধ হোন; বরিশালের দৃষ্টান্ত অনুসরণ করে জাতীয় মুক্তিফ্রন্ট গঠন করুন; নিজেদের শক্তির উপর নির্ভর করে জাতীয় শক্তি খতমের মাধ্যমে গেরিলা যুদ্ধ চালিয়ে যান; জাতীয় শত্রুর অস্ত্রে নিজেদেরকে সজ্জিত করুন: গ্রামসমূহ থেকে পাকিস্তানের ঔপনিবেশিক সরকারের দালালদের উৎখাত করুন; গ্রামকে মুক্ত করুন; সুবিধামত পেলে সামরিক ও পুলিশ দস্যুদের খতম করুন; তাদের অস্ত্রে নিজেদেরকে সজ্জিত করুন- এভাবে পূর্ব বাংলার ভূমিতে নিজেদের শক্তির উপর নির্ভর করে পাকিস্তানী সামরিক দস্যুদের পরাজিত ও ধ্বংস করুন; পূর্ব বাংলাকে মুক্তি করে স্বাধীন গণতান্ত্রিক, শান্তিপূর্ণ, নিরপেক্ষ, প্রগতিশীল, পূর্ব বাংলার প্রজাতন্ত্র কায়েম করুন।

পূর্ব বাংলার সর্বহারা পার্টি-জিন্দাবাদ।
জাতীয় মুক্তিফ্রন্ট-কায়েম করুন।
জাতীয় মুক্তিবাহিনী-জিন্দাবাদ।
জাতীয় মুক্তিযুদ্ধ-জিন্দাবাদ।

পাকিস্তানী ঔপনিবেশিক সামরিক দস্যু ও তাদের দালাল জাতীয় শত্রুদের খতম করুন। মণি সিং-মোজাফফর সংশোধনবাদী, হক-তোয়াহা নয়া সংশোধনবাদী, দেবেন-মতিন ট্রটস্কি-চে'বাদী, কাজী-রনো ষড়যন্ত্রকারী-ধ্বংস হোক।

শিরোনাম	সূত্র	তারিখ
কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের সদস্য শাজাহান সিরাজের বক্তৃতা	বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের দলিল	২৫ জুন, ১৯৭১

বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ

BANGLADESH CENTRAL STUDENT'S ACTION COMMITTEE

বাংলাদেশের মুক্তিকামী ভাই-বোনেরা,

বিশ্বের ইতিহাসের জঘন্যমত গণহত্যাকারী, রক্তলোলুপ, খুনী, লম্পট, মদখোর, পিশাচ ইয়াহিয়া ও তার পাকিস্তান সেনাবাহিনী বুলেট, বেয়নেট, ট্যাঙ্ক, কামান, আর পাশবিক অত্যাচারে বাংলার সাড়ে সাত কোটি মানুষের গণজীবন আজ সম্পূর্ণ বিপর্যস্ত। বাংলার সাড়ে সাত কোটি মানুষের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিব ও তাঁর প্রাণের চেয়েও প্রিয় বাংলাদেশ ও বাঙালী জাতিকে পৃথিবীর ইতিহাস থেকে নিশ্চিহ্ন করার জঘন্য ষড়যন্দ্রকারী খুনী ইয়াহিয়া ও তার হানাদার বাহিনী বিনা নোটিশে বাংলার নিরস্ত্র মানুষের উপর সশস্ত্র হামলা চালিয়েছে। যুদ্ধের সমস্ত আইনকানুন উপেক্ষা করে ২৫শে মার্চ রাতের অন্ধকারে ঘুমন্ত বাংলার শহর, বন্দর, গ্রামের নিরস্ত্র মানুষের উপর অতর্কিতে সশস্ত্র হামলা চালিয়ে লক্ষ লক্ষ মানুষকে হত্যা করেছে। হানাদার বাহিনীর সৈন্যরা আজও জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করছে গ্রামের পর গ্রাম, বিশ্ববিদ্যালয়, স্কুল-কলেজ, মসজিদ-মন্দির, হাট-বাজার, দোকানপাট। বাংলাদেশের একের পর এক তল্লাশী করে সক্ষম যুবকদের মেশিনগানের শিকারে পরিণত করছে। লক্ষ লক্ষ নিরীহ পরিবারকে করছে গৃহহারা। বর্বর সেনাবাহিনীর অত্যাচার এখানেই শেষ নয়। বাংলাদেশের মা-বোনেরাও রক্ষা পায়নি তাদের পাশবিক অত্যাচারের হাত থেকে। পিতার সামনে যুবতী মেয়েকে, স্বামীর চোখের সামনে স্ত্রীকে নিয়ে পাশাবিক অত্যাচার চালাচ্ছে। শত শত মা-বোনকে ধরে নিয়ে তাদের ইজ্জত নষ্ট করে তাদেরকে উলঙ্গ করে ফেলে রাখছে পথে-প্রান্তরে। প্রতিদিন শত শথ যুবকের রক্ত নিয়ে মৃতদেহ নদীতে ভাসিয়ে দিচ্ছে। এই বর্বরতা থেকে রেহাই পায় না দুধের শিশু আর বৃদ্ধরাও।

কিন্তু মাতাল ইয়াহিয়া বাহিনীর এই পাশবিক অত্যাচার পারেনি বাংলার স্বাধীনতা সংগ্রামকে স্তব্দ করতে। ২৫শে রাতে গ্রেফতারের পূর্বে স্বাধীন বাংলার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব ''স্বাধীন গণতান্ত্রিক বাংলাদেশ'' ঘোষণা করেছেন। নেতার নির্দেশ বাংলার প্রতিটি আনাচে-কানাচে পৌঁছানোর সাথে সাথে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, ই পি আর বাহিনী, পুলিশ, আনসার, মুজাহিদ ও মুক্তিবাহিনী এক হয়ে পাকিস্তানী সেনাবাহিনীকে বাংলার মাটি থেকে নিশ্চিহ্ন করতে সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছে। বাংলার সাড়ে সাত কোটি কৃষক, শ্রমিক, বুদ্ধিজীবি, মেহনতি মানুষও পাকিস্তান উপনিবেশবাদের শৃঙ্খল থেকে বাংলাদেশকে মুক্ত করার নিয়েছে এক ইস্পাতকঠিন শপথ। পৃথিবীর যে-কোন বৃহৎ শক্তিকেই বাংলার এই মুক্তিসংগ্রামের কাছে মাথা নত করতে হবে। কারণ এ সংগ্রাম বাঙালী জাতির বাঁচার সংগ্রাম, এ সংগ্রাম সত্যের সংগ্রাম। দিনের পর দিন জনতার মুক্তি মিছিল এগিয়ে চলেছে সাফল্যের স্বর্ণশিখরের দিকে। আমাদের মুক্তিযোদ্ধারা বীরবিক্রমে পাকিস্তানী সেনাবাহিনীকে প্রতিহত করে চলেছে। প্রতিদিন মুক্তিযোদ্ধা ও গেরিলাদের আক্রমণে শত শত পাকিস্তানী হানাদার শত্রু নিহত হতে চলেছে। ইতিমধ্যে প্রায় বিশ হাজার পাকিস্তানী শত্রুসেনাকে খতম করা হয়েছে।

বাংলার প্রতিটি ছাত্র-ছাত্রী ভাই-বোনদের মনে রাখতে হবে শেখ মুজিব আমাদের সাথে বিশ্বাসঘাতকতা করতে পারে নাই। ইচ্ছা করলে তিনি বাংলার স্বার্থকে বিসর্জন দিয়ে কুচক্রী ইয়াহিয়ার সাথে হাত মিলিয়ে প্রধানমন্ত্রী হতে পারতেন। কিন্তু তা তিনি করেননি। জালেম ইয়াহিয়ার কাছে মাথা নত করেননি বলেই ২৫শে মার্চের সেই নারকীয় বিভীষিকার রাতে জেল-জুলুম আর মৃত্যুকে হাসিমুখে বরণ করে সরাসরি বাংলার স্বাধীনতা

ঘোষণা করেন। নেতা আজ নরখাদক ইয়াহিয়ার কারাগারে কোথায় কিভাবে আছেন তা আমরা জানি না। কিন্তু বঙ্গবন্ধুর মহান আদর্শ ও তাঁর বজ্রকণ্ঠ আজ প্রতিটি বাঙালীর মনে সদা জাগ্রত। যুব সমাজের উপর যে বিশ্বাস স্থাপন করে তিনি স্বাধীনতা ঘোষণা করেছেন আমরা যুবকেরা যেন তা ভুলে না যাই। আমরা যেন বিশ্বাসঘাতকতা না করি।

ভাই-বোনেরা আমার- মনে রাখতে হবে আমাদের সকলের পরিচয় আজ একটি- আমরা মুক্তিযোদ্ধা। অতীতের বিদ্বেষ, ভবিষ্যতের মোহ সবকিছু বিসর্জন দিয়ে আজ আমরা লক্ষ লক্ষ যুবক যদি প্রতিটি পাকিস্তানী ফৌজ খতম করতে প্রতিজ্ঞাবদ্ধ হই, পৃথিবীর কোন শক্তিই বাংলার স্বাধীনতাকে রুখতে পারবে না। বঙ্গবন্ধুকেও আমরা কারগার থেকে ছিনিয়ে আনতে পারব। আজ তাই যুবকেরা যেখানেই যে আছেন নিকটবর্তী ট্রেনিং ক্যাম্পে ট্রেনিং নিন। ইতিমধ্যেই লক্ষাধিক যুবক ট্রেনিং ক্যাম্পে ভর্তি হয়ে পাকিস্তানী হানাদারদের বাংলার মাটি থেকে নিশ্চিহ্ন করার কলাকৌশল শিক্ষা গ্রহণ করছে, কিছুদিনের মধ্যেই হানাদার বাহিনীর উপর ঝাঁপিয়ে পড়ে তাদের নিশ্চিত হত্যা করবে।

কৃষক, শ্রমিক, মেহনতি ভাইয়েরা- বাংলাদেশের শতকরা ৮০ জন আপনারা কৃষক ও শ্রমিক। আপনাদেরও আজ শত অত্যাচারের মুখে বাংলার এই মুক্তিযুদ্ধে অংশীদার হতে হবে। আপনাদের সক্রিয় সহযোগিতা ছাড়া এ যুদ্ধে জয়লাভ করা সম্ভব নয়। আপনারা আজ নিরস্ত্র। শত্রুর মোকাবেলা করার মত অস্ত্র আজ আমাদের হাতে নেই। কিন্তু বুলেট-বেয়নেটের চাইতেও আমাদের বড় অস্ত্র আপনাদের হাতে রয়েছে। অসহযোগ ও আত্মনির্ভরশীলতাই আজ আপনাদের বড় অস্ত্র। ইয়াহিয়া সরকারের কোন আইন আপনারা মানবেন না। বাংলাদেশের উপর আইন প্রয়োগ করার কোন অধিকার তাদের নেই। খাজনা, ট্যাক্স দেওয়া সম্পূর্ণ বন্ধ করে দিন। যদি কেউ খাজনা নিতে আসে, তাকে ধরে শাস্তি দিন। আমাদের অর্থ দিয়ে আমাদের ধ্বংস করার গুলি যাতে না কিনতে পারে তার জন্য পশ্চিম পাকিস্তানের সকল প্রকার দ্রব্যসামগ্রী কেনা বন্ধ করুন। বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারে এমন দ্রব্যাদি যেমন পাট, চা, চামড়া ইত্যাদির উৎপাদন সম্পূর্ণ বন্ধ করে দিন। প্রত্যেকটি গ্রামে আজ সম্পূর্ণ আত্মনির্ভরশীল সমাজ গড়ে তুলুন। খাদ্যের অভাব যাতে দেখা না দেয় তার জন্য ধানের চাষ বৃদ্ধি করুন। মনে রাখতে হবে পরনির্ভরশীলতাই আপনাদের বড় শত্রু।

আপনাদের আজ সর্বপ্রথম কর্তব্য- যে সকল জামাত-মুসলিম লীগের দালালেরা পাকিস্তানী হানাদার বাহিনীকে সাহায্য করছে, যারা আপনাদের ধনসম্পদ লুট করছে, যারা শত্রুসেনাদের কাছে খবরাখবর আদান-প্রদান করছে তাদের হত্যা করা। তাদের নামের তালিকা করে মুক্তিযোদ্ধাদের কাছে দিন। মুক্তিযোদ্ধারা আপনাদের আশেপাশেই আছে। ইতিমধ্যেই শত শত দালালদের হত্যা করা হয়েছে।

প্রত্যেকটি গ্রাম থেকে যাতে মুক্তিযোদ্ধারা অনায়াসে শত্রুসেনাদের আক্রমণ করতে পারে তার জন্য আপনারা প্রত্যেকটি গ্রামবাসী মুক্তিযোদ্ধাদের আশ্রয়, খাওয়া ও যোগাযোগের সম্পূর্ণ ব্যবস্থা করে দিন।

কৃষক, শ্রমিক, মেহনতি ভাইয়েরা- মনে রাখবেন এ যুদ্ধ শুধু বাংলার ভৌগোলিক স্বাধীনতাই এনে দেবেন না। এ যুদ্ধের ফলশ্রুতি হিসাবে আপনাদের জন্য প্রতিষ্ঠিত হবে এক শোষণহীন সমাজব্যবস্থা।

পাকিস্তানী কুকুর বাহিনীর নৃশংস তাড়নায় বাংলাদেশের ৬০ লক্ষ মানুষ আজ ভারতে গিয়ে আশ্রয় নিয়েছেন। শরনার্থী ভাইবোনদের একটি কথা স্মরণ রাখতে হবে। আপনারাও শত্রুর বিরুদ্ধে লড়াই করতে গিয়ে দেশত্যাগ করতে বাধ্য হয়েছেন। তাই আপনারাও এ যুদ্ধের অংশীদার। আপনাদের যে সমস্ত ঘরবাড়ি, ধনসম্পদ ফেলে এসেছেন তা আবার আপনারা ফিরে পাবেন। পাকিস্তানী হানাদারদের দয়ার উপর নয়, কোন বৃহৎ শক্তির চাপ সৃষ্টির মাধ্যমে নয়- হাতে আমরা অস্ত্র নিয়েছি, রক্ত আমরা দিতে জানি- তাই যুদ্ধ করেই শত্রুর মোকাবেলা করে বাংলাদেশের মাটিতে আপনাদের ফিরিয়ে নেব। পাকিস্তানী সেনাবাহিনীর সাথে বাংলাদেশের যে দালালরা আপনাদের ধনসম্পদ কেড়ে নিয়েছে, মনে রাখবেন, আপনাদের চোখের সামনেই তাদের একমাত্র শাস্তি

হবে মৃত্যুদন্ড। শরনার্থীদের মধ্যে ঢুকে কেউ যাতে কোন প্রকার সাম্প্রদায়িক বিদ্বেষ সৃষ্টি করতে না পারে তার জন্য আপনারা অবশ্যই সজাগ থাকবেন। ৬০ লক্ষ শরনার্থীর প্রতি ভারত সরকার ও ভারতের জনগণ যে মানবতাবোধ দেখিয়েছেন বিশ্বের মুক্তিকামী মানুষ ও বাংলার জনগণ তা চিরদিন শ্রদ্ধার সাথে স্মরণ করবে। বাংলাদেশে পৈশাচিক ইয়াহিয়ার নরহত্যা আজ যখন পৃথিবীর ইতিহাসকে স্তব্ধ করে দিয়ে এক নতুন কলঙ্কের ইতিহাস সৃষ্টি করেছে তখন বিশ্বের বৃহৎ শক্তিবর্গ নীরব ভূমিকা পালন করছে। বিশ্বের কোন কোন বৃহৎশক্তি আজ পাকিস্তান হানাদার বাহিনীকে সাহায্য করছে। আমরা সেইসব বৃহৎশক্তিবর্গকে স্পষ্ট করে জানিয়ে দিতে চাই আমরা আজ বাংলার স্বাধীনতার যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছি, কোন প্রকার আপসের মাধ্যমে এর সমাধান করা যাবে না কারণ স্বাধীনতা কোন আপস মানে না। স্বাধীনতা ভিক্ষা করে আসে না। আমরা তাই কারো কাছে ভিক্ষা চাই না। তবে আমাদের এই মুক্তিসংগ্রামের বিরোধিতা যারা করবেন, বিশ্বের জাগ্রত বিবেকের সামনে লক্ষ লক্ষ মানুষকে হত্যা করে একটি জাতিকে নিশ্চিহ্ন করছে দেখেও যারা নীরব আছেন, ইতিহাস তাদের ক্ষমা করবে না, ইতিহাসের পাতায় তাদেরকেও পাকিস্তানী জালেমশাহীর সমান কলঙ্কের বোঝা বহন করতে হবে, মানবতার শত্রু হয়ে চিহ্নিত থাকতে হবে।

খুনী ইয়াহিয়া-জানি লক্ষ লক্ষ মানুষের রক্ত নিয়েও তোমার পিপাসা আজও মেটেনি। কিন্তু তুমি জেনে রাখ, যেসব পাঞ্জাবী, পাঠান, বেলুচ, সিন্ধী সেনাবাহিনীকে দিয়ে তুমি বাংলার লক্ষ লক্ষ নিরপরাধ, নিরস্ত্র নারী-পুরুষকে নির্বিচারে হত্যা করে চলেছ বাংলাদেশকে পুড়ে ছারখার করছ, তাদের একটিকেও আমরা বাংলাদেশ থেকে ফিরে যেতে দেব না। একটি একটি করে তাদের হত্যা করব। বঙ্গোপসাগরের তীরে দাঁড়িয়ে স্বচক্ষে প্রতিটি পাকিস্তানী সেনার লাশ তোমাকে দেখতে হবে। জানি বাংলাদেশ থেকে তুমি অনেক দূরে আছ। বাংলাদেশ থেকে তোমার পোষা হানাদারদের হত্যা করে শেষ করলেই যুদ্ধ শেষ হবে না। সেদিন বেশী দূরে নয় বাংলাদেশ থেকে তোমার পশ্চিম পাকিস্তানে গিয়ে তোমাকে আর তোমার সেনাবাহিনীকে খতম করব। তোমার সাধের পশ্চিম পাকিস্তানকে ভেঙ্গে চুরমার করে পৃথিবীর ইতিহাস থেকে পাকিস্তানের নাম নিশানা মুছে ফেলবো।

আমরা যারা মুক্তিযোদ্ধা তাদের একটি দৃঢ় আত্মবিশ্বাস থাকতে হবে। স্বাধীনতা আমাদের ভোগ করার জন্য নয়। আমাদের রক্তের বিনিময়ে আমাদের উত্তরসূরীদের জন্যই এ স্বাধীনতা। আমরা মায়ের কাছ থেকে শেষ বিদায় নিয়ে এসেছি। হয়তো আমরা কেউ আর মায়ের কোলে ফিরে যাব না কিন্তু যারা আমার বোনের ইজ্জত নষ্ট করেছে, যারা লক্ষ লক্ষ মানুষকে হত্যা করছে তাদের প্রতিশোধ যদি আমরা নিতে না পারি তাহলে ইতিহাসের পাতায় আমাদের মীরজাফর হয়ে বেঁচে থাকতে হবে- আজীবন পাঞ্জাবের গোলাম হয়ে থাকতে হবে। পিঠে বুলেট খেয়ে আমরা যেন বিশ্বাসঘাতকতা না করি। আমরা প্রতিটি মুক্তিযোদ্ধা বুকে বুলেটবিদ্ধ হয়ে শহীদ হব। এতে যদি একটি একটি করে আমাদের সবাইকে শহীদ হতে হয় তাহলেও সে রক্ত বৃথা যাবে না। শহীদের রক্তে রঞ্জিত প্রতিটি ধূলাকণা সেদিন এক একটি বুলেট হয়ে শত্রুদের খতম করবে। বাংলাদেশের মায়েরা-জানি তোমাদের কোল আজ খালি হয়েছে। নিষ্ঠুর হানাদার বাহিনী লাখ লাখ সন্তানকে তোমাদের কোল থেকে কেড়ে নিয়ে হত্যা করেছে। আমাদের দৃঢ়বিশ্বাস, বাংলার এই স্বাধীনতা রক্ষার যুদ্ধে যে মায়ের সন্তান শহীদ হয়েছে সে মা কাঁদবে না, সে মায়ের চোখের অশ্রু হবে বারুদ- যে বারুদ পুড়ে ছারখার হবে ইয়াহিয়া ও তার সেনাবাহিনী। বাংলাদেশের মানুষের পক্ষ থেকে লাখ লাখ সালাম ও শ্রদ্ধা জানাই বীর শহীদদের। জয় আমাদের হবেই। জয় বাংলা।

শাজাহান সিরাজ
সাধারণ সম্পাদক,
ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদ;
সদস্য
স্বাধীন বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ।

শিরোনাম	সূত্র	তারিখ
পশ্চিমবঙ্গে বাংলাদেশের প্রবাসী বুদ্ধিজীবিগণ কর্তৃক যুক্তরাজ্যের পার্লামেন্টারী প্রতিনিধিদলের কাছে প্রদত্ত স্মারকলিপি	পশ্চিমবঙ্গে প্রবাসী বুদ্ধিজীবি	২৯ জুন, ১৯৭১

MEMORANDUM BEFORE THE BRITISH PARLIAMENTARY DELEGATION ON BEHALF OF BANGLADESH REFUGEE INTELLECTUALS NOW IN WEST BENGAL

Sirs,

In the face of desperate attempts by the Govt. of Pakistan to justify before the world community its forcible military occupation of Bangladesh and to cover up their acts of genocide there, we take this opportunity to appraise you. Honorable Members of the British Parliament, of the circumstances under which the democratic and peace-loving people of Bangladesh were driven to the path of armed struggle for securing the independence of their country.

On the midnight of March 25, 1971 the Pakistan military Junta, i.e. the so-called government of Pakistan cracked down on Bangladesh to crush the democratic will of the people expressed in the general elections of December 1970. In these elections the people gave a clear mandate to the Awami League to redefine East Bengal's political and economic relationship with West Pakistan through the League's six-point Programme. The Awami League won 167 of the 169 seats from Bangladesh in a House of 313 which meant a clear majority for it in the National Assembly. The successful candidates of the Awami League received 80% of the popular vote cast in Bangladesh.

Yahya Khan started negotiations with the Awami League Leader Sheikh Mujibur Rahman for a political settlement in mid-March but actually only used this as a cover for military preparations and dispatch of troops from West Pakistan to Bangladesh. When in the course of these negotiations hopes were raised for a settlement within the framework of a united Pakistan for which the Sheikh tried till the last moment the Pakistan Army struck, in an act of treachery unparalleled in contemporary history. Guns, tanks and planes were used against unarmed civilians to carry out a programme of mass slaughter of Bengalis.

While hundreds and thousands of people were being killed, the police, the Bengali
members of the East Pakistan Rifles and men and officers of the East Bengal Regiment rose in a heroic resistance, which was later joined by thousands of the sons and daughters of Bangladesh.

It is in this background of spontaneous resistance of the people against the army of West Pakistan that the Democratic Republic of Bangladesh was born on April 10, 1971. It derives its sanction from a people's inalienable right to live in security, which was threatened by the bad faith and genocidal attack of the Military Junta on the unsuspecting Bengalis on the night of March 25.

Pakistan is now dead and buried under a mountain of corpses. The hundreds and thousands of people murdered by the West Pakistani troops in Bangladesh will act as an impenetrable barrier between West Pakistan and the people of Bangladesh. It is Yahya Khan and his Junta therefore who have dug grave of Pakistan.

On their orders the West Pakistan troops committed acts of inhuman savagery and sadism. Professional West Pakistani soldiers, under orders from their commanders violated the code of military honor and were seen as beats of prey who indulged in an orgy of murder, rape. loot, arson and destruction unequalled in the annals of civilization. Foreign newsmen were driven out of Bangladesh to avoid international publicity. But even some journalists taken on a guided tour of Bangladesh in May reported genocide and inhuman atrocities. And now, we have the gruesome talc of Pak. Army's programme as reported in "The Sunday Times" by Mr. Antony Mascarenhas an erstwhile Pakistan journalist from Karachi. These atrocious acts clearly indicate the concept of two nations and two countries was already very deeply rooted in the minds of Yahya and his associates who would not conceive of committing such atrocities of their own countrymen. This is an alien occupation army full of racial hatred towards the people of Bangladesh whom it wanted to subdue and enslave. This is why the situation in Bangladesh is radically different from civil wars in other countries including that of the USA. In such cases two parts of one people fought over certain issues and could still achieve reconciliation and reunion based on a sense of common identity. From its very inception, Pakistan was an unusual slate, unique in modern history, with its two wings separated by more than one thousand miles of foreign territory. Linguistically and culturally, Bangladesh is completely different from West Pakistan.

The people of Bangladesh, despite all this asked for autonomy on the basis of the Awami League's six-point formula within the framework of Pakistan. But their sincere efforts to maintain the unity of Pakistan through justice to ail its units were frustrated by a large-scale massacre of the people of Bangladesh. A point of no return has consequently been reached. The sovereign and independent Republic of Bangladesh is now on the map of the world. The treacherous attack on, and the continuing slaughter of people whose only sin was to demand a change in their colonial status in Pakistan through constitutional means, clearly rule out all possibility of a return to the position before March 25.

The Government of Democratic Republic of Bangladesh has been constituted by the elected representatives of the people who alone represent the legitimacy, legal and moral authority in the Country.

The West Pakistan, military junta which is illegally and immorally occupying the urban centers of Bangladesh cannot and should not be considered as the lawful govt. of the land.

The people and government of the democratic world should come out on the side of democracy in Bangladesh as against the military dictatorship of Yahya and his junta. Britain as the mother of the democratic parliamentary system should act immediately and show others the way. We appeal to you and through you to the government of Britain to take the following steps immediately:

1. Recognize the government of the Democratic Republic of Bangladesh.
2. Put pressure on Islamabad to secure the release of Sheikh Mujibur Rahman and other political prisoners of Bangladesh.
3. Give all help to Bangladesh to defend freedom and democracy.
4. Stop all aid to Pakistan, including aid in the pipeline.
5. Several trade and economic relations with Pakistan.
6. Force Yahya to stop genocide.
7. Establish an International Commission of Jurists to enquire into the acts of genocide and traffic in women committed by the Pakistan troops, and punish the culprits.

BONGAON
JUNE 29, 1971

Your faithfully.
On behalf of Bangladesh intellectuals
now in West Bengal.

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের সাথে আপসের বিরোধিতা করে মওলানা ভাসানী	দি হিন্দুস্তান টাইমস (নয়াদিল্লী)	৩০ জুন,১৯৭১

NO COMPROMISE WITH YAHYA ON INDEPENDENCE: BHASANI
Press statement oil June 29,1971

Maulana Bhasani, the National Awami Party leader, today made it emphatically clear that there could not be any compromise regarding the political settlement of the Bangladesh issue.

In a Press statement, Maulana Bhasani reiterated that, however, deep the conspiracy against the freedom of Bangladesh might be, it was bound to fail.

The people of Bangladesh, he said, would not accept a hoax in the name of a political settlement when they had lost their most valuable assets, when the honour of their women had been violated, when they had lost their health and homes and had been driven out from their own country and when they had sacrificed one million valuable lives.

U. S. Criticized

"They are determined either to have full independence or to choose death. There can be no compromise or hotchpotch solution. Any party, which ignores the demand for full independence and joins hands with Yahya; will be hated more than the anti-people Muslim League. Their political death is inevitable."

The Maulana vehemently criticized the arms supply by America and said not only the people of free Bangladesh but also the democratic and peaceful people of the world, including those of America, had repeatedly appealed to the US Government not to extend arms or monetary help by the "most-hated Yahya Government."

He regretted that the U.S. Government had ignored the world opinion and was giving modern weapons and planes, more in quantity than before, to Pakistan. "They have thus exposed their own character which is against humanity. The Nixon Administration must bear the consequences of this policy," Maulana Bhasani added.

Since the last great war, the imperialist U.S. Government was indulging in a conspiracy and was trying to perpetrate its domination and exploitation in the Afro-Asian and Latin American countries. But the American Government should realise that though they might give the aggressor Yahya all the arms, they could not succeed in crushing the struggle of the 75 million Bengalis to liberate their country from the hands of the aggressors.

Maulana Bhasani said the population of Vietnam was much less than that of Bangladesh. Yet the Nixon Government was unable to crush the peoples' movement there, even though it was spending Rs. 50 million per day. "Those countries, including the U.S., China, and Britain, who would give arms and monetary aid to Yahya to perpetrate his regime in free Bangladesh, will one day be accused by history."

শিরোনাম	সূত্র	তারিখ
বিশ্বের বিদ্যোৎসাহী সমাজের কাছে স্বাধীনতা যুদ্ধের জন্য সাহায্য প্রার্থনা করে বাংলাদেশ শিক্ষক সমিতির আবেদন	বাংলাদেশ শিক্ষক সমিতি	১ জুলাই, ১৯৭১

BANGLADESH SIKSHAK SAMITI

(Bangladesh Teachers' Association)

Darbhanga Building, Calcutta University, Calcutta-12, India.

Dear friend, July 1, 1971

Perhaps you are aware that in the lace of unparalleled atrocities committed by the Pakistan Army on the people of East Pakistan, now Bangladesh, a large number of teachers of all levels has crossed into India. Since the community of teachers had played a significant role for over two decades, in the movement for democracy, secularism and a just social order in the country, its members became naturally enough a special target of the Pakistan Army. Many teachers have been killed, others who are trapped in the occupied zones are being harassed and persecuted, a few have been forced at gunpoint to issue statements in support of the action of the Pakistan Army. As a result, members of this harassed community are tracking into India every day. The teachers from Bangladesh, now in temporary exile in India, have formed an association of their own, on whose behalf we are writing you to-day.

About 100 university teachers. 1000 college teachers and 3000 schoolteachers have registered their names with us. Several thousand others in different bordering states of India are yet to make contract with the Association. Most of the teachers have come with their families and all are without any means to support themselves.

Having regard to the contribution that this community has made in the past and their expectant role in the reconstruction of society as and when the country achieves freedom, it is felt that we make all efforts to save it from impending doom. We have drawn up a number of schemes for providing the teachers with temporary academic occupation- research, publications and teaching the evacuee children in the refugee camps. The execution of this programme will require financial assistance from non-governmental sources, in addition to what the government of India and the government of Bangladesh may be in a position to make.

In the circumstances, we appeal to you-the members of the academic community the world over-to contribute generously to the funds of our Association. Contributions may be sent to the Bangladesh Sikshak Samiti. Darbhanga Building, Calcutta University, Calcutta-12, India.

Sincerely yours.
(Dr. A. R. Mallick)
Vice-Chancellor.
University of Chittagong
and
President.
Bangladesh Sikshak Samiti.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ বুদ্ধিজীবি মুক্তি সংগ্রাম পরিষদের পক্ষে জহির রায়হানের একটি আবেদন	বাংলাদেশ বুদ্ধিজীবি মুক্তিসংগ্রাম পরিষদ	৬ জুলাই, ১৯৭১

BANGLADESH LIBERATION COUNCIL
OF THE INTELLIGENTSIA
বাংলাদেশ বুদিজীবি মুহিসংগ্রাম পরিষদ

July 6, 1971.

Dear

Teachers, writers, painters, artists and journalists of Bangladesh those who have been forced to take temporary refuge in India have recently formed an organisation entitled Bangladesh Liberation Council of the Intelligentsia. Our aims and objectives are explained in an appeal enclosed. Further information about, our organisation can be obtained from the address given below.

At present we are in desperate need of financial and material help from an fraternal organizations and sympathetic individuals around the world. We hope you would be in a position to extend all possible help and co-operation in our efforts.

Any monetary contribution may be sent to :
Dr. A. R. Mallick
President. Bangladesh Liberation Council
of the Intelligentsia
17, Sundari Mohan Avenue
Calcutta-14, India.

With best regards.
Yours truly.
(Zahir Raihan)
General Secretary.

শিরোনাম	সূত্র	তারিখ
সংসদ সদস্যদের সমাবেশে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ভাষণ	বাংলাদেশ সরকার	৬ জুলাই, ১৯৭১

বাংলাদেশ পরিষদ সদস্যবর্গের সমাবেশে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ভাষণ

স্বাধীন বাংলাদেশের মাননীয় পরিষদ সদস্যবর্গঃ

আপনারা আমার সংগ্রামী অভিনন্দন ও শুভেচ্ছা গ্রহণ করুন। বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার পর আমরা সবাই একসঙ্গে মিলিত হবার সুযোগ পেয়েছি। আজ জাতির ক্রান্তি-লগ্নে আমাদের এই সম্মেলনের গুরুত্ব অপরিসীম। আমাদের মুক্তিফৌজের বীর নওজোয়ানেরা অপূর্ব বীরত্বের সাথে এখন শত্রুর মোকাবেলা করছে। হাজার হাজার যুবক পবিত্র মাতৃভূমির স্বাধীনতা রক্ষার সংকল্পে দৃঢ়প্রতিজ্ঞ। আত্মোৎসর্গের মহান আদর্শে তারা বলীয়ান।

মাননীয় সদস্যবৃন্দ, আপনারা জনগণের নির্বাচিত প্রতিনিধি। বাংলার সাড়ে সাত কোটি মানুষ বিশ্বাস করে তাদের দায়িত্ব আপনাদের অর্পণ করেছিল। আপনারা সবাই বাঙালীর স্বাধীনতা যুদ্ধের সৈনিক বৈ আর কিছু নন। আমাদের মহান নেতা শেখ মুজিবুর রহমানের দীর্ঘদিনের সহচর হিসাবে তাঁর জীবনব্যাপী আদর্শ আর সংগ্রামের আমরা ধারক ও বাহক। আদর্শের জন্য, নীতির জন্য, নেতার কাছে আর বাংলার মানুষের কাছে দেওয়া প্রতিজ্ঞা রক্ষার জন্য এই ধরনের অটুট মনোবল আর কোন দেশের জনপ্রতিনিধিরা দেখাতে পেরেছেন কিনা তার নজীর আমার জানা নেই। আপনাদের বীরত্ব, আদর্শনিষ্ঠা, মনোবল ও ত্যাগের জন্য আমি অভিনন্দন জানাই। আপনারা গৃহহারা সর্বহারা হয়ে বাংলার স্বাধীনতা সংগ্রামে আত্মোৎসর্গ করেছেন- তাই আপনাদের প্রতি আমার অকুণ্ঠ আন্তরিক সালাম আর অভিনন্দন।

বন্ধুরা আমার, নির্বাচন-উত্তরকালে রমনার রেসকোর্স ময়দানে আমাদের মহান নেতা আপনাদেরকে শপথবাণী উচ্চারণ করিয়েছিলেন। সেদিন সাক্ষী ছিল রেসকোর্স ময়দানের লক্ষ লক্ষ সংগ্রামী জনতা আর বাংলার নির্যাতিত নিপীড়িত মানুষ। আমি আজ গর্বের সঙ্গে বলব, মহান নেতার হাত ধরে আমরা যে প্রতিজ্ঞা করেছিলাম যে প্রতিজ্ঞায় আমরা অটুট এবং অটল রয়েছি। আপনাদের অসীম মনোবল বিগত কয়েক মাস যাবৎ স্বাধীনতা সংগ্রামকে জিইয়ে রেখেছে। অবশ্যি সঙ্গে সঙ্গে এই কথা বলতে হবে, আমাদের যে সমস্ত বীর সৈনিকেরা, মুক্তিফৌজের যে তরুণ সংগ্রামীরা মাতৃভূমির স্বাধীনতার জন্য অস্ত্র হাতে তুলে নিয়েছেন তাঁদের অপূর্ব বীরত্ব বাংলার মানুষের জন্য এক গর্বের বস্তু। আর ভবিষ্যৎ ইতিহাসের জন্য তা এক অপূর্ব বীর গাঁথা।

৬-দফা ভিত্তিক শাসনতন্ত্র রচনার জন্য আপনারা জনগণের কাছে যে প্রতিশ্রুতি দিয়ে নির্বাচিত হয়েছিলেন তা পালন করতে আপনাদের নেতা এবং তার সহকর্মীবৃন্দ কী কী প্রচেষ্টা চালিয়েছেন, তা আপনাদের জানা আছে।

জাতীয় পরিষদের সদস্যগণ জানেন, একটা খসড়া শাসনতন্ত্র প্রণয়ন করে আপনাদের সামনে পেশ করা হয়েছিল। সেই খসড়া শাসনতন্ত্র পর্যালোচনা ও পরীক্ষার জন্য ৩০ সদস্য বিশিষ্ট সাব-কমিটি যখন আলাপ-আলোচনা চালাচ্ছিল, তখনই মার্চ মাসের সেই ১লা তারিখে হঠাৎ জনাব ইয়াহিয়া খান সাহেব ভুট্টো সাহেবের পরামর্শে আর তাঁর অভিমান রক্ষার জন্য জাতীয় পরিষদের অধিবেশন বন্ধ করে দেন। সারা পৃথিবী জানে, আজকে পাকিস্তান দ্বিধাবিভক্ত হওয়ার যদি কোন মূল আর সঙ্গত কারণ থাকে, তাহলে সে অবস্থা সৃষ্টি আমরা

করি নাই, করেছেন ইয়াহিয়া খান সাহেব আর ভুট্টো সাহেব। আর এর জন্য দায়ী পশ্চিম পাকিস্তানের শোষকেরা, যারা ২৩ বছর পর্যন্ত বাংলার গরীব-চাষী মজুরের রক্ত শোষণ করে পাহাড় গড়ে তুলেছে।

আওয়ামী লীগের মাননীয় সদস্যবৃন্দ, আমরা কি অপরাধ করেছি? আমাদের একমাত্র অপরাধ ২ বছর পর্যন্ত আমরা পাকিস্তানের অখন্ডতা রক্ষা করার জন্য চেষ্টা করেছিলাম। আমরা বলেছিলাম, বাংলার মানুষকে শোষণ করে, বাংলার চাষী-মজুরের রক্ত শোষণ করে কায়েমী স্বার্থবাদীরা আর পশ্চিম পাকিস্তানের পুঁজিবাদীরা যারা বাংলাকে আজ রিক্ত করেছে, শূন্য করেছে, তারাই পাকিস্তানকে ধ্বংস করতে চায়। নিয়মতান্ত্রিক উপায়ে সেই সমস্যার সমাধান করতে চাইলাম বলে আমরা নির্বাচনে অংশগ্রহণ করেছিলাম। আমাদের নেতা নির্বাচন পরবর্তীকালেও একটার পর একটা চেষ্টা চালিয়েছিলেন। কিন্তু যারা কায়েমী স্বার্থবাদের দালাল, পশ্চিম পাকিস্তানের একচেটিয়া পুঁজিবাদের দালাল, পশ্চিম পাকিস্তানের সামন্ত প্রভুদের দালাল- আজ যারা পশ্চিম পাকিস্তানের সামরিক জান্তাদের ছত্রচ্ছায়ায় রাজনীতি করে শুধু বিলাস আর ভোগ করতে চায়, তারাই বঙ্গবন্ধুর গণতান্ত্রিক প্রচেষ্টায় বাধা হয়ে দাঁড়ালো। আওয়ামী লীগের আন্তরিকতাকে তারা দুর্বলতা মনে করে তাকে বানচাল করতে চেষ্টা করলো।

১লা মার্চের পর থেকে প্রতিটি ঘটনা যে কত দ্রুতগতিতে অগ্রসর হয়েছিল সে আপনারা নিজের চোখে দেখেছেন। আমার স্পষ্ট মনে আছে- যেদিন ইয়াহিয়া খান সাহেব জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবী ঘোষণা করলেন, সেদিন পূর্বাণী হোটেলে আমরা সম্মেলনে আর একবারের মত বসেছিলাম। সেখানে বঙ্গবন্ধুকে সামনে রেখে আমি ব্যক্তিগতভাবে একটার পর একটা প্রতিজ্ঞাবাণী উচ্চারণ করেছিলাম। আর আপনারা সেই প্রতিজ্ঞা প্রতিধ্বনিত করে আবার বলেছিলেন বাংলার মানুষের কাছে- আপনারা বিশ্বাসঘাতকতা করবেন না। দেশবাসী জানে বিশ্বাসঘাতকতা আপনারা করেন নাই। জঙ্গীশাহীর অত্যাচার, ইয়াহিয়ার প্রলোভন কোন কিছুই আপনাদের টলাতে পারে নাই। ইতিহাস এই কাহিনী একদিন স্বর্ণাক্ষরে লিখে রাখবে বলে আমার নিশ্চিত বিশ্বাস।

আপনারা নিজ নিজ এলাকায় ছড়িয়ে পড়েছিলেন- অসহযোগ আন্দোলনের বাণী নিয়ে বাংলাদেশের হাটে, মাঠে, ঘাটে, বাংলাদেশের সরকারী আদালতে। বাংলার দেশ-প্রেমিক ছাত্র-জনতার সাহায্যে আপনারা যে অভূতপূর্ব অসহযোগ আন্দোলন সৃষ্টি করেছিলেন, ইতিহাসে তার নজীর নেই। সেই অসহযোগ আন্দোলনের সময়ে যখন আমরা একটা থেকে একটা সঙ্কটের মুখে উত্তরণ লাভ করেছিলাম, তখন ইয়াহিয়া খান সাহেব ১৫ই মার্চ ঢাকায় আলোচনা করতে এসেছিলেন। ইয়াহিয়া খান সাহেবের সঙ্গে বঙ্গবন্ধুর আলোচনা শুরু হলো। ইয়াহিয়া খান সাহেব, আপনি যদি বিন্দুমাত্র সত্য কথা বলেন, আজকে না হোক, কবরে গিয়েও যদি জবাব দেন- তাহলে অস্বীকার করতে পারবেন না যে, বঙ্গবন্ধুর সঙ্গে প্রথম আলোচনাতেই আপনি স্বীকার করেছিলেন, জনগণের হাতে ক্ষমতা ফিরিয়ে দেবেন, মার্শাল ল' উঠিয়ে নেবেন এবং ৬-দফার ভিত্তিতে একটা অন্তবর্তীকালীন শাসনতন্ত্র জারী করে ক্ষমতা আওয়ামী লীগের হাতে তুলে দেবেন। এর ভিত্তিতে আলোচনা হলো। বঙ্গবন্ধুর আদেশে এবং নির্দেশে আমি এবং প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন সাহেব, আলোচনা শুরু করলাম। জনাব ইয়াহিয়া খান সাহেবের পক্ষে ছিলেন লেঃ জেঃ পীরজাদা, প্রাক্তন বিচারপতি কর্নেলিয়াস, আর অর্থনীতিবিদ বাংলার মানুষের চিরশত্রু এম, এম, আহম্মদ। ২৪ শে মার্চ পর্যন্ত আলোচনা হলো। ডকুমেন্টও তৈরী হলো। জাষ্টিস কর্নেলিয়াস সাহেব উপস্থিত ছিলেন। উনি যদি একজন সৎ-খ্রীস্টান হয়ে থাকেন তাহলে তাকে এ কথা স্বীকার করতে হবে।

বন্ধুরা আমার, আপনারা বলতে পারেন, নিরস্ত্র মানুষকে কেন তারা গুলি করে মারলো? কেন পরিষদ সদস্যদের বাড়িঘরে কামান চালানো হলো?

সেই ২৫শে মার্চের রাতের আঁধারে এই বীভৎস ঘটনার প্রতিবাদে আপনারা রুখে দাঁড়ালেন। বাংলার নির্বাচিত গণপ্রতিনিধিরা মফঃস্বল শহরে, জেলা শহরে, গ্রামে, বন্দরে রাজনৈতিক নেতৃত্ব দেওয়ার জন্য রুখে

দাঁড়িয়েছিলেন। আমি শ্রদ্ধার সঙ্গে স্বীকার করবো আমাদের ও বেঙ্গল রেজিমেন্টের বীরত্ব আজকের ইতিহাসের এক উজ্জ্বল অধ্যায়। ই পি আর, আমাদের পুলিশ বাহিনী, আমাদের আনসার, আমাদের মোজাহিদরাও বাংলার মানুষের পাশে এসে দাঁড়াল। বন্দুক আর কামান তুলে নিন। আজ তারা সংগ্রামের পুরোভাগে। বাংলার গ্রামে, বন্দরে, গঞ্জে আপনারা দাঁড়ালেন। আমি কিভাবে যে আপনাদের শ্রদ্ধা জানাব তা আমি ভাষায় প্রকাশ করতে পারি না। যে সমস্ত মিথ্যাবাদী বলে আওয়ামী লীগের নেতারা আর সদস্যরা সংগ্রামের পুরোভাগে ছিল না তাদের আমি জবাব দিতে চাই। বাংলার মানুষ জানে আপনারই রয়েছেন পুরোভাগে। আমি জানি চট্টগ্রামে, ময়মনসিংহে, যশোরে, রংপুরে, খুলনায়, বরিশালে, ঢাকায়, ফরিদপুরে বাংলার সর্বত্র আপনাদের নেতৃত্বেই সংগ্রাম হয়েছে। নিজের প্রাণের মায়া ত্যাগ করে আপনারা গ্রামে-বন্দরে ঘুরে বেড়িয়েছেন। বাংলার সৈনিকদের পাশে পাশে আপনারা রয়েছেন। অকুতোভয় আপনারা লড়েছেন। বাংলার সৈনিকেরা যখন বুকের তাজা রক্ত মাতৃভূমির জন্য ঢেলে দিচ্ছেন এর পরে বাংলার স্বাধীনতা ঘোষণা না করে আর কি পথ ছিল? স্বাধীনতার জন্য লড়াই্ না করে আর কি উপায় ছিল? মূলতঃ এবং বাহ্যত বঙ্গবন্ধু গ্রেপ্তার হওয়ার মুহূর্তে স্বাধীনতা ঘোষণার বাণী রেখে যান। আমরা জানতাম বঙ্গবন্ধু যদি গ্রেপ্তার হন, তবে স্বাধীনতা ঘোষণা তিনিই করে যাবেন। আর এই স্বাধীনতা রক্ষা করার জন্যই আমাদের সংগ্রাম করে যেতে হবে।

প্রিয় বন্ধুরা আমার, ২৫শে মার্চের রাতের পরে আমরা বিছিন্ন হয়ে পড়েছিলাম। তাই স্বাধীন বাংলাদেশ সরকার গঠনের ঘোষণা করতে আমাদের একটু বিলম্ব হয়েছিল।

আমরা যে পাঁচজন শেখ সাহেবের পাশে ছিলাম এবং যাদের কাছে কথিত, লিখিত, অলিখিত সর্বপ্রকারের দায়িত্ব বঙ্গবন্ধু দিয়ে গিয়েছিলেন- ১৩ই এপ্রিল তারিখে বাংলার পূর্ব অঞ্চলে সর্বপ্রথমে একত্রিত হলাম। পরিষদের সদস্যবৃন্দ যারা উপস্থিত ছিলেন তাদের সামনে সেদিন আমি আমার সহকর্মীবৃন্দের তরফ থেকে স্বাধীনতা কার্যকরী করার জন্য পরিকল্পনা পেশ করেছিলাম। তখন যোগাযোগহীন অবস্থায় আপনাদের বেশীর ভাগই ছিলেন বাংলাদেশে শত্রুর দখলীকৃত এলাকার অভ্যন্তরে। অথচ একটা সরকার গঠন না করলে স্বাধীনতা সংগ্রামকে পরিচালনা করা যাচ্ছিল না। সেইহেতু সেদিনের উপস্থিত বন্ধুদের কাছেই আমরা পরিকল্পনা পেশ করেছিলাম।

১৯৫৭ সালে পলাশীর আম্রকাননে আমাদের স্বাধীনতা সূর্য অস্তমিত হয়েছিল। আর ১৯৭১ সালে বাংলাদেশের আর একটি আম্রকাননে দাঁড়িয়ে আমরা বাংলাদেশের সাড়ে ৭ কোটি মানুষ এবং বঙ্গবন্ধুর তরফ থেকে স্বাধীনতা ঘোষণা করেছি।

স্বাধীনতা ঘোষণা করেই ১৭ই এপ্রিল সারা পৃথিবীর মানুষকে যা বলেছিলাম, আমরা বিশ্বাস করি তা অন্তরের বাণী। বিশ্বাস করি- ১৭ই এপ্রিলের এই ঘোষণা বাংলার সাড়ে সাত কোটি মানুষের অন্তরের অন্তঃস্থলের মর্মবেদনার এক অগ্নিস্ফুলিঙ্গের বিরাট বিস্ফোরণ।

স্বাধীনতা ঘোষণার পর আমি আমার সহকর্মী জনাব তাজউদ্দিন আহম্মেদকে প্রধানমন্ত্রীর দায়িত্ব দিয়েছিলাম। তাঁর পরামর্শে এবং বঙ্গবন্ধুর পূর্বতম নির্দেশের বলে আমি জনাব খোন্দকার মোস্তাক আহম্মদকে পররাষ্ট্রমন্ত্রী, জনাব মনসুর আলী সাহেবকে অর্থমন্ত্রী আর জনাব কামরুজ্জামান সাহেবকে স্বরাষ্ট্রমন্ত্রীর পদে নিযুক্ত করেছিলাম। আমরা জানতাম, আপনারা যে প্রয়োজনে তাঁদেরকে দীর্ঘকাল নেতৃত্বের আসনে বসিয়েছেন, আমি আপনাদের সবার সঙ্গে পরামর্শ না করেও নিঃসঙ্কোচে আর বিনা দ্বিধায় তাঁদেরকে সরকারের দায়িত্ব দিতে পারি।

তাঁদেরকে দায়িত্ব দেওয়ার পরে তিন মাস চলে গিয়েছে। এই তিন মাস যাবৎ আমি আপনাদের কাছে অকপটে স্বীকার করব- যা করার ছিল অনেক কিছু করা সম্ভবপর হয় নাই।

কিন্তু আপনাদেরকে আমি একটি কথা বলব, জনাব তাজউদ্দিন আহম্মদ এবং তাঁর মন্ত্রিসভার সদস্যরা আন্তরিকতার সঙ্গে কাজ করার চেষ্টা করেছেন। আমাদের সৌভাগ্য যে আমাদের সরকারের জন্মমুহূর্ত থেকেই,

কর্নেল এ, জি, ওসমানীর মত একজন স্বনামধন্য দেশপ্রেমিক সমরবিশারদকে সেনাবাহিনীর প্রধান সেনাপতিরূপে পেয়েছি। আপনারা জানেন, অত্যাধুনিক সমরাস্ত্রে সুসজ্জিত পাকিস্তান বাহিনীর বিরুদ্ধ জলে, স্থলে, অন্তরীক্ষে আমাদের বীর মুক্তিবাহিনী অসীম বীরত্বের সাথে একটি অসম লড়াই লড়ে যাচ্ছেন।

রণক্ষেত্রে পশ্চাদপসরণ পরাজয় নয়। যুদ্ধের প্রয়োজনে পশ্চাদপসরণ করতে হয় এবং যাতে পুনরায় তীব্র আক্রমণে জয়লাভ করা যায়। যেদিন হিটলারের বাহিনী ফরাসীদেশ আক্রমণ করেছিল সেদিন হাজার হাজার বছরের পুরাতন সভ্যতা ও সংস্কৃতির উত্তরাধিকারী ফরাসী সরকারকেও হিটলারের কাছে মাথা নোয়াতে হয়েছিল। মাত্র ৩ দিনে সব ধ্বংস করে হিটলারের ট্যাংক বাহিনী প্যারিসের উপকণ্ঠে উপস্থি হয়েছিল। ফরাসী দেশের বীরনায়ক জেনারেল দ্য গল মাত্র মুষ্টিমেয় সৈন্য নিয়ে ইংলিশ চ্যানেল পার হয়ে ইংল্যান্ডে চলে গিয়েছিলেন। পরবর্তীকালে জেনারেল দ্য গল শক্তি সঞ্চয় করে যেদিন ইংলিশ চ্যানেল পার হয়ে ফ্রান্সে অবতরণ করেছিলেন সেদিন হিটলারের বাহিনী তাঁর সামনে টিকতে পারেনি।

বৃটিশের মত শক্তিশালী সেনাবাহিনীকেও সিঙ্গাপুর থেকে হটে এসে বর্মা ত্যাগ করতে হয়েছিল। যুদ্ধে পশ্চাদপসরণ করতে হয় যুদ্ধের কলাকৌশল প্রয়োজনে। তাই বাংলার মুক্তিবাহিনী আজকে সাময়িকভাবে যদি কোন রণাঙ্গন থেকে পশ্চাদপসরণ করে তবে তাকে পরাজয় মনে করবেন না। আমাদের বীর মুক্তিযোদ্ধারা পরাজিত হওয়ার জন্য রণক্ষেত্রে অস্ত্রধারণ করেনি। বীর মুক্তিযোদ্ধারা জয়লাভ করার জন্যই অস্ত্রধারণ করেছি। জয় আমাদেরই হবেই।

আমি জানি, আজকে বাংলার ঘরে ঘরে কী হাহাকার! আমি জানি নির্বাচিত প্রতিনিধি হিসাবে আপনাদের বুকের মধ্যে কী ক্রন্দনের রোল! আপনারা যখন শোনেন, আপনার শহরে, আপনার গ্রামে, আপনার গঞ্জে যারা একদিন বিশ্বাস করে, ভালবেসে, আপনাদের ভোট দিয়েছিল তাদের ঘরবাড়ি আজকে জ্বালিয়ে দেয়া হচ্ছে, তখন কী মর্মবেদনায় আপনারা পীড়িত হন! আপনার প্রতিবেশী নারীদেরকে বর্বর পশুরা ইজ্জতের হানি করছে জেনে আপনাদের কলিজা ফেটে যায়। এই ধরনের অত্যাচার পৃথিবীর ইতিহাসে কোন সৈন্যবাহিনী কোন দিন করে নাই। নারীর ইজ্জত লুণ্ঠিত হচ্ছে আজ আবার বাংলাদেশে, হত্যা করা হয়েছে দশ লক্ষ নারী, পুরুষ আর শিশুকে। মসজিদ, মন্দির আর গীর্জা ধ্বংস হয়েছে। বাংলার ফসল আজকে মাঠে মাঠে লুটিয়ে পড়েছে। আমাদের তরুণদের আজকে হত্যা করা হচ্ছে, গুলি করে মারা হচ্ছে।

এই কাহিনীর মর্মবেদনা আপনাদের বুকের ভেতর যেমন বাজে, আমার বুকে যেমন বাজে আর সকলের বুকেও তেমনি বাজে। যদি বঙ্গবন্ধু আজ আমাদের মধ্যে উপস্থিত থাকতেন, তার প্রিয় দেশবাসীর এই মর্মন্তুদ দুঃখে তিনি অধীর হয়ে যেতেন তাদের মুক্তির জন্য। তাই বন্ধুরা! আপনাদের ব্যথা বিশ্ববাসীকে বলার জন্য মন্ত্রীসভার সদস্যরা আপ্রাণ চেষ্টা করে চলেছেন। তাঁরা কি পর্যন্ত সফল হয়েছেন তার বিচার করবেন আপনারা। কিন্তু একটা জিনিস আপনাদেরকে আমি স্পষ্ট করে বলে দিতে চাই- আপনারা সমালোচনার সঙ্গে সঙ্গে কিভাবে কাজের অগ্রগতি সম্ভব তার পথ দেখিয়ে দিন।

বিশ্ববাসীর কাছে সারা পৃথিবীর পত্র-পত্রিকা আর কূটনৈতিক কার্যকলাপের দ্বারা আমরা এই কথা প্রমাণ করতে সক্ষম হয়েছি যে বাংলাদেশে আজ গণহত্যা চলছে। আজকে আপনাদের মন্ত্রিসভা নিরলস চেষ্টা দ্বারা সারা পৃথিবীর কাছে প্রমাণ করতে সক্ষম হয়েছে যে ইয়াহিয়া ভুল আর ভ্রান্ত, আর আমরা সঠিক পথে চলেছি। আজকে সারা পৃথিবীর পত্র-পত্রিকা তা গ্রহণ করেছে।

আজকে লন্ডনের ''অবজারভার'' ''সানডে টাইম'' বা যে-কোন পত্র-পত্রিকা দেখুন, ইয়াহিয়ার বর্বরতার নিন্দায় তারা মুখর। যে আমেরিকা সারা পৃথিবীর রাজনীতি নিয়ন্ত্রণ করে, ''নিউইয়র্ক টাইম'' এবং অন্যান্য সমস্ত প্রভাবশালী পত্রিকাগুলি ইয়াহিয়াকে ধিক্কার দিচ্ছে। শুধু তাই নয়, ফরাসীদেশে, ইটালীতে, জার্মানীতে, স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলোতে এমন কি আরবেরও কোন কোন অঞ্চলে বিশেষ করে বৈরুতের আর সুদানের পত্রিকাগুলি আপনাদের পক্ষে আজকে মত প্রকাশ করে চলেছে।

আপনারা জিজ্ঞেস করতে পারেন যে এখন পর্যন্ত এই রাষ্ট্রের এই সরকারের স্বীকৃতি কেন লাভ করা সম্ভবপর হয় নাই? কূটনৈতিক প্রশ্নে বৃহৎ শক্তিবর্গ পৃথিবীতে নিজস্ব স্বার্থের কারণে অনেক কিছু করে।

কিন্তু জেনে রাখুন বিশ্বের জনমত আপনার পক্ষে সেখানে বিশ্বের রাষ্ট্রগুলি আপনাকে স্বীকৃতি দেবেই। আমাদের বন্ধু ও প্রতিবেশী ভারতবর্ষ আমাদের লক্ষ লক্ষ শরনার্থীকে শুধু আশ্রয়ই দেয় নাই আমদের দাবীর ন্যায্যতাকে স্বীকার করে নিয়ে সাহায্য করার জন্য স্বেচ্ছায় আজকে এগিয়ে এসেছে। সেই জন্য ভারত সরকারের কাছে আমরা কৃতজ্ঞ।

বন্ধুরা আমার, মুক্তিসংগ্রামে, স্বাধীনতা সংগ্রামে একদিকে যেমন সৈন্যবাহিনীকে প্রস্তুত করতে হয় চরম আঘাত হানার জন্য, তেমনি আর একদিকে কূটনৈতিক আক্রমণের দ্বারা শত্রুকে পর্যুদস্ত করতে হয়। তৃতীয়তঃ দেশের অভ্যন্তরে মানুষের মনোবলকে শক্ত রাখতে হয়। আর শত্রুর মনোবল ভাঙ্গতে হয়।

বিদেশে কূটনৈতিক প্রচার চালিয়েছেন আপনার সরকার। মুক্তিফৌজকে সুসংগঠিত করার জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। হাজার হাজার ছেলে আজ মুক্তিফৌজে যোগ দেওয়ার জন্য, মাতৃভূমির স্বাধীনতা রক্ষা করার জন্য এগিয়ে আসছে। সবাইকে সমানভাবে সৈনিকের শিক্ষা দানের বন্দোবস্ত করা সম্ভব হয় নাই। তার একমাত্র কারণ আমাদের সীমিত সামর্থ।

মুক্তিসংগ্রামে ছাত্র ও যুব সম্প্রদায়কে অংশগ্রহণের জন্য বাংলাদেশ ছাত্রলীগ ও বাংলাদেশ ছাত্র ইউনিয়নের যৌথ বিজ্ঞপ্তি	বাংলাদেশ ছাত্র লীগ ও বাংলাদেশ ছাত্র ইউনিয়ন	৭ নভেম্বর, ১৯৭১

To
The News Editor,

Mujibnagar: 7th November, 1971.

Bangladesh Students' Union and Bangladesh Students' League the two traditional fighting organizations of the students of Bangladesh-the vanguard of all democratic movements have issued the radiant call of United Struggle against the reactionary ruling clique of Pakistan.

The representatives of these two main students organizations met to-day and issued the following statement on behalf of the students and youths of Bangladesh.

The signatories to the statement are :

* Noor-e-Alam Siddiquee.
President, Bangladesh
Students' league.

Nurul Islam
resident, Bangladesh
Students' Union

*Shahjahan Shiraj,
General Secretary,
Do

Mujahidul Islam Selim.
Do.General Secretary,

* A. S.M. AbdurRab,
Vice-President,
Dacca University Central Students' Union.

* Abdul Quddus Makhan,
General Secretary, Do.

Released By :

(Shahjahan Shiraj)
General Secretary,
Bangladesh Students' League. ,

(Mujahidul Islam Selim)
General Secretary,
Bangladesh Students' Union

PRESS RELEASE

The Statement:

The glorious freedom struggle of Bangladesh inspired by the ideal and conducted according to the instructions of Bangabandhu Sheikh Mujibur Rahman, the great leader of the Bengali Nation, is now seven months old. Our heroic freedom fighters are fighting a life and death battle and unhesitatingly shedding their blood for the liberation of their motherland. The fighting students of Bangladesh have long been unitedly fighting against the Ultra-reactionary ruling clique of Pakistan. In keeping with the past tradition of the students and youths of Bangladesh must forge iron-strong unity and canyon freedom struggle to liberate the motherland.

The students and youths must come forward and participate in the armed struggle.
We must keep in mind that the enemy of the 75 million people of Bangladesh- the savage Yahya clique is being nourished by the Chinese, Government, as well as the American Imperialists. We have therefore to fight against heavy odds.

Our struggle is a national liberation struggle for attaining the cherished goals of Bengali Nation and it is directed against imperialism and colonialism. This is a people's War. Therefore, all the fighting forces of Bangladesh should unite under the leadership of Bangladesh government.

We appeal to the youths and students of Bangladesh, particularly the workers of this two organizations to participate in the liberation struggle en masse against the freedom fighters unitedly, jointly boycott the administration in the Pak-occupied areas and destroy the invading army. We appeal to all fighting forces to advance under the leadership of the Bangladesh government that has been established according to people's verdict in order to accelerate our victory as well as to raise the demands for and secure the release of President of the People's Republic of Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman.

As the liberation forces are achieving new successes, the World conscious is more and more siding with us. We express our gratitude to the countries like India, Soviet Union which are in many ways helping and supporting us and we appeal to all freedom loving and democratic people and states, particularly the students and youths of the World, to extend support and assistance to our just struggle. We appeal to all States of the World to accord recognition to the Bangladesh Government headed by Bangabandhu Sheikh Mujibur Raqman.

We appeal to all strengthening united armed struggle with a view to establishing secular, democratic, progressive state by completely liberating Bangladesh, a state that will free from all kinds of exploitation and ensure peace and prosperity to the workers, peasants, middle class, students and youths.

There is nothing in the World more glorious than sacrificing our Jives in the struggle for liberating our motherland. Let us pledge to unitedly liberate the country from the clutches of the enemy. Our victory is certain. Joy Bangla.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ ছাত্রলীগ সভাপতি নূরে আলম সিদ্দীকির বক্তব্য	বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ	১৭ নভেম্বর, ১৯৭১

স্বাধীনতার অগ্নিমন্ত্রে শুচিশুদ্ধ অনির্বাণ মুক্তিবাহিনী, অকুতোভয় ছাত্র-শ্রমিক ও আমার সংগ্রামী অভিভাবকমন্ডলী।

বাঙ্গালী জাতীয়তাবাদের মহানায়ক মুক্তিপাগল জাতির জনক বঙ্গবন্ধুর মহান আদর্শে উজ্জীবিত, তার অবিস্মরণীয় প্রেরণায় অনুপ্রাণিত ও তাঁর অমোঘ নির্দেশ পরিচালিত স্বাধীনতা সংগ্রামের ৭ মাস অতিক্রান্ত হয়েছে। এই সংগ্রামের প্রারম্ভে বাংলার নৃশংস আক্রমণের মুখে এক দুর্ভেদ্য প্রতিরোধ আন্দোলন গড়ে তুলেছিল। হত্যা, ব্যাভিচার, নৃশংসতা ও পাশবিকতারকাছে বাংলার গণদেবতা মাথা নত করে নাই, আর তাই, আমাদের আন্দোলন ক্রমে ক্রমে প্রতিরোধের মোহনা হতে প্রতিঘাতের প্রচন্ড উন্মত্ততায় মোড় নেয়। বাংলার প্রতিটি তরুণ বঙ্গবন্ধুর মহান আদর্শকে সামনে রেখে মায়ের কোল ছেড়ে বেরিয়ে আসে বাংলার প্রত্যন্ত অঞ্চলে। তারা সামরিক শিক্ষা নিতে থাকে শত্রুর বিষদাঁতগুলো উপড়ে ফেলা আর জননী বাংলাকে মুক্ত করার দৃপাত মানসে। তাই আজ আমরা দেখতে পাই, ২৪ ঘন্টায় বাংলাকে পর্যুদস্ত করার দুঃস্বপ্ন তাদের ভেঙ্গে চৌচির হয়ে গেছে, আমারা দেখতে পাই সূর্যসেনাদের তীক্ষ্ম আঘাতের বিপর্যস্ত পশ্চিমা পশুদের শায়িত লাশের স্তুপ। ঐক্যবদ্ধ বাঙ্গালীর সংগ্রামের ফলে শুধু পশ্চিমা ষড়যন্ত্রের প্রাসাদ প্রকম্পিত হয়ে ওঠে নাই, সারাবিশ্ব বুঝতে পেরেছে যে, বাঙালী নিঃস্ব নয়। বাঙালীরা পরাধীনতা মানে না।

আজ সারা বাংলার একটি পথ- সে পথ মুক্তির, সে পথ স্বাধীনতার। তাই মৃত্যুর ভ্রুকুটি নির্যাতনের খড়গাঘাত আমাদেরকে বিপর্যস্ত করতে পরেনি; বরং শত্রুর পাশবিকতা শত্রু হননের প্রতিহিংসায় আমাদের প্রজ্জ্বলিত করেছে। বাংলার মাটি আজ অপরাজেয়, বাঙালীর প্রতিটি ঘর দুর্ভেদ্য দুর্গ। সমঝোতার প্রলোভন তাদের কাছে প্রহসন ছাড়া কিছুই নয়। আন্দোলনের অনির্বাণ আদর্শ বঙ্গবন্ধু শেখ মুজিব, আর আন্দোলনের সম্পূর্ণ পরিচালনার দায়িত্ব আওয়ামী লীগের। বাংলার সংগ্রামী প্রতিষ্ঠানের পক্ষ থেকে গণম্যান্ডেন্টকে উপেক্ষা করার ঔদ্ধত্যের চ্যালেঞ্জ করে যখন স্বাধীনতার উদাত্ত আহবান ছাত্রসংগ্রাম পরিষদ জানায়, তখন তারা বঙ্গবন্ধুকে মহান জাতির নেতা হিসাবে সামনে রেখেই এ আন্দোলনের ডাক দিয়েছিল এবং দালাল ছাড়া বাংলার প্রতিটি মানুষ ঐক্যবদ্ধভাবে এ আন্দোলনের পাশে সে দাঁড়িয়েছিল দলমত নির্বিশেষে। আজ স্বাধীনতা আন্দোলনের ৭ মাস অতিক্রান্ত হয়েছে। বাংলাদেশের মাটিতে মুখচেনা দালাল, ডাস্টবিনের আবর্জনাকে তুলে এনে বিশ্বকে যখন বিভ্রান্ত করার প্রচেষ্টা করা হচ্ছে, তখন বাংলার প্রতিটি প্রগতিশীল মহলের সম্মিলিত পতাকার নিচে দাঁড়িয়ে এ দূরুভিসন্ধির চ্যালেঞ্জ মোকাবেলা করা উচিত। বিশ্বের মানুষ জানে বাংলার প্রগতিশীল রাজনৈতিক মহল দ্বিধাহীনচিত্তে বঙ্গবন্ধুর নেতৃত্বে আস্থা প্রকাশ করে এবং গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারকে সমর্থন জানিয়ে অকুতোভয় সে চ্যালেঞ্জের মোকাবিলা করেছেন। এছাড়া আমি গর্বিত এবং আনন্দিত বাংলাদেশ ছাত্র ইউনিয়ন আমাদের সাথে এক যুক্ত বিবৃতির মাধ্যমে বাঙ্গালী জাতির মহানায়ক বঙ্গবন্ধুর আদর্শে, অনুপ্রেরণায় ও নির্দেশে পরিচালিত স্বাধীনতা সংগ্রামে ঐক্যবদ্ধ মুক্তি আন্দোলনের আহবান জানিয়েছে। তারা সর্বক্ষেত্রে বাংলাদেশ সরকারের প্রশাসন গড়ে তোলার দ্বিধাহীন ডাক দিয়ে বিশ্বকে পুর্নবার জানিয়ে দিলেন সমস্ত প্ররোচনায় মুখে বাঙালী জাতি এক ও অভিন্ন। স্বাধীনতার প্রশ্নে তারা হিমাচলের মত অটল। ... .আসুন, আমরা রাত্রির বৃন্ত হতে ছিঁড়ে আনি ফুটন্ত সকাল।

সংগ্রামী ভাইয়েরা, দখলকৃত বাংলায় সম্প্রতি উপ-নির্বাচনের নামে বিশ্বের প্রচন্ডতম হাস্যকর প্রহসন সৃষ্টি করা হয়েছে। ২৪ বছরের ইতিহাসে যাদের কুষ্ঠরোগীর মত দালালীর ক্ষতচিহ্নে ভরা, গত নির্বাচনে ঐক্যবদ্ধ গণচেতনার ভয়ে যারা রণভঙ্গ দিয়ে বিবি সাহেবের আচঁলের তলায় আশ্রয় নিয়েছিলো, এমন কি বিশ্বাসঘাতক সবুর ও নির্লজ্জ ফ-কা চৌধুরীর মত যারা তওবা করে ক্ষমা ভিক্ষা করে বিবৃতি দিয়ে বঙ্গবন্ধুর নেতৃত্বে আস্থা

স্থাপন করেছিলো- তাদের মত প্রায় ৬৭ জন দালালকে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনার স্পর্ধ। দেখিয়েছে বিশ্বাসঘাতক জালেম। আমরা জানি জালেম প্রায় সব জায়গায় নির্বাচন এড়িয়ে গেছে। কারণ কালবৈশাখীর ঝড়ের প্রচন্ডতায় বিক্ষুদ্ধ বাংলাকে সে চিনেছে। সে জানত নির্বাচনের ঝুঁকি নেওয়ার শক্তি আর দুঃসাহস তার নাই, তবুও স্বাধীন সার্বভৌম বাংলায় নাক গলিয়ে যে অপরাধ ইয়াহিয়া করেছে তার প্রতিশোধ হিটলারের দোসব আইকম্যানের মৃত্যুদন্ডের মতই নেওয়া হবে। আমরা নিঃসংশয় রণাঙ্গনের বুলেট এ প্রশ্নের উত্তর দেব। ....

গণতন্ত্রমনা বাঙালীর হৃদয়ের ঔদার্যকে এরা কাপুরুষতা ভেবেছিল। গত নির্বাচনের পর প্রচন্ড গণবিস্ফোরণের মুখে এদের পিষে মাটির সাথে মিশিয়ে দিতে আমরা পারতাম। ... এদের জন্যে বাংলার আলো-বাতাস-মাটি আজ হারাম। এদের স্পর্শে বাংলার মাটি ডুকরে কেঁদে ওঠে। এদের দূষিত নিঃশ্বাসে বাংলার বাতাস দূষিত হয়। আজ এদের জন্য কোন মায়া নাই, মমতা নাই, দয়া-দাক্ষিণ্য নাই, ক্ষমা নাই। আজ এদের একমাত্র প্রাপ্য হল মৃত্যু। মোনেম আর মোনেম ঘোষিত এমপিএ আমির হোসেনের পথ ধরেই এদেরকে বাংলার বুক হতে বিদায় নিতে হবে। মাটির বুকেও যদি এরা লুকাতে চায়, মাটি খুঁড়ে এদের বের করে টুকরো টুকরো করে কেটে গায়ে লবণ ছিটিয়ে উন্মুক্ত স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে। ভবিষ্যতে প্রতিটি দালাল যেন এদের পরিণতির দৃষ্টান্ত দেখে শিউরে কেঁপে ওঠে।

সংগ্রামী ভাইয়েরা আমার,

যেখানে যখন যে অবস্থায় এদের পাওয়া যাবে, মৃত্যুই এদের পাওনা। এদেরকে করায়-গন্ডায় পাওয়া বুঝিয়ে দিতে হবে। ..... আমাদের ধারণা, ভারতের বিরুদ্ধে এরা যুদ্ধের পাঁয়তারা করছে, এর দাঁতভাঙ্গা জবাব দেয়ার জন্য আপনারা প্রস্তুত হোন।

সংগ্রামী ভাই-বোনেরা আমার, আপনারা নিশ্চয়ই উপলব্দি করেছেন, আমাদের স্বাধীনতা সংগ্রাম যতই তীব্রতর হচ্ছে বিশ্ববিবেক, আজ ততই স্পষ্ট আমাদের সপক্ষে। বিশ্বের পথে-প্রান্তরে আজ স্বাধীনতার সপক্ষে অশান্ত মিছিল।.... গণতন্ত্রের পাদপীঠ আমাদের নিকটতম প্রতিবেশী ভারত প্রথম হতেই সাড়ে সাত কোটি মানুষের পক্ষে কার হৃয়মথিত সহানুভূতি উজার করে দিয়েছে। আমি আনন্দিত রাশিয়াও আমাদের সমর্থনে এগিয়ে এসেছে। কিন্তু সংগ্রামী বাংলা এখন মুক্তির সুতীক্ষ্ম আকাংক্ষায় উদগ্রীব। সারা বাংলা এখর প্রচন্ড শক্তিতে শত্রুকে আঘাত হানছে। আর বিশ্ববিবেক যখন চিৎকার কর বলছে বিচারের বাণী নিরবে-নিভৃতে কাঁদতে দেব না, তখন আন্তর্জাতিক রাজনীতির চোরাগলিতে সমঝোতায় কানাঘুষা আমাদের কানে আসছে। আমরা এই ব্যর্থ প্রয়াসে কেবল মর্মাহতই নই, বিস্ময়াভিভূতও হয়েছি। ... মানবতার আর্তনাদ তাদের কর্ণকুহরে পৌঁছে না, অসহায় মানুষের আকুতি এদের হৃদয়কে নাড়া দেয় না। বাৎকে বাৎ এরা গণতন্ত্রের কথা বলে, কিন্তু গণতন্ত্রের অমোঘ মন্ত্র এদেরকে আকর্ষণ করে নাই, আর তাই ক্ষমতার সতরঞ্জে এরা ষড়যন্ত্রের গুটি চেলে বাজিমাৎ করতে চান। বিশ্ববিবেকের কণ্ঠস্বর হয়ে দৃঢ়চিত্তে সত্যের প্রতিধ্বনি করার কথা ছিল- রাহুচক্রে তিনিও আজ দিশেহারা হয়ে ঘুরপাক খাচ্ছেন, নইলে সেলসবারীতে ২৫ জন শ্বেতাঙ্গ হত্যা করার জন্যে যখন জাতিসংঘে মানবতা রক্ষা দিবস পালন করা হয়, তখন পৃথিবীর জঘন্যতম নৃশংসতা, জঘন্যতম পাশবিকতা, ১০ লক্ষ মানুষ হত্যার পরও তারা স্পন্দনহীন নির্বিকার থাকেন কেমন করে। ভাবতে আমি অবাক হয়ে যাই বিশ্বের নির্মমতম নৃশংসতার পরও সমঝোতা, কবরের শান্তি আর ধৈয্য ধারণের স্তুতিবাক্য আওড়ান তাঁরা কোন লজ্জার মাথা খেয়ে। শক্তির প্রচন্ড দাম্ভিকতায় উন্মাদ বলেই কেরিয়া, আলজেরিয়া, কিউবার ইতিহাস এদের চক্ষুকে উন্মোচিত করে নাই। এই সব মূক, ম্লান, বধির শক্তিবর্গকে আমরা নিঃসংশয়চিত্তে জানিয়ে দিতে চাই, এবার আমরা শেষ সমঝোতার জন্যই বৈঠকে বসেছি, তবে সে বৈঠক আন্তর্জাতিক প্রাসাদ শীতাতপ নিয়ন্ত্রিত দরবার কক্ষের গোলটেবিলে ঘিরে বসে নাই, বসেছে জননী বাংলার চতুস্পার্শেবর রণাঙ্গনের ট্রেঞ্চে- সে বৈঠকের আলোচনা চালাচ্ছে বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত সূর্যসেনা মুক্তিবাহিনীর নির্ভীক সেনানীরা। সে বেঠকের ভাষা স্বার্থের রাজনীতির পরিভাষার অনুলিপি নয়- তার ভাষা হল ব্যারেলের অগ্নিবর্ষী বুলেট। সে বৈঠকে সমঝোতা বা আপোষ-মীমাংসা হবে না- স্বাধীনতার

চূড়ান্ত সনদ লিখিত হবে। আর সে সনদ আমরা কলমের কালো কালিতে লিখতে চাই না, লিখব শত্রুর বুকের তাজা লাল টকটকে উত্তপ্ত রক্তে। আপনারা শুনে রাখুন, শত্রুর রক্ত নিক্তিতে মেপে আমরা পাওনা বুঝে নিতেই বৈঠকে বসেছি। এখানে রাজনৈতিক সওদাগরী ব্যর্থতার বেলাভূমিতে গুমরে মরবে।

আজও অসত্যের বুকে বিদীর্ণ করে সত্যের উদ্ভাসিত আলোকরশ্মি যেসব উপনিবেশবাদী শক্তি অবলোকন করতে পারেননি, শোষণ ও অবিচারকে যারা প্রতিবাদ করতে পারেননি, আজও দশ লক্ষ শহীদের আর্তনাদ যারা শোনেননি, সেইসব শক্তির প্রতিভূকে আমি একটিবার জিজ্ঞেস করতে পাই- এই শোষণের কষাঘাতে জর্জরিত হয়ে নিজের দেশ হইতে হিজরত করে আপনাদের জাতির কি জন্ম হয় নি?

বৃহৎ শক্তির প্রতিভূ আপনাকে একটি বার জিজ্ঞেস করতে চাই- দশ লক্ষ মানুষের মৃত্যু নয়, একটিবার আপনার সামনে যদি আমার জোয়ান ছেলেকে বুলেটের নির্মম আঘাতে শত্রুরা খুন করত, একটিবার আপনার চোখের সামনে আপনার অশীতিপর বৃদ্ধের বুক বেয়নেটের খোঁচায় চৌচির করে দিত, যদি একটিবারের জন্য আপনার চোখের সামনে আপনার মেয়েকে সম্পূর্ণ উলঙ্গ করে পাশবিক অত্যাচার করত, যদি আপনার সম্মুখে আপনার গর্ভবতী স্ত্রীর পেট চিরে তার গর্ভজাত সন্তানকে বেয়নেটের খোঁচায় বের করত, যদি আপনার বোনের কোল হতে তার তিন মাসের কচি শিশুকে কেড়ে নিয়ে তার সম্মুখেই টুকরো টুকরো করে খুন করত, যদি আপনার ঘর পুড়িয়ে ঘরছাড়া করে জোর করে পরে দেশে পরবাসী করত- তবে আপনি কি প্রতিহিংসার আগুনে জ্বলে উঠতেন না? আপনি কি ঐ জালেম জল্লাদের কবল হতে মুক্তি চাইতেন না? আপনার স্ত্রী অঝোরে কেঁদে বলত কিনা- ওগো এর প্রতিশোধ চাই। স্বজন হারানো শ্মশানে ওদের চিতা জ্বালাতে আপনি কি একটিবার চাইতেন না? শিশুর মৃত্যুকান্না ভেদ করে সমঝোতার সস্তা স্তুতিবাক্য কি আপনাকে সান্ত্বনা দিতে পারত? নিশ্চুপ কেন? উত্তর দিন। আপনি কি পারতেন শত্রুর রক্তে না রাঙিয়ে আপনার নিষ্পাপ সতীত্বহারা মেয়ের সামনে পিতৃত্বের অধিকার নিয়ে দাঁড়াতে। বৃহৎশক্তির প্রতিভূ! আপিনি যদি না পারে না পারেন তবে আমাদের পারতে বলবেন কোন লজ্জায়? কোন স্বার্থের তাগিদে? আজ আমি বিশ্বের উপনিবেশবাদী শক্তিসমূহের কাছে পরিষ্কার জানিয়ে দিতে চাই- আমরা আজ কেবল স্বাধীনতার জন্য লড়ছি না, লড়ছি মায়ের অশ্রু, পিতার আর্তনাদ, ভায়ের রক্ত, শিশুরকান্না, বোনের সতীত্ব হননের প্রতিশোধ নেওয়ার জন্য- লড়ছি শত্রুর রক্ত নিক্তিতে মেপে সব পাওনা বুঝে নেয়ার জন্য। এ যুদ্ধ সমঝোতার নয়, এ যুদ্ধ স্বাধীনতার। এ অস্ত্র কেবল বুলেটেই নয়, ন্যায় ও সত্যের মহান আদর্শ এর সঞ্জীবনী শক্তি। এর সেনা কেবল রণাঙ্গনে যোদ্ধারাই নয়, বাংলার সাড়ে সাত কোটি মানুষ।

আমি জানি, শক্তির দাম্ভিকতা যত প্রচন্ড হোক না কেন তারপরাজয় অবশ্যম্ভাবী। নইলে গত বিশ্বযুদ্ধে হিটলার পরাজিত হত না, মুসোলিনী হার মানত না। কোরিয়া, আলজেরিয়া, কিইবা মুক্ত হতো না। সর্বশেষ দৃষ্টান্ত আজকের চীন। আজ চীনের যে বিজয় তা পারমাণবিক শক্তির বিজয় নয়, সর্বহারা মানুষের বিজয়। তাই চীন স্বস্তি পরিষদে সর্বহারা ও স্বাধীনতাকামী মানুষের সমর্থনে এগিয়ে আসবে আমরা আশা করি।

ইতিহাস তুমি সাক্ষী রবে সাড়ে সাত কোটি মানুষর এই ন্যায়, সত্য ও স্বাধীনতার সংগ্রাম ব্যর্থ হবে না- হতে পারে না। ইনশাল্লাহ আমরা বিজয়ী হবই।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলার কমিউনিস্ট পার্টি কর্তৃক উপস্থিত রাষ্ট্রীয় রূপরেখা ও কর্মসূচী	বাংলার কমিউনিস্ট পার্টি	৩০ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের জনগণের সামনে উপস্থাপিত স্বাধীন সার্বভৌম জন গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজব্যবস্থা রূপরেখা ও কর্মসূচী

ভূমিকা

পূর্ব বাংলা পাকিস্তানী ঔপনিবেশিক শক্তি তথা দস্যু হানাদার বাহিনীর কবলমুক্ত। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধ ও লক্ষ লক্ষ নরনারীর জীবন এবং বিনিময়ে অর্জিত হয়েছে এ মুক্তি। এ মুক্তিসংগ্রামে পূর্ব বাংলার সমগ্র শোষিত মেহনতি মানুষের রয়েছে সক্রিয় অবদান। বিশেষ করে বিভিন্ন নামে আখ্যায়িত মুক্তি ফৌজের সর্বজনস্বীকৃত। বাংলা মায়ের মুক্তিপাগল ঐ সেনানীদের জীবনাহুতি ছাড়া এ সংগ্রাম কিছুতেই সফল হতে পারত না, যদিও পাকিস্তানী ঔপনিবেশিক পশুশক্তিকে পরাজিত করার প্রশ্নে ভারত সরকার ও তার সেনাবাহিনীর ভূমিকাও এখানে জড়িত আছে। তবুও এ কথা দৃঢ়তার সাথে বলা চলে যে, পূর্ব বাংলার মেহনতি জনগণ ও তার সন্তানদের দ্বারা গঠিত মুক্তিবাহিনীই ছিল এ যুদ্ধের নিয়ামক শক্তি। আগামী দিনেও স্বাধীন-সুখী-সমৃদ্ধিশীল সার্বভৌম বাংলাদেশ গঠনে এরাই নিয়ামক শক্তি হিসেবে কাজ করবে।

দেশ আজ হানাদার-মুক্ত হলেও শত্রুমুক্ত নয়, নয় শোষক ও শোষকহীন। কেননা, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের উপর কেবলমাত্র পাকিস্তানী শাসকরাই শোষণ চালায়নি- তাদের সাথে শোষণের শরিকদার ছিল (ক) দেশের অভ্যন্তরের জোতদার মহাজন বা সামন্তবাদী শ্রেণী (খ) বিদেশী সাম্রাজ্যবাদ বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদ, যদিও এ তিনের মধ্যে প্রধান শত্রুছিল পাকিস্তানী শাসকরা।

বাংলার মাটিতে আজ পাকিস্তানী শাসকরা না থাকলেও তাদের বহু কল-কারখানা, ব্যাঙ্ক, ইনস্যুরেন্স কোম্পানী ও ব্যবসায় প্রতিষ্ঠান রয়ে গেছে, রয়ে গেছে মার্কিনসহ বিভিন্ন সাম্রাজ্যবাদী দেশের পুঁজি-পাট্টা; তদুপরি জোতদার-মহাজনরা রয়েছে অক্ষত। অতএব ঐসব দেশী-বিদেশী শক্তির প্রত্যক্ষ ও পরোক্ষ শাসন ও শোষণ থেকে জনগণকে অবশ্যই মুক্ত করতে হবে, নতুবা আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান কর্তৃক বিঘোষিত শোষকহীন সমাজ হবে অর্থহীন।

গত নয় মাসের ঘটনাবলী কি প্রমান করে? প্রমাণ করে দেশের অভ্যন্তরের জোতদার-মহাজন ও তাদের দালালরাই ছিল পাকিস্তানী শাসকদের মূল খুঁটি; এদের প্রত্যক্ষ সহযোগিতায় পূর্ব বাংলার অসংখ্য গ্রামে সংঘটিত হয়েছে অগণিত 'মাইলাই' (ভিয়েতনাম) হত্যাকান্ড। আজো শেষ হয়নি দেশী-বিদেশী প্রতিক্রিয়াশীলদের ষড়যন্ত্র, ভাঙ্গেনি তাদের শোষণের বিষদাত।

তাছাড়া অর্থনৈতিক ব্যতীত রাজনৈতিক স্বাধীনতা অর্থহীন, তা পূর্ব বাংলার জনগণ গত চবিবশ বছর ধরে হাড়ে হাড়ে উপলব্দি করেছে, উপলব্দি করেছে বলেই বাংলার সাধারণ মানুষ সর্বাগ্রে স্বাধীনতার দাবী তুলেছে, সকলের আগে ধারণ করেছে অস্ত্র। এ জনগণই গত নয় মাসে সবচাইতে বেশী ত্যাগ স্বীকার করেছে। তাই এ জনগণকে সকল প্রকার শোষণ থেকে অবশ্যই মুক্ত করতে হবে। শুধু মুখের কথায় জনগণের মুখে হাসি ফুটবে

১৯৭১ সালের ৩০ ও ৩১ নভেম্বর এবং ১ ডিসেম্বর অনুষ্ঠিত পার্টির কংগ্রেসে গৃহীত রাজনৈতিক দলিলের ভিত্তিতে রচিত।

না, পেটে ভাত জুটবে না, বেকার পাবে না কাজ, ভূমিহীন পাবে না জমি, ঋণগ্রস্থ মানুষ হবে না, ঋণমুক্ত, রোগী পাবে না ঔষধপথ্য, শিক্ষার দ্বার হবে না সকলের জন্য খোলা।

এমতাবস্থায় দেশের সকল শ্রেণীর জনগনকে দেশী-বিদেশী সকল শাসন ও শোষণ থেকে মুক্ত করতে হলে সর্ব প্রথম তিনটি কাজের উপর বেশী গুরুত্ব দিতে হবে।

প্রথমত: দেশের সর্ব স্তরের জনগণের মধ্যে আনতে হবে স্বাধীনতা ও সার্বভৌমত্ব সম্পর্কে পূর্ন আস্থা। দেশের মাটিতে মিত্র বাহিনীর অবস্থানকে জনগণ ভীষণ আশঙ্কার চোখে দেখছে। যেহেতু আমাদের দেশের মানুষ ঘরপোড়া গরুর মত, তাই সিঁদুরে মেঘ দেখলেই তাদের ভয় জাগা স্বাভাবিক। এ অবস্থায় সরকারকে দৃঢ়ভাবে ঘোষণা করতে হবে-

পাকিস্তানী শাসক তথা বাইশ পরিবারের, বিদেশী সাম্রাজ্যবাদীদের এবং দেশীয় জোত-মহাজন শ্রেণীর যাবতীয় সম্পদ বাজেয়াপ্ত করা হবে। এ তিন শোষণের কবল থেকে জনগণ সম্পূন মুক্ত থাকবে।

দ্বিতীয়ত: সকল স্তরের মুক্তি ফৌজকে নিয়ে একটি নিয়মিত সেনাবাহিনী গড়ে তোলা এবং প্রাপ্তবয়স্ক ও কর্মক্ষম পুরুষদের সামরিক ট্রেনিং দানের জন্য মুক্তি ফৌজের উদ্যোগে দেশের বিভিন্ন অঞ্চলে ট্রেনিং কেন্দ্র স্থাপন করা ।

তৃতীয়ত: দেশের অভ্যন্তরে ছোট-বড় সকল রাজনৈতিক দলের সহযোগিতায় সমগ্র জাতির উন্নতি ও কল্যাণার্থে একটি সামগ্রিক কর্মসূচী প্রণয়ন করা ।

বাংলার কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে আমরা সমগ্র জাতির সামনে বিশেষ করে বাংলাদেশ সরকারের নিকট বিবেচনার জন্য উপরোক্ত উদ্দেশ্যে নিম্নোক্ত কর্মসূচী সবিনয় উপস্থিত করছি। আমরা দৃঢ়ভাবে মনে করি যে, একমাত্র এ কর্মসূচী বাস্তবায়ণের মাধ্যমেই বাংলার সমগ্র শোষিত ও মেহনতি জনগণের রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক মুক্তি আসতে পারে। আমরা এও দৃপ্তকণ্ঠে যোষণা করছি যে এ কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রের সরকারের সাথে বাংলার কমিউনিষ্ট পার্টি পূর্ণ সহযোগিতা প্রদান করবে।

প্রথমত: রাষ্ট্রের নাম হওয়া উচিত জনগনতান্ত্রিক পূর্ব বাংলা (People's Republic of Purba Bangla) । যেহেতু দুই বাংলা ছিল এক বাংলা, তাই 'বাংলাদেশ' নামটিতে সমগ্র বাংলাদেশ কে বুঝায় এবং এতে বিভান্তি থেকে যায়।

রাষ্ট্রের মুল নীতি সমূহ

(১) সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গড়ে তোলার জন্য দেশকে অনুন্নত কৃষিপ্রধান দেশ হতে উন্নত শিল্প প্রধান দেশ রুপে গড়ে তুলতে হবে। দেশকে শিল্পায়িত দেশরুপে গড়ে তোলার জন্য সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থায় পূর্ব ধাপ গনতান্ত্রিক সমাজব্যবস্থা অবশ্যই গড়ে তুলতে হবে। গনতান্ত্রিক সমাজ ব্যবস্থা গড়ে তোলার পথে মূল বাধারুপে তিনটি শত্রুসমাজের উপর জগদ্দল পাথরের মত দাঁড়িয়ে আছে। এ তিনটি শত্রু হচ্ছে- (১) উপনিবেশবাদ ও নয়া-উপনিবেশবাদ , (২) দেশীয় সামন্তবাদ এবং (৩) আমলাতান্ত্রিক শোষণ।

পাকিস্তান উপনিবেশবাদ, আন্তর্জাতিক সাম্রাজ্যবাদ বা নয়া উপনিবেশবাদ, দেশীয় সামন্তবাদ (জোতদার-মহাজনী) ও এদের দালালদের সমস্ত সম্পদ এবং দেশীয় আমলাতান্ত্রিক পুঁজি গণতান্ত্রিক সরকার বাজেয়াপ্ত করবে।

(২) রাষ্ট্র হবে সম্পূর্ণ স্বাধীন ও সার্বভৌম। আনুপাতিক ভোট* ব্যবস্থার মাধ্যমে জনগণ তাদের শ্রেণীভিত্তিক প্রতিনিধি নির্বাচন করে পার্লামেন্ট গঠন করবে এবং এ পার্লামেন্ট হবে জনগণের সার্বভৌম ক্ষমতা কার্যকরী করার সর্বোচ্চ শক্তিশালী হাতিয়ার। ১৮ বছর ও তদূর্ধ্ব বয়সের প্রতিটি নর-নারীর ভোটাধিকার থাকবে।

(৩) সকলের জন্য কর্মসংস্থান, খাদ্য-বস্ত্র-বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা এবং বৃদ্ধকালীন ভাতা প্রদান করার নিশ্চয়তা (গ্যারান্টি) সম্মুখে রেখে সমস্ত পরিকল্পনা প্রণয়ন ও কার্যকরী করা হবে।

(৪) বাংলাদেশে বসবাসকারী সকল জাতি, উপজাতি, ধর্ম, বর্ণ, ভাষা এবং নারী-পুরুষ নির্বিশেষে সকল মানুষের সমান রাষ্ট্রীয় ও সামাজিক অধিকারের নিশ্চয়তা থাকবে।

(৫) এ রাষ্ট্র দেশের মধ্যে সকল রকমের দুর্নীতি, স্বজনপ্রীতি, চুরি-ডাকতি-রাহাজানি, ভিক্ষাবৃত্তি, ব্যাভিচার-বেশ্যাবৃত্তি, মদ-মাতলামি-জুয়া, ছেলেধরা, কালোবাজারি মজুতদারি, দাঙ্গা-হাঙ্গামা, সাম্প্রদায়িকতা, উগ্র আঞ্চলিকতা প্রভৃতি যেসব সামাজিক অনাচার ও শোষণ-নিপীড়ন মানুষকে যুগ যুগ ধরে পঙ্গু করে এসেছিল- তার পরিপূর্ণ উচ্ছেদ করবে।

উপরোক্ত মূলনীতি সামনে রেখেই বাংলার কমিউনিস্ট পার্টি জন গণতান্ত্রিক রাষ্ট্রের নিম্নোক্ত কর্মসূচী হাজির করছে-

১। কৃষক ও কৃষি সমস্যার ক্ষেত্রে

(ক) বাংলাদেশের আধাসামন্তবাদী ব্যবস্থার অবশেষকে সম্পূর্ণভাবে উৎখাত করা হবে। "যে চাষ করে জমি তার'' এ নীতির ভিত্তিতে কৃষিব্যবস্থার পুনর্গঠন করা হবে। জাতীয় গণতান্ত্রিক বিপ্লবে তিন শত্রুর এবং তাদের দালালদের সমস্ত বাজেয়াপ্ত জমি ও কৃষি যন্ত্রপাতি ক্ষেতমজুর, বর্গাচাষী ও গরীব কৃষকদের মধ্যে প্রয়োজনের অনুপাতে বিনামূল্যে বিতরণ করা হবে।

(খ) বিপ্লবের মিত্র শিবিরে অনেক অকৃষক জমির মালিক আছে বা থাকবে যারা কৃষির আয়ের দ্বারা স্বাচ্ছন্দে জীবিকা নির্বাহ করতে পারছে না বলে অন্য পেশা গ্রহণ করেছে- কৃষক হিসাবে এদের ভূমিকা নেই। এদের জমি উচিত মূল্যে সরকারী খরচে ক্রয় করে বিনামূল্যে কৃষকদের মধ্যে বিলি করা হবে। কিন্তু এদের জমি তখনই নেওয়া হবে যখন এরা নিজ নিজ পেশার আয়ের দ্বারা স্বয়ংসম্পূর্ণ হতে পারবে, তার আগে নয়।

(গ) অন্ন-বস্ত্র-শিক্ষা-স্বাস্থ্য-বাসস্থান এর মৌলিক প্রশ্নে অসহায় বিধবা ও অন্যান্য অকৃষক মানুষদের হাতে জীবনধারণের মূল উপকরণ হিসেবে যে জমি আছে তা উচিত মূল্যে সরকারী খরচে ক্রয় করে নেওয়া হবে ও বিনামূল্যে কৃষকদের মধ্যে বিলি করা হবে। তবে তা করা হবে ঐ সকল মানুষের বেঁচে থাকার প্রয়োজনে, রাষ্ট্র কর্তৃক বিকল্প ব্যবস্থা গ্রহণ করার পর, তার আগে নয়।

(ঘ) আবাদযোগ্য পতিত জমি ও সরকারী খাস জমিসমূহ কৃষকদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে। ওয়াকফ, দেবোত্তর সম্পত্তির নামে যুগ যুগ ধরে কৃষকদেরকে শোষণ করা হচ্ছে তাকে বিলুপ্ত করা হবে। কিন্তু ধর্মীয় ও সৎ উদ্দেশ্যে যে ওয়াকফ বা দেবোত্তর করা হয়েছিল সে উদ্দেশ্য যাতে ব্যাহত না হয়, তার জন্যে সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) উন্নত ধরনের বীজ, সার ও বৈজ্ঞানিক কৃষি যন্ত্রপাতি সরবরাহ, কৃষিতে সেচসহ উন্নত বৈজ্ঞানিক ব্যবস্থার প্রবর্তন, জরুরী কার্যক্রম হিসেবে বন্যা ও জলস্ফীতি প্রতিরোধের স্থায়ী দৃঢ় ব্যবস্থা গ্রহণ করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা হবে।

---

* আনুপাতিক ভোট বলতে বুঝায়ঃ- নির্বাচনে ব্যক্তি প্রার্থী না হয়ে পার্টি প্রার্থী হবে। জনগণ পার্টিগুলোকে ভোট দেবে। যে পার্টি সারা দেশে যত বেশী ভোট পাবে তা একত্র করে সম্পূর্ণ প্রদত্ত ভোটের অনুপাতে পার্লামেন্ট ঐ পার্টির প্রতিনিধির সংখ্যা নির্দিষ্ট হবে। তারপর ঐ পার্টি ব্যক্তি নির্দিষ্ট করে দেবে (অর্থাৎ পার্লামেন্ট প্রতিনিধি মনোনিত করে পাঠাবে)। এ অবস্থায় কোন ভোটারের ভোট অপ্রতিনিধিত্বমূলক থাকে না।

(চ) বাংলাদেশের জলসম্পদের যথাযথ উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা হবে। অভ্যন্তরীণ চাহিদা ও বিদেশী রপ্তানির উদ্দেশ্যে বনজসম্পদ, বন্যপশু-পক্ষী-কীট-পতঙ্গদের সংরক্ষণ ও বৃদ্ধি সাধন করা হবে এবং মৎসশিল্পে বৈজ্ঞানিক প্রথা প্রবর্তনসহ উহার সার্বিক উন্নতি সাধন করা হবে।

(ছ) কৃষিশ্রমিক বা ক্ষেতমজুরদের জন্যে উপযুক্ত মজুরি পাবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) জাতীয় শত্রুজোতদার-মহাজনদের নিকট যে সমস্ত কৃষক-মজুর ও গরীব কুটিরশিল্প যুগ যুগ ধরে ঋণদায়গ্রস্থ, তাদেরকে ঐ ঋণের নাগপাশ থেকে মুক্ত করা হবে।

(ঝ) কৃষকদের জন্যে এবং কুটিরশিল্পীদের জন্যে বিনাসুদের দীর্ঘমেয়াদী ঋণ পাবার ব্যবস্থা করা হবে এবং তাহাদের উৎপাদিত দ্রব্যাদির উচিত মূল্য পাবার ব্যবস্থা করা হবে। কৃষকদের মত কুটিরশিল্পীদেরও প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ করা হবে।

(ঞ) কৃষক ও কুটিরশিল্পীদের স্বার্থে স্বেচ্ছাপ্রণোদিত সমবায় গঠনের জন্যে উৎসাহ ও সহযোগিতা প্রদান করা হবে। পর্যায়ক্রমে কৃষি সমবায়, পণ্য সরবরাহ ও বাজারজাতকরণ সমবায় প্রতিষ্ঠা এবং উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ট) জনসাধারণকে যৌথ অর্থনৈতিক জীবনযাত্রায় উদ্বুদ্ধ করার জন্য রাষ্ট্রের পৃষ্ঠপোষকতায় কিছু সংখ্যক আদর্শ যৌথ খামারের প্রবর্তন করা হবে।

২। শ্রমিক ও শ্রম সমস্যার ক্ষেত্রে

(ক) শ্রমিকদের জন্য মানুষের মত বেঁচে থাকার উপযোগী মজুরি প্রদানের ব্যবস্থা করা হবে।

(খ) দৈনিক অনাধিক ৮ ঘন্টা শ্রমের রেওয়াজ প্রতিটি শিল্প-ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রমিক ও দোকান কর্মচারীদের ক্ষেত্রে কড়াকড়িভাবে চালু করা হবে। অবশ্য প্রয়োজনে ৮ ঘন্টার অধিক শ্রমের জন্য দ্বিগুণ হারে উপরি পারিশ্রমিকের ব্যবস্থা করা হবে।

(গ) অবসরপ্রাপ্ত বা কাজ করতে গিয়ে পঙ্গু বা কার্যে অক্ষম হয়ে গেছে এমন শ্রমিকদের জন্য সরকার ও মালিকদের খরচে বিশেষ মজুরি (গ্রাচুইটি), বীমা ও পেনশনের ব্যবস্থা করা হবে।

(ঘ) শ্রমিকদের জন্যে প্রয়োজনীয় বাসস্থান এবং অবসর বিনোদন কেন্দ্রেন ব্যবস্থা রাখা হবে।

(ঙ) শ্রমিকদের জীবনধারণের মান ও চাকরির শর্ত উন্নত করার প্রয়োজনে ট্রেড ইউনিয়ন গঠন, মালিকদের সাথে যৌথ দর কষাকষি ও ধর্মঘট করার পূর্ণ অধিকার দেওয়া হবে।

৩। শিল্প ও ব্যবসার ক্ষেত্রে

(ক) কৃষিনির্ভর অবস্থা থেকে দেশকে দ্রুত শিল্পসমৃদ্ধ করে গড়ে তোলা হবে এবং এ নীতির উপর ভিত্তি করে শিল্পব্যবস্থাকে পুনর্গঠন করা হবে।

(খ) রেল, স্টিমার ও স্টেটবাস ব্যাঙ্ক, বীমা, পোর্ট, ডক এবং কাগজ, পাট, বিদ্যুৎ, তৈল, খনি, জাহাজ নির্মাণ কারখানা, অস্ত্র কারখানা ও বিআইডিসি, ওয়াপদা ও বিসিক কর্তৃক নির্মিত কারখানা ইত্যাদি মূল শিল্প ও ব্যবসায়ী প্রতিষ্ঠানসমূহ পরিপূর্ণভাবে রাষ্ট্রায়ত্ত থাকবে।

(গ) দেশকে দ্রুত আত্মনির্ভরশীল ও শিল্প-সমৃদ্ধ করার নীতিকে ছোট ও মাঝারি শিল্প এবং শিল্পপতিদের সরকারী সহযোগিতা দেওয়া হবে। অল্প সুদে ঋণ প্রদান ও যুক্তিসঙ্গত দামে কাঁচামাল ইত্যাদি সরবরাহের ব্যবস্থা ও বাজারের সুযোগ- সুবিধা লাভে তাদের সাহায্য করা হবে।

(ঘ) রাষ্ট্রায়ত্ত শিল্প-কারখানা ও ব্যবসায়ী প্রতিষ্ঠানসমূহকে সরকারী পৃষ্ঠপোষকতায় সরকার ও শ্রমিকদের নির্বাচিত প্রতিনিধি মারফত যৌথভাবে পরিচালনার ব্যবস্থা করা হবে। অন্যথায় আমলাতান্ত্রিক শোষণ হতে শিল্পকে রক্ষা করা যাবে না এবং শিল্প বিকাশের পক্ষে এগুনো যাবে না, যেহেতু আমলারা লুটের মাল হিসাবে শিল্পকে এ যাবৎ ব্যবহার করেছে।

(ঙ) ব্যক্তিগত মালিকানায় শিল্প ব্যবসার ক্ষেত্রে অত্যাধিক মুনাফার ফলে যাতে একচেটিয়া পুঁজির বিকাশ না ঘটে, শ্রমিক যাতে উপযুক্ত মজুরি ও ন্যায্য অধিকার থেকে বঞ্চিত না হয় তার জন্যে এবং দ্রব্যমূল্যের প্রশ্নে জনসাধারণের স্বার্থের দিকে লক্ষ্য রেখে মুনাফার উপর উপযুক্ত নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করা হবে ।

(চ) আভ্যন্তরীণ খাদ্য ও পাট ব্যবসা এবং সমস্ত প্রকারের বৈদেশিক ব্যবসা-বাণিজ্যকে রাষ্ট্রায়ত্ত করা হবে।

৪। ছাত্র ও শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে

(ক) গণতান্ত্রিক ব্যবস্থার সাথে সামঞ্জস্য রেখে শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন সাধন করা হবে। সর্বস্তরে বৈজ্ঞানিক ও গণমুখী শিক্ষার প্রচলন করা হবে। কারিগরি ও বাস্তবমুখী শিক্ষার প্রাধান্য দেওয়া হবে।

(খ) মাধ্যমিক শিক্ষা পর্যন্ত শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক রাখা হবে। এরপর সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা থাকবে। শ্রমিক, কৃষক ও অল্প আয়ের লোকের ছেলেমেয়েদের জন্যে মাধ্যমিক শিক্ষার পরও দশন মান পর্যন্ত সরকারী খরচে শিক্ষা দেওয়া হবে। এদের মেধাবী ছেলেমেয়েদের জন্য সরকারী খরচে উচ্চশিক্ষা প্রদানের ব্যবস্থা থাকবে। শিক্ষার ক্ষেত্রে সৃজনশীল প্রতিভার বিকাশের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) উপরোক্ত শিক্ষাব্যবস্থার জন্যে প্রয়োজনীয় শিক্ষালয় এবং তার আনুষঙ্গিক যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) বাংলাভাষার মাধ্যমে যাবতীয় শিক্ষা প্রদানের যথাযথ ব্যবস্থার প্রবর্তন এবং বাংলাভাষার উৎকর্ষ সাধন করা হবে।

(ঙ) ধর্মীয় শিক্ষার অবাধ সুযোগ-সুবিধার ব্যবস্থা থাকবে।

৫। চিকিৎসা ও বাসস্থানের ক্ষেত্রে

(ক) চিকিৎসা ব্যবস্থাকে জনসেবা এবং আরোগ্যের চাইতে প্রতিরোধ শ্রেয়তর (Prevention is better than cure) ঐ নীতিদ্বয়ের উপর ভিত্তি করে পরিচালনা করা হবে।

(খ) নিম্ন আয়ের লোকেরা যাতে সরকারী খরচে উপযুক্ত চিকিৎসার সুযোগ লাভ করে তার ব্যবস্থা থাকবে। পর্যাপ্ত পরিমাণে মাতৃসদন, দাতব্য চিকিৎসালয়, আরোগ্য নিকেতন ও জটিল রোগের চিকিৎসা কেন্দ্র চালু রাখা হবে। বিনা চিকিৎসায় একজনও লোকও যাতে মারা না যায় তার ব্যবস্থা থাকবে।

(গ) এলোপ্যাথি, হোমিওপ্যাথি, কবিরাজী ও হেকিমী চিকিৎসা বিজ্ঞানের উৎকর্ষ সাধনের যথাযোগ্য সরকারী পৃষ্ঠপোষকতা থাকবে।

(ঘ) সকল মানুষের জন্যে বাসস্থানের ব্যবস্থা করা হবে, কিন্তু যতদিন পর্যন্ত পরিপূর্ণ ব্যবস্থা গ্রহণ করা যাবে না, ততদিন পর্যন্ত স্বল্প আয়ের মানুষের জন্যে গৃহনির্মাণের প্রয়োজনীয় উপকরণ কম মূল্যে (Subsidised price) সরাবরাহ করা হবে। শহর শিল্প ও ব্যবসাকেন্দ্রে স্বল্প ভাড়ায় ঘর পাবার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। বিচার ব্যবস্থা ও আইন সম্বন্ধীয় ক্ষেত্রে

(ক) জনসাধারণের স্বার্থের জন্যে আইন, আইনের জন্য জনসাধারণ নহে- ঐ নীতির ভিত্তিতেই আইন ব্যবস্থার পরিবর্তন করা হবে। বিচার যাতে দ্রুত নিষ্পত্তি হয়, তার জন্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। বিচার বিভাগকে শাসন বিভাগ হতে পৃথক করা হবে।

(খ) বিনাবিচারে কাহাকেও শাস্তি দেওয়া বা হয়রানি করা হবে না। যে কোন আদলতের রায়ে সন্তুষ্ট হতে পারেনি এমন ব্যক্তির উচ্চতর আদালতে আপীল করার অধিকার থাকবে। অভাবগ্রস্তদের জন্য বিনা খরচে আইনগত সাহায্য ও পরামর্শ লাভের ব্যবস্থা থাকবে ।

(গ) ছোটখাটো ও প্রাথমিক বিরোধের যাতে শুরুতেই অবসান হয় তার জন্য গণআদালতের ব্যবস্থা থাকবে।

(ঘ) বিচর ব্যবস্থায় গণতান্ত্রিক পদ্ধতির প্রচলন করা হবে। প্রতিটি বিচারক জনসাধারণ কর্তৃক যথাযথভাবে নির্বাচিত হবেন। প্রয়োজনবোধে নির্বাচকমন্ডলীর সংখ্যাগরিষ্ঠ অংশ বিচারককে প্রত্যাহার এবং তদস্থলে নতুন বিচারক নির্বাচিত করতে পারবেন।

(ঙ) অন্যায় অবিচার বা অসাদচরণের দায়েং কোন বিচারককে উচ্চতর আদালতে অভিযুক্ত করা যাবে।

৭। ধর্ম ও সংস্কৃতি সম্পর্কে

(ক) রাষ্ট্র পরিপূর্ণভাবে ধর্মনিরপেক্ষ থাকবে। যার যার ধর্ম তার কাছে পবিত্র এবং ধর্মের ব্যাপারে কোনরূপ জবরদস্তি নেই- ধর্ম প্রসঙ্গে এ নীতি কড়াকড়িভাবে কার্যকরী হবে। ধর্মের ব্যাপারে কোন বৈষম্যমূলক আচরণ যাতে না ঘটতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা রাখা হবে; অর্থাৎ প্রত্যেক ধর্মের অনুসারীরা নিজ নিজ ধর্ম স্বাধীনভাবে পালন করার সুযোগ পাবে। রাষ্ট্রে প্রত্যেক ধর্মের স্বীকৃতি ও ধর্ম পালকদের অবাধ অধিকার থাকবে- কিন্তু ধর্মের নামে কোন প্রকার জোর-জুলুম করা বা শোষণ চলতে দেওয়া হবে না।

(খ) বাংলাদেশের জনগণের গণতান্ত্রিক রাষ্ট্রের সংস্কৃতি বা তমদ্দুনের ভিত্তি হবে-

1) বাঙ্গালী জাতির সংস্কৃতির বিকাশ ও তার উন্নয়ন সাধন করা;

2) সংস্কৃতি ও সাহিত্যে মেহনতি জনগণের আশা-আকাঙ্খাকে রূপায়িত করা;

3) গণতান্ত্রিক বাংলাদেশের রাষ্ট্রের মূলনীতি বা আদর্শেও বিরোধী যাবতীয় সাহিত্য-সংস্কৃতির প্রকাশ, প্রচার ও প্রসার রোধ করা;

4) কুরুচিপূর্ণ যাবতীয় গান, বাজনা, সিনেমা, থিয়েটার, শিল্পকলা ইত্যাদি তথাকথিত শিল্পসাহিত্য ও সংস্কৃতির উপর কঠোর বাধানিষেধ আরোপ করা;

5) জনগণের সর্বস্তরে সুন্দর, সুষ্ঠ স্বাভাবিক মননশীলতা ও মানসিকতা যাতে গড়ে ওঠে তার জন্য এবং শিল্প-সংস্কৃতির ক্ষেত্রে সৃজনশীল প্রতিভার বিকাশের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা।

৮। খাজনা ট্যাক্স ও করের ক্ষেত্রে

(ক) সকল প্রকারের ইজারাদারীসহ প্রচলিত খাজনা প্রথার বিলোপ সাধন করা হবে। সমস্ত বকেয়া খাজনা মওকুফ করা হবে। 'খাজনা প্রথার স্থলে উৎপাদন অণুসারে কর আদায়ের প্রথা প্রবর্তন করা হবে। নিম্ন আয়ের কৃষক ও গরীব কুটির শিল্পীদের জন্য - যাদের ভরন পোষণের পর উদ্বৃত্ত থাকে না- তাদেরকে রেহায় দেওয়া হবে।

খ. শিল্প- কৃষি ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে ক্রমিক উচ্চ হারের কর ব্যবস্থ্য প্রবর্তন করা হবে, অর্থাৎ উচ্চ আয়ের জন্য উচ্চতর হার এবং নিম্ন আয়ের নিম্নতর হারে কর আদায়ের ব্যবস্থা থাকবে এবং পরোক্ষ ট্রাক্স প্রথার বিলোপ করা হবে।

৯। নারী সমমাজের ক্ষেত্রেঃ

ক. নারীরা যে সমস্ত সামাজিক অব্যবস্থা বা দূনীতির দূরূন যুগ যুগ ধরে লাঞ্চিত ও নিগৃহীতা হয়ে আসেছে সেগুলোর অসান ঘটানোর হবে। সমম্পত্তির উত্তারাধিকতার, বিবাহ বিচ্ছেদ আইন, বৃত্তিগ্রহণ ও চাকুরীতে প্রবেশ প্রভৃতি বিষয়ে নারীরা পুরুষদের সমান অধিকার ভোগ করবে।

খ. নর ওনারীর সমান অধিকার থাকবে। স্ত্রী-পুরুষনির্বিশেষে সমান কাজের জন্য সমান মজুরির ব্যবস্থা রাখা হবে। গভ্রাবস্থায় সংকটকালীন সময়ে মেহনতকারী নারীকে সর্বোত্তম প্রয়োজনীয় ছুটি ও বিশেষ চিকিৎসার সুযোগ দেওয়া হবে।

১০। উপজাতি ও তপসিলীদের ক্ষেত্রে

ক) বাংলাদেশের যে সমস্ত অণুন্নত উপজাতি আছে তাদের মাতৃভাষা, সামাজিক ও অর্থনেতিক জীবনের উন্নয়ন করা হবে।

খ) চাকরি এবং অন্যান্য সামাজিক ও শিক্ষাগত সুযোগরে ক্ষেত্রে উপজাতি, তফসিলী ও অন্যান্য পশ্চাৎপদ সম্প্রদায়ের ব্যাপারে বিশেষ সুবিধার ব্যবস্থা করা হবে।

১১। রাষ্ট্র কাঠামো ও সরকারী প্রশাসনের ক্ষেত্রে

ক) বাংলাদেশের গণতান্ত্রিক রাষ্ট্রের আইনসভা হবে এককক্ষবিশিষ্ট। ঐ আইনসভা হবে- জনগণের দ্বারা নির্বাচিত, জনগণের স্বার্থের রক্ষক ও জনগণের মধ্য থেকে আসা-গণপ্রতিনিধিদের সর্বোচ্চ সংস্থা।

খ) বিপ্লবের তিন শত্রু বা তাদের সাহায্যকারী দালালদের কোনরূপ নাগরিক অধিকার বা ভোটাধিকার একটি নিদির্ষ্ট সময় পর্যন্ত থাকবে না। ঐ নির্দিষ্ট সময়ে সরকারী শাসন বা প্রশাসন ব্যবস্থায় তাদেরকে কোনরূপ অংশগ্রহণ করতে দেওয়া হবে না। কিন্তু তারা যাতে তাদেও প্রতিক্রিয়াশীল ধ্যান-ধারণার পরিবর্তন করে নতুন সমাজের নতুন মানুষ হিসেবে নিজেদেরকে গড়ে তুলতে পারে- তার জন্য রাষ্ট্র উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

গ. গণতান্ত্রিক রাষ্ট্রে জেল ব্যবস্থার আমূল সংস্কার করে অপরাধীদের নৈতিক ও চারিত্রিক উন্নতি সাধন করে তাদের পূনর্বাসন করবে।

ঘ. পার্লামেন্ট, আইনসভা বা স্থানীয় শাসন বা প্রশাসন সংস্থাগুলোর নির্বাচনে জনসাধারণের মধ্যে যাঁরা আঠার বছর বা তদূর্ধ্ব বয়সের এবং মানসিক সুস্থ অবস্থায় আছেনতনারী-পুরুষ নির্বিশেষে তাদের সকলেরই সার্বজনীন, সমান ও প্রত্যক্ষ ভোটাধিকার থাকবে। সংশ্লিষ্ট নির্বাচকমন্ডলীর সংখ্যাগরিষ্ঠ অংশ প্রয়োজনবোধ তাদের নির্বাচিত প্রতিনিধি বা প্রতিনিধিদের প্রত্যাহার (Recall) করতে এবং নতুন প্রতিনিধি নির্বাচিত করতে পারবে। গোপন ব্যালট প্রাথাতে ভোটদান ব্যবস্থার প্রবর্তন করা হবে।

(ঙ) দেশে ব্যাপক গণপঞ্চায়েত ব্যবস্থার প্রচলন করা হবে। স্থানীয় প্রশাসন ব্যবস্থায় গনপঞ্চায়েতের প্রাধান্য থাকবে।

(চ) সর্বনিম্ন প্রশাসক থেকে রাষ্ট্রপ্রধান পর্য়ন্ত সকল সরকানী প্রশাসক ও পরিচালক জনসাধারণের গোপন, সমান ও প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবে। প্রধানত: স্থানীয় জনসাধারন থেকেই সংশ্লিষ্ট প্রশাসক বা পরিচালক নির্বাচিত করা হবে। নির্বাচকমন্ডলীর সংখ্যাগরিষ্ঠ অংশ প্রয়োজনবোধে উপরোক্ত যেকোন প্রশাসক বা পরিচালককে প্রত্যাহার করে সতুন প্রশাসক বা পরিচালক নির্বাচিত করতে পারবে।

(ছ) যে কোন প্রশাসক বা পরিচালকের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করার অধিকার প্রত্যেক নাগরিকের থাকবে।

(জ) দেশের সামরিক, আধা-সামরিক বা প্যারা-মিলিশিয়া বাহিনীর সর্বত্র গণতান্ত্রিক ব্যবস্থা চালু থাকবে। রাষ্ট্রীয় ব্যবস্থায় ও তাদের ভোটাধিকার থাকবে। আমাদের দেশের সামরিক বাহিনী এ যাবৎ যে দাসত্বমূলক অবস্থায় বা মৌলিক অধিকারবিহীন অবস্থায় জীবনযাপন করতে বাধ্য হয়ে এসেছে, তার থেকে তাদের মুক্ত করা হবে। তাদের দেশপ্রেমকে আরও উন্নত করার জন্য এবং গণতন্ত্রের ভাবধারায় তাদের আরও উদ্বুদ্ধ করার জন্য যথাযথ সরকারী প্রচেষ্টা থাকবে।

(ঝ) দেশরক্ষার কাজে যাতে দেশের সমস্ত নাগরিক বিশেষ করে শ্রমিক ও কৃষক প্রয়োজনবোধে অংশগ্রহণ করতে পারে- তার জন্য উপযুক্ত সামরিক শিক্ষার সুযোগ-সুবিধা থাকবে।

(ঞ) বিপ্লবে অংশগ্রহণের কারণে যারা পঙ্গু বা বিকালাঙ্গ ও শহীদ হয়েছেন বা হবেন যথাক্রমে তাদের বা তাদের পরিবারের উপযুক্ত ভরণপোষণের দায়িত্ব সরকার বহন করবে।

(ট) বিপ্লবে জড়িত থাকার কারণে ক্ষতিগ্রস্থ জনসাধারণের প্রতিটি অংশকে পুনর্বাসন করা হবে। বিপ্লব চলাকালে পূর্ব বাংলার যে সকল অধিবাসী দেশ ত্যাগে বাধ্য হয়েছে তাদের সম্পত্তি ফেরত পাবার ও তাদের পুনর্বাসনের উপযুক্ত ব্যবস্থা সরকার গ্রহণ করবে।

১২। বৈদেশিক ও আন্তর্জাতিক নীতির ক্ষেত্রে

(ক) বিশ্বের ধনবাদী-সাম্রাজ্যবাদী এবং সমাজতান্ত্রিক এই দুই শিবিরের মধ্যে গণতান্ত্রিক বাংলাদেশ সরকার নিঃসন্দেহে সমাজতান্ত্রিক শিবিরের পক্ষেই থাকবে।

(খ) বাংলাদেশের গণতান্ত্রিক রাষ্ট্র বিভিন্ন নিপীড়িত জাতির বিশেষ করে এশিয়া, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার জাতীয় মুক্তির ও স্বাধীনতা সংগ্রামের সপক্ষে থাকবে এবং সার্মথ্য অনুসারে ঐ সমস্ত জাতিকে সাহায্য-সহযোগিতা প্রদান করবে।

(গ) বিশ্ব সর্বহারার সমর্থনে বাংলাদেশের বৈদেশিক নীতি পরিচালিত হবে। প্রত্যেক জাতির নিপীড়িত জনসাধারণের সাথে আন্তর্জাতিক মৈত্রী ও সৌহার্দ্যের নীতি সরকার গ্রহণ করবে।

(ঘ) গণতান্ত্রিক বাংলাদেশের রাষ্ট্র প্রতিবেশীদের সঙ্গে- যথা ভারত, বার্মা, নেপাল, সিংহল ও মহাচীনের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্কে স্থাপন করে চলবে এবং এই রাষ্ট্র বিশ্বের বিভিন্ন সমাজব্যবস্থার সাথে পঞ্চশীলার ভিত্তিতে শান্তিপূর্ণ সহ-অবস্থানের নীতি অনুসরণ করে চলবে।

[১৯৭১ সালের ৩০শে, ৩১শে নভেম্বর ও ১লা ডিসেম্বর অনুষ্ঠিত বাংলার কমিউনিস্ট পার্টির তৃতীয় কংগ্রেস (দ্বিতীয় বিশেষ) গৃহীত রাজনৈতিক দলিলের ভিত্তিতে রচিত]

বাংলার কমিউনিস্ট পার্টির সম্পাদক কমরেড আবুল বাশার কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের কমিউনিস্ট পার্টির কর্তব্য সম্পর্কে পার্টি সার্কুলার	বাংলাদেশ কমিউনিস্ট পার্টি	৩ ডিসেম্বর, ১৯৭১

পার্টি সার্কুলার

(পার্টি সভ্য,কর্মী ও দরদীদের জন্য)

মুক্তিযুদ্ধের নূতন অধ্যায়
ও
আমাদের করণীয়

আট মাসের কঠোর ও রক্তক্ষয়ী সংগ্রামের পরে আমাদের মুক্তিযুদ্ধ আজ সাফল্যের দ্বারে আসিয়া উপনীত হইয়াছে। যে নর-পিশাচের দল বাংলাদেশ লাখ লাখ নিরস্ত্র মানুষ হত্যা করিয়া, অগণিত অসহায় নারীর মান-সম্মান বিনষ্ট করিয়া এবং এক কোটি নিরপরাধ লোককে দেশ ছাড়া করিয়া বীরত্বের পরাকাষ্ঠা দেখাইয়াছিল তাহারা আজ মুক্তিবাহিনী ও মিত্র ভারতীয় যৌথ দুর্বার আক্রমণের সম্মুখে প্রাণভয়ে পলায়ন করিতেছে। বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা ইতিমধ্যেই মুক্ত হইয়াছে এবং আশা করা যায় রাজধানী ঢাকাতে শীঘ্রই স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলিত হইবে।

ভারতের উপর আগ্রাসী আক্রমণ

সাম্রাজ্যবাদের সহযোগী পাকিস্তানের প্রতিক্রিয়াশীল ইয়াহিয়া সরকারের সেনাবাহিনীর গণহত্যা, গ্রামে গ্রামে অগ্নিসংযোগ, লুঠতরাজ, নারীধর্ষণ প্রভৃতি বর্বর অত্যাচার চালাইয়া মুক্তিসংগ্রামকে রক্তের বন্যায় ডুবাইয়া দিতে চেষ্টা করিয়াছিল, কিন্তু তা সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে। জনগণের ইয়াহিয়া-চক্রবিরোধী লৌহদৃঢ়, ঐক্য, দুর্ধর্ষ মুক্তিবাহিনীর বীরত্বপূর্ণ সংগ্রাম, আমাদের সংগ্রামের প্রতি ভারতের জনগণের অকুণ্ঠ সমর্থন, ভারত সরকারের সাহায্য এবং সোভিয়েত ইউনিয়নসহ সমাজতান্ত্রিক দেশসমূহ ও দুনিয়ার প্রগতিশীল জনগণের সহানুভূতির ফলে ইয়াহিয়া সরকারের চক্রান্ত প্রথম ধাপেই বানচাল হইয়া গিয়াছে। দুর্জয় মুক্তিবাহিনীর নিকট পর্যদুস্ত হইয়া আমাদের মুক্তিযুদ্ধকে ইয়াহিয়া থান পা-ভারতের মধ্যে যুদ্ধ হিসাবে চিত্রিত করিয়া সাম্রাজ্যবাদী দোসরদের হস্তক্ষেপের ষড়যন্ত্র করিতে থাকে।

গত ৩রা ডিসেম্বর অতর্কিতে ভারতের উপর পাকিস্তানের বিমান আক্রমণ এবং ভারতের বিরুদ্ধে পাকিস্তানের যুদ্ধ ঘোষণা ঐ ষড়যন্ত্রেরই অঙ্গ। ভারতের বিরুদ্ধে পাকিস্তানের এই আক্রমণ প্রকৃতপক্ষে আমাদের মুক্তিযুদ্ধের বিরুদ্ধেই আক্রমণ।

বাংলাদেশ-ভারত মৈত্রী

বর্তমান অবস্থায় গত ৬ই ডিসেম্বর ভারত সরকার কর্তৃক বাংলাদেশের গণতান্ত্রিক রাষ্ট্র ও সরকারের স্বীকৃতি একটি সময়োচিত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমরা এ জন্য ভারতের জনগণও ভারত সরকারকে আন্তরিক অভিনন্দন জানাইতেছে। ভারত কর্তৃক বাংলাদেশের স্বীকৃতি ফলে মার্কিন সাম্রাজ্যবাদের সহযোগী ও চীনের সাহায্যপুষ্ট পাকিস্তান সরকারের বিরুদ্ধে আমাদের মুক্তিবাহিনী ও ভারতের প্রতিরক্ষা বাহিনীর ন্যায্য লড়াই ঐক্যবদ্ধভাবে পরিচালিত হওয়ার ভিত্তি রচিত হইয়াছে।

ভারত সরকার কর্তৃক বাংলাদেশ সরকারের স্বীকৃতিদানের পর আমাদের মুক্তিবাহিনী ও ভারতের প্রতিরক্ষা বাহিনী একযোগে মিত্রবাহিনী হিসাবে সাধারণ শত্রু ইয়াহিয়া-চক্রের বিরুদ্ধে লড়াই করিতেছে। এই সম্মিলিত

মিত্রবাহিনীর দুর্বার আক্রমণের সামনে পাকিস্তান সেনাবাহিনী তাহাদের বহু ঘাটি ছাড়িয়া প্রাণভয়ে পলায়ন করিতেছে। বাংলাদেশের বহু অঞ্চল মুক্ত হইয়াছে এবং আশা করা যায়, শীঘ্রই বাংলাদেশ পরিপূর্ণ স্বাধীনতা অর্জন করিবে। আমরা আজ স্বাধীনতার দ্বারপ্রান্তে উপস্থিত হইয়াছি।

আমাদের মুক্তিযোদ্ধারা এবং পার্টি কর্মীরা যে যেখানে আছেন, উক্ত মিত্রবাহিনীর সঙ্গে সহযোগিতা করিয়া কাজ করিবেন যাহাতে পাকবাহিনী তাড়াতাড়ি বিধ্বস্ত হইয়া আমাদের বিজয় ত্বরান্বিত হয়। ইহা আমাদিগকে স্মরণ রাখিতে হইবে যে, যদিও ভারতীয় সৈন্যবাহিনী একটি বিদেশী রাষ্ট্রের সৈন্যবাহিনী, তবুও এই বাহিনী বাংলাদেশ সরকারের অনুরোধে আমাদের মুক্তি সংগ্রামের সাহায্যে আগাইয়া আসিয়াছেন এবং পাকবাহিনীর সহিত সম্মুখরণে রক্তও ঢালিতেছেন। আমাদের মুক্তিযুদ্ধের স্বার্থেই এই বাহিনীকে সর্বতোভাবে সাহায্য করা আমাদের কর্তব্য এবং এই কাজে জনগণকে উৎসাহিত করিতে হইবে। ভারতীয় বাহিনীর প্রতি আমাদের দেশবাসীর বন্ধুত্বমূলক ও ভ্রাতৃত্বমূলক আচরণ আমাদের দুটি দেশের মধ্যে বন্ধুত্বমূলক সম্পর্ক ও মৈত্রী ঘনিষ্ঠতর করিয়া আমাদের দেশের উপর প্রতিক্রিয়া ও সাম্রাজ্যবাদীদের হস্তক্ষেপের পথ রুদ্ধ করিতে সাহায্য করিবে।

মুক্তিযুদ্ধে সোভিয়েতের অবদান

আমাদের মুক্তিযুদ্ধের সাহায্যে মহান সোভিয়েত ইউনিয়ন যেভাবে আগাইয়া আসিয়াছে, তাহা অতুলনীয়। ২ শে মার্চ তারিখে বাংলাদেশে ইয়াহিয়া-চক্রের গণহত্যা প্রভৃতি শুরু হওয়ার অব্যবহিত পরেই দুনিয়ার বৃহৎ রাষ্ট্রগুলির ভিতর একমাত্র সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট পদগনি গণহত্যার তীব্র নিন্দা করেন এবং সে নির্যাতন বন্ধ, শেখ মুজিবুর রহমানের মুক্তি, তাঁহার হাতে ক্ষমতা অর্পণ ও বাংলাদেশের জনগণের নির্বাচিত প্রতিনিধিদের সাথে একটা সন্তোষজনক রাজনৈতিক মীমাংসা করার জন্য ইয়াহিয়া খানকে অনুরোধ করেন। তখন হইতে সোভিয়েত ইউনিয়ন বাংলাদেশ সম্পর্কে ঐ সমর্থন সূচক নীতি দৃঢ়তা ও নিষ্ঠার সাথে অনুসরণ করিয়াছে। এই নীতির ভিত্তিতে সোভিয়েত ইউনিয়নের নেতৃত্বে নিজ দেশের জনগণকে সমাবেশ করিয়াছেন এবং বাংলাদেশের জনগণের পক্ষে দুনিয়াতে একটা প্রবল জনমতও সৃষ্টি করিয়াছেন।

ইয়াহিয়া খান যখন ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুমকি দিতেছিল তখনই সোভিয়েত-ভারত মৈত্রী ও সহযোগিতা চুক্তি সম্পাদিত হয়। এই মুক্তি সারা এশিয়াতে শান্তির একটা দৃঢ় রক্ষাকবচ হিসাবে কাজ করিতেছে। উপরন্তু, ইহার ফলে ও বাংলাদেশ প্রশ্নে সোভিয়তের সমর্থনের নীতি হেতু ভারত সরকারও ইয়াহিয়া সরকারের বিরুদ্ধে শক্তিশালী নীতি গ্রহণ করিতে আরও অনুপ্রাণিত ও উৎসাহিত হইয়াছেন।

সম্প্রতি, পাক-ভারত যুদ্ধ বাধিবার পরে মার্কিন সাম্রাজ্যবাদীরা ও চীনের মাওবাদী নেতৃত্ব ইয়াহিয়ার পাশে দাঁড়াইয়া নিরাপত্তা পরিষদের মারফত বাংলাদেশ ও এই উপমহাদেশে হস্তক্ষেপ করার চক্রান্ত করে। ইহাতে আমাদের মুক্তির সংগ্রামের সামনে একটি সংকট উপস্থিত হয়। সেই সংকট সময়ে সোভিয়েত ইউনিয়নই নিরাপত্তা পরিষদে তাহার ভেটো প্রয়োগ করিয়া মার্কিন সাম্রাজ্যবাদ ও চীনের মাওবাদী নেতৃত্বের চক্রান্ত ব্যর্থ করিয়া দেয় এবং আমাদের মুক্তি সংগ্রামের সাফল্যে বিরাট অবদান রাখে।

বস্তুতঃ সোভিয়েত ইউনিয়ন প্রথমাবধি ইয়াহিয়া-চক্রের বর্বর অত্যাচারের বিরুদ্ধে বাংলাদেশের জনগণের পক্ষে দাঁড়াইয়াছে এবং বিভিন্ন সময়ে বিভিন্নভাবে আমাদের মুক্তি সংগ্রামকে প্রভূত সাহায্য করিয়াছে ও করিতেছে। দুনিয়ার নিপীড়িত জাতি সমূহ ও জনগণের ন্যায্য অধিকারের সংগ্রামকে অকুণ্ঠ সমর্থন দেওয়ার যে নীতি সোভিয়েত ইউনিয়ন বরাবরই অনুসরণ করিয়াছে, সেই প্রলেতারীয় আন্তর্জাতিকভাবে নীতির প্রতি বিশ্বস্ত থাকিয়াই সোভিয়েত ইউনিয়ন বাংলাদেশের জনগণের পক্ষে দাঁড়াইয়াছে। সোভিয়েত ইউনিয়ন বাংলাদেশের জনগণের অকৃত্রিম বন্ধু। সোভিয়েতের সাহায্য ও সমর্থনই আমাদের মুক্তিযুদ্ধের সাফল্যের সবচেয়ে বড় গ্যারান্টি।

আত্মসন্তুষ্টির অবকাশ নাই

কিন্তু আমাদিগকে আত্মসন্তুষ্ট থাকিলে চলিবে না। সাম্রাজ্যবাদীরা সমগ্র ভারতীয় উপমহাদেশের উপর তাহাদের কব্জি শিথিল হইয়া যাওয়ার আশঙ্কায় উন্মাদের মত আচরণ করিতেছে। ইয়াহিয়া-চক্রের ব্যাপক নরহত্যা এবং নানা পাশবিক অত্যাচারের কথা বেমালুম চাপিয়া গিয়া সাম্রাজ্যবাদীরা এখন ভারতকেই আক্রমণকারী বলিয়া অভিহিত করিতেছে এবং বশংবদ ইয়াহিয়া সরকারকে টিকাইয়া রাখার জন্য পথ খুঁজিতেছে। এ জন্য তাহারা সম্ভবপর হইলে যে কোন ঘৃণ্য পদ্ধতি গ্রহণ করিতে পারে, এমন কি খোলাখুলি হস্তক্ষেপ করিতেও দ্বিধা না করিতে পারে। অন্যদিকে চীনের নেতৃত্ব মার্কসবাদ- লেনিনবাদের পথ হইতে বিচ্যুত হইয়া এবং উগ্র জাতীয়তাবাদী এবং সুবিধাবাদী নীতি অনুসরণ করিয়া প্রতিক্রিয়াশীল ইয়াহিয়া সরকারকে র্নিলজ্জভাবে সমর্থন জানাইতেছে, বাংলাদেশের মুক্তির সংগ্রামের বিরুদ্ধাচরণ করিতেছে এবং ভারত সরকারকে আক্রমণকারী আখ্যা দিয়া নানা প্রকার হুমকি দিতেছে। জাতিসংঘ চীন-বাংলাদেশ প্রশ্নে মার্কিন সাম্রাজ্যবাদীদের সকল চক্রান্তের প্রতি সমর্থন দিতেছে। তাই, এইরূপ একটি আশঙ্কাও দেখা দিয়াছে যে, অন্ধ সোভিয়েত বিরোধিতা হইতে চীন- মার্কিন সাম্রাজ্যবাদীদের সহিত সোভিয়েত বিরোধী তথা সমাজতন্ত্রবিরোধী চক্রান্তে শামিল হইয়া চীন-সোভিয়েত সংঘর্ষ সৃষ্টি করিতে পারে। এমন আশঙ্কা আছে যে, মার্কিন সাম্রাজ্যবাদীদের ও চীনের প্রত্যক্ষ হস্তক্ষেপ হইলে বাংলাদেশ প্রশ্নকে ভিত্তি করিয়া বাংলাদেশের বুকে এমন কি সমগ্র ভারতীয় উপমহাদেশে এক প্রলংকরী যুদ্ধের সৃষ্টি হইতে পারে এবং আমাদের মুক্ত সংগ্রাম ব্যাহত হইতে পারে।

আমাদিগকে এই বিপদ সম্পর্কে সম্পূর্ণ সজাগ থাকিতে হইবে এবং সকল প্রকার অবস্থার জন্য প্রস্তুত থাকিতে হইবে।

সাম্রাজ্যবাদীদের ও চীনের হস্তক্ষেপের বিরুদ্ধে তীব্র জনমত সৃষ্টি করিতে হইবে এবং মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্রবাহিনীর সাহায্যে মুক্তিযুদ্ধকে তীব্রতর করিয়া দ্রুত বিজয় অর্জন করিতে হইবে।

সাফল্যের পথে মুক্তিযুদ্ধ

যদি বাহিরের কোন হস্তক্ষেপ না হয়, তবে বর্তমানে এমন এক পরিস্থিতির সৃষ্টি হইয়াছে, যখন আমাদের মুক্তিযুদ্ধ দ্রুত সাফল্য অর্জন করিতে পারে। এই সম্ভাবনার দিকে দৃষ্টি রাখিয়াই আমাদের পার্টির বর্তমান করণীয়গুলি স্থির করিতে হইবে।

করণীয়ঃ

(১) আজ আমাদের স্বাধীনতা সংগ্রাম সাফল্যের দ্বারপ্রান্তে আসিয়া পৌঁছিয়াছে। ইহা উপলব্ধি করিয়া মুক্তিবাহিনী ও গেরিলা বাহিনীতে আমাদের কর্মী ও সমর্থকগণ সুদৃঢ় সক্রিয় উদ্যোগী ভূমিকা পালন করুন, যাহাতে স্বাধীনতা সংগ্রামের পরিপূর্ণ বিজয় ত্বরান্বিত হয়। বলাবাহুল্য যে, আমাদের কর্মী ও সমর্থকগণ সুদৃঢ় সক্রিয় উদ্যোগী ভূমিকা পালন করুন, যাহাতে স্বাধীনতা সংগ্রামের পরিপূর্ণ বিজয় ত্বরান্বিব হয়। বলাবাহুল্য যে, আমাদের কর্মী ও সমর্থকগণ মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সাধারণ কার্যক্রম মানিয়া নিয়া তাহাদের সঙ্গে সহযোগিতা করিয়া সংগ্রাম পরিচালনা করিবেন।

(২) মুক্তিযুদ্ধের বর্তমান পরিস্থিতিতে বিজয় ত্বরান্বিত করা ও অন্যান্য কর্তব্য সম্পর্কে আজ দেশবাসীকে সচেতন, সংগঠিত এবং সক্রিয় করা একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক কাজ হিসাবে দেখা দিয়াছে। আমাদের পার্টির যেসব কর্মী ও সমর্থক দেশের বিভিন্ন স্থানে ছড়াইয়া আছেন, তাহাদের কর্তব্য হইবে মুক্তিযুদ্ধের সমর্থনে জনগণকে সক্রিয় করিয়া তুলিতে চেষ্টা করা। মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সঙ্গে যাহাতে জনগণ পরিপূর্ণ সহযোগিতা ও ভ্রাতৃত্বমূলক আচরণ করে তাহার জন্য জনগণকে উদ্বুদ্ধ ও সংগঠিত করিতে হইবে। যে সমস্ত পার্টি সভ্য ও কর্মী প্রবাসে চলিয়া যাইতে বাধ্য হইয়াছেন, তাহারাও অবিলম্বে স্ব স্ব জেলা কমিটির পরিকল্পনা অনুযায়ী দেশের অভ্যন্তরে নিজ নিজ অঞ্চলে ফিরিয়া আসিতে শুরু করিবেন এবং সেখানে গিয়া উপরোক্ত কাজগুলি শুরু করিয়া দিবেন।

(৩) মুক্তিযুদ্ধকে দ্রুত সাফল্যমন্ডিত করা ও আমাদের প্রিয় মাতৃভুমি বাংলদেশকে একটি পরিপূর্ণ স্বাধীন, সমৃদ্ধশালী গণতান্ত্রিক রাষ্ট্র হিসাবে গড়িয়া তোলার জন্য পার্টিও সমস্ত সদস্য, কর্মী ও সমর্থকগণ প্রতিনিয়ত জনতার স্বার্থে কাজ করিয়া যাইবেন এবং পার্টির নীতি ও কমসূচী জনগণের মধ্যে অবিরত প্রচার করিবেন।

(৪) যেসব অঞ্চল মুক্ত হইয়াছে বা হইতেছে সেসব অঞ্চলের গ্রামে, ইউনিয়নে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল দলমতের প্রতিনিধিদের লইয়া সর্বদলীয় গণকমিটি (People's committee) গঠন করার চেষ্টা করিতে হইবে। এই কমিটির উপরেই সেই অঞ্চলের প্রশাসনিক কাজের দায়িত্ব যাহাতে দেওয়া হয়, সে জন্য চেষ্টা করিতে হইবে।

(৫) প্রতিটি মুক্ত অঞ্চল অন্যতম সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজ হইল আইন ও শৃঙ্খলা রক্ষা করা। ইহা করতেই হইবে। জাতি-ধর্ম-ভাষা নির্বিশেষে সমস্ত জনসাধারনের নিরাপত্তা বিধান করিতে হইবে। অবাঙ্গালীবিরোধী বা কোন প্রকার দাঙ্গা-হাঙ্গামা যাহাতে না হয় তার জন্য যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

(৬) মুক্ত এলাকায় খাদ্য ও নিত্যব্যবহার্য দ্রব্যাদির সুষ্ঠ বিতরণের ব্যবস্থা করিতে হইবে। শ্রমিক, কৃষক ও মেহনতি জনগণের দুঃখ-দুর্দশা লাঘব করার জন্য বিশেষভাবে চেষ্টা করিতে হইবে। জনগণের উপর কোন জোর-জুলুম করা চলিবে না। স্কুল, কলেজ, হাটবাজার প্রভৃতি আবার চালু করিয়া তাড়াতাড়ি স্বাভাবিক জীবনযাত্রা ফিরাইয়া আনার চেষ্টা করিতে হইবে।

সকলের মিলিত প্রচেষ্টা দরকার

মুক্তিযুদ্ধ সাফল্যমন্ডিত হওয়ার পরপরই আমাদিগকে নানা ধরনের গুরুতর সমস্যার সম্মুখীন হইতে হইবে। বিপুল সংখ্যক শরণার্থী পুনর্বাসনের সুষ্ঠ ব্যবস্থা করা, যুদ্ধবিধ্বস্ত ভাঙ্গাচোরা অর্থনীতিকে পুনর্গঠিত করা, ভবিষ্যতে দেশকে গড়িয়া তোলার জন্য এবং বাংলাদেশকে একটি গণতান্ত্রিক রাষ্ট্র কাঠামো প্রতিষ্ঠিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করার কাজ আমাদের সামনে উপস্থিত হইতেছে। জনতার পরিপূর্ণ আস্থা ও জনগণের সক্রিয় অংশগ্রহণ ছাড়া উক্ত বিরাট কাজ সুসম্পন্ন করা সম্ভবপর নয়।

এই জন্য প্রয়োজন মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল দল ও প্রতিষ্ঠানের সম্মিলিত প্রচেষ্টা।

মুক্তিযুদ্ধকে জোরদার করা ও সুপরিকল্পিতভাবে পরিচালনার জন্য আমরা প্রথম হইতেই ঐক্যবদ্ধ জাতীয় ফ্রন্ট গঠনের প্রস্তাব করিয়াছি। বর্তমান জটিল ও রাজনৈতিক পরিস্থিতিতে এবং দেশের পুনর্গঠনের কাজ সুচারুরূপে অগ্রসর করার জন্য ঐরূপ ঐক্যবদ্ধ ফ্রন্ট গঠনের প্রয়োজনীয়তা বৃদ্ধি পাইয়াছে। কোন দলকে ছোট মনে করা তাহার প্রভাবকে ক্ষুণ্ণ করার জন্য নয়, দেশবাসীকে সুদৃঢ় ঐক্য গঠনের জন্য ইহা একান্ত প্রয়োজন। এইরূপ ঐক্যবদ্ধ ফ্রন্ট দেশ পুনর্গঠনের উপযোগী একটা কার্যক্রম গ্রহণ করিয়া উহা কার্যকরী করার জন্য উপযুক্ত ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে পারে। এই কার্যক্রমের মূল কথা হইবে- দেশকে সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও একচেটিয়া বুর্জোয়াদের রাজনৈতিক-অর্থনৈতিক প্রভাবমুক্ত করিয়া একটা গণতান্ত্রিক রাজনৈতিক-অর্থনৈতিক ব্যবস্থা গ্রহণ করা। উক্ত কার্যক্রমের মূল বিষয় হইবে- কৃষি জমির সিলিং নির্ধারণ করিয়া খোদ কৃষকের হাতে জমি বিতরণ; শ্রমিকদের বাঁচার মত নিম্নতম মুজরি নির্ধারণ; চাকুরীর নিরাপত্তা ও ট্রেড ইউনিয়ন অধিকার নিশ্চিতকরণ; ব্যাঙ্ক,বীমা, বড় বড় শিল্প, পাট ও আমদানী-রপ্তানী ব্যবসা প্রভৃতি জাতীয়করণ; ছোট ও মাঝারি শিল্পপতিদের জাতীয় শিল্প গড়িয়া তোলার ক্ষেত্রে উৎসাহ দান; সোভিয়েত ইউনিয়ন ও অন্যান্য সমাজতান্ত্রিক দেশগুলির সাহায্যে শক্তিশালী রাষ্ট্রায়ত্ত শিল্প গড়িয়া তোলা; সমতার ভিত্তিতে ভারতের সাথে বন্ধুত্বমূলক অর্থনৈতিক ও সাংস্কৃতিক সম্পর্ক গড়িয়া তোলা; স্বাধীন ও নিরপেক্ষ বৈদেশিক নীতি গ্রহণ; সাম্রাজ্যবাদীদের শর্তযুক্ত সাহায্য বর্জন এবং সমাজতান্ত্রিক ও নিরপেক্ষ দেশগুলির সহিত ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করা।

গত এপ্রিল মাসে বাংলাদেশ সরকার গঠনের পর হইতেই আমরা ইহাকে সমর্থন করিয়া আসিয়াছি এবং আমরা এই সরকারকে সমর্থন করি। তবে আমরা মনে করি যে, বর্তমানে দেশের সামনে যে সকল সমস্যা দেখা দিয়াছে, তাহা যথাযথভাবে সমাধান করার জন্য এই সরকারের মধ্যে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল সংগ্রামী শক্তিগুলোর প্রতিনিধিত্ব প্রয়োজন। ইহা দেশবাসীর মনে বিপুল অনুপ্রেরণা ও উৎসাহ সৃষ্টি করিবে এবং দেশ গঠনের কাজে প্রতিটি মানুষকে সক্রিয় করে তুলিবে।

দেশ পরিপূর্ণভাবে স্বাধীনতা অর্জনের পরে দেশে একটি গণতান্ত্রিক শাসনতন্ত্র রচনার প্রশ্ন দেখা দিবে। এ জন্য অবশ্যই প্রাপ্তবয়স্কদের সর্বজনীন ভোটে একটি শাসনতান্ত্রিক পরিষদ গঠন করিতে হইবে। এই শাসনতান্ত্রিক পরিষদ কর্তৃক শাসনতন্ত্র রচিত হওয়ার পূর্বে গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশের একটি অন্তবর্তীকালীন শাসনতন্ত্র রচনা করিতে পারে। অন্তবর্তীকালীন শাসনতন্ত্র যাহাতে সারাদেশের নিকট গ্রহণযোগ্য হইতে পারে সে জন্য সকল সংগ্রামী শক্তিগুলোর প্রতিনিধিদের সমবায়ে একটি সাময়িক শাসনতন্ত্র পরিষদ গঠন করা প্রয়োজন।

ঐক্যবদ্ধ জাতীয় ফ্রন্ট গঠন, উহার একটি সাধারণ কার্যক্রম গ্রহণ, সম্প্রসারিত অস্থায়ী জাতীয় সরকার গঠন এবং অন্তবর্তী শাসনতন্ত্র প্রণয়ন প্রভৃতি বিষয়ে বর্তমান বাংলাদেশ সরকার, আওয়ামী লীগ ও অন্যান্য রাজনৈতিক দলের সাথে আলাপ-আলোচনা চালাইতে হইবে এবং দেশবাসীর মধ্যেও উহার সপক্ষে জনমত গড়িয়া তুলিতে হইবে। দেশের বর্তমান রাজনৈতিক বিকাশের স্তরে তথা দেশের মধ্যে সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও একচেটিয়া পুঁজিবিরোধী একটি গণতান্ত্রিক সমাজব্যবস্থা গঠন করার ক্ষেত্রে বুর্জোয়া-পেটি বুর্জোয়ার দল আওয়ামী লীগকে আমরা সাধারণভাবে মিত্র বলিয়া গণ্য করি। বর্তমান অবস্থায় দেশবাসীর স্বার্থের অনুকূলে ও দেশ পুনর্গঠনের কাজে আওয়ামী লীগের সঙ্গে সহযোগিতা করিয়া চলাই আমাদের সাধারণ নীতি। এই সহযোগিতার ভিতরেও আওয়ামী লীগ নেতৃত্বের সঙ্গে বিভিন্ন বিষয়ে আমাদের মতবিরোধ দেখা দিতে পারে। সেসব ক্ষেত্রে আওয়ামী লীগ ও আওয়ামী লীগ সরকারের কাজের সমালোচনা প্রভৃতি মিত্রসুলভভাবেই পরিচালনা করিতে হইবে।

কমরেডগণ,

মাতৃভূমির যে স্বাধীনতার জন্য বাংলাদেশের জনগণ গত আট মাস যাবৎ বীরত্বপূর্ণ সংগ্রাম করিয়া আসিতেছেন, সেই স্বাধীনতা আজ আমাদের দ্বারে আসিয়া উপনীত হইয়াছে। এক দশক আগে আমাদের পার্টি বাঙ্গালী জাতির আত্মনিয়ন্ত্রণের যে দাবী ঘোষণা করিয়াছিল আজ সেই দাবী বাস্তবায়িত হইতে চলিয়াছে। ঘৃণ্য দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে ও বৃটিশ সাম্রাজ্যবাদীদের আর্শীবাদে রচিত কৃত্রিম এবং সাম্প্রদায়িক-প্রতিক্রিয়াশীল রাষ্ট্র পাকিস্তান আমাদের মুক্তিযুদ্ধের দুর্বার আঘাতে আজ ভাঙ্গিয়া পড়িতেছে। পাকিস্তান রাষ্ট্রের অভিশাপ হইতে বাঙ্গালী জাতির মুক্তি আজ আসন্ন। দুনিয়ার বুকে জন্ম নিয়াছে এক নবীন গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র-বাংলাদেশ।

আমরা বিশ্বাস করি, পশ্চিম পাকিস্তানের নিপীড়িত জাতিসমূহও শীঘ্রই তাদের ন্যায্য জাতীয় ও গণতান্ত্রিক অধিকারের জন্য রুখিয়া দাঁড়াইবেন এবং তাহাদের ন্যায্য অধিকারগুলো প্রতিষ্ঠা করিবেন। তাঁহাদের এই ন্যায্য সংগ্রামে আমাদের পার্টি সবসময় সাহায্য করিয়াছে এবং ভবিষ্যতেও করবে।

বাঙ্গালী আওয়ামী লীগ জাতির জীবনে আজ এক নূতন দিনের সূচনা হইতেছে। আসুন আমরা সবাই মিলিয়া শপথ গ্রহণ করি যে বাংলাদেশের শ্রমিক, কৃষক ও মেহনতি জনগণকে অতীতের সমস্ত বঞ্চনা, শোষণ ও অত্যাচার হইতে মুক্ত করিব এবং স্বাধীন, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক এক সুখী ও সমৃদ্ধশালী বাংলাদেশ গঠন করিয়া সমাজতন্ত্র প্রতিষ্ঠার পথে আগাইয়া যাইব।

কেন্দ্রীয় কমিটি,

৩রা ডিসেম্বর,১৯৭১ বাংলাদেশ কমিউনিষ্ট পার্টি।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের মূল্যায়ন	পূর্ব পাকিস্তানের (বাংলাদেশ) কমিউনিস্ট পার্টি	.....

EVALUATION OF THE FREEDOM STRUGGLE OF BANGLADESH

The movement and struggle of Bangladesh have assumed a completely new form. The struggle for establishment of democracy and autonomy has been transformed into the freedom struggle of Bangladesh and the peaceful non-cooperation movement has now turned into armed struggle. The freedom fight of Bangladesh is aided and supported by the entire people. Such united support of the people to the freedom struggle is rare in history. The objective and the form of the struggle for Bangladesh have both changed. The freedom struggle of Bangladesh has important significance in both the national and international sphere. It is a completely new situation.

That is why, determining character of the struggle of Bangladesh and its correct evaluation is absolutely necessary.

The evaluation of the freedom struggle of Bangladesh made by the Central Committee and the tasks set by it are written below:

THE CHARACTER AND FORM OF THE STRUGGLE: ITS ENEMIES AND ALLIES

Character of the Struggle

c. The Pope called an urgent meeting on 25th September of Roman Catholic relief officials to discuss the "steady worsening" in the living condition of civil war survivors in East Pakistan. The Pope's announcement came after the Catholic relief organization Caritas International said that East Pakistan faced a disastrous famine unless the world governments provide help within the next few weeks.

d. Lincoln C. Chen and Jon E. Rhode of Harvard Medical School have written-

> "The critical period lies immediately ahead. The similarities between the famine of 1943 with present trends in East Pakistan are striking. The malnourished state of the 7.5 million refugees (now 9 millions) who have fled into India attests the deteriorating situation within East Pakistan. Reliable estimates project that the current food shortage will affect approximately 25 million people: the landless laborer, the deficit fanner, craftsman, factory worker and urban poor. The number that will die of starvation is unknown."

e. Mr. Peter Shore, M. P., a former Labor Cabinet Minister, has just returned from a visit to India-East Pakistan border. He wrote in the Sunday Times of 5th September-

> "The prospects for famine are grim...No one can tell what the East Bengal gross food deficit amounts to... The urgency of all this cannot be over stressed... India has so far absorbed 8 million people from East Pakistan. They are not refugees from hunger. They the refugees from oppression and fear. If hunger takes an increasing grip in East

Pakistan in the months ahead, yet another tide of refugees will flow across the border."

f. Describing the appalling conditions in the refugee camps in West Bengal Nicholas Tomalin of the Sunday Times wrote under the caption 'Must a million children die"? (Sunday Times 26th September)-

"By the end of each week people have long since finished their ration supplies (of 200 grams of rice). They are desperate. So to get their food earlier next day they queue all night, squatting under black umbrellas in long lines fenced in with bamboo. They looked like penned cattle……

"I saw one of them (a child) return to my next door rent. His hungry family awaited him for it Was six days since they had collected their rations-and their food had run out. He was only five, he scarcely knew what was happening, and he was an obedient member of his family. So he saw his brass pot of milk taken from him and shared round six people. Father took the largest gulp, brothers and sisters drank greedily. For the little boy all that was left was a large table-spoonful of milk...This

small incident multiplied a million fold. Presents worst potential disaster of all...these children need massive supplementary feeding if they are to survive."

4. Sir, we can go on giving you quotes but, we are sure, you already know enough. We now write to you seeking your help and moral support. We ask you to do whatever you can to provide relief and succor to the suffering millions in both East and West Bengal (please see pictures). The problem is of enormous magnitude but the aid far has been scanty. For the sake of humanity, in conscience. We, each one of us. should and must do all we can.

PROGRAMME FOR ACTION

Our appeal to you: Please organise any effort within your University Polytechnic College / Institution to raise money for "United Action Bangladesh Relief Fund". You may like to:

(a) Hold a dance or any other function to raise money;
(b) Observe "Help Bangladesh Week" and ask people for donations;
(c) Observe a day's fast and let students donate that day's expenses towards feeding of hungry millions;
(d) Ask willing students to fill in Banker's Orders for a regular contribution;
(e) Explore other means to raise money;
(f) Ask your Government and other world governments to rush aid.

We will of course be too ready to co-operate with you and be of any assistance to you, and if necessary, to arrange for one of us to come and talk to you.

6. United Action-Bangladesh has established the relief fund for the specific purpose of relief and help to the suffering millions. The name of the fund is "United Action-

Bangladesh Relief Fund". Its Bankers are :

National Westminster Bank Limited,
43 Kingsway. London WC2B 6TN.
Ale No. 01533118
Bank Code No. 01-04-78

Please send your contributions direct to this account. Cheques should be made payable to "United Action-Bangladesh Relief Fund" and crossed "A/c Payee only".

The Trustees of the Fund are;
(1)Rt. Rev. Trevor Huddleston, Bishop of Stepney;
(2)Lady Gifford;
(3)Rt. Hon. Richard Crossman, M. P.;
(4)Mr. S. I. Aziz, A. M. B. I. M.

We are Sir,

Yours faithfully.
1.Md. A. Samad Khan
2.R. U. Ahamed
3.Md. Abdur Rob
4.A. Matlib
5……
6.A. H. Joarder
for United Action-Bangladesh

শিরোনাম	সূত্র	তারিখ
যুদ্ধকালে বৃটেনের বিভিন্ন শহরে মঞ্চায়িত নৃত্যনাট্য 'অস্ত্র হাতে তুলে নাও' -এর পান্ডুলিপি	বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদের দলিলপত্র	(রচনাকাল) আগস্ট, ১৯৭১

।। অস্ত্র হাতে তুলে নাও ।।

রচনা ও সুরারোপঃ এনামুল হক

[বৃষ্টির শব্দ। মেঘের গর্জন।]

কিষাণীরা ।। বরষা নেমেছে যেন বন্যাধারা
মেঘেরা ডাকিছে যেন বাজে নাকাড়া ।।
রিমঝিম রিমঝিম ঝরো ঝরো সারাদিন
পড়িছে আকাশ ভেঙ্গে বৃষ্টি বিরামহীন
শ্যামল পৃথিবী হোলো আত্মহারা ।।

বিজুলী চমক দেয় জোনাকীরা ঝলসায়
বউ কথা কও পাখী এলো বুঝি জলসায়
ভরে দিক গানে প্রাণ শ্রাবণ ধারা ।।

[ভীষণ মেঘের গজীন। আরো বৃষ্টি। বন্যা।]

কিষাণ। । হায় হায় এইবার আমাদের কি হবে উপায়
ফসলের সব ক্ষেত ডুবে গেল বরষার ।।
মাঠে ছিল পাকা ধান যত
স্রোতে সব হোয়ে অবনত
আমাদের রেখে গেল কঠিন ক্ষুধার তাড়নায় ।।

কিষাণী ।। তবুও আসবে জোতদের
চাইবে ধানের ভাগ তার
কি করে ঠেকাব তাকে আশা দেব কোন ভরসায় ।।

[ভীষণ মেঘের গজীন। ঢুলীর প্রবেশ।]

ঢুলী ।। টাক ডুমা ডুম বাদ্যি বাজে শোনো স্বদেশ বাসী
পঁচিশ টাকায় বিক্রি হবে পাঁটশ টাকার খাসি ।।

কিষাণ ।। বাজার বেজায় সস্তা দেখি বলত ভাই খুলে
এমন ভাবে দাও বুঝিয়ে যাই ন যেনা ভুলে ।।

ঢুলী ।। দেশের যত সমস্যা ভাই উঠছে কেবল জমে
তাই দেখে সব খান সাহেবদের ঘুমটা যাচ্ছে কমে
সৈন্য-সেনা আর আমলা মিলে পাকাচ্ছে এক জোট
ভুয়া পেটে নাচতে নাচতে দিতে হবে ভোট ।।

কিষাণ ।। বল কি হে ভোট দিয়ে কি পেটের ক্ষুধা যাবে ।।

ঢুলী ।। ওই ভোটটা দিলেই গরম গরম পেটের খাবার পাবে
টাক ডুমা ডুম বদ্যি বাজে শোনো স্বদেশ বাসী
পঁচিশ টাকায় বিক্রি হবে পাঁচশ টাকার খাসি ।।

[ঢুলীর প্রস্থান। ছাত্র ও যুবক দলের প্রবেশ।]

যুবক দল ।। নৌকার দলে ভোট দে সবে ভাই
নৌকার দলে ভোট না দিলে বাংলার বাঁচবার উপায় নাই ।।

এক ছাত্র ।। দেশ শাসনের কেতাব নাই
হিসাব করে লিখবে সবাই
তাইত তোমার ভোটটা চাই
নৌকার দলে ভোট দে সবে ভাই ।।

সকলে ।। জয় বাংলা ।। জয় বাংলা ।।
(যুবকদলের প্রস্থান।)

[গোলাগুলির শব্দ। ঢুলীর প্রবেশ।]

ঢুলী ।। টাক ডুমাডুম টাক ডুমাডুম টাক ডুমাডুম ডুম
মার খেয়ে সব মরতে হবে জঙ্গী লাটের হুকুম
বাংলাদেশের থাকবে শুধু নফর চাকর দাসী
পাঁচশ টাকায় কিনতে হবে পঁচিশ টাকার খাসি
ও মিয়া ভাই কি করি উপায় কিসে বাঁচাই প্রাণ
পশুর মত আসছে তেড়ে পাঞ্জাবী আর পাঠান ।।

কিষাণ ।। কেমন কথা আইন মত সবাই দিলাম ভোট
তাতেও দেখি খান সাহেবের বেজায় গরম চোট ।।

ঢুলী ।। খান সাহেবদের মাথা মোটা ধার ধারে না কারো
সারা জীবন শিক্ষা তাদের খুন কর আর মারো
শাসন করে শোষণ করে নেইক কোনোই দায়
সহজে কি কেউ সে ক্ষমতা ছেড়ে মরতে চায় ।।

কিষাণী ।। হায় বাঙ্গালী হায় বাঙ্গালী
বুকের তাজা রক্ত দিয়ে দেশ বাঙ্গালী

ঘুম কি এবার ভাঙ্গবে রে তোর
রাত কেটে ঐ আসল যে ভোর
আরো রক্ত দিতে যে বাংলাদেশ আজ কাঙালি ।।

[ঢুলীর প্রস্থান। ভীষণ গোলাগুলির শব্দ।]

কিষাণ ।। সহসা শুনি যে কোথাও বাজিছে যুদ্ধের কোলাহল
শিরায় শোণিতে জাগিছে হিংসার দাবানল
যুদ্ধের হুঙ্কার আমি তুচ্ছ করি
অন্যায় শক্তিকে আমি ব্যর্থ করি
মৃত্যুকে করি যে রূদ্ধ মৃত্যু দিয়ে
হিংস্রকে করি যে স্তব্ধ বজ্র দিয়ে
জীবনের সৈনিক আমি অন্যায়ের সাথে মোর দ্বন্দ্ব
জীবন সার্থক হোক সত্য জেনে সেইত আনন্দ ।।

সকলে ।। শক্তির যে করে অপব্যবহার
শক্তির হাতে তার হবে সংহার।
শৃংখল পায়ে পায়ে পরায়ে
পশ্চাতে যে টানে জড়ায়ে
বিশ্বের ঘৃণা তারে দহে বারবার
তাই তার প্রতিকার জন্মের অধিকার ।।

কিষাণী ।। এবারে উঠেছে ঢেউ
ঘরে বসে নেই কেউ
স্বাধীনতা সংগ্রামে
চলবেই অবিরাম ।।

সকলে ।। শরীরের কোষে কোষে
প্রতিবাদ জ্বলে রোষে
আছে যারা পরাধীন
তাদের নতুন দিন ।।

[মুক্তিফৌজের পোশাক পরে কয়েকজনের প্রবেশ।]

কিষাণী ।। কি যে উল্লাসে জাগে দিকে দিকে
স্বাধীনতা নাম বুকে লিখে লিখে
তাপিত হাজার প্রাণ
প্রলয়ের মত সারা দিনক্ষণ
বিদেশী প্রভুর সব আয়োজন

ভেঙ্গে করে খান খান।।

কিষাণ।। স্বাধীনতা বলবার
স্বাধীনতা চলবার
লিখবার গাইবার বাঁচাবার
ভাগ্যকে ভাঙতে
হাসতে কি কাঁদতে
চাই সব করবার অধিকার।।

সকলে।। জন্মভুমি ওগো বাংলাদেশ
তোমার ব্যথার করব যে শেষ
খামারে অথাবা যত কারখানা কলে
আর কারো দাস হোয়ে খাটি দলে দলে
মনে হয় এইবার সব উঠি ফুসে
করেছে যেমন ওই চীনে আর রূশে।।

কিষাণ।। হে-
মার জোয়ানো হেঁইও
জোরসে টানো হেঁইও
সাবাস জোয়ান হেঁইও
হও আগুয়ান হেঁইও

সকলে।। সাবধানে বাই
আমরা সবাই
মজুর কিষাণ
বাঁচাই পরাণ

কিষাণ।। পেটের চানে হেঁইও
সবাই জানে হেঁইও

সকলে।। হেঁইও রে হেঁইও
হেঁইও রে হেঁইও

কিষাণ ও কিষাণী। কারখানাতে খেত খামারে
শহর গাঁয়ে আর পাহাড়ে
বেলা অবেলা সকল বেলা
টানছি বোঝা ঠেলছি ঠেলা
মহাজনের মেশিন চালাই
সাহেব সুবার বাড়ী বানাই

সকলে ।। এই কপালে কিছুই নাই
আমরা মজুর পথে বেড়াই
আমরা খাটি ফসল ফলাই
তাইত গানে আগুন ছড়াই

কিষাণ ।। হে-
নয়া জামানা হেঁইও
দেয় নিশানা হেঁইও
সাবাস জোয়ান হেঁইও
হও আগুয়ান হেঁইও
সকলে ।। সাবধানে ভাই
আমরা সবাই
মজুর কিষাণ
বাঁচাই পরাণ
কিষাণ ।। পেটের টানে হেঁইও
সবাই জানে হেঁইও
সকলে ।। হেঁইও রে হেঁইও
হেঁইও রে হেঁইও
কিষাণ ও কিষাণী ।। রাতের শেষে সূর্য যেমন
আলোয় ভরায় সারা ভুবন
আসবে আসবে সেই দুদিন
আসবে সমাজ শোষণীয়
আসবে আসবে সেই স্বরাজ
সাম্যবাদের শ্রমিক রাজ
সকলে ।। এসো মজুর কিষাণ ভাই
এবার সবাই করব লড়াই
সবার মুক্তি অবশেষে
আসবে আসবে বাংলাদেশে
কিষাণ ।। হে-
মুক্তি যদি পেতে চাও হেঁইও হেঁইও হেঁইও
অস্ত্র হাতে তুলে নাও হেঁইও হেঁইও হেঁইও
বুক ফুলিয়ে এগিয়ে যাও হেঁইও হেঁইও হেঁইও

মুক্তি ফৌজে নাম লেখাও হেঁইও হেঁইও হেঁইও
যার বুকে আছে দেশের টান হেঁইও হেঁইও হেঁইও
সে দিতে পারে নিজের প্রাণ হেঁইও হেঁইও হেঁইও
সাবাস বাংলার মজুর কিষাণ হেঁইও হেঁইও হেঁইও
সাবাস বাংলার নওজোয়ান হেঁইও হেঁইও হেঁইও
সব বেদনার হবে শেষ হেঁইও হেঁইও হেঁইও
স্বাধীন হবে বাংলাদেশ হেঁইও হেঁইও হেঁইও
মুক্ত যদি পেতে চাও হেঁইও হেঁইও হেঁইও
অস্ত্র হাতে তুলে নাও হেঁইও হেঁইও হেঁইও ।।

রচনা কালঃ আগস্ট, ১৯৭১ । যুদ্ধকালে ইংল্যান্ডের বিভিন্ন শহরে মঞ্চায়িত।

শিরোনাম	সূত্র	তারিখ
১৬ই অক্টোবর ম্যাঞ্জেস্টারে অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক অনুষ্ঠানের পোস্টার	বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদের দলিলপত্র	১২ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশের
স্বাধীনতা সংগ্রামের বিপ্লবী আলেখ্য
অস্ত্র হাতে তুলে নাও
(নৃত্যনাট্য)
ও গীতিবিচিত্রা

পরিবেশনায়ঃ

বাংলাদেশ গণসংস্কৃতি সংসদ
BANGLADESH PEOPLES CULTURAL
SOCIETY, LONDON

শনিবারঃ ১৬ই অক্টোবর, ১৯৭১
স্থানঃ ফ্রি ট্রেড হল, ম্যানটেস্টার
সময়ঃ দুপুর দেড়টা

প্রবেশপত্রের জন্য যোগাযোগের ঠিকানাঃ
বাংলাদেশ এ্যাসোসিয়েশন
ল্যাংকাশায়ার ও পার্শ্ববর্তী এলাকা
৩৩৬ স্টকপোর্ট রোড, ম্যানটেস্টার
ফোনঃ ০৬১-২৭৩ ৩৪২২

শিরোনাম	সূত্র	তারিখ
প্রেরিত চাঁদার রসিদ চেয়ে লিবিয়া থেকে বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে লেখা চিঠি	এ্যাকশন কমিটির দলিলপত্র	১৭ অক্টোবর, ১৯৭১

AL-MAARJ HOSPITAL
AL-MARJ (BRACE), LIBYA
17.10.71

জনাব চৌধুরী সাহেব,

আমার সালাম নেবেন। অনেকদিন পূর্বে আপনার কাছে চিঠি লিখে জানিয়েছিলাম যে আমি এবং ডাঃ মোঃ আবদুস সালাম ১০০ স্টার্লিং পাউন্ড বাংলাদেশ ফান্ডে পাঠিয়েছি। ব্যাংকের পক্ষ থেকে ১০০ পাউন্ডের রসিদ পেয়েছি। কিন্তু আপনাদের কাছ থেকে রসিদ পেলাম না। রসিদের কোন প্রয়োজন ছিল না; কিন্তু যেহেতু মাহবুব পেয়েছেন বাংলাদেশ গভর্নমেন্টের পক্ষ থেকে সেহেতু আমাদেরও দরকার এবং বিশেষ করে আমার আবদুর রহমান ও ডাঃ নূরুল আলম চৌধুরী প্রত্যেকে ৫০ পাউন্ড করে পাঠিয়েছেন। তারাও রসিদ পাননি। এ ব্যাপারে একটু ত্বরান্বিত না হলে অসুবিধা আছে। রসিদ তাড়াতাড়ি দিলে টাকা সংগ্রহও তাড়াতাড়ি হবে।

আপনাদের কাছ থেকে কাগজপত্র রীতিমত পাচ্ছি, সেজন্য আপনাদের সকলকে জানাই মোবারকবাদ। আরবীতে অনুদিত বইপত্র পাঠাতে পারলে খুব ভাল হয়। কোন ব্যাপারেই আমরা চেষ্টার ত্রুটি করছি না।

... হাসপাতালে ডিউটি করছি আর চিঠি লিখছি। একই চিন্তা-কিভাবে আমাদের দুঃখ-দুর্দশা ঘুচবে এবং আমাদের সন্তান-সন্ততিরা মুক্ত হাওয়ায় শ্বস-প্রশ্বাস গ্রহণ করবে, স্বাধীনভাবে চিন্তা করবে, কথা বলবে। ঐ দিনের প্রতীক্ষায় রইলাম যেদিন পরম আল্লাহতালা জালিমের শাস্তি দিয়ে নিপরাধ জনসাধারণকে শান্তির নিঃশ্বাস ফেলতে দেবেন.....। **জয় বাংলা**

ডাঃ এ, কে, এম, আবদুল হাফিজ

Justice Abu Sayeed Chowdhury
11, Goring St.. London EC 3 U.K.

শিরোনাম	সূত্র	তারিখ
দক্ষিণ ইংল্যান্ড ও আঞ্চলিক এ্যাকশন কমিটির সম্পর্কে মতানৈক্যের প্রশ্নে আয়োজিত সভায় উপস্থিতির জন্য কনভেনশন কমিটির আহবায়কের বিজ্ঞপ্তি	এ্যাকশন কমিটির দলিলপত্র	১ নভেম্বর, ১৯৭১

CONVENTION COMMITTEE OF THE ACTION COMMITTEE
FOR THE PEOPLE S REPUBLIC OF BANGLADESH IN U. K.
11 GORING STREET, London EC 3.

November I. 1971.

The President/Secretary,
Dear Friends,

As per the resolution of the Convention Committee at a meeting held on 22nd October, 1971. arising out of objections raised by several local Committees to the conduct, validity and bonafide of South England Regional Committee, you are requested to send two representatives from your Committee to the meeting of all the Committees of South England Region to be held on Sunday. 7th November. 1971 at Lady Margaret Church Hall. Lady Margaret Road, Kentish Town N. W. 5 (Kentish Town Tube Station), at 2 P.M.

Only authorized representatives will be allowed into the meeting on presentation of the admission cards supplied herewith.

Yours fraternally.
(M. A. H. BHUIA)
Convenor.

On behalf of the Convention Committee comprising of the following members:
I. Mr. M. A. H. Bhuia 2. Mr. Sk. A. Mannan 3. Mr. Gous Khan
4. Mr. M. A. Matin 5. Mr. Arab Ali 6. Mr. A. M. Tarafdar

ADMIT ONE

I, _____ have been duly authorised by----------
___Committee to be present at the meeting called by the Convenor of the Convention Committee to be held on Sunday 31st October, 1971.

Convenor,
Convention Committee.

Signature of the President/Secretary
of _____

শিরোনাম	সূত্র	তারিখ
ওল্ডহ্যামে গঠিত বাংলাদেশ ইয়োথ লীগের সংগৃহীত অর্থ সদ্ব্যবহারের উপদেশ কামনা করে স্টীয়ারিং কমিটিকে লিখিত চিঠি	এ্যাকশন কমিটির দলিলপত্র	৪ নভেম্বর, ১৯৭১

JOY BANGLA
BANGLADESH YOUTH LEAGUE

11 TIN STREET
OLDHAM
LANCS.
Telephone:061-624 3189 Date, the 4th Nov, 1971.

To

The Steering Committee of the Action Committee for the Peoples' Republic of Bangladesh in United Kingdom.

জনাব,

আমি বাংলাদেশ 'তরূণ লীগের' পক্ষ থেকে আপনাদের মারফতে মাননীয় বিচারপতি চৌধুরী সাহেবের উপদেশ কামনা করছি। আমাদের 'তরূণ লীগ' তহবিলে এ পর্যন্ত প্রায় বারো শত পাউন্ড জমা হয়েছে। আমাদের প্রত্যেকের ইচ্ছা উক্ত পাউন্ডগুলি আমাদের বীর সেনানী মুক্তিবাহিনীর জন্য গরম কাপড় খরিদার্থে ব্যবহার করা হোক।

আশা করি বিচারপতি সাহেব এ বিষয়ে নিশ্চয় আনন্দিত হবেন।

তাই আমাদের পয়সাগুলি কিভাবে তিনির হাতে পৌঁছাবো, আপনারা অতি সত্বর আমাদেরে উপদেশ দান করিবেন।

আমাদের সংগ্রামী সালাম রইল।

ইতি
Bangladesh Youth League
Oldham,
Lancs.

শিরোনাম	সূত্র	তারিখ
প্রবাসে একটি সাংস্কৃতিক কেন্দ্র প্রতিষ্ঠার প্রস্তাব সংবলিত বিচারপতি আবু সাঈদ চৌধুরীর কাছে গণ-সংস্কৃত সংসদের পক্ষে পেশকৃত গোপন প্রতিবেদন	গণ-সংস্কৃতি সংসদের দলিলপত্র	১৫ সেপ্টেম্বর, ১৯৭১

Confidential

15-11-71

Exclusive to Justice A. S. Chowdhury

This note favors the proposition to immediately establish a Bangladesh cultural centre in London. It will be an organisation with a 3 member management committee consisting of:

1. Justice Chowdhury
2. Honorary Director of the centre
3. One representative of the Steering Committee or its successor Comminee.

It will be financed by the Steering Committee and other private sources. It has every possibility of being self-sufficient. At the moment one room either at 11. Goring street or in the Bangladesh Mission will house the centre.

The centre will lie headed by the Director. Only one Assistant and a part time Typist - cum-Clerk will be the paid employees. All others will be recruited on the basis of voluntary service.

The general aim of (lie centre is to canyon the freedom struggle of Bangladesh in a different arena with a different kind of weapon. The centre would endeavor to project the cultural basis of our nationalism to show the inevitability of the independence of Bangladesh, to establish and sustain liaison with supporters of Bangladesh among foreign nationals, to project the rich cultural heritage of Bangladesh in order to attract public attention towards the positive aspect and soundness of Bangladesh nationhood, to publish sophisticated literature that would be appreciated by the intelligentsia, to invite eminent citizens of the world to participate in discussions on aspects of Bangladesh, to sponsor- exhibitions of photographs, paintings, films, posters etc. on Bangladesh, to create a library and a documentation centre containing books, journals, newspapers, films, slides, records, maps, charts etc. to work as the research cell for the Bangladesh Mission, Central Action Committee or any other such authority, to arrange for the celebration of the Shahid Day (21st February), Independence Day (20th March), Bengali New Years Day (14th April), Tagore Birth Day (Bill May), Nazrul Birth Day (26th May) and such other national anniversaries in a befitting manner etc.

It is about six months that the Bangladesh Peoples Cultural Society has been actively pursuing a programme on the above line of creating mass awareness among the Bangladesh citizens in U. K. In course of its activities it has derived at collaborating with

all other organizations with similar objectives, such as the Steering Committee, the Students Action Committee, the Women's Action Committee. Action Bangladesh, etc. But the Bangladesh Peoples Cultural Society is an assembly of heterogeneous elements and is naturally bound to submit to the and strains of its compositional weakness. Also being a voluntary Society it cannot implementing serious programme and has no funds at its command. It can at best be helpful in carrying out same work of popular nature (c. g. patriotic music, dance recital etc.) assigned by the centre.

Finally, it is not too much to expect that the centre would be treated, by virtue of its nature of work, as a rallying point of Bangladesh citizens of all opinions and would likely to a permanent institution even after the struggle for freedom has been successfully won. This, in its expanded form, would be treated as a legacy of the freedom movement of Bengalees in United Kingdom.

In order to understand the utility of an institution like the Bangladesh Cultural Centre, we may point out same inadequacies as far as organizational situation in London is concerned. The following are illustrative examples and are not aimed at complaining against anyone.

(i) During the last seven months Justice Chowdhury has met many eminent politicians, diplomats, journalists, and useful citizens in Europe and America. As far as it is known, such meetings have not been followed up by subsequent occasional polite and personal correspondence. Mere mailing of printed bulletin to their addresses can hardly be a substitute. The centre can take care of sustaining such contracts under the general guidance of Justice Choudhury.

(ii) The Steering Committee or its successor committee will, because of its objectives, be always bouy in politically organizing the Bangladesh citizens in U. K. by arranging meetings, processions, etc. Their main occupation would be to procure funds and keep us engaged and united in our struggle for freedom. One should not expect them to be able to undertake directly the sophisticated works outlined earlier in this note.

(iii) The same may be the case for the diplomats who have recently expressed their allegiance to Bangladesh. Without any reflection on their otherwise competence, they arc trained bureaucrats who can hardly take initiative on their own to handle cultural activities to promote a revolutionary struggle. This can be illustrated by a recent example. Mr. Hasnein Beikal, the editor of the Al-Ahram of Egypt and the most influential man of letters in the Arab world, was in London in October. It was reported in the newspapers also. But it appears that no one took initiative in arranging a meeting with him for Justice Chowdhury. What a great miss!

(iv) Even a pro-Pakistan newspaper like the Dawn of Karachi published in the beginning of November the news of bomb explosion in Dacca DIT television tower, in National Press Trust Morning News building, and the closure of Karnaphuli Paper Mills, the biggest in Asia, due to guerilla activities. These

Were indeed more remarkable news items than the stereotyped border incursions. Regrettably none of these items got mention in either of the Bengali bi-weekly or the English fortnightly, officially published from London. Indeed the creation of such a centre would always, with their continued research activities, be helpful to the Press Section of the Mission so that balanced and useful information are circulated.

(v) Andre Malraux, the eminent French intellectual has offered his support for and active collaboration with the Bangladesh struggle. It is not known whether any authority or individual, on behalf of Bangladesh, has exploited his offer. The Bangladesh Centre would have taken up the case and would have put him in contact with the government at Mujibnagar and used him for propaganda purpose in an appropriate way.

(vi) It has been a proven practice to publish suitably designed posters with lucid, slogans to keep up the tempo of any struggle. The Bangladesh Cultural Centre would immediately bring out several posters in Bengali (and also in English and French) for permanent display in Bengali restaurants, offices, and in public premises like libraries, museums, railway stations, air-ports, post-offices etc.

(vii) It is noticed with great satisfaction that the entire mass of the Bengalees, majority of them are though illiterate, have supported the cause of an independent Bangladesh. The spirit so far has been excellent. But the danger is even greater if this mass is not educated through practical measures the new basis of our nationhood, i. e., the secular character of Bangladesh in place of the religious hypocrisy of Pakistan. Mere slogans would hardly remove this well-nourished prejudice. The enemies of Bangladesh can easily fight on this ground even without using their guns, unless immediate efforts are made to take simultaneous measures to clearly demonstrate that the new stale of Bangladesh will create a society which will neither exploit nor interfere with the religion of the masses. The confidence of the people in this matter must be built up in right earnest. The Cultural Centre will have to work very hard in this respect.

(viii) Nobody knows how long it may take to finally liberate the occupied Bangladesh, and fully. Meanwhile the centre may handle the cases of all students of Bangladesh in U. K. and guide all enquiries in matters of higher studies in U. K. It can even procure scholarships, stipends, fellowships for suitable candidates from different sources.

(ix) Immediate measure should be taken to collect books and journals on ancient as well as current history, literature, art. politics, economics, sociology of Bangladesh-both in English and Bengali-for the Centre Library. We must develop our immigrant community in U. K. as a well-informed group of people who know about themselves, who are readers and not talkers only. We must know our culture in the broadest sense of the term.

(x) It is not necessary to go on listing what could have been done and what could be done. It is never too late to begin. Once the Centre is established it can start thinking itself and can provoke ideas and seek advise from others.

Financial implications (for first six months)

Salary of a full-time Assistant
@ £ 100 per month..... £ 600
Salary of a part-time Clerk-cum-Typist
@ £ 30 per month------- £180
Stationeries & Contingencies Conveyances etc. £ 600

(six months)
Total= £ 13.80
All activities expenses would be borne by the Steering Committee.

শিরোনাম	সূত্র	তারিখ
ঈদের ফেতরাসহ মুক্তিযোদ্ধাদের অন্যান্য সাহায্যের জন বাংলাদেশ মহিলা সমিতির আবেদন	বৃটেনে বাংলাদেশ মহিলা সমিতির প্রচারপত্র	১৬ নভেম্বর, ১৯৭১

BANGLADESH WOMEN'S ASSOCIATION IN GREAT BRITAIN

103 Ledbury Road, London, W.11.
Telephone: 01 727 6578
Ref: 2/R.
Date: 16ই নভেম্বর, ১৯৭১ ।

সুধী,

পবিত্র ঈদ সমাগমে প্রতিটি দেশপ্রাণ বাংগালীর মন স্বভাবতঃই ভারাক্রান্ত। দেশ ও জাতি আজ ঘোরতর দুর্যোগের সম্মুখীন। ইয়াহিয়ার নীতি ও ধর্মজ্ঞান বিবর্জিত নৃশংস সেনাবাহিনীর অত্যাচারে জর্জরিত। অত্যাচারী এজিদ বাহিনী বাংগারী জাতির নাম পৃথিবী থেকে মুছে ফেলতে বদ্ধপরিকর। দেশের এই সঙ্কটে আমাদের একমাত্র ভরসাস্থল মরণজয়ী জেহাদেরত মুক্তিবাহিনীর ভাইরা। বাংলা ও বাংগালীকে তারা বাঁচাবেই-প্রয়োজন হলে তাদের জীবনের বিনিময়ে। আমাদের ঈদ ব্যর্থ হবে যদি পবিত্র দিনে তাদের প্রতি আমাদে কর্তব্য ভুলে যাই।

তাই যুক্তরাজ্যস্থ বাংলাদেশ মহিলা সমিতি সিদ্ধান্ত নিয়েছে এবারের ফেতরার পয়সা সংগ্রহ করে মুক্তিবাহিনীর কাপড়-চোপড় ও প্রয়োজনীয় অন্যান্য জিনিস খরিদ করার জন্য পাঠিয়ে দেবে। এ ব্যাপারে আমরা অনুরোধ করছি আপনাদের আমরিক সহযোগিতা।

আসুন ভাই-বোনেরা, এবারের ফেতরার পয়সা মুক্তিবাহিনীর নামে বাংলাদেশ মহিলা সমিতির কাছে পাঠিয়ে দিয়ে জেহাদে শরীফ হোন। দানের দ্বারা দেশের প্রতি আপনার গুরূদায়িত্বের ভার কিছুটা লাঘব করুন। আপনার ঈদ সার্থক ও পবিত্রতার হোক।

জয় বাংলা।

নিবেদিকা

মিসেস বকশ

(কনভেনর)

একটি জরূরী আবেদন

সোনার বাংলার মানুষ আজ হানাদার বাহিনীর নৃশংস হত্যালীলার শিকার। তারা আজ অন্নহীন বস্ত্রীহীন। এখন শীতকাল। মুক্তিবাহিনীরা খোলা জায়গায় কাজে ব্যস্ত। শরণার্থীরা শীতবস্ত্রের প্রয়োজনীয়তা উপলব্ধি করে এগিয়ে আসুন। দেশ স্বাধীন যাঁরা করছেন তাদের সাহায্য করাই দেশের কাজ করা। যে যা পারেন নতুন বা পুরানো কিন্তু পরিষ্কার জাম্পার, সোয়েটার, কার্ডিগান, পুলওভার, প্যান্ট ও গলাবন্দ দিয়ে সাহায্য করুন। এর আগে মে মাসে আমরা 'ওয়ার অন ওয়ান্ট' এর মাধ্যমে মুক্তিবাহিনীদের জন্য ৪০০ সার্ট ও প্যান্ট পাঠিয়েছি। আপনাদের সাহয্য পেলে এবারও পারব ইনশাআল্লাহ। আপনার সংগ্রহ করা কাপড়গুলি নীচের ঠিকানায় আগামী ১৩ ও ২০শে নভেম্বর শনিবার বেলা ২-৪টার মধ্যে পৌঁছে দিন।

1. World service Trust,
27 Delancey St.
London N.W.1
(Off Camden High Street,
Camden Town).

2. 58 Berwick Street,
London W.1,
Oxford Circular

বাংলাদেশের মহিলা সমিতি সিদ্ধান্ত নিয়েছে এবারের ফেতার পয়সা সংগ্রহ করে সেটা মুক্তি বাহিনীর জন্যে খরচ করবে। এই সংকল্প রূপায়নের জন্য চাই আপনাদের সক্রিয় সহযোগিতা।

দেশ আজ ইয়াহিয়া-সৈন্যের অত্যাচারে ধ্বংস কবলিত। বাংলাদেশে আজ জীবন ধারণ করাই দুর্বিষহ। জাতি আজ জীবন-মরণ সমস্যার সম্মুখীন। আপনার-আমরা ভাই বোনেরা জীবন পণ করে ঝাঁপিয়ে পড়েছে দেশকে শত্রুমুক্ত করতে। আপনারা কি মনে করেন না যে যারা মানুষ বাঁচানোর ব্রতে নেমেছেন তাঁদের সাহায্য করাই ধর্মের কাজ ও বাংরার মানুষকে বাঁচানোই আজ বাংলার মানুষের মহান কর্তব্য ও দায়িত্ব?

আপনার বন্ধু-বান্ধাব ও আত্মীয়-স্বজনকে বলুন এবারের ফেতরার পয়সা মুক্ত বাহিনীর জন্য খরচ করতে এবং নিজেরাও ফেতরার পয়সা মুক্তিবাহিনীর নামে বাংলাদেশ মহিলা সমিতিতে জমা দিন।

-জয় বাংলা-

বাংলাদেশ মহিলা সমিতি , ১০৩ লেডবেরী রেডি, লন্ডন পশ্চিম ১১।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনকে সমর্থন ও সহযোগিতার আহবান জানিয়ে বৃটেনের লিবারেল পার্টির ১৯৭১ সনের কনফারেন্সে আগত প্রতিনিধিদের উদ্দেশ্যে প্রচারিত আবেদন	এ্যাকশন কমিটির দলিলপত্র	.... ১৯৭১

AN APPEAL FROM THE PEOPLE OF BANGLADESH
to the
DELEGATES ATTENDING THE LIBERAL PARTY CONFERENCE, 1971,
at
SCARBOROUGH.

Dear Delegate,

You must be aware of the great human tragedy which has been inflicted on the people of Bangladesh by West Pakistan's fascist army Junta. The army launched its massive and ruthless campaign of terror against the people of Bangladesh by indiscriminate killing, plundering, burning and raping on 25th March for no other sin but exercising their democratic rights by voting for a Party and a mandate of their choice; for no other reason but to deny our people the fruits of their democratic expression in the first ever held General Election in December. 1970. The manner in which the army committed its acts of atrocities and brutalities has been confirmed by many independent witnesses and journalists, as Genocide. According to the latest newspaper reports the army continues to commit Genocide against our civilian people. Due to the presence of this alien army on our soil, all aspects of life, civilian, administrative, educational, cultural, and economic remain disrupted. An acute famine of unprecedented dimension which at least would directly affect 25 million people is sure to occur very soon unless the invading army is made to withdraw. Moreover, the 8 million people so far driven out of their country by army terror will never dare return unless the army leaves Bangladesh.

Faced with a war of extermination and absolute political suppression people of Bangladesh have taken up arms in defense of themselves, their land, their dignity, their honor and their inherent and inalienable democratic rights. If we are sad because of the plight of our people, we are proud of the valiant fight our people have put up in defense of freedom, democracy and justice.

We know the Liberal Party to be a bold and forward looking political party which never hesitates to stand firmly by a just cause in any part of the world. We know too, when the West Pakistani army cracked down on our people, your party was the first to condemn inequivocably the army action in Bangladesh. You, as a member of an enlightened party will appreciate that the people of Bangladesh after all these events will never cease its struggle against Yahia's fascist army till they have won complete independence.

We, on behalf of the people of Bangladesh, must fervently appeal to you to adopt the following resolution at your party conference this year, that:

1. The invading Army should stop committing Genocide and withdraw from Bangladesh forthwith.

2. The British Government and all other civilized governments are urged to take the Bangladesh issue to the United Nations and raise the question of Genocide under the 'Genocide Convention'.

3. Sheikh Mujibur Rahman, the undisputed leader of Bangladesh should at once be released from his unlawful captivity in West Pakistan.

4. The British Government should not resume economic aid and bring influence to bear on all other aid giving countries to do same till the withdrawal of the repressive army from Bangladesh. Furthermore, the Government should try to persuade all countries particularly the U. S. from giving any form of military assistance to the West Pakistani Army.

5. The British Government and all other civilized nations are urged to give acceptance to an existing reality by recognizing Bangladesh as a free and sovereign state.

Long live the friendship between the people of the U. K. and Bangladesh. JOT BANGLA.

Steering Committee of the Action
Committees for The People's
Republic of Bangladesh.
11 Goring Street,
London, E. C. 3.

শিরোনাম	সূত্র	তারিখ
বৃটেনে গঠিত বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদে সভাপতি ডঃ এনামুল হকের চিঠিপত্র ও যোগাযোগ	গণ-সংস্কৃতি সংসদের দলিলপত্র	তারিখ..... ১৯৭১

Abul Saaduddin,
Ethnomusicology,
University of California,
7 June, 1971.

Dear Enam,

It was a delight to talk to you over the phone. It sounds incredible, doesn't it? I am so glad to know that you are out of the country. You also realize, I am sure, how fortunate you must have been. Your various background (including wearing 'Mujib coat' in the T. V.) must have made you eligible for the military's selective list which they had guarded for a long time! I don't know why, but I had an uncanny feeling about you without knowing that you were at Oxford, and I also told Dr. Davidson about it. I was trying to visualize how you might have been dragged out of your Museum residence on March 26, the most shameful date in our history, and thought that the greatest tragedy might have befallen you. We Must pray to God that things have been different in your case. I have every trust on you and believe that you are in a much better situation to render service to the hopeless people who have been mournfully looking forward to those who are in a position to do so.

I just returned from a meeting of the American League of Bangladesh, Los Angeles and I feel ashamed to tell you what happened there. The Sylheti group (who form the manpower, not the brain-power) was looking for an opportunity to create disruptions because they did not have any office in the Organisation. 1 did not know earlier that they had a sinister motive to put us to embarrassment and that exactly what happened. Instead of discussing anything about the present situation in Bangladesh they demanded to look into our accounts as if we were a bunch of cheats. I was so mad that I quit the meeting out of disgust and in protest. One fellow was so mad that he hit me outside the building and called me son of a bitch. He posted that he could "fix me". Only if he could fix Yahya Khan instead of this stupid Saaduddin! No wonder 17 horsemen conquered Bengal and even today Yahya's stupid soldiers can overlord on us! Tagore, indeed, was a seer !

সাত কোটি সন্তানের হে মুগ্ধ জননী
রেখেছ বাঙালী করে, মানুষ কর নি!’’

I heard that same kind of things were happening in England too. What do you think about the whole situation? How can the destructive and wasteful energy could be better utilized? These are serious matters and that is why I am writing these things to you so that you can give serious thought to it and find out a way that will save us from perpetual

submission and humiliation. I think I have some idea about your ultimate goal in life and here is the most opportune moment. We have to do something. As a student of history and the field where you can tread so well, you already know how one can "seize the time". Are you thinking seriously about anything? If I had money I would have immediately gone to Cuba. I was in Red China when the Red Guards had enjoyed the supreme power and I have seen with my own eyes how a revolution can be created and made to survive. I already contacted some Israeli groups and one Trotskite group also asked me to talk to them and brief them as to what could be done to change the situation. Do you have any specific instructions or suggestions in this regard?

Please inform me immediately about your coming plans and schedules. It is too bad that you people could not be brought to the West Coast colleges on speaking engagements during the Spring Quarter. I am not quite sure whether Summer time is appropriate for such ... professional teachers who come to get credits for their higher degrees. However, try to persuade Justice Choudhury to come to the West Coast, especially Berkeley and U. C. L. A. to give talks. American public in general are very ignorant of world problems (as much as we are about Colombian or Finnish politics).

Please send some photographs of the atrocities and mass killings we may blow them up to a large size to impress the Americans for they "love" to see these kind of things. Their passion and sympathy can be easily aroused with such technique. Try to contact some British reporters and people who may have some pictures. What about "Janomat"?

I think it would be a good idea to write to Davidson personally and appeal to him to do something for us through the U. C. L. A. Your writing from London or Oxford will be more effective than my meeting him here. Please also write to Basham in Australia for he will be very pleased to receive your letter. Let him know who you are-the title 'Curator' will arouse much curiosity in him. Both the addresses are given below.

What reports do you have of Mujibur Rahman? I personally think that he is dead by now-killed. The fact that the military did not bring him before the public to effectively destroy the morale of Bengalees during the days when Mujib's "voice" was 'broadcast' over clandestine radio itself was a definite proof that he was not alive at that time. Can you think of some kind of effective ploy to prove that he is not alive? I was thinking of making a story to be published in the Newspaper (in a letter) telling that he was killed giving the "actual" circumstances which would be convincing enough for the American public. **The only way to "disprove" my contention would be with Yahya Khan to publicly refute it along with his presenting Mujib "alive" before the American** reporters. We have to take enough pains to prove that the released photograph of Mujib is a very old one, perhaps pre-1966 when he was being tried on a treason-conspiracy. Do not discuss the matter with others, but let me know how we can do it very effectively. History will guide you-remember the burning of Reichstag by Hitler and putting the blame on the communists.

I know you are extremely preoccupied. But you can dictate a letter to your wonderful secretary and she will do the rest of it very efficiently.

-ইনু

A. Kabir
C/o. P. C. Roy
49/4. Hindustan Park
Calcutta-29.

28. 8.71.

Dear Mr. Haq.

Received your telephone message. We are all set to send a rep. (or two) as per your capacity to issue tickets. We are against holding a photo exhibition on Mukti Bahini-It's a grave security risk. But the documentary film titled "Bangladesh War of National Liberation" (Part one) is complete. This Part has been devoted to genocide and in explaining the true nature of the movement. I think you will like the approach. The second Part-"Birth of A Nation"-and the rest 4 of the 6-part film-would be ready within next 6-8 weeks. Each pan will run for 20 minutes. Please, if you can, arrange for distribution in U. K., Europe and USA-on TV and film theatres. The proceeds would enable us to go for bigger projects. If we can send our rep. to the cultural meet in London he will carry the film.

The problem with sending reps is that few of us have passports to travel. Special travel documents can be arranged only if you send an official invitation (on letterhead and all that) along with the tickets. Please send-this is most important-the invitation letters immediately otherwise none of the persons you mentioned would be able to go....

With best regards
ALAMGIR

INCA 018 CALCUTTA CIRCUS AVENUE 18 6 1005
Z0094 YR0084X BLB389 CBA0017 CS/3/6 GBLB CO

ENAMUL HAQ 33 ABBEY ROAD OXFORD
UNABLE TO ATTEND FOR TRIP CEYLON ZAHIR WOULD GO
IF EVERYTHING ALRIGHT.

MALLICK

---

18 Sept. 1971

ZCZC ZR0542X C CKA861 CS372/16
GBLB CO INCA 018

CALCUTTA CIRCUS AVENUE 18 16 1930

ENAMUL HUQ 59 SEYMOUR HOUSE TAVISTOCK PLACE

LONDON WC 1

REACHING EIGHTEENTH AFTERNOON FLIGHT NUMBER 582
ATTEND AIRPORT.

ZAHIR RAEHAN

A.R. Mallick
17 Sunelain Nohar Avenue
Calcutta 14, India.

২৫-৯-৭১

প্রিয় এনামুল হক,

তোমার টেলিগ্রাম ও এর মধ্যে লেখা চিঠি পেয়েছি। তোমার টেলিগ্রাম পেয়ে আমার তখন লন্ডন যাওয়া সম্ভব নয় দেখে জহির রায়হানকে যেতে বলেছিলাম এবং তোমাকে জানাতে বলেছিলাম। জহির এখান থেকে দিল্লি পর্যন্ত গিয়েছে জানি-তবে সেখান থেকে কোন সুবিধামত ফ্লাইট পায়নি বলে শুনেছি। এখান থেকে ফরমালিটি করতে সময় লেগেছে তার ফলে সম্ভবতঃ তোমাদের সেমিনারের তারিখ অনুযায়ী তার বিলাতে পৌঁছা সম্ভব হবে বলে মনে হয় না। সুতরাং শেষ পযন্ত যে কি করবে জানি না। আমি দিল্লিতে ছিলাম। পরশু এসেছি। শুনেছ বোধ হয় আমার New York যাবার কথা। সব ঠিক হয়েছে। হয়ত ৩/৪ দিন মধ্যে রওনা হাব। যাবার পথে হয়ত তোমাদের সাথে দেখা করা সম্ভব নাও হতে পারে। তবে ফেরার পথে অবশ্য দেখা করে আসব।

.....পরে তোমাকে চিঠি দেব New York পৌছে। প্রীতি ও শুভেচ্ছা রইল।

আজিজুর রহমান মল্লিক

162/23, Lake hardens.
Cal-45.
September 27.71

Dear Mr. Haq,

I am sure you all must have been extremely disappointed by Zahir's failure to reach London for the Cultural Conference. Let me tell you that he is not to be blamed. He tried his best. But everything was left undone until the last moment. The ticket arrived too late. The money you sent for his Delhi ticket arrived at Air India only a day before-they were sitting on it for two days. Zahir could get "Certificate of Identity" on September 17 after showing the tickets etc. There was no time to argue with the British who quite promptly marked his certificate (i. e. his travel document) with rejection of entry certificate because nowhere in your letter you say that you would look after him in

London and that he would not have to feed himself by begging. Anyway, it was still suggested that he should go to London where, at the airport, you could come and guarantee to British Immigration authorities about his upkeep during his stay in London.

Then came the final hurdle. The Aeroflaut ticket you sent made a journey via Moscow imperative. Because of the hurry the Aeroftuat office in Calcutta could not guarantee a seat on the flight from Moscow to London. However they suggested that Zahir should fly to Moscow anyway-and that it is most unlikely that he would have trouble to get a seat on the next plane to London. But they cleanly forgot to inform Zahir that without a confirmed seat from Moscow Soviet Union authorities do not allow transit passengers unless they have valid Soviet visa. This fact was revealed at Delhi airport where the Aeroflaut officials refused Zahir to board the plane because he hadn't a transit visa. I was there too-I had gone to Delhi to attend J. P. Narayan's international conference on Bangladesh. It was already too late. The next day, 19th-was a Sunday and the Soviet embassy in Delhi was closed. Moreover there was no plane before 20th. So I advised Zahir not to waste the ticket-as he could not attend your conference.

When the formalities were proving extremely difficult to overcome we had thought of sending somebody else with passport and all that. But it could not be done because you had sent the non-endorseable ticket in Zahir's name.

Anyway I think Zahir should still make the trip-perhaps next month. Perhaps you could use his presence at another meet on Bangladesh.

Can you fix up something for late October or early November?

Now another serious matter. One of our friends would be sent from here on a very
important mission to London-for two or three weeks. Even I may be selected for the job although I'm not keen to leave Calcutta right now. It is essential that you arrange his return passage (one way-the outgoing passage would be provided by Bangladesh government. Again, while in London he will have to be put up-lodging and food. Can you help? You must not ask any question about his mission or its nature. Nor should anybody else know-nobody except the minimum one or two about why he is in London. Let me know if you could be depended upon?

How did the conference go? Send me report for publication here. We also need a correspondent for weekly 'People'. Can you suggest a name?

Yours truly,
Alamgir.

QUAMRUL HASSAN

C/O, Mo, Khaled choudhury
2/1 A Nort Range
Calcutta-17
28-9-71

প্রিয় এনামুল,

বহু তত্ত্ব-তল্লাশির পর তোমার ঠিকানা পেলাম আশা করেছিলাম তোমার কাছ থেকেই আগে চিঠি পাব। আমি কলকাতায় এসেছি গত এপ্রিল মাসের তারিখে। সেই থেকেই তোমার সাথে যোগাযোগ করার চেষ্টা করছিলাম। যাই হোক, বহু কথা জমা হয়ে আছে। এখানকার এই পরিবেশে সেসব চিন্তায় কোন বাস্তব রূপ দিতে পারব বলে মনে হয় না। আওয়ামী লীগের সভ্যদের মানসিকতা তো জানই। তবুও ধৈর্য ধরে কাজ করে যাচ্ছি। ব্যক্তিগতভাবেও নিশ্চিন্তে নাই, কারণ আমি একলাই কলকাতায় এসেছি। তোমার ভাবী এবং রত্না এখনও ঢাকাতেই আছে। এই ছয়মাসের মধ্যে মাত্র দুবার যোগাযোগ রক্ষা করতে পেরেছি। বিশেষ অবস্থায় পড়েই তোমার ভাবী এখনও ঢাকায় পড়ে আছে। কখন যে কোন বিপদ আসে সেই চিন্তাতে মাঝে মাঝে খুবই বিভ্রান্ত হয়ে পড়ি। গতমাসে আলভী (শিল্পী) ঢাকায় গিয়েছিল কিন্তু সে আর সংবাদ নিয়ে ফিরে আসতে পারল না। সে ধরা পড়ে গেছে পাক সেনাদের হাতে। অবশ্য ঢাকায় পৌঁছানোর কয়েকদিন পরে। আলতাফ মাহমুদ এর বাড়ী থেকে।

আলতাফ মাহমুদ ধরা পড়েছে আগেই এবং ওর উপর অনুমানুষিক অত্যাচার হয়েছে সংবাদ পেয়েছি। তাকে বোধ হয় জীবিত অবস্থায় আমরা দেখতে পাবো না। জানি না তুমি এ সংবাদ পেয়েছো কিনা। যাক এরকম নংবাদের তো শেষ নাই। এবার আমাদের কথা বলি।

এর মধ্যে আমরা বাংলাদেশের শিল্পীরা Painting Exhibition করেছিলাম। নতুন, দেবদাস, স্বপন চৌধুরী, মুস্তফা মনোয়ার, কাজী গিয়াস এবং আরও অনেকে-প্রায় কুড়িজন কলকতায় আছে। নানান অসুবিধার মধ্যে সকলকে ছবি আঁকতে হয়েছে। মোটামুটি প্রদর্শনী ভালই হয়েছিল। বাংলাদেশ সরকারের প্রচার দফতরের পক্ষ থেকে আরও কাজ করছি। Poster আকছি। কিন্তু আমি যেভাবে কাজ করতে চাই তা এই পরিবেশে সম্ভব নয়। তোমাদের মাঝখানে যেতে পারলে খুব ভাল হত। অনেকেই তো গেল বিদেশে। শিল্পীদের মধ্যে কেউই যায়নি অথচ Painting এর মধ্যে অনেক কিছু করার আছে। তাছাড়া London এর মত জায়গায় গেলে বিভিন্ন মাধ্যমের কাজ সুযোগ পাওয়া যাবে ফলে Painting এবং Poster সবই করা সম্ভব। প্রচুর কাজ করার রয়েছে।

আমার মনে হয় তুমি আবু সাঈদ চৌধুরী সাহেবের সাথে আলোচনা করে আমকে নিয়ে যাওয়ার আয়োজন করতে পারো। তোমাদের কাছে একবার যেতে পারলে ইউরোপের বিভিন্ন স্থানে প্রদর্শনীর মধ্য দিয়ে আন্দোলন চালিয়ে যেতে পারবো। তোমাদের পরিকল্পনার বিস্তারিত কিছুই জানি না। আমার চিঠি পাওয়ার সাথে সাথেই তোমাদের পরিকল্পনার বিস্তারিত বিবরণ জানিও।

.....রোজী (আমাদের মেয়ে) সুইজারল্যান্ডে আছে। .....করাচী থেকে ওকে পালাতে হয়েছে। এখানে আসার পর আমেরিকা থেকে 'নেনুর চিঠি পেয়েছিলাম। সে কিছু একটা করতে চায় আমাকে নিয়ে গিয়ে। কিন্তু আমি প্রথমে তোমাদের কাছে যেতে চাই। তোমরা বাংলাদেশ সরকারের তরফ থেকে আমাকে নিয়ে যেতে চেষ্টা করলেই সুবিধা হবে বলে আমার মনে হয়, আমি বাংলাদেশ সরকারের সাথেই সংযুক্ত। তুমি আমার আন্তরিক শুভেচ্ছা নিও। উত্তরের অপেক্ষায় দিন গুনতে থাকবো।

ইতি-

কামরুল ভাই

SHAHRIAR KABIR
66/6 Gorakkhabisi Rd.
Dumdum, Cal-28,
Tel 57378
India.

এনাম ভাই,

আপনার টেলিগ্রাম পেয়েছি। আপনার স্বাগত বার্তার জন্য ধন্যবাদ। আমি অত্যন্ত উদ্বিগ্ন ছিলাম লন্ডনে কিভাবে প্রদর্শনীর আয়োজন সম্ভব। পুস্তক-পুস্তিকা অবশ্যই আনছি। এ ছাড়া উভয় বাংলার শিল্পীদের আঁকা ছবি, পোস্টার আলোকচিত্র ইত্যাদিও সঙ্গে থাকছে। জহির রায়হান 'stop' নামে যে প্রামাণ্য চিত্রটি তুলছেন সেজন্যে কদিন অপেক্ষা করছি। ওটাই সঙ্গে করে আনছি।

কিছু সরকারী অনুমোদনের ব্যাপারে আমাকে এ মাসের ২৩/২৪ তারিখ পর্যন্ত কোলকাতা থাকতে হচ্ছে। আপনি এ সময়ের ভেতর আপনাদের সোসাইটির পক্ষ থেকে আমাকে একটি আমন্ত্রণ লিপি পাঠান।

প্রদর্শনীর জন্য যে জিনিসগুলো অপরিহার্য তারও উল্লেখ করবেন। তাতে আমার ইউ-কের ভিসা পেতে সুবিধা হবে।

জাফর ভাই (সিকান্দার আবু জাফর) সম্প্রতি কোলকাতা এসেছেন। তার একটা বিবৃতি বাংলাদেশ সরকার পুস্তিকাকারে ছাপছে। ওটার ইংরেজীতে অনুবাদ করে আপনাদের পক্ষে কি ছাপানো সম্ভব হবে? বিবৃতিটি অত্যন্ত গুরূত্বপূর্ণ এবং প্রামান্য, এতে কোন সন্দেহ নেই।

তিনি বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলীর ওপর একটি প্রমাণ্য চিত্র নির্মানের কথা ভাবছেন। একটি পত্রিকা নিয়মিত প্রকাশের ইচ্ছাও তার আছে। তবে আর্থিক কোন সাহায্য এখানে পাচ্ছেন না। আপনারা কি তাঁকে কোন সাহায্য করতে পারেন? আপনার চিঠি অথবা ফোনের অপেক্ষা করছি।

শ্রদ্ধান্তে

শাহরিয়ার

BANGALDESH PEOPLES CULTURAL SOCIETY
59. Seymour House. Tavistock. LONDON
17th October. 1971

Mr. Shahriar Kabir
66/6 Gorakkhabosi Road
Dumdum. Calcutta-28
India.

Dear Mr. Shahriar Kabir.

Thank you very much for your letter of 8lh October 1971

Further to our cable dated 28th September indicating our initial agreement I do write to confirm chat as proposed by you the Bangladesh Peoples Cultural Society will organize in London the exhibition of paintings, posters, photographs and films made on the theme of the liberation struggle of Bangladesh.

We would advise you that you should come along with the exhibits and it may be necessary on your part to stay here for a couple of weeks. We shall also appreciate if you kindly bring select books and journals, mainly poetical works and drama of recent times, related to the same theme.

We would further suggest that you will contact Messrs Sikander Abu Jafar, Quamrul Hassan. Zahir Raihan and Alamgir Kabir for their advice and collaboration in this project as we were having correspondence with them for arranging similar programmes in U.K.

Looking forward to seeing you soon.

Yours sincerely.
Enamu I Haque
President.

তথ্য, প্রচার ও বেতার দপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলঅদেশ সরকার
মুজিবনগর
আমার ঠিকানা-75B, Linton street
Calcutta-14
26-10-71

স্নেহের এনামুল,

তোমার ১৩/১০ তারিখে লেখা চিঠিখানি আমি বেশ কয়েকদিন আগেই পেয়েছি। তোমার টেলিগ্রাম আমি পাই নাই। আশা করছি তোমার ভাবীর কাছ থেকেও এবার চিঠি পেয়ে যাবো। তোমার চিঠি পড়ে খুব বেশী আশ্চর্য হই নাই। আমিরুল, জহির বা কবীর কেউই তোমার কথা আমার কাছে এতটুকু ঈঙ্গিতেও জানায় নাই। একবার শুনেছিলাম জহির লন্ডন যাচ্ছে এবং শেষ পর্যন্ত যাওয়া হলনা এর মূলে যে তোমার প্রচেস্টা ছিল তা আমি জানতে পারি নাই। তোমার চিঠি পাওয়ার পর জহিরের সাথে আমার সাক্ষাৎ হয় নাই। সমস্ত পরিস্থিতি জেনেও মন শক্ত করে যেতে হবে।

স্ট্যাম্প প্রকাশ করার ব্যাপারে এমন একটা গোপন ভাব চলছিল যা আমার কাছে খুবই অস্বস্তিকর লাগছিল স্টোনহাউসের সাথে আমারও একদিন আলাপ হয়েছিলো এখানে কিন্তু এসব সমদ্ধে কোন আলোচনাই ভদ্রলোক করেনি। আর বাংলাদেশ সরকারের শীর্ষে যারা অবস্থিত তাদরে সাংস্কৃতিক চিন্তা এবং রুচিবোধ তোমার কাছে অপরিচিত নয়; অতএব এ নিয়ে চিন্তা না করাই ভালো। বাংলাদেশের প্রতীক এবং পতাকা দুটোই অবশ্য পরিবর্তনীয়। এসব পরে হবে।

তোমার বাংলাদেশ গণ-সংস্কৃতি প্যাডের মানচিত্রটিও খুব ভালো হয় নাই, তাই আমি মানচিত্রটি নতুন করে এঁকে পাঠালাম। ছেপে নিও। আমি আপাতত বাংলাদেশ সরকারের ভিজাইন বিভাগের দায়িত্ব নিয়েছি। দেবদাস, নিতুন, নাসির, প্রাণেশ মন্ডল, এরা কাজ করছে। এর মধ্যে অনেকগুলি Poster তৈরী করেছি। ইংরেজীতেও হচ্ছে। তোমার কাছে পাঠাবো।

সংস্কৃতির ক্ষেত্রে আমাদের প্রচুর কাজ করার রয়েছে। 'সামরিক জুন্তা' এবার বিশেষভাবে আমাদের মত লোকদের ভীষণ পোষণ করছে। এর অন্তনিহিত কারণ বুঝতে পারলে সাংস্কৃতিক আন্দোলনের তাৎপর্যও বুঝতে পারত কর্তাব্যক্তিরা।

আমি, দেবদাস এবং জহির লন্ডণে পৌঁছতে পারলে আমাদের আন্দোলন জোরদার হবেই। বাংলার সংস্কৃতির রূপ কি এবং এই দীর্ঘদিনের সংগ্রামের ক্ষেত্রে তার প্রবলতা যে কতখানি ছিল তা বোঝাবার সময় এসেছে। আজ কলকাতায় বসে বুঝতে পারছি আমরাই আজ সত্যিকারের বাঙ্গালী। আমাদের সন্তানেরা আজ অগ্রগামী। পশ্চিম বাংলার সাংস্কৃতিক ক্ষেত্র মোটেই সংস্কারমুক্ত নয় এবং এখানকার হিন্দুরা আরও হিন্দু এবং মুসলমানরা আরও মুসলমান হয়ে বসে আছে। অথচ ব্রতচারীর মত একটি বাঙালী জাতীয়তাবাদী আন্দোলনের জন্ম এখান থেকেই-ব্রতচারীরও সেই প্রীতি নেই। এখানকার পুরাতন ব্রতচারীরা আমাকে পেয়ে খুবই উৎসাহিত এবং সমস্ত দায়িত্ব আমার উপর দিতে চায়। তাহলে বুঝতেই পারছ এরা কোথায় গিয়ে পড়েছে। যাক সাক্ষাতে সব আলোচনা এবং কর্মপন্থা বেছে নেওয়া যাবে।

আমি লিনোকাট করছি। উবায়েদ কলকাতায় আসছে কয়েকদিনের জন্য। তার হাতে লিনোকাটের একটি সেই পাঠিয়ে দিয়ো। এখানে যে সেট পাওয়া গেছে তাতে ভালো কাজ হয় ন। আমি যাওয়ার সময় অন্ততঃ ২০/২৫ টি লিনো বাংলাদেশের ঘটনার উপর নিয়ে যেতে পারব।

এব্যাপারে উবায়েদকেও লিখেছি। রশীদের সাথে নিশ্চয় তোমার যোগাযোগ ঘটেছে। তাকেও চিঠি লিখতে বলবে।

আমেরিকা থেকে হেনুও আমাকে চিঠি দিয়েছিলো, সেখানে গিয়ে Exhibition করার জন্য। আগে তোমাদের কাছে যাই, তারপর দেখা যাবে। যাক মোট কথা হতাশ হলে চরবে না তোমরা কবে পর্যন্ত টিকেট পাঠাতে পারবে জানিও। আমি এখন থেকে ব্যবস্থা নেওয়ার আয়োজন করছি।

আমি এবং বদরুল একসাথে আছি। নতুন ঠিকানাতেই যোগাযোগ করবে এবার থেকে।

জুলেখা এবং বাচ্চাদেরকে আমার স্নেহাশীষ দিও। তোমাদের কুশল কামনা করি।

ইতি
কামরূল ভাই

---

৩৭ এ, পাম এভিন্যু
কলকাতা-১৯
৫/২২/৭১

শ্রদ্ধেয় এনামুল হক সাহেব,

.....আমাদের প্রযোজিত গীতি-নকশা 'বির্বতনের ইতিকথা' ও নাটক 'রক্তশপথ' আপনাদের আগ্রহ সৃষ্টি করেছে জেনে আমরা আনন্দিত ও উৎসাহিত হয়েছি। আমি সমর দাস, নারায়ণ, ঘোষ ও সুভাষ দত্তের সাথে এ নিয়ে আলোচনা করেছি। টেপ করে উক্ত নাটক ও গীতি-নকশা পাঠান সম্ভব।

আমার মনে হয় সেই সাথে একটি ছোট্ট নায়ক-গায়িকার টিম ও দুজন পরিচালক গেলে ভাল হয়। এ বিষয়ে আপনার মতামত জানালে বাধিত হব।

আশা করি আপনাদের সোসাইটির কাজ ভালভাবে অগ্রসর হচ্ছে। সভ্যদের প্রীতি ও শুভেচ্ছা বলবেন।

-আবদুল জববার খাঁ
আহবায়ক, প্রোগ্রাম কমিটি,
বাংলাদেশ চলচিত্র শিল্পী ও কুশলী সমিতি।

56/6 Gorakshabasi Rd,
Dumdum, Cal-28
Tel-573781
১৩/১১/৭১

এনাম ভাই,

হল্যাণ্ড সরকারও এই একই অভিমত প্রকাশ করেছেন। হল্যাণ্ডের উন্নয়ন সাহায্য সংক্রান্ত মন্ত্রী মিঃ জে, বি, উডনিক হেগস্থ পাকিস্তানী রাষ্ট্রদূতকে তাঁর সরকারের এই সিদ্ধান্ত জানিয়ে দিয়েছেন। তিনি বলেছেন, যেহেতু পাকিস্তানের সরকার তার নিজের দেশের মানুষের বিরুদ্ধে বর্বর বাহিনীকে লেলিয়ে দিয়ে লক্ষ লক্ষ মানুষকে নিহত করেছেন, যেহেতু পাক সরকার তার নিজের দেশের মানুষের ওপর অমানুষিক অত্যাচার চালিয়ে ও শহর গ্রাম পুড়িয়ে দিয়ে লক্ষ লক্ষ মানুষকে দেশছাড়া করেছে এবং যেহেতু পাক সরকার নিজেই নিজের দেশের অর্থনীতির মূল বুনিয়াদটিকেই বুলেট-বেয়োনেটের আঘাতে শেষ করে দিয়েছে, সেই কারণেই পাকিস্তানকে নতুন কোন সাহায্য দানের কথা বিবেচনা করা যায় না।

মিঃ উডনিক বলেন, পাকিস্তানকে সাহায্যদানকারী কনসর্টিয়ামভুক্ত দেশসমূহের সিদ্ধান্তের সাথে অমত হয়েই তার সরকার এই সিদ্ধান্ত নিয়েছেন। তিনি বলেন, যেসব সাহায্য দেওয়ার কথা ইতিপূর্বেই হয়েছিলো তা এখন পুনর্বিবেচনা করে দেখা হচ্ছে।...

৪ জুলাই, ১৯৭১

... ভাটিকানের মহামান্য পোপ পল থেতে শুরু করে জাতিসংঘের সেক্রেটারী জেনারেলে উথাণ্ট এবং পৃথিবীর শান্তিকামী মানুষ বাংলাদেশে পশ্চিম পাকিস্তানী হানাদারদের বিরুদ্ধে বর্বরতার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ, ধিক্কার আর ঘৃণা প্রকাশ করেছেন। ইয়াহিয়ার সামরিক সরকার একদিকে যেমন বাংলাদেশে ব্যাপক গণহত্যা ও অবর্ণনীয় বর্বরতায় লিপ্ত হয়েছে অন্যদিকে তারা বাংলাদেশ থেকে বাইরে সংবাদ যাওয়ার সকল পথ রুদ্ধ করে চরম অপপ্রচার ও ভুয়ো কল্পকাহিনী ছড়িয়েছে। এইসব পরস্পরবিরোধী চিত্র ও প্রচারণার জন্যেই সম্প্রতি বৃটিশ পার্লামেন্টের একটি প্রতিনিধিদল পাক-অধিকৃত এলাকাসমূহ এবং বাংলাদেশের মুক্ত এলাকা সফরের এসেছিলেন। এই বৃটিশ পার্লামেন্টারী প্রতিনিধিদলে ক্ষমতাসীন রক্ষণশীল ও শ্রমিক উভয় দলের সদস্যই ছিলেন। প্রতিনিধিদলের নেতৃত্ব করেছিলেন দলের প্রভাবশালী সদস্য মিঃ আর্থার বটমলি।

মিঃ আর্থার বটমলি ছিলেন বৃটিশ কমনওয়েলথ সচিব। এখন তিনি পার্লামেন্টে শ্রমিকদলের একজন প্রভাবশালী সদস্য।

বাংলাদেশ সফর করে গিয়ে মিঃ বটমলি সাংবাদিকদের বলেছেনঃ ইয়াহিয়া তার সাম্প্রতিক বেতার বক্তৃতায় যে রাজনৈতিক সমাধানের কথা বলেছেন তা স্রেফ ধাপ্পা মাত্র। ইয়াহিয়ার ওই বেতার বক্তৃতায় রাজনৈতিক সমাধানের প্রস্তাব করা হয়েছে। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ তা ছুড়ে ফেলে দেবেন। ও ধরনের প্রস্তাব বাংলাদেশে মানুষ গ্রহণ করতে পারেন না।

মিঃ বটমলি বলেনঃ আওয়ামী লীগ ও শেখ মুজিবুর রহমানকে বাদ দিয়ে সমাধানের দ্বিতীয় কোন পথ নেই। বৃটিশ পার্লামেন্টারী দলের অন্যতম সদস্য মিঃ টোবি জেসেল ও বিশিষ্ট সদস্য মিঃ আর্নেস্ট প্রিন্টিসও এ ব্যাপারে মিঃ বটমলির সঙ্গে একমত।

মিঃ টোবি জেসেল বলেনঃ রাজনৈতিক দিক থেকে বাংলাদেশের অবস্থা বিপজ্জনক। অবিলম্বে এ সমস্যার সমাধান যদি না করা হয়, তাহলে ভারত-পাকিস্তান সংঘর্ষ হতে বাধ্য। তিনি বলেন, পাকিস্তান এখন এ শতাব্দীর সবচে বড়ো দুর্যোগের মধ্যে রয়েছে।

বাংলাদেশে ব্যাপক ধ্বংসের পিছনে ভারতীয় দুষ্কৃতকারীরা রয়েছে বলে পাকিস্তান যে ডাহা মিথ্যা কাহিনী ফেঁদেছিল বৃটিশ পার্লামেন্ট সদস্যগণ সকলেই তার সত্যতা অস্বীকার করেছেন। তাঁরা বলেন, রাজধানী ঢাকা থেকে শুরু করে সারা বাংলাদেশে ধ্বংসের যে বীভৎস চিত্র আমরা দেখে এসেছি তা কোনক্রমেই ভারতীয়দের দ্বারা সংঘটিত হয়নি। হওয়া সম্ভবও নয়।...

বৃটিশ পার্লামেন্টারী দলের অপর সদস্য প্রাক্তন বৃটিশ সমর সচিব মিঃ জেমস র‍্যামসডেন বলেনঃ বাংলাদেশে পাক সামরিক বাহিনী যা করছে তা বীভৎস। তিনি বলেন, বাংলাদেশে জনগণের সরকার প্রতিষ্ঠার কোন সম্ভবনা নেই। বাংলাদেশের পরিস্থিতি এতই বিপজ্জনক ও দুর্বিষহ যে সেখান থেকে আরও অধিক সংখ্যায় শরণার্থী ভারতে বা প্রতিবেশী দেশে চলে যেতে পারে। এর ফলে শরণার্থী সমস্যা আরও গুরুতর আকারে দেখা দিতে পারে। আর তা দেখা দিলে এক ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হবে। পাকিস্তানের পক্ষে আসবে এক দারুণ মরণ আঘাত। সে আঘাত সহ্য করার ক্ষমতা পাকিস্তানের নেই।

বৃটিশ পার্লামেন্টারী প্রতিনিধিদলের সকল সদস্যই বলেনঃ পাকিস্তানের আজ এটা উপলব্ধি করা উচিত যে পাকিস্তান বর্তমানে এ শতাব্দীর সবচে বড়ো দুর্যোগের মাঝ দিয়ে চলেছে। তাঁরা বলেন, বাংলাদেশের ওপর জঙ্গী শাসন চাপিয়ে রেখে এর সুরাহা হবে না, হতে পারে না। মিঃ আর্থার বটমলি বলেনঃ পাক বাহিনী কেন, পৃথিবীর কোন শক্তির পক্ষেই সাড়ে সাত কোটি মুক্তি-সচেতন মানুষকে দাবিয়ে রাখা সম্ভব নয়। ...

৯ জুলাই, ১৯৭১

গতকাল বিশ্বজনমত অনুষ্ঠানে মার্কিন সাময়িকী 'নিউজউইক'-এ প্রকাশিত বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কিত একটি মর্মস্পর্শী রিপোর্টের অংশবিশেষ আমরা উল্লেখ করেছিলাম। 'দ্য টেরিবল ব্লাড বাথ অব টিক্কা খান'' বা ''টিক্কা খানের বীভৎস রক্তস্নান'' শিরোনামের এই রিপোর্টে 'নিউজউইক' সংবাদদাতা টনি ক্লিফটন বাংলাদেশে পাক বর্বরতার একটি আংশিক চিত্র তুলে ধরেছেন। রিপোর্টে তিনি বাংলাদেশে যে মর্মান্তিক ঘটনাবলীর কথা বলেছেন সে সম্পর্কে কোন রকম মন্তব্য না করে আমরা শুধু তার বাকী অংশটুকু তুলে ধরছি।

টনি ক্লিফটন তাঁর রিপোর্টে লিখেছেনঃ পাক বর্বরতার যেসব বীভৎস স্বাক্ষর আমি প্রত্যক্ষ করেছি ও পাক-হানাদারদের পৈশাচিকতার যেসব লোমহর্ষক কাহিনী আমি শুনেছি তাতে আমার শুধু একথাই মনে হয়েছে যে বাংলাদেশে কয়েক হাজার মাইলাই ও কয়েক হাজার লিডিসেস সংঘটিত হয়ে গেছে। আমার আজ আর কোন সন্দেহ নেই যে প্রাগৈতিহাসিক যুগ থেকে এ পর্যন্ত এমন বর্বরতা কখনও সংঘটিত হয়নি। কোন প্রাকৃতিক দুর্যোগে এবং এমন কি গত দুটো বিশ্বযুদ্ধেও একখানি বিপর্যয় কখনও ঘটেনি। আমার মনে হয়, পাক বর্বর বাহিনী বাংলাদেশে যে হাজার হাজার মাইলাই আর লিডিসেস করেছে তার শেষ এখানে নয়- বাংলাদেশে আরও অনেক মাইলাই, আরও অনেক লিডিসেস অচিরেই সংঘটিত হতে যাচ্ছে।

টনি ক্লিফটন বলেনঃ এইসব দেখে-শুনে আমার ব্যক্তিগত প্রতিক্রিয়া যা হয়েছে তা যদি বলতে হয় তাহলে আমি বলবো- আমি হতবাক, স্তব্ধ হয়ে গেছি। আমি যা দেখেছি যা শুনেছি তাতে ভয়ঙ্কর এক আতঙ্কে স্তব্ধ হয়ে

যাওয়া ছাড়া আর কোন উপায় নেই। আমি হতবাক হয়ে গেছি- বার বার বিস্ময়ে অবাক হয়ে যাচ্ছি- এই নারকীয় হত্যাকাণ্ড আর এই প্রাগৈতিহাসিক বর্বরতায় একজন মানুষের কোন চেতনা থাকা কি সম্ভব?

টনি ক্লিফটন তাঁর রিপোর্টে বাংলাদেশে পাক-হানাদারদের হত্যা, নির্যাতন ও ব্যাভিচারের বর্ণনা দিতে গিয়ে বাংলাদেশের একটি সর্বহারা বালিকার এক মর্মান্তিক কাহিনী তুলে ধরেছেন।

তিনি বলেনঃ লালফুল ও সবুজ লতাপাতা আঁকা গোলাপী রঙের একটা ছেঁড়া ফ্রকের আট-ন'বছরের বালিকা ইসমত আরার মুখে আমি এক ভয়ঙ্কর আতঙ্কের প্রতিচ্ছবি লক্ষ্য করেছি। আমি তাকে দেখলাম শরণার্থী শিবিরের অনতিদূরে একটি হাসপাতালে। শত শত আহতদের ভিড়ের একপ্রান্তে সে দাঁড়িয়ে ছিলো। দিশেহারা দুটি ভিরু চোখ দিয়ে চারিদিকে সে তাকিয়ে তাকিয়ে দেখছিলো। সে যে আহত আমি তা দূর থেকেই লক্ষ্য করলাম। মনে হলো শীর্ণ আলোর একটি রেখার মতো এই মেয়েটি তো কারও বিপদের কারণ হতে পারে না? এই ছোট্ট মেয়েটি ইয়াহিয়ার সেনাবাহিনীর কাছে কি এমন বিপদের কারণ হয়ে দাঁড়িয়েছিলো যার জন্য তারা এভাবে আঘাত করেছে? একজন পাকিস্তানী সৈন্য বেয়োনেট দিয়ে তার ঘাড়ে আঘাত করেছে। তার শ্বাসনালি কেটে দিয়েছে। সে তার গলার ব্যাণ্ডেজের ওপর একটা হাত রেখে দাঁড়িয়ে ছিলো। আমি এগিয়ে গেলাম। মেয়েটি বললোঃ আমার নাম ইসমত আরা আমার বাবার নাম মরহুম ইশাক আলী। কুষ্টিয়ায় আমার বাবার দোকান ছিলো। দু'মাস আগে বাবা কুষ্টিয়ায় রওয়ানা হয়েছিলেন সেই রাতে আমি ঘুমোবার আগে বাইরে কোলাহল আর ভারী ভারী পায়ের শব্দ শুনতে পেলাম। কি হচ্ছে না হচ্ছে দেখতে যাওয়ার আগেই দেখতে পেলাম অনেকগুলো পাক সৈন্য আমাদের ঘরে ঢুকে পড়েছে। তারা আমাদের ঘরে ঢুকেই আমার দাদাকে গুলি করে। আমার দাদা বি-এসসি পাস করেছিলো। তারপর তারা আমার মা ও বোনদের ওপর অত্যাচার চালায় এবং তাদের শেষ পর্যন্ত বেয়োনেট দিয়ে খুঁচিয়ে মেরে ফেলে। একজন সৈন্য লাফ দিয়ে এসে আমাকে আঘাত করে। তারা বেয়োনেট দিয়ে আমার গলায় আঘাত করার সঙ্গে সঙ্গে আমি পড়ে যাই এবং মৃতের ভান করি। তারপর সৈন্যরা চলে গেলে পরের দিন একজন লোক দিয়ে আমাকে অচেতন অবস্থায় তুলে নিয়ে আসে। এই কথাগুলো বলার সঙ্গে সঙ্গে সে যেন কেমন হয়ে পড়েছিলো। সেই বীভৎস দৃশ্য যেন তার চোখের সামনে ভেসে উঠছিলো। সে তা সহ্য করতে না পেরে হঠাৎ সরে গেল আমার কাছ থেকে। আর তাকে দেখতে পেলাম না। আমি তার ওয়ার্ডের ডাক্তারের সংগে আলাপ করলাম। ডাক্তার আমায় জানালেন, একদিন আকে ভদ্রলোক তাকে রক্তাক্ত অবস্থায় এখানে নিয়ে আসে। এরপর হাসপাতালে আহত শরণার্থীদের ভিড় ঠেলে আমি যখন বাইরে বের হচ্ছিলাম ঠিক সেই সময় ইসমত আরা দরজার কাছে এসে দাঁড়ায়। তার দুচোখের কোণায় জল টলমল করছিলো। কাঁপা কাঁপা ঠোঁট নিয়ে সে আমায় জিজ্ঞেস করলোঃ বলুন না এখন আমি কি করবো? জানেন আমরা পাঁচ বোন ছিলাম, আমার ভাই ছিলো, মা-বাবা ছিলো। কতো সুন্দর আমাদের ঘরবাড়ি ছিলো। আজ আমার কেউ নেই, কিছু নেই। আজ আমি এতিম। বলুন না, আমি কোথায় যাবো? আমার কি হবে? আমি তাকে বললাম, আর তো কোন ভয় নেই। তুমি এখানে চলে এসেছ, এখন তোমার ভয়ের কিছু নেই। কপট এক নির্বোধের মতো আমি তাকে সান্ত্বনার কথাগুলো বললাম- কিন্তু ইসমত আরার কি হবে? কি হবে আরও হাজার হাজার ইসমত আরার?

টনি ক্লিফটন তাঁর রিপোর্টে উল্লেখ করেন যে, আমেরিকার নিউজার্সির কংগ্রেস সদস্য মিঃ কর্নেলিয়াস গ্যালাঘার আমায় বলেছেন যে, পাক বাহিনীর বর্বরতার খবর অতিরিক্ত বলে আমি প্রথমে মনে করেছিলাম এবং প্রকৃত সত্য যাচাইয়ের জন্যেই আমি শরণার্থী শিবিরগুলো পরিদর্শন করতে গিয়েছিলাম কিন্তু আমি যা দেখেছি তা অবর্ণনীয়। মিঃ গ্যালাঘার দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন বাহিনীর একজন বিখ্যাত সামরিক অফিসার ছিলেন। তিনি বলেছেনঃ দ্বিতীয় বিশ্ব মহাসমরের সময় ফ্রান্সের বিধ্বস্ত এলাকাগুলো আমি দেখিছি- মর্মান্তিক বধ্যভূমিগুলোও আমি দেখেছি, কিন্তু আমি এমনটি কখনও দেখিনি। এ বীভৎসতা, এ বর্বরতার কোন তুলনা হয় না।

টনি ক্লিফটন বলেন, গত তিন মাসে পশ্চিম হানাদাররা বাংলাদেশে যে নারকীয় বর্বরতায় লিপ্ত হয়েছে তাতে এটা আজ অত্যন্ত সুস্পষ্ট হয়ে গেছে যে পাকিস্তান ভেঙ্গে দুটি স্বতন্ত্র দেশ হয়ে যাচ্ছে। সেটা ঠিক কবে হচ্ছে সেটাই শুধু প্রশ্ন, হচ্ছে কিনা সেটা আজ আর কোন প্রশ্ন নয়। স্বাধীন সার্বভৌম বাংলাদেশ আজ একটি বাস্তব ঘটনা।

১০ জুলাই, ১৯৭১

বেশী দিনের কথা নয়। মাত্র কয়েক দিন আগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ পশ্চিম পাকিস্তানের সংগে বাংলাদেশের সম্পর্কের প্রসঙ্গে দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেছিলেন- ''বাংলাদেশের লাখো শহীদের লাশের তলায় পাকিস্তানের কবর হয়ে গেছে।'' প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীনের এই উক্তির ক'দিন পরেই লণ্ডনের প্রভাবশালী দৈনিক ডেলী মিরর-এ প্রকাশিত A DEATH OF A NATION শিরোনামের একটি মর্মস্পর্শী রিপোর্টে বাংলাদেশে পাক বর্বরতার লোমহর্ষক বিবরণ দিয়ে এই একই মন্তব্য করা হয়। এর আগে লেবানিজ দৈনিক 'আল সাব' পত্রিকায় প্রকাশিত ARTIFICIALLLY CREATED PAKISTAN IS UNFIT TO CONTINUE শিরোনামের রিপোর্টেও এই একই মন্তব্য করা হয়। তারপর গত সপ্তায় প্রকাশিত প্রভাবশালী মার্কিন সাময়িকী NEWSWEEK- এ প্রকাশিত THE TERRIBLE BLOOD BATH OF TIKKA KHAN শিরোনামের রিপোর্টে বাংলাদেশে পশ্চিম পাকিস্তানীদের বীভৎস হত্যাযজ্ঞ, ব্যাভিচার, নির্যাতন ও ধ্বংসলীলার বিবরণ দিয়ে মন্তব্য করা হয় যে, বাংলাদেশে পাকিস্তানের কবর হয়ে গেছে। পাকিস্তান ভেঙে দু টুকরো হয়ে যাচ্ছে। এ ভাঙ্গন জোড়া দেয়ার নয়। স্বাধীন সার্বভৌম বাংলাদেশ আজ একটি বাস্তব ঘটনা। চলতি সপ্তাহে নিউজউইক লিখেছেন, পশ্চিম পাকিস্তান যেদিন বাংলাদেশে সৈন্য পাঠিয়েছে সেই দিনই পাকিস্তানের মৃত্যু হয়েছে।

সম্প্রতি কানাডীয় পার্লামেন্টের তিনজন প্রভাবশালী সদস্য বাংলাদেশ থেকে ভিটেমাটি ছেড়ে যাওয়া সর্বহারা শরণার্থীদের অবস্থা এবং বাংলাদেশে পাক বর্বরতার নমুনা দেখার জন্যে শরণার্থী শিবিরগুলি পরিদর্শনে গিয়েছিলেন।

শরণার্থী শিবিরগুলি পরিদর্শন করে গিয়ে এক সাংবাদিক সম্মেলনে তাঁরা বলেছেনঃ 'পূর্ব পাকিস্তান'- এই নামে কোন রাষ্ট্র-রাষ্ট্রাংশের অস্তিত্ব আর নেই। বাংলাদেশ আজ একটি বাস্তব সত্য।

সাংবাদিক সম্মেলনে জাতীয় পরিষদ সদস্যগণ এ কথা জোর দিয়ে বলেন, আমরা একটি গণতান্তিক দেশের নির্বাচিত প্রতিনিধি। নির্বাচন ও গণতন্ত্রের উপর আমাদের পূর্ণ আস্থা আছে। আর এই আস্থা বলেই আমরা মনে করি বাংলাদেশের গণনির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করাই বাংলাদেশ সমস্যা সমাধানের একমাত্র পথ। কানাডীয় পার্লামেন্টারী প্রতিনিধিদলের নেতা, কানাডার ক্ষমতাসীন লিবারেল পার্টির মিঃ জর্জের লাচাঁস সাংবাদিকদের বলেনঃ শেখ মুজিবুর রহমান স্বাধীনতার দাবী জানিয়ে অন্যায় কিছু করেননি। তিনি বলেন, কানাডার অনেক পরিষদ সদস্যই তো কুইবেক-এর বিছিন্ন হওয়ার দাবী তুলেছেন। এটা গণতান্ত্রিক অধিকার। অতএব এই গণতান্ত্রিক অধিকার তোলার জন্যে কাউকে অপরাধী বলে গণ্য করা উচিত নয়।

শরণার্থী শিবিরগুলি পরিদর্শনের পর কানাডীয় প্রতিনিধিগণ বলেনঃ এটা এখন পরিষ্কার যে পাকিস্তাতনের সামরিক কর্তৃপক্ষ পরিকল্পিতভাবে একটি জাতিকে ধ্বংস করতে চয়েছিলেন। তাঁরা বলেন, এটা এই শতাব্দীর সবচে কলঙ্কজনক অধ্যায়। শুধু কানাডার জনসাধারণের নয়, বিশ্ববাসী বিশেষ করে কমনওয়েলথ দেশসমূহের মানুষের যা কিছু করণীয় আছে আমরা তা অবশ্যই তুলে ধরবো।

তাঁরা বলেন, পাকিস্তান, ভারত ও কানাডা সকলেই কমনওয়েলথের সদস্য। কমনওয়েলথের একটি সদস্যরাষ্ট্রের সমরনায়করা বাংলাদেশকে ও বাঙালী জাতিকে নিশ্চিহ্ন করবে তা কোনমতেই সহ্য করা যায় না।

কানাডীয় পরিষদের এই তিনজন সদস্য হলেন ক্ষমতাসীন লিবারেল পার্টির মিঃ জর্জেস লাচাঁস, মিঃ এ বিউইন ও মিঃ হিথ নেলসন।

সম্প্রতি ভেনেজুয়েলার কারাকাস থেকে প্রকাশিত খৃষ্টীয় বিশ্বের প্রভাবশালী দৈনিক 'দ্য রিলিজিয়ন' পত্রিকায় বলা হয়ঃ পাকিস্তানী হানাদাররা বাংলাদেশে যে নারকীয় বর্বরতায় লিপ্ত হয়েছে তা দেখলে যীশুখৃষ্ট নিজেও ভয়ে শিউরে উঠতেন।

পাক হানাদারদের এই পৈশাচিকতার কঠোর সমালোচনা করে 'দ্য রিলিজিয়ন' পত্রিকায় সম্পাদকীয় কলামে বলা হয়ঃ পাক সামরিক সরকার বাংলাদেশের ঘটনাবলীকে ঘরোয়া ব্যাপার বলে চালাতে চেষ্টা করে বিশ্বের বুদ্ধিজীবীদেরই চূড়ান্ত অপমান করেছে। বস্তুতঃ এই সমস্যা একটি আন্তর্জাতিক সমস্যা এবং মানববিবেকের প্রতি এটা একটি বিরাট চ্যালেঞ্জ।

১৪ জুলাই, ১৯৭১

... গত ১২ই জুলাইয়ে প্রকাশিত মার্কিন সাময়িকী নিউজইউক-এ বলা হয়ঃ পাকিস্তান যেদিন বাংলাদেশে সামরিক অভিযান চালানোর জন্যে সৈন্য পাঠায় সেই দিনই পাকিস্তানের মৃত্যু হয়েছে।

নিউজউইক' পত্রিকায় বলা হয়ঃ ইয়াহিয়া খান সামরিক অভিযান চালানোর জন্যে বাংলাদেশে যখন সৈন্য ও সমরসম্ভার পাঠানোর কাজে ব্যস্ত ছিলো ঠিক সেই সময় পাকিস্তানের ঘরে-বাইরে সবদিক থেকেই রাজনৈতিক সমাধানের দাবী উঠছিলো। ইয়াহিয়ার সামরিক প্রস্তুতির বিরুদ্ধে প্রতিবাদ উঠছিলো। দাবী উঠছিলো- পাকিস্তানের যে সঙ্কট তার সমাধান সমরসজ্জা বা সামরিক অভিযানে সম্ভব নয়। সমস্যার রাজনৈতিক সমাধান করতে হবে। কোন রকম শর্ত আরোপ না করে গণনির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের মধ্যেই সমাধান নিহিত রয়েছে। বুলেট-বেয়োনেটে পাকিস্তানের রাজনৈতিক সংকটের সমাধান সম্ভব নয়। কিন্তু ইয়াহিয়া ও তার সামরিক চক্র ঘরে-বাইরের এই দাবী উপেক্ষা করে পাকিস্তানের গণনির্বাচিত প্রতিনিধিদের প্রস্তাবিত বৈঠক বাতিল করে বাংলাদেশের ওপর সামরিক অভিযান চালালো।.....

নিউজউইক উল্লেখ করেঃ গত সপ্তাহে ঢাকায় কয়েকজন বিদেশী কূটনীতিক মন্তব্য করেছেন, আপোষ আলোচনার আর কোন পথই খোলা রইলো না। ইয়াহিয়ার গোঁয়ার্তুমির জন্যে আলোচনার সব পথ রুদ্ধ হয়ে গেল। আলোচনা এখন আর সম্ভব নয়। পাকিস্তান মরে গেছে এবং ইয়াহিয়া ও তার সামরিক চক্রই পাকিস্তানকে ধ্বংস করেছে।

১৫ জুলাই, ১৯৭১

... পাকিস্তানকে উন্নয়ন সাহায্য দেয়ার মতো আদৌ কোন অবস্তা রয়েছে কিনা তা সরেজমিনে তদন্ত করার জন্যে বিশ্ব ব্যাঙ্কের একটি বিশেষ প্রতিনিধিদল বাংলাদেশ সফরে এসেছিলেন। বাংলাদেশ ও পশ্চিম পাকিস্তান সফলকরে ফিরে গিয়ে তাঁরা একটি রিপোর্ট প্রকাশ করেছেন।

এই রিপোর্টে বলা হয়েছেঃ বাংলাদেশ ও পশ্চিম পাকিস্তান সফর করে এসে বিশ্ব ব্যাঙ্ক প্রতিনিধিদল তাঁদের রিপোর্টে এই একমাত্র সিদ্ধান্ত করেছেন যে, পাকিস্তানকে সর্বপ্রকার আন্তর্জাতিক সাহায্য দেয়া বন্ধ করা

হোক। কারণ, এখন পাকিস্তানে যে কোন আন্তর্জাতিক সাহায্যই দেয়া হোক না কেন তা সম্পূর্ণ অর্থহীন হয়ে দাঁড়াবে।

রিপোর্টে তারা বলেছেনঃ বর্তমানে পাকিস্তানকে কোন রকম আন্তর্জাতিক সাহায্য দেয়া যাবে না। এমন কি পাকবাহিনী বিধ্বস্ত বাংলাদেশের জন্যে যদি কোন আন্তর্জাতিক সাহায্য পাঠানো হয় তাহলে ইয়াহিয়ার সামরিক সরকার সেই সাহায্যকে পশ্চিম পাকিস্তানে নিয়ে যাবে। বাংলাদেশের মানুষের কাছে কোন সাহায্যই গিয়ে পৌঁছুবে না। বাংলাদেশে যুদ্ধ চালাতে গিয়ে পাকিস্তানের অর্থাৎ পশ্চিম পাকিস্তানের অর্থনীতি দারুণভাবে বিপর্যস্ত হয়েছে। পাকিস্তানের অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙ্গে যাচ্ছে। এ অবস্থায় পাকিস্তানকে কোন রকমের আন্তর্জাতিক সাহায্য দিলে ইয়াহিয়া সরকার তা পশ্চিম পাকিস্তানেই পাচার করবে। অতএব পাকিস্তানকে কোন রকম আন্তর্জাতিক সাহায্য দেয়া যেতে পারে না। বাংলাদেশ ও পাকিস্তান সফরকারী বিশ্ব ব্যাঙ্ক প্রতিনিধিদলের নেতা Mr. I. P. M. CARGILL এই রিপোর্ট প্রস্তুত করেছেন। Mr. I. P. M. CARGILL বিশ্ব ব্যাঙ্কের দক্ষিণ-পূর্ব এশিয়া বিভাগের ডিরেক্টর।

Mr. CARGILL তাঁর রিপোর্টে লিখেছেন, বাংলাদেশে পাকিস্তানী সামরিক অভিযানের ব্যাপকতা এত বেশি হয়েছে যে সেখানে ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক জীবনধারা একেবারে বন্ধ হয়ে গেছে। বাংলাদেশের মানুষের জীবনে এখন এক ভয়াবহ আতঙ্ক ও অনিশ্চয়তা ছাড়া আর কিছুই অবশিষ্ট নেই।

Mr. CARGILL তাঁর রিপোর্টে লিখেছেনঃ পাকিস্তানী হানাদার বাহিনী বাংলাদেশের সহজ সরল মানুষের বিরুদ্ধে যে এখনও সামরিক অভিযান অব্যাহত রেখেছে, সেখানের সাধারণ মানুষের বিরুদ্ধে তাঁরা যে এখনও চরম শাস্তিমূলক ব্যবস্থা নিচ্ছে, হত্যা, লুণ্ঠন ও ব্যাভিচারে তারা যে এখনও সমান তৎপর রয়েছে সে বিষয়ে কোন সন্দেহ থাকতে পারে না। সাধারণ মানুষের বিরুদ্ধেই হোক অথবা বিশেষ ব্যক্তিবর্গের বিরুদ্ধেই হোক, সামরিক গভীর আতঙ্ক ও অনিশ্চয়তা। বাংলাদেশে মুক্তিযুদ্ধ চলছে। মুক্তিসেনাদের হাতে প্রচণ্ড মার খাচ্ছে পাক সেনারা, আর তারই প্রতিশোধ তারা গ্রহণ করছে সাধারণ মানুষের ওপর।

সংক্ষেপে, বাংলাদেশের প্ররিস্থিতি এখন দারুণ উদ্বেগজনক। স্বাভাবিকতার নাম-গন্ধ নেই। বাংলাদেশের পরিস্থিতি স্বাভাবিক বলে পাকিস্তানী সামরিক সরকার যে দাবী করছে Mr. CARGILL তাঁর রিপোর্টে তার কঠোর সমালোচনা করে বলেনঃ সামরিক তৎপরতা বন্ধ করা, সৈন্য প্রত্যাহার করা ও বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত বাংলাদেশে স্বাভাবিক অবস্থা ফিরে আসতে পারে না।

১৮ জুলাই, ১৯৭১

কিছুটা বিলম্বে হলেও বাংলাদেশ সম্পর্কে বিশ্বজনমত আজ এক নতুন ধারায় প্রবাহিত হতে শুরু করেছে। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বিরুদ্ধে বর্বর সেনাবাহিনীকে লেলিয়ে দিয়ে ব্যাপক হত্যা, লুণ্ঠন ও পৈশাচিক নির্যাতন চালিয়ে পশ্চিম পাকিস্তানী পুঁজিপতি স্বার্থান্বেষী মহল ও ইয়াহিয়া চক্র সর্বাত্মক মিথ্যা ও অপপ্রচার ছড়িয়ে যে বিভ্রান্তির কালো ধোঁয়া ছড়িয়েছিলো বিশ্বমানবতা ও বিশ্ববিবেকের নবতর অভ্যুদয়ের আলোকচ্ছটায় তা দ্রুত কেটে যাচ্ছে। বিশ্বের দেশে দেশে আজ ইয়াহিয়ার বর্বর বাহিনীর গণহত্যা, ধ্বংসযজ্ঞ ও অমানুষিক নির্যাতনের খবর পৌঁছে গেছে। বাংলাদেশে পাক বাহিনীর গণহত্যা ও বর্বরতার পেছনে কোন দুরভিসন্ধি ও রাজনৈতিক উদ্দেশ্য কাজ করেছে বিশ্বের মানুষের কাছে তা আজ অনেকখানি স্পষ্ট হয়ে উঠেছে। প্রকৃত ঘটনাবলী যতই স্পষ্ট হয়ে উঠছে, বিশ্বের মানুষ ততই আমাদের পক্ষে মত প্রকাশ করছে, আমাদের পাশে এসে দাঁড়াচ্ছে। বিশ্বের বহু দেশ আজ আমাদের প্রকাশ্যভাবে সমর্থন জানাচ্ছে। কানাডা, পশ্চিম জার্মানী, সুইডেন, স্ক্যাণ্ডিনেভীয় দেশসমূহ এবং আরও কয়েকটি দেশ বাংলাদেশ সংক্রান্ত প্রশ্নটি জাতিসংঘে তোলার জন্যে

উদ্যোগী হয়েছে। বাংলাদেশে পাকিস্তানী হানাদার বাহিনীর গণহত্যা ও নির্যাতনের প্রশ্নটি জাতিসংঘে উত্থাপনের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ হয়ে গেছে। বাংলাদেশে পাক হানাদার বাহিনীর বর্বরতা ও গণহত্যার অপরাধ সম্পর্কে পাকিস্তানের কোন বক্তব্য যে থাকতে পারে না তা ধরে নেয়া হয়েছে। বিশ্বের বিভিন্ন দেশের সাংবাদিক, সমাজসেবী, কূটনীতিক, পর্যটক ও বিশ্বসংস্থাসমূহের যেসব প্রতিনিধিদল বাংলাদেশ সফর করে গেছেন তাদের রিপোর্ট ও প্রামাণ্য তথ্যাদি থেকে এটা আজ অত্যন্ত সুস্পষ্ট যে, পাক বাহিনী বাংলাদেশে গণহত্যা ও বর্বরতার অপরাধে অপরাধী। জাতিসংঘে বাংলাদেশ প্রসঙ্গ উঠলে পাকিস্তান বাংলাদেশে গণহত্যার অপরাধে অপরাধী হানাদার বলে চিহ্নিত হবে এবং সেই সঙ্গে বাংলাদেশও বিশ্ব সংস্থার সমর্থন এবং স্বীকৃতি লাভ করবে।

সোভিয়েট ইউনিয়ন ও ফ্রান্স এ কথা দ্ব্যর্থহীনভাবে ঘোষণা করেছে যে, সামরিক ও অর্থনৈতিক সাহায্য দিয়ে কোন অবস্থাতেই তারা পাকিস্তানের সামরিক সরকারকে সহযোগিতা করবে না। অর্থাৎ, ফ্রান্স ও সোভিয়েট ইউনিয়ন ইয়াহিয়া সরকারকে আর কোন সামরিক অথবা অর্থনৈতিক সাহায্য দেবে না।.....বিশ্ব ব্যাঙ্কের যে প্রতিনিধিদলটি গত ৩রা জুন থেকে ২১ শে জুন পর্যন্ত উনিশ দিন ধরে বাংলাদেশ সফর করে গেছেন তারা বাংলাদেশের প্রকৃত ঘটনাবলী ফাঁস করে দিয়েছেন। তারা বলেছেন পরিস্থিতি আদৌ স্বাভাবিক নয়। সেখানে সর্বত্রই ধ্বংসের চিহ্ন ছড়িয়ে আছে, পাক হানাদার সৈন্যরা এখনও বাংলাদেশের ওপর হত্যা, ধ্বংস ও নির্যাতন চালিয়ে যাচ্ছে। একমাত্র মার্কিন যুক্তরাষ্ট্র সরকার ছাড়া এইড কনসর্টিয়ামভুক্ত সব দেশই পাকিস্তানকে সাহায্য বন্ধের পক্ষে মত প্রকাশ করেছে। বাংলাদেশ সফর করে গিয়ে বিশ্বব্যাঙ্ক প্রতনিধিদলের নেতা তাঁর দলের অন্যান্য সদস্যদের সঙ্গে একমত হয়ে একথা তো স্পষ্টই ঘোষণা করেছেন যে, পাকিস্তানকে সাহায্য দেয়া অর্থহীন হবে এবং পাকিস্তানকে এখন যে কোন সাহায্যই দেয়া হোক, ইয়াহিয়ার জঙ্গী সরকার তা সামরিক প্রয়োজনে ব্যবহার করবে।

মার্কিন যুক্তরাষ্ট্র সরকার বিশ্বজনমত উপেক্ষা করে, ইয়াহিয়ার জল্লাদ বাহিনীকে সমর সম্ভার ও অর্থ সাহায্য দিয়ে বাংলাদেশে গণহত্যার প্রত্যক্ষভাবে সহযোগিতা করলেও আমেরিকান জনগণ, সংবাদপত্র, বেতার-টেলিভিশ ও বহু জননায়ক বাংলাদেশের প্রকৃত ঘটনাবলী প্রকাশ করে বাংলার জনগণের সঙ্গে একাত্মতা ঘোষণা করেছে। মার্কিন সংবাদপত্রসমূহ খোলাখুলিভাবেই বাংলাদেশ প্রশ্নে মার্কিন সরকারী নীতির কঠোর সমালোচনা করেছে। 'নিউইয়র্ক টাইমস', 'ওয়াশিংটন পোস্ট', 'ইভিনিং স্টার' প্রভৃতি প্রভাবশালী দৈনিক পত্রিকাগুলিতে মার্কিন সরকারী নীতির কঠোর সমালোচনা করে বলা হয়েছে যে, মার্কিন যুক্তরাষ্ট্র ও অন্যান্য ঋণদানকারী রাষ্ট্রগুলির উচিত পাকিস্তানকে সর্বপ্রকার সাহায্য বন্ধ করে দেয়া। ভারতে নিযুক্ত প্রাক্তন মার্কিন রাষ্ট্রদূত Mr. Chester Bowles পাকিস্তানে মার্কিন সাহায্য প্রেরণের কঠোর সমালোচনা করে বলেছেন, মার্কিন সরকারের এ ভুলের কোন তুলনা হয় না। মার্কিন সরকারের এটা শুধু ভুল নয়, এটা একটি ক্ষমাহীন অপরাধ- ইতিহাস এ অপরাধ কোন দিনই ক্ষমা করবে না।

২০ জুলাই, ১৯৭১

... ডাবলিন থেকে প্রকাশিত 'আইরিশ টাইমস' পত্রিকার এক সম্পাদকীয়তে বলা হয়ঃ ইয়াহিয়া তার বেতার ভাষণে যে রাজনৈতিক পরিবর্তনের বা যে রাজনৈতিক রদবদলের প্রস্তাব করেছে তা জঘন্য। ইয়াহিয়া তার বেয়োনেট-উদ্যত সেনাবাহিনী দিয়ে আটক দেশবাসীর উদ্দেশে যে বক্তৃতা করেছে তাতে তার দেশ গোল্লায় যাবে। বাংলাদেশ থেকে যে সকল নারী-পুরুষ-শিশু-বৃদ্ধ সেনাবাহিনীর অত্যাচারে দেশ ছেড়ে যেতে বাধ্য হয়েছে তারা কেউই এ প্রস্তাবে দেশে ফিরে আসতে পারে না। ক্ষমতা হস্তান্তরের যে পদ্ধতির কথা ইয়াহিয়া ঘোষণা করেছে তা দুরভিসন্ধিমূলক। দশ লক্ষ বাঙালীকে নির্বিচারে হত্যা করে গোটা বাংলাদেশটাকে জ্বালিয়ে-পুড়িয়ে ধ্বংস করে দিয়ে ইয়াহিয়া বাংলাদেশের কিছু অংশের ওপর তথাকথিত দখল রেখেছে সত্যি, কিন্তু এই দখল

রাখতে গিয়ে তাদের যে কী পরিমাণ দিতে হচ্ছে তা একমাত্র তারাই জানে। কারণ, বাংলাদেশের মানুষ ইতিমধ্যে স্বাধীনতা ঘোষণা করেছে এবং বাংলাদেশে সরকারের অধীনে নিয়মিত সেনাবাহিনী গড়ে উঠছে। আগে পাকিস্তান সেনাবাহিনীতে যেসব বাঙালী সৈনিক ছিলেন তারাই আজ মুক্তিবাহিনীতে যোগ দিয়ে ইয়াহিয়া সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধ চালাচ্ছেন। বাংলাদেশের সর্বত্রই এখন গেরিলা যুদ্ধ চলছে- শুধুমাত্র তাই নয়, ইয়াহিয়ার সেনাবাহিনীতেও গণ্ডগোল শুরু হয়েছে।

'আইরিশ টাইমস' পত্রিকায় আরও বলা হয় যে, বাংলাদেশ সরকার বর্তমানে সামরিক সমাধানের পথ বেছে নিয়ে যুদ্ধ চালাচ্ছে। বর্তমানের এই দারুণ সঙ্কটপূর্ণ পরিস্থিতিতে শরণার্থীরা দেশে ফিরে যেতে পারে না। ইয়াহিয়ার সেনাবাহিনী ও সরকার যেখানে আজও হত্যা, লুণ্ঠন ও নির্যাতন সমানে চালিয়ে যাচ্ছে সেখানে শরণার্থীদের ফিরে যাওয়ার প্রশ্নই উঠতে পারে না। এখনও প্রতিদিন হাজার হাজার মানুষ বাংলাদেশ ছেড়ে ভারতে চলে যাচ্ছে। ভারতে এভাবে লাখ লাখ শরণার্থী ঠেলে দিয়ে ইয়াহিয়া সরকার প্রকৃতপক্ষে ভারতের অর্থনীতিকে দুর্বল করতে চাইছে। পত্রিকায় বলা হয়ঃ বাংলাদেশ সমস্যার প্রকৃত সমাধান না হওয়া পর্যন্ত ভারত ও পাকিস্তানের মধ্যে সম্পর্ক ক্রমশ অবনতির দিকেই যাবে এবং তার পরিণতি হবে ভয়াবহ।

স্টকহোম থেকে প্রকাশিত সুইডিশ দৈনিক, DOGENS NYHETER-এর এক সম্পাদকীয় নিবন্ধে পাকিস্তানকে বাংলাদেশে সামরিক তৎপরতা বন্ধ করে বাংলাদেশের জনগণের হাতে ক্ষমতা ছেড়ে দিতে বলা হয়।

'ডগেনস নিহিতের' পত্রিকার এই সম্পাদকীয় নিবন্ধটিতে ইয়াহিয়ার সামরিক অভিযানের কঠোর সমালোচনা করে বলা হয়ঃ বাংলাদেশে পাক হানাদার বাহিনীর বর্বরতা বর্তমানে চরমে পৌঁছেছে। এখনও বাংলাদেশ থেকে লাখ লাখ শরণার্থী সৈন্যদের তাড়া খেয়ে দেশ ছেড়ে চলে যাচ্ছে।

পত্রিকায় বলা হয়ঃ বাংলাদেশে সামকি বর্বরতা সবকিছুর সীমা ছাড়িয়ে গেছে। বাংলাদেশ ও ভারত সীমান্তে গিয়ে কিছু সময় দাঁড়ালেই ইয়াহিয়ার স্বাভাবিক পরিস্থিতির দাবীর অসারতা সহজেই ধরা পড়ে- বোঝা যায় ইয়াহিয়া সরকারের মিথ্যা প্রচারণার বহর।

২৩ জুলাই, ১৯৭১

... সিয়েরা লিওনের ফ্রিটাউন থেকে প্রকাশিত 'মেইল' পত্রিকার প্রথম পৃষ্ঠা জুড়ে এক দীর্ঘ রিপোর্ট বেরিয়েছে। বাংলাদেশের লক্ষ লক্ষ শরণার্থী সম্পর্কে লিখতে গিয়ে ফ্রিটাউন দৈনিকের সংবদদাতা Mr. SOM SHORT প্রশ্ন করেছেনঃ বাংলাদেশে যা ঘটেছে তার চেয়ে বেশি কিছু কি ঘটতে পারতো?

তিনি লিখেছেনঃ বাংলাদেশে যে ভয়ঙ্কর একটা কিছু ঘটেছে এবং এখনও ঘটছে, তা বোঝার জন্যে বা তা বিশ্বাস করার জন্য এর চেয়ে বেশী প্রমাণের প্রয়োজন আছে বলে আমার মনে হয় না। বাংলাদেশের ঘটনাবলী স্বচক্ষে দেখে ফ্রিটাউন দৈনিক মেইল-এর সংবাদদাতা Mr. SOM SHORT বলেন, পাকিস্তান সরকারের নীতি ও কার্যকলাপের পশ্চাতে যে একটা ভীষণ ষড়যন্ত্র বা ভয়াবহ একটা কিছু আছে তা আমি বুঝতে পেরেছি। তিনি লিখেছেন, পশ্চিম পাকিস্তানীদের বর্বরতা ক্রমে বেড়েই চলেছে, যুদ্ধ যতো দীর্ঘস্থায়ী হবে বাংলাদেশে ধ্বংস ও মৃত্যু ততো বেড়ে যাবে। পৃথিবীর সকল দেশের মানুষই তো এখন এখানকার ঘটনাবলীর অল্পবিস্তর জানতে পেরেছে কিন্তু তবু আমরা আমাদের নিজ নিজ দেশের সরকারকে পাকিস্তানের ওপর চাপ সৃষ্টিতে বাধ্য করতে পারছি না কেন?- এই রক্তস্নানের কি কোন শেষ নেই?

২৯ জুলাই, ১৯৭১

বাংলাদেশের অভ্যন্তরীণ অবস্থা সম্পর্কে বিশ্বের দৃষ্টিকে বিভ্রান্ত করার যতো অপচেষ্টাই পাকিস্তানী সামরিক চক্র করুক, কিন্তু যা সত্য তাকে ধামাচাপা দিয়ে রাখা সম্ভব নয়। বিশ্বের পত্র-পত্রিকায় নিয়মিতই বাংলাদেশের ঘটনাবলীর খবরাখবর প্রকাশিত হচ্ছে।

আমেরিকান বহুল প্রচারিত সাপ্তাহিক 'নিউজউইক' ও লণ্ডনের প্রভাবশালী দৈনিক 'দি টাইমস'-এ বাংলাদেশে পাকিস্তানী বর্বর সৈন্যদের মোকাবিলায় মুক্তি বাহিনীর সাফল্যজনক অভিযান পরিচালনার খবর প্রকাশিত হয়েছে। পাকিস্তানের সামরিক প্রেসিডেন্ট সম্প্রতি বাংলাদেশের পরিস্থিতি সম্পূর্ণরূপে সামরিক বাহিনীর নিয়ন্ত্রণাধীন এবং তথাকথিত দুষ্কৃতকারী ও অনুপ্রবেশকারীদের নির্মুল করা হয়েছে বলে যে দাবী করেছেন, সে প্রসঙ্গে 'The Bengalis Strike Back' শীর্ষক একটি নিবন্ধে 'নিউজউইক' পত্রিকা বলেঃ 'ইয়াহিয়ার জন্যে দুঃখ হয়, কেননা তিনি যা দাবী করেছেন প্রকৃত ঘটনা তার সম্পূর্ণ বিপরীত।' পত্রিকায় বলা হয় যে, সমগ্র বাংলাদেশে মুক্তি বাহিনীর প্রতিরোধ অভিযান ক্রমেই জোরদার হচ্ছে। এ অভিযান গোড়া থেকেই পরিচালিত হচ্ছে এবং উন্নত সমরসজ্জায় সজ্জিত পাকিস্তান সামরিক বাহিনী চরমভাবে ঘায়েল হচ্ছে।

'নিউজউইক' বলেঃ বাংলাদেশের বহু কলকারখানা ধ্বংস করা হয়েছে, ডিনামাইট দিয়ে প্রধান প্রধান ব্রীজসমূহ উড়িয়ে দেয়া হয়েছে, মাইন বসিয়ে বহু রেল সড়কের ক্ষতিসাধন করা হয়েছে।

পত্রিকায় বলা হয়, সামরিক বাহিনী অধিকৃত ঢাকা শহরেও নিয়মিত গোলাগুলি চলছে। পাকিস্তান সামরিক বাহিনীর বর্বরোচিত কার্যকলাপের বিরুদ্ধে জাগ্রত মুক্তি সংগ্রামীদের অভিযান বাংলাদেশের সর্বত্রই অব্যাহত রয়েছে।

সম্প্রতি বাংলাদেশের পূর্বাঞ্চল সফরকারী নিউজউইকের সংবাদদাতা মিঃ লোরেন জেনকিনস এখানে মুক্তিবাহিনীর হাতে খুলনার দু'জন দালালের 'লালরঙা চিঠি' প্রাপ্তি এবং কড়া সামরিক পাহারাধীন থেকেও শোচনীয় মৃত্যুর খবর জানান।

লণ্ডন টাইমসের রিপোর্টার মাইকেল হর্নসবী জানান যে, বাংলাদেশে পাকিস্তান সামরিক বাহিনী অহরহ মুক্তি বাহিনীর গেরিলাদের দ্বারা আক্রান্ত ও ক্ষতিগ্রস্ত হচ্ছে। মুক্তি বাহিনীর গেরিলারা রাস্তা, রেলওয়ে ব্রীজ, রেললাইন এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার ক্ষতিসাধন করে পাকিস্তানী সামরিক প্রশাসনকে অতিষ্ঠ করে তুলেছে।

লণ্ডন টাইমসের সংবাদদাতা জানান, বাংলাদেশের সকল শহর বিশেষ করে ঢাকা শহরে গেরিলাদের পাক বাহিনীর ওপর বোমা নিক্ষেপ করছে।

হর্নসবী জানান যে, গেরিলা বাহিনীর আক্রমণে ক্ষতিগ্রস্ত হয়ে প্রতিহিংসাপরায়ণ পাক বাহিনী আশপাশের এলাকার বেসামরিক বাসিন্দাদের ওপর উৎপীড়ন করে থাকে।

বস্তুতঃ বাংলাদেশের পাক বাহিনী অধিকৃত এলাকায় এমনি প্রশাসনিক অচলাবস্থাই বিরাজ করছে। মুক্তি বাহিনীর গেরিলাদের আক্রমণে পাক সেনারা এখানে-ওখানে ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হচ্ছে। দিন দিনই হানাদার বাহিনীর মনোবল ভেঙ্গে পড়ছে।

এই বাস্তব সত্যকে গোপন করার মতো অপচেষ্টাই পাকিস্তানী জঙ্গী সরকার করুক, বিশ্বের চোখে ধরা পড়বেই। আর এভাবে বাংলার সার্বিক মুক্তিকামী মানুষের সপক্ষে গড়ে উঠবে বিশ্বজনমত।

১ আগস্ট, ১৯৭১

... বর্তমানে ক্ষমতার লোভে উন্মত্ত ইয়াহিয়ার সৈন্যদের অমানুষিক পাশবিক অত্যাচার ও দাপট যতই বাড়ছে এবং আমাদের মুক্তিযোদ্ধাদের তৎপরতা যতই জোরদার হচ্ছে ততই বিশ্ববাসী আমাদের প্রতি সহানুভূতিশীল হয়ে উঠছেন। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের নির্যাতিত জনগণের সপক্ষে ততই গড়ে উঠছে বিশ্বজনমত।

ইতিমধ্যে জঙ্গীশাহীর অনেক বাধাবিপত্তি সত্বেও বহু বিদেশী সাংবাদিক, সেবাপ্রতিষ্ঠান প্রতিনিধি ও রাজনীতিবিদ যুদ্ধক্ষত বাংলাদেশ সফর করেছেন।

আন্তর্জাতিক রেডক্রস সোসাইটির প্রতিনিধি কর্নেল অ্যার্লা সম্প্রতি বাংলাদেশ সফর করে তাঁর সফর অভিজ্ঞতা বর্ণনা প্রসঙ্গে সাংবাদিকদের বলেছেন, বাংলাদেশে দখলদার পাকিস্তানী সৈন্যদের নির্যাতন বায়াফ্রার মর্মান্তিক ঘটনাকেও ছাড়িয়ে গেছে। দখলকৃত এলাকায় হানাদার সৈন্যরা যে বীভৎস হত্যাকাণ্ড ও পাশবিক অত্যাচার চালিয়ে যাচ্ছে তার কোন নজির নেই। নরওয়ে রেডক্রসের একজন প্রতিনিধি ভারতের শরণার্থী শিবিরগুলো পরিদর্শন করে বলেছেন, বর্তমান শরণার্থী সমস্যার সাথে বিশ্ব ইতিহাসের অন্য কোন ঘটনার তুলনা করা যায় না।

একটি স্বাধীন দেশে দখলদার সৈন্যরা কতো বেশি নির্যাতন চালিয়ে গেলে ৮০ লাখ মানুষকে ঘর-বাড়ি ও ধন-সম্পত্তি ফেলে দেশত্যাগ করতে হয় তা সকলেই বোধগম্য।

এহেন অবস্থায় বাংলাদেশে যখন মানুষের জীবনের কোনো নিরাপত্তা নেই- মানবতা, শিক্ষা, সংস্কৃতি ও সভ্যতা যখন বিপর্যস্ত, সে ক্ষেত্রে চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রের মতো দুটি বৃহৎ শক্তি একনাগাড়ে পাকিস্তানের সামরিকশাহীকে অস্ত্র ও আর্থিক সাহায্য করে গণহত্যার উস্কানি দিচ্ছে।

মার্কিন জনগণ ও সেখানকার পত্র-পত্রিকা বাংলাদেশের নিরস্ত্র মানুষের সংগ্রাম ও মুক্তিযুদ্ধের প্রতি তাঁদের অকুণ্ঠ সমর্থন জানালেও প্রেসিডেন্ট নিক্সন জঙ্গীশাহীকে অস্ত্র সাহায্যের নীতিতে অবিচল রয়েছেন। মার্কিন সিনেটের বহু প্রভাবশালী সদস্য পরিষ্কার ভাষায় নিক্সনের এই অনমনীয় নীতির সমালোচনা করেছেন। তাঁরা সকলেই এ বিষয়ে একমত যে, বাংলাদেশ সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত জঙ্গী সরকারকে সাহায্য দেয়ার মানেই হচ্ছে গণহত্যায় অংশ গ্রহণ করা। তা ছাড়া যুদ্ধের ফলে যেক্ষেত্রে বাংলাদেশে তিন কোটিরও বেশি মানুষ চরম খাদ্যাভাবের সম্মুখীন হয়েছে সেক্ষেত্রে ইয়াহিয়া সরকারকে খাদ্য ও অস্ত্র সাহায্য দেয়া রীতিমত যুদ্ধাপরাধ।

এদিকে ওয়াশিংটনের স্টেট ডিপার্টমেন্টের আণ্ডার সেক্রেটারী জন আরউইন সিনেটের এক সাব-কমিটির বৈঠকে বলেছেন যে, বাংলাদেশে দারুণ দুর্ভিক্ষের খবর তাঁরা পেয়েছেন। অথচ পাকিস্তানের দখলদার সমরকর্তারা দুর্ভিক্ষ রোধের কোনো চেষ্টা চালাচ্ছে না। এতে এ কথা পরিষ্কার বোঝা যায় যে, দেশ থেকে ৮০ লাখ মানুষকে তাড়িয়ে এবং ১০-১২ লাখ মানুষকে হত্যা করেও এদের কসাই বনোবৃত্তির এখনো খায়েশ মেটেনি।

এমনি মর্মান্তিক অবস্থায় জাতিসংঘ আবার বাংলাদেশ ও ভারত সীমান্তে পর্যবেক্ষক নিয়োগের পাঁয়তারা করছে। অথচ গত চারমাস যাবৎ জাতিসংঘ বাংলাদেশে ইয়াহিয়ার গণহত্যার নীরব দর্শকের ভূমিকা পালন করেছে। পাকিস্তানের জঙ্গী সরকারও বাংলাদেশ-সমস্যাটিকে ভারত-পাকিস্তান বিরোধ হিসাবে দেখাবার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে।

মুজিবনগরে প্রদত্ত বিবৃতিতে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খোন্দকার মোশতাক আহমদ জঙ্গীশাহীর এ ধরনের নির্লজ্জ অপকৌশলকে পাকিস্তানের 'ভ্রান্ত পদক্ষেপ' বলে আখ্যায়িত করেছেন।

পররাষ্ট্রমন্ত্রী খোন্দকার মোশতাক আহমদ বলে সহানুভূতিশীল বিশবাসীর দৃষ্টি আকর্ষণ করেছেন যে, মুক্তিযোদ্ধাদের হাতে চরম মার খেয়ে পাকিস্তানের অপরিণামদর্শী জঙ্গী কর্মকর্তারা আজকাল জাতিসংঘের ভিতরে ও বাইরে ব্যাপক তৎপরতা চালিয়ে বাংলাদেশে তাদের কৃতকর্মের কালিমা মোচনের ব্যর্থ চেষ্টা করছে। পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, বাংলাদেশ স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। কাজেই বাংলাদেশ সমস্যাটি হচ্ছে পাকিস্তান ও বাংলাদেশ বিরোধ। এ বিরোধ যত শ্রীঘ্র মিটমাট হবে ততই সাড়ে সাত কোটি মানুষের কল্যাণ ত্বরান্বিত হবে- বাংলাদেশের নিপীড়িত মানুষের মনে ফিরে আসবে শান্তি ও আস্থার মনোভাব।

বিশ্বের বিভিন্ন পত্র-পত্রিকা, বেতার ও টেলিভিশন সংস্থাও সাড়ে সাত কোটি বাঙালীর জীবনের নিরাপত্তার জন্যে বাংলাদেশ সমস্যার আশু সমাধানের উপর জোর দিয়েছেন। এ ব্যাপারে সকলেই একমত যে, বাংলাদেশের প্রকৃত গণপ্রতিনিধিরাই দেশে শান্তি ও শৃঙ্খলা ফিরিয়ে আনতে পারবে এবং লাখ লাখ শরণার্থীকে নির্বিঘ্নে স্বদেশে ফিরিয়ে আনবার নিশ্চয়তা প্রদান করতে পারবে।

১৫ আগস্ট, ১৯৭১

... গত ২৫শে মার্চ থেকে ইয়াহিয়ার বর্বর সামরিক চক্র বাংলাদেশে যা করেছে সমস্ত বিশ্ব তাতেই হতবাক হয়েছে। জাতিসংঘের সেক্রেটারী জেনারেল উথান্ট বর্ণিত মানব ইতিহাসের সেই সর্বাধিক কলঙ্কজনক অধ্যায় রচনার পর এবং মার্কিন সিনেটর এডওয়ার্ড কেনেডী বর্ণিত মানব ইতিহাসের বৃহত্তম বিপর্যয় সৃষ্টির পর ইয়াহিয়ার বর্বর সেনাবাহিনী বর্তমান বাঙলার নয়নমণি শেখ মুজিবুর রহমানের নামে মিথ্যে অভিযোগ এনে সামরিক আদালতে বিচার প্রহসন শুরু করেছে। এই বিচার প্রহসনের পিছনে পশ্চিম পাকিস্তানী সামরিক চক্রের যে ঘৃণ্য উদ্দেশ্য ও দুরভিসন্ধি রয়েছে তাতে কোন সন্দেহের অবকাশ নেই। বাংলাদেশে পাক সামরিক চক্রের বর্বরতা ও বীভৎসতার দৃষ্টান্তে এটাই মনে হয় যে, ইয়াহিয়া ও তার নয়া নাৎসী বাহিনী করতে পারে না এহেন কিছু নেই।

কানাডার প্রধানমন্ত্রী মিঃ ট্রুডো পাকিস্তানের জঙ্গী প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়ার কাছে এক তারবার্তায় শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসনে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি বলেছেন, এর পরিণতি অত্যন্ত গুরুতর হবে। মার্কিন যুক্তরাষ্ট্র, বৃটেন ও অন্যান্য দেশের পত্র-পত্রিকা, বেতার ও টেলিভিশনেও পশ্চিম পাকিস্তানী সামরিক আদালতে শেখ মুজিবুর রহমানের গোপন বিচারে দারুণ আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

লণ্ডনের প্রভাবশালী সংবাদপত্রগুলিতে মন্তব্য করা হয়েছে যে, যেভাবে শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসন শুরু হয়েছে তাতে পাক সামরিক চক্রের ওপর আদৌ ভরসা করা যায় না। লণ্ডনের 'টাইমস্' 'ইয়র্কশায়ার পোস্ট' ও অন্যান্য সংবাদপত্রে এই তথাকথিত বিচারের কঠোর সমালোচনা করা হয়েছে। বৃটেনের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজীবীগণ এবং কয়েকটি আন্তর্জাতিক আইনজীবী সংস্থাও শেখ মুজিবুরের বিচার প্রহসনের জন্যে ইয়াহিয়ার বর্বর সামরিক চক্রের কঠোর সমালোচনা করেছেন।

'টাইমস্' পত্রিকায় প্রখ্যাত বৃটিশ আইনজীবী মিঃ ডব্লু, টি, উইলিয়ামের একটি চিঠি প্রকাশিত হয়েছে। এই চিঠিতে মিঃ উইলিয়াম বলেছেনঃ যেভাবে সামরিক আদালতে শেখ মুজিবের গোপন বিচার প্রহসন শুরু হয়েছে তাতে তিনি ও বিশ্বের বিবেকসম্পন্ন সকল মানুষ গভীরভাবে উদ্বিগ্ন। তিনি বলেন, যেভাবে এই তথাকথিত বিচার চলছে তাতে কোনক্রমেই শেখ মুজিবুর রহমানের ন্যায় বিচার আশা করা যেতে পারে না। তিনি বলেন, একমাত্র প্রাণের ঝুঁকি ও বহু ক্ষয়ক্ষতির ঝুঁকি ছাড়া কোন বাঙালী কৌশুলিই শেখ মুজিবুর রহমানের পক্ষ সমর্থনে যাবেন না। মিঃ উইলিয়াম বলেন, আইয়ুবের আমলে সুপ্রিম কোর্টের রায় লঙ্ঘন করে সামরিক সরকার শেখ মুজিবুর

রহমানের বিচার শুরু করেছিলো। ভয়ঙ্কর ইয়াহিয়ার সামরিক চক্র সেই একই ধারাবাহিকতায় বর্তমান বিচারে প্রহসন শুরু করেছে। তিনি বলেন, পাক সামরিক চক্র মূঢ়তার বশে মিথ্যা অভিযোগ শেখ মুজিবুর রহমানকে যদি কোনরকম দণ্ড দেয় তাহলে তার পরিণতি হবে অত্যন্ত ভয়াবহ।

গত শুক্রবারে 'ওয়াশিংটন পোস্ট' পত্রিকার এক সম্পাদকীয়তে বলা হয়ঃ মিথ্যা অভিযোগ তুলে শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসন শুরু করে পাকিস্তানের ক্ষমতাসীন সামরিক জান্তা এক মারাত্মক ভুল করেছে। পাকিস্তানী সামরিক জান্তা যদি এই তথাকথিত বিচারে শেখ মুজিবুর রহমানের প্রাণদণ্ড দেয় তাহলে সেটাই হবে সবচে মারাত্মক ভুল আর সেই ভুলের কোন সংশোধনের পথ থাকবে না।

১৬ আগস্ট, ১৯৭১

... পৃথিবীর দেশে দেশে শান্তিকামী মানুষ দেশবরেণ্য জননেতা, বুদ্ধিজীবী সমাজ, বেতার, টেলিভিশন ও সংবাদপত্র পাকিস্তানী নরঘাতী তস্করদের বিরুদ্ধে বিক্ষোভে ফেটে পড়েছে।....

জাতিসংঘের জনৈক মুখপাত্র গত শুক্রবারে বলেছেন যে, পাকিস্তানী সামরিক আদালতে শেখ মুজিবুর রহমানের গোপন বিচার প্রহসনের ব্যাপারে সেক্রেটারী জেনারেল উথাণ্ট কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রেখেছেন এবং এ ব্যাপারে তিনি আলোচনা চালাচ্ছেন ।

গত শুক্রবারে 'ওয়াশিংটন স্টার' পত্রিকার এক সম্পাদকীয়তে বলা হয়ঃ শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসন শুরু করে পাকিস্তানের মূঢ় সামরিক চক্র এক প্রচণ্ড ভুল করে বসেছে। ইয়াহিয়া আর তার সাঙ্গপাঙ্গদের একথা বোঝা উচিত যে নেতা হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মর্যাদা প্রশ্নাতীত।

'ক্রীশ্চিয়ান সায়েন্স মনিটর' পত্রিকার এক সম্পাদকীয় নিবন্ধে বলা হয়ঃ শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের প্রাণপ্রিয় নেতা। আজও তিনি বাংলার নয়নমণি। সাড়ে সাত কোটি বাঙালীর হৃদয়ে আজও তিনি সদ্য প্রস্ফুটিত রক্তপদ্ম। পাকিস্তানের জঙ্গী সামরিক চক্র বিচার প্রহসনের দ্বারা যদি তার কিছু করে, তাহলে পাকিস্তান বাংলাদেশ থেকে যে চিরতরে বিদায় হবে তা নয় বরং মূল পাকিস্তানটাই চূর্ণ হয়ে যাবে।

যুগোশ্লাভ দৈনিক "বলগ্রেড বোরবা" পত্রিকার সম্পদকীয় নিবন্ধে বলা হয়, শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসন করতে গিয়ে ইয়াহিয়া তার নিজের সমস্যার সমাধানের সকল পথই রুদ্ধ করেছে। এখন অন্ধকারে মাথা কুটে মরা ছাড়া তার আর দ্বিতীয় কোন পথ নেই।

জেনেভার 'ওয়ার্ল্ড কাউন্সিল অব চার্চেস'-এর সদর দফতর থেকে ইসলামাবাদে একটি তারবার্তা পাঠানো হয়েছে। এই তারবার্তায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গোপন বিচারের তীব্র প্রতিবাদ জানানো হয়েছে।

'জাকার্তা টাইমস'-এ বলা হয়ঃ শেখ মুজিবুর রহমান হলেন বাংলাদেশের জনপ্রিয় নেতা। তার বিচার প্রহসন চালাতে গিয়ে ইয়াহিয়া পাকিস্তানের সর্বস্ব খোয়ানোর ঝুঁকি নিয়েছে। ইয়াহিয়া আর তার সাঙ্গপাঙ্গরা ভুল ঘোড়ায় বাজি ধরেছে।

১৮ আগস্ট, ১৯৭১

বিশ্ব জোড়া প্রতিবাদ, ঘৃণা ও কোটি ধিক্কার উপেক্ষা করে পাক সামরিক চক্র বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসন অব্যাহত রেখেছে।....

মার্কিন যুক্তরাষ্ট্রের একজন ঝানু আণ্ডার সেক্রেটারী ও প্রাক্তন রাষ্টদূত মিঃ চেস্টার বোলস শেখ মুজিবুর রহমানের তথাকথিত বিচারের কঠোর সমালোচনা করে বলেছেনঃ পাকিস্তানী সামরিক জান্তা সামরিক আদালতে শেখ মুজিবুর রহমানের যে গোপন বিচার চালাচ্ছে তা আগাগোড়া একটি প্রহসন মাত্র। পাকিস্তানী সামরিক জান্তার এটা একটা চরম ধৃষ্টতা। এ বিচার সকল রীতিনীতি ও আইন-কানুনের সম্পূর্ণ পরিপন্থী।

মিঃ চেস্টার বোলস পাকিস্তান ও বাংলাদেশ সম্পর্কিত যুক্তরাষ্ট্র সরকারের বর্তমান নীতির কঠোরতম সমালোচনা করেন। মার্কিন সরকার পাকিস্তান সরকারকে যে সামরিক সাহায্য অব্যাহতভাবে দিয়ে চলেছে, মিঃ চেস্টার বোলস তাকে "চরম দায়িত্বজ্ঞানহীনতা ও নীতিবিগর্হিত" বলে বর্ণনা করেছেন।

সম্প্রতি 'ওয়াশিংটন পোস্ট'-এ তাঁর একটি তথ্যপূর্ণ প্রবন্ধে মিঃ চেস্টার বোলস বলেনঃ পাকিস্তানের ফ্যাসিবাদী সরকারকে সাহায্য করে মার্কিন যুক্তরাষ্ট্র এক চরম ভুল করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র সরকারকে অতীতের সব ভুলত্রুটি সংশোধন করে পাকিস্তানের কাছে সামরিক অস্ত্র ও সমরসম্ভার বিক্রয় সম্পূর্ণভাবে বন্ধ করা এবং পাকিস্তানকে সর্বপ্রকার অর্থনৈতিক সাহায্য দান একেবারে বন্ধ করে দেবার আহ্বান জানান।

পরলোকগত মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডীর সহোদর সিনেটর এডওয়ার্ড কেনেডী বাংলাদেশে পাক হানাদার বাহিনী সৃষ্ট 'মানব ইতিহাসের চরম বিপর্যয় ও মানব ইতিহাসের সবচে কলঙ্কজনক অধ্যায়' নিজের চোখে দেখে যাবার জন্যে বাংলাদেশের শরণার্থীদের শিবিরগুলো পরিদর্শন করে গেছেন। তিনি পাক অধিকৃত বাংলাদেশেও যেতে চেয়েছিলেন কিন্তু পাক বাহিনীর বর্বরতা পাছে পুরোপুরি ফাঁস হয়ে যায় সেজন্যে পাকিস্তানী সামরিক সরকার তাঁকে পাকিস্তানী বর্বর বাহিনী অধিকৃত বাংলাদেশে যাবার অনুমতি দেয়নি। শুধুমাত্র সীমান্তে দাঁড়িয়ে ও শরণার্থীদের শিবিরগুলো পরিদর্শন করে তিনি যা দেখেছেন এবং যে মর্মান্তিক অভিজ্ঞতা হয়েছে তা থেকেই তিনি বলেছেনঃ পাকিস্তানী সৈন্যরা যে বাংলাদেশে গণহত্যা চালিয়েছে তাতে কোন সন্দেহ নেই।

মার্কিন সিনেটের উদ্বাস্তু বিষয়ক কমিটির সভাপতি সিনেটর এডওয়ার্ড কেনেডী বলেনঃ পাকিস্তানী সামরিক জান্তার কাছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একমাত্র অপরাধ হলো তিনি নির্বাচনে জয়লাভ করেছেন। তাঁর বিচার আন্তর্জাতিক আইনের দিক থেকে বিচারের ব্যাভিচার এবং ন্যায়বিচারের প্রহসন মাত্র।

আদ্দিস আবাবা বেতার থেকে প্রচারিত এক খবরে বলা হয়ঃ রাজনৈতিক বন্দীদের মুক্তির ব্যাপারে সাহায্য করার জন্যে গঠিত আন্তর্জাতিক সংস্থা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তির জন্যে সারাবিশ্বে এক প্রচার অভিযান শুরু করবে।

বিশ্ব জোড়া এই বিক্ষোভ ও প্রতিবাদ সত্ত্বেও পাকিস্তানী সামরিক জান্তা শেখ মুজিবুর রহমানের গোপন বিচার প্রহসন অব্যাহত রেখেছে। কিন্তু বাংলাদেশের মানুষ এই প্রহসন মেনে নেয়নি। আজ বাংলাদেশের অধিকৃত এলাকার সর্বত্রই চলছে পাক হানাদার নিধনের দুর্বার অভিযান। মুক্তি বাহিনীর বীর যোদ্ধারা বাংলাদেশের পুণ্যভূমি থেকে হানাদারদের সমানে উৎখাত করে চলেছে। বাংলাদেশের প্রতিটি মানুষ আজ হানাদার উৎখাতে বদ্ধপরিকর।

১৯ আগস্ট, ১৯৭১

...পাকিস্তানের সাবেক এয়ার মার্শাল আসগর খান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসনের তীব্র নিন্দে করেছেন। এই বিচার প্রহসনের কঠোর সমালোচনা করে তিনি পাকিস্তানী সামরিক চক্রকে এই বলে হুঁশিয়ার করেছেন যে, পাকিস্তানী সামরিক জান্তা বাংলাদেশে যা করছে এবং বঙ্গবন্ধুর বিচার প্রহসনে মেতে যা করতে যাচ্ছে তার পরিণতি হবে অত্যন্ত ভয়াবহ এবং এর ফলে পাকিস্তানটাই তাসের ঘরের মতো এক মুহূর্তে হুড়মুড় করে ভেঙে পড়বে।

এয়ার মার্শাল আসগর খান এ নিয়ে পাকিস্তানী সামরিক জান্তাকে পরপর দুবার হুঁশিয়ার করে দিলেন। এয়ার মার্শাল আসগর খানের মতো পশ্চিম পাকিস্তানের আরও কয়েকজন নেতার চৈতন্যোদয় ঘটেছে। সিন্ধু, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ ও বেলুচিস্তানের কয়েকটি পত্র-পত্রিকাতেও পাকিস্তানী সামরিক জান্তার সর্বনাশা তৎপরতার কঠোর সমালোচনা করা হয়েছে।

পাকিস্তানী জঙ্গীশাহীর খোদ মুখপত্র 'পাকিস্তান টাইমস'-এও শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসনের সমালোচনা করা হয়েছে।

মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্ব জনমতকে উপেক্ষা করে, বাংলাদেশের সাড়ে সাত কোটি শান্তিকামী মানুষের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করে পাকিস্তানী সামরিক চক্রকে সমরাস্ত্র, সমরসম্ভার ও আর্থিক সাহায্য দিয়ে এলেও মার্কিন বুদ্ধিজীবী মহল, রাজনীতিক ও শান্তিকামী মার্কিন জনগণ পাক জঙ্গীশাহীর বিরুদ্ধে বিরুদ্ধে আজ প্রতিবাদমুখর। গত সপ্তাহে পাকিস্তানী জাহাজ আল-আহমদী মার্কিন সমরাস্ত্র বহনের জন্যে ফিলাডেলফিয়া বন্দরে ভেড়ার চেষ্টা করছিলো কিন্তু সেখানে পাকিস্তানী জঙ্গীশাহীর বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শিত হয় এবং বিক্ষোভকারীরা ছোট ছোট নৌযান দিয়ে পাকিস্তানী জাহাজের সম্মুখে অবরোধ সৃষ্টি করে। ফলে পাকিস্তানী জাহাজটিকে ফিলাডেলফিয়া বন্দরে ভেড়ার সংকল্প পরিত্যাগ করে বাল্টিমোরের দিকে এগুতে হয়।

শুধু ফিলাডেলফিয়া বন্দর নয়, পৃথিবীর সর্বত্রই পাকিস্তানী সামরিক চক্রের বিরুদ্ধে ঘৃণা ও ধিক্কার উঠেছে। পাকিস্তানী জঙ্গীশাহী সর্বত্র লাঞ্ছিত। যুদ্ধবাজ সাম্রাজ্যবাদী শক্তি মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের মদদ পেয়ে পাকিস্তানের গোঁয়ার সামরিক চক্র এখনও আস্ফালন করছে সত্যি কিন্তু এর শোচনীয় পরিসমাপ্তি অত্যাসন্ন।

২০ আগস্ট, ১৯৭১

... পশ্চিম পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি প্রধান খান আবদুল ওয়ালী খান পাকিস্তান থেকে আফগানিস্তানের রাজধানী কাবুলে এসে তাঁর বাবা খান আবদুল গফফার খানের সঙ্গে মিলিত হয়েছেন। কাবুলে পৌঁছে তিনি সেখানকার একটি ইংরেজী পত্রিকা 'নিউ ওয়েভ'-এর সাংবাদিকের সঙ্গে এক সাক্ষাৎকারে বলেছেনঃ পাকিস্তানের রাজনীতি এখন এমন এক অবস্থায় পৌঁছেছে যেখান থেকে আর ফেরা সম্ভব নয়- পাকিস্তান ছিন্নভিন্ন টুকরো টুকরো হয়ে যাবেই। পাকিস্তানের রাজনীতি এখন যেভাবে চলছে তাতে সমূলে ধ্বংস হয়ে যাওয়া থেকে পাকিস্তানকে রক্ষা করার আর কোন উপায় নেই।

তিনি বলেনঃ বাংলাদেশে পাকিস্তানী সেনাবাহিনী যা করছে তা প্রাগৈতিহাসিক বর্বরতাকেও হার মানায়। তবে পাকিস্তানী সৈন্যদের পক্ষে বাংলাদেশকে দখলে রাখা আদৌ সম্ভব নয়। পাকিস্তানী সামরিক বাহিনী যদি মনে করে থাকে যে, চরম অত্যাচার চালিয়ে, গণহত্যা ও ধ্বংসযজ্ঞ অব্যাহত রেখে বাংলাদেশের বীর জনগণকে দাবিয়ে রাখতে পারবে তাহলে তারা চরম ভুল করবে। খান আবদুল ওয়ালী খান বলেনঃ আমেরিকার মতো শক্তিশালী দেশও যখন ভিয়েতনামের বীর জনগণকে বশে আনতে পারেনি তখন তুচ্ছাতিতুচ্ছ পুঁচকে পাকিস্তানের পক্ষে বিক্ষুব্ধ বাংলাদেশকে কব্জায় রাখা কি করে সম্ভব? পাকিস্তানের আর্থিক ও সামরিক বাজেট এখনও যেখানে বাংলাদেশের ওপর বিশেষভাবে নির্ভরশীল, সেখানে জয়লাভের কথা চিন্তাও করা যায় না।

পশ্চিম পাকিস্তানী ন্যাপ নেতা খান আবদুল ওয়ালী খান বলেনঃ ধর্ম যে ভিন্ন সংস্কৃতির দুটি জাতির রাষ্ট্রীয় বন্ধন হতে পারে না, তা চিরকালের মত প্রমাণিত হয়ে গেল। ধর্মকে রাষ্ট্রীয় বন্ধন বলে যারা ভাবতো এবার তাদের মোহমুক্তি চিরদিনের মতো ঘটে গেল। তিনি বলেনঃ আমার কাছে বাঙালীদের প্রতিরোধ আন্দোলনের গুরুত্ব এখানেই।

বাংলাদেশে ইয়াহিয়া আর তার বর্বর সেনাবাহিনীর সামরিক অভিযান শুরু হবার দুদিন আগে পর্যন্ত খান আবদুল ওয়ালী খান ঢাকায় ছিলেন। তিনি বলেন, নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সংখ্যাগরিষ্ঠ দলের নেতা এবং পাকিস্তানের নতুন সরকার গঠনের একমাত্র অধিকারী তিনিই ছিলেন। কিন্তু ইয়াহিয়া ও তার সামরিক চক্র তাঁর আইনসঙ্গত অধিকার থেকে তাঁকে বঞ্চিত করেছে। তিনি বলেন, পাকিস্তান নামক কৃত্রিম রাষ্ট্রটিকে টিকিয়ে রাখার যে ক্ষীণতম সম্ভবনা ছিলো, পাকিস্তানী সামরিক চক্র তাকেও বেয়োনেট বিদ্ধ করেছে। পাকিস্তান টুকরো টুকরো হবেই- তাকে কেউ রোধ করতে পারবে না। অথচ এমনটি হয়তো এতো তাড়াতাড়ি ঘটতো না। পাকিস্তানী সামরিক চক্রের মাথায় গোবর বোঝাই না হলে খুব সহজে এমনটি ঘটতো না। তারা যদি জনগণের রায়কে মনে নিত এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যদি দেশের প্রধানমন্ত্রী বলে স্বীকার করে নেয়া হতো তাহলে পাকিস্তানকে আরও কয়েকটা দিন টিকিয়ে রাখা যেতো। কিন্তু তা এখন আর কিছুতেই সম্ভব নয়। গত ২৫শে মার্চের রাতেই ইয়াহিয়ার বর্বর সেনাবাহিনী সেই সম্ভাবনাকে খুন করেছে।

পিণ্ডির বর্তমান পরিস্থিতির উল্লেখ করতে গিয়ে খান আবদুল ওয়ালী খান একটি উপমা দিয়ে বলেনঃ 'দুধের কলসী ভেঙ্গে গেছে। দুধ চারদিকে গড়িয়ে পড়ছে। আর তার চারপাশে বসে তারা কাঁদছে।''

পাকিস্তানের ভবিষ্যৎ সম্পর্কে তিনি বলেনঃ পাকিস্তানের ভবিষ্যৎ যে কেবল অন্ধকারাচ্ছন্ন তা নয়, বিপজ্জনক।

২১ আগস্ট, ১৯৭১

... বাংলাদেশের শহরে নগরে বাজারে বন্দরে প্রতিটি পল্লীতে আজ শত্রুহননের দুর্বার লড়াই চলছে। আর এই লড়াইয়ে কুলিয়ে উঠতে না পেরে আমাদের মৃত্যুঞ্জয়ী বীর মুক্তিযোদ্ধাদের হাতে প্রচণ্ড মার খেয়ে পাকিস্তানী সামরিক চক্র নতুন এক ফন্দি আঁটলো। বাংলাদেশের মুক্তিযুদ্ধকে তারা ভারত-পাকিস্তান সমস্যা বলে চিহ্নিত করে কাজ হাসিল করতে চেয়েছিলো। তারা ভেবেছিলো আমাদের দেশের এই মুক্তিযুদ্ধকে তারা যদি ভারত-পাকিস্তান বিরোধ বলে চিহ্নিত করতে পারে তাহলে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের মুক্তিসংগ্রামের প্রতি আজ যে বিশ্ব জনমত গঠিত হয়েছে তাকে বিভ্রান্ত এবং বাংলাদেশে আজ যে দুর্বার লড়াই চলছে, তাকে কিছুটা প্রশমিত করা যাবে। পাকিস্তানী সামরিক চক্র এই উদ্দেশ্যে বাংলাদেশের অধিকৃত এলাকার সীমান্তে এবং ভারত-পাকিস্তান সীমান্তে উস্কানিমূলক তৎপরতা শুরু করলো। কিন্তু বিশ্বের সচেতন মানুষ পাকিস্তানী সামরিক চক্রের এই দুরভিসন্ধিটা বুঝে নিয়েছে। ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুমকি দিয়ে এমন কি প্রয়োজন হলে সংঘর্ষ একটা বাধিয়ে দিয়ে কাজ হাসিল করার যে দুরভিসন্ধি তারা করেছিলো তা ভন্ডুল হয়ে গেছে।

সোভিয়েত প্রধানমন্ত্রী মিঃ আলেক্সী কোসিগিন পাকিস্তানী ফ্যাসীবাদী সামরিক চক্রের এই ঘৃণ্য দুরভিসন্ধির কথা জানতে পেরে বাংলাদেশে গণহত্যা, ধ্বংসযজ্ঞ ও নারী নির্যাতনের নায়ক পাকিস্তানের স্বঘোষিত প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়াকে দ্ব্যর্থহীন ভাষায় হুঁশিয়ার করে দিয়ে বলেছেনঃ সাবধান! ভারতের সঙ্গে যুদ্ধ বাধানো পাকিস্তানের পক্ষে আত্মহত্যার সামিল হবে।

গত ১৭ই আগস্ট ইসলামাবাদস্থ সোভিয়েট রাষ্ট্রদূত মিঃ এ, এ, রদিনভ জেনারেল ইয়াহিয়ার হাতে সোভিয়েট প্রধানমন্ত্রী মিঃ কোসিগিনের একটি চিঠি পৌঁছে দেন। ওই চিঠিতেই সোভিয়েত প্রধানমন্ত্রী পাকিস্তানী সামরিক চক্রের গোপন দুরভিসন্ধি ঔদ্ধত্যের বিষয়ে জেনারেল ইয়াহিয়াকে হুঁশিয়ারী প্রধান করেন। চিঠিতে তিনি ইয়াহিয়া ও তার বর্বর সামরিক চক্রকে অত্যন্ত সুস্পষ্ট ভাষায় এই বলে হুঁশিয়ার করেছেন যে, তারা যেন গোঁয়ারের মতো ভারতের বিরুদ্ধে যুদ্ধের আস্ফালন বা দায়িত্বজ্ঞানহীন উক্তি না করে। চিঠিতে প্রধানমন্ত্রী আলেক্সী কোসিগিন ইয়াহিয়া আর তার জঙ্গী সামরিক চক্রকে বাংলাদেশে গণহত্যা ও উৎপীড়ন অবিলম্বে বন্ধ করতে এবং শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসনে আর একপা অগ্রসর না হওয়ার জন্যে উপদেশ দিয়েছেন।

২৭ আগস্ট, ১৯৭১

... সম্প্রতি বৃটেন, কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র ও ভারতবর্ষের পনেরোজন লোকমান্য নেতৃস্থানীয় ব্যক্তি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রাণরক্ষার জন্য অবিলম্বে সক্রিয় ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে বিশ্বের সকল সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। বিশ্বের সকল সরকারের কাছে পাঠানো এক বার্তায় তাঁরা বাংলাদেশের বর্তমান পরিস্থিতি ও সামরিক আদালতে বঙ্গবন্ধুর বিচার প্রহসনে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেনঃ বাংলাদেশে আজ যা ঘটেছে এবং যা ঘটতে যাচ্ছে, তাকে বিশ্বশান্তি আজ দারুণ এক হুমকির সম্মুখীন। পাকিস্তানের জঙ্গীশাহীকে কোনরকম সামরিক অথবা অর্থনৈতিক সাহায্যদান সম্পূর্ণরূপে বন্ধ করার জন্যেও তাঁরা বিশ্বের সরকারবর্গের প্রতি আহ্বান জানিয়েছেন।

হংকং-এর একটি প্রভাবশালী দৈনিক 'হংকং স্ট্যাণ্ডার্ড-এ শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসনের জন্যে পাকিস্তানের জঙ্গী সরকারের কঠোর সমালোচনা করা হয়েছে। এই পত্রিকার এক সম্পাদকীয় নিবন্ধে বলা হয়ঃ সামরিক আদালতে শেখ মুজিবুর রহমানের বিচারের নামে পাকিস্তানী সামরিক জান্তা যা করতে যাচ্ছে তা একটা প্রহসন ছাড়া আর কিছুই নয়। এই বিচার প্রহসনের পেছনে পাকিস্তানী সামরিক জান্তার যে গোপন দুরভিসন্ধি রয়েছে তা বীভৎস। পত্রিকায় বলা হয়ঃ সম্প্রতি পাকিস্তানী জঙ্গীশাহী ঘোষণা করেছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে একজন কৌঁসুলি নিযুক্ত করা হয়েছে। কিন্তু শেখ মুজিবুর রহমানের পক্ষে কো কৌঁসুলি থাক আর না-ই থাক এটা স্রেফ একটা ধাপ্পা ও প্রসহন ছাড়া আর কিছুই নয়। কারণ ইয়াহিয়া আর জঙ্গী সরকার ইতিপূর্বেই শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে বিশ্বাসঘাকতার অভিযোগ এনেছে। তারা যে ক্ষেত্রে শেখ মুজিবুর রহমানকে আগেভাবেই দোষী বলে ঘোষণা করছে সেখানে এই বিচার স্রেফ একটি প্রহসন ছাড়া আর কি হতে পারে?

আইরিশ আইনজীবী সমিতির অত্যন্ত প্রভাবশালী সদস্য ও রাজনৈতিক বন্দী মার্জনা সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার চেয়াম্যান মিঃ সিয়ান ম্যাকব্রাইড জেনারেল ইয়াহিয়ার কাছে লেখা এক চিঠিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচার অসামরিক আদালতে করার জন্যে আবেদন জানিয়েছেন। বঙ্গবন্ধু মুজিবকে আইনগত সাহায্যদানের ব্যবস্থা করার জন্যে গত মাসে মিঃ ম্যাকব্রাইড পশ্চিম পাকিস্তানে গিয়েছিলেন কিন্তু তিনি সেখানে গিয়ে তখন কিছুই করতে পারেননি। বঙ্গবন্ধু মুজিবের বিচার গোপনে সামরিক আদালতে না করে প্রকাশ্যে বেসামরিক আদালতে করার দাবী জানিয়ে মিঃ ম্যাকব্রাইড বলেনঃ কোন বিদেশী আইনজীবীকে পাকিস্তানের আদালতে শেখের পক্ষ সমর্থনের অনুমতি যদি না দেয়া হয় তাহলে শেখ মুজিবুর রহমান যাতে তাঁর ইচ্ছেমতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজীবীদের সাথে পরামর্শ করতে পারেন তার ব্যবস্থা যেন করা হয়।

মিঃ ম্যাকব্রাইড গত মাসে তাঁর পশ্চিম পাকিস্তান সফরের উল্লেখ করে বলেনঃ শেখ মুজিবুর রহমানের লণ্ডন সলিসিটরদের অনুরোধে তিনি বাংলাদেশের নেতার পক্ষ সমর্থনের উদ্দেশ্য নিয়েই পশ্চিম পাকিস্তানে গিয়েছিলেন। পশ্চিম পাকিস্তানে গিয়ে জেনারেল ইয়াহিয়ার আইন উপদেষ্টা বিচারপতি কর্নেলিয়াসের সঙ্গে দেখা করে শেখের বিচার যেভাবে চলছে সে সম্পর্কে দারুণ উদ্বেগ ও সংশয় প্রকাশ করেছিলেন। তিনি বলেনঃ রাজনৈতিক বন্দীদের মার্জনা সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার প্রধান হিসাবে তিনি বিচারের কতগুলো উদ্বেগপূর্ণ দিক সম্পর্ক উল্লেখ করেছেন।

তিনি অভিযোগ করেনঃ সামরিক আদালতে গোপনে শেখ মুজিবুর রহমানের যে বিচার চলছে তাতে শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রকাশ করা হয়নি। এর মধ্যে শুধু একটাই বলা হয়েছে যে, অপরাধে মৃত্যুদণ্ড পর্যন্ত হতে পারে। তিনি বলেন, বিচারে অভিযুক্ত ব্যক্তিকে যদি তার ইচ্ছামতো আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেয়া হয় তাহলে সে বিচার বলে গণ্য হতে পারে না।

২১ আগস্ট, ১৯৭১

... আজ বাংলাদেশ সমস্যা একটি গুরুতর আন্তর্জাতিক সমস্যা হয়ে দেখা দিয়েছে। পাকিস্তানী শাসক চক্র শত প্রচেষ্টাতেও বাংলাদেশের ঘটনাবলীকে মৃত পাকিস্তানের পচা গলিত লাশের তলায় ঢাকা দিয়ে রাখতে পারেনি। বিশ্বের সকল চিন্তাশীল, বুদ্ধিজীবী, কূটনৈতিক ও রাজনৈতিক নেতৃবর্গের কাছেও এই তথ্যটি আজ অজানা নয়। আর ঠিক এই কারণেই মার্কিন সিনেটের আরও একজন প্রভাবশালী সদস্য রিপাবলিকান দলের মিঃ চার্লস পার্সি মন্তব্য করলেনঃ পাকিস্তানের মৃত্যু হয়েছে। আর কোন অবস্থাতেই দ্বিখণ্ডিত পাকিস্তানে জোড়া লাগানো সম্ভব নয়।

রিপাবলিকান সিনেটর পার্সি সম্প্রতি ভারত ও পাকিস্তান সফরে এসেছিলেন। তিনি বাংলাদেশের প্রকৃত অবস্থা নিজের চোখে দেখে গেছেন। বাংলাদেশের সীমান্তবর্তী পশ্চিম বঙ্গের উদ্বাস্তু শিবিরগুলোর তিনি বাংলাদেশের লক্ষ লক্ষ শরণার্থীর অবস্থা প্রত্যক্ষ করেছেন। তিনি ভারতীয় নেতৃবর্গের সঙ্গে আলোচনা করেছেন। তিনি পাকিস্তানের জঙ্গী সরকারের হোমড়া-চোমড়াদের সঙ্গেও কথা বলে দেখেছেন এবং দেখেশুনেই তিনি বলেছেনঃ এখন আর যাই হোক, একথা কল্পনাও করা যায় না যে পাকিস্তান আবার বেঁচে উঠবে। আগের অবস্থা ফিরে আসবে এ কথা চিন্তা করাও অসম্ভব। পাকিস্তানী হানাদারদের বিরুদ্ধে প্রত্যেক বাঙালীর মনোভাব একই রকম। বাঙালীদের কাছে পাকিস্তানীরা বিদেশী হানাদার ছাড়া আর কিছুই নয়।

সিনেটর চার্লস পার্সি বলেনঃ বাঙালী জাতি আজ যে ইস্পাতকঠিন সংকল্প নিয়ে লড়াই করবে তা একটি বিরাট ও মহৎ সংকল্প। আমি আশা করি পাকিস্তানী জঙ্গীশাহীর নায়করা এটা উপলব্ধি করবে এবং ই উপলব্ধির উপরেই তাদের বাঁচা-মরা নির্ভর করছে।

সিনেটর চার্লস পার্সি বলেনঃ আমি পাকিস্তানী সামরিক সরকারের নেতাদের এ কথা সুস্পষ্টভাবে জানিয়ে দিয়েছি যে, বঙ্গবন্ধুর বিচার প্রহসনে তারা যদি আর এক পা অগ্রসর হয় তাহলে তার পরিণতি হবে অত্যন্ত ভয়াবহ। তারা যদি তথাকথিত বিচারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রাণদণ্ড দেয় তাহলে পৃথিবীর কেউ-ই তাদের ক্ষমা করবে না।

২২ সেপ্টেম্বর, ১৯৭১

... বাংলাদেশ পরিস্থিতির এই ক্রমাবনতিতে পৃথিবীর শান্তিপ্রিয় মানুষ আজ দারুণ উদ্বিগ্ন। বিশ্বজনতার এই উদ্বেগ প্রকাশ পেয়েছে জাতিসংঘের সেক্রেটারী জেনারেল উথান্টের সাম্প্রতিক একটি বিবৃতিতে।

গত ১৯শে সেপ্টেম্বরে এক বিবৃতিতে তিনি বিশ্বের রাষ্ট্রবর্গের প্রতি এক দারুণ হুঁশিয়ারী উচ্চারণ করে বলেছেনঃ বাংলাদেশের ঘটনাবলী বর্তমানে যেভাবে জটিল হয়ে পড়ছে সেখানকার পরিস্থিতি বর্তমানে যেভাবে দ্রুত অবনতির দিকে গড়িয়ে চলেছে এবং এর ফলে প্রতিনিয়ত যেভাবে জটিল থেকে জটিলতর সমস্যাদির উদ্ভব ঘটছে তাতে আন্তর্জাতিক গোষ্ঠীর পক্ষে দারুণ উদ্বেগের যথেষ্ট কারণ আছে।...

তিনি বলেনঃ বাংলাদেশ পরিস্থিতি এখন এত দ্রুত অবনতির দিকে এগিয়ে চলেছে যে, এ ব্যাপারে বিলম্ব হলে যে কোন রকমের মারাত্মক বিপর্যয় দেখা দেবে এবং তা বাংলাদেশ বা পাকিস্তানের সীমার মধ্যে সীমিত থাকবে না। তিনি বলেনঃ আন্তর্জাতিক গোষ্ঠীর পক্ষে এটা দারুণ এক উদ্বেগের ব্যাপার। বাংলাদেশের মূল সমস্যার সমাধান আন্তর্জাতিক গোষ্ঠীকে অবিলম্বে এগিয়ে আসবে হবে।

সেক্রেটারী জেনারেল উথান্ট বলেনঃ গত ১৯৭০ সালের নভেম্বরের সর্বনাশা ঘূর্ণিঝড়ে বাংলাদেশে লক্ষ লক্ষ প্রাণহানি ঘটেছে। তারপর সেখানে শুরু হয়েছে পাকিস্তানী সেনাবাহিনীর সামরিক অভিযান এবং তাতেও লক্ষ

লক্ষ মানুষের জীবনহানি ও ব্যাপক ধ্বংসলীলা সংঘটিত হয়েছে। তিনি বলেন, আজও বাংলাদেশ থেকে প্রতিনিয়ত লক্ষ লক্ষ শরণার্থী সীমান্ত পেরিয়ে ভারতে চলে যাচ্ছে। পাকিস্তানের সামরিক চক্র বাংলাদেশের তাঁবেদার সরকার খাড়া করেছে এবং জেনারেল ইয়াহিয়া শরণার্থীদের দেশে ফেরার আহ্বান জানিয়েছে- কিন্তু এসব সত্ত্বেও সেখানে স্বাভাবিক অবস্থা ফিরে আসছে না, বরং প্রতিদিনই জঙ্গী সরকার যতই গলাবাজী করুক না কেন তারা সেখানে তাদের গণবিরোধী নীতি এখনও সামনে চালিয়ে যাচ্ছে।

সেক্রেটারী জেনারেল উথান্ট বলেনঃ বাংলাদেশ বর্তমানে দুর্ভিক্ষের সম্মুখীন হয়েছে। বাংলাদেশে পাকিস্তানী সামরিক অভিযানের ফলেই এই দুর্ভিক্ষাবস্থার সৃষ্টি হয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন বাংলাদেশের অধিকৃত এলাকসমূহের মানুষ আজ দারুণ এক শোচনীয় অবস্থার মুখে পড়েছে। অবিলম্বে সেখানে বড় রকমের ত্রাণ ব্যবস্থা চালু করা ছাড়া দ্বিতীয় কোন পথ নেই।

৩০ সেপ্টেম্বর, ১৯৭১

গত ২৮শে সেপ্টেম্বরে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে বাংলাদেশ পরিস্থিতি নিয়ে দীর্ঘ আলোচনা হয়। বাংলাদেশে পাকিস্তানী হানাদাররা যা করেছে যা করেছে এবং আজও যা করে চলেছে তার এক মর্মান্তিক বিবরণ দিয়ে পৃথিবীর বিভিন্ন দেশের প্রতিনিধিগণ পাকিস্তানের জঙ্গীশাহীর কঠোর সমালোচনা করেন।

পশ্চিম পাকিস্তানী হানাদার বাহিনীর বিরুদ্ধে আমাদের সর্বাত্মক যুদ্ধ বর্তমানে পঞ্চম মাসে পদার্পণ করল। প্রতিকূলতার মধ্যেই আওয়ামী লীগের জন্ম এবং প্রতিকূলতার মধ্যেই আওয়ামী লীগ ২২ বৎসর যাবৎ টিকে আছে। যুদ্ধ আমরা চাইনি, যুদ্ধ আমাদের উপর চাপিয়ে দেয়া হয়েছে। যুদ্ধ চাইনি বলেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আমরা নির্বাচনে অংশগ্রহণ করেছিলাম। প্রতিপক্ষ অর্থাৎ পশ্চিম পাক সামরিক জান্ত ভেবেছিল আওয়ামী লীগ পূর্ব বাংলায় সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারে কিন্তু অধুনালুপ্ত পাকিস্তানের জাতীয় পরিষদে সামগ্রিক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারবে না। ওরা ভেবেছিল বাংলদেশের যে সমস্ত প্রতিক্রিয়াশীল রাজনৈতিক দল আছে তাদের কিছু কিছু বাঘা বাঘা নেতা নির্বাচনে জয়লাভ করবেই এবং সেই সমস্ত 'কুইস্লিং'দেরকে নিয়ে যে পরিষদ গঠিত হবে তাতে আওয়ামী লীগ খুব জোর হলে প্রধান বিরোধী দল হিসাবে পরিষদে আসন গ্রহণ করবেন কিন্তু প্রকৃত প্রস্তাবে বিগত নির্বাচনে সাড়া বাংলার সংগ্রামী মানুষ যেন এক হয়ে গেল এবং শতকরা ৯৮$\frac{১}{২}$ টি আসনে জয়লাভ করে অধুনালুপ্ত পাকিস্তানের জাতীয় পরিষদে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে আওয়ামী লীগ। তার পরেই শুরু হলো নতুন খেল। সেনাপতি ইয়াহিয়া খাঁ ঢাকায় এসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে আলাপ করে ফেরার পথে মন্তব্য করল যে ''আমি পাকিস্তানের ভাবী প্রধানমন্ত্রীর সাথে আলাপ করে এসেছি।" এদিকে পূর্বেই আয়োজিত লারকানায় শিকারের বাহানায় ভুট্টোর সঙ্গে মিলিত হয়ে সেনাপতি ইয়াহিয়া ভুট্টোকে বলল যে, চিরাচরিত প্রথায় অর্থাৎ মন্ত্রিত্বের টোপ আমি দিয়ে এসেছি। ভুট্টো তুমি শক্ত হয়ে যাও। ভুট্টো তার চিরাচরিত প্রথায় আবোল-তাবোল বকা আরম্ভ করে দিল এবং তার ঔদ্ধত্য এতখানি বেড়ে গেলে যে, সে বলল- ''পাঞ্জাব এবং সিন্ধু পাকিস্তানের রাজনৈতিক ক্ষমতার উৎস।'' অথচ সবাই জানেন যে, সিন্ধু প্রদেশ '৪৭ সালের পরে কোন সময়ই শাসনযন্ত্রের চাবিকাঠি হাতে পায় নি। পশ্চিম পাঞ্জাবের সামন্তপ্রভু এবং আমলাতন্ত্রের হাতের ক্রীড়নক হিসাবে সিন্ধু প্রদেশ অন্যান্য প্রদেশের ন্যায় কিছু সংখ্যক রাজনৈতিক নেতার যোগান দিত। আমাদের তরফ থেকে আমরা জবাব দিলাম যে, স্মরণকালে ইতিহাসে ১৯৪৭ সালের পূর্বে পশ্চিম পাঞ্জাব কোন সময়ই রাজনৈতিক ক্ষমতার উৎস ছিল না, বরং বৈদেশিক আক্রমণে বিদেশীদের ভাড়াটিয়া লাঠিয়ালের কাজ করেছে। শুধু তাই নয়, আলেকজাণ্ডার হতে আরম্ভ করে যত বিদেশী আক্রমণকারী ভরতবর্ষে স্বল্পকাল অবস্থান করেছেন তাদের অনেকেই নিজেদের পরিবার-পরিজন নিয়ে আসেননি।

যাই হোক ভুট্টোর সাথে বঙ্গবন্ধুর যে আলোচনা হয়েছিল তাতে পরিষ্কারভাবে বলে দিয়েছিলেন যে, আমি জনগণের কাছে আমার দলের ৬-দফা এবং ছাত্রদের ১১-দফা কর্মসূচী দিয়ে নির্বাচনে অংশ গ্রহণ করেছি। এ থেকে একচুল নড়া আমার পক্ষ সম্ভব নয়। ভুট্টো বলেছিল সে তার দলের নেতাদের সঙ্গে আলেচনা করে পরে বঙ্গবন্ধুর সাথে আলোচনা করবে। কিন্তু পরবর্তীকালে ভুট্টোর ধৃষ্টতাপূর্ণ আচরণ আপনাদের সকলেই জানা আছে। যাই হোক সংখ্যাগরিষ্ঠদলের নেতা হিসাবে বাংলার সাড়ে সাত কোটি মানুষের নয়নমণি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেনাপতি ইয়াহিয়াকে তারযোগে জানিয়ে দিলেন যে, যদি ফেব্রুয়ারির ১৫ তারিখের মধ্যে জাতীয় পরিষদের অধিবেশন ডাকা না হয় তবে ১৪ই ফেব্রুয়ারী প্রাদেশিক আওয়ামী লীগ কার্যকরী পরিষদের সভায় যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। তহার পরে ১৩ই ফেব্রুয়ারী তারিখে সেনাপতি ইয়াহিয়া ৩রা মার্চ জাতীয় পরিষদের অধিবেশন আহ্বান করে। এদিকে ভুট্টোর একগুঁয়েমির কারণে পহেলা মার্চ বেআইনী এবং অগণতান্ত্রিকভাবে সেনাপতি ইয়াহিয়া খাঁ পরিষদের অধিবেশন বসার আগেই মুলতবি ঘোষণা করে দিল। সারা বাংলাদেশ আন্দোলনে ফেটে পড়লো। শত শত ছাত্র-জনতা ইয়াহিয়ার সামরিক বাহিনীর গুলিতে শহীদ হলেন। সংগ্রামী ছাত্রলীগ ২রা মার্চ প্রদেশের সর্বত্র প্রতিবাদ দিবস ঘোষণা করল এবং আওয়ামী লীগ

৫ই মার্চ প্রতবাদ দিবস ঘোষণা কর। বঙ্গবন্দু ৭ই মার্চ রমনার ঘোড়দৌড় মায়দানে আয়োজিত লক্ষ লক্ষ মানুষের ঐতিহাসকি সমাবেশে ঘোষণা করলেন, ''শহীদের রক্তে রঞ্জিত রাজপথ দিযে আওয়ামী লীগ পরিষদের অধিবেশনে যোগদান করতে পারে না।'' তিনি ঘোষণা করলেন যে, অবিলম্বে নির্বাচিত গণপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে, সামরিক আইন প্রত্যাহার করতে হবে, সৈন্যদেরকে ছাউনিতে ফিরিয়ে নিতে হবে এবং ২রা মার্চ হতে ৬ই মার্চ পর্যন্ত যে সমস্ত ছাত্র-জনতাকে হত্যা করা হয়েছে তাদের হত্যার নিরপেক্ষ তদন্ত করতে হবে- অন্যথায় আওয়ামী লীগ পরিষদের অধিবেশনে যোগদান করতে পারে না।

পরবর্তীকালে ১৫ই মার্চ থেকে সেনাপতি ইয়াহিয়া খাঁ তার উপদেষ্টাদের নিয়ে ঢাকায় বঙ্গবন্ধু এবং তাঁর উপদেষ্টাদের সাথে সুদীর্ঘ আলোচনায় বঙ্গবন্ধুর ৭ই মার্চের সকল শর্ত মেনে নিল এবং ২৪ কি ২৫শে মার্চের মধ্যে উহা ঘোষণা করার প্রতিশ্রুতি দিল। কিন্তু আসলে এই দীর্ঘসূত্রতা অতি সংগোপনে সামরিক প্রস্তুতির বাহানা ছাড়া আর কিছুই নয়। রেডিওর ঘোষণা দূরে থাকুক আসলে ২৫ই মার্চ রাতে ট্যাঙ্ক, কামান, মেশিনগান নিয়ে হানাদার বাহিনী বাংলার জনগণের বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়ল। তাদের উদ্দেশ্য ছিল প্রথমে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙালী সৈন্যদের নিরস্ত্র করে হত্যা এবং বিভিন্ন রেজিমেন্টে যে সমস্ত বাঙালী অফিসার ও নিয়মিত বাঙালী আছে তাদেরকে নিরস্ত্র করে হত্যা করা এবং ই-পি-আর ও পুলিশ বাহিনীকে সম্পূর্ণভাবে শেষ করে দো। তাই তারা যেখানে সম্ভব হয়েছে সেখানে নিয়মিত বাহিনীর বাঙালীদেরকে হত্যা করেছে এবং ই-পি-আর সদর দপ্তর, রাজারবাগ পুলিশ লাইন এবং প্রদেশের অন্যান্য স্থানের ই-পি-আর পুলিশ বাহিনীর উপর সামরিক বাহিনীকে লেলিয়ে দেয়া হয়েছে। আজকে এ কথা স্বীকার করতেই হবে যে, দেশপ্রেমে উদ্বুদ্ধ আমাদের বাঙালী ছেলেরা হানাদার বাহিনীর বিরুদ্ধে বন্দুক ঘুরিয়ে ধরেছে এবং দেশমাতৃকাকে হানাদারের কবলমুক্ত করার অগ্নিশপথে সারা বাংলার ছাত্র-যুবক-কৃষক-শ্রমিক-জনতা বঙ্গবন্ধুর ৭ই মার্চের নির্দেশে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলেছে। আজকে বাংলার প্রতিটি ঘর এক-একটি দুর্ভেদ্য দুর্গে পরিণত হয়েছে। সেই জন্য মরিয়া হয়ে হানাদার বাহিনী নারী ও শিশু সমেত হাজার হাজার নিরীহ নিরস্ত্র বাঙালীকে হত্যা করে চলেছে। ইয়াহিয়া বাহিনীর এই নৃশংস হত্যাযজ্ঞে যাঁরা আত্মাহূতি দিয়েছেন তাঁদের জন্য আমাদের মন ও প্রাণ শোকাপ্লুত এবং অভিভূত।...

প্রিয় ভাই-বোনেরা,

আজকে আপনারা সকলেই বিক্ষুব্ধ। বাংলার ঘরে এমন কোন পরিবার নেই যাদের কেউ না কেউ কোন না কোন ভাবে ক্ষতিগ্রস্ত হন নাই। বঙ্গবন্ধুর নামে আজকে আপনাদেরকে ডাক দিযে যাই-বাংলাদেশ আজ স্বাধীন। এই স্বাধীনতা সংরক্ষণের দায়িত্ব আমার আপনার সকলের। মুক্তি বাহিনী আজ যথেষ্ট শক্তিশালী এবং দিন দিন এর শক্তি বেড়েই যাবে, কমবে না। আপনারা ধৈর্য করুন। বঙ্গবন্ধুর সুমহান নেতৃত্বে আমরা উদ্বুদ্ধ। একটি বাঙালী বেঁচে থাকা পর্যন্ত হানাদারদের রেহাই নাই। বাঙলা মায়ের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব কায়েম আমরা করবোই। বাঙালী হিসাবে জন্মেছি, বাঙালী হিসাবে বাঁচবো, বাঙালী হিসাবে আমাদের জীবনতরী বেয়ে যাবো আর বাঙালী হিসাবেই মরবো- এই মন্ত্রই হোক আমাদের যাত্রাপথের পাথেয়।

পরিশেষে আমি বলতে চাই-

''আমাদের যাত্রা হলো শুরু
এখন ওগো কর্ণধার,
তোমারে করি নমস্কার।
এবার বাতাস ছুটুক, তুফান উঠুক
ফিরবো নাকো আর
ওগো কর্ণধার।''

আল্লাহ আপনাদের সহায় হোন। জয় বাংলা।

(মিজানুর রহমান, এম-এন-এ)

২১ আগস্ট, ১৯৭১

শেখ মুজিব আজ কোন ব্যক্তিবিশেষের নাম নয়- শেখ মুজিব আজ বাংলার ইতিহাস। বাংলার ২৩ বছরের রাজনীতি তথা সামাজিক উত্থান-পতনের সঙ্গে তিনি এক হয়ে মিশে গিয়েছেন। শোষণ ও পীড়নের রাজনীতিতে শেখ মুজিব এক আশ্চর্য প্রতিবাদ। প্রতিবাদ তিনি করেছেন সমস্ত জীবন ধরে, সমস্ত সত্তা দিয়ে। তিনি তাঁর পর্বতপ্রমাণ অটল সাহস ও মনোবল নিয়ে সবকিছু বাধাবিঘ্নকে অতিক্রম করে এককভাবে বাংলার ইতিহাসে প্রতিবাদের মুর্ত প্রতীক হয়ে দাঁড়িয়ে আছেন।

আজ সেই শেখ মুজিব, যাঁকে বাংলার সাড়ে সাত কোটি বাঙালী বঙ্গবন্ধু নামে আখ্যায়িত করেছিল এবং যিনি শুধু মুজিব ভাই বলে সবারই কাছে পরিচিত হতে চেয়েছিলেন তাঁকে পশ্চিম পাকিস্তানে নিযে গিয়ে বন্দী করে রাখা হয়েছে এবং বিচারের নামে প্রহসন চলছে।

শেখ মুজবুর রহমান বাংলার সন্তান। বাংলাদেশে জন্মেছেন, বাংলাদেশে লালিত-পালিত, বাংলাদেশকে ভালবেসেছেন এবং সাড়ে সাত কোটি বাঙালী আবাল-বৃদ্ধ-বণিতার অকুণ্ঠ ভালবাসা পেয়েছেন। শুধু তাই নয় বাঙালীর স্বার্থে বাঙালীর মুক্তি কামনায় নিজের জীবনের সুখ-শান্তি চিরদিনের মত বিসর্জন দিয়েছিলেন। সেই শেখ মুজিবকে বাংলাদেশে না রেখে সুদূর পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়া হয়েছে। শোষক গোষ্ঠী সমস্ত রকমের আধুনিক মারণাস্ত্রে সজ্জিত হয়েও নিরীহ বাঙালীর ভয়ে ভীতসন্ত্রস্ত হয়ে তাঁকে ১২০০ মাইল দূরে বন্দী করে রেখেছে। শুধু তাতেই তারা নিজেদের নিরাপদ মনে করেনি। বাঙালীর কণ্ঠকে ও দাবীকে চিরকালের জন্য স্তব্ধ করার জন্য তাঁকে মেরে ফেলার ব্যবস্থা করা হচ্ছে।...

এবারের এই বন্দীদশা তিনি অনায়াসে এড়াতে পারতেন, কিন্তু তিনি তা করেননি। তিনি বিশ্বাস করতেন গণতন্ত্রে, বিশ্বাস করতেন অহিংস আন্দোলনে। তিনি কোনদিন মনে-প্রাণে গ্রহণ করতে পারেননি যে, বন্দুকের নল ক্ষমতার উৎস। তিনি কোনদিন চাননি নিরস্ত্র, নীরহ জনসাধারণের রক্তে বাংলাদেশ রাঙা হোক। আগরতলা কেস থেকে মুক্তি পেয়েই রমনার রেসকোর্স ময়দানে এক ঐতিহাসিক জনসভায় ঘোষণা করেছিলেন, ''আমি জনগণের রক্তের সঙ্গে বেঈমানী করব না, দেশের স্বাধীনতার জন্য দরকার হলে সবার আগে আমি রক্ত দেব''। তিনি নিজের ঘোষণার সম্মান দিয়েছেন। আজ তিনি ধৃত। আমাদের এই মুক্তিযুদ্ধে তিনি সবার আগে তাদের হাতে ধরা পড়েছেন।

আর আজ জল্লাদ ইয়াহিয়া বিচারের আসনে বসেছেন। কিন্তু কার বিচার কে করে? তাঁকে বিচারের অধিকার খুনী ইয়াহিয়ার নাই। শেখ মুজিব সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি ও সাড়ে সাত কোটি বাঙালীর আশা-ভরসার স্থল, তাদের একচ্ছত্র নেতা। স্বৈরাচারী ইয়াহিয়া তাঁকে ভাবী প্রধানমন্ত্রী বলে অভিনন্দিত করতেও কসুর করেনি। আজ শেখ মুজবুর রহমান যদি অখণ্ড পাকিস্তানের প্রধানমন্ত্রী হতেন তাহলে ইয়াহিয়াকে তাঁরই হুকুমের তাঁবেদার হতে হতো। ভাগ্যের নিষ্ঠুর পরিহাসে শেখ মুজিবের বিচার তিনি করতে বসেছেন। যদি বিচার করতেই হয় তাহলে এত গোপনীয়তা কেন? কেন আজ স্থানের নাম পর্যন্ত গোপন রাখা হয়েছে? কেন বিচারকদের নাম জনগণকে জানান হচ্ছে না? কেন বাইরের কৌঁসুলী আসবার অনুমতি দেয়া হয়নি? শেখ মুজিব যদি দেশদ্রোহী বা দেশের শত্রু হন তাহলে সাধারণ কোর্টে এবং সবার সামনে বিচার করার মত সৎসাহস থাকা উচিত ছিল।...

আজ পৃথিবীর শান্তিকামী, গণতন্ত্রে বিশ্বাসী প্রতিটি মানুষের কাছে আমাদের দাবী ও আবেদন তাঁর যেন শেখ মুজিবের বিচার প্রহসন বন্ধ করতে জল্লাদ ইয়াহিয়াকে বাধ্য করেন। শেখ মুজিবুর রহমান কোন একটি বিশেষ দেশের মানুষ নন। তিনি গণতন্ত্রের প্রতীক, তিনি নিপীড়ত জনগণের ত্রাণের প্রতীক। তাঁর জীবন রক্ষা

করার দাযিত্ব শুধু বাংলাদেশের লোকের নয়, তাঁকে রক্ষা করার দায়িত্ব শান্তিকামী প্রতিটি মানুষের। শেখ মুজিবকে হত্যা মানেই গণতন্ত্রকে হত্যা করা- সত্য ও ন্যায়কে আবর্জনার আঁস্তাকুড়ে ছুড়ে ফেলে দেয়া।

বাংলাদেমর মা-বোনের তরফ থেকে আমি শুধু এইটুকু বলতে চাই, তাঁর মত মহান নেতার কোন ক্ষতি আমরা সহ্য করবো না। এবং তাদের এই বলেই সাবধান করে দিতে চাই, বাংলাদেশের সাড়ে সাত কোটি বাঙালী পশ্চিম পাকিস্তানের কোন লোককেই ক্ষমা করবে না।...

(বদরুন্নেসা আহমেদ, এম-এন-এ কর্তৃক

'শেখ মুজিবের বিচার প্রসঙ্গে' শিরোনামে লিখিত ভাষণ)

১৫ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের মানুষের উপর যখন ইয়াহিয়া খানের সৈন্যবাহিনী হিংস্র হায়েনার মত ঝাঁপিয়ে পড়লো, যখন বাংলার শ্যমল প্রান্তরে রক্তের প্লাবন বয়ে চললো, যখন বাংলার আকাশ নির্যাতিত মানুষ ও ধর্ষিতা মা-বোনদের আর্তণাদে বেদনাকরুণ, তখন পৃথিবীর মানুষের চোখে এক নিদারুণ বিস্ময় ঘনীভূত হয়ে উঠেছিলো। পরম বিস্ময়ে মানুষ দেখেছিলো বিশ্ববিবেক যেন স্তব্ধ হয়ে গেছে। ব্যবসায়ী বৃহৎ রাষ্ট্রগুলির সরকার, যারা গণতন্ত্র এবং মানবতার নামে চীৎকারের প্রতিযোগিতায় অবতীর্ণ, তাদের কণ্ঠ রুদ্ধ। শুধু তাই নয়, পরোক্ষভাবে বাংলাদেশের এই রক্তপ্লাবী ঘটনাকে পাকিস্তানের ঘরোয়া ব্যাপার বলে একটা ধামাচাপা দেয়ার প্রচেষ্টারও অন্ত ছিল না। এদের মনোভাব দেখে এই সময়ে মনে হয়েছিলো ব্যবসার মুনাফার বেদীমূলে তারা মানবতাকেও বলি দিতে কুণ্ঠিত নন। বাংলাদেশের ঘটনা যে পাকিস্তানের ঘরোয়া ব্যাপার নয় নেই সম্পর্কে বাংলাদেশের প্রধানমন্ত্রীর বলিষ্ঠ কণ্ঠে ধ্বনিত হয়েছিলো ''লাখো লাখো আদম সন্তানের লাশের তলায় পাকিস্তানের কবর রচিত হয়েছে। পাকিস্তান আজ মৃত। রক্তস্নানের মধ্য দিয়ে একটা নতুন জাতির জন্ম হয়েছে।'' কিন্তু তার এই পরিষ্কার ঘোষণাটিও যেন তখন পৃথিবীর বৃহৎ রাষ্ট্রবর্গের মনে কোন সাড়া জাগাতে পারেনি। কিন্তু দেখা গেল মানবতাকে রক্ষার জন্য শেষ পর্যন্ত পৃথিবীর মুক্ত মানুষের মন সোচ্চার হয়ে উঠলো বাংলার মানুষের সপক্ষে। ধিক্কার দিল তারা ইয়াহিয়ার জঙ্গী শাসক ও পশ্চিম পাকিস্তানী শাসক চক্রকে। ব্যবসার মুনাফার গোলকধাঁধায় বাধা সরকার ছাড়া প্রতিটি দেশের গণতন্ত্রকামী মানুষ বাংলার মানুষের পাশে এসে দাঁড়ালো।

ইংল্যাণ্ডের লিবারেল দলের M.P মিঃ রাসেল জনস্টোন ৩১ মার্চে প্রেস বিজ্ঞপ্তিতে বল্লেনঃ

''আমি বিশ্বাস করি না ইহাকে পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার বলিয়া বৃটেন নীরব দর্শকের ভূমিকায় অভিনয় করিতে পারে। আমাদের চোখের সম্মুখে যে ঘটনা সংঘটিত হইতেছে তাহা চূড়ান্ত বর্বরতার নামান্তর মাত্র। শান্তি ফিরাইয়া আনা এবং মীমাংসার জন্য কমনওয়েলথের প্রধান সদস্য হিসাবে বৃটেনকে তাহার সমস্ত কিছুই করিতে হইবে।''

"Conflict in East Pakistan : Background & Prospect" শিরোনামে হার্বার্ট বিশ্ববিদ্যালয়ের ৩ জন অধ্যাপক- মি: এডওয়ার্ড মেসন, রবার্ট ডর্ফম্যান এবং স্টীফেন এ, মার্গলিন ১লা এপ্রিল তারিখে লিখলেনঃ

''স্বাধীন বাংলাদেশ অবশ্যম্ভাবী। প্রতিবেশী রাষ্ট্রের সঙ্গে স্বাভাবিক সম্পর্ক বজায় রাখতে সক্ষম, বাংলাদেশ হবে একটি সত্যিকারের স্বাধীন রাষ্ট্র। কিন্তু প্রশ্ন হল এই স্বাধীনতার জন্য তাকে কত রক্ত ঢালতে হবে।''

History of Economics & Political Domination of East Pakistan পত্রিকায় Herbert বিশ্ববিদ্যালয়ের রিপন সোসাইটি লিখলেন, ''বাংগালীরা স্বাধীনতা ঘোষণা করেছে এবং তাঁরা মুক্তিযুদ্ধ লড়ছে।

এই যুদ্ধে তাদের জয় সুনিশ্চিত। কিন্তু প্রশ্ন হল, এই স্বাধীনতা অর্জনের জন্য তাদের কত প্রাণ দিতে হবে এবং তাদের কত সম্পদ ধ্বংস হবে।''

৯ই এপ্রিল নেপালের 'অর্পন' পত্রিকা বলিষ্ঠ কণ্ঠে ঘোষণা করলো,"ইহা পাকিস্তানের ঘরোয়া ব্যাপার নয়। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় আজ শুধুমাত্র কল্পনা নয়, একটি বাস্তব সত্য।"

১৩ই এপ্রিল তুরস্কের পত্রিকা 'আকসাস' লিখলো, ''পাকিস্তানের ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে পূর্ব পাকিস্তানীরা স্বাধীনতার যুদ্ধ লড়ছে।''

ইন্দোনেশিয়ার 'জাকার্তা' পত্রিকা ১৫ই এপ্রিল লিখলো, ''পূর্ব পাকিস্তানীরা আর পাকিস্তানী নামে পরিচিত হইতে ইচ্ছুক নয়। তারা বাঙালী- এই পরিচয়ই গ্রহণ করেছে। কারণ আজ 'পাকিস্তানী' শব্দ দ্বারা তারা মনে করে একদল সৈন্য, যারা তাদের লোকজনকে নির্দয়ভাবে হত্যা করে।''

৩০শে মার্চ চিকাগো ট্রিবিউন লিখলো, ''পৃথিবীর যে অংশটি একদিন ভিয়েতনামের হত্যাকাণ্ডের বিরুদ্ধে মুখর ছিল, সেই অংশে আজ শত-সহস্র লোককে মেশিনগানের গুলিতে নির্বিচারে হত্যা করা হচ্ছে। ভিয়েতনামে গত ৪ বছরে যত লোককে হত্যা করা হয়নি তার চেয়েও অধিক লোককে মাত্র ৪ দিনে হত্যা করা হয়েছে।''

৭ই এপ্রিল 'নিউইয়র্ক টাইমস' পত্রিকা লিখলো, ''পাকিস্তানী সেনাবাহিনী নির্বিচারে গণহত্যা করছে, চাক্ষুষ দর্শীর এই বিবরণ সত্ত্বেও ওযাশিংটনের এই নিষ্ক্রিয়তা এবং নিরবতা মানুষের কাছে নিশ্চয় পীড়াদায়ক। বাংলাদশের এই হত্যাকাণ্ডের বিরুদ্ধ প্রতিবাদের জন্য যুক্তরাষ্ট্রের নিশ্চয় একটি মানবিক দায়িত্ব রয়েছে।

শুধুমাত্র এই কয়েকটি পত্রপত্রিকাই নয়, লণ্ডনের ডেইলি মেইল, ডেইলি টেলিগ্রাফ, New Statesman. Sunday Times. London- এর Time পত্রিকা, গার্ডিয়ান, Sunday Telegraph. Newsweek. Christian Monitor. Washington Post. Ockland Tribune. Bultimore Sun. Otowa Citizen. চিলির আলমারকিউরিও, ব্রসেলসের লা লিব্রা, জাপানের Time পত্রিকা, আরব রাষ্ট্র কুয়েতের আকবর-আল-কুয়েত, সিরিয়ার আল-তাউরা, রামিয়ার প্রাভদা, ইত্যাদি সমস্ত পত্রিকায় পৃথিবীর মানবতাকামী মানুষ ইয়াহিয়ার জল্লাদ বাহিনীর গণহত্যার বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ জানালেন, স্বাধীনতাকামী বাংলার মানুষকে জানালেন আন্তরিক সমর্থন।

হিমালয়ের ঘুম ভাঙলো। পাকিস্তানকে অস্ত্র সাহায্য দেবার বিরুদ্ধে আমেরিকার সিনেটে প্রতিবাদের ঝড় তুললেন সিনেটর কেনিডি। শ্রমিকরা পাকিস্তানী জাহাজে অস্ত্র বোঝাই করতে অস্বীকার করলেন। আমেরিকার বৈদেশিক সাহায্য কমিটি পাকিস্তানকে সর্বপ্রকার সাহায্য বন্ধ করার জন্য সরকারের উপর চাপ সৃষ্টি করলেন।

বৃটেন, ফ্রান্স, পাকিস্তানকে অস্ত্র সাহায্য প্রদান বন্ধ করার কথা ঘোষণা করলো। রাশিয়ার প্রধানমন্ত্রী কোসিগিন গণহত্যার নিন্দা করে গণহত্যা বন্ধ করার জন্য দাবী জানালেন।

এবার বাংলাদেশর সপক্ষে এগিয়ে এলো উত্তর কোরিয়া ও উত্তর ভিয়েতনাম। সংগ্রামী উত্তর ভিয়েতনাম ঘোষণা করলোঃ ''বাংলাদেশের যুদ্ধ জাতীয় মুক্তিযুদ্ধ।'' বাংলার মুক্তিযুদ্ধকে তারা পূর্ণ সমর্থন জানালেন- কিন্তু বিশ্বের দৃষ্টি নিবন্ধ রইল চীনের প্রতি। ইয়াহিয়া বারবার হ্রেষা ধ্বনি করছিলো, ''চীন আমাদের সাথে''। চীনের কণ্ঠ নীরব। অবশেষে চীন মুখ খুললো ভুট্টোর চীন গমন উপলক্ষ ভোজসভায়। বিভ্রান্ত ইয়াহিয়ার বিশেষ দূত হিসাবে মানবতার ইতিহাসে অন্যতম জঘন্য অপরাধী ভুট্টো গিয়েছিলো চীনের সমর্থন আদায়ের জন্য।

ইয়াহিয়া এবং ভুট্টো চক্র মনে করেছিলো চীন তাদের কুকর্মকে সমর্থন জানাবে, কিন্তু চীনের অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী সেদিন প্রকৃতপক্ষ ইয়াহিয়া-ভুট্টোর মুখে চপেটাঘাত করলেন। ভোজসভায় চীনের অস্থায়ী

পররাষ্ট্রমন্ত্রী ভুট্টোকে পরামর্শ দিলেন পূর্ব বাংলা সম্বন্ধে একটি যুক্তিসম্পন্ন মীমাংসা করতে। শুধু তাই নয়, চীন ইয়াহিয়া-ভুট্টো চক্রের সমস্ত প্রচারণার মুখে পদাঘাত করলেন।

১১ই নভেম্বর B.B.C.-র খবরে প্রকাশ, চীন পাকিস্তানকে সংযত হওয়ার জন্য উপদেশ দিয়েছে। চীন বলেছে, ''কোন অবস্থাতেই ভারত আক্রমণ করা পাকিস্তানের উচিত হবে না। শুধু তাই নয়, পাকিস্তান বাংলাদেশ সমস্যাকে ভারত-পাকিস্তান সমস্যার আকারে নিরাপত্তা পরিষদে তোলার আবেদন জানিয়েছিলো। চীন তার সেই আবেদনও প্রত্যাখ্যান করেছে।

চীনের এই কথার অর্থ এই দাঁড়ায়, চীন পাকিস্তান সরকারের কার্যাবলী সমর্থন করতে প্রস্তুত নয় এবং ইয়াহিয়ার রণহুঙ্কারকেও চীন অসার ও অযৌক্তিক মনে করে। সঙ্গে সঙ্গে বাংলাদেশ সমস্যাকে চীন পাক-ভারত সমস্যা হিসাবে দেখতে রাজী নয়।

এইদিকে মার্কিন সরকারও পাকিস্তানে অস্ত্র বিক্রয়ের লাইসেন্স বাতিল করে দিয়েছে। এর ফলে আজ ইয়াহিয়ার জঙ্গী সরকার সারা বিশ্ব অসহায় এতিমের পর্যায়ে নেমে এসেছে। অন্যদিকে বিশ্ববিবেক সোচ্চার হয়ে উঠেছে স্বাধীন বাংলার মানুষের সপক্ষে। বাংলার দুর্ধর্ষ মুক্তিবাহিনী আঘাতের পর আঘাত হেনে চলেছেন। তাদের ক্ষীপ্রতায় এবং প্রচণ্ডতায় হানাদার বর্বর পাক বাহিনী দিশেহারা।

সেদিনের স্বল্প অস্ত্রে সজ্জিত মুক্তিবাহিনী আজ বিশ্বের সমর্থনপুষ্ট হয়ে আধুনিক অস্ত্রে সজ্জিত এবং দুর্ধর্ষ অজেয় বাহিনীতে পরিণত হয়েছে। তারা প্রস্তুত হচ্ছে চরম আঘাত হানার জন্য, বাংলাদেশের মাটি থেকে শেষ শত্রুটিকেও নিশ্চিহ্ন করার জন্য। জয় আমাদের সুনিশ্চিত। জয় বাংলা।

(জিল্লুর রহমান, এম-এন-এ)

১৭ নভেম্বর, ১৯৭১

প্রিয় ভাইবোনেরা,

আমার সংগ্রামী অভিনন্দন গ্রহণ করুন।

বিগত প্রায় আট মাসাধিককাল যাবৎ আমরা সবাই মুক্তিসংগ্রামে লিপ্ত আছি। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এ মুক্তিসংগ্রামে শরীক হয়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে, কোরবানী দিয়েছে কোন না কোন ভাবে। মুক্তিযুদ্ধ ও সাধারণ সাম্রাজ্যবাদী বা সম্প্রসারণবাদী যুদ্ধের পার্থক্য এই যে, সাম্রাজ্যবাদী বা সম্প্রসারণবাদী যুদ্ধে দেশের জনসাধারণকে জোর করে যুদ্ধের বোঝা চাপিয়ে দেওয়া হয়; বেতনভোগী (Mercenary) সৈন্যরা দায়ে পড়ে অথবা পদের লোভে বা প্রয়োজনে যুদ্ধ করতে বাধ্য হয়। আর মুক্তিযুদ্ধে দেশের আপামর জনসাধারণ স্বতঃস্ফূর্তভাবে শরীক হয়- সুশিক্ষিত, অস্ত্রশস্ত্রে সুসজ্জিত সৈন্যরা দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে শত্রুসেনাকে খতম করার জন্য মাতৃভূমিকে শত্রুকবল হতে উদ্ধারের জন্য যুদ্ধ করে। আমাদের বাংলাদেশের বাহাদুর বেঙ্গল রেজিমেন্ট, ই-পি-আর, পুলিশ, আনসার ও মোজাহেদ বাহিনী, আওয়ামী স্বেচ্ছাসেবক বাহিনী ও ছাত্র সংগ্রাম পরিষদ এবং বিভিন্ন শ্রমিক সংস্থার সংগ্রাম পরিষদের বাহাদুরেরা প্রথমে এরূপ দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে স্বতঃস্ফূর্তভাবে সমরনায়ক ইয়াহিয়া-টিক্কা খানের হানাদার দস্যুবাহিনীর বর্বর আক্রমণ রুখে দাঁড়িয়েছে। দেশের সর্বস্তরের নরনারী, ছাত্র-শ্রমিক-কৃষক-মজদুর তথা আবাল-বৃদ্ধ-বণিতা নির্বিশেষে পরবর্তীকালে এই চরম সংগ্রামে শরীক হয়েছে- কে সক্রিয়ভাবে, কেহ পরোক্ষভাবে, সক্ষম যুবকেরা অস্ত্রের মাধ্যমে এবং শিল্পী-সাহিত্যিক-কবি-সাংবাদিক-বুদ্ধিজীবী, বিভিন্ন স্তরের কর্মচারী ও কূটনীতিবিদ সাধ্যমত তাদের নিজ নিজ ক্ষমতা ও প্রতিভার মাধ্যমে। কাজেই একথা বলা ঠিক নয় যে, মুক্তিযুদ্ধ কারও একার কর্তব্য। অবশ্য যুগে যুগে মুক্তিসংগ্রামের ইতিহাসে বেঈমান, সুবিধাবাদী, বা 'কুইসলিং' 'মীরজাফরদের' যেমন ভূমিকা ছিল, আমাদের এই সংগ্রামেও

মীরজাফরেরা তেমন নিষ্ক্রিয় নয়। দেশবন্ধু তাই একসময়ে আক্ষেপ করে বলেছিলেন, ''পরাধীন দেশের সবচেয়ে বড় অভিশাপ এই যে, মুক্তিসংগ্রামে বিদেশীদের অপেক্ষা দেশের লোকদের সঙ্গেই মানুষকে যুদ্ধ করতে হয় বেশী।'' সোনার বাংলার লক্ষ লক্ষ নীরিহ 'মাসুম' নরনারী, শিশু, যুবক-যুবতীকে নির্বিচারে হত্যার অপরাধে, লক্ষ লক্ষ নারীর শ্লীলতাহানি ও সতীত্ব নষ্ট করার অপরাধে, বাংলার কোটি কোটি টাকার ধন-সম্পদ বিনষ্ট করা, লুটপাট ও চুরি-ডাকাতির অপরাধে, প্রায় ৯৫ লক্ষ নরনারী-আবাল-বৃদ্ধ-বণিতা নির্বিশেষে বাংলাদেশ থেকে বিতাড়িত করার অপরাধে এবং অপর প্রায় ২ কোটি লোককে গৃহহারা-বাস্তুহারা এবং ছিন্নমূল করার অপরাধে, লক্ষ লক্ষ কর্মক্ষম ব্যক্তিকে জীবিকা নির্বাহের সুযোগ হতে বঞ্চিত করা তথা চাকরি-বাকরি, ব্যবসা-বাণিজ্য ধ্বংস করার অপরাধে ইয়াহিয়া-টিক্কা-ভুট্টো-হামিদ যেমন অপরাধী- তেমনি এই জলল্লাদচক্রের ক্রীড়নক সহযোগী মাহমুদ আলী, ডাঃ মালিক, নূরুল আমীন গং এবং তাদের প্রত্যেকটি সক্রিয় সমর্থক ও তাঁবেদারগণও সমভাবে অপরাধী এবং সমভাবে শাস্তির যোগ্য। ফৌজদারী দণ্ডবিধি আইনের বিধানানুসারে হত্যাকরী এবং তার সহযোগীকে একই আইনে ফাঁসি দেয়ার বিধান চালু আছে। সহযোগী বা নরহত্যাকারীর সহকারী সম্পর্কে আইনে বলা আছে, As if he himself Committed murder- অর্থাৎ, সহযোগী যেন নিজেই খুন করেছে। কাজেই ইয়াহিয়া চক্রের দালালদের সম্পর্কে এই চালু ফৌজদারী দণ্ডবিধি আইন সম্পূর্ণ প্রযোজ্য। বন্ধুগণ, "Truth shall prevail" -এটা universal truth বা সার্বজনীন সত্য- অর্থাৎ সত্যের জয় হবেই, আমাদের পবিত্র কোরানেও আছে-

قُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ اِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوْقًا0

অথাৎ ''সত্য সমাগত- মিথ্যা অপসৃয়মাণ, এবং মিথ্যা অবশ্যই ধ্বংসপ্রাপ্ত হইবে।''

আমাদের এই আজাদীর সংগ্রাম মিথ্যার বিরুদ্ধে সত্যের সংগ্রাম, অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের সংগ্রাম, জালেমের বিরুদ্ধে সাড়ে সাত কোটি বঞ্চিত মজলুমের সংগ্রাম। আমাদের প্রিয় নেতা বঙ্গবন্ধুর ভাষা- ''এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম- এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'' এই যুদ্ধে ইনশাল্লাহ আমরা কামিয়াব হবই। আমাদের মনজিলে মকসুদে আমরা পৌঁছবই।

দুনিয়ার সমস্ত আজাদীর ইতিহাসে দেখা যায় স্বাধীনতা ''অর্জন করা হয়েছে''। স্বাধীনতার জন্য লক্ষ লক্ষ দেশপ্রেমিক কোরবান হয়েছে, নানাভাবে আজাদী পাগল মানুষ নির্যাতন ভোগ করেছে- কিন্তু শির দিয়েছে তবু আমামা দেয়নি। ফাঁসির মঞ্চে দাঁড়িয়ে হেসে হেসে ফাঁসির রজ্জু বরমাল্যের মত কণ্ঠে বরণ করে আজাদীর জয়গান গেয়েছে, তবুও জাতির স্বাধীন সত্তাকে বিলিয়ে দেয়নি- স্বাধীন পতাকাকে অপমানিত হতে দেয়নি। ইতহাসে মহাচীন, আমেরিকা, ইন্দোনেশিয়া, আলজেরিয়া যুগ যুগ ধরে যুদ্ধ করে স্বীয় স্বাধীনতা অর্জন করেছে। কেহই স্বাধীনতা দান হিসাবে বিনা রক্তপাতে পায়নি। অবশ্য ওদের মুক্তিসংগ্রামে সহায়তা পেয়েছে সভ্য জাতির নিকট হতে, সক্রিয় বা পরোক্ষ সমর্থন পেয়েছে। আমরাও আশা রাখি, দুনিয়ার সমস্ত সভ্য দেশ হতে সাহায্য সমর্থন পাবো। পাক-ভারত উপমহাদেশের স্বাধীনতা অর্জন সম্পর্কে অনেকের হয়ত ভ্রান্ত ধারণা যে, মেহেরবানী করে বৃটিশ সরকার আমাদিগকে স্বাধীনতা দান করে গিয়েছেন। বাস্তবপক্ষে কি তাই? ১৮৫৭ ইং সনের সিপাহী বিদ্রোহ, ক্ষুদিরাম, ভগৎসিং এবং হাজার হাজার সিপাহীর ফাঁসির কি কোন দাম নেই? তোজী সুভাষ বসুর পরিচালনায় বার্লিন, সিঙ্গাপুর, মালয়, বর্মা ও বিভিন্ন স্থানে যে প্রায় পঞ্চাশ হাজার আজাদ হিন্দু ফৌজ গঠন করা হয়েছিল, তা কি কম চাঞ্চল্যকর? মনিপুর ও ইম্পল অপরেশনে যে প্রায় ছয় হাজার আজাদ হিন্দু ফৌজ (INDIAN NATIONAL ARMY) অনাহারে-অর্ধাহারে প্রাণ বিসর্জন দিয়েছে, এবং ১৯৪২ থেকে ১৯৪৬ সন পর্যন্ত বিভিন্ন রণাঙ্গনে মিত্র পক্ষ তথা ব্রিটিশ আর্মির হাতে যে বিভিন্নভাবে প্রায় ২০ হাজার আজাদ হিন্দু ফৌজ বন্দী হয়েছিল, নির্যাতন ভোগ করেছিল বা আত্মসমর্পণ করতে বাধ্য হয়েছিল, তা কি এদেশের স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়ে যায়নি? বর্মা, রেঙ্গুন, সুমাত্রা, সিঙ্গাপুর, জার্মানী, জাপান ও অন্যান্য স্থানের লক্ষ লক্ষ ভারতীয় (তদানীন্তন) নাগরিকগণ কেহ কেহ তাদের সমস্ত ধন-সম্পত্তি ও কোটি কোটি টাকা এবং কেহ কেহ

মোট সম্পদের একটা অংশ INA ফৌজকে দান করেছিল। ব্রিটিশ ইন্ডিয়ান আর্মির Kin's Commission, প্রাপ্ত Major G.S. Dillon, শাহনাওয়াজের মত শত শত কমিশণ্ড অফিসার এবং হাজার হাজার জোয়ান ব্রিটিশ সরকারের চাকরি ও নিশ্চিত ভবিষ্যৎ ছেড়ে অনিশ্চিত ভবিষ্যতের স্রোতে নিজদেরকে নিক্ষেপ করে আজাদ হিন্দু ফৌজে যোগ দিয়েছিল। ICS পরীক্ষায় প্রথম স্থান দখল করেও নেতাজী সুভাষ বসু যে চাকরি ত্যাগ করেছিলেন, তা কি বৃথা গিয়েছে? বস্তুতঃ এই সব বীরত্ব ও আত্মত্যাগ উপমহাদেশের আজাদী লাভকে ত্বরান্বিত করেছিল।

আমার প্রিয় ধর্মভীরু দেশবাসীকে বলা প্রয়োজন যে, মিঃ জিন্নার পাকিস্তানের স্বাভাবিক মৃত্যুই হয়েছে। এবং এটাকে অপমৃত্যু বলা চলেনা। অবশ্য পাকিস্তানের জন্মটাকে কিছুটা অস্বাভাবিক বলা চলে। কাজেই এর প্রতি আর কারও কোন মোহ থাকা উচিত নহে? পাকিস্তানরূপী যে শিশুকে তিওয়ানা-নসরুলা কোম্পানীর আকবার-আহরার পার্টি তথা পশ্চিম সামন্তবাদ চক্র জন্ম দিতেই চায়নি, তারাই পরবর্তীকালে স্বীয় বুর্জোয়া স্বার্থে সে শিশুর দাবীদার সেজে প্রকৃত জন্মদাতা তথ্য নিরীহ ধর্মভীরু বাঙালীকে বিগত ২৪ বৎসর ধরে নানাভাবে শোষণ ও নির্যাতন করেছে। ইসলাম, সংহতি ও মুসলমানের নামে বহু অনৈসলামিক কারবার বেঈমানী ও ধোঁকাবাজি করেছে। ব্যবসায়ী স্বার্থে, সাম্রাজ্যবাদী স্বার্থে তারা ভাই বলে মুখে প্রচার করেছে কিন্তু পূর্ববঙ্গের মানুষকে কোনদিন তারা হৃদয়ে স্থান দেয়নি। লক্ষ লক্ষ বাঙালী বন্যায়-জলোচ্ছ্বাসে-ঘূর্ণিঝড়ে শিয়াল-কুকুরের মত প্রাণ দিয়েছে, কিন্তু পশ্চিমা শোষকচক্র, কখনও শোষণের যাঁতাকল বন্ধ করেনি। ১৯৬৪ সনে যখন পূর্ববাংলার এক মহকুমায়ই ১৮ হাজার লোক একরাত্রে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে প্রাণ হারিয়েছিল তখন তদানীন্তন প্রেসিডেন্ট আয়ুব খান সফর করতে পূর্ববঙ্গে না এসে লণ্ডনে বেড়াতে গিয়েছিলেন। লণ্ডনের পত্রপত্রিকা ব্যঙ্গ করে লিখেছিলঃ 18 thousand people died, who cares? অর্থাৎ বিগত নভেম্বরের ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস নোয়াখালী, চট্টগ্রাম, বরিশাল, খুলনা ও পটুয়াখালীতেই যখন প্রায় ১০ লক্ষ নরনারীর মৃত্যু হয়েছিল, লক্ষ লক্ষ গৃহহারা সর্বহারা নরবারীর অগণিত মৃতদেহ পদ্মা-মেঘনা-যমুনাতে এমনকি বঙ্গোপসাগরে ও ভারত মহাসাগরে পর্যন্ত ভেসে ভেসে যাচ্ছিল- তখন আমাদের গরীবের ট্যাক্সের টাকায় কেনা Gunboat, Helicopter কোথায় ছিল? তদানীন্তন গভর্নর এডমিরাল আহসান বলেছিলেন, "আমি Islamabad-এর কাছে Helicopter চেয়েছিলাম- কিন্তু পাইনি।" সেই নভেম্বরের ঘূর্ণিঝড়ের ধ্বংসলীলা পৃথিবীর ইতিহাসে সবচেয়ে প্রলয়ঙ্কারী দুর্যোগ। লক্ষ লক্ষ দুর্দশাগ্রস্ত আদম সন্তানের করুণ আর্তনাদে আল্লাহর আরশ কেঁপে উঠেছিল। ভারতসহ দুনিয়ার প্রায় সব রাষ্ট্র হতে সাহায্য-সম্ভার এসেছিল, হেলিকপ্টার এসেছিল। তখনও পিণ্ডি-ইসলামাবাদশাহীর হৃদয় বিগলিত হয়নি। শত শত নর-নারীকে, স্ত্রী ও পুরষকে একসাথে কবরস্থ করা হয়েছিল। এমনকি হিন্দু-মুসলমানকে একসাথে এক গোরে দাফন করা হয়েছিল-কারণ দাফনের কাপড়েরও অনটন হয়েছিল। Gunboat ছিল না, অর্থ ছিল না। এক ফোঁটা পানি, এক মুঠো অন্ন ও লজ্জা নিবারণে এক টুকরো কাপড়ের জন্য লক্ষ লক্ষ আদম সন্তানের করুণ আর্তনাদে সারা দুনিয়া বিগলিত হয়েছিল, সাহায্য-সম্ভার নিয়ে এগিয়ে এসেছিল কিন্তু বিগলিত হয়নি আদমজী, ভালিকা, আমীর আলী, ফেন্সী, দাউদ ও গান্ধারা গোষ্ঠীর তথা পশ্চিমা ২২-পরিবারের হৃদয়। এর পরও আপনারা এদের ইসলামী দরদের ধোঁকামিতে বিশ্বাস করেন? এদের ইসলাম শোষণের যন্ত্রবিশেষ। আসলে এরা ইসলাম মানে না। ১৪ শত বৎসর পর্যন্ত প্রতি জুম্মাতে, ঈদে আপনারা খোতবায় শোনেন-

انَّ اللهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْاِحْسَانِ

-আল্লাহ 'আদাল' ও এহছানের কথা তথ্য ন্যায়বিচার ও ইনছাফের কথা, মঙ্গলের কথা বলেছেন; আর এই লুটেরা দস্যুদের পাক কোরানের এই নির্দেশ অমান্য করে যুগ যুগ ধরে বেইনসাফ ও বেঈমানী করেছে। ভাইসব, দুনিয়ার কোন রাষ্ট্রই শুধু ধর্মীয় বন্ধনের নামে বা দ্বিজাতিতত্ত্বের উপরে ভিত্তি করে প্রতিষ্ঠিত হতে পারে না। জোর করে অবাস্তব ও অসম্ভবকে বেশীদিন টিকিয়ে রাখা যায় না। তাই বহুদিন জোড়াতালি দেওয়ার পর নকল পাকিস্তানের স্বাভাবিক মৃত্যু হয়েছে। আর যদি কেহ মনে করেন পাকিস্তানের অস্বাভাবিক মৃত্যু হয়েছে, তজ্জন্যও বঙ্গবন্ধু, আওয়ামী লীগ বা পূর্ববঙ্গবাসী দায়ী নহে।

বঙ্গবন্ধু শেখ পর্যন্ত Artificial Heart Transplantation করে কোন রকমে জোড়াতালি দিয়ে পকিস্তানের জিইয়ে রাখতে চেষ্টা করেছিলেন, কিন্তু অকস্মাৎ ২৫শে মার্চের গভীর রাতে জেনারেল ইয়াহিয়া-টিক্কাখান-ভুট্টো চক্র বেয়নেটের খোঁচায় পাকিস্তানের অপমৃত্যু ঘটিয়েছে। এর জন্য এককভাবে তারাই দায়ী। তারপর ১০ লক্ষাধিক বাঙালী নরনারী-শিশু-যুবক-যুবতীর-মা-ভাই-ভগ্নির তাজা রক্তস্রোতের অতল তলে পাকিস্তান নিমজ্জিত হয়েছে-ধ্বংসপ্রাপ্ত হয়েছে। এর প্রাণরক্ষা আর সম্ভব নহে। ইসলাম Universal -আল্লাহ সবার। আমরা 'আলহামদুলিল্লাহি রাবিবল আলামীন'- অর্থাৎ 'সব প্রশংসা তাহার জন্য যিনি বিশ্বব্রহ্মাণ্ড সৃষ্টি করেছেন'....

মোট কথা, ইসলাম Co-existence, Co-havitation ও Compromise-এর ধর্ম। এক কথায় ইসলামের মর্মকথা Secularism-এর মর্মকথা। কাজেই আমরা স্বাধীন বাংলদেশ গড়ে তুলবো এমন এক সমাজব্যবস্থা যা হবে সার্বজনীন- Universal and Secular-যাতে থাকবে হিন্দু-মুসলমান-খৃষ্টান-বৌদ্ধ, জাতি ধর্ম নির্বিশেষে সমান অধিকার। থাকবে না মানুষে মানুষে কোন বিবাদ-বিচ্ছেদ, কোন ভেদাভেদ। আর আমাদের এই মহান মূলমন্ত্রের হোতা সাড়ে সাত কোটি বাঙালী তথা দুনিয়ার সমস্ত মজলুম বঞ্চিত মানবতার অগ্রনায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

ভাগ্যের পরিহাস, তিনি আজ জোনরেল ইয়াহিয়ার কারাগারে আটক, আমরা সাড়ে সাত কোটি বাঙালী সাবধান করে দিতে চাই- বঙ্গবন্ধুর কোন ক্ষতি সাধিত হলে সমগ্র বিশ্ব দাবানলের অগ্নির মত দাউ দাউ করে জ্বলে উঠবে। এখনও সময় আছে জেনারেল ইয়াহিয়া, তাকে এখনও মুক্তি দাও-নচেৎ শুধু তোমার পাকিস্তান নয় অচিরেই তুমিও ধ্বংস হয়ে যাবে। জয় বাংলা।

(আবদুল মালেক উকিল,এম-এন-এ)

অভিজ্ঞতার আলোকে

২৪ জুলাই, ১৯৭১

বাংলার মুক্তি আন্দোলনের যারা রক্ত দিয়েছেন, যারা বিভিন্ন রণাঙ্গনে শত্রুসেনার সঙ্গে যুদ্ধ করেছেন তাদের উদ্দেশে সশ্রদ্ধ অভিবাদন জানিয়ে শুরু করছি। বাংলার সাড়ে সাত কোটি মানুষের রায়কে উপেক্ষা করে, গণতন্ত্রের সমস্ত নীতি পদদলিত করে এবং মানবতার সমস্ত শিক্ষাকে মথিত স্বৈরাচারী বিশ্বাসঘাতক পাকিস্তানী বাহিনী ঝাঁপিয়ে পড়েছিল নিরপরাধ নিরস্ত্র বাঙালী জনতার উপর ২৫শে মার্চের রাতে। বাংলার গ্রাম-গ্রামান্তরে সূর্যরশ্মি পৃথিবীর আবহাওয়ায় প্রবেশ করার পূর্বেই প্রচারিত হয়ে গেল এ খবর, পাকিস্তানী সামরিক বাহিনীর নৃশংস কার্যকলাপের ঘটনা। কিন্তু বাংলার মানুষ এবার মরণজয়ী। সামনিক বাহিনীর কামান, ট্যাংক, মর্টার, বিমান ও আরও হাজার ধরনের উন্নত মারণাস্ত্রের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হল তারা। বিপুল বিক্রমে বিশ্বাসঘাতক বাহিনীর সঙ্গে যুদ্ধ আরম্ভ হল EPR, পুলিশ বাহিনী ও মুক্তিবাহিনীর। এ খবরও প্রচারিত হল গ্রাম থেকে গ্রামান্তরে নিশাবসানের পূর্বেই। সচেতন জনতা বুঝতে পারলো মুক্তি তাদের সোজা পথে আসবে না। স্বাধীনতা তো ভিক্ষে করে পাওয়া যায় না। স্বাধীনতা আদায় করে নিতে হয়। এবং তার জন্য প্রয়োজন হয় রক্তের। জনতার কণ্ঠে প্রতিধ্বনিত হতে থাকলো বঙ্গবন্ধুর বাণী ''রক্ত যখন দিতে শিখেছি তখন কেউ আমাদের ঠেঁকিয়ে রাখতে পারবে না।'' বাংলার বীর জনগণ রুদ্ররোষে বেরিয়ে এল রাস্তায়। কৃষক, মজুর, শিক্ষক, ছাত্র, কর্মচারী ও জনতা অস্ত্র হাতে তুলে নিল। কোটি কণ্ঠ থেকে উচ্চারিত হল রক্তের বিনিময়ে বাংলার মুক্তি আদায় করার দুর্জয় প্রতিজ্ঞা, পরাধীনতার গ্লানির অবসান করার দীপ্ত প্রতিজ্ঞা।

এ ধ্বনি আকাশে বাতাসে প্রতিধ্বনিত হয়ে আঘাত করলো বাংলার গ্রাম থেকে গ্রামান্তরে। আর সে ঢেউ এসে সাড়া জাগালো হজরত শাহ মখদুম শাহদ্দৌলার পদস্পর্শে পবিত্র শাহজাদপুরসহ পাবনা জেলার বেড়া, সাঁথিয়া, উল্লাপাড়া, ফরিদপুরসহ আরও অসংখ্য গ্রামে। প্রস্তুতি গ্রহণ করতে থাকলো সবাই। মুক্তিবাহিনী গঠিত হল মহল্লায় মহল্লায়। মা-বোনেরা এবং অশীতিপর বৃদ্ধও এসে দাঁড়ালো মুক্তিবাহিনীর কাঁধে কাঁধ মিলিয়ে। সবার মুখেই একই মন্ত্র ''জয় স্বাধীন বাংলা''। সবাই অধীর আগ্রহে অপেক্ষা করতে থাকলে শত্রু বাহিনীর আগমনের- মোকাবেলা করার দৃঢ়প্রতিজ্ঞা নিয়ে। কারও হাতে বর্শা, কারও হাতে দা এবং কারও হাতে মজবুত লাঠি। বাইরে থেকেও মুক্তিবাহিনীর জোয়ানরা এলো। বিভিন্ন জায়াগয় ছাউনি ফেলা হল। শেরপুর থেকে নগরবাড়িঘাট পর্যন্ত ঐ রকম ছাউনি পড়লো পাঁচ-ছয়টা। এ পর্যন্ত ছাউনিতে বাংলার মুক্তিসেনাদের হাতে সাধারণত বন্দুক, রাইফেল এবং কোন কোন ক্ষেত্রে পাকিস্তানী বাহিনীর কাছ থেকে নেওয়া কিছু উন্নত ধরনের অস্ত্র থাকতো। সোনার বাংলার সোনা মুক্তিযোদ্ধাদের জনতা আপন করে নিল। নিষ্পেষিত, অধিকারবঞ্চিত জনগণ মুক্তিযোদ্ধাদের মধ্যে দেখতে পেল স্বাধীন বাংলার প্রতিচ্ছবি। একটি ঘটনা বলি। একদিন দুপুরের দিকে খেয়া নৌকায় পার হচ্ছি। সঙ্গে মুক্তিযোদ্ধা কয়েকজন যুবক। নৌকারোহীরা মুক্তিসংগ্রামে মোমেনের ত্যাগের কথা শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করছে। একজন অশীতিপর বৃদ্ধ উঠে এলেন আমাদের কাছে। একজন মুক্তিযোদ্ধার মাথায় হাত রেখে বললেন, ''তোমরাই তো বাবা অবহেলিত, লাঞ্ছিত বাংলার চোখের মণি। তোমাদের রক্তের বিনিময়ে আমার মাতৃভূমি শত্রুমুক্ত হবে। আমি মুক্ত বাংলায় মরতে পারবো। আমাদের পরবর্তী পুরুষকে আর পরাধীনতার গ্রানি সহ্য করতে হবে না। কি গৌরব এ ত্যাগের! জয় তোমদের হবেই বাবা, ইনশাআল্লাহ জয় আমাদের হবেই। এ যুদ্ধ তো অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের যুদ্ধ। দুর্ভাগ্য, অনেক বয়েস হয়েছে আমার। অস্ত্র ধরবার ক্ষমতা এখন আর নেই। কিন্তু তবুও যদি আমাদের মত নিরস্ত্র হয়ে সামনে আসতো শত্রু, তবে এ বয়সেও একবার দেখিয়ে দিতাম বিশ্বাসঘাতকের কি শাস্তি।" ভাবছিলাম সাড়ে সাত কোটি বাঙালীর এই আর্শীবাদের উপর শ্রদ্ধা রেখে, মাতৃভূমিকে মুক্ত করবার প্রতিজ্ঞা নিয়েই তো অসংখ্য রণাঙ্গনে বাংলার রত্নরা সদাসচেতন প্রহরী হয়ে রয়েছে হানাদার পাকিস্তানী বাহিনীর মোকাবেলা করার জন্য। চিন্তা করার আর সময় হয়নি। বৃদ্ধকে মৌখিক শ্রদ্ধা নিবেদনও করা হয়নি। হঠাৎ শুনতে পেয়েছিলাম মারণাস্ত্রের বিকট আওয়াজ। খুব কাছে। কয়েক সেকেণ্ড পরে খেয়াল হল অদূরে পাইকারহাটির ডাববাগানে মুক্তিবাহিনীর ছাউনির কথা-আমাদের বাহিনীর ৬০ জন মুক্তিসেনার কথা। তখন বেলা প্রায় দুটো।। পাকিস্তানী বাহিনীর সৈন্যরা ১৪ খানা ট্রাকে সম্পূর্ণ প্রস্তুত হয়ে কাশিনাথপুর থেকে আসছিল বাঘাবাড়িঘাট অভিমুখে। মাঝপথে ডাববাগানে। ট্রীগারে হাত রেখে মুক্তি বাহিনীর জোয়নরা প্রস্তুত। শত্রুসেনাদের ট্রাকগুলো ওদের আওতায় এসে পড়বার সঙ্গে সঙ্গে গর্জে উঠলো মুক্তিসেনাদের রাইফেল আর ব্রেনগানগুলি। শত্রুবাহিনীর পাঁচখানা সৈন্যবাহী ট্রাক অকেজো হয়ে গেল গুলির আঘাতে। প্রাণ দিল ৫০/৬০ জন পাকিস্তানী সৈন্য। এ যুদ্ধে আমাদের বাহিনীর একজন গুরুতররূপে আহত হয়েছিল- EPR- এর লোক। অদ্ভূত শরীর। তার গায়ে বিদ্ধ হয়েছিল ৫/৬টা বুলেট। অচেতন অবস্থায় তাকে নিয়ে আসা হল ফ্রন্ট থেকে। ডাক্তারগণ তাকে ঔষধ দিচ্ছেন- অপারেশন করে তার শরীর থেকে শত্রুবাহিনীর বুলেট বের করছেনর। বাঁচার আশা খুবই কম। আমরা সেবা করছি কায়মনোবাক্যে। ও চোখ মেলে চাইলো। জিজ্ঞেস করলেও মুক্তিসেনাদের কুশল, অগ্রগামী অবস্থানের পরিস্থিতি। মুমূর্ষ অবস্থায়ও ওর চোখে-মুখে প্রকাশ পাচ্ছিল মাতৃভূমিকে শত্রুমুক্ত করার দুর্জয় প্রতিজ্ঞা। করুণাময় আল্লাহতায়ালার অসীম কৃপায় ও বেঁচে আছে। মনে হয় বাংলার কোন প্রান্তে আবার সে অস্ত্র তুলে নিয়েছে শত্রুসেনাকে সমুচিত শিক্ষা দিতে। খোদার অসীম রহমত আছে ওর উপর, কারণ ও তো সত্য প্রতিষ্ঠার জন্য লড়াই করছে। পরে পাকিস্তানী বাহিনীর কামান আর মর্টারের আঘাতে ডাববাগান নিশ্চিহ্ন হয়ে গিয়েছিল। ধ্বংস হয়েছিল পাশ্ববর্তী গ্রামগুলো। মুক্তিযোদ্ধারা তবুও নির্ভয়। তারা আবার ঘাঁটি গড়ালো ঘ্যাটনা ব্রীজের তলায়। পণ করলো, পাকস্তানী বাহিনীকে কিছুতেই সিরাজগঞ্জের দিকে অগ্রসর হতে দেওয়া হবে না কয়েকদিন পর শত্রুসেনারা ট্রেনে সৈন্য বোঝাই করে সম্পূর্ণ প্রস্তুত হয়ে অগ্রসর হচ্ছে সিরাজগঞ্জের দিকে। কিন্তু মুক্তিসেনারা ঘ্যাটনা ব্রীজের কাছে রেলের ফিস-প্লেট তুলে রেখেছে। ট্রেন থেমে গিয়েছে। পাকিস্তানী সৈন্যরা ট্রেন

থেকে নেমেছে মেরামত করার জন্য। এ সময়ের জন্যই ওৎ পেতে বসে ছিল মুক্তিসেনারা-সংখ্যায় মাত্র ১০ জন। সঙ্গে সঙ্গে গর্জে উঠলো তাদের রাইফেল। ভূলুণ্ঠিত হল আক্রমণকারী পাকিস্তানী সৈন্য বাহিনীর ১৫/১৬ জন সৈন্য। শত্রুসেনারা মেশিনগান, মর্টার আর রকেট ব্যবহার করেও মাত্র ১০ জন মুক্তিকামী বাঙালীর সামনে দিয়ে সেদিন ঘ্যাটনা ব্রীজ অতিক্রম করতে পারেনি। নরপিশাচ পাকিস্তানী সৈন্যরা তখন ফিরে উল্লাপাড়া গ্রামে চলে যায়। নিরপরাধ জনগণের বাড়িঘর পুড়িয়ে দেয়, হত্যা করে নিরস্ত্র লোকজনকে। আশ্চর্য পৌরুষ পাকিস্তানী সৈন্যদের। মুক্তিবাহিনীর হাতে মার খেয়ে নিরস্ত্র মানুষ মারার অদ্ভুত মনোবল! আরও আশ্চর্য ইসলামপ্রীতি এহিয়া খানের! ইসলাম কি কোথায়ও নিরস্ত্র, নিরপরাধ লোককে হত্যা করার অনুমতি দিয়েছে? অনুমতি দিয়েছে কি অসংখ্য নিরপরাধ লোকের বাড়িঘর পুড়িয়ে দেয়ার, খাদ্যশস্য নষ্ট করার? মেয়েদের উপর পাশবিক অত্যাচার করার?

জানি, এহিয়া খান এসব প্রশ্নের উত্তর দিতে-পারবে না। কিন্তু যত অত্যাচারই করুক না কেন বাংলার জনগণ এবার এদের উৎখাত করবেই। একজন বাঙালী জীবিত থাকলেও সে পাকিস্তানী বাহিনীর সঙ্গে যুদ্ধ করবে। বাংলাকে মুক্ত করবে। আমরা পশুর-মত বাঁচতে পারি না। আমাদের মা-বোনের ইজ্জত নিয়ে যারা ছিনিমিনি খেলেছে তাদের আমরা ক্ষমা করতে পারি না। তাইতো সেদিন বাংলার সোনা ফলানো মাঠের মধ্য দিয়ে আসবার সময় কয়েকজন কৃষক আমার কাছে এসেছিল। ওরা বলছিলো, ''তিন গাঁয়ের লোক সভা করে ঠিক করেছে-যদি গায়ে মিলিটারী আসে তবে লাঠি, দা আর বর্শা নিয়েই তাদের খতম করব। গায়ের একটা পুরুষ লোক বেঁচে থাকতে একটা মিলিটারী ঢুকতে পারবে না। পুরুষ লোক বেঁচে থাকতে গায়ের মেয়েদের উপর মিলিটারী এত অত্যাচার করবে তা হতে দেওয়া হবে না।'' ওরা জানে ওদের লাঠি আর বর্শা মিলিটারীর মারণাস্ত্রের তুলনায় কত নগণ্য। কিন্তু কি অদ্ভুত প্রত্যয়! এহিয়া খান, তুমি এদের পরাভূত করতে পারবে কি?

(এই কথিকাটির লেখকের নাম জানা যায়নি)

২৭ জুলাই, ১৯৭১

অসম সাহসীর অধিকারী মুক্তিবাহিনীর হাতে নরপশুরা মার খেয়ে চিরতরে বিদায় নিয়েছে, আর অনেকে হাসপাতালে পা-হাত হারিয়ে কাতরাচ্ছে। তাদের বন্ধুরা সেসব দেখেশুনে আতঙ্কিত হয়ে পড়েছে। ইতিমধ্যে বাংলাদেশের বিভিন্ন এলাকা হতে যেসব বংবাদ পাওয়া গেছে তাতে মনে হয় 'ছেড়ে দে মা পালিয়ে বাঁচি' এই পুরাতন কথাটি ওরা জেনে ফেলেছে। কারণ, পশ্চিম পাঞ্জাবী কুকুরদের সঙ্গে বালুচ ও পাঠান সৈন্যদের তীব্র মতদ্বন্দ্ব দেখা দেয়। পশ্চিম পাঞ্জাবী অধিনায়ক অনেক জায়গায় বালুচ ও পাঠান সৈন্যাদের নিরীহ নিষ্পাপ গ্রামবাসীদের উপর গুলি করে হত্যার নির্দেশ দিলে এই মতবিরোধের সৃষ্টি হয়। যার ফলে সৈন্যদের মধ্য হতে একটা বিরাটসংখ্যক অংশ বাঙালীদের সঙ্গে যুদ্ধ করতে রাজী নয়, এ দৃষ্টান্ত কয়েকটা ঘটনায় সোচ্চার হয়ে উঠেছে। কিছুসংখ্যক পাঠান সৈন্য মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পণ করে মুক্তিফৌজে যোগদানেরও ইচ্ছা প্রকাশ করেছে। অনেকে নিজের পায়ে নিজেরা গুলি করে হাসপাতালে ভর্তি হয়েছে। তারা জানে মুক্তিবাহিনীর সঙ্গে

লড়াই করে এ পৃথিবী হতে চিরবিদায় না নিয়ে আহত হয়ে হাসপাতালে থাকা অনেক ভাল। তবুও আশা থাকবে ভাল হয়ে মা, ভাই, বোন, স্ত্রী, পুত্র পরিজনের সঙ্গে দেখা করার।

স্পষ্টতই পাক বাহিনী ভীষণভাবে আতঙ্কিত হয়ে পড়েছে। এমনকি সেদিন পাক পশুদের একটা চলন্ত গাড়ির সামনে একটি বোমা ফুটলে গাড়ি থামিয়ে ড্রাইভার সমেত অস্ত্রশস্ত্র ছেড়ে সকলেই নেমে পালাতে আরম্ভ করে। তখনই মুক্তিবাহিনীর কয়েকজন ও জনগণ গিয়ে গুলি না করে ছুরি দিয়ে পাক পশুদের কতল করে ফেলে। এই চার মাসের যুদ্ধে পাক পশুরা সেখানে যেভাবে নতুন নতুন কলাকৌশল করে প্রস্তুত নিয়েছে, পরক্ষণেই মুক্তিবাহিনী চারদিকে থেকে আক্রমণ করলে আস্তানাতেই চিরতরে মৃত্যুর কালো অন্ধকারে লুটিয়ে পড়েছে। এসব দেখেশুনে পাক পশুরা বাঙালীদের সঙ্গে আর যুদ্ধ করতে রাজী নয়। তাছাড়া বেশ কিছুদিন হতে পশ্চিম পাকিস্তানের যে সমস্ত লোক বাংলাদেশে এসে ব্যবসা-বাণিজ্য ও এক নম্বর লাইসেন্স নিয়ে কণ্ট্রাকটরি করত এবং বড় বড় চাকরিজীবী হয়ে বাংলার মাটিতে আধিপত্য বিস্তার লাভ করে ঘরবাড়ি, আসবাবপত্র তৈরি করে ছেলেমেয়ে নিয়ে বসবাস করত, তাদের অনেকেই এদেশ থেকে চলে গেছে। খুলনা পোর্ট হতে জাহাজ ভর্তি হয়েছে তাদের মালপত্র-জীপ, ট্যাক্সি, খাট, আলমিরা, আসবাবপত্র ও এমন কি যাত্রীবাহী বড় বড় বাস পর্যন্ত। এইসব মালপত্র নিয়ে সাগর পাড়ি দিয়ে পশ্চিম পাকিস্তানে চলে গেছে। বাংলাদেশে কার্যরত সব লোকই খুব ভালভাবেই উপলব্ধি করতে পেরেছে এদেশে তাদের থাকা চলবে না। একটা ঘটনার উল্লেখ করি। বেশ কিছুদিন আগে পশ্চিম পাকিস্তানী পশুদের মেজর খান আলতাফ হোসেনের ভাই, যিনি একজন সি এ্যাণ্ড বি'র প্রথম শ্রেণীর কণ্ট্রাকটর, তিনি বক্তব্যগুলি তার আর এক বাঙালী প্রথম শ্রেণীর কণ্ট্রাকটর ঘনিষ্ঠ বন্ধুর কাছে পেশ করে বলেন, ''রহমান সাহেব, এদেশে আমরা থাকতে পারব না। ভাইয়ের কাছে অনেক কিছু শুনলাম। যে কটা টাকা-পয়সা আছে তা নিয়ে আমি পশ্চিম পাকিস্তানে চলে যাচ্ছি। আর আমার যে সমস্ত জিনিসপত্র রয়েছে, তা আপনাকে দিয়ে চলে যাব। আপনাদের দেশ মুক্ত হবার পর বেঁচে থাকলে পরে দেখা হবে।'' এমন কি খুব গোপনভাবে তিনি বলে গেলেন, 'তার ভাই যশোর ক্যান্টনমেন্টে রয়েছেন কিন্তু খুলনায় থাকা বেশী নিরাপদ নয় মনে করে চলে আসতে চান- কখন কোন সময় কি হয় তার ভয়ে।' এখন বুঝতেই পারা যাচ্ছে তাদের মনোবলের মিটার কত নীচুতে নেমে গেছে। অথচ টিক্কা এত ধাক্কা খাওয়ার পরও চিন্তা করতে পারে না কি গতি হবে তার। আর জঙ্গী এহিয়া ইসলাবাদের স্বপ্নপুরীতে থেকে মুক্তিবাহিনীর মার কি রকম কি করে বুঝিতে পারবে? যে স্বপ্নপুরী একদিন ওর বাপ বাংলার সাড়ে সাত কোটি মানুষের রক্ত চুষে অর্থ নিয়ে গড়ে তুলেছিল, সেখানে শুধু লালপানির শ্রাদ্ধ করা হয়। আর এদিকে তার দালাল ভাইস অ্যাডমিরাল মোজাফফর হাসান ঐ বর্বর কুকুরদের আস্তানায় আস্তনায় সাহস যোগাতে বেরিয়ে পড়েছে। হলে কিজ হবে, ফলে যে হচ্ছে তার উল্টো। মুক্তিবাহিনীর হাতে ওরা দিনের পর দিন মার খেয়ে হয়েছে দিশেহারা।

ছিঃ ছিঃ লজ্জা করে একটা কথা বলতে; মুক্তিবাহিনীর হাতে এত মার খাওয়ার পরেও ইয়াহিয়া আজও ভারতকে দোষারোপ করছে। লজ্জাহীনকে শিক্ষা দিতে হলে কিছুটা নির্লজ্জ না হয়ে পারা যায় না। এখন পর্যন্ত তো বাংলার মুক্তিবাহিনীকে স্বীকার করা হল না, অথচ মুক্তিবাহিনী বাংলার মাটিতে থেকে আজ হতে প্রায় চার মাস ধরে অবিরাম লড়াই করে যাচ্ছে, তবুও তারা ভারতের দুষ্কৃতকারী। যদি তাই-ই হয় তাহলে ইয়াহিয়ার প্রিয় দালাল ও পাক সেনাদের জিজ্ঞাসা করলেই তো সঠিক খবরটা পাওয়া যাবে। কারা তারা, যাদের ভয়ে ভীতসন্ত্রস্ত হয়ে পিছনে সরে যাচ্ছে? দালালেরা কিছুদিনের জন্য পরিত্রাণ পাবার আশায় তো রাজাকার বাহিনী করেছে। আর এই রাজকার বাহিনীতে যতসব চোর, বাটপার, বদমাইশ ও ডাকাতদের নেয়া হয়েছে- যারা সমাজের কাছে ঘৃণার পাত্র এবং যাদের সমাজে কোন ঠাঁই নেই। এদে রমধ্যে অবশ্য অনেকে জেল-হাজতে ছিল। এই সমস্ত লোকেরাই পাক পশুদের লুটতরাজ ও ঘরবাড়ি জ্বালিয়ে পুড়িয়ে দিতে সাহায্য করেছিল। তাদের নাম ইতিমধ্যে মুক্তিবাহিনীর কাছে ধরা পড়েছে। আসলে মুক্তিবাহিনীর হাত থেকে জীবন রক্ষার্থে রাজকারের খাতায় নাম লিখেছে। অথচ দেখা গেছে, পাক বাহিনী এদেরকে ভালোভাবে বিশ্বাসও করে না। ঐ রাজাকারেরা

এখন শুধুমাত্র মুসলিম লীগ ও জামাতে ইসলামের কতগুলি দালালের দেহরক্ষী হিসাবে রাইফেল ঘাড়ে করে চলে, কোন সময় মুক্তিবাহিনীর সম্মুখীন হলেই অস্ত্রশস্ত্র ছেড়ে পালিয়ে যায়।

এদিকে আবার ইয়াহিয়া ডিফেন্স সার্টিফিকেট, সেভিংস সার্টিফিকেট ও প্রাইজবণ্ড কেনার কতই না আহ্বান জানাচ্ছে: কিন্তু বিশ্বসঘাতক এহিয়া জানো যে অন্ধ তার লাঠি একবারই হারায়। যে ভুল বাঙালী একবার করেছে, তার পুনরাবৃত্তি আর করতে পায় না। কারণ তারা জানে এসব টাকা-পয়সা কোন দিনই আর ফিরে পাওয়া যাবে না । বাঙালীদের জানতে বাকি নাই যে, এগুলোর হেড অফিস ঐ দালালদের দেশে। সে জন্যই ব্যাঙ্ক-বীমার টাকা জমা দেয়া ও প্রিমিয়াম বন্ধ হয়ে গেছে। আজকে ইন্সুরেন্সের প্রিমিয়ার দিতে গেল কোন দিনও আর সে টাকা ফিরে পাওয়া যাবে না। বরং ওদের অর্থনৈতিক অবস্থাকে আরও শক্তিশালী করা হবে। অবশ্য বাংলদেশ মুক্ত হবার পর বাংলাদেশ সরকার এর একটা ব্যবস্থা করবে। আমরা পশ্চিম পকিস্তানী দালালদের কোন মালপত্র খরিদ করবো না। কোন কাপড়-চোপড় আমরা না কিনলে ওদের গুদামে সব জমা হয়ে হয়ে পচবে। এ জন্যই ওদের কল-কারখানা বন্ধ হতে বাধ্য। ইতিমধ্যে অনেক মিল ও কারখানা হতে শ্রমিক ছাঁটাই আরম্ভ হয়েছে। আমরা ওদের অর্থনৈতিক অবস্থাকে চিরতরে ভেঙ্গে চুরমার করে দেবো। বাংলার মানুষকে ফাঁকি দিয়ে অর্থ সঞ্চয় করবার দিন ঐ ২৫শে মার্চের রাত ১০টায় ফুরিয়ে গেছে। যারা আজ পশ্চিম পাকিস্তানী দ্রব্য দেখেশুনে খরিদ করছে, তারা নরঘাতক এহিয়ার হাতকে শক্তিশালী করতে সহায়তা ছাড়াও বাংলার সম্পদ ভোগ করে বাংলার সাড়ে সাত কোটি মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছে। বাংলার মাটিতে জন্ম নিয়ে, বাংলার সম্পদ ভোগ করে বাংলার মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা যে কত বড় অপরাধ তার কৈফিয়ৎ ওদের দিতে হবে জীবন দিয়ে। বাঙালীরা তাদের অধিকার ও স্বাধীনতা রক্ষা করবেই করবে- যার জন্য দিনের পর দিন গ্রাম বাংলার প্রতিটি ছাত্র, শ্রমিক ও যুবকেরা এসে মুক্তিবাহিনীতে যোগদান করছে। এরা সকলেই স্বাধীনতা রক্ষার বজ্রকঠিন শপথ নিয়ে বাংলার পথে-প্রান্তরে ঐ কুকুরদের চিরতরে নিশ্চিহ্ন করে দেবার জন্যেই বেরিয়ে পড়েছে। তারা জানে, অমবস্যার কালো অন্ধকারে ভেদ করে অচিরেই লাল সূর্য আলোয় ভরা আভা নিয়ে পূর্বদিগন্তে উদিত হবে।

(অধ্যাপক এম, এ, সুফিয়ান রচিত)

শেখ মুজিবের বিচার প্রহসন

২৭শে জুলাই, ১৯৭১

(দ্বিতীয় পর্যায়)

বাংলদেশ রত্নাগর্ভা। বাংলাদেশে শুধু সম্পদ নয়, আছে মানুষের মত মানুষ। বাংলাদেশের জননেতারা যুগের পর যুগ, বছরের পর বছর নিজ দেশের জনগণকে ভালোবেসে যে নির্যাতন ভোগ করেছেন, তার তুলনা সমকালীন ইতিহাসে নেই। বঙ্গজননী তার কোলে শুধু তীতুমীর, ক্ষুদিরাম, সূর্যসেন, বাঘা যতীনদের মত বিপ্লবীদের ধারণা করেনি, করেছে চিত্তরঞ্জন, এ কে ফজলুল হক, হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মত বিখ্যাত নিয়মতান্ত্রিক নেতাদেরও। নিয়মতান্ত্রিক নেতা হয়েও এরা দেশের জন্য কম নির্যাতন ভোগ করেননি। শেরে বাংলা ফজলুল হককে পাকিস্তানের তৃতীয় বড়লাট গোলাম মোহাম্মদ 'দেশদ্রোহী' আখ্যা দিয়ে নজরবন্দী করেছিলেন। এই বৃদ্ধ সর্বজনমান্য নেতাকে পশ্চিম পাকিস্তানের শয়তান শাসকচক্র ঈদের নামাজের জামাতেও যোগ দিতে দেয়নি। এর চাইতেও নির্মম ও নিষ্ঠুর আচরণ করা হয়েছে হোসেন শহীদ সোহরাওয়ার্দীর সঙ্গে। হৃদরোগে আক্রান্ত এই নেতাকে বৃদ্ধ বয়সে 'রাষ্ট্রদ্রোহিতামূলক ষড়যন্ত্রের' কাল্পনিক অভিযোগে দীর্ঘ ছয় মাস

জেলে আটকে রাখা হয়েছে। জেলেই তার স্বাস্থ্য ভেঙ্গে পড়ে। মুক্তিলাভের পর দেশের বাইরে সুদূর বৈরুতে প্রিয় পরিজনের সান্নিধ্য থেকে বহুদূরে নিঃসঙ্গ অবস্থায় তার মৃত্যু ঘটে। বাংলাদেশের আরেক জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী। তিনি এখনো আমাদের মধ্যে আছেন। ১৯৫৪ সালে বাংলাদেশের ঐতিহাসিক সাধারণ নির্বাচনের পর গিয়েছিলেন লণ্ডনে। তিনি দেশে ফেরার আগেই হয়ে গেল সব ওলট-পালট। যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে কলমের এক খোঁচায় বরখাস্ত করে দিলেন বড়লাট গোলাম মোহাম্মদ। ফজলুল হক হলেন নজরবন্দি। গোলাম মোহাম্মদের স্বরাষ্ট্রমন্ত্রী ইসকান্দার মীর্জা হুঙ্কার ছেড়ে বললেন, 'মওলানা ভাসানী যদি দেশে ফেরেন, তাকে আমি গুলি করার নির্দেশ দেব।'

বিবরণ দিতে গেলে এক মস্তবড় পুঁথি তৈরি করা যায়। বাংলাদেশের এমন একজন নেতা, এমন একজন রাজনৈতিক কর্মী ও বুদ্ধিজীবী নেই যাকে পাকিস্তানের ফ্যাসিস্ট শাসকচক্র হয়রানি করেনি, নির্যাতন করেনি, অমর্যাদা করেনি। তাই এবারেও বৃটিশ পার্লামেন্টারী প্রতিনিধিদলের কাছে পাকিস্তানের বর্তমান ফ্যাসিস্ট জঙ্গীচক্রের নাক ইয়হিয়া খাঁ যখন বলেন 'শেখ মুজিব একজন ক্রিমিনাল, তখন আমরা বিস্মিত হই না। ইয়াহিয়ার মত একজন অর্ধশিক্ষিত বর্বরের কাছ থেকে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের প্রাণপ্রিয় নেতা সম্পর্কে এর চাইতে শোভন ও ভদ্র ভাষা আমরা আশা করি না। যে ব্যক্তি নিজে ক্রিমিনাল,যার হাতে এখনো নিরীহ-নিরপরাধ বাঙালীর বুকের তাজা রক্ত লেগে রয়েছে, ইতিহাসের সেই জঘন্যতম খুনী দস্যু বাংলার ইতিহাস সৃষ্টিকারী এক মহান জননায়ক সম্পর্কে শ্রদ্ধাভরে কথা বলবেন, এটা কেমন করে সম্ভব হয়?

আমি আগেই বলেছি, বাংলাদেশে অনেক মহান নেতা জন্মেছেন। দেশের জন্য তারা যথেষ্ট কষ্ট ভোগ করেছেন, নির্যাতন সহ্য করেছেন। তারা সকলেই আমাদের শ্রদ্ধেয়। তবু এ কথা স্বীকার করতেই হবে, নির্যাতন বরণ ও নেতৃত্বাদানের ক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিব যুগ সৃষ্টিকারী নেতা। তার ত্যাগ, সাহস ও ব্যক্তিত্ব অতুলনীয়। তিনি এখন শুধু বাঙালীর নয়নমণি নন, কিংবদন্তীর রাজা। জীবনের শ্রেষ্ঠ প্রায় বারটি বছর তিনি কাটিয়েছেন জেলে। ইয়াহিয়ার আগে আইয়ুব একবার তার গলায় ফাসিঁর রজ্জু পরাতে চেয়েছিলো। পারেনি। এখন আবার সেই ফাঁসির রজ্জু হাতে নিয়ে খুনী ইয়াহিয়া নতুন খুনের নেশায় মত্ত হয়ে উঠেছে। শেখ মুজিবের অপরাধ তিনি বাংলাদেশকে ভালোবাসতেন। বাংলাদেশের মানুষ তাকে ভালোবাসে। শেখ মুজিব বাংলাদেশের ইতিহাসে যে অধ্যায় যোজনা করেছেন, তার কোন দ্বিতীয় নজির নেই। একটি নিয়মতান্ত্রিক গণআন্দোলনকে রজনৈতিক প্রজ্ঞা ও নেতৃত্বের প্রভাবে তিনি রূপান্তরিত করেছেন বিপ্লবে। বিপ্লবকে রূপান্তরিত করেছেন মুক্তিযুদ্ধে। বাংলাদেশের প্রতিটি মানুষ আজ মুক্তিযোদ্ধা। বাংলাদেশের নিরীহ নিরস্ত্র মানুষ ইতিহাসের সবচাইতে জঘন্য ও বর্বর হত্যাকাণ্ড রুখে দাঁড়িয়েছে। আধুনিক অস্ত্রে সজ্জিত একটি সুদক্ষ ও শক্তিশালী সেনাবাহিনীর সঙ্গে বলতে গিয়ে প্রায় খালি হাতে লড়ছে। এ কি ইতিহাসের কম বড় বিস্ময়? এই অসম্ভব সম্ভব হয়েছে একটিমাত্র মানুষের সবল ও প্রেরণাদানকারী নেতৃত্বের জন্য। একটি নামই আজ বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের মুক্তি সংগ্রাম। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বাংলাদেশের সংগ্রামী ইতিহাস বঙ্গবন্ধুকে সৃষ্টি করেছে। আর বঙ্গবন্ধু সৃষ্টি করেছেন বাংলাদেশের নতুন সংগ্রামী ইাতহাস। তাই বাংলাদেশের ঘৃণ্য শত্রুইয়াহিয়া, হামিদ ও টিক্কা খাঁর দল এই ইতিহাস এবং এই ইতিহাসের নায়ক শেখ মুজিবকে ধ্বংস করার জন্য পাগলা কুকুরের মত হয়ে উঠেছে। শেখ মুজিবকে জেলে বন্দী রেখে কাপুরুষ ইয়াহিয়া সাহস ও স্বস্তি পাচ্ছে না। সুতরাং বিচারের নামে তাকে হত্যা করার এই শয়তানি চক্রান্ত।...

(আবদুল গাফফার চৌধুরী রচিত)

২০শে আগস্ট, ১৯৭১

(এই পর্যায়ের শেষ আলোচনা)

সত্তরের নির্বাজচনবিজয়ী বাংলাদেশের একচ্ছত্র জাতীয় নেতা শেখ মুজিবুর রহমানকে হত্যা করার গোপন চক্রান্ত চলছে পকিস্তানী নাৎসীদের জেলে। এটা যেবিচার নয়, বিচার প্রহসন এবং হত্যা করার নারকীয় চক্রান্ত,

সে সম্পর্কে বিশ্বের কোন দেশের কোন মানুষের মনে এতটুকু সন্দেহ নেই। শেখ মুজিবের বিচার প্রহসন সম্পর্কে ইউরোপের প্রভাবশালী দৈনিক 'ক্রিশ্চিয়ান সায়েন্স মনিটর' পত্রিকা গত ১২ই আগস্ট তারিখে এক সম্পাদকীয় প্রবন্ধে বলেছেনঃ ''এই বিচারে বিদেশী সাংবাদিকদের পর্যন্ত উপস্থিত থাকতে দেয়া হচ্ছে না। বিদেশের সংবদাপত্রগুলোর প্রতি ইসলাবাদের এই অবিশ্বাস, পাকিস্তানের কল্যাণ সাধন করবে না।''

'ক্রিশ্চিয়ান সায়েন্স মনিটর' পত্রিকা ঠিকই বলেছেন। তবে তিনি বলছেন বিদেশী সাংবাদিকদের প্রতি ইসলামাবাদের জঙ্গীচক্রের অবিশ্বাস, আসলে সেটা ভয়। ইয়াহিয়া জানে, গত ২৫শে মার্চ রাতে ঢাকায় বিদেশী সাংবাদিকেরা ছিলেন বলেই, তার পৈশাচিক হত্যাকাণ্ডের কথা বিশ্ববাসী জানতে পেরেছে। আজো শেখ মুজিবের তথাকথিত প্রহসন যদি বিদেশী সাংবাদিকরা উপস্থিত থাকেন, তাহলে আসল কথা ফাঁস হয়ে যাবে। ধরা পড়বে আসল অপরাধী ইয়াহিয়া এবং তার বেঈমান খুনী চক্র। তাই বিচারের নামে খুনী ইয়াহিয়ার এই কঠোর গোপনীয়তা। প্রতি যুগে বিচারের নামে ইয়াহিয়ার মত খুনীচক্রের যে হত্যালীলা, তারই প্রতি ধিক্কার জানিয়ে রবীন্দ্রনাথ লিখে গেছেন-

'আমি যে দেখেছি প্রতিকারহীন শক্তের অপরাধে

বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।'

পশ্চিম পাকিস্তানে ইয়াহিয়ার খুনীচক্রের ষড়যন্ত্রে আজ এই বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদছে। তবে কবিগুরু, তোমোকে আজ সাড়ে সাত কোটি বাঙালী দৃঢ় আস্থার সঙ্গে এই আশ্বাস দিতে পারে, বাংলাদেশে প্রতিকারহীন শক্তির যুগ শেষ হয়ে গেছে। শয়তান ইয়াহিয়া চক্র আজ বাংলাদেশে প্রতিকারহীন শক্তি নয়। এই জানোয়ারদের, এই বর্বর পশুশক্তির পৈশাচিক অত্যাচারের প্রতিকার করার জন্য বাংলাদেশের তরুণরা আজ অস্ত্রধারণ করেছে। বাঙালী মুক্তিবাহিনী আজ অজেয়, অপরাজেয়, অপ্রতিরোধ্য। এই অপরাজেয় মুক্তিবাহিনীর ভয়ে কাপুরুষ ইয়াহিয়া ঢাকা আগমনের সাহস পাচ্ছে না। টিক্কা এবং সৈন্যরা আশ্রয় নিয়েছে ছাউনিতে।

এখন প্রশ্ন, এত শীঘ্র শেখ মুজিবকে বিচারের নামে হত্যা করার জন্য পাগলা কুকুরের মত কেন হন্যে হয়ে উঠেছে ইয়াহিয়া? এই প্রশ্নের জবাব অত্যন্ত সোজা। মূর্খ ইয়াহিয়া ভেবেছে- এক. শেখ মুজিবকে হত্যা করা হলে বাংলাদেশে মুক্তিবাহিনীর উৎসাহ নষ্ট হবে এবং মুক্তিযুদ্ধ ব্যর্থ হবে; দুই. বাংলাদেশ নেতাহীন হবে এবং তার প্রতিরোধ শক্তি ধ্বংস হবে; তিন. শেখ মুজিব বেঁচে না থাকলে বাংলাদেশের সারা এলকা স্বাধীন হলেও তাকে সংগঠিত ও স্থিতিশীল করার মত কোন নেতা ও সংগঠন থাকবে না।

আগেই বলেছি, অতীতের ইতিহাস থেকে কোন শিক্ষা গ্রহণ করেনি এই মূর্খ ইয়াহিয়া। নইলে সে জানতো, আইয়ুবের আমলে এই পরীক্ষা একবার নয়, বহুবার হয়ে গেছে। ১৯৬৬ সালে যখন বঙ্গবন্ধু ঐতিহাসিক ছয় দফার আন্দোলন শুরু করেন, তখন আইয়ুব বঙ্গবন্ধুকে দীর্ঘকালের জন্য কারাগারে রেখে ভেবেছিল আন্দোলন ব্যর্থ হবে। শেখ মুজিবকে ছাড়া তার হাতে গড়া আওয়ামী লীগ এই আন্দোলনকে টিকিয়ে রখতে পারবে না। আইয়ুবের এই দুরাশা ব্যর্থ হয়। ১৯৬৭ সালে কুচক্রী নওয়াবজাদা নসুরল্লাকে হাত করে পশ্চিম পাঞ্জাবের চৌধুরী মোহম্মদ আলী চক্র ভেবেছিল, শেখ মুজিব জেলে রয়েছেন এই সুযোগে আওয়ামী লীগকে ভেঙে তাদের পকেট প্রতিষ্ঠানে পরিণত করা যাবে। কিছু লোককে হাত করে এজন্য তারা চেষ্টাও চালিয়েছিলেন, কিন্তু নসরুল্লার এই চক্রান্তও সফল হয়নি। ১৯৬৮ সালে যখন তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলা শুরু করা হয়, তখনও আইয়ুব চক্র ভেবেছিল শেখ মুজিবকে জেলে রেখে এই মামলার বিচার চালানো হলে দেশে নেতৃত্বের অভাবে কোন আন্দোলন হবে না। আইয়ুবকে এই ভুলের খেসারত দিতে হয়েছে অত্যন্ত কঠোরভাবে। ১৯৬৯ সালে বাংলাদেশে শেখ মুজিবের মুক্তি এবং গণতন্ত্র ও স্বায়ত্তশাসনের দাবীতে যে গণবিপ্লব হয়, তখনো শেখ

মুজিব কারাগারে। তার অনুপস্থিতিতে আওয়ামী লীগের নবীন অথচ সংগ্রামী নেতারা এবং আওয়ামী লীগের প্রতি সহানুভূতিশীল ছাত্রনেতারা এই বিপ্লবকে সাফল্যের দিকে নির্ভূলভাবে পরিচালনার করেন।

ইয়াহিয়া বাংলাদেশের এই বিপ্লবী ইতিহাস জানে না তা নয়। কিন্তু মানবতাবোধ ও ইতিহাসজ্ঞান বর্জিত এক মূর্খ সেনাপতির কাজ থেকে রাজনৈতিক দূরদৃষ্টি ও প্রজ্ঞা আশা করা বাতুলতা। ইয়াহিয়া এবং তার চারপাশে জমায়েত জঙ্গী নায়কেরা জানে না, একজন ব্যক্তিকে হত্যা করা যায়; কিন্তু একটি আইডিয়া বা আদর্শকে হত্যা করা যায় না। শেখ মুজিব আজ শুধু একজন ব্যক্তি নন, একটি সংগ্রামী আইডিয়া বা আদর্শ। বাংলাদেশের বর্তমান সংগ্রামী জাতীয়তা এবং তার সংগ্রামী সংগঠন আওয়মী লীগের সাংগঠনিক ভিত্তি শেখ মুজিবরূপী এই আদর্শ। এই আদর্শেই আওয়ামী লীগ এবং বাংলাদেশের মুক্তিসেনারা আজ বলীয়ান। শেখ মুজিব যদি সশরীরে এই আদর্শ রূপায়ণে নেতৃত্বের ভূমিকায় থাকতে পারেন, তাহলে সারা বাংলাদেশের ও বাঙালী জাতির পরম গৌরব। আর তিনি যদি কোন চক্রান্তের শিকার হয়ে নাও থাকেন, তাহলেও তার প্রদর্শিত পথেই আওয়ামী লীগ ও বাঙালী জাতির জয়যাত্রা অব্যাহত থাকবে। শেখ মুজিব আজ দেশের বাইরে বহুদূরে কারান্তরালে রয়েছেন; তবু তার প্রদর্শিত পথে অবিচল থেকে আওয়ামী লীগ বর্তমানে একটি সুসংগঠিত সংগ্রামী প্রতিষ্ঠান। স্বাধীন গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারে শক্তি ও স্থিতিশীলতা দিন দিন বেড়ে চলেছে। মুক্তিযোদ্ধারা দিন দিন সংগিঠত ও শক্তিশালী হচ্ছেন। সুতরাং বঙ্গবন্ধুকে হত্যার ষড়যন্ত্র দ্বারা বাঙালী জাতির এই নবঅভ্যুত্থান ব্যর্থ করার আশা মূর্খ ইয়াহিয়ার দূরাশা মাত্র।

তবে বাঙালীর নয়নমণি, জাতির প্রাণপ্রিয় মুজিব ভাইকে যদি হত্যা করা হয়, তাহলে ইয়াহিয়া চক্র নিস্তার পাবে তারা এমন আশা যেন স্বপ্নেও না করে। এই কথা স্পষ্টভাবে ঘোষণা করার সময় এসেছে। বাংলাদেশের উপরাষ্ট্রপতি সৈয়দ নাজরুল ইসলাম বলেছেন, এই হত্যাকাণ্ডের একমাত্র পরিণতি হবে পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের শতবর্ষব্যাপী যুদ্ধ। আমরা বলি, একজন বাঙালীর দেহে শেষ রক্তবিন্দু থাকতে এই পৈশাচিক হত্যার পরিশোধ না নিয়ে তারা ছাড়বে না। ইয়াহিয়া চক্র পালিয়েও প্রাণে বাঁচবে না। তোজো ও হিটলারের পরিণতি বরণই তাদের ভাগ্যে অবধারিত হয়ে রয়েছে। অন্যদিকে আমরা বিশ্বাস করি, কোটি কোটি বিশ্ববাসী এবং সাড়ে সাত কোটি বাঙালীর ভালোবাসা ও শুভেচ্ছার জোরে শেখ মুজিব ইয়াহিয়ার সমস্ত শয়তানি চক্র ব্যর্থ করে বেঁচে থাকবেন এবং তার প্রিয় জনগণের মধ্যে ফিরে আসবেন। আজ এই সংকট সন্ধিক্ষণে সেই শুভদিনের প্রতীক্ষায় আমরা দিন গুনছি।

শেখ মুজিব দীর্ঘজীবী হোন।। জয় বাংলা।। ..

(আবদুল গাফফার চৌধুরী রচিত)

পর্যবেক্ষকের দৃষ্টিতে

২৫শে আগস্ট, ১৯৭১

রোগাগ্রস্ত ভদ্রলোকের অপচেষ্টা

বিদ্রোহের অগ্নিতে ভস্মীভূত ইয়াহিয়ার পাকিস্তানে বিশ্বের বৃহত্তম উপনির্বাচন অনুষ্ঠানের আয়োজন চলছে পৃথিবীতে এতো ব্যাপক উপ-নির্বাচন বোধ হয় আর কোন দেশে হযনি। প্রকৃতপক্ষে বাংলাদেশের দখলীকৃত

এলাকায় মূক ও শঙ্কিত নাগরিকদের অস্ত্রের হুঙ্কারে একটি তথাকথিত সাধারণ নির্বাচনের স্বাদ পেতে হয়তো চলছেন। বন্দী নাগরিকদের অন্ধকূপের মধ্যে নিক্ষেপ করে ইয়াহিয়া যে উপ-নির্বাচনের ফাঁদ পেতেছেন, গণহত্যার মতোই সেটা হবে তার আর একটি ঘৃণ্য ষড়যন্ত্রমূলক রেকর্ড-প্রবঞ্চকের ডাইরীতে নতুন অধ্যায়ের সংযোজন।

ভদ্রলোক রোগগ্রস্ত। মনস্তত্ত্ববিদগণ যেমন কোন কোন রোগীর মধ্যে বিশেষ জৈবিক প্রবণতা সন্ধান পান, মনোবিজ্ঞানের চেম্বারের উপস্থিত করলে ইয়াহিয়ার মধ্যেও রক্তপাতের প্রবল উন্মদনা পরীক্ষাযন্ত্রে ধরা পড়বে।

ভাবনা আবার কিসের? সরমাকে নয়, যেন নিজেকেই সান্ত্বনা দিতে চেয়েছে জীবন। শহরে নাকি তুমুল কাণ্ড হচ্ছে। ক্ষ্যাপা কুকুরীর মত হয়ে গেছে মিলিটারী। মানুষ পেলেই গুলি। কোন বাছবিচার নেই। সরমার গলায় উদ্বেগ স্পষ্টতর হয়ে ওঠে।

: তা শহরে যাই হোক গাঁয়ে তার কি? আমাদের এখানে ত আর যুদ্ধ হচ্ছে না। জীবন সান্ত্বনা দিতে চেয়েছে।

: কিন্তু যদি হয়?

: পাগল! এই অজপাড়াগাঁয়ে মিলিটারী আসপে মরতি? আর কার সঙ্গে যুদ্ধ করবে এখেনে?

সব আশঙ্কাকে জোর করে সরিয়ে পাল্টা এক প্রত্যয়ের প্রশ্নকে বউয়ের দিকে ছুড়ে দিয়েছে জীবন। চুপ করে গেছে সরমা।

গত পরশুর ভয়ঙ্কর সকালের কথা মনে পড়ল এখন। যথারীতি সূর্য উঠেছিল, নদী থেকে এলোমেলো হাওয়া উঠে এসে গ্রামের গাছপালা, বাড়িঘর, মানুষগুলোকে ছুঁয়ে যাচ্ছিল। সেই প্রশান্ত সকালে আকাশে অনেক সঞ্চারণশীল মেঘ চোখে পাড়েছিল এবং স্পষ্ট মনে আছে জীবনের, বাড়ির পাশের গাছপালা থেকে যথারীতি পাখিদের ডাকাডাকি শুনেছিল ঘুম থেকে উঠেই।

মুখ-হাত ধুয়ে, দু'মুঠো পান্তা খেয়ে, রোজকারের মত রফিকদের বাড়িতে হাজির হয়েছিল। এই আসাটা প্রায় একটি অভ্যেসে পরিণত হয়ে পড়েছিল বেশ কিছুদিন থেকেই- কর্যত শহরে গণ্ডগোল শুরু হবার পর থেকেই। কেবল জীবন নয়, গ্রামের অনেকেই রফিকদের বাড়িতে ভিড় করত রেডিওর খবর শুনতে।

রফিকদের বাড়িতে পৌঁছে জীবন শুনতে পেল রেডিওতে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের খবর হচ্ছে এবং তার চারপাশে ছোটখাটো একটি উৎসুক জনতা। খান সেনারা মার খাচ্ছে। ক্রমাগত জিতে চলছে মুক্তিবাহিনী,

এক রণাঙ্গন থেকে অন্য রণাঙ্গনে। শিগগির বাংলাদেশ শত্রুমুক্ত হবে, রফিকের দৃপ্ত ঘোষণা ভোর বেলাকার এক মিষ্টি স্বপ্নের আমেজ বয়ে আনে যেনবা।

বেলা একটু বাড়তে দূর থেকে অবিরত এক যান্ত্রিক আওয়াজ স্পষ্টতর হয়ে ওঠে। লঞ্চের শব্দ অথবা কোন স্টীমারের। প্রত্যাশায় ব্যাগ্র গ্রামবাসীরা ভাবে। অনেকগুলো জিজ্ঞাসা পাক খায়ঃ যুদ্ধ কি শেষ হয়ে গেল তবে? হেরে গেছে খান সেনাদের দল? সেই শুভ ঘোষণা করতে আসছে বিজয়ী মুক্তিসেনারা?

দুপুরের দিকে তারা এল এবং ঝাঁপিয়ে পড়ল ঘুমিয়ে থাকা পাখির মত অসহায় গ্রামটির ওপর। গানবোট থেকে দূরপাল্লার কামানের শব্দ জেগে উঠতেই আগন্তুকের পরিচয় গোপন থাকেনি। গ্রামবাসী প্রথমে হতবুদ্ধি হয়ে পড়েছে। এ রকম একটি ভয়াবহ সম্ভাবনার কথা ওদের কল্পনাতেও অনুপস্থিত ছিল। এখন, এই নির্দয় দুপুরে, অকস্মাৎ তাকে শরীরী হয়ে উঠতে দেখে বৃষ্টির মত আতঙ্ক নামে এবং তা গড়িয়ে গড়িয়ে যায় গ্রামের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে।

গানবোটের কামানের শব্দ শুনেই দৌড়ে বাড়ি ফিরেছে জীবন। ওদের বাঁচাতে হবে- আমার বৃদ্ধা মা, স্ত্রী আর সন্তানকে। এই একটিমাত্র চিন্তায় সে একাগ্র এখন ।

দাওয়ায় বসে মা চীৎকার করে কাঁদছে, সরমার মুখ মৃতের মত ফ্যাকাসে, ছোট্ট বাবু অবাক হয়ে চেয়ে আছে- বাড়িতে পা দিতে তার সামনের দৃশ্যপটটি ছিল এই রকম।

-চল, পালাতি হবে। মিলিটারী।
কথা নয়, যেন কাঁদছে জীবন।
-না মা, কিছছু নিতে হবে না। খালি হাতে চল। শিগগির।

মা-বউ-ছেলেকে নিয়ে দ্রুত ঘর ছেড়ে বেরিয়ে পড়েছিল জীবন। এখন, এই অভাবনীয় সংকটকালে, মৃত্যু যখন একটু ওপাশে ছাঁ করে দাঁড়িয়ে, একটি নিশ্চিন্ত নির্ভাবনার আশ্রয়ের বড় প্রয়োজন।

অথচ সেই নিশ্চিন্ততার আশ্রয় ওদের জোটেনি। রাস্তার মোড়ে সৈন্যের পোশাক পরে মৃত্যু ওদের অপেক্ষায় ওঁৎ পেতে বসে ছিল। যমদূতগুলোর মুখোমুখি হতে আর্ত চিৎকার করে উঠেছে মা, গলা ছেড়ে কেঁদে উঠেছে সরমা, আর সেই সাথে ওদের হাতের মেশিনগানগুলো সক্রিয় হয়ে উঠেছে। চোখের সামনে লুটিয়ে পড়েছে মা, সরমা আর বাবু। অথচ, কি আশ্চর্য, জীবনের চুল ছুঁয়ে বেরিয়ে যায় এক ঝাঁক গুলি এবং সেই সাথে রাস্তার পাশের আগাছা ভর্তি খানার মধ্যে ঝাঁপিয়ে পড়ল সে অবিশ্বাস্য ক্ষিপ্রতায়। দ্রুত ঘন ঝোপের আড়ালে নিজেকে লুকিয়ে ফেলে শুনতে পেল বাবুর গোঙানি, ভারী ভারী বুটের আওয়াজ, বিজাতীয় ভাষার বীভৎস উল্লাসধ্বনি, সহসা কোন নারীকণ্ঠের আর্তনাদ উচ্চগ্রামে উঠে হারিয়ে যায় নিঃশব্দে। গুলির শব্দ থেমে যেতে এবং বুটের আওয়াজ ক্রমশ অপসৃয়মান মনে হতে, হামাগুড়ি দিয়ে বাইরে এসেছে জীবন। রাস্তায় তার চোখের সামনে পাশাপাশি এলোমেলো শুয়ে তার জননী, তার জায়া, তার একমাত্র সন্তান, ওরা মরে গেছে- এই নির্মম সত্যটি উপলব্ধির পরও চোখে জল এল না তার।

অনেকক্ষণ বিরতির পর আবার খুব কাছাকাছি শোনা গেল গুলির আওয়াজ এবং আর্তচীৎকার। জীবন আর দেরী করেনি। ঝোপের মধ্যে গা-ঢাকা দিয়ে আবার মড়ার মত পড়ে রয়েছে। এই মৃত্যুপুরী থেকে, এই নরককুণ্ড থেকে আমি পালিয়ে যেতে চাই, তার লুপ্তপ্রায় চেতনায় তখন একটিমাত্র সিদ্ধান্ত।

দূর গাঁয়ের এই পরিত্যক্ত জলাশয়ে সে লুকিয়ে থেকেছে সারাটা দিন এবং সমস্ত সন্ধ্যে। কারণ, গানবোটের আওয়াজ মনে হয়েছে কখনো দূরে, আবার কখনও খুব কাছে। রাইফেল, মেশিনগানের আওয়াজ ভেসে এসেছে অনেক বার।

এখন, এই বিবর্ণ শেষরাতে ঘাসের ওপর শুয়ে আছে মানুষটি, যার নাম জীবন, আর যার জীবন এক অন্তহীন অর্থহীন যন্ত্রণার উপাখ্যানে পরিণত। সব হারিয়েও আমি এক অন্ধকারের জন্তুর মত পালিয়ে বেড়াচ্ছি, আমার বিষে নীল হয়ে যাওয়া পদ্মপাতার জীবনকে বাঁচাতে এ কি এক হাস্যকর প্রহসন,এলোমেলো ভাবনারা ঘুরেফিরে আসে।

এই মুহূর্তে, নিজের ওপর প্রচণ্ড ঘৃণাবোধ হতে লোকটি আবিস্কার করে- আজন্মের অন্তরঙ্গ মৃত্যুভয় অকস্মাৎ অপসারিত। তার এখন মরতে কোন ভয় নেই, ভয় নেই সেই সব হিংস্র ঘাতকদের মুখোমুখি দাঁড়াতে। আমি প্রতিশোধ নিতে চাই, সারা শরীরে মাখতে চাই আমার সন্তান-হত্যার রক্ত, একটি অমোঘ প্রতিজ্ঞা ক্রমশ ওকে জড়িয়ে ধরছে নিবিড় করে। অতএব, আমি ফিরে যাব। একটি আশ্চর্য সিদ্ধান্তে নিজেই অবাক হল জীবন।

এখন, ভোররাতের আবছা অন্ধকার গায়ে মেখে, একটি মাত্র কামনা করে হঠাৎ ঋজু হয়ে বসা মানুষটি- অস্ত্র চাই, একটি অমোঘ শাণিত অস্ত্র, যা দিয়ে নিষ্ঠুর আঘাত হানতে পারি আমার সর্বস্ব কেড়ে নেওয়া হার্মাদদের ওপর।

হঠাৎ জীবনের স্মৃতিতে তার ফেলে আসা বাড়িটি একটি ছায়াছবির দৃশ্য হয়ে ভেসে ওঠে। শোবার ঘর, রান্নাঘর, উঠোন। তারপর ধানের গোলার নীচে এসে থমকে দাঁড়ায় যেন ক্যামেরার চোখ। ওই তো স্পষ্ট চোখে পড়ছে- তীক্ষ্ণধার অস্ত্রটিকে, বিকেলের সূর্যালোক তার অবয়বে প্রতিফলিত।

ফেলে আসা বাড়িটি এক দুর্বার আকর্ষণে ডাকছে জীবনকে। চুম্বকের মত আকর্ষণ করছে গোলার নীচে কাটপাতার তলে লুকিয়ে রাখা হঠাৎ বিপদের অবলম্বন সেই চকচকে ফলার বর্শাটি।

আমি এখন বাড়ি যাব। শেষরাতের হালকা অন্ধকারের মধ্য দিয়ে হেঁটে হেঁটে বাড়ি যাব- বিড় বিড় করে নিজেকে শোনায় জীবন। আর তখন সে স্পষ্ট শুনতে পেল- একটি চার বছরের কচি ছেলে তার কানের কাছে ফিস ফিস করে বলছে, শোধ নেবে না বাবা?

উঠে দাঁড়ায় জীবন। শোধ নেবে সে।
সব মৃত্যুর প্রতিশোধ।

(অসিত রায় চৌধুরী রচিত)

আজকের বাংলায়

১৬ অক্টোবর, ১৯৭১

ঘাট থেকে ফিরে এলো গোলাপজান। তার কোলের বাচ্চাটার নোংরা কাপড়-চোপড় ধুয়ে নিয়ে। উঠোনে সেগুলো একটা বাঁশের ওপর মেলে দিতে দিতে সে লক্ষ্য করলো- কলিমুদ্দিন তার ফেরীতে যাবার সরঞ্জামগুলো

সাজিয়ে নিচ্ছে। গোলাপজান ত্রস্তে একবার ঘরের ভেতরটা দেখে নিল। মেঝেতে তখনও অঘোরে ঘুমুচ্ছে তার বছর পাঁচেকের ছেলেটা। ওকে নিয়ে ঠিক এই মুহূর্তে গোলাপজানের এতো ভীতি। গতকাল রাতে যখন ওর সামনে একটা আধপোড়া শুকনো রুটি ও খেতে দিয়েছিল, তখন ছেলেটা কিছুতেই তা গিলতে চায়নি। ওর একমাত্র জেদ ভাতই খাবে আর কিছু নয়। শেষ পর্যন্ত গোলাপজান সকালেই ভাত রেঁধে দেবে বলে বহু সাধ্যসাধনা করে রুটিটা খাইয়েছিল। এখন, যদি ও উঠেই জেদ ধরে এই আশংকায় যতোক্ষণ কলিমুদ্দিন ঘরের ভেতর ছিল, গোলাপজান ওর সাথে কথা বলেনি। বারান্দায় আসতেই ও স্বামীর উদ্দেশে বলে উঠল-

'আইজ তুমার ফেরীতে জাওনের কাম নাইক্যা।'

'ক্যান, কি অইছে, ঘরেত চাউল নাই, খাওনের কিছু নাই, এড্ডা পয়সাও নাই, হে খেয়াল আছে? এমতেই আইজ দশদিন বাইর অই নাই, প্যাটেত খাওন লাগবো না?'

'থাউকগা অবাবর, তুমারে বাড়িত থাকন লাগবো, আমারে ডর করতাছে।'

'ডর! কি তামাসা করতাছস, ডর কিয়ের লাইগ্যা?'

'হেই কতাই ত কইত্যাছি, ঘাটেত ত্যানাবানি ধুইয়্যা, গোসল কইর‍্যা উঠতাছিলাম, দেহী নাকি, দুইডা মেলেটারি, আমারে দেইখ্যা খাড়াই গ্যালো, আর চিকখোর পাইড়্যা, এশারা কইরা কি য্যান কইব্যার লাইগলো, তারপর আমারে ছটপটাইয়া বাড়িত যাওন দেইক্যা তাগোর কি হাসি। হাচা কইতাছিগো, ডর লাগতাছে, তুমি যাইও না।'

'তোক তাগোর মনে লাগছেরে সোন্দরী, আর আমগো বাবনা কিরে, তোর কপালটা ফির‍্যাই গ্যাল। আচ্ছা থাউক, আমি যাইগ্যা।'

গোলাপজানের উদ্দেশে রসিকতার কথা কয়টি বলে কলিমুদ্দিন তার অ্যালুমিনিয়নের হাঁড়িপাতিলগুলো বিক্রির উদেশ্যে রাস্তায় নামলো।

শহরে এমনিই মানুষজন কম। মিলিটারীদের সাথে শেখ সাহেবের দলের কি একটা গোলমালে মিলিটারীরা সারা দেশে লক্ষ লক্ষ লোক মেরে ফেলেছে, তাদের বাড়িঘর পুড়িয়ে দিয়েছে, লুট করেছে তাদের সমস্ত সম্পত্তি। ভালো ভালো ঘরের মেয়েদের ইজ্জত নিয়ে ছিনিমিনি খেলেছে। রাস্তাঘাটে অনেক ধর্ষিতা রক্তাক্ত তরুণীর লাশ অথবা অচৈতন্য দেহ পড়ে থাকতে দেখা যায়। শহরের প্রতিটি নর্দমা ভরে আছে গলিত মৃতদেহে। একটা ভ্যাপসা পচা কটুগন্ধে ওর মাথাটা ঝিম ঝিম করতে থাকে। শহর জনশূন্য। ক্বচিৎ-কদাচিৎ কোন বাড়িতে দেখা যায় বুড়ো অথবা আধবুড়ো দাড়িটুপিওলা এক-আধজন মুরুববী চেহারার লোক। শহরের সব লোক পালিয়ে গেছে গ্রামে। পথচলিত দু'একটা লোকের মুখে কলিমুদ্দিন এ খবরও পেয়েছে, শহরের লোক গ্রামে চলে যাওয়ায় এখন মিলিটারীদের লক্ষ্য গিয়ে পড়েছে গ্রামে। তারা শহরে যে সমস্ত অত্যাচার চালিয়েছে, এখন ব্যাপক হারে তা চালাচ্ছে গ্রামে। হঠাৎ এসব কথা ভাবতে ভাবতে কলিমুদ্দিনের ভীষণ হাসি পেলো। বোধ হয় একটু জোরেই হেসে উঠলো ও। আরে কি বোকা সে। যেখানে শহরে মানুষ নাই বললেই চলে, যা এক-আধজন আছে, তারাও আতঙ্কে খাওয়াদাওয়া ছেড়েই দিয়েছে প্রায়, দোকানপাট-হাটবাজার সব ভস্মীভূত-ধ্বংস-প্রায়, আর এরমধ্যে সে কিনা বের হয়েছে হাঁড়িপাতিল বেচতে।

আবার মাইল চারেক হেঁটে শহরতলীর বস্তিবাড়িতে ফিরে যাওয়ার কথা চিন্তা করতেই তার যেন ক্লান্তিতে সারা দেহ অবসন্ন হয়ে পড়লো। কি করবে সে এখন? একটু জিড়িয়ে নিয় বাড়ির দিকে হাঁটবে? কিন্তু, অন্ততঃ কিছু চাল না নিয়ে সে বাড়ির দিকেই বা যাবে কি করে? হঠাৎ এই মুহূর্তে তার ভীষণ রাগ হলো মিলিটারীদের

উপর। সত্যিই, কি অন্যায় গোটা দেশটাকে ওরা একেবারে ছারখার করে দিল। এতো সুন্দর সাজানো শহর, মানুষজন, বাড়িগাড়ি, সব যেন কোথায় হারিয়ে গেল। কলকাকলিতে ভরা এতো বড়ো শহরটা, এখন যেন মৃতের শহর। কোথাও প্রাণের কোন কিছু নাই। পথেঘাটে কুকুরেরা লুটোপুটি করে খাচ্ছে মানুষের গলিত অর্ধগলিত শবদেহগুলি।

এসব কথা ভাবতে ভাবতে আচম্বিতে তার মনে পড়লো গোলাপজানের কথা, তার মুখে শোনা আজ সকালের ঘটনাটা। আঁৎকে উঠলো সে। অজান্তেই ক্ষিপ্র পদক্ষেপে সে হাঁটতে শুরু করলো বাড়ির দিকে। তার সাজানো সংসার আজো যেখানে অন্ধ স্যাঁতসেঁতে বস্তিবাড়িতে মোটামুটি সম্ভ্রমের সাথেই টিকে আছে- গতকাল পর্যন্ত যেখানে শকুনীর দৃষ্টি পড়েনি- এতোক্ষণ সেখানে যে কি তাণ্ডবলীলা চলেছে কে জানে! আচ্ছা, মিলিটারীরা কি গোলাপজানকে ধরে নিয়ে গেছে? তাই যদি হয়- সলিম, তার বড়ো ছেলেটা, সে কি করছে? নাকি সংগীনের এক খোঁচায় তাকে....না, আর সে ভাবতে পারে না তা তিন মাসের কোলের বাচ্চাটার কথা। ভয়ে-উত্তেজনায় সে হাঁটতে থাকে, তার পা যেন আর উঠছে না মাটি থেকে। ক্লান্তিতে ভেঙ্গে সে বসে পড়লো রাস্তার পাশের বাবলা গাছটার নীচে, ঘাড় হতে তার ফেরীর বোঝাটা নামিয়ে। এক সময় তার মনে হলো আর বাড়ি গিয়ে কোন লাভ নাই, এতোক্ষণে সব শেষ। এখন বাড়ি গিয়ে যে দৃশ্য সে দেখবে, তা সে দেখতে চায় না। তা সে সহ্য করতে পারবে না।

নাঃ, সে সে যাবেই না আর ওদিকে। বরং বরং সে কামালের সাথে দেখা করবে। উকিলপাড়ার চৌধুরীদের বড়ো ছেলে কামাল, তাদের কামাল ভাই। কামালদের বাড়িটা যেখানে ছিল, সেখানে তখন ইট-সুরকির একটা বিরাট ধ্বংসস্তুপ পাকসেনাবাহিনীর বাহাদুরীর সাক্ষ্য হয়ে জমে আছে। যখন এ ঘটনা ঘটে তখন কামাল বাড়িতে ছিল না। যাঁরা ছিলেন তাঁদের মধ্য হতে কামালের ছোটবোন আই-এ ক্লাশে পড়া কুমকুমকে ওরা শুধু জ্যান্ত ধরে নিয়ে গেছে। আর সবাইকে.....যাকগে, এখন সেকথা ভেবে তার কি লাভ। কামাল কোথায় আছে তা সে জানে। বোঝাটা ঘাড়ে নিয়ে সেদিকে পা চালালো কলিম।

এরপর-বিকেলের কিছু আগে কলিমুদ্দিকে দেখা গেল, দুই ফুট চওড়া গ্রেটার রোডে। কোর্ট হতে মাইল দু'য়েক যে রাস্তার দিকে এগিয়ে গেলে হাতের ডাকদিকে চোখে পড়ে তীর চিহ্ন দেওয়া একটা কালো কাষ্ঠফলক, ইংরেজীতে যার গায়ে লেখা Sector Headquarter-B Prohibited Area- সেদিকে। এ লেখা অবশ্য সে পড়তে পারে না, তবে একথা সে জানে ওখানে অনেক মিলিটারী থাকে। এই ভরভেলায় ওই রাস্তায় কলিম কেন যে বোঝাটা নিয়ে চলছে, তা অবশ্য বোঝা যাচ্ছে না। রাস্তার দু'পাশে যে সমস্ত বড়িঘর, সেগুলো জনশূন্যই, তবু দেখা গেল, দু'পাশের বাড়িগুলোর দিকে চাইতে চাইতে আর হাঁকতে হাঁকতে কলিমুদ্দিন সে রাস্তা বেয়ে এগিয়ে আসছে। ধীরে ধীরে এসে পৌঁছল সে কাষ্ঠফলকের সামনে। ওখান হতে সোজা ভিতর দিকে চলে গেছে মিলিটারীর ছাউনীটায় যাবার রাস্তা, জঙ্গলে ঘেরা। একটা গেটের মতো তৈরী করা আছে। আর তার কাছে গোটা পাঁচেক মিলিটারী প্রহরী- কেউ দাঁড়িয়ে, কেউ বসে। সিগারেট ফুঁকছে আর হাসাহাসি করছে।

ওদের দেখেই কলিমুদ্দিন একটা লম্বা-চওড়া সালাম ঠুকে দিল, কোন জবাব এলো না। তাজ্জব বনে গেল। মিলিটারীগুলো। যেখানে ওদের দেখলেই সবাই পালায়, সেখানে এ ব্যাটা নিঃসংশয়মুখে ওদের সামনে দিয়ে শুধু যাচ্ছেই না, সালাম ও দিচ্ছে। একজন মিলিটারী ওকে ধমক দিয়ে উঠল- 'আবে ভাগ্, ইহা তেরা হাণ্ডি কোন খরিদেগা?- 'অহনই যাইত্যাছি সাব, খুব পেরেসান অইছি, পসীনা মুছ্যা লই।' বলে কলিমুদ্দিন মাথার গামছাটা খুলে ঘাম মুছল। মিলিটারীগুলো অবাক বিস্ময়ে ওর ভীতিহীনতা লক্ষ্য করছে। ঘামটাম মোছা শেষ হলে কলিমুদ্দিন ওর টুকরি হতে বের করলো এক প্যাকেট সস্তা সিগারেট। ম্যাচ দিয়ে ফস্ করে সিগারেটটা জ্বেলে প্যাকেটটা আর ম্যাচটা রেখে দিল টুকরির মধ্যে। এক মুখ ধোঁয়া ছেড়ে সে টুকরীর মধ্য হতে কি যেন একটা বের করল। তারপর-ক্ষিপ্রগতিতে সে জিনিসটা ছুড়ে দিল মিলিটারীদের দিকে।

ততোধিক ক্ষিপ্রতায় একটা মিলিটারীও তার দিকে হাল্কা মেশিনগান হতে গুলি ছুঁড়িলো- অব্যর্থ লক্ষ্য- দুটো বুলটেই কলিমুদ্দিনের হৃৎপিণ্ড ভেদ করে বেরিয়ে গেছে। লুটিয়ে পড়েছে সে রাস্তায়। ছটফট করছে সে, আর দমকে দমকে তার বুকের রক্ত রাস্তায় লাল লাল ছোপ এঁকে যাচ্ছে।

আর ওদিকে গ্রেনেডের বিকট শব্দে যখন ছাটনী হতে সৈন্যরা উদ্যত অস্ত্র হাতে বেরিয়ে এলো, তারা দেখলো, তাদের প্রহরী পাঁচজন শতটুকরোয় ছিন্নবিচ্ছিন্ন হয়ে এদিকে-সেদিক ছড়িয়ে আছে। গেটের মাঝখানে একটা বিরাট গর্ত, তখনও চারপাশে ধুঁয়ো উড়ছে, কাপড় আর পোড়া মাংসের কটু গন্ধে বাতাস ভারী হয়ে উঠেছে।

মিলিটারীগুলো তার দিকে এগিয়ে গেল- দেখলো, তার দেহটা আকাশের দিকে মুখ করে পড়ে আছে। একটা প্রশান্তির তৃপ্তির হাসিতে উদ্ভাসিত সে মুখে যন্ত্রণার চিহ্নও নাই।

(আনোয়ারুল আবেদীন রচিত)

সূর্য ওঠার স্বপ্ন নিয়ে

২ নভেম্বর, ১৯৭১

প্রেরণার আলোয় যে হৃদয় দীপ্ত, সে হৃদয় প্রকাশের উন্মাদনায় উন্মুখ। এই প্রেরণা জীবনের প্রেরণা এই আলো মেঘের পরে মেঘ জমা আঁধারের ফাঁকে ফাঁকে টুকরো আলো নয়। অনেক অনেক আলো।

জীবনকে সুখের ঐশ্বর্যে শান্তির পরশ বুলিয়ে আপন ভৌগোলিক অবস্থানের মধ্যে পেতে চাই। ঐশ্বর্য বা শান্তিই প্রেরণার উৎস।

প্রেরণার দীপশিখা যে হৃদয়কে স্পর্শ করেছে, সে হৃদয় অনির্বাণ- কেননা এই দীপশিখা দেহকে একদিনে উত্তপ্ত করেনি। সময়, হ্যাঁ প্রচুর কালহননের পর বিবেকতাড়িত মন একটি বিশেষ মুহূর্তে বিদ্রোহ ঘোষণা করে। হৃদয় তখন প্রকাশের প্রতীক্ষায় মাতোয়ারা হয়ে ওঠে। আমরা প্রেরণা পাই। আলো জ্বলে, আলো নেভে না। তথাপি ঝড় ওঠে। বাতাস ছোটে। দীপশিখায় কাঁপন জাগে। কখনো মৃদু, কখনো ভয়ঙ্কর। তাই বলে কি নিভিয়ে দেবে প্রেরণার আলো। নীরব অন্ধকার ঠেলে দেবে স্বর্ণোজ্জ্বল ভবিষ্যৎ? না, দিতে পারে না কস্মিনকালেও না।

প্রেরণার আলো অন্তরে জ্বলেছে। জেনেছি প্রেরণার উৎস কোথায়। শুধু পাইনি ফসলটুকু। কিন্তু শুনেছি তো কবির কণ্ঠে, ''সেদিনও এমনি ফসল বিলাসী হাওয়া মেতেছিল তার চিকুরের পাকা ধানে।''

'পাকা ধান আর রূপসীর শরীরের মিষ্টি ঘ্রাণ। মনে হলে কেমন যেন আবেশ জাগে। উত্তাপও। অথচ না পাওয়ার একটা জলার্ত বেদনা।

না না না, এ হতে পারে না। পেতেই হবে। আলোর রশ্মিটা দিব্যদর্শন করেছি। আর বেশী দূরে নয়। তিমির রাত্রির অবসান হবে। ভোর হবে। পাখি ডাকবে। আবার জানালায় দাঁড়িয়ে প্রভাতসূর্যোদয় প্রাণভরে উপভোগ করবো। হঠাৎ চমকে উঠবো, একি সন্ধ্যা তুমি, এমনি অকালে!

- হ্যাঁ, আমি, চমকে উঠলে যে বড়! এই নাও, মালাটা রাখ।

সন্ধ্যার চোখে-মুখে দুষ্টুমি হাসি। হাতে বকুলমালা। শয্যা থেকে ওঠা সন্ধ্যার মিথিল বৈশিষ্ট্য দৃকপাত করতে অজান্তেই কেমন যেন শৈথিল্য আসে। অন্যমনস্ক হতে চায়। কিন্তু শুধুই কয়েকটি মুহূর্ত। অন্যমনস্ক চিত্ত আবার চঞ্চল হয়ে ওঠে একটি কথায়- এমন করে আমাকে দেখছ কি? আকাশের দিকে চোখ মেলে দেখ।

ও তাই তো! আমাকে আকাশের দিকে চোখ মেলে তাকাতে হবে। আমার দৃষ্টি হবে প্রসারিত। আকাশ। মাটি। স্বদেশ। ভালবাসা।

সন্ধ্যা আমাকে ভালোবাসে। ভালোবাসে বলেই আমার দৃষ্টিপথ সৃষ্টি করে দিলো একটি সরল সংলাপে। আমি হাত বাড়িয়ে মালাটি নিয়ে নিলাম। নিমেষে দৃষ্টির আড়ালে মিলিয়ে গেল সন্ধ্যা।

'বকুল' ও সন্ধ্যা'। এই দুটোর মধ্যে কেমন যেন দূর অস্তিত্বের সম্পর্ক বিদ্যমান। 'বকুল'-'সন্ধ্যা' না হয়ে 'মালতী'-সন্ধ্যা হতে পারত। কিন্তু সন্ধ্যা মালতী নিয়ে এল না। এল বকুল নিয়ে। প্রভাতসূর্যোদয় মুহূর্তে। একটি বকুলমালাও জীবনের মহৎ প্রেরণা।

এমনি মহৎ প্রেরণার উৎস খুঁজে বেড়াবো। স্বদেশের লাখো লাখো সন্ধ্যা প্রভাতসঙ্গীতের সুর নিয়ে জীবনের নতুন অধ্যায় রচনা করবে। আবার চিনতে পারবো নিজেকে। উপলব্ধি করতে পারবো।

সন্ধ্যা, এই মুহূর্তে আমি তোমার স্মৃতিচারণ করছি। তোমার সরল সংলাপ আমার মনে পড়ছে। পঁচিশে মার্চের কয়েকদিন আগে বলেছিলে, তুমি ভয়ানক ঘরকুনো। একদিন মিছিলেও যোগ দিলে না। এত ঘরকুনো আমার ভাল লাগে না- তোমার কথায় সেদিন লজ্জা পেয়েছিলাম। এ লজ্জা যে আমার দীনতা তাও বুঝতে পেরেছিলাম, কিন্তু তোমার কাছে ঠিক সেই মুহূর্তে পরাজয়টা স্বীকার করে নিতে পারিনি। কঠিন জবাব দিয়েছিলাম- যা বোঝ না তা নিয়ে কথা বলো না সন্ধ্যা। হাউকাউ করে, মিছিলে ঘুরে স্বাধিকার পাওয়া যায় না।

রূঢ় জবাবে তোমাকে সাময়িক স্তব্ধ করতে পেরেছিলাম হয়তো কিন্তু বিবেককে আমি ফাঁকি দিতে পারিনি। পরক্ষণেই ভীরু হৃদয় আমার সংকুচিত হয়েছিল। সন্ধ্যা, তুমি জানতে না এসব শ্লোগান মিছিল সভা শোভাযাত্রা আমার বড্ড ভয় করতো! কিন্তু আজ? তুমি জান না কেমন করে আমি জনতার মিছিলে লিখেছি আমার নাম। আমি এখন মিছিলের ভিড়ে। ছিন্নমূল মানুষের মাঝে। তুমি দেখতে পাচ্ছ না কেমন করে লাখো লাখো ছিন্নমূল প্রাণ জীবনের জয়গান করে। কেমন করে মরিয়া হয়ে ঈপ্সিত লক্ষ্যে পৌঁছুবার সংগ্রামে ওরা ঝাঁপিয়ে পড়ে। হয়তো তুমিও এতক্ষণে তস্করদের উপর ঝাঁপিয়ে পড়েছ।

জান, বুকের ভেতরটা মাঝে মাঝে কেমন যেন করে। তোমার মুখখানি মনে পড়লে একটা অজানিত আশংকায় কেঁপে উঠি। না জানি তুমি কোথায় কেমন করে আছো! অবশ্যি আমি একটি শক্তিও অর্জন করে ফেলেছি। আত্মসান্ত্বনার বিপুল শক্তি। আগে তো সপ্তাহখানেক না দেখলে কেমন ভেঙ্গে পড়তাম। কই, এখন তো আর তেমন হয় না। বলতে পার কোথায় পেয়েছি এই সান্ত্বনা। এই সংযমশক্তি। আমার মনে হয় কি জানো, এর পেছনে প্রেরণা আছে। তোমার ভালোবাসাই এই প্রেরণার উৎস।

সন্ধ্যা, আমার অনেক আশা। হয়তো তুমি এক মারাত্মক অস্ত্রে সজ্জিতা। ঘরের বাইরে। ঝড় কেটে গেলে তুমিও একদিন সুন্দর একটি ঘরের মানুষ হবে। বাংলার লাখো লাখো সন্ধ্যা তোমার মতো সংলাপী হবে। তারা আমার সহোদরা। একদিন বধূ হবে। মা হবে। বীর সন্তানের জননী। তোমার মধ্যে আমি কোথায় আমার মায়ের আদল খুঁজে পাই। আমার মাও যে এমনি কথা বলে। বাংলার বিস্তীর্ণ প্রান্তরে প্রান্তরে আমি তোমার অস্তিত্ব খুঁজি। দিনমণি বিদায় নিলে আমরা অন্ধকারে জলে জলে স্থলে, কখনোবা কালো পাহাড়ের গায়ে মিলে যাই, অতন্দ্র

রাত জাগি, হানাদার শত্রুশিবির নিশ্চিহ্ন করে অন্যমনে পরিপূর্ণ ভিন্নজগতে- তখন সত্যি ভুলে যাই তোমার কথা। ভুলে যেতে হয়। সূর্য ওঠার স্বপ্ন নিয়ে যখন ক্যাম্পে ফিরি, তখন নিশুতি রাতে অসহায় ছিন্নমূল মানুষের কান্নার শব্দ ভেসে আসে। রাতজাগা দু'একটি পাখি পাখা ঝাপটায়। আমি বাতাসে তোমার ঘন ঘন নিঃশ্বাস শুনতে পাই। অনুভব করি। তুমিও বুঝি এতক্ষণেও কোনও ক্যাম্পে ফিরছ।

সূর্য ওঠার এখনও দেরী। বাকি রাতটুকু আমাদের পাড়ি দিতে হবে। জমাটবাঁধা অন্ধকার ব্যারিকেড সবল বাহুতে উপড়ে ফেলে আবার প্রভাতসঙ্গীতের সুর শুনব। জানালায় দাঁড়িয়ে প্রভাতসূর্যোদয়কে অভ্যর্থনা জানাবো। তুমি আমার বকুলমালা হাতে নিয়ে স্নিগ্ধ হাসবে।

(মেসবাহ্ আহমেদ রচিত)

রণশিবিরের একটি প্রত্যক্ষচিত্র

১৬ নভেম্বর, ১৯৭১

ছেলেটার কর্মক্ষিপ্রতা এবং কর্মপটুতা আমার প্রথম নজরে পড়ে। অথচ ও আমাকে দেখেনি- এতখানি একান্তচিত্তে সে হাতের যুদ্ধাস্ত্রগুলো নাড়ছিলো। রবিনবাবুর কাছে তার এলাকার কথা শুনতে শুনতে পারি যে বার-তের বছরের ছেলেটার দিকে বেশ মনোযোগী হয়ে পড়েছি তা তিনি লক্ষ্য করে বললেনঃ হ্যাঁ, ও ছেলেটার নাম আলো। ওর বাবা হালিম মাস্টার আমার ছোটবেলার বন্ধু। এই গ্রামের প্রাইমারী স্কুলের হেডমাস্টার ছিলেন তিনি। ওর আর এক ভাই ছিল। এখন তারা কেউ নেই। ও একা।

আমি আগেই শুনেছিলাম, খুলনার দক্ষিণাঞ্চলের এই গ্রামটার ওপর হানাদার পাকবাহিনী জওয়ানরা দুবার হামলা করে। এবং শেষে এসে গ্রামের কাঁচাবাড়িগুলো পেট্রল ছিটিয়ে আগুন ধরিয়ে দেয়। অবশ্য মুক্তিসেনা ভায়েরা তার মাশুলও আদায় করেছে এদের কাছ থেকে। তবু হানাদারদের অত্যাচারের পরিচয়টা সরেজমিনে জানতে আমি দীর্ঘ এগার-বার মাইল কাঁচা রাস্তা পায়ে হেঁটে সন্ধ্যার সময়ে সেখানে পৌঁছে যাই। গ্রামের মুক্তিযোদ্ধা ভায়েরা আমার পরিচয় জানার পর দলপতি রবিনবাবুর কাছে নিয়ে যায়। রবিনবাবু আমাকে জানালেনঃ আপনার কোন সিকিউরিটির অভাব হবে না। থাকা-খাওয়ার ব্যবস্থা করে দিচ্ছি। তবে রাতে গ্রামের ধ্বংসচিত্র দেখানো যাবে না- প্রধানতঃ আমাদের গ্রামের সবাইকে কড়া ডিফেন্স দিতে হচ্ছে। রাতের আঁধারে দেখলাম গ্রামের খানা, ডোবা, নালা, আমাদের মুক্তিযোদ্ধা ভাইদের এক-একটা মজবুত বাঙ্কার- সবাই অস্ত্র হাতে অতন্দ্র প্রহরী।

সকালে রবিনবাবুর সাথে বিধ্বস্ত গ্রামের পোড়া বাড়ি, ভাঙ্গা ঘর, শূন্য উঠোন দেখে মনটা খা খা করে উঠলো। অথচ বাংলার এই গ্রাম একদিন নবান্নের ধানে গানে, ছেলেমেয়েদের কলকাকলীতে মুখর ছিল। তাদের অনেকে আজ হানাদারদের হাতে বলী হয়েছে। অনেকে চলে গেছে অন্যত্র নিরাপত্তার সন্ধানে। একটা আশ্চর্য নির্জনতার কালো গ্রামটাকে বিষাদে যেন ঘিরে রেখেছে। তবু, তবু দেখলাম- যারা আছে, যারা এখনো বাপদাদার ভিটে না ছেড়ে সাহসে নির্ভর করে আছে- তারা সেই নির্জনতার বুকে জীবন জাগিয়ে তোলার সাধনায় রত। ধীরে ধীরে তারা সকল প্রতিকূলতার মুখেও তাদের অধিকার রক্ষার সাহসে প্রত্যয় গড়ে তুলেছে মনের ভিতরে, বাইরে।

গ্রামের সবদিকে ঘুরে দেখে বেলা প্রায় সাড়ে বারটা নাগাদ রবিনবাবুর সাথে মুক্তিসেনা বন্ধুদের গ্রামের অফিসে ফিরলাম। টিনের ছাউনি দেয়া একটু ছোট ঘর, দুটো তক্তপোষ, একটা টেবিল, একটা চেয়ার- এই ওদের অফিস। ঘরের সামনে দাঁড়িয়ে রবিনবাবুর কথা শুনছিলাম। কর্মরত ধবধবে ফরসা ছেলেটার দিক থেকে চোখ তুলে রবিনবাবুর দিকে তাকিয়ে বললামঃ কিন্তু ও একা কেন? রবিনবাবুর মুখের ওপর একটা কষ্টের ছাপ দেখলাম। রবিনবাবু একবার ছেলেটার দিকে এক নজর দেখলেন তারপর ম্লান কণ্ঠে বললেনঃ হ্যাঁ, ও একা। ওর ভাই মনি ক্লাস নাইনে পড়তো। সে আমাদের মুক্তিবাহিনীর প্রথম গ্রুপের সাথে যোগ দেয়। মনির ছিল আশ্চর্য সাহস। পাকসেনারা প্রথমবার এসে গ্রামের মোড়ল হাজীসাহবের বাড়িতে আগুন দেয়। মনি আগুন নেভাতে গিয়ে পুড়ে মারা যায়। মনির মা কয়দিন পাগলের মতো হয়ে ওঠে। আলো মুক্তিসেনাদের সাথে আসতে চাইতো। কিন্তু ওর মা ওকে বুকে জড়িয়ে রাখতো সর্বদা। কিন্তু এমনটা ঐটুকু ছেলের ভাগ্যে আছে, কে বলবে বলুন? শেষবার যখন পাকসেনারা সমস্ত গ্রাম ধরিয়ে দিল, তখন একপ্রান্তে ওদের সাথে আমাদের ফাইট চলছে, অন্যদিকে গ্রামের নিরীহ নারী-পুরুষ উর্ধ্বশ্বাসে প্রাণভয়ে ছুটে পালাতে ব্যস্ত। হালিম মাস্টারের স্ত্রী, হালিম মাস্টার ও আলো ইতস্ততঃ দৌড়ানোর প্রাক্কালে অকস্মাৎ এক মিলিটারী ট্রাকের সামনে পড়ে যায়। বেঈমান পাকবাহিনীর লোকেরা হালিম মাস্টারের ফরসা সুন্দরী স্ত্রীকে জোর করে ট্রাকে তুলে নেয়। বাধা দেওয়ার সাহস দেখাবার অপরাধে হালিম মাস্টারকে গুলি করে মেরে ফেলে। আলো ভয়ে ত্রাসে মা-মা-মা করে চীৎকার করে কাঁদতে থাকে- দস্যু ট্রাকটি ঘর ঘর শব্দ করে আলোর জলভরা চোখের সামনে দিয়ে অদৃশ্য হয়ে যায়। গ্রামের কাঁচা বাড়িগুলো দাউ দাউ করে জ্বলতে থাকে।

রবিনবাবু এখানে থামলেন।

আমি বল্লামঃ তারপর?

রবিন্দ্রবাবু বললেনঃ বহুকষ্টে আগুন আমরা নেভালাম- কিন্তু আপনি তো দেখেছেন এতবড় গ্রামে মাত্র গোটা ছয়-সাত বাড়ি রক্ষা হয়েছে।

আমি আলোর দিকে তাকালাম। রবিনবাবু বললেনঃ আর ঐ আলো- তারপর দিন এলো আমাদের কাছে- বললেঃ আমি মুক্তিসেনা। তোমাদের সাথে যুদ্ধে যাবো।

রবিনবাবু অল্প থেমে বললেনঃ আমার মনে হয়েছিল ওকে ফিরিয়ে দিই। গ্রামের কারো কাছে ও থাক- কেননা ও যে ওর পরিবারের শেষচিহ্ন। কিন্তু ওকে ফিরাতে পারিনি। ওর চোখের জলভরা প্রতিবাদ আমাকে জয় করলো। তারপর থেকে আলো আমাদের সাথে ওই শিবিরের প্রাণ ও। ও গুলি ছুড়তে চায় বার বার। কিন্তু ও যে একেবারে বার বছরের শিশু। ওকে আশ্বাস দিয়েছিল আর কিছুদিন পরেই ও গুলি চালাবে। মুক্তিসেনা ভায়েরা সারারাত টহল দিয়ে সকালে প্রত্যেকের অস্ত্র আলোর জিম্মায় জমা দিয়ে যায়। এরপর সারাদিন অস্ত্রের সাথে আলোর খেলা। সে প্রত্যেকটা রাইফেল-স্টেনগান খুলবে, পরিষ্কার করবে, তেল দেবে। ওর হাতে অস্ত্রগুলো যেন শাণ পেয়ে চিক চিক করে ওঠে। সন্ধ্যাবেলায় ওই আলোই আবার প্রত্যেকের হাতে জীবন্ত অস্ত্রগুলো তুলে দেয়- এই ওর কাজ। এই কাজেও এত পটু যে বিশ্বাস করাই মুস্কিল। আলোর দিকে চোখ ফিরে গেল দুজনেরই। আলো আশ্চর্য একাগ্রতায় তখনও কর্মরত। একঝাঁকড়া কালো চুল মাথায়- একটি কচি ফর্সা মুখ, ডগডগে দুটি চোখ- নরম নরম দুটি হাতে কি ভীষণ ব্যস্ততা আলোর। আলো কার মতো দেখতে? হয়ত ওর বাবার মত, নয়তো ওর মায়ের মতো- কিন্তু তারা যে আজ কেউ নেই। এমন অসম্ভব একটি দুঃস্বপ্ন ঐটুকু আলোর জীবনে ঘটেছে ভাবলে বড় পাষণ্ডেরও বোধ করি কষ্ট লাগে।

আলো কাছে গেলাম।

মিষ্টি করে বললামঃ তোমার নাম বুঝি আলো? স্টেনগানের খুলে ফেলা অংশগুলি আঙ্গুলের নরম কারসাজিতে এক মিনিটে ঠকাঠক শব্দে লাগিয়ে নিয়ে মুখ তুলে ছোট করে বললেঃ হ্যাঁ তারপর ডানহাতে স্টেনগানটা রেখে বামহাতে একটা ৩০৩ রাইফেল নিয়ে একান্ত চেনা ভঙ্গিতে পার্টগুলো খুলে কাপড় দিয়ে পরিষ্কার করতে লাগলো।

আমি বল্লামঃ তোমার বাবা-মা কেউ নেই বুঝি?

আলো একটু কাজ থামালো। তারপর বললোঃ ওরা বাবাকে গুলি করে মেরেছে। ডান হাতে একটা বেতের ছড়ি দিয়ে তারপর মাথায় কিছু দেশী তুলো সেঁটে রাইফেলের ব্যারেলটা পরিষ্কার করতে করতে আলো কিছু একটা বলার জন্য মুখ তুললো- কিন্তু কিছু বললো না।

আমি বললামঃ গ্রামে তোমার কোন আত্মীয় নেই? আলো আমার দিকে তাকালে। আমি বললামঃ এই ধরো চাচীমা, খালাম্মা, এমন কেউ? আলোর কচি মুখটা এর পলকের ব্যবধানে অন্য ধাতুর মনে হল। আমার দিকে থেকেও অন্যদিকে তাকালো। বললেঃ আমার মাকে ওরা নিয়ে গেছে- আনতে যেতে হবে। আলোর গলাটা এখন অন্যরকম শোনাল। আমি ওর বাহুর ওপর একটু নাড়া দিয়ে বললাম- ওদের কাছ থেকে আনতে পারবে তুমি? রাইফেলের খোলা ব্যারেলের মধ্য থেকে বেতের ছড়িটা বের করে নেয় আলো, তারপর ব্যারেলের ছিদ্র দিয়ে দূর আকাশের গায়ে চোখ রেখে আলো মাথা নাড়ে। তার সামর্থ্যের ইঙ্গিত দেয়। আলোর কচি নরম মুখটার ওপর চোখ পড়তেই আমার যেন মনে হলোঃ ব্যারেলের ছিদ্র দিয়ে আলো দূরে, অনেক দূরে, নীল নীল চোখ মেলে শত্রুহননের সাহসগুলো ঝালিয়ে নিচ্ছে, শত্রুর পরাজয়ের পথগুলি চিহ্নিত করছে- মনে মনে প্রস্তুতি নিচ্ছে। প্রস্তুতি নিচ্ছে তার বাবা হালিম মাস্টার, ভাই মনির মৃত্যুর বদলা নিতে। প্রস্তুতি নিচ্ছে দস্যুদের নাগাল থেকে তার মাকে ছিনিয়ে আনার প্রতিজ্ঞা রক্ষার।

(লেখকের নাম জানা যায়নি)

স্বীকারোক্তি

৭ ডিসেম্বর ১৯৭১

ছাপাখানাটা শহরের মাঝখানে এবং আবাসিক এলাকায়। এ অঞ্চলে আর কোন ছাপাখানা ছিল না। পরে যখন আরো দুটো ছাপাখানা বসে শহীদ সাহেব চিন্তিত হয়, অবশ্য সেটা সাময়িক। ছাপাখানার কাজে কোন ভাটা পড়েনি, যেমন আজ আসত তেমনি আসতে লাগল।

একতলা বাড়ীর উঠোনের একপাশে বাঁশের চালায় দুটি যন্ত্র নিয়ে ছাপাখানা। একটা ট্রেডল, একটা ফ্ল্যাটবেড। একপাশে শহীদ সাহেবের বসার ঘর, যেটা অফিস বলে বিবেচিত। শহীদ সাহেব প্রায় পঁয়ত্রিশ বয়স, মাথার একপাশের চুল অর্ধেক সাদা-কালো। ইংরেজী সাহিত্যে এমএ, কিন্তু বরাবর ছিল ব্যবসার দিকে ঝোঁক, তাই চাকরি না নিয়ে অল্প মূলধন জোগাড় করে ধরেছে এই ব্যবসা।

ব্যবসায় প্রথম দিকে তেমন সুবিধা হচ্ছিল না। তাই কমার্সের সব বই নিয়ে বসে যায়, বিশেষ করে ছোট ব্যবসা কেমন করে চালাতে হয় এ ব্যাপারে পড়াশোনা করে একেবারে বিশেষজ্ঞ হয়ে ওঠে এবং এখন তার কাছে

এম-কম পাস করা লোকেও অনেক কিছু শিখতে পারে। লেখাপড়ার ফল হিসেবে ছাপাখানার এখন বাড়-বাড়ন্ত অবস্থা। পাঁচজন লোক নিয়ে যাত্রা শুরু হয়েছিল, এখন পঁয়ত্রিশজন খাটছে।

পত্রিকা বের করার ইচ্ছা ছিল, তাই মাসিক বেরিয়েছে- এবার বাসনা দৈনিকের। বন্ধুবান্ধবের ধারণা শহীদ তা পারবে।

শহীদ সাহেব ভীষণ নিয়ম মেনে চলার পক্ষপাতী। সময়মত পাওনা দিয়ে দেওয়া এবং সময়মত কাজ আদায় করতেও ছাড়ে না। তার সঙ্গে ব্যবসা করতে এসে সবাই খুশী। শ্রমিকরাও। বড় ঝড় বড় গাছের উপর দিয়েই যায় প্রবলভাবে, কিন্তু মাঝে মাঝে এমন এক-একটা ঝড় আসে যা ঘাসকেও রেহাই দেয় না। মার্চ মাসে বাংলাদেশে সে ঝড় এসে গেল। দোসরা মার্চ থেকে সব কিছু বন্ধের সাথে শহীদ সাহেবের ছাপাখানাও গেল অচল হয়ে। সাত তারিখ থেকে শেখ সাহেবের ডাকে আন্দোলন শুরু হয়ে গেল কর্মীরা মাঝে মাঝে এসে ঘুরে যেতে লাগল, বেশীর ভাগই বাড়ি চলে যাবে ঠিক করে।

দশ তারিখে শহীদ সাহেব সব কর্মীদের নিয়ে মিটিং-এ বসে যায়।

বলে, আমরা এখানে কেন জমায়েত হয়েছি আপনারা জানেন।

জানে, সবাই জানে, তাই সবাই চুপ।

শহীদ সাহেব বলে চলে, দেখুন আমরা রাজনীতি করতে চাই বা না চাই, রাজনীতি আমাদের ছেড়ে কথা কইবে না। আজ দেশ যে পর্যায়ে গেছে সেখান থেকে আমাদের আর ফেরার উপায় নেই। এ ব্যাপারে আমাদেরও ত্যাগ স্বীকার করেত হবে। দেখুন, কাজ হোক আর না হোক মাইনে আমাকে গুণতেই হবে। তবে আপনারা আমাকে একটু সাহায্য করুন, এ মাসের পনের দিনের টাকা নিয়ে দেশে চলে যান, পরে আমি চিঠি দিয়ে ডেকে আনব, আর বাকী টাকা দু'মাসের মধ্যে কিস্তিতে শোধ করে দেব। প্রেসের আয় কত তাতো আপনারা সবাই জানেন।

শ্রমিকরা প্রতিবাদ না করে এই ব্যবস্থা মেনে নেয়।

ভরা বসন্ত তখন বাংলাদেশে। চৈত্র পবনে বাতাস উতলা। ঝুমকো লতার চাওয়ায় মনের বেদনা উদাস হয়ে দেখা দেয়। মুকুলগুলি ঝরে ঝরে পড়ে। এমন এক বসন্ত-রাতে অকস্মাৎ সেই ঝড়টা চূড়ান্ত রূপে এসে গেল। পঁচিশে মার্চের রাতে।

ঘুমন্ত দশ লক্ষ লোক খুন করে বিশ্বের দরবারে সাহসিকতার চরম দেখানোর সুযোগ ইয়াহিয়ার নেকড়েগুলো ছাড়েনি।

এক মাস কেটে গেছে ছাপাখানার কোন কর্মীর দেখা নেই। শহীদ সাহেব আর তালা খোলেন না। কি হবে খুলে? ব্যবসা, টাকা-পয়সার কথা চিন্তা হলেই বুকের কাছটা কেমন করে ওঠে তার, মাথা ঘুরে যায়।

কয়েকদিন পর শহীদ সাহেব ছাপাখানা খোলেন, সরকারী চিঠি এসেছে, ব্যবসা প্রতিষ্ঠান সব খুলে রাখার হুকুম।

ধুলো ঝেড়ে চেয়ারে বসে কি যেন ভাবছেন এমন সময় প্রতিবেশী রসুল সাহেব উঁকি দেন।

বলেন, কি ভাই, অফিস খুলেছেন, বহুত আচ্ছা।

ভদ্রলোক অবাঙালী।

খাতির করে ডেকে বসান শহীদ সাহেব।

দু'চারটে কথা বলে রসুল সাহেব বেশ হৃষ্ট মনে চলে যান। আর শহীদ সাহেব গালে হাত দিয়ে ভাবেন এক মাস আগেও এই রসুল সাহেব যেতে-আসতে সালাম দিয়ে যেতেন, গায়ে পড়ে করতেন আলাপ, আর আজ? এই রসুল সাহেবের দয়ার উপরেই নির্ভর করছে এ পাড়ার লোকগুলোর জীবন-মরণ।

প্রায় তিন মাস কেটে গেছে। ছাপাখানা তেমনি অচল। তবে প্রতিরোধের কাজ দিন দিন জোরদার হচ্ছে। শুধু বোমা নয়, ঢাকা শহরে রীতিমত সামনাসামনিও লড়াই হচ্ছে। চোরাগুপ্তি সংগঠনের সাথে সাইক্লোস্টাইলে ছাপা দুটো পত্রিকা চলছে, গোপনে একজনের হাত থেকে আর একজনের হাতে চলে যায়- লিফলেট-হ্যাণ্ডবিলও বিলি চলছে।

দু'দিন গভীর রাতে রসুল সাহেব লক্ষ্য করেন শহীদ সাহেবের ছাপাখানায় আলো- আর ট্রেডল মেশিনটাও চলছে। ভাবেন, এত রাতে কি কাজ। বলেন ত কোন কাজও নেই।

রোজকার মত শহীদ সাহেব অফিস খুলে বসেন, ঝিরঝিরিয়ে নেমেছে বৃষ্টি, ভিজে বাতাসে ঘুম ঘুম ভাই। চেয়ারে হেলান দিয়ে বসে থাকতে থাকতে কখন চোখের পাতা তার জড়িয়ে গেছে। এক সময় দেখতে পান তার অফিসটা কখন তিনতলা বাড়ি হয়ে গেছে, নীচতলায় চলতে অফসেট মেশিন, লাইনোটাইপে কম্পোজ হচ্ছে। তার দৈনিক পত্রিকা 'দৈনিক বাংলাদেশ', কাগজের শেষ পাতায় নীচের দিকে কোণায় তার নাম লেখা, সম্পাদকঃ শহীদ আহমদ।

এই সময় ভীষণ ঘরঘর শব্দে তার তন্দ্রা ভেঙ্গে যায়। দেখে একটা মিলিটারী জিপ সাঁ করে বেরিয়ে গেল। ঘাড় কাৎ করে শহীধ সাহেব দেখেন জিপটা রসুল সাহেবের বাসার সামনে থেমে গেল। জিপ থেকে নামেন রসুল সাহেব, কি যেন বলেন, তারপর আঙ্গুল বাড়িয়ে এদিকেই কি দেখান।

জিপটা মুখ না ফিরিয়ে ব্যাক করে ছাপাখানার সামনে এসে দাঁড়িয়ে যায়। লাফ দিয়ে নামে সশস্ত্র দু'জন পশ্চিমা সেনা।

একজন সেনা পরিষ্কার বাংলায় বলে, শহীদ আহমদ কার নাম?

আমার নাম। কি দরকার বলুন। ভাবেন রসুল সাহেব হয়ত কোন সরকারী কাজ জোগাড় করে দিয়েছেন।

কোন জবাব না দিয়ে সৈনিক বুক পকেট থেকে একটা ভাঁজ করা কাগজ বের করে শহীদ সাহেবের মুখের সামনে তুলে ধরে।

একটা হ্যান্ডবিল বড় বড় হরফে লেখা- মুক্তিবাহিনীকে সাহায্য করুন। কিন্তু অত বড় অক্ষরগুলো কেমন চিনে উঠতে পারেন না শহীদ সাহেব, সব কেমন গুলিয়ে যেতে থাকে। তা অবশ্য মুহূর্তের জন্যে।

পর মুহূর্তের শহীদ সাহেব সহজ গলায় বলেনঃ ও হ্যান্ডবিলটা তো, ওটা আমার প্রেসেই ছাপা হয়েছে।

(বুলবন ওসমান রচিত গল্প)

শিরোনাম	সূত্র	তারিখ
১৪। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত কয়েকটি কবিতা	.....	জুন-ডিসেম্বর, ১৯৭১

৮ জুন, ১৯৭১

শব্দের তারতম্যে

শিকদার ইবনে নূর

শব্দকে আমার বড় ভয় ছিল
পৃথিবীর নানা রকম শব্দকে,
বিশেষ বয়সে এসে অতর্কিত
বাবার পায়ের শব্দ, সেকেলে
খড়ম পড়া মায়ের চলার শব্দ,
প্রিয়তমার কাঁকন নিক্কন; ট্রেনের
চাকার শব্দ, মোটরের বিস্ফোরণ,
প্রাচীন ইটের স্তুপে টায়ারে
আর্তনাদ- অকারণ ট্রাফিক হুইসিল,
এবং বিদগ্ধ দিনে রাজ পথে
রোদ্রের বিলাপ- ইত্যাদি অনেক শব্দে
শব্দময় পৃথিবীকে আমার ভীষণ ভয় ছিল।
অথচ অবাক হই, ইদানীং
আমি এক অত্যাশ্চর্য শব্দের মিছিল।
আমার আত্মায় শব্দ, শব্দ নাচে
প্রতি লোমকূপে, ধমনীতে, ফেনায়িত
রক্তের কণায়, জাগরণে, বিলম্বিত
ঘুমের সত্তায়।
শব্দ বাজে-সোনামুখি ধানের
শীষের মত, চতুর্দশী কৃষাণী
মেয়ের চুলে রক্ত লাল
শাপলার খোপার মত;
আমার সমস্ত দেহে, হৃৎপিণ্ডের
রক্তের ধারায়-শব্দ বাজে।

বাংলার শ্যামল মাঠে, আঙ্গিনায়
পৈশাচিক পদশব্দ, নিসর্গের
বুক চিরে কামান গোলার শব্দ
বিধ্বস্ত মায়ের চোখে দুগ্ধপোষ্য
শিশুদের কচিকণ্ঠে শব্দের আগুন,
আমার পৃথিবী জুড়ে শব্দ শব্দ শব্দ শুধু;
কাজেই, এখন আর শব্দকে, ভয় নেই,
আমিও নিজেই এক অত্যাশ্চর্য
শব্দের মিছিল।

('শব্দ সৈনিক'-ফেব্রুয়ারী ১৯৭২ থেকে সংকলিত)

৯ জুন ১৯৭১

আবার দেখবো *

আবার দেখবো বাংলার পথে-ঘাটে
কৃষাণের লাঙ্গল জোয়াল-
সোনালী ধানের ক্ষেতে শালিকের আনাগোনা-
পদ্মার উত্তাল ঢেউয়ের ঝড় তোলা পানসী-নৌকা দেখবো।
দেখবো মাঠ থেকে ফেরা ষোড়শীর সোনালী মুখ
ভিজে দেহ, হিজল-বট-আমের বনে
দোয়েল-শালিকের মেলা। দেখবো ডানপিঠে ছেলের
দুরন্তপনা। বাড়াভাত নিয়ে বসে থাকা মায়ের
উদ্বিগ্ন মুখ আবার দেখবো।

আবার দেখবো রমনার কৃষ্ণচূড়ায়
থোকা থোকা লাল ফুল।
পল্টনের বাতাসে অনেক শপথী কণ্ঠ।
দেয়ালে দেয়ালে চোখ মেলে চেয়ে থাকা
সবুজ ইচ্ছে দেখবো। দেখবো-
ভার্সিটির চত্বরে অনেক উন্মুখ স্বপ্নের
চঞ্চলতা শহীদ মিনারে নতুন শপথের
বজ্রমুষ্ঠি আবার দেখবো-

রেসকোর্সে মুজিবের দৃপ্ত কণ্ঠ। ক্লান্ত দুপুরে
বৈরাগীর সুরেলা কণ্ঠ- সন্ধ্যায় ঘরফেরা
মানুষের তালহীন কণ্ঠস্বর অবিশ্রান্ত শুনে যাবো-
আবার। আবার দেখবো- আমার চিরপরিচিতা।
রূপসী বাংলাকে।

---

* স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র থেকে সংকলিত। লেখকের নাম জানা যায়নি।

.....জুলাই, ১৯৭১

আমার প্রতিদিনের শব্দ
সৈয়দ আলী আহসান

(১)

আমার সমস্ত চেতনা যদি
শব্দে তুলে ধরতে পারতাম-
জীবনের নৈমিত্তিক আচার
অকুণ্ঠ অভিবাদন,
কখনও রহস্যের অস্পষ্টতা
আবার কখনও সূর্যের তাপ
এবং রাত্রিকালে সমস্ত সুন্দর
গাছের পাতার নিদ্রা
তমসার অবগাহন যখন
সময়কে গ্রাস করেছে
যখন নিঃশ্বাসের ছায়া
স্বচ্ছ কাচে কুয়াশা ফেলেছে
তখন আমার ভাষার শরীরে
প্রকাশের যে যন্ত্রণা
তা আমি প্রতিবার কবিতা লিখতে যেয়ে
অনুভব করেছি-
তার কেশে সমস্ত আকাশের মেঘ
তার নয়নে চিরকালের নদীর উদ্বেলতা
এবং বাহুতে প্রান্তরের বিস্তীর্ণ আশ্রয়।
সে আমার প্রতিদিনের শব্দ।

(২)

বিষণ্ণ নির্জনতা যেখানে চিরদিন রাজত্ব করে
এবং লম্বা ঘাস বসে থাকে সিঁড়ির ফাটলে
চাঁদ, সূর্য, শীত, গ্রীষ্ম এবং তুষার
যেখানে দেয়ালের রং মুছে দেয়

কয়েকটি ইঁদুর যখন ছুটোছুটি করে
তখন প্রশ্ন করতে ইচ্ছে হয়-
এ-পরিত্যক্ত অট্টালিকায় কে বাস করতো?
একটি সাপ তখন কোনো উত্তর না দিয়ে
সিঁড়ি বেয়ে প্রাচীন অন্ধকারে হারিয়ে যায়-
আমার ভাষার শব্দ
সময়ের অন্ধকারকে প্রকাশ করবার জন্য
আহত শরীর নিয়ে উদ্ভ্রান্ত
রবীন্দ্রনাথের প্রাচুর্য, সৌভাগ্য এবং আনন্দ থেকে সে বঞ্চিত
হৃতশ্রী আমার শব্দ আজ সমস্ত ক্ষুব্ধ ইচ্ছার
উপমা হতে চাচ্ছে-
আমার প্রতিদিনের শব্দ।

(৩)

দ্বিখণ্ডিত শিশুর মৃতদেহ নিয়ে
অট্টহাস্যে যারা রাত্রির নীরবতাকে
ভয়াল করলো,
যারা আমার কণ্ঠস্বরকে স্তব্ধ করবে ভেবে
সকাল বেলার শিশিরকে রক্তিম করলো-
(মাতৃদুগ্ধের মতো স্রোতস্বিনী
অজস্র শবের আর্ত দৃষ্টি নিয়ে প্রবাহিত)
মধ্যযুগের অন্ধকারকে লজ্জিত করে
যে-সব সারমেয় তাদের করাল
দ্রংষ্ট্রারেখায় আমাকে
আতুর করতে চাচ্ছে
আমার প্রতিদিনের শব্দে তাদের
ধ্বংস উচ্চারিত হোক,
মাতৃভূমি আমার, আমার সপ্রেম
অনুরাগকে যারা কলঙ্কিত করতে চাচ্ছে
আমার অজেয় শব্দে-
তাদের সর্বনাশ চিহ্নিত হোক-
আমার প্রতিদিনের শব্দ।

(৪)

ভয় থেকে উন্মাদ উদ্দেশ্যহীন পলায়ন
যখন আর সম্ভবপর হচ্ছে না
যখন রুদ্ধশ্বাস জীবনে বেঁচে থাকার যন্ত্রণা নিয়ে
আমরা হতবাক হয়ে দাঁড়িয়ে আছি
আর রাত্রির অন্ধকারে দেখেছি
আকাশ থেকে এক একটি তারা খসে পড়ছে
এবং অসহ্য একটি স্তব্ধতায়
আবেগের সমস্ত তরঙ্গগুলো
অশ্রুতে হারিয়ে যাচ্ছে,
তখন আমার শব্দে নতুন বিস্ময়ের উন্মোচন ঘটুক-
আমার প্রতিদিনের শব্দ।।

লেখকের নিকট থেকে প্রাপ্ত)

১৯ সেপ্টেম্বর, ১৯৭১

অশুভ শক্তির চ্যালেঞ্জ আমি

নেওয়াজিস হোসেন

রক্তে আখরে লেখা
পঁচিশের মর্মন্তুদ রাত্রির
ভয়াল পরিধি- নীল-স্বপ্নের
সাত কোটি রজনী জলের
সমুদ্রে কান্না শব্দে তরঙ্গ শিহরিত।
বাংলাদেশ-
কুচক্রী শক্তিসমূহের লালসার
পাদপীঠ কখনো নয়;
এ নির্ভুল শাশ্বত সত্য যোজনার জবাব
প্রস্তুত রণাঙ্গণে-
সাড়ে সাত কোটি সুদৃঢ় বজ্রমুষ্ঠি।
ক্ষমার অযোগ্য পশুশক্তির
নির্মম শাস্তি দিচ্ছিঃ
নিঃস্নেহে জীবনের শত্রুকে আহ্বান করে
মৃত্যুর খোলা দরজা।
শব্দ দেয় উৎফুল্ল উপহার আমায়
বিপুল বিপ্লবী সাড়া।
স্বজন হারানোর বেদন বিক্ষোভের সবটুকু বহ্নি
আজ প্রাণ মনে উত্থিত।
নির্মেঘ আকাশে অযথা মেঘাবির্ভাবকারীর
কখনো যদি পুনরাবির্ভাব হয়,
তাহলে চ্যালেঞ্জের জন্যে প্রস্তুতঃ
অগ্নিমূর্তি এক আমি সত্তা।

('শব্দসৈনিক- ফেব্রুয়ারী, ১৯৭২ থেকে সংকলিত)

৩০ সেপ্টেম্বর, ১৯৭১

কমাণ্ডার

নাসিম চৌধুরী

কমাণ্ডার
আমরা প্রস্তুত
কামান, মর্টার, রকেটে, গোলায়,
যুদ্ধের কড়া সাজে, বেল্টে-বুটে
আমরা সেজেছি যথারীতি।
এবার তোমার অর্ডার দেবার, পালা-
দাও অর্ডার
কমাণ্ডার।

দেখ, চারিদিকে প্রস্তুতির আয়োজন শেষ,
কী ভয়াল সুন্দর অন্ধকার ঘনিয়েছে চারিদিকে
এতক্ষণ যে মুমূর্ষু আলো ছড়াচ্ছিল
কৃষ্ণপক্ষের অসুস্থ চাঁদ,
সেটাও টুপ করে খসে গ্যাছে কোন রহস্যলোকে
এখন শুধু অন্ধকার-
কি বিশ্বাসী বন্ধুর মত ঘিরে আছে চারিদিক

আর দেখ কী লোমহর্ষক নীরবতা!
কুলায় ফিরে গ্যাছে সর্বশেষ পাখী
শুধু একটানা ঝিল্লীর ঝংকার।
এটাইতো শত্রুনিশ্চিহ্নের মাহেন্দ্রক্ষণ
কমাণ্ডার
আর দেরী নয়, শুধু অর্ডার।

কমাণ্ডার
শুধু তোমার একটি অর্ডার
দেখবে কী দুর্জয় করে তোলে আমাদের।
কী প্রচণ্ড সাড়া জেগে ওঠে রক্তের ধারায়

কী প্রখর জ্বলে ওঠে চোখের তারা

কী অট্টশব্দে গর্জন করে ওঠে প্রতিটি অস্ত্র
আর তার সাথে কী সুন্দর মেলাবে
শত্রুর আর্তরব।
কমাণ্ডার, এবার শুধু অর্ডার করো, অর্ডার
তোমার অর্ডারের সঙ্গে সঙ্গে
ছুটে যাব আমরা
ঐ দূরে যেখানে শত্রুরা ফেলেছে ক্যাম্প
যেখানে প্রতিটি বাঙ্কারে শুয়ে আছে
হিংস্র ঘাতকের দল
আর পেন্টাগনের জেনারেলদের মত
কুটিল বক্র ট্রেঞ্চগুলি লুকিয়ে রেখেছে যে
হিংস্র হায়েনাদের
সেখানে ছুটে যাব কী তুমুল প্রাণের আবেগে
গর্জে উঠবে আমাদের মুষ্টিচ্যুত গ্রেনেড
সেই ধ্বংস উৎসবের আশায় বসে আছি
কমাণ্ডার
শুধু আদেশ দাও এবার।

কমাণ্ডার
আমরা প্রস্তুত
কামান মর্টার গানে, রকেটে গোলায়
যুদ্ধের কড়া সাজে, বেল্টে-বুটে
আমরা সেজেছি যথারীতি
এবার তোমার অর্ডার দেবার পালা
দাও অর্ডার
কমাণ্ডার।

কমাণ্ডার
এখনো কী সময় হয়নি তোমার?
এখনো কী দৃষ্টি রাখবে ঘড়ির কাঁটায়?

উৎকর্ণ হবে ঘাসের প্রতিটি শিহরে?
দায়িত্ব কী পালন করবে তুমি
সংসারী কৃষাণীর মত
ভেবে-দেখে, কম্পনে-ত্রাসে?

দায়িত্ব গ্রহণ কী তবে বৃদ্ধত্ব গ্রহণেরই নামান্তর শুধু।
নইলে হিসাবের প্রয়োজন কী
ঘড়ি আর আঁধারের গাঢ়তা নিয়ে?
জানি তা আনবে আরো সুচারু সফলতা
কিন্তু আমাদের কাম্য তা নয়।

আমরা চাই বিশৃঙ্খল বেঠিকের মাঝে
ভয়াল বিজয়।

আমাদের যাত্রা হবে হঠাৎ আচম্বিতে
মনের তাড়ায়।
নিমেষে উগড়াবো যতগুলি জ্বালা আছে মনে
চকিতে ছুঁড়ে দেবো যতগুলি গোলা পাবো চোখে
হিসাবের জের আর টানবো না ক্ষয়ক্ষতি নিয়ে
আনবো না বিজ্ঞান অংকের মাপ
শুধু যাবার আবেগে চলে যাব।

কমাণ্ডার
যদি ঐ বিদেশী পদবীটার সাথে জড়তা ওতপ্রোত থাকে
তবে তা ছুঁড়ে ফেলো বিষাক্ত ঘৃণায়
ভুলে যাও সময়ের নির্দিষ্টতা
চলো এক সাথে ঝাঁপিয়ে পড়ি
শত্রুগুলোর ওপর
তাদের নিশ্চিহ্ন করে দি
আমাদের বেহিসাবী উচ্ছৃঙ্খলতায়।
তারপর ক্ষতি হয়ে পড়ে থাকি
বে-নিয়ম পৃথিবীর পরে।

(স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র থেকে সংকলিত)

৫ অক্টোবর, ১৯৭১

রিপোর্ট ১৯৭১

আসাদ চৌধুরী

প্রাচ্যের গানের মতো শোকাহত, কম্পিত, চঞ্চল
বেগবতী তটিনীর মতো স্নিগ্ধ, মনোরম
আমাদের নারীদের কথা বলি, শোনো।
এ-সব রহস্যময়ী রমণীরা পুরুষের কণ্ঠস্বর শুনে
বৃক্ষের আড়ালে স'রে যায়-
বেড়ায় ফোঁকর দিয়ে নিজের রন্ধনে
তৃপ্ত অতিথির প্রসন্ন ভোজন দেখে
শুধু মুখ টিপে হাসে।
প্রথম পোয়াতী লজ্জায় অনন্ত হ'য়ে
কোঁচরে ভরেন অনুজের সংগৃহীত কাঁচা আম, পেয়ারা, চালিতা-
সূর্যকেও পর্দা করে এ-সব রমণী।
অথচ যোহরা ছিলো নির্মম শিকার
সকৃতজ্ঞ লম্পটেরা।
সঙ্গীনের সুতীব্র চুম্বন গেঁথে গ্যাছে-
আমি তার সরকার- তার রক্তে স্বরলিপি লিখি।
মরিয়ম, যীশুর জননী নয় অবুঝ কিশোরী
গরীরেব চৌমুহনী বেথেলহেম নয়
মগরেবের নামাজের শেষে মায়ে-ঝিয়ে
খোদার কালামে শান্তি খুঁজেছিলো,
অস্ফুট গোলাপ-কলি লহুতে রঞ্জিত হ'লে
কার কী বা আসে যায়।
বিপন্ন বিস্ময়ে কোরানের বাঁকে-বাঁকে পবিত্র হরফ
বোবা হ'য়ে চেয়ে দ্যাখে লম্পটের ক্ষুধা,
মায়ের স্নেহার্ত দেহ ঢেকে রাখে পশুদের পাপ।
পোষা বেড়ালের বাচ্চা চেয়ে-চেয়ে নিবিড় আদর
সারারাত কেঁদেছিলো তাহাদের লাশের ওপর।
এদেশে যে ঈশ্বর আছেন তিনি নাকি

অন্ধ আর বোবা

এই ব'লে তিন কোটি মহিলারা বেচারাকে গালাগালি করে।
জনাব ফ্রয়েড,
এমন কি খোয়াবেও প্রেমিকারা আসে না সহজ পায়ে চপল চরণে।
জনাব ফ্রয়েড, মহিলারা
কামুকের, প্রেমিকের, শৃঙ্গালের সংজ্ঞা ভুলে গ্যাছে।
রকেটের প্রেমে পড়ে ঝ'রে গ্যাছে
ভিক্টোরিয়া পার্কের গীর্জার ঘড়ি,
মুসল্লীর সেজদায় আনত মাথা
নিরপেক্ষ বুলেটের অন্তিম আজানে স্থবির হয়েছে।
বুদ্ধের ক্ষমার মূর্তি ভাঁড়ের মতন
ভ্যাবাচেকা খেয়ে পড়ে আছে, তাঁর
মাথার ওপরে
এক ডজন শুকুন মৈত্রী মৈতী ক'রে
হয়তো বা উঠেছিলো কেঁদে।
র‍্যাঁবো, পাউণ্ড চোরের মতন
পা-টিপে পা-টিপে জ্যোতির্ময়
স্যারের কেলাস থেকে চ'লে গ্যালো।
কাচের গ্লাসের মতো ভেঙ্গে গ্যালো ছাত্রাবাস।
পৃথিবীর সব চিন্তা কাগজের চেয়েও দ্রুত পুড়ে গ্যালো,
বারুদের গন্ধে ধন্য গ্রন্থাগার ব্যাণ্ডেজে সুন্দর।
জনাব উ থান্ট,
জাতিসংঘ ভবনের মেরামত অনিবার্য আজ।
আমাকে দেবেন, গুরু, দয়া ক'রে তার ঠিকাদারী?
বিশ্বাস করুন রক্তমাখা ইটের যোগান
পৃথিবীর সর্বনিম্ন হারে একমাত্র আমি দিতে পারি
যদি চান শিশুর গলিত খুলি, দেওয়ালে দেওয়ালে শিশুদের রক্তের আল্পনা
প্লিজ, আমাকে কন্ট্রাক্ট দিন।
দশ লক্ষ মৃতদেহ থেকে
দুর্গন্ধের দুর্বোধ্য জবান শিখে রিপোর্ট লিখেছি- পড়, পাঠ কর।
কুড়ি লক্ষ আহতের আর্তনাদ থেকে
ঘৃণাকে জেনেছি-পড়, পাঠ কর।

চল্লিশ হাজার ধর্ষিতা নারীর কাছে
জুলুমের সবক নিয়েছি-পড়, পাঠ কর।
দুঃখের স্মৃতিতে ডোবা আশি লক্ষ শরণার্থী
শিখিয়েছে দীর্ঘশ্বাসে কতোটুকু ক্রোধ লেখা থাকে।
কোলকাতার কবির মতো কে পারে শোনাতে
'আমি তোর জন্ম সহোদর?'
অনাহূত বিবেকের ভ্রাম্যমাণ স্থায়ী প্রতিনিধি হ'য়ে
ক্লান্তিহীন, বিশ্রামবিহীন আমি ছুটে যাই শান্তির সভায়
কখনো দিল্লীতে, মস্কো, লন্ডন, প্যারীর
জনাকীর্ণ সমাবেশে আমি খুঁজি একজন রাসেলের মুখ,
প্রেমের লিপিকা পড়ি জেনেভার জুরীদের কাছে-
পৃথিবীর ইতিহাস থেকে কলঙ্কিত পৃষ্ঠাগুলো রেখে
চ'লে আমি ক্যানাডার বিশাল মিছিলে শ্লোগান শোনাতে।
মানুষের জয় হোক, নিপীড়িত জনগণ জয়ী হোক অন্তিম সমরে।
অসত্যের অন্যায়ের পরাজয়ে খুশী হোক বিশ্বের বিবেক,
পলাতক শান্তি যেন ফিরে আসে আহত বাংলার ঘরে ঘরে।

(শব্দসৈনিক'-ফেব্রুয়ারী ১৯৭১ থেকে সংকলিত)

কোন এক নিবেদিতাকে

টি, এইচ, শিকদার

নিবেদিতা,
তোমাকে দেখেছি আমি আগেও অনেক
দেখেছি পথের ভিড়ে, একুশের
সুকান্ত মিছিলে।
এবং কখনো কোন-জলসায়
ভার্সিটির তর্কের আসরে, পাঠাগারে
মেটেরিয়া মেডিকার স্তূপীকৃত
জ্ঞানের সমুদ্রে।

নিবেদিতা,
তোমাকে দেখেছি আমি আগেও অনেক
বঙ্গোপসাগর তীরে, কিংবা কোন সবুজাভ
হিলট্র্যাক্ট জুড়ে সাঁওতালী ছেলের হাতে,
মুক্তোময়ী ঝিনুকের খোলের ভেতরে।

তখনো তোমার চুল ভার্জিনিয়া
তামাকের দেশে, মূর্ছিত নেশার মত
তীব্রতর সুবাস ছড়ায়;
তোমার ভুরুতে আঁকা সমুদ্র-কাজল
বৃষ্টির নূপুর হয়ে সঙ্গীত শোনায়।

সুচরিতা,
আজকে তোমাকে আমি দেখেছি আবার-
রক্তাক্ত বাংলাদেশে, খুলনা, কুমিল্লা, ঢাকা,
রংপুর, সিলেট আর কুষ্টিয়ার বিষণ্ণ সেক্টরে;-

আহত আত্মার পাশে, ট্যাংকের
ভয়াল-চোখ গর্জনের মুখে,
প্রসন্ন ফুলের মত উৎসর্গের তরে।
কি আশ্চর্য! এখন তোমার মন
অন্যভাবে, অনন্য ইচ্ছায়
নিবেদিত, সাত কোটি রক্তের সত্তায়ঃ
সহস্র ধ্বংসের বাজ, মেশিনগান, মর্টারের স্তূপে
অক্টোপাশ-ডানা দেখি অনির্বাণ ভিসুভিয়েসের;
এবং তোমাকে দেখে, সমর্পিতা,
যদি আমি হতে পারি অন্য এক নিবেদিত প্রাণ।।

('বেতার বাংলা'-মার্চ ১৯৭২ থেকে সংকলিত। কবিতাটি প্রচারের তারিখ জানা যায়নি)

নামফলক

অনু ইসলাম

মহান শহীদানের স্মরণে লেখা
প্রস্তর ফলকে বন্ধু তোমাদের নাম।

আমি হাঁটছি ২৫শে মার্চ থেকে
আমি হাঁটছি কালো-লাল এবং
সবুজ থেকে ঝলসানো স্বাধীনতা
পর্যন্ত।

এখন বন্ধুরা
স্থির হয়ে তাকিয়ে দ্যাখো
কেমন করে ঢেকে রেখেছি
তোমাদের স্মৃতিগাঁথা আমার বুকের মর্মরে।

জানো এখন আমার চোখ থেকে
সব আলো ফুরিয়ে গ্যাছে।
দ্যাখো আমার চোখ দুটি কেমন করে
ঢেকে রেখেছি
রাশ রাশ জানা অজানা নামে।

আমি তবুও পড়তে পারি
(শিশু শিক্ষায় যেমন পড়তাম)
মানুষের হৃদয়ের পটে পটে
লক্ষ লক্ষ মানুষের নাম।
(ওরা মানুষ নয় বীর)
সালাম
বরকত,
মুক্তিযোদ্ধা
এবং শেখ
যে একটি মানচিত্র!

আমার বুকের নীচে
রক্তের ঝরণা-
ঝরণার গানে গানে
শুধু শুনি লক্ষ নাম-

সালাম
রফিক
মুক্তিযোদ্ধা।

('শব্দসৈনিক'-ফেব্রুয়ারী ১৯৭২ থেকে সংকলিত। কবিতাটি প্রচারের তারিখ জানা যায়নি)

৫ নভেম্বর, ১৯৭১

হে স্বদেশ হে আমার বাংলাদেশ

মোহাম্মদ রফিক

তোমার দেহের মতো খর-কৃপাণের মতো
দীর্ঘ ও উদ্যত ঋজু
সারি সারি
শাল-তরু-শ্রেণী
দাঁড়িয়ে রয়েছে দুই পাশে;
দীর্ঘ প্রতীক্ষার পর চুমু খেলে
ভয়ে ও বিহ্বলতায়
যেমন কম্পন জাগে
তোমার দু'গালে ঠোঁটে, আজকে রাত্রেও তেমনি
উদগ্রীব অপেক্ষার
রুদ্ধ শিহরণ সাড়া
শাখে শাখে, শকুনের ডানার ঝাপটে যেন
ঢেউ ওঠে ভয়াল সাগরে;

তোমার ত্বকের রং যেন
তপ্ত কাঞ্চনের মতো
লেগে আচে সড়কের প্রতি ধূলিকণা সাথে,
চোখের মণির মতো সজল নিবিড় কালো
জমছে খণ্ড খণ্ড মেঘ
সারাটা আকাশময়
হয়তো নামবে বৃষ্টি একটু পরে,
যেমন শোনিত চুঁয়ে চুঁয়ে
পড়ছে তোমার পথে পথে
তাল ও তমাল শাখে,
শত্রুর সৈন্যের বেয়নেটে

তোমার প্রাণের মতো
উষ্ণ লাল রক্ত
যেমন ঝরছে

মাঠে মাঠে গঞ্জে বাটে;
ক'জন চলেছি আমরা
সড়কের, পর দিয়ে এই
একটি ট্রাকে ঠাসাঠাসি
উঁচিয়ে সঙীন দৃপ্ত
আমরা চলেছি এই
নীরন্ধ্র রাতের মাঝামাঝি
তোমার প্রেমের ঋণ
রক্ত ঋণ
রক্ত দিয়ে শোধ করে দিতে;

শুধু আলো হাওয়া চাঁদ
বা সূর্যকিরণ নয়
তোমার শরীরে মাগো
বিকট দুর্গন্ধ আছে,
ক্লান্ত শ্রান্ত অবসন্ন সব
কচি কচি যোদ্ধাদের
ঘামে ভেজা ছেঁড়া গেঞ্জি
ময়লা বিছানা হ'তে
বিবমিষা ছুটে আসে;

তোমার দেহের সাথে
এ দুর্গন্ধে মাগো
আমাদের ভবিষ্যৎ যেন
নবজাতকের মতো
হাত পা বাতাসে ছুঁড়ে খেলা করছে;

শুধু খালে বিলে মাঠে
নদীতে নালায় জলে
বা সীতাকুণ্ডর
পর্বতমালায় নয়,

এইসব বৃষ্টিভেজা
কাদামাখা তাঁবুতে তাঁবুতে যেন

তোমার মানচিত্রখানি
কতগুলি
ছোট ছোট জারুল চারার মতো
উষ্ণ তাজা
হৃদয়ের সাথে লেপ্টে আছে।
বিভিন্ন টিলায় ট্রেঞ্চে
রাইফেলে ট্রিগারে হাত চেপে
দেখছি প্রতিদিন

হাজার হাজার জীর্ণ অবসন্ন ধর্ষিতা নারীও
পুরুষের সাথে
শত্রুর সন্ত্রস গুলি বেয়নেট বেড়াজাল
কি করে এড়িয়ে মা আমার
হেঁটে চলছে দল থেকে দলে
দৃপ্ত পায়ে

কুয়াশার আস্তরণ ছিঁড়ে
ভেঙেপড়া
প্রথম সূর্যের ক্ষীণ
আলোর রেখার মতো
কম্পমান সম্ভাবার দিকে!

বহু পরে
অনেক রাতের শেষে
আঁধারের আস্তরণ ভেঙে
নির্দয় নিশ্চিত সূর্য
জরাজীর্ণ
দেয়াল ফাটলে বট
বৃক্ষের চারার মতো
যখন বেরিয়ে আসবে
ফেটে পড়বে

বহু প্রতীক্ষিত
সেই আনন্দিত ক্ষণে

হয়তো দেখবে
তোমার ঘরের পাশে
উজ্জ্বল পৈঠার, পর
দু'একটি ফোঁটা
পুরানো মলিন রক্ত
লেগে আছে,
তখন কি
মনে পড়বে
প্রিয়তমা
আমরা ক'জন মিলে
অবিচল প্রত্যাশায়
তোমার প্রেমের ঋণ
রক্ত-ঋণ
সহস্র সহস্র কোটি
হায়েনার চীৎকারের মতো
সেই এক
পৈশাচিক অন্ধকার রাতে
চলে গেছি
রক্ত দিয়ে
শোধ করে।

(স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র থেকে সংকলিত)

১৫ নভেম্বর, ১৯৭১

আমার স্বর্গের নামে

মযহারুল ইসলাম

(এক)

সব কথা সব অনুভূতি যেন কোন এক বিষন্ন উদ্বেগে
হতবাক হয়ে আসে, ক্ষোভাচ্ছন্ন চেতনার উদ্দাম আবেগে
বাংলার মাঠে ঘাটে শহরে বন্দরে গ্রামে গ্রামে
রক্তঝরা মুহূর্তের তিমিরাঞ্চল-ছায়া নামে
শ্মশানের ভস্মে আর দুর্দিনের ক্লান্ত দীর্ঘশ্বাসে
আমাদের কাল শুধু বেদনায় ম্লান হয়ে আসে।

(দুই)

বাংলা দেখেছে তার সন্তানের মৃতদেহে
কেমন ভরেছে মাঠ নদী
বাংলা দেখেছে তার সন্তানের রক্তে রক্তে
হিমসিক্ত স্রোতের প্রবাহ
বাংলা জেনেছে তার অপমানে লাঞ্ছনায়
অন্ধকার নামে নিরবধি
বাংলা বুঝেছে তার নির্যাতন নিপীড়নে
কি দুঃসহ যাতনা-প্রদাহ।

ইতিহাস তবু কথা বলে
মুক্তির সোনাসূর্য প্রভাতের প্রতীক্ষায় জাগে পূর্বাচলে।

(তিন)

চারিদিকে শুধু সংগ্রাম আর যুদ্ধ
হাতিয়ার হাতে চলে মহা জয় যাত্রী
বাংলার গ্রাম প্রান্তরে ঘাট প্রতিরোধ বিক্ষুব্ধ
পূর্বগগনে কাটে অভিশাপ-রাত্রি।

অযুত মৃত্যু, অনেক রক্ত সীমাহীন নিগ্রহ
পেরিয়ে এসেছে আজকের দিন অগ্নিশপথে স্নাত

দিকে দিকে জাগে মহা অভিযান বিপ্লব বিদ্রোহ
বিজয়ের দিন মুক্তির দিন সম্মুখে প্রতিভাত।

(চার)

বাংলা আমার, স্বদেশ আমার, আমার বাংলাদেশ
রূপে রূপময়ী, চিরমধুময়ী স্বর্গ আমার বিশ্বে
সুজলা তটিনী আকাশ চেয়ে দেখি অনিমেষ
সবুজে শ্যামলে নৃত্যে ও গানে নবীনা দৃশ্যে দৃশ্যে।

বিশ্বে আমার স্বর্গ বাংলাদেশ
জাগ্রত আমি সেই স্বর্গের নামে
তার প্রেমে নব-চেতনার উন্মেষ
তারই অনুরাগে নামি মহাসংগ্রামে।।

(স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র থেকে সংকলিত)

১৫ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশ

মিজানুর রহমান চৌধুরী

গুরুদেব,
তোমার সোনার বাংলা আজ
শ্মশান হয়ে গেছে।
ফাগুনের আমের বনে
মুকুলের গন্ধ আজ আর নেই
বারুদের গন্ধে ভরেছে ফাগুনের বাতাস।
অবারিত মাঠ গগন ললাট
আজ উত্তপ্ত।
দস্যুদের শেলের আঘাতে
বাংলার শ্যামল রূপ বিপর্যস্ত।
মেশিন গান, মর্টার আর বোমার আঘাতে
বাংলার আকাশ বাতাস ভরে গেছে।
হে রবীন্দ্রনাথ
তোমার সোনার বাংলা আজ
শ্মশান হয়ে গেছে।

হে বিদ্রোহী
ওরা সাত কোটির মুখের গ্রাস
কেড়ে নিতে চায়।
ওরা বুলেটের আঘাতে বাঙালীকে
নিশ্চিহ্ন করতে চায়।
ওই শোনো আকাশে বাতাসে
নিপীড়িত মানুষের ক্রন্দন রোল
ওই দেখ অত্যাচারীর খড়্গ কৃপাণ
রক্তের হোলি খেলায় মেতে গেছে।

এস বন্ধু সেই শমসের নিয়ে
আর একবার পদ্মার জলে মোরা

লালে লাল হয়ে মরি।
বাংলার পথ-প্রান্তর রক্তলেখায় পূর্ণ
এস বন্ধু আজ মোদের রক্তলেখায়
ওদের নিশ্চিহ্ন করে দিই।

জীবনানন্দ

তুমি দেখেছিলে রূপসী বাংলার
রূপ মনোহর।
পাখীর নীড়ের মত চোখ দেখেছিলে-
নাটোরে বনলতা সেনের।
বাংলার ভাঁটফুল কদম্বের ডালে
ধানসিঁড়ি নদীটির পারে
ফিরে আসতে চেয়েছিলে
এই বাংলায়।
কিন্তু বন্ধু
রূপসী বাংলার রূপ আজ বিবর্ণ
পশ্চিমা হানাদারের নির্মমতায়
বাংলার মাঠে ঘাটে হাহাকার ধ্বনি
প্রিয়া আজ দানবের হাতে বন্দিনী
ধর্ষিতা তরুণীর দিগন্ত বিদারী কান্না
আজ বাতাসে কেঁদে মরছে।
আশীর্বাদ করো বন্ধু
প্রিয়ার দৃষ্টির অগ্নিশিখায় যেন
শত্রুর মুখ জ্বলে পুড়ে ছাই হয়ে যায়।

সুকান্ত

নবজাতকের কাছে অঙ্গীকার করে বলেছিলে
এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাবে
কিন্তু নরদানবের পৈশাচিকতায়
অসংখ্য শিশু আজ অধিকার হারা।
বুভুক্ষু জনতার অসহায় ক্রন্দন
লাঞ্ছিত বঞ্চিত মানুষের ম্লান মুখ

গভীর জিজ্ঞাসা নিয়ে দাঁড়িয়ে আছে।
এসো আজ সিগারেটের মত জ্বলন্ত অগ্নিকুণ্ড হয়ে,
দিয়াশলাইয়ের কাঠির মত মুখে বারুদ নিয়ে।
এসো এই সংগ্রাম মাঝে
নতুন আলোর মন্ত্র নিয়ে।
ঠিকানা তোমার পেয়েছি বন্ধু
ইন্দোনেশিয়া, যুগোশ্লাভ, কম্বোডিয়া নয়
আলজিরিয়া, কোরিয়া, ভিয়েতনাম নয়
স্নেহ মায়া মাখা, মমতা ঘেরা
এই বাংলায়।।

(স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র থেকে সংকলিত)

---

২৪ নভেম্বর, ১৯৭১

অবৈধ ন্যুরেমবার্গ ট্রায়াল

মুসা সাদেক

মহামান্য বিচারকমণ্ডলীঃ

এখন থেকে দুই দশক পূর্বে
পবিত্র ধর্ম এবং আইনের দোহাই সাজিয়ে
বিশ্ববিবেক, বিশ্বমানবতার ধ্বজা উঁচিয়ে
আপনাদের আদালতে যাঁদের বিচার করেছিলেন
আদালতে শেষতম শাস্তির বিধান দিয়েছিলেন
ঈশ্বর-দণ্ড-প্রাণ রক্ষার অধিকার কেড়েছিলেন
তারা প্রত্যেকেই নিরপরাধী এবং প্রত্যেকেই পুণ্যবান
এবং পবিত্র আইনের শ্লীলতাহানির অভিযোগে
মাত্র দুই দশকের ব্যবধানে আপনারা অভিযুক্ত।
ইতিহাস কাউকে ক্ষমা করে না- দুই দশক বিলম্বে
আসামীর কাঠগড়ায় আপনারা দাঁড়িয়ে
তার খাসা একখানা প্রমাণ নির্মাণ করলেন অন্তত।

বিশ্ববিবেকের যেসব মহানতম ব্যক্তিত্বকে
আপনারা সেদিন মানব সত্তা এবং সভ্যতা হন্তা হিসেবে
চিহ্নিত করেছেন, তার জন্য আমাদের দারুণ বিলাপ
এবং বিশ্বব্যাপী শোক সভার ঘটা অচিরেই শুরু হবে।

মহামান্য আদালতঃ
আমি অবশ্য কোটি কোটি মানুষের দুর্দশা এবং দুর্ভাগ্যের জনক
ফুয়েরারের প্রসঙ্গ উপস্থাপন করছি
আমি অবশ্যই ফুয়েরার দোসর বেনিটো মুসোলিনীর কথা ভাবছি
ষাট লক্ষ ইহুদী নিধনের পুরোহিত মহাত্মা আইখম্যানের নামও উল্লেখ করছি।
আমি অবশ্যই কূটনীতিক হের হেস, প্রচারবিদ গোয়েবলস, সমরবিদ তেজো
প্রভৃতি পুণ্যাত্মাদের নামও উপস্থাপন করছিঃ
যাঁদেরকে আপনারা অবৈধ আইনের সত্তা অনুসরণ করে
ধর্মের দোহাই পেড়ে পাপাত্মা বলে চরম দণ্ড দিয়েছেন।

এই সব মহাপ্রাণদের ন্যুরেমবার্গ-ট্রায়াল-প্রহসনের মাধ্যমে দণ্ড দিয়ে
সমগ্র বিশ্ব সভ্যতার যে অপূরণীয় ক্ষতি আপনারা করেছেন
আজ তার হিসাব হবে, আজ তার বিচার হবে
না হলে মানব সভ্যতার বুকে মহা অভিশাপ ধার্য হবে।

হে ন্যুরেমবার্গ ট্রায়ালের বিচারমণ্ডলীঃ
ঈশ্বরের অসীম করুণা যে সত্য, ন্যায়, ধর্ম এবং বিচার
অবশেষে প্রতিষ্ঠিত হতে চলেছে- তোমরা কাঠগড়ায় দাঁড়িয়েছো
অবৈধ ন্যুরেমবার্গ ট্রায়ালের তোমরা আসামী
ন্যুরেমবার্গ ট্রায়ালের আসামীদের উত্তরসূরীরা আজ বিচারপতিদের আসনে।
ভিয়েৎনামের লক্ষ লক্ষ হত্যাযজ্ঞের পুরোহিত মহাত্মা রিচার্ড নিক্সন
বাংলাদেশের পঞ্চাশ লক্ষাধিক মানুষ হত্যার যোগ্য জনক পুণ্যাত্মা এহিয়া
এবং অসংখ্য মাইলাই- ঐতিহ্যধারী পুণ্যাত্মারা।
আজকের মহামান্য আদালতের মহিমান্বিত বিচারকমণ্ডলী।
আজকে বিচার হবে অবৈধ ন্যুরেমবার্গ ট্রায়ালের বিচারকদের
আজকে বিচার হবে ভিয়েৎনাম যুদ্ধ অপরাধে হোচিমিনের
আজকের বিচার হবে বাংলাদেশ অপরাধে শেখ মুজিবের।।

('শব্দসৈনিক' -ফেব্রুয়ারী ১৯৭২ থেকে সংকলিত)

১ ডিসেম্বর, ১৯৭১

লাল গৌরবে আসে স্বাধীনতা

রফিক নওশাদ

বন্ধু তোমার শদীহ মিনার রক্তে আমার রাঙিয়ে দেবো
স্বাধীনতার জয় পতাকা এই মিনারেই উড়িয়ে যাবো।

বাংলার বুকে বেদনার ছায়া- হাসে না বাংলা সহজ গানে
হিংস্র শ্বাপদ তীক্ষ্ণ নখরে সবুজ কুঁড়িয়ে মৃত্যু আনে।
ঘন কালো রাত কালো শৃঙ্খল দুর্গম আজ পথের রেখা
তবুও রক্তে বান ডাকে জানি মুক্তি পথের মিলবে দেখা।

যুদ্ধক্লান্ত বন্ধু আমার, ঘুমাও শহীদ- মুক্তি সেনা-
তোমার রক্তে শপথ নিলাম শত্রুকে আজ হয়েছে চেনা।
গণ-শত্রুর কলজে ছিঁড়ে পিষবো পায়ে কসম ভাই-
আমার ভায়ের রক্তের ঋণ শুধতে হবে আপোষ নাই।
সব শোষণের হিম কারাগার পদাঘাতে জানি পড়বে ধসে
গণ-যুদ্ধের রক্ত-ফসল তুলবো এবার যুদ্ধশেষে।

এদেশ আমার, কোটি জনতার- পরাধীনতার লগ্নশেষ
কৃষ্ণচূড়ার লাল গৌরবে আসে স্বাধীনতা- হাসে স্বদেশ।

(স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র থেকে সংকলিত)

৬ ডিসেম্বর, ১৯৭১

অন্বিষ্ট রাজ্যঃ আমার বাংলা

প্রণব চৌধুরী

আমি পেয়েছি খুঁজে এক বাস্তবিক মানোরম রাজ্য।
এ রাজ্যের কোথাও নির্ধারিত কোন সামরিক শাসনের নেই
কড়া বিধি, খাঁচাবন্ধের ভয়।
এখানে সবার নির্বিকার বাধাহীন চলাফেরা,
মা'র কোলে দোল খাওয়া নিগূঢ় নিশ্চিন্ত ঘুম,
নিরপরাধ আঁচলে মাথা ঝুঁকানো স্বামীর সোহাগ
পুত্তলি ... ...

এ রাজ্যের সবচেয়ে বড়ো কথা, মূলত,
এখানে চিরায়ত নিয়মের সব পথঘাট, প্রান্তর, জলাশয় নদী
ছায়ান্ধ অন্ধকারে কতোকাল ঢেকেছিল ভয়াবহ জঙ্গল।
অতঃপর একদিন এ রাজ্যের আবালবৃদ্ধ হাত বুলিয়ে গভীর প্রেম,
একে একে সব আঁধারের পাষাণ পাহাড়, সারি সারি
সভয় জঙ্গল কেটে ভয়াল বাঘের চামড়ায়
শুতে দিল আজীবন ভীরু হরিণী;
মায়ের অনিঃশেষ স্নেহের মতো বাড়ালো সূর্য মুখ
এ সূর্য আর ডুবলো না কোনদিন
ডুবে আবার প্রাত্যহিক বিশাল কালো নদীতে
মাথা বাসানোর বুক ফুলালো না,
এ রাজ্যে সেই থেকে অন্ধকার নেই, প্রতি মূহূর্ত সূর্য,
সূর্য আর ডোবে না প্রত্যহ
শুধু 'আলোয় ভুবন ভরা' 'আলোর স্রোতে পাল তুলেছে
হাজার প্রজাপতি'।।*

(স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র থেকে সংকলিত)

১৭ ডিসেম্বর, ১৯৭১

দিন এলো

আবুল কাসেম সন্দ্বীপ

রাত্রির শেষ-তমসার শেষ- পূর্ব দিগন্ত লাল
বন্দরে শুনি গর্জন আর সমুদ্রে উত্তাল
দুঃস্বপ্নের ঘোর কেটে গেছে- শংকার রাত শেষ
ধ্বংসের স্তূপে শিহরণ জাগে- জীবন্ত উদ্দাম।
গর্জন-ভীতি শংকিত বুকে দুর্জয় সংগ্রাম।
নবতর আজ চেতনার ধ্বনি- জীবনের ধ্বনি
কাল শেষ হয়ে গেলো- রাত্রির শেষ- দিগন্ত আজ লাল।

বেদনার দিন, শোষণের দিন, জালিমের কাল শেষ
শাদ্দাদ কাঁপে ভীত-শংকিত। সব নমরুদ মুহ্যমান।
দুর্গের দ্বার ভেঙেছি ওদের কঠিন কঠোর প্রতিজ্ঞায়-
আমাদের আজ দুর্বার গতি- দুর্জয় হলো বাংলাদেশ
দুঃস্বপ্নের ঘোর কেটে গেলো- শংকার রাত হয়েছে শেষ।

দিন এলো আজ বিজয়ের দিন- উল্লাস-ধ্বনি দেশে।
বেদনার কথা মিলনের বাণী বিরহবিধুর মন
সচেতন সব বঞ্চিতগণ- বিবেকের জাগরণ
নব উত্থান- নতুন জাতির হৃদয়ে সূর্যোদয়।
চঞ্চল চোখে উদ্দাম আশা মৃত্যুর পরাজয়।

['শব্দসৈনিক'- ফেব্রুয়ারী ১৯৭২ থেকে সংকলিত]

শিরোনাম	সূত্র	তারিখ
১৫। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মুক্তিযোদ্ধাদের জন্য প্রচারিত অনুষ্ঠান 'অগ্নিশিখা' থেকে সংকলিত	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র	...ডিসেম্বর ১৯৭১

এহিয়া বধ কাব্য

৩ ডিসেম্বর, ১৯৭১

নারীঃ

কহ বীর ত্বরা করি কীবা সমাচার?
কিভাবে দলিছে, মিত্রসেনা রণাঙ্গনে
এহিয়া চমুরে? ভূপাতিত ইয়াহিয়া
গিরিশৃঙ্গ কিম্বা তরু যথা বজ্রাঘাতে?

পুরুষঃ

গহন কাননে যথা বিঁধি মৃগবরে
কিরাত অব্যর্থ-শরে, ধায় দ্রুতগতি
তার পানে; শত শত মিত্রসেনা বলী
তেমতি ধায় যশোর শত্রুদুর্গ পানে
চূর্ণিয়া বিচূর্ণ হত করিতে তাহারে।

যথা প্রভঞ্জন বলে উড়ে তুলারাশি
চৌদিকে, পাক-চমুর পলাইয়া রণে
হেরি যমাকৃতি মুক্তিসেনা রথীদলে।
হুঙ্কারে, বিষম ঘামে ব্যথিত কুমতি
পলাইলা, পলাইয়া সত্রাসে চৌদিকে।
মহারোষে যমসম মুক্তি মিত্র সেনা
ঘেরিলা, ঘেরিলা অবরুদ্ধ খান সৈন্য
বেড়াজাল মাঝে যথা ক্ষীণপ্রাণ মীন।
সমর্পিল অস্ত্র যত দীন করজোড়ে
মাগিল জীবন ভিক্ষা নরাধম কূল।
যশোহর দুর্গশিরে বিজয় কেতন
দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খণ্ডগুলির পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

দলিল প্রসঙ্গঃ মুজিবনগর-গণমাধ্যম

স্বাধীনতার সপক্ষে বাংলাদেশ ও বিদেশে বাঙালীদের উদ্যোগে প্রকাশিক সংবাদপত্রসমূহ এই খন্ডসন্নিবেশিত হয়েছে। মুজিবনগরসহ বাংলাদেশের বিভিন্ন স্থানে প্রকাশিত সংবাদপত্রগুলিকে গ্রন্থের প্রথম অধ্যায়ে (১-৫৬০ পৃষ্ঠা) এবং বৃটেন, আমেরিকা ও কানাডাসহ বিদেশে প্রকাশিত সংবাদপত্রগুলিকে দ্বিতীয় অধ্যায়ে (৫৬১-৭৪৮ পৃষ্ঠা) সংযোজন করা হয়েছে। গেরিলা আক্রমণ ও সম্মুখ সমরসহ মুক্তিযোদ্ধাদের নানা ধরনের তৎপরতার খবরের পাশাপাশি এই পত্রিকাগুলিতে থাকতো বাংলাদেশ সরকারের কার্যক্রম ও নির্দেশাবলী, রাজনৈতিক দল ও নেতৃবৃন্দের বিবৃতি ও তৎপরতা, প্রবাসে বাঙালীদের সংগঠন ও আন্দোলনের খরব এবং বাঙালী কুটনীতিকদের কার্যক্রমের বিসত্মারিত বিবরণী। উল্লেখ্য যে, বিভিন্ন ব্যক্তি, গোষ্ঠী ও রাজনৈতিক দলের উদ্যোগে প্রকাশিত এই পত্রিকাগুলি সকল পর্যায়েই মুজিবনগর সরকারের প্রতি অনুগত ছিলো।

প্রথম অধ্যায়ে সন্নিবেশিত দুটি ছাড়া অন্য সংবাদপত্রগুলির ভাষা বাংলা। ইংরেজী পত্রিকা দুটিকে অধ্যায়ের শেষে সংযোজন করা হয়েছে (৪৮০-৫৬০ পৃষ্ঠা)। দ্বিতীয় অধ্যায়ে সংযোজিত অধিকাংশ সংবাদপত্রই ইংরেজীতে প্রকাশিত হতো। এক্ষেত্রে বাংলায় প্রকাশিত পত্রিকাগুলিকে লন্ডনস্থ সংবাদপত্র অংশে দ্বিতীয় পর্যায়ে সন্নিবেশ করা হয়েছে। বিন্যাসের ক্ষেত্রে এ গ্রন্থে তারিখভিত্তিক কালানুক্রমিকতার পরিবর্তে মুদ্রিত সংবাদপত্রটির ধারাবাহিকতাকে বজায় রাখা হয়েছে। অধিকাংশ সংবাদপত্রেরই প্রথম সংখ্যা সংগ্রহ করা সম্ভব হয়নি বলে সংগৃহীত সংবাদপত্রের তারিখভিত্তিক প্রথম সংখ্যাটি শুরুতে মুদ্রিত হয়েছে।

সন্নিবেশিত প্রতিটি পত্রিকার পরিচিতি প্রারম্ভিক পৃষ্ঠার পাদটীকায় মুদ্রিত হয়েছে। বাংলাদেশের অভ্যন্তরে প্রকাশিত অধিকাংশ সংবাদপত্রে সম্পাদক, প্রকাশক ও মুদ্রকের ছদ্মনাম ব্যবহৃত হতো, গ্রন্থের পাদটীকায় সে নামই মুদ্রিত হয়েছে।

সন্নিবেশিত সংবাদপত্রগুলো গণহত্যা ও নির্যাতন, গেরিলা ও সশস্ত্র যুদ্ধের খবরও পরিবেশন করতো। কিন্তু এ দুটো বিষয়ের ওপর প্রকাশিত কয়েকটি ছাড়া, অবশিষ্ট বিবরণ দলিলপত্রের অন্যান্য প্রাসংগিক খন্ডে স্থান দেয়ার জন্যে এই খন্ডে বাদ দেয়া হয়েছে।

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No. 51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members.

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies. Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D. History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:

(a) To verity, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents are required for the purpose.

Syed Asgar Ali
Section Office.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3.	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies. Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K.M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D. History of Bangladesh War of Liberation Project	Member-Secretary

2. The following shall be the terms of reference of the Committee:

a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

b) To determine validity and price of documents are required for the committee.

M.A. Salam Khan
Section Office.

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ ষষ্ঠ খন্ড

সূচীপত্র

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়	পৃষ্ঠা
		প্রথম অধ্যায়	
		স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশ এবং মুজিবনগর থেকে প্রকাশিত পত্র-পত্রিকা	
১।	জয় বাংলা ৩১ মার্চ	সম্পাদকীয়	২
২।	১ এপ্রিল	সম্পাদকীয়	৪
৩।	৩ এপ্রিল	সম্পাদকীয়	৬
৪।	৪ এপ্রিল	সম্পাদকীয়	৭
৫।	৫ এপ্রিল	সম্পাদকীয়	৯
৬।	৮ এপ্রিল	সম্পাদকীয়	১১
৭।	৯ এপ্রিল	সম্পাদকীয়	১৪
৮।	১১ এপ্রিল	সম্পাদকীয়	১৬
৯।	বাংলাদেশ ১৭ এপ্রিল	সম্পাদকীয়	১৭
১০।	জয় বাংলা ১১ মে	সম্পাদকীয়	১৮
১১।	১১ মে	এ যুদ্ধ আপনার আমার সকলের	২১
১২।	১৯ মে	সম্পাদকীয়ঃ আমাদের বক্তব্য স্পষ্ট	২২
১৩।	১৯ মে	অমানিশার অবসানে পূর্ব দিগমেত্ম উষার আলো।	২৪
১৪।	১৯ মে	পশ্চিম পাকিস্তানী জল্লাদ বাংলাদেশের কত লাখ লোক খুন করেছে?	২৬
১৫।	১৯ মে	বাংলাদেশ প্রশ্নে বিশ্ব শক্তিবর্গের নিষ্ক্রিয়তা	২৭
১৬।	১৮ জুন	সম্পাদকীয়ঃ রাজনৈতিক সমাধান?	৩০
১৭।	১৮ জুন	ঐক্যবদ্ধ বাঙালী আজ সাম্প্রদায়িক মনোভাবের উর্ধ্বে	৩৩
১৮।	২৫ জনু	সম্পাদকীয়ঃ এরই নাম কি স্বাভাবিক অবস্থা?	৩৫
১৯।	২ জুলাই	সম্পাদকীয়ঃ তোমরা তোমরা, আমরা আমরা	৩৭
২০।	২ জুলাই	মুক্তিযুদ্ধে আপনার করণীয় কি?	৩৯
২১।	৩০ জুলাই	সম্পাদকীয়ঃ জাতিসংঘের মাধ্যমে নয়া চক্রান্ত	৪১
২২।	৩০ জুলাই	বাংলাদেশের মানুষ বরদাশত করবে না (শেখ মুজিবের বিচার প্রসংগে)	৪৪
২৩।	৩০ জুলাই	ঐতিহাসিক গণপ্রতিনিধি সমাবেশ	৪৫
২৪।	২৭ আগস্ট	তাঁকে (মুজিব) হত্যা করে বাঙালী জাতিকে স্তব্ধ করা যাবে না	৪৮
২৫।	২৭ আগস্ট	সম্পাদকীয়ঃ বন্যা ও মুক্তিযুদ্ধ	৫০
২৬।	২৭ আগস্ট	ভিয়েতনাম পদ্ধতিতে গণহত্যার জন্য ইয়াহিয়া খান বিশেষ জল্লাদ বাহিনী গড়ে তুলেছে।	৫২

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়	পৃষ্ঠা
২৭।	২৭ আগস্ট	বাংলাদেশের জনগণের ইচ্ছাই রাজনৈতিক সমাধানের বাস্তব ভিত্তি	৫৪
২৮।	১৭ সেপ্টেম্বর	সর্বদলীয় উপদেষ্টা কমিটি	৫৮
২৯।	১৭ সেপ্টেম্বর	সেই পুরাতন খেলা	৫৯
৩০।	১৭ সেপ্টেম্বর	জল্লাদরা ত্রাণ সামগ্রী যুদ্ধের কাজে লাগাচ্ছে	৬১
৩১।	২৪ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ ইয়াহিয়ার ইরাণ সফর	৬২
৩২।	২৪ সেপ্টেম্বর	কমনওয়েলথ পার্লামেন্টারী সম্মেলনে বাংলাদেশ	৬৪
৩৩।	২৪ সেপ্টেম্বর	আর আবেদন নয়, এবার সক্রিয় সাহায্য দিতে হবে	৬৬
৩৪।	২৪ সেপ্টেম্বর	বিশ্বমানবতা জল্লাদ ইয়াহিয়ার বিচার চায়ঃ জাতিসংঘ কি তা করতে পারবে?	৬৮
৩৫।	২৪ সেপ্টেম্বর	বহু মুক্তিযুদ্ধের অভিজ্ঞতার আলোকে আঁদ্রে মালরো বলেছেন	৭০
৩৬।	১৫ অক্টোবর	বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও অর্থনৈতিক প্রতিশ্রুতি	৭২
৩৭।	১৫ অক্টোবর	সম্পাদকীয়ঃ যুদ্ধক্ষেত্রেই সমাধান নিহত জঙ্গী শাহীর সামরিক পাঁয়তারা	৭৫
৩৮।	২৪ অক্টোবর	বাংলাদেশ পূর্ণ স্বাধীনতাই সমস্যার একমাত্র সমাধান	৭৭
৩৯।	১২ নভেম্বর	বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা ও জাতীয় পুনর্গঠন	৭৮
৪০।	১২ নভেম্বর	মোনেমের ভাগ্য সব দালালকেই বরণ করতে হবে	৮০
৪১।	১৬ ডিসেম্বর	ভেঙ্গেছে দুয়ার, এসেছে জ্যোতির্ম্ময়	৮১
৪২।	১৬ ডিসেম্বর	ঢাকা আমাদের	৮২
৪৩।	বঙ্গবাণী		
১৩ জুন		সম্পাদকীয়ঃ বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে	৮৩
৪৪।	১৩ জনু	আড়াই ডিভিশন পাঞ্জাবী ফৌজ বাংলার স্বাধীনতা রুখতে পারবে না	৮৫
৪৫।	১৬ জুন	সম্পাদকীয়ঃ আমাদের লক্ষ্য মৃত্যু অথবা জয়লাভ	৮৬
৪৬।	১৬ জুন	পাকিস্তানের বিধ্বস্ত অর্থনীতি	৮৭
৪৭।	১ জুলাই	সম্পাদকীয়ঃ জানি রক্তের পিছে ডাকবে সুখের বান	৮৯
৪৮।	১ জুলাই	বিচ্ছিন্নতার পথে পাকিস্তান	৯০
৪৯।	১ জুলাই	আমাদের প্রধানর সেনাপতিঃ জেনারেল ওসমানী	৯২
৫০।	১ জুলাই	লন্ডনের চিঠি	৯৫
৫১।	১১ জুলাই	বাংলাদেশের স্বীকৃতি এখন কেবল সময়ের প্রশ্ন মাত্র	৯৭
৫২।	১৪ জুলাই	স্বাধীনতার দাবী করে মুজিব অন্যায় করেনি	৯৮
৫৩।	১৪ জুলাই	সম্পাদকীয়ঃ রক্তে মোদের জ্বলছে আজ প্রতিশোধের আগুন	১০০
৫৪।	১৪ জুলাই	আমেরিকা তোমার পতাকার তারাগুলো যেন বুলেটের গর্ত	১০১
৫৫।	২১ অক্টোবর	সম্পাদকীয়ঃ বিচিত্র নয়-অবাস্তব নয়	১০২
৫৬।	২১ অক্টোবর	মৃত নগরী ঢাকা	১০৩
৫৭।	২১ অক্টোবর	ধর্ম নিরপেক্ষ, গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক রাষ্টঃ বাংলাদেশ সরকারের লক্ষ্য সম্পর্কে প্রধানমন্ত্রী	১০৪

পনের

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
৫৮।	২১ অক্টোবর	রাষ্ট্রসংঘে 'পাক অপপ্রচার' ব্যর্থ হয়েছে	.....	১০৫
৫৯।	১৪ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ আসন্ন যুদ্ধের জন্য ঘরে ঘরে প্রস্তুত হউন	.....	১০৬
৬০।	বাংলাদেশ	২২ জনু সম্পাদকীয়	.....	১০৭
৬১।	১৯ জুলাই	সম্পাদকীয়	.....	১০৮
৬২।	১৬ আগস্ট	সম্পাদকীয়ঃ এই প্রহসন নতুন নয়	.....	১০৯
৬৩।	১৬ আগস্ট	বঙ্গবন্ধুর জীবন রক্ষায় ২৪টি রাষ্ট্রের প্রধানদের কাছে ইন্দিরা গান্ধীর আবেদন	.....	১১০
৬৪।	২৩ আগস্ট	সম্পাদকীয়ঃ ৬ দফা না মুজিববাদ?	.....	১১১
৬৫।	২৩ আগস্ট	শত্রুর বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ গড়ে তুলুনঃ দেশবাসীর প্রতি বাংলাদেশ সরকারের আবেদন	.....	১১৩
৬৬।	৪ অক্টোবর	খাদ্যের ব্যবস্থা হলে মুক্তাঞ্চলে উদ্বাস্তদের ফিরিয়ে নেয়া যায়	.....	১১৪
৬৭।	৪ অক্টোবর	বাংলাদেশ নারীদের উপর পাক-ফৌজের অত্যাচারঃ তদন্ত কমিটি গঠন করার জন্য রাষ্ট্র সংঘের প্রতি আবেদন	.....	১১৫
৬৮।	১৫ অক্টোবর	পশ্চিম পাকিস্তানে রাজনৈতিক অস্থিরতার ঢেউঃ বাংলাদেশে মুক্তিযুদ্ধের তীব্রতা বৃদ্ধি	.....	১১৬
৬৯।	২৫ অক্টোবর	মন্ত্রীদের মধ্যে আতঙ্কঃ পদত্যাগের অভিপ্রায় প্রকাশ	.....	১১৭
৭০।	১ নভেম্বর	সম্পাদকীয়ঃ সেই অতীতে যেন আর ফিরে না যাই	.....	১১৮
৭১।	১ নভেম্বর	ভন্ড নায়ক ইয়াহিয়া	.....	১১৯
৭২।	১ নভেম্বর	রাজাকাররাও আর বিশ্বাসী নয়	.....	১২১
৭৩।	১৫ নভেম্বর	বাঙালী রাজাকাররা সাবধান	.....	১২২
৭৪।	১৫ নভেম্বর	ঢাকায় চাপা আনন্দের সঞ্চার	.....	১২৩
৭৫।	২২ নভেম্বর	সম্পাদকীয়ঃ শান্তি কমিটি?	.....	১২৪
৭৬।	২২ নভেম্বর	বাংলাদেশ সরকার রাষ্ট্রীয় ও সাংবিধানিক বিষয়ে কর্মসূচী নিচ্ছেন	.....	১২৬
৭৭।	২২ নভেম্বর	বাস্তুত্যাগীদের নিয়ে ঢাকা বেতারের অপপ্রচার	.....	১২৭
৭৮।	২২ নভেম্বর	নির্বাচিত প্রতিনিধিদের মুক্তাঞ্চল পরিদর্শন	.....	১২৮
৭৯।	২২ নভেম্বর	রাজাকারদের জন্য শেষ সুযোগ।	.....	১২৯
৮০।	রণাঙ্গন			
	১১ জুলাই	সম্পাদকীয়	.....	১৩০
৮১।	২৫ জুলাই	সম্পাদকীয়	.....	১৩১
৮২।	৮ আগস্ট	সম্পাদকীয়	.....	১৩২
৮৩।	২৪ অক্টোবর	সম্পাদকীয়	.....	১৩৩
৮৪।	২৪ অক্টোবর	বঙ্গবন্ধুকে মুক্ত করেই হাতিয়ার ছাড়বো	.....	১৩৪
৮৫।	স্বাধীন বাংলা			
	১২ জুলাই	সম্পাদকীয়	.....	১৩৫
৮৬।	১২ জুলাই	বিশ্বের প্রতি অন্তিম আবেদনঃ বাংলার নারীদের বাঁচান	.....	১৩৬

ষোল

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
৮৭।	১৮ জুলাই	সম্পাদকীয়ঃ ইয়াহিয়া চক্রের ষড়যন্ত্র ব্যর্থ করুন	.....	১০৫
৮৮।	২৫ জুলাই	সম্পাদকীয়ঃ মুক্তি সংগ্রামের বিজয়ের স্বার্থে	.....	১০৬
৮৯।	২৪ জুলাই	সামরিক আদালতে মুজিবের বিচার	.....	১০৭
৯০।	১ আগস্ট	সম্পাদকীয়ঃ সংগ্রামী দেশবাসীর প্রতি	.....	১০৮
৯১।	১ আগস্ট	ইয়াহিয়া চক্রকে মদত দেয়ার জন্য জাতিসংঘের পর্যবেক্ষক দল ও মার্কিন বিশেষজ্ঞ	.....	১০৯
৯২।	৪ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ সামরিক দিক হতেও ঐক্যজোটের অনিবার্য তাগিদ	.....	১১০
৯৩।	১৯ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ শুভ সূচনা	.....	১১১
৯৪।	৩ অক্টোবর	স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই	.....	১১৩
৯৫।	১০ অক্টোবর	সম্পাদকীয়ঃ সোভিয়েত ভারত যুক্ত বিবৃতি	.....	১১৪
৯৬।	১০ অক্টোবর	বাংলাদেশের সংগ্রামী জনগণের সহিত আন্তর্জাতিক কমিউনিষ্ট আন্দোলনের দৃঢ় সংহতি জ্ঞাপন	.....	১১৫
৯৭।	৭ নভেম্বর	উপদেষ্টা পরিষদকে সংগ্রামী ঐক্যের প্রাণবন্ত প্রতীকে পরিণত করা হউক	.....	১১৬
৯৮।	১৪ নভেম্বর	ঐক্যবদ্ধভাবে চুড়ান্ত আঘাত হানিয়ে শত্রুকে পর্যুদস্ত কর	.....	১১৭
৯৯।	১৪ নভেম্বর	গ্রাম বাংলায় জঙ্গী শাহীর কর্তৃক অচল	.....	১১৮
১০০।	১৪ নভেম্বর	বাংলাদেশের অধিকৃত এলাকার অর্থনীতি ভেঙ্গে পড়েছে	.....	১১৯
১০১।	২১ নভেম্বর	দিনাজপুরের মুক্তাঞ্চলে সর্বদলীয় কমিটি গঠিত	.....	১২১
১০২।	২১ নভেম্বর	রাজনৈতিক হালচাল	.....	১২২
১০৩।	৫ ডিসেম্বর	মুক্তাঞ্চলে নতুন জীবন গড়িতে হইবে	.....	১২৩
১০৪।	১২ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ জাতীয় জীবনের এই পরম লগ্নে	.....	১২৪
১০৫।	১৯ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ মুক্তির শুভদিনে	.....	১২৬
১০৬।	সোনার বাংলা জুলাই	টেকনাফ থেকে তেতুলিয়া মুক্তিবাহিনী জয়মাল্য নিয়ে এগিয়ে চলেছে		১২৭
১০৭।	- জুলাই	হানাদার বাহিনীর শাস্তিদানের জন্য ট্রাইবুনাল গঠন করুন	.....	১২৮
১০৮।	-আগস্ট	সম্পাদকীয়ঃ মুক্তিযোদ্ধা লহ সালাম	.....	১২৯
১০৯।	-আগস্ট	মুজিবের প্রাণ নাশের ষড়যন্ত্রের বিরুদ্ধে সারা বিশ্বে আলোড়ন সৃষ্টি		১৩০
১১০।	৩১ অক্টোবর	সম্পাদকীয়ঃ বিশ্ববিবেক নীরবতার প্রেরিতে	.....	১৩১
১১১।	৩১ অক্টোবর	বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধান প্রসঙ্গে	.....	১৩২
১১২।	বাংলার মুখ ২৭ আগস্ট	সম্পাদকীয়ঃ বাংলাদেশ ও জাতিসংঘ	.....	১৩৩
১১৩।	১৭ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ সংগ্রামী নেতৃবৃন্দের প্রতি	.....	১৩৪
১১৪।	১৭ সেপ্টেম্বর	মুক্তি সংগ্রামের নতুন দিক	.....	১৩৫
১১৫।	১৭ সেপ্টেম্বর	বাংলাদেশ ও বিশ্ববিবেক	.....	১৩৬
১১৬।	১ অক্টোবর	সম্পাদকীয়ঃ স্বাধীন বাংলাদেশ বাস্তব সত্য	.....	১৩৬

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ ষষ্ঠ খন্ড

সতের

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
১১৭।	২৬ নভেম্বর	সম্পাদকীয়ঃ এবারের ঈদ	.....	১৯৩
১১৮।	২৬ নভেম্বর	বাংলার স্বাধীনতা অশ্রুআর রক্তে	.....	১৯৫
১১৯।	২৬ নভেম্বর	বাংলাদেশ সরকার ও তার ব্যাপক সাফল্য	.....	১৯৭
১২০।	১০ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ তোমার স্বপ্ন সফল, তোমার বাংলা স্বাধীন	.....	১৯৯
১২১।	বিপ্লবী বাংলাদেশ ৫ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ জনযুদ্ধের জন শিক্ষা	.....	২০০
১২২।	১২ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ বাংলাদেশের মুক্তিযুদ্ধ	.....	২০২
১২৩।	১২ সেপ্টেম্বর	বাংলাদেশের মুক্তিযুদ্ধ কি এবং কেন?	.....	২০৩
১২৪।	১০ অক্টোবর	সম্পাদকীয়ঃ অবরোধ	.....	২০৫
১২৫।	১০ অক্টোবর	রাজনৈতিক সমাধান	.....	২০৭
১২৬।	১০ অক্টোবর	বিশ্বের মুক্তিকামী সরকার বাংলার মুক্তি বাহিনীকে অস্ত্র দিন.....		২০৯
১২৭।	১৭ অক্টোবর	সম্পাদকীয়ঃ তথ্য সংগ্রহ ও অন্য কাজ	.....	২১০
১২৮।	২৪ অক্টোবর	সম্পাদকীয়ঃ আমাদের স্বাধীনতা সংগ্রাম	.....	২১২
১২৯।	৭ নভেম্বর	সম্পাদকীয়ঃ বাংলাদেশে অনুপবেশকারী কে? দুষ্কৃতিকারী কে?.....		২১৪
১৩০।	৭ নভেম্বর	বিশ্বের চোখে বাংলাদেশ	.....	২১৬
১৩১।	২১ নভেম্বর	এবারের ঈদ রক্ত তিলক শপথের দিন	.....	২১৭
১৩২।	২১ নভেম্বর	বাংলাদেশের স্বাধীনতা প্রশ্নে বিরূপ রাজনৈতিক সমাধান মেনে নেয়া হবে না	.....	২১৮
১৩৩।	২৮ নভেম্বের	সম্পাদকীয়ঃ শোষন অবসানের অভিযান।	.....	২১৯
১৩৪।	জন্মভূমি ৬ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ মালিক সাবধান!	.....	২২১
১৩৫।	৬ সেপ্টেম্বর	যাঁরা বাংলাদেশের আনুগত্য স্বীকার করেছেন	.....	২২২
১৩৬।	৬ সেপ্টেম্বর	বাংলাদেশের ডাক টিকেট	.....	২২৪
১৩৭।	১৩ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ (১) দুর্ভিক্ষ ও ত্রাণ সংস্থা (২) একটি শুভ পদক্ষেপ	.....	২২৫
১৩৮।	৬ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ নিশ্চিহ্ন পাকিস্তান, এ লড়াই শেষ লড়াই	.....	২২৬
১৩৯।	৬ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ মার্কিন ষড়যন্ত্র ব্যর্থ	.....	২২৭
১৪০।	৬ ডিসেম্বর	জঙ্গী শাহীর সামরিক শক্তি কতটুকু	.....	২২৮
১৪১।	বাংলার বানী ১৪ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ দুর্ভিক্ষের করাল গ্রাসে বাংলাদেশ	.....	২৩০
১৪২।	১৪ সেপ্টেম্বর	জাতিসংঘের সাহায্য সামগ্রী লইয়া ছিনিমিনি খেলা	.....	২৩২
১৪৩।	১৪ সেপ্টেম্বর	অধিকৃত অঞ্চলে স্বাভাবিক অবস্থার নমুনা	.....	২৩৩
১৪৪।	১৪ সেপ্টেম্বর	বাংলাদেশের অধিকৃত এলাকায় কি দেখলাম	.....	২৩৪
১৪৫।	২১ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ জাতিসংঘের অগ্নি পরীক্ষা	.....	২৩৫
১৪৬।	২১ সেপ্টেম্বর	মাতৃভূমির বক্তব্য পেশের জন্য বাংলাদেশ প্রতিনিধি দলের নিউইয়র্ক যাত্রা	.....	২৩৮

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়	পৃষ্ঠা	
১৪৭।	২১ সেপ্টেম্বর	বাংলাদেশের অধিকৃত এলাকায় কি দেখলাম	.....	২৩৯
১৪৮।	২১ সেপ্টেম্বর	বাঙালী কূটনীতিবিদদের আনুগত্য বদল অব্যাহত	.....	২৪১
১৪৯।	২৮ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ ইতিহাস আমাদের অনুকূলে	.....	২৪৩
১৫০।	২৮ সেপ্টেম্বর	বঙ্গবন্ধুকে মুক্তি দেয়া না হলে ইয়াহিয়ার সকল উমেদারী ব্যর্থ হতে বাধ্য	.....	২৪৫
১৫১।	২৮ সেপ্টেম্বর	অধিকৃত এলাকায় বুদ্ধিজীবিদের উপর দমন নীতি অব্যাহত	.....	২৪৭
১৫২।	২৮ সেপ্টেম্বর	পর্যবেক্ষকের দৃষ্টিতে বাংলাদেশের মুক্তি সংগ্রাম ও বিশ্ব রাজনীতে	.....	২৪৮
১৫৩।	২৮ সেপ্টেম্বর	সশস্ত্র যুদ্ধে বাঙালীদের পাশে আসিয়া দাড়ইতে হইবে আদ্রে মালরো		২৫১
১৫৪।	৫ অক্টোবর	সম্পাদকীয়ঃ সর্বশেষ জল্লাদী ষড়যন্ত্র	.....	২৫৩
১৫৫।	৫ অক্টোবর	কাহার সঙ্গে আপোষ, কিসের আপোষ?	.....	২৫৬
১৫৬।	১২ অক্টোবর	সম্পাদকীয়ঃ বিশ্ববাসী রুখিয়া দাড়াও	.....	২৬০
১৫৭।	১২ অক্টোবর	স্বাধীন বাংলাই একমাত্র সমাধান	.....	২৬৩
১৫৮।	১২ অক্টোবর	বঙ্গবন্ধুর সঙ্গে আলোচনার মাধ্যমেই রাজনৈতিক সমাধান হতে পারে		২৬৫
১৫৯।	২ নভেম্বর	জঙ্গী শাহীর ব্যর্থতা চাপা দেয়ার নয়া কৌশল	.....	২৬৭
১৬০।	৯ নভেম্বর	সম্পাদকীয়ঃ সাম্রাজ্যবাদী খেলা	.....	২৬৯
১৬১।	৯ নভেম্বর	বাংলাদেশের মুক্তিযুদ্ধঃ প্রতিক্রিয়া	.....	২৭১
১৬২।	৯ নভেম্বর	বঙ্গবন্ধুর মক্তি চাইঃ পশ্চিম পাকিস্তানের ৪২ জন বিশিষ্ট নাগরিকের যুক্ত বিবৃতি	.....	২৭৩
১৬৩।	১৪ নভেম্বের	জননী বাংলার পূর্ণ স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই কনসালটেটিভ কমিটি	.....	২৭৪
১৬৪।	৭ ডিসেম্বর	মুজিবের বাংলাদেশ, ইন্দিরার ভারত একযোগে রুখিয়া দাঁড়াও	.....	২৭৬
১৬৫।	৭ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ (১) আমরা কৃতজ্ঞ (২) আর কোন পথ নাই	.....	২৭৮
১৬৬।	৭ ডিসেম্বর	রাজনৈতিক দিগন্তে	.....	২৮১
১৬৭।	৭ ডিসেম্বর	চিঠিপত্রের জবাবে	.....	২৮৪
১৬৮।	নতুন বাংলা ১৬ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ এই যুক্ত কর্মদ্যোগকে সংগ্রামের সকল স্তরে ছড়াইয়া দিন		২৮৭
১৬৯।	১৬ সেপ্টেম্বর	আপোষ নয়, পূর্ণ স্বাধীনতাঃ পাঁচ পার্টির যুক্ত ঘোষণা	.....	২৮৯
১৭০।	১৬ সেপ্টেম্বর	ঢাকা শহর বন্দী শিবিরে পরিণত	.....	২৯১
১৭১।	১৬ সেপ্টেম্বর	রাজনৈতিক প্ররিক্রমা	.....	২৯২
১৭২।	১৬ সেপ্টেম্বর	সাম্রাজ্যনাদের ট্রয়ের ঘোড়া পাকিস্তান	.....	২৯৪
১৭৩।	১৬ সেপ্টেম্বর	মুক্তাঞ্চলের চিঠি	.....	২৯৬
১৭৪।	২১ অক্টোবর	সম্পাদকীয়ঃ জঙ্গী শাহীর চক্রান্ত ব্যর্থ করুন	.....	২৯৮
১৭৫।	২১ অক্টোবর	অনিলম্বে সংগ্রামের সকল স্তরে ঐক্য চাই	.....	৩০০
১৭৬।	১১ নভেম্বর	স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই	.....	৩০১

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ ষষ্ঠ খন্ড

উনিশ

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
১৭৭।	১১ নভেম্বর	ইয়াহিয়ার যুদ্ধ চক্রান্ত ও তার দোসররা	.....	৩০৩
১৭৮।	১৬ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ নিক্সনের হুমকি ও সপ্তম নৌবহর	.....	৩০৫
১৭৯।	১৬ ডিসেম্বর	স্বাধীন বাংলাদেশ সরকার সমীপেষু	.....	৩০৬
১৮০।	মুক্ত বাংলা			
	২০ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ অভ্যূদয়	.....	৩১২
১৮১।	২০ সেপ্টেম্বর	দখলীয় এলাকায় পাকিস্তানী প্রশাসন অচল	.....	৩১৩
১৮২।	২০ সেপ্টেম্বর	রাজাকার ও শান্তি কমিটি সমীপে একটি খোলা চিঠি	.....	৩১৪
১৮৩।	৪ অক্টোবর	সম্পাদকীয়ঃ প্রধানমন্ত্রীর আহবান	.....	৩১৬
১৮৪।	৪ অক্টোবর	কেন বাংলাদেশের এই স্বাধীনতা সংগ্রাম	.....	৩১৮
১৮৫।	৪ অক্টোবর	বাংলাদেশের সমর্থনে মহামান্য পোপ	.....	৩১৯
১৮৬।	১১ অক্টোবর	সম্পাদকীয়ঃ দেশদ্রোহী	.....	৩২০
১৮৭।	১ নভেম্বর	সম্পাদকীয়ঃ পাকিস্তানী সেনা, নারী নির্যাতন ও আলেম সমাজ.....		৩২২
১৮৮।	সাপ্তাহিক বাংলা			
	২৬ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ সাঙ্গ হোক এই কীর্তনের পালা	.....	৩২৪
১৮৯।	২৬ সেপ্টেম্বর	ইয়াহিয়ার শক্তির উৎসে আঘাত করো	.....	৩২৬
১৯০।	২৬ সেপ্টেম্বর	স্বাধীনতা ভিক্ষায়াং নৈব নৈবচ	.....	৩৩০
১৯১।	দাবানল			
	২৬ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ অসুর নিধন উৎসব	.....	৩৩২
১৯২।	২৬ সেপ্টেম্বর	পাকিস্তানে নয় বাংলাদেশেই শরণার্থীরা ফিরবে	.....	৩৩৪
১৯৩।	২৬ সেপ্টেম্বর	মুক্তিবাহিনীর সমস্যা ও অভাব অভিযোগ	.....	৩৩৬
১৯৪।	২৮ নভেম্বর	সম্পাদকীয়ঃ আরো জোরে আঘাত হানো	.....	৩৩৭
১৯৫।	২৮ নভেম্বর	গণচীন ও বাংলাদেশের সংগ্রাম	.....	৩৩৯
১৯৬।	২৮ নভেম্বর	মুক্তিবাহিনীর সমস্যা ও অভাব অভিযোগ	.....	৩৪১
১৯৭।	প্রতিনিধি			
	১৫ অক্টোবর	সম্পাদকীয়ঃ ইয়াহিয়া ভুট্টো ক্ষমতা দ্বন্দ্ব	.....	৩৪২
১৯৮।	মুক্তি			
	অক্টোবর	সম্পাদকীয় এবং একটি প্রবন্ধ	.....	৩৪৪
১৯৯।	সংগ্রামী বাংলা			
	১৮ অক্টোবর	সম্পাদকীয়ঃ সংগ্রামী বাংলার ডাক	.....	৩৪৫
২০০।	২৭ নভেম্বর	সম্পাদকীয়ঃ সংগ্রামী বাংলার বসন্ত চলে যায়	.....	৩৪৮
২০১।	২৭ নভেম্বর	বাংলাদেশে ঈদ হয় নাই	.....	৩৫০
২০২।	২৭ নভেম্বর	সংগ্রামী জনসাধারণের দায়িত্ব	.....	৩৫১
২০৩।	অগ্রদূত			
	২০ অক্টোবর	সম্পাদকীয়	.....	৩৫২
২০৪।	২০ অক্টোবর	মুক্ত অঞ্চলের পৌর সংস্থাগুলির পুনর্বিন্যাস	.....	৩৫৩

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
২০৫।	২৭ অক্টোবর	সম্পাদকীয়	.....	৩৫৪
২০৬।	২৭ অক্টোবর	দুইজন কুখ্যাত পাক দালালের মৃত্যুদন্ড-	.....	৩৫৫
২০৭।	২৪ নভেম্বর	ঈদুল ফেতর উদযাপন	.....	৩৫৬
২০৮।	১ ডিসেম্বর	জনৈক হেড মাষ্টারের মৃত্যুদন্ড-	.....	৩৫৭
২০৯।	মুক্ত বাংলা			
	২৩ অক্টোবর	আত্মসমর্পণের হিড়িক	.....	৩৫৮
২১০।	১ নভেম্বর	মুক্তিযোদ্ধার ডায়েরী থেকে	.....	৩৫৯
২১১।	২৯ নভেম্বর	সম্পাদকীয়	.....	৩৬০
২১২।	২ ডিসেম্বর	সম্পাদকীয়	.....	৩৬১
২১৩।	জাগ্রত বাংলা			
	৩০ অক্টোবর	সম্পাদকীয়ঃ রাজাকার দর্পণ	.....	৩৬২
২১৪।	৩০ অক্টোবর	নিয়াজীর গোপন রির্পোট ফাঁস	.....	৩৬৪
২১৫।	৩০ অক্টোবর	জনসভা	.....	৩৬৫
২১৬।	৩০ অক্টোবর	মুক্তিযোদ্ধার জবানবন্দী	.....	৩৬৬
২১৭।	১১ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ যুদ্ধ ও শান্তি	.....	৩৬৭
২১৮।	১১ ডিসেম্বর	জনসভা	.....	৩৬৮
২১৯।	১১ ডিসেম্বর	জনমত	.....	৩৭০
২২০।	১১ ডিসেম্বর	শত্রু পরিত্যক্ত ভালুকা	.....	৩৭১
২২১।	১৬ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ গণতন্ত্র ও সমাজতন্ত্রের মৈত্রী	.....	৩৭৩
২২২।	১৬ ডিসেম্বর	জনসভা	.....	৩৭৫
২২৩।	১৬ ডিসেম্বর	জনমত	.....	৩৭৬
২২৪।	রণাঙ্গণ			
	অক্টোবর	বাংলাদেশকে ভিয়েতনাম সৃষ্টির অপচেষ্টা প্রতিরোধ করুন	.....	৩৭৭
২২৫।	৩০ অক্টোবর	প্রশাসনিক কাজ শুরুর দ্বিতীয় পদক্ষেপ	.....	৩৭৮
২২৬।	৩০ অক্টোবর	স্বাক্ষী গোপাল মন্ত্রীদের প্রতি খোলা চিঠি	.....	৩৭৯
২২৭।	বাংলাদেশ			
	৩১ অক্টোবর	সম্পাদকীয়ঃ মুক্তি পথের যাত্রী সশস্ত্র বাঙালী	.....	৩৮১
২২৮।	৩১ অক্টোবর	কেন আমি মুক্তিযোদ্ধা	.....	৩৮৩
২২৯।	৩ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ সাম্প্রদায়িকতা জাতীয় মুক্তিযুদ্ধের পরিপন্থী	.....	৩৮৪
২৩০।	৩ ডিসেম্বর	ঐক্যবদ্ধভাবে শত্রুর বিরুদ্ধে আঘাত হানার দৃঢ় সংকল্প	.....	৩৮৫
২৩১।	১০ ডিসেম্বর	বিশ্ব মানচিত্রে নতুন চিত্র বাংলাদেশ	.....	৩৮৬
২৩২।	স্বাধীন বাংলা			
	১ নভেম্বর	সম্পাদকীয়ঃ মুক্তিযোদ্ধারা হুঁশিয়ার	.....	৩৮৭
২৩৩।	১ নভেম্বর	দেশবাসীরা সাবধান-ভাসানী	.....	৩৯১

একুশ

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
২৩৪।	দেশ বাংলা			
	৪ নভেম্বর	সম্পাদকীয়ঃ অনিবার্য সমাধি	.....	৩৯২
২৩৫।	৪ নভেম্বর	রাজনৈতিক সমঝোতা সোনার পাথর বাটি	.....	৩৯৪
২৩৬।	১১ নভেম্বর	সম্পাদকীয়ঃ সাড়ে সাত কোটি হোসেন আলী	.....	৩৯৬
২৩৭।	১৮ নভেম্বর	সম্পাদকীয়ঃ হিন্দু না ওরা মুসলিম জিজ্ঞাসে কোন জন?	.....	৩৯৭
২৩৮।	১৮ নভেম্বর	বাংলাদেশে পার্লামেন্টারী গনতন্ত্র চাই কি? আওয়ামী লীগকে মন স্থির করতে হবে	.....	৩৯৯
২৩৯।	১৮ নভেম্বর	অধিকৃত বাংলায়	.....	৪০২
২৪০।	১৮ নভেম্বর	শত্রুশিবিরে	.....	৪০৪
২৪১।	১৮ নভেম্বর	শরণার্থী শিবিরে	.....	৪০৭
২৪২।	১৮ নভেম্বর	মুক্ত বাংলায়	.....	৪০৯
২৪৩।	৯ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ কালরাত্রির অবসান নতুন সূর্যের অভ্যূদয়	.....	৪১০
২৪৪।	৯ ডিসেম্বর	পাকিস্তান নামে কোন দেশ থাকবে না	.....	৪১২
২৪৫।	১৬ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ পাকিস্তান থেকে শিক্ষা নিতে হবে	.....	৪১৪
২৪৬।	১৬ ডিসেম্বর	সাম্প্রদায়িক দল নিষিদ্ধ ঘোষিত	.....	৪১৬
২৪৭।	১৬ ডিসেম্বর	এবার দেশ গড়ার পালা	.....	৪১৮
২৪৮।	দুর্জয় বাংলা			
	৪ নভেম্বর	সম্পাদকীয়ঃ জয় আমাদের হবেই	.....	৪২০
২৪৯।	স্বাধীন বাংলা			
	৬ নভেম্বর	সম্পাদকীয়	.....	৪২১
২৫০।	১৩ নভেম্বর	পাক সামরিক চক্রে বিরাট ভাঙ্গন	.....	৪২৩
২৫১।	২৭ নভেম্বর	সম্পাদকীয়	.....	৪২৪
২৫২।	আমাদের দেশ			
	১১ নভেম্বর	সম্পাদকীয়ঃ শান্তির পারাবত	.....	৪২৭
২৫৩।	১১ নভেম্বর	মুক্তাঞ্চলে প্রশাসন ব্যবস্থা চালু	.....	৪২৯
২৫৪।	২৫ নভেম্বর	সম্পাদকীয়ঃ আঘাতের পর আঘাত হানুন	.....	৪৩০
২৫৫।	২৫ নভেম্বর	পাক তাসের ঘর ভেঙ্গে যাচ্ছে	.....	৪৩২
২৫৬।	২৫ নভেম্বর	পূর্বাঞ্চলীয় প্রশাসন বিভাগের কর্মকর্তাদের সফর	.....	৪৩৪
২৫৭।	২৫ নভেম্বর	মুক্তাঞ্চলের জনগণের প্রতি পূর্বাঞ্চলীয় প্রশাসনের বক্তব্য	.....	৪৩৫
২৫৮।	সংগ্রামী বাংলা			
	নভেম্বর	সম্পাদকীয়ঃ এবারের ঈদ সংগ্রামের নব চেতনা	.....	৪৩৮
২৫৯।	৮ ডিসেম্বর	ঐ নতুনের কেতন ওড়ে	.....	৪৩৯
২৬০।	অভিযান			
	১৮ নভেম্বার	সম্পাদকীয়ঃ অভিযান	.....	৪৪০
২৬১।	১৮ নভেম্বার	শ্রীমতি গান্ধীর পশ্চিম সফরান্তিক সাফল্য	.....	৪৪১

বাইশ

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
২৬২।	১৮ নভেম্বর	প্রয়োজন হলে দেবো এক নদী রক্ত	.....	৪৪৪
২৬৩।	১৮ নভেম্বর	ঢাকায় আবার গনহত্যা	.....	৪৪৬
২৬৪।	১৮ নভেম্বর	ব্যর্থ মনোরথ ভূট্টোর প্রত্যাবর্তন	.....	৪৪৭
২৬৫।	১৮ নভেম্বর	বাংলাদেশ-পাকিস্তান আলোচনা প্রসঙ্গে প্রচারিত সংবাদ দুরভিসন্ধিমূলক	.....	৪৪৯
২৬৬।	২৫ নভেম্বর	খেলা সমাপ্তির শেষ ঘন্টাধ্বনি	.....	৪৫০
২৬৭।	২৫ নভেম্বর	বাংলাদেশঃ ইতিহাস থেকে ইতিহাস	.....	৪৫৩
২৬৮।	২৫ নভেম্বর	প্রতিধ্বনি	.....	৪৫৭
২৬৯।	২৫ নভেম্বর	মার্কিন বৈদেশিক নীতি ও বাংলাদেশ	.....	৪৫৮
২৭০।	২৫ নভেম্বর	পাকিস্তানী চন্ড চক্রের চন্ডতম নায়ক ইয়াহিয়া	.....	৪৬১
২৭১।	২৫ নভেম্বর	পাক দুতাবাসগুলিতে শয়তানের অনুচর	.....	৪৬৩
২৭২।	২৫ নভেম্বর	বিশ্বাসঘাতকতার পথ এখনও পরিহার করন	.....	৪৬৫
২৭৩।	১০ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ পাকিস্তানের কবর খোড়া শুরু হয়েছে	.....	৪৬৭
২৭৪।	১৭ ডিসেম্বর	বাংলাদেশের স্বাধীনতা সাড়ে সাত কোটি বাঙালীর ঐতিহাসিক পুরস্কার	.....	৪৬৯
২৭৫।	১৭ ডিসেম্বর	সম্পাদকীয়ঃ অনিবার্য ঐতিহাসিক পরিণতি	.....	৪৭১
২৭৬।	১৭ ডিসেম্বর	ভয় পাইয়ে দেবার কারসাজি মাত্র (মার্কিন সপ্তম নৌবহর)	.....	৪৭৩
২৭৭।	১৭ ডিসেম্বর	মুক্তাঞ্চলে অসামরিক প্রশাসনে সরকারী দির্দেশ	.....	৪৭৫
২৭৮।	১৭ ডিসেম্বর	কারও করুণায় নয় একটি জাতি রক্তের বিনিময়ে স্বাধীনতা অর্জন করতে পারে	.....	৪৭৬
২৭৯।	১৭ ডিসেম্বর	বিশ্বপরিসরে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করার দ্বায়িত্ব আজ আমাদের হাতে	.....	৪৭৮

মুজিবনগর সংবাদপত্রঃ ইংরেজী

২৮০।	বাংলাদেশ	পাকিস্তান গণহত্যার অপরাধী ১৪ জুলাই **(Pakistan Guilty of Genocide)**	.....	৪৮০
২৮১।	২১ জুলাই	গণপ্রতিনিধিদের শপথ **(Elected representative vow afresh)**	.....	৪৮২
২৮২।	২১ জুলাই	প্রথম বাংলাদেশ মিশন **(First Bangladesh Mission in the world)**	.....	৪৮৪
২৮৩।	২৮ জুলাই	জাতিসংঘ কর্মকর্তাদের দ্বৈত আচরণ **(Double Dealing By U.N. Officials)**	.....	৪৮৬
২৮৪।	২৮ জুলাই	বাংলাদেশের ডাক টিকেট **(Bangladesh Stamps A mark of Statehood)**	.....	৪৮৭
২৮৫।	২৮ জুলাই	বাংলাদেশের অভ্যন্তরে **(Inside Bangladesh)**	.....	৪৮৮

তেইশ

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
২৮৬।	২৮ জুলাই	বিশ্বজনমত **(World Press)**	.....	৪৮৯
২৮৭।	২৫ আগস্ট	বাংলাদেশ প্রসঙ্গে কিছু চিন্তা **(Some Thoughts on Bangladesh)**	.....	৪৯২
২৮৮।	২৫ আগস্ট	'নতুন ভিয়েতনাম' এর পূর্বাভাস **(Prelude to a New Vietnam)**	.....	৪৯৪
২৮৯।	১ সেপ্টেম্বর	'সত্যের সন্ধানে' **(In Search of Truth)**	.....	৪৯৬
২৯০।	৮ সেপ্টেম্বর	পাগলা কুকুর হতে সাবধান **(Beware of mad Dog)**	.....	৫০০
২৯১।	৮ সেপ্টেম্বর	মুজিবনগর সমাচার **(From Mujibnagar)**	.....	৫০৩
২৯২।	৮ সেপ্টেম্বর	অঙ্গীকার প্রতিপালিত হয়েছে **(Promise Fulfilled)**	.....	৫০৪
২৯৩।	২৭ অক্টোবর	মুজিবনগর সমাচার **(From Mujibnagar)**	.....	৫০৫
২৯৪।	২৭ অক্টোবর	মক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা **(Medical care for Freedom Fighters)**	.....	৫০৬
২৯৫।	১০ নভেম্বর	পাকিস্তানের দিল্লী মিশন ইয়াহিয়ার কসাইখানা **(Delhi Pakistan Mission Yahya's Slaughter House)**		৫০৮
২৯৬।	১০ নভেম্বর	বাংলাদেশ অভ্যন্তরে **(Inside Bangladesh)**	.....	৫০৯
২৯৭।	১০ নভেম্বর	বাংলাদেশ সরকারের কৃতিত্ব **(Achievements of the Bangladesh Govt.)**	.....	৫১১
২৯৮।	৮ ডিসেম্বর	ভারত বাংলাদেশের স্বীকৃতি দিয়েছে **(India Accords Recognition to Bangladesh)**	.....	৫১৪
২৯৯।	৮ ডিসেম্বর	জাতিসংঘ পর্যবেক্ষকদের পরিকল্পনা প্রত্যাখ্যান **(Bangladesh No to UN Observers Idea)**	.....	৫১৬
৩০০।	৮ ডিসেম্বর	জোট নিপপেক্ষ ও শান্তিপূর্ণসহ অবস্থান **(Non Alignment & Peaceful Co-existence)**	.....	৫১৭
৩০১।	২২ ডিসেম্বর	ভয়ঙ্কর বুদ্ধিজীবী নিধন **(Horrifying Pakistan Elitocide In Bangladesh)**	.....	৫১৯
৩০২।	২২ ডিসেম্বর	দখলদার বাহিনীর আত্মসমর্পণ **(Occupation Forces Surrender)**	.....	৫২০
৩০৩।	দি নেশন ২৪ সেপ্টেম্বর	সম্পাদকীয়ঃ বালাদেশকে স্বীকৃতি দিন **(Editorial: Recognize Bangladesh)**	.....	৫২১
৩০৪।	২৪ সেপ্টেম্বর	যুদ্ধ কতদিন চলবে? **(How Long the War Will Continue)**	.....	৫২৩

চবিবশ

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়	পৃষ্ঠা
৩০৫।	২৮ জুলাই	স্পষ্ট ভাষণ **(Frankly Speaking)**	৫২৬
৩০৬।	২৫ আগস্ট	আপাতঃ দৃষ্টিতে **(Prima Facie)**	৫২৮
৩০৭।	২৪ সেপ্টেম্বর	স্বাধীনতার জন্য নারীরা **(Women for Cause of Libration)**	৫২৯
৩০৮।	২৪ সেপ্টেম্বর	মুজিবের বিচারঃ বাংলাদেশের আইনজীবীদের নিন্দা **(Bangladesh Lawyers Condemn Mujib's Trial)**	৫৩১
৩০৯।	২৪ সেপ্টেম্বর	পাকিস্তানের ওপর কুটনৈতিক আক্রমণের পুরোধাগণ **(Pioneers of Diplomatic Onslaught on Pindi)**	৫৩২
৩১০।	২৪ সেপ্টেম্বর	বিশ্বজনমত **(The World Press)**	৫৩৪
৩১১।	৮ অক্টোবর	সম্পাদকীয় রাজনৈতিক সমাধান কোথায় **(Editorial: Whither Political Solution)**	৫৩৬
৩১২।	৮ অক্টোবর	যুদ্বেই বাংলাদেশের মুক্তি **(War Alone Can Free Bangladesh)**	৫৩৮
৩১৩।	৮ অক্টোবর	স্পষ্ট ভাষণ **(Frankly Speaking)**	৫৪১
৩১৪।	৮ অক্টোবর	আপাতঃ দৃষ্টিতে **(Prima Facie)**	৫৪৩
৩১৫।	৮ অক্টোবর	মুজিবনগর সংবাদ **(Capital Calling)**	৫৪৪
৩১৬।	৮ অক্টোবর	স্বেচ্ছাসেবী দলের প্রশংসনীয় কাজ **(Volunteer Corps Doing Fine Job)**	৫৪৬
৩১৭।	৮ অক্টোবর	ভারতীয় দৃষ্টিতে **(The Indian Point of View)**	৫৪৭
৩১৮।	২২ অক্টোবর	স্বাধীনতার যুদ্ধ মধ্য পথে **(Battle of Freedom is Half-way Through)**	৫৪৯
৩১৯।	২২ অক্টোবর	আপাতঃ দৃষ্টিতে **(Prime Facie)**	৫৫১
৩২০।	২২ অক্টোবর	কলিকাতা মিশনের দৃষ্টিতে অপূর্ব **(Calcutta Mission's Defection is Singular)**	৫৫২
৩২১।	২২ অক্টোবর	বাংলাদেশে দুর্ভিক্ষ **(Famine Stalks Bangladesh)**	৫৫৫
৩২২।	২২ অক্টোবর	একটি দেশত্যাগী শিশুর লেখা **(An Evacuee Child Writes)**	৫৫৮

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা

দ্বিতীয় অধ্যায়
স্বাধীনতা যুদ্ধকালে প্রবাসী বাঙালীদের দ্বারা প্রকাশিত পত্র-পত্রিকা
বৃটেন
(ইংরেজী সংবাদপত্র)

১। বাংলাদেশ নিউজ লেটার

	২৬ এপ্রিল	ঐক্যবদ্ধ হও, নয়তো নিন্দা কুড়াও **(Unite or be Damned)**	.....	৫৬২
২।	২৬ এপ্রিল	যুক্তরাজ্য ডায়েরী **(The United Kingdom Diary)**	.....	৫৬৩
৩।	২৬ এপ্রিল	আমেরিকার চিঠি **(Letter From America)**	.....	৫৬৯
৪।	২১ জুন	যুক্তরাজ্য ডায়েরী **(The United Kingdom Diary)**	.....	৫৭১
৫।	২১ জুন	বাংলাদেশের রিপোর্ট **(Report from Bangladesh)**	.....	৫৭৫
৬।	২১ জুন	আফ্রো-এশীয় জনমত **(Afro-Asian Press Say)**	.....	৫৭৭
৭।	৭ জুলাই	যুক্তরাজ্য ডায়েরী **(The United Kingdom Diary)**	.....	৫৭৮
৮।	৭ জুলাই	বাম ফ্রন্টের সমর্থন **(Support from the Left)**	.....	৫৮১
৯।	৭ জুলাই	আরব সাংবাদিকের চোখে 'জিন্নাহর স্বর্গ' **(Arab Writer Exposes 'Jinnah's Heaven')**	.....	৫৮২
১০।	৭ জুলাই	পশ্চিম পাকিস্তান দৃশ্যপট **(West Pakistan Scene)**	.....	৫৮৩
১১।	নভেম্বর	সম্পাঃ অনিবার্য সফলতা ত্বরান্বিত করুন **(Ed. Make the Inevitable Possible Immediately)**	.....	৫৮৪
১২।	বাংলাদেশ টুডে			
	১৫ সেপ্টেম্বর	মক্তিবাহিনীর অগ্রাভিযান **(Mukti Bahini Marches Ahead)**	.....	৫৮৬
১৩।	১৫ সেপ্টেম্বর	সম্পাঃ ইয়াহিয়ার বেসামরিকীকরণ **(Ed. Yahya's Civilian Eye Wash)**	.....	৫৮৭
১৪।	১৫ সেপ্টেম্বর	মুজিবের বিচার চলছে **(Mujib on Trail)**	.....	৫৮৯
১৫।	১৫ সেপ্টেম্বর	বাংলাদেশ এখন আর অভ্যন্তরীণ ব্যাপার নয় **(Bangladesh No More An Internal Issue)**	.....	৫৯১

ছাবিবশ

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
১৬।	১৫ সেপ্টেম্বর	'বাংলাদেশ মানবাধিকার নিশ্চিত করবে' **('Bangladesh will Ensure Human Rights')**	.....	৫৯৩
১৭।	১৫ সেপ্টেম্বর	বাংলাদেশ লবী **(Lobbying Bangladesh)**	.....	৫৯৫
১৮।	১৫ অক্টোবর	বৃটিশ লেবার পার্টি ইয়াহিয়ার বর্বরতার নিন্দা করেছে **(British Labor Party Condemns Yahya's Brutality)**		৫৯৬
১৯।	১৫ অক্টোবর	ব্যাপক হারে মৃত্যু **(Death 'On A Megaton Scale')**	.....	৫৯৮
২০।	১ নভেম্বর	মুক্তিবাহিনীর প্রচন্ড আক্রমন **(Vigorous Offensive by Mukti Bahini)**	.....	৬০০
২১।	১ নভেম্বর	'বাস্তবনা মেনে নিন' **('Recognize Reality)**	.....	৬০২

বাংলা সংবাদপত্র

২২।	বাংলাদেশ সংবাদ পরিক্রমা			
	৩ আগস্ট	সভা-সমিতি-সম্মেলন	.....	৬০৩
২৩।	২০, ২৭ আগস্ট	পরিচিত সভা। বাংলাদেশ মিশনের উদ্বোধন	.....	৬০৫
২৪।	৮ সেপ্টেম্বর	বাংলাদেশের প্রতি সমর্থন	.....	৬০৬
২৫।	১৭ সেপ্টেম্বর	বিভিন্ন বিশ্ব সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব	.....	৬০৮
২৬।	২১ সেপ্টেম্বর	বিচারপতি চৌধুরীর তৎপরতা	.....	৬০৯
২৭।	২১ সেপ্টেম্বর	জনসভা ও নৃত্যনাট্য	.....	৬১০
২৮।	২৬, ২৯ অক্টোঃ	ডেলিগেশন। গণমিছিল	.....	৬১১
২৯।	৫ নভেঃ	বাংলাদেশ সরকার তৈরী।	.....	৬১২
	২৪ ডিসেঃ	স্বীকৃতির দাবীতে জনসভা	.....	৬১২
৩০।	জনমত			
	২১ নভেম্বার	সম্পাদকীয়ঃ কোন আপোষ না	.....	৬১৩
৩১।	২১ নভেম্বার	বাংলাদেশ আন্দোলনের সপক্ষে বিভিন্ন তৎপরতা	.....	৬১৪
৩২।	২১ নভেম্বার	মুক্তিসংগ্রামে প্রবাসী বাঙালী	.....	৬১৬

আমেরিকা

(বাংলাদেশ লীগ অব আমেরিকার শাখাসমূহ)

৩৩।	'বাংলাদেশ পত্র'		.....	৬১৭
	১৪ মে	সম্পাদকীয়, সংগঠন ও ইতিহাস ও কর্মসূচী	.....	৬১৯
৩৪।	বাংলাদেশ নিউজলেটার			
	শিকাগো, ১৭ মে	বাংলাদেশ আন্দোলনঃ সম্পাদকীয় ও খবর **(Activities and Program for Bangladesh Movement: Ed. & News)**	.....	৬২৩

সাতাশ

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়	পৃষ্ঠা
৩৫।	২৫ মে	সম্পাদকীয় ও ঘোষণা **(Editorial & Announcement)**	৬২৮
৩৬।	বাংলাদেশ নিউজ বুলেটিন ক্যালিফর্নিয়া ১ জনু	সম্পাদকীয় ও খবর **(Editorial & News)**	৬৩১
৩৭।	বাংলাদেশ নিউজলেটার শিকাগো,	১০ জুন বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movement)**	৬৩৪
৩৮।	বাংলাদেশ নিউইয়র্ক,	১৬ জন সম্পাদকীয় **(Editorial)**	৬৩৬
৩৯।	১৬ জনু	এক নজরে আন্দোলন তৎপরতা **(A Glimpse of Activities)**	৬৩৮
৪০।	বাংলাদেশ নিউজলেটার শিকাগো, ১ জুলাই	সম্পাঃ বাংলাদেশকে সাহায্য করুন **(Ed. Bangladesh Counts on You)**	৬৪১
৪১।	১ জুলাই	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movement)**	৬৪২
৪২।	বাংলাদেশ নিউজ বুলেটিন ক্যালিফর্নিয়া, ১ জুলাই	সম্পাদকীয় ও প্রতিবেদন **(Editorial & Reports)**	৬৪৪
৪৩।	বাংলাদেশ নিউজলেটার শিকাগো, ১৪ জুলাই	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movement)**	৬৪৭
৪৪।	শিখা নিউ ইয়র্ক, ১ আগস্ট	সম্পাদকীয় ও বাংলাদেশ আন্দোলনের খবর **(Editorial And News on Bangladesh Movement)**	৬৫৩
৪৫।	বাংলাদেশ নিউজলেটার শিকাগো, ৫ আগস্ট	কংগ্রেসে পাকিস্তান প্রশ্ন **(How the Pakistan Question Stands in Congress)**	৬৫৭
৪৬।	৫ আগস্ট	সম্পাদকের কথা **(Editor's Note)**	৬৫৯
৪৭।	৫ আগস্ট	ইকনমিক কাউন্সিলর-এর পদত্যাগ বি, ডি, এল, সভাপতির সফর **(Economic Counselor Reigns BDL President Visits)**	৬৬২
৪৮।	৫ আগস্ট	বিভিন্ন বাংলাদেশ দলের খবর **(News From Various Bangladesh Groups)**	৬৬৩

আঠাশ

ক্রমিক	সংবাদপত্র / তারিখ	বিষয়	পৃষ্ঠা
৪৯।	২০ আগস্ট	সম্পাদকের বক্তব্য ও পরামর্শ **(Editor's Note & Suggested Course of Action)**.....	৬৬৬
৫০।	২০ আগস্ট	বাংলাদেশ দুতের ভাষণ, বি ডি এল সভাপতির সফর **(Bangladesh Ambassador Addresses BDL President's Trip)**	৬৬৮
৫১।	২০ আগস্ট	বিভিন্ন বাংলাদেশ দলের খবর **(News From Various Bangladesh Groups)**.....	৬৭০
৫২।	১০ সেপ্টেম্বর	ওয়ার্ল্ড এয়ার ওয়েজের বিরুদ্ধে সপ্তাহব্যাপী বিক্ষোভ **(Week-long Demonstration Against World Airways)**	৬৭৫
৫৩।	২৫ সেপ্টেম্বর	বাংলাদেশ দলসমূহের খবর **(News From Bangladesh Groups)**	৬৭৬
৫৪।	২৫ সেপ্টেম্বর	সম্পাদকের বক্তব্য **(Editor's Note)**	৬৭৭
৫৫।	১০ অক্টোবর	সম্পাঃ ইয়াহিয়ার মোমের প্রাসাদ **(Ed. Yahya's House of Wax)**	৬৭৯
৫৬।	১০ অক্টোবর	দখলীকৃত বাংলাদেশে মৃত্যু ও সন্ত্রাসের তান্ডব **(Death And Terror Reign in Occupied Bangladesh)**	৬৮০
৫৭।	১০ অক্টোবর	সংবাদ কণিকা **(News in Brief)**	৬৮২
৫৮।	২৫ অক্টোবর	বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ গ্রেফতার ও চাকুরীচ্যুত **(University Professors Arrested, Dismissed)**	৬৮৩
৫৯।	২৫ অক্টোবর	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movement)**	৬৮৪
৬০।	১০ নভেম্বর	রাজ্যসমূহে বাংলাদেশ তৎপরতা **(Bangladesh Activities Around the States)**	৬৮৬
৬১।	২৫ নভেম্বর	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movements)**	৬৮৯
৬২।	১০ ডিসেম্বর	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movements)**	৬৯১
৬৩।	১০ নভেম্বর	যুক্তরাষ্ট্রে বাংলাদেশ তৎপরতা **(Bangladesh Activities Around the US)**	৬৯৫

কানাডা

৬৪।	বাংলাদেশ টরন্টা, ৩১ জুলাই	পশ্চিম পাকিস্তানে যুদ্ধের ডাক **(Call up In West Pakistan)**	৬৯৮
৬৫।	২৫ আগস্ট	সম্পাদকীয় **(Editorial)**	৬৯৯

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়	পৃষ্ঠা
৬৬।	২৫ আগস্ট	শেখ মুজিবের বিচার এবং বিশ্বপ্রতিক্রিয়া **(Trial of Sheikh Mujib & World Reactions)**.....	৭০১
৬৭।	২৫ আগস্ট	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movement)**	৭০৩
৬৮।	১৫ অক্টোবর	স্থানীয় সংবাদ **(Local News)**	৭০৫
৬৯।	৩১ অক্টোবর	স্থানীয় সংবাদ **(Local News)**	৭০৬
৭০।	স্ফুলিঙ্গ কুবেক, ১ আগস্ট	সম্পাদকীয়ঃ বাংলাদেশে জনযুদ্ধ **(Ed. Peoples War in Bangladesh)**	৭০৭
৭১।	১ আগস্ট	'পদ্মা'র ঘটনা **(The Story of Padma)**	৭০৯
৭২।	১ সেপ্টেম্বর	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Bangladesh Movement)**	৭১১

বাংলাদেশ মিশন, ওয়াশিংটন

৭৩।	বাংলাদেশ ওয়াশিংটন	৩ সেপ্টেম্বর মুজিবের বিচার ও বিশ্ব প্রতিক্রিয়া **(World Concern Over Mujibur Rahman's Trail)**	৭১২
৭৪।	৩ সেপ্টেম্বর	বাংলাদেশ আন্দোলনের খবর **(News on Activates for the Cause of Bangladesh)**	৭১৪
৭৫।	১০ সেপ্টেম্বর	পশ্চিম পাকিস্তানী সেনা বাহিনীর কাজ **(W. Pakistan Army Emulates Gestapo & SS.)**	৭১৬
৭৬।	১৭ সেপ্টেম্বর	পাকিস্তানী ধ্বংসলীলা **(The Pakistan Massacre)**	৭১৭
৭৭।	১৭ সেপ্টেম্বর	সিদ্দিকী বাংলাদেশ মিশনের নেতৃত্ব করছেন **(Siddiqi Heads Bangladesh Mission)**	৭১৯
৭৮।	১৭ সেপ্টেম্বর	বাংলাদেশে জাতিসংঘ ত্রাণ সাহায্য **(U.N. Humanitarian Assistance in Bangladesh)**	৭২০
৭৯।	২৪ সেপ্টেম্বর	বাংলাদেশ পরিস্থিতি বিশ্বশান্তির জন্য হুমকী হতে পারে **(Bangladesh Situation Poses Threat to World Peace)**	৭২২
৮০।	২৪ সেপ্টেম্বর	বাংলাদেশের মিশনসমূহ **(Bangladesh Missions)**	৭২৩
৮১।	২৪ সেপ্টেম্বর	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর দক্ষতা বাড়ছে **(Bangladesh Forces Gain Tenacity and Skills)**	৭২৪
৮২।	১ অক্টোবর	সম্পাদকীয়ঃ মার্কিনীদেরকে প্রতারণা **(Ed. Deceiving the Americans)**	৭২৬
৮৩।	১ অক্টোবর	ইয়াহিয়ার গোপনীয়তার অন্তরালে **(Behind the Veil of Yahya's Secrecy)**	৭২৮
৮৪।	১৫ অক্টোবর	পাকিস্তান পরিস্থিতি **(News no Pakistan Situation)**	৭৩০

ক্রমিক	সংবাদপত্র/তারিখ	বিষয়		পৃষ্ঠা
৮৫।	১৫ অক্টোবর	রাজনৈতিক সমাধানের বিশ্বজনীন আহবান **(News on Pakistan Situation)**	.....	৭৩১
৮৬।	১৫ অক্টোবর	রাজনৈতিক সমাধানের বিশ্বজননী আহবান **(Universal call Political Solution)**	.....	৭৩২
৮৭।	১৫ অক্টোবর	সম্পাদকীয়ঃ রাজনৈতিক সমাধান **(Ed. Political Solution)**	.....	৭৩৪
৮৮।	১৫ অক্টোবর	বাংলাদেশের জয় সুনিশ্চিত **(Bangladesh Victory is certain)**	.....	৭৩৫
৮৯।	২২ অক্টোবর	সম্পাদকীয়ঃ মুক্তিবাহিনী **(Ed. Mukti Bahini)**	.....	৭৩৭
৯০।	২৯ অক্টোবর	সম্পাদকীয়ঃ ইয়াহিয়ার কৌশল **(Ed. Yahya's Strategy)**	.....	৭৩৮
৯১।	১৯ নভেম্বর	জাতিসংঘ মিশন উঠে যেতে পারে **(U.S. Mission may withdraw)**	.....	৭৩৯
৯২।	৩ ডিসেম্বর	মানব সৃষ্টি ধ্বংসলীলা **(Man-made Disaster)**	.....	৭৪০
৯৩।	৩ ডিসেম্বর	বাংলাদেশ আন্দোলন কর্মসূচী **(Programs on Bangladesh)**	.....	৭৪১
৯৪।	১০ ডিসেম্বর	সম্পাঃ বাংলাদেশের স্বীকৃতি **(Ed. Recognition of Bangladesh)**	.....	৭৪২
৯৫।	১৬ ডিসেম্বর	সম্পাঃ বাংলাদেশ **(Ed. Bangladesh)**	.....	৭৪৩
৯৬।	১৭ ডিসেম্বর	কংগ্রেস সদস্যগণ কর্তৃক বাংলাদেশের স্বীকৃতির প্রস্তাব **(U.S. Congressmen Move Resolutions for Recognition)**		৭৪৪
৯৭।	১৭ ডিসেম্বর	পর্যালোচনা **(Review and outlook)**	.....	৭৪৫
৯৮।	১৭ ডিসেম্বর	বাংলাদেশে ঔপনিবেশিক শোষণ **(Colonial Exploitation of Bangladesh)**	.....	৭৪৭
৯৯।	নির্ঘন্ট		.....	৭৪৯

প্রথম অধ্যায়

স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশ

এবং
মুজিবনগর থেকে প্রকাশিত

পত্র-পত্রিকা

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা* ২য় সংখ্যা	৩১ মার্চ, ১৯৭১

সম্পাদকীয়

ইংরেজীতে একটা কথা আছে "Man does not live by bread alone" অর্থাৎ মানুষ শুধুমাত্র আহার করিয়াই বাঁচিয়া থাকে না।

কথাটি অক্ষরে অক্ষরে সত্য। আমাদের বর্তমান স্বাধীনতা সংগ্রাম উহার প্রমাণ। স্বৈরাচারী সরকারের আমলে জনসাধারণ ভুট্টা, গম, চাউল ইত্যাদি মোটামুটি খাইতে পাইত। স্বাধীনতা স্বাধীনতা বলিয়া চিৎকার না করিলে ''বাসমতী'' চাউলও কিছু খাইতে পাইত! শুধু ভাত খাইয়া বাঁচিয়া থাকিবার অধ্যায়টির ইতি হইয়াছে। ভাতের সংগে আমরা স্বাধীনতাও চাহিয়াছি- এবং আমরা পরম করুণাময়ের অনুগ্রহে সফলতা অর্জন করিয়াছি।

আমরা মনে করি ভাতের সঙ্গে মানুষের মনের খোরাকেরও প্রয়োজন আছে।

''জয় বাংলা'' সেই চাহিদার কিঞ্চিৎ মিটাইবার চেষ্টা করিতেছে।

*

গতকল্যকার সংখ্যায় আমরা জনসাধারণের প্রতি আবেদন করিয়াছিলাম- প্রয়োজনের অতিরিক্ত ক্রয় করিবেন না। জানিতে পারিলাম কিছুসংখ্যক লোক বেহুশের মত লবণ কিনিতে শুরু করিয়াছে। এই জাতীয় কর্ম হইতে বিরত থাকুন। ইহাতে বাজারে সংকট সৃষ্টি হইতে পারে। আমরা মনে করি দোকানদারদের উচিত লবণের মত একটি অত্যাবশ্যকীয় জিনিস কাহারও নিকট এক সঙ্গে অর্ধসেরের বেশী বিক্রয় না করা।

এই সমস্ত ছোটখাট ব্যাপারেও সংগ্রাম পরিষদের নির্দেশের অপেক্ষায় থাকিবেন-ইহা কোন কাজের কথা নহে। সংগ্রাম পরিষদের অনুমোদন সাপেক্ষে আপনারাও সিদ্ধান্ত নিতে পারেন। জীবনের প্রতি ক্ষেত্রে প্রত্যেকটি নাগরিকের জাতীয় স্বার্থের কথা চিন্তা করা কর্তব্য।

*

''জয় বাংলা'' জনসাধারণ, সংগ্রাম পরিষদ ও সেনাবাহিনীর সমর্থন ও উৎসাহ পাইয়াছে। সেজন্য আমরা সকলের কাছেই কৃতজ্ঞ।

*

উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে নওগাঁর বাহিরেও বেশ কিছুসংখ্যক পত্রিকা প্রেরণ করা হইয়াছে।

*

নিরস্ত্র যুদ্ধবন্দীদের হত্যা করা ন্যায়নীতি ও যুদ্ধনীতির পরিপন্থী। ভাবাবেগে চালিত না হইয়া সংশ্লিষ্ট সকলে বিচার বিবেচনা করিয়া কার্য করিবেন। ইহা আমাদের কথা নহে-পবিত্র কোরানে এ ব্যাপারে সুস্পষ্ট নির্দেশ রহিয়াছে।

জয় বাংলাঃ স্বাধীন বাংলার আদি পর্যায়ে নওগাঁ হতে প্রকাশিত একটি মুদ্রাকার দৈনিক পত্রিকা। সম্পাদকঃ রহমতউল্লাহ এম, এ,। সম্পাদক দাবী করেছেন, ''জয় বাংলা''-ই সে সময়ে স্বাধীন বাংলার একমাত্র দৈনিক পত্রিকা এবং স্বাধীন বাংলার সাড়ে সাত কোটি জনগণের একমাত্র মুখপাত্র।

*

বাংলা মুক্তিবাহিনী, পুলিশ আনসার এবং স্বেচ্ছাসেবকদের সহিত সর্বপ্রকার সহযোগিতা করিবেন। মনে রাখিবেন হয় আমরা জয়ী হইব, নতুনা ধ্বংস হইব। মাঝামাঝি কোন পথ আর নাই।

সংগ্রাম পরিষদের সদস্যদের নানা প্রকার গুরুত্বপূর্ণ কাজে এখানে-ওখানে ছুটাছুটি করিতে হইতেছে বলিয়া অনেক সময় জনসাধারণের তাহাদের সহিত যোগাযোগ করিতে অল্প-স্বল্প অসুবিধা হইতেছে। আমরা মনে করি জনসাধারণের সহিত সর্বক্ষণ যোগাযোগ রক্ষার সুবিধার্থে মহকুমা প্রশাসকের দপ্তরে সরকারী কর্মচারীরেদ রোষ্টার ডিউটি দিয়া একটি নিয়ন্ত্রণ কক্ষ খোলা প্রয়োজন। সংগ্রাম পরিষদের নির্দেশের আওতার মধ্যে উক্ত নিয়ন্ত্রণ কক্ষ হইতে বিশেষ বিশেষ কাজ-যেমন পেট্রোল, কেরোসিন ইত্যাদি নিয়ন্ত্রণের কাজ সুষ্ঠভাবে চলিতে পারে। ইহাকে উপ-নিয়ন্ত্রণ কক্ষ নাম দেওয়া যাইতে পারে।

কোরানের বাণী

''..... যদি কেহ তোমাকে আক্রমণ করে তবে ঠিক সেইভাবেই তুমি তাহাকেও আক্রমণ কর....''

(সুরা বাকারা-১৯৪ আয়াত)

''.... অত্যাচার বন্ধ না হওয়া পর্যন্ত লড়াই কর-ধর্ম আল্লাহরই। যদি তাহারা বিরত হয় তবে শুধুমাত্র অত্যাচারীদের ছাড়া অপর কাহারও উপর বিদ্বেষ না রাখাই শ্রেয়....''

(সুরা বাকারা-১৯৩ আয়াত)

''এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।

''ঘরে ঘরে দুর্গ গড়ে তোল।''
- বঙ্গবন্ধু

(ঘোড়দৌড় মাঠ, ঢাকা, ৭ই মার্চ)

''তোমরা ঐক্যবদ্ধভাবে স্বাধীনতা সংগ্রাম
চালাইয়া যাও।'' -মওলানা ভাসানী

(পোলোগ্রাউণ্ড, চট্টগ্রাম-২১শে মার্চ)

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ৩য় সংখ্যা	১ এপ্রিল ১৯৭১

সম্পাদকীয়

সর্বশক্তিমান আল্লাহতায়ালার কৃপায় ‘‘জয় বাংলা’’র তৃতীয় সংখ্যা বাহির হইল। নওগাঁও মত ছোট শহর হইতে বর্তমান পরিস্থিতিতে একটি দৈনিক পত্রিকা (যত ছোট কলেবরই হোক) বাহির করা যথেষ্ট কষ্টসাধ্য ব্যাপার। মুদ্রণালয়ের কর্মচারীদের অকুণ্ঠ এবং আন্তরিক সহযোগিতা না পাইলে ‘‘জয় বাংলা’’ হয়ত বা আপনাদের কাছে পৌঁছিত না।

*

ইংরেজ কবি শেক্সপীয়ার সিজারের মুখ দিয়া বলাইয়াছেনঃ-

“Cowards die many times before their death,
the valiant never tastes of death but once.

কাপুরুষেরা মৃত্যুর আগেও বার বার মরে, বীরেরা কখনও একবারের বেশী মৃত্যুবরণ করে না। (আমাদের অনুবাদ) টিপ্পনী নিষ্প্রয়োজন।

*

‘‘জয় বাংলা’’র প্রথম সংখ্যায় আমরা লিখিয়াছিলাম সংগ্রাম পরিষদের নির্দেশ কেহ অমান্য করিবেন না। আমরা পুনর্বান সংগ্রাম পরিষদের নির্দেশাবলী মানিয়া চলিবার জন্য জনসাধারণের প্রতি আহ্বান জানাইতেছি।

*

আমাদের চূড়ান্ত বিজয় সমাসন্ন। ইতিহাস পাঠে জানা যায় যুদ্ধে যত ক্ষতি হয় বিজয় পূর্বে বিশৃঙ্খলার দরুন অনেক সময় তার চেয়ে বেশী ক্ষতি সাধিত হয়। একটা উদাহরণ দেওয়া অপ্রাসঙ্গিক হইবে না। ইতিহাসে আছে ফরাসি বিপ্লবের পরে আত্মকলহ, হিংসা এবং বিশৃঙ্খলা এত চরমে উঠিয়াছিল যে বিপ্লবের অনেক লক্ষ্যই অর্জিত হয় নাই। এমনকি বিপ্লবের পরিষদের অধিকাংশ নেতৃবর্গকেই ‘‘গিলোটিনে’’ প্রাণ হারাইতে হইয়াছিল। পরিণামে ফ্রান্সে পুনর্বার রাজতন্ত্র প্রতিষ্ঠিত হইয়াছিল। কাজেই আমাদের অনুরোধ জনসাধারণ, নেতৃবৃন্দ এবং মুক্তিবাহিনীর বিভিন্ন শাখা সকলে হুশিয়ার থাকিবেন।

*

সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ ফেরেশতা নহেন-তাহারাও মানুষ। কাজেই ছোটখাট ভুল-ভ্রান্তি ত হইবেই। আমাদিগকে দুঃখের সহিত লিখিতে হইতেছে এই চরম সত্যাটি অনেকেই স্বীকার করিতে চাহেন না। লক্ষ্য করা গিয়াছে কিছুসংখ্যক শিক্ষিত লোকও এসব ব্যাপার নিয়া জনমনে কিছুটা বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করিতেছেন। আমাদের অনুরোধ, জনসাধারণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি না করিয়া সংগ্রাম পরিষদের সঙ্গে যোগাযোগ করতঃ আপনাদের গঠনমূলক মতামত পেশ করিয়া সামান্য ভুল-ত্রুটি দূর করার ব্যাপারে সহায়তা করুন। আমরা মনে করি “Voice of reason must prevail,”

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র, আকাশবাণী ও অন্যান্য সূত্র হইতে আপনারা যথেষ্ট খবর পাইতেছেন। সে কারণে এবং ছোট কলেবরের দরুন ''জয় বাংলা'' কোন খবর ছাপান হইতে বিরত রহিয়াছে। সব খবরের সারমর্ম নজরুলের ভাষায় বলা যায়-''মাভৈ মাভৈ আর ভয় নাই-নবযুগ ঐ আসে ঐ।''

*

বাংলা মুক্তিবাহিনী, পুলিশ, আনসার এবং স্বেচ্ছাসেবকদের সহিত সর্বপ্রকার সহযোগিতা করিবেন। নওগাঁর আভ্যন্তরীণ শান্তিরক্ষা এবং লুটতরাজ বন্ধের ব্যাপারে বিভিন্ন মহল্লার স্বেচ্ছাসেবকরা যে রকম সুষ্ঠুভাবে কাজ করিয়া যাইতেছেন সেজন্য নওগাঁবাসীর পর হইতে জয় বাংলা'' তাহাদিগকে অভিনন্দন জানাইতেছে। সাবাস!

*

নওগাঁ হাসপাতালে বেশ কিছুসংখ্যক জখমী চিকিৎসাধীন রহিয়াছে। জনসাধারণ এবং ঔষধ বিক্রেতাদের প্রতি আমাদের আবেদন-হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করিয়া তাহাদের চাহিদা মত কিছু ঔষধপত্র বিনামূল্যে দান করিবেন। মনে রাখিবেন পীড়িতদের সেবা করা মহান কাজ। বেশী দামের সম্ভব না হয় কম দামের ঔষধপত্রই দান করিবেন।

*

বঙ্গবন্ধু বলিয়াছেন ''বাংলাদেশে প্রতিটি নাগরিকের জানমাল রক্ষা করা আমাদের দায়িত্ব। সে বাঙ্গলী হউক, বিহারী হউক, হিন্দু হউক, মুসলমান হউক।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ৫ম সংখ্যা	৩ এপ্রিল, ১৯৭১

সম্পাদকীয়

বাংলার বীর সৈনিকেরা-বাংলা রাইফেল বাহিনী, বাংলা রেজিমেন্ট, পুলিশ, আনসার, স্বেচ্ছাসেবক-যেভাবে বাংলাদেশের স্বাধীনতা রক্ষার জন্য লড়াই করিতেছেন, তাহার তুলনা বিশ্বের ইতিহাসে মিলিবে না। সারা বিশ্ব তাহাদিগকে সালাম জানাইতেছে। বাংলার সাড়ে সাত কোটি বীর জনতার পক্ষ হইতে ''জয় বাংলা'' ও তাহাদিগকে জানাইতেছে হাজারো সালাম।

একের পর এক শত্রুর ঘাঁটি আমাদের বীর সৈনিকেরা প্রাণপণ লড়াই করিয়া দখল করিয়া লইতেছে। বাংলার মাটি হইতে শত্রুদেরকে নিশ্চিহ্ন না করা পর্যন্ত আমাদের আরাম হারাম।

বাংলার সমগ্র উত্তরাঞ্চল (দুই একটি জায়গা ছাড়া) মুক্তিবাহিনীর দখলে। পূর্বাঞ্চলেরও অধিকাংশ অংশ মুক্তিবাহিনীর করায়ত্ত। স্বাধীন বাংলার সৈন্যবাহিনী অন্যান্য অংশ হইতে ইনশাআল্লাহ অচিরেই শত্রুদেরকে উৎখাত করিবে। বাংলার অন্যান্য বীর সন্তানদের প্রতি আহ্বান-আপনারা বাংলা-সেনাবাহিনীর সহিত কাঁধে কাঁধ মিলাইয়া লড়াই এবং তাহাদের সহিত সর্ব প্রকার সহযোগিতা করুন। জনসাধারণের প্রতি আহবানঃ সৈনিক ভাইদের যখন যা প্রয়োজন আপনাদের সাধ্যমত যোগাইবার চেষ্টা করিবেন। নিজেদের হাজার অসুবিধা হইলেও লক্ষ্য রাখিবেন সৈনিক ভাইদের যেন কোন কষ্ট না হয়, কেননা বাংলাদেশের পতাকাকে সমুন্নত রাখিবার জন্য তাহারা প্রাণপণ লড়াই করিতেছেন। আমরা সকলেই লড়াই করিতেছি সন্দেহ নাই, কিন্তু সৈনিক ভাইরাই সকলের আগে রহিয়াছেন। ঝড়-ঝাপটা তাহাদের উপর বেশী যাইতেছে।

বাংলাদেশের শুধুমাত্র ঢাকা এবং চট্টগ্রাম হইতেই দৈনিক পত্রিকা প্রকাশিত হইত। উক্ত দুইটি শহরে প্রচণ্ড লড়াই চলিতেছে বিধায় কোন দৈনিক পত্রিকা প্রকাশিত হইবার কোন সম্ভাবনা নাই। বাংলাদেশের অন্য কোন শহর হইতে কোন দৈনিক পত্রিকা আজ পর্যন্ত প্রকাশিত হয় নাই। মাসিক, পাক্ষিক, সাপ্তাহিক ও সাময়িকী বহু প্রকাশিত হয়, কিন্তু কোন দৈনিক পত্রিকা প্রকাশিত হয় না। দেখা যাইতেছে এই ক্ষুদ্র আকারে ''জয় বাংলা''-ই বর্তমানে বাংলাদেশের একমাত্র দৈনিক পত্রিকা। কাজেই ''জয় বাংলা''-ই স্বাধীন বাংলার সাড়ে সাত কোটি জনগণের একমাত্র মুখপত্র। ইহা অযৌক্তিক দাবী নহে, এই দাবী অখণ্ডনীয় যুক্তির উপর প্রতিষ্ঠিত। সেহেতু ''জয় বাংলা''র মতামতকে সবিশেষ গুরুত্ব দেওয়া সকলের কর্তব্য বলিয়া আমাদের দৃঢ় বিশ্বাস।.....

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ৬ষ্ঠ সংখ্যা	৪ এপ্রিল, ১৯৭১

সম্পাদকীয়

আমরা বীরের জাতি। পৃথিবীর বীর জাতিগুলির তালিকায় সর্বাগ্রে বাঙ্গালীদের নাম অবশ্যই থাকিবে। আমাদের মুক্তিযোদ্ধারা যেভাবে ট্যাঙ্ক, কামানের বিরুদ্ধে লাঠি, সাধারণ বন্দুক ইত্যাদি দ্বারা লড়াই করিয়া শত্রুকে ধ্বংস করিয়া দিতেছে তাহার তুলনা বিশ্বের ইতিহাসে খুঁজিয়া পাওয়া দুষ্কর। পৃথিবীর অন্যান্য দুই এক জায়গায় এই ধরনের প্রতিরোধের কথা শোনা গিয়াছে। কিন্তু এমন ব্যাপকভাবে আর কোথায়ও প্রতিরোধ করা হয় নাই। বীর মুক্তিযোদ্ধারা-আল্লাহর উপর ভরসা রাখিবেন। জয় আমাদের হইবেই।

এতদিন বাঙ্গালীরা ঘুমন্ত সিংহের ন্যায় ছিল। আজ তাহারা জাগ্রত হইয়াছে। আজ তাহাদের গতি রোধ করিবার শক্তি কাহারও নাই।

গত কয়েক শতাব্দী তাহাদিগকে জাগাইবার চেষ্টা করা হইয়াছে, অনেক জাগরণী গানও শোনান হইয়াছে। কিন্ত তাহাদিগকে সম্পূর্ণভাবে জাগাইতে একমাত্র বঙ্গবন্ধু সক্ষম হইয়াছেন। জয় বঙ্গবন্ধু!

অতীতে কে কি করিয়াছেন ভুলিয়া যান।

যে যা হাতিয়ার-লাঠি, বৈঠা, বন্দুক, রামদাও, বল্লম, বর্শা, সড়কী, কাস্তে, হাতুড়ী, তীর-ধনুক ইত্যাদি-যোগাড় করিতে পারেন উহা লইয়াই মুক্তি সংগ্রামে ঝাঁপাইয়া পড়ুন। বাংলার কামারেরা অস্ত্র তৈরী করিতে থাকুন। শুধু বন্ধুদের মুখাপেক্ষী না থাকিয়া নিজেদের যা আছে তাহার উপরও নির্ভর করিতে শিখুন।

সাঁওতাল, গারো, হাজং, চাকমা, মগ ও অন্যান্য ভাইয়েরা আপনাদের বিষমাখা তীর-ধনুক লইয়া ঝাঁপাইয়া পড়ুন। সৈন্যদলে বিভিন্ন উপশাখা থাকে। আপনারা বাংলার ধনুক-বাহিনী হইবেন।....

প্রতিবেশী বন্ধু রাষ্ট্রবর্গের কাছে স্বাধীন বাংলার সাড়ে সাত কোটি বাঙ্গালীর পক্ষ হইতে আমাদের আবেদন-প্রয়োজনমত আমাদিগকে সর্বপ্রকার সাহায্য দিবেন। বাঙ্গালীরা অকৃতজ্ঞ নহে। আপনাদের বিপদের দিনেও আমরা আপনাদের পাশে দাঁড়াইব। কে জানে কার উপর কখন বিপদ নামিয়া আসিবে।

প্রতিবেশী রাষ্ট্র ভারতের জনগণ স্বাধীন বাংলার জনগণের প্রতি সমর্থন দান এবং তাহাদের সহিত একাত্মতা প্রকাশ করিয়াছেন। সেজন্য বাঙ্গালীরা তাহাদের নিকট কৃতজ্ঞ। আমরা সকল সময়েই প্রতিবেশীদের সাথে ভাল সম্পর্ক রাখিতে চাহিয়াছি। আমাদের শত্রুরাই তাহাতে বাধা দিয়াছে। এবার শত্রুদের উৎখাত করা হইয়াছে এবং হইতেছে।...

বন্ধ করুন

কিছু কিছু বর্বর ব্যক্তি আইন নিজেদের হাতে নিয়া বহু নিরস্ত্র নিরীহ লোকের উপর জুলুম চালাইতেছেন। উহা অবিলম্বে বন্ধ করুন। এইরূপ বর্বরদের উপর খোদার গজব আসিবে। জনসাধারণ ও অন্যান্যদের প্রতি আবেদন আপনারা বাধা দিন।

কিছুসংখ্যক লোক শহর ত্যাগ করিয়া গ্রামে চলিয়া গিয়াছেন। অসমর্থ ব্যক্তিরা শহর ছাড়িয়া যান আপত্তি নাই। কিছু কিছু সমর্থ ব্যক্তিরাও শহর ছাড়িয়া পালাইয়াছেন। বহু চেনা মুখকেই নওগাঁ শহরে দেখা যাইতেছে না। এই সমস্ত লোকগুলিই সময়ে শহরে ফিরিয়া লম্বা লম্বা কথা বলিবে, উজির নাজির মারিবে, নওযোয়ান মাঠ চেঁচাইয়া ফাটাইবে। এ সমস্ত লোককে জানান যাইতেছে ''জয় বাংলা''র কলমরে খোঁচা খাইতে না চাহিলে অবিলম্বে শহরে প্রত্যাবর্তন করুন। জানেনই ত " Pen is mighter than the sword" কলম তরবারীর চাইতে শক্তিশালী।"....

হিংসা সংক্রামক রোগের ন্যায়। কোন কোন বিশেষ পরিস্থিতিতে হিংসাকে চাড়া দেওয়া অসম্ভব হইয়া পড়ে। যদি সম্পূর্ণ চাপা দেওয়া সম্ভব না হয় (চাপা দিতে পারিলেই মঙ্গল) তবে উহাকে অবশ্যই নিয়ন্ত্রণে রাখা কর্তব্য। আজ যে হিংসার স্রোতে কোন একটি বিশেষ শ্রেণীর লোকদের দিকে প্রবাহিত হইতেছে পরে উহা যে অন্য কোন দিকে দিক পরিবর্তন করিবে না তাহা কি কেহ নিশ্চয় করিয়া বলিতে পারেন? সব কিছুকেই নিয়ন্ত্রণে রাখা ভাল। সময় অতিক্রান্ত হইলে কোন কিছুকেই হাজার চেষ্টা করিলেও নিয়ন্ত্রণে আনিতে পারিবেন না । অত্যাচারীদের অবশ্যই শাস্তি দিতে হইবে, তবে নিরাপরাধ ব্যক্তিদেরকে লঘু পাপে গুরু দণ্ড দেওয়া কোনমতেই সমর্থনযোগ্য নহে। উহা নীতিবিরুদ্ধ এমনকি পবিত্র কোরানের নির্দেশেরও পরিপন্থী। অত্যাচারীর সঙ্গে লড়াই করা ধর্মীয় এবং নৈতিক কর্তব্য। হিংসার সঙ্গে উহার কোন সম্পর্ক নাই। বঙ্গবন্ধু নিজেও একাধিকবার হিংসা পরিহার করিবার নির্দেশ দিয়াছেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ৭ম সংখ্যা	৫ এপ্রিল, ১৯৭১

সম্পাদকীয়

ইনশাআল্লাহ জয় আমাদের হইবেই। উহাতে কোনই সন্দেহ নাই।

মুক্তিযোদ্ধাদের সহিত সর্বপ্রকার সহযোগিতা করিবেন। তাহাদিগকে আশার বাণী শোনাইবেন, সাহস দিবেন। মনে রাখিবেন তাহারাও মানুষ। আপনাদের আশার বাণী তাহাদের মনে নব-বলের সঞ্চার করিবে। নব উদ্যমে তাহারা শত্রুর উপর ঝাঁপাইয়া পড়িবে এবং কামিয়াব হইবে।

রাজশাহীতে বহুসংখ্যক শত্রুকে ধ্বংস করার সময় আমাদের কয়েকজন সৈনিক ভাই জখম হইয়াছেন। তাহারা হাসপাতালে চিকিৎসাধীন রহিয়াছেন। ''জয় বাংলা''র পর হইতে তাহাদের জন্য ৬টি গ্লুকোজ ও এক ডজন গ্লুকোজ বিস্কুট হাসপাতাল কর্তৃপক্ষের কাছে দেওয়া হইয়াছে।

মুক্ত এলাকার আভ্যন্তরীণ শান্তি রক্ষার দায়িত্ব আঞ্চলিক সংগ্রাম পরিষদ, আনসার, মোজাহিদ ও স্বেচ্ছাসেবক বাহিনীর উপরে। তাহারা নিজ নিজ দায়িত্ব যথাযথ পালন করিবেন। কেহ কোন অপকর্মকে প্রশ্রয় ত দিবেনই না বরং কঠোর হস্তে দমন করিবেন। মনে রাখিবেন, যে যাহা করিবেন তাহার ফল পাইবেন। অন্যায় অত্যাচার চোখের সামনে ও জানামতে সংঘটিত হইতে দেখিয়াও যদি কেহ উহাকে কঠোর হস্তে দমন না করেন তবে তাহাদিগকে আল্লাহ যথোপযুক্ত শাস্তি দিবেন। অন্যায় অন্যায়ই। আল্লাহর বিচার অতি সূক্ষ্ম, কেহই তাঁহার বিচারের আওতার বাহিরে নহে। দুই একদিন আগে পরে প্রতিটি অত্যাচারীকেই কৃতকর্মের শাস্তি ভোগ করিতে হইবে। করিগুরু বলিয়াছেনঃ ''অন্যায় যে করে আর অন্যায় যে সহে, তব ঘৃণা যেন তারে তৃণসম দহে''-অর্থাৎ অন্যায় করাও পাপ, অন্যায় চোখের সামনে সংঘটিত হইতে দেখিয়া বাধা না দেওয়াও পাপ। কেহ কোন প্রকার পাপ কর্ম্ম নিজেরাও করিবেন না বা অন্যকেও করিতে দিবেন না।

'ক' আপনার ভাইকে মারিয়াছে- উহার প্রতিশোধ নিবার জন্য আপনি নিরস্ত্র নিরপরাধ 'খ' কে মারিবেন- তাহা হইতে পারে না। 'ক' অত্যাচারী, উহাকে সমুচিত শাস্তি দিতেই হইবে। যদি আপনি 'ক' এর নাগাল না পাইয়া নিরপরাধ 'খ' কে মারেন তবে আপনিও 'ক' এর সমান অত্যাচারী হইলেন। 'খ' এর উপরে আপনার সন্দেহ থাকে অথবা উহার পক্ষ হইতে বিপদের আশঙ্কা থাকে তবে 'খ'-কে নিরস্ত্র করিয়া বন্দী করিতে পারেন-কিন্তু কোন অবস্থাতেই হত্যা করিতে পারেন না।

''জয় বাংলা''র কণ্ঠ স্তব্ধ না হওয়া পর্যন্ত সত্য কথাই বলিবে। ''জয় বাংলা'' বিশ্বাস করে ''সত্যম শিবম সুন্দরম'' অর্থাৎ যাহা সত্য তাহাই মঙ্গলময় এবং সুন্দর। আমাদের দৃঢ় বিশ্বাস সর্বশক্তিমান আল্লাহতায়ালা ''জয় বাংলা''র কণ্ঠকে স্তব্ধ হইতে দিবেন না। আপনাদের সকলের দোয়া চাই।

কোথায় কি চক্রান্ত হইতেছে না হইতেছে, কে কোথায় কি দুষ্কর্ম করার চেষ্টা চালাইতেছে আল্লাহর মেহেরবাণীতে ''জয় বাংলা''র কানে তাহা যথাসময়েই পৌছে। শয়তানদিগকে সাবধান করিয়া দেওয়া হইল। ''জয় বাংলা''কে কেহ দুর্বল মনে করিবেন না।

আল্লাহর মেহেরবানী ত আছেই তদুপরি সংশ্লিষ্ট সকল মহলেরই সমর্থন এবং সহযোগিতা ''জয় বাংলা'' পাইয়াছে এবং পাইতেছে। কাজেই হুঁশিয়ার।

জানা গিয়াছে সান্তাহারে বেশ কিছুসংখ্যক নিরস্ত্র নিরপরাধ নারী, শিশু এবং পুরুষ কতিপয় হিংস্র দানব এবং লুঠেরাদের ভয়ে সর্বক্ষণ আল্লাহকে ডাকিতেছে এবং সকলের সাহায্য ভিক্ষা করিতেছে। সংশ্লিষ্ট সকল মহলের প্রতি আবেদন আপনারা অবিলম্বে তাহাদের সকলের নিরাপত্তার উপযুক্ত ব্যবস্থা করিবেন। প্রয়োজনবোধে তাহাদিগকে অতিসত্বর নিরাপদ জায়গায় অপসারণ করুন। বঙ্গবন্ধু একাধিকবার বলিয়াছেন ''বাংলাদেশে স্থায়ীভাবে বসবাসকারী প্রতিটি নাগরিকই বাঙ্গালী- সে যে ভাষায়ই কথা বলুক না কেন-।'' বঙ্গবন্ধুকে যদি আন্তরিকভাবে শ্রদ্ধা করেন এবং তাহার নির্দেশ মানেন তবে আর কালবিলম্ব না করিয়া উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

দেশে এখন যুদ্ধাবস্থা বিরাজমান বলিয়া জনস্বার্থের খাতিরে ''জয় বাংলা'' স্ব-আরোপিত সেন্সর নীতি (Self censorship) অবলম্বন করিয়াছে। কেহ ইহাকে অন্য অর্থে নিবেন না। ''জয় বাংলা'' প্রথমতঃ আল্লাহ এবং দ্বিতীয় জনস্বার্থ ও দেশের মঙ্গল ছাড়া আর কিছুরই তোয়াক্কা করে না।

''জয় বাংলা'' পশ্চিমা বর্বরদের বিরুদ্ধে আরও ব্যাপকভাবে বিশ্বজনমত গড়িয়া তুলবার কথা চিন্তা করিতেছে।...

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ৮ম সংখ্যা	৮ এপ্রিল, ১৯৭১

সম্পাদকীয়

বগুড়ার তরুণ মুক্তিফৌজের বীর সদস্যদের সাড়ে সাত কোটি বাঙ্গলীর পর হইতে "জয় বাংলা" লাখো ছালাম জানাইতেছে। যে রকম বীরত্ব তাহারা প্রদর্শন করিয়াছেন এবং হানাদারদের যেভাবে উৎখাত করিয়াছেন তাহার তুলনা বিশ্বের ইতিহাসে খুব বেশী একটা পাওয়া যাইবে না। একদিকে কয়েকশত মারাত্মক অস্ত্রে সজ্জিত শত্রুসেনা অপরদিকে মামুলি বন্দুক-রাইফেলে সজ্জিত বগুড়ার বীর তরুণেরা। চার পাঁচ দিন বাহিরের কোনরূপ সাহায্য ছাড়াই অবিরাম লড়াইয়ের পর তাহারা বহিরাগত হানাদারদেরকে পশ্চাৎপসরণ করিতে বাধ্য করিয়াছিলেন। কে জানে ঐ একটি ঘটনাই সমস্ত যুদ্ধের মোড় ফিরাইয়া দিয়াছে কিনা। সেইদিন বগুড়ার তরুণেরা যদি মৃত্যুর ভয় করিয়া শত্রুদের বাধা না দিত তবে যুদ্ধের গতি কোন দিকে মোড় নিত তাহা বলা কঠিন। আল্লাহর মেহেরবানীতে তাহারা সফলকাম হইয়াছেন। জয় বগুড়ার বীর তরুণ মুক্তিফৌজ!

মূল শহরে প্রবেশের মুখে (যাহাকে ১নং ফ্রন্ট বলিব) মাত্র ২৩ জন তরুণ মুক্তিফৌজ কয়েকটি রাইফেল ও বন্দুকসহ বিভিন্ন দালানের ছাদে উঠিয়া হানাদারদের গতি রোধ করিবার প্রথম প্রচেষ্টা চালাইয়াছিল। এই দলেরই অবসরপ্রাপ্ত শিক্ষক জনাব আসাদুজ্জামানের পুত্র বগুড়া জিলা স্কুলের দশম শ্রেণীর ছাত্র বিংশ শতাব্দীর তীতুমীর বীর তীতু অন্যান্যদের সাথে ঘন্টাখানেক লড়াই করিবার পর শাহাদাৎ বরণ করে। তাহার সাথে একটি রাইফেল ছিল। তাহার সঙ্গে আর যে ৪ জন ঐ দালানের ছাদ হইতে রাইফেল এবং বন্দুক হইতে শত্রুদের উপর অবিরাম গুলিবর্ষণ করিয়া বেশ কিছুসংখ্যক সৈন্যকে ঘায়েল করিয়াছিল, তাহাদের আর কোন খোঁজ আজ পর্যন্ত পাওয়া যায় নাই। দালানটি আমরা দেখিয়াছি। উহা রাস্তার মুখে অবস্থিত। এদেশে শান্তি ফিরিলে বাংলার মানুষ যে শহীদদের স্মৃতিবিজড়িত স্থানগুলিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করিবেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই।

শহরের অন্য অঞ্চলে (২নং ফ্রন্ট) বগুড়া মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি তরুণ মুক্তিযোদ্ধা আকবর হোসেন ওরফে বকুলের নেতৃত্বে বেশ কিছুসংখ্যক তরুণ ও জনতা হানাদারদের বাধা দিবার জন্য প্রস্তুতি গ্রহণ করে। এক নং ফ্রন্ট অপেক্ষা এই দলে মুক্তি যোদ্ধাদের বেশী ছিল। কিন্তু বন্দুক ও রাইফেলের সংখ্যা ছিল কম। এই ফ্রন্টেও হানাদারদের সঙ্গে প্রচণ্ড লড়াই চলে। এই ফ্রন্টে বীর বকুল একাই একটি ২-২ বোর রাইফেলের সাহায্যে বেপরোয়া এবং অবিরাম গুলিবর্ষণ করিয়া হানাদারদেরকে দেড় ঘন্টা ঠেকাইয়া রাখিয়াছিলেন। তৎপরে অন্যান্যরা হানাদারদের ঘিরিয়া ফেলিবার প্রচেষ্টা চালাইলে উহারা কাপুরষের মত পশ্চাৎপসরণ করে। এই ফ্রন্টে সকলেই কিছু কিছুর আড়ালে কভার নিতে সক্ষম হইয়াছিলেন বলিয়া হতাহতের সংখ্যা বেশী নহে।

বিশেষ ঘোষণা

আল্লাহর মেহেরবানীতে এবং সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিশেষ করিয়া বাংলা রাইফেল বাহিনীর প্রাণপণ চেষ্টার ফলস্বরূপ গতকল্য দুপুরের আগে রাজশাহী আমরা পুনরুদ্ধার করিয়াছি। শত্রুদের ধ্বংস করিয়া ফেলা হইয়াছে। দুই একটি ক্যান্টনমেন্ট ছাড়া সমস্ত উওরাঞ্চল আমাদের দখলে। এগুলিও ইনশাআল্লাহ অনতিবিলম্বে আমাদের করায়ত্ত হইবে। পূর্বাঞ্চলের বেলায়ও একই কথা প্রযোজ্য। ঐ অঞ্চলেও মাত্র দুই একটি ক্যান্টনমেন্ট শত্রুদের দখলে রহিয়াছে। শত্রুদেরকে স্বাধীন বাংলার মাটি হইতে সম্পূর্ণরূপে উৎখাত না করা পর্যন্ত আমাদের সকল প্রকার আরাম হারাম করা কর্তব্য। স্বাধীন বাংলার উওরাঞ্চলের বীর যোদ্ধাদের এবং তাহাদের তরুণ

সর্বাধিনায়ককে স্বাধীন বাংলার সাড়ে সাত কোটি বাঙ্গালীর পক্ষ হইতে ''জয় বাংলা'' সংগ্রামী অভিনন্দন জানাইতেছে.....

প্রথম হামলায়ই হানাদারেরা যে প্রস্তর-দৃঢ় প্রতিরোধের সম্মুখীন হয় তাহাতে তাহাদের প্রায় বিলুপ্ত মনোবল আরও ভাঙ্গিয়া পড়ে। ইহার পরে আরও তিন চারদিন ধরিয়া বিভিন্ন অঞ্চলে মুক্তিফৌজের সঙ্গে হানাদারদের খণ্ড লড়াই চলে এবং পরিশেষে তাহারা বেশ কিছুসংখ্যক হতাহতকে পিছনে ফেলিয়া রাত্রির অন্ধকারে চোরের মত পলায়ন করে। শত্রুদের আগমনের খবর ২৫শে মার্চ সন্ধ্যায় পাওয়া যায়। সঙ্গে সঙ্গেই মুক্তি সেনারা তাহাদেরকে বাধা দিবার জন্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করে। প্রথম লড়াই শুরু হয় ২৬শে মার্চ শুক্রবার।

এদিকে শহরের অপর প্রান্তে শহর হইতে ৭ মাইল দূরে অবস্থিত আড়িয়ার বাজার ক্যাম্পে অবস্থানরত বাঙ্গালী এবং পশ্চিমা সৈন্যদের মধ্যে কনফ্রন্টেশন চলিতেছিল। পশ্চিমারা অবস্থা বেগতিক দেখিয়া বিমান সাহায্য চাওয়ায় ক্যাম্পকে টার্গেট করিয়া দুইদিনে বেশ কিছুসংখ্যক বোমা ফেলা হয়। শোনা যায় উহাদের অন্য বিশেষ মতলব ছিল। আল্লাহর মেহেরবাণীতে শত্রুদের কোন কুমতলবই হাসিল হয় নাই। শহরেও কয়েকটি বোমা ফেলা হয়। উহাদে ৪-৫টি ঘর বাড়ী মাত্র আংশিক পুড়িয়াছে। কেহ হতাহত হয় নাই। অবশেষে মুক্তিসেনারা শহরের অপর অংশ হইতে হানাদারদের বিতাড়ন করিয়া আড়িয়ার বাজার ক্যাম্পের বাঙ্গালী সৈন্যদের সাহায্যার্থে অগ্রসর হয়। এই সময়ে কিছু পুলিশ ও পার্শ্ববর্তী এলাকা হইতে প্রেরিত কিছু নিয়মিত সৈন্যও তাহাদের সঙ্গে যোগ দেয়। সকলের সম্মিলিত প্রচেষ্টায় অনধিক এক ঘন্টার মধ্যে শত্রুদেরকে ধ্বংস করিয়া দেওয়া হয়। এই ফ্রন্টে বগুড়া শহর আওয়ামী লীগ স্বেচ্ছাসেবক বাহিনীর প্রধান তরুণ মুক্তিযোদ্ধা বীর মাসুদ শহীদ হন।

প্রথম দিনেই হানাদারদের বাধা দিতে রওয়ানা হইবার পূর্বে বগুড়ার মহকুমা প্রশাসক জনাব আব্দুল হাই সাহেব তাহাদের উদ্দেশ্যে প্রদত্ত এক উদ্দীপনাময়ী ভাষণ দিয়া তরুণ মুক্তি সেনাদিগকে উদ্বুদ্ধ করিয়াছিলেন। শ্রদ্ধেয় হাই সাহেব বয়োবৃদ্ধ হইলে কি হইবে-বগুড়ার বীর তরুণেরা তাহাকেও তরুণ বলিয়া স্বীকার করিয়া নিয়াছে। জেলা প্রশাসকসহ অন্যান্য সরকারী কর্মচারীবৃন্দও তাহাদের সহিত সর্বপ্রকার সহযোগিতা করিয়াছেন। অপর একজনের নাম উল্লেখ না করিয়া পারিতেছি না- তিনি হইলেন মুক্তি সেনাদের ''কমন মামা'' (সম্পাদকও তাহাকে ''মামা'' বলিয়া ডাকে) ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) এম, আর, চৌধুরী। মুক্তি সেনাদের ঠিক পথে পরিচালিত করাই তাহার অন্যতম প্রধান কাজ। পুলিশ বাহিনীর বর্তমান অধ্যক্ষও মুক্তি সেনাদের সঙ্গে সর্বপ্রকার সহযোগিতা করিয়াছিলেন এবং করিতেছেন। ইহা ছাড়া দু'একজন রাজনৈতিক নেতৃবৃন্দের পরামর্শও তাহারা পাইয়াছিলেন।

গত ৫ তারিখ রাত্রি হইতে ৭ তারিখ সকাল পর্যন্ত বগুড়ায় অবস্থানকালে দেখিতে পাইয়াছি বেশ কিছুসংখ্যক গর্ত্তে পলায়নকারী তথাকথিত রাজনৈতিক নেতারা মাঠে নামিয়া তাহাদের নানা প্রকার কুমতলব হাসিলের চেষ্টায় রত রহিয়াছেন। ইহাদের কার্যকলাপ এতই জঘন্য যে উহারা মুক্তি সেনাদের মাঝেও বিভেদ সৃষ্টি করিবার চেষ্টার ক্রটি করেন নাই। আল্লাহর মেহেরবাণীতে তাহাদের প্রচেষ্টা সফল হয় নাই। সংশ্লিষ্ট সকলের প্রতি বিশেষ করিয়া বেসামরিক, সামরিক এবং মুক্তি সেনাদের প্রতি আমাদের আবেদন অবিলম্বে চোর-ছ্যাচড়াদেরে যে সব গর্ত্তে উহারা পলাইয়াছিল সেই সব গর্ত্তেই উহাদিগকে ফেরত পাঠান। এখন যুদ্ধাবস্থা। এ ব্যাপারে কোন রকম শৈথিল্য দেখান কাহারও পক্ষে উচিত হইবে না। সকলেই স্মরণ রাখিবেন একতা ছাড়া আমাদের কোন প্রচেষ্টা কোন দিনই সফলতা লাভ করিতে পারিবে না। আর একটি কথাও স্বরণ রাখিবেন-আমরা বাঙ্গলী। যুদ্ধের সময় প্রধান প্রধান নেতৃবৃন্দের আত্মগোপনের প্রয়োজন অবশ্যই রহিয়াছে। কিন্তু সকলেরই পলায়নের অধিকার বা প্রয়োজন রহিয়াছে, তাহা আমরা মানিয়া নিতে প্রস্তুত নহি।

আমরা একটি প্রস্তাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করিতেছি অবিলম্বে মুক্ত অঞ্চলসমূহে বেসামরিক কর্তৃপক্ষকে স্ব স্ব অঞ্চলে বিশিষ্ট রাজনৈতিক নেতৃবৃন্দের সহযোগিতায় আভ্যন্তরীণ শান্তিরক্ষা এবং বিশৃঙ্খলা

সৃষ্টিকারীদের সমূলে ধ্বংস করিবার পূর্ণ দায়িত্ব দেওয়া কর্তব্য। এ ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করিতে হইবে। নতুবা দেশে অরাজকতা দেখা দিতে পারে। হিংসাও মাত্রাতিরিক্ত বৃদ্ধি পাইতে পারে। যে কোন প্রকার হিংসা এবং অনৈক্যকে প্রশয় দিলে আমাদের ধ্বংস অনিবার্য। কে কি করিয়াছে শুধু তাহাই আমরা দেখিব না বা অনুসরণ করিব ন- আমরা কি করিব তাহাই চিন্তা করিতে হইবে। অরাজকতা এবং হিংসার বৃদ্ধি কোন অবস্থাতেই চলিতে দেওয়া যাইতে পারে না। আমরা মনে করি সয়ম নষ্ট না করিয়া অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

টেলিফোন বিভাগের কর্মীরা আমাকে জানাইয়াছেন যে মুক্ত অঞ্চলসমূহে অনতিবিলম্বে টেলিযোগাযোগ ব্যবস্থা চালু করার জন্য তাহারা আপ্রাণ চেষ্টা চালাইবেন। সংশ্লিষ্ট সকলে তাহাদের সহিত পূর্ণ সহযোগিতা করিবেন।

''জয় বাংলা'' র সংখ্যাগুলি শুধুমাত্র বগুড়ায় দশ পয়সা মূল্যে বিক্রয় করিবার অনুমতি দেওয়া হইল। একমাত্র শর্ত কাহারও নিকট হইতে কোন অবস্থাতেই ঐ বাবদ দশ পয়সার বেশী লওয়া চলিবে না। তরুণ মুক্তিফৌজের তরুণতম সদস্য বগুড়া জিলা স্কুলের অষ্টম শ্রেণীর ছাত্র বাবলুর অনুরোধে এই অনুমতি দেওয়া হইল। সে নিজেই উদ্যোগী হইয়া বগুড়ার মুক্তি ফৌজের বড় ভাইদের বিভিন্ন টুকিটাকি জিনিস জোগান দিবার উদেশ্যে বিক্রয়লব্ধ অর্থ দ্বারা ''জয় বাংলা'' ফাণ্ড খুলিয়াছে। 'মামা'সহ মুক্তিফৌজের অন্যান্য সকলেই উহা অনুমোদন করিয়াছেন বিধায় আমাদিগকে নতি স্বীকার করিতে হইল।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাইতেছি এই ফাণ্ড হইতে ''জয় বাংলা'' কর্তৃপক্ষ (কর্তৃপক্ষ বলিতে এ ক্ষেত্রে আমাকেই বোঝাইতেছে) এক পয়সাও গ্রহণ করিবে না।

বগুড়ার মুক্তি ফৌজের তরুণ ভাইয়েরা ''হাইজ্যাক'' বাদ দিন। সিগারেট না পান দাদার আমলের হুক্কা ধরুন!!

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ৯ম সংখ্যা	৯ এপ্রিল, ১৯৭১

সম্পাদকীয়

আমরা সত্য প্রতিষ্ঠার জন্য লড়াই করিতেছি। অত্যাচার, অনাচার, অবিচার দূর করিয়া স্বাধীনভাবে শির ও স্বদেশের পতাকাকে সমুন্নত রাখিয়া বিশ্বের বুকে বিচরণ করিবার জন্যই লড়াই করিতেছি। আল্লাহর মেহেরবাণীতে জয় আমাদের হইবেই। আমাদিগকে ঠেকাইবার শক্তি (এক আল্লাহ ছাড়া) আর কাহারও নাই।

যে সমস্ত মুক্তিযোদ্ধা এবং অন্যান্য নিরস্ত্র লোক বর্বরদের হাতে নিহত হইয়াছেন তাহাদের সকলের আত্মার শান্তির জন্য আমরা পরম করুণাময়ের কাছে প্রার্থনা জানাইতেছি।

গতকল্যকার বিশেষ সংখ্যায় বগুড়ার মুক্তিযোদ্ধাদের সম্পর্কে বিস্তারিত লেখা হইয়াছে। প্রতিটি খবরই বিভিন্ন মহল হইতে সংগ্রহ করিয়া নিরপেক্ষ দৃষ্টিতে যাচাইয়ের পরেই পত্রিকায় প্রকাশ করা হইয়াছে। যতগুলি 'ফ্রন্টের' উল্লেখ রহিয়াছে প্রতিটি অঞ্চলই ব্যাপকভাবে পরিদর্শন করা হইয়াছে। উহা ছাড়াও সমস্ত শহরও একাধিকবার চষিয়া বেড়ান হইয়াছে। একাজে দ্বিচক্রযানের পিছনে বসাইয়া ঘোরানোর এবং গাইডের কাজ করিবার জন্য জনাব আলমগীর হোসেন সাহেবকে এবং দ্বিচক্রযানের খোরাক এক গ্যালন পেট্রোল যোগাড় করিয়া দিবার জন্য মুক্তিযোদ্ধা দোস্ত পেস্তাকে ধন্যবাদ জানাইতেছি।

চূড়ান্ত বিজয় সমাসন্ন। এখন সকলকেই আরও বেশী হুশিয়ার থাকিতে হইবে। অনৈক্য, অরাজকতা, হিংসা, বিশৃঙ্খলা ইত্যাদি কোন মতেই বৃদ্ধি পাইতে দেওয়া চলে না। পশ্চিমা বর্বরেরা যতখানি ক্ষতি করা সম্ভব করিয়াছে। কিন্তু আমরা যদি উপরি-উল্লিখিত পাপগুলিকে (আমরা ঐগুলিকে পাপ বলিয়া মনে করি) প্রশ্রয় দেই বা নির্মূল না করি তাহা ইহলে যাহা অবশিষ্ট রহিয়াছে তাহা হয়ত বা আমাদের নিজেদের হাতেই ধ্বংস হইবে। ঐক্য, শৃঙ্খলা ও শান্তির গুরুত্ব যুদ্ধবিশারদ, রাষ্ট্রবিজ্ঞানী, অর্থনীতিবিদ, জনপ্রশাসনবিদ যাহাকেই জিজ্ঞাসা করুন না কেন একবাক্যে স্বীকার করিয়া নিবে। বিজয়ের মুহূর্তে এবং বিজয় পরবর্তী সময়ে ঐগুলির গুরুত্ব অপরিসীম।

পশ্চিমা বর্বরদের অত্যাচারে সারা বাংলাদেশে এমন লোক পাওয়া দুষ্কর যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয় নাই। চূড়ান্ত বিজয়ের পরে পশ্চিমা বর্বরদের চিহ্ন একরকম থাকিবে না। এদিকে যাহারা উহাদের অত্যাচারে ক্ষতিগ্রস্ত হইয়াছে বা হইতেছে তাহাদের একটি অংশ ধীরে ধীরে হিংস্র হইয়া উঠিতেছে। এখনই ইহাকে বাধা না দিলে জয়ের শেষে হিংসাকে বাধা দেওয়া কাহারও পক্ষে সম্ভব হইবে না।

একটু গভীরভাবে চিন্তা করুন- যুদ্ধের শেষে একরকম নিশ্চিহ্নই হইয়া যাইবে। কিন্তু হিংসা শুধু থাকিবেই না-নিত্যনতুন বর্বরতার খবর কানে আসিবার (সমস্ত বর্বরতার সঠিক খবর এখনও পাওয়া যায় নাই) সঙ্গে সঙ্গে উহা আরও বৃদ্ধি পাইবে। এই পুঞ্জীভূত হিংসা কোন দিকে ধাবিত হইবে? দুষ্ট প্রকৃতির লোকেরা ত ওঁৎ পাতিয়া রহিয়াছে-যেদিকে ইচ্ছা হিংসাকে দিক পরিবর্তন করাইবার চেষ্টা ক্রটি করিবে না। আমাদের তৃতীয় সংখ্যায় (১৮ই চৈত্র, ১৩৭৭) আমরা ফরাসী বিপ্লবের উদাহরণ দিয়াছিলাম। ইতিহাস একেবারে অস্বীকার করা চলে না-যদি তাহাই চলিত তবে আর উহা নিয়া মাথা ঘামাইত না-আমেরিকার যুক্তরাষ্ট্রের স্বাধীনতা আন্দোলন ফরাসী বিপ্লব বা সমাজতান্ত্রিক বিপ্লবের কাহিনী পড়িত না।

কাজেই আমরা আশা করি সংশ্লিষ্ট সকলেই দেশের মঙ্গল ও জনস্বার্থের দিকে লক্ষ রাখিয়া নিজ নিজ দায়িত্ব পালন করিবেন।

আমরা একাধিকবার বলিয়াছি অত্যাচারীদের বিরুদ্ধে লড়াই করা এবং উহাদিগকে ধ্বংস করা ধর্মীয় এবং নৈতিক কর্তব্য। হিংসার সঙ্গে উহার কোনই সর্ম্পক নাই।...

মুক্ত অঞ্চলসমূহে যোগাযোগ ব্যবস্থার উন্নতিকল্পে যাহা করা প্রয়োজন সংশ্লিষ্ট সকলেই সেদিকে নজর দিবেন।

পশ্চিমা বর্বরদের বেতার কেন্দ্র কেহ ধরিবেন না। আমরাও তাহা শোনা অনেক পূর্বেই বাদ দিয়াছি। নিজস্ব একটি বেতার কেন্দ্র যতদিন আমাদের চালু না হইতেছে ততদিন বন্ধু রাষ্ট্রসমূহের বেতার কেন্দ্রের অনুষ্ঠানাদি শুনিতে পারেন। পূর্বের একটি সংখ্যায় আমরা উত্তরাঞ্চলে একটি বেতার কেন্দ্রের আবশ্যকীয়তার কথা উল্লেখ করিয়াছিলাম।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ১১শ সংখ্যা	১১ এপ্রিল, ১৯৭১

সম্পাদকীয়

পশ্চিমা বর্বরদের সীমানা মাত্রা ছাড়াইয়া গিয়াছে। বিভিন্ন দেশী-বিদেশী সূত্র হইতে প্রাপ্ত খবরগুলি যেমনই পৈশাচিক তেমনিই হৃদয়বিদারক। খবরগুলি যতই হৃদয়বিদারক হউক না কেন এখন আর শোক প্রকাশের সময় নাই। বর্বরদেরকে অবিলম্বে পালাইতে হইবে। বাংলার প্রতিটি সবল দেহ লোক বিশেষ করিয়া যুবকদের প্রতি আমাদের আহ্বান, হাতিয়ার তুলিয়া নিন, হানাদারদের বর্বরোচিত হামলার উপযুক্ত জবাব দিন।

বাংলার মা-বোনেরা-ছেলে, ভাই, স্বামীদের উৎসাহ দিন, প্রেরণা যোগান। তাহাদিগকে লড়াই করিতে উদ্বুদ্ধ করুন। কোন প্রকার স্নেহের ডোরে এখন আর বাঁধিয়া রাখিবার চেষ্টা করিবেন না। দেশের স্বার্থে, জনগণের স্বার্থে, এমনকি নিজেদের স্বার্থে তাহাদিগকে অবিলম্বে যুদ্ধে পাঠান। মনে রাখিবেন শত্রুকে নির্মূল না করিতে পারিলে কাহারও কোন প্রকার নিরাপত্তা থাকিবে না।

গতকল্যকার সংখ্যা আমরা সবল দেহ লোকদিগকে যুদ্ধ-ট্রেনিং দানের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করিয়াছি। এ ব্যাপারে স্বেচ্ছাসেবকদেরকেই অগ্রণী হইতে হইবে। আমাদের দৃঢ় বিশ্বাস সংশ্লিষ্ট সকল মহলেরই সহযোগিতা আপনারা পাইবেন। উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গেও এ ব্যাপারে যোগাযোগ করিতে পারেন।

এই সংখ্যা হইতে কিছু কিছু খবর ছাপিবার ব্যবস্থা করা হইয়াছে। কিছু বিদেশী সূত্রে প্রাপ্ত, কিছু আমাদের নিজস্ব সংস্থা ''জবাসসের''- ''জয় বাংলা'' সংবাদ সংস্থা-মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষের এবং জনসাধারণের সক্রিয় সহযোগিতায় প্রাপ্ত।

খবর ছাপিবার প্রস্তাবটি যিনি দিয়াছেন তাহাকে ''জয় বাংলার'' পক্ষ হইতে ধন্যবাদ জানাইতেছি।

কলিকাতার ইংরেজী দৈনিক Amrita Bazar Patrika- র ৯ই এপ্রিল সংখ্যায় প্রকাশিত এক সংবাদে প্রকাশ ঢাকা The Pakistan Observer, Morning News, দৈনিক পাকিস্তান, পূর্বদেশ এবং আজাদ -এই দৈনিক পত্রিকাগুলি পশ্চিমা সামরিক বাহিনীর তত্ত্বাবধানে প্রকাশিত হইতেছে। পত্রিকাগুলির অধিকাংশ সাংবাদিক ও কর্মচারীদের নির্মমভাবে হত্যা করা হইয়াছে। পশ্চিমা বর্বরেরা বিশ্বকে ধোঁকা দিবার জন্য উক্ত বিখ্যাত পত্রিকাগুলির নাম বা Goodwill ব্যবহার করিতেছে। উক্ত খবরে আরও বলা হইয়াছে দৈনিক ইত্তেফাক, সংবাদ ও The People-এর কার্যালয়গুলি ২৫শে মার্চ দিবাগত রাত্রে অর্থাৎ ২৬শে মার্চ ভোরে ধ্বংস করিয়া ফেলা হইয়াছে।

''জয় বাংলা'' বাংলার সাংবাদিক, সংবাদপত্র কর্মচারী, তথা সাড়ে সাত কোটি বাঙ্গালীর পক্ষ হইতে ইহাতে তীব্র ঘৃণা প্রকাশ করিতেছে এবং বর্বরদের হাতে নিহত সকলের আত্মার শান্তির জন্য বিশ্ব-নিয়ন্তার দরবারে প্রার্থনা জানাইতেছে। ইহার উপযুক্ত বদলা অবশ্যই লওয়া হইবে।

হে বিশ্বপ্রভু, আমাদের উপরে তোমার রহমত অবিলম্বে আরও অধিক মাত্রায় বর্ষিত হউক।

জয় আমাদের সুনিশ্চিত। জয় বাংলা!

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	বাংলাদেশ* ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৭ এপ্রিল, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশ স্বাধীন হয়েছে। কিন্তু উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদের নির্মম নিষ্ঠুর আঘাত আর অত্যাচারে আজও বাংলার মানুষ নিপীড়িত, আজও বাংলার মানুষ দস্যুর সহিত রক্তক্ষয়ী সংগ্রামে লিপ্ত। বর্তমান শতাব্দীর সভ্যতার চরম বিকাশের যুগেও এই সম্পাদকীয় লিখতে হচ্ছে বাংলার লক্ষ লক্ষ মানুষের জমাট বাঁধা রক্তের উপর দাঁড়িয়ে। তাই বিশ্বের মানবতাকামী সকল রাষ্ট্র ও জনসাধারণের মানবতাবোধের কাছে আমরা আবেদন জানাই এই বর্বর অত্যাচারের বিরুদ্ধে রক্ত শপথে রুখে দাঁড়াবার জন্য।

বাংলাদেশঃ বরিশাল হতে প্রকাশিত একটি অনিয়মিত অর্ধসাপ্তাহিক।
সম্পাদনায়ঃ এস, এম, ইকবাল, মিন্টু বসু, হেলাল উদ্দিন।
প্রকাশনায়ঃ হারেচ এ, খান, এনায়েত হোসেন, মুকুল দাস।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা* ১ম বর্ষ : ১ম সংখ্যা	১১ মে, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশের মুক্তিপাগল মানুষ আজ ইয়াহিয়া ও তার জঙ্গীচক্রের দখলকার বাহিনীর বিরুদ্ধে মরণপণ করে রুখে দাঁড়িয়েছে। বাংলাদেশের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত পাক-ফৌজের বিরুদ্ধে চলছে মুক্তিবাহিনীর প্রচণ্ড লড়াই। অস্ত্র বলে বলীয়ান খান-সেনাদের নায়ক টিক্কা খান ভেবেছিল মাত্র কয়েক ঘন্টার মধ্যে ভেঙ্গে দেয়া যাবে বাঙ্গালীর প্রতিরোধ, তাদের পরিণত করা যাবে গোলামের জাতে। কিন্তু তাদের সে আশা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। প্রতিদিন বাড়ছে মুক্তিবাহিনীর শক্তি। বাংলাদেশের হাজার হাজার মানুষ প্রতিদিন যোগ দিচ্ছে মুক্তিবাহিনীতে। স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ সরকারের নেতৃত্বে মুক্তিবাহিনী নিচ্ছে খান সেনাদের খতম করার চূড়ান্ত প্রস্তুতি। শত্রুর কামান চিরতরে স্তব্ধ না করা পর্যন্ত থামবে না এ যুদ্ধ। কিন্তু এছাড়া কি অন্য কোন পথ খোলা ছিল সাড়ে সাত কোটি বাঙ্গালী ও তাদের নেতাদের জন্যে?

এ প্রশ্নের জবাব দিতে গেলে পাকিস্তানের জন্মলগ্ন থেকে নানা বিষয়ের উপর আলোকপাত করতে হয়। গণতন্ত্রের পথেই হয়েছিল পাকিস্তানের জন্ম, এবং তা অর্জনের উদ্দেশ্যই ছিল আপামর দেশবাসীর সাবির্ক রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক মুক্তি। কিন্তু বাঙ্গালী জাতি কি কোনদিন পেয়েছে মুক্তির স্বাদ? বারবার বাঙ্গালীর রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অধিকারের উপর হানা হল একটানা হামলা।

গোড়াতেই চলল বাঙ্গালীর মাতৃভাষার উপর আক্রমণ-যদিও পাকিস্তানের মোট জনসংখ্যার মধ্যে বেশীরভাগ ছিল বাংগালী। বাংলাভাষাকে রাষ্ট্রভাষা করার জন্য প্রাণ দিতে হল আমাদের সন্তানদের, কিশোর তরুণের তাজা রক্তে লাল করতে হল ঢাকার রাজপথ। অনেক খুন, অনেক রক্ত ও অনেক সংগ্রামের বিনিময়ে বাংলা রাষ্ট্রভাষার স্বীকৃতি পেলেও কোনদিন তার ন্যায্য মর্যাদা পেল না।

বাংলাভাষার বিরুদ্ধে ওদের কত ঘৃণা কত বিদ্বেষ, বাংলাদেশব্যাপী শহীদ স্মরণে গড়ে উঠা শহীদ মিনারগুলো কামান দাগিয়ে ধ্বংস করা থেকেই পাওয়া যায় তার প্রমাণ।

শুধু ভাষা নয়, বাংলার সংস্কৃতির প্রতিটি ক্ষেত্রে তারা চালাল হামলা। আমাদের সংস্কৃতিকে গলা টিপে মারার প্রচেষ্টা চলল সুপরিকল্পিতভাবে।

অর্থনৈতিক ক্ষেত্রেও চললো একটানা শোষণ বঞ্চনা। বাংলাদেশকে শোষণ করে গড়ে তোলা হল পশ্চিম পাকিস্তান। ফলে একদিকে সোনার বাংলা পরিণত হল শ্মশানে অন্যদিকে মরুময় পশ্চিম পাকিস্তান হয়ে উঠলো শস্য শ্যামলা। কেন্দ্রীয় সরকারের চাকুরী বাকুরী সশস্ত্রবাহিনী কোথাও হল না বাঙ্গালীদের স্থান। আজাদীর চবিবশ বছর পরও সশস্ত্রবাহিনীতে বাঙ্গালীদের সংখ্যা শতকরা দশজনও ছিল না। বিদেশী সাহায্য, ঋণ প্রভৃতি ক্ষেত্রেও পেল না বাংলাদেশ তার ন্যায্য হিস্যা। সাড়ে বার কোটি পাকিস্তানীর নামে এসব বিদেশী সাহায্য ঋণ ও মঞ্জুরী এনে তা ভোগ করলো দেশের মাত্র একটি অংশের মানুষ। বাংলাদেশের পাট বেচা টাকা থেকে আয় হত পাকিস্তানের বৈদেশিক মুদ্রার মোট শতকরা ষাট ভাগ। কিন্তু কোনদিন বাঙ্গালী এর অর্ধেকও নিজের ব্যবহারের

জয় বাংলাঃ বাংলাদেশ আওয়ামী লীগের সাপ্তাহিক মুখপত্র। সম্পাদকমণ্ডলীর সভাপতিঃ আহমদ রফিক, ভারপ্রাপ্ত সম্পাদকঃ মতিন আহমদ চৌধুরী। মুজিবনগর, জয়বাংলা প্রেস থেকে বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষে আহমদ রফিক কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

জন্য পায়নি। বাংলাদেশের উদ্বৃত্ত বৈদেশিক মুদ্রা দিয়ে পূরণ করা হয়েছে পশ্চিম পাকিস্তানের ঘাটতি। কেনা হয়েছে দেশের সেই অঞ্চলের জন্য কলকারখানা ও শিল্পের যন্ত্রপাতি, আর আনা হয়েছে সামরিক অস্ত্রশস্ত্র। ভাগ্যের নির্মম পরিহাস বাঙ্গালীর অর্থে কেনা অস্ত্রশস্ত্র দিয়ে আজ নির্বিচারে খুন করা হচ্ছে বাঙ্গালীদের।

আওয়ামী লীগ যখনই এসব অন্যায়, অবিচার ও শোষণ বঞ্চনার প্রতিকার দাবী করেছে তখনই তাদেরকে আখ্যায়িত করা হয়েছে ভারতের দালালরূপে, ইসলাম ও সংহতির দুশমনরূপে। তবু নির্ভেজাল গণতন্ত্রে বিশ্বাসী আওয়ামী লীগ নেতৃত্ব চেয়েছিলেন গণতান্ত্রিক পদ্ধতিতে জাতীয় সমস্যাবলী সমাধান করতে, কেন্দ্র ও প্রদেশের মধ্যকার তথা দেশের দুই অংশের মধ্যকার সম্পর্ক নির্ধারণ করতে। ভাই ভাই হিসেবে একসাথে বাস করতে। কিন্তু বেঈমান ইয়াহিয়া ও তার সামরিক চক্র রুদ্ধ করে দেয় গণতন্ত্রের পথ। গণতন্ত্রের সব পথ বন্ধ হয়ে যাবার পরই শুরু হয়েছে আজকের এই যুদ্ধ। এ যুদ্ধের জন্য বাঙ্গালীরা দায়ী হয়। এ যুদ্ধ ইয়াহিয়া ও তার জঙ্গী চক্রের চক্রান্তেরই ফলশ্রুতি।

বাংলাদেশের মানুষ সব সময়ই শান্তিপূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে সমস্যার সমাধান চেয়েছে। তাই যখনই দেশে গণতান্ত্রিক পদ্ধতিতে সমস্যা সমাধানের সামান্যতম সুযোগ এসেছে তাকে তারা গ্রহণ করেছে সযত্নে। ১৯৫৪ সালে বাংলাদেশের মানুষ গণতান্ত্রিক উপায়ে তাদের আশা আকাঙক্ষাকে বাস্তবরূপ দানের জন্যে ঐক্যবদ্ধ হয়। যুক্তফ্রন্ট গঠন করে। যুক্তফ্রন্ট বাংলাদেশে বিপুল ভোটাধিক্যে জয়লাভ করে। পরাজিত হয় পশ্চিম পাকিস্তানের দালাল নূরুল আমিন ও তার মুসলিম লীগ দল। কিন্তু যুক্তফ্রন্ট সরকারকে ৯২ক ধারা প্রয়োগ করে ১৪ দিনের বেশী মন্ত্রিত্ব করতে দেয়া হয় না। এরপরে চলে নানা চক্রান্ত। শেখ মুজিবের বিরুদ্ধে সাজান হল ডাকাতির মামলাসহ অনেকগুলো মামলা। কথা ছিল ১৯৫৯ সালে সারা পাকিস্তানে সাধারণ নির্বাচন হবে। আওয়ামী লীগ নির্বাচন অনুষ্ঠানের শর্তে সেদিন কেন্দ্রে মন্ত্রী সভায় যোগ না দিয়েও ফিরোজ খান নুন মন্ত্রী সভাকে সমর্থন করছিল। কারণ সেদিন বাঙ্গালীরা ভেবেছিল এই নির্বাচনের মাধ্যমে তাদের আশা-আকাঙ্ক্ষা পূরণের কথা। পশ্চিমা স্বার্থ যখন বুঝতে পারল যে নির্বাচন হলেই আওয়ামী লীগ ক্ষমতায় আসীন হবে তথা বাঙ্গালীদের হাতে কেন্দ্রের ক্ষমতা চলে যাবে তখন আইয়ুব খান করলেন ক্ষমতা দখল। পাকিস্তানে চালু হল সামরিক রাজ। সামরিক রাজ মানেই পাঞ্জাবী রাজ। বাংলাদেশের গণতন্ত্রকামী সব নেতাদের জেলে পাঠান হল। আওয়ামী লীগের অসংখ্য নেতাকে করা হল বছরের পর বছর কারাবরণ। তাদের অপরাধ ছিল, তারা পাকিস্তানে চাচ্ছিলেন সত্যিকার গণতন্ত্রের প্রতিষ্ঠা। আর চাচ্ছিলেন বাঙ্গালীদের ন্যায্য অধিকার। ১৯৬৬ সালে শেখ মুজিব ঘোষণা করেন তার বিখ্যাত ছয় দফা কর্যসূচী। আওয়ামী লীগের নেতৃত্বে আইয়ুব শাহীর বিরুদ্ধে দানা বাধতে থাকে গণ-আন্দোলন। ঢাকার রাস্তায় নিরস্ত্র মিছিলের উপর চলে গুলি। অবশেষে শেখ সাহেবকে গ্রেপ্তার করা হয় ও কুখ্যাত আগরতলা ষড়যন্ত্র মামলা সাজান হয় । এই মামলা চলাকালীন সারা দেশে সৃষ্টি হয় বিরাট গণ-অভ্যুত্থান। আইয়ুব শাহী বাধ্য হয় তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলা তুলে নিতে।

আইয়ুবের জায়গায় আসেন ইয়াহিয়া খান তার নির্বাচন ও গণতন্ত্র প্রতিষ্ঠার বুলি নিয়ে। ইয়াহিয়া নির্বাচন দেন জনসাধারণের চাপে পড়ে। কিন্তু নির্বাচনে আওয়ামী লীগের বিপুল জয় দেখে শংকিত হয়ে উঠেন ইয়াহিয়া সামরিক চক্র, পশ্চিম পাকিস্তানী আমলাতন্ত্র ও কায়েমী স্বার্থবাদীর দল। নতুন করে ষড়যন্ত্র শুরু হয় আওয়ামী লীগের বিরুদ্ধে। আওয়ামী লীগ বাংলাদেশে শতকরা ৭৯টি পপুলার ভোট পেয়ে ৩১৩ সদস্যবিশিষ্ট জাতীয় পরিষদে বাংলাদেশের জন্য নির্ধারিত ১৬৯টি আসনের মধ্যে ১৬৭টি দখল করে। আওয়ামী লীগ নিজেকে প্রমাণ করে পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ দলরূপে এবং বাংলাদেশের একমাত্র মুখপাত্ররূপে। গণতন্ত্রের সার্বজনীন নিয়মরীতি অনুসারে আওয়ামী লীগেরই ছিল মন্ত্রী সভা গঠন করার, গঠনতন্ত্র প্রণয়ন করার অধিকার। কিন্তু সে পথে না গিয়ে পশ্চিম পাকিস্তানী সামরিক চক্র, আমলাতন্ত্র ও কায়েমী স্বার্থবাদীর দল নতুন করে চক্রান্ত শুরু করে বাংলার বিরুদ্ধে। অনেক টালবাহানার পর ৩রা মার্চ জাতীয় পরিষদের অধিবেশন আহ্বান করা হয়। আওয়ামী লীগ এগিয়ে চলল তার শাসনতান্ত্রিক বিল নিয়ে। কিন্তু পশ্চিম পাকিস্তানী পুঁজিপতিদের দালাল ভুট্টো সামরিক বাহিনীর ইঙ্গিতে দাবী তুললেন জাতীয় পরিষদের বাইরেই শাসনতান্ত্রিক সমস্যার সমাধান করতে হবে। এটাকে

ছুতো হিসেবে ব্যবহার করে ইয়াহিয়া জাতীয় পরিষদের অধিবেশন বন্ধ করে দিলেন অনির্দিষ্টকালের জন্য। সারা বাংলাদেশ ফেটে পড়ল গণ-বিক্ষোভে। সামরিক চক্র চাইল গুলি ছুড়ে এই বিক্ষোভ দমন করতে। কিন্তু পারল না। শত শত শহীদের রক্তে রাঙা হল বাংলার রাজপথ। শেখ সাহেব ঘোষণা করলেন তার অসহযোগ আন্দোলনের কথা। সারা বাংলাদেশ সাড়া দিল তাতে। ইয়াহিয়া সরকার প্রমাদ গণলেন। ইয়াহিয়া এলেন ঢাকায়। আলাপ- আলোচনা আরম্ভ করলেন শেখ সাহেবের সাথে। কিন্তু এই আলোচনা ছিল আসলে এক বিরাট ষড়যন্ত্রের অংশ মাত্র।

আলোচনার উদ্দেশ্য ছিল কেবল সময় নেওয়া। আলোচনার অছিলায় সেনাবাহিনীকে প্রস্তত করা। ইয়াহিয়া যখন ঢাকায় আলোচনায় বসেন তখন বাংলাদেশে যা সৈন্য ছিল তাকেই যথেষ্ট ভাবতে পারেনি ইয়াহিয়া চক্র। আরো বিপুল রণসম্ভার আনা হতে থাকে এই সময়। আনা হল কমপক্ষে আরো বিশ হাজার সৈন্য। বাঙ্গালীরা যা সামান্য কিছুসংখ্যক সেনাবাহিনীতে ছিল তাদের কাছ থেকে নিয়ে নেওয়া হতে থাকল অস্ত্রপাতি। ই, পি, আরকে নিরস্ত্র করার চেষ্টা চলল। এমনকি পুলিশ বাহিনীর কাছ থেকেও অস্ত্র-শস্ত্র সব নিয়ে নেওয়ার চেষ্টা করা হল।

যাতে লোকের সন্দেহ না হয় তাই ইয়াহিয়া বলতে থাকে বিভিন্ন মন ভোলান কথা। কিন্তু আলোচনা শেষ হবার আগেই ২৫শে মার্চ রাত্রিতে ইয়াহিয়ার সেনাবাহিনী ঝাঁপিয়ে পড়ে ঢাকার নিরস্ত্র ঘুমন্ত বাঙ্গালীদের উপর। সারা দেশে আরম্ভ হয়ে যায় ফৌজি বিভীষিকা। পৃথিবীর রাজনৈতিক ইতিহাসে এমনি ভয়াবহ জঘন্য বেইমানির নজির আর নেই। হিটলারের নিষ্ঠুরতাও হার মেনেছে এদের কাছে।

আওয়ামী লীগ ছয় দফার ভিত্তিতে নির্বাচনে জয়ী হয়। ছয় দফার গোড়ার কথা ছিলঃ পাকিস্তানকে হতে হবে একটি গণতান্ত্রিক ফেডারেল প্রজাতন্ত্র। এই প্রজাতন্ত্রে কেন্দ্রীয় সরকারের হাতে থাকবে পররাষ্ট্র (বৈদেশিক বানিজ্য বাদে) ও দেশ রক্ষার ভার। অন্যান্য সমস্ত ক্ষমতা থাকবে প্রাদেশিক সরকারের হাতে। ছয় দফার মধ্যে পাকিস্তানকে ধ্বংস করার কোন পরিকল্পনা ছিল না। ইয়াহিয়া শেখ মুজিবের সাথে আলোচনায় এর সব কিছুই বাহ্যতঃ স্বীকার করেছিলেন। কিন্তু পরে দেখা গেল এ সবই ছিল ভাওতা। তার আসল লক্ষ্য ছিল সময় নেওয়া। আলোচনার নামে আক্রমণের প্রস্ততি চালান।

ইয়াহিয়া ও পশ্চিম পাকিস্তানী নেতাদের বিশ্বাসঘাতকতা, সেনাবাহিনীর নরঘাতী আক্রমণ বাঙ্গালীকে বাধ্য করেছে অস্ত্র ধারণ করতে। স্বাধীন সরকার গঠন করতে। বাঙ্গালী আর কোন ষড়যন্ত্রে পতিত হইতে চায় না। ওদের সাথে একসাথে বসবাস করা যাবে না-এটা প্রতিটি বাঙ্গালী আজ বুঝতে পেরেছে। অস্ত্রের ভাষার জবাব বাঙ্গালী আজ দিতে প্রস্তত অস্ত্রের ভাষায়। বাংলাদেশের লক্ষ কোটি ভাই বোন এগিয়ে আস, অস্ত্রধর, বাংলার মাটি থেকে শোষক, অত্যাচারী, নিপীড়ক ও স্বৈরাচারী খান সেনাদের খতম করতে। খুনের উত্তর খুন। রক্ত দিয়েই আমরা রক্তের বদলা নেব। বাংলাদেশের মাটিতে জন্ম নিয়েছে এক নতুন পতাকা। বাংলাদেশের সবুজ প্রান্তরে পড়ছে লাল রক্তের দাগ। এ রক্তের কথা আমরা ভুলব না। বাঙ্গালীর রক্ত বৃথা যেতে দেব না। পূত পবিত্র এ রক্ত আমাদেরকে যুগ যুগ ধরে দেবে অনুপ্রেরণা। আবার বলি এ যুদ্ধ আমরা চাইনি। বাধ্য হয়েই আমরা স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ ঘোষণা করেছি। নিজেদের সরকার গঠন করেছি আর পশ্চিম পাকিস্তানী জল্লাদদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করেছি। কারণ তারা আমাদের সামনে আর কোন পথ খোলা রাখেনি। জয় বাংলা।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	জয়বাংলা ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১১ মে, ১৯৭১

এ যুদ্ধ আপনার আমার সকলের

রক্তের অক্ষরে লেখা হচ্ছে আমাদের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস। যেমন লেখা হয়েছে আরো অনেক দেশের। অন্যান্য দেশের মানুষের দেশপ্রেমের কাছে হার মেনেছে বিদেশী হানাদারেরা। আমাদের কাছেও মানবে। ঘাতকের ক্ষমা নেই। শত্রুকে নির্মূল না করে ক্ষান্ত হব না আমরা।

আমরা এ যুদ্ধ চাইনি। কিন্তু যুদ্ধ আমাদের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। রাতের অন্ধকারে ঝাঁপিয়ে পড়েছে আমাদের উপর জঙ্গীশাহীর সেনাবাহিনী। হাতে তার সর্বাধুনিক মারণাস্ত্র। সমস্ত শক্তি নিয়ে সে আক্রমণ করেছে। কিন্তু লক্ষ্য সিদ্ধ হয়নি। শত্রু আমাদের পরাভূত করতে পারেনি। হিটলারী কায়দায় হঠাৎ আক্রমণ করে, ভয় পাইয়ে আমাদের নিস্ক্রিয় করে দিতে চেয়েছিল। মৃত্যুর বিভীষিকা দেখিয়ে চেয়েছিল আমাদের স্তব্ধ করে দিতে। কিন্তু তা সে পারেনি। বাংলার একপ্রান্ত থেকে অপর প্রান্ত আজ রুখে দাঁড়িয়েছে প্রতিরোধ প্রতিজ্ঞা নিয়ে। জেগে উঠেছে বীর জনতা তার বিপুল উদ্দীপনা নিয়ে।

প্রথমে আমাদের দাবী ছিল স্বায়ত্তশাসনের। কিন্তু ইয়াহিয়া আর তার জঙ্গীচক্রের বিশ্বাসঘাতকতা খুলে দেয় আমাদের দৃষ্টি। জন্ম নিয়েছে আজ গণপ্রজাতান্ত্রিক স্বাধীন বাংলাদেশ। আর এই সরকার ও জনতার সহযোগিতায় বাংলাদেশের প্রতি অঞ্চলে গড়ে উঠেছে মুক্তিফৌজ। তারা প্রতিজ্ঞাবদ্ধ হচ্ছে শত্রু নিধনের। আমাদের এই যুদ্ধ একটি জাতির বাঁচা মরার যুদ্ধ। আসুন, আপনিও শরীক হন এই যুদ্ধে। শত্রুকে ধ্বংস করে রক্ষা করুন আপনার দেশের হাজার হাজার মানুষকে। আমাদের শত্রু নির্মম। আর নির্মম হাতেই রচনা করতে হবে তার কবর।

আমাদের রণনীতিঃ

আমরা যে রণনীতি গ্রহণ করেছি তার মূল লক্ষ্য হল যত কম ক্ষতি স্বীকার করে যত অধিক সংখ্যক শত্রু সৈন্য হত্যা করা যায়। আমাদের লক্ষ্য হল শত্রুসৈন্যকে আক্রমণের পর আক্রমণ করে তাকে সদা ব্যস্ত রাখা। তাকে ক্লান্ত করে তোলা। তার মনোবল নষ্ট করে দেওয়া। তারপর একসময় মনোবলহীন ক্লান্ত শত্রুকে আক্রমণ করে সমূলে উৎখাত করা। পাকিস্তান সরকার অস্ত্রপাতি তৈরি করে না। গোলাবারুদের জন্য বিশেষভাবে সে অন্যদেশ নির্ভর। তার অর্থনীতিতে দেখা দিয়েছে তীব্র সংকট। তাই দীর্ঘ প্রলম্বিত যুদ্ধ চালিয়ে যেতে গিয়ে তার সমর কৌশল ব্যর্থ হতে বাধ্য।

আমাদের কাছে এ যুদ্ধ হল গণযুদ্ধ বা জনগণের যুদ্ধ। আমরা ভাড়াটে পেশাদার সৈনিক নই। অস্ত্রবল আমাদের কম। কিন্তু আমাদের মনে আছে প্রবল দেশপ্রেম। শুধু অস্ত্র দিয়ে যে যুদ্ধ হয় তার থেকে আমাদের যুদ্ধের চেহারা আলাদা। গণ-সমর্থন আমাদের যুদ্ধের মূল ভিত্তি। সমস্ত বাঙালী আজ জাতীয় চেতনায় উদ্বুদ্ধ। এ যুদ্ধ মুষ্টিমেয় পেশাদার সৈনিকের বিরুদ্ধে একটা সমগ্র জাতির স্বাধীনতা যুদ্ধ। এ যুদ্ধের কোন নির্দিষ্ট অঞ্চল নেই। আমাদের লড়াই কোন নির্দিষ্ট যুদ্ধক্ষেত্রের লড়াই নয়। যে কোন সময়, যে কোন স্থানে, সুযোগ পেলেই আমরা ঝাঁপিয়ে পড়ব শত্রুসেনার উপর। আমরা তাদের হত্যা করব। আমরা তাদের সরবরাহ ব্যবস্থাকে বানচাল করবো। বিদেশী বিশেষজ্ঞদের মতে বাংলাদেশে যে পাকিস্তানী সৈন্য আছে তা একটি যুদ্ধজয়ের জন্য যথেষ্ট নয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ আমাদের বক্তব্য স্পষ্ট	জয়বাংলা ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১৯ মে, ১৯৭১

সম্পাদকীয়

আমাদের বক্তব্য স্পষ্ট

রাওয়ালপিণ্ডি--ইসলামাবাদসহ পশ্চিম পাকিস্তানের বিভিন্ন সংবাদপত্রে এই মর্মে এক সংবাদ প্রকাশিত হয়েছে যে, পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খান গণপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করতে ইচ্ছুক। তবে দুটি মাত্র শর্তে। তাহলো সামরিক সরকারের হাত থেকে ক্ষমতা নেয়ার আগে সংশ্লিষ্ট সকলকে তাঁরই দেয়া একটি অন্তর্বর্তীকালীন শাসনতন্ত্র মেনে নিতে হবে। তারপর জাতীয় পরিষদ যে শাসনতন্ত্র রচনা করবে তাও হুবহু অন্তর্বর্তীকালীন শাসনতন্ত্রের অনুরূপ হতে হবে। স্বাভাবিক পরিস্থিতিতে আমরা পশ্চিম পাকিস্তানী পত্রিকাসমূহে প্রকাশিত সংবাদের উপর আদৌ গুরুত্ব দিতাম না। কিন্তু বর্তমান পরিস্থিতিতে আমরা যথার্থ গুরুত্ব না দিয়ে পারছি না। পশ্চিম পাকিস্তানীরা ইয়াহিয়া বা অন্য কারো দেয়া শাসনতন্ত্র গ্রহণ করবে কি করবে না, তা তাদের নিজস্ব ব্যাপার। তারা যদি রোজ কেয়াতম পর্যন্ত সামরিক আইনে শাসিত হতে চায় তাহলেও আমাদের বলার কিছু নেই। কেন না, ওটা তাদের ঘরোয়া ব্যাপার। তারা একটা আলাদা রাষ্ট্র।

আমাদের বিশ্বাস, সামরিক সরকারের ইঙ্গিতেই পশ্চিম পাকিস্তানের সংবাদপত্রগুলো আলোচ্য সংবাদটি গুরুত্বসহকারে বাজারে ছেড়েছে। কেননা, পাকিস্তানের সংবাদপত্রসমূহের উপর সামরিক আইনের যে খড়গ উদ্যত হয়ে আছে তার প্রেক্ষিতে কোন সংবাদপত্রের পক্ষেই সরকারের ইচ্ছার বিরুদ্ধে এ ধরনের কিছু প্রকাশ করা সম্ভব নয়। কার ঘাড়ে ক'টা মাথা আছে যে উল্টাপাল্টা সংবাদ ছাপিয়ে পাকিস্তানের জঙ্গী শাসকদের ক্ষেপিয়ে তুলবে?

বিশ্বের ইতিহাসে যখনই কোন বিদেশী শক্তি অস্ত্রের জোরে পরের দেশ দখল করেছে তখনই তারা চেষ্টা করেছে সেদেশে একটি শিখণ্ডি সরকার খাড়া করার। ইয়াহিয়া-ভুট্টো-টিক্কা খানও আজ সেই মহাজনী পন্থার আশ্রয় নিয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে জনগণের মধ্যে বিভেদ সৃষ্টি করা, তাদের মনোবল নষ্ট করা, চূড়ান্ত বিজয় সম্পর্কে তাদের মনে সংশয় ও সন্দেহ সৃষ্টি করা। অতীতে কোন দখলদার শক্তি সাময়িকভাবে সফল হলেও তাদের সফলতা দীর্ঘস্থায়ী হয়নি-ইয়াহিয়া-ভুট্টো চক্রেরও হবে না, হতে পারে না। শোষক, নিপীড়ক, বর্বর এই পশ্চিম পাকিস্তানী চক্র হয়তো ভেবেছে যে, আওয়ামী লীগকে অবৈধ ঘোষণা করে শিখণ্ডিদের দ্বারা বাংলাদেশের প্রতিনিধিত্ব করাবে। তাই তারা আজ সওয়ার হয়েছে নূরুল আমীন, হামিদুল হক, সবুর খান, ফকা চৌধুরী, ফরিদ আহমদ, মাহমুদ আলী, সোলায়মান, খয়ের উদ্দীন প্রমুখ কুখ্যাত, গণধিকৃত, সুবিধাবাদী ও জনগণবর্জিত লোকের ঘাড়ে। এদেরকে বাঙালীরা ডাস্টবিনের আবর্জনা ছাড়া কিছুই মনে করে না।

আমরা দ্ব্যর্থহীন ভাষায় বলে দিতে চাই যে, ইয়াহিয়া খানের ক্ষমতা হস্তান্তর বা পাকিস্তানের শাসনতন্ত্র রচনার সাথে বাংলাদেশের মানুষের কোন সম্পর্ক নেই। আমরা যখন ক্ষমতা চেয়েছিলাম তখন তা দেয়া হয়নি। তার বদলে আমরা পেয়েছি গুলী। এতে প্রাণ দিয়েছে আমাদের লাখ লাখ ভাই-বোন, ইজ্জত হারিয়েছে আমাদের মা-বোনেরা, ছিন্ন-বিচ্ছিন্ন হয়েছে লাখ লাখ পরিবার, গৃহহারা হয়েছে দেড় কোটির মত বাঙালী সন্তান। লাখো শহীদের লাশের তলায় লাখো মায়ের তপ্ত অশ্রুর অতল তলে কবর হয়ে গেছে পাকিস্তানের। আমরা ঘোষণা করেছি স্বাধীনতা। আমাদের সন্তানরা ধরেছে অস্ত্র, বহাচ্ছে খুনের বন্যা। আমরা লিপ্ত হয়েছি এক মরণপণ

সংগ্রামে-হয় স্বাধীন জাতি হিসেবে বাঁচনো না হয় মরবো। আজ আমাদের একটি মাত্র কথা- মন্ত্রের সাধন কিংবা শরীর পতন।

তাই আজও যারা ইয়াহিয়ার কাছ থেকে ক্ষমতার উচ্ছিষ্ট গ্রহণের জন্য ঢাকা পিণ্ডি- ছুটাছুটি করছে, এক পা কবরে রেখে আরেক পা নিয়ে সংহতির নামে বিবৃতি দানের জন্য রেডিও পাকিস্তানে দৌড়াচ্ছে, তাদেরকে আমরা হুশিয়ার করে দিতে চাই-বাঙালীদের স্বার্থ নিয়ে ছিনিমিনি খেলার দিন আর নেই। ১৭ জন সৈন্য নিয়ে বাংলাদেশ দখলের দিন ফুরিয়ে গেছে। এক মীরজাফরকে হাত করে পলাশীর যুদ্ধ জয় করার দিন অতীত হয়ে গেছে। শত মীরজাফরকে মসনদে বসিয়েও বাংলাদেশকে আর পদানত রাখা যাবে না।

বাঙালী আজ জেগেছে। শেখ মুজিবের মন্ত্রে দীক্ষিত হয়েছে। পশ্চিমা বর্বর সৈন্যদের ঝরানো রক্তের প্রতি ফোঁটায় জন্ম নিয়েছে হাজার হাজার মুজিব। প্রয়োজনবোধে তারাই দেবে জাতিকে নেতৃত্ব। মীরজাফর বিশ্বাসঘাতকদের বাংলার ব্যাপারে নাক গলানোর প্রয়োজন বা অধিকার নেই। বাঙালী জাতি নিজেকে মুক্ত করবেই করবে। টিক্কা খান ৩০ লাখ বাঙালী কেন তিনশ' লাখ বাঙ্গালী সন্তানকে হত্যা করেও শান্তিতে ঘুমুতে পারবে না। একটি বাঙালী তরুণ বেঁচে থাকা পর্যন্তও সে অস্ত্র চালিয়ে যাবে বিদেশী হানাদারদের বিরুদ্ধে। কেন না, বাঙালী আজ বেঁচে মরতে চায় না, সে মরে বাঁচতে চায়।

নূরুল আমীন, হামিদুল হক প্রমুখরা অতীতে বাংলাদেশ ও বাঙালীর অনেক সর্বনাশ করেছে। আর সে সুযোগ তাদেরকে দেয়া হবে না। নূরুল আমীন মাতৃভাষায় কথা বলার দাবী করার অপরাধে আমাদের সন্তানদের গুলি করে মেরেছে। বাংলাদেশের পক্ষে কথা বলার কোন অধিকার বাঙালী তাকে দেয়নি। গত ডিসেম্বর মাসে অনুষ্ঠিত গণভোটে বাঙালী এ অধিকার দিয়েছিল বঙ্গবন্ধু শেখ মুজিব ও তার দলকে। ''অতি বুদ্ধিমান'' ও ধনকুবের হামিদুল হক চৌধুরীর পরামর্শেই যে পাক ফৌজ বর্বরের মত ঢাকাসহ বাংলাদেশের সমস্ত বস্তি এলাকা ধ্বংস করে দিয়েছে তাও আমাদের জানা হয়ে গেছে। অতীতেও বহুবার হামিদুল হক বাংলার স্বার্থকে জলাঞ্জলী দিয়েছে। ফরিদ আহমদ, মাহমুদ আলী ও সোলায়মানের মত সামাজিক কীটগুলো তো দালালের দালাল তস্য দালাল। উপসংহারে আমরা স্পষ্ট করে বলে দিতে চাই যে, পাকিস্তান মরে গেছে। সেজন্য আমরা দায়ী নই-দায়ী ইয়াহিয়া-ভুট্টো চক্র। তার কবরও দিয়েছেন ইয়াহিয়া খান যথারীতি সামরিক কায়দায়। কবর থেকে লাশ তুলে আহাজারি করাতে কারো কোন লাভ হবে না। যারা বাঙালী হয়েও এ লাশ নাড়াচাড়ার চেষ্টা করবে তাদেরকে আমরা জাতিদ্রোহী বলেই গণ্য করবো। সাথে সাথে জাতিদ্রোহিতার যে একমাত্র শাস্তি মৃত্যুদণ্ড তাও আমরা তাদেরকে স্মরণ করিয়ে দেব।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
অমানিশার অবসানে পূর্ব দিগন্তে ঊষার আলো দেখতে পাচ্ছি।	জয়বাংলা ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১৯ মে, ১৯৭১

অমানিশার অবসানে পূর্ব দিগন্তে ঊষার আলো দেখতে পাচ্ছি

জাতির উদ্দেশ্যে অস্থায়ী রাষ্ট্রপ্রধানের বেতার ভাষণ

'মুক্তি সংগ্রামের অন্ধকার অধ্যায় কাটিয়ে আমরা শুভ প্রভাতের দিকে এগিয়ে চলেছি। ইতিমধ্যে আমি পূর্ব দিগন্তে ঊষার আলো দেখতে পাচ্ছি।'

গত ১৮ই মে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে জাতির উদ্দেশ্যে প্রদত্ত এক ভাষণে স্বাধীন বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলাম উপরোক্ত ঘোষণা করেন।

তিনি বলেন, সেদিন বেশী দূরে নয়, যখন স্বাধীন বাংলাদেশ সরকার বহু বিদেশী রাষ্ট্রের স্বীকৃতি লাভ করবে।

সৈয়দ নজরুল ইসলাম তাঁর ভাষণে মুক্তিফৌজের ভূমিকার উচ্ছ্বসিত প্রশংসা করেন এবং বলেন, মুক্তিফৌজের কঠোর প্রতিরোধ ও তীব্র পাল্টা আক্রমণে পাকিস্তান বাহিনী হিমশিম খাচ্ছে এবং তাদের মনোবল একেবারে শূন্যের কোঠায় এসে দাঁড়িয়েছে।

বাংলাদেশের সাড়ে সাত কোটি মুক্তি-পাগল মানুষের প্রতি গভীর সহানুভূতি প্রকাশ করে সৈয়দ নজরুল ইসলাম বলেন, বালাদেশের মানুষ ইতিমধ্যেই অভাবিত-পূর্ব ত্যাগ স্বীকার করেছে। লাখো লোক ইয়াহিয়ার বর্বর বাহিনীর গুলিতে প্রাণ দিয়েছে, কোটি লোক গৃহহারা হয়ে পথের ভিখারী বনেছে। লাখো লাখো মাতা তাদের সন্তান হারিয়েছেন, তাদের অশ্রুতে বাংলার আকাশ-বাতাস আজ সিক্ত। শহীদদের রক্তে বাংলাদেশের পথ-প্রান্তর আজ নদী। তবু তারা আজো সংগ্রামী মনোবল হারায়নি। আজ তাদের এতসব ত্যাগের প্রতিদানে তিনিও শুধু অশ্রু দিতে পারেন।

অস্থায়ী রাষ্ট্রপতি দৃঢ়তার সাথে বলেন যে, সাড়ে সাত কোটি বাঙালীর ত্যাগ বৃথা যেতে পারে না। এবং তা বৃথা যেতে দেওয়া হবে না। তিনি আশ্বাস দিয়ে বলেন যে, বাঙালীর এ অশ্রু একদিন তাদের মুখে হাসি ফোটাবে।

বাংলাদেশ কেন স্বাধীনতা ঘোষণা করতে বাধ্য হয়েছে তার কারণ ব্যাখ্যা প্রসঙ্গে সৈয়দ নজরুল ইসলাম বলেন, ইয়াহিয়া ও তার উপদেষ্টাদের সাথে আলাপ আলোচনা শেষে বঙ্গবন্ধু ও তাঁর সহকর্মীরা ২৫শে মার্চ সামরিক আইন প্রত্যাহার করে গণপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর সম্পর্কে প্রেসিডেন্ট ইয়াহিয়ার কাছ থেকে একটি ঘোষণা শোনার জন্য অপেক্ষা করেছিলেন। কিন্তু সে ঘোষণা কোন সময় আর আসল না। তার বদলে ইয়াহিয়ার বর্বর সেনাবাহিনী ঝাঁপিয়ে পড়ল নিরীহ, নিরস্ত্র মানুষের উপর।

তথাকথিক দুই শাসনতন্ত্রের প্রশ্নে আওয়ামী লীগের উপর যে দোষ চাপানোর প্রয়াস চলছে অস্থায়ী রাষ্ট্রপ্রধান ওটাকে একটি মিথ্যার বেসাতি বলে অভিহিত করেন। তিনি বলেন, ইয়াহিয়ার উপদেষ্টারাই তাদের খসড়ায় এ প্রস্তাব করেছিলেন। তাতে স্পষ্টভাবে লেখা ছিল যে, পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জাতীয় পরিষদ সদস্যগণ পৃথক

পৃথক বৈঠকে মিলিত হয়ে দুটো শানসতন্ত্র প্রণয়ন করবেন। তারপর যৌথ অধিবেশনে একটি শাসনতন্ত্র প্রণয়ন করা হবে। ভুট্রোকে খুশী করার জন্যই ইয়াহিয়ার পক্ষ থেকে এ প্রস্তাব করা হয়েছিল। সৈয়দ নজরুল ইসলাম এ ব্যাপারে উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে চাপানোর অপচেষ্টার তীব্র নিন্দা করেন।

সশস্ত্র আওয়ামী লীগ কর্মী এবং দুষ্কৃতকারীদের উপরই শুধু সামরিক বাহিনী আক্রমণ চালিয়েছে বলে সামরিক জান্তার পক্ষ থেকে যে দাবী করা হয়েছে তার জবাবে সৈয়দ নজরুল জিজ্ঞেস করেনঃ তাহলে ই পি আর ও পুলিশের সদর দফতরের উপর আক্রমণ চালান হল কেন? তারা তো আওয়ামী লীগ কর্মী বা দুষ্কৃতকারীর কোনটাই ছিলেন না।

বাংলাদেশে ইতিহাসের বৃহত্তম গণহত্যা দেখেও বিশ্বের মুসলিম রাষ্ট্রবর্গ আজ যে নীরবতা অবলম্বন করেছেন তার জন্য সৈয়দ নজরুল গভীর দুঃখ প্রকাশ করেন। তাদের উদ্দেশ্যে তিনি জিজ্ঞেস করেনঃ লাখো লাখো নিরীহ, নিরস্ত্র মানুষকে বিনা কারণে হত্যা কি ইসলাম অনুমোদন করে? মসজিদ, মন্দির বা গীর্জা ধ্বংস করার কি কোন বিধান ইসলামে আছে?

বাংলাদেশের মানুষের আশ্বাস দিয়ে অস্থায়ী রাষ্ট্রপ্রধান বলেন, নির্বাচনের আগে আওয়ামী লীগ জনগণকে যেসব ওয়াদা দিয়েছিল তার প্রতিটি তারা পালন করবে। তিনি জানান যে, তাঁর সরকার ভূমিহীনকে ভূমি দান, ২৫ বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ, বড় বড় শিল্প জাতীয়করণ করে দেশকে সমাজতন্ত্রের পথে নিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ।

যে সমস্ত বিশ্বাসঘাতক পশ্চিমা সামরিক বাহিনীর সাথে সহযোগিতা করছে, তাদের প্রতি কঠোর হুঁশিয়ারী উচ্চারণ করে সৈয়দ নজরুল ইসলাম তাদেরকে অবিলম্বে বাংলার স্বার্থবিরোধী ও মুক্তি সংগ্রাম বিরোধী ঘৃণ্য কাজ করবার থেকে বিরত থাকতে নির্দেশ দেন। অন্যথায় অদূর ভবিষ্যতেই তাদেরকে এসবের জন্য জবাবদিহি করতে হবে। তখন তাদের প্রতি কোনরূপ কৃপা প্রদর্শন করা হবে না।

উপসংহারে অস্থায়ী রাষ্ট্রপতি ঘোষণা করেন যে, নিরীহ নিরস্ত্র মানুষকে হত্যা করে সাড়ে সাত কোটি বাঙালীর মুক্তির সংগ্রামকে স্তব্ধ করা যাবে না। বাঙালীরা তাদের দেশকে শত্রুমুক্ত করবেই করবে।

তিনি বাংলাদেশের জাতি, ধর্ম, বর্ণ ও মতাদর্শ নির্বিশেষে প্রতিটি মানুষকে আজ স্বাধীন বাংলাদেশের পতাকা তলে ঐক্যবদ্ধ হয়ে লক্ষ্য অর্জনে-মুক্তি অর্জনে সহায়তা করার আবেদন জানান। কেন না, জয় আমাদের সুনিশ্চিত। কোন শক্তিই তা ঠেকাতে পারবে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বিদেশী সাংবাদিকের জিজ্ঞাসা	জয়বাংলা ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১৯ মে, ১৯৭১

পশ্চিম পাকিস্তানী জল্লাদ বাংলাদেশের কত লাখ লোক খুন করেছে?

গত ২৫শে মার্চ বাংলাদেশের স্বাধীনতাকামী নিরস্ত্র নাগরিককে সুপরিকল্পিতভাবে হত্যা করার জন্য ইয়াহিয়া-টিক্কা এবং তাদের জল্লাদ বাহিনী যে ঘৃণ্য পথ গ্রহণ করে তার কুকীর্তি বিশ্ববাসীর চোখে ঢাকা দেওয়ার জন্য ঢাকায় অবস্থানরত ৩৫ জন বিদেশী সাংবাদিককে ২৬শে মার্চ জোর করে ধরে তাদের ফিল্ম ক্যামেরা কেড়ে নিয়ে বিমানে করে পশ্চিম পাকিস্তানে ছেড়ে দেওয়া হয়। তারপর থেকে সংবাদপত্র, বেতার-টেলিভিশনের উপর কঠোর সামরিক সেন্সরশীপ আরোপ করে পাক হানাদার বাহিনী সারা বাংলাদেশে এক লোমর্হষক গণহত্যা লুণ্ঠন, অগ্নিসংযোগ ও ধর্ষণ অভিযান চালিয়ে যায়। পৃথিবীর শান্তিকামী মানুষ বাংলাদেশের সত্যকার ঘটনা থেকে বিছিন্ন হয়ে পড়লো। তবু লৌহ যবনিকার অন্তরালে এবং পাকফৌজের কঠোর দৃষ্টিকে ফাঁকি দিয়ে যে সব সাংবাদিক প্রাণভয়কে তুচ্ছ করে সীমান্ত ডিঙ্গিয়ে যে টুকরো টুকরো খবর সংগ্রহ করলেন তা দিয়ে বিশ্ববাসী জোড়া করলেন বাংলাদেশের একটি বীভৎস চিত্র। আর তখন সমগ্র বিশ্ব আজকের বিক্ষুব্ধ ও বিধ্বস্ত বাংলার চিত্র দেখে আতঙ্কিত হয়ে উঠলেন। বিশ্বজনমত মূল তথ্য জানাবার জন্য চাপ শুরু করে দিয়েছে। গুটিকতক স্থান ঠিকঠাক করে ইয়াহিয়া খান বাধ্য হয়ে ৬ জন বিদেশী সাংবাদিক যারা এর আগে কোনদিন বাংলাদেশে আসেনি তাদের আমন্ত্রণ করলেন। এসব নতুন সাংবাদিককে সফরে আনায় ইয়াহিয়া খানের একটি লাভ হলো-এরা রেসকোর্স ময়দানের ঢাকার জনসংখ্যা দেখেনি, দেখিনি সদরঘাটের বাস, নবাবপুরের ভীড় আর দেখেনি ঢাকার পথে সাইকেল, রিকসা, বেবীট্যাক্স, মোটর গাড়ীর প্রচণ্ড ভীড়।

সে যাহোক সামরিক গাড়িতে সামরিক নিয়ন্ত্রণে এ সব সাংবাদিককে ৬ দিনের জন্য বাংলাদেশে সফরের অনুমতি দেওয়া হল। এই সফরের আগে ইয়াহিয়া সাহেব বায়না ধরলেন যে সব সাংবাদিক ২৫শে মার্চ পর্যন্ত ঢাকায় অবস্থান করেছিলেন তাদের এই সফরে আসতে দেয়া হবে না। কারণ তাদেরকে এই নিয়ন্ত্রিত সফরে আসতে দিলে আদিম পৈশাচিকতার মূল তথ্যকে ফাঁকি দেয়া যাবে না। তবু এই নিয়ন্ত্রিত সফরের ব্যবস্থা করেও বাংলাদেশ নবাগত সাংবাদিকের চোখকে যথার্থভাবে ফাঁকি দিতে পারলেন না বেঈমান ইয়াহিয়া-টিক্কা চক্র।

এসোসিয়েট প্রেসের প্রতিনিধি সাংবাদিক মর্ট রোজেন ব্লুম বলেন যে সামরিক কর্তৃপক্ষ এই সফরের নিয়ন্ত্রিত পথে বিভিন্ন স্থানে ভাড়া করা লোক দাঁড় করে রাখে। পথঘাট মেরামত করে মূল তথ্যকে ঢাকতে চেষ্টা করে। কিন্তু তার মধ্য থেকেও বাংলাদেশের এক ভয়ঙ্কর বীভৎস চিত্র ফুটে উঠেছে। তাঁর সফরের অভিজ্ঞতার বর্ণনা করতে গিয়ে একটা মাত্র দৃষ্টান্তের মধ্যে তিনি সারা বাংলাদেশের সামরিক বাহিনীর পৈশাচিক নরহত্যার একটি খণ্ডাংশ তুলে ধরতে চেষ্টা করেছেন। তিনি লিখেছেন, গলিত লাশের মাংসে শকুনী, গৃধিনীদের পেট এত পূর্ণ হয়েছে যে পদ্মার তীর ধরে উঠে যেতেও কষ্ট হচ্ছে। তার মতে মাত্র ৫ সপ্তাহে হানাদার বাহিনীর হত্যালীলায় বাংলাদেশের ৫ লক্ষ লোকের লাশ শকুনীরা মেজবানীর জন্য পেয়ে গেছে।

রোজেন ব্লুম লিখেছেন, বাংলাদেশে পাকফৌজ কত লাখ লোককে হত্যা করেছে তা কারও পক্ষে বলা সম্ভব নয়। কিন্তু নির্ভরযোগ্য ও নিরপেক্ষ হিসাবের ভিত্তিতে এ সংখ্যা কমপক্ষে দশ লক্ষ হবে বলে তাঁর ধারণা।

কিন্তু আমাদের কাছে আওয়ামী লীগ ও অন্যান্য সূত্রে যে সমস্ত হিসাব এসেছে তার থেকে বলা যায় যে এ যাবৎ অন্ততঃ ৩০ লক্ষ থেকে ৫০ লক্ষ লোককে তারা হত্যা করেছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশ প্রশ্নে বিশ্ব-শক্তিবর্গের নিষ্ক্রিয়তা	জয় বাংলা ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১৯ মে, ১৯৭১

মানবতার ক্রন্দনরোলে কাঁপছে আল্লাহর আরশ কিন্তু কুম্ভকর্ণদের ঘুম ভাংবে কবে?

থোক থোক রক্তের উপর প্রতিষ্ঠা লাভ করেছে স্বাধীন গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ। এই শিশু ও নবগঠিত রাষ্ট্রকে ধ্বংস করে দেওয়ার জন্য, নির্মূল করার জন্য নরঘাতক জঙ্গী ইয়াহিয়া লেলিয়ে দিয়েছে তার হায়নাদের সবুজ বাংলার শ্যামল প্রান্তরে। চলছে নির্বিচারে গণহত্যা, শিশু, নারী, বৃদ্ধ, যুবক-যুবতী কোন ভেদাভেদ নেই। অবলীলায় ধ্বংস করছে সভ্যতার পীঠস্থান শিক্ষাঙ্গনকে, মাড়িয়ে গুঁড়িয়ে দিচ্ছে মসজিদ-মন্দির জ্বালিয়ে পুড়িয়ে দিচ্ছে অর্থনৈতিক বুনিয়াদ, শিল্প-কারখানা, বিপনীকেন্দ্র আর এই বর্বর নাৎসি হামলার মর্মন্তুদ ঘটনাকে চাপা দেওয়ার জন্য বুদ্ধিজীবী এবং সাংবাদিকদের করছে নিধন, ভস্ম করে দিয়েছে স্বাধীন সংবাদপত্র অফিসগুলো।

সারা বাংলাদেশ আজ রণক্ষেত্র। বাংলার মাঠে জ্বলছে আগুন বাতাসে তার রূঢ়তা, আকাশ অন্ধকারাচ্ছন্ন। আর চারদিকে ভীত, বিহবল ও আতঙ্কগ্রস্ত অসহায় মানুষের চিৎকারে বাংলাদেশ হয়ে পড়েছে প্রেতপুরী। মানবতার এহেন অবমাননায় আল্লাহর আরশ হয়তো থর-থর করে কাঁপছে কিন্তু বিশ্বমানবতার এবং শান্তির সোল এজেন্ট জাতিসংঘের বৃহৎ রাষ্ট্রবর্গের ঘুম ভাঙছে না, বিবেক দংশিত হচ্ছে না।

উথান্ট সাহেব কি জাতিসংঘের মানবাধিকার সনদের কথা ভুলে গিয়েছেন? না শুধু বৃহৎ শক্তিবর্গের স্বার্থ জড়িত না থাকলে তাঁর কণ্ঠে শান্তির ললিতবাণী বেরোতে বাধে? শুধু বিনয়ের সাথে উথান্ট সাহেবকে জানাতে চাই বাংলাদেশে যে মানবনিধন যজ্ঞ চলছে তা পাকিস্থানের আভ্যন্তরীণ ব্যাপার নয়। এ যুদ্ধ একটি স্বাধীন জাতির সার্বভৌমত্ব রক্ষার যুদ্ধ-তাই সেই দৃষ্টিকোণ থেকে বিচার করুন, সিদ্ধান্ত নিন। যাতে জাতিসঙ্ঘের প্রতি মানুষ আস্থা হারিয়ে না ফেলে। বিশ্বের অন্যতম বৃহৎ শক্তি আমেরিকা আজ নীরব। নীরব নিক্সনের কণ্ঠ। কিন্তু কেন? তিনিও কি ভাবেন এটা পাকিস্তানের আভ্যন্তরীণ বিষয়, তাই নাক গলানোর প্রয়োজন নেই? কিন্তু ইতিহাস সাক্ষ্য দেয় নাক গলাতে তো তারা কোন পাত্রাপাত্র, স্থান, কাল বিচার করে না-তবে এখানে কেন এত চিন্তা এত ভাবনা। ফুলব্রাইট এবং এডওয়ার্ড কেনেডির মত প্রভাবশালী নেতৃবৃন্দ যখন বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দানের দাবী জানিয়েছেন, তখনও নিক্সন কোন কোন ব্যবস্থা করছেন না? আমেরিকার পত্র পত্রিকাও মানবতার এই ক্রন্দন বেদনায় ভারাক্রান্ত, বিহবল।

কিন্তু নিক্সন সাহেব কি বাংলাদেশে সংঘটিত গণহত্যার ব্যাপারে নিজের এবং তাঁর সরকারের দায়িত্ব এড়াতে পারেন? তাঁর জানা উচিত বাংলাদেশে আজ যা ঘটছে তাতে তিনি মার্কিন অস্ত্র ব্যবহারের অনুমতি দিতে পারেন না। নিক্সন সরকারের পক্ষ থেকে বলা যেতে পারে যে, ইয়াহিয়া জঙ্গীচক্র কমিউনিষ্ট চীনের সঙ্গে যুদ্ধ করার জন্য প্রদত্ত মার্কিন অস্ত্র-শস্ত্র তাদের অনুমতি ব্যতিরেকেই বাংলাদেশে নরমেধযজ্ঞে ব্যবহার করছে। কিন্তু সেক্ষেত্রেও কি তাদের কিছু করণীয় ছিল না বা নেই? তাঁরা কি চুক্তিভঙ্গের অজুহাতে পাকিস্তানের জঙ্গীশাহীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ পারতেন না? আসল কথা হলো ক্ষমতাসীন মার্কিন সরকারের গণতন্ত্র ফাঁকি। দেশে দেশে একনায়কত্ববাদীদের ফাঁকি। দেশে দেশে একনায়কত্ববাদীদের পোষণের যে নীতি মার্কিন সরকার অনুসরণ করে আসছে পাকিস্তানের ক্ষেত্রেও তার ব্যতিক্রম ঘটেনি। কেন না, মার্কিন সরকারের সামরিক ও অর্থনৈতিক সাহায্য না পেলে পাকিস্তানের সামরিক চক্র বাংলাদেশে একদিনও যুদ্ধ চালাতে পারে তা আমাদের বিশ্বাস হয় না। মার্কিন সরকারের জেনে রাখা উচিত বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ তাদের অস্তিত্ব বজায় রাখার

প্রয়োজনেই আজ মরণপণ যুদ্ধে লিপ্ত হয়েছে। এ যুদ্ধে তাদের জয়লাভ করতেই হবে। জয় তাদের অবশ্যম্ভাবী। মাঝখানে মার্কিন সরকার বাংলাদেশের মুক্তিসংগ্রামের পক্ষ অবলম্বন না করে চিরকালের জন্য তাদের বন্ধুত্ব হারালেন-এই আমাদের দুঃখ।

বৃটেনও একই পথের পথিক। বৃটেন বিশ্ববাসীকে শিক্ষা দিলো মানবিক মূল্যে কথা। পাকিস্তান আজও কমনওয়েলথের অন্যতম সদস্য। বৃটেনের কাছ থেকে সে পাচ্ছে নানারকম সাহায্য ও সহযোগিতা। সুতরাং বৃটেন সরকার ইচ্ছে করলে এই গণহত্যার বিরুদ্ধে ইয়াহিয়া সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারতো কিন্তু তারা তা করেনি। কারণ পাকিস্তানের জঙ্গী শাসকচক্রের সাথে রক্ষণশীল বৃটিশ সরকারের বাণিজ্যিক ও অন্যবিধ সম্পর্ক জড়িত। বৃটিশ শ্রমিক দলের পীড়াপীড়ি সত্ত্বেও প্রধানমন্ত্রী হীথ পাকিস্তান সরকারের উপর চাপ সৃষ্টি করতে অস্বীকৃতি জানিয়েছেন এবং ঘোষণা করেছেন যে পাকিস্তানে বৃটিশ সাহায্য অব্যাহত থাকবে।

পশ্চিমা শক্তিবর্গ ভাবছেন এটা পাকিস্তানের আভ্যন্তরীন ব্যাপার এবং বাংলাদেশ বিচ্ছিন্নতাবাদী। ইয়াহিয়া, ভুট্রো ও টিক্কা চক্রের বক্তব্যও এই। ভাবখানা এই- বায়াফ্রা, নাগা ও মিজোদের মত বাংলাদেশও একই পর্যায়ে পড়ে। কিন্তু যুক্তির ধোপে তা কি টিকে? একটু আলোচনা করে দেখা যাক। বায়াফ্রা নাইজেরিয়ার একটি ক্ষুদে অংশ-সাহিত্য, সংস্কৃতি ও সামাজিক বন্ধনের দিক থেকে নাইজেরিয়ার অন্য এলাকার সাথে কোন পার্থক্য নেই। নাগা ও মিজ্যোল্যাণ্ড- ভারতের বিরাট অংশের দুইটি ক্ষুদ্র এলাকা। তাদের দাবীর সংগে বাংলাদেশের বক্তব্যকে এক করে দেখার অর্থ-জেগে ঘুমানোর মত। কারণ, পাকিস্তানের জনসংখ্যার শতকরা ছাপ্পান্ন জনের বাস বাংলাদেশে। ভৌগোলিক দিক থেকে বাংলাদেশের সঙ্গে পাকিস্তানের দূরত্ব বারশত মাইল। মধ্যবর্তী স্থানে ভারত অবস্থিত। ভাষা সাহিত্য, সংস্কৃতি ও সামাজিক বন্ধন এবং আচার অনুষ্ঠান সম্পূর্ণ বিপরীতমুখী। এবং তথাকথিত পাকিস্তান সংহতির নামে বিগত তেইশ বছরে পশ্চিম পাকিস্তানীরা বাংলাদেশকে শোষণ করেছে, গণতন্ত্রের গলা টিপে হত্যা করে রাজনৈতিক অধিকারটুকুও ছিনিয়ে নিয়েছে। ৫৪ হাজার বর্গমাইল ভূমিকে তারা তাদের বাজারে পরিনত করে। অতএব অর্থনৈতিক মুক্তি, রাজনৈতিক স্বাধীনতা, সাংস্কৃতিক মূল্যবোধ ও মানবিক মূল্যায়নের এই সংগ্রামকে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন বলে অভিহিত করা যায় না।.....

বাংলাদেশ যখন ইয়াহিয়ার হায়নাদের ছোবলে ক্ষতবিক্ষত তখন রেডক্রস এগিয়ে এসেছিলো আর্তের সেবায়, কিন্তু সামরিক জান্তা যেহেতু বাংলাদেশে প্রবেশের অনুমতি দেননি সেহেতু তারা মানবতার সেবা করতে নিরস্ত রয়েছেন। তা নিরস্ত রয়েছেন বলে জঙ্গীচক্রের মানব নিধনযজ্ঞ বন্ধ হয়নি, বন্ধ হয়নি মানবতার ক্রন্দন। প্রশ্ন রয়ে যায় রেডক্রসের দায়িত্ব কি শেষ হয়ে গিয়েছে? বিশ্ব জনমতের কাছে তারা এই নগ্নতার বর্বরতার বীভৎস করুণ চিত্র তুলে ধরে বৃহৎ শক্তিবর্গের উপর আশু চাপ সৃষ্টির দাবী করতে পারেন না? আমরা আশা করবো, তারা আর মুখ ফিরিয়ে থাকবেন না। আমরা এতদিন শুনে এসেছি চীন এশিয়ার গৌরব, নির্যাতিত নিপীড়িত সংগ্রামী জনতার আশা-আকাঙক্ষার মূর্ত প্রতীক। বিশ্ববাসী জানতো, বাংলার সাড়ে সাত কোটি মানুষও জানতো বিশ্বের যেখানেই শোষণ, বঞ্চনা আর অত্যাচার সেখানেই আছে মহাচীনের শীতল স্পর্শ। সেখানেই মহাচীন নিপীড়িত মানুষের দুঃখ মোচনের চেষ্টায় সচেষ্ট। কিন্তু পশ্চিম পাকিস্তানের হানাদার দখলদার বাহিনীর বর্বরোচিত আক্রমণে সাড়ে সাত কোটি বাঙ্গালীর জীবন যখন আজ বিপন্ন, অর্থনৈতিক জীবন যখন জীবন যখন বিপর্যস্ত, তখন চীন আক্রমণকারী হানাদারদের পক্ষ অবলম্বন করছে এটা ভাবলে সত্যিই অবাক হতে হয়।

বলা যেতে পারে যে চীনের রাষ্ট্রনায়কগণ বাংলাদেশের গণমানসের সত্যিকার পরিচয় না জেনেই জঙ্গী শাসকদের সমর্থন যোগাচ্ছেন। কিন্তু তাও বা আমরা কিভাবে বিশ্বাস করবো? কারণ চীন বিশ্বের নাড়ী-নক্ষত্রের খবর রাখেন তারা সাড়ে সাত কোটি বাঙ্গালীর মুক্তি-সংগ্রামের প্রকৃতি ও পরিচয় জানবেন না তা কোনমতেই বিশ্বাস করা যায় না।

অবাক বিস্ময়ে তাকাতে হয় আরব জাহানের দিকে। ইসলামের শিক্ষা যেখানে অন্যায়, যেখানে জালিমের জুলুম তাকেই প্রতিহত করতে হবে, যেকোন মূল্যের বিনিময়ে মজলুমকে দিতে হবে ছায়া কিন্তু তারতো কোন

নমুনা বিশ্ববাসী দেখছেন না । আরব জাহানের মানবতা ও বিবেক জাগ্রত হোক, ইসলামের মূলমন্ত্র সাম্য স্বাধীনতা সৌভ্রাতৃত্বের পরশে স্নাত হোক বাঙলার সাড়ে সাত কোটি মানুষ এই কথাই বিশ্ববাসীর চোখে-মূখে বিচ্ছুরিত হচ্ছে।

আরব জাহানের নিজেদের অভিজ্ঞতা থেকে জানা উচিত যে, কেবলমাত্র ধর্মীয় বন্ধনের জোরেই বিভিন্ন মানবগোষ্ঠী এক রাষ্ট্রে বসবাস করতে পারে না। যদি তাই হতো, তাহলে একই ভাষা, একই ভূগোল একই ধর্ম ও একই সংস্কৃতির অধিকারী আরব জনগণ আজ এতগুলো রাষ্ট্রে বিভক্ত কেন?

মানবতার এই অবমাননা ও বৃহৎ শক্তিবর্গের এই ন্যক্কারজনক পলায়নী মনোভাবের মধ্যেও সাড়ে সাত কোটি নিরস্ত্র নিরন্ন মানুষের যন্ত্রনা চিৎকারে সাহায্যের হস্ত প্রসারিত করে যারা নজির স্থাপন করেছেন, তাঁরা হলেন বুদ্ধ, গান্ধী, নেহেরু, রবীন্দ্রনাথ, নজরুলের মানব প্রেমিকতার আশীষে পুষ্ট মহামানবের মিলন ক্ষেত্র ভারতবর্ষ আর মহামতী লেলিনের আদর্শে পরিচালিত সোভিয়েট রাশিয়া। বিশ্ব-মানব-প্রেমিকরা এ দুটি রাষ্ট্রকে জানাচ্ছে প্রীতিসিক্ত সালাম।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ রাজনৈতিক সমাধান	জয় বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	১৮ জুন, ১৯৭১

সম্পাদকীয়

রাজনৈতিক সমাধান?

বাংলাদেশ সমস্যার এক রাজনৈতিক সমাধানের প্রয়োজনীয়তা সম্পর্কে বিশ্বের বহু দেশ সোচ্চার হয়ে উঠেছে। কিন্তু এর রূপ পাওয়া যাচ্ছে না বলে 'রাজনৈতিক সমাধান' এ অস্পষ্ট কথাটি অনেক কল্পনা-জল্পনার জাল বুনে চলেছে। যে কোন সমাধানের পথে কল্পনা-কল্পনা প্রতিবন্ধকতা সৃষ্টি করে, এবং সমস্যাটিকে জটিলতর করে। এ জন্যে সুস্পষ্ট, সুনির্দিষ্ট পথের একান্ত প্রয়োজন।

যে কোন সমস্যার মত বাংলাদেশের সমস্যাকে বাস্তবতার নিরিখে বিশ্লেষণ না করে কেবল বাহ্যিক দৃষ্টিতে বিচার করা হলে, আমরা মনে করি এর সমাধান পাওয়া যাবে না। কেন আজ বাঙ্গালী মরণপণ করে মুক্তিযুদ্ধে লিপ্ত হয়ে পড়েছে-এ কথাটির জবাব পেতে হবে।

পৃথিবীর কাছে অজানা নয় যে আওয়ামী লীগ গণতান্ত্রিক এক রাজনৈতিক দল। আওয়ামী লীগ নিয়মতান্ত্রিক রাজনীতিতে বিশ্বাসী। তাই, আওয়ামী লীগ নির্বাচনে অংশগ্রহণ করেছিল, নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে জয়ী হয়েও শান্তিপূর্ণ, সহ-অবস্থানের জন্য আলোচনা বৈঠকে মিলিত হয়েছি। সহিংস বিপ্লবী মত ও পথ আওয়ামী লীগের নয়। তবু কেন আজ আওয়ামী লীগের নেতৃত্বে বাংলাদেশের মানুষকে মুক্তি সংগ্রাম চালাতে হচ্ছে এর সদুত্তর পেতে হবে। এ সংগ্রামের, এবং ইয়াহিয়া খান সরকারের পৈশাচিক বর্বরতার বহু কথা বলা হয়েছে, বহু বই লেখা হয়েছে। দুনিয়ার সকলের কাছে এ সব কথা জানা।

মূল সমস্যার মৌলিক কারণগুলোকে এড়িয়ে কোন সমাধানের চেষ্টা করা হলে, সাময়িকভাবে স্বস্তি পাওয়া গেলেও স্থায়ী শান্তি আসতে পারে না। স্থায়ী সমাধাণের জন্যে নিরপেক্ষ, প্রভাবমুক্ত মন, গভীর ও সুদূরপ্রসারী অন্তর্দৃষ্টি এবং বাস্তব উপলব্ধির প্রয়োজন। তাই, যারা রাজনৈতিক সমাধানের ধুয়া তুলেছেন তাঁদের কাছে সংগ্রামের সার্বিক রূপটি স্পষ্ট থাকতে হবে।

আবার পকিস্তান সামরিক জান্তারা নতুন ফন্দি করে বাংলাদেশ সমস্যাকে বিনষ্ট করার জন্যে পাক-ভারত যুদ্ধ চালিয়েছে। যতই ফন্দি আটকাও না কেন কুখ্যাত এহিয়া, জননী বাংলার বীর মুক্তিযোদ্ধারা আজকে তোমার সমস্ত ফন্দিই চূর্ণবিচূর্ণ করে দিবে। ভারতের সাথে কিসের জোরে আজকে পাকিস্তান সামরিক গোষ্ঠীরা যুদ্ধ ঘোষণা করছে। ভারতের তুলনায় না আছে তার লোকবল, সৈন্যবল বা অস্ত্রবল, এইতো সম্প্রতি বয়ড়ার কাছে আকাশ যুদ্ধে ভারতীয় জেট দ্বারা তিনটি পাকিস্তানী বোমারু বিমান ও স্থলপথে ১৭টি পাকিস্তানী ট্র্যাঙ্ক ভারতের মাতৃভূমিপ্রিয় সৈন্যরা ঘায়েল করেছেন।

পাকিস্তান		**ভারত**	
মোট সৈন্যবল	৩ লক্ষ ৫০ হাজার	মোট সৈন্যবল	৮ লক্ষ ২৮ হাজার
সাঁজোয়া ডিভিশন	২টি	সাঁজোয়া ডিভিশন	১টি
স্বয়ংসম্পূর্ণ সাঁজোয়া ব্রিগেড	১টি	মাউন্টেন ডিভিশন	১০টি
পদাতিক ডিভিশন	১২টি	পদাতিক ডিভিশিন	১৩টি
এয়ারফোর্স ব্রিগেড	১টি	ছত্রী ব্রিগিড	২টি
		স্বয়ংসম্পূর্ণ সাঁজোয়া এবং পদাতিক ব্রিগেড-	
ট্যাঙ্ক		**ট্যাঙ্ক**	
প্যাটন এম-৪৭-৪৮	৪০০	বৈজয়ন্ত	৩০০
টি-৫৯ (চীনা)	২০০	টি ৫৪, টি ৫৫-	৪৫০
টি ৫৪-৫৫ (সোভিয়েট)	২৫০	সেঞ্চুরিয়ান, এম এক্স -১৩ পি টি-	৭৬
এম ২৪ শোফে-	২০০	প্রভৃতি।	
এম৪১-	৭৫	১৯৬৫ সালের চেয়ে ভারতীয় ট্যাঙ্কবহর এখন বেশী শক্তিশালী। অনেকের ধারণা বৈজযন্ত্রের মারণ ক্ষমতা প্যাটনকে ছাড়িয়ে যেতে সক্ষম। এটা ভারতেরই তৈরী।	
পি টি-৭৬	৩০		
এইচ ১৩ হেলিকপ্টার-	২০		
হালকা হেলিকপ্টার-	৪০		
	১৫ হাজার	লোকবল-	৯০ হাজার
বিমান বহর			
জঙ্গী বিমান-	১৭০	জঙ্গী বিমান মোট	৬২৫

ক্যানবেরা বি১ বোমরু	১১
বি ৫৭ ক্যানবেরা	২ স্কোয়াড্রন
আর টি ৩৩ এ, আর বি ৫৭-	মিরাজ-১০
মিগ ১৯-	৫ স্কোয়াড্রন
এফ, ১০৪ এ-	১ স্কোয়াড্রন
এফ ৮৬ জঙ্গী বোমারু	৭ স্কোয়াড্রন
মিরাজ ৩ই-	১ স্কোয়াড্রন
পরিবহন বিমান-	১৬
হেলিকপ্টার-	২০
টি ৬, টি ৩৩, টি ৩৭ বি এবং মিরাজ ৩ ডি	৮০

ক্যানবেরা বোমারু-	৫০
ক্যানবেরা পি আর ৫৭-	৮
মিগ ২১-	১২০
ন্যাট-	১৫০
মারু ৩-	২৫
মিসটের -	৬০
লকহিড এল- ১০৪৯ সুপার কনষ্টোলেসন-	৮
ভাম্পায়ার-	৫০
পরিবহন বিমান-	--
হেলিকপ্টার-	২২১
এস ইউ-বি জঙ্গী বোমারু-	১৪০

নৌবহর

নৌসেনা-	৯ হাজার ৫শ
ক্রাইজার-	১
ডেষ্ট্রয়ার-	১
ডেষ্ট্রয়ার এসকর্ট	৩
ফ্রিগেট-	২
মাইন সুইপার-	৮
পেট্রল বোট-	৬
সাবমেরিন-	৪

নৌবহর

লোকবল-	৪০ হাজার
বিমানবাহী জাহাজ	১
সাবমেরিন-	৪
ক্রাইজার-	২
ডেষ্ট্রয়ার এবং ডেষ্ট্রয়ার এসকর্ট-	১১
ফ্রিগেট	৮
মাইন সুইপার	১১
ল্যান্ডিং সীপ-	৮
ল্যান্ডিং ক্রাফট-৩	৪
পেট্রল ক্রাফট-১০	১

পরিসংখ্যাংনগুলো ষোল আনা সত্য বললে ভুল করা হবে। এর বাইরে অনেক কিছু থাকতে পারে। সেগুলো অবশ্যই গোপনীয়। তাছাড়া চীন থেকে পকিস্তান কি পরিমাণ অস্ত্রশস্ত্র পেয়েছে তা সঠিকভাবে জনাবার উপায় নেই। চোরাগোপ্তাভাবে অন্যান্য দেশ থেকে এহিয়া খান কি সংগ্রহ করেছেন তাও অজ্ঞাত। ১৯৬৫ সালে পাক- ভারত লড়াই-এর আগে পাক অস্ত্রগারে মজুত ট্যাঙ্কের হিসাব ছিল ভুল। বাইরে প্রকাশিত সংখার চেয়ে তা ছিল অনেক বেশী।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় দুর্ভিক্ষের করালগ্রাসে বাংলাদেশ	বাংলার বাণী মুজিব নগরঃ ৩য় সংখ্যা	১৪ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

দুর্ভিক্ষের করালগ্রাসে বাংলাদেশ

দুর্ভাগা বাংলার শত্রুকবলিত এলাকাসমূহে ভয়াবহ দুর্ভিক্ষ শুরু হইয়াছে। বাংলাদেশের ১২টি জেলার বিস্তীর্ণ এলাকা জুড়িয়া ভয়াল দুর্ভিক্ষের মরণ-ছোবলে ইতিমধ্যেই ১৯১টি মানবজীবন মৃত্যুর অতলান্তে হারাইয়া গিয়াছে। ঘরে ঘরে উঠিয়াছে অন্নহীন উপায়হীন বুভুক্ষ মানুষের মরণার্তি। পদ্মা, মেঘনা যমুনা আড়িয়ালখাঁর তীরে তীরে বাতাসে বাতাসে ভাসিয়া বেড়াইতেছে দুঃসহ ক্ষুধার জ্বালায় জর্জরিত অগণিত নরনারী শিশুর সকরুণ আর্তনাদঃ বাঁচাও।

বিভিন্ন সূত্রে প্রাপ্ত খরব অনুসারে, যে ১২টি জেলায় সর্বনাশা দুর্ভিক্ষ সমস্ত হিংস্রতা লইয়া মারণনৃত্যে মাতিয়া উঠিয়াছে সেই জেলাগুলি হইতেছে ঢাকা, কুমিল্লা, সিলেট, দিনাজপুর, রংপুর, পাবনা, বরিশাল, নোয়াখালী, ময়মনসিংহ, ফরিদপুর, যশোর ও খুলনা। দুর্ভিক্ষ পীড়িত এলাকাসমূহে প্রতিদিন অবস্থার অবনতি ঘটিয়েছি। প্রতিদিন আগণিত মানুষ অনাহারে তিলে তিলে ধুঁকিয়া ধুঁকিয়া মরিতেছে। অধিকৃত এলাকা সফর শেষে হার্ভার্ড মেডিকেল স্কুলের ডাঃ জন রোড বলিয়াছেন, ''বাংলাদেশে ১৯৪৩ সালের ভয়াবহ দুর্ভিক্ষের পর বর্তমানে যে ধরনের খাদ্যভাব দেখা দেয়াছে এরূপ সাংঘাতিক অবস্থা আর কখনো দেখা যায় নাই। কম করিয়া ধরিলেও প্রায় ৩০ লক্ষ মানুষ আসন্ন দুর্ভিক্ষের সময় অনাহারে মৃত্যবরণ করিতে বাধ্য হইবে।

ইহার চাইতে উদ্বেগজনক খবর, ইহার চাইতে ভয়াবহ অবস্থা আর কি হইতে পারে? জাতিসংঘ বিশেষজ্ঞদের রিপোর্ট অনুসারে পৃথিবীতে যত রকমের দুঃখ আছে তার মধ্যে সব চাইতে মর্মান্তিক, সব চাইতে দুঃসহ হইতেছে অনাহারে খাকার দুঃখ, অফুরন্ত ঐশ্বর্যে ভরা এই পৃথিবীতে ক্ষুধার যন্ত্রণায় পুড়িয়া তিলে তিলে ছাই হওয়ার দুঃখ। আর এই দুঃখ আজ যুদ্ধবিক্ষত বাংলার মানুষকে আষ্টেপৃষ্টে গ্রাস করিয়া লইয়াছে। বাংগালী জঙ্গীশাহীর গুলি খাইয়া মরিতেছে, রোগ ব্যাধিতে মরিতেছে অনাহার-বুভুক্ষার সুতীব্র দংশনের দুঃসহ যন্ত্রণায়।

কিন্তু কেন? এই বাংলা ছিল সোনার বাংলা। একদিন বাংলাদেশ ছিল অফুরন্ত ঐশ্বর্যের ভাণ্ডার। সেদিন বাংলার মাটি ছিল স্বর্ণপ্রসবিনী। বাংলার সেই স্বর্ণযুগে বাঙ্গালীর ঘরে ঘরে গোলাভরা ধান ছিল, গোয়ালভরা গরু ছিল, পুকুরভরা মাছ ছিল, দিগন্ত বিস্তৃত প্রান্তর ভরিয়া ছিল সোনালী ফসলের সোনার সম্পদ। সেদিন বাংলার দশদিগন্ত্রে ছড়াইয়া ছিল সুখ আর তৃপ্তির মুঠো মুঠো সোনা। বাংলার মানুষ সেদিন নদীর বাঁকে, চাষের ক্ষেত্রে, খালে বিলে গলা ছাড়িয়া গান গাহিত, প্রাণ খুলিয়া হাসিত, জীবনকে অভিনন্দন জানাইতে পারিত আত্মার অন্তরঙ্গতম অনুভূতির ঐশ্বর্যে।

কিন্তু সোনার বাংলার সেই সোনার দিনগুলি কবে কোথায় হারাইয়া গিয়াছে। বাংলার সোনার সম্পদই তার কাল হইয়াছে। এই সম্পদের লোভেই বার বার বাংলার শ্যামল উপকূল হানা দিয়াছে সম্পদলোভী ঠগ, বর্গী,

* বাংলার বাণীঃ সাপ্তাহিক। সম্পাদকঃ আমির হোসেন। মুজিবনগর হতে আমির হোসেন কর্তৃক বাংলার বাণী প্রেসে মুদ্রিত এবং প্রকাশিত।

পর্তুগীজ ওলন্দাজ, ইংরেজ দস্যুর দল। জননী জন্মভূমির বুক চিরিয়া চিরিয়া কাড়িয়া নিয়াছে সোনালী সম্পদ। সর্ব শেষে আসিয়াছে পাঞ্জাবী লুটেরা দস্যুর দল। তুলনাহীন নিষ্ঠুরতায় তারা কামড়াইয়া ছিড়িয়া খাইয়াছে বাংগালীর হাড় মাংস কলিজা, দুই হাতে লুটিয়া নিয়াছে বাংলার সর্বস্ব। এই সম্পদলোভী দস্যুদানবের দল বাংলাকে ব্যবহার করিয়াছে কলোনী হিসাবে, পণ্য বিক্রয়ের অবাধ মুনাফা লুটিবার খোলা বাজার হিসাবে। আর এইভাবেই তারা একদিনের সোনার বাংলাকে পরিণত করিয়াছে এক অন্তহীন দুঃখের ভাগড়ে। লুটেরা দস্যুদের সঙ্গে যোগ দিয়াছে ঝড় বন্যা প্লাবন। প্রকৃতি দানব সর্বাত্মক হিংস্রতা লইয়া বার বার ছোবল হানিয়াছে বাংলার বুকে, ছিড়িয়া ফাঁড়িয়া তছনছ করিয়াছে বাংলার মাটি, মানুষ আর তার অর্থনীতি। দিনে দিনে বাঙ্গালীদের অবস্থার ক্রমশঃ অবনতি ঘটিয়াছে। ক্ষুধা, দারিদ্র, অনটন আর দুর্ভোগ তাদের ললাটে জাঁকিয়া বসিয়াছে দুরপনেয় কলঙ্ক চিহ্ন হইয়া।

বাংলাদেশকে একদিন বলা হইত প্রাচ্যের শস্য ভাণ্ডার। কিন্তু এই শস্যভাণ্ডার একদিন পরিণত হইয়াছে ক্রমাবনতিশীল শস্য ঘটতির দেশে। ১৯৭০ সাল পর্যন্ত বাংলাদেশে খাদ্য ঘাটতির পরিমাণ ছিল মোটামুটিভাবে বার্ষিক ১২ লক্ষ টন। বিশেষজ্ঞদের মতে, অত্যন্ত জরুরী ভিত্তিতে কমপক্ষে ২৯ লক্ষ টন খাদ্যশস্য আমদানী এবং সঙ্গে সঙ্গে জনগণের মধ্যে বিতরণের ব্যবস্থা করিতে না পারিলে বাংলাদেশের দুর্ভিক্ষ প্রতিরোধের কোন আশা নাই। বলা বাহুল্য, ইহা এক অসম্ভব ব্যাপার। কারণ জঙ্গীশাহী বাংলার মানুষকে মারিতে চায়, তাদের বাঁচাইয়া রাখার জন্য কসাইদের কোন গরজ নাই। এই পরিস্থিতিতে মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের দুর্ভিক্ষ মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের দুর্ভিক্ষ প্রতিরোধকল্পে ১৫টি বা তারও বেশী সি, ৩০ পরিবহন বিমানযোগে সেখানে খাদ্যশস্য নিক্ষেপের জন্য প্রস্তুত রহিয়াছে বলিয়া জানাইয়াছে।

দূর্গত মানবতার সেবাই যদি এই প্রস্তাবের লক্ষ্য হয়, তবে ইহা একটি মহান প্রস্তাব একথা স্বীকার করিতে আমাদের দ্বিধা নাই। কিন্তু একট প্রশ্ন আছে। কাহার হাতে এই খাদ্যশস্য দেওয়া হইবে, কাহার মাধ্যমে ইহা বিতরণ করা হইবে? মার্কিন যুক্তরাষ্ট্রসহ সমগ্র পৃথিবীকে আমরা বলিয়া দিতে চাই, ইয়াহিয়ার জঙ্গীশাহীর হাতে খাদ্যশস্য তুলিয়া দেওয়ার অর্থ হইবে বাঙ্গালীদের খুন করার জন্য আর কিছু বুলেট সরবরাহ করা। কারণ, এই খাদ্য সাহায্য সে নিশ্চিতভাবে বাঙ্গালীদের দাবাইয়া রাখার সামরিক উদ্দেশ্যে ব্যবহার করিবে। অতীত অভিজ্ঞতা নির্ভূলভাবে এই কথাই প্রমাণ করিয়াছে। তাই বিশ্ববাসীর কাছে আমাদের আবেদন, বাংলাদেশের দুর্ভিক্ষ পীড়িত মানুষকে বাঁচাইবার জন্য সাহায্য সামগ্রী লইয়া আগাইয়া আসুন। মানবতার নামেই আমরা আবেদন করিতেছি ক্ষুধার্ত বাঙ্গালীদের মুখে অন্ন তুলিয়া দিন। কিন্তু এ সাহায্য সামগ্রী যেন কোনমতেই ইয়াহিয়ার হাতে না যায়। যে কোন সাহায্য দ্রব্য পৌঁছাইতে হইবে স্বাধীন বাংলা সরকারের হাতে। কারণ, বঙ্গবন্ধু শেখ মুজিবের সরকারই বাংলাদেশের একমাত্র বৈধ সরকার। আর এই সরকারই বাংলার এই ভয়াবহ দুর্ভিক্ষের মোকাবিলা করিতে আন্তরিকভাবে সচেষ্ট হইবেন বলিয়া আশা করা যায়। যদি কেহ পাকিস্তান সরকারের হাতে খাদ্যসামগ্রী তুলিয়া দেন, আমরা ধরিয়া নিব বুভুক্ষু মানুষকে খাদ্য সরবরাহের না ভাঙ্গাইয়া তাহারা ধনীদের হাতে বাঙালী নিধনের হাতিয়ারই তুলিয়া দিতেছেন। সংশ্লিষ্ট সকলকে এই স্পষ্টভাবে মনে রাখিতে হইবে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
জাতিসংঘের সাহায্য সামগ্রী নিয়ে ছিনিমিনি খেলা	বাংলার বাণী মুজিব নগরঃ ৩য় সংখ্যা	১৪ সেপ্টেম্বর, ১৯৭১

জাতিসংঘের সাহায্য সামগ্রী নিয়ে ছিনিমিনি খেলা

(বিশেষ প্রতিনিধি)

বাংলাদেশের দখলীকৃত এলাকায় পশ্চিম পাকিস্তানী হানাদার সেনাবাহিনী জাতিসংঘের সাহায্য কেন্দ্রের গাড়ীগুলি যথেচ্ছভাবে সামরিক কাজে ব্যবহার করিতেছ।

লুটতরাজ, অগ্নিসংযোগ, নারী নির্যাতন এবং গণহত্যায় লিপ্ত পাকফৌজের পক্ষে সামরিক বাহিনীর গাড়ীর পরিবর্তে জাতিসংঘের গাড়ী ব্যবহার করা অধিকতর সুবিধাজনক।

বিশ্বস্তসূতে জানা গিয়ছে, নভেম্বর মাসে বাংলাদেশে যে প্রলয়ঙ্করী ঘূর্ণিবাত্যার ফলে লক্ষ লক্ষ মানুষ প্রাণ হারায় ঐসময়ে ত্রাণকার্যে সুবিধার জন্যে এইসব গাড়ী বাংলাদেশে আনা হইয়াছিল। জাতিসংঘ আন্তর্জাতিক জরুরী শিল্প-কল্যাণ তহবিল পরেও সাহায্য কার্যেও জন্য আরও কিছু গাড়ী প্রেরণ করিয়াছে। এইসব গাড়ী ছাড়াও তখন নরওয়ে এবং অন্যান্য স্কাণ্ডিনেভিয়ান দেশ বহু যন্ত্রচালিত ও রবারের নৌকা ত্রাণকার্যেও জন্য দান করিয়াছিল। দখলদার পাকিস্তানী জঙ্গীশাহী দুঃস্থ মানুষের সাহায্যেও জন্য প্রদত্ত সেই সমস্ত জলযানসমূহও সামরিক কার্যে ব্যবহার করিতেছে।

সম্প্রতি মুক্তিযোদ্ধারা খুলনায় একটি পকিস্তানী গানবোট দখল করিয়াছেন। তাঁহারা খখিয়াছেন, এই গানবোট জাতিসংঘের প্রদত্ত জলযানসমূহেরই একটি। পাকিস্তানী সৈন্যরা এগুলির কিঞ্চিৎ সংস্কার করিয়া সামরিক কাজে ব্যবহার উপযোগী করিয়া লইয়াছে।

পাকিস্তানী সৈন্যরা যে শুধু জতিসংঘের গাড়ীই ব্যবহার করিতেছে তাহা নহে। তাহারা বাত্যাবিধ্বস্ত মানুষের জন্য প্রদত্ত কাপড়-চোপড়, খাদ্য-ঔষধপত্র সমস্তই নিজেদের প্রয়োজনে ব্যবহার করিয়াছে।

সর্বশেষ সংবাদে জানা গিয়াছে, ইউরোপের তিনটি দেশ জাতিসংঘ ত্রাণসামগ্রীর এইরূপ অপব্যবহার সম্পর্কে জাতিসংঘের সেক্রেটারী জেনারেলের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিয়া চলিতেছে। দেশত্রয় মনে করে-অবিলম্বে পাকিস্তানকে জাতিসংঘের সকল প্রকার সাহায্যদান বন্ধ করা উচিত।

এদিকে বাংলাদেশ সরকার জাতিসংঘকে জানাইয়া দিয়াছেন যে, পাকিস্তান জঙ্গীচক্র ইউনিসেফ (Unicef) প্রদত্ত গাড়ীগুলি সামরিক কার্যে ব্যবহার করিতেছে।

লণ্ডনস্থ বাংলাদেশ মিশন বাংলাদেশ সরকারের পক্ষ হইতে জাতিসংঘের কাছে এই অভিযোগ পেশ করিয়াছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
অধিকৃত অঞ্চলে স্বাভাবিক অবস্থার নমুনা	বাংলার বাণী মুজিব নগরঃ ৩য় সংখ্যা	১৪ সেপ্টেম্বর, ১৯৭১

অধিকৃত অঞ্চলে স্বাভাবিক অবস্থার নমুনা
শিক্ষকদের হয়রানি অব্যাহত
স্কুল কজেজে ছাত্রসংখ্যা হাস্যকররূপে নগণ্য

(বিশেষ প্রতিনিধি)

বাংলাদেশের অধিকৃত এলাকায় হানাদার বাহিনীর চণ্ডনীতি অব্যাহত রহিয়াছে। বাঙ্গালী জাতিকে অজ্ঞানতার অন্ধকারে নিক্ষেপ করিয়া চিরতরে পঙ্গু করিয়া রাখার দূরভিসন্ধি হাসিলের উদ্দেশ্যে হানাদার বাহিনী বাংলাদেশের ছাত্র-শিক্ষকদের বিরুদ্ধে যে বর্বর নিধনযজ্ঞ পরিচলনা করে, উহার বিভীষিকাময় স্মৃতি বাঙালীর মন ও মানস হইতে এখনও মুছিয়া যায় নাই। আজও ছাত্র-শিক্ষক বুদ্ধিজীবীদের বুলেটবিদ্ধ মৃতদেহের আতংকময় দৃশ্য আর ঢাকা বিশ্ববিদ্যালয়, বিভিন্ন আবাসিক হল ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ধ্বংস্তূপ বাংলার ছাত্র-শিক্ষকদের নিরন্তর চাবুক মারিয়া বলিয়া দিতেছে হানাদার পাঞ্জাবী ডালকুত্তার দল চায় বাংলাদেশের শিক্ষা জীবনকে পঙ্গু করিয়া দিতে, ছাত্র-শিক্ষ বুদ্ধিজীবীসহ গোটা বাংগালী জাতিকে নিশ্চিহ্ন করিয়া দিতে, চায় বাংলাকে চিরদিন পদানত করিয়া রাখিতে। তাছাড়া, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে প্রদত্ত ৭ই মার্চের ভাষণে নির্দেশ দিয়াছেন, যতদিন বাংলার মানুষের মুক্তি না আসে, ততদিন স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় বন্ধ। তাই আজ আর বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-শিক্ষকদের ভীর নাই। শিক্ষাঙ্গণ ছাড়িয়া ছাত্র তরুণেরা সমরাস্ত্র হাতে রণাঙ্গনের প্রান্তে খুঁজিয়া বেড়াইতেছেন শত্রু বাহিনী। আর শিক্ষকরা পালন করিতেছেন স্বাধীনতা সংগ্রামের সুবিস্তৃত প্রাঙ্গণে আপন আপন দায়িত্ব।

সেই কারণেই, অধিকৃত এলাকায় স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসিয়াছে বলিয়া জঙ্গীশাহীর অবিরাম প্রচারণা সত্ত্বেও স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়গুলি এখনও গড়ের মাঠ। আর ইহাতে ক্ষেপিয়া উঠিয়াছে জল্লাদশাহী। প্রতিহিংসা চরিতার্থতার জন্য পাকফৌজ এখন ঝাঁপাইয়া পড়িয়াছে অধিকৃত এলাকায় এখনও যে অল্পসংখ্যক শিক্ষক শিক্ষাবিদ রহিয়াছেন তাহাদের উপর।

তথ্যাভিজ্ঞ মহলের খবরে প্রকাশ যে, দখলদার জঙ্গীবাহিনী সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্ততঃ ১৫ জন বিশিষ্ট অধ্যাপককে গ্রেফতার করিয়ছে কিংবা সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হইবার নির্দেশ দিয়াছে।

হানাদার বাহিনী যাঁহাদের উপর নির্দেশ জারী করিয়াছে তাঁহাদের মধ্যে রহিয়াছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের রীডার ও বিশিষ্ট সাহিত্যিক ডঃ আহমদ শরীফ, ইংরাজী বিভাগের রীডার ডঃ এহসানুল হক এবং বিজ্ঞান বিভাগের ৪জন বিশিষ্ট অধ্যাপক। এই গ্রেফতারের ব্যাপারে অবশ্য পাকিস্তান সরকার নীরব।

শিক্ষা বিভাগের সহিত সংশ্লিষ্ট মহলের সংবাদে প্রকাশ যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাড়ে সাত হাজার ছাত্র-ছাত্রীর মধ্যে গড়ে ৪৭/৪৮ জন ছাত্র ক্লাসে আসে। ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ে তিন হাজারেরও অধিক ছাত্রের মধ্যে উপস্থিতির সংখ্যা মাত্র ১৬ জন এবং ঢাকা কলেজের প্রায় ১ হাজার ছাত্রের মধ্যে ৬০ জন, ল'কলেজ ও নটরডেম কলেজে কেহই ক্লাসে যোগদান করিতেছে না চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দুই হাজার ছাত্র-ছাত্রীর মধ্যে উপস্থিতির সংখ্যা মাত্র ১৬ জন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের উপস্থিতির সংখ্যাও প্রায় অনুরূপ।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশের অধিকৃত এলাকায় কি দেখিলাম	বাংলার বাণী মুজিব নগরঃ ৩য় সংখ্যা	১৪ সেপ্টেম্বর, ১৯৭১

বাংলাদেশের অধিকৃত এলাকায় কি দেখিলাম-

নিজস্ব প্রতিনিধি

অতি সম্প্রতি 'বাংলার বাণী'র একজন প্রতিনিধি বাংলাদেশের অধিকৃত অঞ্চলের বিস্তীর্ণ এলাকা সফর করিয়া ফিরিয়া আসিয়াছেন। সেখানকার পরিস্থিতি সম্পর্কে আমাদের প্রতিনিধি যে বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন তারই অংশ বিশেষ এখানে ছাপা হইল।

তরুণ গেরিলাদের আক্রমণ তীব্রতর হওয়ার সাথে সাথে বাংলার অধিকৃত অঞ্চলে শত্রু সেনাদের অত্যাচার ও উৎপীড়ন আরো তীব্র হইয়া উঠিয়াছে। 'বিশ্বের সেরা সৈনিকরা' মুক্তিযোদ্ধাদের সহিত সম্মুখ সমরে অবতীর্ণ হইবার পরিবর্তে সাধারণ গ্রামবাসীর উপর চরমতম নিগ্রহ চালাইয়া তাহাদের দুর্বলতা ডাকিবার চেষ্টা করিতেছে। ভীতসন্ত্রস্ত গ্রামবাসীদের তাহারা নিষ্ঠুরভাবে হত্যা করিতেছে। বিশেষ করিয়া মুক্তিযোদ্ধারা যে জায়গায় একবার খান সেনাদের উপর হামলা করিয়া গিয়াছে তাহার আশেপাশে সাধারণ মানুষের উপর হানাদাররা বর্বর নির্যাতন চালাইতেছে। অতি সম্প্রতি গাইবান্ধার রসুলপুরের সুইস গেটের নিকটবর্তী ফুলছড়ির বাঁধের উপর মানাশ নামক জায়গায় একটি পুল গেরিলা যোদ্ধারা রাত্রিকালে আক্রমণ করিয়া রাজাকার ও পাকসেনাদের একটি ছোট পাহারা ঘাঁটি বিধ্বস্ত করিয়াছেন এবং পুলটির ব্যাপক ক্ষতিসাধন করে। মানাশের নিকটবর্তী কামারজানী ও গাইবান্ধাতে পাকসেনাদের দুই বিরাট শক্তঘাঁটি থাকা সত্ত্বেও যুদ্ধ চলাকালে তাহার আক্রমণস্থলে আসতে সাহস পায় নাই। পরদিন সকালে একজন ক্যাপ্টেনের নেতৃত্বে একদল বর্বর সৈন্য ঘটনাস্থলে আসিয়া ৩/৪ মাইল এলাকা জুড়িয়া ধ্বংসযজ্ঞ চালাইয়া প্রায় ১০০ লোক হত্যা করে। রাজাকার ও স্থানীয় আবাঙালীরা পরে তাহাদের সহিত মিলিত হইয়া মানাশ ও রসুলপুর এলাকা তছনছ করিয়া ফেলে।

অনুরূপভাবে গেরিলা রেডিও পাকিস্তান রংপুরের উপর আক্রমণ চালাইলে পাহারারত পঞ্চাশজনেরও অধিক পাকসেনা আত্মগোপন করে এবং তাহাদের অনেকে আহত হয়। রেডিও স্টেশন হইতে মাত্র হাফ কিলোমিটার দূরে পাক সরকারের সিভিল আর্ম ফোর্সের সেক্টর অফিস এবং মাত্র এক কিলোমিটার দূরে রংপুর ক্যান্টনমেন্ট থাকা সত্ত্বেও তাহারা মুক্তিযোদ্ধাদের প্রতি পাল্টা আক্রমণ করিবার জন্য কেহই বাহির হয় নাই। এখানে অর্ধঘন্টাব্যাপী যুদ্ধের পর মুক্তিযোদ্ধারা রেডিও স্টেশনের বেশ ক্ষতিসাধন করে। পরদিন সকালে যথারীতি ''বিশ্বের সেরা সৈনিকেরা'' রেডিও সংলগ্ন এলাকা ছাড়াও প্রায় পাঁচ মাইল দূর পর্যন্ত ব্যপক অভিযান চালাইয়া বহু ঘরবাড়ী জ্বালাইয়া দেয় ও নিরাপরাধ গ্রামবাসী ও তরুণীকে ধরিয়া নিয়া যায়। তাহাদের ভাগ্যে কি হইয়াছে তাহা জানা যায় নাই।

একইদিনে তাহারা উক্ত রেডিও স্টেশনের প্রোগ্রাম অরগানাইজার জনাব মহিউদ্দিন হায়দার, ড্রাইভার তারামিয়া ও কয়েকজন টেকনিশিয়ানকে রংপুরের দ্বিতীয় সামরিক শিবির মডেল স্কুলের নিকট দম দম পুলের নিকট অতি নৃশংসভাবে হত্যা করে।

পাকবাহিনীর হিংস্রতা যেভাবে দিন দিন বৃদ্ধি পাইতেছে তাহাতে তাহাদের দুর্বলতাই প্রকাশ পাইতেছে। দেশবাসীকে আতঙ্ক ও ভীতগ্রস্ত করিয়া তাহারা ''স্বাভাবিক অবস্থা'' ফিরাইয়া আনিতে চাহিতেছে। কারণ তাহারা বুঝিতে পারিয়াছে এ দেশে তাহাদের আয়ু ফুরাইয়াছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় জাতিসংঘের অগ্নিপরীক্ষা	বাংলার বাণী মুজিব নগরঃ ৪র্থ সংখ্যা	২১ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

জাতিসংঘের অগ্নিপরীক্ষা

আজ ২১শে সেপ্টেম্বর নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন শুরু হইতেছে।

জাতিসংঘ সাধারণ পরিষদ আজ বৈঠকে মিলিত হইয়াই সর্বাগ্রে যে জটিল রাজনৈতিক ইস্যুটির জ্বলন্ত সূর্যের মুখোমুখি হইবে উহা হইতেছে স্বাধীন বাংলাদেশ প্রসঙ্গ। মানবাদিকার সংরক্ষণের সুমহান ওয়াদাবদ্ধ জাতিসংঘের আঙ্গিনায় পাশাপাশি উপবিষ্ট হইয়া দলমত নির্বিশেষে সুসভ্য পৃথিবীর সকল জাতি ছো মেলিলেই দেখিতে পাইবে বিশ্বের একান্তে এই বাংলাদেশে কিভাবে এক পররাজ্যলোভী হানাদার দস্যুর হিংস্র বর্বরতায় দশ লক্ষ মানুষের রক্তের গঙ্গা প্রবাহিত হইতেছে, কিভাবে সাড়ে ৭ কোটি মানুষের আত্মার অমোঘ বাণীকে, মৌলিক মানবিক অধিকারকে, শাশ্বত স্বাধীনতার দুরন্ত স্পৃহাকে শক্তির জোরে পিষিয়া মারার উন্মত্ত প্রচেষ্টা চলিতেছে, কিভাবে কারারুদ্ধ করিয়া রাখা হইয়াছে বাংলার মুকুটহীন সম্রাট স্বাধীন বাংলার জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, কিভাবে তাকে পৃথিবী হইতে সরাইয়া দেওয়ার ঘৃণ্য প্রয়াসে উদ্যত হইয়া আছে জল্লাদের হাতিয়ার।

গত ছয় মাসে বাংলাদেশে যা ঘটিয়া গিয়াছে, বাংলাদেশে আজো যা ঘটিতেছে হানাদার পশ্চিম পাকিস্তানী কসাই বাহিনী বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধকে ভণ্ডুল করিয়া দেওয়ার জন্য যে হিংস্র বর্বরতা, যে জঘন্য পোড়ামাটি নীতির আশ্রয় গ্রহণ করিয়াছে, যেভাবে বাংলাদেশে বলদর্পী আক্রমণকারীর ঔদ্ধত্যপূর্ণ পদচারণায় মানবাধিকার ভূলুণ্ঠিত হইতেছে, ধর্ষিত নিগৃহীত হইতেছে মৌলিক মানবিক মূল্যবোধ, অসহায় মানবতা, সভ্য মানুষের ইতিহাসে উহার কোন নজির নাই। তাই জাতিসংঘের ইতিহাসেও বাংলাদেশ ইস্যুটি এক নজিরবিহীন তাৎপর্যপূর্ণ অদ্বিতীয় ইস্যু। বাংলাদেশে মানবেতিহাসের ঘৃণ্যতম বর্বরতা এবং ভয়াবহতম গণহত্যার রক্তাক্ত পটভূমিতে আজ জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন শুরু হইতেছে। সুতরাং বলিলে এতটুকু অত্যুক্তি হইবে না যে, জাতিসংঘের চলতি অধিবেশন হইবে বিশ্ব সংস্থার ইতিহাসের সব চাইতে সংকটজনক অধিবেশন। এই অধিবেশনে বাংলাদেশ ইস্যুটি জাতিসংঘের জন্য ডাকিয়া আনিয়াছে এক অগ্নিপরীক্ষা। বাংলাদেশ ইস্যু কেন্দ্রিক এই অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ হওয়া না হওয়ার উপর নির্ভর করে জাতিসংঘের ভবিষ্যৎ।

বলাবাহুল্য, একটি আন্তর্জাতিক রাজনৈতিক আড্ডাখানা হিসাবে বা সাম্রাজ্যবাদী, উপনিবশেবাদী শক্তির খেয়াল খুশীমত কেতুর নাচ নাচিবার জন্য ও জাতিসংঘের জন্ম হয় নাই। মানবজাতির স্বাধীনতা সার্বভৌমত্ব ও মৌলিক অধিকার সংরক্ষণ, বিশ্ব শান্তির নিশ্চয়তা এবং মানবিক মূল্যবোধের নিরাপত্তা বিধানের পবিত্র প্রতিশ্রুতিতেই সৃষ্টি হইয়াছে এই বিশ্ব সংস্থার। জাতিসংঘ সনদে সুস্পষ্টভাবেই গণহত্যা প্রতিরোধ এবং এক দেশ কর্তৃক অন্য দেশ সশস্ত্র হামলা বন্ধের ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণের দ্ব্যর্থহীন ওয়াদা লিপিবদ্ধ রহিয়াছে।

কিন্তু গভীর দুঃখ ও ক্ষোভের সঙ্গে এ কথা না বলিয়া পারা যায় না যে বাংলাদেশে হানাদার পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীর সশস্ত্র আক্রমণ এবং গণহত্যা প্রতিরোধের ব্যাপারে জাতিসংঘ উহার বিঘোষিত দায়িত্ব পালনে চূড়ান্ত ব্যর্থতার পরিচয় দিয়াছে। জাতিসংঘের এই ব্যর্থতা জাতিসংঘের সুমহান ভূমিকা সম্পর্কে আস্থাবান শান্তিকামী মানবজাতির প্রতি চরম বিশ্বাসঘাকতারই শামিল।

বিগত মার্চ মাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে বাংলাদেশে অতুলনীয় অহিংস অসহযোগ আন্দোলন শুরু হইলে জল্লাদ ইয়াহিয়া বাংলাদেশে ব্যাপক হারে সৈন্য সমাবেশ করিতে শুরু করে। ২৫শে মার্চ রাত্রে কসাই

বাহিনী যে গণহত্যাযজ্ঞ শুরু করে সম্ভবতঃ উহারই অগ্রিম আভাস পাইয়া উথাণ্ট তৎপূর্বে ঢাকায় কর্মরত জাতিসংঘের কর্মচারীদের ঢাকা ত্যাগের অনুমতি প্রদান করেন। এই সময় বঙ্গবন্ধু উথান্টকে উদ্দেশ্য করিয়া বলিয়াছেন, ''জাতিসংঘের কর্মচারীদের ঢাকা ত্যাগের অনুমতি দানের মধ্যে জাতিসংঘ সেক্রেটারী জেনারেলের কর্তব্য শেষ হইয়া যায় না। শক্তিমত্ত জঙ্গী শাসকের বিরুদ্ধে সংগ্রামরত বাংলাদেশের কোটি কোটি মানুষের প্রতি জাতিসংঘের যে দায়িত্ব রহিয়াছে উহা বিস্মৃত হইলে চলিবে না।''

কিন্তু ইহাতেও জাতিসংঘের চৈতন্যোদয় হয় নাই। যদি হইত বাংলাদেশে মানব সভ্যতার ভয়াবহতম ট্রাজেডির বিভীষিকা সম্ভবতঃ অপেক্ষাকৃত কম হিংস্রতা লইয়া দেখা দিতে পারিত। তারপর বহুদিন কাটিয়া গিয়াছে। বাংলাদেশে জল্লাদ ইয়াহিয়ার নরমেধযজ্ঞ চলিয়াছে অব্যাহত গতিতে, বিপন্ন মানবতা অসহায় আর্তনাদে বার বার মুখ থুবড়িয়া পড়িয়াছে বাংলার রক্তপিচ্ছিল মাটিতে। ইয়াহিয়া খান-বাঙ্গালী জাতিকে নিশ্চিহ্ন করার উদ্দেশ্যে ভয়াবহতম গণহত্যা অভিযান চালাইয়াই ক্ষান্ত হয় নাই, মাতিয়া উঠিয়াছে বঙ্গবন্ধু মেখ মুজিবের জীবননাশের ঘৃণ্যতম ষড়যন্ত্রে। বিশ্ব বিবেক জঙ্গী বর্বরতার বিরুদ্ধে ঘৃণা আর ধিক্কারে প্রমত্ত সাগরের ভয়াল গর্জন হইয়া ফাটিয়া পড়িয়াছে বার বার। কিন্তু তবু জাতিসংঘ নামক কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ হয় নাই। স্বাধীনতার সংগ্রামে লিপ্ত বাংলার নেতা ও জনতার প্রতি স্বীয় দায়িত্ব পালনে জাতিসংঘ অগ্রণী হইয়া আসে নাই। বরং উল্টা হানাদার জঙ্গীশাহীর সুবিধাজনক অনুরোধে বিগলিত হইয়া বাঙ্গালী জাতির মুক্তিসংগ্রাম বিঘ্নিত ও বানচাল করার জঘন্য উদ্দেশ্য সাধনের নিমিত্ত ভারত বাংলাদেশ সীমান্তে জাতিসংঘ পর্যবেক্ষক নিয়োগের অবাঞ্চিত উদ্যোগ গ্রহণ করিয়া বিশ্বসংস্থা হিসাবে নিজের গৌরবমণ্ডিত ছবিটাকেই তস্করবৃত্তির কলংক কালিমালিপ্ত করিয়া তুলিয়াছে। বুঝিতে কষ্ট হইবার কথা নয় যে, কঙ্গোর লুমুম্বা ট্রাজেডির নেপথ্য নায়ক, ভিয়েতনামে অন্যায় যুদ্ধের ঘৃণিত দস্যু মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের ইঙ্গিতেই জাতিসংঘ বাংলাদেশের প্রশ্নে স্বীয় দায়িত্ব পালনে ইচ্ছাকৃত ব্যর্থতার পরিচয় দিয়াছে। আর এই ব্যর্থতা বাংলাদেশের মানুষের সামনে, বিশ্বের শান্তিকামী মানুষের সামনে জাতিসংঘকে লক্ষ্যচ্যুত একটি কার্যকারিতাবিহীন রাজনৈতিক আড্ডাখানা হিসাবেই উপস্থাপিত করিয়াছে।

এই পরিস্থিতির পটভূমিতেই আজ জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন বসিতেছে। জাতিসংঘের সকল ব্যর্থতা, উহার শক্তির সকল সীমাবদ্ধতা সম্পর্কে সম্যক অব্যাহতি থাকিয়াও আমরা শেষবারের মত মানবতার নামে এই বিশ্বসংস্থার প্রতি আকুল আবেদন জানাইতেছি, মানুষের স্বাধীনতা, সার্বভৌমত্ব মানবিক মূল্যবোধ আর মানবজাতির প্রতি যদি উহার বিন্দুমাত্রও আস্থা এবং দায়িত্ব থাকিয়া থাকে তবে এখনও সময় আছে। সমস্ত শক্তি লইয়া জাতিসংঘকে বাংলাদেশের পার্শ্বে আসিয়া দাঁড়াইতে হইবে সমস্ত শক্তি লইয়া রুখিয়া দাঁড়াইতে হইবে হানাদার পশ্চিম পাকিস্তানী উপনিবেশবাদের বিরুদ্ধে।

পৃথিবীর দিক-দিগন্ত হইতে যেসব দেশ ও জাতি আজ নিউইয়র্কে আসিয়া জাতিসংঘ সদর দফতরে বৈঠকে মিলিত হইতেছেন, তাহাদের কাছে মাতৃভূমির স্বাধীনতা রক্ষার জীবনপণ সংগ্রামে লিপ্ত, সাড়ে ৭ কোটি বাঙ্গালীর পক্ষ হইতে আমাদের একটি মাত্রই বক্তব্য আছে। বাংলাদেশে কি ঘটিয়াছে আপনারা জানেন। তাই যদি সভ্যজাতি বলিয়া দাবী করিতে চান, যদি গণতন্ত্র স্বাধীনতা ও মানবতায় বিশ্বাসী বলিয়া নিজেদের পরিচয় অক্ষুণ্ণ রাখিতে চান, তবে জাতিসংঘের এই অধিবেশনকালে একটি মাত্র পথই আপনাদের সামনে খোলা আছে। আর তাহা হইতেছে সকলের ঐক্যবদ্ধ চাপের দ্বারা ইয়াহিয়ার জিন্দাখানা হইতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ছিনাইয়া আনা এবং স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দিয়া জাতিসংঘে বাংলাদেশকে পৃথিবীর নবীনতম রাষ্ট্র হিসাবে আসন প্রদান করা। এইবারও যদি আপনারা বাঙ্গালী জাতির প্রতি দায়িত্ব পালনে ব্যর্থ হন, ইতিহাস আপনাদের চিহ্নিত করিবে মানবতা ও স্বাধীনতার দুশমন হিসাবে আর জাতিসংঘ পরিণত হইবে ব্যর্থ লীগ অব নেশনসের প্রেতাত্মায়।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
মাতৃভূমির বক্তব্য পেশের জন্য বাংলাদেশ প্রতিনিধিদলের নিউইয়র্ক যাত্রা	বাংলার বাণী মুজিব নগরঃ ৪র্থ সংখ্যা	২১ সেপ্টেম্বর, ১৯৭১

আজ জাতিসংঘ সাধারণ পরিষদের বৈঠক
মাতৃভূমির বক্তব্য পেশের জন্য বাংলাদেশ
প্রতিনিধিদলের নিউইয়র্ক যাত্রা
(কুটনৈতিক সংবাদদাতা)

বিংশ শতাব্দীর অপরাজেয় জাতীয়তাবাদী গণশক্তির আত্মপ্রতিষ্ঠার দুর্জয় সংগ্রামের নির্ভীক সিপাহশালার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে জাতীয় মুক্তিযুদ্ধ লিপ্ত বাংলাদেশের দশ দিগন্তে হানাদার পশ্চিম পাকিস্তানী সেনাদস্যুদের হিংস্র বর্বর গণহত্যাযজ্ঞের কালিমালিপ্ত পটভূমিতে আজ (মঙ্গলবার) নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন শুরু হইয়াছে। এই অধিবেশনকালে বঙ্গবন্ধুর পক্ষ হইতে, স্বাধীন বাংলার পক্ষ হইতে ১৬ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল বিশ্বের দরবারে জননী বাংলার দুঃখ ও বেদনার বাহিনী, সংগ্রাম ও বিক্রমের কাহিনী পেশ করিবেন।

এই প্রতিনিধিদলের নেতৃত্ব করিবেন লণ্ডনস্থ বাংলাদেশ মিশনের প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বজনশ্রদ্ধেয় ভাইস চ্যান্সেলর বিচারপতি জনাব আবু সাঈদ চৌধুরী। ইতিপূর্বে শোনা গিয়াছিল যে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খোন্দকার মোশতাক আহমদ এই প্রতিনিধিদলের নেতৃত্ব করিবেন। কিন্তু অনিবার্য কারণে তিনি নিউইয়র্ক সফরসূচী বাতিল করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

প্রতিনিধিদলের ১১ জন সদস্য আজ মুজিবনগর হইতে নিউনিয়র্ক পথে নয়াদিল্লী রওয়ানা হইয়া গিয়াছেন। ইহারা হইতেছেন আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটির সদস্য সর্বজনশ্রদ্ধেয় জননেতা শ্রী ফণীভূষণ মজুমদার এম,পি, এ, সৈয়দ আবদুস সুলতান এম, এন, এ, জনাব জিরাজুল হক এম, এস, এ, ডাঃ মফিজ এম, এন, এ, ডাঃ আজহারুল হক এম, পি, এ, জনাব সাহাবুদ্দিন আহমদ এম, পি, এ, জনাব এম, এ, সামাদ এম, এন, এ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাইস চ্যান্সেলর ডঃ এ, আর, মল্লিক, ন্যাপের সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদ, বাংলাদেশের প্রতি আনুগত্য ঘোষণাকারী সাবেক পাকিস্তানী কূটনীতিক জনাব এ, এফ, এম, আবুল ফতেহ ও জনাব খুররম খান পন্নী। প্রতিনিধিদলের অপর ৫ জন সদস্য হইতেছেন বর্তমানে বিদেশে অবস্থানরত বিচারপতি জনাব আবু সাঈদ চৌধুরী, জনাব এম, আর, সিদ্দিকী এম, এন, এ, অধ্যাপক রেহমান সোবহান, জনাব এস, এ, করিম ও জনাব এ, এম, এ, মহিত। তাঁহারাও ইতিমধ্যেই নিউইয়র্ক পৌছিয়াছেন বা পথে রহিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

বাংলাদেশ সীমান্তে জাতিসংঘ পর্যবেক্ষক নিযুক্তির প্রস্তাব, জল্লাদ ইয়াহিয়া কর্তৃক সুকৌশলে বাংলাদেশ প্রশ্নে বিশ্বজনমত বিভ্রান্ত করার প্রয়াস এবং আপোষের জন্য বিভিন্ন দেশের দুয়ারে দুয়ারে মধ্যস্থতার ধর্ণার জবাবদানের জন্যই বাংলাদেশ প্রতিনিধিদল নিউইয়র্কে যাইতেছেন। এই প্রতিনিধিদল জাতিসংঘকে দ্ব্যর্থহীন ভাষায় এই কথাই জানাইয়া দিবেন যে বাংলার জনগণ ও সরকারের দৃষ্টিতে বাংলাদেশে জাতিসংঘ পর্যবেক্ষক বাহিনী প্রেরণের চেষ্টার উদ্দেশ্য হইতেছে হানাদার দুশমনদের সাহায্য করা। তাই এমন অবস্থার উদ্ভব হইলে

মুক্তিযোদ্ধারা জাতিসংঘ পর্যবেক্ষকদের বিরুদ্ধেও চরম ব্যবস্থা গ্রহণে বাধ্য হইতে পারেন। প্রতিনিধিদল বিশ্বসংস্থাকে সুস্পষ্টভাবে আরও জানাইয়া দিবেন যে, একমাত্র বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিনাশর্তে মুক্তিদান, বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসাবে স্বীকৃতিদান, হানাদার পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনী প্রত্যাহার এবং জঙ্গী বর্তরতায় ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ দানের পরই বিবেচনা হইতে পারে জঙ্গীশাহীর সঙ্গে কোন আপোষ-মীমাংসার প্রশ্ন আলোচনা করা যায় কি না।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশের অধিকৃত এলাকায় কি দেখিলাম	বাংলার বাণী মুজিব নগরঃ ৪র্থ সংখ্যা	২১ সেপ্টেম্বর, ১৯৭১

বাংলাদেশের অধিকৃত এলাকায়

কি দেখিলাম-

অতি সম্প্রতি 'বাংলার বাণী'র একজন প্রতিনিধি বাংলাদেশের অধিকৃত অঞ্চলের বিস্তীর্ণ এলাকা সফর করিয়া ফিরিয়া আসিয়াছেন। সেখানকার পরিস্থিতি সম্পর্কে আমাদের প্রতিনিধি যে বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন তাহারই শেষ অংশ এখানে ছাপা হইল।

অধিকৃত এলাকায় পাক সেনার যথেচ্ছভাবে স্থানীয় অবাঙালী কুলি-কামিন এবং চোর-ডাকাত গুণ্ডা-বদমায়েশদের লইয়া বদর, রাজকার ও মুজাহিদ বাহিনী গঠন করিয়া চলিয়াছে। তাহাদের সহিত কিছু মুসলিম লীগ ও জামাতের গুণ্ডা-পাণ্ডাও জুটিয়াছে। তাহারা পাক বাহিনীর ছত্রছায়ায় থাকিয়া যে ঘৃণ্য কেলেঙ্কারীর ইতিহাস সৃষ্টি করিয়া চলিয়াছে তাহা বর্ণনার অপেক্ষা রাখে না। পাক বাহিনী নিজেরা যে কোন সম্মুখসমরে গা বাঁচাইয়া চলিয়া প্রায়শঃই ইহাদিগকে মুক্তিযোদ্ধাদের সামনে নিশ্চিত মৃত্যুর মুখে ঠেলিয়া দেয়। রাত্রিকালে পাক বাহিনী যেখানে শিবিরের বাহিরে আসিবার কল্পনাও করিতে পারে না সেখানে রাজাকার বা মুজাহিদ বাহিনীর লোকদের দিয়া শিবিরসমূহে নৈশকালীন পাহারা দিবার ব্যবস্থা করা হইয়াছে। সামান্য কয়েক দিন অনুশীলনীর পরই তাহাদিগকে ফ্রন্টে পাঠাইয়া দিয়া খান সেনারা নিজেদের নিরাপদ দূরত্বে গা বাঁচাইয়া অবস্থান করে। সে জন্য প্রতি ক্ষেত্রেই স্বল্প ট্রেইংপ্রাপ্ত এইসব বালখিলারা হয় পালাইয়া প্রাণ বাঁচায়, না হয় মুক্তিযোদ্ধাদের নিশ্চত নিশানায় পরিণত হয়।

হাট-বাজার

অধিকৃত এলাকার হাট-বাজার প্রায় সবই কোনমতে চলিতেছে। এবং জিনিসপত্রের দাম আগুন হইয়া উঠিয়াছে। অতি সম্প্রতি সেখানে লবণ প্রতি সে দুই টাকা হিসেবে এবং কিছুদিন আগে কেরোসিন তেল প্রতি টিন ৪৫ টাকা হইতে ৫২ টাকা পর্যন্ত বিক্রি হইয়াছে, ইদানীং তাহা কমিয়া ২৮ টাকা হইতে ৩২ টাকা পর্যন্ত বিক্রি হইতেছে। চাউল আটা প্রায়ই হঠাৎ করিয়া বাজার হইতে উধাও হইয়া যায়। সাধারণ চাউলের দর এ সময় সাধারণতঃ মণপ্রতি ৪২ টাকা হইতে ৪৮ টাকা পর্যন্ত হইয়া থাকে, বর্তমানে উহা ৬০ টাকার উপরে। গ্রামাঞ্চলে তাহাও পাওয়া দুষ্কর। এইসব নিত্যপ্রয়োজনীয় দ্রব্য এবং খাদ্যশস্যের এরূপ ঊর্ধ্বগতির কারণ কি এই সম্পর্কে জনৈক ব্যবসায়ীকে প্রশ্ন করা হইলে তিনি জানান যে, প্রতিটি নিত্যব্যবহার্য দ্রব্য শহর হইতে খরিদ করিয়া অবাঙালী অধ্যুষিত এলাকায় মজুদ করা হইয়াছে। সামরিক বাহিনীর খাদ্যশস্য যথেষ্ট জমা হইয়া যাওয়ায় তাহারা লুটপাট করিয়া নিজেরা না লইয়া অবাঙালী ব্যবসায়ীদের নিকট বিক্রয় করিয়া দিতেছে। এবং সেইগুলি সৈয়দপুর, পার্বতীপুর, শন্তাহার, ঈশ্বরদী, খালিশপুর ইত্যাদি বিশেষ এলাকায় জমা করা হইয়াছে। তাহাদের উদ্দেশ্য কি জানা ভার। ব্যবসায়ীটি আরো জানান, স্থানীয় হাট-বাজারগুলির আড়তগুলিতে প্রথমদিকে যে লুটের তাণ্ডব চলিয়াছিল সে তাণ্ডবে কোন বাঙালী আড়তই রক্ষা পায় নাই।

বর্বরা হয় লুটপাট করিয়া মালামাল লইয়া গিয়াছে, না হয় আড়ত অগ্নিদগ্ধ করিয়াছে। কাজেই ব্যবসায়ীরা রাতারাতি পথের ভিখারী হইয়া ব্যবসা গুটাইতে বাধ্য হইয়াছেন।

জনৈক গ্রামবাসীকে স্থানীয় হাটের ভয়াবহ অবস্থার কথা প্রশ্ন করিলে তিনি জানান, প্রায়ই কিছু না কিছু রাজাকার ও পাকবাহিনী আসিয়া জোরপূর্বক দোকানদারের নিকট হইতে সাধ্যাতিরিক্ত অর্থ চাহিয়া বসে এবং অর্থদানে বিলম্ব ঘটিলে মারধর, খুন-জখম করিতেও দ্বিধাবোধ করে না। তাহারা সবকিছু লুটপাট করিয়া লইয়া যায়। ইহার ফলে কোন ব্যবসায়ীই আর নতুন জিনিস না কিনিয়া দোকান আপাততঃ বন্ধ করিয়া দিতে বাধ্য হইয়াছেন।

স্কুল-কলেজ

অধিকৃত এলাকায় স্কুল-কলেজগুলির অবস্থা চরম নৈরাশ্যজনক। স্কুলগুলিতে ৫০০-৬০০ ছাত্রের মধ্যে ২-১ জন ছাত্র মাঝেমধ্যে বেড়াইতে আসে। পড়াশোনার প্রশ্নই উঠে না। বোর্ডের ফাইনাল পরীক্ষায় হলগুলিতে ছাত্রদের অনেক ভয়ভীতি প্রদর্শন করাইয়াও মুষ্টিমেয় সংখ্যক ছাড়া কাহাকেও উপস্থিত করাইতে পাকবাহিনী ব্যর্থ হইয়াছে। যাহারা পরীক্ষায় উপস্থিত হয় নাই, তাহাদের পিতামাতার নিকট কারণ দর্শাইবার নোটিশ যাইতেছে বলিয়া প্রকাশ। কলেজগুলিতে কিছু কিছু অবাঙালী ছাত্র হাজিরা দেয় এবং এইসব অবাঙালী ছাত্ররা প্রায়ই ক্লাসের দিকে না যাইয়া ক্যান্টিন ও কমনরুমের আশেপাশে ঘোরাঘুরি করিয়া কালক্ষেপণ করে।

শহরের পথ-ঘাট

শহরের পথচারী প্রতিটি মানুষের চোখে মুখে আতঙ্কের ভাব পরিস্ফুট। পথচারী সকলেই প্রায় নিরাপত্তার ভয়ে সর্বদা সন্ত্রস্ত ও আতঙ্কিত। শহরবাসীরা একান্ত বাধ্য না হইলে ঘর হইতে বাহির হইবার চেষ্টা করেন না।

শহরের প্রায় বড় বড় দোকনগুলি তালাবন্ধ হইয়াছে। দোকানগুলির সাইনবোর্ড ও বিজ্ঞাপনে নতুন উর্দু অক্ষর বসিয়াছে। বাঙালী পথচারীকে ব্যঙ্গ করিতেছে। রাতারাতি শহরের সকল সাইনবোর্ড ও মোটর গাড়ী, রিকশার নম্বর-প্লেট বাংলা হইতে উর্দুতে লিখিতে নির্দেশ দেওয়া হইয়াছে। আওয়ামী লীগ সমর্থকদের বাড়ীঘর, ব্যবসায় প্রতিষ্ঠান ও দোকানগুলি ইতিমধ্যে অবাঙালী ও জামাত মুসলিম লীগ সমর্থকদের মধ্যে নামমাত্র মূল্যে বিক্রি করা হইয়াছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাঙালী কূটনীতিবিদদের আনুগত্য বদল অব্যাহত	বাংলার বাণী মুজিব নগরঃ ৪র্থ সংখ্যা	২১ সেপ্টেম্বর, ১৯৭১

ইয়াহিয়ার মুখে লাথি মারিয়া
বাঙালী কূটনীতিবিদদের আনুগত্য বদল অব্যাহত
(কূটনৈতিক সংবাদদাতা)

বাংলাদেশে জঙ্গীশাহীর বর্বরতম গণহত্যার প্রতিবাদে ইসলামাবাদের বিদেশস্থ দূতাবাসের আরও একজন বাঙালী কূটনীতিবিদ গত ১৩ই সেপ্টেম্বর জঙ্গীশাহীর চাকুরীতে ইস্তফা দিয়া লণ্ডনস্থ বাংলাদেশ মিশনে যোগদান করেন। তিনি হইতেছেন জনাব মহিউদ্দিন জোয়ারদার।

জনাব মহিউদ্দিন লাগোস এবং নাইজেরিয়াস্থ ইসলামাবাদ মিশনের চেন্সারী প্রধান ছিলেন এবং কখনও কখনও অস্থায়ী হাইকমিশনার হিসাবে কাজ করিতেন।

একই দিনে ম্যানিলাস্থ ইসলামাবাদ দূতাবাসের প্রধান জনাব খুররম খান পন্নী ইসলামাবাদ জঙ্গীশাহীর সহিত তাঁহার সম্পর্ক ছিন্ন করিয়া বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করেন।

গত বৎসর মার্চ মাসে তিনি রাষ্ট্রদূত হিসাবে ম্যানিলা গমন করেন। তাঁহার পদত্যাগের পূর্বে হংকংস্থ ইসলামাবাদ মিশনের প্রধান জনাব মহসীন আলী বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করেন।

বাংলাদেশের সমর্থনে এ পর্যন্ত বিদেশস্থ ইসলামাবাদ কূটনৈতিক মিশনসমূহের ৪০জন কূটনীতিবিদ ইসলামাবাদের সহিত তাঁহাদের সম্পর্ক ছিন্ন করিলেন।

জনাব পন্নীর পদত্যাগের কারণ সম্পর্কে আনুষ্ঠানিকভাবে তিনি এখনও কিছু বলেন নাই। অপর একটি সূত্র হইতে জানা যায়, সম্প্রতি ইসলামাবাদ কর্তৃপক্ষ তাঁহাকে ইসলামাবাদে ফিরিয়া যাওয়ার জন্য বার্তা পাঠাইয়াছিল।

জনাব পন্নীর পদত্যাগের পর এখন কেবল পিকিংয়েই ইসলামাবাদ জঙ্গীশাহীর বাঙালী কূটনীতিবিদ অবশিষ্ট রহিল। পিকিংস্থ ইসলামাবাদ দূতাবাসের এই বাঙালী কূটনীতিবিদ হইতেছেন জনাব কায়সার। জানা যায়, তিনিও ইসলামাবাদ জঙ্গীশাহীর কোপদৃষ্টিতে আছেন। কারণ, ইয়াহিয়ার বাংলাদেশ নীতির প্রতি পিকিং সরকারের সমর্থনের ফলে বাঙালী কূটনীতিবিদ জনাব কায়সার খুবই অসুবিধায় পড়িয়াছেন। তিনি আর নিজেকে পিকিংয়ের সহিত খাপ খাওয়াইতে পারিতেছেন না।

প্রকাশ, ইতিমধ্যেই তাঁহার গতিবিধির উপর বিধিনিষেধ আরোপ করা হইয়াছে। জনাব কায়সারকে হংকং যাওয়ার অনুমতি দেওয়া হইতেছে না।

জনাব পন্নীর পদত্যাগের আভাস পূর্বেই পাওয়া যায়। সম্প্রতি ম্যানিলায় প্রেসিডেন্ট ফার্ডিন্যাণ্ড মারকোসের নিকট হইতে একটি পদক গ্রহণ অনুষ্ঠানে ভাসণদানকালে জনাব পন্নী ইচ্ছাকৃতভাবেই পাকিস্তান সরকার কথাটি একবারও উচ্চারণ করেন নাই।

জনাব পন্নী ম্যানিলায় বাংলাদেশ মিশন স্থাপন করিয়া তথায় বাংলাদেশের স্বীকৃতির জন্য কাজ চালাইয়া যাইবেন।

১৪ই সেপ্টেম্বর বিবিসি-এর এক খবরে বলা হয়, ওয়াশিংটনস্থ ইসলামাবাদ মিশনের আরও কয়েকজন বাঙালী কূটনীতিবিদ বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। অবশ্য বিবিসি এইসব বাঙালী কূটনীতিবিদদের নাম বা পদবী ঘোষণা করেন নাই।

এদিকে বাংলাদেশ সরকার ইসলামাবাদের যে সমস্ত বিদেশী দূতাবাসে এখনও বাঙালী কূটনীতিবিদ রহিয়াছেন, তাহাদের প্রতি আগামী এক পক্ষকালের মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশের জন্য নির্দেশ দান করিয়াছেন। উক্ত নির্দেশে আরও বলা হইয়াছে যে, যে সকল বাঙালী কূটনীতিবিদ আগামী এক পক্ষকালের মধ্যে বিদেশী হানাদার ইসলামাবাদ সরকারের সহিত সম্পর্ক ছিন্ন করিয়া বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশে ব্যর্থ হইবেন, তাঁহারা দেশদ্রোহী বলিয়া পরিগণিত হইবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এই গোপন নির্দেশ ইতিমধ্যেই ইসলামাবাদের বিদেশস্থ কূটনৈতিক মিশনের বাঙালী কূটনীতিবিদদের নিকট পৌঁছিয়াছে। এই নির্দেশের পরিপ্রেক্ষিতে লণ্ডন, ওয়াশিংটন এবং ম্যানিলাস্থ ইসলামাবাদ দূতাবাসের বাঙালী কূটনীতিবিদগণ জঙ্গীশাহীর চাকুরী ইস্তফা দিয়া বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করেন।

জনাব কায়সার এবং সিরিয়ার ইসলামাবাদের বাঙালী দূত জনাব হুমায়ুন পন্নী ইসলামাবাদ চক্রের সহিত সম্পর্ক ছিন্নের সুযোগের অপেক্ষায় রহিয়াছেন।

এদিকে ইরানে নিযুক্ত ইসলামাবাদের সাবেক বাঙালী রাষ্ট্রদূত জনাব ফতেহ ইসলামাবাদের অর্থ আত্মসাৎ করিয়াছেন বলিয়া যে মিথ্যা অভিযোগ উত্থাপন করা হইয়াছে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খোন্দকার মুশতাক ইহার তীব্র নিন্দা করিয়াছেন। তিনি ইসলামাবাদ চক্রের এই জঘণ্য মিথ্যা অভিযোগে বিস্ময় প্রকাশ করেন।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, জনাব ফতেহ ইসলামাবাদের অর্থ লইয়া আসিয়া বাংলাদেশ সরকারের নির্দেশেই কেবল পালন করিয়াছেন এবং বাংলাদেশের ন্যায্য প্রাপ্য যথাসময়ে বাংলাদেশের পক্ষ হইতে আদায় করিয়া লইয়াছেন।

তিনি আরও বলেন, উক্ত অর্থ এখন স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তহবিলে জমা হইয়াছে এবং উহা বাংলাদেশের মুক্তিযুদ্ধে ব্যয়িত হইবে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় ইতিহাস আমাদেরই অনুকূলে	বাংলার বাণী মুজিব নগরঃ ৫ম সংখ্যা	২৮ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

ইতিহাস আমাদেরই অনুকূলে

স্বাধীন বাংলার জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে পরিচালিত বাংলাদেশের মুক্তিযুদ্ধের ছয় মাস অতিক্রম হইয়াছেন। গত ২৫শে সেপ্টেম্বর ছিল বীর প্রসবিনী বাংলার স্বাধীনতা রক্ষার সুমহান সংগ্রামের অর্ধবর্ষ পূর্তির দিন। এই ছয় মাস বাঙ্গালী জাতি অতুলনীয় সাফল্যের সঙ্গে লড়াই করিয়াছে হানাদার পাঞ্জাবী উপনিবেশবাদী অমর শক্তির বিরুদ্ধে। এই ছয় মাসে দুর্ধর্ষ বাঙ্গালী জাতির কামান-বন্দুক-মেশিনগান দুশমনের মৃত্যুঘন্টা বাজাইয়া সঘন গর্জনে বিস্মিত বিশ্ববাসীকে জানাইয়া দিয়াছে চিরদিন কাহারও কলোনী হইয়া, বাজার হইয়া, গোলাম হইয়া থাকার জন্য বাঙ্গালীর জন্ম হয় নাই। দুর্বিনীত বাঙ্গালী জাতি ছয় মাসের বীরত্বপূর্ণ যুদ্ধে অকল্পনীয় সাফল্যের সগর্ব ঘোষণার সমগ্র পৃথিবীকে বুঝাইয়া দিয়াছে, জননী বাংলার স্বাধীনতার সোনালী স্বপ্নকে নস্যাৎ করিতে পারে এমন শক্তি পৃথিবীতে কাহারও নাই। টিকিয়া থাকার জন্যই স্বাধীন বাংলার জন্ম হইয়াছে।

বিগত ২৫শে মার্চ বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হইলে জল্লাদ ইয়াহিয়া আর কসাই টিক্কা খান ৭২ ঘন্টার মধ্যে বাঙ্গালী জাতির এই অভ্যুত্থান, এই মুক্তিসংগ্রাম ধূলিসাৎ করিয়া দেওয়ার হাস্যকর খোয়াবে মাতিয়া উঠিয়াছিল। আর এজন্য হানাদার বাহিনী 'ক্রাস বেঙ্গলী প্রোগ্রাম' তৈরী করিয়া বাংলার দশদিগন্তে শহর নগর বন্দর জনপদে নিহত মানুষের উপর মারণাস্ত্র লইয়া ঝাঁপাইয়া পড়িয়াছিল নররক্ত লোভী হিংস্র হায়েনার আদিম বর্বরতায়। মানবেতিহাসের ঘৃণ্যতম জল্লাদ ইয়াহিয়ার লেলাইয়া দেওয়র ভাড়াটিয়া বাহিনীর সেই নজিরবিহীন নরমেধযজ্ঞ চলিয়াছে দিনের পর দিন। মুক্তিপাগল লক্ষ লক্ষ বাঙ্গালীর বুকের তাজা রক্তে বাংলার কাজল মাটি লালে লাল হইয়া গিয়াছে, অসংখ্য জনপদ বিধ্বস্ত হইয়াছে। অগণিত ঘর-বাড়ী সোনার সংসার পুড়িযা ছাই হইয়াছে। চিরতরে নিভিয়া গিয়াছে অনেক ঘরের প্রদীপ। কিন্তু তবু বঙ্গবন্ধুর মুক্তিমন্ত্রে উজ্জীবিত দুর্ধর্ষ বাঙ্গালী জাতি এই প্রাগৈতিহাসিক বর্বরতার কাছে, এই হিংস্র শক্তি প্রয়োগের কাছে মাথা নত করে নাই। বলদর্পী জালেমের পদতলে বিকাইয়া দেয় নাই আত্মার অন্তরঙ্গতম বাসনাকে, স্বাধীনতার অমোঘ স্পৃহাকে। শুধু তাই নয়, অমিত বিক্রমশালী বাঙ্গালী জাতির প্রচণ্ড পাল্টা আক্রমণে ক্রমাগত নাস্তানাবুদ, পর্যুদস্ত হইতে হইতে হানাদার বাহিনীর এখন মরণদশা সমুপস্থিত। বাংলার অসম সাহসী মুক্তিযোদ্ধাদের গোলার আঘাতে ইয়াহিয়া-টিক্কার 'ক্র্যাশ বেঙ্গলী প্রোগ্রাম' নিশ্চিহ্ন হইয়া কোথায় মিলাইয়া গিয়াছে। টিক্কা নিজেই ক্র্যাশ হইয়াছে। ইয়াহিয়ার অবস্থাও না যায় প্রাণ কাকুতিসার কুপোকাৎ হওয়াটা শুধু সময়ের প্রশ্ন।

ছয় মাসে বাংলাদেশের মুক্তিযুদ্ধ বহুদূর আগাইয়া আসিয়াছে। মুক্তিযোদ্ধাদের হাতে ২৫ হাজার খান সেনা খতম হইয়াছে, অগণিত রাজাকার কচুকাটা হইয়াছে। হানাদার বাহিনীর বহু জাহাজ ধ্বংস হইয়াছে, পথ-ঘাট, রেল-সেতু বোমার আঘাতে উড়িয়া গিয়াছে। শক্তি হাতে কৃষ্ণদণ্ড ধরিয়া যুদ্ধবিক্ষত বাংলাদেশে 'স্বাভাবিক অবস্থা' ফিরাইয়া আনার সদম্ভ জল্লাদী ঘোষণাও চূড়ান্তভাবে ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে।

অবস্থা বেগতিক দেখিয়া পররাজ্যলোভী হানাদার জঙ্গীশাহী বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের মনোবল বিনষ্ট এবং মুক্তিযুদ্ধকে বানচাল করার উদ্দেশ্যে বল্গাহীন অত্যাচার, অবিরাম মিথ্যা প্রচারণা, এমনকি বঙ্গবন্ধুর বিচার প্রহসনের আয়োজন করিয়া তাঁহার জীবন লইয়া ছিনিমিনি খেলার ঘৃণ্য তৎপরতায় লিপ্ত হইয়াছে। কিন্তু কিছুতেই ফল হয় নাই। বাঙ্গালী জাতির স্বাধীনতা রক্ষার সংগ্রাম আগাইয়া চলিয়াছে দ্রুত বেগে। প্রতিদিন নতুন নতুন

এলাকা শত্রুমুক্ত হইতেছে। প্রতিদিন অদিকতর বিপর্যয় নামিয়া আসিতেছে হানাদার কসাই বাহিনীর ভাগ্যে। আজ প্রত্যাসন্ন পরাজয়ের মুখে দাঁড়াইয়া একদিনের দাম্ভিক জেনারেল ইয়াহিয়া তাহার নিজের ভাষায় 'দেশদ্রোহী' এবং 'পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার দায়ে অভিযুক্ত' বঙ্গবন্ধু শেখ মুজিবকে মুক্তি দিয়া হইলেও পাকিস্তানকে টিকাইয়া রাখার উদ্দেশ্যে আপোষের আরজি লইয়া দেশ-দেশান্তরের দুয়ারে দুয়ারে ধর্ণা দিয়া বেড়াইতেছে। সুনিশ্চিত পরাজয়ের বিভীষিকা তাকে এমনই বেসামাল-দিশেহারা করিয়া তুলিয়াছে যে, সে এই বাস্তব অবস্থাটাকেও উপলব্ধি করিতে পারিতেছে না যে, পাকিস্তান আর কোন দিন এক হইবে না। বিনাশর্তে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তি, স্বাধীন সার্বভৌম বাংলাদেশের স্বীকৃতি, হানাদার সেনাবাহিনী প্রত্যাহার এবং জঙ্গী বর্বরতায় ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান না করা পর্যন্ত একটি মুর্হূতের জন্যও বাংলার আপোষহীন মুক্তিযোদ্ধাদের সমরাস্ত্রের ধ্বনি স্তব্ধ হইবে না।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের সাফল্যজনক অর্থ বর্ষপূর্তির এই শুভলগ্নে আমরা আমাদের বীর মুক্তিযোদ্ধাদের অভিনন্দন জানাই। তাদের বীরত্ব, তাদের বিক্রম, তাদের মহান সংগ্রামী চেতনা গর্বে আমাদের বুক ভরিয়া দেয়। আমাদের ইতিপূর্বেকার বক্তব্যেরই পুনরাবৃত্তি করিয়া আমরা নির্দ্বিধায় বলতে চাই, বাংলার মাটি ও মানুষকে ভালোবাসিয়া, স্বাধীন বাংলার রাষ্ট্রপতি বঙ্গবন্ধুকে ভালোবাসিয়া তাঁহারই নির্দেশে যারা শত্রুর সঙ্গে জীবনপণ যুদ্ধে লিপ্ত, যারা জীবনকে বাজি রাখিয়া বাংলার স্বাধীনতা রক্ষা এবং জল্লাদের কারাগার হইতে শেখ সাহেবকে ছিনাইয়া আনার গৌরবময় সংগ্রামের নির্ভীক সেনানী, তাদের জানাই হাজার সালাম। তাদের হাতের রাইফেল, মেশিনগানের মধ্য দিয়াই হানাদার দুশমনের বিরুদ্ধে অস্ত্রের ভাষায় কথা বলিয়া উঠিয়াছেন লক্ষ লক্ষ শেখ মুজিব। মুক্তিযোদ্ধারা তাই বাংলার অগ্নিসন্তান- বাংলার শৌর্য, বাংলার সম্ভ্রম, বাঙ্গালীর স্বাধীনতা স্পৃহার নির্ভুল প্রতীক- শেখ মুজিবের বিশ্বস্ততম প্রতিনিধি। আমরা আবার তাদের অভিবাদন জানাই জাতীয় বীর হিসাবে।

হানাদার দুশমনের বিরুদ্ধে সফল মুক্তিযুদ্ধের অর্থ বর্ষপূর্তির এই শুভলগ্নে বাঙ্গালীর চিত্তে চিত্তে আজ নতুন করিয়া আবাহনী চলুক সেই শাশ্বত বিশ্বাস ও প্রত্যাশার, সংকল্প আর প্রতিজ্ঞারঃ

হানাদার দস্যুবাহিনী আর তার মুরব্বিদের সমরাস্ত্রনিসৃত গোলাবারুদের ধুম্রজালের আড়াল হইতে বঙ্গবন্ধু আর স্বাধীনতার রক্তসূর্যটাকে বাঙ্গালী জাতি ছিনাইয়া আনিবেই। আমরা- সংগ্রামী গণশক্তির সূর্য সম্ভাবনায় বিশ্বাসী। তাই আমরা বিশ্বাস করি, স্বাধীন বাংলা শত্রুমুক্ত হইবেই- শেখ মুজিব ফিরিয়া আসিবেনই। কারণ, ইতিহাস আমাদের অনুকূলে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বঙ্গবন্ধুকে মুক্তি দেওয়া না হইলে ইয়াহিয়ার সকল উমেদারী ব্যর্থ হইতে বাধ্য	বাংলার বাণী মুজিব নগরঃ ৫ম সংখ্যা	২৮ সেপ্টেম্বর, ১৯৭১

বঙ্গবন্ধুকে মুক্তি দেওয়া না হইলে ইয়াহিয়ার
সকল উমেদারী ব্যর্থ হইতে বাধ্য
(নিজস্ব ভাষ্যকার)

মুক্তি সংগ্রামের ছয় মাস পূর্ণ হইয়াছে। পঁচিশে মার্চের সেই ঘন-কালো অন্ধকার রাত্রি হইতে বাংলাদেশ আজ উত্তীর্ণ হইয়াছে নতুন উজ্জ্বল ভবিষ্যতের রক্তোজ্জ্বল সুপ্রভাতে। নবপ্রভাতের আর বিলম্ব নাই। আক্রমণকারী উপনিবেশবাদী জঙ্গীশাহীর নৃশংস হীন আক্রমণের বিরুদ্ধে পাল্টা আক্রমণ শুরু করিয়াছেন আমাদের দুর্জয় মুক্তিযোদ্ধারা। মুক্তিসংগ্রামে আত্মহুতি দিয়াছেন লক্ষ লক্ষ বাঙ্গালী, রক্তস্রোতে প্লাবিত হইয়াছে বাংলার পবিত্র মাটি। বাংলার সাড়ে সাত কোটি মানুষের বজ্রকঠিন শপথে আজ একটি মাত্র আকাঙ্ক্ষাই সোচ্চার। এই আকাঙ্ক্ষা স্বাধীনতার চিরন্তন মন্ত্র, এই আকাঙ্ক্ষা বঙ্গবন্ধুর মুক্তি। জঙ্গীচক্র বাংলাদেশে জঘন্যতম আক্রমণ চালাইয়া ক্ষান্ত হয় নাই, লক্ষ লক্ষ নিরীহ অসহায় নর-নারীকে হত্যা করিয়াও তাহার নিবৃত্ত হয় নাই। জঙ্গী চক্রের সীমাহীন ঔদ্ধত্য সকল সম্ভাবনার সীমারেখা ছাড়াইয়া গিয়াছে। তাহারা বাংলার মানস সন্তান অগ্নিপুরুষ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসন অনুষ্ঠান করিবার দুঃসাহস প্রদর্শন করিয়াছে। কাণ্ডজ্ঞানহীন বাস্তব নীতিবিবর্জিত বিংশ শতাব্দীর জঘন্যতম নরপশু ইয়াহিয়া বিশ্ব জনমতকে উপেক্ষা করিয়া বঙ্গবন্ধুর গোপন বিচার প্রহসন চালাইয়াছেন।

সম্প্রতি পশ্চিম পাকিস্তানের 'হিজ মষ্টোরস ভয়েস' সংবাদপত্রসমূহ একটি খবর প্রকাশ করিয়াছে। এই খবরে বলা হইয়াছে, বঙ্গবন্ধুর তথাকথিত গোপন বিচার শেষ হইয়াছে। ইতিমধ্যে জেনারেল ইয়াহিয়ার পশুসুলভ আচরণের বিরুদ্ধে সারা বিশ্বে ধিক্কার ধ্বনি উচ্চকিত হইয়া উঠিয়াছে। সম্প্রতি কুয়ালালামপুরে অনুষ্ঠিত কমনওয়েলত সংসদীয় সম্মেলনে অংশগ্রহণকারী প্রতিনিধিরা এক বাক্যে পাকিস্তানী জঙ্গীশাহীর নৃশংস গণহত্যার তীব্র নিন্দা করিয়াছেন। তাহারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিনাশর্তে মুক্তিদানের জন্য ইয়াহিয়ার প্রতি তীব্র নিন্দা জানাইয়াছেন। বঙ্গবন্ধুর মুক্তির দাবী করিয়াছেন বিশ্বের বিবেকবান মানুষেরা। সম্প্রতি নয়াদিল্লীতে বাংলাদেশ সম্পর্কে যে আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হইয়াছে, সেই সম্মেলনে অংশগ্রহণকারী আন্তর্জাতিক প্রতিনিধিরা দ্ব্যর্থহীন কণ্ঠে বঙ্গবন্ধুর মুক্তি দাবী করিয়াছেন।

রাষ্ট্রসংঘের সেক্রেটারী জেনারেল উথান্ট বাংলাদেশ সমস্যা সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করিয়া বলিয়াছেন, বাঙালীদের সাহায্য করা বিশ্ববাসীর নৈতিক দায়িত্ব।

মৃত পাকিস্তানের হত্যাকারী ইয়াহিয়া এখন মারাত্মক সংকটের সম্মুখীন হইয়াছে। ৭২ ঘন্টার মধ্যে বাঙালীদের প্রতিরোধ ভাঙ্গিয়া দিয়া বাংলার প্রাণশক্তিকে ধ্বংস করিয়া দিয়া দম্ভোক্তি ইয়াহিয়ার সেনাধ্যক্ষ টিক্কা খান করিয়াছিলেন সেই ধিকৃত টিক্কা খান পরাজয়ের কালিমা মুখে লইয়া চোরের মত পশ্চিম পাকিস্তানে প্রত্যাবর্তন করিয়াছেন।

ইয়াহিয়ার বাদশাহী খোয়াব চিরতরে মিলাইয়া গিয়াছে শুন্যে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে জেনারেল ইয়াহিয়ার ভবিষ্যৎ কর্মপন্থা কি হইবে তাহা লইয়া ইতিমধ্যে জল্পনা-কল্পনা শুরু হইয়া গিয়াছে। ইসলামাবাদের সংশ্লিষ্ট কূটনৈতিক মহলের ধারণা, শীঘ্রই বঙ্গবন্ধুর বিচার প্রহসনের রায় ঘোষণা করা হইবে এবং জেনারেল

ইয়াহিয়া এই রায় ঘোষণার পর নাটকীয় কোন ঘোষণা করিতেও পারে। ইতিমধ্যে বাংলাদেশের সংগ্রামী মানুষেরা স্পষ্ট ভাষায় জানাইয়া দিয়াছেন, বিনাশর্তে বঙ্গবন্ধুর মুক্তি দেওয়া না হইলে এবং বাংলাদেশের মাটি হইতে হানাদার পাকিস্তানী সেনাদের প্রত্যাহার করা না হইলে বাংলাদেশে স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসার কোন সম্ভাবনা নাই। আর ইয়াহিয়ার সাধের পশ্চিম পাকিস্তানও সর্বনাশের এই লেলিহান অগ্নিশিখা হইতে পরিত্রাণ পাইবে না।

দখলীকৃত এলাকার পাকিস্তানী সৈন্যদের ঘাঁটির উপর মারাত্মক পাল্টা আক্রমণ শুরু করিয়াছেন বাংলার তরুণ যোদ্ধারা। গেরিলা আক্রমণের হাত হইতে রাজধানী ঢাকা শহরও আজ আর নিষ্কৃতি পায় না। প্রতিদিন হানাদার সেনারা হাতাদের কৃতকর্মের প্রায়শ্চিত্ত করিতেছে। মুক্তিযোদ্ধাদের অব্যর্থ বুলেট স্থির লক্ষ্যে ছুটিয়া যাইয়া নরপশুদের বক্ষভেদ করিয়া চলিয়াছে প্রতি মুহূর্তে।

ইয়াহিয়ার সংকট আজ সীমাহীন। এই মারাত্মক সংকট হইতে পরিত্রাণ পাইবার জন্য ইয়াহিয়া ও তাহার সহচরেরা মস্কো, ওয়াশিংটন, তেহরানসহ বহু রাজধানী পরিক্রমা করিয়াছে। কিন্তু আশার আলো কোথাও নাই।

এক্ষণে আপোষমূলক আলোচনা চালাইবার জন্য ইয়াহিয়া ধর্ণা দিয়াছে ইরানের শাহের দরবারে। সম্প্রতি তেহরানে গিয়া ইয়াহিয়া খান নিজে এই আপোষের অভিমত ব্যক্ত করিয়াছে। কিন্তু ইরানের শাহ ইয়াহিয়াকে কোন আশার বাণী শোনাইতে পারেন নাই।

বাংলাদেশের নেতারা সুস্পষ্ট ভাষায় জানাইয়া দিয়াছেন, বঙ্গবন্ধুকে মুক্তিদান না করিলে আলোচনার কোন প্রশ্নই উঠে না।

কূটনৈতিক মহলের ধারণা, ইয়াহিয়ার সকল উমেদারী ব্যর্থ হইতে বাধ্য, যদি না বঙ্গবন্ধুকে বিনা শর্তে মুক্তি দেওয়া হয়।

জানা গিয়াছে, ভারত ইরানের শাহকে জানাইয়া দিয়াছে বাংলাদেশ সমস্যার সমাধানের ব্যাপারে বাংলাদেশের নির্বাচিত গণনেতারাই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকারী। ভারত এ ব্যাপারে কিছুই করিতে পারে না। অতএব, ইয়াহিয়া যদি সত্যই আপোষ চায় তবে তাহাকে বাংলাদেশ সরকারের সহিত আলোচনায় বসিতে হইবে। বাংলাদেশ সরকার ঘোষণা করিয়াছেন, স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ আজ ইতিহাসের বাস্তব সত্য। এই সত্যকে স্বীকার না করিয়া কোন আলোচনা হইতে পারে না।

পাকিস্তানের মারাত্মক আর্থিক সংকট, ধ্বংসোন্মুখ অর্থনীতি, বেলুচিস্তান, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও সিন্ধুর ব্যাপক গণঅসন্তোষ এবং সম্ভাব্য সশস্ত্র গণঅভ্যুত্থান আজ অক্টোপাসের মত ঘিরিয়া ধরিয়াছে ইসলামাবাদের সাধের সিংহাসনকে।

ইরান অথবা পাকিস্তানের অন্যান্য তথাকথিত বন্ধুরাষ্ট্র এই দুর্দিনে জঙ্গীশাহীকে বাস্তব সাহায্য দিতে সক্ষম নয়। চীনের ভূমিকা আরো অস্পষ্ট।

জানা গিয়াছে, ইরান জানাইয়া দিয়াছে ইয়াহিয়ার পক্ষে এখন নতি স্বীকার করা ছাড়া অন্য কোন উপায় নাই। ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুমকি দিয়া কোন ফল হইবে না।

জাতিসংঘের চলতি অধিবেশনে বাংলাদেশ সমস্যা প্রধান আলোচ্য বিষয় হইবে বলিয়া কূটনৈতিক মহল আশা প্রকাশ করিয়াছেন। এবং বলাবাহুল্য ইসলামাবাদের জঙ্গীচক্র জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে মারাত্মক আক্রমণের সম্মুখীন হইবে।

এই অবস্থায় 'ছেড়ে দে মা কেঁদে বাঁচি' বলিয়া জেনারেল ইয়াহিয়া ছটফট করিয়া মরিতেছে। কিন্তু ইতিহাসের রায় ইয়াহিয়ার পাঠ করা উচিত। দেওয়ালের লিখন আজ সুস্পষ্ট-স্বাধীন সার্বভৌম বাংলাদেশ এই শতাব্দীর ঘটনাবহুল ইতিহাসের আর একটি বাস্তব সত্য।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
অধিকৃত এলাকায় বুদ্ধিজীবীদের উপর দমননীতি অব্যাহত	বাংলার বাণী মুজিব নগরঃ ৫ম সংখ্যা	২৮ সেপ্টেম্বর, ১৯৭১

অধিকৃত এলাকায় বুদ্ধিজীবীদের উপর দমননীতি অব্যাহত
(নিজস্ব প্রতিনিধি)

দখলীকৃত এলাকার অসামরিক গভর্ণর ডাঃ মালেকের সরকারকে শিখণ্ডী খাড়া করিয়া বর্বর জঙ্গীশাহী সরকার বাঙালী শিক্ষাবিদ, সংবাদিক ও বুদ্ধিজীবীদের উপর অব্যাহতভাবে দমননীতি চালাইয়া যাইতেছে।

সম্প্রতি জল্লাধী বর্বরতার শিকার হইয়াছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও ইসলামের ইতিহাসের অধ্যক্ষ ডঃ হাবিবুল্লা, বাংলা বিভাগের অধ্যাপক ডঃ মনিরুজ্জামান ও ইমিরিটাস অধ্যাপক ডঃ মুহম্মদ এনামুল হক। তাঁহাদিগকে চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে। ডঃ মনিরুজ্জামান আগামী ছয় মাস কোন সরকারী বা বেসরকারী চাকুরী করিতে পারিবেন না বলিয়া হুকুম জারী হইয়াছে।

ইহা ছাড়া রাষ্ট্রবিরোধী কার্যকলাপে লিপ্ত থাকিবর অভিযোগে প্রখ্যাত বৈজ্ঞানিক ডঃ কুদরত-ই খুদা, ডঃ নীলিমা ইব্রাহিম ও ডঃ সিরাজুল ইসলাম চৌধুরীকে হুঁশিয়ার করিয়া দেওয়া হইয়াছে।

ইতিপূর্বে ডঃ আবুল খায়ের, জনাব রফিকুল ইসলাম, জনাব শহীদুল্লাহ প্রমুখ বিশিষ্ট অধ্যাপক ও কয়েকজন বুদ্ধিজীবীকে প্রেফতার করা হইয়াছে।

অন্য এক সংবাদে প্রকাশ, বেশ কিছুদিন পূর্বে জঙ্গীশাহীর বর্বর সৈন্যরা মনিং নিউজের চীফ রিপোর্টার জনাব শহীদুল হক, ঢাকা বেতারের সাইফুল বারী, এ, পি, পি'র জনাব মোজাম্মেল হক ও পি, পি, আই-এর নাজমুল হকসহ বেশ কয়েকজন সংবাদিককে ধরিয়া লইয়া যায়। পরে তাঁহাদের কোন সংবাদ পাওয়া যায় নাই।

সামরিক সরকার বাঙালী উচ্চপদস্থ কর্মচারীদের বিশ্বাস করিতে না পারিয়া পশ্চিম পাকিস্তান হইতে অবাঙ্গালী চীফ সুপারিনটেনটেন্ডেন্ট অব পুলিশ ও চীফ সেক্রেটারী আমদানী করিয়াছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
পর্যবেক্ষকের দৃষ্টিতে বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও বিশ্ব রাজনীতি	বাংলার বাণী মুজিব নগরঃ ৫ম সংখ্যা	২৮ সেপ্টেম্বর, ১৯৭১

পর্যবেক্ষকের দৃষ্টিতে
বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও বিশ্বরাজনীতি

বাংলাদেশের দখলীভূত এলাকা থেকে জবর খবর এসেছে। তাঁবেদার লাট মল্লিকের একজন পেয়ারা মন্ত্রীকে মুক্তিযোদ্ধাদের গেরিলা ইউনিট হাতবোমা মেরে পঙ্গু করে দিয়েছে। অধিকৃত ঢাকা বেতার কেন্দ্রের খবরে স্বীকার করা হয়েছে, মন্ত্রীবর্গের অবস্থা আশঙ্কাজনক। এই খবর লেখার সময় পর্যন্ত জানা গেছে, দালাল মন্ত্রী সংজ্ঞাহীন অবস্থায় হাসপাতালে রয়েছে।

ডাঃ মালিক ওরফে মল্লিকের রসজ্ঞান খুব টনটনে। সম্ভবতঃ শৈশবে এই দাঁতের ডাক্তার হারাধনের দশটি ছেলের ছড়া পাঠ করেছিলেন। তাই বেছে বেছে তার দালাল মন্ত্রিসভায় দশটি দালাল গ্রহণ করেছে। এই দশ দালালের অবস্থা যে কার্যক্রমে হারাধনের দশ ছেলের মত হবে, এ বিষয়ে বাংলাদেশের একজন বালকের মনেও আজ কোন সন্দেহ নেই। হারাধনের দশ ছেলের ছড়ায় আছে।

'হারাধনের দশটি ছেলে
ঘোরে বনময়
একটি গেলো বাঘের পেটে
রইলো বাকি নয়।'

মুক্তিযোদ্ধারা এই ছড়াটিকেই একটু ঘুরিয়ে এখন বলতে পারেন,

মালিক মিয়ার দশটি দালাল
ঘোরে ঢাকাময়
একটি গেলো গ্রেনেড খেয়ে
রইলো বাকি নয়।

বাকি নয়টি আস্তে আস্তে যাবে। মীরজাফরের নিমক হারামের দেউরির মত তাদের বংশে বাতি দিতে কেউ থাকবে না। এটা ইতিহাসের অমোঘ বিধান।

এবার মুক্তিযুদ্ধের খবর কিছু বলি। একটি বিদেশী সংবাদ সংস্থা খবর দিয়েছেন, যশোরে দত্ত কবি মাইকেলের স্মৃতিপূত সাগরদাড়ি এখন মুক্ত এলাকা। সেখানে মুক্তিযোদ্ধারা স্বাধীন বাংলাদেশের প্রশাসন ব্যবস্থা গড়ে তুলেছেন। খুলনার সুন্দরবন এলাকায় একটি হানাদার ঘাঁটিতে আক্রমণ চালিয়ে মুক্তি সংগ্রামীরা একশোর মত হানাদার দস্যু খতম করেছেন। রংপুরের চাষারহাট ও পাটগ্রামে উড়ছে স্বাধীন বাংলার পতাকা। বিদেশী সংবাদপত্রের খবরে প্রকাশ, বঙ্গবন্ধুর কনিষ্ঠ ভ্রাতা শেখ আবু নাসের সাংবাদিকদের কাছে বলেছেন, সম্প্রতি খুলনা বন্দরে ১২ হাজার টনের একটি জাহাজ ডুবিয়ে দেয়া হয়েছে। মুক্তি সংগ্রামীরা চট্টগ্রাম বন্দরে আরো ১৮টি জাহাজ ডুবিয়েছে।

অসামরিক প্রশাসন ও পুনর্বাসন

একদিকে দেশকে হানাদার বাহিনীর কব্জা মুক্ত করার জন্য মরণপণ সংগ্রাম, সেই সঙ্গে অন্যদিকে চলছে মুক্ত এলাকায় স্বাধীন বাংলাদেশের অসামরিক প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং ভারত থেকে শরণার্থী ফিরিয়ে নিয়ে তাদের পুর্নবাসনের ব্যবস্থা। বঙ্গবন্ধুর ভ্রাতা প্রাকাশ করেছেন, মিত্ররাষ্ট্র হিসাবে ভারত সরকার যদি চার মাসের খাদ্যের ব্যবস্থা করেন, তাহলে বাংলাদেশ সরকার এখনিই অন্ততঃ ১৫ হাজার শরণার্থীকে মুক্ত এলাকায় ফিরিয়ে নিয়ে পুর্নবাসনের ব্যবস্থা করবেন। সম্প্রতি জনৈক বিদেশী সাংবাদিক ভারতের মেঘালয় রাজ্যে অবস্থিত একটি শরণার্থী শিবির পরিদর্শনের সময় শরণার্থীদের জিজ্ঞাসা করেন, তারা দেশে ফিরতে প্রস্তুত কি না? শরণার্থীরা একবাক্যে জবাব দেন, একমাত্র বঙ্গবন্ধু আহবান জানালেই তারা দেশে ফিরতে পারেন। নইলে ইয়াহিয়া কিম্বা তার কোন তাবেদারকে তারা বিশ্বাস করতে রাজি নন।

ঢাকা এখনই মুক্ত এলাকা হতে পারে

পূর্ব রণাঙ্গনে যুদ্ধরত মুক্তিযোদ্ধাদের জনৈক কমাণ্ডার এক ঘরোয়া সাংবাদিক সাক্ষাৎকারে প্রকাশ করেছেন, বর্তমানে মুক্তি সংগ্রামীদের শক্তি দক্ষতা এতটা বেড়েছে যে, তারা ইচ্ছে করলে আকস্মিক আক্রমণ চালিয়ে কুমিল্লা থেকে শুরু করে ঢাকা শহর পর্যন্ত সাত দিনে মুক্ত করতে পারেন। কিন্তু তারা আশঙ্কা করেন, তাদের এই আকস্মিক হামলায় দখলীকৃত এলাকায় বহু বাঙালী ভাইবোনও ধ্বংস হতে পারেন। তাই তারা ভ্রাতৃরক্তপাত পরিহারের উপায় উদ্ভাবনে ব্যস্ত রয়েছেন। অন্যদিকে হানাদার বাহিনীর হাতে শক্তিশালী বিমান বহর থাকায় তাদের পক্ষে কুমিল্লা বা ঢাকা হাতছাড়া হওয়ার পরও সেখানে ধ্বংসযজ্ঞ শুরু করা সম্ভব হবে। যেমন সম্ভব হয়েছে মার্কিনীদের পক্ষে ভিয়েতকংদের হাতে পরাজিত হওয়ার পরও ভিয়েতনামে বিমান হামলা চালিয়ে বিপুলভাবে জীবন ও সম্পত্তির ক্ষয়ক্ষতি করা। মুক্তিযোদ্ধারা তাই বিশ্বের অন্ততঃ কয়েকটি বন্ধুরাষ্ট্রের কাছ থেকে স্বাধীন বাংলার স্বীকৃতির অপেক্ষা করছেন। এই স্বীকৃতি লাভের সঙ্গে সঙ্গে বিমানসহ আধুনিক সমরাস্ত্র সংগ্রহ যেমন সহজ হবে, তেমনি বাংলাদেশে মুক্তিযুদ্ধের সাফল্যও অবশ্যম্ভাবী হয়ে উঠবে।

আরব বিশ্বে হাওয়া বদল

বিশ্বের ছয়টি মাহাদেশের ২৫টি দেশের ৬৫ জন প্রতিনিধি নয়াদিল্লীতে আয়োজিত বাংলাদেশ সম্পর্কিত বিশ্ব সম্মেলনে যোগদান করেছিলেন, এ খবর 'বাংলার বাণী'র পাঠকদের আগেই জানানো হয়েছে। এই সম্মেলনে যোগদানকারী কায়রোর 'আল আহরাম' পত্রিকার সম্পাদকীয় বোর্ডের একজন বিশিষ্ট সদস্য বলেছেন, বাংলাদেশ সম্পর্কে ইয়াহিয়া সরকার আরব দেশগুলোতে সম্পূর্ণ বিভ্রান্তিকর প্রচারণা চালিয়েছে এবং আরবদের মনে বাঙালীদের বিরুদ্ধে জাতিবিদ্বেষ সৃষ্টির চেষ্টা করছে। কিন্তু যতই দিন যাচ্ছে, ততই আরব জনগণ বুঝতে পারছেন, বাংলাদেশ সমস্যার একমাত্র সমাধান ১৯৭০ সালের ডিসেম্বর মাসের নির্বাচনে বিজয়ী দল আওয়ামী লীগ ও তার অবিসংবাদিত নেতা শেখ মুজিবুর রহমানের হাতে ক্ষমতা হস্তান্তরের মধ্যে নিহিত রয়েছে।

সিরিয়ার এক সাংবাদিক স্পষ্ট ভাষাতেই বলেছেন, আমরা সিরিয়াবাসীরা আঞ্চলিক দাবী-দাওয়ার ভিত্তিতে এক সময় যুক্ত আরব প্রজাতন্ত্রের অঙ্গদেশ মিশর থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছি। সিরিয়া ও মিসরের জনগণ একই ভাষাভাষী এবং একই ধর্মের বন্ধনে আবদ্ধ। এ সত্ত্বেও মিসর থেকে সিরিয়ার বিচ্ছিন্নতায় যদি ইসলাম ধর্ম বিপন্ন না হয়ে থাকে তাহলে পাকিস্তান থেকে দুই হাজার মাইল দূরে অবস্থিত ভিন্ন ভাষাভাষী বাংলাদেশ স্বাধীন হয়ে গেলে ইসলাম বিপন্ন হয় কি করে?

আরব দেশীয় সাংবাদিক ও সংবাদপত্রের এসব মন্তব্যের পরিপ্রেক্ষিতে কায়রো, বৈরুত, দামাস্কাস প্রভৃতি প্রধান প্রধান আরব রাজধানীর রাজনৈতিক পর্যবেক্ষক মহল মনে করছেন, বাংলাদেশ সমস্যা সম্পর্কে আরব জনগণ ক্রমশঃই সজাগ হয়ে উঠেছেন, এবং ইয়াহিয়া চক্রের স্বরূপ তাদের কাছে ধরা পড়ে যাচ্ছে।

জাতিসংঘ কি করবে?

বাংলাদেশই শুধু পাকিস্তানী বর্বর বাহিনীর নারকীয়তার শিকার নহে। ১৯৫৮-৫৯ সালে বেলুচদের স্বাধিকার আন্দোলন ও স্বায়ত্তশাসনের দাবীকে ইহারা রক্তের বন্যায় ডুবাইয়া দিয়াছে। ঈদের নামাজ আদায়রত হাজার হাজার মুসল্লীর উপর বিমান হইতে বোমাবর্ষণ করিয়া "বিপন্ন ইসলাম" কে রক্ষা করিয়াছে। সেদিন ৪ শতেরও অধিক বেলুচ প্রাণ হারায়। সেদিন রক্তগঙ্গা বহাইয়া যে টিক্কা খান তাহ পাকাইয়াছে তাহাকে বাংলাদেশে গণহত্যা করিতে পাঠান হইয়াছে। কিন্তু গণহত্যা চালাইয়া পাকিস্তানের ফ্যাসিষ্ট সরকার বাংলাদেশের মুক্তি আন্দোলন দমন করিতে পারে নাই। পাকিস্তানের মিত্ররা মদত দিয়াও শেষ রক্ষা করিতে পারিবে না। সাম্রাজ্যবাদের সাধের ট্রয়ের ঘোড়াটির খেলা শেষ হইয়া আসিয়াছে। বাংলাদেশের মুক্তিফৌজের হাতে মার খাইয়া ইহার সমস্ত জারিজুরি ফাঁস হইয়া গিয়াছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মুক্তাঞ্চলের চিঠি	নতুন বাংলা ১ম বর্ষঃ ৫ম সংখ্যা	১৬ সেপ্টেম্বর, ১৯৭১

মুক্তাঞ্চলের চিঠি

(নিজস্ব প্রতিনিধি)

ময়মনসিংহ জেলার অষ্টগ্রাম থানা, রংপুর জেলার ফুলবাড়ী থানা এবং দিনাজপুর জেলার তেঁতুলিয়া থানা সম্পূর্ণরূপে মুক্ত অঞ্চল। আওয়ামী লীগ, ন্যাপ, কমিউনিষ্ট পার্টি, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ কৃষক সমিতি প্রভৃতি সংগঠনগুলির সমন্বয়ে গঠিত সংগ্রাম কমিটি, গণবাহিনী ও মুক্তিফৌজের সুদৃঢ় প্রতিরোধের মুখে টিকিতে না পারিয়া ইয়াহিয়ার জোয়ানরা এইসব এলাকা হইতে চিরদিনের জন্য পাততাড়ী গুটাইতে বাধ্য হইয়াছে। এই মুক্ত অঞ্চলে এখন ধ্বণিত-প্রতিধ্বনিত হইতেছে নবজীবনের জয়গান।

অষ্টগ্রাম

উত্তর-পূর্ব রণাঙ্গন হইতে ময়মনসিংহ জেলা ন্যাপের জৈনক নেতা জানান যে, উক্ত জেলার অষ্টগ্রাম থানায় পাক হানাদাররা আজ পর্যন্ত প্রবেশ করিতে পারে নাই। ন্যাপ, আওয়ামী লীগ, কমিউনিস্ট পার্টি, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ প্রভৃতি সংগঠনের ঐক্য দুষ্কৃতিকারীদের সকল ষড়যন্ত্র ব্যর্থ করিয়া দিয়া অষ্টগ্রাম থানাকে আজ পর্যন্ত মুক্ত রাখিয়াছে। এখানে এইসব সংগঠনের সমন্বয়ে একটি সংগ্রাম পরিষদ গঠিত হইয়াছে। এই সংগ্রাম কমিটি বিভিন্নভাবে কিছু অস্ত্র সংগ্রহ করিয়াছে। সংগ্রাম পরিষদ থানার দুষ্কৃতিকারীদের ডাণ্ডা মারিয়া ঠাণ্ডা করিয়াছে। পাক হানাদারেরা যাহাতে থানার কোন অংশে প্রবেশ করিতে না পারে সেজন্য সকল যাতায়াত পথ নষ্ট করিয়া দেওয়া হইয়াছে। একদিন পার্শ্ববর্তী জেলা কুমিল্লা হইতে কয়েকজন রাজাকার এই থানা এলাকায় প্রবেশ করিলে তাহাদের গ্রেফতার করা হয়।

মুক্তিবাহিনী

সংগ্রাম কমিটির উদ্যোগে এই থানায় যুবকদের লইয়া একটি মুক্তিবাহিনী গড়িয়া উঠিয়াছে। এই বাহিনীতে যোগদানের জন্য প্রতিদিন বিভিন্ন স্থান হইতে দলে দলে ছাত্র ও যুবকেরা ভীড় জমাইতেছে। এই মুক্তিবাহিনী ঢাকা জেলার সঙ্গেও যোগাযোগ রক্ষা করিয়া পাকিস্তানী সৈন্যদের বিরুদ্ধে যুক্তভাবে কয়েকটি 'অপারেশন' চালাইয়াছে। এই বাহিনীর প্রতি আশে পাশের থানাসমূহের বিভিন্ন গ্রামের আস্থা দিন দিন বৃদ্ধি পাইতেছে এবং ইহার সঙ্গে মুক্তাঞ্চলের পরিধিও বিস্তার লাভ করিতেছে।

গণআদালত

সংগ্রাম কমিটি গত ২৫শে মার্চের পরেই উক্ত থানায় একটি গণআদালত গঠন করে এই গণ আদালতের মাধ্যমে মুক্তাঞ্চলের আভ্যন্তরীণ শান্তি ও শৃঙ্খলা বজায় রাখা হইয়াছে। ফলে, যাতায়াত ব্যবস্থা ভাঙ্গিয়া পড়ায় জিনিস পত্রের দাম পূর্বাপেক্ষা বৃদ্ধি পাইলেও জনসাধারণের মনোবল ভাঙ্গিয়া যায় নাই- বরং মুক্তাঞ্চলের পরিধি ও মুক্তিবাহিনীর শক্তিবৃদ্ধির সঙ্গে সঙ্গে মনোবলও বৃদ্ধি পাইয়া চলিয়াছে।

পার্শ্ববর্তী থানাসমূহে নির্যাতন

অষ্টগ্রাম থানা অঞ্চলে প্রবেশ করিতে না পারায় পাক হানাদার বাহিনী ইহার পার্শ্ববর্তী থানার গ্রামসমূহে হত্যা, লুটতরাজ, নারী ধর্ষণ, অগ্নিসংযোগ প্রভৃতি নিপীড়ন চালাইতেছে। কিন্তু অষ্টগ্রামের মুক্তিবাহিনী ও সংগ্রাম কমিটি ঐসব অঞ্চলের সহিত যোগাযোগ রক্ষা এবং সময় বুঝিয়া আকস্মিক হামলা চালাইয়া পাক হানাদারদের

বিভিন্ন সময়ে নাজেহাল করায় জনগণের মনোবল ঠিক রহিয়াছে। অষ্টগ্রাম হইতে মুক্তিবাহিনী ইতিমধ্যে গৌরীপুর, পূর্বধলা দুর্গাপুর, দল মাকান্দা, বারহাট্টা, নেত্রকোনা, কিশোরগঞ্জ, বাজিতপুর, ভৈরব, ভালুকা, ত্রিশাল, ফুলবাড়ীয়া প্রভৃতি অঞ্চলে অভিযান চালাইয়া উল্লেখযোগ্যসংখ্যক হানাদার সৈন্যকে হত্যা করে ও যথেষ্ট অস্ত্রশস্ত্র দখল করে।

ফুলবাড়ী

রংপুর জেলার কুড়িগ্রাম মহকুমার ফুলবাড়ী থানা মুক্তিবাহিনীর দখলে, এই থানায় বাংলাদেশ সরকারের প্রশাসনিক ব্যবস্থা চালু রহিয়াছে। উল্লেখযোগ্য যে, স্বাধীনতা যুদ্ধ শুরু হওয়ার পর হইতেই এই থানায় আওয়ামী কমিটির উদ্যোগে গঠিত হয় গণবাহিনী। এই গণবাহিনী ও মুক্তিবাহিনী বর্তমানে ধরলা নদী বরাবর প্রতিরক্ষা লাইন (ডিফেন্স লাইন) স্থাপন করিয়া লালমনিরহাট হইতে পরিচালিত পাকিস্তানী সৈন্যদের আক্রমণ সার্থকভাবে প্রতিহত করিয়া আসিতেছে।

বিভিন্ন সমস্যা

এই এলাকার বাণিজ্যিক সম্পর্ক এখনও অধিকৃত এলাকায় সহিত সংশ্লিষ্ট থানায় জনসাধারণ অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হইয়াছে। বর্তমানে এখানে বাংলাদেশ সরকারের পক্ষ হইতে দুঃস্থ জনসাধারণের মধ্যে খাদ্য, বস্ত্র ও চিকিৎসা সাহায্য প্রদানের ব্যবস্তা করা বিশেষ প্রয়োজন। বিশেষতঃ মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী লোকজনের পরিবারবর্গকে সাহায্য দেওয়া প্রয়োজন।

আঞ্চলিক প্রশাসন সমীপে

সম্প্রতি অবিলম্বে সাহায্যাদি প্রদান এবং বেসামরিক প্রশাসন ও মুক্তিবাহিনীর কাজের সুষ্ঠু সমন্বয় সাধনপূর্বক আদর্শ প্রশাসন ব্যবস্থা কায়েমের দাবীতে বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টির পক্ষে একটি প্রতিনিধিদল উত্তরাঞ্চলের আঞ্চলিক প্রশাসনিক কর্মকর্তার সহিত সাক্ষাৎ করেন। তিনি অবিলম্বে মুক্তাঞ্চলে সাহায্য, পুনর্বাসন ও বেসামরিক প্রশাসন প্রতিষ্ঠার সর্বপ্রকর ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করিয়াছেন।

মনোবল অটুট

যাহা হউক, শত সমস্যা ও অসুবিধা সত্ত্বেও জনগণের মনোবল অটুট রহিয়াছে। প্রত্যেক রবিবার হইতে গড়ে ২/১ জন করিয়া সবলদেহী সুস্থ যুবকেরা মুক্তিবাহিনীতে যোগদান করিয়াছে। মুক্তিবাহিনীর শক্তি দিন দিন বৃদ্ধি পাইতেছে।

তেঁতুলিয়া

দিনাজপুর জেলার তেঁতুলিয়া থানাও আগাগোড়াই মুক্ত। পাকিস্তানী হানাদার বাহিনী এই থানার কোন গ্রামে আজ পর্যন্ত প্রবেশ করিতে পারে নাই। প্রত্যেক গ্রামে ঘর হইতেই সুস্থ-সক্ষম যুবকেরা মুক্তিবাহিনীতে যোগদান করিয়াছে।

এই থানাটি বাংলাদেশ সরকারের সম্পূর্ণ নিয়ন্ত্রণে। মুক্তিবাহিনী এখান হইতে বোদা, পঁচাগড়, দেবীগঞ্জ, রুহিয়া, ঠাকুরগাঁও প্রভৃতি অঞ্চলে বহু অভিযান চালাইয়াছে। এইসব অভিযানে বহু পাক সৈন্য নিহত, বহু ব্রীজ ধ্বংস, ঠাকুরগাঁও (মহকুমা শহর) বিজলী সরবরাহ কেন্দ্র বিধ্বস্ত ও বহু রাজাকার খমত হইয়াছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় জঙ্গীশাহীর চক্রান্ত ব্যর্থ করুন	নতুন বাংলা ১ম বর্ষঃ ১০ম সংখ্যা	২১ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

জঙ্গীশাহীর চক্রান্ত ব্যর্থ করুন

দস্যুসর্দার ইয়াহিয়া আবার যুদ্ধের হুঙ্কার ছাড়িয়াছে। বাংলাদেশে গণহত্যা শুরু করিবার পরদিনই অর্থাৎ ২৬শে মার্চ ইয়াহিয়া বিশ্ববাসীকে ধোঁকা দেওয়ার জন্য বলিয়াছে অবস্থা ''স্বাভাবিক'' হইলেই সে তাহার প্রতিশ্রুতি মত কাজ করিবে। জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করিবে। ইহার পর ২৮শে জুন আর একটি বেতার ভাষণে কীভাবে ক্ষমতা হস্তান্তর করা হইবে এবং ''দুষ্কৃতিকারী'' অর্থাৎ আওয়ামী লীগ ও স্বাধীনতাকমী বাঙালীদের দম ন করা রজন্য কী কী ব্যবস্থা নেওয়া হইয়াছে তাহারও একটি বয়ান দেয়। বলা বাহুল্য এই দুইটি ভাষণেই পাকিস্তানের জঙ্গীশাহী বাংলাদেশের মুক্তিযুদ্ধটা যে ভারতীয় ''অনুপ্রবেশকারী'' ও কিছু ''দুষ্কৃতিকারী'র কারসাজি উহা বলিতে বিস্মৃত হয় নাই। গত ২৩ বছরে পাকিস্তানে পররাষ্ট্র নীতির একটি স্তম্ভ ছিল ভারতবিরোধী প্রচারণা করা। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় সেই চিরাচরিত সুরটি ইয়াহিয়া চক্র বর্জন করিবে ইহা আমরা কখনও আশা করি নাই।

কিন্তু গত ১২ই অক্টোবর বেতার ভাষণে ভাতের বিরুদ্ধে আর একবার যুদ্ধের হুমকী বিশেষ তাৎপর্য বহন করে বই কি। অবশ্য পাকিস্তানের শাসনতন্ত্র, জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর প্রভৃতি পুরাতন প্রতিশ্রুতির বুলির ভাঙা রেকর্ড ঘাতক ইয়াহিয়া বাজাইতে ভুলে নাই। দেখা গিয়াছে যে, ইয়াহিয়ার ঘাতকবাহিনীর বর্বরতা নারকীয় অত্যাচার ও গণহত্যার বিরুদ্ধে সাড়ে সাত কোটি বাঙ্গালী এক মন এক প্রাণ হইয়া রুখিয়া দাঁড়াইয়াছে। ইয়াহিয়া চিক্কা চক্র সেদিন ইহা স্বপ্নেও আশা করিতে পারে নাই যে, তাহাদের নজিরবিহীন হত্যাকাণ্ড ও পাশবিক অত্যাচারের বিরুদ্ধে বাঙ্গালী জাতি প্রতিরোধ গড়িয়া তুলিবে, পাল্টা আঘাত হানিবে। গ্রামেগঞ্জে শহরে বন্দরে শত্রুকে পদে পদে বাধা দিবে তাই পরবর্তী সময়ে বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে ইসলামাবাদের জঙ্গী শাসকরা নতুনভাবে প্রচারণা শুরু করিবেন। বিশ্ববাসীকে তাহারা বুঝাইবার চেষ্টা করিয়াছে যে, ভারতই বাংলাদেশ সমস্যা জিয়াইয়া রাখিয়াছে। ভারতে অব্যাহত শরণার্থী স্রোতের মুখেও প্রথমদিকে ইয়াহিয়া গলাবাজী করিয়াছে সর্বক্ষণ। তারপর একন সুর পাল্টাইয়া বলিতেছে যে, ভারত শরণার্থীদের স্বদেশ প্রত্যাবর্ত্তনে বাধা দিতেছে। বাংলাদেশে মুক্তিযুদ্ধ এখন তীব্র হইতে তীব্রতর হইতেছে, দস্যুবাহিনীর অধিকৃত এলাকার উপর মুক্তিবাহিনীর প্রচণ্ড আঘাতে আঘাতে তাই বেসামাল ইয়াহিয়া বারবার ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুমকি দিতেছে। যে মিত্রদের উৎসাহে মন্ত্রণায় ইয়াহিয়া বাংলাদেশে গণহত্যা অব্যাহত রাখিয়াছে সেই মুরববীদের পরামর্শেই সে ভারতের বিরুদ্ধে মুদ্ধের হুঙ্কার দিতেছে। এবারের হুঙ্কারের আগেভাগেই সে ভারতের সীমান্তে সৈন্য সমাবেশ করিয়াছে।

একথা আজ দিবালোকের মত স্পষ্ট যে, মার্কিন সাম্রাজ্যবাদ ইয়াহিয়ার গদী রক্ষা, ততোধিক একটি অবাস্তব ও চরম প্রতিক্রিয়াশীল রাষ্ট্র-পাকিস্তান রাষ্ট্রকে বিপর্যয়ের হাত হইতে রক্ষা করার জন্য ইসলামাবাদের জঙ্গীচক্রকে ভারত আক্রমণে উৎসাহিত করিতেছে। গত মার্চ মাস হইতে জুন মাস পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্র ইয়াহিয়া সরকারকে জঙ্গী জেট বিমানের খুচরা অংশ এবং অন্যান্য অস্ত্রশস্ত্র তথা ট্যাঙ্ক ইত্যাদির খুচরা অংশ সরবরাহ করিয়াছে। বাংলাদেশে অভিযান চালাইয়া পাকিস্তানী বাহিনীর ক্ষয়ক্ষতি সত্ত্বেও উহার বিমান বহর কিংবা ট্যাঙ্কবহর ও ভারী অস্ত্রশস্ত্র এমন কিছু ক্ষতিগ্রস্ত হয় নাই যে, তন্মুহূর্তেই এই সব খুচরা অংশ ও অস্ত্রশস্ত্রের প্রয়োজন পড়িয়াছিল। প্রয়োজবোধে পাকিস্তানকে টিকাইয়া রাখার জন্য ভারতের বিরুদ্ধে যুদ্ধের প্রস্তুতি হিসাবেই ইহা মার্কিন সাহায্যের আগাম অংশ। এইভাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধকে পাক-ভারত সমস্যা হিসাবে মোড় ঘুরাইতে পারিলে

সাম্রাজ্যবাদী শক্তি বিশেষভাবে মার্কিন সাম্রাজ্যবাদ এক ঢিলে দুই পাখি মারিতে পারিবে। বাংলাদেশের মুক্তিযুদ্ধ পাক-ভারত সমস্যার অঙ্গ হিসাবে উহার পৃথক সত্তা হারাইয়া পাক-ভারত সমস্যার লেজুড় হইয়া পড়িবে এবং সাবেক পাকিস্তানকে বহাল তবিয়তে সাম্রাজ্যবাদের আলালের ঘরের দুলাল হিসাবে প্রতিবেশী রাষ্ট্রের দুষ্টগ্রহ হিসাবে টিকাইয়া রাখা হইবে। বাংলাদেশের মুক্তি সংগ্রাম ব্যর্থ হওয়ার একটি মাত্র অর্থ এই মহাদেশের গণতান্ত্রিক শক্তি দুর্বল হওয়া। বাংলাদেশের এই জাতীয় মুক্তি সংগ্রাম প্রথমাবধি সাম্রাজ্যবাদবিরোধী একটি গণতান্ত্রিক আদর্শ ও জাতীয় মুক্তির জন্য বাঙ্গালীরা আজ অস্ত্র ধরিয়াছে। অপরদিকে পাক-ভারত যুদ্ধ বাঁধিলে সাম্রাজ্যবাদী মার্কিন যুক্তরাষ্ট্র এশিয়ার এই খণ্ডে শান্তি স্থাপনের নামে এবার মুরববী সাজিয়া ভারতের প্রতিক্রিয়াশীল শক্তির সহায়তায়-নয়াদিল্লির বর্তমান নিরপেক্ষ নীতিকে বর্জন করিতে বাধ্য করিতে পারিবে। এভাবে ভিয়েতনামে পরাজয়ের গ্লানি ও ক্ষয়ক্ষতি পোষাইয়া লওয়া যাইবে। প্রথমাবধি বাংলাদেশ সমস্যা ''পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার' বলিয়া একদিকে সাম্রাজ্যবাদীদের বকধার্মিক সাজার চেষ্টা এবং অপরদিকে বাংলাদেশ সমস্যা অব্যাহত থাকিলে পাক-ভারত উত্তেজনা বৃদ্ধি পাইবে বলিয়া উহারা দিনরাত চিৎকার করিতেছে। তাহাদের এই সব বাকচাতুর্য ও প্রচারণা তাৎপর্যহীন নহে। এবারের ইয়াহিয়ার বেতার ভাষণ সেই ইঙ্গিতই বহন করে।

মূলতঃ সাম্রাজ্যবাদের এই চক্রান্ত ব্যর্থ করার দায়িত্ব আমাদের। ইয়াহিয়ার দস্যুবাহিনীর উপর আমাদের আক্রমণের প্রচণ্ডতা বৃদ্ধি করিতে হইবে এবং এই সময়ে যে সমস্ত বন্ধু রাষ্ট্র বিশেষভাবে ভারত ও সোভিয়েত ইউনিয়ন বিভিন্নভাবে সাহায্য করিতেছে উহা পরিপূর্ণভাবে অনুধাবন করিতে হইবে। আমাদের মধ্যে তথাকথিত বহু দেশপ্রেমিক হঠাৎ গজিয়া উঠিয়াছেন-তাহারা আমাদের পাঁচ পার্টির এই ঐক্যবদ্ধ সংগ্রামের বিরুদ্ধে কটাক্ষ করিয়া থাকেন এবং ঘটনার বাস্তব বিশ্লেষণের নামে এই কথা বুজাইতে চাহেন যে, বাংলাদেশ সরকারকে সোভিয়েত বক্ষকে ঠেলিয়া দেওয়ার জন্য কারসাজি চলিতেছে। একদিকে সোভিয়েতের ভূমিকা আশানুরূপ নহে বলিয়া তীব্র ক্ষোভ প্রকাশ করা এবং অপরদিকে পাকিস্তানে মার্কিন অস্ত্র সাহায্যের বিরুদ্ধে মামুলী ধরণের নিন্দা করিয়া ইহারা চলিয়াছেন। অথচ প্রতিদিনই সোভিয়েত ইউনিয়ন কোথায় বাংলাদেশ সম্পর্কে কী বলিয়াছে অনুবীক্ষণ যন্ত্র চোখে লাগাইয়া উহার মধ্যে ক্রটি খোঁজেন, উল্লসিত হইয়া উঠেন। যেন ভাবখানা এই যে, 'বলি নাই রাশিয়া নিজের স্বার্থ ছাড়িয়া এক পাও বেশী বাড়িবে না। এই দেখ সোভিয়েত আলজেরিয়া যুক্ত ইস্তেহার, এই দেখ পদগর্নি ইরানে কী বলিয়াছেন।' পাকিস্তানী বেতারের মিথ্যা প্রচারণাকেও এই ক্ষেত্রে কাজে লাগাইতে ইহারা পিছপা নহেন।

বাংলাদেশে ইয়াহিয়ার দস্যুবাহিনী অভিযান চালাইয়া যেখানে হিমশিম খাইতেছে সেখানে কিসের জোরে ইসলামাবাদের সামরিক জান্তা ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুমকি দেয় ইহা একটি বালকও বলিতে পারে। মার্কিন সাম্রাজ্যবাদের চক্রান্ত ছাড়া ইয়াহিয়ার সাধ্য নাই বাংলাদেশ সমস্যা সামনে রাখিয়া ভারতের সহিত যুদ্ধ বাধাইতে সে সাহসী হয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
অবিলম্বে সংগ্রামের সকল স্তরে ঐক্য চাই	নতুন বাংলা ১ম বর্ষঃ ১০ম সংখ্যা	২১ অক্টোবর, ১৯৭১

শত্রু চরম খেলায় মাতিয়াছে
অবিলম্বে সংগ্রামের
সকল স্তরে ঐক্য চাই

(নিজস্ব ভাষ্যকার)

২০শে অক্টোবর। ৬ মাসেরও অধিককাল অতিবাহিত হইল। সংগ্রামের সকল স্তরে এখনও। ঐক্য প্রতিষ্ঠিত হইল না। মুক্তি সংগ্রামে ঐক্যের গুরুত্ব ব্যাখ্যা করার বিশেষ প্রয়োজন পড়ে না। বিশেষতঃ বাংলাদেশের মুক্তিসংগ্রাম আজকের এই মুহূর্তে যে পর্যায়ে আসিয়া উপনীত হইয়াছে, সেখানে সংগ্রামের সকল স্তরে ঐক্য ও সংহতি স্থাপন একেবারে অপরিহার্য হইয়া উঠিয়াছে।

মার্কিন সাম্রাজ্যবাদী খুঁটির জোরে পাকিস্তান বাংলাদেশের মুক্তিসংগ্রামকে ভারতের কাজ বলিয়া প্রমাণের চক্রান্ত হিসাবে ভারতের বিরুদ্ধে বাঁধানোর সকল আয়োজন প্রায় সম্পন্ন করিয়া ফেলিয়াছে। আমরা পূর্বেই বলিয়াছি মুক্তি সংগ্রামকে তীব্রতর করার মধ্য দিয়া এবং শত্রুকে চরম আঘাত হানিয়াই এই চক্রান্তের জবাব দিতে হইবে। অন্যথায় এই চক্রান্ত সফল হইলে বাংলাদেশের মুক্তি সংগ্রামের ক্ষেত্রে সাময়িকভাবে হইলেও বিঘ্ন সৃষ্টি হইবে।

বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী লীগ এই ঐক্য ও সংহতির জন্য বারবার প্রচেষ্টা চালাইয়া আসিতেছে। বাংলাদেশের কমিউনিস্ট পার্টির এই প্রচেষ্টা চালাইয়া আসিতেছে। সম্প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদও মুক্তিফৌজের সদ্য ট্রেনিংপ্রাপ্ত জোয়ানদের এক সমাবেশে ভাষণ দানকালে এই ঐক্যের প্রতি গুরুত্ব আরোপ করিয়াছেন।

আজ (বুধবার) ২০শে অক্টোবর আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির বৈঠক অনুষ্ঠিত হইতেছে। সময়ের দিক হইতে এই বৈঠক খুবই তাৎপর্যপূর্ণ। রাজনৈতিক পর্যবেক্ষক মহল আশা করেন যে, ইতিপূর্বে উপদেষ্টা পরিষদ গঠনের ব্যাপারে যে প্রজ্ঞা প্রদর্শন করা হইয়াছে, আওয়ামী লীগের এই বৈঠকে সংগ্রামের সকল স্তরে ঐক্য স্থাপনের ব্যাপারে ততোধিক প্রজ্ঞা প্রদর্শিত হইবে।

আমাদের মনে রাখিতে হইবে যে, মুক্তিযুদ্ধে নিয়োজিত সংগ্রামী রাজনৈতিক দল ও শক্তিসমূহের সার্বিক ঐক্যই আমাদের শক্তি। অনৈক্যের ফলে শত্রুরই লাভ হইতে পারে। তাহা ছাড়া দেশমাতৃকার প্রশ্নে ভেদ বুদ্ধি সংকীর্ণতার কোন অবকাশ থাকিতে পারে না আর যদি থাকে তাহা হইলে তা শত্রুকেই সাহায্য করে শত্রু এখন চরম খেলায় মাতিয়া উঠিয়াছে। আশা করা হইতেছে, সংগ্রামী শক্তিসমূহের সুদৃঢ় সংহতি স্থাপন করিয়া শত্রুর খেলাকে বানচাল করা হইবে এবং বাংলাদেশের মুক্তি সংগ্রামকে ত্বরান্বিত করা হইবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই	নতুন বাংলা ১ম বর্ষঃ ১৩শ সংখ্যা	১১ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই

আট মাস যাবৎ আমাদের মুক্তিযুদ্ধ চলিতেছে। একদিকে ইসলামবাদের জঙ্গী সরকারকে মার্কিন সাম্রাজ্যবাদ অস্ত্র সাহায্য করিতেছে, গণচীন তাহাকে অভয়বাণী শুনাইতেছে অন্যদিকে তাহারা বিশ্বশান্তির জিম্মাদার সাজিয়া বাংলাদেশের একটা শান্তিপূর্ণ মীমাংসার জন্য আগ্রহ প্রকাশ করিতেছে।

ইয়াহিয়ার গণহত্যার মুখে ইহারা নীরব ছিল। আমেরিকা ও বৃটেন ইহাকে এখনও পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার বলিয়া চালাইতেছে। ইন্দোনেশিয়ার ব্যাপক গণহত্যার সময় আমরা গণচীনকে ধিক্কার বাণী উচ্চারণ করিতে শুনিয়াছি। এমন কি কূটনৈতিক সম্পর্ক পর্যন্ত ছিন্ন করিয়াছে। কিন্তু বাংলাদেশের গণহত্যায় আজ মহাচীন নীরব। যুদ্ধের প্রশান্তি তার চোখেমুখে, এপ্রিল মাসে ব্যাপক গণহত্যার মুখে ঢাকায় বাক্স বাক্স গুড়া দুধ পাঠাইয়াছে সাহায্য বাবদ। কাদের জন্য সে সাহায্য ছিল, কেন দেওয়া হইয়াছিল আমরা জানি না।

ভারত ৯০ লক্ষ শরণার্থীকে আশ্রয় দিয়াছে। তাহাদের দায়দায়িত্ব কার্যতঃ একাই বহন করিতেছে। পাকিস্তানের উস্কানীর মুখে এখনও সংযমের পরিচয় দিতেছে। বাংলাদেশ সমস্যাকে এখন পাক-ভারত সমস্যা রূপে দাঁড় করাইবার জন্য সাম্রাজ্যবাদীদের চোখের ঘুম গিয়াছে। তাহাদের চোখের ঘুম আরও একটি কারণে গিয়াছে। পাকিস্তানে অখণ্ডতা রক্ষার জন্য তাহাদের আশার গুড়ে বালি। বাংলাদেশ পূর্ণ স্বাধীনতার জন্য লড়িতেছে। লক্ষ লক্ষ প্রাণের বিনিময়ে, হাজার হাজার মা-বোনের ইজ্জতের বিনিময়ে তাহারা ঘাতক ইয়াহিয়ার পাকিস্তানের ছত্রছায়ায় নামকাওয়াস্তে থাকিতেও নারাজ। সাম্রাজ্যবাদীদের সাধের ঘাঁটি পাকিস্তানের এই হালে বিচলিত হইয়া তাহারা শরণার্থীদের মধ্যে টাকা ঢালিতেছে। মুক্তি সংগ্রামে শরিক অঙ্গদলগুলির মধ্যে বিভ্রান্তি সৃষ্টির জন্য টাকা ঢালিতেছে। কোন কোন রাজনৈতিক দলের নাম দিয়া সুকৌশলে ছয় দফার পক্ষে গণভোট নেওয়ার জন্য গোপনে শরণার্থীদের মধ্যে প্রশ্নাবলী ছাপাইয়া বিলাইতেছে। ইহাদের উদ্দেশ্য যেন মুক্তিযুদ্ধে শরিক অঙ্গদলগুলি পরস্পরকে সন্দেহ করে। তারপর কাদা ছোড়াছুড়ি। নিজেদের মধ্যে সংঘর্ষ। কিন্তু তাহাদের এইসব চালে দেশপ্রেমিক বাঙালীদের আর ভোলানো যাইবে না।

একথা আজ পরিষ্কার করিয়া বলার সময় আসিয়াছে যে, ইঙ্গ-মার্কিন সাম্রাজ্যবাদ আমাদের মুক্তি সংগ্রামের চিরশত্রু। ইয়াহিয়ার জঙ্গীচক্রের হত্যাকাণ্ডে যে সব দেশ বড় বড় আদর্শের বুলি সত্ত্বেও নীরব থাকিয়াছে, সামান্য নিন্দা ভাষণে যাহাদের আপত্তি, পাকিস্তানের অখণ্ডতার জন্য যাহারা মাথাব্যথার পরিচয় দেন তাহারাও আমাদের মুক্তি সংগ্রামের পক্ষে নহে। আমাদের মুক্তি সংগ্রামের শত্রু তথাকথিত শরনার্থী বুদ্ধিজীবী যাহারা বাংলাদেশের এই দুঃসময়ের মিত্রদের উপর কটাক্ষ করিয়া টু পাইস কামাইতেছেন আর মুখে বলিতেছেন যে স্বাধীন বাংলাদেশ তাহাদের কাম্য। এই সব ভণ্ড দেশপ্রেমিক সাম্রাজ্যবাদীদের দালালরা শ্মশানের প্রান্তচর বাসী জীবদের মতই ঘৃণ্য। দেশবাসীর উচিত ইহাদের চিনিয়া রাখা।

আমাদের মুক্তিযুদ্ধে যাহারা নৈতিক সমর্থন যোগাইতেছে তাহাদের বিরুদ্ধে প্রচারণা চালানোর অর্থ মুক্তিসংগ্রামের ক্ষতি করা, ইহা একটি বালকেও বুঝে কিন্তু আমাদে তথাকথিত স্বাধীন বুদ্ধিজীবীরা উহা বুঝেন না এমন নহে। আজ সোভিয়েট ইউনিয়ন, বিশ্ব শান্তি পরিষদ, বিশ্ব ইউনিয়ন ফেডারেশন বিশ্ব জনমত বাংলাদেশের মুক্তি সংগ্রামের পক্ষে সংগঠন করিতেছে। এই সব বুদ্ধিজীবীদের লেখায় তাহার স্বীকৃতি নাই।

কোথায় বাংলাদেশের বুদ্ধিজীবীরা বিশ্ব জনমত গঠনের জন্য কলম ধরিবেন তাহা না করিয়া, অন্ধ সোভিয়েট বিদ্বেষের বস্তাপচা খেউড় যত্রতত্র আওড়াইয়া মার্কিন প্রভুর মনোরঞ্জন করেন। আর তাদের মোসাহেবদের বাহবা কুড়াইয়া থাকেন।

বাংলাদেশ শত্রু কবলমুক্ত না হওয়া পর্যন্ত যোদ্ধারা অস্ত্র সংবরণ করিবে না। পাকিস্তানের মধ্যে বাংলাদেশ সমস্যার সমাধানের কোন প্রস্তাব কখনই কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নহে। কোন মহলের এই ধরনের প্রচেষ্টার অর্থ মুক্তিযুদ্ধের পৃষ্ঠদেশে ছুরিকাঘাতের সামিল। দেশপ্রেমিক বাঙ্গালীরা এই ধরণের মীরজাফরী চক্রান্ত ঐক্যবদ্ধভাবে ব্যর্থ করিত দৃঢ়প্রতিজ্ঞ। বাংলাদেশের স্বাধীনতা সূর্যোদয়ের মতই অনিবার্য।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ইয়াহিয়ার যুদ্ধ চক্রান্ত ও তাহার দোসররা	নতুন বাংলা ১ম বর্ষঃ ১৩শ সংখ্যা	১১ নভেম্বর, ১৯৭১

ইয়াহিয়ার যুদ্ধ চক্রান্ত ও তাহার দোসররা

(নিজস্ব ভাষ্যকার)

বাংলাদেশের মুক্তি সংগ্রাম দমনে ব্যর্থ মনোরথ ইয়াহিয়া ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুঙ্কার দিয়াছে। গত আগষ্ট মাসে ইয়াহিয়া সদম্ভে ঘোষণা করিয়াছিল প্রয়োজন হইলে ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিব। প্রথম হইতেই ইয়াহিয়া সাহেব বাঙ্গালী মুক্তিযোদ্ধাদের 'ভারতীয় অনুপ্রবেশকারী' বলিয়া বিশ্ববাসীর চোখে ধোঁকা দিতে চাহিয়াছিল। ভারতে তাহার অত্যাচারে মুখে আশ্রয়গ্রহণকারী শরণার্থীদের ভারত কর্তৃক সীমান্তে প্রেরিত ভারতীয় বেকার বলিয়া মিথ্যা অপপ্রচার চালাইয়াছে।

ইয়াহিয়ার উদ্দেশ্য ছিল তথাকথিত ইসলামী রাষ্ট্র হইতে অবাঞ্চিত ব্যক্তিদের ভারতে তাড়াইয়া দেওয়া, বাঙ্গালী জাতীয়তাবাদ ধ্বংস সাধন, বাংলাদেশের মুক্তিযুদ্ধকে রক্তের বন্যায় ডুবাইয়া দিয়া স্বীয় অপকর্মের বোঝা ভারতের ঘাড়ে চাপানো, সেখানে সাম্প্রদায়িক সংঘর্ষ বাধাইয়া ভারতীয় মুসলীমদের জন্য মায়াকান্না এবং বিশ্বের দরবারে নিজেদের ২৪ বছরের সাম্প্রদায়িক শাসন-শোষণের পক্ষে সাফাই গাওয়া। কিন্তু জাগ্রত বাঙ্গালী হিন্দু মুসলমান বৌদ্ধ খৃষ্টান নির্বিশেষে ইয়াহিয়ার এই শয়তানীর বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইয়াছে। সাড়ে সাত কোটি বাঙ্গালী জাতীয়তাবাদের দুই যুগব্যাপী মুখোশ ছিঁড়িয়া ফেলিয়াছে। ভারত উপমহাদেশে সাম্প্রদায়িক রাজনীতির কবর রচনা করিতেছে।

স্বাভাবিকভাবেই সাম্রাজ্যবাদী মহল বিশেষভাবে মার্কিন সাম্রাজ্যবাদ ইহাতে প্রমাদ গুনিয়াছে, তাহারা ইয়াহিয়ার মুখের বুলি লুফিয়া লইয়াছে। পাক-ভারত উত্তেজনার অজুহাত তুলিয়া বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে বানচাল করিতে চাহিতেছে।

সাম্রাজ্যবাদীদের প্রত্যক্ষ উৎসাহে ইয়াহিয়া ভারত সীমান্তে সৈন্য সমাবেশ করিয়াছে। অন্ততঃ দুইবার সে স্পষ্টভাবেই ভারত আক্রমণ করিবে বলিয়া বড়াই করিয়াছে। সাম্রাজ্যবাদী মার্কিন সরকার উহার নিন্দা করা দূরে থাকুক একটু বিচলিত ভাব পর্যন্ত দেখায় নাই। এখন ভারত আত্মরক্ষার জন্য যেইমাত্র সীমান্তে সৈন্য মোতায়েন করিয়াছে অমনি তাহারা ভারতকে সংযম ধরিবার জন্য উপদেশ খয়রাতি শুরু করিয়াছে।

জাতিসংঘের পর্যবেক্ষক পাঠাবার তাল মাঠে মারা যাওয়ার পর এবার সাম্রাজ্যবাদী মহল ভারত আক্রমণের জন্য পাকিস্তানকে উস্কানী দিতেছে। মার্কিন সাম্রাজ্যবাদী সরকার ইয়াহিয়াকে অস্ত্র সরবরাহ করিতেছে। ফ্রান্স ও পশ্চিম জার্মানীও অস্ত্র দিতেছে বলিয়া খবর পাওয়া গিয়াছে। অন্ততঃ ইয়াহিয়ার উক্তি হইতে এ রকম একটা আভাস পাওয়া যায়। চীনে একটি সামরিক প্রতিনিধি দল পাঠাইয়াছে, উদ্দেশ্য ভারত আক্রমণ করিলে চীনের কাছ হইতে কী ধরণের সাহায্য ও সমর্থন পাইবে উহা যাচাই করা। পিকিং কর্তৃপক্ষের সুর হইতে মনে হয় তাহরা সরাসরি এ ব্যাপারে এখনে হয়তো আগাইয়া আসিবে না। তবে মার্কিন সরকারের সহিত একটা অন্ততঃ মিল পাওয়া যায় চীনা অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী পেং ফেইর মন্তব্যে। তিনি বাংলাদেশ প্রশ্নে ইয়াহিয়ার কথিত সমাধানে বিশ্বাসী। তিনি পাকিস্তান ও ভারতকে বিরোধ মীমাংসার জন্য আহবান জানাইয়াছেন। এক কোটি শরণার্থী সম্পর্কে তিনি নীরব। কিন্তু পাকিস্তানের অখণ্ডতা রক্ষায় তাহার আগ্রহ হইতে বুঝা যায় তিনি বাংলাদেশে কী ধরণের সমাধান কামনা করেন। বলা বাহুল্য তাহার ধ্যান ধারনার সহিত বাস্তবতার কোন যোগ নাই।

সামরিক জোটের গাঁটছড়ায় আবদ্ধ পাকিস্তানের যুদ্ধংদেহী মনোভাব চীনের চোখে পড়ে না। বারংবার পাকিস্তানকে আশ্বাস দিতেছে যে, বহিরাক্রমণের বিরুদ্ধে চীন তাহাকে সাহায্য করিবে ও সমর্থন জানাইবে। সাম্রাজ্যবাদীদের পাণ্ডা আমেরিকা পর্যন্ত এ কথা বিশ্বাস করে না যে, ভারত পাকিস্তান আক্রমণ করিবে। অথচ চীনের মত একটি সমাজতান্ত্রিক রাষ্ট্র পাকিস্তানের ফ্যাসিস্ট সরকারের আস্ফালনকে প্রশ্রয় দেয় ইহা দুঃখের বিষয়। চীনের সংগ্রামী ঐতিহ্যের ইহা বিরোধী।

পাক-ভারত সীমান্তে আজ যুদ্ধের ঘনঘটা। পাকিস্তান সমস্ত সীমান্ত রীতি লঙ্ঘন করিয়া সৈন্য সমাবেশ করিয়াছে। ভারতের আকাশসীমা লঙ্ঘন এবং ভারতীয় এলাকায় গোলাবর্ষণ করিয়া যুদ্ধের উস্কানী দিতেছে এবং এখনও মুক্তিসংগ্রামীদের ''ভারতীয় অনুপ্রবেশকারী'' বলিয়া ভারতকে আক্রমনকারী হিসাবে চিহ্নিত করিয়া যুদ্ধ বাধাইবার ফিকির খুঁজিতেছে।

একথা স্পষ্ট বাংলাদেশের মুক্তিযুদ্ধকে পাক-ভারত যুদ্ধে রূপ দিয়া আমাদের স্বাধীনতার প্রশ্নটি ধামাচাপা দেওয়া ও সংগ্রাম বানচাল করাই মার্কিন সাম্রাজ্যবাদদের আশু লক্ষ্য। ইসলামাবাদের জঙ্গীশাহী উহা কার্যকরি করিতে ব্যগ্র।

ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী বিশ্বের বিভিন্ন রাষ্ট্র সফরে গিয়াছেন। তাঁহার উদ্দেশ্য শরণার্থী সমস্যার মূলে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম দমন করার জন্য ইয়াহিয়ার বর্বরতা কাজ করিতেছে তৎসম্পর্কে রাষ্ট্রপ্রধানদের দৃষ্টি আকর্ষণ। বৃটিশ ও মার্কিন যুক্তরাষ্ট্র তাহার কথায় কর্ণপাত করে নাই। তাহার ইতাকে পাকিস্তানে আভ্যন্তরীণ ব্যাপার এবং পাক-ভারত উত্তেজনা হ্রাসের জন্য সীমান্ত হইতে উভয় পক্ষের সৈন্যাপসারণের 'সদুপদেশ' দিয়াছে। ইসলামী জাতীয়তাবাদের পক্ষে অবাঞ্চিত বাঙ্গালীদের নিধন ও বিতাড়নে ইয়াহিয়ার কলঙ্কিত হাতের সহিত বাঙ্গালীদের হাত মিলাইবার জন্য ইহারা উঠিয়া পড়িয়া লাগিয়াছে। আর এই মহৎ কাজের জন্য পাক-ভারত যুদ্ধকে অনিবার্য করিয়া তোলাই ইহাদের লক্ষ্য। নিক্সন সরকার ইন্দিরা গান্ধীকে তাহাদের এই পরিকল্পনায় সামিল করার জন্য চেষ্টা করিয়াছে। কিন্তু ইন্দিরাজীর দৃঢ়তার কাছে নিক্সনের চাল ব্যর্থ হইয়াছে। বৃটেনের প্রধানমন্ত্রী হীথ সাহেবও সুবিধা করতে পারেন নাই। এই দুই দেশে সাংবাদিক সম্মেলনে ইন্দিরাজীর চোখা চোখা জবাবে ঝানু সাংবাদিকগণও সুবিধা করিতে পারে নাই। এই পর্যায়ে ইন্দিরা তাহাদের প্রশ্নের জবাবে পাল্টা প্রশ্ন করেন উথান্ট অথবা অন্য কেহ কি শরণার্থীদের ভারতের ঘাড়ে চাপাইয়া দিয়া এখন ইয়াহিয়া সাহেব বলিতেছেন ভারত শরণার্থীদের ফিরিতে দিতেছে না, শরণার্থী সমস্যা সৃষ্টির দায়িত্ব স্মরণ করাইয়া দিয়াছেন ভারতের প্রধানমন্ত্রী তাহার সফরের ফলে বাংলাদেশের প্রকৃত সমস্যার চেহারাটা বিশ্বের চোখে আরও স্পষ্ট হইয়াছে।

কিন্তু সাম্রাজ্যবাদীরা হাল ছাড়িবার পাত্র নয়। তাহারা ভারত উপমহাদেশে যুদ্ধ বাধাইবার চক্রান্ত হইতে সরিয়া দাঁড়ায় নাই। বিশেষভাবে মার্কিন যুক্তরাষ্ট্র ৩৬ লক্ষ ডলার মূল্যের অস্ত্র সরবরাহের লাইসেন্স বাতিল করিয়া সম্প্রতি সাধু সাজার চেষ্টা করিতেছে। কিন্তু সিয়াটো এবং সেন্টোভুক্ত পাকিস্তানের দোস্ত রাষ্ট্রদের মাধ্যমে অস্ত্রশস্ত্র এমনকি বিমান সরবরাহ পুরাদমে চলিয়াছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ নিক্সনের হুমকি ও সপ্তম নৌবহর	নতুন বাংলা ১ম বর্ষঃ ১৮শ সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

নিক্সনের হুমকি ও সপ্তম নৌবহর

বাংলাদেশ মুক্তির দ্বারপ্রান্তে। ঢাকা শহরকে শত্রুকবলমুক্ত করার জন্য তুমুল যুদ্ধ চলিতেছে। বাংলাদেশের মাটি হইতে হানাদারী শত্রুকে নিশ্চিহ্ন করার এই চূড়ান্ত সংগ্রামের মুহূর্তে নিক্সন হুমকি দিয়াছে। আক্রমণকারী ইসলামাবাদের জঙ্গীচক্রকে যুদ্ধ বন্ধ করিতেবলার পরিবর্তে নিক্সন ভারতের বিরুদ্ধে হুঙ্কার দিতেছে। জঙ্গী ইয়হিয়ার বুট চুম্বনকারী মাও সেতুঙ-এর চীন তার দোসর।

বাংলাদেশে সরাসরি হস্তক্ষেপের জন্য নিক্সন সরকার বঙ্গোপসাগরে সপ্তম নৌবহর পাঠাইয়া দিয়েছে। এইভাবে ঊনবিংশ শতাব্দীর গানবোট পলিসি আজ নিক্সন সরকার গ্রহন করিয়াছে। ভারতকে ভয় দেখাইয়া ও হুমকি দিয়া বাংলাদেশে শত্রুর বিরুদ্ধে মিত্রশক্তির অভিযানকে বানচাল করাই ইহার লক্ষ্য। ইহা নিক্সন সাহেবদের পুরাতন খেলা। দ্বিতীয় মহাযুদ্ধের পর ১৯৪৮ সালে ইতালীর সাধারণ নির্বাচনের সময় আতলান্তিক সাগরে ও ভূমধ্যসাগরে আমেরিকা নৌবহর পাঠাইয়াছিল। লেবাননে প্রেসিডেন্ট নির্বাচনের সময় ১৯৫৩ সালে ৬ষ্ঠ নৌবহর হইতে বৈরুতে সৈন্য নামাইয়াছিল। দক্ষিণ আমেরিকার বিভিন্ন দেশে গণতান্ত্রিক সরকারের পতন ঘটানোর জন্য সেখানকার সমুদ্রে বার বার নৌবহর পাঠাইয়াছে্ আজ স্বাধীন বাংলাদেশকে আঁতুড়ঘরে গলাটিপিয়া মারার জন্য সপ্তম নৌবহর পাঠাইয়াছে। বাংলাদেশের দরিয়া বঙ্গোপসাগরে। কিন্তু স্বাধীন বাংলাদেশকে গলা টিপিয়া মারা তাহার অসাধ্য। তুবও সপ্তম নৌবহর পাঠাইবার পিছনে তাহার আরও একটি উদ্দেশ্য রহিয়াছে তাহা হইল স্বাধীন্ বাংলাদেশের সরকারকে ভয় দেখানো। এজন্যই বাংলাদেশের মার্কিন নাগরিকদের নিরাপত্তা বিধান ও উদ্ধারের জন্য নৌবহর পাঠান হইয়াছে বলিয়া সাফাই গাহিতেছে। যেখানে পাকিস্তানের করাচী প্রভৃতি শহরের মার্কিন নাগরিকদের বিমান অপসারণ করা হইয়াছে সেখানে বাংলাদেশে নৌবহর পাঠানো কেন? বাংলাদেশের ঢাকা শহর হইতে অন্যান্য বিদেশী যাত্রীদের যেভাবে বিমানে অপসারণ করা হইয়াছে তাহারা সে পথে কেন গেল না? তাহাদের উদ্দেশ্য দ্বিবিধ, আত্মসমর্পণে ইয়াহিয়া প্রথমে অনুমতি দিয়াছিল কিন্তু পরে মত পাল্টাইয়াছে। সপ্তম নৌবহরের গতিবিধি পাকিস্তান সরকার উল্লাসের সহিত বারবার ঘোষণায় উল্লেখ করিতেছে।

প্রথম উদ্দেশ্যের কথা আগেই বলিয়াছি। অপরদিতে 'কাগজের বাঘে'র নয়া দোস্ত চীন ইয়াহিয়ার পক্ষ লইয়া জাতিসঙ্ঘের নিরাপত্তা পরিষদে আর পিকিং-এর বেতারে ভারতবিরোধী কুৎসা চালাইতেছে। বাংলাদেশের মুক্তি সংগ্রামের পদে পদে বিরুদ্ধাচারণ করিতেছে।

কোথায় গেল তাহার বড় বড় সাম্রাজ্যবাদবিরোধী বুলি। সপ্তম নৌবহরের এই গতিবিধিতে চীন নীরব কেন? আমরা চীনকে তার নিজের চরকায় তেল দিতে বলি। দেশের অবিচ্ছেদ্য অংশ তাইওয়ানে মার্কিন ঘাঁটি তাহার চোখে পড়ে না, চোখে পড়ে বাংলাদেশে ভারতীয় সৈন্যের অভিযান। মর্কিন সাম্রাজ্যেবাদ তাইওয়ান দখল করিয়া রাখিয়াছে। তই নিয়া জাতিসঙ্ঘ ও নিরাপত্তা পরিষদে তাহার গলাবাজী শুনি না। শুনি ভারত নাকি পাকিস্তানের একটা অংশ দখল করিয়া নিতেছে। মহান চীনকে তাহার বর্তমান নেতারা মার্কিন সাম্রাজ্যবাদের গাধাবোটে পরিনত করিয়াছে।

তাই মার্কিন সপ্তম নৌবহরের গতিবিধির সহিত তাল মিলিইয়া চীন ভারতের উত্তর সীমান্তে তিব্বতে সৈন্য মোতায়েন করার উদ্যোগ নিয়াছে। তিব্বতে চীনা সৈন্য চালাচলের পিছনে ভারতকে ব্লাকমেইল করার দুরভিসন্ধি রহিয়াছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
স্বাধীন বাংলাদেশে সরকার সমীপেষু	নতুন বাংলা ১ম বর্ষঃ ১৮শ সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

স্বাধীন বাংলাদেশে সরকার সমীপেষু

আজ একথা আর বলিবার প্রয়োজন রাখে না যে-গণতন্ত্র ও সমাজতন্ত্রের আদর্শকে সমনে রাখিয়াই এ দেশের কৃষক, শ্রমিক, ছাত্র ও যুবক স্বাধীনতার লড়াইয়ে জীবন দিয়াছে। জীবন ছাড়া যেমন জীব হয় না্ তেমনি গণতন্ত্র ও সমাজতন্ত্র ছাড়া স্বাধীনতার কোন অথ্য হয় না। কৃষকরা বলাবলি করিতেছে এবারে তারা জমি পাইবে, পাটের ন্যায্য মূল্য পাইবে, প্রতিদিনের প্রয়োজনীয় জিনিষপত্রের দাম কমিবে, ঘুষ রিশওয়াত ও অন্যান্য দুর্নীতির হাত হইতে মুক্তি পাইবে। শ্রমিক মনে করে সে তার বঁচার মত ন্যায্য মজুরি পইবে। ছাত্র ভাবে এবার তার লেখাপড়ার সুযোগ হইবে। যুবক মনে করে এবার তাঁর চাকুরীর সংস্থান হইবে। এক কথায়- আজ এ দেশের কৃষক, শ্রমিক, ছাত্র, শিক্ষক, বৃদ্ধ, নর-নারী, ডাক্তার, করিরাজ, দোকানদার-ব্যবসায়ী রিক্সাওয়ালা ক্ষেতমুজুর আপামর জনসাধারণ ভাবিতেছে-পারিব এবারে মানুষের মত বাঁচিতে কথা বলিবার অধিকার পাইব। মানুষকে মানুষের মত বাঁচিতে দেওয়া ও তাঁকে কথা বলিবার অধিকার দেওয়া এবং তার কথা মত কাজ করা এই-ই হইতেছে গণতন্ত্র ও সমাজতন্ত্রের সারমর্ম। এই লক্ষ্যকে সামনে রাখিয়াই আজ আমাদের আগাইয়া যাইতে হইবে। গণতন্ত্র ও সমাজতন্ত্রে বিশেষ করিয়া সমাজতন্ত্রে এক লাফে পৌঁছান যায় না তাই, আমাদের তিন পর্যায়ে কাজ করিয়া যাইতে হইবে।

প্রথম পর্যায়ঃ

আশু ব্যবস্থা ও কার্যাবলী

১। অন্তর্বর্তীকালীন জাতীয় সরকারের স্বরূপ

ক) বাংলাদেশের মুক্তি সংগ্রামে সক্রিয়ভাবে অর্শগ্রহণকারী দলসমূহের প্রতিনিধিদের লইয়া সরকার গঠন করিতে হইবে।

খ) রাষ্ট্রের প্রশাসন ব্যবস্থা প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী এবং তাহার মন্ত্রিসভার সদস্যগণ পরিচলনা করিবেন। স্বাধীনতা সংগ্রামে অশগ্রহণকারী দলগুলি কর্তৃক ইহারা মনোনীত হইবেন।

গ) ক ধারায়া সুস্পষ্টভাবে ঘোষিত নীতি সরকারের সকল স্তরে অনুসরণ করিতে হইবে।

ঘ) সরকারী পদস্থ কর্মচারী এবং স্বায়াত্তশাসিত, আধা-স্বায়াত্তশাসিত সরকারী সংস্থার পদস্থ কর্মচারী ও সাধারণ কর্মচরী এবং নির্বাচিত প্রতিনিধিদের মধ্য হইতে দালালদের বহিস্কারের জন্য উপযুক্ত স্ক্রীনিং পদ্ধতি স্থির করিতে হইবে।

ঙ) সকল স্তরে যেমন থানা, মহকুমা, জিলা, বিভাগ এবং জাতীয় স্তরে অন্তবর্তীকালীন সময়ে প্রশাসন পূর্বের মত চলিতে থাকিবে। বাংলাদেশের জনগণের স্বার্থে পদস্থ কর্মচারী ও সাধারণ কর্মচারীদের কার্যনির্বাহ করিতে হইবে।

চ) পাকিস্তান সরকারের সর্বপ্রকার দমনমূলক ও গণবিরোধী আইন, অর্ডিন্যান্স এবং সার্কুলার (ঘোষণা) প্রত্যাহার করিতে হইবে।

ছ) যুদ্ধাপরাধী এবং দালালদের বিচারের জন্য বিশেষ আদালত স্থাপন করিতে হইবে এবং বিধিবিধান প্রণয়ন করিতে হইবে।

জ) মুক্তিযোদ্ধাদের বীরত্বপূর্ণ কাজ, সাহস ও ত্যাগের স্বীকৃতিদান এবং তজ্জন্য পুরস্কৃত করার ব্যবস্থা করিতে হইবে

২। শরণার্থীদের পুর্নবাসন

ক) শরনার্থীদের ফিরাইয়া লইবার জন্য ভারত ও বার্মা সরকারের সহযোগিতায় উপযুক্ত লিয়াজোঁ (যোগাযোগ) ব্যবস্থা সংগঠিত করিতে হইবে।

খ) শরণার্থীদের আশ্বাস প্রদান ও নিরাপদ প্রত্যাবর্তনের নিমিত্ত সকল শরণার্থী শিবির ও শরণার্থীদের আস্তানাগুলিতে সর্বদলীয় কমিটিগুলিকে সফরে যাইতে হইবে।

খ) স্ব স্ব এলাকায় শরনার্থীদের গ্রহনের নিমিত্তে উপযুক্তভাবে সংগঠিত অভ্যর্থনা ব্যবস্থ গড়িয়া তুলিতে হইবে। এইসব অভ্যর্থনা কমিটি সর্বদলীয় ভিত্তিতে হইতে হইবে।

ঘ) শরনার্থীদের স্থাবর অস্থাবর সম্পত্তি ফেরৎ পাওয়ার ব্যবস্থা করা।

ঙ) শরনর্থীদের পুর্নবাসনের জন্য সাহায্য সংগঠিত করা।

চ) সমাজসেবামুলক ত্রানকার্য সংগঠিত করা-অনাথ, বিধবা, বৃদ্ধ, এবং পঙ্গু ব্যক্তিদের রক্ষণাবেক্ষণ।

ছ) জমি বেদখল, জোরপূবক বাড়ী দখল এবং এক এলাকার লোক অন্য এলাকায় জোরপূর্বক অপসারণ কঠোরভাবে নিষিদ্ধ করা।

৩। খাদ্য সবরাহ

ক) দেশের অভ্যন্তর ও বাহির হইতে খাদ্য সংগ্রহের নিমিত্তে এবং বিভিন্ন এলাকার প্রয়োজন অনুসারে ইহার সমবন্টনের জন্য সরকারকে সরকারী সংস্থা স্থাপন ও সংগঠিত করিতে হইবে।

খ) মজুতকরণ, চোরাকারবারি, মুনাফাবাজীর ক্ষেত্রে কঠোর শাস্তিদানের ব্যবস্থা করিতে হইবে। চোরাচালান বন্ধের জন্য কঠোর বিধি-নিষেধ আরোপ করিতে হইবে।

গ) খাদ্য ও জীবনধারণের পক্ষে অপরিহার্য দ্রব্যাদির উপযুক্ত মূল্য বাঁধিয়া দিতে হইবে যেন উৎপাদকগণ তাহাদের পণ্যের ন্যায্য মূল্য পাইতে পারে।

ঘ) যথারীতি ফসলকাটা ও বীজ বপনের নিশ্চয়তার সপক্ষে ব্যবস্থা গ্রহন করিতে হইবে।

ঙ) সার, কীটনাশক ঔষধ ও শস্যের রোগ নিবারক ঔষধের ব্যবস্থা করিতে হইবে।

৪। **যোগাযোগ ব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠা**

ক) সকল ক্ষতিগ্রস্ত বিমান বন্দর, সড়ক, সেতু, আভ্যন্তরীণ নৌ চলাচল, টার্মিনাল, খেয়াতরী রেল লাইন, অবলম্বে মেরামত করিতে হইবে।

খ) যাত্রীসাধারণ বহন ও মালবহনের জন্য সকল বে-সরকারী সরকারী যানবাহন সরকারের কর্তৃত্বে লইতে হইবে। এবং অবিলম্বে চালু করিতে হইবে।

গ) টেলিগ্রাফ, টেলিফোন, টিলিকমিউনিকেশন (টেলিযোগাযোগ) এবং ডাক ব্যবস্থ অবিলম্বে পুনঃপ্রতিষ্ঠা করিতে হইবে।

ঘ) যাত্রীসাধারণ ও মাল বহনের জন্য সরকারী পরিবহনের ভাড়া শতকরা ২৫ ভাগ হ্রাস করিতে হইবে।

বাংলাদেশে সর্বত্র যাহাতে জ্বালানী এবং জ্বালানী তেল পাওয়া যায় উহার ব্যবস্থা করিতে হইবে।

চ) রেডিও ও টেলিভিশন কেন্দ্র চালু করিতে হইবে। সর্বদলীয় উপদেষ্টা কমিটির নির্দেশ মোতাবেক রেডিও টেলিভিশনে প্রচার কার্য চালাইতে হইবে।

৫। সংবাদপত্র ও সংবাদ প্রচার মাধ্যম

ক) পাক জঙ্গীচক্র সমর্থনকারী ও সহযোগী সংবাদপত্র ও সংবাদ সরবরাহ প্রতিষ্ঠান এবং অন্যান্য সংবাদ ও মতামত প্রচারমাধ্যম বাজেয়াপ্ত করিতে হইবে। বাংলাদেশের স্বার্থবিরোধী বাংলাদেশে যে সকল সংবাদপত্র বর্তমানে চালু রহিয়াছে সেগুলি নিষিদ্ধ করিতে হইবে। ১৯৭১ সালের ২৫শে মার্চ সামরিক জান্তার আক্রমনের পর সংবাদপত্রগুলি যে নামে প্রকাশিত হইত সে নামে সেগুলিকে আর প্রকাশের অনুমতি দেওয়া চলিবে না।

৬। বিদ্যুত সরবরাহ

ক) সকল ক্ষতিগ্রস্ত বিদ্যুৎ কেন্দ্র মেরামত করিতে হইবে। এবং বিদ্যুৎ সরবরাহ লাইন পুনরায় স্থাপন করিতে হইবে।

খ) বিদ্যুৎ কেন্দ্র চালু রাখার জন্য ব্যবস্থ অবলম্বন করিতে হইবে।

গ) গ্যাস সরবরাহ পুনরায় করিতে হইবে।

৭। শিক্ষাব্যবস্থা

ক) প্রাথমিক এবং উচ্চ বিদ্যালয়, কলেজ বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে অবিলম্বে শিক্ষাদান কার্য শুরু করিতে হইবে।

খ) জাতীয় প্রয়োজনের উপযোগী এবং স্বাধীন বাংলাদেশের আশা-আকাঙ্ক্ষার উপযোগী পাঠ্যসূচীর আশু সংশোধন করিতে হইবে এবং অবিলম্বে উহা চালু করিতে হইবে।

গ) ১৯৬৯ সাল হইতে জাতীয় মুক্তি আন্দোলনে অংশগ্রহনের জন্য যে সকল ছাত্রের শিক্ষাজীবনের ক্ষতিগ্রস্ত হইয়াছে তাহাদের ক্ষেত্রে বিশেষ বিবেচনা করিতে হইবে।

ঘ) মাতৃভূমির মুক্তির সংগ্রামে অংশহণকারী যুবকদের ক্ষেত্রে তাহাদের অধ্যয়ন চালাইবার জন্য আর্থিক সহায্যসহ বিশেষ বিবেচনা বাঞ্ছনীয়।

চ) বাংলাদেশের জনগনের স্বার্থের বিরুদ্ধে যে সকল শিক্ষক, অধ্যাপক এবং শিক্ষাবিভাগ ও শিক্ষাপ্রতিষ্ঠানের অন্যান্য পদস্থ কর্মচারী আয়ুব ও ইয়াহিয়া সরকারকে সহযোগিতা করিয়াছেন বলিয়া প্রমাণ পাওয়া যাইব তাহাদের কঠোর দণ্ড এবং শাস্তিদানের ব্যবস্থা করিতে হইবে।

৮। ধমীয় ও ভাষাগত সংখ্যালঘু

ধমীয় ও ভাষাগত ইত্যাদি সর্বপ্রকার সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রুখিয়া দাড়াতে হইবে। ধর্মীয় ও ভাষাগত সংখ্যালঘুদের রক্ষার জন্য ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

৯। যুদ্ধাপরাধী এবং দালাল

ক) যুদ্ধাপরাধী ও দালালদের স্ক্রীনিং এর জন্য সংস্থা স্থাপন করিতে হইবে।

খ) যুদ্ধাপরাধী ও দালালদের শাস্তিদানের জন্য বিশেষ আদালত স্থাপন করিতে হইবে।

গ) যুদ্ধাপরাধী ও দালালদের সম্পত্তি বাজেয়াপ্ত করিয়া উহা রাষ্ট্রের নিকট গচ্ছিত রাখিতে হইবে।

এইভাবে দখলকৃত গ্রাম্য কৃষিজমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলিবন্টন করিতে হইবে।

১০। মুক্তিবাহিনী

ক) জাতীয় মুক্তি সংগ্রামে অংশগ্রহণকে জাতীয় সম্মান বলিয়া স্বীকৃতি দিতে হইবে এবং মুক্তিবাহিনীর প্রতিটি সদস্য যেন তাহার এই দেশ সেবার উপযুক্ত স্বীকৃতি পান।

খ) শিক্ষালাভের জন্য মুক্তিবাহিনী তরুণদের বিশেষ সুবিধা দিতে হইবে।

গ) সাহসিকতার জন্য পুরস্কার দানের রীতি প্রচলন করিতে হইবে।

ঘ) বর্তমানে মুক্তিবাহিনীতে যুদ্ধরত তরুনদের বাংলাদেশের সশস্ত্র বাহিনী ও মিলিশিয়াতে যোগদানের ইচ্ছা প্রকাশ করিলে তাহাদের গ্রহন করিতে হইবে।

১১। জনস্বাস্থ্য

ক) সকল হাসপাতাল, মেডিক্যাল কলেজ প্রসূতিসদন, গ্রাম ও শহরের শিশু স্বাস্থ্যকেন্দ্রে অবিলম্বে দিন রাত কাজ শুরু করিতে হইবে।

খ) ঔষধ সরবরাহের প্রয়োজন মিটাইবার জন্য সকল ঔষধ প্রস্তুত শিল্পকারখানা কর্মক্ষম করিতে হইবে এবং অবশ্যই উৎপাদন চালু করিতে হইবে।

ঘ) জীবন রক্ষাকারী ঔষধ আমদানীর জন্য অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

১২। শাসনতান্ত্রিক সমস্যা

ক) একটি অর্ন্তবর্তীকালীন শাসনতন্ত্র গ্রহন করিতে হইবে।

১৩। সর্বদলীয় কমিটি

ক) জেলা হইতে শুরু করিয় ইউনিয়ন স্তরে সকল পর্যায়ে সর্বদলীয় কমিটি গঠন স্থাপন করিতে হইবে। উপরে বর্ণিত লক্ষ্য অর্জনের নিমিত্ত সরকারের প্রশাসনিক সংস্থাকে স্থানীয় সর্বদলীয় কমিটিগুলির সর্বাধিক সহযোগিতা ও পরামর্শ গ্রহন করা উচিত হইবে।

দ্বিতীয় পর্য্যায়ে

স্বাধীন বাংলার রূপরেখা

(১) যে এক কোটি দেশবাসী পাক সৈন্যের বর্বর অত্যাচারে তাহাদের প্রাণপ্রিয় মাতৃভূমি ফেলিয়া প্রতিবেশী বন্ধুরাষ্ট্র ভারত ও বার্মায় আশ্রয় গ্রহন করিতে বাধ্য হইয়াছেন, তাহাদিগকে পূর্ণ মর্যাদার সহিত দেশে ফিরাইয় আনিতে হইবে।

(২) বাংলাদেশের স্বাধীনতার লড়াইয়ে সকলেই স্পষ্টভাবে দেখিয়াছেন-আমেরিকা, চীন অন্যান্য কয়েকটি রাষ্ট্র আমাদের প্রতি দুষমনী করিয়া আসিতেছে। তাহাদের ও তাহাদের এজেন্ট মুসলিম লীগ, জামাতে ইসলাম, নেজামে ইসলাম, পি-ডি-পি এবং চরম বামপন্থীদের বিরুদ্ধে দেশবাসীকে সর্বদাই হুঁশিয়ার থাকিতে হইবে।

(৩) এই চরম বিপদের দিনে যে সব বন্ধুরাষ্ট্র (ভারত, রাশিয়া, পোলাণ্ড ও অন্যান্য সমাজতান্ত্রিক রাষ্ট্র) আমাদের বিভিন্নভাবে সাহায্য করিয়াছেন, তাঁহাদের প্রতি কৃতজ্ঞ থাকিতে হইবে।

(৪) স্বাধীন বাংলাদেশকে গড়িয়া তুলিতে হইবে স্বাধীন প্রজাতান্ত্রিক রাষ্ট্র হিসেবে। বলাবাহুল্য, ইহা হইবে একটি সত্যিকারের ধর্মনিরপেক্ষ রাষ্ট্র অর্থাৎ সকল ধর্মের সমান অধিকার থাকিবে।

(৫) পার্লামেন্ট হইবে সার্বভৌম-জনগণের নির্বাচিত প্রতিনিধিরাই দেশ শাসন করিবেন। প্রাপ্তবয়স্করাই ভোট দিতে পারিবেন। নির্বাচন হইবে যুক্ত।

(৬) বিচার বিভাগ শাসন বিভাগ হইতে পৃথক হইবে।

(৭) নর-নারী জাতি-ধর্ম নির্বিশেষে সকলের সমান অধিকার থাকিবে।

(৮) নিরপেক্ষ ও স্বাধীন বৈদেশিক নীতি গ্রহন করিবে। ভারত ও সোভিয়েট ইউনিয়ন প্রভৃতি গণতান্ত্রিক ও সামাজতান্ত্রিক রাষ্ট্র এবং সদ্য স্বাধীনতাপ্রাপ্ত দেশগুলির সহিত সখ্যের সম্পর্ক গড়িয়া তুলিবে। বিশ্বের বিভিন্ন দেশের স্বাধীনতা সংগ্রামীদের স্বপক্ষে দাঁড়াইবে। সিন্ধি, বালুচ, পাঠান প্রভৃতি নিপীড়িত সকল জাতির সহিত মৈত্রী সর্ম্পক গড়িয়া তুলিবে।

(৯) সাম্রাজ্যবাদী শক্তিসমূহের সহিত কোনরূপ অসম চুক্তি করিবে না।

(১০) দেশের এক চেটিয়া বৃহৎ পুঁজিপতিদের অধিকার খর্ব করা হইবে। ভারী ও মূল শিল্প জাতীয়করণ করিবে একচেটিয়া পুঁজিবাদ গড়িয়া উঠিতে দিবে না। ছোট ও মাঝারী জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ড উৎসাহিত করিবে। ব্যাঙ্ক, ইনসিওরেন্স, বৈদেশিক বাণিজ্য রাষ্ট্রায়ত্ত করা হইবে ।

(১১) ভূমির সর্বোচ্চ সীমা নির্ধারণ করিবে। অতিরিক্ত মালিকদের যথাযোগ্য ক্ষতিপূরণ দিবে। বাড়তি জমি গরীব ও ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করিবে।

(১২) শ্রমিক কর্মচারীদের ট্রেড ইউনিয়নের অধিকার ও ন্যায্য মজুরির নিশ্চয়তা বিধান করিবে। ক্ষেত মজুররা যাহাতে কাজ পায় ও ন্যায্য মজুরি পায় মূল্য কৃষককে দিবার সুব্যবস্থা করিবে।

(১৩) পাট শিল্প ও চা শিল্প জাতীয়করণ করা হইবে এবং কৃষক যাহাতে পাটের ন্যায্য মূল্য পায় তাহার বাস্তব ব্যবস্থা করিবে। অন্যান্য কৃষিপণ্যের ন্যায্য মূল্য কৃষককে দিবার সুব্যবস্থা করিবে।

(১৪) দালালদের সম্পত্তি বাজেয়াপ্ত করিবে।

(১৫) বাক ও ব্যক্তি স্বাধীনতা, সভাসমিতি ও সংগঠন করার নিশ্চয়তা থাকিবে।

(১৬) জনগণের মিলিশিয়া থাকিবে।

(১৭) শিক্ষা ব্যবস্থাকে বৈজ্ঞানিক মতে আধুনিকীকরণ করিবে। মাতৃভাষাই হইবে শিক্ষার মাধ্যম।

(১৮) সার্বজনীন অবৈতনিক শিক্ষার মাধ্যমিক স্তর পর্যন্ত চালু করিতে হইবে।

(১৯) কারিগরী শিক্ষার প্রসারের উপর গুরুত্ব দিতে হইবে।

(২০) জাতীয় মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারীদের যথাযোগ্য মর্যাদা ও স্বীকৃতি প্রদান করিবে। ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে সাহায্য দিবে।

(২১) শোষনমুক্ত স্বাধীন বাংলা গঠনের চেষ্টা করিতে হইবে।

তৃতীয় পর্যায়ে

সমাজতন্ত্র

এ যুগ সমাজ তন্ত্র উত্তরণের যুগ। দুনিয়ার বিভিন্ন দেশ বিভিন্ন পথে সামাজতন্ত্রের দিকে আগাইয়া চলিতেছে। বাংলাদেশ ও তার নিজস্ব পথেই সমাজতন্ত্রের দিকে আগাইয়া চলিয়াছে। তবে আমাদের আজ মেকি ও বাচনিক সমাজতন্ত্র সর্ম্পকে হুঁশিয়ার থাকিতে হইবে। সোনার যেমন পিতলা কলসী হয় না, কানা ছেলের নাম যেমন 'পদ্মলোচন' হয় না তেমনি বৈজ্ঞানিক সমাজতন্ত্র ছাড়া অন্য কোন সমাজতন্ত্র ও সত্যিকারের সমাজতন্ত্র নয়।

এ পর্যায়ে আমাদের সমাজতন্ত্রে উত্তরণ সর্ম্পকে কর্মসূচী নিতে হইবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ অভ্যুদয়	মুক্ত বাংলা ১ম বর্ষঃ ১ম সংখ্যা	২০ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

অভ্যুদয়

মুক্তবাংলার প্রথম সম্পাদকীয় নিবন্ধনটা লিখতে বসে সহসাই মনে পড়ে গেল একদা একটি কিশোর বালকের জিঙ্গাসাঃ বাঙ্গালী জাতির কি কোন ইতিহাস নেই ? এই যেমন গ্রীকদের রয়েছে, মিশরীয়দের রয়েছে, ফরাসীদের , এমন কি ইংরেজদেরও.....

সময়টা ছিল নির্বাচন প্রস্তুতি কাল। জনৈক রাজনীতিক বন্ধুর বৈঠকখানায় বসেছিলাম। আমাদের আলোচ্য বিষয়ের কেন্দ্রবিন্দু ছিলো-বাঙ্গালী জাতি। কিন্তু তবুও কিশোরটির জিজ্ঞাসাকে সঠিক মীমাংসায় নিষ্পত্তি করতে পারিনি কেউ। কারণ বাংলার ইতিহাস ও বাঙ্গালী জাতি খুব স্পষ্ট ছিলো না তখনো।

অথচ ভারতেও পারিনি বাঙ্গালী জাতির সত্যিকার ইতিহাস রচনার মালমসলা তেরী হতে যাচ্ছে- শীঘ্রই তার সূচনা হবে। ইয়াহিয়া খাঁ তার পাঞ্জাবী দস্যুবাহিনীর দ্বারা বাংলার বুকে নজিরবিহীন গণহত্যা ও পৈশাচিক চালিয়ে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করে দিতে চাইবে বাংলাদেশের সত্তাকে। কিন্তু রক্তাত হয়ে জেগে উঠবে বাংলাদেশের জনগণ। দেশপ্রেমের অগ্নিপরীক্ষায় সগৌরবে হবে উত্তীর্ণ। অভ্যুদয় ঘটবে এক নতুন জাতির যার একমাত্র পরিচয়ঃ বাঙ্গালী।

আজ সেই জাতির জন্ম হয়েছে। ঐক্য, সাহস, ও সংগ্রামী মনোবলে তাঁরা অপরাজেয়। তাঁর রচনা করে চলেছেন নিজেদের সত্যিকার ইতিহাস।

সাপ্তাহিক মুক্তবাংলা-স্বাধীন বাঙ্গালী জাতিরই এক কণ্ঠস্বর। তাই তার চলার পথে দেশপ্রেমে দীক্ষিত বাঙ্গালী জাতিকে সশ্রদ্ধ অভিবাদন জানিয়ে তার যাত্রা শুরু করলো।

-জয় বাংলা

*মুক্তবাংলাঃ সাপ্তাহিক। বাংলাদেশ মুক্তি সংগ্রাম সিলেট জেলার নির্ভীক স্বাধীন মুখমাত্র। সম্পাদক পরিষদের সভাপতিঃ আবুল হাসনাত সাআদত খান। ভারপ্রাপ্ত সম্পাদকঃ আকাদ্দস সিরাজুল ইসলাম । আবুল হাসনাত কর্তৃক মুক্তবাংলা প্রেস থেকে মুদ্রিত ও প্রকাশিত। ভারতীয় ঠিকানঃ প্রযত্নে এ, এম চৌধুরী, করিমগঞ্জ, আসাম।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
দখলীয় এলাকায় পাকিস্তানী প্রশাসন অচল	মুক্ত বাংলা ১ম বর্ষঃ ১ম সংখ্যা	২০ সেপ্টেম্বর, ১৯৭১

দখলীয় এলাকার পাকিস্তানী প্রশাসন অচল

মুজিবনগর হতে বিশ্বস্ত সূত্রে জানা গেল যে-সদ্য আগত শরণার্থীরা বলেন- বেশ কিছু দিন আগে থেকেই পাকিস্তান সরকার বাংলাদেশে প্রচার করছিলেন যে খুব শীঘ্রই সামরিক শাসনের অবসান ঘটাবে। কিন্তু মুশকিল হচ্ছে ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, সিলেট, কুমিল্লা, চট্রগ্রাম, রাজশাহী এবং রংপুর থেকে যে সমস্ত খবর পাওয়া গেছে, তাতে দেখা যায় যে ঐ সকল জেলার সরকারী অফিস, কাছারী এবং আদালতে শতকরা ২৫ জনের বেশী কর্মচারী কাজে যোগদান করেনি। জনৈক শরনার্থী বলেন যে ফরিদপুর শহরে আদালতে একজন বিচারকও নেই-শুধুমাত্র দুইজন সামরিক অফিসার আদালতে কাজ চালিয়ে যাচ্ছেন। এদের কাছে এখনও বিচারের জন্য কোন মামলা আসেনী। এ অবস্থায় টিক্কা খানের স্থলে ডাঃ মালিককে গর্ভনর করায় কোন পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে না। রংপুরের সংবাদে জানা যায় যে এখানকার জজ ও মুন্সেফ পালিয়ে গেছেন। কয়েকজন অবাঙ্গালী অফিসার নিয়োগ করা হচ্ছে। কিন্তু লোকের আস্থা ফিরে আসছে না।

ঢাকায় প্রত্যাক্ষদর্শীর বিবরণে প্রকাশ যে-সেখানকার অবাঙ্গালী ব্যবসায়ীরা ব্যবসা গুটাবার তালে আছেন।

মেয়েছেলেদের তারা পূর্বেই করাচীতে স্থানান্তর করেছেন। বাঙ্গালীরা কোন অবাঙ্গালী দোকানে যান না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাজাকার ও শান্তি কমিটি সমীপে একটি খোলা চিঠি	মুক্তবাংলা ১ম বর্ষঃ ১ম সংখ্যা	২০ সেপ্টেম্বর, ১৯৭১

(একটি খোলা চিঠি)

রাজাকার ও শান্তি কমিটি সমীপেষু

সীরাজ উদ্দিন

জালেম পাঞ্জাবী টিক্কার গড়া রাজাকার ও শান্তি কমিটির সদস্যদের বলছি- আপনাদেরকে ভুললে চলবে না, যে আপনারা ও আমরা একই বাংলাদেশের অধিবাসী। বাংলাদেশের মানুষ আজ এক চরমযুদ্ধে লিপ্ত। পৃথিবীর ইতিহাসে অমন অসম-যুদ্ধের নজির অল্পই আছে। নিরপেক্ষ বিদেশী পর্যবেক্ষকদের মতে, হিটলার ইহুদীদের উপর যে অত্যাচার করেছিল বাংলাদেশের নিরীহ জনগণের উপর পাঞ্জাবীদের অত্যাচার তাকে ছাড়িয়ে গেছে অনেক আগে। মাত্র কয়েক মাস পূর্বেও যাদেরকে কিছুসংখ্যক মানুষ এক ধর্মের বন্ধনে আবদ্ধ ভাই বলে মনে করতো আজ ওরাও পাঞ্জাবীদের আসল চেহারা দেখে বুঝতে পেরেছে তারা 'ভাই' নয়- 'চরম শত্রু'। ওদেরকে ভালোবাসা যায় না শুধু ঘৃণাই করা যায়। তবে ওই বেইমানদের দিন শেষ হয়ে আসছে। কারণ পাঁচ মাস পূর্বে বাংলার মানুষ নিরস্ত্র ও অসহায় ছিল। এবং সেজন্যই মেশিগান, ট্যাংক ইত্যাদি মারণাস্ত্র দিয়ে সারা বাংলাদেশটি জুড়ে রক্তের হোলিখেলা খেলেছে পাঞ্জাবী দস্যুরা। একতরফাভাবে করেছে খুন, ধর্ষণ ও লুণ্ঠন।

আজকের বাংলাদেশ কিন্তু সেই মার্চ মাসের অসহায় বাংলাদেশ নহে। অগণিত বাঙ্গালী যুবক যুদ্ধবিদ্যা শিক্ষা করে যোগ দিচ্ছে মুক্তিফৌজে। মুক্তিফৌজকে করে তুলছে দুর্জয়। তাদের অগ্রগতি আজ দুর্বার। হানাদার পাঞ্জাবীরা অমন শক্তিশালী নহে যে, আমেরিকার ভিয়েৎনাম কিংবা ফরাসীদের আলজিরীয়া যুদ্ধের ন্যায় বাংলাদেশে বছরের পর বছর যুদ্ধ চালিয়ে যেতে পারবে।

ভয়ে পাঞ্জাবীরা এখন আর সামনাসামনি যুদ্ধে আসছে না। কেন আপনারা আমাদের ভাই হয়েও ওদের চালাকী বুঝতে পারছেন না? ওরা মুক্তিফৌজের গুলির সামনে রাজাকার ও শান্তি কমিটির মেম্বরগণকেই ছুড়ে দিচ্ছে। মুক্তিফৌজ অস্ত্রবলে বলীয়ান বলেই আজ কাপুরুষ পাঞ্জাবীদের বীরত্বের দাপাদাপি কমে গেছে। বিনাযুদ্ধে বিজয়ী খেতাবধারী ফিল্ড মার্শাল আয়ুবের স্বজাতি যে ওরা।

সিপাহী যুদ্ধের পর থেকে আজকের পাঞ্জাবীদের যুগ পর্যন্ত প্রায় দুইশো বছর- আমাদের কেহ বন্দুক হাতে নেবার সুযোগ পায়নি। তাই ওরা ভেবেছিল আমরা বাঙগালীরা ওদের বন্ধুকের ভয়েই দাসত্ব স্বীকার করে নেবো। কিন্তু আজ ওরা বুঝতে পেরেছে, স্টেনগান, মর্টার, এল, এম, জি- ইত্যাদি আগ্নেয়াস্ত্র আমাদের খেলার পুতুল। ওদের বুজ চিনে-চিনেই নির্ভুল গুলী মারছি।

মওদুদী, মুফতী মাহমুদ প্রভৃতি ধর্মব্যবসায়ী ও তাদের সর্দার ইয়াহিয়া খাঁ ও টিকিয়া খাঁ- এর ফতোয়ানুয়ায়ী বাংলার মুসলমান আমরা নাকি হাবশি-গোলামদের মতো। যথা ইচ্ছা আমাদেরকে ওরা ধ্বংস করতে পারে। বাংলার মা বোনদের উপর বলাৎকার করতে পারে। ওদেরকে নাকি সেই পশুবল দান করেছে ওদের আল্লাহ। কিন্তু আমরা দেখছি আমাদের আল্লাহ এই অত্যাচারীদেরকে খতম করে আমাদের দেশে ন্যায়-নীতি প্রতিষ্ঠার তৌফিক আমাদেরকে দিচ্ছেন। এবং সেজন্যই হালকা-পাতলা বাঙালী যুবকরা তাগড়া মোষের মতো পাঞ্জাবীদের যে আগ্নেয়াস্ত্র দিয়ে শুধু হত্যাই করে চলেছে তা নয়, ওদেরকে জ্যান্ত পাকড়াও করেও নিয়ে আসছে।

পাকিস্তানের সর্বমোট সৈন্যসংখ্যা প্রায় ৩ লক্ষ। এর মধ্যে ওদের শাদ্দাদী বেহেশতখানা ইসলামাবাদ, লাহোর ইত্যাদি শহরগুলো এবং পশ্চিম পাকিস্তানের সীমান্ত এলাকা রক্ষা ও পাঠান-বালুচ সিন্ধীদের বিদ্রোহ দমনের জন্য ২ লক্ষ ২৫ হাজার সৈন্য ওখানে মোতায়েন রাখতে হয়েছে। বাংলাদেশে এনেছিল ৭৫ হাজার। কিন্তু ইতিমধ্যে ২৭ হাজার হয়ে গেছে খতম। অবশিষ্ট ৪৮ হাজার বাছাধনেরা বিগত ৫ মাসের অনবরত যুদ্ধের মধ্যে বার শত মাইল দূরে মা বোনদের হাতে বাংলার লুণ্ঠিত টাকা, অলংকার ও অন্যান্য দ্রব্যাদি সমজায়ে দিয়ে আসা তো দূরের কথা লুণ্ঠিত সামগ্রী কোমরে ও পেটে বেঁধে রেখে মূহুর্তের জন্যও একবার বিশ্রামের সুযোগ পাচ্ছে না। দেশে যাওয়ার রাস্তাটাও বিপদসঙ্কুল। মুক্তিফৌজের চতুর্দিকে আক্রমণ তাদেরকে বঙ্গোপসাগরের অতল গহবরের দিকে ঠেলে দিচ্ছে। পালাবার সুযোগের জন্য বড় অফিসারেরা বিমান ঘাঁটিগুলো কড়া পাহারায় রেখেছে। পালিয়ে যাওয়ার সময় ওরা কিন্তু বাংলাদেশের সকল দালাল ও বিহারী গুণ্ডাদেরকে মুক্তিফৌজের গুলির নিশানায় তাদের সকল পাপের কাফফারাস্বরূপই ফেলে যাবে।

ভারত থেকে মার খাওয়া কালো চামড়ার যে বিহারীগণ পশ্চিম পাকিস্তানে মাথা গুজাবার ঠাইও পায়নি পৃথিবীর সব চাইতে ঘনবসতি অঞ্চল এই পূর্ব বাংলায় আমরাই ওদেরকে ভাই বলে স্থান দিয়েছিলাম। চাকুরী, ব্যবসা, এমন কি ক্ষেত খামারে পর্যন্ত অংশীদার করেছিলাম। কিন্তু সেই চরম বিশ্বাসঘাতকেরাই বাংলার মাটির সঙ্গে করেছে বেঈমানী, নিমকহারামী এবং বাংলার মানুষের উপর করেছে অকথ্য অত্যাচার।

বাংলাদেশের ব্যাপারে দুনিয়ার জনমত আজ পাকিস্তানের নিন্দায় মুখর। নিরস্ত্র জনসাধারণ এবং বিশেষ করে নারী শিশুদের প্রতি পাক-সামরিক বাহিনী যে চরম অত্যাচার করছে দুনিয়ার ইতিহাসে তার কোন নজীর নেই। এসব কুকীর্তি আজ পৃথিবীর মানুষের অজানা নয়। তাই বিশ্বের সকল জায়গা থেকেই ওদেরকে ধিক্কার দেওয়া হচ্ছে এবং সেই জন্যই কুখ্যাত জল্লাদ টিক্কা খাঁকে বাংলা মুলুক থেকে সরিয়ে নিয়ে পাঠান, বালুচ ও সিন্ধীদেরকে শায়েস্তা করার ভার ওর উপর দিয়েছে ইয়াহিয়া খাঁ। কারণ ওখানকার জনমতও আজ বিক্ষুব্ধ। ভুট্টো সাহেব কল্কে পাচ্ছেন না। আর্থিক দিক দিয়েও পশ্চিম পাকিস্তানের অবস্থা কাহিল। পাকিস্তানের সর্বমোট আয়ের প্রতি তিন টাকার দু টাকা ছিল বাংলাদেশের পাট, চা, তামাক ও বিলাত প্রবাসী বাঙালীদের অর্জিত বৈদেশিক মুদ্রা। মুক্তিযুদ্ধের ঠেলায় দু টাকার স্থলে আট আনাও এখন তাদের কপালে জুটছে না। বাংলার সাড়ে সাত কোটি মানুষের বাজারে পশ্চিম পাকিস্তানের কাপড়ের মিলগুলো তাদের তৈরী কাপড় বিক্রী করতে না পারায় মিলগুলোতে তালা চাবী লাগাতে বাধ্য হচ্ছে। বেতন দিতে না পারায় পাঞ্জাবী মিল শ্রমিকদেরকে পাইকারীভাবে চাকুরী হতে বরখাস্ত করা হচ্ছে। করাচীর বাজারের আমদানীকারক ও বড় বড় ব্যবসায়ীদের তেলতেলীভাব আজ আর নেই। মোগলাই মেজাজ ভোতা হয়ে যাচ্ছে। চব্বিশ বছরে গঠিত বাইশ পরিবারের শোষণের ভিত ভেঙ্গে আজ চুরমার হয়ে যাছে। সিপাহীদের যুদ্ধকালীন অতিরিক্ত ভাতা হয়ে গিয়েছে বন্ধ। বাংলাদেশে নিয়োজিত সিপাইদেরকে আপাতত ঘুষের টাকা, লুণ্ঠিত ঘড়ি, অলংকার ইত্যাদি ও বদমায়েশীর অবাদ লাইসেন্স দিয়েই খুশী রাখার চেষ্টা চলছে। বেতন ও ভাতা দিবে কোন টাকশাল?

আল্লাহর মেহেরবানীতে করাচী ও ঢাকার দুরত্ব দিন দিনই বৃদ্ধি পাচ্ছে। ভারতের উপর দিয়ে আগে ছিল ১২০০ মাইল আর এখন ভারত ঘুরে ও হাজার মাইল পাক-ভারত যুদ্ধ বাধলে এই দূরত্বের মাত্রা দাঁড়াবে ৭ হাজার মাইলের বেশী। আপনারা তখন যাবেন বঙ্গোপসাগরে-আর ঐ পশ্চিমা দস্যুরা ডুবে মরবে আরব সাগরে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় প্রধানমন্ত্রীর আহবান	মুক্তবাংলা ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	৪ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

প্রধানমন্ত্রীর আহবান

গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ বিশ্বজনগণ এবং পশ্চিম পাকিস্তানী মজলুম জনতার বিবেকের কাছে একখানা আবেদনপত্র পেশ করেছেন। আবেদনপত্রে ইয়াহিয়া খানের সৈন্যবাহিনী কর্তৃক বাংলাদেশে অবাধ গণহত্যা, নারীনির্যাতন, লটতরাজ ও গৃহদাহের করুণ বর্ণনা দিয়ে প্রধনমন্ত্রী বিশ্বের গণবিবেককে আহবান জানিয়েছেন মানবতার এ জঘন্য অপমানকে বন্ধ করতে রক্তপিয়াসী ইয়াহিয়া খানের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য।

বিশ্বের গণবিবেক ইতিমধ্যেই জেগেছে। ৫টি মহাদেশের গণকণ্ঠই বজ্রস্বরে আজ আওয়াজ তুলছে স্বৈরাচারী ইয়াহিয়া খানের নারকীয় কাণ্ডবের বিরুদ্ধে। কিন্তু পশ্চিম পাকিস্তানী জনগণ এখনো চুপ কেন? স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগেঃ বাংলাদেশে ইয়াহিয়া খানের অবাধ নরহত্যা তথা ব্যাপক অরাজকতা সর্ম্পকে ওরা কি ওয়াকিবহাল নয়? অথবা জেনেশুনেই তাঁদের এ উদাসীনতা?

কিন্তু আমরা জানি তারা উদাসীন কিংবা বাংলাদেশ সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ নয়। তাঁরা বাকশক্তিহীন। স্বাধীনতা তথা পাকিস্তান রাষ্ট্র সৃষ্টি হওয়ার পরেও তাঁরা যে তিমিরে ছিলেন সেই তিমিরেই রয়ে গেছেন। সামন্তচক্র, তাদের দোসর পুঁজিবাদী-মহল ও স্বেরাচারী শাসকগোষ্ঠীর স্বার্থে মোল্লাদের মাধ্যমে ধর্মের দোহাই দিয়ে জ্ঞান-বিজ্ঞানের আলো থেকে নিরাপদ দূরত্বে সরিয়ে রাখা হয়েছে তাদেরকে। স্বাধীনতার চবিবশ বছরে বাংলাদেশে লুটপাট করে যা ধনসম্পদ ওখানে নিয়ে যাওয়া হয়েছে তার সবকিছুই ব্যয়িত হয়েছে সর্দার, পীর, মীর, সাহেবজাদা প্রভুতি বিভিন্ন খেতাবে পরিচিত সমাজচক্র ও তাদের দুস্কার্যের দোসর পুঁজিপতি মহল এব্য স্বেরাচারী শাসক গোষ্ঠীর আয়েস-আরামের প্রতি লক্ষ রেখেই গরীব-জনসাধারণ তাতে একটুও উপকৃত হয়নি। তারা দিন-আনে দিন-খায়

পাকিস্তানি গণতন্ত্রের শেষ ভরসা ছিলো বাংলাদেশ। তাই পশ্চিম পাকিস্তানী সামন্ত গোষ্ঠী, পুঁজিপতি ও স্বৈরাচারী শাসকচক্রের বাংলাদেশকে এতো ভয়। আর সেই হেতু পাকিস্তানে জন্মলগ্ন থেকেই ওরা ডিভাইড এণ্ড রুল -এর আশ্রয় নিয়ে সুকৌশলে পশ্চিম পাকিস্তানি সরলমনা জনগণের কানে কানে বাঙালী মুসলমানেরা খাটি মুসলমান নয়, নিম্নবর্ণের হিন্দু সম্প্রদায় থেকে ধর্মান্তরিত হয়েছে তাই ইসলাম ধর্মের বিধিবিধানগুলো পালন করে না। ধর্মের জন্য সত্যিকারের মহব্বৎ বাঙালী মুসলমানদের নেই, ইত্যাদি ইত্যাদি। এই সেদিনও জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবার পূর্ব মুহূর্তে ইসলামের ধ্বজাধারী 'মাওলানা' নামে পরিচিত ফ্যাসিস্ট রাজনৈতিক দলের ডিরেক্টর মওদুদী সাহেব (পাঞ্জাবে দশ হাজার কাদিয়ানী হত্যার করানোর নায়ক) বাংলাদেশ সফর করে লাহোরে পৌছেই বলেছিলেন, বাঙালী মুসলমানেরা কালীপূজা করে থাকে।

কিন্তু মওদুদী সাহেবের ঐ নতুন আবিস্কারে বাঙালী মুসলমানেরা মনে কোনো আঘাত পায়নি। শুধু কৌতুক অনুভবই করেছ। কারণ তাদের জানা আছে ইসলাম ধর্মের মুলগ্রন্থ কুরআন শরীফে মহানবী মোহাম্মদ (দঃ)কে 'খাতেমূন-নবী' বা সর্বশেষ নবী বলে উল্লেখ করে নবীদের আর্বিভাবের সমাপ্তি ঘোষণা করলেও পাঞ্জাবে

নতুন নবী আর্বিভূত হয়েছিলেন। এমন কি 'পারভেজ' নামক জনৈক ব্যাক্তি খোদায়ী দাবী পর্যন্ত করেছিলো। এবং ওদের উত্তরাধিকারীরাই তো পশ্চিম পাকিস্তানী জনগণকে জ্ঞান বিজ্ঞানের আলো থেকে সযত্নে দূরে সরিয়ে রেখে তাঁদের রাজনৈতিক চেতনাবোধকে জেগে উঠতে বাধার সৃষ্টি করেছে। জনশক্তিকে ওদের বড় ভয়। কিন্তু আর কতোদিন ঐ বিরাট শক্তিকে ঘুম পাড়িয়ে রাখা সম্ভবপর হবে? কারণ ওরা এখন জাগতে শুরু করেছে যে। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ওঁদেরকে আলো দেখাবে। গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর আকুল আহবানও তাদের কানে যেয়ে পৌঁছেছে। সাড়া দেবার জন্য ছটফট করছে তাঁদের বিবেক। কারণ দুনিয়ার মজলুম জনগণ একাত্মবোধেরই প্রতীক।

পশ্চিম পাকিস্তানী সামন্ত গোষ্ঠী, পুঁজিবাদীমহল ও স্বৈরাচারী শাসকচক্র আত্মস্বার্থ বজায় রাখার কুমতলবে এখন উন্মাদ প্রায়। তাদের উন্মাত্ততার ঘোর যখন কাটবে তখন দেখতে পাবে দেশের রাজনৈতিক মঞ্চে নতুন নাটক অভিনীত হচ্ছে। কুশীলবগণ তাদের অপরিচিত অথচ সুদক্ষ এবং তাহারা নিজেরা পড়ে রয়েছে বহু নীচে। নীচে থেকেই করুণ নয়নে ফ্যাল ফ্যাল দৃষ্টিতে উপরের দিকে তারা তাকাবে। কিন্তু কেউই টেনে তোলার জন্য এগিয়ে আসবে না বলবে না উঠে এসো।

তাই আমাদের বিশ্বাস পশ্চিম পাকিস্তানী জনগণের প্রতি বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর আহবান নিস্ফল হবে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
*কেন বাংলাদেশের এই স্বাধীনতা সংগ্রম *ভেবে দেখুন কর্তব্য পালন করুন	মুক্তবাংলা ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	৪ অক্টোবর, ১৯৭১

কেন বাংলাদেশের এই স্বাধীনতা সংগ্রাম

১। পশ্চিম পাকিস্তান বাংলাদেশের রাজনৈতিক অধিকার হরণ করেছে।

২। জনগণের মধ্যে সৃষ্টি করেছে অর্থনৈতিক দুঃসহ যাতন।

৩। বাংলার মানুষকে ওরা ক্রীতদাস করেই রাখতে চায়।

খুনি ইয়াহিয়া খানের বিরুদ্ধে বিশ্বজনগণের রায়ঃ-

১। ইয়াহিয়া খান হিটলারকেও লজ্জা দিয়েছে।

২। বাংলাদেশে এই বীভৎস নিধনযজ্ঞ, এই নৃশংসতম হত্যাকাণ্ডের সামনে অন্যসব নৃশংসতাই ম্লান হয়ে গেছে।

৩। গণহত্যা ও ধ্বংসলীলা কলংকময় ইতিহাস খুঁজলে হিটলারের নিধন শিবির অথবা চেঙ্গিস খান বা তৈমুরলঙের নৃশংসতার কাহিনীতেও এরূপ হত্যাকাণ্ডের মিল পাওয়া দুস্কর হবে।

ভেবে দেখুনঃ কর্তব্য পালন করুন

১। বাংলাদেশের লোক সংখ্যা সাড়ে সাত কোটি।

২। বাংলাদেশে পাকিস্তানী সৈন্য রয়েছে ৫০ হাজার। কাজেই প্রত্যেকটা পাকিস্তানী সৈন্যকে একা ১৫ হাজার বাঙালীর সাথে যুদ্ধ করতে হবে।

--তা কি সম্ভব?

৩। সিলেট জেলার লোক সংখ্যা ৫০ লক্ষ।

৪। সিলেট জেলায় পাকিস্তানী সৈন্য সংখ্যা প্রায় ৫ হাজার। সুতরাং সিলেটে (প্রত্যকটি পাকিস্তানী সৈন্যকে ১০ হাজার লোকের সঙ্গে লড়তে হবে।

--সেটা সম্ভব নয় কি?

৫। বাংলাদেশে গ্রামের সংখ্যা ৬৮ হাজার। অতএব একটি গ্রামের ভাগে পড়ে ১ জন সৈন্য।

৬। বাংলাদেশের মুক্ত অঞ্চলে প্রায় ৪০ লক্ষ যুবক ঘোরাফেরা করছে।

৭। পাকিস্তানী সৈন্যদেরকে প্রায় ৩ হাজার মাইল দূরত্ব ভিন্ন দেশের মধ্য দিয়ে অতিক্রম করে আসতে হয় বাংলাদেশ।

ওদের র্নিমূল করতে হলে চাই-

ঐক্য, শৃঙ্খলা ও চরম দেশাত্মবোধ। সুষ্ঠু সংগঠনের মাধ্যমে মুক্তি-সেনাদের এগিয়ে দেয়া।

এ পর্যন্ত আমরা ৩০০ অফিসারসহ ২৫ হাজার পাকিস্তানী সৈন্য খতম করেছি। তাদের তুলনায়

আমাদের নিহতদের অনুপাত খুবই সামান্য; ১.৪০ ভাগ মাত্র।

আপনি নিজের কর্তব্য পালন করছেন কি?

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশ সমর্থনে মহামান্য পোপ। মাওলানা মাদানী, মাওলানা মোহাম্মদ তাহের	মুক্তবাংলা ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	৪ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশ সমর্থনে মহামান্য পোপ। মাওলানা মাদানী মাওলানা মোহাম্মদ তাহের

একদিকে মুক্তিযোদ্ধাদের সংগ্রাম পর্যায়ক্রমে তীব্র থেকে তীব্রতর হচ্ছে এবং বিচ্ছিন্নতা কাটিয়ে একটা সুসংবদ্ধ রুপ পরিগ্রহ করছে অন্যদিকে বিশ্ববিবেক তার ঔদাসীন্য আর নৈর্ব্যক্তিক ভাব পরিত্যাগ করে ক্রমাগত বাংলাদেশ সরকার ও মুক্তিযোদ্ধাদের সমর্থনে সক্রিয় হয়ে উঠেছে। অবশ্য এই শুভ লক্ষণ স্বাভাবিকভাবে ও সহজেই পরিলক্ষিত হয়নি। সামগ্রিকভাবে বর্তমানে অপেক্ষাকৃত অনুকূল পরিস্থিতি সৃষ্টির পেছনে যেমন রয়েছে মুক্তিকামী সংগ্রামী জনতার অভূতপূর্ব দৃষ্টান্ত বিরাট ত্যাগ-তিতিক্ষা এবং জীবনপণ সংগ্রাম সাধনা অন্যদিকে তেমনি বন্ধু ও দরদী প্রতিবেশী রাষ্ট্র ভারতের জনগণের উল্লেখযোগ্য সক্রিয় ভুমিকা। ভারতের জনগণ বাংলাদেশের এই গণ আন্দোলনকে স্বতঃস্ফূর্ত আন্তরিকভাবে শুরু থেকেই সমর্থন জানিয়ে এসেছেন। ভারতের সবর্বস্তরের মানুষ কৃষক, শ্রমিক, ব্যবসায়ী, কেরানী, কর্মচারী, এমনকি ভিন্ন ভিন্ন মতাদর্শে বিশ্বাসী বিভিন্ন রাজনৈতিক দলও বাংলাদেশ সরকারের স্বীকৃতির দাবীতে সোচ্চার হয়ে উঠেছেন। বিভিন্ন বিধানসভা ও আইনসভার সদস্যগণ সকল দেশের সংগ্রামের সমর্থনের অনুকূলে প্রস্তাব গ্রহণ করেছেন। এতদিন যে সহমর্মিতার জোয়ার ভারতের জনসমুদ্রকে আন্দোলিত চঞ্চল করে তুলেছিল আজ তার ব্যাপ্তি বহুদূর প্রসারিত। তারই প্রতিভাস আমরা লক্ষ্য করছি। সুদূর লণ্ডন, প্যারী, মস্কো ও ভিয়েতনামে সেখানকার প্রগতিশীল গণতন্ত্রে ও স্বাধীনতাপ্রিয় জনগণ বাংলাদেশের এই সংগ্রামকে সমর্থন করে জোরালো বক্তব্য রেখেছেন। বিভিন্ন প্রতিষ্ঠান ও গণ সংগঠনের মাধ্যমে আর্থিক সাহায্য প্রেরণ করছেন-আর মুক্তিযুদ্ধকে মদত দিতে ব্যাপক জনমত গঠন করে চলেছেন।

বেহায়া খাঁন সাহেব (ইয়াহিয়া খাঁন না বেহায়া খাঁন) মার্কিন সরকারের প্রচ্ছন্ন প্রশ্রয়ে এবং রাষ্ট্রপুঞ্জের বাংলাদেশের রাজনৈতিক সমাধানের প্রশ্নে নেতিবাচক দৃষ্টিভঙ্গীর সুযোগ নিয়ে এক অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশের মানুষের ন্যায্য স্বাধীনতা আন্দোলনকে আড়াল ও ক্ষুণ্ণ করার জন্য অবিরাম মিথ্যা অপপ্রচার ও নির্লজ্জ চাতুরীর আশ্রয় নিয়ে বিশ্বের জনমতকে ধোঁকা দিতে চাইছে এই অজুহাতে যে- বাংলাদেশে যা কিছু ঘটেছে তার পিছনে ভারতের চক্রান্ত ও হাত আছে এবং ভারতীয় অনুপ্রবেশকারীরা পাকিস্তানকে দ্বিখণ্ডিত করার জন্য বাংলাদেশের অভ্যন্তরে এই গোলযোগ সৃষ্টি করেছে। আর এই অছিলায় পুরো ঘটনাকে পাক-ভারত বিরোধের আকার দিতে চাইছে এবং সীমান্তে প্রচুর সৈন্য সমাবেশ করে ভারতের প্রতি রণহুংকার ছাড়ছে। আশ্চর্য এই বেহায়া খাঁন। নির্লজ্জতারও একটা সীমা থাকা উচিত।

বিশ্বের বিভিন্ন ঘটনাবলীর অন্যতম স্মরণীয় ঘটনা সদ্য মহাচীনের রাষ্ট্রপুঞ্জে আসন লাভ। সমাজতান্ত্রিক দুনিয়ার অন্যতম শ্রেষ্ঠ রাষ্ট্রের রাষ্ট্রপুঞ্জে স্থায়ীভাবে প্রতিনিধিত্ব করার পরিপ্রেক্ষিতে এই আশা প্রকাশ করা যায় যে এবার হয়ত রাষ্ট্রপুঞ্জ তার নৈর্ব্যক্তিক নির্লিপ্তভার ত্যাগ করে বাংলাদেশের রাজনৈতিক সমাধানে সক্রিয় ভূমিক

* 'স্বাধীন বাংলাঃ বাংলাদেশের সংগ্রামী জনগণকে সাপ্তাহিক মুখপত্র'। সম্পাদক মণ্ডলীর সভাপতি-খোন্দকার সামসুল আলম দুদু কর্তৃক মুজিবনগর হতে প্রকাশিত ও স্বাধীন বাংলা প্রেস হতে মুদ্রিত।

গ্রহণ করবে। রাজনৈতিক সমাধানের রূপরেখা অবশ্যই বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদ আরোপিত চারটি মৌল দাবীর উপর ভিত্তি করেই নির্ধারিত হবে। যেমন-প্রথমতঃ স্বাধীন বাংলাদেশ, দ্বিতীয়তঃ বাংলাদেশের প্রিয়তম নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবের মুক্তি, তৃতীয়তঃ বিনা শর্তে সমস্ত সৈন্য অপসারণ। বাংলাদেশের সংগ্রামী জনতা ও মুক্তিবাহিনী এ বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ যে বহিপ্রচেষ্টা যতই প্রতিকূল কিংবা অনুকূলেই হোক না কেন বাংলাদেশের পূর্ণ স্বাধীনতা অর্জন ও জাতীয় মুক্তি একমাত্র নিরলস একনিষ্ঠ সংগ্রামের মাধ্যমে সম্ভব। কারণ স্বাধীনতা অর্জিত হয়, প্রদত্ত হয় না।

-জয় বাংলা

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
পাক সামরিক চক্রে বিরাট ভাঙ্গন	স্বাধীন বাংলা মুজিব নগরঃ ৯ম সংখ্যা	১৩ নভেম্বর, ১৯৭১

পাক সামরিক চক্রে বিরাট ভাঙ্গন

আভ্যন্তরীণ কোন্দলের ফলে পাক সামরিক চক্রে বিরাট ভাঙ্গন দেখা দিতে পারে বলে লণ্ডস্থ পাক সরকারের ঘনিষ্ঠ মহল মনে করছেন। ঐ মহলের খবরে পাক সামরিক সরকারের ঘনিষ্ঠ মহল মনে করছেন। ঐ মহলের খবরে প্রকাশ পাক সামরিক সরকারের প্রাক্তন বৈদেশিক দপ্তরের সচিব মুহঃ ইউছুফ, ইয়াহিয়া খানের অর্থনৈতিক উপদেষ্টা জনাব আহম্মদ এবং জেনারেল টিক্কা খানের চাপে বাধ্য হয়ে ইয়াহিয়া খান ভুট্টোকে পশ্চিম পাকিস্তানের ভাবী প্রধানমন্ত্রী মেনে নিয়ে পিকিং-এ দৌত্য করতে পাঠিয়েছিলেন।

কিন্তু সিন্ধুর গভর্ণর গুল রহমান এবং পাঞ্জাবের গভর্ণর মেজর জেনারেল আতিকুর রহমান ইয়াহিয়ার এই সিদ্ধান্তের ঘোরতর বিরোধী। ফলে পর্দার আড়ালে ক্ষমতার দ্বন্দ্ব ক্রমশঃ প্রকট হয়ে উঠছে। ভুট্টোর পিকিং সরকারের সমর্থন সংগ্রহের জন্য সদ্য সমাপ্ত চীন সফরের ফলাফল সম্বন্ধে দুই মহলের অবস্থান দুই মেরুতে।

জনাব ভুট্টো বলেছেন তাঁর সফর সম্পূর্ণ সফল হয়েছে। পক্ষান্তরে সিন্ধু ও পাঞ্জাবের গভর্ণর মনে করছেন ভুট্টো খালি হাতে চীন থেকে ফিরে এসেছেন। তারা আরও বলেছেন, বৃটেন ভারতের প্রতি যেমন প্রকাশ্য সমর্থন জানাচ্ছেন তার ভগ্নাংশ পর্যন্ত চীন সরকার পাকিস্তানের প্রতি জানাচ্ছেন না।

পাকিস্তানকে ঢালাও অস্ত্র সাহায্যের জন্য চীনের প্রতিনিধিদের নিকট জনাব ভুট্টো যে করুন আবেদন জানিয়েছিলেন তার প্রত্যুত্তরে চীনের সরকারী প্রতিনিধিদের পক্ষ থেকে ভুট্টোকে নাকি বলা হয়েছে যে, অস্ত্র সরবরাহ পশ্চিম পাকিস্তানে না দিয়ে চীন পূর্ববঙ্গে দিতে ইচ্ছুক। ওয়াকিবহাল মহল চীনের উপরোক্ত অভিমত থেকে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে মূল চীনে চিয়াং কাইশেককে প্রদত্ত আমেরিকান অস্ত্র যেমন মাও সেতুং দখল করে বিপ্লবী কৌশল প্রয়োগ করে চিয়াং কাইশেককেই উৎখাত করেছিলেন তেমনি পূর্ববঙ্গে চীন যদি অস্ত্র সরবারহ করে তবে সে অস্ত্র শেষ পর্যন্ত মুক্তিযোদ্ধাদের হাতে পৌছাবে এবং ইয়াহিয়া সরকারের উচ্ছেদের জন্যই ব্যবহৃত হবে। চীনের এই সিদ্ধান্তের গূঢ় উদ্দেশ্য সম্বন্ধে ইয়াহিয়া বেশ সতর্ক হয়েছেন।

অন্যদিকে আবদুল গফফার খাঁনের পুত্র ওয়ালি খানের জাতীয় আওয়ামী দল উত্ত পশ্চিম সীমান্তে এবং বেলুচিস্তানে বেশ সক্রিয় হয়ে উঠেছে। ঐ দল ভুট্টোকে প্রধানমন্ত্রী করার সিদ্ধান্তের ঘোরতর বিরোধী। সিন্ধু ও পাঞ্জাব দুটো প্রদেশে ভুট্টোর প্রভাব যেমন বেশী তেমনি বেলুচিস্তান ও উত্তর পশ্চিম সীমান্তে ওয়ালিপন্থী জাতীয় আওয়ামী দলের প্রভাব সর্বজনবিদিত। ফলে সামগ্রিকভাবে ইয়াহিয়া সরকারের অভ্যন্তরে এক ঝড়ের লক্ষণ দেখা যাচ্ছে। সে ঝড় শীঘ্রই উঠবে এবং সিঃসঙ্গ ইয়াহিয়া তার শিকার হতে বাধ্য।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	স্বাধীন বাংলা মুজিব নগরঃ ১০ম ও ১১শ সংখ্যা	২৭ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

'একদা এক ব্যঘ্রপ্রবর বৃদ্ধ ও অর্থব হওয়ায় খাদ্য সংগ্রহে অসমর্থ হইয়াছিল। কিন্তু স্বপ্রচেষ্টায় খাদ্য সংগ্রহ করিতে না পারিলে ক্ষুধায় প্রাণ যায়, ফলে সেই ব্যঘ্র তৎকর্তৃক নিহত একব্যক্তির সুবর্ণ কঙ্কনদ্বয় লইয়া এক পঞ্চপল্বল সমাচ্ছন্ন দীর্ঘিকা সংলগ্ন পথিপার্শ্বে সাত্বিকভাবে আহার্য সংগ্রহের উদ্দেশ্যে লোভী পথিকের আশায় বসিয়া রহিল।'' ....ইত্যাদি ইত্যাদি....। কথামালার গল্পে এই ধরনের গল্পকথা পড়িতে পাওয়া যায়। কিন্তু মনুষ্য সমাজও যে এ ধরনের বহু ভেকধারী হিংস্র শ্বপদের বিচরণক্ষেত্র তাহার উৎকৃষ্ঠতম প্রমাণ বর্তমান ভুট্টো-ইয়াহিয়া সামরিক জান্তা ও তাহাদের দালাল বাংলাদেশবাসী মুসলিমপন্থী বাঙালী বিশ্বাসঘাতকের দল।

কয়েকদিন পূর্বে মুক্তাঞ্চল ও ফিল্ড হাসপাতাল পরিভ্রমণে গিয়া উপরোক্ত গল্পটি ও পরিণাম পাশাপাশি চোখের সম্মুখে পড়িয়া গেল। মুক্তাঞ্চলের বুকে নেকড়ের ফেউদের রাতের অন্ধকারে ছিটাইয়া যাওয়া একখানি ইস্তাহার একজন গ্রামবাসী আমাদের হাতে দিল। ইস্তাহারে লেখা ছিল-''ইসলাম পাকিস্তানের প্রাণকেন্দ্র'' ''পাকিস্তান ইসলামের দুর্গ'' সেই সঙ্গে ধর্মের জিগির দিয়া বাঙালী মুসলমানদের মার্শাল 'ল' কর্তৃপক্ষের নিকট আত্মসমর্পনের জন্য অনুরোধ ও প্ররোচণা। স্বাক্ষর চিল জনৈক আহম্মদ আলি বিশ্বাস, চেয়ারম্যার আলমডাঙ্গা শান্তি কমিটির। সেই শান্তি নিদর্শন পাওয়া গেল বি, ভি, এ, সি ফিল্ড হাসপাতালে। উক্ত অঞ্চলের দুইজন গ্রামবাসী মুক্তিফৌজের ঠিকানা না বলিতে পারায় শান্তি কমিটি চাবুকের আঘাতে সমগ্র পৃষ্ঠদেশের চামড়া তুলিয়া লইয়া এবং সবুট পা-এর লাথিতে পাঁজরার হাড় ভাঙ্গিয়া দিয়া শান্তি নমুনা দেখাইয়াছে।

কিন্তু ইহা বিচ্ছিন্ন ঘটনা নতে। ইয়াহিয়ার সামরিক জান্তা ও তাহার পদলেহী কুত্তার দল মুক্তিবাহিনীর হাতে প্রচণ্ডভাবে মার খাইয়া আজ শান্তিবাহিনী প্রচারকের মুখোশ পরিতে বাধ্য হইয়াছে। কিন্তু পর্দার অন্তরালে তাহাদের বাঙালীর তাজা খুনের লোভ স্পষ্ট হইয়া উঠিতেছে। তাই তাহারা একাধারে প্রচার চালাইতেছে বাংলা শান্ত (?) কেবল মাঝে মাঝে দুষ্কৃতকারী (?) দের অন্তর্ঘাতমূলক কার্যকলাপ চলিতেছে; অপরদিকে যত্রতত্র যখন তখন কারফিউ জারী করিয়া মুক্তিফৌজ গেরিলাদের সন্ধান গৃহে গৃহে তল্লাসী ও জনসাধারণের উপর অকথ্য অত্যাচার চালাইতেছে। দোসর হইয়াছে শান্তি কমিটির ভেকধারী, বাঙালীর কলঙ্ক মুসলিম লীগ পন্থী ভাড়াটিয়া দালালগণ।

শুধুমাত্র প্রশাসনই নহে মুক্তিফৌজের আক্রমণ ও বাঙালীর দৃঢ়প্রতিজ্ঞ অসহযোগিতার ফলে পাকিস্তানের অর্থনৈতিক বুনিয়াদও প্রচণ্ডভাবে ভাঙ্গিয়া পড়িয়াছে। বাংলার অবস্থা সম্পূর্ণ শান্ত ও প্রশাসন সুষ্টভাবে চলিতেছে ইহার প্রমাণ করিতে না পারিলে বিশ্বের বিভিন্ন রাষ্ট্র পাকিস্তানকে ঋণ দিতে অস্বীকার করিয়াছ। মুক্তিবাহিনীর নিরলস, বাংলার স্বাধীনতা অর্জন করিবার দৃঢ়প্রতিজ্ঞ সংগ্রাম ও তৎসহ নৌবাহিনী ও গানবোটের নিশ্ছিদ্র প্রহরার ফলে বিদেশী সাহায্য দ্রব্যসহ কোন জাজাহ পাকিস্তানের বন্দরে যাইতে পারিতেছে না। ফলে বর্হিবাণিজ্য এবং সাহায্য প্রাপ্তির আশা সুদূরপরাহত। কোন বাঙালীর নিকট হইতে তাহারা একটি পয়সাও কর বা খাজনা পাইতেছে না। ফলে ত্রাহি ত্রাহি রব উঠিয়াছে জঙ্গীশাহী ও তাহার দালালদের মধ্যে। বাঙালীদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করিবার জন্য তাহারা নানারূপ ছলনা ও তৎসহ বিনীত প্রার্থনার আশ্রয় লইয়াছে। উক্ত ইস্তাহারে এও লেখা আছে, ''আমাদের একান্ত অনুরোধ আপনাদের ছেলেমেয়ে স্কুল ও কলেজে পাঠাইয়া শান্তির পরিবেশ সৃষ্টি করুন। খাজনা ও বিভিন্ন প্রকারের করদান করিয়া পাকিস্তানের অর্থনৈতিক বুনিয়াদ মজবুত করুন।''

এত প্রলোভন, প্ররোচনা বা নির্যাতন সত্ত্বেও আজ এ কথা স্পষ্ট হইয়া গিয়াছে যে, পৃথিবীতে এমন কোন শক্তি নাই, যে শক্তি জাগ্রত বাঙালীর প্রাণে যে স্বাধীনতা সূর্যালোক দ্বীপ্ত হইয়া উঠিয়াছ, তাহা বিনষ্ট করিতে পারে-বিনষ্ট করিতে পারে স্বাধীনতা অর্জনের জন্য দৃঢ় শপথবদ্ধ সাড়ে সাত কোটি বাঙালীর সংগ্রামী ঐক্যকে। দিকে দিকে মুক্তিবাহিনীর বলদীপ্ত অগ্রগতি, ১৭-১১-৭১ সকাল সাড়ে পাঁচটা হইতে ঢাকার বুকে অনির্দিষ্টকালের জন্য কারফিউ, পাক বাহিনীর যত্রতত্র মুক্তিফৌজের ভুতদর্শন প্রভৃতি ইহার স্বাক্ষর বহন করিয়া চলিতেছে।

তবুও আত্মসন্তুষ্টির সময় নয়। আজ ভারতে আশ্রয় গ্রহণকারী নব্বই লক্ষাধিক শরণার্থী সাড়ে সাত কোটি বাঙালীর সম্মুখে কঠিন পরীক্ষা উপস্থিত হইয়াছে। যে কোন বাঙালীর সামান্যতম ভুলের জন্যও জাতির জীবনে নিদারুণ সংকট নামিয়া আসিতে পারে। তাই প্রতিটি বাঙালীকেই আজ প্রতিটি পদক্ষেপ করিতে হইবে সুচিন্তিতভাবে। যাহাতে বিভেদ ও বিভ্রান্তি সৃষ্টিকারী বেঈমান দলের আমাদের মধ্যে অনুপ্রবেশ না ঘটিতে পারে তাহার জন্য প্রখর দৃষ্টি রাখিতে হইবে। তৎসহ সর্বপ্রকারে মুক্তিবাহিনীকে সাহায্য করিতে হইবে মুক্তিফৌজে যোগ দিয়া, তাহাদের আহার্য ও আশ্রয়ের বন্দোবস্ত করিয়া বা পাক কুত্তাদের গতিবিধির খবরাখবর দিয়া। যাহার ফলে মুক্তিযুদ্ধ হইবে ত্বরান্বিত এবং আমরা লাভ করিব আমাদের ইপ্সিত ফল শত্রুমুক্ত স্বাধীন বাংলাদেশ।

-জয় বাংলা

* * *

মোহাররম আর রমজান। পৃথিবীর ধর্মপ্রাণ মুসলমানদের নিকট পবিত্রতম দুইটি মাস। রমজান মাসের প্রথম দিন হইতে প্রতিটি ধর্মপ্রাণ মুসলামন সূর্যোদয়ের পূর্বে শয্যাত্যাগ করিয়া পবিত্র শুচিশুদ্ধভাবে আল্লাহ পাক-এর উদ্দেশ্যে নামাজ পড়ে। সমস্ত দিন সর্বপ্রকার আহার্য মাদক দ্রব্য বর্জন করিয়া সাত্ত্বিকভাবে সংসার তথা পৃথিবীর কল্যাণের জন্য খোদা তায়ালার নিকট নির্দিষ্ট ওয়াক্ত অনুযায়ী মোনাজাত করে। রমজানের শেষে সমস্ত ধর্মপ্রাণ মুসলমানেরা ঈদগাহ ময়দানে একত্রিত হয় নামাজ পড়ে কোরান শরীফ পাঠ শোনে। রমজান মাসের ঐতিহ্য লইয়া আলোচনা করে গোটা মাস ধরিয়া হিংসাদ্বেষ বর্জন করিয়া সংযম শিক্ষা করিয়া শাস্ত্রের অনুশাসন পালন করে পৃথিবীর প্রতিটি মুসলমান।

কিন্তু বর্তমান বাংলাদেশের বুকে রমজান মাস পালিত হইতেছে বাঙালী হিন্দু মুসলমানের রক্তের হোলীখেলার দ্বারা। অথচ নরমুণ্ডের দ্বারা গোণ্ডুয়া তথা বাঙালীর খুনে হোলীখেলার সুদক্ষ ক্রীড়াবিদ ইয়াহিয়া ভুট্টো এবং তাদের সামরিক জুন্টা ও দালালরাই প্রচার করিতেছে বাংলার মুসলমানরা নাকি কাফের হইয়া গিয়াছে, তাহারা পবিত্র ইসলামের অবমাননা করিয়াছে। শুধু তাহাই নহে বাঙালী কাফের মুসলমানদের জন্য তাহাদের তাহজীব তমদ্দুন বিপন্ন হইয়াছে। শুধু তাহাই নহে বিপন্ন অবস্থা হইতে ত্রাণলাভের জন্য পৃথিবীর সমস্ত মুসলিম রাষ্ট্রের দরবারে করুণ আকুতি জানাইয়াছে। এবং কতিপয় রাষ্ট্রও পরের মুখে ঝাল খাইয়া, বাংলাদেশের সংগ্রাম পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার বলিয়া মন্তব্য করিয়া দূর হইতে গোঁফে তা' দিতেছে।

কিন্তু সরাবের পেয়ালায় চুমুক দিয়া বাঙালীর রক্তে হস্তরঞ্জিত করিয়া জঙ্গীশাহী কোন ইসলামের অনুশাসন পালন করিতেছে। কোন হাদিসে লেখা আছে নররক্তোশ্নান করিলে ধর্মরাজ্য স্থাপিত হইবে, বেহেস্ত নামিয়া আসিবে মর্তের বুকে ? নারী ধর্ষণ, আবাল-বৃদ্ধ-বনিতাকে হত্যা করিয়াই একমাত্র ইসলাম ধর্ম পালন করা যায় এ কোন নবীর উপদেশ ? কোন আল্লাহ পাক-এর নির্দেশ ? এ কথা একবারও কি সেই ইসলামের ধ্বজাধারী রাষ্ট্রনায়কগণ চিন্তা করিয়াছে! এবারও কি তাহারা সেই এজিদ সিমারের উত্তরসূরী ইয়াহিয়া ও তার সামরিক জুন্তাদের জিজ্ঞাসা করিয়াছেন, রাতের অন্ধকারে ট্যাঙ্ক, মর্টার, কামানের গোলায়, বিমান কর্তৃক বোমাবর্ষনের দ্বারা গ্রাম, নগর, জনপদ শ্মশানে রূপান্তরিত করার রীতি কোন জঙ্গনামায় লিখিত আছে ? আমরা জানি তা' তাহারা করেন নাই। কারণ তাহারাও জানেন আর আমরা বাঙালীও জানি এর পশ্চাতে আছে সাম্রাজ্যবাদী শোষনের হীন

কলাকৌশল। আছে নয়া উপনিবেশ কায়েম রাখিবার জন্য ষড়যন্ত্রকারী বিংশ শতাব্দীর সীমারদের হিংস্র থাবা।

তাই আজ এ কথা স্পষ্ট বলিয়া দেওয়ার সময় আসিয়াছে যত জমকালো আবরণেই-হোক না তাহা ধর্মীয় জিগির, হোক না তাহা বিচ্ছিন্নতাকামীদের বিরুদ্ধে সংগ্রামের আহ্বান সেই আবরণকে ভেদ করিয়া তোমাদের স্বরুপ আজ বাঙালীর দৃষ্টিতে প্রকাশিত হইয়া গিয়াছে। রমজান মাসের শেষে আকাশে ঈদের পবিত্র চাঁদ দেখা দিয়াছে। সাবধান এজিদ সীমারের দল, এ চাঁদ শুধুমাত্র পবিত্র ঈদের চাঁদ নহে। এ চাঁদ পরাধীনতার আমাকে নিশ্চিত করিয়া স্বাধীনতার চন্দ্রোদয়। অদূরভবিষ্যতে বাঙালী মুক্তিযোদ্ধারা তোমাদের নিশ্চিহ্ন করিয়া স্বাধীনতার পূর্ণচন্দ্রকে ছিনাইয়া আনিবে। কোন ভেদ নীতি বা সহসা প্রতিবন্ধক আমাদিগকে দমাইয়া রাখিতে পারিবে না। কারণ আমরা প্রথমে বাঙালী তারপরে হিন্দু বা মুসলমান

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় শান্তির পারাবাত	আমার দেশ* বাংলাদেশঃ ১১শ সংখ্যা	১১ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

শান্তির পারাবাত

ভারতীয় প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী উপমহাদেশের বিস্ফোরণোন্মুখ পরিস্থিতির মুখে পাশ্চাত্য দেশগুলো সফর শেষ করিয়া স্বদেশে ফিরিয়া আসিতেছেন। বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র ভারতের প্রধানমন্ত্রী, আজীবন গণতন্ত্রের পূজারী শ্রীমতি ইন্দিরা গান্ধী কি পরিস্থিতিতে শান্তির সন্ধানে বাহির হইয়াছেন। তা প্রণিধানযোগ্য। ২৫শে মার্চ থেকে বাংলাদেশে এশিয়ার খুদে হিটলার ফ্যাসিষ্ট ইয়াহিয়ার নিষ্ঠুর হত্যাযজ্ঞ লোকালয় জনপদ ধ্বংস ও নারী নির্যাতনের পরিপ্রেক্ষিতে সমুদ্রের জলস্রোতের মত বাংলাদেশের মানুস সীমান্ত পার হইয়া ভারতে আশ্রয় নিতে শুরু করে। গণতন্ত্রের অতন্দ্র প্রহরী শ্রীমতি ইন্দিরা গান্ধী মানবতার খাতিরে সীমান্ত পথ বন্ধ করিয়া দিয়া ছিন্নমূল ভীতসন্ত্রস্ত বাঙালী শরণার্থীদের নরখাদক ইয়াহিয়ার জল্লাদ সৈন্যদের কামানের মুখে ঠেলিয়া দিতে পারেন নাই। বরং পাক বাহিনীর গণহত্যা, গণতন্ত্র হত্যা ও নারী নির্যাতনের মত পৈশাচিক বর্বরতার বিরুদ্ধে মানবতাকে বাঁচাইবার প্রয়োজনে তিনি বিশ্বব্যাপী কূটনৈতিক তৎপরতা চালাইয়া গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবিক আদর্শের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করিয়াছেন। বর্বর ইয়াহিয়া পাকিস্তানের 'সংহতি ও অখণ্ডতা'র নামে 'ইসলাম' রক্ষার ছদ্মাবরণে বাংলাদেশকে পশ্চিমা কায়েমী স্বার্থবাদীদের স্থায়ী উপনিবেশে পরিণত করিবার জন্য বাংলাদেশে ১০ লক্ষ বাঙালীকে হত্যা করিয়া, তিন কোটি বাঙালীকে গৃহহারা করিয়াছে; এক কোটি বাঙালীকে ভারত ভূখণ্ডে বিতাড়িত করিয়া ভারতীয় অর্থনীতিকে পঙ্গু করিবার অশুভ তৎপরতায় লিপ্ত হইয়াছে। অর্থনৈতিক দিক দিয়া অনগ্রসর একটি দেশের পক্ষে এই বিপুল বোঝা বহন করা এককভাবে অসম্ভব ব্যাপার। স্বভাবতঃই আশা করা গিয়াছিল বিশ্বগোষ্ঠী এই ভয়াবহ মানবিক বিপর্যয় ও তজ্জনিত ব্যাপক সংকট রোধে সক্রিয়ভাবে আগাইয়া আসিবেন। কিন্তু বাংলাদেশে গণহত্যা ও গণতন্ত্র হত্যা থেকে ইয়াহিয়াকে বিরত করার জন্য এবং শরণার্থীদের প্রয়োজনীয় সাহায্য দেওয়ার মানবিক কাজে বিশ্বগোষ্ঠীর কাছ থেকে আশানুরুপ সাড়া পাওয়া যায় নাই। বরং কোন কোন গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক রাষ্ট্র জল্লাদ ইয়াহিয়াকে সামরিক ও অর্থনৈতিক সাহায্য দিয়া বাংলাদেশে গণহত্যা ও জনপদ উচ্ছেদে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সাহায্য করিয়াছে। এমন কি কোন কোন রাষ্ট্রের তর্জনী সংকেতে ইয়াহিয়া-ভুট্টো গংরা ভারতের সার্বভৌমত্বের উপর আঘাত হানিবার জন্য সীমান্ত সৈন্য মোতায়েন করিয়া যুদ্ধোন্মদনায় মাতিয়া উঠিয়াছে। শুধু তাহাই নয়, ভারত বিরোধী প্রচারণা, উগ্র সাম্প্রদায়িক ভেদভুদ্ধিতে উস্কানী দিয়া ভারতের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা নষ্ট করিবার চক্রান্ত চালানো হইতেছে। এমনি এক দুর্বিসহ সংকট ও চাপের মুখেও ভারত মানবতার খাতিরে প্রশংসনীয়ভাবে এহেন সমস্যার মোকাবিলা করিতেছে। সাথে সাথে ভারত বাংলাদেশে পাক বাহিনীর নৃশংস বর্বরতা বন্ধ করিয়া বাংলাদেশে নির্বাচিত সদস্যদের ইচ্ছানুযায়ী জনগণের আশা-আকাঙ্ক্ষার পরিপূরক একটি ন্যায়সঙ্গত রাজনৈতিক সমাধানে ইয়াহিয়ার উপর চাপ সৃষ্টির জন্য বিশ্বগোষ্ঠীর প্রতি আবেদন জানান। কোন কোন গণতান্ত্রিক রাষ্ট্র বাংলার সাড়ে সাত কোটি মানুষের কণ্ঠস্বর বঙ্গবন্ধুকে বিনাশর্তে মুক্তি দিয়া তাঁহার সাথে সংলাপ শুরু করার আহবান জানান। কিন্তু দুর্বৃত্ত ও কপট ইয়াহিয়া বাংলার স্বাধীনতা সংগ্রামকে পাক-ভারত বিরোধ রূপে চিত্রিত করিবার দুরভিসন্ধি নিয়া দখলীকৃত

* আমার দেশঃ সাপ্তাহিক। সম্পাদকঃ খাজা আহমদ। মুক্ত বাংলার কোন এক অঞ্চলে ''আমার দেশ'' মুদ্রনালয় হতে মুদ্রিত ও ''আমার দেশ'' কার্যালয় হতে খাজা আহমদ কর্তৃক প্রকাশিত।

বাংলাদেশে ও পাকিস্তানের বিভিন্ন সীমান্তে সৈন্য মোতায়েন করিয়া কোন কোন উপনিবেশবাদী প্রভুর উৎসাহে ও প্রেরণায় ভারতের বিরুদ্ধে যুদ্ধ বাধাইবার সর্বনাশ খেলায় মাতিয়া উঠিয়াছে।

এমনি অবস্থায় একদিকে এক কোটি শরণার্থীর চাপে সৃষ্ট ভারতের অর্থনৈতিক ও সামাজিক সমস্যা, অন্যদিকে মুরববীদের আশীর্বাদপুষ্ট ফ্যাসিষ্ট ইয়াহিয়ার রণহুঙ্কার জনিত উপমহাদেশে শান্তি ভঙ্গের আশঙ্কা শ্রীমতি ইন্দিরা গান্ধীকে বিচলিত করিয়া তোলে। তদুপরি কোন কোন বৃহৎ শক্তির বাংলা দেশে ফ্যাসিষ্ট বর্বরতাকে দীর্ঘায়িত করিয়া এবং শরণার্থী সমস্যাকে জিয়াইয়া রাখিয়া উপমহাদেশে 'বরের পিসি ও কনের মাসী' সাজিবার নিষ্ঠুর চক্রান্তে শ্রীমতি গান্ধি উদ্বিগ্ন হইয়া পড়িয়াছিলেন। তাই তিনি মার্কিন যুক্তরাষ্ট্র, বৃটেন, ফ্রান্স, পশ্চিম জার্মানী, বেলজিয়াম ও অষ্ট্রিয়া সফরে গিয়া এই সব দেশের সরকার ও জনগণকে বাংলাদেশ সংকটের মূল কারণ এবং শরণার্থী সমস্যা সমাধানের গুরুত্ব বুঝাইয়া বলিয়াছেন। তিনি এই কথাও স্পষ্ট করিয়া বলিয়াছেন যে, বাংলাদেশ সমস্যার সমাধান করিতে হইলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে বুঝাপড়া করিতে হইবে- ভারতের সঙ্গে নহে।

বাংলাদেশের মুক্তিযুদ্ধ এখন চূড়ান্ত পর্যায়ে উপনীত হইয়াছে। বাংলার বিস্তীর্ন এলাকা এখন মুক্তিবাহিনীর দখলে। তদুপরি রাজনৈতিক সমাধানের প্রশ্নে বাংলাদেশ সরকার চারটি পূর্বশর্ত ঘোষনা করিয়াছেন। উপরোক্ত শর্তের আলোকে শ্রীমতি গান্ধী বৃহৎ শক্তিগুলোকে বাংলাদেশ সংকটের রাজনৈতিক সমাধানের মূল সূত্র কোথায় তা বুঝাইতে সক্ষম হইয়াছেন বলিয়া আমাদের বিশ্বাস। পাকিস্তানের যুদ্ধোন্মাদনা ও অব্যাহতভাবে ভারত ভূখণ্ডে গোলাগুলিবর্ষণের মুখে শ্রীমতি ইন্দিরার পাশ্চাত্য দেশ সফরের গুরুত্ব বিশ্ববাসী উপলব্ধি করিতে পারিয়াছেন বলিয়াও আমাদের ধারণা। স্বদেশে ফিরিয়া আসিয়া শ্রীমতি ইন্দিরা গান্ধী বাংলাদেশ সংকট সমাধানে পাশ্চাত্য রাষ্ট্রবর্গের মনোভাব সম্পর্কে অন্যান্য নেতাদের সঙ্গে পর্যালোচনা করিয়া বাংলাদেশ প্রশ্নে চূড়ান্ত সিদ্ধান্ত নিবেন বলিয়া ওয়াকেবহাল মহলের ধারণা। বাংলাদেশ মুক্তিবাহিনীর চূড়ান্ত অভিযানের পরিপ্রেক্ষিতে এবং বাংলাদেশ ও ভারতের ৭০ কোটি মানুষের আশা-আকাঙ্খার পরিপূরক হিসাবে শ্রীমতি গান্ধী কি পদক্ষেপ গ্রহণ করেন তাহাই দেখিবার জন্য আমরা সাগ্রহে অপেক্ষা করিতেছি।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মুক্তাঞ্চলে প্রশাসন ব্যবস্থা চালু	আমাদের দেশ বাংলাদেশঃ ১১শ সংখ্যা	১১ নভেম্বর, ১৯৭১

মুক্তাঞ্চলে প্রশাসন ব্যবস্থা চালু

পরশুরাম থানার বিস্তীর্ণ মুক্তাঞ্চলে বাংলাদেশ সরকারের প্রশাসন ব্যবস্থা চালূ করা হয়েছে। মুক্তাঞ্চলের জনসাধারণের সুবিধার প্রতি নজর রেখে বাংলাদেশ সরকার এ ব্যবস্থা গ্রহণ করেছেন। মুক্তাঞ্চলের জনসাধারণের অভাব অভিযোগ স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষের গোচরীভূত করার জন্য বাংলাদেশ সরকার আহবান জানিয়েছেন। আইনশৃংখলা পুনঃস্থাপন ও জীবনযাত্রা পুনর্গঠনের যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন ব্যবস্থা চালু করা হয়েছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় আঘাতের পর আঘাত হানুন	আমার দেশ বাংলাদেশঃ ১৩শ সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

আঘাতের পর আঘাত হানুন

ক্ষুধিত বাংলায় রক্তের আবিরে রাঙ্গানো স্বাধীনতা সূর্য উদিতপ্রায়। পাক জঙ্গী চক্রের পাশবিক তাণ্ডবের প্রতিশোধ নেয়ার দুর্বার স্পৃহার আঘাত-জর্জর বীর মুক্তিবাহিনী রক্তাক্ত বাংলার সর্বত্র শত্রুহননের মহোৎসব শুরু করিয়া দিয়াছেন। শত্রুদের হাত হইতে কাড়িয়া নেওয়া অস্ত্র দিয়া পাক জানোয়ারদের বিষদাঁত ভাঙ্গিয়া দিয়া বাংলার পবিত্র মাটিকে শত্রুমুক্ত করিতেছেন। পবিত্র ঈদুল ফিতরে বিক্ষুব্ধ বাঙ্গালীরা শোকার্ত জীবনের জমাট বাঁধা পাষাণকে ইস্পাতে রুপান্তরিত করিয়া পাষণ্ড ইয়াহিয়ার বর্বর বাহিনীর উপর সর্বাত্মক আক্রমণ চালাইয়া তাহাদের যুদ্ধোন্মাদনার খায়েশ চিরতরে মিটাইয়া দিতেছে। ক্ষিপ্তগতিতে সুসংগঠিত হইয়া মুক্তিবাহিনী দূর্বার গতিতে শত্রুদের উপর ঝাঁপাইয়া পড়িয়া শত্রুদের শক্ত ঘাঁটিগুলি নাস্তানাবুদ করিয়া দিতেছে। ফাঁদে পড়া জন্তুর মতো স্থূলবুদ্ধি ইয়াহিয়া ও তাহার জঙ্গী জেনারেলরা বাংলাদেশে সম্মুখে ও গেরিলা যুদ্ধে আটকা পড়িয়া নতুন নতুন চালবাজী করিয়া পরাজয়ের গ্লানিকে চাপা দিবার অপপ্রয়াসে লিপ্ত হইয়াছে। তাই বাংলাদেশের কেদো মাটিতে আটকা পড়া পাক জাঙ্গীশাহীকে টানিয়া তুলিবার জন্য ইয়াঙ্কি নিক্সন ও তাহার সাঙাতরা তলে তলে দিশেহারা ইয়াহিয়া ও তাহার সাগরেদদের ভারত-বাংলাদেশ সীমান্ত ও পশ্চিম পাকিস্তান-ভারত সীমান্তে সৈন্য মোতায়েন করিয়া ভারতের বিরুদ্ধে অঘোষিত যুদ্ধ চালাইয়া যাইবার পরামর্শ দিয়াছে। তাহাদেরই পরামর্শ অনুযায়ী ইয়াহিয়া সীমান্তে বিপুল সৈন্য সমাবেশ করিয়া ভারত ভূখণ্ডে অনবরত গোলাগুলি নিক্ষেপ করিতেছে এবং সঙ্গে সঙ্গে কপট ইয়াহিয়া জঘন্য মিথ্যার বেসাতি করিয়া 'ভারতীয় হামলা' জিগির তুলিয়া বাংলাদেশের মুক্তিযোদ্ধা ও পাক বাহিনীর মধ্যকার যুদ্ধকে পাক-ভারত অঘোষিত যুদ্ধ বলিয়া খেঁকি কুকুরের মতো তার স্বরে চীৎকার করিতেছে। সঙ্গে সঙ্গে গণহত্যা ও গণতন্ত্র হত্যার আন্তর্জাতিক নায়ক নিক্সন ও তাহার গেঁউরা বাংলাদেশের মুক্তিযুদ্ধকে পাক-ভারত সীমান্ত সংঘর্ষ বলিয়া উত্তেজনা প্রশমনের জন্য উভয় পক্ষকে সংযম প্রদর্শনের অযাচিত উপদেশ বর্ষণ করিতে শুরু করিয়াছে।

ইহাদের এইরূপ অযাচিত উপদেশের মধ্যে যে হীন চক্রান্ত জড়াইয়া রহিয়াছে তাহা সহজেই অনুমেয়। বাংলাদেশে দীর্ঘ আট মাস ধরিয়া ইয়াহিয়ার জল্লাদ বাহিনীর নারকীয় হত্যাকাণ্ড যখন বিনা বাধায় সংঘটিত হইয়াছে তখন এই সব উপদেশ বর্ষণ করা হয় নাই। বরং অর্থ অস্ত্র ও পরামর্শ দিয়া ইয়াঙ্কি নিক্সন বাংলাদেশকে চূর্ণবিচূর্ণ ও ধ্বংস করার প্রত্যক্ষ মদত দিয়াছে। মাও-নিক্সন এশিয়ায় ক্ষমতার ভারসাম্য রক্ষার যূপকাষ্ঠে বাংলাদেশকে বলি দিয়া উপমহাদেশে পানি ঘোলা করিয়া তাহাদের হীন জাতীয় স্বার্থ লুটিবার তালে মত্ত হইয়াছে। ইহাদের কাছে মানবতা ও বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।

এদিকে মুক্তিবাহিনীর মৃত্যু-ভাবনাহীন যোদ্ধাদের অব্যর্থ ও শাণিত অস্ত্রের আঘাতে বাংলাদেশে পাষণ্ড ইয়াহিয়ার জল্লাদ বাহিনী যখন কদলী বৃক্ষের মতো ঢলিয়া পড়িতেছে তাহাদের সমর ব্যূহগুলো যখন ফুঁৎকারে উড়িয়া যাইতেছে তখন ইয়াহিয়ার প্রভুদের মধ্যে কেউ কেউ আন্তর্জাতিক আমলাদের বৈঠকখানা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের জরুরী অধিবেশন ডাকার তোড়জোড় করিতেছে। যদি নিরাপত্তা পরিষদে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সঙ্গে ভারতকে জড়িত করিয়া মুক্তিযুদ্ধকে পাক-ভারত সংঘর্ষ হিসাবে রূপ দিয়া বিরোধ মীমাংসার

নামে কাল হরণ করিয়া দিশাহারা ও পতনোন্মুখ পাক বাহিনীকে দম ফেলিবার সুযোগ দেওয়া যায় তাহা হইলে বাংলার স্বাধীনতাকে ঠেকানো সম্ভব হইবে।

আন্তর্জাতিক চক্রান্তের এই সন্ধিক্ষণে সারা বাংলাদেশের মুক্তিকামী সাড়ে সাত কোটি জনতা ও মুক্তিযোদ্ধারা আজ এক বিরাট অগ্নিপরীক্ষার সম্মুখীন। অতীতে আমরা বহু আন্তর্জাতিক চাল ও চক্রান্ত ব্যর্থ করিয়া দিয়াছি। এইবারকার সর্বশেষ আন্তর্জাতিক চক্রান্তকেও আমাদের যে কোন মূল্যে ব্যর্থ করিয়া দিতে হইবে। তাই বাংলার এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত ভিতরে ও বাহিরে সম্মুখ সমরে ও গেরিলা পদ্ধতিতে এবং প্রতিরোধে ও অসহযোগিতায় ক্লান্ত ও হীনবল শত্রুবাহিনীকে আঘাতে আঘাতে লণ্ডভণ্ড করিয়া লাখ লাখ বাঙালী হত্যার প্রতিশোধ নিতে হইবে এবং সমগ্র দেশে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসনিক কর্তৃত্ব ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত করিতে হইবে যাতে করিয়া আন্তর্জাতিক কুচক্রীরা বাংলাদেশের স্বাধীনতাকে কোন রকমেই ঠেকানোর সুযোগ না পায়।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের চার পর্যায়ে এখনও যাহারা বাধ্য হইয়া শত্রুদের সঙ্গে সহযোগিতা করিয়া চলিয়াছেন তাহাদের এখন মুখ ফিরাইয়া দাঁড়াইবার সময় আসিয়াছে। শত্রুরা আজ চারিদিক দিয়া কোণঠাসা ও অবরুদ্ধ। এই মাহেন্দ্রক্ষণে শত্রুদের বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইয়া শত্রুদের নড়বড়ে ও ভঙ্গুর প্রশাসন ব্যবস্থাকে বানচাল করিয়া দিন। অনুতাপহীন রাজাকার ও দালালদের প্রতি আমাদের কোন বক্তব্য নাই। তাহাদের বিদেশী প্রভুদের মতো তাহাদিগকেও একই পরিণতি বরণ করিতে হইবে এবং তাহাদের সেই পরিণতি হইল গ্লানিকর মৃত্যু-একথা আমাদের প্রধানমন্ত্রী দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করিয়াছেন। সুতরাং আমাদের আবেদন-শত্রুদের উপর আঘাতের পর আঘাত হানুন, ওদের নিশ্চিহ্ন করিয়া দিন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
পাক তাসের ঘর ভেঙ্গে যাচ্ছে	আমার দেশ বাংলাদেশঃ ১৩শ সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

পাক তাসের ঘর ভেঙ্গে যাচ্ছে

যশোর-খুলনা-কুষ্টিয়া ও ফরিদপুরের শতকরা ৮০ ভাগ মুক্তঃ সকল জেলা থেকে
ঢাকা বিচ্ছিন্নঃ কিশোরগঞ্জ শহর অবরুদ্ধঃ ফেনীর কাছে বহু শত্রুসেনা
হতাহত ও ধৃতঃ প্রচুর অস্ত্রশস্ত্র উদ্ধারঃ

ছাগলনাইয়া মুক্ত
ফেনীর দিকে মুক্তিবাহিনীর অগ্রাভিযান
(নিজস্ব বার্তা পরিবেশক)

লাখো মানুষের রক্তস্রোত পেরিয়ে আজ আমরা মুক্তির নবদিগন্তে উপনীত হতে চলেছি। হানাদার পাক 'নাজি'রা পৃথিবীর জাগ্রত বিবেকের ঘৃণা ও আক্রোশ এবং বাংলার মরণজয়ী বীর মুক্তিবাহিনী ও মুক্তিপাগল জনতার দূর্বার আঘাতে তৃণখণ্ডের মতো ইতিহাসের অন্ধকার আবর্তে তলিয়া যাচ্ছে। নদী মেখলা বাংলার নরম মাটিতে জল্লাদ ইয়াহিয়ার কসাই বাহিনী লাখ লাখ বাঙ্গালীর তাজা রক্ত দিয়ে রঞ্জিত করে যে শোষণ-সৌধ নির্মাণ করেছিল মুক্তিবাহিনীর প্রচণ্ড আঘাতে তা আজ তাসের ঘরের মতো ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। রক্তাক্ত বাংলার চারদিক থেকে মুক্তিবাহিনী পাক নরপশুদের অবরুদ্ধ করে ঘায়েল করে দুর্বার গতিতে ছুটে চলেছেন রাজধানী ঢাকার দিকে। তাদের পেছনে হানাদারমুক্ত এলাকাগুলোতে রক্তখচিত বাংলার পতাকা পত্ পত্ করে উড়ছে। মুক্ত স্বদেশের মানুষের মনে বয়ে চলেছে বিজয়ানন্দের হিল্লোল।

ফেনীর তিন দিকে মুক্তিবাহিনী

গত তিনদিনে মুক্তিবাহিনী প্রচণ্ড আক্রমণ চালিয়ে ছাগলনাইয়া থানা সম্পূর্ণরূপে মুক্ত করে দুর্বার গতিতে ফেনী শহরের দিকে এগিয়ে গেছেন। ছাগলনাইয়া থানার দক্ষিণাংশে চাঁদাগাজী ও মুন্সিরহাটে দুটি প্রচণ্ড সংঘর্ষে মুক্তিবাহিনী বহু খানসেনা ও রাজাকারকে হতাহত করেছেন। মুক্তিবাহিনীর অব্যাহত আক্রমণের প্রচণ্ডতায় ভীত সন্ত্রস্ত পাক পশুরা অনবরত পিছু হটতে হটতে এখন ফেনীতে অবরুদ্ধ হয়ে পড়েছে। প্রাণ ভয়ে পালিয়ে যাবার সময় তারা বহু অস্ত্রশস্ত্র ও রসদ ফেলে যায়। এখন ফেনী শহর ছাড়া-সমগ্র ফেনী মহকুমা কার্যত মুক্তিবাহিনীর নিয়ন্ত্রণাধীন।

পাবর্বত্য চট্টগ্রামের পূর্বাংশ মুক্তঃ পাক হেলিকপ্টার ভূপাতিত

গত কয়েকদিন মুক্তিবাহিনী পার্বত্য চট্টগ্রামের রামগড়ের উত্তর পূর্বাংশ ও তবলছড়ি এলাকায় আক্রমণ চালিয়ে বহু খানসেনাকে নিশ্চিহ্ন করে দিয়ে উক্ত এলাকা মুক্ত করেছেন। মীরেরশরাইতে অতর্কিতে আক্রমণ চালিয়ে ১০ জন খানসেনাকে হত্যা ও বেশ কয়েকজন খান সেনাকে আহত করেছেন। চট্টগ্রাম শহরে গেরিলা তৎপরতা ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে বন্ধ হয়ে গেছে। রামগড় এলাকায় একটি পাক হেলিকপ্টারকে মুক্তিবাহিনী গুলি করে ভূপাতিত করেন।

এ সপ্তাহে দিনাজপুরের অমরখানা, জগদ্দলহাট ও হিলি এলাকা মুক্ত করে মুক্তিবাহিনী অভ্যন্তরভাগে এগিয়ে চলেছেন। এখানে বহু পাকসেনা ও রাজাকার নিহত হয়েছে। রংপুর জেলার আলোক দীঘি ও আগ্রা পুকুরে ১২জন খান সেনাকে মুক্তিবাহিনী হত্যা করেছেন।

সাতক্ষীরা মহকুমা মুক্ত

মুক্তিবাহিনী গত ২২শে নভেম্বর খুলনা জেলার সাতক্ষীর মহকুমা মুক্ত করেছেন। এখানকার আক্রমণে বহু খানসেনা নিহত ও আহত হয়। শত্রুদের বহু অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়। সাতক্ষীরা মুক্ত করার পর মুক্তিবাহিনী বীর বিক্রমে খুলনা শহরের দিকে চলেছেন। বিলম্বে পাওয়া এক খবরে বলা হয়েছে, গত ১৪ তারিখ থেকে ১৭ তারিখ পর্যন্ত মুক্তিবাহিনী বাগেরহাটে ১০ জন ও বাখেরগঞ্জে ৫ জন খানসেনাকে হত্যা করেন। মুক্তিবাহিনী গত ২৩শে নভেম্বর সিলেটের কানাইঘাট এলাকায় আক্রমণ চালিয়ে পাক পশুদের অনেককে হত্যা করেন। বাকীরা প্রাণ নিয়ে পালিয়ে গেলে কানাইঘাট মুক্ত হয়।

ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার শহর ছাড়া চারিদিক মুক্ত করা হয়। মুক্তিবাহিনী কিশোরগঞ্জ শহরে খানসেনাদের অবরুদ্ধ করে রেখেছেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
পূর্বাঞ্চলীয় প্রশাসন বিভাগের কর্মকর্তাদের সফর	আমার দেশ বাংলাদেশঃ ১৩শ সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

পরশুরাম-ছাগলনাইয়া-পার্বত্য চট্টগ্রামের মুক্তাঞ্চলে

পূর্বাঞ্চলীয় প্রশাসন বিভাগের কর্মকর্তাদের সফর

(বার্তা পরিবেশক)

ছাগলনাইয়া থানার দেড় শতাধিক বর্গমাইল, পরশুরাম থানার শতাধিক বর্গমাইল এবং পার্বত্য চট্টগ্রাম জিলার ছয় শতাধিক বর্গমাইল এলাকা সফর করে আসছেন-বাংলাদেশ সরকারের দক্ষিণ পূর্বাঞ্চলীয় প্রশাসন বিভাগের প্রতিনিধিবৃন্দ। মুক্তাঞ্চলের জনগণ ''জয় বাংলা'' ধ্বনি সহকারে প্রতিনিধিকে প্রাণঢালা অভিনন্দন জ্ঞাপন করেন। প্রতিনিধিগণ জনসাধারণের উদ্দেশ্যে সংক্ষিপ্ত ভাষণে বলেনঃ সেদিন আর বেশী দূরে নয় যেদিন বাংলাদেশ সম্পূর্ণ শত্রুমুক্ত হবে। বাংলার নয়নমণি 'শেখ মুজিবের বাংলাদেশ গঠন করার জন্য বাংলাদেশ সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করুন। সরকার আপনাদের সকল অভাব অভিযোগ সর্ম্পকে সম্পূর্ণ সচেতন।

প্রতিনিধিগণ দেশের চাষী শ্রেণী, কামার-কুমার প্রত্যেককে দেশ গড়ার কাজে আত্মনিয়োগের আহবান জানান এবং কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি করে দেশকে সমৃদ্ধিশালী করে গড়ে তোলার আহবান জানান।

উক্ত প্রতিনিধিদলে ছিলেন বাংলাদেশ সরকারের দক্ষিণ পূর্বাঞ্চলীয় প্রশাসন পরিষদের চেয়ারম্যান অধ্যাপক নূরুল ইসলাম চৌধুরী এম, এন, এ, অর্থ দফতরের চেয়ারম্যান জনাব খাজা আহমদ এম, এন, এ, সাহায্য ও পুনর্বাসন দফতরের অস্থায়ী চেয়ারম্যান জনাব ফজলুল হক বি, এস, সি, এম, এন, এ প্রচার দফতরের চেয়ারম্যান জনাব এ, বি, তালেব আলী এম, পি, এ এবং এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসার জনাব এম, এ সামাদ সি,এস,পি প্রমুখ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মুক্তাঞ্চলের জনগণের প্রতি পূর্বাঞ্চলীয় প্রশাসনের বক্তব্য	আমার দেশ বাংলাদেশঃ ১৩শ সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

মুক্তাঞ্চলের জনগণের প্রতি পূর্বাঞ্চলীয় প্রশাসনের বক্তব্য

বাংলাদেশের প্রায় এক তৃতীয়াংশ এলাকা বর্তমানে বীর বাংলার মুক্তিপাগল সেনারা দখল করে নিয়েছে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসন ব্যবস্থাও চালু হয়েছে। বাংলাদেশ সামরিক বাহিনী ও গেরিলাদের হাতে মার খেতে খেতে পাক বর্বর সেনারা দিন দিন মনোবল হারিয়ে পিছু হটতে বাধ্য হচ্ছে। সেদিনও হয়তো বেশী দূরে নয় যেদিন সমস্ত বাংলাদেশ শত্রুমুক্ত হবে এবং স্বাধীন সার্বভৌম ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রুপে বিশ্বের মানচিত্রে সোনালী অক্ষরে ''সোনার বাংলা'' স্থান পাবে।

বাংলাদেশের যে সকল এলাকা পূর্বে মুক্ত হয়েছে, সদ্যমুক্ত এলাকার সম্মুখে শত্রুসেনাদের বিবর ঘাঁটি অবস্থিত, সে সকল এলাকার জনসাধারণ নানা অসুবিধার মধ্যে দিনযাপন করছেন। তাদের সুষ্ঠু জীবনধারণ, স্বাধীনতা যুদ্ধে লিপ্ত বাংলাদেশ সামরিক বাহিনী ও গেরিলা বাহিনীর যুদ্ধ কার্যে অগ্রগতির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্ত এলাকায় অসামরিক প্রশাসন ব্যবস্থা চালিয়ে যাবার সিদ্ধান্ত নিয়েছেন। প্রশাসন ব্যবস্থার সহিত মুক্তাঞ্চলের জনগনের সহযোগিতা একান্তভাবে কামনীয়। প্রশাসন ব্যবস্থার যে অস্থায়ী কাঠামো এবং কার্য বিবরণ কার্যকরী হতে যাচ্ছে তার বিস্তারিত বিবরণ নিম্নরুপ।

বিচার বিভাগঃ- জনগণ নানাবিধ সমস্যার মধ্যে জীবন যাপন করছেন। নিজেদের মধ্যে কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে চেষ্টা করবেন না। আপনাদের নানাবিধ সমস্যা সম্পর্কে সরকার সম্পূর্ণরুপে সচেতন, আপনার নিকটস্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিনিধির নিকট আপনার সমস্যাবলী পেশ করুন। মনে রাখবেন, এ সরকার আপনার দ্বারা গঠিত, আপনার জন্য।

পুলিশ বাহিনীঃ- যুদ্ধকালীন অবস্থায় নিরীহ গ্রামবাসীদের দুষ্কৃতিকারী ও অশান্তি সৃষ্টিকারীদের সম্মুখীন হতে হয়। মুক্তিবাহিনী নামধারী কতিপয় দুষ্কৃতিকারী জনগণের মধ্যে ত্রাস সৃষ্টি করার চেষ্টা করতে পারে। আপনার নিকটেই পুলিশ বাহিনী রয়েছে- আপনারই শান্তি ও নিরাপত্তার জন্য। সুতরাং যখনই কোন দুষ্কৃতিকারী ও অশান্তি সৃষ্টিকারী টাউটের সম্মুখীন হবেন তখনই পুলিশ বাহিনীর হাতে তাদেরকে সমর্পন করুন।

স্বাস্থ্য বিভাগঃ- যুদ্ধকালীন অবস্থায় বাংলাদেশ সামরিক বাহিনীর নিয়মিত সেনা ও গেরিলা বাহিনী ছাড়াও মুক্তাঞ্চলের জনগণ অসাবধানতা বশতঃ যে কোন মুহূর্তে শত্রু দ্বারা আক্রান্ত হয়ে আহত হতে পারে। যে যেখানেই যখনই কোনরুপ শুরুতর আঘাতপ্রাপ্ত হয় তখনই তাকে নিকটস্থ বাংলাদেশ সরকারের হাসপাতালে প্রেরণ অথবা নিকটবর্তী ডাক্তারকে সংবাদ দিতে সচেষ্ট থাকবেন। বাংলাদেশ সামরিক বাহিনীর নিয়মিত সেনা যেমনি একজন মুক্তিযোদ্ধা তেমনি আপনিও একজন মুক্তি সংগ্রামী। সুতরাং আপনার ক্ষতি দেশের ক্ষতি।

উন্নয়ন, পুনর্গঠন, পুনর্বাসন ও সাহায্যঃ- দীর্ঘ আট মাস যাবৎ শত্রুসেনারা সোনার বাংলাকে মরণ কামড় দিয়ে শ্মশানে পরিণত করে চলেছে। তদুপরি বাংলাদেশ সামরিক বাহিনীর যান-বাহন চলাচল এবং জনসাধারণের স্বল্প সময়ে সহজতর উপায়ে সরকার ও মুক্তিবাহিনীর সহিত যোগাযোগ এবং ক্ষতিগ্রস্ত জনসাধারণের পুনর্বাসন ও সাহায্য করার জন্য উক্ত উন্নয়ন বিভাগের সহিত সহযোগিতা রক্ষা করে চলুন।

ক্ষতি নিরুপণঃ- পাক সামরিক বাহিনীর বর্বর সেনা, বাংলাদেশের মীরজাফর গোষ্ঠীর দালাল, শান্তি কমিটি ও শেষ পর্যায়ের বিশ্বাসঘাতক বাঙালী রাজাকারের মার্চ মাসের ২৫ তারিখ থেকে শুরু করে আজ পর্যন্ত সমগ্র বাংলাদেশে যে অকথ্য অত্যাচার, নির্যাতন ও সর্বশেষে ধ্বংসাত্মক কার্যে লিপ্ত তা আজ সর্বজনবিদিত। বাড়ীঘর লুট-পাট থেকে শুরু করে অগ্নিসংযোগ করতে তারা দ্বিধা করেনি। তদুপরি বর্বর বাহিনীর অসংখ্য গোলাগুলির আঘাতে আজ বাংলাদেশের মুক্তাঞ্চল কেন, অধিকৃত অঞ্চলের দিকে তাকালেও, তার পূর্বের স্বরুপ এর অংশও পাওয়া যায় না। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আপনার ক্ষতি নিরুপণের দায়িত্ব উক্ত বিভাগের উপর ন্যস্ত করেছেন। তাই অবিলম্বে আপনার ক্ষয়ক্ষতির পরিমাণ সম্পর্কে উক্ত বিভাগের গোচরীভূত করুন।

ব্যবসা বাণিজ্যঃ- যুদ্ধকালীন অবস্থায় সাধারণতঃ উৎপাদন, আমদানী রপ্তানী ইত্যাদি কাজ প্রায়ই বন্ধ। জনসাধারণ অন্যান্য জিনিসপত্র পাওয়া দূরে থাকুক দৈনন্দিন জীবন ধারণের জন্য নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র উচ্চ মূল্য দিয়েও পাচ্ছে না। তাই সরকার জনসাধারণ যাতে ন্যায্য মূল্যে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র পেতে পারেন তার একটা সুষ্ঠু ব্যবস্থা করেছেন। ন্যায্য মূল্যের চেয়ে অধিক দাম দিয়ে জিনিসপত্র কিনবেন না- কালোবাজারী বন্ধ করুন। কালোবাজারীকে ধরিয়ে দিন। মনে রাখবেন কালোবাজারী সামাজিক অপরাধী। শত্রুদের কোন পণ্য ব্যবহার করবেন না।

সংযোগ রক্ষাকারী (বাংলাদেশ সামরিক বাহিনীর সহিত):- বাংলাদেশ সামরিক বাহিনীর নিয়মিত সেনা ও গেরিলা বাহিনীর সদস্যরা রাত দিন ব্যাঙ্কারে, বনে-জঙ্গলে দিন কাটাচ্ছে। তাদের একমাত্র লক্ষ্য শত্রু সেনাকে খতম করে সামনে এগিয়ে যাওয়া। তাদের এই অগ্রগতির পিছনে আপনাদেরও সাহায্য প্রয়োজন আছে। শত্রু সেনাদের গোপন খবর আপনার নিকটবর্তী মুক্তিবাহিনীর সদর দফতরে অবিলম্বে পাঠিয়ে দিন। ভ্রান্তিমূলক খবর দিয়ে শত্রুসেনাদের বিপর্যস্ত করুন। গোলাবারুদ, খাদ্য সামগ্রী ইত্যাদি তাড়াতাড়ি সরবরাহ করে মুক্তিবাহিনীকে যুদ্ধ জয়ে এগিয়ে দিন। তারা আপনাদেরই ভাই-এ দেশ আপনাদেরই-শত্রুকে তাড়াতেই হবে, এই পণ নিয়ে যে যেভাবেই পারেন সাহায্য করুন, এর জন্য রয়েছে বাংলাদেশ সামরিক বাহিনীর সহিত বেসামরিক সংযোগ রক্ষাকারী-অবিলম্বে তাদের সাথে যোগাযোগ করুন, এক মুহূর্ত নষ্ট করিবেন না। স্বাধীনতা সংগ্রামের আপনিও একজন সৈনিক।

তথ্য ও প্রচারঃ- যুদ্ধকালীন অবস্থায় শত্রু সেনাদের গোপন খবর সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ। আপনার নিকটে যদি কোন মুক্তিবাহিনীর সদর দফতর না থাকে তা হলে তথ্য ও প্রচার দফতরে সামরিক বিষয়ের গোপন খবরাদি সরবরাহ করুন। গুজব ছড়াবেন না, গুজবে কান দেবেন না। মনে রাখবেন দেওয়ালেরও কান আছে। জনগণের মনোবল বাড়িয়ে তুলুন। স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীন নাগরিক হিসেবে স্বাধীনতার মর্যাদা রক্ষা করুন।

কৃষি ও সেচঃ- দেশের অর্থনৈতিক কাঠামোকে শক্ত করতে হলে প্রথমে প্রয়োজন কৃষিজাত দ্রব্য প্রচুর পরিমাণে উৎপাদন করা। বাংলাদেশের কিছু অংশ এখনও শত্রুকবলিত। অধিক পরিমাণে ধান, পাট ইত্যাদি উৎপাদনে এগিয়ে আসুন।

বেসামরিক প্রতিরক্ষাঃ- অসাবধানতাবশতঃ নিরীহ জনসাধারণ যে কোন সময়ে শত্রুর শিকার হতে পারেন। অবিলম্বে বেসামরিক প্রতিরক্ষা বিভাগের শরণাপন্ন হউন-সাবধানের মার নেই।

শিক্ষাঃ- অনভ্যাসে বিদ্যা হ্রাস। অবিলম্বে প্রাথমিক, মাধ্যমিক পর্যায় চালু করা হবে। মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় সমূহ এখনও বিবেচনাধীন। ছোট ছোট শিশুরা যাতে বই পুস্তক নাড়াচাড়া করতে পারে তাতে এগিয়ে আসুন। শিক্ষাই জাতির মেরুদণ্ড।

ডাক বিভাগঃ- মুক্তাঞ্চলে দ্রুত যোগাযোগ ব্যবস্থার জন্য সরকার অনতিবিলম্বে ডাক বিভাগ চালু করছেন। বাংলাদেশের নতুন আঙ্গিকের ডাক টিকিট, খাম, পোষ্ট কার্ড জনগনের ব্যবহারের জন্য প্রচার করা হবে।

শুল্ক– অতিরিক্ত উৎপাদন বিদেশে রপ্তানী করে সরকারকে বৈদেশিক মুদ্রা অর্জনে সাহায্য করুন এবং সীমান্ত চৌকিতে শুল্ক দিয়ে বাংলাদেশকে অর্থনৈতিক দিক দিয়ে এগিয়ে নিন।

উপরোক্ত বিভাগগুলি ছাড়াও কোষাগার ও রাজস্ব বিভাগও কাজ করতে থাকবে। সময়মত জনগণের নিকট ইহাদের বিস্তারিত কার্যবিবরণ প্রচার করা হবে।

মুক্তাঞ্চলের জনগণের দায়িত্ব স্বাধীনতার জন্য অনেক। তাই-যে যে ভাবেই পারেন স্বাধীনতা যুদ্ধে অংশ নিন। দুর্নীতিমূলক কাজে লিপ্ত হবেন না। - কাউকে করতেও দেবেন না। স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীন বাঙালী জাতি হিসেবে নিজেকে বিশ্বের বুকে তুলে ধরবার জন্য তৈরী হউন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় এবারের ঈদ সংগ্রামের নব চেতনা	সংগ্রামী বাংলা* ঈদের বিশেষ সংখ্যা	নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

এবারের ঈদ
সংগ্রামের নব চেতনা

প্রতি বছরের মত এবারেও বাংলার বুকে ঈদোৎসব নেমে এসেছে কিন্তু অন্য বছরের চেয়ে এবারের উৎসব সম্পূর্ণ স্বাতন্ত্র। এবারের ঈদের চাঁদ বাঙালীর রক্তে রঞ্জিত। এবারের চাঁদ সন্তানহারা মায়ের, ভাই হারা বোনের, স্বামীহারা বিধবা নারীর আর পৈশাচিক বর্বর হামলার সাক্ষ্য বহন করে উদয় হয়েছে। এই চাঁদ প্রতিজ্ঞা করার আর একতাবদ্ধ হয়ে হানাদার শত্রুনিধনের মন্ত্র বয়ে এনেছে।

এবারের ঈদকে আমরা বরণ করেছি 'ঈদ মোবারক' হিসেবে নয় বরং 'সংগ্রামী ঈদ' হিসেবে। কারণ দেশের ভেতর আজ মা বোনদের ইজ্জত নিয়ে চলছে ছিনিমিনি খেলা, জীবনে নাই নিরাপত্তা। এক কোটির মত বাঙালী জনতা দেশ ছাড়া।

বাংলার বুকে ঈদগাহে আজ মানুষ নাই কারণ পশুর সাথে মানুষের একত্রে নামাজ হতে পারে না। গত বছর এই ঈদ উৎসবে জনগণ তাদের নেতা শেখ মুজিবকে পেয়েছিল কিন্তু এবার তিনি পশুদের কারাগারে। তাঁর আশু মুক্তির জন্য আর তাঁর দেয়া স্বাধীনতার মন্ত্রকে বাস্তবে রুপদানের জন্য দৃঢ় সংকল্প নিয়েছে। সাত কোটি বাঙালী তাদের নেতার মুক্তি আর বাংলার স্বাধীনতার জন্য বিশেষ মোনাজাত করেছে।

দেশ মাতার বুক হতে জল্লাদ খানসেনাদের তাড়ানোর জন্য প্রতিটি মুক্তিবাহিনী এবারের ঈদোৎসবে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছে। বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী ও অস্থায়ী রাষ্ট্রপতি এবং ৪জন ছাত্রনেতা এজন্য পৃথক পৃথক বাণীতে বলেছেন যে, যেদিন বর্বর খানসেনাদের এদেশ হতে তাড়াতে পারব আর সমস্ত দেশকে মুক্ত করতে পারব সেই দিনই আমাদের নতুন ঈদ নেমে আসবে। আজ এদিন সবার কাছে সংগ্রামের বীজ বপনের দিন হিসাবে দেখা দিয়েছে অন্য কোন আনন্দ উৎসব হিসেবে নয়।

* সংগ্রামী বাংলাঃ সাপ্তাহিক। সম্পাদকঃ মোঃ এমদাদুল হক। সংগ্রামী বাংলা প্রেস, তেঁতুলিয়া হতে এমদাদুল হক কর্তৃক প্রকাশিত ও প্রচারিত। প্রধান উপদেষ্টা ও পৃষ্ঠপোষক সিরাজুল ইসলাম এম, পি, এ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঐ নতুনের কেতন উড়ে	সংগ্রামী বাংলা ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	৮ ডিসেম্বর, ১৯৭১

ঐ নতুনের কেতন ওড়ে
(সংগ্রামী বাংলা রিপোর্ট)

চটল তথা টেকনাফ থেকে তেঁতুলিয়া পর্যন্ত এক ডাকে সমস্ত মুক্তিবাহিনী জেগে উঠেছে। উত্তরের দিকে ঠাকুরগাঁ মহকুমা সম্পূর্ণ মুক্ত। আগামী ২/১ দিনের মধ্যে দিনাজপুর জেলা আমাদের দখলে আসবে তাতে কোন ভুল নাই। খানসেনারা এখানে দারুণভাবে মার খেয়ে সৈয়দপুর ঘাঁটি কাঁহা হ্যায় বলতে বলতে দৌড়িয়েছে। ফরিদপুর জেলা সম্পূর্ণ মুক্তিবাহিনীর নিয়ন্ত্রণাধীনে। সেখানকার নদীগুলোর প্রতিটি নৌকার মাঝিই মুক্তিবাহিনীর একজন বীর সেনা। টাঙ্গাইল জেলার সম্পূর্ণ, কুমিল্লা, ফেনী, মাগুরা প্রভৃতি এলাকায় বাংলাদেশের জাতীয় পতাকা উড়ছে পত পত করে। খান দস্যুসেনাদের তাড়িয়ে দিয়ে আজ বাংলা ধন্য। প্রতিটি মুক্ত এলাকায় বাংলাদেশ সরকারের বেসামরিক প্রশাসন ব্যবস্থা চালু করা হচ্ছে। দেশকে আবার নতুন করে গড়ার কাজে দেশের ছাত্র জনতা ও নেতৃবৃন্দ দিবা রাত পরিশ্রম করে যাচ্ছেন। ''আমরা বাঙালী'' এই মন্ত্রে একতাবদ্ধ হয়ে সমস্ত জাতি আজ দেশ গঠনের কাজে ব্যস্ত। বর্বর খানসেনারা পিছু হটার সময় আশে পাশের ঘরবাড়ী দোকান-পাট কিছুই ভাল রেখে যায়নি। যেভাবে সমস্ত এলাকাগুলো একের পর এক মুক্ত হয়ে চলেছে তা সত্যিই আশাব্যঞ্জক। আমরা আরো আশা করছি, যেভাবে মুক্তিবাহিনীর বীর জোয়ানেরা দৃঢ় সংকল্পে ঐক্যবদ্ধ তাতে আর দশ দিনের ভেতর সমস্ত বাংলা ভূমি মুক্তি পাবে। প্রতিটি ক্ষেত্রে সামরিক বিজয়ের সাথে সাথে বেসামরিক প্রশাসন ব্যবস্থা জনতার ধন, মাল, জানের নিরাপত্তা বিধানের জন্য সর্বতোভাবে চেষ্টা করে যাচ্ছেন।

দেশকে নতুন করে গড়ে তোলার জন্য জনতা আজ একতাবদ্ধ। বাংলার মাটিতে সমস্ত হানাদার দস্যুরা একে একে নির্মুল হয়ে পড়েছে। ভাঙা পাকিস্তানের উপর মুক্তিবাহিনী একটি করে নতুন গাছের চারা লাগিয়ে দিচ্ছে। তা হচ্ছে ''স্বাধীন সার্বভৌম বাংলাদেশ''। তর তর করে বেড়ে উঠবে এই গাছ। অচিরেই ডালপালা মেলে ফুলে ফলে ভরে উঠবে এই নতুন চারাটি।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় অভিযান	অভিযান ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

অভিযান

ফরাসী বিপ্লবের সময় এক মনীষী মন্তব্য করেছিলেন, বিপ্লবের এই সুবিশাল এবং জটিল কর্মকাণ্ড রচনা করার জন্য ফরাসী দেশের প্রতিটি মানুষকে অসম্ভবকে সম্ভব করতে হয়েছে। প্রতিটি জাতি যখন মোহ নিদ্রা থেকে প্রাণ শক্তির প্রবল জোয়ারে জেগে ওঠে, নতুন ইতিহাস রচনায় ব্রতী হয় তখন গোটা জাতিকে সহস্র ধারায় আপনাকে বিকাশ করতে হয় এবং প্রতিটি কর্মই তার দুঃসাহসিক অভিযান হয়ে দেখা দেয়। এই অভিযানে দুঃখ আছে, বেদনা আছে-লাঞ্ছনা, বঞ্চনা তাও আছে। কিন্তু আরোও একটি বস্তু নিহিত থাকে মর্মমূলে-সূর্যালোকের মতো উজ্জ্বল-আনন্দ সৃষ্টি করার আনন্দ, মঙ্গলকর কল্যাণের কর্মে নিজকে ক্ষয় করার আনন্দ। রবীন্দ্রনাথের রক্তকরবীর স্বর্ণ-সন্ধানী সে কোদাল পেটানো শ্রমিকরা যেমন বলে, 'কে বলে কোদাল চালাই, আমরা কোদাল নাচ নাচি'। একই কথা একটু ঘুরিয়ে আমাদের বাঙলা দেশের মানুষেরাও বলতে পারে, আমরা সংগ্রাম নাচ নাচছি। আমাদের এই সংগ্রাম আনন্দের সংগ্রাম। কেননা আমাদের পিত্র ভূমিতে আনন্দের বাঁচা বাঁচবার জন্য আমরা লড়াইয়ের ডাক দিয়েছি, আমাদের মুখ বুজে থাকা ইতিহাসের শিরায় শিরায় আনন্দ শোণিত প্রবাহিত করিয়ে জীবন্ত প্রাণবন্ত এবং শৃঙ্খলিত দাসের ইতিহাসকে স্বাধীন মানুষের ইতিহাসে রুপ দেয়ার জন্য আমরা কষ্ট ভোগ করছি, আমরা মরছি।

ভাসাভাসা ভাবে দেখলে আমাদের দুঃখ কষ্ট তার সীমা নেই। আমরা অনেক মরেছি অনেক চলে এসেছি, অনেকে ঘাতকের গুলীর মুখে দেশের অভ্যন্তরে স্তব্ধ-বাক এবং অনেকে লড়ছি। আমাদের ক্ষয় ক্ষতির তুলনা নেই। রণক্ষেত্রে বলুন, শরণার্থী শিবিরে বলুন, অপরিচিত পরিবেশে প্রতিটি দৈনন্দিন কর্মই আমাদের কাছে সত্যি সত্যি অভিযান। আমরা হাসি মুখে এ অভিযান চালিয়ে যাচ্ছি এবং আরো বৃহত্তর অভিযানের মানসিক প্রস্তুতি গ্রহণ করছি। প্রাণ ধারনের সংক্রমিত আনন্দ ধারা আমাদের পাথরের বাধা ভাঙতে সামনে আরো সামনে ঠেলে দিচ্ছে। আমাদের ত্যাগ, তিতিক্ষা রক্তদান কোনো দিন বৃথা যাবে না। আমাদের দেশে একদিন বঙ্গোপসাগরের সুনীল জলরাশির তলা অবধি রাঙিয়ে স্বাধীনতার সূর্য উদিত হবে। সে দিনের আর দেরী নেই।

নতুন ইতিহাস সৃজনেরর প্রখর আনন্দে আমাদের জাতি অসম্ভবকে সম্ভব করার অভিযানে নেমেছে। আমরা জাতির অগ্রযাত্রার স্পন্দন ধারণ করতে চাই, জাতির আনন্দ ধারার বাহন হতে চাই। আমরা নিজেদেরকে জাতির সর্বাঙ্গীণ সংগ্রামের সহযাত্রী বলে ঘোষনা করছি। শুধু আজ নয়, শুধু কাল নয়, সুদূর ভবিষ্যতেও আমরা বাঙলাদেশে তথা বিশ্ব মানবের অধিকার আদায়ের অভিযানে শিকার বাজ পাখীর মতো চক্ষু তীক্ষ্ণ এবং দৃষ্টি সজাগ রাখবো। স্বাধীন মানুষের চিন্তা, কর্ম, জীবিকা এবং কল্পনায় শৃঙ্খল পরাবার বিরুদ্ধে অব্যাহতভাবে চলবে অভিযান- এ আমাদের দৃঢ় অঙ্গীকার।

* অভিযানঃ বাংলাদেশ সাপ্তাহিক সংবাদপত্র, ঢাকা। সম্পাদকঃ সিকান্দার আবু জাফর। ঢাকা নিউজপেপার প্রাইভেট লিমিটেড থেকে মুদ্রিত। কোলকাতায় যোগাযোগের অস্থায়ী ঠিকানাঃ ৮৪/৯ রিপন স্ট্রীট, কলিকাতা-১৬

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
শ্রীমতি গান্ধী পশ্চিম সফরান্তিক সাফল্য	অভিযান ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

শ্রীমতি গান্ধী পশ্চিম সফরান্তিক সাফল্য

তিন সপ্তাহকাল পশ্চিমের বিভিন্ন দেশ সফর করে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী গত ১৩ই নভেম্বর স্বদেশে প্রত্যাবর্তন করেছেন। তাঁ সফরসূচীর অন্তর্ভুক্ত দেশগুলো ছিল বেলজিয়াম, অষ্ট্রিয়া, বৃটেন, আমেরিকা, ফ্রান্স ও পশ্চিম জার্মানী। বর্তমান সফর পশ্চিমের দেশের রাষ্ট্রনায়কদের সাথে বাংলাদেশ প্রশ্ন আলোচনায় মোটামুটিভাবে সন্তুষ্ট হয়েছেন বলে শ্রীমতি গান্ধী পালাম বিমানবন্দরে সাংবাদিকদের কাছে মন্তব্য করেন।

পর্যবেক্ষকমহল মনে করেন, যে সমস্ত দেশ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এতোদিন পাকিস্তান সরকারকে সাহায্য করে আসছিল শ্রীমতি গান্ধীর সফরে সে সমস্ত দেশগুলো এখন অন্ততঃ নিরপেক্ষ থাকবে বলে আশা করা যায়।

শ্রীমতি গান্ধীর পশ্চিম দেশ সফরের উদ্দেশ্য সম্পর্কিত প্রশ্ন আলোচনার পূর্বে আমাদের জানা দরকার বাংলাদেশ প্রশ্ন প্রসঙ্গে তাঁর বক্তব্য কি রকম।

শ্রীমতি গান্ধী প্রথম থেকেই বলে আসছেন যে, বাংলাদেশ সমস্যা পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার এবং ভারত তাতে হস্তক্ষেপ করার বিরোধী। কিন্তু বাংলাদেশে গণহত্যা পরিস্থিতির ফলে লক্ষ লক্ষ লোক যে ভারতে শরণার্থী হয়েছেন এটাও একটি বাস্তব সত্য। ভারত মানবতার খাতিরেই তাদের আশ্রয় দিয়েছে এবং তা ভারতের অর্থনীতিতে একটা প্রচণ্ড আঘাত। সুতরাং এই বাংলাদেশ সমস্যা এদিক দিয়ে একটি আন্তর্জাতিক সম2স্যা। বাংলাদেশে এখনও জঙ্গীশাহী গণহত্যা অব্যহত রেখেছে। এমতাবস্থায় শরণার্থীদের ভারত পুনরায় মৃত্যুর দিকে ঠেলে দিতে পারে না। তাহলে মানবতা কথাটা হয়ে পড়বে অর্থহীন। শরণার্থীও এই পরিস্থিতিতে স্বদেশে ফিরে যেতে মোটেই রাজী নন। বাংলাদেশে তাই প্রয়োজন আশু রাজনৈতিক সমাধান।

এই বক্তব্যের আলোকেই এখন বিচার করে দেখতে হবে বর্তমান সফরের উদ্দেশ্য।

এটা বুঝতে কারুরই কষ্ট হওয়া উচিত নয় যে, বাংলাদেশ সমস্যার সঠিক যৌক্তিকতা পশ্চিমী দেশগুলোকে অনুধাবন করাবার প্রচেষ্টাতেই শ্রীমতি গান্ধীর এই সফর।

পাকিস্তান এতোদিন ধরে প্রচার করে বেড়িয়েছে যে বাংলাদেশের স্বাদীনতা সংগ্রাম সর্বৈব মিথ্যা এবং ভারতের কারসাজীতেই বিচ্ছিন্নতাবাদীর অনুপ্রবেশকারীদের সাথে পূর্ব বাংলায় নানারকম নাশকতামূলক কাজে অংশ নিয়েছে।

পাকিস্তানী প্রচারের এই ধুম্রজালসৃষ্টি হয়ত বিশ্বের বৃহৎ শক্তিগুলোকে বিভ্রান্ত করেছে। আর তারই ফলশ্রুতিতে পাকিস্তান পেয়েছে বিভিন্ন রাষ্ট্রের কাছ থেকে সামরিক সাজ সরঞ্জাম।

কিন্তু সামরিক সাজ সরঞ্জাম পাওয়া সত্ত্বেও বাংলাদেশের মুক্তিযোদ্ধারা একের পর এক বিজয় অর্জন করে দুর্বার গতিতে এগিয়ে চলেছে। বিপুলসংখ্যক পাকসেনা খতম ও জখম হওয়ার ফলে পাকিস্তানী সামরিক বাহিনী এখন ভাঙনের মুখোমুখি।

এই ভাঙনকে ঠেকাতে বিকল্প কর্মসূচী অবশ্যই ইয়াহিয়া খাঁকে পেশ করতে হবে। ইয়াহিয়া খাঁ ইতিমধ্যেই বিকল্প পন্থা হিসাবে যুদ্ধের দামামা বাজিয়েছেন। রণহুংকার ছেড়েছেন ভারতের বিরুদ্ধে। ভারতের সাথে যুদ্ধ

বাধলে বাংলাদেশ প্রশ্ন চাপা পড়ে পাক-ভারত সমস্যার উদ্ভব হবে। তাহলে সামরিক বাহিনীর ভাঙনও রোধ হবে উপরন্তু বাংলাদেশ সমস্যার হবে অবসান।

কিন্তু আমরা জানি ভারত একটি শান্তিকামী দেশ। যুদ্ধকে এড়িয়ে যেতে ভারত সদাসচেষ্ট। আর এই সম্ভাব্য যুদ্ধকে এড়িয়ে উপমহাদেশে শান্তি অক্ষুন্ন রাখতেই শ্রীমতি গান্ধী পশ্চিমা দেশগুলো সফরে যান।

উপরোক্ত উদ্দেশ্যগুলোকে মনে রেখেই এবার বর্তমান সফরের মূল্যায়ন করে দেখা যাক।

অষ্ট্রিয়া ও বেলজিয়ামে শ্রীমতি গান্ধীর সফর খুবই সার্থক হয়েছে সন্দেহ নেই, কিন্তু এটাও সত্য যে পাকিস্তানের উপর দুটো দেশের প্রভাব খুবই কম। তবে কোন দেশ থেকে সাহায্য না পেলেও তাদের কাছে অস্ত্রের জন্য ধর্ণা দেওয়া ইয়াহিয়ার পক্ষে মোটেই বিচিত্র নয়। কাজেই এই পথটিও এবার রুদ্ধ হয়ে গেছে। কারণ দুটো দেশই স্পষ্ট বলে দিয়েছেন যে, বাংলাদেশের প্রশ্নে ভারতীয় নীতিকে পুরোপুরি সমর্থন জানানো হবে। এবং পাকিস্তানকে কোনরকম অস্ত্রই সাহায্য করা হবে না।

এ দুটো দেশের পর শ্রীমতি গান্ধী যান বৃটেনে। সেখানে আলোচনা হয় প্রধানমন্ত্রী হীথ ও পররাষ্ট্রমন্ত্রী হিউমের সাথে। বৃটেনের এই দুই নেতা পাকিস্তানের পক্ষে মত প্রকাশ করলেও তাঁদের পুরনো রক্ষণশীল নীতির কিছুটা পরিবর্তন ঘটেছে। বৃটেনের এই দুই রাষ্ট্র শরণার্থীদের স্বদেশ প্রত্যাবর্তনে আগ্রহ প্রকাশ করলে শ্রীমতি গান্ধী স্পষ্টই বলেছেন যে পূর্ব বাংলায় উপযুক্ত পরিস্থিতি ফিরে না এলে শরনার্থীরা সেখানে ফিরে যেতে পারে না। আর এজন্যে দরকার বাংলাদেশের জনগণের কাছে গ্রহণযোগ্য ও সম্মানজনক রাজনৈতিক সমাধান। বাংলাদেশ প্রশ্নে পাক-ভারত আলোচনার কোন প্রশ্নই ওঠে না। বাংলাদেশ সমস্যা নিয়ে ইয়াহিয়া খানকে বাংলাদেশের গণপ্রতিনিধি আওয়ামী লীগের নেতৃবৃন্দের সাথেই আলোচনায় বসতে হবে।

শ্রীমতি গান্ধীর এই সঠিক বক্তব্যের পর বৃটেনের মনোভাব যে কিছুটা বদলেছে তার কারণ তারা বলতে শুরু করেছে যে, বাংলাদেশের রাজনৈতিক সমাধানে মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে যৌথভাবে কার্যকরী ব্যবস্থা গ্রহণে বৃটেন সচেষ্ট হবে।

মার্কিন যুক্তরাষ্ট্রেও শ্রীমতি গান্ধীর সফর ফলপ্রসু হয়েছে। নিক্সন সরকার স্পষ্টই বলেছেন, পাকিস্তানকে আর অস্ত্র সাহায্য করা হবে না। তাছাড়া রাজনৈতিক সমাধানে তাঁর সরকার পাকিস্তান সরকারের উপর চাপ দেবেন।

অস্ত্র সাহায্য সত্যিই কি বন্ধ হবে- এ ব্যাপারে অনেকের মনেই হয়ত সংশয় আছে। তার কারণ ভারতের পররাষ্টমন্ত্রী শরণ সিং আমেরিকা সফর শেষে এক সাংবাদিক সম্মেলনে বলেছিলেন যে, আমেরিকা পাকিস্তানকে আর অস্ত্র সাহায্য করবে না। কিন্তু এর পর পরই আমেরিকা পাকিস্তানকে অস্ত্র পাঠায়।

এখানে একটা কথা উল্লেখ করা প্রয়োজন যে, একবার অস্ত্র সাহায্য বন্ধের কথা স্বয়ং নিক্সনই ঘোষণা করেছেন। সুতরাং সরাসরি ঘোষণা বরখেলাপের সম্ভাবনা খুবই কম।

কাজেই এদিক দিয়ে শ্রীমতি গান্ধীর সফর অনেকখানি সার্থক হয়েছে বলা যায়।

ফ্রান্সের নেতৃবৃন্দও রাজনৈতিক সমাধানের উপর গুরুত্ব আরোপ করেছেন। ফ্রান্সের প্রেসিডেন্ট পম্পিদু শ্রীমতি গান্ধীর সম্মানে প্রদত্ত ভোজ সভায় বলেছেন যে পূর্ব বাংলার সংকট মূলতঃ রাজনৈতিক। বাংলাদেশের জনগণের সাথে বোঝাপড়ার মাধ্যমেই এই সংকটের সমাধান করতে হবে। তা না হলে পাক-ভারত উপমহাদেশে অশান্তির ঝড় বইবে, যার ফল হবে খুবই মারাত্মক।

পম্পিদুর বক্তব্যে বাংলাদেশ প্রশ্নে ফ্রান্সের দৃষ্টিভঙ্গী যে ভারতের অত্যন্ত কাছাকাছি সেটাই পরিষ্কার হয়ে উঠেছে।

সবশেষে শ্রীমতি গান্ধী যে-দেশ সফর করেন তাহলো পশ্চিম জার্মানী। এই পশ্চিম জার্মানীতেই শ্রীমতি গান্ধীর সফর সবচেয়ে বেশী ফলপ্রসু হয়েছে। পশ্চিম জার্মানীর চ্যান্সেলার উইলি ব্রান্টের বক্তব্য হলো, পূর্ব বাংলা সমস্যাটি পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার এবং তার সমাধানও তাকেই করতে হবে।

কিন্তু বাংলাদেশ সমস্যাকে কেন্দ্র করে পাক-ভারত উপমহাদেশে সৃষ্টি হয়েছে চরম উত্তেজনা। এই উত্তেজনা উপশমকল্পে ব্রান্ট তাঁর সীতিম ক্ষমতা ও প্রভাব খাটাতেও রাজী হয়েছেন।

পূর্ব বাংলার সংকট নিরসনে শেখ মুজিবের মুক্তিকে প্রাথমিক করণীয় হিসেবে বিবেচনা করে মুজিব-ইয়াহিয়া আলোচনার প্রয়োজন বলে চ্যান্সেলার ব্রান্ট অভিমত প্রকাশ করেন। এ উদ্দেশ্যে প্রেসিডেন্ট ইয়াহিয়ার কাছে একটি চিঠি দেবেন বলে তিনি সাংবাদিকদের বলেন।

উইলি ব্রান্টের এই উদ্যোগ সফল হতে পারে। কেননা পশ্চিমের বহু সমাজতন্ত্রী রাষ্ট্রই পশ্চিম জার্মানীর সাথে অনেক দিন পর্যন্ত কোন সম্পর্ক রাখেননি। কিন্তু ব্রান্ট ক্ষমতাধীন হবার পর থেকেই বিভিন্ন রাষ্ট্রের সাথে লেনদেনের সম্পর্কও গড়ে ওঠে। আমরা জানি বহুদিন ধরেই জার্মান সমস্যা একাধিকবার তৃতীয় বিশ্বযুদ্ধের হুমকী দিয়েছে। কিন্তু সেই জার্মান সংকটও উইলি ব্রান্টের গুরুত্বপূর্ণ ভূমিকার ফলে সমাধা হয়েছে।

উইলি ব্রান্ট অনেক কথাই বলেছেন। কিন্তু একটি বারের জন্যেও তিনি বাংলাদেশ সমস্যাকে পাক-ভারত সমস্যা হিসেবে চিহ্নিত করেননি। বৃটেন আমেরিকার মত পাক-ভারত আলোচনা কিংবা ভারতের মাটিতে রাষ্ট্রসংঘ পর্যবেক্ষক স্থাপনের পরামর্শও ব্রান্টের মুখ দিয়ে বেরোয়নি।

সবগুলো দেশের বক্তব্য বিশ্লেষণ করে এটুকু বলা যায় যে শ্রীমতি গান্ধীর এই সফর বৃহৎ শক্তিবর্গের চোখ খুলে দিয়েছে। খোদ আমেরিকা এবং বৃটেনও অনুধাবন করতে পেরেছ, প্রায় এক কোটি লোক যে বাংলাদেশ থেকে ভারতে চলে আসতে বাধ্য হয়েছে তা কিছুতেই ভারতের অভিসন্ধিমূলক প্রচারণা নয়, এটি একটি বাস্তব সত্য। মুক্তিযোদ্ধারা সত্যি সত্যিই স্বাধীনতা সংগ্রাম করে যাচ্ছেন।

পাকিস্তানের বর্তমান পরিস্থিতি দেখে এটা বোঝা যায় যে বৃহৎ শক্তিবর্গ এখন সত্যি সত্যিই পাকিস্তানের সমর নায়ক ইয়াহিয়ার উপর চাপ সৃষ্টি করছেন যাতে করে ইয়াহিয়া বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিদের সাথে আলোচনায় বসেন এবং পাকিস্তান ও বাংলাদেশের মধ্যকার বিরোধ মিটিয়ে ফেলার চেষ্টা করেন। এ ব্যাপারে পশ্চিমী রাষ্ট্রবর্গ সকলেই একই সুরে গাইতে শুরু করেছেন। শ্রীমতি গান্ধীও পশ্চিমা শক্তির কাছে এরকম কিছুরই প্রত্যাশা করেছিলেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
‘‘প্রয়োজন হলে দেবো এক নদী রক্ত’’	অভিযান ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

‘‘প্রয়োজন হ‘লে দেবো এক নদী রক্ত-
হ‘ক না পথের বাধা প্রস্তর-শক্ত,
অবিরাম যাত্রার চির সংঘর্ষে
একদিন সে পাহাড় টলবেই;
আমাদের সংগ্রাম চলবেই’’

বাংলাদেশের অগ্নিপুরুষ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সকল অস্তিত্বে যেন তাদেরই একান্ত সান্নিধ্যে অনুভব করেছিলেন যারা নিঃশেষে রক্ত বিসর্জনের ভেতর দিয়ে মাতৃভূমি বাংলাদেশকে দখলদার পাকিস্তানী দুশমনের শৃঙ্খলমুক্ত করবে।

তাই ৭ই মার্চ তারিখে বাংলাদেশের বৃহত্তম জনসভায় তিনি দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেছিলেন, ‘আমরা যখন রক্ত দিয়েছি, রক্ত আরও দেবো- কিন্তু বাংলাদেশের মানুষকে মুক্ত করেই ছাড়বো।’

রক্ত দিয়েছে- আরও অনেক রক্ত দিয়েছে শিশু-বৃদ্ধ নরকারী বাংলাদেশের নিরীহ নিরস্ত্র অগণিত মানুষ।

কত রক্ত দিয়েছে বাঙালী, জানতে চাও যদি ইতিহাসের তথ্য-লিপিকার, জিজ্ঞাসা করো বাংলার তৃণ-মাঠ পথ-ঘাট নদীস্রোতের কাছে। রক্ত দিয়েছে বাংলাদেশের হিন্দু-মুসলমান, বৌদ্ধ-খ্রীষ্টান। এ রক্ত আমাদের আত্মপরিজনদেরই শুধু নয়- এ রক্ত আমাদের পিতৃ-পিতামহের। বাংলাদেশের শত শত নদীধারা সফেন তরঙ্গ-ললাটে সন্তানবিধুরা চিরক্রন্দনময়ী বঙ্গজননীর জর্জরিত হৃৎপিণ্ডের সহস্র ক্ষতমুখে উৎসারিত রক্ত-চুম্বন মেখে উচ্ছ্বসিত হয়ে উঠেছে, যুগান্তকালের নিস্তব্ধ কণ্ঠে সূর্যশীর্ষ মহিমার কম্বুধ্বনি তুলে প্লাবন হয়ে ছুটে গিয়েছে সাগর থেকে সাগরে, সমুদ্র থেকে সমুদ্রে। মহামানুষের অবিশ্রান্ত প্রাণ-প্রবাহে একাত্ম হয়ে মিশে গিয়েছে অনন্ত ভবিষ্যতের শুভাশীষ নিয়ে।

বঙ্গবন্ধুর আশ্বাসদীপ্ত বাংলাদেশের নির্ভয় ছাত্র-তরুণেরা স্বাধীনতার যে পতাকা সেদিন বাস্তবায়িত করেছিল, ২৩শে মার্চ তারিখে বাংলাদেশের প্রান্ত থেকে প্রান্তান্তরে যে পতাকার বর্ণে বর্ণে তারা নীলাম্বরের উদার স্পর্শ মাখিয়েছিল সে পতাকা আজ বিশ্বের বিস্ময়ের প্রতীক। আমরা জানি সারা বিশ্বের মানুষ অধীর আগ্রহে অপেক্ষা করছে যুদ্ধজয়ী বাঙালীর জাতীয় পতাকার উদ্দেশ্যে নতশির শ্রদ্ধা নিবেদনের জন্যে।

২৫শে মার্চের পর বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে তাঁর সহকর্মী রাজনৈতিক নেতৃবৃন্দ, তাঁর ছায়ানুগামী- প্রখর দেশপ্রেমের অগ্নিমন্ত্রে দীক্ষিত ছাত্র-তরুণ এবং বাংলাদেশের মুক্তিকামী সাড়ে সাত কোটি মানুষ দখলদার পাকিস্তানী

বাহিনীর হাত থেকে লক্ষ লক্ষ প্রাণের মূল্যে নির্দ্বিধায় তুলে নিয়েছেন প্রতিজ্ঞার গুরুভার। সেই প্রতিজ্ঞার অস্ত্রমুখে প্রতিটি যুদ্ধক্ষেত্রে দখলদার পাকিস্তানী বাহিনীর প্রতিরোধ ছিন্নভিন্ন হয়ে যাচ্ছে। বিধ্বস্ত অর্থনীতি, উপস্থিত রাষ্ট্রনীতি এবং ধিকৃত সমরনীতির ফলে বিশ্বের প্রতিটি রাষ্ট্রের কাছে পাকিস্তান আজ করুণার কাঙালী। কিন্তু এই ঘাতকচক্র নিজেদের সত্য পরিচয় কেনো মুখোশেই আড়াল রাখতে পারেনি। তাই একদিকে তার বিশ্বের ভৎর্সনা যেমন কুড়োচ্ছে অন্যদিকে বাংলাদেশের মাটিতে জমে উঠছে তাদের লাশের স্তুপ। আগামী ২৭শে ডিসেম্বরের আগেই সেদিনের সূর্যোদয় হবে বলে আমরা অনুমান করি, যেদিন বাংলাদেশের মাটিতে পাকিস্তানী ঘাতকদের শেষ লাশটির উদর বিদীর্ণ করতে গিয়ে শবভুক শৃগালের চোখ দুটিও বুঝি আর্দ্র হয়ে উঠবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঢাকায় আবার গণহত্যা	অভিযান ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

ঢাকায় আবার গণহত্যা!

গত ১৩ই নভেম্বর ঢাকা ও নারায়ণগঞ্জ শহরে পাকিস্তানের জঙ্গীচক্র পুনরায় কার্ফিউ জারী করে। মুক্তিসংগ্রামীদের আক্রমণে নাজেহাল হয়ে জঙ্গীশাহী দুটো শহরেই ২৫শে মার্চের কায়দায় জনসাধারণের উপর ঝাঁপিয়ে পড়ে। কোনো একটি দালালী সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে মুক্তিসংগ্রামীদের নামে একটি তালিকা প্রস্তুত করে তারা বাড়ী বাড়ী তল্লাশী চালায়। প্রকাশ তাদের না পেয়ে পাক সৈন্যরা বহুসংখ্যক নিরীহ লোককে হত্যা করে, অনেকের উপর অকথ্য অত্যাচার চালায় এবং বেশ কিছুসংখ্যক নির্বিরোধ নাগরিক ও স্কুল কলেজের ছাত্রকেও ধরে নিয়ে যায়। ফলে কার্ফিউ তুলে দেবার পর পরই জনসাধারণ নিরাপদ আশ্রয়ের উদ্দেশ্যে ঢাকা শহর ছেড়ে চলে যেতে শুরু করেন। এবারকার অভিযান শত্রুদের প্রবল প্রতিরোধের সম্মুখীন হয়। সরাসরি সংঘর্ষে দু'পক্ষেই প্রচুর হতাহত হয় বলে জানা যায়।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে মুক্তিসংগ্রামীরা বহু এলাকাকেই শত্রুকবলমুক্ত করেছেন। নোয়াখালীতে একটি এফ-৮৬ পাকিস্তানী জেট প্লেনও মুক্তিবাহিনীর আক্রমণে ধ্বংস হয়েছে।

পর্যবেক্ষক মহল মনে করেন যে, জঙ্গীশাহী বিশ্বজনমতকে ধাপ্পা দেয়ার জন্যে ২৭শে ডিসেম্বর ইসলামাবাদে জাতীয় পরিষদের যে গোঁজামিল অধিবেশন বসানোর প্রচেষ্টা চালিয়েছে সেটা পুরোপুরি বানচাল করে দিয়ে তার আগেই বাংলাদেশের সর্বত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসন চালু করার জন্যে মুক্তিবাহিনী যে দুর্বার অভিযান চালিয়েছেন ঢাকার এই সরাসরি সংঘর্ষ তারই একটি অংশ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ব্যর্থ মনোরথ ভুট্টোর প্রত্যাবর্তন	অভিযান ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

ব্যর্থ মনোরথ ভুট্টোর প্রত্যাবর্তন

(অভিযান রাজনৈতিক পর্যালোচক)

পাকিস্তান পিপলস পার্টি প্রধান জুলফিকার আলী ভুট্টোর নেতৃত্বে ৫জন সদস্য বিশিষ্ট এক প্রতিনিধিদল সম্প্রতি পিকিং সফর করেন। সফর সর্ম্পকে পাক পররাষ্ট্র দপ্তরের বক্তব্য, অস্ত্র সাহায্য এবং দুদেশের মধ্যে পারস্পারিক সহযোগিতা বলিষ্ঠতর করার জন্যই এই প্রতিনিধি দলের চীনের রাষ্ট্রনায়কদের সাথে আলাপ আলোচনা।

পররাষ্ট্র দফতরের বক্তব্য ছাড়াও এই সফরের আরো কতকগুলো সম্ভাব্য দিক আছে। কামান, ট্যাংক আর মেশিনগান দিয়েও যখন বাংলাদেশের আন্দোলনকে রোধ করা গেলো না তখন ইয়াহিয়া খাঁ নয়া ফন্দি আটতে শুরু করে। সে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে বিপথগামী করার জন্যে এই সমস্যায় ভারতকে জড়িয়ে ফেলতে সচেষ্ট হয়। আর সে জন্যেই সে ভারতের সাথে যুদ্ধ বাধাবার পাঁয়তারা করে। এই যুদ্ধের হুমকীর পেছনেও জঙ্গীশাহীর দুটো মতলব ধরা পড়ে। ভারতের সাথে যুদ্ধ বাধলে স্বভাবতঃই বিশ্বের অন্যান্য রাষ্ট্র এসে মধ্যস্থতা করবে। তখন এই বাংলাদেশ সমস্যা চাপা পড়ে তার জায়গায় পাক-ভারত সমস্যা বিশ্বের বিভিন্ন রাষ্ট্রে আলোচনায় স্থান পাবে।

দ্বিতীয়তঃ পাক জঙ্গীশাহী এখন মুক্তিবাহিনীর আক্রমণে ব্যতিব্যস্ত। বাংলাদেশকে যে আর নিজেদের কবলে রাখা যাবে না এব্যাপারেও জঙ্গীশাহীর মনে নেই কোন রকম দ্বিধা। কিন্তু এই মুক্তিবাহিনীর দ্বারা বিতাড়িত হলে খোদ পশ্চিম পাকিস্তানেও সমূহ বিপদ দেখা দেবে এবং এই বিপদ থেকে উদ্ধার পেতে হলে অর্থাৎ পশ্চিম পাকিস্তানে নিজেদের অবস্থান টিকিয়ে রাখতে হলে একমাত্র পথ ভারতের সাথে যুদ্ধ। ভারত যুদ্ধ করলে জঙ্গীশাহী পরাজিত হবে সন্দেহ নেই কিন্তু এই পরাজয়ের মধ্য দিয়েও একটা সুদূরপ্রসারী সুফল পাওয়া সম্ভব। ভারতের সাথে যুদ্ধ বাধলে মুক্তিবাহিনী সুযোগের সদ্ব্যবহারে বাংলাদেশকে করবেন শত্রুকবলমুক্ত। আর জঙ্গীশাহী মুক্তিবাহিনীর কাছে এই পরাজয়কে পশ্চিম পাকিস্তানের ভিন্নভাষাভাষী জাতির জনগণকে বোঝাবে ভারতই বাংলাদেশে অনুপ্রবেশকারী পাঠিয়ে বাংলাদেশ স্বাধীন করেছে। এই ষ্টেশনেই সে পশ্চিম পাকিস্তানকে একত্র রাখতে পারবে।

কিন্তু পাকিস্তানের এই উদ্দেশ্য বুঝি সফল হলো না। সীমান্ত যখন চরম উত্তেজনা বিরাজ করছে ঠিক সেই সময়ে ভারত সোভিয়েট রাশিয়ার সাথে এক পারস্পারিক চুক্তিতে স্বাক্ষর করে।

ভারত রাশিয়া চুক্তির তাৎপর্য উপলব্ধি করেই ইয়াহিয়া খাঁ পিকিং-এ প্রতিনিধিদল পাঠায়। সে চায় ভারত রাশিয়া চুক্তির পাল্টা হিসেবে পাক চীন চুক্তি স্বাক্ষরিত হোক। আর তাহলেই সর্বনাশ থেকে কিছুটা রেহাই পাওয়া যাবে।

পিকিং সফরের পিছনে মার্কিন সাম্রাজ্যবাদের সাথে ইয়াহিয়া খাঁর একটি সূক্ষ্ম অভিমানও পরিলক্ষিত। এ অভিমান আর কিছুর জন্যেই নয়, শুধুমাত্র অস্ত্রের জন্যে সবাই হয়ত লক্ষ্য করে থাকবেন যে সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে নিক্সনের সাথে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি গান্ধীর দীর্ঘ আলোচনার পর নিক্সন সরকার ঘোষণা করেছেন যে পাকিস্তানকে আর অস্ত্র সাহায্য পাঠানো হবে না। এই ঘোষণা যখন ইসলামাবাদে পৌছে, পাক প্রতিনিধি দল

তখন পিকিং-এ। প্রতিনিধি পাঠিয়ে পাকিস্তান আবার ইঙ্গিতে এটাই প্রেসিডেন্ট নিক্সনকে বোঝাতে চেয়েছে যে, তোমরা যদি অস্ত্র সাহায্য বন্ধ করো তাহলে আমরা পুরোপুরি চীনের দিকে চলে যাবো। প্রসঙ্গত, উল্লেখযোগ্য যে ১৯৬৫ সালেও পাকিস্তান অনুরুপ চাল ছেড়ে বেশ কিছুটা সুবিধা আদায় করেছিল।

এবার দেখা যাক ভুট্টোর পিকিং সফরে আলোচ্য উদ্দেশ্যগুলো সাধিত হলো কিনা।

পিকিং-এ ভুট্টোর মিশন পৌছানোর পরই আলোচনা শুরু হয়। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, সফরের আগেই রাজনৈতিক পর্যবেক্ষকমহল মনে করেছিলেন যে চীন জরুরী তলব করাতেই প্রতিনিধ দলটি পিকিং-এ যায়।

অবশ্য এই সম্ভাবনাটিকেও যে একেবারে উড়িয়ে দেওয়া যায় না তার প্রমাণ চীনা উপপররাষ্ট্রমন্ত্রীর বক্তব্য। তাঁর বক্তব্যে সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয় বাংলাদেশের রাজনৈতিক সমাধানের উপর। অস্ত্রের ব্যাপারে চীন সম্পূর্ণ নীরব। পূর্ব বাংলার গণহত্যা সম্পর্কে কিছু না বললেও চীন এটুকু বলেছে যে, বাংলাদেশের বর্তমান অবস্থার অন্যায় সুযোগ নিয়ে ভারত পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করছে।

পাক-ভারত যুদ্ধ বাধলে চীন সরাসরি জড়িয়ে পড়বে না বলেও চীনের বক্তব্য উল্লেখ করা হয়।

চীনের এই বক্তব্য থেকে স্পষ্টই প্রতীয়মান হয় যে, বাংলাদেশ প্রশ্নে চীনের নীতি বর্তমান সময়ে অনেক পালটেছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, বাংলাদেশে নজীরবিহীন গণহত্যা শুরু হবার পর পাক জঙ্গী সরকারকে অস্ত্র দিয়ে সাহায্য করলেও চীন বাংলাদেশে তার অনুগামীদেরকে জঙ্গীশাহীর বিরদ্ধে যুদ্ধ করবারই নির্দেশ দেয়।

বর্তমান সফর সম্পর্কে জঙ্গীশাহী জোরগলায় সন্তোষ প্রকাশ করলেও সত্যিকারভাবে তারা মোটেই খুশী হতে পারেনি। নিউজ উইকের সাংবাদিকের কাছে ইয়াহিয়ার চীন সম্পর্কিত ঘোষণাও অসার প্রমাণিত। উপরন্তু যে অস্ত্রেই ভিক্ষার এই পিকিং সফরে সে অস্ত্রের প্রশ্নে পিকিং পুরোপুরি নিশ্চুপ।

সুতরাং যে সকল উদ্দেশ্য নিয়ে ভুট্টোর পিকিং সফর তার কোনটাই ত হলো না উপরন্তু বিশ্বের অন্যান্য রাষ্ট্রের কাছে পুনরায় ধর্না দেয়ার পরও সম্পর্ক রুদ্ধ হয়ে গেলো। কেননা ভুট্টো আগেই বলেছেন যে জাতিসংঘ থেকে সমস্যা সমাধানের পথ কোন দিনই খুঁজে পাওয়া যাবে না। আর সে জন্যেই আমরা পিকিং এসেছি।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশ-পাকিস্তান আলোচনা প্রসঙ্গে প্রচারিত সংবাদ 'দুরভিসন্ধিমূলক'	অভিযান ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশ-পাকিস্তান আলোচনা প্রসঙ্গে প্রচারিত সংবাদ 'দুরভিসন্ধিমূলক'

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোস্তাক আহমেদ সম্প্রতি ইউ পি আই এর সাথে এক সাক্ষাৎকারে বলেন, বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে আলোচনা সংক্রান্ত প্রচারিত সংবাদ মিথ্যা ও দুরভিসন্ধিমূলক। বাংলাদেশের সরকারী ও বেসরকারী কোন স্তরের নেতৃবৃন্দই কলিকাতা বা অন্য কোন দেশস্থিত মার্কিন কূটনীতিকদের মাধ্যমে কোন রকম প্রস্তাব বা আশ্বাস কখনও পাননি। কাজেই ইয়াহিয়া খাঁ বা তার প্রতিনিধির সাথে আলাপ আলোচনার কোন প্রশ্নই ওঠে না।

পররাষ্ট্রমন্ত্রী তাঁর পূর্ব ঘোষনার পুনরুক্তি করে বলেনঃ পূর্ণ স্বাধীনতা আমাদের লক্ষ্য। যারা বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের স্বার্থের পরিপন্থী কাজে নিয়োজিত তাদের প্রতি আমাদের অনুরোধ, আমাদের জন্য যদি কিছু না করতে পারেন তবে স্বাধীনতার জন্য আমাদের অন্ততঃ মৃত্যুবরণ করতে দিন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় খেলা সমাপ্তির শেষ ঘণ্টাধ্বনি	অভিযান ১ম বর্ষঃ ২য় সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

খেলা সমাপ্তির শেষ ঘণ্টাধ্বনি

সুদীর্ঘ আট মাস ধরে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলছে। এই যুদ্ধে একদিকে যেমন বাংলাদেশের বিভিন্ন গণতান্ত্রিক ও দেশপ্রেমিক রাজনৈতিক সংগঠনগুলো বাঙলার মানুষের সাথে একাত্ম হয়ে পাকিস্তানী শাসন-শোষণের অবসানকল্পে করেছেন মরণপণ সংগ্রাম, অন্যদিকে তেমনি জামাত, পিডিপি, মুসলিম লীগ প্রভৃতি রঙবেরঙের পার্টিগুলোও ইয়াহিয়ার কাঁধে কাঁধ মিলিয়ে বাংলার জনগণের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়েছে।

বাংলাদেশের এই সব পার্টিগুলোর বর্তমান ভূমিকা আপাতঃদৃষ্টিতে একটু বেমানান ঠেকলেও এটা মোটেই অস্বাভাবিক নয়। ঐতিহাসিক ভাবে এই পার্টিগুলো তাদের স্ব স্ব দায়িত্ব পালন করছে মাত্র।

আজ ২৩ বছরের শাসন-শোষনের ফলে যে ঘৃণা বাঙালীর মনে জমে উঠেছে তারই শেষ পর্যায় হলো আজকের এই স্বাধীনতা যুদ্ধ। পাকিস্তানের বিশেষ করে পশ্চিম পাকিস্তানের প্রতিক্রিয়াশীল চক্র পাকিস্তানের জন্মলগ্ন থেকেই পূর্ব বাংলাকে তাদের শোষনের আবাসভূমি হিসেবে রাখতে চেয়েছে। আর তার জন্যই তারা পূর্ব বাঙলায় তাদের নিজেদের বাছাই করা লোকদের ব্যবহার করেছে। এই বাছাই করা লোকরাই হচ্ছে নূরুল আমিন, ফজলুল কাদির চৌধুরী, গোলাম আজম, ফরিদ আহমদ, মোনেম খাঁ, মাহমুদ আলী, সবুর খান, ওয়াহিদুজ্জামান প্রভৃতি লোকেরা।

এরা কখন কখন খোদ সরকারী পক্ষ নিয়েছে আবার কখনও বা বিরোধী দল হিসেবে কাজ করেছে। পাকিস্তান এক রাখার ব্যাপারে এরা সকলেই একমত। ধর্মের দোহাই তুলে পূর্ব বাংলার জনগণকে বিভ্রান্ত করতে চেয়েছে কেউবা। প্রত্যেক গণতান্ত্রিক আন্দোলনেই তাদের এই ভূমিকা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ধরা পড়েছে। ১৯৫২ সালের রাষ্ট্রভাষা আন্দোলন, ১৯৬২ সালের শিক্ষানীতিবিরোধী আন্দোলন, ১৯৬৯ সালের গণআন্দোলন এবং অবশেষে বর্তমান স্বাধীনতা যুদ্ধের প্রত্যেকটিতেই তাদের ভূমিকা বাংলাদেশের জনগণ অত্যন্ত ঘৃণার সাথে স্মরণ করে।

১৯৫২ সালে প্রথম আঘাত আসে পূর্ববাংলার জনগণের উপর। বাঙলার মানুষের নিজস্ব বিকাশ যাতে না হয় তার জন্যে পাকিস্তানী প্রতিক্রিয়াশীলরা উর্দুকে রাষ্ট্রভাষার সম্মানে ভূষিত করবার সংকল্প নেয়। বাংলার মানুষ এর বিরুদ্ধে রূখে দাঁড়ালে তদানীন্তন নূরুল আমিন সরকার একে কঠোর হাতে দমন করার জন্যে ঢাকার মিছিলে লেলিয়ে দেয় তাদের পিটুনি-বাহিনী। এ দিকে অন্যান্য লোকেরা তখন এর মধ্যে হিন্দুয়ানী গন্ধ পেতে শুরু করে। আন্দোলনের উদ্যোক্তাদের ভারতের দালাল হিসাবে চিহ্নিত করে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করে। কিন্তু বাংলার জনগণ তাদের এই অপকৌশল বুঝতে পারায় সেই সময়টাতে এরা খুব সুবিধা করে উঠতে পারে না।

১৯৫২ সালের আন্দোলনে সুবিধা করতে না পারলেও তারা নিষ্ক্রিয় বসে রইল না। হিন্দু মুসলমান বিদ্বেষ সৃষ্টির ক্ষেত্রে তারা তখন সর্বশক্তি নিয়োগ করলো। ১৯৫৪ সালে মুসলিম লীগের পরাজয়ের প্রতিক্রিয়াশীল চক্র বেশ চিন্তিত হয়ে পড়ে। যুক্তফ্রন্ট মন্ত্রিসভা বাতিল করার জন্য তারা ৯২ (ক) ধারা জারী করে। সাথে সাথে

যুক্তফ্রন্টের ভাঙ্গন সৃষ্টির কাজে এই সব দলগুলোকে সক্রিয় করে তোলে এবং পরবর্তীকালে তথাকথিত বাঙালী বগুড়ার মোহাম্মদ আলীকে দিয়ে নয়া মন্ত্রিসভা গঠন করে। কিন্তু ধামাচাপা দেয়া মন্ত্রিসভার আসল চরিত্রও জনগণের কাছে ফাঁস হয়ে যায়।

কোনমতেই যখন পূর্ব বাংলার জাতীয়তাবাদী জনগণকে দমিয়ে রাখা যাচ্ছিল না তখন তারা শেষ অস্ত্র নিয়ে রাজনৈতিক মঞ্চে অবতীর্ণ হয়। দেশে সামরিক শাসন জারি করে মুসলিম লীগকেই আবার চাঙ্গা করে তোলে। ১৯৬২ সালে নয়া শিক্ষীনীতি পূর্ব বাংলার উপর চাপিয়ে দিতে গেলে বাংলার ছাত্র সমাজ রুখে দাড়ায়। শিক্ষানীতির পিছনে একটি মাত্র লক্ষ্য ছিল, পূর্ব বাংলার জনগণকে শিক্ষার আলো থেকে সম্পূর্ণ দূরে সরিয়ে রাখা। এই শিক্ষানীতি চালু করার জন্যে তারা তাদের দুটো লেজুড় ছাত্র সংগঠন এস, এস, এফ এবং ইসলামী ছাত্র সংঘকে কাজে লাগায়। এখানে একটা কথা উল্লেখ করা প্রয়োজন যে, পাকিস্তানের জন্মলগ্ন থেকেই পূর্ব বাংলার সবচেয়ে সচেতন অংশ ছাত্রসমাজের উপর পর পর আক্রমণের কারণ হলো এই যে, প্রতিক্রিয়াশীল চক্র খুব ভালভাবেই জানতো যে বাংলার ছাত্র সমাজই পাকিস্তানের রাজনীতিতে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সুতরাং এদের আমল দিলে অচিরেই পাকিস্তান রাষ্ট্রে অবলুপ্তি ঘটবে। তাই ছাত্র তরুণের প্রাণ বিসর্জন না হওয়া পর্যন্ত কোন দাবীই তারা মেনে নেয়নি।

১৯৬৪ সালে চণ্ড মোনায়েম খাঁকে দিয়ে সমাবর্তন উৎসব অনুষ্ঠানের চেষ্টা করলে সাধারণ ছাত্রসমাজ আবার রুখে দাঁড়ায়। তখন মুসলিম লীগ ও জামাত ইসলাম তাদের ছাত্র সংগঠনকে দিয়ে এই উৎসব সফল করে তোলার জন্যে পাল্টা উদ্যোগ নেয় কিন্তু স্থিরপ্রতিজ্ঞা ছাত্রসমাজ এই উদ্যোগে সাড়া না দিয়ে সমাবর্তন বর্জন করে। তখন শাসকচক্রের দালাল ছাত্র সংগঠন ও ভাড়া করা গুণ্ডা নিয়ে সাধারণ ছাত্রদের উপর ঝাঁপিয়ে পড়ে।

এই ঘটনার পর পরই মুসলিম লীগ, জামাতে ইসলাম প্রভৃতি দলগুলো জনগণের সংগ্রামী ধারাকে অন্যখাতে প্রবাহিত করার জন্যে এই পূর্ব বাঙলার বুকে হিন্দু মুসলমান দাঙ্গা বাধায়। নিরীহ হিন্দুদের বাঁচাতে গিয়ে এ সময় অনেক রাজনৈতিক কর্মীও প্রাণ হারান। দাঙ্গার পরপরই তারা কাশ্মীর সমস্যার ধুয়া তুলে ভারতবিদ্বেষী মনোভাব জনগণের মধ্যে ছড়াতে শুরু করে। এভাবে পুরো দশটি বছর একের পর এক আক্রমণ চালিয়ে গণতান্ত্রিক রাজনৈতিক সংগঠনগুলোকে প্রতিরক্ষামূলক আন্দোলনে ব্যাপৃত রাখে। কিন্তু প্রতিটি গণতান্ত্রিক আন্দোলনই পূর্ব বাংলার জনগণকে রাজনৈতিকভাবে অনেক বেশী সচেতন করে তোলে।

তাই যখন আগরতলা ষড়যন্ত্র মামলার দোহাই দিয়ে শেখ মুজিবুর রহমানকে বন্দী করা হয় তখন বাঙলার মানুষ আর চুপ করে বসে থাকে না।

১৯৬৯ সালে পূর্ববাংলার ছাত্র সমাজ ১১ দফার ভিত্তিতে ব্যাপক গণআন্দোলনের আহবান জানালে পূর্ব বাংলার জনগণ স্বতঃস্ফুর্তভাবে সেই আন্দোলনে ঝাপিয়ে পড়েন। সিময় পি ডি পি, জামাতে ইসলাম, নেজামে ইসলাম ও মুসলিম লীগ যৌথভাবে ১১ দফার পাল্টা হিসাবে আট দফা দাবী জনগণের সামনে পেশ করে। আন্দোলনের নামে পূর্ব বাংলার জনগণকে বিভ্রান্ত করার জন্যেই এই আট দফা উত্থাপন। কিন্তু সকল আন্দোলনে এদের ভূমিকা সম্পর্কে জনগণ সচেতন হওয়ায় আট দফা জনগণের মধ্যে সাড়া জাগাতে সম্পূর্ণরুপে ব্যর্থ হয়।

এইভাবে প্রতিটি আন্দেলনেই তাদের নির্লজ্জ ভূমিকা জনগণকে অনেক বেশী সচেতন করে দিয়েছে। তাই যখণ নূরুল আমিনের মুখে উত্তরবঙ্গের স্বায়ত্তশাসনের দাবী উঠতে দেখা যায়, জনগণের পক্ষ থেকে তখন তেমন কোনরুপ সাড়া পরিলক্ষিত হয় না।

পূর্ব বাংলার বিগত আন্দোলনে পি ডি পি, জামাত, নেজাম ইসলাম, মুসলিম লীগ প্রভৃতি দলগুলো যেমন একদিকে জনগণ থেকে আস্তে আস্তে বিচ্ছিন্ন হয়েছে অন্য দিকে তেমনি তারা পাকিস্তানের সামরিক বাহিনী ও অন্যান্য প্রতিক্রিয়াশীল চক্রের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে পড়েছে।

২৩ বছরে যে ঘৃণা আস্তে আস্তে জমে উঠেছে তারই চরম পর্যায় হচ্ছে আজকের এই স্বাধীনতা যুদ্ধ। পাকিস্তানী শাসন শোষনের অবসানকল্পেই এই যুদ্ধ। বাংলার মানুষ বাঁচতে চায় অন্যান্য স্বাধীন জাতির মতোই। তারা যেমন করে স্বাধীনতা অর্জন করেছে বাঙালীদেরকেও তাই করতে হচ্ছে। যতো দিন যাচ্ছে, স্বাধীনতাযুদ্ধ তত জোরদার হচ্ছে। পাকিস্তানের পতনও অনুরুপভাবে ঘনিয়ে আসছে। বাংলাদেশ স্বাধীন হলে 'পাকিস্তান' থাকবে না। তার রাজনীতিও থাকবে না। সুতরাং এই সব দলের অস্তিত্বও বিলুপ্ত হবে।

এমতাবস্থায় নিজেদের অবস্থান টিকিয়ে রাখতে হলে পাকিস্তানকে অখণ্ড রাখতে হবে, বাঙালীদের স্বাধীনতা সংগ্রামের বিরুদ্ধে লড়তে হবে। অতএব এরা সরকারী বা বিরোধী পক্ষ নয়, এবার সব রকম ক্ষমতার কামড়াকামড়ি ভুলে গিয়ে সবাই এক হয়ে অর্থাৎ সবাই আসল চেহারা নিয়ে সামরিক বাহিনীর সাথে একাত্ম হতে এগিয়ে এসেছি।

এই অন্তর্নিহিত সত্যকে উপলব্ধি করেই আজ নূরুল আমিন, গোলাম আজম, ফজলুল কাদির চৌধুরী, ফরিদ আহমদ শ্রেণীর লোকেরা বাংলার মানুষের বিরুদ্ধে লড়াই করছে। সামরিক বাহিনীর কাঁধে কাঁধ মিলিয়ে পূর্ব বাংলার সকল অঞ্চলে তাদের এজেন্টরা চালিয়েছে হত্যা ধর্ষন আর লুটতরাজ। কিন্তু খেলা সামপ্তির শেষ ঘণ্টাধনি তাদের কানে কি পৌছায়নি এখনও।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশঃ ইতিহাস থেকে ইতিহাসে	অভিযান ১ম বর্ষঃ ২য় সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশঃ ইতিহাস থেকে ইতিহাসে

সিকান্দার আবু জাফর

বাঙলা আর বাঙালীর সাথে
অন্তরঙ্গ হবে যদি-পূর্ববঙ্গে এসো,
মনে মনে আমন্ত্রণ পৃথিবীর কাছে
কতবার কত লগ্নে ছড়িয়ে দিয়েছি।

গৌরবের দেহভরা প্রহারের ক্ষত
শৌর্যের প্রলেপে ঢেকে-অশ্রুরক্তে ধুয়ে
বাঙালীত্ব করেছি নির্মল,
মনে মনে তাই বড় অহঙ্কার ছিলো।

শত শত বছরের সুপ্রস্ত রাজপথে হাঁটা
মধুসূদন বঙ্কিম থেকে
রবীন্দ্র নজরুল জীবনানন্দ-বাঙালীর যা কিছু সুন্দর,
মহতের বৃহতের বিচিত্রভঙ্গিম
যত কিছু আত্মজ প্রত্যয়
এখানেই উচ্চারিত প্রত্যেকের কলকণ্ঠস্বরে।

এখানেই বাঙালীর মন
ওতপ্রোত বারোমাস ছায়াছায়া রৌদ্ররেণু মাখা
যেখানে ফুলের লজ্জা লুকানো সুঘ্রাণে;
মাঠভরা সবুজের শান্তি কণাকণা
হৃদয় জড়িয়ে নিতে প্রমত্ত যেখানে
সহস্র নদীর প্রেম আঁকাবাঁকা নিরন্তর পথে,
উৎকীর্ণ ঋতুর দর্পণে
প্রসাধিত প্রকৃতির অঙ্গসজ্জা ইন্দ্রজাল দেখে
এখানেই বাঙালীর প্রাণ-
বারম্বার গেয়ে ওঠে সহজ সন্তোষে
"আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি" .....
দুষপ্রাচ্য নীতির পথে বিকারের ধূলিকণা মেখে
এখানে বিভ্রান্ত নয় বাঙালীর মন।

নতুন মূল্যায়নের নামে
একদিকে চেতনার শূন্য সিংহাসন
হতমানে মানবিক সুকুমার বৃত্তির বিদায়,
নতুন আলোর পথে দুর্লজ্ঘ প্রাচীর অন্যদিকে
এখানে এখানো নয় দিনান্তের আতঙ্ক-প্রহার;
অনুভুতি মৃত টিকটিকি হয়ে আজো
ঝুলছে না কীটদষ্ট হৃদয়ের কপট দেয়ালে
এই পূর্ববঙ্গে।

এখানে এখনো বাঙালীর মন
চড়ুইয়ের অনর্গল দুর্বোধ্য কলহ
বাবুইয়ে ইমারতে ঝাড়ের নিশ্চয় দাপাদাপি
টুনটুনি শালিকের শ্রীহীন কুটিরে মুখরিত শান্তিনিকেতন
হিমহিম শিশিরের কোলে
শেফালীর গন্ধমাখা সুখশয্যা ধূসর চাঁদের
মেঘনার কালোজলে গাঙচিল মেঘ
অকস্মাৎ ইলিশের দু'চোখের বিস্ময়ে আঁকা
সুচিত্রিত পদ্মার অঞ্চল
নদীর নির্জন ঘাটে কিশোরীর কলসের নিটোল সঙ্কেত
হয়ত বা গোক্ষুরের লম্পট তর্জন
রজনীগন্ধার ঘ্রাণে উল্লসিত জোনাকী নর্তকী
ঈর্ষা ঘৃণা ভালোবাসা অনুরাগ বিরাগের কারুকার্য কত
মানুষেয় ঘরে ঘরে হৃদয়ের সাজানো দোকান।

মনে মনে তাই
পৃথিবীকে আমন্ত্রণ পাঠিয়ে দিয়েছি কতবার :
ইতিহাস ভুগোলের স্মারক মিলিয়ে
বাঙালীর আত্মার আত্মীয় হবে যদি
পূর্ববঙ্গে এসো।

অকস্মাৎ মাঝ রাত্রে কোনো
ঘুম ভেঙ্গে অপ্রস্তুত চোখের প্রদীপে চেয়ে দেখি
বাঙালী ও বাঙালীত্ব রক্তস্রোতে ভাসমান ভেলায় নিশ্চল
নগর বন্দর গ্রাম, সহস্র যোজন
প্রান্তরের যত শব্দ পলাতক মৃত্যুর সন্ত্রাসে।

এবং দক্ষিণে বামে পশ্চাতে সম্মুখে
আমার প্রাণের প্রাণ বঙ্গজননীর
প্রতি অঙ্গ জর্জরিত অগ্নির চাবুকে।

জননী বাঙলা যেন জ্বেলেছে নিজের দেহে
সুবিশাল ধর্ষণের চিতা।

আর সেই হাহাকার কোটি কোটি
মূঢ় দীর্ণ হৃদয়ের ব্যর্থ হাহাকার :
হে সময়, কোথায় ভাসিয়ে নিয়ে যাও
হাজার বছরের লেখা বাঙালীর দীপ্ত ইতিহাস?

কেই নেই-কেউ নেই- বধির সময়
কে দেবে উত্তর !
মুছে দিতে অপারগ যারা
বাঙালীর নামের সঙ্কেত,
তাদের মিছিলে ভিড়ে বাঙলার মানচিত্র থেকে
নিষ্ক্রান্ত আমিও।
তারপর অনিশ্চিত পথে
তাদের সবার সঙ্গে আমিও পথিক
বারম্বার অচেনার দাক্ষিণ্য প্রত্যাশী।
হৃদপাত্রে নৈরাশ্যের লাঞ্ছনা জমিয়ে
মাঝে মাঝে ভাবি এই ব্যাধিজীর্ণ দেহ টেনে নিয়ে-
ফিরে যেতে পারব না পূর্ববঙ্গে
আমার বাঞ্ছিত বাঙলা দেশে,
মনে মনে পৃথিবীকে আমন্ত্রণ
বুঝি আর জানানো হবে না।
তখনি সহসা বেজে ওঠে
জীবনের সুরভগ্ন সমস্ত বাঁশীতে
যৌবনের বীর্যোদ্ধত কণ্ঠের আশ্বাস :
তারা বলে, ভয় নাই আমরা ত' আছি,
এই ঘৃণ্য আঁধারের কণ্ঠনালী আমরা দুহাতে
ছিঁড়বোই জেনো।

বিনিময়ে শত শত নদী
রক্তে যদি ভরে যায় যাক,
রক্তের অভাব নেই বাঙলার কোটি কোটি তরুণের দেহে
বাঙলার মানচিত্রে তোমরাও ফিরে যাবে
আমাদের সাথে
অশক্ত দেহের ভর কাঁধে কাঁধে ভাগ করে নেবো
তবু ফিরে যাবো-
বাঙলার কোল থেকে নিরুদ্দিষ্ট তাবৎ সন্তান
সাথে নিয়ে সুনিশ্চয় তবু ফিরে যাবো

ফেলে আসা বাঙলার নগরে নগরে রাজপথে
গ্রামে গ্রামান্তরে
নতুন সড়কে;
যে-সড়ক সুপ্রশস্ত রাজপথ হবে
মৃত্যুঞ্জয় কালের তোরণে।

তাই হ'ক, তবে তাই হ'ক
বীর্যশুল্কে বাঙলার তরুণেরা- কেড়ে নাও জয়ের মুকুট।
আমি ততদিন শুধু প্রাণপণে প্রাণধারণের
ক্লান্তি বয়ে চলি।

সাড়ে সাত কোটি মৃত্যুঞ্জয় বঙ্গ-সন্তানের
ইতিহাস থেকে আরো দীপ্ত ইতিহাসে
যখন সগর্ব উত্তরণ,-
দু'চোখের সর্বশেষ রশ্মিরাগে যেন
আমি শুধুএঁকে যেতে পারি
সেই ক্রান্তি-লগ্নটির দীপ্ত মুখচ্ছবি।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
প্রতিধ্বনি (রাজনৈতিক পর্যালোচনা)	অভিযান ১ম বর্ষঃ ২য় সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

প্রতিধ্বনি
(রাজনৈতিক পর্যালোচনা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমেদ গত ২৩শে নভেম্বর বেতার ভাষণে বলেছেন, বাংলাদেশের জনগণের স্বাধীনতা সংগ্রামকে ভারত পাকিস্তান বিবাদে পরিণত করার পাকিস্তান কিংবা পাকিস্তানের পৃষ্ঠপোষক সাম্রাজ্যবাদী মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিটি দুরভিসন্ধি বাংলার জনগণের ঐক্যবদ্ধ জাতীয়তাবদী সংগ্রামের মুখে বানচাল হয়েছে। তিনি দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেছেন ''বাংলাদেশের জনগণের কাছে গ্রহণযোগ্য ব্যবস্থা একটিই- আর তা হলো পূর্ণ স্বাধীনতা।'' এই পূর্ণ স্বাধীনতার দাবীতে বাঙলার জনগণ লড়ছে এবং পূর্ণ স্বাধীনতা সংগ্রামের মাধ্যমে আদায় করেই ছাড়বে।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে আরো বলেছেন, 'স্বাধীনতার ধারণা অশেষ অর্থগর্ভ। স্বাধীনতার তাৎপর্য নির্ভর করে যুদ্ধাবস্থায় আমরা কি মূল্য দিই এবং শান্তির সময়ে এর কি ব্যবহার করি তার উপর।' তাঁর বক্তব্যের নির্গলিতার্থ, আমরা স্বাধীনতার যুদ্ধে প্রচুর আত্মত্যাগ করছি এ জন্যে যে তার বিনিময়ে একটি শান্তিপূর্ণ সমৃদ্ধিশালী সমাজ আমরা প্রতিষ্ঠিত করবো। একটি সুন্দর স্বাচ্ছন্দ্যপূর্ণ সমাজ ব্যবস্থা রচনা করার আত্মত্যাগ, যে ক্লেশভোগ প্রয়োজন তা আমাদের আবশ্যক করতে হবে। প্রধানমন্ত্রীর এ বক্তব্য সম্প্রসারণ করে আরো কিছু কথা বলা প্রয়োজন। বাংলাদেশের কতিপয় মানুষ (যদিও তারা সংখ্যায় অল্প) যুদ্ধ চলাকালীন সময়ে তাদের কাছ থেকে যা প্রত্যাশিত ছিলো সে ধরনের কর্ম কিম্বা আচরণ করেননি। এতো এতো রক্তপাত, এতো আত্মত্যাগ, এতো বীরত্বব্যঞ্জক সংগ্রামেও তাঁরা ক্ষুদ্র স্বার্থের কথা ভুলে বৃহত্তর জাতীয় স্বার্থের সঙ্গে নিজেদের প্রয়াস প্রযত্ন জড়িত করেননি। এখনো অনেকের কর্ম এবং চিন্তাধারা বৃহত্তর জাতীয় স্বার্থের বদলে ক্ষুদ্র আত্মস্বার্থের খাতেই প্রবাহিত হচ্ছে। এটা খুবই দুঃখের বিষয়। যাঁরা এ ধরনের কাজ কর্ম করে যাচ্ছেন, তাঁরা হয়তো মনে করে থাকতে পারেন, সংগ্রাম এবং নৈরাশ্যের ডামাডোলে অনেকের অনেক অপকীর্তিই ধামাচাপা পড়ে যাবে। স্বাধীন বাংলাদেশে এর জন্য তাদের কোনরকম জবাবদিহি করতে হবে না। এ ধারণা পোষণ করে যদি তাঁরা নিশ্চিন্তবোধ করতে চান, তা হলে ভুলতে হয়, সময় সবকিছু ফাঁস করে দেবে। সুতরাং সময় থাকতে সাবধান হওয়া ভালো।

আমাদের সংগ্রামের লক্ষ্য স্বাধীনতা। স্বাধীনতা পেলেই আমাদেরকে শান্তি সম্প্রীতিতে ভরপুর একটি সমৃদ্ধশালী সমাজ নির্মাণে আত্মনিয়োগ করতে হবে। শুরু থেকেই আমাদের প্রতিটি পদক্ষেপ সে লক্ষ্যে ধাবিত করা উচিত। চিন্তার একমুখিতা কাজে শৃঙ্খলা আনবে। নচেৎ এলোমেলো চিন্তা বিশৃঙ্খলা ডেকে আনবে। তার ফলে সমাজে একটা অরাজকতা আসা মোটেই অস্বাভাবিক নয়। শুরুতেই বিচার বিশ্লেষণ না করে সামাজিক শক্তিগুলোকে যদি আপন গতিবেগে বাড়তে দেয়া হয়, তা' হলে সামাজিক শান্তির আশা সুদূরপরাহত। এখন থেকেই রণাঙ্গনে, গেরিলা এ্যাকশনে মুক্তিযোদ্ধাদের সাধারণ মানুষের প্রতি আচরণে, রাজনৈতিক শক্তি এবং সামরিক শক্তির মধ্যে সামঞ্জস্য বিধানের জন্য পারস্পারিক শ্রদ্ধা, প্রীতি, সংযম এবং বিচার বোধ জাগরিত করা একান্ত প্রয়োজন। কেননা আজকের যুদ্ধচলাকালীন অবস্থার মধ্যে আমরা যে বীজ রোপণ করছি, ভবিষ্যতে সেই বৃক্ষই গজাবে তা' থেকে।

হানাদার পাকিস্তানীরা আমাদের অসহায় প্রিয় পরিজনদের কাপুরুষের মত হত্যা করেছে। সাত কোটি বাঙ্গালী মুক্তিযোদ্ধা চলুন আমরা প্রত্যেকটি ঘাতকের টুঁটি ছিঁড়ে ফেলি।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মার্কিন বৈদেশিক নীতি ও বাংলাদেশ	অভিযান ১ম বর্ষঃ ২য় সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

মার্কিন বৈদেশিক নীতি ও বাংলাদেশ
(অভিযান রাজনৈতিক পর্যালোচক)

পত্রিকান্তরে প্রকাশিত খবরে জানা গেছে, মার্কিন প্রেসিডেন্ট নিক্সনের স্নেহপুষ্ট একদল মার্কিনী বিশেষজ্ঞ বাংলাদেশ সমস্যার গভীরতা খতিয়ে দেখার জন্য ভারত আসবেন। খবরে আরও বলা হয়েছে যে, তাঁরা বাংলাদেশের ও ভারতীয় নেতৃবৃন্দের সঙ্গে এ ব্যাপারে আলোচনা করবেন এবং সত্যিকারভাবে সমস্যার গুরুত্ব কতখানি তা দেখার জন্য বিভিন্ন শরণীর্থী শিবিরগুলি পরিদর্শন করবেন।

ভারতীয় পত্রিকায় প্রকাশিত আর এক খবরে জানা গেল যে, ভারতের পররাষ্ট্র মন্ত্রী সর্দার শরণ সিং এই ধরনের 'ফ্যাকট ফাইন্ডিং কমিটি'র প্রয়োজনীয়তার গুরুত্বই অস্বীকার করেছেন এবং এ ব্যাপারে সরকারীভাবে তিনি কিছু জানেন না বলেও সংবাদ জানিয়েছেন।

এখন প্রশ্ন হল, মার্কিন যুক্তরাষ্ট্র দীর্ঘ আট মাস পরে, যখন বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন তার ইপ্সিত লক্ষ্যে দ্রুত এগিয়ে চলেছে তখন হঠাৎ বাংলাদেশ সমস্যার গুরুত্ব কতখানি অথবা তার গভীরতা পরিমাপের জন্য এত ব্যস্ত হয়ে পড়ল কেন ?

মার্চ মাস হতে বাংলাদেশে ইয়াহিয়ার নরখাদক বাহিনী যে ধ্বংস নাট্য মঞ্চস্থ করেছে এবং সাড়ে সাত কোটি বাঙালী সেই অমানুষিক দানবীর আগ্রাসনকে যে ভাবে প্রতিহত করেছে- আর যার ফলে এককালের পাকিস্তানের আন্তর্জাতিক স্বীকৃত মানচিত্রের পবির্তন সূচিত হয়ে জন্ম নিয়েছে স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ- তা আর যাই হোক মার্কিন যুক্তরাষ্ট্রের অজানা থাকার কথা নয়।

মানবতার এই লাঞ্ছনা - জাতি হিসাবে বাঙালীকে একদিকে যেমন তাঁর অস্তিত্ব রক্ষার কঠিনতম সংগ্রাম ও চূড়ান্ত আত্মপরীক্ষার দরজায় ঠেলে দিয়েছে তেমনি অন্যদিকে পৃথিবীব্যাপী সৃষ্টি করেছে মানবতার মুমূর্ষু দেহে প্রাণ সঞ্চারের অংকুর। কঙ্গোর হত্যালীলা প্রত্যক্ষ করে, এঙ্গোলা মোজাম্বিকে মনুষ্যত্বের অবমাননা দেখে, ভিয়েৎনামে ঘণ্টাচুক্তি মৃত্যু আর বায়াফ্রার রক্তাক্ত শ্মশান ভূমির জ্বলন্ত স্মৃতি মনে রেখেই বুঝি বাংলাদেশ প্রশ্নে বিশ্ববিবেক আর চোখ বুজে থাতে পারেনি। অনেক দেরীতে হলেও-মৃতদেহে প্রাণসঞ্চারের মত অতি ধীর বিশ্ববিবেকের জাগৃতি আমরা লক্ষ্য করেছি। তাই আজ শত কোটি মানুষের ভালবাসা আর মমত্ববোধের প্রতিধ্বনি শোনা যায় 'প্রাভদা' আর ব্রান্টের কণ্ঠে। ইউরোপ, আমেরিকাসহ এশিয়া আর আফ্রিকার মানবদরদী অসংখ্য কণ্ঠের প্রতিধ্বনি খোদ আমেরিকান সিনেটের সদস্য গালাঘার আর কেনেডীর মুখেও আমরা শুনেছি।

পৃথিবীর প্রায় প্রতিটি দেশের মানুষ ও তাঁদের সরকার (চিহ্নিত কয়েকটি দেশ বাদে) বাঙলার এই চরম সর্বনাশের মুখে তাদের পাশে এসে দাঁড়িয়েছেন- দাঁড়াবার আশ্বাস দিয়েছেন। '৭০-এর নভেম্বরে বাংলাদেশে সামুদ্রিক জলোচ্ছ্বাস ও মহাপ্লাবনের পর সারা পৃথিবী যে গভীর মমত্ববোধের পরিচয় দিয়েছিল-দশ লক্ষাধিক মৃত বাঙালী আর তাদের বাত্যাবিধ্বস্ত পরিজনদের প্রতি যেভাবে বিশ্ব মানবগোষ্ঠী সাহায্য আর সহানুভূতির উদার হাত এগিয়ে দিয়েছিল ঠিক অনুরূপভাবে ১৯৭১ সালে ইয়াহিয়ার ফ্যাসিবাদী আক্রমণে বিধ্বস্ত বাঙালীকেও পৃথিবীর মানুষ সাহায্য করেছে এবং সহানুভূতি জানিয়েছে আন্তরিক মমত্বে।

পৃথিবীর টেলিভিশন কেন্দ্রসমূহ, তাবৎ রেডিও ষ্টেশনগুলি থেকেও বারবার প্রচারিত হয়েছে- হচ্ছে বাংলাদেশ সমস্যা ও তদসংক্রান্ত সকল পরিস্থিতির।

আন্তর্জাতিক রাষ্ট্রীয় সমঝোতা কেন্দ্র জাতিসংঘের সাহায্য ও ত্রাণ কমিটির সাহায্য পেয়েছে বাঙালীরা। খোদ আমেরিকা থেকেই ঐ সঙ্ঘের ত্রাণ কমিটি প্রধান প্রিন্স সদরুদ্দীন আগা খাঁ স্বয়ং তদন্তে এসেছিলেন ভারতে। অধিকৃত বাংলাদেশ যাকে ইয়াহিয়ার প্রচারযন্ত্র আজও পূর্ব পাকিস্তান বলে প্রচারে সরগরম, তাও পরিভ্রমণ করেছেন প্রিন্স সদরুদ্দীন আগা খাঁন। তার এই পরিভ্রমণ ও তদন্তের পর জাতিসংঘের সদর দফতরে এবং সাংবাদিক সম্মেলনে কি কি বলেছিলেন তা এত বেশীদিনের কথা নয় যে আমরা ভুলে যাব। পৃথিবীর সমস্ত লোক প্রিন্সের মুখে শুনেছে যে, বাংলাদেশ থেকে এত ব্যাপকসংখ্যক শরণার্থী ভারতে আশ্রয় নিয়েছেন যে, তার দায়িত্ব ভারত সরকারের একার পক্ষে নেওয়া সম্ভব নয়- পৃথিবীর মানবতাবাদী প্রতিটি সরকারেরই বাঙালীদের ত্রাণ কার্যে এগিয়ে আসা উচিৎ। স্বয়ং রাষ্ট্রসংঘের সেক্রেটারী জেনারেল বলেছেন, বিশ্বসভ্যতার ইতিহাসের কলঙ্কিততম অধ্যায় হল বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলী। তিনি বলেছেন, আরও অধিক হারে এই দুর্দশাগ্রস্ত জাতিকে সাহায্য করতে হবে এবং সেটাই আজকের পৃথিবীর নৈতিক দায়িত্ব। তদন্ত শেষের রিপোর্টে প্রিন্স সদরুদ্দীন আরও বলেছেন, সম্মানজনক রাজনৈতিক সমাধান ও নিরাপত্তার অটুট আশ্বাস না পেয়ে শরণার্থীরা দেশে ফিরে যাবেন না। শুধু প্রিন্স সদরুদ্দীন নয় পৃথিবীর মানবতাবাদী রাজনৈতিক, সাংস্কৃতিক প্রতিনিধিরা সাংবাদিকরা যাঁরাই শরনার্থী শিবির পরিদর্শনের জন্য ভারতে এসেছেন তাঁরা সবাই একবাক্যে বলেছে যে, উপযুক্ত সময়ে সম্মানজনক পরিস্থিতিতেই শুধু মাত্র বাঙালীরা তাঁদের দেশে ফিরে যাবেন, তার আগে নয়। উপরোক্ত মন্তব্য তাঁরা নিশ্চয়ই তাঁদের স্ব-স্ব স্বার্থের নিশ্চয়তা বিধানের সূত্র হিসাবে উপস্থিত করেননি এবং শরণার্থীরা যা তাঁদেরকে বলেছেন, বিশ্বের বিবেকবান এই মানুষগুলি তাই বিশ্বের কাছে অকপটে তুলে ধরেছেন মাত্র।

এতসব ঘটনা ঘটে যাওয়ার পরও যখন আমেরিকার প্রেসিডেন্ট তদন্ত কমিশন নিয়োগ করে বাংলাদেশ সমস্যার গভীরতা মাপার প্রশ্ন তোলেন তখন কি একটি প্রশ্ন সংগত ভাবেই করা চলে না যে, তাহলে বাংলাদেশ নিয়ে বিশ্বব্যাপী এই ডামাডোলের বাজারে আমেরিকা গত ক'মাস শুধু নীরব দর্শকের ভূমিকা পালন করেছে। আন্তর্জাতিক রাজনীতির গতি প্রবাহ কিন্তু এই তথ্য স্বীকার করে না। বরং ঘটনার পরস্পর এই কথাই বলে যে, বাংলাদেশ সমস্যায় যারা বিশেষভাবে বিচলিত আমেরিকা যুক্তরাষ্ট্র তাদের মধ্যে অন্যতম।

পাকিস্তান অখণ্ড থাকবে, না তা ভেঙ্গে স্বাধীন বাংলাদেশ জন্ম নেবে এই প্রশ্নে বিশ্বব্যাপী জনমত দু-টুকরো হয়ে ভেঙ্গে গেছে। কিছু কিছু স্বার্থপন্থী, যারা পাকিস্তানের অখণ্ডতায় নিজেদের স্বার্থসিদ্ধির উপাদান দেখেন, তাঁরা বাঙালীদের অপ্রতিরোধ মুক্তিযুদ্ধের আয়ুষ্কাল বেঁধে দিয়ে তার ব্যর্থতার কারণগুলি বিশ্লেষণ করতে যাওয়ার শখের মত, বোকার স্বর্গে বাস করছেন না এমন নয়। অবশ্য এক বৃহৎসংখ্যক ইতিহাস সচেতন মানুষ এর প্রতিবাদ করেছেন। তাঁরা বলেছেন বাংলাদেশের মুক্তিযুদ্ধে জয়লাভ নিশ্চিত। আমেরিকা যুক্তরাষ্ট্র মার্চ পরবর্তী কালে নিশ্চিতভাবেই পাকিস্তানের পক্ষে এমন সব কাজ করেছে যাতে করে দিবালোকের মত স্পষ্ট হয়ে গিয়েছে যে, মার্কিনীরা আর যাই হোক পাকিস্তান ভেঙ্গে যাক তা চায় না। আর তা চায় না বলেই সে পাকিস্তানী জল্লদদের হাতে তুলে দিয়েছে ব্যাপক হারে মানুষ মারার অস্ত্র।

একথা অবশ্য ঠিক যে পাকিস্তান সৃষ্টির পর গোটা পাকিস্তানে এমন কোন রাজনৈতিক অথবা অর্থনৈতিক উত্থানপতনের ঘটনা নেই যাতে মার্কিনীদের স্বার্থ জড়িত ছিল না-বিশেষ করে খাজা নাজিমুদ্দিনের পতনের পর মার্কিনী পেটুয়া বগুড়ার মোহাম্মদ আলীর পাকিস্তানের প্রধানমন্ত্রীর গদীতে বসার পর। এরপর থেকে মার্কিন সরকার পাকিস্তানের প্রত্যক্ষ রাজনীতিতে হস্তক্ষেপ করা শুরু করে। এ প্রসঙ্গে পূর্ব বাংলার ঐতিহাসিক '৫৪-এর সাধারণ নির্বাচনোত্তর কালে পাকিস্তানে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ও নিউ ইয়র্ক টাইমসের রিপোর্টার কুখ্যাত সাংবাদিক কলহন-এর নাম উল্লেখযোগ্য।

সে যাই হোক আমেরিকা যে কোটি কোটি বাঙালীর এই চরমতম বিপদের দিনে পাকিস্তানী বৃহৎ পুঁজিপতিদের পক্ষে দাঁড়াবে তা পাকিস্তানের ভৌগোলিক অবস্থান ও তার অর্থনীতিতে আমেরিকান লগ্নী পুঁজিই

বলে দেয়। এ নিয়ে গবেষণার প্রয়োজন পড়ে না। আর তাই আমরা দেখি-আমেরিকা তার তাঁবেদারদের দিয়ে সবকিছু ভুলে গিয়ে একটা রাজনৈতিক আপোষ-মীমাংসার কথা বিভিন্ন সময়ে বারবার উত্থাপন করেছে। কিন্তু বাংলাদেশের সরকার, বাংলাদেশের সংগ্রামী জনতা তা বারবার প্রত্যাখ্যান করে মুক্তিযুদ্ধের পতাকাকেই উর্ধ্বে তুলে ধরেছেন।

ইতিমধ্যে জল্লাদ ইয়াহিয়া তার সাধের পাকিস্তান বাঁচাতে গিয়ে বড় বেশী দিয়ে ফেলেছে। ভারত সীমান্তে সৈন্য সমাবেশ করে সে এখন ভারত আক্রমণ করে এটা পুষিয়ে নিয়ে বাংলাদেশ সমস্যাকে পাক ভারত সমস্যা হিসেবে দেখানোর অপচেষ্টায় নিয়োজিত। আর এতে তার বড় মদতগার হল বিশ্ব সাম্রাজ্যবাদের মোড়ল আমেরিকা যুক্তরাষ্ট্র। আমেরিকা এর আগে রাষ্ট্রসংঘের সেক্রেটারী জেনারেল উথান্টের মাধ্যমে সীমান্তে জাতিসংঘ বাহিনী মোতায়েনের প্রস্তাবও অবশ্য এই উদ্দেশ্যে করেছিল বলে মনে করার যুক্তিসংগত যথেষ্ট কারণ আছে।

এদিকে আমেরিকা যুক্তরাষ্ট্রের বৈদেশিক নীতি যা বিশ্বব্যাপী গণতন্ত্র ও মানবিক মূল্যবোধের প্রতি চ্যালেঞ্জস্বরুপ বিদ্যমান তা পাকিস্তান বা বাংলাদেশ প্রশ্নে বেশ বেকায়দায় পড়ে গিয়েছে। আমেরিকান সিনেটে ক্রমাগত বৈদেশিক সাহায্যে পরিমাণ হ্রাসের দাবি সোচ্চার হয়ে ওঠে। ফলে ৮ই নভেম্বর সিনেটে যে বৈদেশিক সাহায্য বিলের অবলুপ্তি ঘটে তাতে আর বৈদেশিক অর্থ সাহায্যের ক্ষেত্রেও বেকায়দায় পড়ার লক্ষণ স্পষ্ট। (অবশ্য পরে এই বিলটি অনুমোদিত হয়েছে।)

আন্তর্জাতিক বিশেষ করে দক্ষিণ পূর্ব এশিয়ার রাজনৈতিক পটভূমিকায় তাই মার্কিন যুক্তরাষ্ট্র আজ তার ঐতিহ্যবাহী দুমুখো পররাষ্ট্রনীতি অব্যাহত রাখতে অসমর্থ হয়ে পড়েছে। বিশেষ করে বাংলাদেশের লক্ষ লক্ষ শরণার্থীদের সাহায্যদান ও বাঙ্গাল হত্যায় দস্যু ইয়াহিয়া চক্রের সাহায্য কার্যক্রম যে আর পাশাপাশি চালানো যাবে না তা বিশ্বজনমত ও সংগ্রামী বাঙালীর সোচ্চার কণ্ঠ স্পষ্টভাবে বলে দিয়েছে।

তার ফলেই ক্ষমতাসীর নিক্সন প্রশাসন বাংলাদেশ প্রশ্নে তাদের নিজস্ব অবস্থানকে সুদৃঢ় করতে চায়। কিন্তু তা করতে গেলে হয় মার্কিনীদের সরাসরি ইয়াহিয়ার পক্ষে নয়ত বাংলার মুক্তিকামী মানুষের পাশে এসে দাঁড়াবার প্রশ্ন ওঠে। অথচ এর কোনটাই হোয়াইট হাউস তার নিজস্ব শ্রেণী চরিত্রের কল্যাণে করতে পারে না। পাকিস্তানী শাসকগোষ্ঠীর সাথে চীনা নেতৃত্বের দহরম-মহরম, পশ্চিম ও দক্ষিণপূর্ব এশিয়ার দ্রুত পরিবর্তনশীল রাজনৈতিক পরিস্থিতি ও সর্বশেষ বাংলাদেশের মুক্তিযুদ্ধের তীব্রতা বৃদ্ধি আমেরিকানদের উপরোক্ত সিদ্ধান্ত গ্রহণের পথে বিশেষ বাধার কাজ করেছে বলে অনুমান করার যথেষ্ট কারণ রয়েছে।

তাই মার্কিন সাম্রাজ্যবাদী অশুভ শক্তি আজ বাংলাদেশ সমস্যার দ্রুত নিষ্পত্তি ঘটিয়ে এই নাজুক পরিস্থিতি হতে মুক্তি পেতে চায়। এ ব্যাপারে ইয়াহিয়ার গোপন আপোষ প্রস্তাব তাদেরকে যথেষ্ট উৎসাহিত করেছে বলে অনুমান করা যেতে পারে।

তাই দীর্ঘদিন বাংলাদেশ প্রশ্নে কোন বক্তব্য না রেখে, খুনী ইয়াহিয়া চক্রের মারণাস্ত্র সরবরাহ করে আজ হঠাৎ নিক্সন প্রশাসন বাংলাদেশ সমস্যার গভীরতা পরিমাপের প্রয়োজনে এদেশে পাঠাচ্ছে বিশেষজ্ঞ দল, যাদের একমাত্র কাজ বাংলাদেশের মুক্তিযুদ্ধের শত্রুদের খুঁজে বের করে গোটা আন্দোলনকে আপোষের চোরাগলিতে নিক্ষেপ করে পাক-ভারত উপমহাদেশে মার্কিন অবস্থানকে অক্ষত রাখা।

কিন্তু ইতিমধ্যে অনেক রক্তস্রোত বয়ে গিয়েছে পদ্মা, মেঘনা, ধলেশ্বরী, কপোতাক্ষ দিয়ে-নিক্সন প্রশাসন তা বুঝলেও হয়ত স্বীকার করতে চায় না। কিন্তু বাংলার আপামর জনগণ এই ষড়যন্ত্র ধরে ফেলেছেন। তাঁরা যা বলতে চান তা প্রতিবেশী বন্ধুরাষ্ট্রের মন্ত্রী সর্দার শরণ সিংহের মুখেই শুনে রাখুন মার্কিন বিশেষজ্ঞ দল ‘‘এ দেশে আপনাদের কোন প্রয়োজন নেই।’’

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
পাকিস্তানী চণ্ডচক্রের নায়ক ইয়াহিয়া	অভিযান ১ম বর্ষঃ ২য় সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

পৃথিবীর এক একটি রাষ্ট্র অথবা জাতিকে ধ্বংসের জন্য একটিমাত্র শক্তিদর্পী মূর্খের প্রয়োজন এ যুগের তেমন একটি মূর্খ পাকিস্তানী চণ্ডচক্রের চণ্ডতম নায়ক ইয়াহিয়া

দখলীকৃত বাংলাদেশের প্রত্যেকটি অঞ্চল মুক্ত করার জন্যে মুক্তিযোদ্ধারা সর্বাত্মক যুদ্ধে অবতীর্ণ হয়েছেন। তাঁদের প্রবল আক্রমণের মুখে পাকিস্তানী ঘাতক বাহিনী ধীরে ধীরে পিছু হটে যাচ্ছে এবং বাংলাদেশের প্রতিটি সীমান্তে একের পর এক এলাকা মুক্তিবাহিনীর দখলে আসছে। প্রায় আট মাসে নির্যাতন শিবিরতুল্য দখলীকৃত এলাকায় অবরুদ্ধ থাকার পর মুক্তির নিঃশ্বাস ফেলছেন পশু শক্তি হাতে নৃশংসভাবে উৎপীড়িত বাঙালী নারী-পুরুষ। তাঁরা আশা করছেন আর কতদিনে দখলীকৃত গোটা বাংলাদেশ পাকিস্তানী দুশমনের কবল মুক্ত হবে। আমরা জানি সেদিনের খুব বেশী আর বিলম্ব নেই- কয়েক সপ্তাহেরই মাত্র ব্যবধান।

এই উজ্জ্বল বাস্তবের সামনে দাঁড়িয়েও কিন্তু পাকিস্তানী জঙ্গীচক্রের আস্ফালন কিছুমাত্র হ্রাস পায়নি। তাদের প্রচারণার সুর এবং বক্তব্যেও কিছুমাত্র তারতম্য ঘটেনি। সেই একই বস্তাপচা অজুহাত ভারতীয় চক্রান্ত এবং ভারতীয় অনুপ্রবেশকারী। লক্ষাধিক সুশিক্ষিত মুক্তিযোদ্ধার হাতে বস্তুতঃ গোটা বাংলাদেশের সাড়ে সাত কোটি মুক্তিযোদ্ধার হাতে বেধড়ক মার খেয়েও ইয়াহিয়া চক্র তা স্বীকার করতে পারছে না। কারণ খেলা শেষ হয়েছে এই সত্য মেনে নেবার আগে মুখ রক্ষার মত একটা বিরাট অজুহাত সৃষ্টি করতেই হবে তাদের।

তাই ভারতের বিরুদ্ধে ব্যাপক যুদ্ধেরই তারা প্রস্তুতি নিচ্ছে। চীনা প্রতিনিধিদলের ভোজসভায় বক্তৃতা করতে গিয়ে ইয়াহিয়া খাঁ যে কথাগুলি বলেছে তা থেকেও সে কথাই প্রমাণ হচ্ছে। ইয়াহিয়া বলেছে, "দিন দশেকের ভেতরেই নিজের হাতে যুদ্ধ পরিচালনার জন্যে আমি যুদ্ধক্ষেত্রে চলে যাবো।" শ্রীমতি গান্ধীর কাছে পাঠানো মৈত্রী প্রস্তাব উপেক্ষিত হওয়ায় ক্রুদ্ধ ইয়াহিয়া বলেছে "ওই মেয়ে মানুষটা যদি মনে করে থাকে আমাকে ভয় দেখিয়ে ঘায়েল করা যাবে তাহলে সে জেনে রাখুক, আমি সে পাত্র নই"। (আমরা বরাবর লক্ষ্য করে আসছি দেশে বিদেশে যে কোন প্রসঙ্গে শ্রীমতি গান্ধীর নাম উল্লেখ করতে হলে ইয়াহিয়া তাঁকে সেই মেয়ে মানুষটি, ওই মেয়ে মানুষটি সূচক অশালীন বিশেষণেই চিহ্নিত করে। তার মত অমার্জিত লোকের মুখে হয়ত সেটাই শোভা পায়। কিন্তু তার পক্ষে এটাও ভুলে যাওয়া সম্ভব নয় যে বাংলাদেশ প্রশ্নে শ্রীমতি গান্ধী ভারতের ষাট কোটি মানুষের মুখপাত্র। তাহলে শ্রীমতি গান্ধীর নাম উল্লেখেও তেলেবেগুনে জ্বলে ওঠার কারণটি কি এই যে ভদ্রমহিলার সামনে তার মত একজন জবরদস্ত জঙ্গী জেনারেল কোন রকমেই হালে পানি পাচ্ছে না। ফলে ধিকৃত পৌরুষের গ্লানি সহ্য করতে না পেরে সাধারণ সৌজন্য এবং ভদ্রতার লেবাস ফেলে দিয়ে ইয়াহিয়া খাঁ গোটা বিশ্বের সামনে অমন প্রগলভ হয়ে উঠেছে ?

একই বক্তৃতায় প্রসঙ্গান্তরে ইয়াহিয়া উক্তিঃ ''সে (শ্রীমতি গান্ধী) যদি যুদ্ধ চায় আমি তার যুদ্ধ সাধ অবশ্যই মিটিয়ে দেবো'' অর্থাৎ পাকিস্তান ভারতের বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ ঘোষণা করতে যাচ্ছে। কিন্তু কেন? কিছুদিন আগেও ইয়াহিয়া বলেছে 'পাচগুণ বেশী শক্তিশালী ভারতের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হওয়া পাকিস্তানের পক্ষে বাতুলতা' তবু সেই বাতুল প্রয়াসে কেন জড়িয়ে পড়তে চাইছে পাকিস্তানী জঙ্গীচক্র সেটাই বিবেচ্য।

বাংলাদেশের স্বাধীনতা যে একটি স্বীকৃত সত্য সে কথা আজ বৃহৎ শক্তিবর্গসহ পৃথিবীর সকলেই এক রকম মেনে নিয়েছেন। চীনের বিশ্বাসও তা থেকে আলাদা নয় বলেই আমরা মনে করি। পশ্চিম পাকিস্তান এবং পাকিস্তানী জঙ্গী শাসকচক্রও এ কথা জানে। বিশ্বের দরবারে নানাভাবে ধর্ণা দিয়ে ব্যর্থ হয়ে তাদের সে ধারণা এখন দিবালোকের মত স্পষ্ট। তারা জানে বাংলাদেশ ছেড়ে যেতে হবে। কিন্তু পশ্চিম পাকিস্তানে তা থাকতে হবে। টিকিয়ে রাখতে হবে সেনাবাহিনী। পশ্চিম পাকিস্তানে অন্ততঃ অটুট রাখতে হবে শাসন ক্ষমতা। ফলে জঙ্গী সরকার যে নতুন পরিকল্পনা নিয়েছে গোটা পাকিস্তানে জরুরী অবস্থা ঘোষনা করার সঙ্গে সঙ্গে তার চেহারা স্পষ্ট হয়ে উঠেছে।

বাংলাদেশ প্রশ্নে পশ্চিম পাকিস্তানে রাজনৈতিক বিরুদ্ধমত সোচ্চার হয়ে উঠেছে। গত কিছুকাল থেকে এই বিরুদ্ধমত যাতে দেশব্যাপী একটা জনমত সৃষ্টি করতে না পারে তার অন্যতম প্রতিরোধ ব্যবস্থায় জঙ্গীচক্র ওয়ালী ও ভাসানী ন্যাপকে রাজনৈতিক দল হিসাবে অবৈধ ঘোষণা করে নেতৃবৃন্দকে গ্রেফতার করেছে। পশ্চিম পাকিস্তানে জনমতের কণ্ঠরোধ বর্তমান পর্যায়ে প্রথম শুরু হলো। কিন্তু অপর দিকে ইয়াহিয়া এখনও বলে চলেছে যে সে জনগণের হাতেই ক্ষমতা হস্তান্তরের প্রস্তুতি নিচ্ছে। এখন এ ভাঁওতা সে কাকে দিচ্ছে তা অবশ্য অনুমান করা শক্ত। কারণ যত দালালীই করুক ইয়াহিয়ার হাত থেকে গণপরিষদের মাধ্যমে বাংলাদেশে ক্ষমতা গ্রহণের সাহস যে কারও হবে এমন মনে হয় না। প্রমাণ হিসেবে দেখা যাচ্ছে বাংলাদেশের গণ-পরিব্যক্ত যাবতীয় দালাল নেতারা এখন পশ্চিম পাকিস্তানই ভীড় জমিয়েছে এবং তারা হয়ত লাশ না হয়ে আর বাংলাদেশে ফিরবে না।

পশ্চিম পাকিস্তানে জনমতের কণ্ঠরোধ জঙ্গচক্রের পক্ষে একটা মামুলী ব্যাপার হলেও বর্তমানে যথেষ্ট তাৎপর্যপূর্ণ। বাংলাদেশ প্রশ্নে দুটি রাজনৈতিক মতের দ্বন্দ্ব পশ্চিম পাকিস্তানে বেশ ঘোরালো হয়ে উঠেছিল। একদল এইমত পোষণ করেছিলেন যে বাংলাদেশ যখন ছেড়ে আসতেই হবে তখন আরও ক্ষতিগ্রস্ত না হয়ে মানে মানে সরে পড়া ভাল। কিন্তু ক্ষমতাসীন জঙ্গীজোটের ধারণা, তাতে মুখরক্ষা হবে না বলে সেনাবাহিনী ভেঙ্গে খান খান হয়ে যাবে। কাজেই ৬০ কোটি ভারতের বিরুদ্ধে ৫ কোটি পশ্চিম পাকিস্তানের লড়ে যাওয়াই সর্বদিক দিয়ে সমাচীন। কয়েক দিন যুদ্ধ চালিয়ে গেলে তারপর জাতিসংঘ ত' হস্তক্ষেপ করবেই। তখণ বাঙালী সকলে না মরলেও পাকিস্তানী লাঠিটা অন্ততঃ অটুট নিয়ে ফেরা যাবে। ইতিমধ্যে বেপরোয়া বোমাবাজী করে ভারতের সীমান্ত এলাকা এবং শিবিরে শরণার্থী বাঙালীদের বেশ কিছুটা ঘায়েল করা যাবে।

এই পরিকল্পনা অনুসারেই পাকিস্তানের জঙ্গীচক্র কাজ করে যাচ্ছে এবং হয়ত দু'চারদিনের ভেতরেই তারা ভারতের বিরুদ্ধে যুদ্ধই ঘোষণা করে বসবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
পাক দূতাবাসগুলিতে শয়তানের অনুচর	অভিযান ১ম বর্ষঃ ২য় সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

পাক দূতাবাসগুলিতে শয়তানের অনুচর

পাকিস্তানের সমরনায়ক জেনারেল ইয়াহিয়া তখত তাউস টলমল করে উঠেছে। তাই তার মেজাজ সবসময় চড়ে থাকে। এক বৃটিশ সংবাদদাতার মতে গত তিন মাস ধরে তিনি নাকি ভয়ংকর রকম চটে আছেন। এ সময়ের মধ্যে একবারও নাকি শান্ত অবস্থায় তাঁকে দেখা যায়নি। এই মনোবৈকল্যটা তাদের বাঙালীবিদ্বেষ হিসেবে ভারী উদ্ধত এবং অশোভনভাবে মার্চের পঁচিশ তারিখের পর থেকে প্রকাশ পেতে আরম্ভ করেছে। প্রতিটি নাজী যেমন টিহলার বলে মনে করতো নিজেকে, তেমনি ইয়াহিয়ার প্রতিটি অনুচরও নিজেকে ইয়াহিয়া বলে ভাবতে শুরু করেছে। তাদের ভাবভঙ্গী, আচার-আচরণ সবকিছুই জেনারেল ইয়াহিয়ার মতো।

নয়াদিল্লী থেকে প্রকাশিত একটি ইংরেজী সাপ্তাহিক পত্রিকা দিল্লীর পাকিস্তান হাইকমিশনের জনৈক ব্রিগেডিয়ার গোলাম হাসানের কাহিনী প্রকাশ করেছেন। এই গোলাম হাসান লোকটির নামের আগে ব্রিগেডিয়ার দেখে যে কেউ তাকে সামরিক বাহিনীর লোক মনে করতে পারে। আসলে সে হচ্ছে পাকিস্তান হাইকমিশনের এ্যাটাচি। কয়েক সপ্তাহ আগে দিল্লীর পাকিস্তানী হাইকমিশনের বাঙালী কর্মচারীরা বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করে পাকিস্তান হাইকমিশন থেকে বেরিয়ে আসার সময় হাইকমিশনের পাকিস্তানী কর্মচারীরা তাঁদের সামনে নানা বাধার সৃষ্টি করে এবং প্রলোভনে মুগ্ধ করতে চেষ্টা করে। তা সত্ত্বেও বাঙালী কর্মচারীরা খুনী ইয়াহিয়া সরকারের কাজ করবেন না বলে দূতাবাস ছেড়ে চলে আসেন। প্রকাশ, তখন এই হাসানই বাঙালী কর্মচারীদের বলেছিলো, মনে রাখবে আমি পাঠান, দরকার হলে তোমাদের গুলী করে মারবো। বাঙালী জনাব হোসেন আলীকে পাকিস্তান হাইকমিশনে গুম করে দেওয়া হয়েছে। তাঁর মুক্তির জন্য বার বার আবেদন নিবেদন করেও কোন ফল পাওয়া যায়নি। পাকিস্তান হাইকমিশন এই আবেদন নিবেদন এবং বিক্ষোভে কোনরকম কর্ণপাত করেননি বললেই চলে। পিতার মুক্তির জন্য জনাব হোসেন আলীর দুই শিশু পুত্রের প্রার্থনাও বৃথা গেছে। বস্তুতঃ বাঙালী কর্মচারী হোসেন আলী পাকিস্তান হাইকমিশনের জিন্দানখানায় বন্দী। তাঁকে মুক্ত করা এখনও সম্ভব হয়নি।

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ঘোষণার পর থেকে প্রতিটি দূতাবাসের বাঙালী কর্মচারীবৃন্দ একে একে দূতাবাস ছেড়ে চলে এসেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রদান করেছেন। জনাব হোসেন আলীর ভাগ্য এবং হাসানের পাশবিক কীর্তির কথা প্রকাশ হওয়ার পরে, কারো অনুমান করতে অসুবিধা হওয়ার কথা নয়, দূতাবাসগুলোতেও পাকিস্তান ত্রাসের রাজত্ব কায়েম করেছে। যে সকল বাঙালী বাংলাদেশের সরকারের প্রতি আনুগত্য প্রদান করতে ব্যাগ্রভাবে ইচ্ছুক তাঁদেরকে অনেক ক্ষেত্রে জোর করে আটক রাখা হয়েছে। নয়াদিল্লীর পাকিস্তানী হাইকমিশনের ঘটনাই তার প্রমাণ।

নয়াদিল্লী পাক হাইকমিশনের এই নব্য নায়ক গোলাম হাসান কেমন অমানুষ তার চাকরীজীবনের নথিপত্র ঘাঁটলেই তার বিস্তর প্রমাণ পাওয়া যাবে বলে প্রকাশ। বাঙালীবিদ্বেষই ছিল তার পদোন্নতির মুখ্য সোপান। ১৯৬৯ সালের জঙ্গীলাট আয়ুবের আমলে আগরতলা ষড়যন্ত্র মামলায় পর্দার অন্তরাল থেকে যারা কলকাঠি নেড়ে ছিল এই গোলাম হাসান তাদের একজন। আগরতলা মিথ্যা মামলার ঠেলায় আয়ুব খানকে সিংহাসন ছাড়তে হয়। কিন্তু গোলাম হাসান ইয়াহিয়ার সুনজরে পড়ে যায়।

এই গোলাম হাসান এবং তার মতো মানুয়েরা কতদূর কাপুরুষ একটি ঘটনার উল্লেখ করলেই তা পরিষ্কার হবে। গত ১৯৭০ সালের নির্বাচনে শেখ মুজিবুর রহমান যখন নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতাসহ বিজয় অর্জন করেছিলেন এবং ইয়াহিয়া ঘোষণা করেছিল, তিনিই দেশের ''ভাবী'' প্রধানমন্ত্রী, তখন গোলাম হাসান তাঁর কাছে করজোড়ে দাঁড়িয়ে বলেছিল, 'স্যার আমি একজন সরকারের নগন্য নওকর মাত্র।' পাকিস্তানের দূতাবাসগুলিতে বাঙালী কর্মচারী গোলাম হাসান শ্রেণীর লোকদের হাতে এতকাল কিভাবে লাঞ্ছিত হয়েছে তা অনুমান করাও দুঃসাধ্য।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বিশ্বাসঘাতকতার পথ এখনও পরিহার করুন	অভিযান ১ম বর্ষঃ ২য় সংখ্যা	২৫ নভেম্বর, ১৯৭১

বিশ্বাসঘাতকতার পথ এখনও পরিহার করুন
তা না হলে মৃত্যুর গ্লানিকর শাস্তিই হবে
একমাত্র অবশ্যম্ভাবী পরিণতি

বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদ গত ২৩শে নভেম্বর জাতির উদ্দেশ্যে এক বেতার ভাষণে বলেছেন, মুক্তিবাহিনীর আক্রমণ তীব্রতর পর্যায়ে উপনীত, যে কোন স্থানে যে কোন জায়গায় এমন কি শত্রুর নিরাপদ অবস্থানের ওপর মুক্তিবাহিনী আক্রমণ চালিয়ে তাকে বিমূঢ় করে দিতে পারে।

একদিকে রুণক্ষেত্রে শত্রুরা যেমন মার খাচ্ছে, অন্যদিকে বাংলাদেশের জাতীয় মুক্তি আন্দোলনের প্রতি আন্তর্জাতিক সমর্থনও ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। আজ পশ্চিম পাকিস্তানও অর্থনৈতিক বিপর্যয় ও রাজনৈতিক ভাঙনের মুখে। এ থেকে নিস্তার পাবার জন্য পাকিস্তান ভারতের সাথে যুদ্ধ বাধিয়ে বাংলাদেশের মুক্তি সংগ্রাম থেকে পৃথিবীর দৃষ্টি অন্যদিকে সরিয়ে নেবার চেষ্টা করছে বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী ঘোষণা করেন, এর দ্বারা বাংলাদেশের পাক জঙ্গীশাহী মুনিশ্চিত পরাজয় এড়াতে পারবে না অথচ তাদের ভ্রান্তি, অপরাধের মাত্রা বৃদ্ধি পাবে, পরিণামে তাদের আত্মবিনাশ সুনিশ্চিত হবে।

পাকিস্তানের বিদেশী পৃষ্ঠপোষক যারা বাংলাদেশের সংগ্রামকে ভারত পাকিস্তান সংঘর্ষে চিহ্নিত করতে উদ্যোগ নিয়েছেন তাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের জনগণের কাছে গ্রহণযোগ্য ব্যবস্থা একটি-তা হোল পূর্ণ স্বাধীনতা। সেটাই প্রমাণিত হচ্ছে বাংলাদেশের মানুষের সংকল্পে, রক্তক্ষয়ী যুদ্ধে আর স্বাধীনতা রক্ষার অপরাজেয় শক্তির মধ্য দিয়ে।

ভারতকে যথেষ্ট অর্থ সাহায্যের বিনিময়ে বাংলাদেশের শরণার্থীদের পাকাপাকিভাবে ভারতে বসবাসের ব্যবস্থা করার জন্য কোন একটি দেশের প্রস্তাব উল্লেখ করে তাজউদ্দিন বলেন, ''এর দ্বারা পবর্তপ্রমাণ অবিচার অন্যায়কে বিনা বাক্যে স্বীকার করে নেয়া হয়েছে, ভবিষ্যতে গণহত্যা ও ব্যাপক বাস্তত্যাগের পথ প্রশস্ত করা হয়েছে''। তাদেরকে হুঁশিয়ার করে তাজউদ্দীন আহমদ বলেছেন, ''শরণার্থী অস্থাবর সম্পত্তি নন যে অর্থের বিনিময়ে তাঁদেরকে হাত বদল করা যাবে।'' তিনি সুস্পষ্টভাবে ঘোষণা করেছেন, শরণার্থীরা সম্মান ও মর্যাদার সাথে জন্মগত অধিকার নিয়ে স্বদেশ ফিরে যাবেন, সেদিন প্রত্যাসন্ন। তাজউদ্দীন আহমদ প্রশ্ন করেন, উপমহাদেশে তথ্য সংগ্রহের জন্য প্রেসিডেন্ট নিক্সন একটি বিশেষ দল পাঠিয়ে কি উদ্দেশ্য সাধন করতে চান ? তার দেশের কূটনীতিক ও আইন সভার সদস্যরা অবগত নন এমন কি তথ্য জানতে চান ? ব্যাপক গণহত্যাকে যারা নিন্দা করেননি, তারা তথ্য সংগ্রাহক পাঠিয়ে কি ফল লাভ করতে চান, তিনি বুঝতে পারেন না। তিনি সুস্পষ্টভাবে ঘোষণা করেন ''তাতে আমাদের সংকল্পের ব্যত্যয় হবে না, সে সংকল্প হল দেশকে শত্রুমুক্ত করে নিজেদের অভিপ্রেত সমাজ ব্যবস্থা কায়েম করা''।

প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতা লাভের দিনটি আজ নিকটতর হয়েছে। তাই আজ শত্রু সংহারের প্রতিজ্ঞা গ্রহণের সাথে সাথে শহীদের রক্তের মর্যাদার উপযুক্ত সমাজ গঠনে আমরা অঙ্গীকারবদ্ধ।

তিনি আরও বলেন, ''আমাদের সংগ্রাম সেদিনই সার্থক হবে যেদিন আমরা বঙ্গবন্ধু প্রতিষ্ঠিত ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করতে সক্ষম হব''।

বঙ্গবন্ধু মুজিবুর রহমানকে পাকিস্তানী জঙ্গী সরকার মুক্তি না দিলে বাংলাদেশ থেকে পাক সৈন্যদের নিষ্ক্রমণের পথ রুদ্ধ করে দেয়া হবে। আর তখনই ইয়াহিয়া ক্রুর সত্যের মুখোমুখি হবে বলে তিনি মনে করেন।

পরিশেষে বাংলাদেশের বীর শহীদ ও অকুতোভয় যোদ্ধা, সংগ্রামী জনগণকে যথাক্রমে শ্রদ্ধা ও অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, মুক্তি সংগ্রামের বর্তমান পর্যায়কে চূড়ান্ত স্তরে নিয়ে চলুন।

যে সব রাজাকার, পুলিশ বা সরকার কর্মচারী বা অন্যান্য ব্যক্তি বিবেকের বিরুদ্ধে হানাদারদের কাজ করতে বাধ্য হচ্ছে তাদেরকে বিদ্রোহের সুযোগ গ্রহণ করবারও আহবান জানান প্রধানমন্ত্রী। যারা শত্রুপক্ষের সাথে স্বেচ্ছায় হাত মিলিয়েছে তাদেরকে তিনি শেষবারের মত হুঁশিয়ার করে দিয়ে বলেন, বিশ্বাসঘাতকতার পথ পরিহার করুন, তা না হলে পরিণতি একটিই, তা হল গ্লানিকর মৃত্যু।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় পাকিস্তানের কবর খোঁড়া শুরু হয়েছে	অভিযান ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১০ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

পাকিস্তানের কবর খোঁড়া শুরু হয়েছে

দশ দিনের ভেতর যুদ্ধে যাবার ওয়াদা অনুযায়ী পাকিস্তানের জঙ্গী লাট ইয়াহিয়া খাঁন তার সেনাবাহিনী নিয়ে ভারতের বিভিন্ন সীমান্ত এলাকায় ঝাঁপিয়ে পড়েছে। গত সপ্তাহে আমরা বলেছিলাম পাকিস্তান জঙ্গীচক্র ভারতের বিরুদ্ধে যুদ্ধই লাগিয়ে দিতে পারে। বাংলাদেশ হাতছাড়া হলেও পশ্চিম পাকিস্তানে শাসন ক্ষমতা সুরক্ষিত রাখার জন্যে এবং সেনাবাহিনীর কাছে মুখ রক্ষার জন্যে তারা এটাই করতে পারে বলে অনুমান করা যাচ্ছিল। কিন্তু এ ব্যাপারে আন্তর্জাতিক চক্রান্তকারীরা পাকিস্তানী জঙ্গীচক্রকে কতখানী উৎসাহিত করেছে সেটাই আগামী কয়েক দিনের ভিতরেই বুঝা যাবে। এ প্রসঙ্গে আমেরিকা ও চীনের ভূমিকার যে কোন জটিলতা নেই গত দশ দিনের ঘটনাই তা প্রমাণ করেছে। এই সময়ের ভেতরে উভয় বৃহৎ রাষ্ট্রই পাকিস্তানকে দ্রুত অস্ত্র সরবরাহের উদ্যেগ নিয়েছে। পক্ষান্তরে আমেরিকা ভারতকে অস্ত্র সরবরাহ বন্ধ ক'রে দিয়েছে।

এই অবস্থা ভারতীয় রাষ্ট্রনীতিকদের মনে, বিশেষ করে বাংলাদেশ সমস্যার পরিপ্রেক্ষিতে, কিছুমাত্র প্রতিক্রিয়ার সৃষ্টি করতে যে পারিনি সে কথা সেদিন শ্রীমতি ইন্দিরা গান্ধীর ভাষাতেই প্রকাশ পেয়েছে। তিনি বাংলাদেশ প্রশ্নে নিক্সন সরকারের অভিসন্ধিমূলক মনোভাবের কঠোর সমালোচনা করেছেন। সঙ্গে সঙ্গে এটাও বলেছেন যে ভারতকে ভ্রুকুটি দেখিয়ে কারও মতলব হাসিল করার দিন শেষ হয়েছে। ভারত তার নিজের অনুসৃত মানবিক এবং গণতান্ত্রিক নীতির পথে অটল থাকবার জন্যে কারও সহায়তার মুখাপেক্ষী নয়। সুতরাং বাংলাদেশের এক কোটি শরণার্থীকে নিবিঘ্নে পুনর্বাসনের যে নীতি ভারত প্রথমে ঘোষণা করেছে, শেষ পর্যন্ত সেই নীতিই সেই অনুসরণ করবে। এর বিরুদ্ধে যে কোন আঘাতকে সে নিজের ওপর আঘাত বলে গণ্য করবে এবং সেই বিচারেই তার জবাব দেবে। বলা বাহুল্য, পাকিস্তানী হামলার জবাব ভারতীয় সেনাবাহিনীকে পাকিস্তানী ভূখণ্ডে ঢুকেই প্রতিঘাতের আদেশ দেওয়া হয়েছে এবং সেনাবাহিনী তৎপরতার সঙ্গে সে আদেশ প্রতিপালনের জন্যে অগ্রসর হয়েছে। ফলে পাকিস্তান এতদিন ধরে যে জন্যে ক্রমাগত উসকানী দিয়ে চলেছিল সেই ভারত পাকিস্তান সংঘর্ষই দানা বেঁধে উঠেছে।

কিন্তু সংঘর্ষ যেভাবেই জটিল হয়ে উঠুক, তার ফলে বাংলাদেশ প্রশ্ন যে চাপা পড়ে যাবে না- যেতে পারে না, শ্রীমতি গান্ধী সে কথা দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেছেন। এদিকে বাংলাদেশের স্থির প্রতিজ্ঞ মুক্তি-সংগ্রামীরা বাংলাদেশের সীমান্তবর্তী প্রত্যেকটি রণক্ষেত্রে দখলদার পাকিস্তানী বাহিনীকে বিপর্যস্ত করে তুলছে। বড় বড় কয়েকটি শহরকেন্দ্রীক সেনানিবাসে একরকম অবরুদ্ধভাবে গোলাবাজী করা ছাড়া তাদের ব্যাপক গতিবিধির ব্যবস্থা নাই বললেই চলে। অবরুদ্ধ সৈন্যদের জন্য নতুন সাহায্য আমদানী সম্ভাবনাও তাদের বন্ধ। এ অবস্থায় বাংলাদেশ দখলদার পাকিস্তানী দস্যুদের সমূলে ধ্বংস হবার বিলম্ব নেই।

অন্যদিকে পশ্চিম পাকিস্তান সীমান্ত বরাবর ভারতীয় এলাকায় বিমান হামলা চালাবার ফলে ভারতীয় সেনাবাহিনী পাকিস্তানের জমিতে ঢুকেই পাকিস্তানী সামরিক যন্ত্র ধ্বংস হুকুম পেয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে, কিছুদিন আগে ভারতীয় প্রতিরক্ষমন্ত্রী বলেছিলেন, এবার যুদ্ধ বাঁধলে পাকিস্তানের যে অংশ

ভারতের দখলে আসবে ভারত তা ছেড়ে দেবে না। আর কোনো 'তাসখন্দ' চুক্তি করা হবে না। এ থেকে অনুমান করা চলে দু'দিকে কঠোর বিপর্যয়ের মুখে পাকিস্তানের অস্তিত্বই ধ্বংসের মুখোমুখি হয়েছে।

এই অবস্থায় আন্তর্জাতিক চক্রান্তকারী পাকিস্তানের বন্ধুরা তাকে কি সাহায্য দিতে পারবেন ? ভারতকে ধমক দিয়ে যে নীতিবিচ্যুত করা চলবে না সেকথা ত প্রধানমন্ত্রী শ্রীমতি গান্ধী বলে দিয়েছেন। তা হলে পাকিস্তানের অস্তিত্ব রক্ষার জন্য আপাততঃ যে ব্যবস্থা করার পথ এখনও একেবারে রুদ্ধ হয়নি বলে আমাদের বিশ্বাস, তাহলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অবিলম্বে মুক্তি দেয়া এবং বাংলাদেশ থেকে মানে মানে পাততাড়ি গুটাবার জন্যে স্বাধীন বাংলাদেশ সরকারের সহযোগিতা ভিক্ষা করা। আমাদের মনে হয় পাকিস্তানী জঙ্গীচক্রের সুহৃদরা সেই ব্যবস্থাই করছেন। অন্ততঃ সেটা করলে তাঁরা বিবেচকের কাজই করবেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশের স্বাধীনতা সাড়ে সাত কোটি বাঙালীর ঐতিহাসিক পুরস্কার	অভিযান ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৭ ডিসেম্বর, ১৯৭১

বাংলাদেশের স্বাধীনতা সাড়ে সাত কোটি বাঙালীর দেশপ্রেমে উদ্দীপ্ত দুর্জয় পৌরুষের ঐতিহাসিক পুরস্কার

এক নদী রক্ত, অশ্রু এবং হাহাকারের অতলান্তে কবরে পাকিস্তানী হানাদার জঙ্গী দস্যুদের সর্বশক্তি চিরকালের মত সমাধিস্থ হয়েছে। গতকাল বিকাল পাঁচটা এক মিনিটে শত্রুকবল মুক্ত হয়েছে বাংলাদেশের সমস্ত অঞ্চল। ঢাকা শহরের আনন্দবিহবল হাজার হাজার নাগরিকের কণ্ঠে ধ্বনিত হয়েছে ''জয় বাংলা'' ''বঙ্গবন্ধু জিন্দবাদ'' ''ইন্দিরা গান্ধী জিন্দাবাদ'' ''বাংলাদেশ-ভারত মৈত্রী জিন্দাবাদ''। এই বিশাল জনতার সামনে রেসকোর্স ময়দানে মুক্তিবাহিনী এবং ভারতীয় মিত্রবাহিনীর কাছে নতশীরে সসৈন্যে আত্মসমর্পণ করেছে দখলদার পাকিস্তানী বাহিনীর অধিনায়ক বর্তমান লেঃ জেনারেল নিয়াজী। সঙ্গে সঙ্গে রাজধানী ঢাকা শহরে চালু হয়েছে স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রাষ্ট্রের প্রশাসন।

তোমার আসন শূন্য আজি হে বীর পূর্ণ করো

রাজধানী ঢাকা শহরে আজ স্বাধীন বাংলাদেশের পতাকা যখন আপন গৌরবে উড্ডীন, তখন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনুপস্থিতি সাড়ে সাত কোটি বাঙালীর হৃদয়কে বিষাদে ভারাক্রান্ত করে তুলেছে।

যে মানুষটি মুখের একটি কথায় তেঁতুলিয়া থেকে টেকনাফ পর্যন্ত পদ্মার উচ্ছাসের মত কেঁপে কেঁপে উঠতো, তিনি আজ বাংলার সবুজ, নরম, মায়ের মতো স্নিগ্ধ মাটি থেকে হাজার মাইল দূরে, রুক্ষ, উষর বান্ধবহীন নির্জন নিঃসঙ্গ পরিবেশে বর্বর পাকিস্তানী ফ্যাসিষ্ট চক্রের কারাগারে বন্দী। তাই স্বাধীনতার কোন উৎসবই আজ আনন্দমুখর হয়ে উঠবে না যতক্ষণ বঙ্গবন্ধুকে আমাদের ভেতর ফিরে না পাবো।

*　　*　　*

''বাংলাদেশের মুক্তি আন্দোলনে এটাই প্রমাণ হ'ল বেয়নেট দিয়ে গণতন্ত্র ও স্বাধীনতাকে দাবিয়ে রাখা যায় না। আজকের দিনে আমাদের মন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্যে উদগ্রীব। আমি আশা করব ইয়াহিয়া খান পরাজয় মেনে নিয়ে বঙ্গবন্ধুকে মুক্ত করে দেবেন।''

-সৈয়দ নজরুল ইসলাম

''ভারত আমাদের মিত্র হিসাবে আমাদের অনুরোধে সেনাবাহিনী পাঠিয়েছিল বাংলাদেশ মুক্ত করার জন্যে-দখল করবার জন্যে নয়।''

-তাজউদ্দীন আহমেদ

''সশস্ত্র মুক্তি সংগ্রামের অন্তে গততন্ত্র, ধর্মনিরপেক্ষতা সমাজতন্ত্রের আদর্শে বলীয়ান হয়ে বিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনের জন্য এক নবসংগ্রাম চালিয়ে যেতে হবে। নতুন সমাজ ব্যবস্থা, নতুন মূল্যবোধ গড়ে তোলার জন্যে দেশবাসীকে আত্মনিয়োগ করতে হবে। রচনা করতে হবে পরম্পরাগত ব্যক্তিস্বাতন্ত্র এবং অসৎ বৃত্তিকেন্দ্রিক উচ্চাভিলাষের সমাধি।

স্বাধীনতা কেবল নিশান বদলানো নয়। রক্তের বিনিময়ে যে স্বাধীনতা অর্জন করেছি তা সম্পূর্ণ ভিন্ন ও এর পুনর্মূল্যায়ন করতে হবে। আমাদেরকে ব্যক্তিগতভাবে এবং সমবেতভাবে সামাজিক ও রাজনৈতিক জীবনে এক প্রতিফলন ঘটাতে হবে।

জাতির জনক বঙ্গবন্ধুর নির্দেশিত নিরপেক্ষতা ও শান্তিপূর্ণ সহাবস্থানের ভিত্তিতেই বাংলাদেশের পররাষ্ট্রনীতি নির্ধারিত হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ঘাতক ইয়াহিয়ার কারাগার থেকে মুক্ত করার জন্য বৃহৎ শক্তিগুলোকে চাপ সৃষ্টি করতে অনুরোধ জানাচ্ছি। ভারত সরকার ও ভারতীয় জনগণের কাছে আমরা কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ধন্যবাদ জানাচ্ছি স্বাধীন রাষ্ট্র ভুটানকে''।

-খোন্দকার মোশতাক

''মুক্তিবাহিনীর বীর তরুণ এবং ভারতীয় মিত্র বাহিনীর জওয়ানদের বীরত্বে আমরা অভিভূত।

শ্রীমতি ইন্দিরা গান্ধীর নেতৃত্বে ভারত সরকার এবং ভারতীয় জনগণ আমাদের পাশে দাঁড়িয়ে আমাদের কৃতজ্ঞতা অর্জন করেছেন। আমরা সোভিয়েট রাশিয়া, পোল্যাণ্ড এবং অন্যান্য সমাজতান্ত্রিক রাষ্ট্রের কাছেও কৃতজ্ঞ।''

-কামরুজ্জামান

''বিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনের কাজে সমাজতান্ত্রিক অর্থনীতি গড়ে তুলতেই আমরা আত্মনিয়োগ কবর।''

-মনসুর আলী

''ঢাকা এখন একটি স্বাধীন দেশের রাজধানী। বিজয়ের এই মুহূর্তে বাংলাদেশের জনগণকে আমরা অভিনন্দন জানাই। জয়ধ্বনি দিই মুক্তিবাহিনীর তরুণ বীরদের শৌর্য ও নিবেদিত চিত্ততার জন্যে।

বাংলাদেশের জনগণ এবং মুক্তিবাহিনীকে সহায়তা করা; সন্ত্রাসের রাজত্ব থেকে তাঁদের দেশকে রক্ষা করাই ছিল ভারতের উদ্দেশ্য। প্রয়োজনের বেশী সময় আমাদের বাহিনী বাংলাদেশে থাকবে না।

আমরা আশা করি এবং প্রার্থনা করি, নতুন জাতির পিতা শেখ মুজিবুর রহমান জনগণের মধ্যে তাঁর যথাযোগ্য অভিনন্দন গ্রহণ করবেন এবং শান্তি, প্রগতি ও সমৃদ্ধির পথে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবেন।

আমরা বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানাই, সোনার বাংলায় তাদের জন্যে যেন সমৃদ্ধ ভবিষ্যৎ গড়ে ওঠে।

এ-জয় তাঁদের একার নয়, যে সব জাতি মানবতার মূল্য দেয় তাদের সকলের জন্যে এ-জয় অশেষ তাৎপর্যপূর্ণ।''

-শ্রীমতি ইন্দিরা গান্ধী

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় অনিবার্য ঐতিহাসিক পরিণতি	অভিযান ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৭ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

অনিবার্য ঐতিহাসিক পরিণতি

ইয়াহিয়া হিটলারী কায়দায় যুদ্ধের আগে যথেষ্ট হুমকি এবং হম্বিতম্বি করেছিল। মার্কিন যুক্তরাষ্ট্র ও চীন দুই মহাপ্রভুর কাছ থেকে অবারিত অস্ত্র পাবার ফলে অপ্রত্যাশিতভাবে সত্যিসত্যিই এক হঠকারী সিদ্ধান্ত নিয়ে ভারত আক্রমণ করে বসল। কিন্তু অস্ত্র দিয়েই শুধু যুদ্ধ হয় না, আসল শক্তি আসে যোদ্ধাদের ন্যায়বোধ, দেশাত্মবোধ সর্বোপরি জনসাধারণের সমর্থনের মধ্য দিয়ে। পাকিস্তান এগুলোর কোনটিই পায়নি, তাছাড়া সামরিক বাহিনী একবার রাজনীতির আসরে নেমে পড়লে যুদ্ধ করার তেজস্বীতা ক্রমেই স্তিমিত হয়ে ক্ষমতার দিকে ঝুঁকে পড়ে। গত এক যুগ ধরে শাসন ক্ষমতার থেকে পাকিস্তান সেনাবাহিনী ঘাতক অত্যাচারীই কেবল হয়ে উঠেছে।

এদিক থেকে আদর্শবাদী গণতান্ত্রিক ভারতের সেনাবাহিনী অনেক বেশী শক্তিশালী। সে কারণেই যুদ্ধে পশ্চিম পাকিস্তানেও পাক সৈন্যদের পরাজয় বরণ করতে হচ্ছে।

বাংলাদেশে গত ৮ মাস ধরে মুক্তিযোদ্ধাদের হাতে প্রচণ্ডভাবে মার খেয়ে জনগণের কাছ থেকে বৈরী আচরণ পেয়ে পাক সেনারা বিপর্যস্ত, অবসন্ন এবং ক্লান্ত। দীর্ঘ আট মাসের যুদ্ধে তারা মুক্তি যোদ্ধাদের দমন করতে পারেনি বরং দিনে দিনে তা বেড়ে উঠেছে। যতদিন যাচ্ছিল পরাজয় আসন্ন হয়ে আসছিল। এ নিশ্চিত পরাজয়ের প্রতি সুদূরপ্রসারী দৃষ্টি পাক জোয়ানদের না থাকলেও উর্ধ্বতন সামরিক অফিসারদের অনেকে তা অনুমান করতে পেরেছিল।

জুন মাসের শেষের দিকে বিদেশী এক সাংবাদিকের সাথে আলোচনা প্রসঙ্গে বাংলাদেশে উপ-পাক সামরিক অধিকর্তা স্বীকার করেছিল- We are fighting a lost battle' এ বক্তব্য শুধুমাত্র একটি জেনারেলের বক্তব্য নয়, হাজার মাইল দূর থেকে বিদেশে নিশ্চিত মৃত্যুর মুখে প্রতিটি পাক জোয়ান ও অফিসারদেরই আকুতি।

নৃশংসতম আচরণ করে, লোভ দেখিয়ে পাক বাহিনী জনগণকে তাদের দৃঢ়তা থেকে বিচ্যুত করতে পারেনি। ফলে তারা বাংলাদেশের আশা গোড়া থেকে ছেড়ে দিতেই শুরু করে।

গত পনের দিন বাংলাদেশের মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্র বাহিনীর যুক্ত আক্রমণের মুখে পাকসৈন্যরা কোন বাধা না দিয়ে কেবল পশ্চাদপসরণ করে চলে। রুখে দাঁড়ালে এত কম সময়ে আমাদের এ বিরাট বিজয় সম্ভব হতো না। কিন্তু আট মাস যুদ্ধে লিপ্ত ভাড়াটিয়া সৈন্যদের এ শক্তির মোকাবিলা করা অসম্ভব।

তাছাড়া পাক সেনারা নিজেরাই দেখতে পাচ্ছে জনগণের জন্য তারা যুদ্ধ করেছে না। তারা যুদ্ধ করছে গুটি কয়েক সামরিক জেনারেলের জন্য। জনগণ কর্তৃক ঘৃণিত হচ্ছে, ফলে যুদ্ধ করার অনুপ্রেরণা, মনোবল কোনটাই তারা পাচ্ছে না। কাজেই তারা পশ্চাদপসরণ করে বাঁচার পথ নেয়াটাই সমীচিন মনে করেছে।

বড় বড় প্রভুরা ভয় দেখিয়ে কূটনৈতিক তৎপরতা চালিয়ে রাষ্ট্রসংঘের হস্তক্ষেপ ঘটিয়ে পাকিস্তানকে এ থেকে মুক্ত করবে এ সম্ভাবনাও এখণ সুদূরপরাহত।

কেননা ন্যায়বোধ ও আত্মবিশ্বাসে অটুট ভারত বাংলাদেশ দুটি বৃহৎ রাষ্ট্রের হুমকিতে ভীত নন। কারণ তারা জানেন বৃহৎ শক্তি সোভিয়েট রাশিয়া ও বিশ্বের মুক্তিকামী জনতা তাদের পাশেই আছেন।

The Indian aims in encouraging a massive movement of people were partly to disrupt the economy of East Pakistan, and partly to discredit the Government of Pakistan by showing that large numbers of people were unwilling to live under the conditions prevailing in the province. Even as India brought about the formation of secessionist regime in exile, it appeared to be in. her interest to magnify the extent of human displacement to attract both international attention and sympathy.

Pakistan's Attitude

The Pakistan authorities were initially preoccupied with the restoration of law and order, and the rehabilitation of the administrative machinery that had been paralyzed by the armed rebellion. Only after re-establishing their authority throughout the province where they able to initiate measures to attract the citizens who had left, back to their homes. Among these measures were appeals to the citizens to return, along with an amnesty to restore a feeling of confidence among them.

On 21 May 1971, the President of Pakistan made a fervent appeal urging the bona fide Pakistani Citizens, who had left due to disturbed conditions in East Pakistan, to come back home. In a statement broadcast by all stations of Radio Pakistan, and also carried by a number of foreign news media, the President said that law and order had been restored in East Pakistan, and life was fast returning to normal. He urged the people not to be misled by the false propaganda mounted by anti-state elements, and to return to carry on their normal functions. He gave a categorical assurance that "there is no question of withholding permission to the return of law-abiding citizens of Pakistan to their respective homes".

It was unfortunate that the Government of India had gone on circulating a highly exaggerated and distorted account of the events which led to these border crossings. The number of persons who crossed into India from East Pakistan had been inflated by adding to these the figures of the unemployed and the homeless of West Bengal where, in Calcutta alone, the number of those who live and sleep on the pavements exceeds two million. It was obvious that India was deliberately playing up the question of refugees not only to threaten Pakistan, but also to justify her own continuing interference in Pakistan's internal affairs. "It is most regrettable", as the Pakistan President put it, "that instead of treating the question of genuine refugees on humanitarian basis, a callous campaign has been launched by India to exploit this issue for political purposes".

The President reiterated this at his press conference in Karachi three days later, on 24 May 1971 and assured the displaced persons that necessary assistance would be provided to them for their return and resettlement.

On 29 May 1971, an official spokesman reiterated the Pakistan President's offer and said that all genuine Pakistanis, who were forced to leave Pakistan under threat or duress, or were forcibly driven away from their homes by rebels and miscreants were completely free to re-enter Pakistan, subject of course to routine checks simple to ensure their Pakistani nationality.

Reception Centers Set Up in East Pakistan

Simultaneously with these announcements, Reception Centres for the returning Pakistani citizens were set up at a number of places on important routes from India into Pakistan, with full arrangements for the reception relief and return of the people to their homes.

Initially, these Centers were established at Satkhira in Khulna, Benapole in Jessore, Chudanga and Meherpur in Kushtia, Godagari, Rohanpur and Dhamoirhat in Rajshahi, Khanpur, Thakurpur and Kaliganj in Rangpur, Nalitabari and Durgapur in Mymensingh, Jaintiapur, Kulaura and Chunarughat in Sylhet, Akhaura and Bibirbazar in Comilla, Feni in Noakhali, and Teknaf in Chittagong. Additional centers were set up later on to suit the convenience of returning Pakistanis.

Deserters Allowed to Join Their Families

On 4 June 1971, in an official announcement made from Dacca, Pakistan held out an assurance that the deserters from the armed forces and police could join their families if they surrendered voluntarily. The announcement explained that a number of serving personnel, including some from East Bengal Regiment. East Pakistan Relief and the Police were misguided by the extremists and disloyal leaders and made to desert from the units, border outposts and thanas for participation in anti-state activities during the disturbances in March-April 1971

The majority of such persons, as borne out by their service records, were loyal and patriotic but the circumstances created by a few ambitious, greedy and self-seeking elements had forced them to take a wrong path, and they were separated from their

families. Understanding the circumstances under which such elements were made to deviate, an opportunity is provided to them voluntarily to surrender to the nearest military authorities or police stations with or without their weapons, they can rest assured that for such voluntary surrender, their cases will be considered compassionately. They should remember that this would help them to join their families in their homes and to live as free citizens of the State", the announcement added.

Pakistani Citizens Start Returning to their Homes

These positive pronouncements and actions had a salutary effect and Pakistan nationals started returning to their homes in large numbers. On 6 June 1971, about 1,000 East Pakistanis crossed over into Pakistan territory near Meherpur in the Kushtia district and immediate arrangements were taken in hand for their speedy rehabilitation. On 8 June 1971, another 70 families returned to their homes in East Pakistan in the Phulbari area of Dinajpur district. On 9 June 1971, about 4,000 persons arrived in Dinajpur, followed by 150 at the Godagari Reception Centre in Nawabganj sub-division of Rajshahi, and 200 at Meherpur and Chuadanga sub-divisions of Kushtia district. On 10 June 1971, the Pakistan Observer, Dacca, reported that "more people have started trickling into western districts of East Pakistan from across the border. One hundred and fifty persons reported at Rajshahi, 500 at Dinajpur, and 120 at Satkhira".

With experience gained from the physical requirements as well as psychological needs of those returning after such traumatic events, the arrangements and facilities at the Reception. Centers were reviewed and suitably altered and improved. It was decided that each Reception Centre should provide covered accommodation for approximately two to three thousand people, catering for a daily inflow of between 500 and 1000 people with adequate arrangements to provide food, accommodation and medical cover to those returning. They were also to be provided transport to take them to their houses. Receiving time at the border was from 8,00 a.m. to 4,00 p.m. daily, and all bonafide Pakistanis were advised to take recognized routes while re-entering Pakistan, so as to avoid unnecessary hardship.

General Amnesty Announced

On 10 June 1971, the Governor of East Pakistan, General Tikka Khan announced general amnesty to all people who had gone away from their home under the influence of false and malicious propaganda and urged them to return to their homes.

The amnesty covered all classes of people, such as students, labors, businessmen, industrialists, civil servants, armed forces and other law enforcing agencies (EBR, EPR, police, Mujahids and Ansars etc). as well as political workers and leaders who were all welcome to join their families and resume their normal vocations in life. "It is appreciated", the general amnesty announcement said, "that they are, without necessity, undergoing the risk of malnutrition and disease. They should return and come forward to participate in national reconstruction as equal partners with their countrymen"

2000 Services Personnel Surrender

The offer by the Pakistan Government to the deserters of East Bengal Regiment and East Pakistan Rifles to surrender themselves with or without their weapons, met with good response and about 2000 personnel of different categories surrendered themselves in various parts of East Pakistan. These included 26 officers. 29 Junior Commissioned Officers and over 1800 other ranks.

By the middle of June 1971, all the Reception Centers were effectively operating in East Pakistan for the returning Pakistani citizens. Apart from about 10,000 returning Pakistani citizens who had reported at these Reception Centers. Another 400-5000 had come through unrecognized routes, as by now India had started initiating measures to prevent the return of these Pakistani citizens back to their country.

UN High Commissioner Visits Reception Centers

On 9 June 1971, the United Nations High Commissioner for Refugees, Prince Sadruddin Aga Khan arrived in Dacca. He visited a number of Reception Centers in East Pakistan and saw for himself the arrangements made for the returning Pakistani citizens. He also talked to the inmates of some of these Centers.

On 14 June 1971, in a statement issued simultaneously from Geneva and Islamabad, it was announced that the UN High Commissioner for . Refugees "Ns-as assured of the full cooperation of the Government of Pakistan and visited some Reception Centers which the Provincial Government in Dacca had set up following the statement issued by the President of Pakistan on May 21 urging the persons who had left East Pal:ist3n to return to their homes".

The statement also announced that the UN High Commissioner for Refugees would provide assistance to Pakistan in arranging the return and rehabilitation of displaced persons returning to East Pakistan. The Government of Pakistan agreed that a representative of the UN High Commissioner for Refugees said that he should be stationed in Dacca to maintain contact with the local authorities in East Pakistan.

On 20 June 1971, the United Nations High Commissioner for Refugees said that he would visit Pakistan again in due course to see the rehabilitation work of displaced persons in East Pakistan. In a press interview before leaving Pakistan for Geneva, he said. that he would shortly appoint a representative for the rehabilitation of the displaced persons in East Pakistan after consultation with the Pakistan Government. He also said that the displaced persons have to decide themselves whether they want to go back to East Pakistan or not, and remarked: "I think that all the displaced persons want to return to their homes in the East Wing".

The approval of the Government of Pakistan to the appointment of Mr. John Kelly. formerly Representative of the UN High Commissioner for Refugees in London, as the UNHCR Representative in East Pakistan was announced subsequently, on 14 June 1971.

Following these arrangements a member of countries have started providing bilateral assistance in cash and kind to Pakistan for the relief of the displaced persons in East –

Pakistan. In addition to aid from the United Nations this assistance is in response to the appeal made by the UN Secretary General U Thant, for the displaced persons in East Pakistan. The office of the UN High Commissioner for Refugees has been designated by the Secretary General to work as the focal point for coordination of assistance from the organizations of the UN family.

Routine Checks to Establish DP's Nationality

Meanwhile Pakistan Government started working out a proposal seeking India's cooperation to facilitate the return and rehabilitation of displaced persons in East Pakistan. The proposal envisaged a request to India to give facilities to Pakistani social workers to visit camps also the East Pakistan-West Bengal border to collect data regarding the number and particulars of persons wishing to return home, and prepare the ground for their rehabilitation. They would also be able to check upon mounting reports that India is forcibly preventing the return of Pakistani citizens to their homes. 'Their very presence in the camps, it was hoped, will reassure returning citizens.

The BBC. in a commentary broadcast on 18 June 1971 referred to this Pakistani proposal for settling the refugee problem by joint Indo Pakistan action" and said "At the beginning of June (1971), the Pakistan Government confirmed President Yahya's assurance that all genuine Pakistanis will be welcome home. It added that routine checks to establish nationality would be required. The latest plan goes further. Under it, Pakistan aid officials would enter refugee camps in India. They would collect data of those who want to return, draw up lists of bonafide citizens and prepare the ground at receiving centres in Pakistan in order to speedy rehabilitation. Such a plan, if offered, could embarrass the Indians seriously. It implies that many of the refugees may not be allowed to return. It will be difficult for India to accept such a proposal, since it would not seem to guarantee absolutely the position of the refugees once they return. But it is a plan which many countries might endorse". In view of India's prevailing attitude this proposal could not be pursued further.

Indian Brutalities Cited

The returning Pakistani citizens had their own stories of Indian brutalities to tell. At one of the Reception Centers in Jikargacha, near Jessore, over a dozen Pakistani nationals were interviewed by a correspondent of APP on 16 June 1971 and they corroborated what was already being reported in the foreign press on the basis of information trickling out of the refugee camps on the Indian side of the border. They narrated the tales of atrocities. intimidation coercion, looting, molestation and beating by volunteers and local inmates of the camps whenever anyone attempted to leave the camp to return to Pakistan.

Some of those returning victims of hoodlums, showed fresh marks of injuries persons while talking to the newsmen, and testified that around the-clock vigil was being kept on Pakistani nationals in `refugee camps' in India to prevent them from returning to Pakistan.

Earlier, according to reports reaching Dacca on 6 June 1971, an Indian army patrol had apprehended 16 Pakistan nationals from the area opposite Comilla and seized all their belongings. The Pakistan nationals were returning to their homes in East Pakistan.

On 10 June 1971, the Indian authorities were reported to have arrested the Sub Divisional Food Controller of Dinajpur, Choudhury Motiur Rahman, and prevented him, from returning to East Pakistan Mr. Rahman had crossed the border during the recent disturbances, and wanted to return to his homeland along with a number of his countrymen. But Indian authorities did not allow them to do so.

On 14 June 1971, some of those returning reported that the Indians were torturing a number of East Pakistani officials, including Dr Farooq. Director of the Swedish Institute at Kaptai, East Pakistan who was misled by Indian propaganda into crossing over to India and was arrested by the Indian police.

On 15 June 1971 the Dacca correspondent of APP reported,: "I watched for two hours at the reception centre in Meherpur the caravans of disillusioned men, women and children trekking through the meandering routes amidst paddy fields. The returnees wore a look which spoke for itself 'of how the Pakistani nationals, particularly Muslims were treated in the Indian camps for whom the India Government have by now amassed nearly twenty crore (200 million) rupees from the world community in the name of humanity by exploiting to the maximum her propaganda machinery.

"Maltreatment, Torture. Molestation"

"Scores of returnees interviewed by me narrated woeful tales of maltreatment, torture, and molestation suffered at the hands of 'volunteers' and Hindus, mostly from the border areas of India sheltered in the so-called `refugee camp'. Mir Ayezuddin, a middleaged resident of Meherpur Town, said that he had gone to India with 10 members of his family. He was influenced by false and mischievous propaganda. 'But to my utter dismay', he said with tears in his eyes 'those camps are a hell for the Pakistani Muslims',

Another returnee was Zillur Rahman of the same area, (Meherpur), who said the Betai Camp in Tehatta police station was abode for two months. He was very sore about the fact that whatever money and belongings he could carry to India were looted by the local and the 'volunteers'. He said that he and his family members were on starvation. He said that no clothes were given to them, "nor were they provided medical care".

A 26 year old school teacher of village Sranpur under Monirunpur police Station in Jessore District, Mr. A. Rahim, said in an interview on 16 June 1971, that his two months stay in Mama Bhanc camp unfolded to him how India had been bluffing the world, giving highly exaggerated figures of Pakistani displaced persons and the economic burden caused to her. He said that during his meetings with the camp inmates he found at least 50 percent Indian national from the slum area of Calcutta and the unemployed population from the border areas.

Mr. Ram Boiragee, a Hindu young man of village Solok, under Uzirpur Police Station in Barisal district, also confirmed these stories. He said that he had to leave Jessore town, where he was staying in sheer panic. He was taken to Bangaon camp in India where several hundred persons were huddled together in the worst sanitary conditions-Cholera broke out soon and a number of people fell a prey to the deadly

disease. He was living almost half starved, and he decided to return home. While he was leaving the camp, his personal assets, which he had carried with him, were snatched away by one of the volunteers and a dirty dhuti 'which' he was wearing was all that he could carry back with him.

Meanwhile, foreign press correspondents quoting Indian sources, reported that the exodus of refugees from East Pakistan had stopped. On 14 June 1971, the correspondent of the London Times said: "A senior (Indian)' officer, who extensively toured areas of the southern regions of West Bengal, told me today (13 June 1971) that the exodus had ended in this section almost as suddenly as it had begun." He added: "Officials from border towns to the north also claim that the exodus has decreased dramatically".

As the inflow of Pakistani citizens from across the border increased in response to general amnesty and the return-home call by Pakistan, the Government of Pakistan initially sanctioned a cash grant of Rs. 3.9 million as gratuitous relief, and Rs. 1.1 million as house-building grant to the persons affected by the disturbances in East Pakistan. Besides. 80.000 mounds of wheat were distributed free among these people. More substantial grants have since been made as the tempo the movement back home has picked up.

President Reassures All, In Particular Minorities

On 18 June 1971, the President of Pakistan, in a statement released in Rawalpindi, referred to the fact that on 21 May, 1971, he had issued a personal message to all Pakistani nationals who had, due to various reasons gone to India, to return to their homes in East Pakistan and resume their normal activities. "It is gratifying to note" he said, "that despite hindrances put by the interested parties, many Pakistanis have returned and arc now on the way to their respective homes. I am certain that many more will follow them. As I said before, there is no question of with holding permission to the return of our own citizens. In fact, East Pakistan Government had made adequate arrangements to receive them and to extend full assistance in their rehabilitation".

The President specially mentioned the minority community and said: "My appeal was addressed to all Pakistan nationals irrespective of caste, creed, or religion. Members of minority community should have no hesitation in returning to their homes in East Pakistan. They are equal citizens of Pakistan and there is no question of any discriminatory treatment. I urge them not to be misled by mischievous propaganda being conducted outside Pakistan".

Apart from cooperating fully with the United Nations, the Government of Pakistan took additional steps to demonstrate the importance attached by them to this problem.

On 14 July, 1971, the President of Pakistan appointed a distinguished East Pakistani, Dr. A.M.Malik, as his Special Assistant for displaced persons and relief and rehabilitation operations in East Pakistan. In his capacity as Special Assistant. Dr. Malik has the status of a Cabinet Minister, and would report directly to the President on the progress and implementation of relief operations.

Indian Subterfuge

Unfortunately, however, India's attitude, unhelpful at the best of times, was not only grievously antagonistic to Pakistan but also downright hypocritical on the strictly humanitarian question concerning the return of Pakistan citizens.

For one thing, Indians gave out fantastic figures of the displaced persons from East Pakistan. They took advantage of the presence of foreign correspondents and diplomats, who were taken to some of these camps for "sample" check, and the word was made to believe that one group saw at one place could be automatically multiplied by factors on up to one thousand to arrive at what India gave out as the actual figure of such displaced persons! There has so far been no actual census of these DP's under international auspices, and in the absence of such a census. India's unilateral figures are to say the least arbitrary. A good example of this was provided when three British MP's admitted at a Press Conference at the London airport on 5 July 1971 that they had prejudged the situation and their opinions were based on talks they had with the 'refugees' in West Bengal through Indian Government interpreters.

Secondly, the Indian authorities while making a great deal of noise about the displaced persons from East Pakistan. left no one in doubt about their real intention not to let the DP's return to their homes in Pakistan. As early as 3 June 1971, India's Defense Minister Jagjivan Ram said in a speech in Asansole: "We will not send these evacuees to Yahya Khan's Pakistan but will only allo-w them to return to Sheikh Mujibur Rahman's Bangladesh". This Indian design was given further credence when the Indian Prime Minister herself said at Handwara, near Srinagar, on 20 June 1971 that her Government wanted "not to allow them to become victims of the Pakistan Army". "We shall not push them out to be mowed down", she said, which war sheer political euphemism, meaning that she would not let the Pakistanis return to their homes"

Thirdly, India started shifting more and more of East Pakistani DP's into the interior as far away as Madhya Pradesh. Observers note that since more foreign correspondents and diplomats were visiting these refugee camps, India was finding it difficult to show the refugees in such fantastic figures as claimed by Indian propagandists. That is why the refugees were being taken away to different states on the pretext of better accommodation. In the process, bonafide Pakistani citizens were removed from the border areas to faraway places, thus making their return almost impossible. No wonder that, as reported by Reuter News Agency from New Delhi on 10 June 1971, "the West Bengal Health Minister said the State Government was taking a serious view of the fact that some of the refugees were unwilling to move from the borders and some were jumping off the trains along the route after boarding them."

Inflow of DP's Hindered

Finally, on the ground, India is making it more and more difficult for Pakistanis to return. According to reports received in Dacca from the border areas, all sorts of hindrances are being put to stop the displaced Pakistanis from returning to their homes in East Pakistan. A Dinajpur report on 22 June said that 250 displaced Pakistanis who had

attempted to cross the Pakistan border in the afternoon of 17 June 1971, were stopped by Indian BSF and taken back to an Indian camp in Hili. An Advocate from Comilla, who returned from Agartala, revealed in a statement to the press on 22 June 1971, that East Pakistani refugees in India were being screened and those who wanted to return were stopped from doing so and even threatened to be killed.

In an interview at Dacca on 14 July 1971, a visiting Member of Australian Parliament, Mr. Leonard Stanley Reid, said that he had seen the situation on the border from both sides and the responsibility lies with India to remove tension which is preventing the return of the Pakistani national who had gone across the border to India. Mr. Reid added that he had visited a number of Reception Centers set up by the East

Pakistan Government and he found that adequate facilities for accommodation and medical care were being made available to the returning people and every effort was being made for their quick rehabilitation.

Home-Coming Progressing Steadily

Despite hindrances put by various interested parties across the border, displaced Pakistanis-both Muslims and Hindus-are returning to East Pakistan in increasing numbers through recognized and unrecognized routes. But many of them are preferring unrecognized routes and travel during night to avoid obstruction by the Indians and their agents. This explains the discrepancy in the number of people actually registered at the Reception Centers, and those announced in Government statements as having returned to East Pakistan.

In the last week of June 1971, 1650 more displaced Pakistanis returned to their homes from across the border. Of these persons 100 re-entered Sylhet district through Katalamora BOP, 360 arrived in Dinajpur district and the rest reported at different Reception Centres. Among those who crossed over into Satkhira there were as many as 238 members of the minority community. In Rangpur, 80 per cent of the displaced Pakistanis from the district have already returned to their homes.

In other sectors too, the return of DP's continued. 700 such returnees crossed over into Chuadanga sub-division of Kushtia district. 900 more displaced persons returned, including 670 at Khanpur, Thakurgaon and Panchgar in Dinajpur district, 175 at Jhikargacha, and the rest at Satkhira and Chagachi. Among the displaced Pakistanis who reported at these Centers there were a substantial number of men, women and children of the minority community.

Indian Motives in Obstructing Return

What is India's motivation in preventing the return of these Pakistani citizens? It must be remembered that India has already received a sum of Rs. 120 million in foreign currency on the pretext of feeding these displaced persons from East Pakistan. This amount is part of Rs. 200 million in foreign exchange India is expecting to get overtly on humanitarian grounds but covertly to make good her foreign exchange deficits. Foreign news media have already reported that India is swelling the number of people in the

refugee camps, by putting in there her own unemployed population from West Bengal and other neighboring states. This was confirmed by the London Daily Telegraph correspondent. Peter Gill, who disclosed in dispatch published in the paper on 6 July 1971, that "West Bengal destitute in Calcutta were dumped in these refugee, camps. The correspondent quoted Major S.K. Deba retired Indian army Officer in charge of a group of camps in Salt Lake area of Calcutta's suburbs, as testifying that "penniless Indians, living and sleeping in their thousands on unwholesome streets of Calcutta, are seeking admission to the East Pakistani refugee camps on the outskirts of the city". The correspondent added: "What attracts them to refugee camps is the lure of free food, as each adult refugee is entitled, on production of a slip, to 400 grammes of rice per day as well as 100 grammes of vegetables and 300 grammes of pulses. This represents a diet far more varied and generous than enjoyed by many of Calcutta's inhabitants".

India thus sees both economic and political advantages in keeping the 'refugee' bogey alive and in obstructing and sabotaging Pakistan's persistent efforts to ensure their speedy return to their homes in East Pakistan. The Indian game apparently is not to let the issue be resolved, in order to build more and more pressure on Pakistan. This, in their assessment, will make up for the failure of their earlier efforts to break Pakistan through an India-backed armed rebellion in March-April 1971.

Pakistan's Resolve

While taking all measures necessary to facilitate the return of its citizens, with the full cooperation and participation of the U.N., the Government of Pakistan cannot countenance interference in its internal affairs. It is necessary to appreciate that a humanitarian problem is being used by India to justify political intervention to the point of trying to dictate the future set-up of Pakistan. The Government of Pakistan is anxious to see all its citizens back in their homes, and attaches the highest priority to their return and rehabilitation. However, the Government can never permit the problem of displaced persons, which assumed its present proportions due to India's own policies and propaganda, to be turned into an instrument of political blackmail.

Produced by

The Department of Films & Publications

Government of Pakistan

July, 1971

শিরোনাম	সূত্র	তারিখ
১৩৯। 'পূর্ব পাকিস্তানে' সামরিক হস্তক্ষেপের পটভূমিকার ওপর পাকিস্তান সরকারের শ্বেতপত্র	পাকিস্তান সরকারের প্রচার পুস্তিকা	৫ আগস্ট, ১৯৭১

পাকিস্তান সরকার

পূর্ব পাকিস্তানের সঙ্কট সম্পর্কে

শ্বেতপত্র

৫ই আগস্ট, ১৯৭১

ভূমিকা

এই শ্বেতপত্র পূর্ব পাকিস্তানের বর্তমান সঙ্কটের ঘটনাবলীর সর্বপ্রথম পূর্ণ বিবরণ। আওয়ামী লীগ নেতাদের মনোভাবের দরুন নির্বাচিত গণপ্রতিনিধিরা একটি ফেডারেল শাসনতন্ত্রের মূল বিষয়সমূহের ব্যাপারে একটা মতৈক্যে পৌঁছুতে ব্যর্থ হলে এই সঙ্কটের উদ্ভব হয়। আওয়ামী লীগ নেতারা স্বায়ত্তশাসনের পক্ষে জনগণের রায়কে একটা বিচ্ছিন্নতাবাদী আন্দোলনে পরিবর্তিত করার প্রয়াস পান।

এ-সব ঘটনার প্রতি বহির্বিশ্বের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। অবশ্য, এ-পর্যন্ত বিশ্বকে অসম্পূর্ণ এবং পক্ষপাতদুষ্ট তথ্যই সরবরাহ করা হয়েছে। এই শ্বেতপত্রে সেইসব ঘটনাবলীর বিস্তারিত পটভূমিকা দেওয়া হয়েছে বা শেষ পর্যন্ত পাকিস্তানকে খণ্ড-বিখণ্ড করার উদ্দেশ্যে একটি সশস্ত্র বিদ্রোহের রুপ নেয়।

পূর্ব পাকিস্তান সঙ্কট হৃদয়ঙ্গম করার জন্য অপরিহার্য মূল বিষয়গুলো হচ্ছেঃ

(১) ১৯৭০ সালের আইনকাঠামো আদেশের ভিত্তিতেই পাকিস্তানের সাম্প্রতিক নির্বাচন অনুষ্ঠিত হয়। আওয়ামী লীগসহ সব রাজনৈতিক দলই এই আইন-কাঠামো গ্রহণ করেছিলেন। এই আদেশ থেকে সন্দেহাতীতভাবে বোঝা যায় যে, পাকিস্তানের সংহতি ও অখণ্ডতা হচ্ছে যে কোন ভবিষ্যৎ শাসনতান্ত্রিক ব্যবস্থার মৌলিক পূর্ব-শর্ত।

(২) ১৯৭১ সালের ২৫শে মার্চ ফেডারেল সরকার যে ব্যবস্থা শুরু করেন তার লক্ষ্য ছিলো আইন-শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠা, কারণ আওয়ামী লীগের ''অহিংস-অসহযোগ' আন্দোলনের সময় আইন-শৃংখলার কাঠামো সম্পূর্ণরুপে ভেঙ্গে পড়েছিলো। এই সময়ে যে গোলযোগ এবং নৃশংস কার্যকলাপ চালানো হয় এই শ্বেতপত্রে তা বিবৃত করা হয়েছে।

(৩) হিন্দুস্তান হস্তক্ষেপ না করলে এবং প্ররোচনা না যোগালে পরিস্থিতি বেশ শিগগিরই স্বাভাবিক অবস্থায় ফিরে যেতো।

প্রথম অধ্যায়

সংঘর্ষ অভিমুখে

১৯৬২ সালের শাসনতন্ত্রের বিরুদ্ধে রাজনৈতিক আন্দোলনের পরিণতিতে জাতি এক মারাত্মক সঙ্কটের সম্মুখীন হয় যার ফলে ১৯৬৯ সালের ২৬শে মার্চ সামরিক আইন জারী করা প্রয়োজন হয়ে পড়ে। জাতির উদ্দেশে তাঁর সর্বপ্রথম ভাষণে, প্রধান সামরিক আইন প্রশাসক জেনারেল এ, এম, ইয়াহিয়া খান বলেন, "আমি আপনাদের কাছে সম্পূর্ণ পরিষ্কার করে দিতে চাই যে, একটি শাসনতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার অনুকূল পরিবেশ গড়ে তোলা ছাড়া আমার অন্য কোন উচ্চাকাঙ্খা নেই। আমার দৃঢ় বিশ্বাস যে, সুস্থ ও গঠনমূলক রাজনৈতিক জীবন এবং প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে অবাধে ও নিরপেক্ষভাবে নির্বাচিত গণ প্রতিনিধিদের কাছে নির্বিঘ্নে ক্ষমতা হস্তান্তরের জন্য অপরিহার্য পূর্ব শর্ত হচ্ছে একটি সুষ্ঠু, নিষ্কলঙ্ক এবং সৎ সরকার। এই নির্বাচিত প্রতিনিধিদের কাজ হবে দেশকে একটি ব্যবহারযোগ্য শাসনতন্ত্র দেয়া এবং যে-সব রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা গণমনকে আলোড়িত করছে তার একটা সমাধান বের করা।"

এই লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে রাজনৈতিক তৎপরতা চালানোর অনুমতি দেয়া হয় এবং প্রেসিডেন্ট সব রাজনৈতিক দল ও ব্যক্তিকে আশ্বাস দিয়ে বলেন, "আমার সরকার আপনাদের ব্যাপারে সম্পূর্ণ নিরপেক্ষতার নীতি অনুসরণ অব্যাহত রাখবেন।'' তিনি অবশ্য জোর দিয়ে বলেন, "কোন ব্যক্তি, দল কিংবা গোষ্ঠী যারাই ইসলামের মূলনীতিসমূহ এবং পাকিস্তানের আদর্শ ও সংহতি বিরোধী প্রচারণা চালাবে কিংবা আমাদের জনগণের ঐক্যে ফাটল ধরানোর চেষ্টা করবে, তারাই জনগণ ও তাদের সশস্ত্র বাহিনীর ক্রোধভাজন হবে।"

এরপর কয়েকমাস ধরে প্রেসিডেন্ট সারাদেশে রাজনীতিবিদ এবং জনমতের প্রতিনিধিত্বকারী নেতাদের সঙ্গে ব্যাপক আলোচনা-পরামর্শ চালান। কিন্তু ১৯৬৯ সালের ২৮শে নভেম্বর তিনি দুঃখ প্রকাশ করেন যে, রাজনৈতিক নেতাদের প্রতি পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করে জাতীয় রাষ্ট্রনেতার মতো শাসনতান্ত্রিক প্রশ্নটির সমাধানের জন্য তাঁর জরুরী আবেদন সত্ত্বেও এ ব্যাপারে কোন রকম মতৈক্য দেখা যাচ্ছে না।

তিনি দুটি গুরুত্বপুর্ণ রাজনৈতিক সিদ্ধান্তও ঘোষণা করেন। প্রথমটি হচ্ছে পশ্চিম পাকিস্তানে এক ইউনিট বাতিল করে দেয়া এবং দ্বিতীয়টি হচ্ছে ভবিষ্যৎ জাতীয় পরিষদের নির্বাচনের জন্য "একজন লোক- একটি ভোট"- এই নীতি গ্রহণ। এর ফলে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে Parity বা সমতার যে নীতি আওয়ামী লীগসহ সব রাজনৈতিক দলই মেনে নিয়েছিলেন এবং যা ১৯৫৬ এবং ১৯৬২ সালের শাসনতন্ত্রেও গৃহীত হয়েছিলো তা পরিত্যক্ত হলো। প্রেসিডেন্টের সিদ্ধান্তের ফলে এই প্রথম বারের মত জাতীয় পরিষদের পূর্ব পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠতা স্থায়ীভাবে কায়েম হলো। রাজনৈতিক নেতাদের সঙ্গে আলোচনার ভিত্তিতে এবং জনগণের সুস্পষ্ট ইচ্ছে অনুসারে প্রেসিডেন্ট কতকগুলো বিষয়কে স্থিরীকৃত বলে ঘোষণা করেন। এসব বিষয় হচ্ছেঃ

(১)ফেডারেল পার্লামেন্টারী ধরনের সরকার।

(২)প্রাপ্তবয়স্ক ভোটাধিকারভিত্তিক প্রত্যক্ষ নির্বাচন

(৩)নাগরিকদের মৌলিক অধিকার দান এবং আইন-আদালতের মাধ্যমে এই অধিকার-রক্ষার নিশ্চয়তাবিধানের ব্যবস্থা।

(৪) বিচার বিভাগের স্বাধীনতা এবং তাকে শাসনতন্ত্র-রক্ষকের ভূমিকা নেয়া।

(৫)যে আদর্শের ভিত্তিতে পাকিস্তান প্রতিষ্ঠিত হয়েছে তা অক্ষুণ্ণ রাখার জন্য একটি ইসলামী ভাবাদর্শভিত্তিক শাসনতন্ত্র প্রণয়ন।

প্রেসিডেন্ট আরো প্রকাশ করেন যে, ১৯৭০ সালের ৩১শে মার্চ নাগাদ একটি আইন কাঠামো এবং জুন মাস নাগাদ ভোটার তালিকা তৈরী করে ১৯৭৩ সালের ৫ই অক্টোবর সাধারণ নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করা হবে। জাতীয় পরিষদকে তার প্রথম অধিবেশন থেকে শুরু করে ১২০ দিনে মধ্যে একটি শাসনতন্ত্র তৈরী করতে হবে।

প্রেসিডেন্ট বলেন, তাঁরা যদি এই কাজ সম্পন্ন করেন তাহলেও আমি সুখী হবো। কিন্তু তাঁরা যদি নির্ধারিত সময়ের মধ্যে এই কাজ সম্পন্ন করতে ব্যর্থ হন, তাহলে পরিষদ ভেঙ্গে দেয়া হবে এবং আবার নতুন করে নির্বাচন অনুষ্ঠিত হবে। আমি আশা করি এবং কামনা করি যেনো তা না ঘটে এবং এ জন্যই আমি ভবিষ্যৎ গণপ্রতিনিধিদের পূর্ণ দায়িত্ববোধ এবং দেশপ্রেমের সঙ্গে এই কাজ হাতে নেয়ার অনুরোধ জানাচ্ছি।

১৯৭০ সালের পয়লা জুন সারাদেশে সাধারণ নির্বাচনের জন্য নির্বাচনী অভিযান শুরু হয়। এই সময় প্রেসিডেন্ট সংকীর্ণ দলীয় স্বার্থ এবং ব্যক্তিগত ও স্থানীয় বিবেচনার উর্ধ্বে ওঠার জন্য সব দলের প্রতি আবেদন জানান। সংবাদপত্র, রেডিও টেলিভিশনকে প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ বিভিন্ন রাজনৈতিক দলের মতামত প্রকাশের পূর্ণ স্বাধীনতা দেয়া হয়। সব সরকারী কর্মচারীকেই পূর্ণ নিরপেক্ষতা বজায় রাখার কড়া নির্দেশ দেয়া হয়। ১৯৭০ সালের ২৮শে মার্চ জাতির উদ্দেশে এক ভাষণে প্রেসিডেন্ট বলেন, "আমি আরেকবার আপনাদের আশ্বাস দিতে চাই যে, যতদূর পর্যন্ত নির্বাচনী অভিযানের সম্পর্ক রয়েছে, বর্তমান সরকার আগেও সম্পূর্ণ নিরপেক্ষ ছিলেন এবং ভবিষ্যতেও থাকবেন। সরকার অবশ্য আশা করেন যে, কোন রাজনৈতিক দল কিংবা ব্যক্তি পাকিস্তানের আদর্শ ও সংহতি বিরোধী প্রচারণা কিংবা কার্যকলাপ চালাবেন না।"

একই ভাষণে প্রেসিডেন্ট আইনকাঠামো আদেশ (১৯৭০)-এর মুল ধারাগুলো ঘোষণা করেন। এই আদেশের ভিত্তিতেই সব রাজনৈতিক দল নির্বাচনে অংশ নেন। এই "আইনকাঠামো আদেশ"-এর উপক্রমণিকায় বলা হয় যে, জাতীয় পরিষদের প্রথম কর্তব্য হচ্ছে "এই আদেশের সঙ্গে সঙ্গতি রেখে পাকিস্তানের শাসনতন্ত্র তৈরী করা।" আদেশের ১৪ (১) অনুচ্ছেদে বলা হয়, "জাতীয় পরিষদ-সদস্যদের সাধারণ নির্বাচন শেষ হওয়ার পর পাকিস্তানের শাসনতন্ত্র তৈরীর কাজ সম্পাদনের উদ্দেশ্যে প্রেসিডেন্ট তাঁর বিবেচনা মতো উপযুক্ত তারিখ, সময় ও স্থানে পরিষদের অধিবেশন ডাকবেন।" আরো ঠিক করা হয় যে, জাতীয় পরিষদ তার প্রথম অধিবেশনের ১২০ দিনের মধ্যে "শাসনতন্ত্র বিল" নামে একটি বিলের আকারে শাসনতন্ত্র তৈরী করবেন এবং তা করতে ব্যর্থ হলে পরিষদ ভেঙ্গে যাবে। জাতীয় পরিষদের পাশ করা শাসনতন্ত্র-বিল প্রেসিডেন্টের অনুমোদন লাভ না করা পর্যন্ত জাতীয় পরিষদ ফেডারেশনের প্রথম আইন পরিষদ হিসেবে তার কাজ শুরু করতে পারবেন না এবং প্রাদেশিক পরিষদগুলোর অধিবেশনও ডাকা হবে না।

ফেডারেল শাসনতন্ত্র তৈরীর একটা ঐতিহাসিক রীতি এই যে, শাসনতন্ত্রের পেছনে হয় ফেডারেটিং ইউনিটগুলোর সর্বসম্মত সমর্থন কিংবা ফেডারেটিং ইউনিটগুলোর বেশীর ভাগের সম্মতি থাকতে হবে। এটাই বোঝাতে চাওয়া হয়েছিলো প্রেসিডেন্টের নিম্নোক্ত মন্তব্যে। "শাসনতন্ত্র হচ্ছে একটা পবিত্র দলিল এবং একত্রে বসবাসের মৌলিক চুক্তি। কোন সাধারণ আইনের সঙ্গে তার তুলনা করা চলে না।"

আইন-কাঠামো আদেশে শাসনতন্ত্রে অন্তর্ভূক্ত করার কতকগুলো মূলনীতি দেয়া হয়। এসব মূলনীতির মধ্যে ছিলঃ

(১) "জনসংখ্যা এবং প্রাপ্ত-বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্দিষ্ট মেয়াদ পর পর ফেডারেল ও প্রাদেশিক পরিষদসমূহের অবাধ প্রত্যক্ষ নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে গণতন্ত্রের মূলনীতিসমূহ অনুসরণের নিশ্চয়তা বিধান করা হবে।"

(২) "নাগরিকদের অধিকার বিধিবদ্ধ করা হবে এবং এই অধিকার ভোগের নিশ্চয়তা বিধান করা হবে।"

(৩) "মামলা-মকদ্দমার বিচার এবং মৌলিক অধিকার রক্ষার ব্যাপারে বিচার-বিভাগকে স্বাধীনতা দেয়া হবে।"

(৪) "আইন-তৈরী সংক্রান্ত, প্রশাসনিক এবং আর্থিক ক্ষমতাসহ সব রকম ক্ষমতাই ফেডারেল সরকার এবং প্রদেশগুলোর মধ্যে এমনভাবে ভাগ করা হবে যে, প্রদেশগুলো সর্বাধিক স্বায়ত্তশাসন অর্থাৎ সর্বাধিক পরিমাণ আইন-প্রণয়ন সংক্রান্ত, প্রশাসনিক এবং আর্থিক ক্ষমতা ভোগ করবেন কিন্তু একইসঙ্গে ফেডারেল সরকারও বাইরের ও অভ্যন্তরীণ বিষয়াদিতে তার দায়িত্ব পালন এবং দেশের স্বাধীনতা ও আঞ্চলিক অখণ্ডতা অক্ষুণ্ণ রাখার জন্য পর্যাপ্ত আইন-প্রণয়ন-ক্ষমতা, প্রশাসনিক ক্ষমতা ও আর্থিক ক্ষমতা পাবেন।"

(৫) "নিশ্চয়তা বিধান করতে হবে যেনোঃ

(ক) পাকিস্তানের সব এলাকার জনগণ সব রকম জাতীয় প্রচেষ্টায় পুরোপুরি অংশগ্রহণ করতে সক্ষম হয়। এবং

(খ) একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আইন করে এবং অন্যান্য ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন প্রদেশের মধ্যে এবং প্রদেশের অন্তর্ভূক্ত বিভিন্ন এলাকার মধ্যে অর্থনৈতিক এবং অন্য সব রকম বৈষম্য দূর করা হয়।

(৬) "শাসনতন্ত্রের উপক্রমণিকায় এইমর্মে ঘোষণা থাকতে হবে যে-

(ক) পাকিস্তানের মুসলমানরা ব্যক্তিগত ও সমষ্টিগত পর্যায়ে, পবিত্র কোরান ও সুন্না মোতাবেক ইসলামের শিক্ষা অনুসারে তাদের জীবন গড়ে তুলতে পারবেন। এবং

(খ) সংখ্যালঘুরা অবাধে তাদের ধর্ম-পালন এবং পাকিস্তানের নাগরিক হিসেবে সব রকম অধিকার, সুযোগ-সুবিধা এবং নিরাপত্তা ভোগ করতে পারবেন।"

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় এই যে, এই আদেশে বলে দেয়া হয়, "পাকিস্তানে বর্তমানে যে সব প্রদেশ ও এলাকা রয়েছে কিংবা পরে যে সব প্রদেশ ও এলাকা অন্তর্ভূক্ত হতে পারে তারা সবাই একটি ফেডারেশনের অধীনে এমনভাবে ঐক্যবদ্ধ হবে যেনো পাকিস্তানের স্বাধীনতা, আঞ্চলিক অখণ্ডতা এবং জাতীয় সংহতি নিশ্চিত হয় এবং ফেডারেশনের সংহতি কোন রকমেই ব্যাহত না হয়।"

প্রেসিডেন্ট তাঁর ২৮শে মার্চের ভাষণে বলেন, আমাদের জনগণ গভীর দেশপ্রেমে উদ্বুদ্ধ। সুতরাং তারা পাকিস্তানের অখণ্ডতার বিরুদ্ধে কোন কাজ ছাড়া প্রায় সব জিনিসই বরদাশত করবে। যদি কেউ মনে করে যে, সে দেশ কিংবা জনগণের স্বার্থবিরোধী কাজ করতে পারবে কিংবা কেউ যদি আমাদের জনগণের মৌলিক ঐক্য নষ্ট করতে পারবে মনে করে, তবে সে বড় ভুল করবে। জনগণ এটা কোন প্রকারেই বরদাশত করবে না। ...দেশের শাসনতান্ত্রিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রশাসনিক সমস্যার সমাধান দেয়ার অধিকার প্রত্যেকেরই রয়েছে। কিন্তু পাকিস্তানের জনগণের সংহতির উপর বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি করে এমন কোন সমাধান দেয়ার অধিকার কারুরই নেই। কেউই তা বরদাশত করবে না।"

আওয়ামী লীগ তাদের ৬-দফা যেভাবে জনগণের কাছে পেশ করেন তাতে পাকিস্তানের সার্বভৌম মর্যাদায় কোন রকম পরিবর্তন সাধনের দাবী ছিল না। প্রথম দফায় বলা হয়, "সরকারের ধরণ হবে ফেডারেল ও পার্লামেন্টারী পদ্ধতির।" শেখ মুজিবুর রহমান তাঁর নির্বাচনী বক্তৃতাসমূহে বার বার জোর দিয়ে বলেন যে, তিনি কেবল প্রাদেশিক স্বায়ত্তশাসন চাচ্ছেন, দেশকে ভাগ করা কিংবা তার ইসলামী আদর্শকে দুর্বল করা তাঁর লক্ষ্য নয়। ১৯৭০ সালের ২১শে সেপ্টেম্বর নারায়ণগঞ্জে এক বক্তৃতায় তিনি বলেন, "৬-দফা কার্যক্রম বাস্তবায়িত করা

হবে এবং তাতে পাকিস্তানের সংহতি কিংবা ইসলাম বিপন্ন হবে না।" ১৯৭০ সালের ২৪শে সেপ্টেম্বর তিনি নির্বাচনকে "প্রদেশিক স্বায়ত্তশাসনের প্রশ্নে এশটি গণভোট" বলে অভিহিত করেন। ৬ই নভেম্বর ১৯৭০ সিলেটে আরেক ভাষণে তিনি বলেন, "আওয়ামী লীগের ৬-দফা কার্যক্রমের উদ্দেশ্য হচ্ছে কেবল আঞ্চলিক স্বায়ত্তশাসের মাধ্যমে শাসনতন্ত্রে পূর্ববঙ্গের স্বার্থরক্ষার নিশ্চয়তাবিধান করা।" আওয়ামী লীগের অন্যান্য নেতারাও একই ধরনের কথা বলেন। পূর্ব পাকিস্তানে আওয়ামী লীগের সেক্রেটারী জনাব তাজউদ্দিন আহমদ ১৯৭০ সালের ২১শে সেপ্টেম্বও নারায়ণগঞ্জে বলেন যে, "৬-দফা আদায়ের প্রশ্নটি অখণ্ডতা ও সংহতির সঙ্গে বিশেষভাবে জড়িত"।

নিখিল পাকিস্তান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব এ, এইচ, এম, কামরুজ্জামান ১৯৭০ সালের সেপ্টেম্বর মাসে লাহোরে এক জনসভায় স্পষ্টভাবে উল্লেখ করেন যে, পাকিস্তানকে খণ্ড-বিখণ্ড করা তাঁর দলের উদ্দেশ্য নয়। এর আগে ১৯৭০ সালের ২১শে জুন রাজশাহীতে এক জনসভায় বক্তৃতাদানকালে তিনি বলেন, পূর্ব ও পশ্চিম পাকিস্তান অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ। পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সহ-সভাপতি খন্দকার মুশতাক আহমদ ১৯৭০ সালের ২০শে মার্চ ফেনীতে এক জনসভায় বলেন, আওয়ামী লীগের লক্ষ্য হচ্ছে একটি শক্তিশালী পাকিস্তান গঠন করা। তিনি বলেন, পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন একটি শক্তিশালী জাতি গঠন সহায়ক হবে।

যাহোক, শেখ মুজিবুর রহমান এবং তাঁর সহযোগীদের এসব বক্তৃতার মধ্যে এমন সব কথা ছিল বা অত্যন্ত আবেগপ্রসূত এবং তথ্যের দিক দিয়ে ত্রুটিপূর্ণ যার উদ্দেশ্য ছিল পূর্ব পাকিস্তানীদেরকে তাদের পশ্চিম পাকিস্তান ভাইদের বিরুদ্ধে উত্তেজিত করে তোলা। ১৯৭০ সালের ১১ই মার্চ পূর্ব পাকিস্তানের হাজারীবাগ পার্কে এক জনসভায় শেখ মুজিবুর রহমান নওয়ারজাদা নসরুল্লাহ খান, মওলানা মওদুদী, খান আবদুল কাইয়ুম খান প্রমুখের কাছে জানতে চান যে তাঁরা তাঁদের প্রভুদের মাধ্যমে বাংলার যে সম্পদ লুণ্ঠন করেছেন তা ফিরিয়ে দিতে আর কত সময় নিবেন।

তিনি বাঙালীদেরকে এই মাহেন্দ্রক্ষণে ওার এবং বাংলার পবিত্র মাটি থেকে রাজনৈতিক মীরজাফর এবং পরগাছাদের নির্মূল করার আহ্বান জানান। ১৯৭০ সালের ১০ই মার্চ পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব তাজউদ্দীন আহমদ ঢাকায় এক জনসভায় বলেন, "বিগত বৎসরগুলোতে শোষক এবং ডাকাতরা বাঙালীদের রক্ত মাংস চিবিয়ে খেয়েছে। আসন্ন নির্বাচনের মাধ্যমে দেশের রাজনৈতিক গগন থেকে তাদেরকে বিদায় করতে হবে।"

পরদিন ঢাকা জেলার কাপাসিয়ায় কালালেশ্বর হাই স্কুলে আরেক জনসভায় তিনি বলেন "পশ্চিম পাকিস্তানের এক শ্রেণীর শোষণকারী পূর্ব বাংলাকে গত ২৩ বছর ধরে শোষণ করেছে। পাকিস্তানের ইতিহাস একটি ষড়যন্ত্রের ইতিহাস, অব্যাহত নির্যাতন ও শোষণের ইতিহাস।"

এরপর পূর্ব পাকিস্তানে যে নির্বাচনী অভিযান শুরু হয় তাতে আওয়ামী লীগ এমন অসংযমের পরিচয় দেয় যে তার বিরুদ্ধে অন্যান্য সব দল অভিযোগমুখর হয়ে উঠে।

আওয়ামী লীগের নির্বাচনী অভিযানের বিরুদ্ধে যারা প্রকাশ্যে প্রতিবাদ জানান তাঁদের মধ্যে রয়েছেনঃ

(১) জনাব নূরুল আমীন-পাকিস্তান ডেমোক্র্যাটিক পার্টির সভাপতি এবং পূর্ব পাকিস্তানের সাবেক মুখ্য উজীর।

(২) জনাব আবদুস সালাম-পাকিস্তান ডেমোক্র্যাটিক পার্টির পূর্ব পাকিস্তান শাখার সভাপতি ।

(৩) জনাব মাহমুদ আলী- পাকিস্তান ডেমোক্র্যাটিক পার্টির শাখার সহ-সভাপতি।

(৪) প্রফেসর গোলাম আযম- পূর্ব পাকিস্তান জামায়াতে ইসলামীর আমীর।

(৫) সৈয়দ আলতাফ হোসেন- পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি ওয়ালী গ্রুপের সাধারণ সম্পাদক।

(৬) পীর মহসিনউদ্দিন- পূর্ব পাকিস্তান জমিয়াতে উলেমায়ে ইসলামের সভাপতি; এবং

(৭) মিসেস আমেনা বেগম- পাকিস্তান ন্যাশনাল লীগের উর্ধ্বতন সহ-সভানেত্রী এবং আওয়ামী লীগের সাবেক ভারপ্রাপ্ত সভানেত্রী।

১৯৭০ সালে এঁরা এবং অন্যান্য নেতারা জনগণের উদ্দেশ্যে তাঁদের বিবৃতিতে আওয়ামী লীগের জবরদস্তি মূলক পদ্ধতি, জনসভা পণ্ড করে দেওয়া, রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীদের উপর দৈহিক আক্রমণ এবং পার্টির দফতর লুট ও বিনষ্ট করার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। এই সমালোচনা দিন দিন বাড়তেই থাকে। কিন্তু পাছে নির্বাচন অভিযানে সরকার হস্তক্ষেপ করেছেন বলে মনে করা হয়, এ জন্য সরকার এ ব্যাপারে কিছু বলেননি।

ঢাকার পুরানা পল্টন ময়দানে ১৯৭০ সালের ১৮ই জানুয়ারী পূর্ব পাকিস্তানে আওয়ামী লীগ ছাড়া অন্য একটি দলের প্রথম জনসভা অনুষ্ঠিত হয়। এই জনসভা জনতা কর্তৃক আক্রান্ত হয়। ফলে, একজন লোক নিহত এবং পাঁচ শতাধিক লোক আহত হয়। জামাত-ই-ইসলামী এই সভার আয়োজন করেছিলো। জামাত-ই-ইসলামী প্রমাণ করেছিলো যে, ''ময়দানে ঢুকে যারা শ্রোতাদের উপর হামলা চালিয়েছিলো, তাদের মধ্যে আওয়ামী লীগ কর্মীরা ছিলো এবং গুণ্ডাদের হাতে অস্ত্রশস্ত্র এবং হাতবোমা ছিলো।''

ঢাকার দৈনিক পত্রিকা পাকিস্তান অবজারভার এ ঘটনাকে নিন্দা করে ১৯৭০ সালের ২০শে জানুয়ারী প্রকা করে যে, ''সন্ধ্যার পর ঘঁটনাস্থলে দলে দলে লোকের পুনরাগমন, সভা পণ্ড করা, মঞ্চ পুড়িয়ে ফেলা এবং কয়েক হাজার শ্রোতাকে তাড়িয়ে দেওয়ার ঘঁটনাটা প্রমাণ করে যে, এটা একটা সুপরিকল্পিত এবং সংকল্পবদ্ধ প্রচেষ্টা। তা না হলে এতো অল্প সময়ের মধ্যে সবকিছু বিনষ্ট করা সম্ভব হতো না।''

যারা হিংসাত্মক কার্যকলাপের আশ্রয় নেয় পাকিস্তানের প্রেসিডেন্ট তাদের নিন্দা করেন এবং সতর্ক করে দিয়ে বলেনঃ- রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য যদি কেউ হিংসাত্মক কার্যকলাপের সাহায্য নেয়, তাহলে মনে করা হবে যে সে জনসাধারণের হাতে ক্ষমতা হস্তান্তরের ব্যাপারে বাধার সৃষ্টি করছে। সুতরাং তাকে জনমতের সামনে জবাবদিহি করতে হবে।'' তিনি আরো বলেনঃ যারা হিংসাত্মক কার্যকলাপ দিয়ে তর্কের মীমাংসায় পৌঁছুতে চায়, তারা যে শুধু তাদের দাবীর প্রতি বিশ্বাসের অভাব প্রমাণ করে তাই নয়, গণতন্ত্রের প্রতিও তাদের আস্থার অভাব প্রমাণ করে- একথা তারা যতোই অস্বীকার করুক না কেনো।

এই ঘটনার এক সপ্তাহ পর পাকিস্তান ডেমোক্র্যাটিক পার্টি নামে আর একটি দলের একটা জনসভায় মারপিট হয়। ১৭ জন রাজনৈতিক নেতৃবৃন্দ যুক্ত এশতেহারে এর নিন্দা করে বলেন, ''কিছু সংখ্যক দুষ্কৃতিকারী এবং গুণ্ডারা সুসংবদ্ধভাবে ১৯৭০ সালের ২১শে জানুয়ারী নারায়ণগঞ্জে অনুষ্ঠিত জনসভা পণ্ড করে দেবার চেষ্টা করে।'' সেই একই দিন (২১শে জানুয়ারী ১৯৭০) পৃথক একটি যুক্ত বিবৃতিতে এই নেতৃবৃন্দ আওয়ামী লীগকে গুণ্ডামী এবং সন্ত্রাসনীতি অবলম্বন করার জন্য বিশেষভাবে দোষারোপ করেন।

১৯৭০ সালের ২২শে জানুয়ারী ঢাকায় জামাত-ই-ইসলামীর দফতরে হামলা করা হয়। পার্টির জেনারেল সেক্রেটারী এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেন, আমাদের দফতরে হামলা চালানোকালে আওয়ামী লীগ কর্মীদের দ্বারা পরিচালিত গুণ্ডারা দরজা ভেঙ্গে ঢুকে আসবাবপত্রাদি ভেঙ্গে তছনছ করে, সাইনবোর্ড সরিয়ে ফেলে এবং পার্টির কাগজপত্র, দলিল, এবং পতাকায় আগুন ধরিয়ে দেয়।''

১৯৭০ সালের ১লা ফেব্রুয়ারী ঢাকায় পল্টন ময়দানে অনুষ্ঠিত পাকিস্তান ডেমোক্র্যাটিক পার্টির এক জনসভায়ও আওয়ামী লীগ কর্মীরা গোলযোগ সৃষ্টির চেষ্টা করে। তারা 'জয় বাংলা' স্লোগান দেয়। গোলযোগের মধ্যে নিজাম-ই-ইসলাম পার্টির নেতা, মৌলবী ফরিদ আহমদ প্রমুখসহ কিছু লোক আহত হন। পিডিপির প্রেসিডেন্ট মিঃ নূরুল আমীন এক বিবৃতিতে বলেনঃ আওয়ামী লীগের এসব কার্যকলাপের নিন্দা করার মতো

ভাষাও আমার নেই। পরিষ্কার মনে হচ্ছে- আওয়ামী লীগ ফ্যাসিবাদী পদ্ধতি অনুসারে তাদের নিজেদের পরিকল্পনা অন্যের উপর চাপানোর সংকল্প করেছে। আওয়ামী লীগ এই প্রথমবার নীতি অনুসরণ করেনি।''

১৯৭০ সালের ২৮শে ফেব্রুয়ারী, চট্রগ্রামে, দৈনিক ''বুনিয়াদ'' এবং দৈনিক ''সংগ্রাম'' পত্রিকার দফতর দুটির উপর হামলা করা হয়। এই দুটি পত্রিকার আওয়ামী লীগ বিরোধী বলে পরিচিত ছিলো। পাকিস্তান ডেমোক্র্যাটিক পার্টির ভাইস প্রেসিডেন্ট মিঃ মাহমুদ আলী এই হামলা সম্পর্কে মন্তব্য করে বলেনঃ ''সংবাদপত্রের স্বাধীনতার উপর হীন একটা হামলা।'' তিনি আরও বলেন, ''যদি 'বুনিয়াদ' ও সংগ্রামে'র সঙ্গে আওয়ামী লীগের আদর্শের মিল না হয়, তাহলেই কি তাকে ধ্বংস করতে হবে? এই কি পাকিস্তানের জনগণের কাছে আওয়ামী লীগের প্রদত্ত গণতন্ত্রের নমুনা।

১৯৭০ সালের ৩১শে জুলাই ঢাকার পাকিস্তান অবজারভারসহ কয়েকটি পত্রিকায় খবর প্রকাশিত হয় যে, ''আওয়ামী লীগের পাঁচ শতাধিক সশস্ত্র কর্মীরা হালি শহর হাউসিং এস্টেটের অধিবাসীদের আক্রমণ করে। এর ফলে ২২ জন আহত হয়। তার মধ্যে ৭ জনের অবস্থা গুরুতর। খবরে জানা যায় যে আওয়ামী কর্মীরা চেয়েছিলেন যে উল্লেখিত লোকেরা ধর্মঘট পালন করুক। কিন্তু সে এলাকার অধিবাসীরা তা করতে অস্বীকার করে।''

১৯৭০ সালের ৭ই আগস্ট দৈনিক ''পূর্বদেশ'' এর খবর প্রকাশ- ''২রা আগস্ট ফরিদপুর জেলার গোপালগঞ্জ টাউন ময়দানে পিডিপির এক জনসভা হয়। সে সভায় আওয়ামী লীগের একটি দল এবং ছাত্রলীগ কর্মীরা গোলযোগ বাধাবার চেষ্টা করে। খবরে প্রকাশ, সভাস্থানের সন্নিকটে শেখ মুজিবুর রহমানের গোপালগঞ্জ বাসভবন থেকে, সভায় গোলযোগ সৃষ্টিকারী আওয়ামী লীগ কর্মীদের বের হয়ে আসতে দেখা যায়।

১৯৭০ সালের ২৩শে আগস্ট দৈনিক ''সংগ্রাম'' পত্রিকার খবরে জানা যায় যে ''চট্রগ্রামের দৈনিক 'আজান' পত্রিকার দফতর এর পূর্বদিন ছাত্র বলে পরিচিত একদল যুবক কর্তৃক আক্তান্ত হয়। দুষ্কৃতিকারীরা ৬ দফার সমর্থনে এবং ''জয়-বাংলার'র স্লোগান দিচ্ছিলো। 'আজান' কর্তৃপক্ষকে তারা ৬ দফা সমর্থন করে তাদের পত্রিকায় লেখার হুকুম করে। পত্রিকার একজন কর্মচারী হামলার সময় আহত হন।''

ঈশ্বরদীর ইসলামী ছাত্র সংঘের জেনারেল সেক্রেটারীকে ১৯৭০ সালের ১৯শে সেপ্টেম্বর আওয়ামী লীগ কর্মীরা আক্রমণ করে। চাঁদপুর শহরের কাছে বাহুরীবাজারে ১৯৭০ সালের ২৪শে সেপ্টেম্বর আওয়ামী লীগ কর্মীরা নিজাম-ই-ইসলামের অফিসে হামলা করে এবং অফিসের আসবাবাদি বিনষ্ট করে বলে খবর পাওয়া যায়।

ঢাকার দৈনিক পত্রিকা ''সংবাদ'' এর ১৯৭০ সালের ২০শে অক্টোবর খবরে প্রকাশ যে- ''১৯৭০ সালের ১৮ই অক্টোবর ঢাকার হাজারীবাগ এলাকার ১৩নং রাস্তার বাচ্চু মিয়ার বাসভবন আওয়ামী লীগের একদল দুষ্কৃতিকারী আক্রমণ করে। দুষ্কৃতিকারীরা বাড়ীর উপর পাথর নিক্ষেপ করে, বাড়ীর মেয়েদের গালিগালাজ করে এবং দুটি নাবালক ছেলের উপর দৈহিক নির্যাতন চালায়।

১৯৭০ সালের ৫ই নভেম্বর, পাকিস্তান ন্যাশনাল লীগের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং আওয়ামী লীগের এক প্রাক্তন অ্যাকটিং প্রেসিডেন্ট মিসেস আমেনা বেগম, এক প্রেস বিজ্ঞপ্তিতে আওয়ামী লীগ সমর্থকদের দ্বারা তাঁর মাতুয়াইলস্থ নির্বাচন দফতর আক্রমণের নিন্দা করেন। এক সপ্তাহ পরে (১৯৭০ সালের ১০ই নভেম্বর) ''পূর্বদেশে'র এক খবরে প্রকাশ যে- ঢাকার অন্তর্গত জিঞ্জিরার কাউন্সিল মুসলিম লীগ প্রার্থী খাজা খয়েরউদ্দিনের সমর্থকগণ বিরাট এক মিছিল বের করেন। গত রাতে আরামবাগ গ্রামে আওয়ামী লীগ কর্মীরা মিছিলের উপর হামলা চালায়। ফলে ৫ ব্যক্তি আহত হয়।''

জাতীয় পরিষদের নির্বাচন ১৯৭০ সালের ৫ অক্টোবর অনুষ্ঠিত হবার কথা ছিল। সেপ্টেম্বর মাসে প্রবল বন্যায় পূর্ব পাকিস্তান ভীষণ ক্ষতিগ্রস্ত হয়। লক্ষ লক্ষ লোক গৃহহীন হয়, যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়। বন্যার

জন্য পূর্ব পাকিস্তানের ভোটারদের যাতে ভোটদানে কোন অসুবিধার সৃষ্টি না হয়, সে জন্য জনসাধারণ নির্বাচন পিছিয়ে দেবার দাবী জানায়। সে দাবীর পরিপ্রেক্ষিতে প্রেসিডেন্ট জাতীয় পরিষদের নির্বাচনের তারিখ ঠিক করলেন ১৯৭০ সালে ৭ই ডিসেম্বর। আর প্রাদেশিক পরিষদের নির্বাচনের তারিখ নির্দিষ্ট হলো ১৭ই ডিসেম্বর। ১৯৭০ সালের ১২ই নভেম্বর ঘুর্ণিঝড়-দুর্যোগের কবলে পড়ে। বর্তমানে যুগের সর্বাপেক্ষা বৃহৎ প্রাকৃতিক বিপর্যয় বলে অভিহিত এই ঘূর্ণিঝড় পূর্ব পাকিস্তানের উপকূলীয় বাঁধকে ক্ষতিগ্রস্ত করে। পূর্ব পাকিস্তানের প্রায় সকল নেতাগণ সাহায্য এবং পুনর্বাসনের কাজে মনোযোগ দেয়ার জন্য নির্বাচন আরো পিছিয়ে দেবার জন্য আবেদন জানান। নির্বাচন অভিযান স্থগিত করার নানা অসুবিধা থাকলেও পশ্চিম পাকিস্তানের প্রধান প্রধান নেতৃবৃন্দ নির্বাচন স্থগিত করায় তাদের সম্মতি প্রকাশ্য ভাবে ঘোষণা করেন। শেখ মুজিবুর রহমান কিছুকাল একেবারে নীরব থাকার পর, প্রস্তাবিত স্থগিতের বিরুদ্ধে শুধু যে প্রতিবাদ জানালেন তাই নয়, কেন্দ্রীয় সরকারকে তীব্র আক্রমণ করে বললেন- পূর্ব পাকিস্তান জনগণের আশা-আকাঙ্ক্ষা বাস্তব রূপায়ণের জন্য আরো লক্ষ লক্ষ জীবন উৎসর্গ করা হবে।

প্রেসিডেন্ট নির্বাচন স্থগিত করলেন না। ১৯৭০ সালের ৩রা ডিসেম্বর এক ভাষণে তিনি বলেন- ''এই সরকারের উদ্দেশ্য ও আন্তরিকতা নিয়ে অনেকে সন্দেহ প্রকাশ করেছেন। কিন্তু দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করাই আমাদের লক্ষ্য আর সে লক্ষ্যে আমরা অটল থাকবো।''

সেই একই ভাষণে তিনি জোর দিয়ে বলেন যে তিনি বরাবরই বলে এসেছেন যে শাসনতন্ত্র একটা সাধারণ আইন নয় বরং ''একসঙ্গে বসবাস করা একটা চুক্তি''। আর সেইজন্যই শাসনতন্ত্রের প্রশ্নে মতৈক্য বিশেষ প্রয়োজন। তিনি বলেন, নির্বাচিত প্রতিনিধিদের এবং বিশেষ করে রাজনৈতিক দলের নেতৃবৃন্দকে আমি এ কথাই বলতে চাই যে তারা তাদের নির্বাচন ও জাতীয় পরিষদের প্রথম অধিবেশনের অন্তর্বর্তী সময় বেশ কাজে লাগাতে পারেন। তারা সকলে একত্রিত হয়ে আমাদের ভবিষ্যৎ শাসনতন্ত্রের প্রধান বিধানগুলোর ব্যাপারে একমত হতে পারেন। এজন্য কিছুটা আদান-প্রদান দরকার, দরকার পরস্পরের প্রতি বিশ্বাস। আমাদের জাতীয় ইতিহাসের এই বিশেষ যুগসন্ধিক্ষণের গুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তার বিষয় উপলব্ধি করাও দরকার।''

জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচনগুলো অনুষ্ঠিত হয় ১৯৭০ সালের ডিসেম্বরে* জাতীয় পরিষদের ভোটে দুটি রাজনৈতিক দল প্রধান হয়ে দেখা দেয়। তাদের একটি হচ্ছে আওয়ামী লীগ, যে ১৬৭টি আসন লাভ করে। অন্যটি হচ্ছে পাকিস্তান পিপলস পার্টি, যে ৮৫টি আসন লাভ করে। দুটি দলই সংগঠনের দিক থেকে আঞ্চলিক। আওয়ামী লীগের প্রতিনিধিরা সবাই পূর্ব পাকিস্তানী এবং পিপিপি'র সকলেই পশ্চিম পাকিস্তানী।

নির্বাচনের শেষে আশা করা হয়েছিলো যে জাতীয় পরিষদের অধিবেশন শুরু হওয়ার আগেই আইনগত কাঠামো আদেশে একটি শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে রাজনৈতিক দলগুলি নিজেদের মধ্যে একটা সমঝোতায় এসে পৌঁছুবেন। আওয়ামী লীগ জোর দিয়ে একথাটাই বোঝাতে চাইছিলো যে এক পাকিস্তান কাঠামোর বাইরে ৬ দফায় কোন কিছুর পরিকল্পনা করা হয়নি। প্রেসিডেন্টকেও তারা এই ধারণা দিয়েছিলো। ১৯৭১ সালে ২৮শে জুনের বেতার ভাষণে প্রেসিডেন্ট বলেনঃ ''আমাদের আলাপ আলোচনা চলাকালে আমি যখন মুজিবুর রহমানকে আওয়ামী লীগের ৬ দফা সম্বন্ধে প্রশ্ন করেছিলাম তিনি আমার কাছে স্বীকার করেছিলেন যে সেগুলোর রদবদল সম্ভব। তিনি পরিষ্কার বলেছিলেন যে শাসনতন্ত্রের প্রধান প্রধান বিধানগুলো পরিষদের বাইরে ছোট ছোট বৈঠকে দেশের রাজনৈতিক দলগুলো মীমাংসা করবেন।'' পশ্চিম পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ রাজনৈতিক দলের নেতা মিঃ ভুট্টো সমেত, পশ্চিম পাকিস্তানের প্রধান প্রধান রাজনৈতিকদলের নেতৃবৃন্দ শেখ মুজিবুর রহমানের সঙ্গে একটা সমঝোতায় পৌঁছুনোর জন্য ঢাকায় যান। বিভিন্ন রাজনৈতিক দলগুলোর মধ্যে ফলপ্রসূ শাসনতন্ত্র সংক্রান্ত আলাপ-আলোচনার জন্যই পাকিস্তানের প্রেসিডেন্টও বেশ কয়েকবার পূর্ব পাকিস্তান সফরে যান। তিনি শেখ

জাতীয় পরিষদের ৯ টি এবং প্রাদেশিক পরিষদের ২১ টি ঘূর্ণি উপদ্রুত নির্বাচনী এলাকার নির্বাচন এক মাস পর অর্থাৎ ১৯৭১ সালের জানুয়ারী মাসে অনুষ্ঠিত হয়।

মুজিবুর রহমানকে পাকিস্তানের ভবিষৎ প্রধানমন্ত্রী বলে প্রকাশ্য ভাবে উল্লেখ করেন। শেখ মুজিবুর রহমানকে পশ্চিম পাকিস্তান সফর করার জন্য কয়েকবার আমন্ত্রণ জানানো হয়। কিন্তু তিনি সে আমন্ত্রণ গ্রহণ করেননি। তিনি ৬ দফা সম্বন্ধেও আলাপ-আলোচনা করতে অস্বীকার করেন। তিনি বলেন যে ৬ দফা এখন জনসাধারণের সম্পত্তি এবং তার রদবদল করা সম্ভব নয়।

নির্বাচন শেষ হওয়ার পরই আওয়ামী লীগের ভোল সম্পূর্ণরূপে পাল্টে গেলো। ১৯৮১ সালের ৭ই জানুযারীর প্রকাশিত ''অটোয়া, গ্লোব ও মেল'' পত্রিকার খবরে প্রকাশঃ ''মুজিবুর রহমান ঘোষণা করেছেন যে প্রয়োজন হলে আমি বিপ্লবের আহ্বান জানাবো।'' ১৯৭১ সালের ২২শে ফেব্রুয়ারী, ''ব্যাঙ্কক পোষ্ট''-এর এক খবরে জানা যায় ''আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান বলেছেন যে ৩১৩টি আসনবিশিষ্ট জাতীয় পরিষদের মধ্যে তাঁর দলটির স্পষ্ট সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। যদি পশ্চিম পাকিস্তান তার দলের ৬ দফা কার্যসূচী পুরোপুরি মেনে না নেয়, তাহলে তিনি একাই শাসনতন্ত্র প্রণয়ন করবেন।

১৯৭১ সালের ১৩ই ফেব্রুয়ারী জাতীয পরিষদের অধিবেশন আহ্বান করা হয়। এতে বলা হয় যে আগামী ৩রা মার্চ ঢাকায় অধিবেশন শুরু হবে। ১৯৭১ সালের ১৪ই ফ্রেব্রুয়ারী পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান ঘোষণা করেন যে ''সংখ্যাগরিষ্ঠ দলের কাছ থেকে কিছুটা পারস্পরিক আদান-প্রদানের'' আশ্বাস না পেলে, তাঁর দল অধিবেশনে যোগদান করবে না।

তিনি আরো বলেনঃ ''আমার মনে হয় আমরা এমন কিছু করতে পারি যা আমাদের উভয়কেই খুশী করবে। কিন্তু যে শাসনতন্ত্র ইতিমধ্যেই আওয়ামী লীগ প্রণয়ন করে ফেলেছে এবং যে শাসনতন্ত্রের কোথাও এক চুল পরিমাণ কোন অদলবদল করা চলবে না, সেই শাসনতন্ত্রকে শুধু মেনে নেওয়ার জন্যই যদি আমাদের ঢাকায় যেতে বলা হয়, তাহলে আপনারা আমাদের ঢাকায় দেখবেন না।'' ১৯৭১ সালের ২১শে ফেব্রুয়ারী শেখ মুজিবুর রহমান বলেন- ''আমাদের ভূমিকা অত্যন্ত পরিষ্কার। ৬ দফা ভিত্তি করেই শাসনতন্ত্র প্রণয়ন করা হবে।''

পাঁচটি ফেডারেটিং ইউনিট সমন্বিত পাকিস্তান ফেডারেশনের জন্য জাতীয় পরিষদ একটি শাসনতন্ত্র প্রণয়ন করবে। কোন ইউনিট এককভাবে তার ইচ্ছে অন্য চারটি ইউনিটের উপর চাপাতে পারবে না। ফেডারেশনের অন্য সব ইউনিটের পক্ষে শাসনতন্ত্রটি গ্রহণযোগ্য করতে হলে শাসনতন্ত্র প্রণয়নের মূল নীতিগুলোর ব্যাপারে সব ইউনিটের মধ্যে মতৈক্যের একটা ব্যাপক ভিত্তি থাকা দরকার।

পূর্ব ও পশ্চিম পাকিস্তানের প্রধান রাজনৈতিক দলগুলোর মধ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থা সৃষ্টি হওয়ার ফলে, এমন এক পরিস্থিতির উদ্ভব হয়েছে যে রাজনৈতিক দলগুলো যদি কোন সমাঝোতায় না আসেন, তাহলে জাতীয় পরিষদের পক্ষে কোন শাসনতন্ত্র প্রণয়ন করা সম্ভব হবে না এবং জাতীয পরিষদ বাতিল হয়ে যাবে। আর তাহলে ভোটদাতাদের আশা-আকাঙ্খা ও ক্ষমতা হস্তান্তরের সুপরিকল্পিত কার্যসূচী উভয়ই নিস্ফল হয়ে যাবে।

১৯৭১ সালের ১লা মার্চ প্রেসিডেন্ট একটি বিবৃতি দেন। সে বিবৃতিতে তিনি বলেন, পূর্ব ও পশ্চিম পাকিস্তানের নেতৃবৃন্দের রাজনৈতিক মোকাবিলা সারাদেশের উপর একটা বিষাদের ছায়া ফেলেছে। তিনি আরো বলেন যে- ''সংক্ষেপে পরিস্থিতিটা এই যে পশ্চিম পাকিস্তানের প্রধান দলটি এবং অন্যান্য কয়েকটি রাজনৈতিক দল ১৯৭১ সালে ৩রা মার্চ ঢাকায় অনুষ্ঠিত জাতীয় পরিষদের অধিবেশনে যোগদান করার ইচ্ছে নেই বলে ঘোষণা করেছেন। এর মধ্যে আবার হিন্দুস্তান যে উত্তেজনাপূর্ণ পরিস্থিতির সৃষ্টি করেছে তা গোটা ব্যাপারটাকে আরো জটিল করে তুলেছে। সে জন্য আমি জাতীয় পরিষদের অধিবেশন আহ্বানের তারিখ পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি।''

''আমি বার বার বলেছি যে শাসনতন্ত্র একটা সাধারণ আইন নয় বরং এক সঙ্গে বসবাস করার একটা চুক্তি। সুতরাং সুষ্ঠু ও প্রয়োগযোগ্য একটি শাসনতন্ত্রের জন্য যা প্রয়োজন তা হচ্ছে- শাসনতন্ত্র প্রণয়নে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের যথাযথ পরিমাণে অংশগ্রহণের উপলব্ধি।''

জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত করার সাথে পরিষ্কারভাবে আশ্বাসও দেওয়া হলো যে শাসনতন্ত্র প্রণয়নের জন্য পূর্ব উল্লেখিত পরিস্থিতি অনুকূল হলেই জাতীয় পরিষদের অধিবেশন ডাকা হবে। ক্ষমতা হস্তান্তরই আমাদের চরম লক্ষ্য- আর তা সবকিছুর উর্ধ্বে।

শেখ মুজিবুর রহমান এর জবাব দিলেন সাধারণ ধর্মঘট আহ্বান করে। ১৯৭১ সালের ২রা মার্চের বিবৃতিতে তিনি বলেন- ''এই গুরুত্বপূর্ণ সময়ে সরকারী কর্মচারীসহ, জীবনের প্রতিটি ক্ষেত্রে বাঙালীর পবিত্র কর্তব্য হচ্ছে- গণবিরোধী শক্তির সঙ্গে সহযোগিতা না করা। অধিকন্তু তাদের উচিত সবটুকু শক্তি দিয়ে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র ব্যর্থ করে দেওয়া।''

আওয়ামী লীগের ধর্মঘটের আহ্বান ও ভীতি প্রদর্শনের অভিযান সারা পূর্ব পাকিস্তানের স্বাভাবিক জীবনকে পঙ্গু করে দিলো। আইন ও শৃঙ্খলার দ্রুত অবনতি ঘটতে লাগলো। (এসব ঘটনার বিস্তারিত বিবরণ এই শ্বেতপত্রের তৃতীয় অধ্যায়ে পাওয়া যাবে)।

শাসনতান্ত্রিক সঙ্কটের সমাধান করার উদ্দেশ্যে, ১৯৭১ সালের ৩রা মার্চ- প্রেসিডেন্ট জাতীয় পরিষদের পার্লামেন্টারী গ্রুপের ১২ জন নির্বাচিত সদস্যকে ১৯৭১ সালের ১০ই মার্চ ঢাকায় মিলিত হবার আমন্ত্রণ জানালেন। সে সম্মেলনে যে সব নেতৃবৃন্দকে আমন্ত্রণ জানানো হয়েছিলো তাঁরা হচ্ছেনঃ

১. শেখ মুজিবুর রহমান (আওয়ামী লীগ)।
২. জনাব জুলফিকার আলী ভুট্টো (পাকিস্তান পিপলস পার্টি) ।
৩. খান আবদুল কাইয়ুম খান (পাকিস্তান মুসলিম লীগ)।
৪. জনাব নূরুল আমীন (পাকিস্তান ডেমোক্র্যাটিক পার্টি)।
৫. মিয়া মমতাজ দৌলতানা (কাউন্সিল মুসলিম লীগ)।
৬. খান আবদুল ওয়ালী খান (ন্যাশনাল আওয়ামী পার্টি)।
৭. মওলানা মুফতী মাহমদ (জামিয়াত-উল-উলামা-ইসলাম)।
৮. মওলানা শাহ আহমদ নুরানী (জামিয়াত-উল-উলামা-ই-পাকিস্তান)।
৯. জনাব আবদুল গফুর আহমদ (জামাত-ই-ইসলামী)।
১০. জনাব মোহাম্মদ জামাল কোরেজা (পাকিস্তান মুসলিম লীগ- কনভেনশন)।
১১. মেজর জেনারেল জামাল দার সীমান্ত এলাকার।
১২. মালিক জাহাঙ্গীর খান প্রতিনিধি।

প্রেসিডেন্ট ভবন থেকে ঘোষণায় আরো বলা হয়- ''সম্মেলনের পর সপ্তাহ দুয়েকের মধ্যে জাতীয় পরিষদের অধিবেশনে বসা কেন যে সম্ভব হবে না প্রেসিডেন্ট তার কারণ দেখছেন না।''

শেখ মুজিবুর রহমান একই দিন সন্ধ্যায় প্রেসিডেন্টের আমন্ত্রণ প্রত্যাখ্যানের কথা ঘোষণা করেন।

সারা পূর্ব পাকিস্তানে অরাজকতা বৃদ্ধি এবং জান-মালের বিপুল ক্ষতি সাধিত হতে থাকে। শেখ মুজিবুর রহমান ''সহিংস অসহযোগ আন্দোলন'' সাফল্যমণ্ডিত করার জন্যে বিভিন্ন নির্দেশ জারী করা শুরু করেন। তিনি খাজনা-বন্ধ অভিযানের কথাও ঘোষণা করেন।

১৯৭১ সালের ৬ই মার্চ তারিখে জাতির উদ্দেশে প্রদত্ত বেতার ভাষণে প্রেসিডেন্ট ঘোষণা করেন যে, জাতীয় পরিষদের উদ্বোধনী অধিবেশন ১৯৭১ সালের ২৫শে মার্চে অনুষ্ঠিত হবে। ব্যাপক ঐকমত্য ছাড়া পাকিস্তানের শাসনতন্ত্র প্রণীত হলে তার কর্মক্ষমতা সম্পর্কে যারা সন্দেহ পোষণ করেন তাঁদের উদ্দেশ্যে প্রেসিডেন্ট বলেন, ''আমি এ কথা পরিষ্কার বলে দিতে চাই যে, পর কি ঘটবে তাতে কিছু যায় আসে না কিন্তু পাকিস্তান সশস্ত্রবাহিনী যতদিন আমার কমান্ডে আছে এবং যতদিন আমি রাষ্ট্রপ্রধান আছি ততদিন আমি পাকিস্তানের পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের লক্ষ লক্ষ মানুষের কাছে এ দেশ রক্ষা করার দায়িত্ব আমার রয়েছে। দেশবাসী আমার কাছ থেকে তা আশা করে এবং আমি তাদের নিরাশা করবো না।

১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকায় এক জনসভায় শেখ মুজিবুর রহমান তাঁর চার দফা দাবী পেশ করেন এবং তা আওয়ামী লীগ কর্তৃক ২৫ মার্চ জাতীয় পরিষদ অধিবেশনে যোগদানের প্রশ্ন বিবেচনার পূর্বশর্ত হিসেবে আরোপ করেন।

বিদেশী পত্র-পত্রিকায় ১৯৭১ সালের ফেব্রুয়ারী মার্চ মাসে পূর্ব পাকিস্তানের পরিস্থিতি সম্পর্কে যে সব খবর বেরিয়েছে তাতে তার একটা পরিষ্কার চিত্র পাওয়া যায়। ২৩ শে ফেব্রুয়ারীতে ''লন্ডন টাইমস'' লিখেছেন, শেখ মুজিবুর রহমান জনগণের উদ্দেশ্যে প্রদত্ত বিবৃতিতে 'পূর্ব পাকিস্তানে'র পরিবর্তে 'বাঙালী' জাতির কথা উল্লেখ করেন। 'লিভারপুল ডেইলী পোস্ট' ১৯৭১ সালের ২৪শে ফেব্রুয়ারী সংখ্যায় লিখেছেন, ''হোয়াইট হলে এখন আশঙ্কা করা হচ্ছে যে, পাকিস্তান দ্বিখণ্ডিত হয়ে যেতে পারে অর্থাৎ পূর্ব পাকিস্তান নিজেকে স্বাধীন বাঙালী মুসলিম প্রজাতন্ত্র বলে ঘোষণা করবে। আওয়ামী লীগ নেতা শেখ মুজিব জাতীয় পরিষদের ৩০০টি আসনের মধ্যে ১৬৭টি লাভ করে এখন আর পূর্ব পাকিস্তানের কথা বলছেন না, বলছেন বাঙালা প্রজাতন্ত্রের কথা। হোয়াইট হলে এটা অনুধাবন করা হচ্ছে যে, ব্রিটিশ সরকার একটি কমনওয়েলথভুক্ত দেশবিভক্তির মারাত্মক সম্ভাবনার মুখোমুখি হচ্ছেন।''

''ওয়াশিংটন পোস্ট'' ১৯৭১ সালের ৩রা মার্চ তারিখে শেখ মুজিবুর রহমানের ২রা মার্চের সাংবাদিক সম্মেলনের খবর প্রকাশ করেন। পত্রিকাটি তাতে লিখেছেন, ''আওয়ামী লীগের প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমান ঢাকায় তাড়াহুড়ো করে এক সাংবাদিক সম্মেলন ডেকে বলেন, আওয়ামী লীগ মার্চ মাসের ৭ তারিখে একটি জনসভা অনুষ্ঠান করবে এবং এই সভায় তিনি বাংলার জনগণের আত্মনিয়ন্ত্রণ অধিকার অর্জনের কর্মসূচী প্রদান করবেন। তিনি স্বাধীনতা দাবী করবেন কিনা একথা জিজ্ঞেস করা হলে তিনি বলেন, ''অপেক্ষা করুন।'' এমন কি এর আগেও ১৯৭০ সালের ২৭শে নভেম্বর তারিখে সাংবাদিকদের সঙ্গে আলোচনা প্রসঙ্গে তিনি বলেছিলেন, ''স্বাধীনতা, না এক্ষুনি নয়।''

লন্ডনের ''ডেইলী টেলিগ্রাফ'' ১৯৭১ সালের ৯ই মার্চ সংখ্যায় লিখলেন, ''শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের স্বাধীনতা এক রকম ঘোষণাই করেছেন, ২৫শে মার্চ জাতীয় পরিষদ অধিবেশনে যোগদানের পূর্বশর্ত হিসেবে প্রদত্ত ৪ দফা দাবীর মধ্যেই এ কথা লুক্কায়িত রয়েছে, কাজে কাজেই প্রেসিডেন্ট ইয়াহিয়া খান পারেন না এসব দাবী পূরণ করতে। আওয়ামী লীগ নেতা শেখ মুজিব তাঁর আন্দোলনকে ''স্বাধীনতার আন্দোলন' বলে অভিহিত করে জাতীয় পরিষদে সহযোগিতার জন্য বিভিন্ন শর্ত আরোপ করেন যা প্রেসিডেন্ট ইয়াহিয়া খান মেনে নিতে পারেন না।'' একইদিনে 'ডেইলী টেলিগ্রাফ'' এক সম্পাদকীয় নিবন্ধে বলেন, ''আমরা ইতিমধ্যেই পৃথক রাষ্ট্র হিসেবে পূর্ব পাকিস্তানের সম্ভাব্য নামকরণ শুনছি যা 'বাংলাদেশ' কিংবা 'বঙ্গভূমি' হতে পারে। এর পতাকাও বানানো হয়ে গেছে।

১৯৭১ সালের ১৩ই মার্চে ''লন্ডন ইকোনমিস্ট'' লিখেছেন, প্রেসিডেন্ট কর্তৃক ২৫শে মার্চ তারিখে গণপরিষদের অধিবেশন আহবানের জবাবে তিনি (শেখ মুজিব) চারটি শর্ত আরোপ করেন যা তাঁর এবং আওয়ামী

লীগের অধিবেশনে যোগদানের পূর্বেই পূরণ করতে হবে। এর মধ্যে দুটি শর্ত যেমন, 'অবিলম্বে সামরিক আইন প্রত্যাহার' এবং নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর' কার্যত প্রেসিডেন্ট কর্তৃক মেনে নেয়া অসম্ভব। প্রেসিডেন্ট ইয়াহিয়া এর পরিস্থিতির একটা নিষ্পত্তি করা উদ্দেশ্যে শেখ মুজিবুর রহমানের সঙ্গে আলোচনায় মিলিত হবার জন্যে (যেটা হয়তো তাঁর শেষ বৈঠকও হতে পারে) খুব শিগগিরই ঢাকা যাচ্ছেন।''

১৯৭১ সালের ১৫ই মার্চ অর্থাৎ যেদিন প্রেসিডেন্ট ইয়াহিয়া খান আওয়ামী লীগের সঙ্গে শাসনতান্ত্রিক ব্যাপারে আরো আলাপ-আলোচনার জন্যে ঢাকা গমন করলেন সেদিন ''টাইম'' সাময়িকী নিউইয়র্ক থেকে লিখলেন, আসন্ন বিভক্তির (পাকিস্তানকে দুটি পৃথক রাষ্ট্রে পরিণতকরণ) পশ্চাতে যে মানবটি রয়েছেন তিনি হচ্ছেন শেখ মুজিবুর রহমান (মুজিব)। গত সপ্তাহে ঢাকায় শেখ মুজিব ''টাইম'' এর সংবাদদাতা ডন কগিনকে বলেন, বর্তমানে পাকিস্তানের মৃত্যু হয়েছে, সমঝোতার আর কোন আশা নেই। তিনি পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জন্যে পৃথক পৃথক শাসনতন্ত্র প্রণয়নের কথা বলেন এবং জানান যে তার অনুগামীরা কেন্দ্রীয় সরকারের কর দিতে অস্বীকার করেছে যা কিনা পশ্চিম পাকিস্তানে অবস্থিত। মনে হচ্ছে তিনি তাঁর ভাষায় 'বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার দ্বারপ্রান্তে উপনীত হয়েছেন।

এর দু'দিন আগে পূর্ব পাকিস্তানের এই নেতা পশ্চিম পাকিস্তানীদের সম্পর্কে বলেন, ''আমি তাদেরকে পঙ্গু করে দেব এবং তাদেরকে নতি স্বীকার করতে বাধ্য করবো।'' এর ধরনের একটি বিবৃতির পর সোজাসুজি স্বাধীনতা ঘোষণা আর অতি নাটকীয় কিছু নয়।

দ্বিতীয় অধ্যায়

সংকট ঘনীভূত হলো

১৯৭১ সালের ১৫ই মার্চ পূর্ব পাকিস্তানের অবস্থা ছিলো এইঃ

(১) আওয়ামী লীগের বিচ্ছিন্নতাবাদীদের কার্যকলাপের দরুন আইন-শৃঙ্খলা সম্পূর্ণভাবে বিশৃংখল হয়ে পড়েছিলো।

(২) ব্যাপক অগ্নিসংযোগ ও লুটপাট ছাড়াও, আওয়ামী লীগের হিংসাত্মক কার্যকলাপ আরও বিপজ্জনক হয়ে দাঁড়ালো। ভিন্নমত পোষণকারীদের তারা আক্রমণ করলো। ৩রা মার্চ চট্রগ্রামে ও ৫ই মার্চ খুলনায় আক্রমণের ফলে শত শত লোক হতাহত হলো।

(৩) শেখ মুজিবুর রহমান কেন্দ্রীয় সরকার ও প্রাদেশিক সরকারকে প্রকাশ্যভাবে চ্যালেঞ্জ করে, একের পর এক এমন কতকগুলো নির্দেশ জারী করলেন, যার ফলে প্রশাসন, যোগাযোগ ও ব্যবসা-বাণিজ্য ব্যাহত হলো।

(৪) পূর্ব পাকিস্তানের পূর্ব ও পশ্চিম উভয় সীমান্তে হিন্দুস্তানী সৈন্য সমাবেশ বৃদ্ধি পেলো।

এই শ্বেতপত্রের পরবর্তী অধ্যায়ে এই ঘটনাবলীর বিশদ বিবরণ দেওয়া হলো। শেখ মুজিবুর রহমান ৭ই মার্চের ৪ দফা দাবী তার বিচ্ছিন্নতার স্পষ্ট অভিপ্রায়কে আরও স্পষ্টতর করলো। তা সত্ত্বেও পাকিস্তানের প্রেসিডেন্ট আর একদফা শাসনতান্ত্রিক আলোচনা জন্যে ১৫ই মার্চ ঢাকা গেলেন।

শেখ মুজিবের ৭ই মার্চের ৪ দফা দাবী ছিলো এইঃ

(১) অবিলম্বে সামরিক শাসন প্রত্যাহার করা;

(২) অবিলম্বে সব সৈন্যবাহিনীকে ব্যারাকে ফিরিয়ে নেওয়া;

(৩) প্রাণহানি সম্পর্কে তদন্ত, এবং

(৪) জনগণের নির্বাচিত প্রতিনিধিদের কাছে অবিলম্বে ক্ষমতা হস্তান্তর (জাতীয় পরিষদের অধিবেশনের পূর্বেই)।

এখানে উল্লেখযোগ্য যে আওয়ামী লীগ নেতা কিন্তু এমন কোন আশ্বাস দেননি যে এই দাবীগুলো মেনে নিলেই তিনি ২৫শে মার্চ তারিখে প্রেসিডেন্ট কর্তৃক আহূত জাতীয় পরিষদ অধিবেশনে যোগ দেবেন। এক বিবৃতিতে তিনি বলেনঃ এই শর্তগুলো গ্রহণ করা হলে, তখন আমরা বিবেচনা করে দেখবো যে আমরা অধিবেশনে যোগ দেবো কিনা।''

১৬ই মার্চ ১৯৭১

শেখ মুজিবুর রহমান প্রেসিডেন্টের সংগে সাক্ষাৎ করলেন এবং তার ৪ দফা দাবী পেশ করলেন। এরপর তিনি আওয়ামী লীগ ''হাই কমান্ড''-এর সঙ্গে এক বৈঠকে মিলিত হলেন। সেইদিনই তিনি একটি বিবৃতি দিলেন। তাতে ''পূর্ব পাকিস্তানের প্রতিটি গৃহকে এক একটি দুর্গে পরিণত করার জন্য'' পুনরায় আহ্বান জানানো হলো।

১৭ই মার্চ, ১৯৭১

প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমানের সংগে দ্বিতীয় দফা বৈঠকে মিলিত হলেন। প্রেসিডেন্ট বললেন, যথাসম্ভব শীঘ্র জনগণের নির্বাচিত প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের মত তিনি সর্বদাই পোষণ করে আসছেন।

সেইদিন সন্ধ্যায় আওয়ামী লীগের একটি টীম প্রেসিডেন্টের সাহায্যকারীদের সংগে সাক্ষাৎ করলেন। আওয়ামী লীগের এই টীমে ছিলেন সৈয়দ নজরুল ইসলাম, জনাব তাজউদ্দিন আহমদ ও ডক্টর কামাল হোসেন। ক্ষমতা হস্তান্তরের পদ্ধতি এই বৈঠকে আলোচিত হলো। এতে একটি সামরিক আইন বিধির খসড়া প্রস্তুত করা হলো। এই আইন বিধিতে ব্যবস্থা করা হলো যে জনগণের নির্বাচিত প্রতিনিধিদের মধ্য থেকে সদস্য বাছাই করে একটি উজীর-সভা গঠিত হবে। এই উজীর-সভা প্রাদেশিক গভর্নরকে তাঁর কর্তব্যপালনে সাহায্য করবেন এবং পরামর্শ দেবেন। এই সামরিক আইন বিধিতে এমন ব্যবস্থাও রাখা হলো যে সামরিক আইন কার্যকারী থাকবে অন্তরাল থেকে।

এই সময়ে 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক একটি আদেশ জারী করলেন। এই আদেশ বলে একটি তদন্ত কমিশন নিয়োগ করা হলো। ১৯৭১ সালের ১লা মার্চ তারিখে কোন পরিস্থিতিতে বেসামরিক কর্তৃপক্ষের সাহায্যের জন্য সৈন্যবাহিনী তলব করা হয়েছিলো- সে সম্পর্কে তদন্ত করার জন্য এই কমিশন নিয়োগ করা হলো। শেখ মুজিবের ৪ দফা দাবীর অন্তর্গত তৃতীয় দফার পরিপ্রেক্ষিতে এই ব্যবস্থা গ্রহণ করা হলো।

সামরিক আইন বিধিতে ব্যবস্থা করা হলো যে পূর্ব পাকিস্তান হাইকোর্টের প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত একজন বিচারপতি এই কমিশনের প্রধান হবেন। এতে ৪ জন সদস্য থাকবেন। এই ৪ জন সদস্য নেওয়া হবে পাকিস্তান সিভিল সার্ভিস, পাকিস্তান পুলিশ সার্ভিস, পাকিস্তান সেনাবাহিনী ও পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনী থেকে।

১৮ই মার্চ, ১৯৭১

শেখ মুজিব তদন্ত কমিশন প্রত্যাখ্যান করে একটি বিবৃতি দিলেন। এই তদন্ত কমিশন ছিলো তাঁর ৭ই মার্চের ৪ দফা দাবীর তৃতীয় দফা। শেখ মুজিব বললেনঃ ''আমরা এ ধরনের একটি কমিশনকে গ্রহণ করতে পারি না। বাংলাদেশের লোকেরা এমন একটি কমিশনের সঙ্গে সহযোগিতা করবে না এবং এর সদস্যও হবে না।'' তিনি আরও বললেনঃ ''একটি সামরিক আইনবিধির অধীনে এই কমিশনের নিয়োগ, এবং সামরিক কর্তৃপক্ষের নিকট কমিশনের রিপোর্ট পেশ করার বিধান- দুটোই আপত্তিজনক।''

১৯শে মার্চ. ১৯৭১

শেখ মুজিবুর রহমান বেলা ১১টায় প্রেসিডেন্টের সংগে সাক্ষাৎ করলেন। তিনি পীড়াপীড়ি করলেন যে খসড়া সামরিক আইন বিধি চালু থাকাকালীন অন্তর্বর্তী সময়ের জন্য জাতীয় ও প্রাদেশিক পরিষদের হাতে আইন প্রণয়নের ক্ষমতা থাকতে হবে এবং কেন্দ্র ও প্রদেশে থাকবে এক একটি পূর্ণাঙ্গ প্রতিনিধিত্বমূলক সরকার। তিনি সামরিক আইন সম্পূর্ণভাবে প্রত্যাহার করারও দাবী জানালেন।

সেইদিন সন্ধ্যায় প্রেসিডেন্ট ও শেখ মুজিবুর রহমানের সহকারীদের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হলো। আওয়ামী লীগ টীমকে জানানো হলো যে ১৯৬৯ সালের ২৫শে মার্চের সামরিক আইন ঘোষণা যতি বাতিল করা হয় তাহলে যে দলিলের বলে কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার প্রতিষ্ঠিত হয়েছে, তার কোন আইনগত বৈধতা থাকবে না। সুতরাং দেশে সৃষ্টি হবে একটি শাসনতান্ত্রিক শূন্যতা। একথাও ব্যাখ্যা করা হলো যে জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খান প্রধান সামরিক শাসনকর্তার অধিকার বলেই প্রেসিডেন্টের পদেও অধিষ্ঠিত রয়েছেন।

জনাব তাজউদ্দীন আহমদ বললেন যে এগুলো রাজনৈতিক বিষয় এবং ''রাজনৈতিক পদ্ধতিতেই'' এগুলোর সামাধান হওয়া উচিত। ডক্টর কামাল হোসেন প্রস্তাব দিলেন যে জেনারেল এ এম, ইয়াহিয়া খান প্রধান সামরিক শাসনকর্তার ক্ষমতাবলী ত্যাগ করে পাকিস্তানের প্রেসিডেন্টের পদবী ও ক্ষমতাবলী গ্রহণ করতে পারেন।

এই বৈঠকের পর, আওয়ামী লীগের দাবী আইনগতভাবে যথাসম্ভব পূরণের উদ্দেশ্যে প্রেসিডেন্টের টীম অন্য একটি সামরিক আইন বিধির খসড়া প্রণয়ন করলেন। এই সামরিক আইন বিধিতে নিম্নলিখিত বিধানগুলো ছিলোঃ

(১) কেন্দ্রীয় ও প্রাদেশিক উজীর-সভা গঠন।
(২) জাতীয় ও প্রাদেশিক পরিষদসমূহকে ১৯৬২ সালের শাসনতন্ত্রের অধীনে আইন প্রণয়নের ক্ষমতা দান।
(৩) সামরিক আইন প্রশাসকের পদ ও সামরিক বিচারালয় ইত্যাদির বিলোপ সাধন।

কিন্তু আইনগত শূন্যতা যাতে ঘটতে না পারে, সে জন্য প্রধান সামরিক আইন প্রশাসকের পদ বহাল থাকবে। শাসনতান্ত্রিক অচলাবস্থা দূরীকরণের প্রচেষ্টায় প্রেসিডেন্ট ও শেখ মুজিবুর রহমানের সংগে সাক্ষাতের জন্য তিনজন পশ্চিম পাকিস্তানী নেতা সেইদিন ঢাকা পৌঁছলেন। এই নেতৃবৃন্দ হচ্ছেন- কাউন্সিল মুসলিম লীগের মিয়া মমতাজ মোহাম্মদ খান দৌলতানা ও সর্দার শওকত হায়াত খান এবং জমিয়তে উলেমায়ে ইসলামের মওলানা মুফতী মাহমুদ।

২০শে মার্চ, ১৯৭১

আওয়ামী লীগ জয়দেবপুর সামরিক সরবরাহ বহনকারী একটি কনভয়কে বাধা দিয়ে এবং চট্টগ্রামে পাকিস্তানী জাহাজ ''এম ভি, সোয়াভ' এর চলাচল ব্যাহত করে যে সাংঘাতিক উস্কানীকে প্রশ্রয় দিলো- তা সত্ত্বেও প্রেসিডেন্ট তাঁদের সংগে রাজনৈতিক আলোচনা অব্যাহত রাখলেন। বেলা ১০টায় প্রেসিডেন্টের সংগে শেখ মুজিবুর রহমানের একটি বৈঠক অনুষ্ঠিত হলো। প্রেসিডেন্টের সংগে ছিলেন তাঁর উপদেষ্টাবৃন্দ। শেখ মুজিবুর রহমানের সংগে ছিলেন সৈয়দ নজরুল ইসলাম, খন্দকার মুশতাক আহমদ, ক্যাপ্টেন মনসুর আলী, জনাব তাজউদ্দিন আহমদ, জনাব এ, এইচ, এম, কামরুজ্জামান ও ডক্টর কামাল হোসেন।

প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমানকে স্পষ্টভাবে জানালেন যে শামিত্বপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের উদ্দেশ্যে কোন পরিকল্পনা নীতিগতভাবে গৃহীত হওয়ার পূর্বে সে বিষয়ে সকল রাজনৈতিক নেতার দ্ব্যর্থহীন ঐকমত্য প্রতিষ্ঠিত হওয়া একান্ত প্রয়োজন। তাহলেই তিনি কোন পরিকল্পনার ব্যাপারে নীতিগতভাবে সম্মত হওয়ার কথা বিবেচনা করতে পারেন।

প্রেসিডেন্টের উপদেষ্টারা মত প্রকাশ করলেন যে, কোন দলিলের বলে সামরিক আইনের সম্পূর্ণ বিলোপ সাধান করে জেনারেল এ,এম, ইয়াহিয়া খান পাকিস্তানের প্রেসিডেন্টের পদবী ও ক্ষমতাবলী গ্রহণ করলে- সে দলিলটির কোন আইনগত বৈধতা থাকবে না। প্রেসিডেন্ট শেখ মুজিব ও তাঁর সহকারীদের কাছে ব্যাখ্যা করলেন যে, প্রস্তাবিত ঘোষণাটির পেছনে কোন আইনগত বৈধতা থাকবে কিনা তা আইন বিশেষজ্ঞদের দ্বারা পরীক্ষা করিয়ে নিতে হবে। আওয়ামী লীগ তাদের মতের সমর্থনে একজন শাসনতান্ত্রিক বিশেষজ্ঞকে (জনাব এ কে ব্রোহী) পেশ করার ভার নিলেন। প্রেসিডেন্টের উপদেষ্টাবৃন্দ ও শেখ মুজিবের সহকারীদের মধ্যে পরবর্তী আলোচনার জন্য নিম্নলিখিত নীতিগুলো গৃহীত হলোঃ

১. সামরিক আইন প্রত্যাহার করা হবে।
২. কেন্দ্রীয় ও প্রাদেশিক উজীর-সভা গঠনের ব্যবস্থা করতে হবে।
৩. পূর্ব ও প্রাদেশিক পরিষদসমূহের হাতে আইন প্রণয়নের ক্ষমতাও থাকতে হবে।
৪.পূর্ব পাকিস্তানের ভৌগোলিক অবস্থানের পরিপ্রেক্ষিতে, অন্যান্য প্রদেশের তুলনায় পূর্ব পাকিস্তানকে অধিকতর স্বায়ত্তশাসন দিতে হবে।
৫. এই সব ব্যবস্থার বাস্তবায়নের পদ্ধতি সম্পর্কে আরও আলোচনা অনুষ্ঠিত হবে।

একথা উল্লেখ করা হলো যে, যে দলিলটির দ্বারা এইসব ব্যবস্থার বাস্তবায়ন কার্যকরী করা হবে, সে দলিলটি জাতীয় পরিষদ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত সামরিক আইন বলবৎ রাখতে হবে। এটা আইনগত প্রয়োজন। শেখ মুজিবুর রহমান এতে সম্মত হলেন না।

সেইদিন প্রেসিডেন্টের পক্ষ থেকে জারী করার উদ্দেশ্যে একটি ঘোষণার খসড়া প্রস্তুত করা হলো। প্রস্তাবিত দলিলটি যাতে একটি সামরিক আইনবিধির আকারে জারী না করা হয়, এটা আওয়ামী লীগের দাবী ছিলো। আওয়ামী লীগের এই দাবী পূরণের উদ্দেশ্যে প্রেসিডেন্টের ঘোষণার খসড়া প্রস্তুত করা হলো। নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর সম্পর্কিত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ের সমাধানের জন্যও খসড়া ঘোষণাটিকে একটি মৌখিক দলিল হিসেবে গণ্য করা হবে বলে সাব্যস্ত করা হলো। এই ধরনের একটি ঘোষণার কোন আইনগত বৈধতা থাকবে কিনা, এই মূল প্রশ্নটি আওয়ামী লীগের শাসনতান্ত্রিক বিশেষজ্ঞের সংগে আলোচনার পর নির্ধারণ করা হবে বলে স্থির করা হলো।

সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ আইনগত বৈধতাসূচক প্রশ্নটির সমাধানসাপেক্ষ, খসড়া ঘোষণার অন্তর্ভূক্ত প্রধান বিষয়গুলো ছিলোঃ

(১) প্রাদেশিক উজীর-সভার সদস্য যেদিন শপথ গ্রহণ করবেন, সেইদিন থেকে ১৯৬৯ সালের ২৫শে মার্চের সামরিক আইন ঘোষণা বাতিল বলে গণ্য হবে।

(২) ঘোষণার জন্য প্রয়োজনীয় সংশোধনের পর, ১৯৬৯ সালের ৪ঠা এপ্রিলের অস্থায়ী শাসনতন্ত্র আদেশ অর্ন্তবর্তীকালীন সময়ের জন্য পাকিস্তানের শাসনতন্ত্ররুপে গণ্য হবে।

(৩) ঘোষণা জারী হওয়ার অব্যবহিত পূর্বে যিনি প্রেসিডেন্টের পদে অধিষ্ঠিত থাকবেন, অন্তর্বতীকালীন সময়েও তিনিই প্রেসিডেন্টের পদে অধিষ্ঠিত থাকবেন।

(৪) প্রেসিডেন্ট হবেন রাষ্ট্রের প্রশাসনিক প্রধান। ১৯৬২ সালের শাসনতন্ত্রের সংগে সামঞ্জস্যপূর্ণ অস্থায়ী শাসনতন্ত্র আদেশের বিধানসমূহের আওতায় তিনি প্রেসিডেন্টের সমস্ত ক্ষমতা প্রয়োগ করবেন ও কর্তব্য পালন করবেন। ১৯৬২-এর শাসনতন্ত্রকে এরপর 'প্রাক্তন শাসনতন্ত্র' রূপে উল্লেখ করা হয়েছে।

(৫) পূর্ব ও পশ্চিম পাকিস্তানের রাজনৈতিক দলসমূহ থেকে সদস্য বাছাই করে একটি কেন্দ্রীয় উজীর-সভা গঠন করা হবে।

(৬) প্রাক্তন শাসনতন্ত্রের অধীনে জাতীয় পরিষদের দায়িত্বসমূহ, আইন কাঠামো আদেশে উল্লিখিত জাতীয় পরিষদ কর্তৃক পালিত হবে।

(৭) প্রাক্তন শাসনতন্ত্রে সন্নিবিষ্ট তৃতীয় তফশীলে উল্লিখিত সমস্ত বিষয়ে আইন প্রণয়নের নিরংকুশ ক্ষমতা থাকবে কেন্দ্রীয় আইন পরিষদের হাতে। তবে এ ব্যাপারে পূর্ব পাকিস্তানের ক্ষেত্রে কিছু ব্যতিক্রম থাকবে। এ সম্পর্কে সীমারেখা ও পরিবর্তন স্থির করা হবে। তৃতীয় তফশীলে আইন প্রণয়নে কেন্দ্রের নিরংকুশ ক্ষমতা ও কেন্দ্রীয় বিষয়সমূহের তালিকা আছে।

(৮) প্রাক্তন শাসনতন্ত্রের অধীনে প্রাদেশিক পরিষদের দায়িত্বসমূহ, আইন কাঠামো আদেশের অধীনে নির্বাচিত প্রাদেশিক পরিষদ সদস্যগণ কর্তৃক পালিত হবে ও পরে পূর্ব পাকিস্তানের ক্ষেত্রে জাতীয় পরিষদ কর্তৃক আইন প্রণয়নের ব্যাপারে যে ব্যতিক্রমের কথা উল্লেখ করা হয়েছে, সেই অনুসারে, যেসব বিষয়ে আইন প্রণয়নে জাতীয় পরিষদের ওপর সীমারেখা আরোপ করা হবে সেই সব বিষয়ে আইন প্রণয়নের অতিরিক্ত ক্ষমতা থাকবে পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের হাতে।

(৯) প্রেসিডেন্ট প্রদেশের পার্লামেন্টারী গ্রুপসমূহের নেতাদের সঙ্গে পরামর্শক্রমে প্রাদেশিক গভর্নর নিযুক্ত করবেন। প্রেসিডেন্ট যতদিন গভর্নরের প্রতি তুষ্ট থাকবেন, ততোদিন পর্যন্ত গভর্ণর তাঁর পদে বহাল থাকবেন।

(১০) প্রত্যেক প্রদেশে গভর্নরকে তাঁর কর্তব্য পালনে সাহায্য করার জন্য একটি উজীর সভা থাকবে এবং মুখ্য-উজীর এই উজীর সভার প্রধান থাকবেন। অবশ্য প্রাদেশিক পরিষদের সদস্য কিংবা জাতীয় পরিষদের সদস্য কিংবা জাতীয় পরিষদের সদস্য পদে নির্বাচিত কোন ব্যক্তি ছাড়া কাউকেই উজীর নিযুক্ত করা যাবে না।

(১১) ঘোষণা প্রচারের ৭ দিনের মধ্যে ঢাকা ও ইসলামাবাদে একটি করে দুটি কমিটি গঠন করা হবে। কমিটি দুটো পাকিস্তানের প্রত্যেক প্রদেশের জন্য যেসব বিশেষ ধারার প্রয়োজন রয়েছে তা তৈরী করবেন এবং এসব ধারা পরে জাতীয় পরিষদের তৈরী করা শাসনতন্ত্রের অন্তর্ভূক্ত করা হবে।

(১২) উপরোক্ত কমিটি দুটোর রিপোর্ট পাওয়ার পর প্রেসিডেন্ট পাকিস্তানের জন্য একটি শাসনতন্ত্র তৈরীর উদ্দেশ্য তাঁর বিবেচনামত উপযুক্ত তারিখ সময় ও স্থানে জাতীয় পরিষদের অধিবেশন ডাকবেন।

(১৩) কোন প্রদেশের গভর্নরের রিপোর্টের মাধ্যমে কিংবা অন্য কোন উপায়ে যখনই প্রেসিডেন্টের মনে হবে যে, এমন একটা পরিস্থিতির উদ্ভব হয়েছে যে সেই প্রদেশের সরকারকে দিয়ে কাজ চালানো যাচ্ছে না প্রেসিডেন্ট এক ঘোষণার মাধ্যমে সংশ্লিষ্ট প্রদেশের কার্যনির্বাহী সরকারের সব কিংবা যে কোন ক্ষমতা নিজে গ্রহণ করতে পারবেন।

একই দিন (২০শে মার্চ, ১৯৭১) কাউন্সিল মুসলিম লীগ এবং জমিয়তে উলামার নেতারা শেখ মুজিবুর রহমানের সঙ্গে পৃথক পৃথক বৈঠকে মিলিত হন।

২১শে মার্চ, ১৯৭১

শেখ মুজিবুর রহমান জনাব তাজুদ্দীনকে সঙ্গে নিয়ে প্রেসিডেন্টের সঙ্গে এক অনির্ধারিত বৈঠকে মিলিত হন। তিনি উল্লেখ করেন যে, কেন্দ্রীয় উজীর সভা গঠিত হোক এটা তিনি এখন আর চান না। উদ্দেশ্য ও বক্তব্য পেশের এই পরিবর্তন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। আওয়ামী লীগ তাদের খসড়া ঘোষণার আইনগত বৈধতা প্রতিষ্ঠার জন্য শাসনতান্ত্রিক বিশেষজ্ঞ আনার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তাও কার্যকরী করতে ব্যর্থ হন।

প্রেসিডেন্টের আমন্ত্রণে পাকিস্তানে পিপলস পার্টির চেয়ারম্যান জনাব জুলফিকার আলী ভুট্টো তাঁর সহকারীদের সঙ্গে নিয়ে ঢাকায় এলেন।

২২শে মার্চ, ১৯৭১

যদিও শেখ মুজিবুর রহমান ভুট্টোর সঙ্গে আলাপ-আলোচনার জন্য মিলিত হতে প্রকাশ্যভাবে অস্বীকৃতি ঘোষণা করেন তবুও প্রেসিডেন্ট তাঁর সঙ্গে একটি যৌথ বৈঠক অনুষ্ঠানের জন্য উভয় নেতার উপর তাঁর প্রভাব খাটান। বৈঠক শেষে শেখ মুজিবুর রহমানের অনুরোধ ১৯৭১ সালের২৫শে মার্চ জাতীয় পরিষদ অধিবেশন শুরু করার যে আদেশ প্রেসিডেন্ট দিয়েছিলেন তা বাতিল করা হয়। এটা সাব্যস্ত হয় যে, প্রস্তাবিত ঘোষণাকে আইনগত দিক থেকে বৈধ করার জন্য ১৯৭১ সালের ২ এপ্রিল জাতীয় পরিষদের অধিবেশন ডাকা যেতে পারে। কিন্তু আওয়ামী লীগ তা গ্রহণ করেননি।

একই দিন সন্ধ্যায় বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ ঘোষণা করেন যে, সারা পাকিস্তানে ২৩শে মার্চ তারিখে যে পাকিস্তান দিবস পালন করা হয় তা এবার পূর্ব পাকিস্তানের 'প্রতিরোধ দিবস' হিসেবে পালিত হবে।

প্রেসিডেন্ট মিয়া মমতাজ মুহম্মদ খান দৌলতানা, সরদার শওকত হায়াৎ, মওলানা মুফতি মাহমুদ, খান আবদুল ওয়ালী খান এবং মীর গৌস বক্স বিজেঞ্জোর সঙ্গেও মিলিত হন। তিনি তাঁদেরকে একটা রাজনৈতিক সমঝোতায় উপনীত হওয়ার চেষ্টা করার জন্যে শেখ মুজিবুর রহমানের সঙ্গে দেখা করতে বলেন।

এদিকে সংশোধিত খসড়া ঘোষণাটির বিভিন্ন বিষয় বিবেচনার কাজকে সহজতর করার উদ্দেশ্য ঘোষণাটি পূর্বাহ্নেই জনাব জুলফিকার আলী ভুট্টো এবং জনাব তাজুদ্দীনের হাতে দেয়া হয়। বিকেল ৬টায় জনাব জুলফিকার আলী ভুট্টো তাঁর সহকারী জনাব মাহমুদ আলী কাসুরী, জনাব জে এ রহিম, ডক্টর মোবাশির হাসান, জনাব হাফিজ পীরজাদা এবং জনাব রফি রাজাকে নিয়ে প্রেসিডেন্টের সাহায্যকারীদের সঙ্গে সাক্ষাৎ করেন। পিপিপি প্রতিনিধিরা নিম্নোক্ত যুক্তিসমূহ পেশ করেনঃ

(১) সামরিক আইন প্রত্যাহারের পর জাতীয় পরিষদের অনুমোদন না থাকলে প্রস্তাবিত ঘোষণার পেছনে কোন আইনগত সমর্থন থাকবে না। সুতরাং তাঁরা প্রস্তাব করেন যে, হয় ঘোষণাটিকে জাতীয় পরিষদকে দিয়ে অনুমোদন করিয়ে নেয়া হোক কিংবা ঘোষণাটি প্রকাশ করা হোক কিন্তু জাতীয় পরিষদ কর্তৃক অনুমোদিত হওয়ার পর তা কার্যকরী করা হবে। অথবা বিকল্প-মূলক ব্যবস্থা হিসেবে, জাতীয় পরিষদ কর্তৃক অনুমোদনের আগ পর্যন্ত ঘোষণাটিকে প্রয়োজনীয় আইনগত বৈধতা দেয়ার জন্য প্রধান সামরিক আইন প্রশাসক হিসেবে প্রেসিডেন্টের ক্ষমতা অক্ষুণ্ণ রাখা হোক।

(২) পিপিপি মত প্রকাশ করেন যে, প্রয়োজনীয় আইনগত বৈধতা ছাড়া এই ঘোষণার কোন মূল্যই থাকবে না। এবং আওয়ামী লীগ একতরফাভাবে স্বাধীনতা ঘোষণা করতে চাইলে এই ঘোষণা তার পরে একটি আইনগত বাধাও হবে না।

(৩) অবশেষে যখন জাতীয় পরিষদের যুক্ত অধিবেশন হবে তখন আওয়ামী লীগ কর্তৃক বেপরোয়াভাবে তাদের সংখ্যাগরিষ্ঠতা প্রয়োগের সম্ভাবনা এড়ানোর উদ্দেশ্য পিপিপি প্রতিনিধিরা প্রস্তাব করেন যে, ঘোষণার এই ব্যবস্থা থাকতে হবে যে, আলাদা আলাদাভাবে দেশের দুই অংশের জাতীয় পরিষদ সদস্যদের বেশির ভাগ সদস্যের অনুমোদন ছাড়া কোন আইন কিংবা শাসনতন্ত্র জাতীয় পরিষদে পেশ করা যাবে না।

(৪) তাঁরা মনে করেন যে, ১৯৬২ সালের শাসনতন্ত্রের তৃতীয় তালিকা পরিবর্তনের ক্ষমতা কেবল তালিকাটি সংশোধনের মধ্যেই সীমাবদ্ধ থাকা উচিত এবং তালিকার প্রতিটি বিষয়ই পরিবর্তনের ক্ষমতা থাকা উচিত নয়। দেশ রক্ষার মতো যে সব বিষয় কেন্দ্রের নিয়ন্ত্রণে থাকবে বলে মতৈক্য হয়েছে সে সব বিষয়ে রদবদল করার ক্ষমতা থাকা উচিত নয়।

(৫) প্রাদেশিক গভর্নরদের সংখ্যাগরিষ্ঠ দলের ''সঙ্গে পরামর্শ করে নয়'' বরং কেবল তাদের ''সুপারিশ অনুসারে'' নিযুক্ত করতে হবে। কতিপয় ক্ষেত্রে প্রাদেশিক গভর্নর নিজ বিবেচনা অনুসারে কাজ করতে পারবেন এই মর্মে যে ধারাটি রয়েছে তা সংশোধন করতে হবে কেননা তা প্রতিনিধিত্বমূলক সরকারের ধারণার পরিপন্থী।

(৬) পিপিপি জানতে চান ঘোষণা জারী করার পর LFO-র মর্যাদা কী হবে? এই জিজ্ঞাসার উদ্দেশ্য ছিল LFO-কে টিকিয়ে রাখা হবে কিনা তা জানা।

(৭) পরিশেষে, পিপিপি মনে করেন যে, প্রথমে একক পরিষদ হিসেবে জাতীয় পরিষদের অধিবেশন অনুষ্ঠিত হওয়া উচিত এবং পরে দুটি কমিটি গঠিত হওয়া উচিত।

২৩শে মার্চ, ১৯৭১

২৩শে মার্চ তারিখে বিভিন্ন সশস্ত্র সমাবেশ এবং শেখ মুজিবুর রহমানের বাসভবনে বাংলাদেশ পতাকা উড়ানোসহ এই দিনের ঘটনাবলী অন্যত্র বর্ণনা করা হয়েছে।

বেলা ১১টা ৪৫ মিনিটের সময় প্রেসিডেন্টের সহকারীবৃন্দ এবং আওয়ামী লীগ টিমের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। ডক্টর কামাল হোসেন আওয়ামী লীগের পক্ষে তাঁর তৈরী করা একটি খসড়া ঘোষণাপত্র পেশ করেন। আওয়ামী লীগ টীমকে বলা হয় যে, বর্ধিত উত্তেজনা এবং পরিস্থিতির চাপের পরিপ্রেক্ষিতে এবং পিপিপি ও জাতীয় পরিষদের অন্যান্য দলের সঙ্গে পরামর্শ করা প্রয়োজন বিধায় আগের খসড়া ঘোষণাপত্রের ভিত্তিতেই আলোচনার অগ্রগতি হওয়া উচিত। কিন্তু আওয়ামী লীগ টীম এ কথা মানতে অস্বীকার করেন। আওয়ামী লীগ টীমকে বলা হয় যে, তাঁরা ইচ্ছে করলে মূল খসড়াটিতে আরো কিছু যোগ করা কিংবা তাতে রদবদলের প্রস্তাব করতে পারেন। কিন্তু আওয়ামী লীগ এ কথাও মেনে নেননি।

এই পরিস্থিতে আওয়ামী লীগের খসড়াটি পরীক্ষা করে দেখা শুরু করা হলো এবং সন্ধ্যা ৬টা পর্যন্ত আলোচনা স্থগিত করা হলো। তারপর একটি সান্ধ্য বৈঠক অনুষ্ঠিত হলো এবং আওয়ামী লীগের সঙ্গে নিচে বর্ণিত বিষয়সমূহ আলোচনা করা হলোঃ

(১) আইনগত বাধ্যবাধকতা হচ্ছে যে, এই ধরনের যে কোনো ঘোষণা সামরিক আইন প্রত্যাহারের আগে জাতীয় পরিষদ কর্তৃক অনুমোদিত হওয়া উচিত।

(২) আওয়ামী লীগের খসড়ায় বলা হয় যে,একটি প্রদেশে গভর্নরের শপথ গ্রহণের তারিখেই সেই প্রদেশ থেকে সামরিক আইন উঠে যাবে এবং ঘোষণার তারিখের পর ৭ দিন পার হলে সারা পাকিস্তান থেকে সামরিক আইন উঠে যাবে। স্মরণ রাখতে হবে যে, গভর্নরকে বরখাস্ত করা যাবে না। আওয়ামী লীগকে বলা হয় যে, এতে প্রশাসনিক বিশৃঙ্খলা দেখা দেবে এবং সামরিক আইন যদি প্রত্যাহার করতে হয় তাহলে যে তারিখে সব প্রদেশের প্রাদেশিক উজীররা শপথ নেবেন সে তারিখে সামরিক আইন প্রত্যাহার করাটাই সঙ্গত হবে।

(৩) দেশের দুই অংশের জাতীয় পরিষদ সদস্যদের পৃথক পৃথক কমিটি গঠন-সংক্রান্ত যে ধারণাটি আগের ঘোষণার ছিল তা আওয়ামী লীগের নতুন খসড়ায় সংশোধন করে বলা হয়, ''বাংলাদেশ রাজ্য এবং পশ্চিম পাকিস্তানের রাজ্যসমূহ থেকে নির্বাচিত জাতীয় পরিষদ সদস্যরা শপথ নেবেন এবং ''বাংলাদেশ'' রাজ্য ও পশ্চিম পাকিস্তানের রাজ্যসমূহের জন্য শাসনতন্ত্র তৈরীর উদ্দেশ্য তাদেরকে নিয়ে পৃথক পৃথক শাসনতান্ত্রিক কনভেনশন গঠন করা হবে।'' আওয়ামী লীগ টীমকে বলা হয় যে, এর অর্থ হচ্ছে পাকিস্তানের জাতীয় পরিষদকে পশ্চিম পাকিস্তানের জাতীয় পরিষদ এবং পূর্ব পাকিস্তানের জাতীয় পরিষদ এই দুই জাতীয় পরিষদে ভাগ করা এবং ফলতঃ তা বিচ্ছিন্নতার এক শাসনতান্ত্রিক ফর্মুলা হয়ে দাঁড়াচ্ছে।

(৪) আওয়ামী লীগের দৃষ্টি আকর্ষণ করে বলা হয় যে, জাতীয় পরিষদ সদস্যদের যে শপথ নেয়ার কথা ছিল তাঁরা তাও বদলেছেন। আইন কাঠামো আদেশ যার অধীনে নির্বাচন অনুষ্ঠিত হয় এবং যার অধীনে পরিষদের অধিবেশন ডাকার কথা তার ১২ নম্বর অনুচ্ছেদে পরিষ্কারভাবে একটি শপথ দিয়ে দেয়া হয়েছে। শপথটি এইঃ

''আমি সর্বান্তকরণে শপথ করছি (বা, ঘোষণা করছি) যে, আমি পাকিস্তানের প্রতি সত্যিকারভাবে বিশ্বস্ত ও অনুগত থাকবো এবং যেসব কর্তব্য সম্পাদনের ভার আমি নিতে যাচ্ছি তা আইন কাঠামো আদেশ, ১৯৭০-এর ধারাসমূহ ও এই আদেশে বর্ণিত পরিষদের আইন-কানুন অনুসারে এবং সব সময়ই পাকিস্তানের অখণ্ডতা সংহতি কল্যাণ ও সমৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে সততা, আমার সর্বোত্তম যোগ্যতা এবং বিশ্বস্ততার সঙ্গে পালন করবো।''

আওয়ামী লীগের খসড়ার ১৭ (৫) অনুচ্ছেদে যে শপথ দেয়া হয় তা এই ''আমি সর্বান্তঃকরণে শপথ (ঘোষণা) করছি যে আমি আইন বলে গঠিত পাকিস্তানের শাসনতন্ত্রের প্রতি বিশ্বস্ত ও সত্যিকারভাবে অনুগত থাকবো।''

(1) প্রেসিডেন্টের টীম আওয়ামী লীগ টীমের সঙ্গে তাদের খসড়ার একটি ধারার মারাত্মক তাৎপর্য নিয়ে আলোচনা করেন। এই ধারায় বলা হয় যে, পরিষদ ''পাকিস্তান কনফেডারেশন''-এর জন্য একটি শাসনতন্ত্র তৈরি করবেন। আওয়ামী লীগ টীমকে স্পষ্ট করে বলা হয় যে, কনফেডারেশনের মানে হচ্ছে স্বাধীন সার্বভৌম রাষ্ট্রসমূহের একটি জোট এবং এই কনফেডারেশনের ধারণা 'আইন কাঠামো আদেশ' এবং আওয়ামী লীগের নিজেরাই ''৬ দফা''-র বিরোধী কারণ, ''আইন কাঠামো আদেশ'' এবং ৬ দফা দুটোতেই সুনির্দিষ্ট করে বলা হয়েছে যে, পাকিস্তান একটি ফেডারেল প্রজাতন্ত্র হবে।

(2) আওয়ামী লীগের খসড়ার ১৭ (৭) অনুচ্ছেদে বলা হয়, ''প্রেসিডেন্টের কাছে শাসনতন্ত্র বিলটি পেশ করা হলে তিনি তা অনুমোদন করবেন এবং যেকোন অবস্থায় বিলটি পেশের তারিখের পর ৭ দিন অতিক্রান্ত হলেই মনে করা হবে যে প্রেসিডেন্ট তা অনুমোদন করেছেন।'' আওয়ামী লীগ টীমের দৃষ্টি আকর্ষণ করে বলা হয় যে এই ধারাটি আইন কাঠামো আদেশের পরিপন্থী এবং এতে করে LFO-তে যে ৫টি শাসনতান্ত্রিক মূলনীতির কথা বলা হয়েছে তার পরিপন্থী একটা শাসনতন্ত্র তৈরীর সম্ভাবনা দেখা দেবে।

আওয়ামী লীগের খসড়ার আর্থিক ও অর্থনৈতিক দিক দিয়েও আলোচনা করা হয়। আলোচিত প্রধান বিষয়গুলো হচ্ছেঃ

(01) আওয়ামী লীগ খসড়ায় ১৯৬২ সালের শাসনতন্ত্রের তৃতীয় তালিকার ৪৯টি বিষয়ের পরিবর্তে ১২টি বিষয়ের নাম ছিল। এর অর্থ এই ছিল যে পূর্ব পাকিস্তানের ক্ষেত্রে এই ১২টি বিষয়ই হবে কেন্দ্রীয় বিষয় এবং বাদবাকী সব বিষয়ই হবে প্রাদেশিক বিষয়।

(02) এমন কি তৃতীয় তালিকার এই ১২টি বিষয়ের ব্যাপারেও আওয়ামী লীগ গুরুত্বপূর্ণ সংশোধনের প্রস্তাব করেন যে, আওয়ামী লীগ খসড়ায় তৃতীয় তালিকার প্রথম নম্বরে শুধু লেখা ছিল ''পাকিস্তানের প্রতিরক্ষা''। ১৯৬২ সালের শাসনতন্ত্রে এই বিষয়ের অধীনে ৫টি উপ-বিষয় ছিল। আওয়ামী লীগ টীমকে বলা হয় যে এই বিষয়ের অধীনে রয়েছে সামরিক, নৌ ও বিমানবাহিনীর কারখানাসমূহ, প্রতিরক্ষার সঙ্গে সংশ্লিষ্ট শিল্পসমূহ, অস্ত্র উৎপাদন, ক্যান্টনমেন্ট এলাকাসমূহের কর্তৃত্ব প্রভৃতি।

(03) বৈদেশিক বিষয়াদি সম্পর্কে আওয়ামী লীগের ব্যবস্থা ছিল, ''বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক সাহায্য বাদ দিয়ে বৈদেশিক বিষয়াদি।'' এক্ষেত্রেও আওয়ামী লীগ খসড়ায় ১৯৬২ সালের শাসনতন্ত্রের ৭টি উপ-বিষয় বাদ দেয়া হয়।

আওয়ামী লীগ টীমকে বলা হয় যে তাঁরা বৈদেশিক বিষয়াদির সঙ্গে বৈদেশিক বাণিজ্য ও সাহায্যের সবরকম সম্পর্ক ছিন্ন করে তাদের প্রকাশ্যে ভাবে ঘোষিত নীতিকে পরিবর্তন করেছেন। আওয়ামী লীগ টীম বিদেশে আলাদা আলাদা বাণিজ্য প্রতিনিধি নিয়োগেরও প্রস্তাব করেন।

আওয়ামী লীগ খসড়ার ১৪ (১) অনুচ্ছেদে কেন্দ্রীয় বিষয়সমূহের বিবেচনা ছিল। এতে বহু গুরুত্বপূর্ণ জিনিস বাদ দেয়া হয়েছিল। বাদ দেয়া জিনিসগুলোর মধ্যে ছিলঃ

(1) এতে কেন্দ্রীয় পাবলিক সার্ভিস কমিশন কিংবা কেন্দ্রের কাজের সঙ্গে সংশ্লিষ্ট চাকরিসমূহ বা পদসমূহের কোন উল্লেখ ছিল না।

(২) খসড়ায় জাতীয় আদমশুমারি অনুষ্ঠানের জন্য কোন প্রতিষ্ঠানের উল্লেখ ছিল না। (''একজন লোক একটি ভোট''- এই নীতি চালু হওয়ার পরিপ্রেক্ষিতে এই জিনিসটির বাদ পড়া তাৎপর্যপূর্ণ)।

(৩) দেশের দু'অংশের মধ্যেকার পরিবহন এবং দু'অংশের মধ্যেকার ডাক-সার্ভিস, আন্তর্জাতিক ডাক সার্ভিসের কোন উল্লেখ ছিল না।

এসব বিষয়ে আওয়ামী লীগ টীম তাদের মনোভাব পরিবর্তনের অনিচ্ছা প্রকাশ করেন।

কর ব্যবস্থা সম্পর্কে আওয়ামী লীগ খসড়ায় কেন্দ্র কর্তৃক কর আদায়ের কোন ব্যবস্থাই ছিল না। এমন কি তাদের নিজের খসড়ায় উল্লেখ করা কেন্দ্রীয় বিষয়সমূহের সঙ্গে সংশ্লিষ্ট দায়িত্ব পালনের জন্যও কেন্দ্র কর্তৃক কর আদায়ের কোন ব্যবস্থা ছিল না। আওয়ামী লীগ আরো দুটি ধারাও যোগ করেছিলেন। ধারা দুটি হচ্ছেঃ

(1) প্রস্তাব করা হয় যে, ১৯৭০-৭১ সালের বার্ষিক উন্নয়ন কার্যক্রমে পূর্ব পাকিস্তানের প্রতি কেন্দ্রের বরাদ্দ এবং প্রদেশের সম্পদের মধ্যে যে ব্যবধান রয়েছে কেন্দ্রকে তা পূরণ করতে হবে। যদিও কেন্দ্র পূর্ব পাকিস্তানে কর আদায় করবেন না।

(2) আওয়ামী লীগ টীম আরো বলেন যে, অন্তর্বতীকালীন মেয়াদ যদি ১৯৭১ সালের ৩০শে জুনের বাইরে যায় তাহলে প্রদেশসমূহ কর্তৃক নির্দিষ্ট শতকরা হারে কেন্দ্রকে অর্থ সরবরাহের নীতিও মেনে নেয়া হবে না।

প্রেসিডেন্টের টীম বলেন যে, স্বীকৃত ফেডারেল পদ্ধতি এই যে, কেন্দ্রের শাসনতান্ত্রিক দায়ত্বসমূহ পালনের জন্য যতটা প্রয়োজন ততটা কর বসানোর ক্ষমতা কেন্দ্রের হাতে থাকা উচিত।

আওয়ামী লীগ খসড়ায় আরো বলা হয় যে, পূর্ব পাকিস্তানের জন্য একটি স্বতন্ত্র স্টেট ব্যাংক থাকবে এবং **তা** প্রদেশিক আইন পরিষদের তৈরী আইনের নিয়ন্ত্রণাধীন হবে। ফেডারেল স্টেট ব্যাংকর হাতে মাত্র কতকগুলো নির্দিষ্ট কর্তব্য রাখার প্রস্তাব করা হয়। এসব কর্তব্য হচ্ছেঃ

(1) টাকার বৈদেশিক বিনিময় হার সুপারিশ করা।
(2) পূর্ব পাকিস্তান স্টেট ব্যাংকের অনুরোধক্রমে নোট ইস্যু করা।
(3) টাঁকশাল এবং সিকিউরিটি ছাপাখানা সম্পর্কে ব্যবস্থা করা এবং এগুলো নিয়ন্ত্রণ করা।
(4) আন্তর্জাতিক অর্থ সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে ফেডারেল স্টেট ব্যাংক সেই সব কর্তব্য পালন করবেন যা সচরাচর করা হয়ে থাকে- এই শর্তে যে, পূর্ব পাকিস্তানের স্টেট ব্যাংকের নির্দেশের সঙ্গে সঙ্গতি রেখেই এ সব কর্তব্য পালন করা হবে।
(5) আওয়ামী লীগ খসড়ার অনুচ্ছেদ ১৬ এবং অনুচ্ছেদ ১৭ (১) একত্রে পাঠ করলে বোঝা যাচ্ছে যে তাঁরা ৯ই এপ্রিল নাগাদ অর্থাৎ মাত্র দু'সপ্তাহের মধ্যে পূর্ব পাকিস্তান স্টেট ব্যাংক স্থাপনের প্রস্তাব করেন।

আওয়ামী লীগ এই প্রস্তাবের কোন রকম সংশোধন বিবেচনা করতে রাজি ছিলেন না।

আওয়ামী লীগের ঘোষণায় ১৯৬২ সালের শাসনতন্ত্রের ১৪টি অনুচ্ছেদ বাদ দেয়ার প্রস্তাব ছিল। অনুচ্ছেদগুলো হচ্ছে ৯৯, ১০৩, ১০৪, ১০৫, ১০৭, ১০৮, ১১২, ১১৩, ১১৪, ১১৯, ১২০, ১২১, ১২২ এবং ১৩১-এর ২ নম্বর ধারা। এতে ১৯৬২ সালের শাসনতন্ত্রের অনুচ্ছেদ নম্বর ৬৭, ৬৮, ৭০, ৮০, ৮১, ৮২, ৮৪,

৮৬ এবং ২৯২ সংশোধন করা হয় এবং ফেডারেল সরকারের ক্ষমতা আরো দুর্বল উদ্দেশ্যে ৯০-ক থেকে ৯০-চ পর্যন্ত নতুন কতকগুলো অনুচ্ছেদ যোগ করা হয়।

১৩১ নম্বর অনুচ্ছেদের ২ নম্বর ধারাটির বিশেষ গুরুত্ব ছিল। এতে এই ব্যবস্থা ছিল যে কেন্দ্রীয় আইন পরিষদ কতকগুলো বিশেষ ক্ষেত্রে প্রাদেশিক বিষয়েও আইন পাস করতে পারবেন। এসব ক্ষেত্র হচ্ছেঃ

(ক) যখন পাকিস্তানের অর্থনৈতিক ও আর্থিক স্থিতিশীলতাসহ পাকিস্তানের নিরাপত্তা বিপন্ন হয়ে পড়ে।

(খ) পরিকল্পনা ও সমন্বয় সাধনের প্রয়োজন।

(গ) যে কোন ব্যাপারে পাকিস্তানের বিভিন্ন অংশের মধ্যে সমতা অর্জনের প্রয়োজন।

এমন কি উপরোক্ত ''ক'' ক্ষেত্রের বেলায়ও তাদের মত পরিবর্তন করতে আওয়ামী লীগ সুস্পষ্ট অস্বীকৃতি জানান।

প্রেসিডেন্টের টীম উল্লেখ করেন যে ঘোষণার উদ্দেশ্য ছিল একটি অন্তর্বতীকালীন শাসনতন্ত্র হিসেবে কাজ করা। আওয়ামী লীগের সব দাবীই এতে মেনে নেয়া হয়নি। এর উপর জনাব তাজুদ্দীন আহমদ বলেন, সময় চলে যাচ্ছে, তাই ৪৮ ঘন্টার মধ্যে ঘোষণা প্রকাশ করতে হবে। তিনি আরো বলেন, এই সময়ের শেষে ঘোষণা প্রকাশ করা হলে তা হবে অতি বিলম্বিত। তাঁকে জানানো হয় যে, আওয়ামী লীগের প্রস্তাবসমূহের ব্যাপারে অন্যান্য ফেডারেটিং ইউনিটের বিভিন্ন পার্লামেন্টারী দলের সঙ্গে পরামর্শ হওয়া উচিত। বস্তুতঃ প্রেসিডেন্ট ১৯৭১ সালেল ২০শে মার্চ আওয়ামী লীগ নেতাদের বলেন যে, সব রাজনৈতিক নেতার মতৈক্য অত্যাবশ্যক।

একই দিনে খান আবদুল কাইয়ুম খান প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন। সন্ধ্যায় জনাব মমতাজ মুহম্মদ খান দৌলতানা, জনাব সরদার শওকত হায়াৎ, জনাব মুফতি মাহমুদ, খান আবদুল ওয়ালী খান এবং শাহ আহমদ নূরানীও প্রেসিডেন্টের সঙ্গে দেখা করেন। তাঁরা শেখ মুজিবুর রহমানকে যুক্তিতে আনার ব্যাপারে তাঁদের ব্যর্থতার কথা প্রেসিডেন্টকে অবহিত করেন এবং বলেন যে, তিনি (শেখ মুজিব) আওয়ামী লীগের স্কীমের কোন পরিবর্তন মেনে নিতে পারবেন না।

এর আগে সকালের দিকে শেখ মুজিবুর রহমান সশস্ত্র স্বেচ্ছাসেবকদের মার্চপাস্টে বাংলাদেশের পতাকা উড়ান এবং বলেন, ''আমাদের সংগ্রাম মুক্তি ও স্বাধীনতার সংগ্রাম।''

২৪শে মার্চ, ১৯৭১

জনাব জুলফিকার আলী ভুট্টো ঘোষণার যথার্থতা এবং বৈধতার ব্যাপারে আলোচনার জন্যে আবার প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন। এই ঘোষণার মাধ্যমে সামরিক আইন প্রত্যাহার এবং জেনারেল ইয়াহিয়া খান কর্তৃক প্রেসিডেন্টের ক্ষমতা ও কর্তব্য গ্রহণ করার কথা ছিল।

আওয়ামী লীগের সহকারীরা সন্ধ্যা ছ'টায় প্রেসিডেন্টের টীমের সঙ্গে আবার বৈঠকে মিলিত হন। এই বৈঠকের পর জনাব তাজুদ্দীন আহমদ সাংবাদিকদের কাছে এক বিবৃতিতে বলেন, ''বৈঠকে আমাদের যা বক্তব্য তা আমরা সবই বলেছি।'' তিনি আরো বলেন, ''আমাদের দিক থেকে আর কোন বৈঠকের প্রয়োজন নেই।'' (দি পিপল' ঢাকা ২৫শে মার্চ, ১৯৭১)।

২৫শে মার্চ , ১৯৭১

আওয়ামী লীগ প্রকাশ্যভাবে জানিয়ে দিলেন যে, তাঁরা আর বৈঠক অনুষ্ঠানের ব্যাপারে আগ্রহী নন। তাঁরা যে খসড়া ঘোষণা পেশ করেন তাতে পরিষ্কার বোঝা যায় যে, শেখ মুজিবুর রহমান কেন্দ্র কিংবা পাকিস্তান

ফেডারেশন সংক্রান্ত কোন বন্দোবস্তের ব্যাপারে উৎসাহী নন। এর অর্থ হচ্ছে, এই খসড়া ঘোষণাটি ফেডারেশনের পরিবর্তে একটি কনফেডারেশনের তৈরী করে কেন্দ্রীয় কর্তৃক বিলোপ করবে, শেখ মুজিব পয়লা মার্চ থেকে যে প্রতিদ্বন্দ্বী সরকার চালাচ্ছিলেন এই ঘোষণা তাকে আইনগত বৈধতা প্রদান করবে এবং আইনসিদ্ধ কোন বৈধতা ছাড়াই ঘোষণাটি জারী করে শাসনতান্ত্রিক শূন্যতা সৃষ্টি করবে।

প্রেসিডেন্ট নিম্নোক্ত কথায় বিষয়টির সংক্ষিপ্ততসার প্রকাশ করেনঃ

''এটা অত্যন্ত পরিষ্কার হয়ে গেছে যে, শেখ মুজিবুর রহমান এবং তাঁর উপদেষ্টারা এক পাকিস্তানের ভিত্তিতে কোন সমঝোতায় আসবেন না বরং কোনক্রমে আমার কাছ থেকে এমন একটা ঘোষণা প্রকাশ করিয়ে নিতে চান যা কার্যতঃ জাতীয় পরিষদকে দুইটি পৃথক গণপরিষদে পরিণত করবে, ফেডারেশনের পরিবর্তে একটি কনফেডারেশনের জন্ম দিবে এবং সামরিক আইনের ক্ষমতা বিলোপ করে দেশে একটা অরাজকতার সৃষ্টি করবে। এই পরিকল্পনার মাধ্যমে তারা পৃথক 'বাংলাদেশ' রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চেয়েছিল। বলাবাহুল্য, তার অর্থই হচ্ছে জাতির পিতা যে অর্থে পাকিস্তান তৈরী করেছিলেন তার সমাপ্তি টানা।''

এই সময়ে আওয়ামী লীগ কর্তৃক ২৬শে মার্চ ভোরে একটি সশস্ত্র বিদ্রোহ করার পরিকল্পনার কথা জানা গেলো।

তৃতীয় অধ্যায়
পূর্ব পাকিস্তান সন্ত্রাস

রাজনৈতিক কথাবার্তা ও আলাপ-আলোচনার সঙ্গে সঙ্গে আওয়ামী লীগ কর্মীরা তাদের প্রস্তুতিও সমাপ্তির পথে নিয়ে যাচ্ছিল। যা তারা শাসনতান্ত্রিক পন্থায় পেতে ব্যর্থ হতে পারে, তাকে জোর করে আদায় করাই ছিল তাদের উদ্দেশ্য।

নির্বাচনে সন্ত্রাসবাদীদের কলাকৌশলের সাফল্য শেখ মুজিবুর রহমান এবং তাঁর দলের সাহস বাড়িয়ে দিলো। তারা বেসামরিক প্রশাসন ব্যবস্থাকে বানচাল, ছাত্রসমাজকে উত্তেজিত এবং পুলিশ ও সেনাবাহিনীর বাঙালীদের দলভুক্ত করার জন্য আন্দোলন শুরু করলেন। বিভিন্ন শহরে ''সংগ্রাম পরিষদ'' গড়ে উঠলো এবং কলেজের প্রাঙ্গণসমূহ সন্ত্রাসীবাদীদের শিক্ষা শিবিরে পরিণত হলো। কেন্দ্রীয় সরকারের কর্মচারী এবং সংস্থাগুলোর বিরুদ্ধে ভীতি প্রদর্শন এবং আন্দোলন শুরু করা হলো। বহু পূর্ব থেকেই অর্থাৎ ১৯৭০ সালের ১৪ই ডিসেম্বর ঢাকার আওয়ামী লীগ সমর্থক দৈনিক ''দি পিপল'' রাজশাহী জেলা আওয়ামী লীগের প্রেসিডেন্টের কথা উল্লেখ করে বলেছিলেন যে, তিনি প্রকাশ্যেভাবেই মুক্ত ও স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার পক্ষপাতী।

এইভাবে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের সব প্রস্তুতি নিয়ে শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ১লা মার্চ প্রেসিডেন্ট কর্তৃক জাতীয় পরিষদের বৈঠক সাময়িকভাবে স্থগিত ঘোষণাকে ছুতো হিসেবে ব্যবহার করে আরম্ভ করলেন এক অরাজকতার আন্দোলন। এরপর অহিংস ও অসহযোগ আন্দোলনের নামে আওয়ামী লীগ শুরু করলো এক সন্ত্রাসের রাজত্ব।

১লা মার্চ, ১৯৭১

এক সাংবাদিক সম্মেলনে শেখ মুজিবুর রহমান ঢাকায় এক ধর্মঘট আহ্বান করলেন। তাঁর ধর্মঘট আহ্বানের পর পরই আওয়ামী লীগের চরমপন্থীরা শহরের বিভিন্ন এলাকা লুটতাজ, অগ্নিসংযোগ এবং অন্যান্য বর্বরোচিত কার্যকলাপে মেতে উঠলো। তারা নারায়ণগঞ্জে রাইফেল ক্লাব আক্রমণ করে সব অস্ত্রশস্ত্র লুট করে নিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হল ও জগন্নাথ হলে সশস্ত্র দল গড়ে উঠলো- তাদের কাজ ছিল শহরে ছড়িয়ে পড়ে অস্ত্রশস্ত্র, গাড়ী এবং অর্থ সংগ্রহ করা। ১লা মার্চ তারিখের রাত্রে ঢাকা ও নারায়ণগঞ্জের সর্বত্র হিংসাত্মক কার্যকলাপের তীব্রতা ও সংখ্যা বেড়ে গেলো।

২রা মার্চ, ১৯৭১

বায়তুল মোকাররমে দুটি এবং নিউ মার্কেটে একটি অস্ত্রের দোকান লুট করা হলো। লুণ্ঠিত অস্ত্রশস্ত্রলো তারপর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে নিয়ে যাওয়া হয়। আগেই সেখানে একটি ''গুলী চালানোর অনুশীলন কেন্দ্র'' খোলা হয়েছিল, সেখান থেকে সারা দিন গুলী ছোড়ার আওয়াজ শোন যেতো। রাস্তায় জনতা পাকিস্তানবিরোধী শ্লোগান দিয়ে হাতে বন্দুক, লোহার ডাণ্ডা, এবং লাঠি নিয়ে ঘুরে বেড়াতো। জিন্নাহ এভিন্যুর ও বায়তুল মোকাররমের কয়েকটি দোকানপাট ও ব্যবসা প্রতিষ্ঠান, শালিমার হোটেল এবং গুলিস্তান সিনেমা হল আক্রান্ত হলো। চালু রিক্সার উপর ইটপাটকেল ছোড়া হয়। নারায়ণগঞ্জে একটি পাটকল এবং ঢাকার ফার্মগেট এলাকায় বেসরকারী আবাসিক গৃহে আগুন ধরিয়ে দেয়া হয়।

৩রা মার্চ শেখ মুজিবুর রহমান আর একটি সাংবাদিক সম্মেলন সারা প্রদেশব্যাপী ধর্মঘট পালনের আহ্বান জানান। তাঁর সাংবাদিক সম্মেলন চলাকালীনই আওয়ামী লীগ সমর্থক ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ে পাকিস্তানের জাতীয় পতাকার অবমাননা করে এবং পুড়িয়ে দেয়। এ ব্যাপারে শেখ মুজিবুর রহমানের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জবাব দেন '' আমার কোন মন্তব্য নেই''। তিনি আবার জোর দিয়ে বলেন যে, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে

তিনি এক অসহযোগ আন্দোলন শুরু করবেন। তিনি আরও ঘোষণা করেছিলেন যে, ৭ই মার্চের জনসভায় তিনি তার কার্য পরিকল্পনা প্রকাশ করবেন।

ইতিমধ্যেই হিংসাত্মক কার্যকলাপ বাড়তেই থাকলো। বেসরকারী আইন রক্ষা প্রতিষ্ঠানগুলো শহরের ব্যাপক গোলযোগ আয়ত্তে আনতে ব্যর্থ হলো। তাদের অনুরোধেই ব্যারাকে অবস্থিত সেনাবাহিনীকে ডাকা হলো এবং রাতে কারফিউ জারী করা হয়।

ব্যাপকভাবে এই কারফিউ অমান্য করা হয়েছিল। সদরঘাটে একটা সেনা ইউনিটের উপর জনতার আক্রমণের ফলে ৬ জন নিহত হয়। সেনাবাহিনী যখন স্থানীয় টেলিভিশন স্টেশনটিকে এক বিক্ষুব্ধ জনতার কবল থেকে রক্ষা করার চেষ্টা করে তখন একজন লোক নিহত হয়।

৩রা মার্চ, ১৯৭১

ইসলামপুর, পাটুয়াটুলী এবং নবাবপুরসহ ঢাকার কয়েকটি এলাকায় অরাজকতা ছড়িয়ে পড়ার দরুন বিক্ষুব্ধ জনতার হাতে ৫ জন লোক নিহত এবং ৬২ জন লোক আহত হয়। বেশকিছুসংখ্যক দোকানাপাট, ব্যবসা প্রতিষ্ঠান এবং আবাসিক গৃহে আগুন ধরিয়ে দেওয়া হয়। এছাড়া কিছু শহরবাসীকে আগুনে পুড়িয়ে মারা হয়। জিন্নাহ এভিন্যুয়ের উপর একটা জেনারেল স্টোর ও একটি ঘড়ির দোকান আক্রমণ করা হয়। অস্ত্রের দোকানগুলো থেকে আরও অস্ত্রশস্ত্র লুট করা হয়। গোটা পঞ্চাশেক ঘরে আগুনও ধরিয়ে দেয়া হয়েছিল।

ইতিমধ্যে প্রদেশের অন্যান্য অংশে জনতার আক্রমণাত্মক কার্যকলাপ ছড়িয়ে পড়েছে। যশোরে লাঠিসোঁটা বর্শায় সজ্জিত হয়ে জনতা স্থানীয় টেলিফোন এক্সচেঞ্জ আক্রমণ করে। টেলিফোন এক্সচেঞ্জের রক্ষীরা জনতাকে ছত্রভঙ্গ করার জন্য গুলী ছুড়লে দুজন লোক নিহত এবং ৯ জন আহত হয়।

সকল ভৈরব থেকে লাকসামগামী একটা স্থানীয় ট্রেন কুমিল্লায় থামিয়ে তাতে আগুন ধরিয়ে দেয়ার চেষ্টা করা হয়।

লাকসামের কাছে দৌলতগঞ্জ টেলিফোন এক্সচেঞ্জও হামলাকারীদের হাতে ক্ষতিগ্রস্ত হয়। কুমিল্লা টেলিফোন এক্সচেঞ্জকে প্রদেশের অন্যান্য অংশ থেকে বিচ্ছিন্ন করে দেয়া হয়। আখাউড়া, সিলেট, হবিগঞ্জ এবং বিয়ানীবাজার এক্সচেঞ্জগুলোকেও জোর করে বন্ধ করে দেয়া হয়।

আওয়ামী লীগের নির্দেশ মতো ঢাকার রেডিও এবং টেলিভিশন নতুন এক বাংলাদেশের জাতীয় সঙ্গীত প্রচার করতে শুরু করে।

শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের অধিকার আদায়ের নামে সারা প্রদেশব্যাপী এক অসহযোগ আন্দোলনে চালাবার কথা ঘোষণা করেন।

৪ঠা মার্চ, ১৯৭১

১৯৭১ সালের ৩রা ও ৪ঠা মার্চ রাতে চট্রগ্রাম ও খুলনায় গোলযোগ ছড়িয়ে পড়ে। চট্রগ্রাম আওয়ামী লীগের অতর্কিত আক্রমণকারীদের দ্বারা পরিচালিত বিক্ষুব্ধ জনতা Wireless colony এবং শহরের অন্যান্য এলাকা আক্রমণ করে যথেচ্ছা লুটতরাজ, অগ্নিসংযোগ, হত্যা এবং ধর্ষণ করেছিল। ফিরোজশাহ কলোনীতে ৭০০ ঘরে আগুন ধরিয়ে দিয়ে সেখানকার অধিবাসী পুরুষ, মেয়ে ও শিশুদের পুড়িয়ে মারা হয়। যারা পালিয়ে যাবার চেষ্টা করেছিলো তাদের হত্যা কিংবা গুরুতররূপে আহত করা হয়। ৩রা ও ৪ঠা মার্চে যারা জীবন্ত দগ্ধ হয়েছিল এবং যাদের ভস্মীভূত দেহ পরে পাওয়া যায়, তারা ছাড়াও ৩শ'র বেশি লোক হত্যা ও আহত হয়।

যশোর খুলনা হতে আগত একটি ট্রেনকে লাইনচ্যুত করে যাত্রীদের টেনে বের করে হত্যা করা হয়েছিল। যশোরে ডেপুটি কমিশনারের অফিসে জনতা পাকিস্তানের পতাকার অবমাননা করে এবং পুড়িয়ে দেয় এবং একটা হাতবোমা নিক্ষেপ করে।

খুলনায় টেলিফোন এক্সচেঞ্জ আক্রমণ করে কিছুসংখ্যক কর্মচারীকে নির্মমভাবে হত্যা করা হয়।

ঢাকার ধানমন্ডি ও নবাবপুর রোড থেকে বেশকিছু লুটতরাজের খবর পাওয়া যায়। একটা অস্ত্রের দোকান আক্রমণ করে অস্ত্রশস্ত্র নিয়ে যাওয়া হয়।

৫ই মার্চ, ১৯৭১

চট্রগ্রাম থেকে হত্যা এবং বাড়িঘর পুড়িয়ে দেবার খবর পাওয়া যায়। খুলনার খালিশপুর ও দৌলতপুর এলাকায় ৭ জন লোককে হাতবোমা, দা এবং বর্শা দিয়ে হত্যা করা হয়। তাদের মৃতদেহ খণ্ড-বিখণ্ডিত অবস্থায় পাওয়া যায়। খুলনা শহরে লাঠি ও বন্দুক নিয়ে জনতা একটি হোটেলে আগুন ধরিয়ে দেয়।

প্রদেশের অভ্যন্তরের অন্যান্য এলাকা থেকে প্রাপ্ত খবরে জানা যায় যে, ব্যাপক গোলযোগ ছড়িয়ে পড়েছে ও সারা প্রদেশের বেসামরিক প্রশাসন ব্যবস্থা পঙ্গু হয়ে পড়েছে।

পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্য টেলিযোগাযোগ বন্ধ হয়ে গিয়েছিলো, টেলিফোন ও টেলিগ্রাম বিভাগের কর্মচারীরা বার্তা গ্রহণ ও প্রেরণ বন্ধ করে পূর্ব পাকিস্তানকে বহির্জগৎ থেকে বিচ্ছিন্ন করে ফেলে।

৬ই মার্চ, ১৯৭১

১৯৭১ সালের ৫ ও ৬ই মার্চের রাতে সলিমুল্লাহ মুসলিম হলের ছাত্ররা বৃটিশ কাউন্সিল ভবনে ঢুকে কেরোসিন তেল ঢেলে আগুন জ্বালিয়ে দেবার চেষ্টা করে। কিন্তু সময় মতো সেনাবাহিনী পৌঁছায় এবং গুলী ছুড়ে অবস্থা আয়ত্তে আনে।

ঢাকার কেন্দ্রীয় কারাগার ভেঙ্গে ৩৪১ জন কয়েদী পালিয়ে যায়। পুলিশ গুলী ছোড়ার ফলে ৭ জন কয়েদী নিহত হয়। ১ জন পুলিশ সার্জেন্ট এবং ৬ জন ওয়ার্ডার আহত হয়। পরে পলায়নকারী কয়েদীরা আওয়ামী লীগ উগ্রপন্থী এবং ছাত্রদলের সহযোগিতায় মারাত্মক শ্লোগান দিতে দিতে ঢাকার রাস্তাগুলো প্রদক্ষিণ করে।

আওয়ামী লীগ এবং পূর্ব পাকিস্তান ছাত্রলীগের কর্মীরা এসিড এবং অন্যান্য রাসায়নিক পদার্থ সংগ্রহ করার জন্য বিজ্ঞান গবেষণারগারগুলো লুট করা শুরু করে। ঢাকায় সরকারী বিজ্ঞান গবেষণাগার থেকে সব বিস্ফোরক রাসায়নিক লুট করে নেয়া হয়।

এই একই উদ্দেশ্য পলিটেকিনক ইনস্টিটিউটও আক্রমণ করা হয়। যখন গুলী ছোড়া হয়, তখন গুণ্ডারা পালিয়ে যায়। কুমিল্লা ও যশোরসহ পূর্ব পাকিস্তানের সব প্রধান প্রধান শহর থেকে বোমা বিস্ফোরণের খবর পাওয়া যায়। ফরিদপুরের 'রাজেন্দ্র কলেজ ট্রেনিং কোর'-এ ১০টা রাইফেল এবং ১৫ টি বেয়নেট চুরি হয়।

চট্রগ্রামে লুটতরাজ, অগ্নিসংযোগ চলতেই থাকে। দুটো দালান এবং কিছুসংখ্যাক কুঁড়েঘর পোড়ানো হয়। আড়াল থেকে অতর্কিতভাবে গুলী ছোড়ার ঘটনাও বেশ কয়েক জায়গায় ঘটে।

রাজশাহীতে সদর ম্যাজিস্ট্রেটের অফিসে আগুন লাগানো হয়। খুলনায় জাতি এবং রাষ্ট্রবিরোধী শ্লোগান দিতে দিতে বিক্ষুব্ধ মিছিলসমূহ অস্ত্রের দোকানগুলো লুট করার চেষ্টা করে। দোকানের মালিক গুলী ছোড়ার ফলে ১ জন নিহত ও ৭ জন আহত হয়।

৭ই মার্চ, ১৯৭১

শেখ মুজিবুর রহমান একটি প্রতিদ্বন্দ্বী সরকার চালাবার কথা ঘোষণা করেন এবং আনুষ্ঠানিকভাবে কয়েকটি নির্দেশ জারী করেন। অহিংস এবং অসহযোগ আন্দোলন চালিয়ে যাবার জন্য তিনি সপ্তাহব্যাপী এক কার্যসূচী প্রকাশ করেন। (যেটা ২রা মার্চ শুরু হয়েছিলো।) কার্যসূচির অন্তর্ভূক্ত ছিলো (১) কর না দেওয়া আন্দোলন (২) সারা ''বাংলাদেশের'' শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, সরকারী ও আধা সরকারী অফিসগুলো, হাইকোর্ট এবং অন্যান্য কোর্ট বন্ধ করে দেওয়া। রেডিও, টেলিভিশন এবং সংবাদপত্রসমূহকে আওয়ামী লীগের কর্মপন্থা অনুযায়ী নির্দেশ দেওয়া হলো এবং এও জানানো হলো যে, এ নির্দেশ অমান্য করলে মনে করা হবে যে এই সকল প্রতিষ্ঠানসমূহে কর্মরত বাঙালীরা সহযোগিতা করছে না। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে টেলিযোগাযোগ বন্ধ করা হলো। এক নির্দেশে বলা হলো ''স্টেট ব্যাংক বা অন্য কোন কিছুর মাধ্যমে ব্যাংক পশ্চিম পাকিস্তানে টাকা-পয়সা পাঠাতে পারবে না।'' আর এক নির্দেশে বিশেষ করে উল্লেখ করা হলো যে প্রত্যেক ইউনিয়ন, মহল্লা, থানা, মহকুমা এবং জেলায় স্থানীয় আওয়ামী লীগ ইউনিটের নেতৃত্বে একটা করে সংগ্রাম পরিষদ সংগঠন করা হবে।

ঢাকায় রেডিও পাকিস্তান ভবনের মধ্যে বোমা নিক্ষেপ করা হয়।

শহরের বিভিন্ন এলাকা থেকে খবর পাওয়া যায় যে আওয়ামী লীগ ছাত্রদলরা জোর করে জীপ, পিকআপ এবং মাইক্রোবাস নিয়ে যাচ্ছে।

যশোর জেলায় বারগানায় পাকিস্তান জাতীয় পতাকা পুড়িয়ে ফেলা হয়।

৮ই মার্চ, ১৯৭১

ঢাকায় যাদের লাইসেন্স রয়েছে তাদের কাছ থেকে জোর-জবরদস্তি করে আওয়ামী লীগ স্বেচ্ছাসেবীরা অস্ত্রশস্ত্র ও গোলাগুলী সংগ্রহ করতে লাগলো। পূর্ব পাকিস্তানের অন্যান্য শহর থেকেও অনুরূপ ঘটনার খবর পাওয়া যায়।

আওয়ামী লীগ সারা প্রদেশ জুড়ে মিটিং এবং উন্মুক্ত মিছিলের ব্যবস্থা করলো জাতীয়বাদ এবং পাকিস্তানবিরোধী শ্লোগান ছিলো তাদের মুখে।

পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের জেনারেল সেক্রেটারী জনাব তাজুদ্দীন আহমদ ''শেখ মুজিবুর রহমানের নির্দেশের কতকগুলি ব্যতিক্রম ব্যাখ্যা ও ঘোষণা করলেন। এর মধ্যে ছিল ''স্টেট ব্যাংক বা অন্য কোনভাবে বাংলাদেশের বাইরে টাকা পাঠানো যাবে না।''

৯ই মার্চ, ১৯৭১

বাংলাদেশের বাইরে যাতে ধনসম্পদ না যায়, সে জন্য আওয়ামী লীগ স্বেচ্ছাসেবীরা এবং ছাত্রদল ঢাকার বিভিন্ন অংশে তল্লাশী ফাঁড়ি বসালো। তল্লাশী করার অজুহাতে এসব স্বেচ্ছাসেবীরা যাদের তল্লশী করলো তাদের কাছ থেকে টাকা পয়সা এবং অন্যান্য জিনিসপত্র বাংলাদেশের নামে হস্তগত করলো।

রংপুরের লালমনিরহাটে এক উন্মুক্ত জনতা একটি ট্রেন থামিয়ে তার অনেক ক্ষতি করে। জাতিগত এবং রাজনৈতিক কারণে ট্রেনের কিছু যাত্রীদের হয়রানি এবং মারপিট করে। শহরের বিভিন্ন এলাকায় অধিবাসীদের আওয়ামী লীগ কর্মীরা আক্রমণও করেছিলো।

রাজশাহীতে নিটি টাউন হলে একটা 'স্বাধীনতা পতাকা' উত্তোলন করা হয়।

লন্ডন 'ডেলী টেলিগ্রাফ' পত্রিকার সাংবাদিক কেলিথ ক্লার্ক-এর পাঠানো একটি বিবরণ ১৯৭১ সালের ৯ই মার্চ উক্ত পত্রিকায় প্রকাশিত হয়। তিনি বলেন, 'খবরে প্রকাশ যে রোব্বার ৭ই মার্চ রাতে যখন শেখ মুজিবুর রহমান প্রদেশকে বিচ্ছিন্নতাবাদের শেষ প্রান্তে এনে ফেলেছিলেন তখন ঢাকা সম্পূর্ণভাবে অরাজকতার কবলে গিয়ে পড়েছিলো।' উক্ত পত্রিকায় আরও বলা হয়, 'আওয়ামী লীগ নেতা শেখ তাঁর আন্দোলনকে 'স্বাধীনতা আন্দোলন' বলে নাম দিয়েছিলেন। তিনি জাতীয় পরিষদের অধিবেশনে সহযোগিতা করার জন্য এমন সব শর্ত আরোপ করেন, যা প্রেসিডেন্ট খানের পক্ষে মেনে নিওয়া সম্ভব ছিলো না। এ পত্রিকায় শেখ মুজিবুর রহমানের আর একটি নির্দেশেরও উল্লেখ ছিলো। নির্দেশটি ছিলো- গ্রামে গ্রামে আওয়ামী লীগ নেতাদের নেতৃত্বে মুক্তি কমিটি গঠন করা।''

১০ই মার্চ, ১৯৭১

আওয়ামী লীগ ঘোষণা করলো যে ''ব্যাংকের লকারগুলোর কাজ বন্ধ থাকবে'' এবং শেখ মুজিবুর রহমানের নির্দেশের বাইরে বন্দর কর্তৃপক্ষ কোনো সহযোগিতা করবেন না। কুমিল্লার চা বাগানে গোলযোগ ও সন্ত্রাসের খবর পাওয়া গেলো।

১২ই মার্চ, ১৯৭১

১১ই-১২ই মার্চ রাতে বরিশালের জেল ভেঙ্গে কিছু কয়েদী পালিয়ে যায়। বগুড়ার জেল ভেঙ্গে ৭ জন কয়েদী পালিয়ে যাবার খবরও পাওয়া যায়। কুমিল্লায় ৩০০ কয়েদী পালিয়ে যাবার চেষ্টা করে। পুলিশ গুলী চালায়। পুলিশের গুলিতে ২ জন কয়েদী নিহত ও ১৮ জন কয়েদী আহত হয়।

'মুক্তি ফ্রন্ট' এবং আধা সামরিক সংস্থাগুলি প্রদেশে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। 'মুক্তি ফ্রন্ট' এর পক্ষ থেকে 'সাইক্লোস্টাইলড' এবং হাতে লেখা প্রচারপত্র গোপনে গোপনে বিলি করা হলো। এ সবেরই উদ্দেশ্য ছিল জাতিগত বিদ্বেষ সৃষ্টি এবং হিংসাত্মক কার্যকলাপে উস্কানিদান।

৫টি সামরিক ট্রাকের একটি দল রেশন নেবার জন্য কুমিল্লা থেকে সিলেট যাওয়ার পথে, ব্রাহ্মণবাড়িয়ায় সশস্ত্র জনতা কর্তৃক আক্রান্ত হয়।

১৩ই মার্চ, ১৯৭১

ঢাকার রেল স্টেশনে আওয়ামী লীগ স্বেচ্ছাসেবীরা যাত্রীদের ঘেরাও করে পশ্চিম 'পাকিস্তানের' দালাল বলে অভিযুক্ত করে জেরা করতো। কাকরাইলের কাছে এক সরকারী অফিসে দুই বোতল এসিড নিক্ষেপ করা হয়। ফলে সে অফিসে আগুন ধরে যায়।

যশোরে ডেপুটি কমিশনারের অফিসে পাকিস্তান জাতীয় পতাকার জায়গায় বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়।

কুমিল্লায় আওয়ামী লীগ নেতারা দুজন কয়েদীর মুক্তির জন্য জেল ভাঙ্গার হুমকি দেয়। উল্লেখিত কয়েদী দুজনকে জাতীয় পতাকা পুড়িয়ে ফেলার জন্য শমসের নগরে গ্রেফতার করা হয়।

১৪ই মার্চ, ১৯৭১

শেখ মুজিবুর রহমান পূর্বের সব নির্দেশগুলো বাতিল করে দেন 'এবং' ১৯৭১ সালের ১৫ই মার্চ থেকে নতুন নির্দেশ সম্বলিত এক কার্যক্রম ঘোষণা করেন। এর একটি নির্দেশে বলা হয় যে, ডেপুটি কমিশনার এবং মহকুমা হাকিমগণ তাদের নিজ নিজ কর্তব্য ও দায়িত্ব পালনে স্ব স্ব পর্যায়ে আওয়মী লীগ সংগ্রাম পরিষদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখবেন এবং সহযোগিতা করে কাজ করবেন।

আর একটি নির্দেশে বলা হয় যে, ''কাস্টম বিভাগ তার দায়িত্ব পালন করে যাবে এবং যে পরিমাণ কর ধার্য করা হয়েছে তা পুরো জমা দেয়া হলে মাল বের করতে অনুমতি দেবে। এই উদ্দেশ্য ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড এবং ইস্টার্ন মার্কেনটাইল ব্যাংক লিমিটেড (বেসরকারী ব্যাংক) এ কাস্টমস কালেক্টর দ্বারা পরিচালিত বিশেষ একাউন্ট খুলতে হবে। কাস্টমস কালেক্টরগণ আওয়ামী লীগের মাঝে মাঝে প্রকাশিত নির্দেশ অনুযায়ী এই একাউন্টগুলো পরিচালনা করবেন। এইভাবে যে কর আদায় হবে সেগুলো কেন্দ্রীয় সরকারের একাউন্টে জমা করা হবে না।

১৫ই মার্চ, ১৯৭১

এক যুক্ত বিবৃতিতে 'স্বাধীন বাংলাদেশ' কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের ৪ জন সদস্য স্বীকার করেন যে, 'গাড়ী নিয়ে কিছু দুষ্কৃতিকারীরা বিভিন্ন বাড়ীঘর এখনও লুটপাট করছে এবং সংগ্রাম পরিষদের নামে জোরজবরদস্তি করে টাকা আদায় করছে।' কিছু সংখ্যক এলাকা থেকে খবর আসছিলো যে, ঢাকার বিভিন্ন আওয়ামী লীগ তল্লাশী ফাঁড়ি জাতিগত এবং রাজনৈতিক কারণে যে তল্লাশী চালাচ্ছে তাতে জনসাধারণ বর্বরোচিত ব্যবহারের শিকারে পরিণত হয়েছে।

কুমিল্লায় এক সশস্ত্র জনতা ফেনীর একটি আর্মি ফিল্ড ইউনিট ঘেরাও করে আক্রমণ চালায়।

১৯৭১ সালের ১৫ই মার্চে লন্ডন-এর বিবিসির খবরে বলা হয়ঃ আজ কাজে যোগ দেবার জন্য যে সামরিক হুকুম আজী হয়েছে, তা অমান্য করার জন্য বেসামরিক প্রতিরক্ষা কর্মীদের অনুরোধ জানিয়ে শেখ মুজিবুর রহমান একটি বিবৃতি দেন। শেখ মুজিবুর রহমানের আওয়ামী লীগ পূর্ব পাকিস্তানের জন্য বৃহত্তর স্বায়ত্তশাসন চান। তিনি প্রদেশের উপর কর্তৃত্ব দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার উদ্দেশ্যে তিরিশেরও বেশী নির্দেশ জারী করেছেন। এই নির্দেশগুলোর অন্তর্ভূক্ত একিট আদেশ হচ্ছে যে, কর কেন্দ্রীয় সরকারকে না দিয়ে তার সরকারকেই দিতে হবে।

১৬ই মার্চ, ১৯৭১

রাজশাহীতে নাটোরের মহারাজ হাইস্কুল থেকে রাসায়নিক দ্রব্য এবং এসিড চুরি হয়।

চট্টগ্রামে আওয়ামী লীগ স্বেচ্ছাসেবকরা একটি অস্ত্রশস্ত্রের দোকান লুট করে।

১৯৭১ সালের ১৬ই মার্চ লন্ডনের গার্ডিয়ান পত্রিকায় সংবাদদাতা মার্টিন এডেনির পাঠানো এক রিপোর্টে আওয়ামী লীগের একটি সংগ্রাম কমিটির বৈঠকের বর্ণনা দেয়া হয়, সারা প্রদেশে গঠিত এ ধরণের অন্যান্য কমিটির মতো এই কমিটিরও আলোচনার বিষয় ছিলঃ তাদের বিবেচনায় ইতিমধ্যেই স্বাধীন হয়ে যাওয়া পূর্ববঙ্গে অর্থাৎ 'বাংলাদেশে' তাদের পরবর্তী পদক্ষেপ কি হবে। ৫৮টি গ্রাম থেকে প্রায় শ তিনেক লোক এই সংগ্রাম কমিটিতে একত্রিত হয়েছে। তারা প্রয়োজনবোধে সেনাবাহিনীর মোকাবেলা করতে প্রস্তুত এবং এ জন্য তারা এমন একজন গ্রামবাসীর কাছে ট্রেনিং নিচ্ছে, যুদ্ধবিদ্যা যার একমাত্র অধিকার, সে রাজকীয় ভারতীয় সেনাবাহিনী সার্ভিস কোরে একজন ল্যান্স কর্পোরাল ছিলো।

হিন্দুস্তানের দৈনিক পত্রিকা স্টেটসম্যান (১৯৭১ সালের ১৬ই মার্চ সংখ্যা) আওয়ামী লীগের ১৪ই মার্চ তারিখে জারী করা নির্দেশসমূহের খবর দিয়ে বলেন, ''মিস্টার মুজিবুর রহমান, এসব নির্দেশ জারী করে বলেছেন যে, তিনি 'বাংলাদেশ'-এর নিয়ন্ত্রণভার গ্রহণ করেছেন।'' পত্রিকা আরো জানায়, "শেখ মুজিবুর রহমান বলেছেন, প্রেসিডেন্ট আমাদের অতিথি হবেন। ঢাকায় পর্যবেক্ষকরা এর এই অর্থ নিয়েছেন যে, পূর্ব পাকিস্তান নিজেকে পশ্চিম পাকিস্তান থেকে স্বতন্ত্র একটি এলাকা বলে মনে করে।''

১৭ ই মার্চ, ১৯৭১

১৬ ও ১৭ই মার্চের মধ্যবর্তী রাতে ঢাকার আজিমপুরায় একটি সরকারী অফিসের উপর দুইটি এসিড বোতল নিক্ষেপ করা হয়।

ঢাকায় মতিঝিল কেন্দ্রীয় সরকারী হাইস্কুলের উপর হামলা চালানো হয় এবং এসিড ও রাসায়নিক দ্রব্য লুট করে নিয়ে যাওয়া হয়।

১৮ ই মার্চ, ১৯৭১

যশোরে সেনাবাহিনীর একটি শিবিরে দুজন সামরিক কর্মচারীর উপর এসিডের বোতল নিক্ষেপ করা হয়।

১৯ ই মার্চ, ১৯৭১

ঢাকায় একটি লেভেল ক্রসিংয়ের উপর ময়মনসিংহ থেকে প্রত্যাবর্তনকারী একটি সামরিক যানের উপর এক জনতা অতর্কিত আক্রমণ চালায়। আক্রমণকারীরা অস্ত্রশস্ত্রসহ ৬ জন লোককে নিয়ে পালিয়ে যায়।

যশোরে বিজলী কেন্দ্রের ক্ষতিসাধন করে বিজলী সরবরাহ ব্যাহত করে দেয়া হয়। যশোর-খুলনা সড়কের বিভিন্ন স্থানে প্রতিবন্ধকতা আরোপ করা হয়। খুলনায় ৫ই মার্চের হত্যাকাণ্ড থেকে বেঁচে যাওয়া প্রায় ৩শ লোকের উপর নতুন করে হামলা চালানোর হুমকি দেয়া হয়।

রংপুরে ছাত্ররা কালিগঞ্জ থানার লালিবাড়ী গ্রামে ১২টি বাড়ী পুড়িয়ে দেয়। ঢাকা থেকে ২২ মাইল দূরে জয়দেবপুর বাজারে লেভেল ক্রসিংয়ের উপর একটি ট্রেন রেখে প্রতিবন্ধকতার সৃষ্টি করা হলে জনতা এবং সেনাবাহিনীর লোকদের মধ্যে গোলাগুলি বিনিময় হয়। এরপর সেখানে সান্ধ্য আইন জারী করা হয়। সৈন্যরা ট্রেনটি একদিকে সরিয়ে দিয়ে তাদের যাওয়ার পথ করার চেষ্টা করলে জনতা তাদের উপর গুলি চালায়। এতে তিনজন সৈন্য মারাত্মকভাবে জখম হয়। সৈন্যরা পাল্টা গুলি চালালে দুজন লোক নিহত এবং অন্য ৫ জন আহত হয়। জয়দেবপুর চৌমাথায় উন্মুক্ত জনতা আবার সৈন্যদের উপর গুলি বর্ষণ করলে একজন সৈন্য নিহত হয়। ঢাকা-ময়মনসিংহ সড়কে আরো আধাডজন প্রতিবন্ধকতার সৃষ্টি করা হয়।

২০ ও ২১শে মার্চ, ১৯৭১

যশোরে, হিন্দুস্তান থেকে সাতক্ষীরা হয়ে বিপুল পরিমাণ হিন্দুস্তানী অস্ত্রশস্ত্র চোরাপথে সীমান্তের এপারে আসে বলে খবর পাওয়া যায়। চোরাপথে আনীত অস্ত্রশস্ত্র চট্টগ্রাম থেকে কুমিল্লা পাঠানো হয় বলেও খবর পাওয়া যায়।

হংকং-এর দি ফার ইস্টার্ন রিভিউ ২০শে মার্চ (১৯৭১ সাল) সংখ্যায় লিখেছেন, 'প্রেসিডেন্ট ইয়াহিয়া খান যখন পশ্চিম পাকিস্তানে তাঁর পরবর্তী উদ্বেগের কথা ভাবছিলেন, তখন শেখ মুজিবুর রহমান তার ঢাকার বাড়ীতে আমাদের প্রতিনিধিকে বলেন, 'এটাই শেষ দফা।' শেখ মুজিবুরের বাসভবন বাংলাদেশের পতাকা এবং বিভিন্ন প্রতীক দিয়ে সুসজ্জিত ছিল। এ কথার অর্থ কি তা জিজ্ঞাসা করায় তিনি সেই শ্লোগানটি দিয়ে তার জবাব দিলেন, যা তিনি হাজার বার জনতার সামনে উচ্চারণ করেছেন- ''জয় স্বাধীন বাংলা, স্বাধীন বাংলা দীর্ঘজীবী হোক।''

২২শে মার্চ, ১৯৭১

দিনাজপুরে আওয়ামী লীগের কর্মীরা প্রেসিডেন্ট ইয়াহিয়ার একটি কুশপুত্তলিকাসহ এক উন্মুক্ত মিছিল বের। কুশপুত্তলিকাটির বুকে তীর বসানো ছিল। সিলেটের কয়েকটি চা বাগানে হিন্দুস্তানী অস্ত্রশস্ত্র এনে রাখা হয়েছে বলে খবর পাওয়া যায়।

২৩শে মার্চ, ১৯৭১

'পাকিস্তান দিবসের' নাম পরিবর্তন করে 'প্রতিরোধ দিবস' করা হয়। ঢাকা এবং পূর্ব পাকিস্তানের অন্যান্য শহরে বিভিন্ন সরকারী ভবনের চূড়ায় পাকিস্তানের জাতীয় পতাকার পরিবর্তে 'বাংলাদেশের' নয়া পতাকা উড়তে দেখা যায়। মুক্তিফ্রন্টের আধা সামরিক বাহিনী এবং অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীদের মার্চ পাস্ট এবং কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। আওয়ামী লীগের নির্দেশ অনুসারে ঢাকা টেলিভিশন এই দিন পাকিস্তানী পতাকা প্রদর্শন করেনি। মিরপুর এবং অন্যান্য কয়েকটি এলাকার অধিবাসীরা নয়া বাংলাদেশ পতাকা উড়াতে অস্বীকার করে। পাকিস্তানী পতাকা উত্তোলনের চেষ্টা করলে এসব জায়গায় তাদের উপর হামলা চালানো হয়।

শেখ মুজিবুর রহমান তার বাসভবনে সশস্ত্র মার্চ পাস্টে সালাম গ্রহণ করেন। এখানেও আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়।

বিভিন্ন ছাত্রদল পশ্চিম পাকিস্তানী ব্যবসায়ীদের অপহরণ করে এবং মুক্তিপণ দাবী করে। সশস্ত্র জনতা ঢাকা বিমানবন্দরের কাছে বহির্গামী যাত্রীদের উপর ইটপাটকেল নিক্ষেপ করে এবং তাদেরকে হয়রানী করে।

২৪শে মার্চ, ১৯৭১

যুদ্ধংদেহী ছাত্র এবং শ্রমিকরা জনগণকে হিংসাত্মক কাজের উস্কানি দিয়ে প্রদেশের বিভিন্ন জায়গায় হাতে লেখা এবং সাইক্লোস্টাইল করা প্রচারপত্র বিলি করা শুরু করে। পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের জেলা কমিটি ঐ ধরণের একটি প্রচারপত্র বিলি করে, যাতে লেখা ছিলঃ

"পূর্ব বাংলার জাতীয় মুক্তি আন্দোলন এগিয়ে চলছে। এই দাবানলকে দিকে দিকে ছড়িয়ে দিন। দেশপ্রেমিক বিপ্লবী জনগণ। হাতিয়ার তুলে নিন। শত্রুসৈন্যকে বাধা দিন এবং তাদেরকে নির্মূল করুন। সশস্ত্র প্রতিরোধের মাধ্যমে মুক্ত এলাকাগুলো রক্ষা করুন।''

''দেশবাসী বন্ধুগণ! হাতের কাছে যে অস্ত্র পানা তাই হাতে তুলে নিন এবং শত্রুদের অগ্রগতি বন্ধ করুন। যে সব জায়গা শত্রুদের নিয়ন্ত্রণে নেই, সেসব জায়গার সড়ক, সেতু রেলযোগাযোগ প্রভৃতি বিচ্ছিন্ন করে দিন। ঘরে ঘরে হাত বোমা ও মলোটোভ বোমা (Monoltov Cocktail) প্রস্তুত রাখুন। যদি আমাদেরকে আত্মসমর্পণ করতে হয় কিংবা আমরা শত্রুকর্তৃক আক্রান্ত হয়ে পড়ি তাহলে আমাদেরকে রক্তক্ষয়ী প্রতিরোধ সংগ্রাম শুরু করতে হবে।

''মনে রাখবেন, পূর্ব বাংলার জাতীয় মুক্তি কেবল সশস্ত্র সংগ্রামের মাধ্যমেই অর্জিত হতে পারে, যার জন্য দীর্ঘ সময়ও প্রয়োজন হতে পারে। কাজেই গেরিলা যুদ্ধ কৌশল ছাড়া আমরা শত্রুদের প্রতিহত করতে সক্ষম হবো না, যে কোনো মূল্যে মুক্ত এলাকাগুলো রক্ষা করার জন্য প্রস্তুত থাকুন।

পূর্ব বাংলার দীর্ঘ সংগ্রাম শেষ পর্যায়ে উপনীত হয়নি, বরং এটাই কেবল শুরু। আমাদেরকে দূর্বল করার জন্য শত্রুরা অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করতে পারে। পূর্ব বাংলার জয় অবশ্যম্ভাবী। আমরা পাকিস্তানী উপনিবেশের জিঞ্জির ছিঁড়ে ফেলবো। স্বাধীন পূর্ব বাংলা জিন্দাবাদ।''

রংপুরে উত্তর সৈয়দপুরের গোলাহাট থেকে অগ্নিসংযোগের খবর পাওয়া যায়। লাঠি, সড়কি অন্যান্য অস্ত্রশস্ত্রে সজ্জিত ৮ হাজার লোকের এক উন্মুক্ত জনতা সৈয়দপুর অভিমুখে যাত্রা করে সেখানকার অধিবাসীদের উপর আক্রমন করার জন্য ৫০টি বাড়ীতে আগুন লাগিয়ে দেয়।

২৫শে মার্চ, ১৯৭১

ঢাকার ইঞ্জিনিয়ারিং কলেজ, ইকবাল হল ও জগন্নাথ হলে ব্যাপকভাবে এসিড বোমা তৈরীর খবর পাওয়া যায়। ঢাকা শহরের সর্বত্র ব্যারিকেড এবং বিভিন্ন রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়।

লন্ডনের টাইমস পত্রিকার ২৫শে মার্চ ১৯৭১ সংখ্যায় প্রকাশিত পাল মার্টিন-এর পাঠানো এক বার্তায় বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় মাঠে বিভিন্ন বিপ্লবীবাদী দল ছাত্রদেরকে আগ্নেয়াস্ত্র ব্যবহারের ট্রেনিং দেয়া শুরু করেছে। পূর্ব পাকিস্তানের বহু গ্রামে একটি গণবাহিনীর সূচনা হিসেবে স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা হয়েছে। এই গণবাহিনীর ভবিষ্যৎ কাজ হবে পাকিস্তান সেনাবাহিনীর মোকাবেলা করা। ইতিমধ্যেই গত কয়েক সপ্তাহে বিভিন্ন ল্যাবরেটরী থেকে চুরি করা রাসায়নিক দ্রব্য থেকে তৈরী করা পেট্রোল বোমা ও অন্যান্য হাতে তৈরী বোমা পূর্বঞ্চলীয় রাজধানী ঢাকায় প্রথমবারের মতো দেখতে পাওয়া যাচ্ছে।

সৈয়দপুরে আশেপাশের বিভিন্ন গ্রাম থেকে রাইফেল, গাদাবন্দুক, দা, ছোরা প্রভৃতি অস্ত্রে সজ্জিত জনতার চারটি দল সৈয়দপুর অভিমুখে যাত্রা করে এবং স্থানীয় এলাকা কোলাহাটের উপর আক্রমণ চালায়। এতে তিনজন লোক নিহত ও ১৭ (সতের) জন আহত হয়। আহতদের মধ্যে দুজন বুলেট আঘাতপ্রাপ্ত এবং অন্য ৭ জন বন্দুকের গুলিতে আঘাত পায়। বাকী কয়জন আহত হয় লাঠিসোঁটার আঘাতে। ৫০টি বাড়ীও জ্বালিয়ে দেয়া হয়। সৈন্যবাহিনী গুলি ছুড়তে বাধ্য হয়। ফলে তিনজন লোক জখম হয়। পরে আরেক উন্মুক্ত জনতা সৈয়দপুর ক্যান্টনমেন্টের উপর আক্রমণ চালায়। তারা সৈন্যদেরকে লক্ষ্য করে বন্দুকের গুলি ছোড়ে। সৈন্যরা পাল্টা গুলি চালালে ৫ জন লোক আহত হয়।

অপরদিকে আরেক জনতা সৈয়দপুর-দিনাজপুর সড়কে ডাক বিভাগের একটি গাড়ির উপর হামলা চালায়। তারা ড্রাইভার এবং কন্ডাক্টরকে গাড়ী থেকে টেনে নামায়। কন্ডাক্টরকে ঘটনাস্থলেই পিটিয়ে হত্যা করা হয়, আর ড্রাইভারটি মারাত্মকভাবে আহত হয়।

চট্টগ্রামে ক্যান্টনমেন্টের সামরিক বাহিনীর লোকদের যাতায়াত এবং অস্ত্রশস্ত্র আনা-নেয়া বন্ধ করার জন্য চট্টগ্রাম বন্দর থেকে আগ্রাবাদগামী রাস্তায় অসংখ্য ব্যারিকেড সৃষ্টি করা হয়। প্রধান সড়কে কয়েকটি ট্রেঞ্চ খনন করা হয় এবং যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টির জন্য রাস্তার উপর ট্রাক ও লরি, পিচের ড্রাম, ডাস্টবিন ও ইটপাটকেল ফেলে রাখা হয়।

আওয়ামী লীগের ব্যাপক সশস্ত্র প্রস্তুতি আরেক ধাপ এগিয়ে যায়। শেখ মুজিবুর রহমান সাবেক কর্নেল ওসমানীকে 'বিপ্লবী বাহিনীর অধিনায়ক' নিযুক্ত করেন এবং তিনি সরাসরিভাবে শেখ মুজিবের কর্তৃত্বাধীনে থাকবেন। শেখ মুজিবুর রহমান প্রাক্তন সামরিক কর্মচারীদেরকে নিজ পক্ষে তালিকাভূক্ত করার জন্য অবসরপ্রাপ্ত মেজর জেনারেল মজিদ এবং অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কমান্ডার মোয়াজ্জমকে নিয়োগ করেন। তালিকা সুষ্ঠুভাবে প্রণয়ন করা হয় এবং তা আওয়ামী লীগের সদর দফতরে রাখা হয়। অন্যদিকে তাদের হাতে অস্ত্র দেওয়ার ব্যবস্থা করা হয়। আর এ জন্য ঢাকা, নারায়ণগঞ্জ, খুলনা এবং যশোরের অস্ত্র দোকানগুলো লুট করা হয় এবং তা বিদ্রোহীদের ব্যবহারের জন্য সব বড় বড় শহরে মওজুত করা হয়। একমাত্র ঢাকা পুলিশ স্টেশনেই গুলিভর্তি ১৫ হাজার রাইফেল জমা করা হয়।

বিভিন্ন ইপিআর এবং ইবিআর বহিঃফাঁড়ির মধ্যে অয়্যারলেস ট্রান্সমিটারের সাহায্যে যোগাযোগ প্রতিষ্ঠা করা হয় এবং এক ইউনিট থেকে দ্রুত অন্য ইউনিটে নির্দেশ পাঠানো হয়। বৃহত্তম পরিচালন সদর দফতর ছিলো চট্টগ্রামের ইস্ট বেঙ্গল রেজিমেন্ট সেন্টারে।

পরিচালনা কার্যক্রম অত্যন্ত সুষ্ঠুভাবে তৈরী করা হয় এবং এমন ব্যবস্থা রাখা হয় যে, ঢাকার আওয়ামী লীগ সদর দফতর থেকে নির্দেশ পাওয়া মাত্রই সশস্ত্র বিদ্রোহ শুরু হয়ে যাবে। যেসব ব্যবস্থা নেয়া হয় সেগুলো হচ্ছেঃ

(ক) আকাশ কিংবা সমুদ্রপথে পাকিস্তানী সৈন্যের আগমন রোধ করার জন্য ইবিআর বাহিনী ঢাকা এবং চট্টগ্রাম দখল করবে।

(খ) ইপিআর, পুলিশ এবং সশস্ত্র রাজাকারদের সাহায্যে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অবশিষ্ট সৈন্যরা বিভিন্ন ক্যান্টনমেন্ট এবং ফাঁড়িতে সশস্ত্র সৈন্যদের নির্মূল করবে।

(গ) ইপিআর সীমান্তের সব গুরুত্বপূর্ণ ঘাঁটিগুলো দখল করবে এবং তা বহির্সাহায্যের জন্যে খোলা থাকবে।

(ঘ) অবশিষ্ট অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ সংগ্রহ করা হবে হিন্দুস্তান থেকে।

(ঙ) আওয়ামী লীগ বিদ্রোহী বাহিনী গুরুত্বপূর্ণ কেন্দ্রগুলো দখল এবং পাকিস্তানী সেনাবাহিনীকে পর্যুদস্ত করার প্রথম পর্যায়ে সাফল্য লাভ করা মাত্রই হিন্দুস্তানী সৈন্যরা তাদের সাহায্যে এগিয়ে আসবে।

শুক্রবার দিন খুব ভোরে এই বিদ্রোহ শুরু হবে বলে সময় ধার্য করা হয়। ২৫শে মার্চ দিনগত রাতে আওয়ামী লীগের পরিকল্পনা অনুযায়ী সশস্ত্র বিদ্রোহ সংগঠন এবং স্বাধীন বাংলাদেশ প্রজাতন্ত্রের অভ্যুত্থান বাস্তবায়িত করার মাত্র কয়েক ঘন্টা আগে প্রেসিডেন্ট পাকিস্তান সশস্ত্র বাহিনীকে তাদের কাজে ঝাঁপিয়ে পড়ার এবং সরকারের কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠা করার আহ্বান জানান। সেনাবাহিনী তৎপর হয়ে ওঠে এবং তারা হিন্দুস্তানের সশস্ত্র অনুপ্রবেশকারী এবং ইস্ট বেঙ্গল রেজিমেট, ইস্ট পাকিস্তান রাইফেলস, ইস্ট পাকিস্তান পুলিশ ও আধা সামরিক বাহিনীর বিদ্রোহী লোকদের মাধ্যমে আওয়ামী লীদের পূর্ব পাকিস্তান দখলের সশস্ত্র পরিকল্পনা বানচাল করে দেয়। পরবর্তী কয়েক সপ্তাহের মধ্যে বিদ্রোহীদের দমন এবং হিন্দুস্তানী অনুপ্রবেশকারীদেরকে তাড়িয়ে দেয়ার জন্য হিন্দুস্তান সংলগ্ন সীমান্ত বরাবর পাকিস্তান সেনাবাহিনীকে মোতায়েন করা হয়। এই সময়ে যেসব এলাকা সাময়িকভাবে বিদ্রোহী এবং হিন্দুস্তানী অনুপ্রবেশকারীদের নিয়ন্ত্রণে আসে সেসব জায়গায় আওয়ামী লীগের সন্ত্রাসের রাজত্ব যা পহেলা মার্চ থেকে শুরু হয়েছিল তা অব্যাহতবাবে চলতে থাকে। এর ফলে এক লাখেরও বেশী পুরুষ, মহিলা ও শিশুর জীবননাশ হয়। তা ছাড়া বিপুলসংখ্যক সরকারী ও বেসরকারী ভবন, শিল্প প্রতিষ্ঠান প্রভৃতি বিনষ্ট এবং পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার ক্ষতিসাধিত হয়।

আওয়ামী লীগের যুদ্ধবাজ কর্মী এবং ইপিআর ও ও ইবিআর-এর বিদ্রোহীরা নরঘাতকের ভূমিকা গ্রহণ করে। আওয়ামী লীগের বিচ্ছিন্নতাবাদীদের অশুভ ইচ্ছার যারা বিরোধীতা করে তারাই তাদের হত্যার শিকারে পরিণত হয়। অবর্ণনীয় বর্বরোচিত কাজ সংঘটিত হয়। বগুড়া জেলার শান্তাহারের একটি এলাকায় ১৫ হাজারেরও বেশী লোককে ঘেরাও করা হয় এবং তাদেরকে সুপরিকল্পিতভাবে হত্যা করা হয়। মহিলাদেরকে উলঙ্গ করে রাস্তায় রাস্তায় ঘুরানো হয় এবং মাকে তার নিজ সন্তানের রক্ত পান করতে বাধ্য করা হয়। চট্রগ্রামে ১০ হাজারেরও বেশী লোককে হত্যা করা হয়। সিরাজগঞ্জে সাড়ে তিন শ মহিলা ও শিশুকে একটি হলঘরে তালাবদ্ধ করে আগুন লাগিয়ে দেয়া হয়। ফলে তারা জীবন্ত দগ্ধ হয়ে মারা যায়। ময়মনসিংহে সানকিপাড়া এলাকায় ২ হাজার পরিবারের একটি কলোনীকে সম্পূর্ণ নির্মূল করা হয়। পুরুষদেরকে ঘর থেকে টেনে বের করে গুলি করে মারা হয় এবং মহিলাদের দিয়ে কবর খোঁড়ানো হয় ও তাদেরকে ধর্ষণ করা হয়। তারপর বেশীর ভাগ ক্ষেত্রেই তাদেরকে হত্যা করা হয়। ঐ ধরণের বর্বরোচিত ও অমানুষিক কয়েকটি ঘটনার কথা বিদেশী পত্র-পত্রিকায় প্রকাশিত হয়। তার কয়েকটির অংশবিশেষ নিচে উদ্ধৃত করা হলোঃ

‘বর্তমান পূর্ব পাকিস্তানে বসবসরত লক্ষ লক্ষ অবাঙ্গালী মুসলমান প্রতি মুহূর্তে পূর্ব ও পশ্চিম পাকিস্তনের মধ্যেকার উত্তেজনার প্রতিক্রিয়ার কথা অনুধাবন করছে এবং আশংকা করা যাচ্ছে যে, বাঙ্গালীরা এই বিরাট সংখ্যক সংখ্যালঘুদের উপর প্রতিশোধ নেবার উদ্দেশ্যে তাদের উপর চড়াও হয়েছে।’

'স্টেটসম্যান’, নয়াদিল্লী,
৪ঠা এপ্রিল, ১৯৭১
পিটার হাজেলহার্ষ্ট

"দেশ বিভাগের সময় যেসব হাজার হাজার অসহায় মুসলিম উদ্বাস্তু পূর্ব বাংলায় স্থায়ীভাবে বসবাস শুরু করেন তাদেরকে গত কয়েক সপ্তাহে পূর্ব পাকিস্তানের ক্রুদ্ধ বাঙালীরা হত্যা করেছে।"

এ সপ্তাহে যেসব বিহারী মুসলমান উদ্বাস্তু সীমান্ত অতিক্রম করে হিন্দুস্তানে চলে আসে তারা এই হত্যার কথা জানিয়েছে। আজ একজন তরুণ বৃটিশ টেকনিশিয়ান হিলিতে হিন্দুস্তান পাকিস্তান সীমান্ত অতিক্রম করে। তিনি এই হত্যাকাণ্ডের সত্যতা প্রকাশ করেন।

'দি টাইমস' লন্ডন, ৬ই এপ্রিল, ১৯৭১।

'গতকাল কোলকাতায় যে বৃটিশ জাহাজ নোঙর করা হয় তার যাত্রীরা পূর্ব পাকিস্তানের বন্দরনগরী চট্টগ্রামে ব্যাপক নরহত্যা এবং অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনার কথা জানিয়েছেন।'

লেয়ন লামসডেন নামে মার্কিন সাহায্য পরিকল্পনার একজন ইঞ্জিনিয়ার বলেছেন, প্রধানত বাঙালী অধ্যুষিত চট্টগ্রাম শহরে গত সপ্তাহে সেনাবাহিনীর লোক আসার আগে একটানা দুই সপ্তাহ ধরে বাঙালীরা পশ্চিম পাকিস্তানীদের উপর হত্যাযজ্ঞ চালায়।

'নর্দান ইকো' ডারলিংটন, ডারহাম, ৬ই এপ্রিল, ১৯৭১।

"যখন ইপিআর (ইস্ট পাকিস্তান রাইফেলস) বিদ্রোহ করলো তখন তারা প্রথম যে কাজে হাতে দিলো তা হচ্ছে বিভিন্ন ব্যাংকে অবাঙলীদের উৎখাত করা।"

"১০ থেকে ১৫ হাজার লোক নিয়ে গঠিত ইপিআর-এর শতকরা ৪০ জন হচ্ছে পশ্চিম পাকিস্তানী। তাদের বেশীর ভাগই অফিসার।"

"ইপিআর-এর লোকেরা হিন্দুস্তানের সীমান্ত তল্লাশী শহর হরিদাসপুরের কাছে সীমান্ত বরাবর এক গরুর গাড়ী বোঝাই লাশ খালাস করে।"

"ফার ইস্টার্ন ইকনোমিক রিভিউ", হংকং, ২৪শে এপ্রিল, ১৯৭১। টি আই এস জর্জ।

"শত শত প্রত্যক্ষদর্শীর কাছ থেকে যে বিবরণ পাওয়া গেছে তাতে ধারণা করা যায় যে, আওয়ামী লীগ যখন ক্ষমতায় অধিষ্ঠিত হতে যাচ্ছে, তখন কিছু কিছু বাঙালী বিহারীদের ঘরবাড়ী লুট করে এবং তাদেরকে হত্যা করে।"

'নিউইয়র্ক টাইমস', নিউইয়র্ক ১০ই মে, ১৯৭১ (ম্যালকম ডব্লিউ ব্রাউন)

"স্থানীয় একটি ব্যাংকের ইউরোপীয় ম্যানেজার বলেন, অত্যন্ত সৌভাগ্যের বিষয় যে সেনাবাহিনীর সময় মতো উপস্থিতির জন্য প্রতিটি ইউরোপীয় জীবিত আছেন, না হলে এ কাহিনী বলার জন্য আমি বেঁচে থাকতাম না।"

'নিউইয়র্ক টাইমস', নিউইয়র্ক ১১ই মে, ১৯৭১ (ম্যালকম ব্রাউন)

"এমন প্রমাণ পাওয়া গেছে যে, উন্মুক্ত জনতা অবাঙালীদের উপর আক্রমণ চালিয়ে তাদেরকে হত্যা করে এবং তাদের ঘরবাড়ী জ্বালিয়ে দেয়। এসব অবাঙালীদের অধিকাংশই ১৯৪৭ সালে দেশ বিভাগের সময় হিন্দুস্তান থেকে পাকিস্তানে আসে। প্রত্যক্ষদর্শীরা দেড় হাজার বিধবা ও এতিম শিশুর নিদারুণ কাহিনীর কথা উল্লেখ করেন। ময়মনসিংহের উত্তরাঞ্চলের একটি মসজিদে আশ্রয় নিতে যাওয়ার সময় বিচ্ছিন্নতাবাদী বলে শনাক্তকৃত সশস্ত্র লোকেরা তাদের স্বামী ও পিতাদের হত্যা করে। "

'সিলোন ডেইলী নিউজ', কলম্বো ১৫ই মে, ১৯৭১ (মরিস কুয়েনট্যান্স)

"গতকাল এই গুরুত্বপূর্ণ বন্দর নগরীতে সফরকারী সাংবাদিকরা বলেছেন, গোলাগুলির ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে এবং বিদ্রোহীরা যে বেসামরিক লোককে বিপুল সংখ্যায় হত্যা করেছে তার প্রমাণ পাওয়া গেছে। "

"সাংবাদিকরা ইস্পাহানী পরিবারের একজন প্রভাবশালী ব্যক্তির মালিকানাধীন পাটকলে একটি বিরাট কবর দেখতে পান, যেখানে ১৫২ জন অবাঙালী মহিলা ও শিশুকে একযোগে সমাহিত করা হয়েছে। বিচ্ছিন্নতাবাদী বিদ্রোহীরা তাদেরকে গত মাসে কারখানার চিত্তবিনোদন কেন্দ্রে হত্যা করে। "

"বুলেট ঝাঁঝরা এই ক্লাব কক্ষের মেঝেতে এখনো রক্তমাখা জামা-কাপড় ও বাচ্চাদের খেলনা ছড়িয়ে আছে। দায়িত্বশীল মহল বলেন, চট্টগ্রামে হাজার হাজার পশ্চিম পাকিস্তানী এবং ১৯৪৭ সাল থেকে পূর্ব পাকিস্তানে আগত হিন্দুস্তানী মুসলমানদেরকে ২৫শে মার্চ অর্থাৎ যেদিন পশ্চিম পাকিস্তান থেকে পূর্ব পাকিস্তানকে বিচ্ছিন্ন করার আন্দোলন শুরু হয় সেদিন থেকে ১১ই এপ্রিল সেনাবাহিনী কর্তৃক শহর পুনর্দখল করার দিন পর্যন্ত পাইকারীভাবে হত্যা করা হয়। "

"স্থানীয় বাসিন্দা সাংবাদিকদের একটি অগ্নিদগ্ধ ভবন দেখায়। তারা জানায়, বাঙালীরা এখানে পশ্চিম পাকিস্তানের সাড়ে তিন শ পাঠানকে পুড়িয়ে মেরেছে।"

'ওয়াশিংটন পোস্ট', ওয়াশিংটন, ১২ই মে, ১৯৭১

'(এ্যাসোসিয়েটেড প্রেস রিপোর্ট)

'বন্দর শহর চট্টগ্রামে একটি পাটকলের চিত্তবিনোদন ক্লাবে রক্ত মাখানো খেলার পুতুল এবং মলমূত্র দেখতে পাওয়া যায়। বাঙালীরা এখানে ৮০ জন মহিলা ও শিশুকে হত্যা করে। উগ্র স্বদেশিকতার উন্মাদনায় বাঙালীরা কিছুসংখ্যক পশ্চিম পাকিস্তানীকে খুন করে।"

বাঙালী বেসামরিক লোক এবং মুক্তি সৈন্যরা হিন্দুস্তানের বিহার রাজ্য থেকে আগত মোহাজিরদের পাইকারী হারে হত্যা করা শুরু করে এবং বাজার ও অন্যান্য এলাকায় ব্যাপকভাবে ছুরি মারা, গুলি চালনা এবং আগুন লাগানো প্রভৃতি হিংসাত্মক কাজ চালায় আর নারী ধর্ষণ ও লুটতরাজ করে।

চতুর্থ অধ্যায়
হিন্দুস্তানের ভূমিকা

পূর্ব পাকিস্তানের রাষ্ট্রবিরোধী ব্যাক্তিদের সঙ্গে হিন্দুস্তানী যোগসাজশের প্রত্যক্ষ পরিচয পাওয়া গেলো ১৯৬৭-তে যখন আগরতলায় ষড়যন্ত্র উদঘাটিত হলো। কয়েকজন সাক্ষী সাক্ষ্য দিলেন যে শেখ মুজিবুর রহমান এই ষড়যন্ত্রের সংগে জড়িত ছিলেন ১৯৬৪-র সেপ্টেম্বর থেকেই যখন দেশের অবশিষ্ট অংশ থেকে পূর্ব পাকিস্তানকে পৃথক করার উদ্দেশ্যে একটি বিপ্লবী সংস্থা গঠিত হয়েছিলো। আগরতলা ষড়যন্ত্রের কর্মপরিকল্পনার প্রধান বিষয় ছিলো সামরিক ইউনিটগুলোর অস্ত্রাগারগুলো দখল করে সেগুলোকে অচল করে দেওয়া। পরিকল্পনা করা হয়েছিল যে এ কাজ করা হবে কমান্ডো কায়দায় এবং দলের লোকসংখ্যা কম বলে আক্রমণ করা হবে অতর্কিতভাবে। এই উদ্দেশ্য সাধনের জন্য ষড়যন্ত্রকারীদের প্রতিনিধিদের সঙ্গে হিন্দুস্তানের প্রতিনিধিদের এক বৈঠকের ব্যবস্থা করা হয়। হিন্দুস্তানের অস্ত্রশস্ত্র সরবরাহ করার কথা ছিলো ১৯৬৭ সালের ১২ই জুলাই তারিখে হিন্দুস্তানের আগরতলায় এই বৈঠক অনুষ্ঠিত হয়।

১৯৬৭-র ডিসেম্বরে ষড়যন্ত্রকারীদের গ্রেফতার করা হয়। তাদের একজন প্রকাশ করে যে, হিন্দস্তান পূর্ব পাকিস্তানে সশস্ত্র বিপ্লব গড়ে তোলার জন্য অস্ত্র ও অর্থ সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছে। তা ছাড়াও হিন্দুস্তান বলেছে যে হিন্দুস্তান সরকার 'চূড়ান্ত দিনে' পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে যোগাযোগকারী আকাশপথ ও সমুদ্রপথ বন্ধ করে ফেলবে।

হিন্দুস্তান এই পরিকল্পনা কার্যকরী করলো ১৯৭১ সালের ফেব্রুয়ারী মাসে। হিন্দুস্তান বিমান লাইনের একটি ফকার ফ্রেন্ডশিপ বিমানের গতি জোর করে পরিবর্তন করে তাকে লাহোরে নিয়ে যাওয়া হলো। গতি পরিবর্তনকারীরা পরে বিমানটি ধ্বংস করে ফেললো। এই ঘটনাকে ছুতো হিসেবে অবলম্বন করে হিন্দুস্তান সরকার তার এলাকার উপর দিয়ে পাকিস্তানী বেসামরিক বিমানের চলাচল বন্ধ করে দিল। এতে দুই দেশের মধ্যে উত্তেজনার সৃষ্টি হলো।

সংশ্লিষ্ট বিমানের যাত্রীদের নিরাপত্তা ও হিন্দুস্তান তাদের আশু প্রত্যাবর্তনের নিশ্চয়তা বিধানের জন্য পাকিস্তান সরকার সম্ভব সব ব্যবস্থা গ্রহণ করলেন। পুরো ঘটনাটি তদন্ত করে দেখার জন্য একটি তদন্ত কমিশন নিয়োগ করা হলো। তদন্ত কমিশনের রিপোর্টে উদঘাটিত হলো যে, এ ঘটনাটি হিন্দুস্তানী এজেন্টরা ইচ্ছা করেই ঘটিয়েছে। এর পেছনে উদ্দেশ্য ছিল হিন্দুস্তানী সীমানার উপর দিয়ে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বিমান চলাচল বন্ধ করার জন্য একটা ছুতো বের করা এবং পাস্তিানের দুই অংশের মধ্যে অসুবিধা ও উত্তেজনা আরও বাড়িয়ে তোলা। এ জন্য তারা এক সময়ের অপেক্ষায় ছিলো যা ছিলো পকিস্তানের রাজনৈতিক ও শাসনতান্ত্রিক আলোচনার সংকটকাল।

'গার্ডিয়ান' পত্রিকার ১৭১ সালের ২৪শে ফেব্রুয়ারীর সংখ্যায় প্রকাশিত হলোঃ 'তিনি (মুজিব) প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ও তার জেনারেলদের বলছেনঃ জনসাধারণ আমাকে ভালোবাসে, সুতরাং আমাকে স্পর্শ করবেন না। তিনি এ কথা বলছেন, কারণ তিনি জানেন যে, পূর্ব পাকিস্তানে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের সৈন্য এতো কম যে, তারা বড় রকমের কিছু করার সাহস পাবে না। আর যেহেতু হিন্দুস্তানের ওপর দিয়ে বিমান চলাচল বন্ধ, কাজেই সৈন্য সংখ্যা বাড়ানোও অসম্ভব।

পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে হিন্দুস্তানের হস্তক্ষেপের কারণ বহু। আর এই সমস্যার মূল নিহিত রয়েছে অতীত ইতিহাসে। হিন্দুস্তান পাকিস্তানের সমস্যার মূল কারণ হচ্ছে এই যে হিন্দুস্তান কখনো পাকিস্তানের প্রতিষ্ঠাকে সত্যি সত্যি মেনে নেয়নি। এমনকি বল্লভভাই প্যাটেলের হতো শীর্ষস্থানীয় দায়িত্বশীল নেতারাও আশা পোষণ করতেন যে, হিন্দু মাতৃভূমিরুপে ভারত পুনরায় যুক্ত হবে। এই আশা চরিতার্থ করার উদ্দেশ্যে হিন্দুস্তান

পাকিস্তানকে ক্ষতিগ্রস্ত করার জন্য চেষ্টার কোনো ত্রুটি করেনি। সে হঠাৎ পাকিস্তানের জমিতে পানির প্রবাহ বন্ধ করে দিলো পাকিস্তানের অর্থনীতিকে ব্যাহত করার জন্য লাখ লাখ মুসলমানকে ঘরছাড়া করে পাকিস্তানে ঠেলে দিলো । সে জুনাগড় দখল করে নিলো এই অজুহাত দেখিয়ে যে তার অধিবাসীরা হিন্দু আবার কাশ্মীর দখল করার পেছনে সে অজুহাত দেখালো যে তার শাসনকর্তা হিন্দু। ১৯৬৫ সালে সে পশ্চিম পাকিস্তানের আন্তর্জাতিক সীমানায় সরাসরি আক্রমণ চালিয়ে পাকিস্তানকে আঘাত হানলো। ফারাক্কা বাঁধ নির্মাণের সমাপ্তি ত্বরান্বিত করে সে পূর্ব পাকিস্তানের ২ কোটি ৩০ লাখ লোকের জীবনযাত্রা এবং সারা দেশের অর্থনীতিকে বিপদাপন্ন করে তুললো। এখন পূর্ব পাকিস্তানের ধ্বংসাত্মক কার্যকলাপের মধ্যমে সে আবার পাকিস্তানের সংহতিকে ক্ষুণ্ণ করতে চায়।

১৯৭১ সালের ফেব্রুয়ারী মাসের শেষের দিকে হিন্দুস্তানী সেনাবহিনীর একটা উল্লেখযোগ্য অংশকে পশ্চিমবঙ্গে মোতায়েন করা হলো। আপাতদৃষ্টিতে উদ্দেশ্য ছিল নির্বাচনের সময় অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা করা। নির্বাচন শেষ হয়ে যাওয়ার পর সৈন্য পরিস্থিতি স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার পরিবর্তে ১৯৭১ সালের মার্চ মাসের শেষার্ধে অতিরিক্ত সৈন্য সমাবেশ করা হলো পূর্ব পাকিস্তান সীমান্তে। এদের সাহায্যের জন্য নিয়োগ করা হলো মাউন্টেন ব্রিগেড, প্যারাসুট ব্রিগেড, জঙ্গী বোমারু বিমান এবং বিমান পরিবহন ইউনিট।

সঙ্গে সঙ্গে পূর্ব পাকিস্তানের রাষ্ট্রবিরোধীদের সাহায্যের জন্যে হিন্দুস্তান সেনাবহিনীর বহু সৈন্যকে বিভিন্ন দিক থেকে পূর্ব পাকিস্তানের সীমান্তের আরও কাছাকাছি নিয়ে যাওয়া হলো। জেট জঙ্গী বিমান এবং পরিবহন বিমানও সীমান্ত এলাকার বিভিন্ন বিমান ক্ষেত্রে নিয়ে যাওয়া হলো ।

পশ্চিম বাংলায় পাঁচ ডিভিশনের ওপর সৈন্য সমাবেশ ছাড়াও সীমান্তরক্ষী বাহিনীর কয়েকটি অতিরিক্ত ব্যাটেলিয়ানও মোতায়েন করা হলো। এর আগেই কয়েকটি ব্যাটেলিয়ান পূর্ব পাকিস্তান সীমান্তে মোতায়েন করা হয়েছিল। এই ভাবে পূর্ব পাকিস্তান সীমান্তে সমাবিষ্ট হলো প্রায় পঁচিশটি হিন্দুস্তানী ব্যাটেলিয়ান। এইসব ব্যাটেলিয়ান যাতে বিদ্রোহী ও বিচ্ছিন্নতাবাদীদের সাহায্যের জন্য পূর্ব পাকিস্তানে ঢুকতে পারে সে জন্য B.S.F এর (বর্ডার সিকিউরিটি ফোর্স) চিহ্ন সরিয়ে ফেলা হলো। জীপ এবং অন্যান্য যানবাহনের রং বদলে দেওয়া হলো। দিল্লী থেকে বিমানযোগে আরো B.S.F সৈন্য আনানো হলো সব B.S.F কোর্স বাতিল করে দেয়া হলো, পুলিশ বিভাগে ছুটি বন্ধ করে দেওয়া হলো।

হিন্দুস্তানী এলাকার ওপর দিয়ে পাকিস্তানী বিমান চলাচল বন্ধ করেও হিন্দুস্তান ক্ষান্ত হলো না। সে পূর্ব পাকিস্তানের সমুদ্র পথেও বাধা সৃষ্টি করতে চাইলো। ১৯৭১ সালের এপ্রিল মাসের দুই তারিখে হিন্দুস্তানী নৌঘাঁটি দেয়ারকার ৭০ মাইল পশ্চিমে যুদ্ধ জাহাজ The ocean Endurance নামক একটি পাকিস্তানী সওদাগরী জাহাজকে হয়রান করলো। হয়রানির থেকে রক্ষা পাওয়ার জন্য জাহাজটিকে করাচী ফিরতে হলো। তিন দিন পর হিন্দুস্তানী যুদ্ধজাহাজ আর একটি পাকিস্তানী জাহাজে হয়রান করলো। এটি ছিল সফিনায়ে আরব। জাহাজটি হাজীদের নিয়ে চট্টগ্রাম যাচ্ছিল। হিন্দুস্তানের দক্ষিণ সীমান্তে কার্যরত আকাশ ক্ষেপণাস্ত্র নিক্ষেপকারী একটি নতুন ইউনিট অনুশীলন চালাতে গিয়ে উপকূল থেকে ১২৩ মাইল দূর পর্যন্ত ক্ষেপণাস্ত্র ছুড়তে থাকে । এইভবে তারা পাকিস্তানী বেসামরিক বিমানকে আরও দক্ষিণ দিক দিয়ে যেতে বাধ্য করে।

হিন্দুস্তানী বিমানাবাহিনীও এমন সব ব্যবস্থা গ্রহণ করতে থাকে, যা থেকে স্পষ্ট হয়ে ওঠে যে তারা একটি সম্ভাব্য যুদ্ধের প্রস্তুতি চালিয়ে যাচ্ছে। পূর্ব পাকিস্তানের পূর্ব সীমান্তে শিকারী জঙ্গীবিমান ও অতিরিক্ত পরিবহন বিমান মোতায়েন করা হলো পূর্ব পাকিস্তানের পশ্চিম ও উত্তর সীমান্তসংলগ্ন ঘাঁটিগুলোতে প্রস্তুতি আরও জোরদার করা হলো। বঙ্গোপসাগরে পাকিস্তানী জাহাজগুলোর চলাচল পর্যবেক্ষণ করার জন্য কোলকাতার কাছে ব্যারাকপুরে কয়েকটি পর্যবেক্ষণ বিমান মোতায়েন করা হলো। পূর্ব পাকিস্তানের সীমান্ত এলাকা জুড়ে ব্যাপকভাবে ফটো গ্রহণের কাজ চালানো হয়।

হিন্দুস্তানী সীমান্ত বাহিনীর লোকেরা স্থলপথে পূর্ব পাকিস্তানের ঢুকতে শুরু করলো এবং এই উদ্দেশ্য যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার পুনর্বিন্যাস করা হলো। হিন্দুস্তান বিচ্ছিন্নতাবাদীদের কাছে গোপনে অস্ত্রশস্ত্র পাঠাতে লাগলো। এমন বহুসংখ্যাক রাইফেল হস্তগত করা হয়, যাতে হিন্দুস্তানী রাইফেল ফ্যাক্টরি ইসাপুরের ছাপ রয়েছে। গোলাবারুদে পাওয়া গেছে হিন্দুস্তানের ফিরকী ফ্যাক্টরীর ছাপ।

এটা প্রমাণিত হয়েছে যে, হিন্দুস্তানের সীমান্ত রক্ষীবাহিনীর ৭৬, ৮১, ৮৩, ১০১, ১০৩ ও ১০৪ নম্বর ব্যাটেলিয়ানকে ১৯৭১ সালের মার্চ মাসের শেষের দিক থেকে পূর্ব পাকিস্তানে কাজে লাগানো হয়েছিলো। পরবর্তী তথ্য থেকে প্রমাণিত হয়েছে যে, এছাড়া আরও দুটি ব্যাটেলিয়নকে কাজে লাগানো হয়েছিলো। ৭৩ নম্বর B.S.F ব্যাটেলিয়ানকে কুচবিহারের মোখিলগঞ্জ এলাকায়, ৭৭ নম্বর B.S.F ব্যাটেলিয়ানকে দিনাজপুরের পশ্চিমাঞ্চলে এবং ১৮ নম্বর B.S.F ব্যাটেলিয়ানকে যশোরের পশ্চিম বনগাঁও নিযুক্ত করা হয়েছিল। হিন্দুস্তান সেনাবাহিনীর সিনিয়র কমান্ডাররা যুদ্ধকার্য পরিচালনা করতো। এদের মধ্যে একজন ছিল ৬১ নম্বর মাউন্টেন ব্রিগেডের কমান্ডার। সম্প্রতি এই ব্রিগেডটিকে পূর্ব পাকিস্তানের রাঙামাটির ২৫ মাইল উত্তর-পূর্বে ডিমগিরিতে মোতায়েন করা হয়েছে।

হিন্দুস্তানী অনুপ্রবেশ শুরু হওয়ার পরবর্তী সপ্তাহগুলোতে পাকিস্তান সেনাবাহিনী বহু পরিমাণ হিন্দুস্তানী অস্ত্রশস্ত্র হস্তগত করেছে। নওয়াবগঞ্জ এলাকায় সেনাবাহিনী একটি গোপন পত্র পেয়েছে। পত্রটি 'ভারী অস্ত্রশস্ত্র সরবরাহ' সম্পর্কে সীমান্তের ওপারে হিন্দুস্তানী এজেন্টের সঙ্গে আলোচনা বৈঠকের বিষয়ে লিখিত। লেখক আওয়ামী লীগের একজন নেতা।

পূর্ব পাকিস্তান সংকটের একেবারে গোড়া থেকেই যে হিন্দুস্তান এর সঙ্গে জড়িত ছিল, তার প্রমাণ এখন হিন্দুস্তান ও অন্যান্য বিদেশী তথ্য মাধ্যমের পরিবেশিত সংবাদ থেকে পাওয়া যাচ্ছে। একজন হিন্দুস্তানী সাংবাদিক ১১৯৭১ সালের মার্চ মাসে ২৯ তারিখে কোলকাতা থেকে প্রেরিত এক রিপোর্টে বলেন যে, বিদ্রোহীরা (তথাকথিত মুক্তিবাহিনী) হিন্দুস্তানের সঙ্গে যোগসূত্র স্থাপন করেছিলো। বোম্বইর ইন্ডিয়ান এক্সপ্রেস প্রকাশিত খবরে সাংবাদিক কুষ্টিয়ায় শেখ মুজিবুর রহমানের মুক্তিবাহিনীর কমান্ডারের উদ্ধৃতি দিয়েছেন। কমান্ডার তার নাম প্রকাশ করতে চায়নি। কমান্ডার বলেছে, নদীয়ার সীমান্তবর্তী কুষ্টিয়ায় বিদেশী সৈন্যদের দুটি ইউনিট নিহত হওয়ার পর অথবা কুষ্টিয়া থেকে তাদের অপসারণের পর কমান্ডার সঙ্গে সঙ্গে কোলকাতায় টেলিফোন করে। সে প্রথমে কথা বলে মিঃ অজয় মুখার্জীর সঙ্গে সেই সপ্তাহেরই শেষের দিকে যার পশ্চিম বাংলার নতুন মুখ্য উজীর হওয়ার কথা। এরপর কমান্ডার কয়েকজন সাংবাদিকের সঙ্গে কথা বলে।

'বাংলাদেশ'-এর প্রতি সমর্থন জানিয়ে হিন্দুস্তানের কয়েকটি প্রাদেশিক পরিষদে সরকারীভাবে প্রস্তাব গ্রহণ করা হলো। এই প্রদেশগুলোর মধ্যে রয়েছে তামিলনাড়ু, পশ্চিবঙ্গ, আসাম, কেরালা, রাজস্থান, উত্তর প্রদেশ, গুজরাট ও ত্রিপুরা। পশ্চিম বাংলার ডেপুটি মুখ্য উজীর বললেন, যদিও কেন্দ্রীয় সরকার এখনো বাংলাদেশের প্রতি স্বীকৃতি জানায়নি কিন্তু পশ্চিম বাংলায় আমরা বাংলাদেশের প্রতি এখন থেকেই স্বীকৃতি জানাচ্ছি।

এদিকে পূর্ব পাকিস্তান পরিস্থিতি সম্পর্কে হিন্দুস্তানী প্রধান উজীর নিজেই একটি প্রস্তাব উপস্থাপন করলেন। ১৯৭১ সালের ৩০ শে মার্চ তারিখে হিন্দুস্তানী পার্লামেন্টের উভয় পরিষদেই প্রস্তাবটি গৃহীত হলো। এই প্রস্তাবে 'পূর্ব বাংলার জনগণের প্রতি গভীর সহানুভূতি ও সংহতি প্রকাশ করা হয় এবং তাদের (বিচ্ছিন্নতাবাদীদের) আশ্বাস দেওয়া হয় যে, 'হিন্দুস্তানের জনগণ তাদের সংগ্রাম সর্বান্তঃকরণে সহানুভূতি জানাবে ও সমর্থন যোগাবে'।

হিন্দুস্তানের পার্লামেন্টে গৃহীত 'বাংলাদেশ' সম্পর্কিত প্রস্তাবটি বক্তৃতা প্রসঙ্গে অল ইন্ডিয়া কংগ্রেস কর্তৃক 'সর্বসম্মতিক্রমে গৃহীত' হয়। এই প্রস্তাব সম্পর্কে বক্তৃতা প্রসঙ্গে অল ইন্ডিয়া কংগ্রেস কমিটির

পশ্চিম বাংলা ইউনিটের জেনারেল সেক্রেটারী মিঃ কে, কে, শুকলা বললেন 'শেখ মুজিবুর রহমান যে যুদ্ধ করছেন সেটা হিন্দুস্তানেরই যুদ্ধ।'

হিন্দুস্তানী প্রধান উজীর শেখ মুজিবুর রহমানের সাহায্যের জন্য তহবিল সংগ্রহের আবেদন জানালেন হিন্দুস্তানের সর্বত্র সরকারী সমর্থনপুষ্ট কমিটি গঠিত হলো। পূর্ব পাকিস্তানের বিচ্ছিন্নতাবাদীদের সাহায্যের জন্য তারা চাঁদা তুলতে শুরু করলো। বিহার প্রদেশের মুখ্য উজীর কর্পুরী ঠাকুর ঘোষণা করলেন যে, তার সরকার এই তহবিলে ২৫ লাখ টাকা দান করবে। মুখ্য উজীর ঠাকুরের উদ্ধৃতি দিয়ে বোম্বাই 'ইন্ডিয়ান নেশন' পত্রিকার ১৯৭১ সালের ৬ই এপ্রিলের সংখ্যায় একটি খবর প্রকাশিত হয়। এই খবর অনুসারে ''বাংলাদেশের মুক্তিবাহিনীর প্রতি অস্ত্রশস্ত্র সরবরাহসহ সম্ভব সর্বপ্রকার সাহায্যদানের দৃঢ় সংকল্পের কথা ঠাকুর মহাশয় পুনরায় দৃঢ়তার সঙ্গে উল্লেখ করেন। তিনি আরো বলেন, পরিণতি যাই হোক না কেন, বাংলাদেশের প্রতি অস্ত্রশস্ত্র সরবরাহের ব্যাপারে আমি অটল। ''

শেখ মুজিবের মুক্তিবাহিনীর জন্য অস্ত্রশস্ত্র ক্রয় এবং পূর্ব পাকিস্তানে সশস্ত্র অনুপ্রবেশকারী পাঠানোর জন্য এই সব অর্থ সংগ্রহ করা হলো।

এপ্রিল মাসের ৫ তারিখে সাংবাদিকরা হিন্দুস্তানী প্রধান উজীরকে প্রশ্ন করেছিলেন যে এসব অস্ত্রশস্ত্র পূর্ব পাকিস্তানে পাঠানোর জন্য কোনো ব্যবস্থা করা হয়েছে কি না। এর জবাবে তিনি বলেছিলেন : ''তিনি এ ব্যাপারে প্রকাশ্যভাবে কিছু বলতে পারেন না। কারণ এটা একটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। স্টেটসম্যান এবং অন্যান্য কয়েকটি হিন্দুস্তানী সংবাদপত্রে এ খবর প্রকাশিত হয়েছিলো।

পূর্ব পাকিস্তানের গোলযোগ সৃষ্টির জন্য হিন্দুস্তানী এখনো বিদ্রোহীদের নিযুক্ত করে যাচ্ছে এবং তাদের ট্রেনিং দিয়ে চলেছে। লন্ডন টাইমস এর একজন প্রতিনিধি ব্যক্তিগতভাবে এই ধরনের একটি রিক্রুটিং সেন্টার পরিদর্শন করেছেন।

১৯৭১ সালের ১৮ ই জুন তারিখে প্রেরিত এক খবরে তিনি বলেন যে, শিক্ষা কেন্দ্রের অফিসার ইন চার্জ দাবী করেন যে তথাকথিত 'বাংলাদেশ' বাহিনীর সবগুলো ট্রেনিং কেন্দ্রেই বাংলাদেশের কোথাও অবস্থিত। কিন্তু লন্ডন টাইমস-এর প্রতিনিধি যখন জানতে চান যে, এটা একটা সামরিক গোপনীয় তথ্য। লন্ডন টাইমস এর প্রতিনিধি আরও জানান, হিন্দুস্তানের পশ্চিমবঙ্গের অভ্যন্তরে এরকমের প্রায় শ'খানেক কেন্দ্র রয়েছে। তিনি আরও বলেন যে, রিক্রুটিং সেন্টারগুলোর এমন সব জায়গায় অবস্থিত, যেগুলো বাইরে থেকে দেখলে মনে হয় যে এগুলো উদ্বাস্তুদের রেজিস্ট্রেশন অফিস। লন্ডন টাইমস-এর প্রতিনিধি খবর অনুসারে যাদের রিক্রুটিং সেন্টারে নিয়োগের নেই। পালিয়ে যাওয়ার চেষ্টা করলে তাদের গুলি করে মারা হবে। লন্ডন বৃটিশ দৈনিক গার্ডিয়ানে প্রকাশিত এক খবরে বলা হয়েছে যে পূর্ব পাকিস্তান থেকে যেসব সশস্ত্র বিদ্রোহীরা সম্প্রতি সীমান্তের ঐ পারে চলে গেছে হিন্দুস্তানীরা প্রকাশ্যভাবে তাদের আশ্রয় দিচ্ছে। 'এইসব বিদ্রোহীদের মধ্যে রয়েছে পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনীর লোক, সামরিক বাহিনীর লোক এবং অন্যান্যরা। 'গার্ডিয়ান প্রতিনিধি একটি বর্ডার ক্রসিং পয়েন্টে হিন্দুস্তানী সীমান্তবর্তী বাহিনীর অবস্থানের পাশে তাঁবু খাটানো একটি শিবিরে রাইফেলধারী সশস্ত্র ব্যক্তিদের স্বচক্ষে দেখেছেন।

লাগোসের নাইজেরিয়ান ট্রিবিউন নামক পত্রকার মে মাসের ১৪ তারিখের সংখ্যায় বলা হয়েছে, ''হিন্দুস্তান পূর্ব পাকিস্তান-হিন্দুস্তান সীমান্ত বরাবর ছ'টি রিলিফ কেন্দ্র স্থাপন করেছে। পাকিস্তান সেনাবাহিনীর বিরুদ্ধে ব্যবহারের জন্য অস্ত্রশস্ত্র ও অনুপ্রবেশকারীদের এই সব কেন্দ্রের মধ্য দিয়ে পূর্ব পাকিস্তানে পাঠানো হয়।''

কলম্বিয়া ব্রডকাস্টিং সিস্টেমের প্রতিনিধি আর্নেস্ট ওয়েদাবল ১৯৭১ সালের ৩১ শে মার্চ তারিখে নয়াদিল্লী থেকে প্রেরিত এক রিপোর্টে জানালেনঃ ''মুজিব ও তার বেআইনী ঘোষিত আওয়ামী লীগ যে আগে থেকে সতর্কতার সঙ্গে সামরিক অভিযানের পরিকল্পনা গ্রহণ করেছিল তার সব রকম আভাসই পাওয়া যাচ্ছে। এই মুক্তিবাহিনীর প্রথম লক্ষ্য ছিল চট্রগ্রাম বা পূর্ব পাকিস্তানের একমাত্র গভীর সামুদ্রিক বন্দর। এই বন্দরটি একবার ধ্বংস হয়ে গেলেই প্রেসিডেন্ট ইয়াহিয়া খান পূর্ব পাকিস্তানে সৈন্য সরবরাহের ব্যাপারে মুশকিলে পড়তেন। দ্বিতীয় লক্ষ্য ছিল ঢাকা অধিকার করা। যাতে তা পাকিস্তান সেনাবাহিনীর মূল ঘাঁটি হিসেবে ব্যবহৃত না হতে পারে।

মুজিব বহু দিন যাবৎ বাইরে থেকে সরবরাহ পেয়ে আসছিলেন বলে বিশ্বাস এবং ১৯৭১ সালের ২৬ শে মার্চ তারিখ প্রেসিডেন্ট ইয়াহিয়া কর্তৃক ব্যবস্থা গ্রহণের পূর্ব পর্যন্ত এসব লুকিয়ে রাখা হয়েছিল। নয়াদিল্লীতে অবস্থিত বহু বিদেশী কূটনীতিবিদ মনে করেন যে, এসব অস্ত্রশস্ত্র একমাত্র হিন্দুস্তান থেকেই আসা সম্ভব ছিলো।

লন্ডন টাইমস-এর প্রতিনিধি পশ্চিমবঙ্গের ২৪ পরগনা থেকে প্রেরিত এক রিপোর্টে বলেছেন যে, বোমা ও বন্দুক সীমান্ত দিয়ে পূর্ব পাকিস্তানে সরবরাহ করা হচ্ছে এবং পূর্ব বাংলায় বেনাপোল সীমান্ত ফাঁড়ির কাছে পশ্চিম বাংলার গেরিলাদের উপস্থিতির প্রমাণ পাওয়া গেছে।

২৮শে এপ্রিল তারিখে নয়াদিল্লী থেকে প্রেরিত এএফপির খবরে বলা হয়েছে-'পূর্ব পাকিস্তানে যুদ্ধ করার জন্য ১০ হাজার প্রাক্তন সৈনিককে সংঘবদ্ধ করা হচ্ছে।'

লন্ডন টাইমস ১৯৭১ সালের জুন মাসের ২ তারিখের সংখ্যায় বলা হয়েছে। ''হিন্দুস্তান সরকারই প্রায় সব ক্ষেত্রে বাংলাদেশ মতবাদটিকে জিইয়ে রাখছে।'' পত্রিকাটির কোলকাতা প্রতিনিধি বলেন যে, ''সীমান্তের কাছাকাছি প্রায় ২০ টি শিবিরে হিন্দুস্তানী ইনসট্রাকটাররা প্রায় ৩০ হাজার রিক্রুটকে ট্রেনিং দিচ্ছে। '' তিনি আরও বলেন যে, তথাকথিত 'স্বাধীন বাংলাদেশ বেতার' হিন্দুস্তানী এলাকায় অবস্থিত। তিনি বলেন, 'কয়েক সপ্তাহের নীরবতার পর আজ আবার 'স্বাধীন বাংলা বেতার'-এর কণ্ঠ শোনা গেলো। বেতার থেকে ঘোষণা করা হলো যে কয়েকটি এলাকায় পাকিস্তান সেনাবাহিনীকে পরাজিত করা হয়েছে। আজ সকালে আমি একটি বেতার দিকনির্দেশকযন্ত্রের সাহায্য 'স্বাধীন বাংলা বেতার' কোন দিকে অবস্থিত তা পরীক্ষা করার চেষ্টা করলাম। আশ্চর্যের বিষয়, দিকনির্দেশকযন্ত্রে ধরা পড়লো যে, স্বাধীন বাংলা বেতারের শক্তিশালী ও স্পষ্ট ধ্বনি যেদিকে বাংলাদেশ অবস্থিত সেই পূর্ব দিক থেকে আসছে না বরং তা আসছে উত্তর দিক থেকে, যেদিক থেকে অল ইন্ডিয়া রেডিওর ধ্বনি আসে। শহরের অন্য কয়েকটি জায়গা থেকেও আমি অনুরূপ পরীক্ষা চালালাম। প্রতিবারই নির্ভুলভাবে ধরা পড়লো উত্তর দিক। উত্তরে চিনশুরা ও মাগুরার কাছে যেখানে অল ইন্ডিয়া রেডিওর ট্রান্সমিটার অবস্থিত সেই দিক থেকেই আসছে স্বাধীন বাংলা বেতার এর ধ্বনি।''

১৯৭১ সালের ১৪ই এপ্রিল তারিখে লন্ডনের গার্ডিয়ান পত্রিকায় কোলকাতা প্রতিনিধি মার্টিন উলাকটের প্রেরিত একটি খবর প্রকাশিত হয়। অস্থায়ী বাংলাদেশ সরকারের সদস্যরা বাংলাদেশের কোথাও রয়েছেন বলে হিন্দুস্তানী সংবাদপত্রগুলোতে যে খবর প্রকাশিত হয়, মার্টিন উলাকট তাকে কাল্পনিক বলে বর্ণনা করেন। তিনি বলেন, তাদের সবাই কলকাতাতেই রয়েছেন আর তাদের রাখা হয়েছে রাষ্ট্রীয় অতিথি ভবনে। প্রতিনিধি আরও বলেন, যে গত শুক্রবার তথাকথিত স্বাধীনতা ঘোষণার যে অনুষ্ঠান হলো, তাতে চেয়ার ও অন্যান্য আসবাবপত্র দিয়ে হিন্দুস্তানীরা এইসব ব্যক্তিদের সাহায্য করেছে। হিন্দুস্তানী সেনাবাহিনীর লোক সাদা পোশাকে সেখানে পাহারায় নিযুক্ত ছিলো।

প্যারিসে লে মণ্ডি নামক ফরাসী দৈনিক পত্রিকার ২০শে এপ্রিলের সংখ্যায় বলা হয়েছে, ''অস্থায়ী বাংলাদেশ সরকার ঘোষণা করা হয়েছে হিন্দুস্তান সীমান্ত থেকে এক মাইল দূরে একটি গাছের নিচে। আসলে যদিও এই সরকার গঠিত হয়েছিল কলকাতায় তবুও এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল বিদেশী সাংবাদিকদের

দেখানোর জন্য। এই সরকার যে পূর্ব পাকিস্তানী এলাকার মধ্যেই রয়েছে- এ কথা প্রমাণ করাই ছিল এ অনুষ্ঠানের উদ্দেশ্য।''

পূর্ব পাকিস্তানের ধ্বংসাত্মক কার্যকলাপে সাহায্য করা এবং সেখানে অনুপ্রবেশকারী পাঠানো ছাড়াও, হিন্দুস্তান, পাকিস্তানের সীমান্ত বরাবর সর্বত্র উত্তেজনা বৃদ্ধি করেছে। পাকিস্তান এ ব্যাপারে হিন্দুস্তানের কাছে কয়েকটি প্রতিবাদ পত্র পাঠিয়েছে। ১৯৭১ সালের জুন মাসের ২১ ও ২২ তারিখে দুটি প্রতিবাদ পত্র পাঠানো হয়। এগুলোতে নিমণলিখিত ঘটনাগুলির উল্লেখ করা হয়।

(১) ১৬ই জুন তারিখে সশস্ত্র হিন্দুস্তানীরা কোনরকম উস্কানী ছাড়াই যশোর জেলার বেনাপোলের কাছে পাকিস্তানী এলাকায় (QT 7542) ও (QT 7642) মেশিনগান ও ৩ ইঞ্চি মর্টারের সাহার্য্যে গোলাবর্ষণ করে।

(২) ১৭ই জুন তারিখে হিন্দুস্তানের সীমান্তরক্ষী বাহিনীর সৈন্যরা বেআইনী ভাবে পাকিস্তানী এলাকায় অনধিকার প্রবেশ করে ময়মনসিংহ জেলার একটি গ্রামের (RF 6898) দুজন লোককে হত্যা করে।

(৩) ১৭ই জুন তারিখে ময়মনসিংহের অন্তর্গত কমলাপুর (QE 8512) সীমান্ত ফাঁড়িতে কোন উস্কানী ছাড়াই একবার সকাল সাড়ে ৫টা থেকে ৬টা পর্যন্ত এবং আবার বেলা ১১টা ৪০ মিনিট থেকে দুপুর ১টা পর্যন্ত ছোটখাটো অস্ত্র ও মর্টারের সাহায্যে গুলি চালানো হয়। এতে ২ জন লোক নিহত ও ৩ জন আহত হন।

(৪) ১৭ই জুন তারিখে যশোর জেলার বেনাপোলের কাছে একটি পাকিস্তানী টহলদার দলের ওপর গুলি চালানো হয়।

(৫) জুন মাসের ১৭ ও ১৮ তারিখের মধ্যবর্তী রাত্রে হিন্দুস্তানী বাহিনী কোন উস্কানী ছাড়াই ময়মনসিংহ জেলার অন্তর্গত কমলাপুর (QE 8512) সমিান্তে ফাঁড়িতে আবার ভারী মর্টার ও ছোটখাট অস্ত্রের সাহায্যে গুলি বর্ষণ করে।

(৬) ১৮ই জুন তারিখে সশস্ত্র হিন্দুস্তানীরা কুমিল্লা (RR 3499) জেলায় মর্টার ও ছোটখাট অস্ত্রের সাহায্যে গোলাগুলি বর্ষণ করে। এতে ৪ জন লোক গুরুতরভাবে আহত হয়।

(৭) ১৮ই জুন তারিখে হিন্দুস্তান সেনাবাহিনী কোন রকম উস্কানী ছাড়াই পূর্ব পাকিস্তানের কুমিল্লা জেলার সালদানদী এলাকা (RM 2818) যশোর জেলার বেনাপোল ও মসলিয়া এলাকা (QT 8665) এবং সিলেট জেলার চাতালপুর এলাকায় (RH 1703) মর্টার ও ছোটখাটো অস্ত্রের সাহায্যে গোলা গুলি বর্ষণ করে।

(৮) ১৮ই জুন হিন্দুস্তানের সশস্ত্র লোকজন দিনাজপুর জেলার কিশোরগঞ্জ সীমান্ত ফাঁড়ির (QD 3158) উপর ১ রাউন্ড ৩ ইঞ্চি মর্টার গোলা বর্ষণ করে।

১৯৭১ সালের ৩রা জুলাই, হিন্দুস্তান বিমান বাহিনী পূর্ব পাকিস্তানের দিনাজপুর জেলার অমরখানার উপর হামলা চালায়, সেই তারিখে বেলা সাড়ে বারোটার সময় হিন্দুস্তান বিমান বাহিনীর চারটি জঙ্গী বিমান এবং একটি সশস্ত্র হেলিকপ্টার বেআইনীভাবে পাকিস্তানী আকাশসীমার ৬ মাইল অভ্যন্তরে চলে আসে এবং মেশিনগান ও অন্যান্য অস্ত্রের সাহায্যে গোলাবর্ষণ করে। পরে বিকেলের দিকে (৩রা জুলাই) হিন্দুস্তানী এলাকা থেকে ১২০ মিলিমিটার মর্টারের সাহায্যে অমরখানার উপর প্রচণ্ড গোলাবর্ষণ করে।

হিন্দুস্তানের প্রকৃত উদ্দেশ্য পরিষ্কার, ১৯৭১ সালের পয়লা এপ্রিল ''Yorkshire Post'' পত্রিকা বলেন, ''পাকিস্তানে হিন্দুস্তানের উচ্ছেদমূলক তৎপরতা, পূর্ব পাকিস্তানে একটি বাহিনী গড়ে তোলার প্রয়াস এবং গোটা পাকিস্তানকেই ধ্বংস করার তার চক্রান্ত এ সবের পেছনে দীর্ঘ ইতিহাস রয়েছে। ১৯৪৭ সালে পাকিস্তানের জন্মতারিখ থেকেই এ সবের সূচনা। সেদিন থেকেই হিন্দুস্তান কখনো পাকিস্তানের সৃষ্টিকে মেনে নেয়নি এবং সেই রাষ্ট্রকে পঙ্গু করার জন্য সে সব রকম কৌশলই খাটিয়েছে। লন্ডনের ''Daily Telegraph'' এ David Loshak বলেন, হিন্দুস্তান তার প্রধান প্রতিপক্ষের খণ্ডবিখণ্ড কিংবা দুর্বল হওয়ার মধ্যে তার নিজের মঙ্গল ছাড়া কিছুই দেখতে পায় না।

তিনি আরো বলেন, ''নিরীহ জনগণের দুর্ভাগ্যের জন্য কোন উদ্বেগ নয় বরং তার এই চিন্তাধারাই বাংলাদেশ এর পক্ষে হিন্দুস্তানের প্রচারণা যুদ্ধের পেছনে রয়েছে। সমসাময়িক এশীয় বিষয়াদির উপর আরেকজন প্রখ্যাত বৃটিশ ভাষ্যকার Michael Edwards, ১৯৭১ সালের পয়লা এপ্রিল BBC-র 'আজকের বিশ্ব'' অনুষ্ঠানে প্রচারিত এক আলোচনায় বলেন, ''পূর্ব পাকিস্তানের গোলযোগ সৃষ্টিকারীদের সমর্থনে বিবৃতি দেয়া এবং বিক্ষোভ সংগঠনের ব্যাপারে পশ্চিমবঙ্গের বিভিন্ন রাজনৈতিক দল ও গোষ্ঠীর মধ্যে যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা চলছে তাকে এই পটভূমিকায়ই বিচার করতে হবে। পূর্ব পাকিস্তানের সঙ্গে একত্রীকরণের যে উদ্যোগ পশ্চিমবঙ্গে দেখা গিয়েছে তার পেছনে রাজনৈতিক ও অর্থনৈতিক উদ্দেশ্য রয়েছে। বাংলা বিভাগকে বানচাল করে দিয়ে পশ্চিম বঙ্গীয় নেতারা পূর্ব পাকিস্তানের উপর তাদের প্রাধান্য চাপানো এবং তাদের কলকারখানার কাঁচামালের উৎস পুনঃপ্রতিষ্ঠার আশা পোষণ করছেন।

হিন্দুস্তানের নিজের লেখক ও ভাষ্যকাররা পাকিস্তানের ব্যাপারে হিন্দুস্তানের চূড়ান্ত লক্ষ্য সম্পর্কে কোন সন্দেহের অবকাশ রাখেননি।

১৯৭১ সালের দোসরা এপ্রিল, হিন্দুস্তানী পত্রিকা "Free press Journal" বলেন ''আমাদের হিন্দুস্তানের কার্যকলাপকে সচেতনভাবে এবং বুদ্ধিমত্তার সঙ্গে পাকিস্তানকে দুর্বল করার লক্ষ্যের দিকে পরিচালিত করতে হবে। ''

পত্রিকাটি আরো বলেন, ''কৃতজ্ঞতাপাশে আবদ্ধ পূর্ববঙ্গ হয়তো কাশ্মীরের উপর হিন্দুস্তানের সার্বভৌমত্বকে স্থায়ীভাবে স্বীকৃতি দিতে রাজী হবে। এর দুদিন আগে ১৯৭১ সালের ৩০শে মার্চ বোম্বাই এর দৈনিক সংবাদপত্র "The Indian Express" পূর্ব পাকিস্তানে হিন্দুস্তানের সশস্ত্র হস্তক্ষেপের খোলাখুলিভাবে সমর্থ না করে বলেন, এটা একটা সত্যিকারের ঐতিহাসিক ক্ষণ এবং ঠিক এই মুহূর্তই হচ্ছে কাজ করার লগ্ন।'' ১৯৭১ সালের ৭ই এপ্রিল হিন্দুস্তানের প্রতিরক্ষা গবেষণা ইনষ্টিটউটের ডিরেক্টর Mr. Subramaniam পূর্ব পাকিস্তানে হিন্দুস্তানের সমর্থনপুষ্ট বিদ্রোহের প্রসঙ্গে বলেনঃ

''হিন্দুস্তানকে যে জিনিসটি অবশ্যই হৃদয়ঙ্গম করতে হবে তা এই যে পাকিস্তানের খণ্ডবিখণ্ড হওয়া আমাদের স্বার্থের অনুকূল এবং আজ আমাদের সামনে এমন একটি সুযোগ এসেছে যার মতো সুযোগ আর কখনো আসবে না।''

১৯৭১ সালের ১৫ই জুন হিন্দুস্তানী দৈনিক পত্রিকা ''Motherlan□''-এ প্রকাশিত এক প্রবন্ধে আরেকজন হিন্দুস্তানী ভাষ্যকার Subramaniam Swamy যুক্তি পেশ করেন যে, ''পাকিস্তানের আঞ্চলিক অখণ্ডতার দিকে লক্ষ্য রাখা আমাদের কাজ নয়। সেটা পাকিস্তানের মাথাব্যথা। আমাদের শুধু দুটো প্রশ্ন বিবেচনা করতে হবে। পাকিস্তানের খণ্ডবিখণ্ড হওয়া কি আমাদের দীর্ঘমেয়াদী অনুকূলে? আর যদি তা সত্যিই আমাদের স্বার্থের অনুকূল

হয় তাহলে আমাদের এ ব্যাপারে কি কিছু করার রয়েছে? ভাষ্যকার এই সিদ্ধান্তে পৌছান যে, পাকিস্তানের খণ্ডবিখণ্ড কেবল আমাদের বাইরে নিরাপত্তার জন্যই অনুকূল নয়, তা আমাদের অভ্যন্তরীণ নিরাপত্তারও অনুকূলে। আন্তর্জাতিক ক্ষেত্রে হিন্দুস্তানের একটি মহাশক্তি রুপে গড়ে উঠা উচিত এবং এই ভূমিকা পালনের জন্য আমাদেরকে জাতীয় পর্যায়ে আমাদের নাগরিকদেরকে সু-সংবদ্ধ করতে হবে । আর এজন্য অপরিহার্য পূর্বশর্ত হচ্ছে পাকিস্তানকে ছিন্নবিচ্ছিন্ন করা ।''

সর্বোপরি, ১৯৭১ সালের ১৫ই জুন হিন্দুস্তানের প্রধান উজীর স্বয়ং ঘোষণা করেন, ''বাংলাদেশ এর অবসান ঘটিয়ে দেয় এমন একটি রাজনৈতিক মীমাংসা হিন্দুস্তান এক মুহূর্তের জন্যও মেনে নেবে না ।''

□□□□□ □□□□□□

□□□□□□□

পূর্ববর্তী অধ্যায়গুলোর আলোকে আমরা পূর্ব পাকিস্তানের সাম্প্রতিক মর্মান্তিক ঘটনাবলীকে তার যথার্থ পটভূমিকায় দেখতে পারি । ১৯৭১ সালের ২৫শে মার্চের আগে আওয়ামী লীগ উগ্রপন্থীরা যে সব নৃশংস ও অরাজকতামূলক কার্যকলাপ চালিয়েছে প্রতিশোধমূলক প্রতিক্রিয়া এড়ানোর উদ্দেশ্যে তা প্রচার করা হয়নি । কিন্তু এর ফলে এই ধারণার সৃষ্টি হয়েছে যে, ফেডারেল সরকারের ব্যবস্থার লক্ষ্য ছিল একটি গণআন্দোলনকে দাবিয়ে দেয়া । এখন অবশ্য বুঝতে পারা যাচ্ছে যে, সশস্ত্রবাহিনী আইন-শৃংখলা এবং সরকারের কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠার জন্যই গিয়েছিলেন । কারণ আওয়ামী লীগের ২৫ দিনব্যাপী অহিংস অসহযোগ আন্দোলনের সময় আইন-শৃংখলা এবং সরকারের কর্তৃত্ব মারাত্মকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছিলো ।

আবেগমুক্ত মন নিয়ে এই শ্বেতপত্রে দেয়া তথ্যপ্রমাণাদি বিচার করলে পরিষ্কার হয়ে উঠে যে, প্রেসিডেন্ট তাঁর সাধ্যমত চেষ্টা চালিয়েছিলেন নির্বাচিত গণপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে বিভিন্ন দলের মধ্যে একটি মতৈক্য প্রতিষ্ঠা করতে । কারণ এ ধরনের মতৈক্য ছাড়া একটা সত্যিকারের ফেডারেল ব্যবস্থা কায়েম করা সম্ভব নয় । তিনি ধৈর্যসহকারে আওয়ামী লীগের সঙ্গে আলোচনা চালিয়ে যান এবং সরকারের সর্বোপরি কর্তৃত্ব প্রতিষ্ঠাকে এতটা বিলম্বিত করেন যে কেউ কেউ এখন মনে করছেন যে পরিস্থিতি বিষাদের প্রান্তসীমায় পৌঁছে গিয়েছিলো । শেখ মুজিবুর রহমান এবং আওয়ামী লীগের অন্যান্য নেতারা অবশ্য ক্রমেই তাদের দাবী বাড়িয়ে যেতে থাকেন । তাঁরা সম্পূর্ণ ভুলে যান যে, আওয়ামী লীগের ৬ দফা অনুসারেও জনগণ তাদের যে রায় দিয়েছেন তা ছিলো একটি ফেডারেশনের অধীনে স্বায়ত্তশাসনের জন্য। আলোচনার শেষের দিকে তাদের খসড়া ঘোষণাপত্রে একটি ''কনফেডারেশনের'' কথা বলা হয় । কনফেডারেশন হচ্ছে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রসমূহের একটি জোট। এছাড়াও এই ঘোষণাপত্রে তাদের এই দেশকে ভাগ করার সংকল্পের সুস্পষ্ট আভাস ছিলো । এটা এক দিকে অন্য ফেডারেটিং ইউনিটগুলোর নেতা ও দলগুলোর কাছে গ্রহণযোগ্য ছিলো না । অন্য দিকে, পাকিস্তানের ঐক্য ও সংহতি অক্ষুণ্ণ রাখার মৌলিক প্রতিশ্রুতি দিয়ে প্রেসিডেন্ট যে আইনকাঠামো আদেশ জারী করেন এবং যার অধীনে নির্বাচন অনুষ্ঠিত হয়, সেই আইনকাঠামো আদেশের শর্তাবলীরও এটা ছিলো সুস্পষ্ট লংঘন ।

আওয়ামী লীগের নেতারা তাদের সাফল্যের জন্য কতগুলো জিনিসের উপর নির্ভর করছিলেন । তারা মনে করছিলেন যে, আলোচনার মাধ্যমে তাদের বিচ্ছিন্নতাবাদী দাবী দাওয়া মেনে নেয়া না হলে একদিকে তাঁরা বেসামরিক প্রশাসনকে অচল করে দেবেন এবং অন্যদিকে সশস্ত্রবাহিনীর অনেকগুলো ইউনিটের আনুগত্য নষ্ট করে হিন্দুস্তানের যোগসাজশে এমন একটা বেকায়দা পরিস্থিতির সৃষ্টি করবেন যে তখন তাঁদের দাবী মেনে নেয়া ছাড়া আর কোন উপায় থাকবে না ।

প্রেসিডেন্ট আপোষ-মীমাংসার জন্য সবরকম চেষ্টা চালান । কিন্তু তিনি একটি ঐক্যবদ্ধ পাকিস্তানের ধারণার সঙ্গে সঙ্গতিপূর্ণ একটা রাজনীতিজ্ঞসুলভ কিংবা একটা আপোষমূলক মনোভাবও দেখতে পাননি । কাজেই প্রেসিডেন্ট যে বারবার সতর্ক করে দিয়েছিলেন যে প্রয়োজন হলে তিনি দেশের অখণ্ডতা রক্ষার জন্য চূড়ান্ত ব্যবস্থা নেবেন, শেষ পর্যন্ত তার কোন উপায় না দেখে তিনি অতীব দুঃখের সঙ্গে সেই সিদ্ধান্তই নিতে বাধ্য হন ।

পরিশিষ্ট 'ঙ'*

আওয়ামী লীগের খসড়া ঘোষণাপত্র

ঢাকা, মার্চ ১৯৭১

যেহেতু, ১৯৭১ সালের ২৫শে মার্চ সামরিক আইন ঘোষণার মাধ্যমে আমি, জেনারেল আগা মোহাম্মদ ইয়হিয়া খান, এইচ, পিকে, এইচ,জে প্রধান সামরিক আইন প্রশাসক এবং পাকিস্তানের সশস্ত্রবাহিনীর সুপ্রীম কমান্ডার হিসেবে সব ক্ষমতা আমার হাতে নিয়েছি এবং এর ফলে আমি পাকিস্তানের প্রেসিডেন্টের দায়িত্বভার গ্রহণ করেছি;

যেহেতু, জনগণের নির্বচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের জন্যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে;

যেহেতু, পাকিস্তানের জন্যে অবিলম্বে একটি শাসনতন্ত্র তৈরীর সহায়ক যথাযথ পরিবেশ দেশে সৃষ্টি করার জন্যে এভাবে নির্বাচিত গণ-প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করা আবশ্যক;

এবং যেহেতু সামরিক আইন তৎপরতা প্রত্যাহার করা যেতে পারে;

অতএব, আমি জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খান,এইচ, পিকে, এইচ, জে, ঘোষণা করছি যে, পাকিস্তানের সামরিক আইন প্রত্যাহার করা হবে এবং ১৯৬৯ সালের ২৫শে মার্চের ঘোষণা একটি প্রদেশে সে দিন থেকে বাতিল করে যেদিন প্রাদেশিক গভর্নর তাঁর দায়িত্বভার গ্রহণের শপথ নেবেন, এবং যে কোন অবস্থায় এই ঘোষণার ৭ দিন পর পাকিস্তানের সর্বত্র তা বাতিল হয়ে যাবে।

১। এই ঘোষণা এবং এর অধীনে জারী করা অন্য কোন আদেশ আপাতত বলবৎ অন্য কোন আইনের কোন কিছুর বিপরীত হওয়া সত্ত্বেও তা কার্যকরী থাকবে।

২। এই ঘোষণার উদ্দেশ্য কিংবা বিষয়বস্তুর পরিপন্থী কোন কিছু না থাকলে -

(ক) ''কেন্দ্রের'' মানে হচ্ছে প্রজাতন্ত্র;

(খ) ''কেন্দ্রীয় সরকার'' মানে প্রজাতন্ত্রের কার্যনির্বাহক সরকার;

(গ) কেন্দ্র প্রশাসিত'' এলাকার মানে হচ্ছে -১৯৭০ সালের পশ্চিম পাকিস্তানের প্রদেশ (ভংগ) আইন বর্ণিত এলাকাসমূহ;

(ঘ) ''প্রারম্ভিক দিন'' মানে যেদিন থেকে এই আদেশ কার্যকরী হয়;

(ঙ) ''অন্তবর্তীকালীন সময়'' শুরু হবে জাতীয় পরিষদে যেদিন শাসনতন্ত্র প্রণয়ন শুরু সেদিন থেকে এবং শেষ হবে যে দিন শাসনতন্ত্র প্রণয়ন শেষ হয়ে যাবে।

---

*পাকিস্তান সরকারের এই শ্বেতপত্রে আরো কয়েকটি পরিশিষ্ট রয়েছেঃ
পরিশিষ্ট- ক প্রেসিডেন্টের নীতি-নির্ধারণী ভাষণ সমূহের অংশবিশেষ
পরিশিষ্ট- খ আইন কাঠমো আদেশ, ১৯৭০
পরিশিষ্ট- গ আওয়ামী লীগের ছয় দফা,
পরিশিষ্ট- ঘ আওয়ামী লীগের নির্দেশাবলী, মার্চ,১৯৭১
পরিশিষ্ট- ঙ পাকিস্তান প্রজাতন্ত্রের শাসনতন্ত্র, ১৯৬২।

উল্লেখ্য যে, এই পরিশিষ্টসমূহের বিষয়বস্তু 'দলিলপত্রঃ দ্বিতীয় খণ্ড' এবং এই খণ্ডের অন্যত্র অন্তর্ভুক্ত হয়েছে বলে এখানে মুদ্রিত করা হয়নি।

(চ) ''ইসলামাবাদ রাজধানী এলাকার'' মানে হচ্ছে ১৯৭০ সালের পশ্চিম পাকিস্তানের প্রদেশ (ভংগ) আদেশ বর্ণিত এলাকা;

(ছ) ''বিগত শাসনতন্ত্র'' মানে ১৯৬২ সালের পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্রের শাসনতন্ত্র।

(জ) ''সামরিক আইন'' মানে ১৯৬৯ সালের ২ শে মার্চের ঘোষণার দ্বারা জারীকৃত সামরিক আইন।

(ঝ) ''সামরিক আইন কর্তৃপক্ষে'' রয়েছেন- কোন সামরিক আইন বিধি বা সামরিক আইন আদেশের দ্বারা বা অধীনে এ ধরনের বিধি বা আদেশের অধীনে কোন কাজ করার জন্যে বা ক্ষমতা প্রয়োগের জন্যে অনুমোদিত কোন ব্যক্তি বা একাধিক ব্যক্তির সংস্থা কিংবা কোন আদালত;

(ঞ) ''সামরিক আইন মেয়াদের'' মানে হচ্ছে- ১৯৬৯ সালের ২৫শে মার্চ থেকে শুরু করে প্রারম্ভিক দিনের ঠিক আগের দিন পর্যন্ত।

(ট) ''জাতীয় পরিষদের'' মানে হচ্ছে প্রেসিডেন্টের ১৯৭০ সালের দু'নম্বর আদেশের অধীনে নির্বাচিত জাতীয় পরিষদ;

(ঠ) ''প্রেসিডেন্ট'' মানে পাকিস্তানের প্রেসিডেন্ট;

(ড) ''প্রজাতন্ত্র'' মানে পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্র;

(ঢ) ''সময়সূচী'' মানে এই ঘোষণার সময়সূচী;

(ণ) ''বাংলা দেশ রাজ্য'' মানে প্রারম্ভিক দিনের অব্যবহিত আগে পূর্ব পাকিস্তান প্রদেশ নামে পরিচিত অঞ্চল;

(ত) ''পশ্চিম পাকিস্তানের রাজ্যসমূহ'' মানে প্রারম্ভিক দিনের অব্যবহিত আগে পাঞ্জাব, সিন্ধু, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও বেলুচিস্তান প্রদেশ নামে পরিচিত এলাকাসমূহ;

(থ) ''রাজ্য পরিষদ'' মানে কোন রাজ্যের পরিষদ;

(দ) ''রাজ্য সরকার'' মানে কোন রাজ্যের কার্যনির্বাহক সরকার;

(ধ) "রাজ্য আইন পরিষদ'' মানে একটা রাজ্যের আইন পরিষদ;

৩। ১৯৬৯ সালের ২৫শে মার্চের সামরিক আইন ঘোষণা বাতিল হয়ে যাওয়ার ফলে এই ঘোষণা থেকে কিংবা ঘোষণার অধীনে ক্ষমতাপ্রাপ্ত সব লোক ও আদালতসহ সামরিক আইন কর্তৃপক্ষ বাতিল হয়ে যায়।

৪। (ক) সব সামরিক আইন বিধি ও সামরিক আইন আদেশ এবং অস্থায়ী শাসনতন্ত্র আদেশ এতদ্বারা বাতিল হয়ে যাবে।

(খ) এই ঘোষণাপত্র সাপেক্ষে সব চলতি আইন উপযুক্ত আইন পরিষদ কর্তৃক সংশোধন বা বাতিল না করা পর্যন্ত যতটা প্রযোজ্য এবং প্রয়োজনীয় উপযোগীকরণসহ বলবৎ থাকবে।

(গ) চলতি কোন আইনের ব্যবস্থাকে এই ঘোষনাপত্রের ব্যবস্থার সঙ্গে সংগতিপূর্ণ করার উদ্দেশ্যে কেন্দ্রীয় আইন ক্ষেত্র সংক্রান্ত ব্যাপারে প্রেসিডেন্ট এবং রাজ্য আইন ক্ষেত্র সংক্রান্ত ব্যাপারে সংশ্লিষ্ট রাজ্যের গর্ভনর আদেশক্রমে তা উপযোগী করে নিতে পারে। এই উপযোগীকরণ সংশোধন, সংযোজন বা বর্জনের আকারে হতে পারে -এর মধ্য যেটা তিনি প্রয়োজনীয় বা

সুবিধাজনক মনে করেন। এভাবে তৈরি কোন আদেশ অন্য কোন রকম ব্যবস্থা না থাকলে তা 'প্রারম্ভিক দিন' থেকে কার্যকরী হবে কিংবা কার্যকরী বলে মনে করা হবে।

(ঘ) চলতি কোন আইন বলবৎ করার জন্যে প্রয়োজনীয় বা ক্ষমতাপ্রাপ্ত কোন আদালত বা ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষ (গ) উপ-অনুচ্ছেদের অধীনে তৈরী কোন আদেশ দ্বারা এধরনের আইনের সত্যিকার কোন উপযোগীকরণ না হওয়া সত্ত্বেও এই ঘোষণাপত্রের ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্যে আনার জন্যে এ ধরনের প্রয়োজনীয় উপযোগীকরণসহ আইনের ব্যাখ্যা করবেন।

(ঙ) এই নিবন্ধে ''চলতি আইন'' মানে আইন, অর্ডিন্যান্স, আদেশ, নিয়ম, বিধি, উপবিধি, বিজ্ঞপ্তি বা অন্য কোন আইনগত ব্যবস্থা বা প্রারম্ভিক দিনের অব্যবহিত আগে পাকিস্তান বা পাকিস্তানের কোন অংশে আইনের শক্তি ছিল বা অঞ্চল বহির্ভূত বৈধতা ছিল।

৫। (ক) প্রারম্ভিক দিনের অব্যবহিত আগে কোন সামরিক আদালত কিংবা সংক্ষিপ্ত সামরিক আদালতে অমীমাংসিত প্রত্যেকটি মামলা প্রারম্ভিক দিনে ফৌজদারী আদালতে স্থানান্তরিত হয়ে যাবে এবং এই আদালত সাধারণ আইন অনুযায়ী অপরাধের বিচার করতে পারবেন।

(খ) উপ-অনুচ্ছেদ (ক) এর অধীনে কোন ফৌজদারী আদালতে স্থানান্তরিত কোন মামলার বেলায় এধরনের কোন মামলার বিচারে প্রযোজ্য পদ্ধতি অনুসারে সাধারণ আইনের ব্যবস্থা অনুযায়ী বিচার করা হবে।

(গ) প্রারম্ভিক দিনের অব্যবহিত আগে কোন সামরিক আদালত কর্তৃক মীমাংসা করা হয়েছে ও সিদ্ধান্ত নেয়া হয়েছে অথচ অনুমোদন বাকী রয়েছে এমন সব মামলা এবং এই দিন পর্যন্ত বাকী রয়েছে পর্যালোচনা আবেদন ও দরখাস্ত যদি পশ্চিম পাকিস্তানের রাজ্যগুলোর সংশ্লিষ্ট হয় তবে পাকিস্তান সেনাবাহিনী প্রধান এবং বাংলাদেশ রাজ্যের সংশ্লিষ্ট হলে পাকিস্তান সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কম্যান্ডের জি,ও সি, প্রারম্ভিক দিনের পরে সেগুলো দেখবেন এবং মীমাংসা করবেন।

(ঘ) যদি কোন ব্যক্তি সামরিক আইন কর্তৃপক্ষের কোন রায় বা দণ্ডে যদি মনে করেন যে, তার প্রতি অন্যায় করা হয়েছে তবে তিনি এধরনের রায় বা দণ্ডের বিরুদ্ধে কোন আবেদনপত্র পেশ না করে থাকলে তা পশ্চিম পাকিস্তানের রাজ্যগুলোর সংশ্লিষ্ট হলে পাকিস্তান সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কম্যান্ডের জি, ও, সির কাছে পাঠানো যেতে পারে। এধরনের কোন আবেদনের বেলায় উল্লেখিত কর্তৃপক্ষ ইচ্ছা করলে কোন রকম শর্তসহ কিংবা শর্ত ছাড়া কোন দণ্ডের ক্ষমা মঞ্জুর কিংবা মার্জনা, হ্রাস, লঘুদণ্ডদান কিংবা দণ্ড বাতিল করে দিতে পারে।

(ঙ) এই ঘোষণাপত্রের ব্যবস্থা সাপেক্ষে সামরিক আইন মেয়াদের সময় কোন সামরিক আইন কর্তৃপক্ষের দেয়া কোন দণ্ড আইনগতভাবে দেয়া হয়েছে বলে মনে করা হবে এবং তাদের দণ্ড মেয়াদ অনুযায়ী কার্যকরী হতে থাকবে।

(চ) সামরিক আইন চলাকালে কোন সামরিক কর্তৃপক্ষের দেয়া কারাদণ্ড যদি সামরিক আইন মেয়াদে কার্যকরী করা না হয়ে থাকে তবে দণ্ডাদেশপ্রাপ্ত ব্যক্তিকে যে জেলায় পাওয়া যাবে সে জেলার জেলা ম্যাজিষ্ট্রেটের পরওয়ানায় তা কার্যকরী করা যেতে পারে।

(ছ) সামরিক আইন চলাকালে কোন সারিক আইন কর্তৃপক্ষের দেয়া জরিমানা দণ্ড যদি কার্যকরী না করা হয়ে থাকে তবে দণ্ডাদেশপ্রাপ্ত ব্যক্তি যে জেলায় থাকে সে জেলার জেলা-ম্যাজিষ্ট্রেট তা কার্যকরী করতে পারেন, যেন এটা ১৮৯৮ সালের ফৌজদারী বিধির (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) অধীনে তারই দেয়া জরিমানা দণ্ড। তবে উল্লেখিত আইনের ২৯ নম্বর পরিচ্ছেদের ব্যবস্থাবলী এধরনের কোন দণ্ডের বেলায় প্রযোজ্য হবে না।

(জ) এই ঘোষণাপত্রের ব্যবস্থা ছাড়া অন্য কোন আদালত বা কর্তৃপক্ষ সামরিক আইন চলাকালে কোন সামরিক আইন কর্তৃপক্ষ কিংবা কোন সামরিক আইন কর্তৃপক্ষের পক্ষে কোন লোক সামরিক আইন প্রশাসনের ব্যাপারে যদি কিছু করে থাকেন কিংবা কোন ব্যবস্থা গ্রহণ করে থাকেন কিংবা কোন ব্যবস্থা গ্রহণ করে থাকেন তবে তার বৈধতা বা যথার্থতার ব্যাপারে কোন প্রশ্ন তুলতে পারবেন না।

(ঝ) সামরিক আইন চলাকালে কোন সামরিক আইন কর্তৃপক্ষ কিংবা কোন সামরিক আইন কর্তৃপক্ষের পক্ষে কার্য সম্পাদনকারী কোন লোক সামরিক আইন প্রশাসনের ব্যাপারে যদি কিছু করে থাকেন বা করেছেন বলে বুঝানো হয়ে থাকে তবে তার বিরুদ্ধে কোনা আদালত বা কর্তৃপক্ষ কোন রকম মামলা গ্রহন করবে না।

৬। অস্থায়ী শাসনতন্ত্র আদেশ (প্রেসিডেন্টের ১৯৬৯ সালের ২ নম্বর আদেশ) বাতিল হওয়া সত্ত্বেও অন্তর্বর্তীকালীন মেয়াদে ঘোষণাপত্রের ব্যবস্থাসাপেক্ষে, এবং ঘোষণাপত্র ও সময়সূচীর দ্বারা যে সব বর্জন, সংযোজন, উপযোগীকরণ ও সংশোধন করা হবে সেগুলো সাপেক্ষে যতদূর সম্ভব পাকিস্তান বিগত শাসনতন্ত্রের ব্যবস্থা অনুযায়ী শাসিত হবে।

৭। প্রারম্ভিক দিনের অব্যবহিত আগে যিনি পাকিস্তানের প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত থাবেন প্রারম্ভিক দিন থেকেও তিনি প্রেসিডেন্ট, পাকিস্তান সেনাবাহিনী প্রধান এবং পাকিস্তান সশস্ত্রবাহিনী প্রধানের দায়িত্ব হাতে রাখবেন যতদিন পর্যন্ত না পাকিস্তানের জাতীয় পরিষদ দ্বারা প্রণীত একটা শাসনতন্ত্র অনুসারে একজন রাষ্ট্র প্রধান দায়িত্বভার গ্রহণ করেন আর তিনি যে নামেই পরিচিত হন না কেন।

৮। (১) অন্তর্বর্তীকালীন সময়েঃ

(ক) প্রেসিডেন্ট হবেন রাষ্ট্রের কার্যনির্বাহক প্রধান এবং ঘোষণাপত্রের ব্যবস্থাসাপেক্ষে তিনি সব ক্ষমতা প্রয়োগ করবেন প্রেসিডেন্ট বিগত শাসনতন্ত্রের দ্বারা কিংবা অধীনে কিংবা আপাতত বলবৎ কোন আইনের দ্বারা কিংবা অধীনে প্রেসিডেন্টের যে ক্ষমতা রয়েছে তা তিনি কার্যকরী করতে পারবেন। প্রেসিডেন্ট এসব কাজ-কর্ম পরিচালনার ব্যাপারে তাকে সাহায্য করা ও পরামর্শ দেয়ার জন্যে যতজন উপদেষ্টা নিয়োগের প্রয়োজন মনে করেন ততজন তিনি নিয়োগ করতে পারবেন।

(খ) প্রেসিডেন্ট এই ঘোষণাপত্র সাপেক্ষে কেন্দ্রীয় সরকারের ক্ষমতা প্রয়োগ করবেন।

(২) জাতীয় পরিষদ কিংবা কোন রাজ্য পরিষদ বাতিল বা ভেঙ্গে দেয়ার ক্ষমতা প্রেসিডেন্টের থাকবে না।

(৩) অন্তর্বর্তীকালীন মেয়াদে প্রেসিডেন্ট কেন্দ্রীয় সরকারের আইনগত যোগ্যতার আওতার মধ্যে অর্ডিন্যান্স জারী করে কোন বিষয়ে আইন তৈরী করতে পারেন।

৯। (১) প্রারম্ভিক দিন থেকে প্রেসিডেন্টের ১৯৭০ সালের ২ নম্বর আদেশের অধীনে নির্বাচিত প্রাদেশিক পরিষদগুলো রাজ্যপরিষদ হিসেবে কাজ করবে।

(২) অন্তর্বর্তীকালীন মেয়াদে এই ঘোষণাপত্র অনুসারে একটি রাজ্য সরকার ও একটি রাজ্য আইন পরিষদ কাজ করবে।

১০। (১) কেন্দ্রীয় আইন পরিষদ তফশীলে উল্লিখিত কোন কিছুর ব্যাপারে সমগ্র পাকিস্তান কিংবা পাকিস্তানের যে কোন অংশের জন্যে আইন (অঞ্চলে-বহির্ভূত বিষয়ের আইনসহ) তৈরি করার একচেটিয়া ক্ষমতা থাকবে, এবং ঘোষণাপত্রের ১৩ নম্বর অনুচ্ছেদে উল্লেখিত কোন বিষয়ে পশ্চিম রাজ্যের কোন রাজ্যের সর্বত্র কিংবা রাজ্যের যে-কোন অংশের জন্যে আইন তৈরী করার ক্ষমতাও থাকবে।

(২) কেন্দ্রীয় আইন পরিষদ বিগত শাসনতন্ত্রের তৃতীয় তফশীল কিংবা এই ঘোষণাপত্রের ১৩ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত নেই এমন কোন বিষয়ে ইসলামাবাদ ও ঢাকার রাজধানী এলাকার জন্যে আইন (তবে একচেটিয়া নয়) তৈরী করতে পারবেন।

১১। বাংলাদেশ রাজ্য আইন পরিষদ এই ঘোষণাপত্রের ১৩ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে সমগ্র রাজ্যের বা রাজ্যের যে কোন অংশের জন্যে আইন তৈরী করতে পারবেন, পশ্চিম পাকিস্তানের কোন রাজ্যের রাজ্য আইন পরিষদ বিগত শাসনতন্ত্রে তৃতীয় তফশীলে উল্লিখিত কোন বিষয় ছাড়া অন্য যে-কোন বিষয়ে সমগ্র রাজ্যের যে-কোন অংশের জন্যে আইন তৈরী করতে পারবেন।

১২। রাজ্যের সংখ্যাগরিষ্ঠ পার্লামেন্টারী দলের নেতার পরামর্শে প্রেসিডেন্ট একজন রাজ্য গভর্নর নিযুক্ত করবেন এবং অন্তর্বর্তীকালীন সময়ে তিনি ক্ষমতায় অধিষ্ঠিত থাবেন।

১৩। (১) বাংলাদেশ রাজ্যের বেলায় কেন্দ্রীয় আইন পরিষদের কেবলমাত্র নিম্নলিখিত বিষয়গুলোর ব্যাপারে আইন তৈরী করার একচেটিয়া ক্ষমতা থাকবেঃ-

(ক) পাকিস্তানের প্রতিরক্ষা;

(খ) বৈদেশিক বাণিজ্য ও সাহায্য ছাড়া বৈদেশিক বিষয়;

(গ) পাকিস্তান থেকে কোন লোকের গমন এবং কোন লোকের পাকিস্তানে প্রবেশসহ নাগরিকত্ব দেশীয়করণ ও বিদেশীদের অন্যান্য বিষয়;

(ঘ) ঘোষণাপত্রের ১৬ নম্বর অনুচ্ছেদ সাপেক্ষে মুদ্রা, বৈধ নোট ও ষ্টেট ব্যাংক;

(ঙ) কেন্দ্রের সরকারী ঋণ;

(চ) মান এবং ওজন ও পরিমাপ;

(ছ) কেন্দ্রের সম্পত্তির রাজস্ব তা যেখানেই অবস্থিত হোক না কেন;

(জ) আন্তঃপ্রাদেশিক ও আন্তর্জাতিক যোগাযোগ সমন্বয়;

(ঝ) প্রেসিডেন্ট, জাতীয় পরিষদ ও প্রাদেশিক পরিষদের নির্বাচন এবং প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার; স্পীকার, ডেপুটি স্পীকার ও জাতীয় পরিষদের অন্যান্য ভাতা; জাতীয় পরিষদের ক্ষমতা, অধিকার, বাধ্যবাধকতা;

(ঞ) সুপ্রীমকোর্ট অব পাকিস্তান;

(ট) মোকদ্দমা ও বিচার ইত্যাদি যে প্রদেশের বা রাজ্যের হবে তার বাইরে সার্ভিস ও দণ্ড বিধান;

(ঠ) উপরে উল্লিখিত যে-কোন বিষয়ের ব্যাপারে আইন বিরোধী অপরাধ।

(২) পশ্চিম পাকিস্তানের রাজ্যগুলোর বেলায় বিগত শাসনতন্ত্রের তিন নম্বর তফশীলে উল্লিখিত নির্দিষ্ট বিষয়গুলোর ব্যাপারে আইন তৈরী করাও একচেটিয়া ক্ষমতা কেন্দ্রীয় আইন সভার থাকবে। পশ্চিম পাকিস্তান আইন সম্মেলনের সদস্যদের মধ্য সম্পাদিত এ ধরনের চুক্তি অনুযায়ী এই ব্যবস্থা পরিবর্তনসাপেক্ষ। ঘোষণাপত্রের সঙ্গে সঙ্গতি রেখে এই আইন সম্মেলন গঠন করা হবে।

১৪। (১) প্রারম্ভিক দিনের আগে কেন্দ্রীয় আইন সভার দ্বারা কিংবা এর অধীনে বাংলাদেশ রাজ্যের মধ্যে যে সব শুল্ক ও কর ধার্য ও আদায় করা হত তা বাংলাদেশ সরকার আদায় করবেন এবং কেন্দ্রীয় সরকার ১৯৭০-৭১ সালের কেন্দ্রীয় বাজেটে যেমন ব্যবস্থা রেখেছেন তেমনি বাংলাদেশে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক বরাদ্দ ও

খরচের হিসেবপত্রের পর যে অর্থ অবশিষ্ট থাকবে বাংলাদেশ সরকার তা কেন্দ্রীয় সরকারকে ফেরৎ দেবেন। এধরনের হিসেবে বাংলাদেশ সরকার যদি কেন্দ্রীয় সরকারের কাছে অর্থ পাওনা হয় তবে কেন্দ্রীয় সরকার সে পরিমাণ অর্থ বাংলাদেশ সরকারকে ফেরৎ দেবেন।

(২) বাংলাদেশ রাজ্যের সব বৈদেশিক মুদ্রা আর বাংলাদেশ রিজার্ভ ব্যাংকের নিয়ন্ত্রনে একটি পৃথক একাউন্টে থাকবে এবং রিজার্ভ ব্যাংক তা বিতরণ করবে।

(৩) প্রেসিডেন্ট বাংলাদেশ সরকারের সঙ্গে আলাপ -আলোচনার পর ব্যবস্থা তৈরী করবেন যার ভিত্তিতে বাংলাদেশ সরকার ১৯৭০-৭১ অর্থ বছরের অবশিষ্ট সময়ের জন্যে কেন্দ্রীয় বাজেটের বৈদেশিক মুদ্রা চাহিদায় অর্থ দেবেন।

১৫। (১) ঢাকার ষ্টেট ব্যাংক অব পাকিস্তানের নাম পরিবর্তন করে রিজার্ভ ব্যাংক অব বাংলাদেশ রাখা হবে এবং বাংলদেশ ষ্টেট ব্যাংক অব পাকিস্তানের সব শাখা হবে রিজার্ভ ব্যাংক অব বাংলাদেশের শাখা।

(২) রিজার্ভ ব্যাংক অব বাংলাদেশ এবং এর শাখাসমুহ বাংলাদেশ আইন পরিষদের আইনগত নিয়ন্ত্রণে থাকবে।

(৩) বাংলাদেশ রিজার্ভ ব্যাংক 'ধারা (৪) এ বর্ণিত ক্ষমতাসাপেক্ষে বাংলাদেশ রাজ্যের ব্যাপারে এমন সব ক্ষমতা, কাজ ও কর্তব্য প্রয়োগ করবেন যেগুলো প্রারম্ভিক দিনের অব্যবহিত আগে ষ্টেট ব্যাংক অব পাকিস্তান সমগ্র পাকিস্তানের বেলায় প্রয়োগ করতেন। ষ্টেট ব্যাংক অব পাকিস্তান 'ধারা (৪) এ' বর্ণিত ক্ষমতা প্রয়োগ করতে থাকবেন।

(৪) বাংলাদেশ রাজ্যের বেলায় ষ্টেট ব্যাংক নিম্নলিখিত ক্ষমতাগুলো প্রয়োগ করবেন-

(ক) কেন্দ্রীয় সরকারের কাছে টাকার বৈদেশিক বিনিময় হার সুপারিশ করবেন।

(খ) বাংলাদেশের অভ্যন্তরে চালু করার জন্যে রিজার্ভ ব্যাংক অব বাংলাদেশের অনুরোধে রিজার্ভ ব্যাংকের দেয়া সম্পদের বিনিময়ে নোট ও মুদ্রা ইস্যু করা;

(গ) টাকশাল ও সিকিউরিটি প্রেসের রক্ষণাবেক্ষন ও নিয়ন্ত্রনঃ

(ঘ) আন্তর্জাতিক অর্থ সংক্রান্ত প্রতিষ্ঠানগুলোর সম্পর্কে এমন সব কাজ করা যা স্বাভাবিকভাবে ষ্টেট ব্যাংক অব পাকিস্তান করে থাকেন। তবে এ ধরনের কাজ বাংলাদেশর রিজার্ভ ব্যাংকের নির্দেশ অনুযায়ী হতে হবে।

১৬। (১) ১৯৭১ সালের ৯ই এপ্রিল

(ক) বাংলাদেশ রাজ্য থেকে নির্বাচিত জাতীয় পরিষদ সদস্যরা বিকেল ৪টায় ঢাকায় পরিষদ ভবনে এক আইন সম্মেলনে বসবেন এবং সম্মেলনে বসার দিন থেকে ৪৫ দিনের মধ্য বাংলাদেশ রাজ্যের জন্যে একটা শাসনতন্ত্র তৈরীর জন্যে কাজ চালিয়ে যাবেন;

(খ) পশ্চিম পাকিস্তানের রাজ্যগুলো থেকে নির্বচিত জাতীয় পরিষদ সদস্যরা ১৯৭১ সালের ৯ই এপ্রিল বিকেল ৪টায় ইসলামাবাদে ষ্টেট ব্যাংক ভবনে একটি আইন সম্মেলনে বসবেন এবং বসার দিন থেকে ৪৫ দিনের মধ্যে পশ্চিম পাকিস্তানের রাজ্যগুলোর জন্যে একটি শাসনতন্ত্র তৈরীর কাজ চালিয়ে যাবেন।

(২) প্রত্যেক আইন সম্মেলন একজন চেয়ারম্যান নির্বাচিত করবেন। তিনি বৈঠকের তারিখ ও সময় এবং সম্মেলনের অধিবেশন পরিচালনার পদ্ধতি সম্পর্কে সিদ্ধান্ত নেবেন। তবে চেয়ারম্যানের নির্বাচনসহ অন্য সব সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা নেয়া হবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীনে বাংলাদেশ রাজ্য এবং পশ্চিম পাকিস্তানের রাজ্যগুলোর শাসনতন্ত্র তৈরী হয়ে যাওয়ার পর এবং নিজ নিজ চেয়ারম্যান যখন প্রেসিডেন্ট লিখিতভাবে জানান যে উপ-অনুচ্ছেদ (১) এর শাসনতন্ত্র তৈরী করা হয়েছে তখন প্রেসিডেন্ট জাতীয় পরিষদের এক অধিবেশন ডাকবেন যাতে সব সদস্য পাকিস্তান কনফেডারেশনের জন্যে একটি শাসনতন্ত্র তৈরীর উদ্দেশ্যে একটি সার্বভৌম সংস্থা হিসেবে অধিবেশনে মিলিত হবে।

(৪) এই ঘোষণাপত্রের দ্বারা প্রেসিডেন্টের ১৯৭০ সালের ২ নম্বর আদেশ সংশোধনসাপেক্ষে এই আদেশে যে পদ্ধতির ব্যবস্থা রয়েছে উপ-অনুচ্ছেদ (৩) এর অধীনে সমগ্র পাকিস্তানের জন্যে একটি শাসনতন্ত্র তৈরী করার কাজে সে পদ্ধতি অনুসরণ করা হবে।

(৫) প্রধান নির্বাচন কমিশনার বা তাঁর দ্বারা নিয়োজিত কোন ব্যক্তির সামনে উপযুক্ত আইন সম্মেলনের প্রথম বৈঠকে নিম্নোক্ত ধরনের শপথ নিয়ে বা প্রতিজ্ঞা করে জাতীয় পরিষদের সদস্যরা প্রেসিডেন্টের ১৯৭০ সালের ২ নম্বর আদেশে ১২ নম্বর অনুচ্ছেদের ব্যবস্থাগুলো মেনে নিয়েছেন বলে মনে করা হবে। শপথ নিম্নরুপ ''আমি 'ক, খ' শপথ নিচ্ছি/প্রতিজ্ঞা করছি যে, আমি আইনগতভাবে প্রতিষ্ঠিত পাকিস্তানের শাসনতন্ত্রের প্রতি বিশ্বাসী হব এবং সত্যিকারের আনুগত্য পোষণ করব।

(৬) এই অনুচ্ছেদের 'উপ-অনুচ্ছেদ (৫) এ বর্ণিত শপথ গ্রহণ বা প্রতিজ্ঞা করার পর জাতীয় পরিষদের কোন সদস্য সব অধিকার, সুযোগ-সুবিধে, ভাতা ইত্যাদি পাওয়ার যোগ্য হবেন যা আইন অনুসারে জাতীয় পরিষদের একজন সদস্য পেতে পারেন।

(৭) প্রেসিডেন্টের ১৯৭০ সালের ২ নম্বর আদেশের '২৫ নম্বর অনুচ্ছেদের' পরিবর্তে হবে-

''২৫, জাতীয় পরিষদে পাশ করা শাসনতন্ত্র বিল স্বাক্ষরের জন্যে প্রসিডেন্টের কাছে পেশ করা হবে। এই বিল পেশ করার পর প্রেসিডেন্ট তাতে স্বাক্ষর করবেন এবং কোনক্রমে শাসনতন্ত্র তাঁর কাছে পেশ করার দিন থেকে ৭ দিন শেষ হয়ে গেলে তা স্বাক্ষরিত হয়েছে বলে মনে করা হবে।''

১৭। (১) ঘোষণাপত্রের ব্যবস্থাবলী কার্যকরীভাবে চালু করার জন্যে প্রেসিডেন্ট আদেশক্রমে এমন সব ব্যবস্থা তৈরী করতে পারবেন যা তার কাছে প্রয়োজনী বা উপযোগী বলে মনে হয়।

(২) পূর্বে উল্লিখিত ক্ষমতার সাধারণত্বের প্রতি পূর্ব ধারণা না করে বিশেষ করে নিম্নলিখিত বিষয়সমূহের জন্য ব্যবস্থা রাখা যেতে পাবে-

(ক) এই ঘোষণাপত্রের দ্বারা অস্তিত্বে আনা নতুন শাসনতান্ত্রিক ব্যবস্থাবলী কার্যকরী করার জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকারগুলোর মধ্যে আবশ্যকীয় ক্ষমতা, অধিকার, সম্পদ, কর্তব্য ও দায়িত্ব, ন্যায্যভাবে বণ্টন।

(গ) কেন্দ্রীয় সরকারের দায়িত্ব, সম্পদ, অধিকারের অনুগমন ও হস্তান্তর এবং রাজ্যগুলোর মধ্যে এ ধরনের অধিকার ন্যায্যভাবে বণ্টন।

(ঘ) কোন রাজ্য এবং তার ক্ষমতা ও কাজের উদ্দেশ্যে অফিসার ও অন্যান্য কর্তৃপক্ষ নিয়োগ ও বদলী এবং রাজ্যগুলোর কাজকর্মের ব্যাপারে কোন সার্ভিসের লোক বরাদ্দ এবং রাজ্যসমূহ ও কেন্দ্রের জন্যে সার্ভিসের গঠনতন্ত্র।

(ঙ) শাসনতান্ত্রিক অবস্থা থেকে এই ঘোষণাপত্রের ব্যবস্থাবলীতে স্থানান্তর সম্পর্কিত কোন অসুবিধা দূর করা- যেগুলো এই ঘোষণার প্রারম্ভের আগে পরিলক্ষিত হয়েছিল ।

(৩) প্রেসিডেন্ট 'উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত বিষয়গুলো বাস্তবায়নের ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ এবং এই ঘোষণাপত্র কার্যকরী চালু করার জন্যে প্রয়োজনীয় অন্য সবকিছু করার জন্যে ১১ সদস্যের একটি 'বাস্তাবয়ন পরিষদ' গঠন করবেন । এই পরিষদের ৬ জন সদস্য বাংলাদেশ সরকার, ২ জন পাঞ্জাব সরকার এবং সিন্ধু, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ ও বেলুচিস্তান সরকার একজন করে সদস্য মনোনয়ন করবেন ।

তফশীল

১। বিগত শাসনতন্ত্রের ৬৭ নম্বর অনুচ্ছেদ পরিবর্তিত হয়ে তা নিম্নরুপ হবে- "৬৭। কোন ব্যক্তি কোন রাজ্যের গভর্নর হিসেবে নিযুক্ত হবেন না যদি তিনি জাতীয় পরিষদের একজন সদস্য নির্বাচিত হওয়ার যোগ্য না হন । "

২। বিগত শাসনতন্ত্রের ৬৮ নম্বর অনুচ্ছেদ পরিবর্তিত হয়ে নিম্নরুপ হবে-

"৬৮ । ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার আগে বংলাদেশ সরকারের গভর্নর বাংলাদেশের হাইকোর্টের প্রধান বিচাপতির সামনে এবং পশ্চিম পাকিস্তানের প্রত্যেকটি রাজ্যের গভর্ণর সংশ্লিষ্ট রাজ্যের হাইকোর্টের প্রধান বিচারপতির সামনে প্রথম তফশীলে উল্লিখিত এমন ধরনের শপথ গ্রহন করবেন যা তাঁর পদের জন্যে প্রযোজ্য হয়। "

৩। বিগত শাসনতন্ত্রের ৭০ নম্বর অনুচ্ছেদ পরিবর্তিত হয়ে নিম্নরুপ হবে-"৭০। বাংলাদেশ রাজ্যের জন্যে একটি আইনসভা থাকবে এবং তা বাংলাদেশ রাজ্য আইন পরিষদ নামে পরিচিত হবে । অনুরুপভাবে পাঞ্জাব, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ, সিন্ধু ও বেলুচিস্তান রাজ্যের প্রত্যেকটির জন্যে একটি করে আইন পরিষদ থাকবে এবং তা নিজ নিজ রাজ্যের রাজ্য পরিষদ নামে পরিচিত হবে ।

৪। বিগত শাসনতন্ত্রের ৮০ নম্বর অনুচ্ছেদ পরিবর্তিত হয়ে নিম্নরুপ হবে-"৮০। (১) রাজ্য সরকার একটি উজির সভা নিয়ে গঠিত হবে এবং এই উজিরসভার প্রধান হিসেবে থাকবেন মুখ্য উজির; এ ছাড়া থাকবেন ডেপুটি উজিররা । এই অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে তাদের সবাইকে নিযুক্ত করা হবে ।

(২) শাসনতান্ত্রিক ব্যবস্থা সাপেক্ষে কোন রাজ্যের কার্যনির্বাহী ক্ষমতাকে রাজ্য সরকারের কর্তৃপক্ষের দ্বারা কিংবা অধীনে প্রয়োগ করা হবে । এই ধরনের ক্ষমতা শাসনতন্ত্র ও আইন অনুসারে সরাসরি কিংবা সংশ্লিষ্ট সরকারের অধীনস্থ অফিসার কর্তৃক প্রয়োগ করা হবে।

(৩) একটি রাজ্য উজিরসভা রাজ্য আইন পরিষদের কাছে সমবেতভাবে জবাদিহি থাববে ।

(৪) (ক) গভর্নর রাজ্য আইনসভার একজন সদস্যকে মুখ্য উজির হিসেবে নিয়োগ করবেন যার প্রতি রাজ্য পরিষদের আস্থা রয়েছে ।

(খ) মুখ্য উজির নিয়োগের সময় রাজ্যআইন পরিষদের অধিবেশন না বসলে এবং বাতিল না হয়ে থাকলে তখন থেকে দু'মাসের মধ্যে অধিবেশনে মিলিত হওয়ার জন্যে বাহবান জানানো হবে ।

(৫) গভর্নর মুখ্য উজিরের পরামর্শ অনুযায়ী অন্যান্য উজির ও সহকারী উজির নিয়োগ করবেন ।

(৬) যদি কোন উজির পর পর ছ'মাসের কোন মেয়াদের জন্যে রাজ্য পরিষদের সদস্য না থাকেন তবে এই মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর উজির বা সহকারী উজির থাকতে পারবেন না এবং

রাজ্য আইনসভা ভেঙ্গে দেয়ার আগে তিনি উজির নিযুক্ত হতে পারবেন না যদি তিনি উপযুক্ত রাজ্য আইন সভার একজন সদস্য নির্বাচিত না হন।

(৭) এই অনুচ্ছেদে এমন কোন ব্যবস্থা থাকবে না যা রাজ্য পরিষদ ভঙ্গ থাকা কালে উজিরসভার সদস্য ও সহকারী উজিরদেরকে দায়িত্বভার চালিয়ে যাওয়ার ব্যাপারে অযোগ্য ঘোষণা করতে পারে অথবা এ ধরনের কোন মেয়াদে কোন লোককে মুখ্য উজির বা উজির বা সহকারী উজির হিসেবে নিয়োগ রোধ করতে পারে।

(৮) সন্দেহ মুক্ত হওয়ার জন্যে একথা সুস্পষ্টভাবে ঘোষণা করা হয়েছে যে, গভর্নর তাঁর কাজ-কর্ম পরিচালনা করার সময় রাজ্য মুখ্য উজিরের পরামর্শ অনুযায়ী কাজ করবেন।

(৯) মুখ্য উজির গভর্নরের কাছে তাঁর পদত্যাগ পত্র পেশ করে যে কোন সময় পদত্যাগ করতে পারেন।

(১০) অন্য কোন উজির কিংবা সহকারী উজির পদত্যাগ করতে চাইলে তাঁকে গভর্নরের কাছে পেশ করার উদ্দেশ্যে মুখ্য উজিরের হাতে পদত্যাগপত্র দিতে হবে।

(১১) মুখ্য উজির পরামর্শ দিলে গভর্নর মুখ্য উজির ছাড়া অন্য যে-কোন উজিরের পদত্যাগপত্র গ্রহণ করবেন।

(১২) মুখ্য উজির তাঁর কাছে যথেষ্ট বলে মনে হওয়ার কারণে কোন উজির বা সহকারী উজিরকে পদত্যাগের জন্যে অনুরোধ জানাতে পারেন; সংশ্লিষ্ট উজির এই অনুরোধ মেনে নিতে ব্যর্থ হলে গভর্নর তাঁর নিয়োগ বাতিল করে দেবেন যদি মুখ্য উজির এরকম পরামর্শ দেন।

(১৩) মুখ্য উজির যদি একবার উপযুক্ত রাজ্য আইন পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন না পান এবং গভর্নর যদি তার পরামর্শ অনুযায়ী এ ধরনের আইন পরিষদ ভেঙ্গে না দেন তবে মুখ্য উজির পদত্যাগ করবেন।

(১৪) মুখ্য উজির কোন সময় পদত্যাগ করলে অন্য উজির এবং সহকারী উজিররাও পদত্যাগ করেছে বলে মনে করা হবে; তবে তাঁদের স্থলাভিষিক্ত হওয়ার জন্যে নতুন উজির নিয়োগ না করা পর্যন্ত তাঁরা কাজ চালিয়ে যাবেন।

(১৫) আইন সভা ভেঙ্গে দেয়ার দিন ক্ষমতাসীন মুখ্য উজির, অন্য উজির ও ডেপুটি উজিররা তাঁদের স্থলাভিষিক্ত হওয়ার জন্যে নতুন লোক নিয়োগ না করা পর্যন্ত তাঁরা কাজ চালিয়ে যাবেন।"

৫। বিগত শাসনতন্ত্রের ৮১ নম্বর অনুচ্ছেদ পরিবর্তিত করে নিম্নরুপ হবে- ৮১। (১) রাজ্য সরকারের সব কার্যনির্বাহী তৎপরতা গভর্নরের নামে নেয়া হয়েছে বলে প্রকাশ করা হবে।

(২) রাজ্য সরকার আইনের দ্বারা এমন পদ্ধতি নির্দিষ্ট করবেন যাতে গভর্নরের নামে তৈরী ও কার্যকরী করা আদেশ ও অন্যান্য ব্যবস্থা স্বাক্ষর করা হবে এবং গভর্নর তা তৈরী বা কার্যকরী করেছেন বলে কোন আদালতে এই স্বাক্ষরিত আদেশ বা ব্যবস্থার বৈধতা সম্পর্কে কোন প্রশ্ন তোলা যাবে না।

(৩) রাজ্য সরকার তার বরাদ্দ এবং ব্যবসায়িক লেনদেনের জন্যেও আইন তৈরী করবেন।

৬। বিগত শাসনতন্ত্রের ৮২ ও ৮৪ নম্বর অনুচ্ছেদ বাদ দেয়া হবে।

৭। বিগত শাসনতন্ত্রের ৮৬ থেকে ৯০ নম্বর পর্যন্ত অনুচ্ছেদ পরিবর্তিত হয়ে নিম্নরুপ হবে-

''৮৬। এই অংশে ''অর্থ বিল'' মানে এমন একটি বিল যাতে নীচের বিষয়গুলোর সব কিংবা যে-কোন একটির কেবলমাত্র ব্যবস্থা সংক্রান্ত ব্যাপার রয়েছে, অর্থাৎ

(ক) কোন কর ধার্য, বিলোপ, লাঘব, পরিবর্তন বা নিয়মিতকরণ;

(খ) রাজ্য সরকার কর্তৃক অর্থ ধার বা কোন গ্যারান্টি দেয়া । কিংবা সরকারের আর্থিক দায়িত্ব সংক্রান্ত আইনের সংশোধন;

(গ) রাজ্য 'কনসলিডেটেড' তহবিলের তত্ত্বাবধান, এই তহবিলে অর্থদান বা এই তহবিল থেকে অর্থ ইস্যু তোলা;

(ঘ) রাজ্য কনসলিডেটেড তহবিলের উপর কোন ভার অর্পণ বা আরোপ কিংবা এ ধরনের ভার বিলোপ বা পরিবর্তন ।

(ঙ) রাজ্যের 'কনসলিডেটেড' তহবিলের জন্যে অর্থগ্রহণ, বিংবা রাজ্যের 'পাবলিক একাউন্ট' বা তত্ত্বাবধান বা এ ধরনের অর্থ ইস্যু; এবং

(চ) উপরের উপধারাগুলোর উল্লিখিত কোন বিষয়ের সঙ্গে কোন বিষয় প্রাসঙ্গিক ।

২। কোন বিলকে অর্থবিল হিসেবে মনে করা হবে না কেবল এই কারণেই যে,

(ক) এতে কোন জরিমানা বা অন্য কোন আর্থিক দণ্ড আরোপ বা পরিবর্তন বা লাইসেন্স ফি দাবী কিংবা পরিশোধ বা কোন কাজের জন্যে ফি বা খরচের ব্যবস্থা থাকে; অথবা,

(খ) এতে স্থানীয় উদ্দেশ্যে কোন স্থানীয় কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক কোন কর আরোপ, বিলোপ, মওকুফ বা পরিবর্তনের ব্যবস্থা রয়েছে ।

(৩) প্রত্যেকটি অর্থবিল যখন গভর্নরের মতের জন্যে পেশ করা হবে তখন তার সঙ্গে স্পীকারের হাতের একটি সার্টিফিকেট থাকবে যে, এটা একটা অর্থ বিল এবং এই সার্টিফিকেট সব উদ্দেশ্যে চূড়ান্ত ও এ ব্যাপারে কোন আদালতে প্রশ্ন তোলা যাবে না ।

''৮৭। এমন কোন বিল বা সংশোধনী (কেবলমাত্র রাজ্য সরকারের সুপারিশ ছাড়া) রাজ্য আইন পরিষদে উত্থাপন করা যাবে না বা ৮৬ নম্বর অনুচ্ছেদের (১) নম্বর ধারায় উল্লেখিত কোন বিষয়ের ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট কিংবা যা আইন সম্মত করে কার্যকরী করা হলে রাজ্যের রাজস্ব, ব্যয় সৃষ্টি করতে পারে ।''

''৮৮। রাজ্য আইন পরিষদের কোন আইনের ক্ষমতার দ্বারা বা ক্ষমতার অধীনে ছাড়া কোন রাজ্যের জন্যে কোন কর ধার্য করা যাবে না ।

''৮৯। (১) কোন রাজ্য সরকার কর্তৃক সংগৃহীত রাজস্ব, কোন ঋণের পরিশোধের তার দ্বারা সংগৃহীত অর্থ একটা কনসলিডেটেড তহবিলের অংশ বিশেষ হয়ে যাবে এবং এই তহবিল রাজ্য কনসলিডেটেড তহবিল নামে পরিচিত হবে ।

''৯০। (১) রাজ্য কনসলিডেটেড তহবিলের তত্ত্বাবধান, এই তহবিলে অর্থ দেয়া, এই তহবিল থেকে অর্থ তোলা, রাজ্য সরকারের দ্বারা বা পক্ষে সংগৃহীত জমা দেয়া অর্থ ছাড়া সরকারী অর্থের তত্ত্বাবধান, রাজ্যের 'পাবলিক একাউন্টে' অর্থ দেয়া, এ ধরনের একাউন্ট থেকে অর্থ তোলা এবং উল্লিখিত

বিষয়গুলোর সঙ্গে জড়িত সব বিষয় রাজ্য আইন পরিষদের আইন দ্বারা নিয়ন্ত্রিত হবে। গভর্নর দ্বারা তৈরী আইনের মাধ্যমে এ ব্যাপারে ব্যবস্থা তৈরী না করা পর্যন্ত চলতে থাকবে।

(২) নিম্নোক্ত উপায়ে সংগৃহীত বা জমাকৃত সব অর্থ -

(ক) রাজ্য সরকার কর্তৃক আদায়কৃত বা গৃহীত রাজস্ব ও সরকারী অর্থ ছাড়া রাজ্যের কাজকর্ম পরিচালনার জন্যে নিযুক্ত কোন অফিসার তার ক্ষমতার আওতায় যে অর্থ সংগ্রহ করবেন;

(খ) রাজ্যের কাজ-কর্ম সংক্রান্ত ব্যাপারে কোন বিষয়, লোক বা কারণের জন্যে দেয় কোন কোর্ট ফি রাজ্যের 'পাবলিক একাউন্টে' দেয়া হবে।

৪১। বিগত শাসনতন্ত্রের ৯০ নম্বর অনুচ্ছেদের পর পরই নিম্নোক্ত নূতন অনুচ্ছেদগুলো যোগ করতে হবে এবং সেগুলোর নম্বর হবে ৯০-ক থেকে ৯০-চ পর্যন্ত।

''৯০-ক। (১) রাজ্য সরকার প্রত্যেক অর্থ বছরের ব্যাপারে রাজ্য সরকারের ব্যাপারে ঐ বছরের জন্যে রাজ্য সরকারের আনুমানিক আয় ও ব্যয়ের একটা বিবৃতি রাজ্য আইন পরিষদে পেশ করবেন। এই অংশে তা 'বার্ষিক আর্থিক বিবৃতি' বলে উল্লেখ করা হয়েছে।

(২) বাৎসরিক আর্থিক বিবৃতি পৃথকভাবে দেখানো হবে-

(ক) শাসনতন্ত্রে 'ব্যয়' হিসেবে বর্ণিত ব্যয় মেটানোর জন্য প্রয়োজনীয় অর্থ রাজ্য কনসলিডেটেড তহবিল দেবেন;

(খ) অন্যান্য যে-সব প্রয়োজন মেটানোর জন্যে রাজ্য কনসলিডেটেড তহবিল থেকে অর্থ দেয়ার প্রস্তাব করা হয়েছে; এবং

রাজস্ব হিসেবের ব্যয় অন্যান্য ব্যয় থেকে পৃথকভাবে দেখানো হবে।

''৯০-খ। রাজ্য কনসলিডেটেড তহবিলকে নিম্নোক্ত ব্যয় ভার বহন করতে হবে-

(ক) গভর্নরের বেতন ও ভাতা এবং তাঁর দফতর সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়, এবং

(১) হাইকোর্টের বিচারক;

(২) রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের সদস্য; এবং

(৩) রাজ্য পরিষদের স্পীকার ও ডেপুটি স্পীকারের বেতন ও ভাতা।

(খ) রাজ্য আইন পরিষদ সেক্রেটারীয়েট, রাজ্য পাবলিক সার্ভিস কমিশন এবং হাইকোর্টের কর্মচারী ও অফিসারদের দেয় বেতনসহ অন্যান্য প্রশাসনিক ব্যয়;

(গ) সুদ, 'সিংকিং-ফান্ড' খরচ, মূলধন পরিশোধ বা 'সিংকিং তহবিলের' মাধ্যমে ঋণ হ্রাস ও ঋণ তোলার ব্যাপারে অন্যান্য খরচসহ ঋণ খরচ-যার জন্যে রাজ্য সরকার দায়ী এবং রাজ্য কনসলিডেটেড তহবিলের সিকিউরিটির ওপর ঋণ সার্ভিস ও পুনঃ ক্রয়;

(ঘ) কোন আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক রাজ্যের বিরুদ্ধে কোন বিচার, ডিক্রি বা রায়কে নিঃসন্দেহ করার জন্যে প্রয়োজনীয় অর্থ;

(ঙ) শাসনতন্ত্র বা রাজ্য আইন পরিষদের আইন দ্বারা ঘোষিত অর্থ যে পরিমাণ অর্থ দেয়।

"৯০-গ । (১) বার্ষিক আর্থিক বিবৃতির ততটা নিয়ে আলোচনা করা যেতে পারে যা রাজ্য কনসলিডেটেড তহবিলের ওপর ধার্য করা খরচ সংক্রান্ত, তবে তা রাজ্য আইন পরিষদের ভোটের জন্য পেশ করা হবে না ।

(২) বার্ষিক আর্থিক বিবৃতির ততটা পর্যন্ত মঞ্জুরী দাবীর আকারে রাজ্য আইন পরিষদে পেশ করা যেতে পারে যা অন্যান্য ব্যয় সংশ্লিষ্ট এবং আইন পরিষদ তাতে উল্লিখিত অর্থের পরিমাণ হ্রাস সাপেক্ষে কোন দাবীর ব্যাপারে মত দিতে পারবেন ।

(৩) রাজ্য সরকারের সুপারিশ ছাড়া কোন মঞ্জুরীর দাবী করা যাবে না ।

"৯০-ঘ । (১) আগের অনুচ্ছেদের ব্যবস্থার অধীনে আইন পরিষদ কর্তৃক মঞ্জুরী দেয়ার পর নিম্নোক্ত বিষয়গুলির সব অর্থ মেটানোর উদ্দেশ্যে রাজ্য কনসলিডেটেড তহবিল থেকে অর্থ তোলার ব্যবস্থা সম্বলিত একটি বিল আইন পরিষদে উত্থাপন করা হবে-

(ক) রাজ্য আইন পরিষদ কর্তৃক এভাবে দেয়া মঞ্জুরী; এবং (খ) রাজ্য কনসলিডেটেড তহবিলের ওপর ধার্য করা ব্যয়।

তবে এই অর্থের পরিমাণ কোনক্রমেই রাজ্য আইন পরিষদে আগে পেশ করা বিবৃতিতে দেখানো অর্থের পরিমাণের চেয়ে বেশী হবে না ।

(২) এ ধরনের কোন বিলের ওপর সংশোধন প্রস্তাব করা যাবে না যার ফলে এভাবে দেয়া কোন মঞ্জুরীর পরিমাণ বা লক্ষ্য পরিবর্তিত হয়ে যেতে পারে ।

(৩) শাসনতন্ত্রের ব্যবস্থা সাপেক্ষে এই অনুচ্ছেদের ব্যবস্থা অনুযায়ী আইন দ্বারা পাশ করা অর্থ তোলার ব্যবস্থা ছাড়া রাজ্য কনসলিডেটেড তহবিল থেকে কোন অর্থ তোলা যাবে না ।

৯০-ঙ । কোন অর্থ বছরের বেলায় যদি দেখা যায় যে;

(ক) চলতি অর্থ বছরে কোন একটা কাজের জন্যে ব্যয় করার অনুমোদিত অর্থ যদি অপর্যাপ্ত হয়, বা নতুন কোন কাজের জন্যে ব্যয় করা প্রয়োজন হয়ে পড়ে যা ঐ বছরের বার্ষিক বিবৃতিতে নেই অথবা

(খ) কোন অর্থ বছরে কোন কাজের জন্য মঞ্জুর করা অর্থের চেয়ে যদি বেশী খরচ হয়ে যায়, তবে-

রাজ্য সরকার রাজ্য কনসলিডেটেড তহবিল থেকে খরচ অনুমোদন করতে পারবেন যদি এই খরচ শাসনতন্ত্র অনুযায়ী তহবিলের ওপর ধার্য হয় কিংবা ঐ পরিমাণ খরচ সংক্রান্ত একটা অতিরিক্ত আর্থিক বিবৃতি রাজ্য আইন পরিষদে পেশ করতে হবে না। এবং ৯০-ক থেকে ৯০-ঘ অনুচ্ছেদের ব্যবস্থাবলী উল্লিখিত বিবৃতির বেলায় প্রয়োগ করা হবে, যেমন বার্ষিক আর্থিক বিবৃতির বেলায় প্রয়োগ করা হয় ।

৯০-চ । (১) এই পরিচ্ছেদের পূর্বে উল্লিখিত ব্যবস্থা গুলোতে কোন কিছু সত্ত্বেও কোন রাজ্য আইন পরিষদের নিম্নোক্ত ক্ষমতা থাকবে,

(ক) কোন অর্থ বছরের কোন অংশের জন্য আনুমানিক ব্যয়ের ব্যাপারে অগ্রিম কোন মঞ্জুরী দেয়া; এই ব্যয়ের ব্যাপারে ৯০-ঘ অনুচ্ছেদের ব্যবস্থা অনুযায়ী আইন পাশ ও এ ধরনের মঞ্জুরের ব্যাপারে ভোট গ্রহণের জন্য ৯০-গ অনুচ্ছেদ বর্ণিত পদ্ধতির সমাপ্তি বাকি রেখে এই মঞ্জুরী দেয়া;

(খ) রাজ্যের সম্পদের ওপর একটা অপ্রত্যাশিত দাবি মেটানোর জন্য কোন মঞ্জুরী দেয়া, যখন কাজের গুরুত্ব ও অনির্দিষ্ট বৈশিষ্ট্যের দরুন বার্ষিক আর্থিক বিবৃতিতে সাধারণভাবে দেয়া বিস্তারিত বিবরণে এই দাবী উল্লেখ করা যায় না।

(গ) কোন অতিরিক্ত মঞ্জুরী দেয়া যা কোন অর্থ বছরের চলতি কোন কাজের অংশ নয়, এবং যে উদ্দেশ্যে এই মঞ্জুরী দেয়া হয়েছে সে উদ্দেশ্যে রাজ্য কনসলিডেটেড তহবিল থেকে অর্থ তোলার ব্যাপারে আইনের অধীনে অনুমোদন দেয়ার ক্ষমতা আইন পরিষদের থাকবে।

(২) ৯০-গ ও ৯০-ঘ অনুচ্ছেদের ব্যবস্থাবলী (১) নম্বর ধারা এবং এই ধারার বলে তৈরী অন্য কোন আইনের অধীনে কোন মঞ্জুরী দেয়ার ব্যাপারে কার্যকরী হবে, কারণ সেগুলো বার্ষিক আর্থিক বিবৃতিতে উল্লিখিত কোন ব্যয় এবং রাজ্যের অর্থ থেকে তোলার অনুমোদনের জন্য তৈরী কোন আইনের বেলায় কার্যকরী কনসলিডেটেড তহবিল এ ধরনের ব্যয় মেটাবে।''

৮। ৯১ নম্বর অনুচ্ছেদের ১ নম্বর ধারার পরিবর্তে নিম্নরুপ হবে-

''৯১। বাংলাদেশ রাজ্যের একটি এবং পশ্চিম পাকিস্তানের রাজ্যগুলোর জন্য একটি করে হাইকোর্ট থাকবে।''

৯। (১) বিগত শাসনতন্ত্রের ৯২ নম্বর অনুচ্ছেদের ২ নম্বর ধারার উপধারা (খ) বাদ যাবে।

(২) ২ নম্বর ধারার উপধারা (গ) উপধারা (খ) হিসেবে ধরা হবে।

(৩) এই শাসনতন্ত্রের ৯২ নম্বর অনুচ্ছেদের ৩ নম্বর ধারা বাদ যাবে।

১০। বিগত শাসনতন্ত্রের ৯৯, ১০৩, ১০৪, ১০৫, ১০৭, ১০৮, ১১২, ১১৩, ১১৪ নম্বর অনুচ্ছেদ এবং ১৩১ নম্বর অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরুপ হবে।

''১৩৪। কোন আইন পরিষদ কর্তৃক কোন বিষয়ে তৈরী কোন আইন আইন-তৈরীর ক্ষমতার আওতার মধ্যে না হলে তা বাতিল হয়ে যাবে।

১২। বিগত শাসনতন্ত্রের ১৩৭ নম্বর অনুচ্ছেদ বাদ যাবে।

১৩। এই শাসনতন্ত্রের ১৩৮ নম্বর অনুচ্ছেদ পরিবর্তিত হয়ে নিম্নরুপ হবে-

''১৩৮। সম্ভব স্বল্পতম সময়ে পাকিস্তানের সব অংশের লোকের জন্যে প্রতিরক্ষা চাকুরীসহ অন্য সব কেন্দ্রীয় চাকুরীতে জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্ব নিশ্চিত করা কেন্দ্রীয় সরকারের একটা শাসনতান্ত্রিক দায়িত্ব হবে।''

১৪। এই শাসনতন্ত্রের ১৪০ নম্বর অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরুপ হবে-

''১৪০। কোন রাজ্যের শাসন ক্ষমতা রাজ্য কনসলিডেটেড তহবিলের সিকিউরিটির বিনিময়ে এমন একটা সীমার মধ্যে অর্থ ধার করতে পারবেন, যদি রাজ্য আইন সভার আইনে এমন কোন সীমার ব্যবস্থা থাকে, এবং এই সীমার মধ্যে গ্যারান্টি দিতে পারবেন, যদি এমন কোন ব্যবস্থা থাকে।''

পরিশিষ্ট-''ছ''

প্রধান প্রধান নৃশংসতার তালিকা

(১৯৭১ সালের ২৫শে মার্চের আগে সন্ত্রাস ও অরাজকতার তালিকা তৃতীয় পরিচ্ছেদে ''পূর্ব পাকিস্তানে সন্ত্রাস'' শীর্ষে বর্ণিত হয়েছে)

জেলা	তারিখ ও এলাকা	ঘটনা
চট্টগ্রাম	১৬-৩০শে মার্চ, ১৯৭১ চট্টগ্রাম শহর	শহরটি, ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট (ইবিআর) ইষ্ট পাকিস্তান রাইফেলস (ইপিআর)এবং আওয়ামী লীগ (এএল) স্বেচ্ছাসেবকদের মতো বিদ্রোহীদের কবলে ছিলো । এই বিদ্রোহীরা শহরে প্রধান অংশের মধ্যে অবস্থিত এবং পার্শ্ববর্তী এলাকার পুরো কলোনীতে লুটতরাজ, হত্যাকাণ্ড ও অগ্নিসংযোগ করে । মানুষ হত্যার 'কসাইখানা' স্থাপন করা হয় । এরকম একটা কসাইখানা চট্রগ্রামের আওয়ামী লীগের দফতরেও ছিলো । এই কসাইখানায় পুরুষ,নারী ও শিশুকে নির্বিশেষে হত্যা করা হয় । অনেক ক্ষেত্রেই দেহ থেকে অঙ্গ কেটে ফেলার আগে সিরিঞ্জ দিয়ে রক্ত বের করে নেওয়া হয়েছিল । (১০ হাজার লোক নিহত হয় ।)
	২৭শে মার্চ, ১৯৭১ ওসমানিয়া গ্লাস ওয়ার্কস। ১৫ই মার্চ ১৯৭১, আমিন জুট মিলস, বিবির হাট	পশ্চিম পাকিস্তানী কর্মচারীদের নির্যাতন ও হত্যা করা হয় (১৭ জনের মৃত্যু হয়)। ম্যানেজিং পার্টনার এবং ম্যানেজারকে অপহরণ করা হয়। তাদের হত্যা করা হয়েছে বলে বিশ্বাস । অন্যান্য কিছুসংখ্যক কর্মীদের খোঁজ পাওয়া যাচ্ছে না। অনুমান করা হয় যে তাদের 'জামিন' স্বরুপ আটক রাখা হয়েছে। (হতাহতের সংখ্যা জানা যায়নি) ।
	১৯শে এপ্রিল, ১৯৭১, ইস্পাহানী জুট মিলস এবং তার পার্শ্ববর্তী এলাকা ।	নারী ও শিশুদের নির্মমভাবে হত্যা করা হয় । পশ্চিম পাকিস্তানী অনেক অফিসার এবং শ্রমিকদের খোঁজ পাওয়া যায় না। অনেককে অপহরণ করা হয়েছে । (হতাহতের সংখ্যা প্রায় এক হাজার)।
	২৭-২৮শে এপ্রিল, ১৯৭১ হাফিজ জুট মিলস ।	মিল-ভবন আক্রমণ করে কিছু সংখ্যক কর্মচারীকে হত্যা করা হয়। মালিকের গৃহে আগুন ধরিয়ে দেয়া হয় । কয়েকজন অপ্রাপ্ত বয়স্ক শিশু যারা প্রাণ ভয়ে পালিয়ে গিয়েছিলো, তাছাড়া গৃহের অধীবাসীদের সবাইকে জীবন্ত পুড়িয়ে মারা হয়েছিল। (হতাহতের সংখ্যা ছিলো প্রায় ১৫০ জন)

জেলা	তারিখ ও এলাকা	ঘটনা
	২৬-৩০শে এপ্রিল, ১৯৭১। কর্ণফুলী পেপার এবং রেয়ন মিলস চন্দ্রঘোনা ও তার পার্শ্ববর্তী এলাকা।	ব্যাপক লুটতরাজ, অগ্নিসংযোগ ও হত্যাকাণ্ড অনুষ্ঠিত হয়। মেয়েদের ঘরে মিলস চন্দ্রঘোনা ও তার তালাবদ্ধ করে রাখা হয়েছিলো। উদ্ধার পার্শ্ববর্তী এলাকা।করার পর, তারা অবর্ণনীয় ধর্ষণ ও বর্বরতার কাহিনী বর্ণনা করে। (হতাহতের সংখ্যা প্রায় ২ হাজার)
	২৭-৩০ শে এপ্রিল , ১৯৭১, রাঙ্গামাটি।	রাঙ্গামাটিতে অবস্থিত পশ্চিম পাকিস্তানীদের একত্রিত করে নির্যাতন ও হত্যা করা হয়। (৫০০ লোক প্রাণ হারায়)।
যশোর	২৯-৩০ মার্চ, ১৯৭১ঝুমঝুমপুর কলোনী।	ইষ্ট পাকিস্তান রাইফেলস-এর বিদ্রোহীরা সমগ্র বিহারী জনগণকে জনগনকে সাধারণভাবে হত্যা করে। মেয়ে ও শিশুদের টেনে-হিচড়ে নড়াইলের দিকে নিয়ে যায়। ৪'শ থেকে ৫'শর মতো মেয়েকে অপহরণ করে নদীপথে হিন্দুস্তানে নিয়ে যাওয়া হয়। মানুষের কংকাল ও দেহের অন্যান্য অংশ সমস্ত এলাকায় ছড়ানো রয়েছে দেখতে পাওয়া যায়। (প্রায় ৩ হাজার লোক নিহত হয়। ২ হাজার লোকের কোন খোঁজ পাওয়া যায় নি)।
	২৯-৩০শে মার্চ, ১৯৭১ রামনগর কলোনী।	ঝুমঝুমপুর কলোনীর লোকেরা এখানে এসে আশ্রয় নিয়েছিলো, এই কলোনীতেও আগুন ধরিয়ে দেয়া হয়। (১৫০ জনেরও বেশী লোক নিহত হয়। দুস্থ শিবিরে আশ্রয় নেয় ৪৪৮ জন।)
	৩০শে মার্চ, ১৯৭১ তারাগঞ্জ কলোনী	আওয়ামী লীগ স্বেচ্ছাসেবকরা ও ইষ্ট পাকিস্তান রাইফেলস-এর বিদ্রোহীরা সমগ্র কলোনীতে বেপরোয়া হত্যাকাণ্ড চালিয়ে যায়। খুব কম লোকই বেঁচেছিল। সমস্ত বাড়ী ঘর ধ্বংসপ্রাপ্ত হয়। (৫শ'র মতো লোক নিহত হয়। নিখোঁজ লোকের সংখ্যা ৪শ')।
	৩০শে মার্চ -৫ই এপ্রিল, ১৯৭১ হামিদপুর, আমবাগান,বাকাচর এবং যশোর শহরের পুরাতন কসবা	এই এলাকার অধিকাংশ জনগণকে হত্যা করে নিশ্চিহ্ন করে ফেলা হয়। ঘর বাড়ী প্রথমে লুট এবং পরে ধ্বংস করা হয়। (প্রায় ১ হাজার লোক নিহত ও নিখোঁজ হয়। ১৭৫ জন হাসপাতালে যায় এবং ১৭২ জন দুস্থশিবিরে আশ্রয় নেয়।)
	৩০শে মার্চ-৫ই এপ্রিল, ১৯৭১, মোবারকগঞ্জ।	পুরুষ, নারী ও শিশুদের নির্যাতন ও হত্যা করা হয়। তাদের বাড়ী ঘর লুটপাট করে আগুনে জ্বালিয়ে দেওয়া হয়েছিলো। (২শ রও বেশী লোক নিহত হয়। ১০ জন হাসপাতালে ও ২৭ জন দুঃস্থ শিবিরে যায়।)
	৩০শে মার্চ-৫ই এপ্রিল, ১৯৭১, কালিগঞ্জ।	বেশ কিছুসংখ্যক এলাকার উপর হামলা চালানো হয়। মেয়েদের ধর্ষণ করা হয়। পুরুষ ও শিশুদের হত্যা করা হয়, ব্যাপক লুটতরাজ ও অগ্নিসংযোগ চলে। (প্রায় ৩'শ লোক নিহত হয়। ১৩২ জন সাহায্য শিবিরে আশ্রয় নেয়।)

জেলা	তারিখ ও এলাকা	ঘটনা
	৩০শে মার্চ -১০ই এপ্রিল, ১৯৭১ কোঁটচাঁদপুর।	বেপরোয়ারা হত্যাকাণ্ড ও অগ্নিসংযোগ চলতে থাকে । (প্রায় ৪শ লোক নিহত হয় ও ৫শ জন আহত হয় । সাহায্য শিবিরে অবস্থানরত লোকের সংখ্যা হচ্ছে ৫৫।)
	৩০শে মার্চ, ১৯৭১ তাফসিডাঙ্গা ।	আগে থেকেই চিহ্নিত করা কিছুসংখ্যক বাড়ীঘর সংগ্রাম পরিষদের স্বেচ্ছাসেবকরা আক্রমণ করে । তারা পুরুষ ও বৃদ্ধা নারীদের হত্যা করে এবং যুবতী মেয়েদের ধরে নিয়ে যায় । (প্রায় ২শ লোক নিহত হয় । সাহায্য শিবিরে যায় ৭২ জন ।)
	৩০শে মার্চ-১০ইএপ্রিল, ১৯৭১ নড়াইল।	এখানে প্রধানতঃ পাঠানদের উপর নির্যাতন করা হয়। নড়াইলের সমস্ত পাঠানদের একত্রিত করে নৃশংসভাবে হত্যা করা হয় । মেয়ে ও শিশুসহ ৬০ থেকে ৭০ জন পাঠানকে হত্যা করা হয়েছিল।
	২৫শে মার্চ-৪ঠা এপ্রিল,১৯৭১, ঝিনাইদহ মহকুমা।	আওয়ামী লীগ স্বেচ্ছাসেবকগণ কিছুসংখ্যক বাড়ীঘর লুট করে আগুন ধরিয়ে দেয় । জানও মালের প্রচুর ক্ষতি হয় । ২৫০ জনেরও বেশী লোক নিহত ও ৫০ জন নিখোঁজ হয় । ১০ জন হাসপাতালে যায় ।
খুলনা	২৮-২৯শে মার্চ, ১৯৭১ খুলনা শহর। ক্রিসেন্ট জুট মিলস খালিশপুর ও ষ্টার জুট মিলস, চান্দনিমহল।	খুলনায় আওয়ামী লীগের আধা-সামরিক শিক্ষা শিবির গঠন করা হয়। তথাকথিত পশ্চিম পাকিস্তানী দালালদের বিরুদ্ধে সুসংবদ্ধ হত্যা ও অগ্নিকাণ্ড চলতে থাকে। ঘরবাড়ী ধ্বংস করা হয় এবং ব্যাপকভাবে হত্যাকাণ্ড চলতে থাকে । গলা কেটে ফেলার আগে হতভাগ্য ব্যক্তিদের উৎপীড়ন করা হতো । নিরপরাধ নারী ও শিশুদের রাস্তায় টেনে এনে হত্যা করা হয় । যারা প্রাণের ভয়ে নদীতে ঝাঁপিয়ে পড়েছিলো ও বেঁচে ছিলো তাদের নদী থেকে উঠিয়ে আনা হয়। তারপর তাদের পেট চিরে আবার নদীতে ফেলে দেয়া হয়। তাদের রক্তে নদীর পানি লাল হয়েছিল। মিল সম্পত্তির ব্যাপক ক্ষতিসাধন হয়েছিলো। কিছুসংখ্যক অফিসার 'মুক্তিপণ' দিয়ে বেঁচে যান । (হতাহতের সংখ্যা প্রায় ৫ হাজার)
	২৮-২৯মার্চ,১৯৭১ পিপলস জুট মিলস, খালিশপুর ,খুলনা।	ইষ্ট পাকিস্তান রাইফেলস, আনসার এবং আওয়ামী লীগ কর্মীরা বয়সের প্রতি কোন প্রতি লক্ষ্য না রেখে উচ্ছংখল হত্যাকাণ্ডে লিপ্ত হয়। (৪শ ৬৭ জন নিহত হয়)
	২৮-২৯শে মার্চ ১৯৭১ নিউ কলোনী, খালিশপুর, খুলনা।	প্রায় ১০ হাজার আওয়ামী লীগ কর্মী কলোনী ঘেরাও করে ফেলে।বিদ্রোহী পুলিশরাও তাদের সঙ্গে যোগ দেয় । সমানে ৬ ঘন্টারও বেশী গোলাগুলি চলে । (প্রায় ৩শ লোক নিহত হয়)

জেলা	তারিখ ও এলাকা	ঘটনা
	৩০শে এপ্রিল, ১৯৭১, সাতক্ষীরা, মহকুমা, খুলনা।	পশ্চিম পাকিস্তানী মহকুমা হাকিমকে আটক করে বন্দী অবস্থায় রাখা হয়। শহরের এলাকা জুড়ে ব্যাপক গণহত্যা, নৃশংসতা ও ব্যাপক লুটতরাজ চলতে থাকে ।(প্রায় ১ হাজার লোক নিহত হয়)
কুষ্টিয়া	২৯ শে মার্চ-১০ই এপ্রিল ১৯৭১, কুষ্টিয়া শহর।	ইষ্ট পাকিস্তান রাইফেলস-বিদ্রোহী, মুজাহিদ এবং স্থানীয় দুষ্কৃতকারীরা বিহারী এবং পশ্চিম পাকিস্তানী সেনাদের উপর যথেচ্ছা গুলী চালাতে শুরু করে । ক্রমাগত ১৩ দিন ধরে সন্ত্রাসের রাজত্ব চলতে থাকে। (১ হাজার থেকে দেড় হাজার লোক নিহত হয় ।)
	২৬ শে মার্চ-১লা এপ্রিল ১৯৭১, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া।	বিহারী ও পশ্চিম পাকিস্তানীদের একত্রিত করে হত্যা করা হয়। মেয়েদের সঙ্গে অমানুষিক ব্যবহার করা হয় । পশ্চিম পাকিস্তানী মহকুমা হাকমের উপর নির্মম অত্যাচার করা হয় ।তাঁর সন্তানসম্ভবা স্ত্রীকেও মারধর করা হয়েছিলো।(৫শ লোক নিহত এবং ১শ লোক নিখোঁজ হয়।)
	২৩ শে এপ্রিল, ১৯৭১, জাফরকান্দি, কুষ্টিয়া।	বিদ্রোহী ইষ্ট পাকিস্তান রাইফেলস ও স্থানীয় দুষ্কৃতকারীরা বিহারী কলোনীর উপর হামলা চালায়। ব্যাপকহারে ধন-সম্পত্তি লুট করার পর তারা কলোনীতে আগুন ধরিয়ে দেয়। কেই বাঁচতে পারেনি। মেয়েদের ধর্ষণ করার পর হত্যা করা হয়। তাদের মৃতদেহ, স্তন কাটা এবং পেট কাটা অবস্থায় পাওয়া যায়। (প্রায় ৫শ লোক নিহত হয়)।
	৩০শে মার্চ-১৩ই এপ্রিল, ১৯৭১, মেহেরপুর, কুষ্টিয়া।	প্রায় দু'সপ্তাহ যাবৎ মেহেরপুরে বেপরোয়া হত্যা, অগ্নিসংযোগ এবং ধর্ষণের কবলে ছিল । (৪শ থেকে ৬শ লোক নিহত ও ২শ লোক নিখোঁজ হয়। হাসপাতালে যায় ১০ জন।
বগুড়া	২৬শে মার্চ-২৩শে এপ্রিল, ১৯৭১, বগুড়া শহর।	আওয়ামী লীগ স্বেচ্ছাসেবকরা জেল ভেঙ্গে কয়েদীদের হিংসাত্মক কার্যকলাপ ও লুটতরাজ করার জন্য ছেড়ে দেয়। ৭ হাজর পুরুষ, নারী ও শিশুদের জেল ভবনের মধ্যে ঠাসাঠাসি করে ঢোকানো হয়। জেল ভবনটি ডিনামাইট দিয়ে উড়িয়ে দেবার পরিকল্পনা ছিল। কিন্তু সেনাবাহিনী সময়মত এসে পৌঁছে তাদের উদ্ধার করে। প্রত্যক্ষদর্শীরা গণহত্যা, ধর্ষণ ও অগ্নিসংযোগের কাহিনী বর্ণনা করে। প্রকাশ যে, প্রায় ২ হাজার লোক নিহত হয়।
	২৬শে মার্চ -২২শে এপ্রিল, ১৯৭১, নওগাঁ, সান্তাহার।	বিহারীদের চলাফেরা বন্ধ করার জন্য আওয়ামী লীগ দুষ্কৃতিকারীরা রাস্তা বন্ধ করে দিলো। ব্যাংকগুলো লুণ্ঠিত

জেলা	তারিখ ও এলাকা	ঘটনা
		হলো । মেয়েরা ধর্ষিত হলো । তাদের গুলী করে হত্যা করার আগে নগ্ন অবস্থায় রাস্তা দিয়ে হাঁটানো হয়েছিলো। সারা শহরে মৃতদেহের ছড়াছড়ি দেখা যায় । অনেককে জীবন্ত পুড়িয়ে মারা হয় । কাউকে বা পেরেকে গেঁথে গুলী করে হত্যা করা হয় । আহত অবস্থায় যারা বেঁচেছিলো তাদের কাছ থেকে জানা যায় যে, মেয়েদের নিজের সন্তানের রক্ত পান করতে বাধ্য করা হয়েছিলো । বিহারীরা একেবারে প্রায় নিশ্চিহ্ন হয়ে যায়। (প্রায় ১৫ হাজার লোক নিহত হয়)।
পাবনা	২৩ মার্চ-১০ই এপ্রিল, ১৯৭১, পাবনা শহর।	দু'সপ্তাহব্যাপী আওয়ামীলীগের সন্ত্রাসের রাজত্ব থেকে শহরকে রক্ষা করলো সেনাবাহিনী এসে । (প্রায় ২শ লোক নিহত হয়)।
	২৩শে মার্চ -১০ই এপ্রিল,১৯৭১ সিরাজগঞ্জ।	দুষ্কৃতকারীরা ৩৫০ জন পুরুষ, নারী ও শিশুকে দালানে ঢুকিয়ে তাতে আগুন ধরিয়ে দিলো । (ভেতরে যারা ছিলো তাদের সকলকেই এভাবে ফাঁদে ফেলে হত্যা করা হয়)
	১০ই এপ্রিল, ১৯৭১ পাকশী ।	রেলওয়ে কলোনীর অধিবাসীদের শান্তি কমিটি গঠন করার অজুহাত দেখিয়ে প্রতারিত করা হয় । তাদের একটা হাইস্কুল ভবনে আটকে রেখে জীবিত অবস্থায় পুড়িয়ে মারা হয়েছিল । (প্রায় ২ হাজার লোক নিহত হয়।)
রংপুর	২৩-৩১শে মার্চ, ১৯৭১, সৈয়দপুর (রংপুর)।	শত শত বাড়ীঘর ও তার অধিবাসীদের জ্বালিয়ে দেওয়া হয়। (১শ'রও বেশী লোক নিহত হয়।)
	২৩শে মার্চ-১লা এপ্রিল, ১৯৭১, নীলফামারী।	৫ হাজার উদ্বাস্তুর মধ্যে অর্ধেকেরও বেশী লোককে নির্মমভাবে হত্যা করা হয়। (প্রায় ২ হাজার ৭ শত লোক নিহত হয়।)
দিনাজপুর	২৮শে মার্চ-১লা এপ্রিল, ১৯৭১, দিনাজপুর শহর।	ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট বিদ্রোহ করার সঙ্গে সঙ্গেই নির্যাতন শুরু হয়ে যায়। আর তার পরেই বেপরোয়া হত্যাকাণ্ড চলতে থাকে। পুরুষ, মেয়ে ও শিশুদের হত্যা করা হয় । যে দু-চারজন এখানে সেখানে জীবিত ছিলো তারা প্রধানতঃ ছিলো বৃদ্ধা, স্ত্রীলোক ও শিশু। নিহতদের মাতা কেটে নিয়ে গাছের আগায় ঝোলানো হয়। প্রায় ৪শ মেয়েকে অপহরণ করে নিয়ে যাওয়া হয় হিন্দুস্তানে। (প্রায় ৫ হাজার লোক নিহত হয়।)

জেলা	তারিখ ও এলাকা	ঘটনা
	২৮শে মার্চ-১৩ই এপ্রিল ১৯৭১, ঠাকুরগাঁও।	ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট বিদ্রোহ করে । অধিকাংশ বিহারীকে হত্যা করে নিশ্চিহ্ন করে ফেলা হয় । যুবতী মেয়েদের অপহরণ করা হয় মেয়েদের ধর্ষণ করা এবং গর্ভবতী মেযেদের পেটে সঙ্গীনের খোঁচা মারা হয় । আর তারপর সদ্যজাত মৃত শিশুদের ছিঁড়ে টুকরো টুকরো করা হয় । উলঙ্গ অবস্থায় মৃতদেহগুলিকে রাস্তায় টেনে নিয়ে বেড়ানোও হয়েছিলো। (প্রায় ৩ হাজার লোক নিহত হয়।)
	পার্বতীপুর, পঞ্চগড়, কাউরকাই, ফুলবাড়ী ও হিলি।	বিদ্রোহী ইষ্ট বেঙ্গল রাইফেলস এবং আওয়ামী লীগ স্বেচ্ছাসেবকদের প্রধান লক্ষ্যই ছিলো রেল কলোনীগুলো। কলোনীর বাসিন্দাদের ভীতি প্রদর্শনের জন্য বোমা, হালকা মেশিন গান এবং ছোট অস্ত্রশস্ত্র ব্যবহার করা হয় । আর তারপরেই শুরু হয়ে যায় ধর্ষণ ও হত্যাকাণ্ডের তান্ডবলীলা। (যারা রক্ষা পেয়েছিলো তাদের হিসাবে ৫ হাজারের বেশী লোক নিহত হয়েছিলো।)
রাজশাহী	২৮ শে মার্চ-১৬ই এপ্রিল ১৯৭১, রাজশাহী শহর।	পুলিশ এবং ইষ্ট পাকিস্তান রাইফেলস বিদ্রোহ করে। এদের সঙ্গে এসে যোগ দেয় হিন্দুস্তানী অনুপ্রবেশকারীরা। শুরু হয়ে যায় বেপরোয়া হত্যাকাণ্ড । ১৯৭১ সালের ১৬ই এপ্রিল সেনাবাহিনী এসে শহরকে ধ্বংসের হাত থেকে রক্ষা করলো। নাটোর এবং সারদা থেকেও নৃশংস হত্যাকাণ্ডের খবর পাওয়া যায় । (প্রায় ২ হাজার লোক নিহত হয়েছিলো।)
	২৭শে মার্চ-১৮ই এপ্রিল, ১৯৭১ নবাবগঞ্জ।	হিন্দুস্তানী অনুপ্রবেশকারীদের সহযোগিতায় বিদ্রোহী ইষ্ট পাকিস্তান রাইফেলসের লোকেরা নবাবগঞ্জ থেকে জেল কয়েদীদের মুক্ত করে দেয়। তারা কয়েদীদের বর্বরোচিত কার্যকলাপ এবং অগ্নিসংযোগ করায় উৎসাহিত করতে থাকে। একজন একাউন্টস এর কেরানী বাংলাদেশকে স্বীকার করতে অস্বীকার করেছিলো বলে তাকে কোমর পর্যন্ত মাটির নিচে পুঁতে, লাঠি দিয়ে পিটিয়ে হত্যা করা হয়। (নিহতদের সংখ্যা প্রায় ১ হাজার বলে অনুমান করা হয়।)
কুমিল্লা	মার্চ-এপ্রিল ১৪, ১৯৭১, ব্রাহ্মণবাড়িয়া।	ব্রাহ্মণবাড়িয়া বিহারী পুরুষ, মেয়ে ও শিশুদের একত্রিত করে জেল খানায় রাখা হয়। পরে ১৯৭১ সালের ১৩ই এপ্রিল ইষ্ট বেঙ্গল রাইফেলস-এর বিদ্রোহী দলের প্রধানের আদেশে স্বয়ংক্রিয় বন্দুকের সাহায্যে তাদেরকে হত্যা করা হয়। (প্রায় ৫শ লোককে নিহত করা হয়।)

জেলা	তারিখ ও এলাকা	ঘটনা
ময়মনসিংহ	২৭শে মার্চ, ১৯৭১, ময়মনসিংহ সেনানিবাস।	ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট ও ইষ্ট পাকিস্তান রাইফেলস বিদ্রোহ করে। তারা তাদের পশ্চিম পাকিস্তানী সহকর্মীদের হত্যা করে। নিহতদের মধ্যে অফিসারও ছিলেন তা ছাড়া ছিলো আরও বহু লোক, যারা রাতে তাদের বাসস্থানে ও ব্যারাকে ঘুমিয়েছিলো।
	১৬-১৭ই এপ্রিল, ১৯৭১, ময়মনসিংহ শহর।	প্রাক্তন ইষ্ট পাকিস্তান রাইফেলসের লোকজন মেশিন গান নিয়ে ময়মনসিংহ সদর জেলা চড়াও করে এবং নিরাপত্তার কারণে স্থানান্তরিত বহিরাগত লোকদের গুলী করে হত্যা করে হত্যা করে।
	১৭ই-২০শে এপ্রিল ১৯৭১, সানকীপাড়া ও অন্যান্য কলোনী।	উন্মত্ত জনতার হাতে রাইফেল, তলোয়ার, বর্শা, ছোরা এবং রাম-দা ছিলো। তারা ময়মনসিংহ শহর ও তার আশেপাশের সানকীপাড়া ও অন্যান্য ৯টি কলোনী আক্রমণ করে অধিকাংশ পুরুষ অধিবাসীকে হত্যা করে। খবরে প্রকাশ যে, প্রায় ৫ হাজার লোক নিহত হয়। মেয়েরা একটি মসজিদ এবং একটি স্কুল ভবনে, জড়ো হয়েছিলো। ২১ শে এপ্রিল ১৯৭১ সাল, সেনাবাহিনী যখন শহরটি হস্তগত করে তখন তারা এই মেয়েদের উদ্ধার করে।

(দুই)

প্রাদেশিক

সামরিক বিধি ও কার্যক্রম

শিরোনাম	সূত্র	তারিখ
১৪০। ঢাকায় পাক আর্মি অপারেশনের কয়েকটি সাংকেতিক সংবাদ	বাংলাদেশ আর্কাইভস-এর দলিলপত্র	২৬ মার্চ, ১৯৭১

EXTRACT OF TRANSCRIPT OF INTERCEPTED MESSAGES OF PAKISTAN ARMY OPERATION AT DACCA FROM 0200 HRS. TO 0800 HRS, ON MARCH 26TH, 1971

Control- hello 99-suggest you keep turned in because otherwise 26 and others will have to give situation twice. Just stay tuned in. There is nothing fresh yet reserve line (1) secured and University area still fighting going on out.

From 77 latest from 88- that he is making progress. But there are so many building that he has to reduce each one in turn. He has so far suffered no casualty there is firing against him. He is using everything that he has got. Over

To 77 Tell him that his big brothers (2) will also be coming, shortly, I hope, so those can be utilized for knocking down the building. Now on the other side I think Liaqat and Iqbal (3) is now quiet. Am I correct? Over.

From 77 Have not had the completion report but they were much happy about those two. Over

From Control That is jolly good. Now let the boys keep announcing in the streets about that is number one. Number two-they will keep on saying that all Bangladesh flags will be brought down and any house which has Bangladesh flag-the owner will be responsible for the consequences. There will be no black flag and there will be no black flag visible anywhere in the city and they are not put down then the consequences will be very very severe. This must be made clear to everyone. Roger so far. Over

---

1. Reserve line-Headquarters of the East Pakistan Rifles at Peelkhana Dacca.
2. Big brothers-Artillery support
3. Liaqat and Iqbal- Students dormitory of Dacca University.

From 77 Roger over

To 77 Secondly it must be announced also about these road blocks. Any person seen putting up road blocks will be shot on the spot-No. 1, No 2,-road block put up in any locality-people from that locality will be prosecuted and will be held responsible and the houses left and right-I repeat-houses left and right block will be demolished. This must be made clear to all and to the people themselves. And this must be announced on these speakers through the night and till the morning and also tomorrow morning through whole day. Over

From 41 Roger so far over

To 41 Similarly all road blocks built put in anywhere will be a criminal offence.

Anybody doing so will be shot on sight. Owners of buildings on either side of the road block will be persecuted and their buildings demolished. This should also be announced by your roving patrol. over

To 88 From Imam (4) Regarding all Bangladesh flags or black flags owners of building flying these must be warned to remove them at once otherwise they will be persecuted.

To 88 Road block anywhere will be criminal offence. Anyone seeing indulging in these must be shot at sight. Houses and buildings on either side will be demolished. This should also be announced on your public Address system by your roving patrol. Over

From 88 Wilco-anything else? over

To 88 Did your Imam say that you will require approximately three to four hours to complete the task? over

From 88 Yes-approximately three to four hours to thoroughly complete the task. over

To 88 Imam is now with Imam 26. If you need further assistance in any manner you can let him know. Regarding the buxer (5) elements they have started from their base position and will be able to help you immediately after first light to help demolish all the obstacles in front of you. Over

---

4. Imam –the Commanding Officer.
5. Buxer- demolition squad.

From	88	Thank you so much nothing more from my side. Everything is going fine. over
From	88	Roger out to your. Hello 41 message over.
To	41	Regarding the escape route west of the railway line i.e. in your area hope that necessary blocks have come into position so that elements that are facing 26 and 88 in the campus do not pull out westward. Over.
From	41	We are very extensively patrolling the area. Every minute we are on the watch. Over.
To	41	Roger. I was certain that your would be in full command. The elements of 26 have also sorted out our friend of the Daily people. That should please your. Out.
From	99	Heighten Highest control (6) wants to know as to what type of oppositions have been faced in areas Jagannath, Iqbal and Liaqat. Over
88 for	99	Initially a lot of fire was received from Jagnnath (7) and Iqbal halls.
99 for	88	Roger so far. Over
From	88	Once we opened the Romeo Romeo (8) after that we haven't hear any fire but we have disposed off a few.
88 for	99	Now I am going to Liaquat because their set is out of order. I do not know their progress. After checking up that then, I will let you know. Over
99 to	88	Please let us know as to whether there was any automatic fire from other side and were there any grenade etc. thrown. Over
88 to	99	Lot of three-knot –three fire we have not heard automatic nor we have heard any grenade. Over
26 for	99	Markhore (9) on set. Send your message. Over
99 for	26	Please let us know as to what all objective have captured by now. over
26 for	99	Two thousand (10) captured, then Ramna p.s. captured, Kamlapur R.S. Sculptured T.V./Radio under control Exchange captured. All first phase yelling. over

6. Highest control- Lt gen. Tikka Khan
7. Jagannath- Students Hall of Dacca university
8. Romeo Romeo Recoiless Rifle.
9. Markhore-Adjustand.
10. Two thousand-The police Headquarters at Rajarbagh.

From	99	From our position in Commissioners officers we could see lot of fire in the area Purana Paltan. If it the Head office (11) or some other office. Over
26 for	99	The area two thousand is on fire. I say again area two thousand is on fire. over
99 for	88	What about People's Daily (12). Over
26 for	99	Blasted. I say again blasted. Our two men seriously wounded have been evacuated to CMH and two minor injuries. over
99 for	26	Any approximation of the other side casualties? over
26 for	99	No-it's difficult to judge at the moment. Places are at fire or have been completely destroyed. It is not possible at this moment to say anything. over
99 for	26	Have you done away with police Lines also? over
26 for	99	Just I say two thousand police line are on fire. Over
99 for	26	Good show. Out
From	55	There was a road block. We are removing it with the help of other elements. Over
To	55	Jolly good show. Your elements are expected at 26. They will be particularly helpful to 88 who is having some difficulty.
To	55	Location over
		In front of Farm gate and we are now removing the road blocks with explosion and other materials. We are still at the same place. over
To	55	Roger-Hope nobody has dared come out against you. Over.
From	55	Yes
To	55	That's excellent. Keep coming. We are at this original building area you may try and avoid any unnecessary damage to the road that can save. Out
To	16	As discussed earlier the Imam of your original forde will carry out the necessary drill the various categories according to which they will then re-organise. Suggest until the Imam of your force appears you stay put. Over
From	16	Wilco out.

11. Head Office- The Headquarters of Awami League.
12. People's Daily- The Daily people.
13. Cheeta- Tank.

From	41	We have a large number of people who have laid a number of road blocks disposed off. over
To	41	This is a good use of labor. Suggest you use them for the present and retain them until you get it cleared from Imam. Then accordingly, you can either let them off or we can take them away. over
To	88	Jo apka ek element RSU (14) ke sath hain use through poochiye ki RSU dariya (15) main patrolling kar rahan hain ya nathin"
From	88	Roger over
To		Right –just wanted remind you that your element with RSU should ask them to carry out patrolling in the river boat. Patrol the river as discussed by Imam, over.
To	26	Did you manage to pick up anybody important from the Daily people? over.
From	26	Nil- negative, but our troops have gone some other important persons. We are waiting for their progress. over.
To	26	Roger-Has the office of ALPHA LIMA (16) been occupied so far?
From	26	No. Target has been left for the early morning. Over
To	26	Roger-except that any record and paper might already been burnt or destroyed by the occupant. However, do as you planning and you are making excellent progress. Let us know every little thing that happens. out.
To 26 from 77	77	Markhore ke inform kore ki Imam ne Kahan hian ki first light se pahle Jitne dead body hain ye clean ho jane chahye aur sab concerning ko batha de over.
From	26	Roger-aap apne Imam ko aur Markhore ko ye Khabar de de. out to you.
Control		Hello 41.. correction 16, 41, 88 did your receive? over .Hello 88-did your receive this message which 41 has just now read back? Reply (indistinct)
To	88	Yes, arrange to dispose them. You can use local labour and dispose them of away from the public places. over.

14. RSU River Survey Unit.
15. Dariya- River the Buriganga.
16. ALPHA LIMA- Awami League.

To	88	When your can give us an estimate of casualties suffered by the other side? Nothing more. out
Control		Necessary detachment for orders-these result are being awaited – suggest you can draft your SITREP on the lines of what has occurred since about 0100 hours this morning, over.
To	99	Since 0100 hrs for about half an hour we were not in contact with you and after that we had to shuttle in between the telephone and this place which is quite some distance. So we missed of most of the transmission.
From	99	Subsequently these were repeated to you starting from Belal's Boy's (17) when they caged the main bird (18) and subsequently the two telephone exchanges, the P.S at Ramna. People's Daily, the Reserve Line, then the action that is still continuing in the area of University plus the houses in Gulshan, correction, houses in Dhanmandi, the occupants of which were not traceable. over
To	99	About the last transmission which are the officers who are not traceable from Dhanmandi? over
From	99	Regarding Tajuddin & Bhuiya they were not found at their places. Similarly this place the physical training Institute which was supposed to have arms has not so far revealed any. over
To	99	It is the same physical Institute in Mohammadpur area? over
From	99	Yes. There is nothing that end yet. We will also take care of the Malkhana and the Lalbagh Fort but that will follow.
To	99	So, you have most of the gift over.
From	99	We have heard everything from the call sign but what about the other call signs? over
To	99	16 has very little resistance in which they killed 4 and wounded about 10 after that they were fully in control of their operation regarding Tajuddin and Bhuiya and in the Institute, they captured some other people but the main target had packed up and left much earlier apparently they have all panicked and started leaving the city from some time yesterday. So they have blocked all the roads and secured the second capital exchange and have also set up block for any people trying to escape from Campus towards the West across the railway line. over

17. Belals' Boys- Command Unit headed by Col Sayeeduddin.
18. Main Bird-Sheikh Mujib.
19. H.R.-House rain (Mujib's Residence)

From	99	Roger. over
to	99	Hope you are comfortable with your hostages. over.
From	99	I am thinking as to how to feed them now. over
To	99	It will do then no harm it they don't see food for a while so they can adopt the same policy as you have been doing for the last so many weeks. out
To	88	41, as you know, is in position on the west of the campus area. If you need any support or help from him you can easily coordinate with him-because he can come in from behind on to any resistance still there. Of course you will have to coordinate your fires. over
Reply not audible control		Roger. How far have you got? How much more to go? over.
To	88	Quite appreciate your difficulty. How far are you from the railway line? Can yor give us some lndmark now that day light is approaching? over
To	41	You can ask your Imam to start working on a list of prominent people in your area. You can get in touch with women you know and a list of all the prominent locals in whom we may be interested. over
To	26	The buxer element should have got to you now. There has been a mix up in that. You have got the call sign 16 Cheeta with you and your cheeta is here with us. I am sending you Cheeta in transport to you at the house. Please return 16's Cheeta in the same transport to come to us at our location here. Is that understood? over
Control-		ALPHA PILLO (20) as suggested earlier, please ensure that all black flags and Bangladesh flags are removed immediately if not already done so, otherwise give good does to those who are still flying them. out..... That must be done, otherwise, you know, it is likely to lead to a lot of complications as implications. Besides, I went specially Dhanmandi to be searched from house to house. You can take your time. You may select the block get hold of people from each house look in them-select if you find anyone you know, that we require, that if of importance, you can arrest him and other returns to the houses. That's all I have to say. If you have anything for me you pass it on. over

20. ALPHA PILLO- Area Petrol

From	77	Roger so far
To	77	In your area-this will be your task as Imam says each block will be cordoned off entirely and after due warning all the occupants asked to come out and will be recognised for any of the famous figures.
From	77	Then the houses will be gone through to nobody is inside. Roger so far, over
From	41	This house to house search should be organised very systematically so that nothing is late unchecked appart from that you can try and get local people who are reliable enough to help you distinguish them. over
		Message not understood;
To	26	Send. over
From	26	Markhore bataye ke Lt. Commander Moazzm (21) ko pak lane gaye the to usne resistance kiya jismain vo mara gaya. Oft. Commander Mozzam mara gaya. Uske body hamare pas hain.
To	26	Roger over
To	88	How much longer will you take before you can finish off this area and so back to your original area of responsibility which is between the river and railway line. over
88 for	77	Now it is quarter to seven. I will move from this site at 8. I will require about an hour to collect the bodies them off. over
To	88	Roger you can collect them in one place and call sign 26 may be told about their eventual disposal, the Imam says, may be done later. For the present they may be counted in separate categories to police of civilians and call sign 26 can keep a general eye on them while you move down to your area. over
From	88	Roger-for the time being we have collected them and dumped them at one place and informed 26. Anything else?
To	88	Yes, regarding the announcement of curfew removal of flags and removal of road blocks –Imam desires that these be organized properly and in the native tongue as well as in English and Urdu and should be constantly carried on because a large number of people do not know what are the rules and restrictions. Curfew will carry on till 0700 hours tomorrow morning. over
From	88	Wilco. Even so far the last 3-4 hours we are constantly passing on
To	88	P.A. equipment. That's very good and otherwise as the Imam said carry on with your re-organisation and administration. Out to you.

21. Lt. commander Moazzam Accused No. 2. of the so called Agartala conspiracy case.

Hello 26 hello	41	Did you receive? over
For	77	Message to 88 was, in one hours time he will move to original area of responsibility and take over including the corpses that have been collected. Your Imam can-ordinate with Imam 88. over
Control		.....Hello 88, there is a location South of the river, called Jinjira-this is just south of the river across from your area. It was reported earlier that arms and ammunitions were being sorted there. RSU may have some information after their patrolling you might like to keep an eye on this, Over.....thank you. Let us know when you finish campus area and you move back to your own? I there some firing still continuing in your area? over
From	88	There is no firing but we are about to leave and odd round has been fired from one house. So we had to take a few chaps from that house. I don't think there will be firing now. over
To	16	Roger. Have any other detail come to light? All the arms and ammunitions are in your control? over
From	16	Yes. except that some eight to ten chaps appeared with rifles twenty rounds of ammunition. over
for	77	That is quite insignificant. How many are holding within the lines now? have you made account? over
To	16	We are still at the job of sorting out the criminals and
From	16	Only after they are sorted out segregated only then we will start counting. We have not yet allowed anybody from the other side i.e. neighbors including officers to move about. over
To	77	That is fine. Do as you think best. That's perfectly alright. No hurry so far. If you have any requirement of ammunition, I don't think you should, except your element that went help 88 that can be passed on to us. out
To	16	That element is not in contact with us. I suggest you to ask 88 to give the requirement. over
From	16	Roger-But 88 is now moving back to its original area of responsibility, which is the south of the railway line and your element will, I think, be reverting to you. In any case we will get the requirement from him. out.
To	16	The Imam would like you, once you move into your area to also secure the Siddhirganj power station-I say again the Shiddirganj power
To	88	

station where you have originally kept some elements. You should secure it as you move into your area. 88 over.

From 88 Wilco over.

To 88 Will done. What do you think would be the approximate number of casualties of the University –just give me an approximate number in your view. What will be the number killed or wounded or captured? Just give me a rough. figure over

From 88 Wait, Approximately 300. over

To 88 Well done 300 killed? Or anybody wounded captured? over SITREP.

From 88 I believe only in one thing -300 KILLED. over

To 88 Yes, I agree with you that's much easier-No, -nothing asked nothing done, you don't have to explain anything. Once again well done; Once again I would like to give you Shabash to all the boys including Aziz who was with you for wonderful job done in this area. I am very pleased. Over.....

শিরোনাম	সূত্র	তারিখ
১৪১। সামরিক আইনের কয়েকটি বিধি জারী	পাকিস্তান অবজারভার	২৮ মার্চ, ১৯৭১

MARTIAL LAW ORDERS
ORDERS LT. GEN. TIKKA KHAN, SPK. PSC. MLA
ZOVE `B' MIL ZONE `B' ORDER.

1. Whereas a grave situation has arisen in East Pakistan in which open defiance of the present administration, infringement of the MLRs/MLOs as a consequence of unbridled political activity to the Jeopardy and integrity of Pakistan has assumed an alarming proportion beyond the normal control of the civil administration. Police and EPR, and whereas in the interest of national security it is expedient to effectively arrest the deteriorating situation. Now therefore, 1 Lt. Gen. Tikka Khan Spk, do hereby issue the following ML orders.

MLO No. 117 political activity of any kind whatever is banned in East Pakistan. No person shall attend or organise or make a speech either in the open or indoor nor any person shall take part in any procession of whatever nature.

MLO No. 118 No news speech, poster or leaflet shall be published in the press or announced on TV or radio without prior censorship by the authority appointed in this behalf.

MLO No. 119 No news or views bearing or likely to have a hearing on the political developments or law and order situation in East Pakistan be published broadcast or telecast or otherwise spread or communicated in any manner without prior censor by the censorship centers set up at headquarters MLA Zone `B' and sub-administrators ML in this behalf. The spreading of such news or views include the transmitting of messages through the media of teleprinters, radio transmitters possessed by private individuals, banks missions or other allied services or agencies.

MLO No. 120 All persons employed in whatever capacity in all the Government, Semi Govt. Semi autonomous or autonomous bodies, excluding the PIA shall report for duty to their respective departments by 1000 hrs. 27.3.71 of the issue of this order failing which their services are liable to be terminated followed by trial in a military court for non-compliance of this order. Heads of the departments will submit names of absentees to Major General civil affairs.

MLO NO.-121 All educational institution throughout East Pakistan shall till further orders remain closed.

MLO NO.-122 No person shall be in possession of fire arms, ammunition, explosives. All such persons excluding diplomatic staff shall immediately surrender such weapons to the nearest police station within 24 hours of the issue of this order and get proper

receipts. This order shall not apply to members of armed forces, civil armed forces and police. After verification licensed fire arms will be returned to the owners.

MLO No. 123 All banks in the province of East Pakistan shall close down forthwith and cease money transaction including foreign exchange until notified to the contrary. The closing down of the banks will include freezing of all accounts and sealing of individual lockers.

MLO NO. 124 No person shall indulge in activities aimed at organizing or taking the form of armed para military or volunteer corps or auxiliary forces.

MLO NO. 125 No person shall carry any lathi, iron rod, ramdao or any other lethal or formidable weapon which can cause an injury to a person.

MLO NO. 126 Assembly of five or more persons is prohibited till next 72 hours after lifting of the curfew. Permission may be sought for religious rites.

MLO NO. 127 Strikes, lockouts and agitations in educational institutions government officers, public utility works and installations, services and industrial concerns in the province of East Pakistan shall be prohibited with immediate effect.

MLO NO. 128 No foreigner working or residing in East Pakistan shall passes or distribute weapons of any type or description to anyone in East Pakistan overly or covertly without prior written permission of the MLA.

MLO NO. 129 No person shall loot `gherao' `jallao' or indulge in arson or in acts of sabotage, or subversion or indulge in any insurrectional activity or create disaffection among the police or EPR or any other law enforcing agency.

MLO NO. 130 Army personnel are authorized to make a search of any place, shop, residence or abode for the purpose of recovering any weapon or subversive literature provided the searching party shall not consist of less than one commissioned officer and two other ranks. The term commissioned officer includes a junior commissioned officer.

MLO NO. 131 All owners of cyclostyling and reproduction machines shall deposit such machines with the headquarters of sub-administrators martial law within 24 hours of the issue of this order.

2. Disobedience of any of these orders shall attract the provisions of MLR -25 which prescribes maximum punishment of ten years R.I or as specified in relevant MLRs.

Place : Dhaka, date : 25 March, 1971.

MLO 132 ON `DIRECTIVES' OF DEFUNCT AL
MLO by Lt. Gen. Tikka Khan SPK. PSC. MLA. Zone `B'
ML Zone `B' Order No. 132.

All govt. and Semi govt. departments including banks or autonomous or semi-autonomous bodies or other functionaries in the province of East Pakistan who were

directly or indirectly hitherto been complying with the instructions contained in the so called ` Directives' issued by the (defunct) Awami League, shall cease adhering to the Directives and return to the normal way of functioning as per the law of the land or procedure for the functioning such departments or bodies failure to the comply with their order shall be punishable under the provisions of MLR-25 which prescribes maximum punishment of ten years R.I.

MLO No. 133 Road blocks or barricades or construction or making of ditches on public high way or roads or rail or runways hampering the movement of vehicles or any other means of transportation is forbidden. Houses or buildings or constructions situated within a radius of 100 yards on either side of such an obstructions shall be liable to be demolished and inhabitants will be subject to punitive action for causing such obstruction under the provisions of MLR -25 which prescribes maximum punishment of ten years R.I.

Place. Dhaka, Date 26 March, 1971

MLO No. 134 Whereas the funds of the Awami League are contribution of the members of the public and whereas it is necessary to ensure that the said funds in East Pakistan are not used or utilized in a manner prejudicial to public interest. Now therefore I, Lt. Gen. Tikka Khan MLA , Zone `B' hereby direct that:-

(a) All transaction of the said fund in East Pakistan shall stand frozen immediately effect.

(b) No person shall, here in after operate the accounts is of the said fund except the accordance with the orders issued by me in this behalf (after an inquiry into the affairs of the said fund has been made under my directions).

(c) Banks or firm or concern shall within three days from the date of issue of this order, surrender the assets and submit to this headquarters, the account of the said fund held by them setting out the details of deposits in and withdrawal from such accounts.

Place: Dhaka, Date 26 March,1971.

_____

শিরোনাম	সূত্র	তারিখ
১৪২। সামরিক আদেশ বলে অফিসার ও প্রশাসক নিয়োগ	পাকিস্তান অবজারভার	৭ এপ্রিল,১৯৭১

MLO No. 137

MLA'S liaison officer at Ctg. appointed

Martial law orders by Lieutenant General Tikka Khan SPK. PSC. MLA. Zone `B' ML Zone `B' Order No. 137.

I, Lieutenant General Tikka khan Spk. PSC. MLA. Zone `B' here by appoint PA-57 BRIG. M. M. A. BEG (Retd.) care of Hegge and Co-Spencer Building, Ctg. to be the MLA's Liaison officer at Ctg. with immediate effect.

Lieutenant General, MLA. Zone `B' (Tikka Khan).
Place: Dhaka. Date 6 Apr.71

ML Sector-5
Sub-Administrator.
ML order by Lieutenant General Tikka Khan Spk, PSC. MLA. Zone `B'
ML. Zone `B' Order No. 136.

1. Lieutenant General Tikka Khan Spk, PSC MLA Zone `B' hereby appoint PA-1660 Brig. Syed Asghar Hasan PSC, T, Q. A. to be Sub-Administrator. ML, Sector-5 with effect from 06 Apr. 1971. Vice –Commodore A. R. Mumtaz, SK, TPK, PN, (PN-NO.100) Sub-Administrator Sector -6 (Ctg. and Ctg. Hill Tracts) both relieved.

2. Area Entire area comprising civil districts of Ctg. and Chittagong hill tracts and Ctg. Port area.

3. Headquarters : Chittagong.

4. ML. Zone `B' order No. 86 and 113 are hereby cancelled.

Lieutenant General MLA. Zone `B' (Tikka Khan).
Place : Dhaka, Date : 6 Apr. 71

———————

শিরোনাম	সূত্র	তারিখ
১৪৩। গভর্নর পদে লেঃ জেঃ টিক্কা খানের শপথ গ্রহণ	দৈনিক পাকিস্তান	১০ এপ্রিল, ১৯৭১

গর্ভনর পদে জেঃ টিক্কা খানের শপথ গ্রহণ

লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান এসপিকে গতকাল (শুক্রবার) গভর্নর ভবনে এক ভাবগম্ভীর অনুষ্ঠানে পূর্ব পাকিস্তানের গভর্নর হিসেবে শপথ গ্রহন করেছেন । শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন ঢাকা হাইকোর্টের প্রধান বিচারপতি জনাব বি, এ সিদ্দিকী এস পিকে ।

এপিপির এই খবরে বলা হয় যে, কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয় এবং শপথ গ্রহণের সাথে সাথেই জাতীয় পতাকা উত্তোলিত হয় ।

শপথগ্রহন অনুষ্ঠানে ঢাকা হাইকোর্টের বিচারপিতবৃন্দ, কুটনৈতিক মিশনের সদস্যগণ এবং উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক অফিসাররা উপস্থিত ছিলেন ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৪৪। সশস্ত্র বাহিনী কর্তৃক ঠাকুরগাঁও দখল	দৈনিক পাকিস্তান	১৬ এপ্রিল, ১৯৭১

প্রতিরোধের সকল কেন্দ্র নির্মূল করা হয়েছে
সশস্ত্রবাহিনী ঠাকুরগাঁও পুরোপুরি দখল করে নিয়েছে

পাকিস্তান সশস্ত্রবাহিনী দিনাজপুরের আরও উত্তরে এগিয়ে গিয়ে ঠাকুরগাঁও পুরোপুরি দখল করে নিয়েছে। এর আগেই পাকিস্তান সশস্ত্রবাহিনী দিনাজপুর থেকে সকল প্রতিরোধকারীকে বিতারণ করে ।

দিনাজপুর ও ঠাকুরগাঁওয়ের মধ্যে প্রতিরোধের সকল কেন্দ্র নির্মূল করা হয়েছে এবং পুরো অঞ্চল এখন দুষ্কৃতকারী ও অনুপ্রবেশকারীদেরকে কবল থেকে মুক্ত হয়েছে ।

গতকাল বৃহস্পতিবার ঢাকায় পরিবেশিত এই খবরে বলা হয় যে, প্রদেশের অন্য সকল স্থানে চট্রগ্রাম, যশোর, খুলনা, কুমিল্লা, সিলেট, পাবনা, লালমনিরহাট, সৈয়দপুর, রংপুর ও রাজশাহীসহ অন্যান্য সকল প্রধান শহর পাকিস্তান সেনাবাহিনীর কার্যকরী নিয়ন্ত্রণে রয়েছে ।

দেশদ্রোহীদের অবশিষ্ট পকেটগুলোকে উপযুক্তভাবে মোকাবিলা করা হচ্ছে । এই অভিযানে গোলযোগপূর্ণ স্থানে সৈন্য ও সরঞ্জাম পরিবহনে পাকিস্তানী বিমানবাহিনী অংশ নিয়েছিল । পিআইএ ফকার বিমানও পূর্ব পাকিস্তানে স্বাভাবিক সার্ভিস অক্ষুণ্ণ রেখেও যখনই প্রয়োজন মূল্যবান সহায়তা দান করেছে । উল্লেখযোগ্য যে, সকল প্রধান শহরের সাথে ফকার বিমান চলাচল পুনরায় শুরু হয়েছে ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৪৫। জেনারেল টিক্কা খানের বেতার ভাষণ	দৈনিক পাকিস্তান	১৯ এপ্রিল, ১৯৭১

জেনারেল টিক্কা খানের বেতার ভাষণ

জাতীয় ক্ষতির প্রতিবিধানে এগিয়ে আসুন

গভর্নর লেঃ জেনারেল টিক্কা খানের বক্তৃতার পূর্ন বিবরণঃ

প্রিয় ভাইসব, আচ্ছালামু আলাইকুম । দেশকে খণ্ডবিখণ্ড হওয়া থেকে এবং পরিণামে ভারতীয় দাসত্বের কবল থেকে পূর্ব পাকিস্তানকে রক্ষা করার দায়িত্ব পালনের জন্যেই সেনাবাহিনীকে আহ্বান করা হয়েছিল । অধুনালুপ্ত আওয়ামী লীগ এমন এক পথ ধরেছিলো যাতে কিনা বহু ত্যাগের বিনিময়ে এই উপমহাদেশের থেকে প্রতিষ্ঠিত মুসলমানদের আবাস ভূমি আমাদের এই দেশ ধ্বংসের দিকে এগিয়ে যেত । পাকিস্তান সৃষ্টিতে অগ্রগামী ভূমিকা গ্রহণকারী পূর্ব পাকিস্তানী মুসলমানগণ এই দেশকে টিকিয়ে রাখতে দৃঢ়সংকল্প ।

স্বল্পসংখ্যক লোক প্রকাশ্য হিংসা ও আক্রমণাত্মক তৎপরতার দ্বারা জানমাল বিপন্ন করে তুলে বেশীর ভাগ মানুষের কণ্ঠরোধ করেছিল । যার ফলে আওয়ামী লীগ ধ্বংসাত্মক পথ গ্রহণ করতে বাধ্য হয়েছিল । রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগ নিষিদ্ধ হয়েছে । কিন্তু এর অর্থ এই নয় যে, যারাই আওয়ামী লীগে ছিল তারাই জাতির সংহিত ও অখণ্ডতার বিরোধী । যারাই পাকিস্তানের মঙ্গল চান তারাই জাতির সংহতি ও অখণ্ডতার বিরোধী। যারাই পাকিস্তানের মঙ্গল চান তাদের ভয় করার কোন কারণ নেই । আমি তাদের এগিয়ে আসার, অন্যদের সাথে যোগ দেওয়ার এবং জাতির যে ক্ষতি হয়েছে তা পূরণ করার আহ্বান জানাচ্ছি।

সশস্ত্রবাহিনী, পূর্ব পাকিস্তান রাইফেল ও পুলিশের কিছু লোক কর্তব্যস্থান ছেড়ে গেছে । এদের কেউ কেউ ছুটিতে ছিল এবং আর কাজে যোগ দেয়নি, কেউ কেউ পরিবার পরিজনের জন্য উদ্বেগের কারণে তাদের ইউনিট ছেড়ে গেছে । আবার কেউ কেউ উচ্চাকাঙ্খী নীতিজ্ঞানশূন্য সিনিয়রদের দ্বারা বিভ্রান্ত হয়েছে । যারা নিজেদের ইউনিটে পুনরায় যোগদান করবে এবং যারা দুষ্কৃতকারী ও দেশের শত্রুদের পরিত্যাগ করে নিকটবর্তী সামরিক বাহিনীতে হাজির হবে তাদের সঙ্গে বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সহানুভূতিমূলক আচরণ করা হবে । আমি তাদের এই সুযোগ গ্রহণের পরামর্শ দিচ্ছি। অন্যথায় তাদের সম্পূর্ণরুপে ধ্বংস করা হবে ।

১ লা মার্চ থেকে ২৫ শে মার্চ পর্যন্ত সরকারী কর্মচারীগণ অফিসে যেতে পারেননি । কারণ তাদের জীবন ও তাদের পরিবার-পরিজনের জীবন বিপন্ন হয়েছিল । যে পরিস্থিতিতে তাদের কাজ থেকে বিরত থাকতে হয়েছে, আমি তা পুরোপুরি অনুধাবন করি । এখন যেহেতু দুষ্কৃতকারী ও ফ্যাসিস্টদের দমন করা হয়েছে এবং শান্তি বিরাজ করছে, তাদের সর্বান্তকরণে অকুণ্ঠচিত্তে অকুতোভয়ে জাতি ও দেশের সেবায় আত্মনিয়োগ করা উচিত ।

সশস্ত্রবাহিনী এবং অন্যান্য আইনশৃংখলা রক্ষাকারী সংস্থা অনুপ্রবেশকারী, দুষ্কৃতকারী, সমাজবিরোধী ও জাতিবিরোধী লোদের ধ্বংস সাধনে দৃঢ়সংকল্প । আমি সকল নাগরিকদের এরূপ লোকদের আশ্রয় না দেওয়ার আহ্বান জানাচ্ছি । অন্যথায় তারা নিজেরাই ক্ষতিগ্রস্ত হতে পারেন । আমরা জানমালের হানি এড়াতে চাই । কিন্তু কতিপয় দুষ্কৃতকারী লোকের বাড়ীতে ও শহরে আশ্রয় নিয়ে সেনাবাহিনীকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে বাধ্য করছে। এর ফলে অনেক নির্দোষ লোককেও কষ্ট পেতে হচ্ছে এর জন্য সম্পূর্ণভাবে দুষ্কৃতকারীরাই দায়ী । তাদের আশ্রয় দেবেন না । খাদ্য পরিস্থিতি সম্পর্কে আমি খুবই উদ্বিগ্ন। দেশে পর্যাপ্ত খাদ্য মজুদ রয়েছে এবং আরো খাদ্য আসছে। কিন্তু খাদ্য চলাচল যদি বিঘ্নিত হয় তাহলে সাধারণ মানুষ খুব কষ্টে পড়বেন । দুষ্কৃতকারীরা যাতে খাদ্য চলাচলে বিঘ্ন সৃষ্টি করতে না পারে, তার নিশ্চয়ত বিধান করা জনসাধারণের কর্তব্য এবং এ কাজে আমি প্রত্যেকের পূর্ণ সহযোগিতা কামনা করি ।

পরিশেষে আমি এই আশ্বাস দিতে চাই, সেনাবাহিনী দেশপ্রেমিক জনগণের সহায়তায় দেশকে রক্ষা ও আইনশৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠায় কর্তব্য পালন করবে ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৪৬। কাজে যোগদানের নির্দেশ	দৈনিক পাকিস্তান	২১ এপ্রিল, ১৯৭১

সরকারী কর্মচারীদের কাজে যোগদান সম্পর্কে প্রেসনোট

পূর্ব পাকিস্তান সরকারের এক প্রেসনোটে বলা হয়েছে যে, সংবাদপত্র এবং বেতার ও টেলিভিশনে ঘোষণা করা হয়েছিলো যে, সরকারী বিভাগ, ডাইরেক্টরেট, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাষিত সংস্থাসমূহের সকল কর্মচারীকে সর্বশেষ ১৯৭১ সালের ২১ শে এপ্রিলের মধ্যে কাজে যোগদান করতে হবে অন্যথায় ১৯৭১ সালের ২৬ শে মার্চ জারীকৃত ১২০ নম্বর সামরিক আইন আদেশ অনুযায়ী শাস্তিদান ছাড়াও তাদের বরখাস্ত করা হবে। এটা অনুধাবন করা হয়েছে যে, বিশেষ আগ্রহ থাকা সত্ত্বেও কোন কোন এলাকায় যোগাযোগের অসুবিধার জন্য কোন কোন কর্মচারীর পক্ষে নিজ নিজ অফিসে কাজে যোগদান সম্ভব নাও হতে পারে। এই সকল কর্মচারীকে নিকটবর্তী জেলা বা মহকুমা সদর দফতরে কোন বিভাগের কোন অফিস না থাকলে সংশ্লিষ্ট কর্মচারীদের নিকটবর্তী ডেপুটি কমিশনার বা মহকুমা অফিসারের কাছে হাজির হতে হবে। এতে ব্যর্থ হলে তাদের উল্লিখিত ব্যবস্থা অনুযায়ী শাস্তিদান করা হবে ।

উল্লিখিত নির্দেশ অনুযায়ী যে সকল কর্মচারী নিজেদের স্বাভাবিক কাজের স্থান ছাড়া অন্য স্টেশনে কাজে যোগদান করবেন, তারা তাদের স্বাভাবিক কাজ পুনরায় শুরু করার জন্য শীঘ্রই নিজেদের অফিসে হাজির হবেন। এটা পরিষ্কার করে বোঝা দরকার যে, নিজেদের অফিসে কাজে যোগদান না করা পর্যন্ত তাদের বেতন দেয়া হবে না।

২৪ জন নবনিযুক্ত জুট এক্সটেনশন অফিসারকে কাজে যোগদানের নির্দেশ

ইতিপূর্বে এসডিএও (জুট) পদে চাকুরীতে ২৪ জন নবনিযুক্ত জুট এক্সটেনশন অফিসারকে তাদের নামের পাশে উল্লিখিত স্থানে অবিলম্বে যোগদান করতে বলা হয়েছে। এপিপির খবরে প্রকাশ, প্রাদেশিক সরকারের এক হ্যান্ড আউটে বলা হয় যে তাঁদেরকে তাঁদের আনুষ্ঠানিক নিয়োগপত্রের জন্য অপেক্ষা করতে হবে না। নবনিযুক্ত অফিসাররা তাদের কর্মস্থলে কাজে যোগদানে যাতে কোন অসুবিধার সম্মুখীন না হন, সেদিকে দৃষ্টি রাখার জন্য কৃষি বিভাগের সংশ্লিষ্ট সহকারী ডাইরেক্টর (পাট উৎপাদন) ও জেলা কৃষি অফিসারদের উপদেশ দেওয়া হয়েছে। উপরোক্ত অফিসাররা ৩০০-৬৭৫ টাকা স্কেলে (তৎসঙ্গে প্রতিমাসে কারিগরি ভাতা ৫০ টাকা) বেতন পাবেন।

নিচে নবনিযুক্ত ২৪ জন জুটি এক্সটেনশন অফিসারদের নাম দেওয়া হলোঃ

১। জনাব মাইজুদ্দীন আহমদ, টাঙ্গাইল।
২। জনাব এইচ, এম, আনিস আলম সিদ্দিক, নড়াইল, যশোর।
৩। জনাব মোঃ আনসার আলী, ঠাকুরগাঁও, দিনাজপুর।
৪। জনাব মোঃ লুৎফর রহমান, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা।
৫। জনাব মোঃ মোফাজ্জল হোসেন প্রমাণিক, ঠাকুরগাঁও, দিনাজপুর।
৬। জনাব মোঃ আলাউদ্দীন খান, জামালপুর, ময়মনসিংহ।
৭। জনাব মোঃ আবুল মনসুর ফকির, নারায়ণগঞ্জ, ঢাকা।

৮। জনাব মোঃ মতিউর রহমান, মুন্সীগঞ্জ, ঢাকা।

৯। জনাব মোঃ তৌফিক উদ্দীন, চাঁদপুর, কুমিল্লা।

১০। জনাব মোঃ মহসিন মিয়া, জামালপুর, ময়মনসিংহ ।

১১। জনাব মোঃ আবু বকর সিদ্দিক, নওগাঁ, রাজশাহী।

১২। জনাব আব্দুল মুহিত, দিনাজপুর (সদর)।

১৩। জনাব মোঃ মতিউর রহমান শিকদার, মুন্সীগঞ্জ, ঢাকা।

১৪। জনাব মোঃ এ, এইচ, এম মহিউদ্দীন, কুমিল্লা (সদর উত্তর)।

১৫। জনাব মোঃ শাহজাহান, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা।

১৬। জনাব আব্দুর রাজ্জাক, রাজশাহী (সদর)।

১৭। জনাব মোঃ ওসমান গনি, নওয়াবগঞ্জ, রাজশাহী।

১৮। জনাব মোঃ নজমুল হোসেন, নাটোর, রাজশাহী।

১৯। জনাব নজরুল ইসলাম, নাটোর, রাজশাহী।

২০। জনাব মোঃ ফজলুল হক রিকাবদার, চাঁদপুর, কুমিল্লা।

২১। জনাব মোঃ জহীরউদ্দীন ভূঁইয়া, নাটোর রাজশাহী।

২২। জনাব মোঃ রমজান আলী, ঠাকুরগাঁও, দিনাজপুর।

২৩। জনাব মোঃ হজরত আলী, ঢাকা (সদর উত্তর)।

২৪। জনাব মোঃ ইউনুস, নরসিংদী, ঢাকা।

শিরেনাম	সূত্র	তারিখ
১৪৭। সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হবার নির্দেশ	দৈনিক পাকিস্তান	২১ এপ্রিল, ১৯৭১

সামরিক কর্তৃপক্ষের নিকট ৫ জনকে হাজির হওয়ার নির্দেশ

'খ' অঞ্চলের সামরিক শাসনকর্তা লেঃ জেঃ টিক্কা খান ঢাকা, বাকেরগঞ্জ এবং ময়মনসিংহের পাঁচ ব্যক্তিকে আগামী ২৬ শে এপ্রিল সকাল ৮ ঘটিকায় ঢাকাস্থ দ্বিতীয় রাজধানীতে এক নম্বর সেক্টরের সামরিক আইনের সাব-এ্যাডমিনিস্ট্রেটরের নিকট হাজির হওয়ার জন্য আদেশ দিয়েছেন । তাদের বিরুদ্ধে বিভিন্ন সামরিক আইনবিধি ও সামরিক আদেশ অনুযায়ী আনীত কতিপয় অভিযোগের জবাব দানের জন্য তাদের হাজির হতে নির্দেশ দেওয়া হয়েছে । তারা হাজির হতে ব্যর্থ হলে এম এল আর-৪০ অনুযায়ী তাদের অনুপস্থিতিতেই বিচার করা হবে ।

গতকাল মঙ্গলবার পি আই ডির এক হ্যাণ্ড আউটে এই খবর পরিবেশন করা হয় । যে পাঁচ ব্যক্তিকে হাজির হওয়ার আদেশ দেয়া হয়েছে তারা হলেনঃ

১। তাজুদ্দিন আহমদ, ৭৫১, ধানমণ্ডি আবাসিক এলাকা, সাত মসজিদ রোড, ঢাকা ।

২। তোফায়েল আহমদ, গ্রাম-কোরলিয়া, পোঃ খৈয়ারহাট, জেলা-বাকেরগঞ্জ ।

৩। এস, এম নজরুল ইসলাম, লাঙ্গুল শিমুল পোঃ -কান্দানিয়া জেলা-ময়মনসিংহ ।

৪। আবদুল মান্নান, মনসুর ভিলা, ১১০, সিদ্ধেশ্বরী ঢাকা ।

৫। আবিদুর রহমান, স্বত্বাধিকারী, দি পিপল, ঢাকা ।

উপরোক্ত ৫ ব্যক্তিকে পাকিস্তান দণ্ডবিধির ১২১, ২২৩ ক, ১৩১ ও ১৩২ নং ধারা এম এল আর ৬, ১৪, ১৭ ও ২০ এম এল ও 'খ' অঞ্চলের ১২৪ নং এবং ১২৯ নং ধারা বলে আনীত অভিযোগের জবাব দিতে হবে। এদের সকলের বিরুদ্ধে এইসব ধারাবলে অভিযোগ আনয়ন করা হয়েছে । এ ছাড়াও ৫ নং অভিযুক্তকে (আবিদুর রহমান) 'খ' অঞ্চলের এম এল ও-১১৭ ও ১১৯ নং ধারার সাথে পঠিত এম এল আর ১৯ নং ধারাবলে আনীত অভিযোগের জবাব দিতে হবে ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৪৮। সশস্ত্র বাহিনী কর্তৃক সীমান্ত সুরক্ষিত	দৈনিক পাকিস্তান	২১ এপ্রিল, ১৯৭১

পূর্ব পাকিস্তানে অনুপ্রবেশ বন্ধের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সীমান্ত সুরক্ষিত করা হয়েছে

এপিপি পরিবেশিত খবরে প্রকাশ, পাকিস্তান সশস্ত্রবাহিনী পূর্ব পাকিস্তানের পূর্ব ও পশ্চিম উভয় অঞ্চলের সীমান্ত এলাকায় তাদের অবস্থান আরো সুসংহত করেছে এবং প্রতিবেশী ভারতীয় রাজ্যসমূহ থেকে আরো অনুপ্রবেশের বিরুদ্ধে সীমান্তসমূহ সুদৃঢ়ভাবে সুরক্ষিত করা হয়েছে।

চারদিন আগের সামরিক কার্যক্রমে কুমিল্লা এলাকায় ব্রাহ্মণবাড়িয়া ও আখাউড়া এবং কুষ্টিয়া এলাকায় চুয়াডাঙ্গা ও মেহেরপুর আয়ত্তে আনার পর এই ব্যস্থা গ্রহণ করা হয়েছে। এই গুরুত্বপূর্ণ সীমান্ত এলাকাগুলো আয়ত্তে আনার পর সশস্ত্রবাহিনী এই সকল এলাকায় দুষ্কৃতকারী ও অনুপ্রবেশকারীদের বাদ বাকী আড্ডাগুলো উদ্ধার করেছ এবং অধিকাংশ লোক অস্ত্রশস্ত্র পিছনে ফেলে ভারতীয় এলাকায় আশ্রয় নিয়েছে। নয়াদিল্লী বেতার মিথ্যার ঐতিহ্য বজায় রেখে রাষ্ট্রবিরোধী ব্যক্তিগণের হাতে চুয়াডাঙ্গা ও কসবা পুনর্দখলের অলীক কাহিনী প্রচার করে আসছে।

ভারতীয় বেতারের খবরকে ভারতীয় হস্তক্ষেপকারীদের কল্পনার বিলাস বলে ঢাকায় সরকারীভাবে আখ্যায়িত করা হয়েছে এবং উল্লেখ করা হয়েছে যে সেনাবাহিনী কর্তৃক আয়ত্তে আনার পর এই সকল এলাকা তাদের সুদৃঢ় নিয়ন্ত্রণে রয়েছে। নয়াদিল্লী বেতার সিলেট বিমান ক্ষেত্র সম্পর্কে মিথ্যা প্রচার করে আসছে এবং অনবরত এটাকে শালুটকর বিমানক্ষেত্র বলে আখ্যায়িত করা হচ্ছে।

ঢাকায় সরকারীভাবে উল্লেখ করা হয়েছে যে, পাকিস্তান প্রতিষ্ঠার পর থেকেই এই বিমানক্ষেত্র সিলেট বিমানক্ষেত্র বলে পরিচিত এবং এটাকে অন্য যে কোন নামে আখ্যায়িত করা ভুল হবে যেমন ভুল হবে ভারতে উত্তর প্রদেশকে যুক্ত প্রদেশ আখ্যায়িত করা।

ঢাকায় আরো কলা হয়েছে যে, সিলেট বিমান বন্দর সর্বদাই সেনাবাহিনীর নিয়ন্ত্রণে আছে এবং পি আই এ ঢাকা থেকে এই বিমান বন্দরে নিয়মিত ফ্লাইট চালিয়ে আসছে।

শিরোনাম	সূত্র	তারিখ
১৪৯। ১৪৮ নং সামরিক বিধি জারী	পাকিস্তান অবজারভার	২৭ এপ্রিল, ১৯৭১

MLO 148 ISSUED - DEATH PENALTY FOR DAMAGE TO GOVT. PROPERTY.

Any person who causes damage to the means of communication, vital installations or Government property will be liable to punishment which may extend to death penalty, according to MLO 148 issued from Headquarters of Martial Law Administrator, Zone `B' the other day, reports APP.

Inhabitants of surrounding area where the damage is caused, will also be liable to punitive action under relevant MRL and MLO.

Following is the text of MLO 148

1. Any person or group of persons causing damage, tempering with or interfering with working of the roads railways, canals, aerodromes, telegraph, telephone, wireless installations or with any Government property will be liable to legal action under MLR-14 which prescribes the maximum punishment of death.

2. Inhabitants of the surrounding area of all or any such affected place or places will render themselves liable to punitive action collectively under MLR-25 read with MLO Zone `B' order No. 133.

শিরোনাম	সূত্র	তারিখ
১৫০। সীমান্ত এলাকার কর্তৃত্ব সুদৃঢ় করার নির্দেশ	পূর্বদেশ	৭ মে, ১৯৭১

লেঃ জেঃ নিয়াজীর সিলেট সফর

সীমান্ত এলাকার কর্তৃত্ব সুদৃঢ় করার নির্দেশ

ঢাকা, ১০ই মে (এপিপি) । ইষ্টার্ন কম্যাণ্ডের কমাণ্ডার লেঃ জেঃ এ, এ, কে, নিয়াজী গত রবিবার সিলেট এলাকা সফর করেন । তিনি সিলেট পৌঁছলে সেনাবাহিনীর স্থানীয় কম্যাণ্ডার তাঁকে অভ্যর্থনা জানান এবং পরে ঐ এলাকায় দুষ্কৃতকারী নির্মূল অভিযানের অগ্রগতি তাঁকে অবহিত করেন । তাঁকে জানানো হয়, সীমান্ত পর্যন্ত সমগ্র এলাকায় সেনাবাহিনী তল্লাশী ও গ্রেফতার অভিযান চালায় । এলাকাটি পুরোপুরি তাদের আয়ত্তে রয়েছে।

স্থানীয় কম্যাণ্ডার বলেন যে, রাষ্ট্রবিরোধী লোকজন ও ভারতীয় অনুপ্রবেশকারীদের সীমান্ত সন্নিহিত গোপন আড্ডাগুলোতেও অভিযান চালানো হচ্ছে । দেশপ্রেমিকেরা স্বেচ্ছাণোদিত হয়ে এসব গোপন আড্ডা সম্পর্কে যথাযথ খবর দিচ্ছে । তারা রাষ্ট্রবিরোধী ব্যক্তি ও ভারতীয় অনুপ্রবেশকারীদের আশ্রয় দেয়নি ।

জেনারেল নিয়াজী মোটরে হেমুতে যান । এই স্থানটি সিলেট শহর থেকে ১৫ মাইল উত্তরে অবস্থিত । ভারতীয় অনুপ্রবেশকারীদের প্রবেশ পথ বন্ধ করার জন্যে সেই এলাকায় যে ব্যবস্থা করা হয়েছে তিনি তা পরিদর্শন করেন । সীমান্ত এলাকাটিতে কর্তৃত্ব আরো দৃঢ় করার জন্য তিনি ওখানেই আদেশ দেন ।

গ্রাম এলাকার মধ্য দিয়ে পনের মাইল ব্যাপী ভ্রমণকালে জেঃ নিয়াজী দেখন যে, চাষীরা বোরো ধান কাটছে এবং গরুর পাল চরছে মাঠে । গ্রামঞ্চলও সিলেট শহরের মত শান্ত । হিমু থেকে ফেরার পথে তিনি সিলেট বাজারের মধ্য দিয়ে আসেন । বাজারের পরিবেশ স্বাভাবিক ।

জেনারেল নিয়াজী বিকালে ঢাকায় ফিরে আসেন ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৫১। পূর্ব পাক সরকারের প্রধান সচিবের কাছে বেসামরিক বিষয়ক সামরিক কর্মকর্তা রাও ফরমান আলীর চিঠি	সরকারী দলিলপত্র; উদ্ধৃতঃ 'এক্সপেরিয়েন্স অব এন এক্সাইল এট হোম'-মফিজুলাহ কবীর ডিসেঃ ১৯৭২	৭ মে, ১৯৭১

HQ MLA ZONE `B'
CIVIL AFFAIRS
GOVERNOR'S HOUSE
DACCA (EAST PAKISTAN)

No. 290/R/A794.7th May, 1971

To
The Chief Secretary,
Government of East Pakistan,
Eden Buildings, Dacca.

It has been observed that in most cases the heads of Departments and Directorates and Autonomous Bodies in their Radio talks are highlighting past achievements and the future plans and very little thought is being given to present conditions.

It is desired that they should be advised to take into consideration the practical aspect of the matter and propose corrective measures to be taken to overcome the difficulties. The responsibilities of the field staff and the need for public cooperation should also be highlighted in their talks.

Maj Gen. Major
General Civil Affairs
Sd/-Rao Farman Ali Khan

No. CAIV/109/71-289dATED; Dacca The 13th May; 1971.

Copy forwarded for information and guidance to registrar, Dacca University.

Sd/-AZM.Shamsul Alam.CSP
Deputy Secretary to the Govt. of
East Pakistan. S & G A (G A)
Department.

Distribution:
Head of the Departments.
Chairman of Autonomous
Head of the Directorates.
No. GAIV/109/71-289/1 Dt.... 13. 5. 1971.
Copy forwarded for favor of information to Major General Civil Affairs, Governor's House, Dacca.

Sd/-Illegible,
Deputy Secretary

শিরোনাম	সূত্র	তারিখ
১৫২। কর্নেল ওসমানীকে হাজির হওয়ার নির্দেশ	পূর্বদেশ	১৪ মে, ১৯৭১

কর্নেল ওসমানীকে হাজির হওয়ার নির্দেশ

ঢাকা, ১৩ই মে (এপিপি) । 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক আগামী ২০ শে মে সকাল আটটার সময় ঢাকার দ্বিতীয় রাজধানীস্থ ১ নম্বর সেক্টরে উপ-সামরিক আইন প্রশাসকের সামনে হাজির হবার জন্যে অবসরপ্রাপ্ত কর্নেল এম এ, জি ওসমানীকে নির্দেশ দিয়েছেন । তাঁর বিরুদ্ধে পাকিস্তান দণ্ডবিধির ১১২, ১২৩, ১৩১ এবং ১৩২ নম্বর ধারা এবং ১০ ও ১৪ নম্বর সামরিক আইন বিধি অনুযায়ী আনীত অভিযোগের জবাব দেয়ার জন্যেই নির্দেশ দেয়া হয়েছে ।

'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক যে আদেশ দেন নীচে তা দিয়ে দেয়া হলোঃ-

১। ৪০ নম্বর সামরিক আইন বিধি অনুযায়ী প্রাপ্ত ক্ষমতাবলে আমি 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ টিক্কা খান এস, পি, কে, পি এস সি আপনি কর্নেল এম, এ, জি, ওসমানীকে (অবসরপ্রাপ্ত) আপনার বিরুদ্ধে পাকিস্তান দণ্ডবিধির ১২১, ১২৩, ১৩১ ও ১৩২ নম্বর ধারা এবং ১০ও ১৪ নম্বর সামরিক আইনবিধি অনুযায়ী আনীত অভিযোগের জবাব দেয়ার জন্যে ১৯৭১ সালের ২০শে মে সকাল আটটার সময় ঢাকার দ্বিতীয় রাজধানীস্থ ১ নম্বর সেক্টরের উপ-সামরিক আইন প্রশাসকের সামনে হাজির হতে আদেশ দিচ্ছি ।

২। যদি আপনি উপরের উল্লেখমত হাজির হতে ব্যর্থ হন তা হলে আপনার অনুপস্থিতিতেই ৪০ নম্বর সামরিক আইন বিধি অনুযায়ী আপনার বিচার করা হবে ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৫৩। সাংবাদিক সাক্ষাৎকার লেঃ জেঃ টিক্কা খান	পূর্বদেশ	১৬ মে, ১৯৭১

সাংবাদিক সাক্ষাৎকারে গভর্নর লেঃ জেনারেল টিক্কা খানঃ
সশস্ত্র প্রতিরোধ নিশ্চিহ্ন করা হয়েছে

ঢাকা, ১৫ই মে (এপিপি) । পূর্ব পাকিস্তানের গভর্নর ও প্রাদেশিক সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ টিক্কা খান বলেন যে, সারা প্রদেশ থেকে সুগঠিত সমস্ত প্রতিরোধ নিশ্চিহ্ন করা হয়েছে । তবে প্রদেশের অভ্যন্তরভাগে কোথাও কোথাও লুট, সন্ত্রাস, কিংবা নিরীহ জনগণকে হয়রানি ধরনের কিছু কিছু বিক্ষিপ্ত দুষ্কর্ম চলছে বলে তিনি জানান ।

গভর্নর গতকাল এক ঘরোয়া পরিবেশে দুজন বিশেষ সংবাদদাতার সাথে আলাপ করছিলেন । পেশাগত দায়িত্ব পালন করতে এসে এক সময় পূর্ব পাকিস্তান সফরের পর বিশেষ সংবাদাতা দুজন গতকাল গভর্নর হাউসে গভর্নরের সাথে দেখা করেন ।

গভর্নর টিক্কা খান সাংবাদিকদের সাথে ৪৫ মিনিটকাল আলোচনার সময় প্রদেশের সার্বিক পরিস্থিতি সম্পর্কে জানান । এ প্রসঙ্গে তিনি ভারতীয় .....পূর্ণ প্রশাসনিক কর্তৃত্ব স্থাপন এবং অর্থনৈতিক জীবনধারার পুনর্জীবন বিষয়গুলো বিশেষভাবে জানান ।

অনুপ্রবেশকারীরা সুবিধা করতে পারবে না

এক প্রশ্নের জবাবে গভর্নর বলেন যে, দুষ্কৃতকারীদের কার্যকলাপ সেনাবাহিনীর লোকেরা বন্ধ করে দিচ্ছেন এবং তাদের নির্মূল করতে বেশীদিন লাগবে না । অনুপ্রবেশকারীদের সম্পর্কে জেনারেল টিক্কা খান বলেন যে, কোন কোন এলাকায় ভারতীয় অনুপ্রবেশকারীরা ধ্বংসাত্মক কাজে লিপ্ত হওয়ার চেষ্টা করে । কিন্তু সে চেষ্টায় তারা সুবিধা করতে পারেনি ।

জনশক্তির সদ্ব্যবহারের জন্য স্কীম

গভর্নর টিক্কা খান বলেন যে, প্রাপ্ত প্রশাসনিক জনশক্তির পূর্ণ সদ্ব্যবহার করার জন্য তিনি একটি স্কীম তৈরি করছেন । এর জন্য জেলা পর্যায়েও পূর্ণভাবে সাহায্য করা সম্ভব হবে । তিনি আরো বলেন যে, প্রশাসন ব্যবস্থা পূর্নভাবে চালু করার জন্য পর্যাপ্ত ব্যবস্থা গ্রহীত হয়েছে ।

আসন্ন দুর্ভিক্ষের সংবাদ ডাহা মিথ্যা

পূর্ব পাকিস্তানে দুর্ভিক্ষ আসন্ন বলে বিদেশী সংবাদপত্রগুলো যে সংবাদ প্রচার করেছে তা ডাহা মিথ্যা বলে জেঃ টিক্কা খান জোর দিয়ে বলেন । খাদ্যশস্যের ব্যাপারে বলতে পারি এখানে এখনো তার অভাব দেখা দেয়নি। সরকারের কাছে যথেষ্ট পরিমাণ খাদ্যশস্য মওজুদ রয়েছে । কোন কোন এলাকায় যোগযোগ ব্যবস্থা নষ্ট হয়ে যাওয়ার খাদ্যশস্য পরিবহণে কিছু অসুবিধা দেখা দিয়েছে । যেমন, ভারতীয় অনুপ্রবেশকারীরা ঢাকা ও চট্রগ্রামের মধ্যে কয়েকটি রেলব্রিজ নষ্ট করে দিয়েছে । দ্রুত এগুলোর সংস্কার চলছে বলে তিনি জানান ।

অর্থনীতি সম্পর্কে

অর্থনীতি সম্পর্কে গভর্নর জানান যে, অধিকাংশ কলকারখানা, এমনকি দোকানপাটও পূর্ণোদ্যমে কাজ শুরু হয়েছে। বাকী শিল্প ও বাণিজ্যিক সংস্থাগললোতে দ্রুত কাজ শুরুর ব্যবস্থা চলছে। যে সকল শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠান এ পর্যন্ত কাজ শুরু করেনি তাদের বিরুদ্ধে সামরিক আইন কর্তৃপক্ষের কোন প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করার ইচ্ছা আছে কিনা জিজ্ঞাসা করা হলে তিনি বলেন যে, সকলকে তাদের স্বীয় স্বীয় কাজ শুরু করার ব্যাপারে উৎসাহিত করা হয়েছে।

প্রতিবন্ধকতা সৃষ্টি করতে দেওয়া হবে না

যে সকল শিল্প প্রতিষ্ঠান এবং দোকানপাট এখনো খুলেনি সেগুলো বন্ধ করে দেয়া কিংবা প্রদেশের অর্থনৈতিক উন্নয়নের খাতিরে অন্য কাউকে মঞ্জুরী দেওয়ার সম্ভাবনা আছে কি না এ সম্পর্কে প্রশ্ন করা হলে গভর্নর বলেন যে, তিনি সে সম্ভাবনাকে একেবারে উড়িয়ে দেন না। তাদের কোন অবস্থায় পূর্ব পাকিস্তানের অর্থনীতিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে দেয়া হবে না বলে গভর্নর উল্লেখ করেন।

কৃষি ব্যবস্থায় পূর্ণ স্বাভাবিকতা ফিরে আসায় গভর্নর জেনারেল টিক্কা খান সন্তোষ প্রকাশ করে মন্তব্য করেন 'এটা পূর্ব পাকিস্তানের অর্থনীতির একটি উৎসাহজনক লক্ষণ'।

চা শিল্পের কোন ক্ষতি হবে না

এক প্রশ্নের জবাবে গভর্ণর বলেন যে, সিলেট জেলার সকল চা বাগানের শ্রমিকরা ফিরে আসা শুরু করেছে। অতএব চা শিল্পের বিশেষ কোন ক্ষতি হবে না।

এক প্রশ্নকারীকে তিনি জানান যে, গোলযোগপূর্ণ দিনগুলোতে বিভিন্ন ব্যাংক ও সরকারী ট্রেজারী থেকে দুষ্কৃতকারীরা যে বিপুলসংখ্যক টাকা-পয়সা লুট করে নিয়ে গেছে তার মোকাবিলা করার জন্য ব্যাপক চেষ্টা চালান হচ্ছে। তার মত অনুসারে এই অর্থ দেশের বাইরে চালান হয়ে গেছে বলে তিনি জানান।

শিরোনাম	সূত্র	তারিখ
১৫৪। সকল বিশ্ববিদ্যালয় ও কলেজ খোলার সিদ্ধান্ত	পূর্বদেশ	২১ মে, ১৯৭১

সকল বিশ্ববিদ্যালয় ও কলেজ খোলার সিদ্ধান্ত

ঢাকা ২০শে মে (এপিপি) । প্রাদেশিক সরকার আগামী ২রা আগষ্ট থেকে সমস্ত কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো পুনরায় চালু করার সিদ্ধান্ত নিয়েছেন বলে আজ এখানে প্রকাশিত এক প্রেসনোটে বলা হয়েছে।

প্রেসনোটের পূর্ণ বিবরণঃ

নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী পলিটেকনিক ও অন্যান্য কারিগরী ইনস্টিটিউটসহ সমস্ত কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ এবং বিশ্ববিদ্যালয় পুনরায় চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(ক) পলিটেকনিক ও অন্যান্য কারিগরী ইনস্টিটিউটসহ সমস্ত সরকারী কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়, পূর্ব পাকিস্তান কৃষি বিশ্ববিদ্যালয়, ময়সনসিংহ এবং ঢাকাস্থ পূর্ব পাকিস্তান ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি বিশ্ববিদ্যালয়।

(১) শিক্ষকদের ১৯৭১ সালের ১লা জুন কাজে যোগদান করতে হবে।

(২) ১৯৭১ সালের ২রা আগষ্ট থেকে ক্লাস শুরু হবে।

(খ) বেসরকারী কলেজসমূহ (ইন্টারমিডিয়েট ও ডিগ্রী কলেজ)।

(১) শিক্ষকদের ১৯৭১ সালের ১ লা জুলাই কাজে যোগদান করতে হবে।

(২) ১৯৭১ সালের ২রা আগষ্ট থেকে ক্লাশ শুরু হবে।

নির্ধারিত তারিখ থেকে ক্লাশ শুরু করার উদ্দেশ্যে শিক্ষকরা তাদের কাজে যোগদানের তারিখ পর্যন্ত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করবেন।

নির্ধারিত তারিখ কাজে যোগদান না করলে সংশ্লিষ্ট শিক্ষকদের তাদের চাকুরী থেকে বরখাস্ত করা যেতে পারে।

শিরোনাম	সূত্র	তারিখ
১৫৫। শিক্ষকদের 'দায়িত্বহীন উক্তি সম্পর্কে সামরিক কর্তৃপক্ষের হুঁশিয়ারী	সরকারী দলিলপত্র; উদ্ধৃতঃ 'এন এক্সপেরিয়েন্স অব এক্সাইল এট হোম'-মফিজুলাহ কবীর	২২ মে, ১৯৭১

CONFIDENTIAL/ IMMEDEATE.

HQ MLA ZONE `B'
CIVIL AFFAIRS
DACCA (EAST PAKISTAN)
No 600/ Miss/ CA-2 May 22, 1971

To : The Director of Public Instructions, Dacca.

Sub: Indulgence of teachers in Irresponsible Talk.

1. It has come to the notice of this HQ. that teacher's are indulging in irresponsible talk about the affairs of the country . Loose talk can spread sore among the people and is essential instrument of the miscreant and subversive elements. This HQ. therefore, takes serious notice of this offence and feels the necessity of severe disciplinary action aganist the culprits if the practice does not cease forthwith.
2. Please warn all concerned accordingly.

Col.
Sd/-Major General Civil Affairs,
(Saeeduddin Ahmed)
CONFIDENTIAL/ IMMEDIATE

No. 6293/61-GA

From : The Director of Public Instruction, East Pakistan, Dacca.

To:1. The Deputy Director of Public Instruction, Dacca / Chittagong / Rajshahi / Khulna (Barishal) Division.

2. The Principal

Sub: Indulgence of teachers in irresponsible talk.

In enclosing herewith a copy of order No. 660/ Mis/ CA-2 dated 22.5.71 from the Martial Law Authorities he is requested to bring the contents of the letter to the notice of the teachers under him immediately for information and guidance. This letter which is marked Confidential should not be circulated to others. He is requested to ensure that teachers do not indulge in irresponsible talk about the affairs of the country.

Appropriate disciplinary action should be promptly taken against any teacher found guilty of this offence.

Sd/-M.F. Khan
25.5.71
Director of public Instruction, EP
East Pakistan.

শিরোনাম	সুত্র	তারিখ
১৫৬। বিশ্ববিদ্যালয় শিক্ষা পুনর্বিন্যাস কমিটি গঠন	পূর্বদেশ	৩০ মে, ১৯৭১

ভার্সিটি শিক্ষা পুনর্বিন্যাস কমিটি গঠন

ঢাকা ২৯শে মে (এপিপি) । দেশের বিশ্ববিদ্যালয় শিক্ষাকে পুনর্বিন্যাস করার জন্য গভর্ণর নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে একটি কমিটি গঠন করেছেনঃ

ডঃ সাজ্জাদ হুসাইন, ভাইস-চ্যান্সেলর, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ডঃ হাসান জামান, ডিরেক্টর, জাতীয় পুনর্গঠন ব্যুরো, ডঃ মোহর আলী, সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব এ, এফ, এম, আবদুর রহমান, সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয় । ডঃ আবদুল বারী, সদস্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ডঃ মকবুল হোসেন, সদস্য, রাজশাহী বিশ্ববিদ্যালয় । ডঃ সাইফুদ্দিন জোয়ারদার, সদস্য, রাজশাহী বিশ্ববিদ্যালয় ।

কমিটি নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে সুপারিশ করবেনঃ-

(১) বিশ্ববিদ্যালয় শিক্ষা ব্যবস্থার পুনর্বিন্যাস ।

(২) সিলেবাসকে জাতীয় চেতনায় উদ্বুদ্ধ করে তোলার জন্য ইহার সংশোধন এবং

(৩) উপরোক্ত ব্যবস্থাগুলো বাস্তবায়নের ব্যাপারে সুবিধাজনক অন্যান্য সুপারিশ ।

১৯৭১ সালের ৩১ শে আগষ্টের আগেই কমিটিকে ইহার রিপোর্ট সরকারের কাছে পেশ করতে হবে ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৫৭। ১৪৯ নম্বর সামরিক বিধি জারী	দৈনিক পাকিস্তান	৩ জুন, ১৯৭১

শিক্ষা প্রতিষ্ঠান খোলা সম্পর্কে
১৪৯ নম্বর সামরিক বিধি জারী

গতকাল বুধবার 'খ' অঞ্চলের সামরিক প্রশাসক লেঃ জেঃ টিক্কা খান কর্তৃক জারীকৃত ১৪৯ নম্বর সামরিক বিধির বিবরণ নীচে দেওয়া হলঃ-

(১) ১৯৭১ সালের ২১ শে মে স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সময়সূচী মত বিশ্ববিদ্যালয় সহ সকল কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় খোলা হবে ।

(২) নির্ধারিত তারিখে এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা কাজে যোগদান করবেন । অতিরিক্ত ১৫ দিন সময়ের মধ্যে (গ্রেস পিরিয়ড) পুনরায় কাজে যোগদানে ব্যর্থ হলে তারা চাকুরী থেকে বরখাস্ত হওয়ার গণ্য হবেন এবং নির্দিষ্ট ক্ষেত্রে ২৫ নম্বর সামরিক বিধি অনুসারে সামরিক আদালতে বিচার করা হবে ।

(৩) এই নির্দেশ বলে 'খ' অঞ্চলের সামরিক আইন কর্তৃপক্ষের জারীকৃত ১২১ নম্বর বিধি বাতিল করা হল।

এপিপি এ খবর পরিবেশন করেছে ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৫৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নিকট পূর্ব পাক সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের একটি চিঠি	সরকারী দলিলপত্র উদ্ধৃতঃ এক্সপেরিয়েন্স অব এন এক্সাইল- প্রাগুক্ত	৪ জুন, ১৯৭১

IMMEDIATE
CONFIDENTIAL

GOVERNMENT OF EAST PAKISTAN
EDUCATION DEPARTMENT
Dated 4th June, 1971

No. SN /482 (7) –Edn.
From : - Mr. AN Kalimullah
Deputy Secretary to the Government of East Pakistan.

To : The Vice-Chancellor,
Dacca University,
Dacca.

From 1st June, 1971 teachers of all colleges including polytechnics and other technical institutions, medical colleges, engineering colleges and all Universities were to report from (?) duty. Necessary preparation and arrangements are to be made by them from the date resumption of their duty to the date fixed for the commencements of the classes, that is, 2nd August, 1971.

It is requested that detailed programme of work of the teachers during the above period may please be drawn up and furnished to this Department immediately. It may also be please ensured that the teachers remain in the respective office during office hours. Steps that may be taken by him to ensure the above may also be reported.

Sd/- A.N. Kalimullah
4-6-71

শিরোনাম	সূত্র	তারিখ
১৫৯। সামরিক গভর্নরের সফর ও বক্তৃতা-বিবৃতি	দৈনিক পাকিস্তান	৬ জুলাই , ১৯৭১

চুয়াডাঙ্গা, নাটোর ও রাজশাহীতে গভর্নর জনগণ পাকিস্তানকে ভেঙ্গে দেয়ার জন্য কোন দলকে ম্যাণ্ডেট দেয়নি

পূর্ব পাকিস্তানের গভর্নর ও সামরিক আইন শাসনকর্তা লেঃ জেঃ টিক্কা খান গতকাল সোমবার চুয়াডাঙ্গা, নাটোর ও রাজশাহী সফর করেন ।

এপিপি পরিবেশিত এই খবরে প্রকাশ, সফরকালে তার সঙ্গে ছিলেন জাতিসংঘ আন্তঃএজেন্সী রিলিফ কমিটির চেয়ারম্যান মিঃ রাহগাত আল তাবিল,তার সহকারী ও উপদেষ্টা মিঃ গ্লান-ই-হায়ডন, রেডক্রস সোসাইটি লীগের মিঃ পিষ্ট্যানসিস ও রিলিফ কমিশনার জনাব মোহাম্মদ আলী ।

গভর্নর এই সফরকালে স্থানীয় সামরিক ও বেসামরিক কর্মচারীগণ ও শান্তি কমিটিসমূহের সদস্যদের সঙ্গে দেখা করেন ।

তিনি তাদের সঙ্গে আইন ও শৃংখলা পরিস্থিতি, মওজুদ খাদ্য পরিস্থিতি, যোগাযোগ ব্যবস্থার পুনঃপ্রতিষ্ঠার এবং জনগণের আস্থা ফিরিয়ে আনার ব্যাপারে আলোচনা করেন ।

তাঁকে জানান হয় যে সারা রাজশাহী বিভাগে গোলযোগ সৃষ্টিকারীদের নির্মূল করা হয়েছে এবং জনসাধারণ তাদের ঘর বাড়ীতে ফিরে এসেছে । পর্যাপ্ত খাদ্য মওজুদ রয়েছে, দোকানপাট খোলা হয়েছে, সরকারী অফিসে কাজকর্ম চলছে এবং অত্যাবশ্যকীয় সার্ভিসসমূহে স্বাভাবিকভাবে কাজ চলছে ।

বিভিন্ন স্থানে শান্তি কমিটির সদস্যদের সঙ্গে আলোচনা প্রসঙ্গে তিনি শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখা এবং জনগণের মধ্যে আস্থা ফিরিয়ে আনার ব্যাপারে তাদের উত্তম কাজর প্রশংসা করেন । তিনি গোলযোগ সৃষ্টিকারীদের উপস্থিতির কথা কর্তৃপক্ষকে জানাবার জন্য তাদের আহ্বান জানান যাতে করে আইন ও শৃংখলা রক্ষাকারী এজেন্সীসমূহ তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারেন ।

সর্বত্রই জনসাধারণ আগ্রহের সঙ্গে গভর্নরকে অভিনন্দন জানান এবং পাকিস্তান পায়েন্দাবাদ ও কায়েদে আজম জিন্দাবাদ শ্লোগান দেয় ।

চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় গভর্নর অভ্যর্থনা কেন্দ্রও পরিদর্শন করেন । তিনি দেখেন যে, প্রত্যাবর্তনকারীদের গ্রহণের জন্য সেখানে প্রয়োজনীয় সকল সুযোগ-সুবিধা রয়েছে । তিনি বাসস্থান, খাদ্য ও চিকিৎসা সুবিধা পরিদর্শন করেন । তিনি কয়েকজন প্রত্যাবর্তনকারীর সঙ্গেও দেখা করেন । এবং তাদের সঙ্গে ঘরোয়াভাবে আলাপ করেন ।

গতকাল অভ্যর্থনা শিবিরে আগত একটি পরিবারের প্রধান গভর্নরকে জানান যে, তিনি ইতিপূর্বে অনুমোদিত পথে দেশে আসার চেষ্টা করেছেন কিন্তু ভারতীয় কর্তৃপক্ষ তাকে আসতে দেয়নি । পরে এক অননুমোদিত পথে পূর্ব পাকিস্তানে আসতে সক্ষম হয়েছেন । তিনি আরো এলন, তিনি ও অন্যান্য প্রত্যাবর্তনকারীদের অভ্যর্থনা কেন্দ্রে ভালভাবে দেখাশুনা করা হচ্ছে ।

গভর্নর প্রত্যাবর্তনকারীদের মধ্যে লুঙ্গী ও শাড়ী বিতরণ করেন।

গভর্নরের প্রশ্নের জবাবে অভ্যর্থনা শিবিরে মেডিকেল অফিসার জানান যে সকল প্রত্যাবর্তনকারীকে চিকিৎসা সুবিধা দেয়া হয়েছে এবং কোন গুরুতর অসুস্থতা বা মহামারী ঘটেনি। তিনি আরো জানান কয়েক দিন আগে আগত কয়েকজন প্রত্যাবর্তনকারী কলেরায় আক্রান্ত হয়েছে বলে সন্দেহ করা হয়োছিলো কিন্তু তাদের অবিলম্বে রক্ষা করা হয়।

নাটোর

নাটোরে জেঃ টিক্কা খান জিন্নাহ সরকারী হাইস্কুল ও সরকারী গার্লস স্কুল পরিদর্শন করেন এবং শিক্ষক ও কর্মচারীদের সঙ্গে দেখা করেন। তাঁকে জানানো হয় যে, উপস্থিতি সন্তোষজনক এবং ক্লাশ রীতিমতো চলছে। গার্লস স্কুলের ছাত্রীরা স্কুল প্রাঙ্গণে লাইন দিয়ে দাঁড়ায় এবং জাতীয় সংগীত শোনায় । তিনি পরে গাড়ীযোগে বাজারের মধ্য দিয়ে অতিক্রম করেন এবং স্বাভাবিক জীবনযাত্রা প্রত্যক্ষ করেন।

রাজশাহী

রাজশাহীতে শান্তি কমিটির সদস্যদের উদ্দেশ্যে ভাষণদান প্রসঙ্গে গভর্নর বলেন, পাকিস্তান প্রতিষ্ঠার ব্যাপারে এই জনগণের মূল্যবান অবদান রয়েছে এবং পাকিস্তানকে ভেঙ্গে দেয়ার জন্য কোন ব্যক্তিবিশেষ বা রাজনৈতিক দলকে তারা ম্যাণ্ডেট দেয়নি। তারা প্রাদেশিক স্বায়ত্তশাসনের পক্ষে ভোট দিয়েছেন কিন্তু বিলুপ্ত আওয়ামী লীগ পাকিস্তানকে ভেঙ্গে দেয়ার ম্যাণ্ডেট হিসাবে তাদের সমর্থনের ভুল ব্যাখ্যা দিয়েছেন। জনসাধারনের সক্রিয় সহযোগিতায় সশস্ত্র বাহিনীর সময়োচিত হস্তক্ষেপের ফলে ভাঙ্গনের হাত থেকে পকিস্তান রক্ষা পেয়েছে এবং বর্তমানে পাকিস্তানকে শক্তিশালী ও সমৃদ্ধ করার জন্য সকল প্রচেষ্টা চালানো প্রয়োজন।

শান্তিপূর্ণ অবস্থা পুনঃপ্রতিষ্ঠা এবং জনগনের মধ্যে আস্থা ফিরিয়ে আনার ব্যাপারে শান্তি কমিটিসমূহের প্রচেষ্টার জন্য তিনি বিশেষভাবে সন্তোষ প্রকাশ করেন।

গভর্নর বলেন তিনি অবহিত আছেন যে, গত মার্চ মাসে বিভিন্ন কারাগার থেকে ক্রমাগতভাবে ছেড়ে দেয়া প্রায় ১১ হাজার দণ্ডপ্রাপ্ত বিচারাধীন ব্যক্তি কতিপয় স্থানে শান্তিপ্রিয় নাগরিকদের হয়রানি করছে। তিনি বলেন তাদের খুঁজে বের করা এবং শাস্তিদানের জন্য শাসন কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। তিনি এ ব্যাপারে জনসাধারণের সহযোগিতা কামনা করেন। তিনি শান্তি কমিটির সদস্যদের জানান যে এদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের ব্যাপারে আইনশৃংখলা রক্ষাকারী এজেন্সীসমূহকে সাহায্য করার জন্য রাজাকার গঠন হচ্ছে এবং ট্রেনিং দেয়া হচ্ছে।

পরে জেঃ টিক্কা খান রাজশাহী বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। তাঁকে জানানো হয় যে, বিশ্ববিদ্যালয়ের প্রায় সকল কর্মচারী কাজে যোগ দিয়েছেন। বিশ্ববিদ্যালয় ২রা আগস্ট পুনরায় খোলার কথা।

গভর্নর ও বিশ্ববিদ্যালযের চ্যান্সেলর পরে গাড়ীযোগে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনের মধ্য দিয়ে অতিক্রম করেন।

জেনারেল টিক্কা খান বিকেলে ঢাকা প্রত্যাবর্তন করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৬০। জেনারেল নিয়াজীর সীমান্ত পরিদর্শন	দৈনিক পাকিস্তান	৯ জুলাই, ১৯৭১

জেনারেল নিয়াজীর সিলেট সীমান্ত পরিদর্শন
গোটা সিলেট জেলা থেকে দুষ্কৃতকারীদের
বিতাড়িত করা হয়েছে

ইষ্টার্ণ কম্যাণ্ডের লেঃ জেঃ এ, এ, কে, নিয়াজী গতকাল বৃহস্পতিবার সেলেট এলাকা সফরকালে উত্তর-পূর্ব সীমান্ত বরাবর প্রতিরক্ষা কাজে নিয়োজিত সেনাবাহিনী পরিদর্শন করেন।

তিনি জিওসি সমভিব্যহারে এই সফরে যান বলে এপিপির খবরে প্রকাশ।

সীমান্ত যাতে আর কোন রকম অনুপ্রবেশ না ঘটে বা কোন রকম হামলা না চলে তারই জন্যে এই সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে। সীমান্ত ঘাঁটিগুলি সবই সেনাবাহিনীর পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।

জেনারেল নিয়াজী সৈন্যদের সাথে ঘরোয়াভাবে কথাবার্তা বলেন এবং তাদের কুশল জানতে চান। তিনি তাদেরকে অত্যন্ত ভালো অবস্থায় দেখতে পান।

স্থানীয় কমাণ্ডার জেঃ নিয়াজীকে জানান যে, বেসামরিক জনসাধারণের সক্রিয় সহযোগিতায় সারা সিলেট জেলা থেকেই গোলাযোগ সৃষ্টিকারীদের বিতাড়িত করা হয়েছে। কমাণ্ডার জানান, ভারতে ট্রেনিংপ্রাপ্ত কিছু দুষ্কৃতিকারী মাঝে মাঝে সীমান্ত পথে ভিতরে ঢুকে প্রধানতঃ আমাদের যোগাযোগ ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করার চেষ্টা করে। কিন্তু তাদেরকে যথোপযুক্ত শিক্ষা দেয়া হয়েছে।

বিভিন্ন স্থানে দুষ্কৃতিকারীরা যে নাশকতামূলক তৎপরতা চালাবার চেষ্টা করে স্থানীয় জনসাধারণ ও রাজাকাররা অত্যন্ত সাফল্যের সাথে তা প্রতিহত করে বলে কম্যাণ্ডার জানান।

জেনারেল নিয়াজী সিলেট থেকে হেলিকপ্টারে জৈয়ন্তপুর যান এবং সেখানে তিনি সংবর্ধনা কেন্দ্র পরিদর্শন করেন। তাঁকে জানানো হয় যে ৭ হাজার গৃহত্যাগী মানুষ সীমান্ত পেরিয়ে এখানে ফিরে এসেছে। এদের মধ্যে সংখ্যালঘু সম্প্রদায়েরও ১২শ' লোক রয়েছে। অনুমোদিত পথে ফিরে আসার ব্যাপারে ভারত প্রতিবন্ধকতা সৃষ্টি করায় এদের বেশির ভাগই অননুমোদিত পথে পাকিস্তানে ফিরেছে।

সংবর্ধনা কেন্দ্রের কাছে দরবান্তপুরে এক বিরাট জনতা নারায়ে তকবির, আলাহু আকবর, পাকিস্তান পায়েন্দাবাদ ও কায়েদে আজম জিন্দাবাদ ধ্বনি দিয়ে জেঃ নিয়াজীকে স্বাগত জানায়।

এরপর জেঃ নিয়াজী শ্রীমঙ্গল এলাকায় কুশিয়ারা নদীতে শেওলামুখ ফেরী পরিদর্শন করেন।

শ্রীমঙ্গলে স্থানীয় কম্যাণ্ডার জেনারেল নিয়াজীকে জানান যে এই এলাকায় চা বাগানগুলিতে কোন রকম বল প্রয়োগের হুমকি প্রদর্শন করা হয়নি। তিনি বলেন, দুষ্কৃতকারীরা অবশ্য চা বাগানগুলির দক্ষ শ্রমিকদের ভীত সন্ত্রস্ত করে তুলে তাদেরকে কাজ থেকে সরিয়ে দেবার চেষ্টা করে। এই দুষ্কৃতকারীরা স্বভাবতই ভারতের ট্রেনিং শিবির থেকে এসোছিলো। ভারত তদের সীমান্তে এই সব শিবির স্থাপন করেছে।

সীমান্ত এলাকায় যে উল্লেখযোগ্য পরিমাণ ভারতীয় বিস্ফোরক দ্রব্যাদি পাওয়া গেছে সেগুলিও জেনারেল নিয়াজীকে দেখানো হয়।

জেনারেল নিয়াজী সন্ধ্যায় ঢাকায় ফিরে আসেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৬১। পূর্বাঞ্চলীয় সীমান্ত সেনাবাহিনীর নিয়ন্ত্রণে-জেনারেল নিয়াজী	দৈনিক পাকিস্তান	১১ জুলাই, ১৯৭১

জেনারেল নিয়াজীর চট্রগ্রাম সফরঃ গোটা পূর্বাঞ্চলীয় সীমান্ত সেনাবাহিনীর পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে

পূর্বাঞ্চলীয় কমাণ্ডের কমাণ্ডার লেঃ জেঃ এ এ কে নিয়াজী গতকাল শনিবার চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম এলাকায় সেনাবাহিনী পরিদর্শন করেন বলে এপিপির খবরে প্রকাশ ।

চট্টগ্রাম পৌঁছলে সেনাবাহিনী ও নৌ-সেনাবাহিনীর সিনিয়র অফিসাররা জেঃ নিয়াজীকে সংবর্ধনা জানান। পরে স্থানীয় কমাণ্ডার তাঁর কাছে এলাকার আইন-শৃংখলার পরিস্থিতি এবং সীমান্ত বরাবর প্রতিরক্ষা কাজে নিয়োজিত সেনাবাহিনীর কার্যক্রমের বিবরণ দেন । আইন-শৃংখলার কথা বলতে গিয়ে স্থানীয় কমাণ্ডার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে জনসাধারণের সহযোগিতার কথা বিশেষভাবে উল্লেখ করেন ।

জেনারেল নিয়াজীকে জানানো হয় যে, অনুপ্রবেশের সব সম্ভাব্য স্থল ও নৌ-পথ বন্ধ করে দেয়া হয়েছে এছাড়া পার্বত্য চট্টগ্রাম এলাকাকে সম্পূর্ণ মুক্ত করা হয়েছে এবং পূর্বাঞ্চলীয় সীমান্ত বরাবার গোটা এলাকা এখন সোনবাহিনীর কার্যকরী নিয়ন্ত্রণে রয়েছে ।

চট্টগ্রাম থেকে জেঃ নিয়াজী হেলিকপ্টারযোগে দোহাজারী, কাপ্তাই ও রাঙ্গামাটি যান। দোহাজারীতে এক বিরাট জনতা তার চার পাশে সমবেত হয়ে দেশাত্মবোধক শ্লোগান দেয় । তিনি তাদের সাথে করমর্দন করেন এবং এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ ফিরিয়ে আনা ও বজায় রাখায় তাদের প্রচেষ্টার প্রশংসা করেন।

পরে জেঃ নিয়াজী কাপ্তাই পানি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শনে গেলে তার কাছে ধ্বংসাত্মক কাজের হাত থেকে এই গুরুত্বপূর্ণ কেন্দ্রটিকে রক্ষার ব্যবস্থাদি বিশ্লেষণ করা হয়।

তাঁকে জানানো হয় যে সব শ্রমিকরাই কাজে যোগদান করেছেন এবং বর্তমানে সেখানে স্বাভাবিক বিদ্যুৎ উৎপাদনের কাজ চলছে ।

রাঙ্গামাটিতে জেঃ নিয়াজীকে জানানো হয় যে উপজাতীয়রা দুষ্কৃতকারীদের অনুসরণ করে ধরার সাহায্য করছে এবং ফৌজী প্রধানরা কর্তৃপক্ষের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রাখছেন কয়েক জায়গায় তারা নিজেরাই দুষ্কৃতকারীদের ধরে তাদের অস্ত্রশস্ত্র আটক করেছে ।

জেনারেল নিয়াজীর এই সফরকালে চাকমা প্রধান ও পার্বত্য চট্টগ্রাম থেকে নির্বাচিত জাতীয় পরিষদ সদস্য রাজা ত্রিদিব রায়ও উপস্থিত ছিলেন ।

অপরাহ্নে জেনারেল নিয়াজী ঢাকা ফিরে আসেন ।

শিরোনাম	সুত্র	তারিখ
১৬২। পাকিস্তান বিষয়ক একাডেমী অর্ডিন্যান্স	দৈনিক পাকিস্তান	১৮ জুলাই, ১৯৭১

বিএনআর-এর বদলে নয়া সংস্থা

পূর্ব পাকিস্তানের গভর্নর লেঃ জেঃ টিক্কা খান ১৯৭১ সালের পাকিস্তান বিষয়ক একাডেমী অর্ডিন্যান্স নামে একটি অর্ডিন্যান্স জারী করেছেন বলে এক সরকারী প্রেসনোটে জানানো হয়েছে।

অর্ডিন্যান্সের বিধান অনুযায়ী জাতীয় পুনর্গঠন ব্যুরো ভেঙ্গে দিয়ে তার পরিবর্তে পাকিস্তান বিষয়ক একাডেমী নামে আর এইট সংস্থা চালু করা হবে। একাডেমী বিশেষ করে পাকিস্তান প্রতিষ্ঠার পটভূমি এবং সাধারণভাবে পাকিস্তান সংক্রান্ত বিষয়ে অধ্যয়ন ও গবেষণায় নিয়োজত থাকবে। এছাড়া একাডেমী পূর্ব পাকিস্তানের কাছে বিশেষ গুরুত্বপূর্ণ জাতীয় প্রশ্নাদি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সংক্রান্ত তথ্য প্রকাশনার দায়িত্বও গ্রহণ করবে।

পনরজন সরকারী ও বেসরকারী সদস্য সমন্বয়ে গঠিত একটি বোর্ডের উপর এই একাডেমীর ব্যবস্থাপনার দায়িত্বভার ন্যস্ত থাকবে। বোর্ড একডেমীর কর্তব্য পালনের নীতি নির্ধারণ করবে। ৫ জন সদস্য নিয়ে গঠিত কার্যনির্বাহক কমিটি দৈনন্দিন কাজ সম্পাদন করবে। এই ৫ জন সদস্য বোর্ডেরও সদস্য থাকবেন। বিলুপ্ত জাতীয় পুনর্গঠন ব্যুরোর ডিরেকটর জনাব হাসান জামানকে নব স্থাপিত একাডেমী ফর পাকিস্তান এফেয়ার্স এর ডিরেক্টর নিয়োগ করা হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
১৬৩।কুমিল্লায় সামরিক গভর্নর	দৈনিক পাকিস্তান	২৬ জুলাই, ১৯৭১

কুমিল্লায় প্রতিনিধিত্বমূলক সমাবেশে গভর্নর
ভারত কখনও পূর্ব পাকিস্তানীদের বন্ধু হতে পারে না

পূর্ব পাকিস্তানের গভর্নর ও খ অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ টিক্কা খান গতকাল রোব্বার পূর্বাঞ্চলীয় সীমান্ত এলাকা সফরকালে কুমিল্লায় এক প্রতিনিধি সমাবেশে বলেন যে, যে ভারত গত বুধবার কুমিল্লা শহরের লোকদের উপর নির্বিচারে গোলাবর্ষণ করতে দ্বিধা করেনি সে কখনো পূর্ব পাকিস্তানের জনগনের বন্ধু হতে পারে না ।

এপিপির খবরে প্রকাশ উস্কানিবিহীন এই ভারতীয় গোলাগুলিতে নিহতদের জন্য সমবেদনা প্রকাশ করে গভর্ণর বলেন, এই ব্যবস্থা নিরপরাধ জনসাধারণের জীবনের প্রতি ভারতের চরম অবজ্ঞাই প্রদর্শন করেছে ।

জেনারেল টিক্কা খান বলেন, আমরা আমাদের জনগণের অর্থনৈতিক ভাগ্যোন্নয়নের জন্য শান্তি চাই । কিন্তু ভারত সীমান্তে উত্তেজনা জিইয়ে রাখছে ।

গভর্নর বলেন, ভারতীয় সৈন্যরা তাদের চরদের সহযোগিতায় মাঝে মাঝে বেসামরিক পোশাকে সীমান্ত এলাকায় অনুপ্রবেশ করে এবং আমাদের অর্থনীতির ধ্বংস সাধনের উদ্দেশ্যে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে । পরিণামে সাধারন মানুষকেই দুর্ভোগ পোহাতে হয় । তিনি জনসাধারকে তাদের শত্রুদের সম্পর্কে সর্তক করে দেন । তিনি বলেন, পল্লী এলাকার লেকদের গোলযোগ সৃষ্টিকারীদের হাত থেকে নিজেদের রক্ষায় করার উদ্দেশ্যে রাজাকারদের নিয়োগ করা হচ্ছে ।

তিনি শান্তি বজায় রাখার এবং দুষ্কৃতকারীদের দমনে শন্তিকমিটির প্রচেষ্টার প্রশংসা করে বলেন যে শান্তি কমিটিগুলো রাজনৈতিক প্রতিষ্ঠান নয় এবং তারা পাকিস্তানের সংহতি ও সার্বভৌমত্ব রক্ষার একমাত্র লক্ষ নিয়েই কাজ করছে।

জেনারেল টিক্কা খান জনসাধারণকে গুজবে কান না দেওয়ার পরামর্শ দিয়ে বলেন এগুলো জনসাধারণের স্বার্থের পরিপন্থী । সাম্প্রতিক একটি উদাহরণ দিয়ে গভর্নর বলেন যে, ঢাকায় শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয় । যারা বিভ্রান্তিকর গুজবের দরূন পরীক্ষা দেয়নি তারা একটি মূল্যবান শিক্ষাবছর হারিয়েছে ।

এলাকার খাদ্য মওজুদের পরিমাণে সন্তোষ প্রকাশ করে গভর্নর বলেন, যোগাযোগের অসুবিধা সত্ত্বেও প্রদেশের সব অংশের অভাবী লোকদের কাছে খাদ্য পৌঁছানো হবে ।

সীমান্তের ওপার থেকে গৃহত্যাগী ব্যক্তিদের প্রত্যাবর্তনের উল্লেখ করে গভর্নর বলেন, পাকিস্তানের প্রেসিডেন্ট একাধিকবার আশ্বাস দিয়েছেন যে সব পাকিস্তানীদের গৃহে প্রত্যাবর্তনকে অভিনন্দন জানানো হবে। এর মাঝে ৯০ হাজারেরও বেশী লোক ফিরে এসেছে । অনুমোদিত পথে ভারতীয়রা বাধা দিচ্ছে বলে তাদের অধিকাংশকেই অননুমোদিত পথে আসতে হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

গভর্নর বলেন যে, পাকিস্তান সীমান্ত বরাবর জাতিসংঘের পর্যবেক্ষক মোতায়েনের প্রস্তাব গ্রহণ করেছে কিন্তু ভারত তা প্রত্যাখান করেছে । কারণ জাতিসংঘের পর্যবেক্ষকদের উপস্থিতিতে তার সত্যিকার অভিসন্ধি ফাঁস হয়ে পড়বে ।

নিম্নলিখিত এমপিএদের সেক্টর ১ (ঢাকা)- এর উপ-সামরিক শাসনকর্তার সামনে হাজির হতে হবে:

১। মোঃ আশরাফ হোসেন (ময়মনসিংহ): এম এল আর ১৬ ক। এবং পিপিসি ১২৪ ক।

২। মোঃ রাশেদ মোশাররফ (ময়মনসিংহ): এম এল আর ১৬ ক। এবং পিপিসি ১২৪ ক।

৩। মোঃ আবদুল হাই (ময়মনসিংহ) এম এল আর ১৬ ক। এবং পিপিসি ১২৪ ক।

৪। নিজাম উদ্দীন আহমদ (ময়মনসিংহ) এম এল আর ১৬ ক। এবং পিপিসি ১২৪ ক।

৫। ডাঃ নাদিরুজ্জামান খান (ময়মনসিংহ) এম এর আর ১৬।ক পিপিসি৩০২/১০৯ এবং পিপিসি ১২৪ ক।

৬। মোঃ আবদুল হালিম (ময়মনসিংহ) এম এল আর ৯ পিপিসি ৩০২/১০৯ এবং পিপিসি ১২৪ ক।

৭। কুদরতুল্লা মণ্ডল (ময়মনসিংহ) এম এল আর ১৬ ক।

৮। শামসুল হক (ময়মনসিংহ) এম এল আর ৭, ৯ পিপিসি ৩০২/১০৯ এবং পিপিসি ১২৪ (ক)।

৯। মোঃ আমান আলী মিয়া (ময়মনসিংহ) এম এল আর ১৬ (ক), পিপিসি ধারা ৩০২/১০৯ এবং পিপিসি ১২৪ (ক)।

১০। মোঃ হাতেম আলী (ময়মনসিংহ)এম এল আর ১৬ (ক),পিপিসি ৩০২/১০৯এবং পিপিসি ১২৪ (ক)।

১১। খোন্দকার আবদুল মালেক ওরফে শহীদুল্লাহ (ময়মনসিংহ) এম এল আর ৭, ১২, ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)

১২। আবুল মনসুর আহমদ (ময়মনসিংহ) পিপিসি ৩০২/১০৯,এম এল আর ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।

১৩। মোস্তফা এম, এ মতিন (ময়মনসিংহ) এম এল আর ১৬ (ক), ৭ এবং পিপিসি ১২৪ (ক)।

১৪। আবদুল হাসেম (ময়মনসিংহ) এম এল আর ৭, ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।

১৫। আবদুল মজিদ ওরফে তারা মিয়া(ময়মনসিংহ) এম এল আর ১৪,১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।

১৬। আবদুল খালেক (ময়মনসিংহ) এম এল আর ৭,১৬ এবং পিপিসি ১২৪ (ক)।

১৭। এ, কে, এম সামসুল হক (ময়মনসিংহ) এম এল আর ৭, ১৬ (ক)।

১৮। এম, এ কুদ্দুস (ময়মনসিংহ) এম এল আর ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।

১৯। গোলম মুর্শেদ ফারুক (ঢাকা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ৭,১২/৫,১৬ (ক)।

২০। মোঃ হাসেম (ঢাকা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ১৪,১৬ (ক)।

২১। মাসুদ আহমেদ চৌধুরী (সিলেট) এম এল আর ১৬ ক, এবং ৯।

২২। সৈয়দ সেরাজুল ইসলাম (কুমিল্লা) পিপিসি ৩০২/১০৯ এবং এম এল আর ১৬ ক।

২৩। লুতফুল হাই (কুমিল্লা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ৯,১৬ ক।
২৪। সৈয়দ ইমাদুল বারী (কুমিল্লা) এম এল আর ১৬ (ক), ৭।
২৫। আহমেদ আলী (কুমিল্লা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ১৬ (ক), ৭/৫।
২৬। কাজী আকবার উদ্দীন আহমদ (কুমিল্লা) এম এল আর ৯, পিপিসি ৩০২/১০৯ এবং এম এল আর ১৬ (ক)।
২৭। মোঃ গোলাম মহিউদ্দীন আহমেদ (কুমিল্লা) এম এল আর ৭, ১৬ (ক) ৯, এবং পিপিসি ৩০/৯।
২৮। আবদুর রশিদ (কুমিল্লা) এম এল আর ১৬ (ক)।
২৯। এ, আজিজ খান (কুমিল্লা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ৭, ১৬ (ক)।
৩০। আমীর হোসে এম এল আর ৭,৯,১৬ (ক) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ২৩।
৩১। মীর হোসেন চৌধুরী (কুমিল্লা) এম এল আর ৭,৯,১২,১৬ (ক) পিপিসি ৩০২/১০৯।
৩২। আবদুল আউয়াল (কুমিল্লা) এম এল আর ৯,১৬ (ক), ১৪, ১২, ৭।
৩৩। জালাল আহমদ (কুমিল্লা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ১২/৫, ১৪, ৯,১৬ (ক)।
৩৪। সিকান্দার আলী (কুমিল্লা)পিপিসি ৩০২/১০৯ এম এল আর ৭,৯,১৯,১৬ (ক)।
৩৫। আবদুল সাত্তার (কুমিল্লা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ১২, ১৬ (ক) ৯ ও ১৪।
৩৬। সাবেক ফ্লাইট লেঃ এ, বি ছিদ্দিক সরকার (কুমিল্লা) এম এল আর ৭,৯,১২/৫, ১৬ (ক)।
৩৭। সেরাজুল ইসলাম পাটওয়ারী (কুমিল্লা) এম এল আর ৭,৯,১৪,১৬ (ক), এবং পিপিসি ৩০২/১০৯।
৩৮। মোঃ রাজা মিয়া (কুমিল্লা) এম এল আর ৯,১২,১৬ (ক), এবং পিপিসি ৩০২/১০৯।
৩৯। আবদুল হাকিম চৌধুরী (সিলেট) এম এল আর ৭,১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।
৪০। সুরঞ্জিত সেনগুপ্ত (সিলেট) এম এল আর ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।
৪১। আজিজুর রহমান (সিলেট) এম এর আর ৯,১৬ (ক), এবং পিপিসি ১২৪ (ক)।
৪২। এনামুল হক (সিলেট) এম এল আর ৯, ১৬ (ক)।
৪৩। ডাঃ আবুল হাসেম (সিলেট) এম এর আর ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)
৪৪। গোপাল কৃষ্ণ মহারত্ন, এম এর আর ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।
৪৫। শেখ নিজামুর ইসলাম (টাঙ্গাইল) এম এল আর ৭ এবং ১৬ (ক)।
৪৬। বদিউজ্জামান খান (টাঙ্গাইল) এম এল আর ৭, ৯, ১২, ১৬ (ক)।
৪৭। এম, এ, বাসিত ছিদ্দিকী (টাঙ্গাইল) এম এল আর ১২/৫ এবং পিপিসি ১২৪ (ক)।
৪৮। এ, লতিফ ছিদ্দিকী (টাঙ্গাইল) এম এল আর ৭,১২,১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।
৪৯। মোঃ ইনসান আলী মোক্তার (টাঙ্গাইল) এম এল আর ২৫/৫ এবং পিপিসি ১২৪ (ক)।
৫০। সেতাব আলী খান (টাঙ্গাইল) এম এল আর ৭, ১২, ১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।
৫১। ফজলুর রহমান খানর (টাঙ্গাইল) এম এল আর ৭,১২,১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।
৫২। মোঃ সামসুদ্দীন আহমদ (টাঙ্গাইল) এম এল আর ৭, ১২, এবং পিপিসি ১২৪ (ক) ।
৫৩। আবদুর রইস (সিলেট) এস এল আর (ক) ৯,১৬ (ক) এবং পিপিসি ১২৪ (ক)।

৫৪। শমসের মিয়া চৌধুরী (সিলেট) এম এল আর ৭,১২,১৬ (ক)।
৫৫। মোঃ আবদুস জহুর (সিলেট) এম এল আর ১৬ (ক) ১২, ১৬ (ক)।
৫৬। মোঃ আবদুল লতিফ (সিলেট) এম এল আর ১২, পিপিসি ৩০২/১৪৯ এবং এম এল আর ৯, এবং ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।
৫৭। তাইমুস আলী (সিলেট) এম এল আর ১৬ (ক) ৯।
৫৮। নওয়াব আলী (সিলেট) এম এল আর ৯,১৬ (ক) ১২, পিপিসি ৩০২/১০৯।
৫৯। তাওয়াবুর রহিম (সিলেট) এম এল আর ৭,৯,১২ (ক)
৬০। আলতাফুর রহমান চৌধুরী (সিলেট) এম এল আর ৯,১৬ (ক) পিপিসি ৩০২/১০৯।

সেক্টর নং-২: নাটোর।

নিম্নলিখিত ১জন এম পি-কে ২নং সেক্টরে (নাটোর)- এর উপ সামরিক শাসনকর্তার সামনে হাজির হতে বলা হয়েছে:
১। মোঃ মোজাম্মেল হক (পাবনা) এম এল আর ৭,৯/৫,১৪, পিপিসি ১২৪ (ক) এবং ০২/১০৯।
২। মোঃ আবদুর রব (পাবনা) এম এল আর ৯, ১৬ (ক), এবং পিপিসি ৩০২/১০৯।

সেক্টর-৩: যশোর।

নবনির্বাচিত ৪৮ জন এবমপি এ-কে যশোরে ৩নং সেক্টরের উপ-সামরিক শাসনকর্তার দফতরে হাজির হতে হবেঃ
১। কাজী খাদেমত ইসলাম (যশোর) ১২,৭,৯ এবং ১৬ (ক) সামরিক বিধি এবং পিপিসি- র ৩০২/১০৯।
২। এ, বি, এম, গোলাম মজিদ (যশোর) এম এল আর ৭ও ৯ এবং পিপিসি ৩০২/১০৯।
৩। জে, কে এম, এ, আজিজ (যশোর) এম এল আর ৯,১৬ (ক), এবং ৩০২/১০৯ পিপিসি।
৪। মোঃ তবিবর রহমান সরকার (যশোর) এম এল আর ৭,৯,১৬ (ক)এবঙ পিপিসি ৩০২/১০৯।
৫। মোঃ আবুল ইসলাম (যশোর) এম এল আর ৭,৯,১৬ (ক) এবং পিপিসি ৩০২/১০৯।
৬। মোঃ নুরুল ইসলাম এ্যাডভোকেট (যশোর) এম এল আর ৭,৯,১৬ (ক) এবং পিপিসি ৩০২/১০৯।
৭। শাহ বদিউজ্জামান (যশোর) এম এল আর ৯, ১৬ (ক), এবং পিপিসি ৩০২/১০৯।
৮। এম, মোশাররফ হোসেন (যশোর) এম এল আর ৯+, ১২, ১৬ (ক) এবং ৩০২/১০৯, ১০৯ ও ১২৪ (ক) পিপিসি।
৯। আসাদুজ্জামান মোক্তার (যশোর) এম এল আর ৯, ১৬ (ক) এবং পিপিসি ৩০২/১০৯।
১০। সৈযদ আতর আলী (যশোর) এম এল আর ৯, ১৬ (ক), আবং পিপিসি ৩০২/১০৯।
১১। শহীদ আলী খান (যশোর) এম এল আর ৯, এবং ৩০২ পিপিসি।
১২। এস,এম মতিয়ার রহমান (যশোর) এম এল আর ৯,৭,১৬ (ক) এবং ৩০২/১০৯, ৩৭৬/১০৯ এবং ১২৪ (ক), পিপিসি।
১৩। কাজী হেদায়েত হোসেন (ফরিদপুর) এম এল আর ৭, ১২,১৬ (ক)।
১৪। গৌর চন্দ্র বালা (ফরিদপুর) এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।

১৫। ডাঃ আবতাবুদ্দীন মোল্লা (ফরিদপুর) এম এল আর ৭,১২,১৬ (ক)।

১৬। ইমামুদ্দীন আহমদ (ফরিদপুর) এম এল আর ৭,৯,১৬ (ক)।

১৭। আমীন উদ্দীন আহমদ (ফরিদপুর) এম এল আর ১৬ (ক) এবং ৩০২/১০৯ এবং ১২৪ (ক) পিপিসি।

১৮। কাজী আবদুর রশীদ এ্যাডভোকেট (ফরিদপুর) এম এল আর ৯, ১২, এবং ৩০২/১০৯, ১২৪ (ক) পিপিসি।

১৯। আখতার উদ্দীন মিয়া (ফরিদপুর) এম এল আর ৯,১২,৩০২/১০৯,১২৪ (ক) পিপিসি।

২০। সতীশ চন্দ্র হালদার (ফরিদপুর) এম এল আর ১৬ (ক) ৫,৯ এবং ৩০২/১০৯ ও ১২৪ (ক)।

২১। ইলিয়অস আহমেদ চৌধুরী (ফরিদপুর) এম এল আর ৫,৯ এবং পিপিসি ৩০২।

২২। আসমত আলী খান আইনজীবী (ফরিদপুর) এম এল আর ৭, ১৬ (ক), ২৫ 'খ' অঞ্চল, এম এল ও ১৩৩ এবং পিপিসি ১২৪ (ক)।

২৩। মোঃ মতিঅর রহমান (ফরিদপুর) এম এল আর ৯, ১৬ (ক) এবং পিপিসি ৩০২/১০৯, ৩৭৬/১৩৯।

২৪। মোঃ আলী আহমদ খান (ফরিদপুর) এম এল আর ৭,৯,১২ এবং পিপিসি ৩০২/১০৯, ১২৪ (ক)।

২৫। আবদুর রাজ্জাক (ফরিদপুর) পিপিসি ১২৪ (ক)।

২৬। ফনী মজুমদার (ফরিদপুর) এম এল আর ৭, ১৬, (ক), পিপিসি ৩০১/১০৯।

২৭। এ, কে, এম ইসমাইল মিয়া (বাকেরগঞ্জ) এম এল আর ৯,১৬ (ক), এবং পিপিসি ৩০২।

২৮। মোঃ আমীর হাসান ওরফে আমীর (বাকেরগঞ্জ) এম এল আর ৭,১২, ৯, ১২/৫, ১৬ (ক) এবং পিপিসি ৩০২/১০৯।

২৯। মোঃ ফজলুল হক (বাকেরগঞ্জ) এম এল আর ৯ ও পিপিসি ৩০২/১০৯।

৩০। সওগাতুল আলম (বাকেরগঞ্জ) এম এল আর ১২, ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।

৩১। মহিউদ্দিন আহমদ (বাকেরগঞ্জ) এম এল আর ৭,৯,১৬ (ক)।

৩২। আবদুল করিম সরদার (বাকেরগঞ্জ) এম এল আর ৭,৯,১৬ (ক) এবং পিপিসি ৩০২/১০৯।

৩৩। ক্ষীতিশ চন্দ্র মণ্ডল (বাকেরগঞ্জ) এম এল আর ৭, ৯ এবং পিপিসি ৩০২, ৩৭৬/১০৯,১২৪ (ক)।

৩৪। শেখ আলী আহমদ (খুলনা) এম এল আর ১৬ (ক), ৯ এবং পিপিসি ৩০২/১০৯, ৩৭৬,১২৪ (ক)।

৩৫। এ, রহমান শেখ (খুলনা) এম এল আর ৯, ১২/৫ এবং পিপিসি ৩০২/১০৯, ১২৪ (ক)।

৩৬। কুবের চন্দ্র বিশ্বাস (খুলনা) এম এল আর ১২,১৬ (ক), এবং পিপিসি ৩০২, ৩০২/১০৯, ১২৪ (ক)।

৩৭। এনায়েত আলী মানা (খূলনা) এম এল আর ৯, ১৬ (ক) পিপিসি ৩০২/১০৯।

৩৮। এস, এম আলাউদ্দীন (খুলনা) পিপিসি ৩০২/১০৯, এম এল আর ৯।

৩৯। সৈয়দ আবদুল হাসেম (পটুয়াখালী) এম এল আর ১৬ (ক), ৭,৯, এবং পিপিসি ১২৪ (ক)।

৪০। আবদুল আজিজ খন্দকার (পটুয়াখালী) এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।

৪১। আবুল বারেক (পটুয়াখালী) এম এল আর ১৬ (ক), পিপিসি ৩০২, এবং ১২৪ (ক)।

৪২। গোলাম কিবরিয়া (কুষ্টিয়া) এম এল আর ৭,১৬ (ক), এবং ৯, পিপিসি ৩৯২/১০৯।

৪৩। নুরুল হক (কুষ্টিয়া) হএম এল আর ৭,৯,১৬ (ক), পিপিসি ৩০২/১০৯।

৪৪। ডাঃ আসহাবুল হক (কুষ্টিয়া) এম এল আর ৭, ১৬ (ক), এবং পিপিসি ৩০২/১০৯, এবং ১২৪ (ক)।
৪৫। এন্নাস আলী (কুষ্টিয়া) এম এল আর ৭, ১৬ (ক), এবং পিপিসি ৩০২/১০৯ এবং ১২৪ (ক)
৪৬। জহুরুল হক (কুষ্টিয়া) এম এল আর ৭,৯ এবং পিপিসি ৩০২/১০৯,৩০২।
৪৭। আবদুর রউফ চৌধুরী। (কুষ্টিয়া) এম এল আর ৭,৯ এবং পিপিসি ৩০২/১০৯।
৪৮। আহসানুল্লাহ (কুষ্টিয়া) এম এল আর ১২/৫ এবং পিপিসি ১২৪ (ক)।

সেক্টর-৪ (চট্টগাম)

নিম্নলিখিত ১৬জন এমপিএকে ৪ নম্বর সেক্টরের (চট্টগ্রাম) এস এম এর এ- এর সামনে হাজির হতে হবেঃ

১। আবু নাসের চৌধুরী (নোয়াখালী): এম এল আর ৭, ৯/৫, ১৬ (ক), ও পিপিসি ৩০২/১০৯।
২। মাষ্টার রফিকুল্লাহ মিয়া (নোয়াখালী): এম এল আর ৯,৫,১৬ (ক), ও পিপিসি ৩০২/১০৯।
৩। নূরুল আহাদ চৌধুরী ওরফে কালু চৌধুরী (নোয়াখালী): এম এল আর ৯,৫, ও ১৬ (ক)।
৪। বিসমিল্লাহ মিয়া (নায়াখালী): এম এল আর ৯, এম এল আর ১৪,১৬ (ক), ও পিপিসি ৩০২/৯০১।
৫। মোঃ আবদুল মোহায়মেন (ঢাকা): এম এল আর ১৬ (ক), ও পিপিসি ৩০২/১০৯।
৬। শহীদুল্লাহ ইসকান্দার (নোয়াখালী): এম এল আর ৭,৯ ও ১৬ (ক), ও পিপিসি ৩০২/১০৯।
৭। সিরাজুল ইসলাম (নোয়াখালী): এম এল আর ১৬ (ক) ৯/৫, ১২ ও পিপিসি ৩০২/১০৯।
৮। মোশাররফ হোসেন (চট্টগ্রাম): এম এল আর ৭,৯,১৬ (ক) ও পিপিসি ৩০২/১০৯।
৯। মীর্জা আবু মনসুর (চট্টগ্রাম): এম এল আর ৯/৫, ৭, ১৬ (ক) ও পিপিসি ৩০২/১০৯।
১০। আবদুল ওয়াহাব (চট্টগ্রাম): এম এল আর ১৬ (ক), ২০ ও ১২/৫।
১১। জহুর আহমদ চৌধুরী (চট্টগ্রাম): এম এল আর ১৬ (ক) ২০ ও পিপিসি ৩০২/১০৯।
১২। ডাঃ এম, এ মান্নান (চট্টগ্রাম): এম এল আর ৯,১৬ (ক) ও পিপিসি ৩০২/১০৯।
১৩। ডাঃ বি, এম ফয়জুর রহমান (চট্টগ্রাম): এম এল আর ১৬ (ক) ও পিপিসি ৩০২/১০৯।
১৪। মোহাম্মদ উল্লাহ (চট্টগ্রাম): এম এল আর ৯/৫, ১২, ১৬ (ক) ও পিপিসি ৩০২/১০৯।
১৫। মৌলবী খয়ের উদ্দিন এম এ, এল-এল-বি, এ্যাডভোকেট (চট্টগ্রাম): এম এল আর ১৪, ৯/৫ ও ৭।
১৬। এ, বি, এম, তালেব আলী (চট্টগ্রাম): এম এল আর ৯, ৭, ১৬ (ক) ও পিপিসি ৩০২/১০৯।

সেক্টর -৬ (ঢাকা)

নিম্নোক্ত ১৯ জন এম পি এ-কে হোস্টেল ৬ নম্বর সেক্টরের এস এম এল এ-এর সামনে হাজির হতে বলা হয়েছে।

১। খোন্দকার মাজহারুল হক (ঢাকা): এম এল আর ৯ ও ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।
২। শাহ মোয়াচ্চেম হোসেন (ঢাকা): এম এল আর ৭,১২,১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।
৩। জামাল উদ্দিন চৌধুরী (ঢাকা): এম এল আর ১২,৯ পিপিসি ১২৪ (ক)।
৪। মো শামসুল হক মিয়া (ঢাকা): এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।
৫। আবু মোহাম্মদ সুবিদ আলী (ঢাকা): এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।
৬। হামিদুর রহমান (ঢাকা): এম এল আর ১২/৫, এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।

৭। মোহাম্মদ সিরাজুল ইসলাম (ঢাকা): এম এল আর ২৫, এইচ কিউ এম এল আর বি অর্ডার নং ১৩৩, এম এল আর ১৬ (ক), এম এল আর ৭।

৮। গাজী গোলাম মোস্তফা (ঢাকা): এম এল আর ১৬ (কা), পিপিসি ১২৪ (ক)।

৯। ডাঃ মোশাররফ হোসেন (ঢাকা): এম এল আর ১২/৫, পিপিসি ৩০২/১০৯ ও এম এল আর ৯।

১০। হেদায়েতুল ইসলাম (ঢাকা): এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।

১১। আবদুল হাকিম মাষ্টার (ঢাকা): এম এল আর ১৬ (ক), এম এল আর ১৪, এম এল আর ১৬ (ক), এম এল আর ৭।

১২। মোহাম্মদ আনোয়ার জঙ্গ (ঢাকা): এম এল আর ৯/৫, পিপিসি ৩০২/১০৯।

১৩। মোঃ মইজুদ্দীন (ঢাকা): এম এল আর ৯/৫, পিপিসি ৩০২/১০৯, ১২৪ (ক)।

১৪। গাজী ফজলুর রহমান (ঢাকা): এম এল আর ১৬ (ক), এম এল আর ৯/৫, এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।

১৫। রাজিউদ্দীন আহমদ (ঢাকা): এম এল আর ১৬ (ক), এম এল আর ৯/৫, পিপিসি ৩০২/১০৯, ১২৪ (ক)।

১৬। মুসলেহ উদ্দীন ভূঁইয়া (ঢাকা): এম এল আর ৯/৫, পিপিসি ৩০২/১০৯, এম এল আর ১২/৫, পিপিসি ১২৪ (ক)

১৭। মোঃ সাদত আলী সিকদার (ঢাকা): এম এল আর ১৬ (ক), পিপিসি ১২৪ (ক)।

১৮। মোঃ সাজিদ আলী মিয়া মোক্তার (ঢাকা): এম এল আর ২৫/'খ' অঞ্চলের এম এল ও নম্বর ১৩৩, পিপিসি ১২৪ (ক)

১৯। আফজল হোসেন (ঢাকা): এম এল আর ২৫/'খ' অঞ্চলের এম এল ও নম্বর ১৩৩, পিপিসি ১২৪ (ক)

শিরোনাম	সূত্র	তারিখ
১৭৯। অভিযুক্ত ই, পি, সি, এস, অফিসারদের সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হবার নির্দেশ	দৈনিক পাকিস্তান	৩ সেপ্টেম্বর, ১৯৭১

ই, পি, সি, এস, অফিসার

'খ' অঞ্চলের সামরিক শাসনকর্তা ৪৪ জন ই, পি, সি, এস অফিসারকে এম এল আর ২৫/'খ' অঞ্চলের সামরিক আইনের ১২০ নম্বর আদেশের অধীনে তাঁদের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের জবাবদানের জন্য আগামী ৮ই ও ৯ই সেপ্টেম্বর সকাল ৮টায় ৬ নম্বর সেক্টরের উপ-সামরিক প্রশাসকের কাছে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন। নির্দেশ মোতাবেক হাজির হতে ব্যর্থ হলে ৪০ নম্বর সামরিক বিধির অধীনে তাদের অনুপস্থিতিতেই বিচার করা হবে।

নিম্নোক্ত ৩৩ জন ই, পি, সি, এস অফিসারকে ৮ই সেপ্টেম্বর ঢাকা এম পি এ হোস্টেলে এস এম এল এ-র সামনে হাজির হতে হবে।

১। মোঃ আলতাব হোসেন খান, ইপিসিএস, পিতা আশরাফ আলী খান, গ্রাম- চকমোহনবাড়ী, পোঃ বাগবাটি, জেলা- পাবনা।

২। জিতেন্দ্রলাল চক্রবর্তী, ইপিসিএস, পিতা রাধা শ্যাম, গ্রাম- গুয়াতলা, পোঃ রহমগঞ্জ, জেলা- ফরিদপুর।

৩। আলতাব হোসেন, ইপিসিএস, পিতা মরহুম মৌঃ উমির উদ্দীন সরকার, গ্রাম ও পোঃ কমরজারি, জেলা- রংপুর।

৪। এ, কিউ, এম কামরুল হুদা, ইপিসিএস, পিতা-মরহুম ইশহাক উদ্দীন, ৩৬, জেল রোড, ময়মনসিংহ।

৫। মোঃ আবদুল মতিন সরকার, ইপিসিএস, পিতা- মরহুম সোলায়মান সরকার, গ্রাম-কৃষ্ণপুর, পোঃ তুলসীঘাট, থানা- পলাশবাড়ী, রংপুর।

৬। হেলাল উদ্দীন খান, ইপিসিএস, পিতা- মরহুম মোঃ আমর উদ্দীন খান, গ্রাম- ফুলবাড়ীয়া, পোঃ জিবান, জেলা- ময়মনসিংহ।

৭। মোঃ আবদুল লতিফ, ইপিসিএস, পিতা- মরহুম মৌঃ মোঃ আবদুর রশীদ, গ্রাম- হরিশংকরপুর, পোঃ পিরিজপুর, রাজশাহী।

৮। আবদুল হালিম, ইপিসিএস, পিতা মোঃ দরবেশ আলী মিয়া, গ্রাম- কাশিভদ্রবাড়ী, পোঃ ঘাটাইল, জেলা- টাঙ্গাইল।

৯। জিয়াউদ্দীন আহমদ, ইপিসিএস, পিতা এ, এস, এম মজহারুল হক, গ্রাম- আলী নগর, পোঃ মধ্যনগর, থানা- রায়পুরা, জেলা- টাঙ্গাইল।

১০। ক্ষিতিশ চন্দ্র কুণ্ড, ইপিসিএস, পিতা অন্নতা চরণ কুণ্ড, গ্রাম- শ্রীলতলা, পোঃ রামপাল, থানা- রামপাল, খুলনা।

১১। কাজী লুৎফল হক, ইপিসিএস, পিতা কাজী আজহার উদ্দীন আহমদ, গ্রাম ও পোঃ ষোলঘর, থানা- শ্রীনগর, জেলা- ঢাকা।

১২। মাখন চন্দ্র মাঝি, ইপিসিএস, পিতা মৃত শশীমোহন মাঝি, গ্রাম- ফুলবাড়ী, পোঃ ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা।

১৩। মোঃ মিজানুর রহমান, ইপিসিএস, পিতা আবদুর রহমান, গ্রাম- আলমপুর, পোঃ রাজগঞ্জ, নোয়াখালী।

১৪। আবদুল কাদের মুন্সী, ইপিসিএস, পিতা মরহুম আজহার ইয়াকুব আলী মুন্সী, গ্রাম-খন্তাকাটা, পোঃ শরণখোলা, খুলনা।

১৫। বিজেন্দ্র নাথ ব্যাপারী, ইপিসিএস, পিতা দীনবন্ধু ব্যাপারী, গ্রাম- ছোটহাজারী, পোঃ মীরখালী, বাকেরগঞ্জ।

১৬। মানিক লাল সমাদ্দার, ইপিসিএস, পিতা অমৃত লাল সমাদ্দার, গার্লস স্কুল রোড, পোঃ মাদারীপুর, ফরিদপুর।

১৭। আফতাবুদ্দীন, ইপিসিএস, পিতা তজীমুল আলী, সাগর নলটি এস্টেট, পোঃ সাগরনল, থানা- কুলাউড়া, সিলেট।

১৮। কাসানন্দ মোহন দাস, ইপিসিএস, পিতা মৃত ক্ষিরোদ চন্দ্র দাস, গ্রাম-দাউদপুর, পোঃ রেঙ্গা দাউদপুর, সিলেট।

১৯। অমিরাংশু সেন, ইপিসিএস, পিতা অমৃত চরণ সেন, গ্রাম- বরমচল টি স্টেট, পোঃ বারাসাত, সিলেট।

২০। মোহাম্মদ ইসহাক, ইপিসিএস, পিতা মরহুম বশির উদ্দীন, গ্রাম, পোঃ ও থানা- চট্টগ্রাম।

২১। মোঃ আবদুল আলী, ইপিসিএস, পিতা মোঃ ওয়াহেদ মিয়া, গ্রাম- বালিয়াকান্দী, পোঃ উজানী, ফরিদপুর।

২২। এ, কে, এম রুহুল আমীন, ইপিসিএস, পিতা মৌঃ আবদুল লতিফ, গ্রাম- সাউথ বালিয়া, পোঃ গোবিন্দিয়া, থানা- চাঁদপুর, কুমিল্লা।

২৩। ইয়াকুব শরীফ, ইপিসিএস, পিতা মরহুম মুন্সী ইয়াসিন হাওলাদার, গ্রাম- বাগদিয়া, পোঃ কলসকাটি, বাখরগঞ্জ।

২৪। চিত্তরঞ্জন চাকমা, ইপিসিএস, পিতা যোগেন্দ্র লাল পরবাড়ী, গ্রাম- দুলুছড়ি, পোঃ বাবুছড়া বাজার, থানা- হাটহাজারী, চট্টগ্রাম।

২৫। প্রিয়দা রঞ্জন দাস, ইপিসিএস, পিতা যোগেন্দ্র লাল দাস, গ্রাম- ধলাই, পোঃ কাটিরহাট, থানা- হাটহাজারী, চট্টগ্রাম।

২৬। জ্ঞানরঞ্জন সাহা, ইপিসিএস, পিতা তারক চন্দ্র শাহা, গ্রাম, পোঃ ও থানা- উজিরপুর, বরিশাল।

২৭। অমরেন্দু মজুমদার, ইপিসিএস, পিতা তরুণী কুমার, গ্রাম- চর আমানুল্লাহ, পোঃ দাসের হাট, থানা- হাতিয়া, নোয়াখালী।

২৮। গোলাম আকবর, ইপিসিএস, পিতা মরহুম মৌঃ আনোয়ারুল হক, ৩৪, পিটার রোড, খানপুর, পোঃ নারায়ণগঞ্জ, ঢাকা।

২৯। বিবেকানন্দ মজুমদার, ইপিসিএস, পিতা ব্রজকান্ত মজুমদার, মিঠাখালী, পোঃ মঠবাড়ীয়া, বরিশাল।

৩০। দীপক কুমার সাহা, ইপিসিএস, পিতা মনোমোহন সাহা, গ্রাম- সাতবাড়িয়া, পোঃ ও থানা- সাতবাড়িয়া, পাবনা।

৩১। সবীর কুমার সাহা, ইপিসিএস, পিতা-সুধীর চন্দ্র, গ্রাম ও পোঃ বাথি, থানা-গৌরনদী, বরিশাল।

৩২। অনিলচন্দ্র সিংহ, ইপিসিএস, পিতা-মৃত উমেশ চন্দ্র সিংহ, গ্রাম-করিয়াবাসা, পোঃ-মুন্সিরহাট, থানা- হালুয়াঘাট, ময়মনসিংহ।

৩৩। আবদুল লতিফ ভূঁইয়া, ইপিসিএস, পিতা-মরহুম উমর আলী ভূঁইয়া, গ্রা-মনোহরপুর, থানা-বড়ুয়া, পোঃ আডডা, কুমিল্লা।

নিম্নলিখিত অবশিষ্ট ১১ জন ইপিসিএস অফিসারকে আগামী ৯ই সেপ্টেম্বর এস এম এল এ- এমপিএ হোষ্টেলে, সেক্টর ৬ নম্বর-এ হাজির হতে হবেঃ

১। এইচ, এম, আব্দুল হাই, ইপিসিএস, (৩৪৩), অব রাজশাহী।

২। মোহাম্মদ আতানত উল্লাহ, ইপিসিএস, (১৮৮), অব ঢাক।

৩। রিয়াজুর রহমান, ইপিসিএস, (৩০২), অব মালদহ (পশ্চিমবঙ্গ)।

৪। এ, এফ, এম রমিজ উদ্দীন, ইপিসিএস, (২০৮) অব ঢাকা।

৫। জ্যোতি বিনোদ দাস, ইপিসিএস, (৪০৪) অব নোয়াখালী।

৬। আজিজুর রহমান, ইপিসিএস, (৫৬৫), গ্রাম-লক্ষ্মীপুর, পোঃ+জেলা-রাজশাহী।

৭। বিভূতি ভূষণ বিশ্বাস, ইপিসিএস, (১৯৯) অব ফরিদপুর।

৮। জিতেন্দ্রলাল দাস, ইপিসিএস, (৩৮৩) অব সিলেট।

৯। খান আমীর আলী, ইপিসিএস, (৬১৪) গ্রাম-মাটিভাঙ্গা, বরিশাল।

১০। যোগেশ চন্দ্র ভৌমিক, ইপিসিএস, (২১৫), ১১/১ শেখ সাহেব বাজার, ঢাকা-২ (হোম ডিষ্ট্রিক্ট-কুমিল্লা)।

১১। জহিরুল ইলসাম ভূঁইয়া, ইপিসিএস, (১৪৪) অব ঢাকা।

শিরোনাম	সূত্র	তারিখ
১৮০। বিধবাদের নিকট পরিত্যক্ত বাড়ীঘর বন্দোবস্ত দেয়ার সরকারী ঘোষণা	সরকারী দলিলপত্র জনসংযোগ বিভাগ, দিনাজপুর	৩ সেপ্টেম্বর, ১৯৭১

বিধবাদের জন্য বিশেষ ঘোষণা

(১) পরিত্যক্ত বাড়ীঘর ইত্যাদি সম্পত্তি বিধবাদের নিকট বন্দোবস্ত দেওয়ার জন্য বিধবাদের নিকট হইতে দরখাস্ত চাওয়া যাইতেছে।

সবুজ রংয়ের দরখাস্তের ফরম আনজুমানে মোহাজেরিনের অফিস ও টাউন হলের নিকট অবস্থিত শান্তি কমিটির অফিস হইতে আগামীকল্য হইতে পাওয়া যাইবে।

শান্তি কমিটি ও রিলিফ কমিটির মেম্বারগণকে এবং সমস্ত সমাজ কর্মীগণকে বিধবাদের উক্ত ফরম পূরণ করিতে সাহায্য করার জন্য অনুরোধ করা যাইতেছে। ফরম পূরণ করিয়া আগামী ১০ই সেপ্টেম্বরের মধ্যে ডি, সি সাহেবের অফিসে দাখিল করিতে হইবে।

(২) বিনা অনুমতিতে সরকারী, মিউনিসিপ্যালিটি, কিংবা কোন প্রাইভেট ব্যক্তির জমির উপর কোন প্রকার ঘর কিংবা বাড়ী উঠান নিষিদ্ধ। ঐ সমস্ত ব্যক্তিকে মার্শাল ল-রেগুলেশনের অধীন বিচার করা হইবে। আগামী ৮ই সেপ্টেম্বরের মধ্যে ঐ সমস্ত বেআইনীভাবে উঠান ঘরবাড়ী ভাঙ্গিয়া ফেলা হইবে ও বাড়ী তৈয়ারীর জিনিসপত্র বায়েজাপ্ত করা হইবে।

প্রত্যহ রাত ১১টা হইতে সকাল ৪টা পর্যন্ত কারফিউ বলবৎ থাকিবে। উক্ত সময়ের মধ্যে কাহাকেও ঘরের বাহিরে কিংবা রাস্তায় পাওয়া গেলে গুলি করা হইবে।

By order
M.L. Administrator
Dinajpur
3.9.1971

শিরোনাম	সূত্র	তারিখ
১৮১। ছাত্র উপস্থিতির দৈনিক রিপোর্ট প্রেরণ সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন বিভাগের আরো একটি জরুরী চিঠি	ঢাকা বিশ্ববিদ্যালয়ের দলিলপত্র; উদ্ধৃতঃ এক্সপেরিয়েন্স-প্রাগুক্ত	৩ সেপ্টেম্বর, ১৯৭১

No. B/6018-53 VERY URGENT/EXPRESS

OFFICE OF THE REGISTRAR

3RD REMINDER

UNIVERSITY OF
DACCA
DACCA-2.
Dated, the 3rd Sept. 1971.

To

All Heads of the Deptts.

The Directors of Institues

Dacca University.

Sub: Student's attendance.

Dear Sir,

In inviting your attention to this office letter No. C/73819 dated the 2nd June, 1971 and subsequent reminders No. 2400-440 dated 2nd August, 1971 and No-3054-95 dated the 6th August, 1971, on the above subject. I am to inform you that the daily report of the students' attendance from some of the Departments are not being received in this office even by the noon of the following day.

I am, therefore, to request you to kindly send the report to this office by 10 A.M. positively on the following day in order to enable this office to forward the consolidated report to the Govt. in time.

Your faithfully,
Sd/Illegible.
Registrar.
3.9.71.

শিরোনাম	সূত্র	তারিখ
১৮২। গভর্নর হিসেবে ডাঃ এ, এম মালিকের শপথ গ্রহণ।	পাক সমাচার, ১১ সেপ্টেম্বর ১৯৭১	৩ সেপ্টেম্বর, ১৯৭১

নয়া গভর্নর হিসেবে
ডাঃ এ, এম মালিকের শপথ গ্রহণ

পূর্ব পাকিস্তানের নয়া গভর্নর ডাঃ এ, এম মালিক গত ৩রা সেপ্টেম্বর বিকেলে গভর্নর ভবনের দরবার কক্ষে এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে শপথ গ্রহণ করেন। পূর্ব পাকিস্তানের প্রধান বিচারপতি জনাব বি, এ সিদ্দিকী গভর্নরকে শপথ গ্রহণ করান।

শপথ গ্রহণের পর গভর্নর ডাঃ এ, এম মালিক এক সংক্ষিপ্ত ভাষণে প্রদেশের প্রশাসনের দায়িত্ব পালনে পরম করুণাময় আল্লাহ তায়ালার আর্শীবাদ ও বন্ধু-বান্ধবদের সহযোগিতা কামনা করেন।

তিনি বলেন আজকের এই দিনে পাকিস্তানের বিশেষ করে পাকিস্তানের সংকটময় মুর্হুতে প্রদেশের প্রশাসনের গুরুদায়িত্ব গ্রহণ করেছি। একমাত্র আল্লাহর অনুগ্রহে ও সকল বন্ধু-বান্ধবদের সহযোগিতায় এই দায়িত্ব পালনের জন্য আমি চেষ্টা করব।

তাঁকে ও জাতিকে সঠিক পথে পরিচালনার জন্য আল্লাহর নিকট দোয়া করার জন্য তিনি জনগণের প্রতি আহ্বান জানান এবং তিনি এ ব্যাপারে আল্লাহর সাহায্য প্রার্থনা করেন।

সংক্ষিপ্ত ভাষণের পর গভর্ণর সেনাবাহিনীর গার্ড অব অনার গ্রহণ করেন। খ অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ এ, কে নিয়াজীসহ উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক অফিসারগণ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অনুষ্ঠান অত্যন্ত জনাকীর্ণ ছিল। সমাজের সকল স্তরের বিশিষ্ট ব্যক্তিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এদের মধ্যে প্রদেশের দু'জন সাবেক গভর্ণর ছিলেন। এরা হলেন জনাব সুলতানউদ্দীন আহমদ ও জনাব আবদুল মোনায়েম খান।

অন্যান্যদের মধ্যে অধ্যাপক গোলাম আজম, জনাব আবদুল কাসেম, জনাব ফজলুল কাদের চৌধুরী, জনাব খান এ, সবুর, জনাব শামসুল হুদা, জনাব ইউসুফ আলী চৌধুরী, জনাব এ, এস, এম সোলায়মান, জনাব আবদুল জব্বার খান, পীর মোহসেনুদ্দিন, আনোয়ারুল হক, জনাব হাফিজুদ্দীন, জনাব দোহা, জনাব খান, পীর মোহসেনুদ্দিন, আনোয়ারুল হক, জনাব হাফিজুদ্দিন,জনাব দোহা, জনাব কিউ এম রহমান, নওয়াব হাসান আসকারী, জনাব এম.এম ইস্পাহানী বিচারপতি জনাব আমিন আহমদ এবং বিদেশী কূটনৈতিক মিশনের বিচারপতি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, লেখকগণও উপস্থিত ছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৮৩। লেঃ জেঃ নিয়াজীর 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসকের দায়িত্ব গ্রহণ	দৈনিক পাকিস্তান	৪ সেপ্টেম্বর, ১৯৭১

নিয়াজীর নয়া দায়িত্বভার গ্রহণ

পূর্বঞ্চলীয় কমাণ্ডের কমাণ্ডার লেফটেন্যান্ট জেনারেল এ, এ, কে নিয়াজী গতকাল শুক্রবার খ অঞ্চলের সামরিক আইন প্রশাসকের দায়িত্বভার গ্রহণ করেন। তিনি লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খানের স্থলাভিষিক্ত হয়েছেন।

এপিপি পরিবেশিত এই খবরে আরো বলা হয়েছে যে, মেজর জেনারেল রহিম খান গতকাল 'খ' অঞ্চলের সহকারী সামরিক আইন প্রশাসকের দায়িত্ব গ্রহণ করেছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৮৪। গতিবিধি ও নিলাম সম্পর্কিত একটি সরকারী ঘোষণা	সরকারী দলিলপত্রঃ জনসংযোগ বিভাগ, দিনাজপুর	৪ সেপ্টেম্বর, ১৯৭১

(১) সর্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে, যাহারা বাহির হইতে দিনাজপুর টাউনে আসিতেছেন তাহারা যেন জেলা শান্তি কমিটির নিকট তাহাদের আগমনের কথা রিপোর্ট করেন।

(২) আগামী ৯ই সেপ্টেম্বর সকাল ১০-৩০ মিনিটে নিম্নলিখিত জিনিসগুলি অষ্ট্রেলেশিয়া ব্যাঙ্কের সম্মুখে অবস্থিত ১ নং রিলিফ গোডাউনের সম্মখে প্রকাশ্যে নিলাম বিক্রয় হইবে।

সুপারি, বার্নিশ ও রং, হাইড্রো-সালফাইড, চিনা পাউডার, প্যাকিং কাগজ, দড়ি, পাথর, নানা প্রকার জুতা, বস্তা, খালি বাক্স, ফ্যান বেল্ট, ঝুড়ি, সাইকেলের মার্ডগার্ড, কড়াই, ২.৫ সের ওজন করার পাথর, এক রোল সি, আই, সিট পলিথিন পেপার, ড্রাম, তেলের কালি টীন, লেমন ক্রোম, তক্তা, উডেন প্লেস্ক।

(১) পরিত্যক্ত বাড়ীঘর ইত্যাদি সম্পত্তি বিধবাদের নিকট হইতে দরখাস্ত চাওয়া যাইতেছে।

সবুজ রংয়ের দরখাস্তের ফরম আনজুমানে মোহাজেরিনের অফিস ও টাউন হলের নিকট অবস্থিত শান্তি কমিটির অফিসে পাওয়া যাইবে। শান্তি কমিটি ও রিলিফ কমিটির মেম্বারগণকে এবং সমস্ত সমাজকর্মীগণকে বিধবাদের উক্ত ফরম পূরণ করিতে সাহায্য করার জন্য অনুরোধ করা যাইতেছে। ফরম পূরণ করিয়া আগামী ১০ই সেপ্টেম্বরের মধ্যে ডি, সি সাহেবের অফিসে দাখিল করিতে হইবে।

(৪) প্রত্যহ রাত ১১টা হইতে সকাল ৪টা পর্যন্ত কারফিউ বলবৎ থাকিবে।

By order
M.L. Administrator
Dinajpur
4.9.71.

শিরোনাম	সূত্র	তারিখ
১৮৫। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে ছাত্র অনুপস্থিতি সম্পর্কিত শিক্ষা বিভাগ-এর একটি সার্কুলার	সরকারী দলিলপত্রঃ উদ্ধৃত; এক্সপেরিয়েন্স -প্রাগুক্ত	৭ সেপ্টেম্বর, ১৯৭১

Government of East Pakistan
Education Department, Dacca.
Dated the 7th September, 1971
No. G/10-13/71 890-Edn.

CIRCULAR

Sub: Attendance in schools, colleges, universities etc.

In has come to the notice of Government that apart from the circulation of baseless rumours by anti-state elements, some teachers are directly or indirectly discouraging students from attending the classes. In certain cases the conduct of the staff of the edcucational institution is a major factor for low attendance. The heads of institutions should ensure that all the members of staff under them perform their duties properly and loyally. They should also see to it that the teachers positively encourage the students to attend clssesd and create confidence in them and also explain to them that the rumourmongers are no friend of theirs and they should attend their classes in their own interest.

2. It has also been observed that various sorts of posters dissuading the students and teachers to attend classes are pasted on the walls of the institutions by anti-state elements. This also happens with the connivance of the staff of the institution. The heads of the institutions should be directed to ensure that the institution premises are not used for sticking or pasting posters of any kind. They should also be asked to take steps to issue Identity Cards to students with their photographs pasted therein so that there can be produced in case of necessity.

Sd./-Ilegible,
7.9.1971
Deputy Secretary.

শিরোনাম	সূত্র	তারিখ
১৮৬। 'চাপিয়ে দেয়া হলে আক্রমনকারীর ভূখণ্ডেই যুদ্ধ হবে' নিয়াজী	দৈনিক পাকিস্তান	৯ সেপ্টেম্বর, ১৯৭১

প্রদেশের উত্তর-পশ্চিমাঞ্চলে জেঃ নিয়াজী চাপিয়ে দেওয়া হলে আক্রমণকারীর ভূখণ্ডেই যুদ্ধ হবে

এপিপির এক খবরে প্রকাশ, ইষ্টার্ণ কমাণ্ডের কমাণ্ডার ও 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এ, এ, কে নিয়াজী গতকাল বুধবার প্রদেশের উত্তর-পশ্চিমাঞ্চলে সফরকালে জনগণের প্রতি এই মর্মে আশ্বাস দেন যে, আমাদের উপর চাপিয়ে দেওয়া হলে আক্রমণকারীর ভূখণ্ডে যুদ্ধ করার মতো যথেষ্ট শক্তি পূর্ব পাকিস্তানে অবস্থিত সমগ্র বাহিনীর রয়েছে।

তিনি জনগণের প্রতি প্রদেশ থেকে ভারতীয় চর ও রাষ্ট্রবিরোধী ব্যক্তিদের উৎখাতে দেশপ্রেমিক হিসেবে তাদের ভূমিকা অব্যাহত রাখার উপদেশ দেন। জেনারেল নিয়াজী এক দিনের জন্য পাবনা, রাজশাহী ও বগুড়া জেলা সফর করেন। সফরকালে জিওসি তাঁর সাথে ছিলেন।

জেনারেল নিয়াজী সেনাবাহিনীর একখানি হেলিকপ্টারে সফর করেন। প্রথমে তিনি নাটোরে অবতরণ করেন। স্থানীয় কমাণ্ডার তাঁকে জানান যে, সদা জাগ্রত সৈন্যরা আক্রমণের সম্ভাবনার সকল পথ বন্ধ করে দিয়েছে এবং এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণাধীন রয়েছে।

স্থানীয় কমাণ্ডার জানান যে, কিছুসংখ্যক ভারতীয় চর মাঝে মাঝে পাট চলাচল ব্যাহত করার চেষ্টা করছে। কিন্তু রাজাকার ও স্থানীয় জনসাধারণ তাদের সকল প্রচেষ্টা ব্যর্থ করে দিয়েছে। স্থানীয় কমাণ্ডার আরো জানান যে, ভারতীয় চরেরা, কয়েকবার পাটের চোরাচালান করে ভারতে নিয়ে যাবার চেষ্টা করে। কিন্তু তা ব্যর্থ করে দেয়া হয়। মহাদেবপুরে (রাজশাহী) জেঃ নিয়াজী শিক্ষারত রাজাকারদের দেখেন।

তিনি তাদের গুলি চালনা অনুশীলনও পর্যবেক্ষণ করেন। একই এলাকায় তিনি স্বাভাবিক ট্রেনিংরত সৈন্যদেরও দেখেন। মহাদেবপুর থেকে জেনারেল নিয়াজী বগুড়া জেলার সীমান্ত এলাকায় যান। সেখানে তিনি প্রতিরক্ষায় নিয়োজিত সৈন্যদের পরিদর্শন করেন। তিনি কয়েকটি স্থানে প্রতিরক্ষা ব্যবস্থা উন্নত করার নির্দেশ দেন, যাতে দুশমনেরা কোন রকম সুযোগ নিতে না পারে।

সীমান্ত এলাকায় একটি জীপে সফর করার সময় তিনি জনসাধারণকে স্বেচ্ছায় সাম্প্রতিক বর্ষায় ক্ষতিগ্রস্ত সড়ক ও বাঁধ মেরামত করতে দেখেন। তিনি তাদের আস্থা ও মনোবল দেখে মুগ্ধ হন। জেনারেলের যাবার পথে জনগণ হর্ষধ্বনি করে তাকে স্বাগত জানায় ও বিভিন্ন দেশাত্মবোধক শ্লোগান তুলে। তিনি প্রতিটি স্থানে গাড়ী থামিয়ে জনগণের সাথে করমর্দন করেন এবং তাদের খোঁজ খবর নেন।

তাদের সবাইকে সুখী ও প্রফুল্ল দেখা যায়। এর পরে জেনারেল নিয়াজী বন্যা-উপদ্রুত পাবনা জেলায় সফরে যান। পাবনা শহরে তিনি স্থানীয় কর্মকর্তাদের সাথে রিলিফের ব্যবস্থা নিয়ে আলোচনা করেন। বন্যা পরিস্থিতির বেশ উন্নতি হয়েছে ও রিলিফের কাজ সন্তোষজনকভাবে চলছে বলে তাঁকে জানানো হয়। স্থানীয় কর্মকর্তারা তাঁকে জানান যে, প্রথম দিকে কিছু কিছু লোক কলেরায় আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেলেও সময়োচিত ব্যবস্থা নিবার দরুন কলেরা আর মহামারী আকারে দেখা দিতে পারেনি।

জেনারেল নিয়াজী পাবনা বাজারের মধ্য দিয়ে মোটরগাড়ী চালিয়ে যান। তিনি বাজারে সম্পূর্ণ স্বাভাবিকবাবে কাজকর্ম চলতে দেখেন। সফরকালে বিভিন্ন স্থানে জেনারেল নিয়াজ সৈন্যদের সাথে ঘরোয়াভাবে আলোচনা করেন এবং তাদের উচ্চ মনোবল দেখতে পান। তিনি মহাদেবপুর ও পাবনায় শান্তি কমিটির সদস্যদের উদ্দেশ্যে ভাষণ দেন।

সশস্ত্র বাহিনী আক্রমণকারীকে হটিয়ে দেয়ার জন্য সম্পূর্ণ প্রস্তুত বলে তিনি তাদের আশ্বাস দেন। কিন্তু আভ্যন্তরীণ ক্ষেত্রে সেনাবাহিনী অনিচ্ছা সত্ত্বেও দুষ্কৃতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হচ্ছে। কারণ তাদের মৃত্যুর অর্থ হচ্ছে পূর্ব পাকিস্তানে বিধবা ও এতিমের সংখ্যা বৃদ্ধি।

সেতু উড়িয়ে দেয়, পাইলনে বিস্ফোরণ কিংবা রেল লাইন তুলে ফেলা নিজের ঘর ধ্বংস করারই সামিল এবং এইগুলি বিপথগামী লোকদের বলার জন্যই তিনি শান্তিকমিটির সদস্যদের উপদেশ দেন। তিনি বলেন যে, এই বিপথগামী লোকেরা বাস্তবিক পক্ষে এই দেশেরই সন্তান এবং এ দেশটিও তাদের। তাই যদি খাদ্য সরবরাহ চোরাচালান করা হয় বা প্রদেশের মশ্যে তার চলাচলে বাধা দেয়া হয় তাহলে এর জন্য সাধারণ মানুষ দুর্ভোগ পোহাবে।

জেনারেল পরাধীন জাতির দুর্দশার বর্ণনা দিয়ে আজাদী পূর্বকালে মুসলমানগণ যে দুঃখ-দুর্দশায় দিন যাপন করেন, তা স্মরণ করিয়ে দেন। তিনি বলেন যে, আমাদের সন্তানদের হিন্দুদের অধীনে যেতে দিব না। আমরা আমাদের মা-বোনদের তাদের দয়ার উপর ছেড়ে দিব না। জেনারেল নিয়াজী ইসলাম ও পাকিস্তানের দুশমনদের মোকাবিলার জন্য ঐক্যবদ্ধ হওয়ার উপদেশ দেন।

তিনি মুসলমানদের ইহিতাসের উদ্ধৃতি দিয়ে বলেন যে, আমাদের প্রতিপক্ষ শ্রেষ্ঠ হয়েও আমাদের কখনো পরাজিত করতে পারেনি। তিনি বলেন যে, শুধু দেশদ্রোহীরা আমাদের ঐক্যকে ফাটল ধরানো জন্য কয়েকটি যুদ্ধে আমাদের পরাজয়বরণ করতে হয়।

তিনি এইসব দেশদ্রোহী সম্পর্কে সজাগ থাকার জন্যে ও তাদের নির্মূল করার কাজে কর্তৃপক্ষকে সাহায্য করার জন্য জনসাধারণের প্রতি উপদেশ দেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৮৭। সামরিক সরকারের বেসামরিক গভর্ণর ডাঃ এ, এম মালিকের বেতার ভাষণ	সরকারী প্রচার পুস্তিকা-পূর্ব পাক সরকারের তথ্যবিভাগ	১৪ সেপ্টেম্বর, ১৯৭১

বেতার ভাষণ
১৪ সেপ্টেম্বর, ১৯৭১

ডাঃ আবদুল মোতালেব মালিক, এইচ কিউ এ
গভর্ণর, পূর্ব পাকিস্তান

আমার প্রিয় দেশবাসীগণ,

জনগণ কর্তৃক নির্বচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের উদ্যোগ শুরু করার উদ্দেশ্যে প্রেসিডেন্ট আমাকে এই প্রদেশের তত্ত্বাবধায়ক সরকারের প্রধান নিযুক্ত করেছেন। গভর্ণর হিসেনে আমার একটি মন্ত্রী পরিয়দ থাকবে। আল্লাহতায়ালা আমাদের কঠিন পরীক্ষার সম্মুখীন করেছেন। প্রদেশের অভ্যন্তরে ও বহিঃশত্রু থেকে ধ্বংসাত্মক কার্যকলাপ ও হুমকি প্রদেশের শান্তির বিঘ্ন ঘটিয়েছে এবং অর্থনীতির ক্ষতি সাধন করেছে। আমার জীবনের সায়াহ্নে এই গুরুদায়িত্ব আমি শুধু এই জন্যই তুলে নিয়েছি যাতে যে দেশের প্রতিষ্ঠা ও সংহতির জন্য আমারও ক্ষুদ্র অবদান ছিল, সেই দেশে শান্তি প্রতিষ্ঠা ও পুনর্গঠনের কাজে যথাসাধ্য শক্তি নিয়োগ করতে আমি যেন পিছপা না হই।

প্রিয় দেশবাসীগণ, আমি আপনাদের সাহায্য ও সহযোগিতা কামনা করছি এই জন্য, যাতে প্রদেশে শান্তি ফিরিয়ে আনা যায়, যাতে করে আমরা এমন এক মুক্ত সমাজ গড়ে তুলতে পারি যেখানে বিভিন্ন সমস্যা, আলাপ-আলোচনারা মাধ্যমে সমাধান করা হবে, শক্তি প্রয়োগের মাধ্যমে নয়; যেখানে জনসাধারণ ও দলসমূহ পরস্পরের সঙ্গে মতানৈক্য থাকা সত্ত্বেও একই দেশের শান্তিপ্রিয় নাগরিক হিসেবে একত্রে বসবাস করতে পারবেন। যে অন্ধ বিদ্বেষ আমাদের বর্তমান দুর্দশার জন্য দায়ী, আসুন আমরা তা পেছনে ফেলে রেখে নূতন যাত্রা শুরু করি। এই যাত্রা পথকে সহজ ও সুগম করার উদ্দেশ্যে প্রেসিডেন্ট ইতিমধ্যেই সাধারণ ক্ষমা ঘোষণা করেছেন। এর পূর্ণ সুযোগ এখন আমাদের গ্রহণ করতে হবে। সকল ভীতি, সন্দেহ ও তিক্ততা দূর করে পরস্পরের সঙ্গে হাত মিলাবার দায়িত্ব আমাদেরই।

আমার প্রিয় ভাই-বোনেরা, প্রদেশের সামাজিক ও অর্থনৈতিক পুনর্গঠনে উদ্যোগী হওয়ার জন্য আমি আপনাদের সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। আমাদের নিজেদের স্বার্থেই এটা প্রয়োজন। আমি আবারও বলছি, আমাদের নিজেদের স্বার্থেই এটা প্রয়োজন। এ সময় পরস্পরকে দোষারোপ করা, কারো ঘাড়ে দোষ চাপিয়ে দেওয়া কিংবা মনে ক্ষোভ পোষণ করার সময় নয়। এখন অতীতের সমস্ত দোষ ও অভিযোগ বিস্মৃত হয়ে পুনর্গঠনের কাজে সবাইকে সামিল হতে হবে, যাতে জাতি আবার শান্তি ও উন্নতির পথে অগ্রসর হতে পারে।

আজকের যুবক শ্রেণী তো জানে না যে, নূতন এক জাতির বাসভূমি আমাদের এই পাকিস্তানকে বাস্তবে রুপায়িত করার জন্য আমাদের কত পরিশ্রম করতে হয়েছে, কত ত্যাগ স্বীকার করতে হয়েছে। যখন অবিভক্ত ভারতে আমরা বুঝতে পারলাম যে, আমাদের অস্তিত্বই বিপন্ন হয়ে পড়েছে, তখন আমরা একটা পৃথক আবাসভূমি দাবী করতে বাধ্য হলাম। এই কাজ সহজসাধ্য ছিল না। সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে আমাদেরকে পদানত করে রাখাই শোষকদের গূঢ় অভিসন্ধি ছিল। আমাদের শত্রুরা আমাদের চেয়ে অনেক বেশী সঙ্ঘবন্ধ ছিল। এমনকি নূতন ও প্রাণবন্ত এই রাষ্ট্র গঠিত হওয়ার পরও তারা আমাদের উন্নতির পথে বিঘ্ন সৃষ্টি করার

প্রাণপণ চেষ্টা করেছে। সবচেয়ে মৌলিক কথা হচ্ছে এই যে, আমাদের শত্রুরা পাকিস্তানের অস্তিত্বই স্বীকার করতে চায়নি। যা হোক আমরা কিছুতেই আমাদের মাতৃভূমিকে আন্তর্জাতিক ক্ষমতার দ্বন্দ্বে দাবার গুটি হিসেবে ব্যবহৃত হতে দেব না। আবার যারা নিজেদের রাজনৈতিক স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে আমাদেরকে ব্যবহার করতে চায়, তাদের কাছে আমাদের অস্তিত্বকে বিকিয়ে দিতে অথবা অর্থনীতিকে বন্ধক দিতে আমরা রাজী নই। শত্রুর হাতে আমরা ক্রীড়নক হতে চাই না। তাই আমরা এমন কিছু করব না যা কিনা জাতীয় আত্মহত্যার সামিল হবে। অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের যেসব যুবক সীমান্তের ওপারে চলে গিয়েছেন, তাদের এখন ফিরে আসা উচিৎ। এটা তাদেরই দেশ এবং একে পুনর্গঠন করার দায়িত্ব তাদেরই। আমি তাদের ফিরে আসার জন্য আহ্বান জানাচ্ছি। আমি তাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই যে, সাধারণ ক্ষমা ঘোষণা করা হয়েছে তাই স্বদেশে প্রত্যাবর্তন করলে তাদের কোন ক্ষতির আশংকা নাই। তাদের প্রত্যাবর্তনে বাধাদানের উদ্দেশ্যে যে সকল মিথ্যা প্রচারণা চালানো হচ্ছে এবং উদ্দেশ্যপ্রণোদিত মিথ্যা গুজব রটনা করা হচ্ছে তাতে যেন তারা কর্ণপাত না করেন। এটা অত্যন্ত দুঃখের কথা যে, আমাদের বাস্তুত্যাগীদের প্রতি সহৃদয় ব্যবহার ও সমবেদনা প্রকাশ না করে, বিদেশ থেকে অর্থ সাহায্য লাভের উদ্দেশ্যে তাদের ব্যবহার করা হচ্ছে এবং ক্ষুদ্র স্বার্থসিদ্ধির তাগিদে তাদের সংখ্যাও অনেক বাড়িয়ে বলা হচ্ছে। সর্বোপরি যারা পাকিস্তানকে ধ্বংস করতে চায়, তাদের রাজনৈতিক গুটি হিসেবে বাস্তুত্যাগীদের ব্যবহার করা হচ্ছে। তাদের স্বদেশ প্রত্যাবর্তনের পথে তাই নানাবিধ বাধার সৃষ্টি করা হচ্ছে।

আপনারা জানেন যে, সাধারণ ক্ষমা ঘোষণা ছাড়াও প্রেসিডেন্ট সমস্ত প্রকৃত নাগরিকদের স্বদেশে প্রত্যাবর্তনের আহ্বান জানিয়েছেন এবং তাদের পুনর্বাসনের জন্য সকল প্রকার সুযোগ-সুবিধা দানের প্রতিশ্রুতি দিয়েছেন। তাদের আস্থা ফিরিয়ে আনান জন্য পাকিস্তান সরকার জাতিসংঘের প্রস্তাব গ্রহণ করেছেন। এই প্রস্তাব অনুসারে সীমান্তের উভয় পারে এবং ভারতে অবস্থিত বাস্তুত্যাগী শিবিরগুলিতে গঠন ইত্যাদি উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পিকিক ও আইডিবি ও পাকিস্তানে অবস্থিত অভ্যর্থনা শিবিরগুলিতে জাতিসংঘের পর্যবেক্ষক মোতায়েনে করার কথা। অত্যন্ত দুঃখের বিষয় যে, ভারত এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। ভারতের অসম্মতি জ্ঞাপন সত্ত্বেও প্রত্যাবর্তনকারীদের মনে আস্থা ফিরিয়ে আনার উদ্দেশ্যে আমরা সীমান্তের এপারে জাতিসংঘের পর্যবেক্ষক মোতায়েনে সম্মতি হয়েছি, আমি আপনাদের কাছে অঙ্গীকার করছি যে, পূর্ব পাকিস্তানের গভর্ণর পদের দায়িত্ব পালনকালে আমি জনগণের মনে আস্থা সৃষ্টির জন্য সকল প্রচেষ্টা চালাবো। যারা স্বদেশে প্রত্যাবর্তন করবেন তাদের পুনর্বাসনের জন্য সকল প্রকার ব্যবস্থা নেয়া হবে এবং সীমান্ত পার হয়ে প্রতিবেশী রাষ্ট্রে গমনের জন্য কারও বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হবে না। যাদের বাসগৃহ, দোকানপাট ও জীবিকার উপায় বিনষ্ট হয়েছে তাদের পুনরায় স্বাভাবিক জীবনে পুনঃপ্রতিষ্ঠা করার ব্যাপারে সর্বপ্রকার আর্থিক ও প্রশাসনিক সাহায্য করা হবে। যাদের সম্পত্তি বেআইনীভাবে দখল হয়েছে কিংবা যাদের সম্পত্তি সাময়িকভাবে অন্যদের মধ্যে বণ্টন করা হয়েছে, সেগুলি প্রকৃত মালিককে ফিরিয়ে দেয়া হবে। এই কার্যে বাধাদানের কোন প্রকার চেষ্টা হলে তাকে কঠিন হস্তে দমন করা হবে। জাতিসংঘের পর্যবেক্ষকদের দৃষ্টির সম্মুখেই আমাদের পুনর্বাসনসূচি রুপায়ণ করা হচ্ছে এবং এই কাজ যাতে দ্রুত ও সুষ্ঠুভাবে সম্পাদিত হয় সেদিকে আমি কড়া নজর রাখবো।

এই সুযোগে আমি সংখ্যালঘু সম্প্রদায়কে এই আশ্বাস দিতে চাই যে, পাকিস্তানের অন্যান্য নাগরিকদের মত তারাও নাগরিকত্বের সমঅধিকারে অধিকারী। স্বদেশে পাকিস্তানের বিশ্বস্ত নাগরিক হিসেবে শান্তিপূর্ণভাবে জীবন যাপনের জন্য প্রেসিডেন্ট ইতিমধ্যেই তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তাদের বাড়ীঘর ও অন্যান্য সম্পত্তি তাদের ফিরিয়ে দেয়া হবে। ১৯৫০ সালের লিয়াকত-নেহেরু চুক্তি মোতাবেক সংখ্যালঘু সম্প্রদায় বিষয়ক মন্ত্রীপদ আমি গ্রহণ করেছিলাম। আমি তাদের সমস্যা সম্পর্কে অবগত আছি। কাজেই যাতে সংখ্যালঘু সম্প্রদায়ের কোন ব্যক্তির প্রতি কোন প্রকার অবিচার না করা হয়, সেদিকে আমি বিশেষভাবে লক্ষ্য রাখবো। লিয়াকত-নেহেরু চুক্তি মোতাবেক ভারত সরকারে মন্ত্রী মিঃ সি সি বিশ্বাস ও পাকিস্তান সরকারের উজির হিসেবে আমি মিলিতভাবে কাজ করছি, যাতে উভয় দেশের উপদ্রুত অঞ্চলে শান্তি ফিরিয়ে আনা যায়। এখন পুনরায় অনুরুপ ব্যবস্থা গ্রহণ কেন সম্ভবপর হবে না তার কোন কারণ আমি দেখতে পাই না। এই বিরাট মানবিক সমস্যা

সমাধানের জন্য আশু ব্যবস্থাদি আলোচনা করার উদ্দেশ্যে আমি এই বিষয়ক ভারতীয় মন্ত্রীর সঙ্গে যত শীঘ্র সম্ভব বৈঠকে মিলিত হতে রাজী আছি। প্রকৃত সদিচ্ছা ও মানবিক দুর্গতির প্রতি সত্যিকারের সহানুভূতি থাকলে এই সমস্যা সমাধানে আমাদের অপারগ হওয়ার কোন প্রশ্নই ওঠে না।

অতঃপর আমি আমাদের ছাত্র সম্প্রদায়কে এটা উপলব্ধি করতে বলবো যে, তারা হলেন পাকিস্তানের সবচেয়ে মূল্যবান সম্পদ। তারাই হলেন জাতির ভবিষ্যত স্থপতি। সুতরাং তারা যাতে ভবিষ্যতে নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করতে পারেন তার জন্য তাদের প্রস্তুত হতে হবে এবং তাদের শিক্ষা জীবন যাতে বাধাপ্রাপ্ত বা বানচাল না হয়, সেদিকে তাদের লক্ষ্য রাখতে হবে। তাদের শিক্ষাজীবন পুনরায় শুরু করার জন্য যত শীঘ্র সম্ভব তাদের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে যোগদান করা উচিত। কোন ভয়, ভীতি বা কোন ভ্রান্ত ধারণা তাদের শিক্ষাজীবন ব্যাহত করুক তা কারুর কাম্য নয়। কারণ এ মনোভাব কোন জাতির পক্ষেই মঙ্গলজনক নয়। অপরপক্ষে এর ফলে সমাজ দুঃখ-দুর্দশার সম্মুখীন হয়। আমার যৌবনের প্রাক্কালে কিছু সময়ের জন্য আমিও বাংলার সন্ত্রাসবাদী আন্দোলনের সঙ্গে জড়িত ছিলাম। কিন্তু শীঘ্রই আমি উপলব্ধি করলাম যে সন্ত্রাসবাদের অর্থই হোল আমার দেশবাসীর জন্য ধ্বংস ও মৃত্যু এবং এই নীতি অনুসরণ করলে আমরা কোন লক্ষ্যেই উপনীত হতে পারব না। তাই আমি সন্ত্রাসবাদী আন্দোলন থেকে নিজেকে মুক্ত করে স্বজাতির অধিকার অর্জনের উদ্দেশ্যে নিয়মতান্ত্রিক ও অহিংসামূলক পথ বেছে নিলাম। এবং আমি নিজেও দেখেছি যে, নিয়মতান্ত্রিক ও অহিংসামূলক আন্দোলন খুবই ফলপ্রসূ। সেকালের অন্যান্য সন্ত্রাসবাদী নেতৃবৃন্দও অনুরুপ সিদ্ধান্ত গ্রহণ করেন। অসহযোগ আন্দোলন ফলপ্রসূ না হওয়ায় জাতীয় কংগ্রেসের মধ্যেও সি আর দাস ও মতিলাল, নেহেরুর মত বড় বড় নেতারা স্বরাজ পার্টি গঠন করেন এবং আইন পরিষদে যোগদানের সিদ্ধান্ত নেন। আমি সাধারণভাবে যুবকদের এবং বিশেষ করে ছাত্র সম্প্রদায়ের কাছে আবেদন জানাচ্ছি যেন তারা পাকিস্তানের পুনর্গঠন ও উন্নতির ক্ষেত্রে তাদের ভবিষ্যৎ দায়িত্ব স্মরণ রাখেন এবং নিয়মতান্ত্রিক ও শান্তিপূর্ণ উপায়ে সে দায়িত্ব পালনের জন্য প্রস্তুত হন।

শ্রমিক ও মজুরদের এক আজীবন সেবক হিসেবে আমি শ্রমিক ও মালিক উভয় সম্প্রদায়ের নিকট অনুরোধ করবো যেন তারা দেশের অর্থনীতিকে পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য একযোগে কাজ করেন। শ্রমিকদের এটা বুঝতে হবে যে, কলকারখানা বন্ধ হলে প্রকারান্তরে তাদেরই সমূহ ক্ষতি। এবং এর ফল জনসাধারণকেই ভুগতে হয়। মজুররা যাতে শান্তিপূর্ণ পরিস্থিতিতে উৎপাদন কার্য সম্পাদন করতে পারেন এবং যাতে তাদের ওপর কোন প্রকার জুলুম বা হয়রানি, ভীতি প্রদর্শন অথবা প্রতিশোধমূলক ব্যবস্থা গ্রহণ করা না হয়, সেদিকেও আমি লক্ষ্য রাখবো। এ ব্যাপারে আমি আপনাদের আমার ব্যক্তিগত আশ্বাস দিচ্ছি। আপনাদের প্রতি আমার আবেদন এই যে, যত তাড়াতাড়ি সম্ভব আপনারা কাজে যোগদান করুন। মালিকদের উদ্দেশে আমি বলতে চাই যে, সামাজিক ন্যায় বিচার ও সুখী শ্রমশক্তি ছাড়া কোন শিল্পেরই উন্নতি বা অর্থনীতির বিকাশ সাধিত হতে পারে না।

বর্তমান প্রধান সমস্যা হোল প্রদেশের প্রতিটি লোকের কাছে প্রয়োজনীয় খাদ্যদ্রব্য সরবরাহ করা। দুঃখের বিষয় হলো যে, উপর্যুপরি বেশকিছু বছর ধরে এই প্রদেশ খাদ্য ঘাটতি অঞ্চল হয়ে পড়েছে। এ বৎসর এই খাদ্য ঘাটতির পরিমাণ আরও বেড়ে যাবে, কারণ উৎপাদন হ্রাসের আশঙ্কা রয়েছে। তাই বর্তমান আর্থিক বছরে আমরা পশ্চিম পাকিস্তান ও বিদেশ থেকে ১৩ লক্ষ টন খাদ্যশস্য আমদানীর ব্যবস্থা করেছি। প্রদেশব্যাপী সরবরাহ কেন্দ্রসমূহ মারফত খাদ্যশস্য চলাচল ও বণ্টন ব্যবস্থা করা হয়েছে এবং এই উদ্দেশ্যে একটি বিশেষ স্বল্পমেয়াদী পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রদেশের প্রত্যেক অঞ্চলের খাদ্যশস্য সরবরাহ পরিস্থিতির ওপর সবিশেষ নজর রাখা হচ্ছে। উপকূলীয় জাহাজ ও অভ্যন্তরীন নৌযানের সংখ্যা বৃদ্ধি করে নদী পরিবহন ব্যবস্থার উন্নতি সাধন করা হচ্ছে। এই ব্যবস্থা অনুসারে আমন ধান ওঠার আগ পর্যন্ত, আগামী ৪ মাসে, মাসপ্রতি দেড় লক্ষ থেকে দু লক্ষ টন খাদ্যসামগ্রী বন্দর থেকে বণ্টন কেন্দ্রসমূহে নিয়ে যাবার ব্যবস্থা করা হয়েছে। মোটকথা নিয়মিত খাদ্যশস্য সরবরাহ ব্যবস্থা চালু করার ফলে যে কোন বিশেষ সময়ে পূর্ব পাকিস্তানের খাদ্য চাহিদা মেটানোর পূর্ণ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

পূর্ব পাকিস্তানের বর্তমান খাদ্য পরিস্থিতির মূল কারণ এটা নয় যে খাদ্যদ্রব্যের অনটন রয়েছে। আসল সমস্যা হোল, যোগাযোগ ব্যবস্থায় অসুবিধা, আর তার কারণ হোল প্রদেশে সাম্প্রতিক গোলযোগের ফলে রেলগাড়ী ও সড়ক পরিবহন ব্যবস্থার ক্ষেত্রে অসুবিধা। বন্দর থেকে খাদ্যসামগ্রী প্রদেশের বিভিন্ন অঞ্চলের বিতরণ কেন্দ্রে প্রেরণ করতে হবে। গোলযোগের আগে শতকরা ৬০ ভাগেরও বেশী খাদ্যদ্রব্য রেলগাড়ীর সাহায্যে পাঠানো হোত। যেহেতু পূর্বের তুলনায় বর্তমানে রেল ও সড়ক পরিবহন ব্যবস্থার অপ্রতুলতা রয়েছে সেহেতু বেশীর ভাগ খাদ্যসামগ্রী নৌযানের সাহায্যে পাঠানো হচ্ছে। এই ব্যাপারে বন্ধুরাষ্ট্রসমূহের মধ্যে চীন ও যুক্তরাষ্ট্র বেশকিছু উপকূলবর্তী জাহাজ সরবরাহ করে আমাদের খাদ্যশস্য বণ্টনের কাজে বিশেষ সহায়তা করেছেন। খাদ্য সরবরাহের কাজে এই অতিরিক্ত ব্যবস্থার ফল হবে এই যে, চট্টগ্রাম থেকে অভ্যন্তরীণ নৌ-বন্দরগুলিতে সরবরাহের পরিমাণ ৩ গুণ বেড়ে যাবে। এর ফলে চট্টগ্রাম থেকে চলাচলের প্রয়োজনীয় চাহিদা মেটানো সম্ভবপর হবে।

সড়ক পরিবহন ব্যবস্থা আরও উন্নত করবার উদ্দেশ্যে ইতিমধ্যেই বিদেশ থেকে ট্রাক আমদানীর ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া পশ্চিম পাকিস্তান থেকে ১০০ থেকে ১৫০টি ট্রাক পাঠানোর ব্যবস্থা করা হয়েছে।

এটা বলা হচ্ছে যে, খাদ্যশস্যের সরবরাহ থাকলেও অনেকের পক্ষে ক্রয় করার ক্ষমতা থাকবে না। সরকার এই সমস্যা সম্পর্কেও সচেতন রয়েছে। এবং ইতিমধ্যেই গ্রামাঞ্চলে টেস্ট রিলিফের কাজ শুরু করা হয়েছে, যার ফলে সহজ কায়িক শ্রমকে কাজে লাগানো হচ্ছে। উপদ্রুত অঞ্চলে কাজ সৃষ্টি করে লোকজনের আয়ের পথ সুগম করে দেওয়া হচ্ছে যাতে তাদের কষ্ট লাঘব করা সম্ভব হয়। ইতমধ্যে এই কাজের খাতে কেন্দ্রীয় সরকার প্রাদেশিক সরকারকে ৫ কোটি টাকা বরাদ্দ করেছেন এবং প্রয়োজনবোধে আরো টাকা দেওয়া হবে। বর্ষার শেষে গ্রামাঞ্চলে ওয়ার্কস প্রোগ্রামের যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং যার জন্য বাজেটে ২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, এই টেস্ট রিলিফের কাজ তার অতিরিক্ত।

গত কয়েক মাসের ঘটনাবলীর ফলে আমাদের অর্থনীতিতে বড় রকম ক্ষতিসাধন হয়েছে। মার্চ মাসে সকল প্রকার অর্থনৈতিক কাজ সম্পূর্ণ বন্ধ ছিল এবং তারপরে ব্যক্তিগত ও জাতীয় সম্পদের প্রভূত ক্ষতি হয়েছে।

অর্থনৈতিক কার্যকলাপ পূর্ণোদ্যমে চালু করার জন্য সরকার ইতিমধ্যে বহু পন্থা অবলম্বন করেছে এবং এর ফলে অনেকটা উন্নতিও দেখা দিয়েছে। বড় বড় কারখানাগুলির উৎপাদন ক্ষমতাও বর্ধিত হচ্ছে। বন্দরগুলিও স্বাভাবিকভাবে কাজ করে যাচ্ছে। জুন ও জুলাই মাসে চট্টগ্রাম ও চালনা বন্দর থেকে মোট ১৮ কোটি ৭২ লক্ষ টাকার মাল রফতানী করা হয়েছে। গত বৎসর এই সময়ে মোট ২৪ কোটি ৫২ লক্ষ টাকার মাল রফতানী করা হয়েছিল। সুতরাং তুলনামূলকভাবে দেখতে গেলে এই বৎসরের রফতানীর পরিমাণ নেহাৎ খারাপ নয়। ব্যাংকগুলি পূর্ণোদ্যমে কাজ করে যাচ্ছে এবং ব্যবসা-বাণিজ্যও ভালোভাবেই চলছে। সুতরাং দেশের অর্থনীতি ক্রমে ক্রমে আগের পর্যায়ে ফিরে আসবে। এ প্রসঙ্গে আমি স্পষ্টভাবে বলতে চাই যে, জনসাধারণের সার্বিক কল্যাণের জন্যে প্রদেশের অর্থনীতিকে পুনর্গঠন এবং উন্নয়নমূলক কর্মসূচীর পুনরুজ্জীবন আমার সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। সরকারের এই প্রচেষ্টায় আমি প্রদেশের সকল শ্রেণীর নাগরিকের সক্রিয় সহযোগিতা কামনা করছি।

জরুরী মেরামত ও পুনর্বাসন কার্যের জন্য যা কিছু প্রয়োজন সরকার ইতিমধ্যেই তা নির্ধারণ করার চেষ্টা করেছে। এই কাজের জন্য এই বৎসরের বাজেটে ১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। প্রদেশের উৎপাদন শক্তিকে বাড়ানোর জন্য উন্নয়ন খাতে যে ২৭৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, এই ১৫ কোটি টাকা তার অতিরিক্ত বরাদ্দ। ঢাকায় অবস্থিত উচ্চ ক্ষমতাবিশিষ্ট একটি বোর্ডের অধীনে সৃষ্ট তহবিল পুনর্গঠনের জন্য বরাদ্দকৃত এই অর্থ দেওয়া হয়েছে। আশু মেরামত পুনর্গঠন ও পুনর্বাসনের সকল প্রস্তাব অনুমোদনের সম্পূর্ণ ক্ষমতা এই বোর্ডের ওপর ন্যস্ত করা হয়েছে।

ব্যক্তিগত মালিকানাধীন কারখানাগুলিতে সত্বর স্বাভাবিক কাজ আবার শুরু করার জন্য কারখানাগুলিকে সর্বপ্রকার সাহায্য দেওয়া হয়েছে। কাঁচামাল আমদানীর জন্য আমদানী নীতিতে সুবিধা দান, ব্যবসা ও বাণিজ্যের সম্প্রসারণের জন্য স্টেট ব্যাংক ও বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ কর্তৃক ঋণদানের বিশেষ ব্যবস্থা গ্রহণ, অর্থনৈতিক ক্ষেত্রে যুক্তভাবে সাহায্যের প্রয়োজনে বিভিন্ন ব্যাঙ্ক এক জোট হয়ে কনসোর্টিয়াম গঠন ইত্যাদি উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পিকিক ও আইডিপিকে দেয় পূর্ব পাকিস্তানের বিভিন্ন কারখানাগুলির ঋণ পরিশোধের সময় বাড়িয়ে দেওয়া ছাড়াও নগদ পুঁজিদানেরও সিদ্ধান্ত নিয়েছে। গোলযোগকালে যে সকল ব্যক্তিগত মালিকানাধীন ব্যবসা-বাণিজ্য ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের বীমার টাকা দিয়ে দেবার নীতিও গ্রহণ করা হয়েছে। এর ফলে ব্যক্তিগত ব্যবসায়ে রত লোকদের পক্ষে তাদের ব্যবসাকে পুনর্গঠনের সুযোগ দেওয়া হবে।

প্রদেশের অর্থনীতির প্রধান অবলম্বন কৃষি ক্ষেত্রে ঋণদানের বিশেষ ব্যবস্থা করবার জন্য এডিবিপিকে বিশেষ খাতে অর্থ বরাদ্দ করা হয়েছে। এই বৎসরের পাটনীতিতে পাটের সর্বনিম্ন মূল্য নির্ধারণকালে মণ প্রতি ২ টাকা বাড়িয়ে দেওয়া হয়। এর ফলে পাটচাষীদের আয়ের পথ সুগম হবে। পাটের এই বর্ধিত মূল্যকে টিকিয়ে রাখার উদ্দেশ্যে কাঁচা পাট রফতানীর ক্ষেত্রে বোনাসের সুযোগও শতকরা ১০ থেকে ১৫ ভাগ বাড়িয়ে দেওয়া হয়েছে। সরকার কর্তৃক প্রতিষ্ঠিত জুট মার্কেটিং করপোরেশন এবং জুট ট্রেডিং করপোরেশনকে নির্দেশ দেওয়া হয়েছে যে, তারা যেন সরকার কর্তৃক নির্ধরিত সর্বনিম্ন মূল্যে বহুল পরিমাণ পাট ক্রয় করে। এ কাজ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে তার জন্য এই সংস্থাগুলোকে যথেষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে। এই দুই সংস্থার কাজে সাহায্য করার উদ্দেশ্য সরকার আরও একটি সংস্থার সৃষ্টি করার সিদ্ধান্ত করেছেন। তার নাম হবে জুট প্রাইস স্টেবিলাইজেশন করপোরেশন। এই প্রতিষ্ঠানের কাজ হবে যে, প্রদেশের সমস্ত বিকল্প পাটের বাজার থেকে পাট ক্রয় করা।

অবশ্য আমি এ কথা বলতে পারি না যে, পরিস্থিতি সম্পূর্ণ সন্তোষজনক। এখনও এমন অনেক অর্থনৈতিক ক্ষেত্র রয়ে গেছে য সরকারের পক্ষে উদ্বেগের কারণ। যা হোক এ কথা অনস্বীকার্য যে, আমরা মোড় ফিরাতে সক্ষম হয়েছি এবং অর্থনৈতিক পুনর্গঠনের পথে দ্রুত অগ্রসর হচ্ছি। আমি আমার দেশবাসীগণের নিকট আবেদন জানাচ্ছি যে, তারা যেন আমাদের অর্থনৈতিক পুনর্গঠনের ক্ষেত্রে সরকারকে সর্বতোভাবে সাহায্য করেন। এই বিরাট কাজে যে শুধু প্রদেশের জনগণ ও প্রদেশের সরকারের কর্মতৎপর হতে হবে তাই নয়, বরং এতে সমগ্র জাতির সম্পদ ও সহয়তার প্রয়োজন হবে। আমি এ সম্বন্ধে একেবারে নিশ্চিত যে, সম্মিলিত শক্তিশালী ও আত্মপ্রত্যয়ী জাতি হিসেবে পাকিস্তান যাতে উন্নতির পথে অগ্রসর হতে পারে, তার জন্য এই মহান দেশের আপামর জনসাধারণ একই সঙ্গে হাত মিলিয়ে পূর্ব পাকিস্তানকে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করবে।

এবার আমি দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে দু-একটি কথা বলব। আমাদের চারিদিকে এখন যা ঘটছে তাতে জনসাধারণের মনে দারুণ উদ্বেগের সৃষ্টি করেছে। আমি জানি যে, এই অস্বাভাবিক অবস্থার দরুন সমাজের প্রায় সকল স্তরের লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন। তাদের এই দুঃখ-দুর্দশায় আমি গভীরভাবে দুঃখিত। তাদেরকে আমি আমার আন্তরিক সহানুভূতি জানাচ্ছি। কাজেই সামাজিক পুনর্বাসন অপেক্ষা মানসিক পুনর্বাসন আজ অনেক বেশী জরুরী। কার্য-কারণ অনুসন্ধান করলে আমরা দেখতে পাব যে, প্রত্যেকের মনেই ভয় ও ভীতির সঞ্চার হয়েছে- এই অবস্থার অবসান এবং জনগণের মনে সম্পূর্ণ আস্থা ও শান্তি ফিরিয়ে আনা আমার সরকারের প্রধান দায়িত্ব এই গুরুদায়িত্ব পালনে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

আমার বিশ্বাস যে, এই ব্যাপারে বেসামরিক প্রশাসন ব্যবস্থারও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সাম্প্রতিক গোলযোগে শাসন ব্যবস্থারও প্রভূত ক্ষতি হয়েছে। আমি আশা করি দেশ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যাপারে সরকারী কর্মচারীরা সততা, নিষ্ঠা ও বিশ্বস্ততার সঙ্গে তাদের কর্তব্য পালন করে যাবেন, আমি তাদের এই আশ্বাস দিতে চাই যে তারা যাতে সুচারুরূপে তাদের কর্তব্য সম্পাদন করতে পারেন সেজন্য সকল ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিশেষে আমি আরও একবার আমার পূর্বের কথা আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আমার সরকার একটি অন্তবর্তীকালীন সরকার। যে মুহূর্তে স্বাভাবিক অবস্থা ফিরে আসবে এবং নির্ধারিত কার্যক্রম অনুসারে উপনির্বাচন সমাপ্ত করা হবে, সেই মুহূর্তে নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করে জনগণের সার্বভৌমত্ব পুনঃপ্রতিষ্ঠিত করা হবে। আজ আমরা আল্লাহর নিকট মোনাজাত করি, তিনি যেন আমাদের এই প্রচেষ্টাকে সাফল্যমণ্ডিত করে।

পাকিস্তান পায়েন্দাবাদ

শিরোনাম	সূত্র	তারিখ
১৮৮। চট্টগ্রামে শান্তি কমিটির প্রতি জেঃ নিয়াজি	দৈনিক পাকিস্তান	১৭ সেপ্টেম্বর

চট্টগ্রামে শান্তি কমিটির প্রতি জেঃ নিয়াজি

বিপথগামীদের জাতীয়
পুনর্গঠনে শরীক
হতে উদ্বুদ্ধ করুন

এপিপির খবরে প্রকাশ, ইষ্টার্ন কমাণ্ডের কমাণ্ডার ও 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসন লেঃ জেনারেল এ, এ, কে নিয়াজী গতকাল বৃহস্পতিবার চট্টগ্রাম শান্তি কমিটির সদস্যদের প্রতি বিপথগামী দেশত্যাগীদের মন থেকে ভ্রান্ত ধারণা অপসারণ ও দেশে ফিরে এসে জাতীয় পুনর্গঠনের কাজে আত্মনিয়োগের জন্য তাদের বোঝানোর আহ্বান জানিয়েছেন।

সামরিক আইন প্রশাসক বলেন যে, বিপথগামী ব্যক্তিরা তাদের ঘরবাড়ী ও পরিবার-পরিজন ছেড়ে এক শোচনীয় অবস্থার মধ্যে বাস করছে। তিনি বলেন যে, বাস্তবিকপক্ষে তারা হচ্ছে আমাদের জাতীয় সম্পদ তবে সত্য উপলব্ধি করে দেশপ্রেমিক নাগরিক হিসেবে পুনরায় তাদের জীবন যাত্রা শুরু করতে হবে।

পক্ষান্তরে তারা তাদের বিচ্ছিন্নতাবাদী তৎপরতা অব্যাহত রাখলে সাধারণ মানুষের দুর্ভোগ সৃষ্টি ছাড়া আর কিছুই লাভ করবে না।

জেনারেল নিয়াজী বলেন যে, বিচ্ছিন্নতাবাদী ব্যক্তিদের খুঁজে বের করে খতম করতে হবে। তবে এই প্রক্রিয়ায় শান্তিপ্রিয় নাগরিকদের কষ্ট ভোগ করা উচিৎ নয়। জেনারেল নিয়াজী শান্তিপ্রিয় নাগরিকদের উদ্দেশ্যে বলেন যে, তাদেরও রাষ্ট্রের প্রতি কর্তব্য রয়েছে এবং রাষ্ট্রবিরোধী ব্যক্তিদের নির্মূলের ব্যাপারে প্রশাসন ব্যবস্থাকে সাহায্য করা উচিত।

রাষ্ট্র ও এর নিরাপত্তা সম্পর্কে জেনারেল নিয়াজী বলেন যে, পাকিস্তান হচ্ছে ইসলামের দুর্গ এবং যারা পাকিস্তানকে ধ্বংসের তৎপরতায় লিপ্ত, তারা কার্যতঃ ইসলামের শত্রু তিনি বলেন যে, পাকিস্তান হচ্ছে সমগ্র জাহানের আশা-আকাঙ্খার প্রতীক। তাই এই রাষ্ট্রের নাগরিকদের জন্য ইসলামী নীতিসমূহের অনুসরণ অবশ্য কর্তব্য।

ইসলামে জাগতিক সুখ শান্তি ও আখেরাতে মুক্তির বিধান রয়েছে। ইতিহাস থেকে উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, যতদিন আমরা ইসলামী নীতিসমূহ মেনে চলেছি ততদিন আমরা সমুন্নত ছিলাম। কিন্তু যখনই আমরা ইসলামকে অবহেলা করেছি তখনি আমরা এক পরাধীন জাতিতে পরিণত হয়েছি। তিনি বলেন যে, ইসলামী জীবনধারা পদ্ধতি অনুসরণের মাধ্যমে মুসলিম জাতি আবার তার গৌরবময় শিখরে আরোহণ করতে পারে।

এর আগে জেনারেল নিয়াজী, চট্টগ্রামে ট্রেনিং গ্রহণরত রাজাকারদের পরিদর্শন করেন। তিনি তাদের মনোবল ও উৎসাহের প্রশংসা করেন। পরে জেনারেল নিয়াজী রাঙ্গামাটি সফর করেন। সেখানে তিনি শান্তি কমিটির সদস্যসহ এক বিরাট জনতার উদ্দেশ্যে ভাষণ দেন। জনসাধারণ প্রচণ্ড রোদ উপেক্ষা করে জেনারেলকে অভ্যর্থনা জানাতে আসেন। এদের মধ্যে চাকমা প্রধান ও নির্বাচিত এম এন এ, রাজা ত্রিদিবত্মায়ও উপস্থিত ছিলেন।

জেনারেল নিয়াজী রাঙ্গামাটি এলাকা থেকে দুষ্কৃতিকারীদের সফলভাবে উৎখাত ও শান্তি প্রতিষ্ঠার জন্য জনসাধারণের প্রতি অভিনন্দন জানান। তিনি বলেন যে, পূর্ব পাকিস্তানে যে সৈন্য আছে, তাদের পক্ষে প্রতিরোধ

ও নাশকতামূলক তৎপরতার সকল উৎসকে নির্মূল করতে দীর্ঘদিন লাগবে না কিন্তু নির্মমভাবে কোন নির্মূল অভিযান পরিচালিত হলে বহু মূল্যবান জীবন নষ্ট এবং বহু নারী বিধবা ও শিশু এতিম হয়। তারা আমাদেরও মা-বোন ও সন্তান এবং তাদের জন্যে আমাদের সবরকম শ্রদ্ধা রয়েছে।

তিনি শান্তি কমিটির সদস্যদের প্রতি বিপথগামী ব্যক্তিদের দেশে ফিরে এসে দেশপ্রেমি নাগরিক হিসেবে সম্মানজনক জীবন শুরু করার জন্যে তাদেরকে বোঝানোর আহ্বান জানান। চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম সফরকালে জেনারেল নিয়াজী সৈন্যদের সাথেও মিলিত হন। স্থানীয় কমাণ্ডার এলাকার সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে বলেন যে,আইন ও শৃঙ্খলা রক্ষা ও গুরুত্বপূর্ণ স্থানগুলো প্রহরার ব্যাপারে রাজাকর ও ই,পি,আর খুবই উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে বলে সেনাবাহিনীর উপর চাপ অনেকখানি হ্রাস পেয়েছে এবং তারা এখন প্রধানতঃ সীমান্ত রক্ষার ব্যাপারেই নিয়োজিত আছে। জেনারেল নিয়াজী বিকেলে ঢাকা ফিরে আসেন। সফরকালে জিওসিও তার সাথে ছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৮৯। প্রাদেশিক মন্ত্রীসভার শপথ গ্রহণ	পাক সমাচার ২৪ সেপ্টেম্বর	১৭ সেপ্টেম্বর, ১৯৭১

প্রাদেশিক মন্ত্রী সভার
শপথ গ্রহণ

গত ১৭ই সেপ্টেম্বর অপরাহ্নে পূর্ব পাকিস্তানের গভর্নরের ১০ সদস্য বিশিষ্ট মন্ত্রী পরিষদের ৯ জন সদস্য শপথ গ্রহণ করেন।

ঐদিনে বিকেল চারটায় গভর্নর ভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রাদেশিক গভর্নর ডাঃ এ এম মালিক মন্ত্রীসভার সদস্যদের শপথ গ্রহণ করান।

যে ৯ জন ঐদিন মন্ত্রী হলেন, তারা ইতিপূর্বে কখনও মন্ত্রিত্ব করেননি। তবে এদের কেউ কেউ জাতীয় পরিষদের সদস্য ছিলেন।

যারা মন্ত্রী হিসেবে শপথ নিলেন তারা হলেন, রংপুরের জনাব আবূল কাশেম, বগুড়ার জনাব আব্বাস আলী খান, বরিশালের আখতার উদ্দিন আহমদ, ঢাকার জনাব এ এস এম সোলায়মান, খুলনার মওলানা এ কে এম ইউসুফ, পাবনার মওলানা মোহাম্মাদ ইসহাক, কুষ্টিয়ার জনাব নওয়াজেস আহমদ, নোয়াখালীর জনাব ওবায়দুল্লাহ মজুমদার ও চট্টগ্রামের অধ্যাপক শামসুল হক।

মন্ত্রীদের মধ্যে জনাব আবুল কাশেম,আব্বাস আলী খান, জনাব আখতার উদ্দিন, মওলানা এ কে এম ইউসুফ ও জনাব এ এস এম সোলায়মান ইতিপূর্বে জাতীয় পরিষদের সদস্য ছিলেন। এই মন্ত্রীদের মধ্যে নোয়াখালীর জনাব ওবায়দুল্লাহ মজুমদার ও চট্টগ্রামের অধ্যাপক শামসুল হক অধুনালুপ্ত আওয়ামী লীগের মনোনীত প্রার্থী হিসেবে যথাক্রমে এম এম এ ও এমপিএ নির্বাচিত হন।

ডাঃ মালিকের মন্ত্রীসভায় কাউন্সিল মুসলিম লীগের ২ জন (দলের সাধারণ সম্পাদক জনাব আবুল কাশেম ও বহু পুরাতন কর্মী এডভোকেট নওয়াজেশ আহমদ), জামাতে ইসলামের ২ জন (জনাব আব্বাস আলী খান ও মওলানা এ কে এম ইউসুফ), অধুনালুপ্ত আওয়ামী লীগের ২ জন (জনাব ওবায়দুল্লাহ মজুমদার ও জনাব শামসুল হক) কে এস পির একজন (জনাব এ এস এম সোলায়মান), নেজামে ইসলামের একজন (মওলানা মোহাম্মদ ইসহাক), কনভেনশন মুসলিম লীগের একজন (জনাব আখতারুদ্দিন আহমদ) এবং একজন সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতিনিধি মিঃ আউংশুপ্রু।

প্রদেশের মনোনীত সংখ্যালঘু মন্ত্রী মিঃ আউংশুপ্রু শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত হতে পারেননি। তিনি চট্টগ্রাম থেকে ঢাকা আসার জন্য নির্দিষ্ট বিমানে আরোহন করতে পারেননি।

শপথ গ্রহন অনুষ্ঠানের পর গভর্নর ডাঃ মালিক সাংবাদিকদের সঙ্গে ঘরোয়া আলোচনা প্রসঙ্গে বলেন যে, তাঁর মন্ত্রীরা সবাই সাধারণ মানুষের প্রতিনিধি।

শপথ গ্রহণ অনুষ্ঠানে পূর্ব পাকিস্তানের সামরিক শাসনকর্তা লেঃ জেনারেল এ এ কে নিয়াজী ঢাকা হাইকোর্টের প্রধান বিচারপতি জনাব বি এ সিদ্দিকী, হাইকোর্টের বিচারপতিবৃন্দ উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক অফিসারগণ উপস্থিত ছিলেন।

মিঃ আউংশুপ্রু চৌধুরী পরদিন ১৮ই সেপ্টেম্বর ঢাকায় গভর্ণর ভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে গভর্ণরের মন্ত্রী সভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেছেন।

পূর্ব পাকিস্তানের গভর্ণর জনার আবদুল মোতালিব মালিক শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন।

শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত অভ্যাগতদের মধ্যে মন্ত্রী সভার সদস্যরা ছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৯০। মন্ত্রী পরিষদ সদস্যদের দফতর বণ্টন	পাক সমাচার ২৪ সেপ্টেম্বর	১৮ সেপ্টেম্বর, ১৯৭১

মন্ত্রী পরিষদ সদস্যদের দফতর বণ্টন

সমস্ত ওয়ালেস কলোনী অগ্নিদগ্ধ করা হয়েছে। কাউকে রেহাই দেয়া হয়নি।

আমাদের মাতৃভূমিতে ভারতীয় এজেন্টদের হাতে আমাদের কি এই মূল্য দিতে হবে? ইসলামের নামে যে দেশের জন্ম, সেই দেশে আশ্রয় লাভের জন্য যারা হিন্দুস্তানে তাদের সবকিছু ছেড়ে দিয়ে চলে এসেছেন, তারা কি এমন ব্যবহার পাবেন যেমন ব্যবহার পশুরাও মানুষের কাছ থেকে আশা করে না?

মৌলবী ফরিদ বলেন, সবচেয়ে হৃদয়বিদারক ঘটনা হচ্ছে, গত ২৭শে অথবা ২৮শে মার্চ সকালে ধর্মপ্রাণ ব্যবসায়ী চার ভাই যখন পবিত্র কোরান পাঠরত ছিলেন, তখন বেআইনী আওয়ামী লীগ সদস্যদের সাহায্যে ভারতীয় এজেন্টরা তাঁদের আক্রমণ করে । তিনজনের কাছ থেকে তিনটি পবিত্র কোরান তারা ছিনিয়ে নেয়।চতুর্থ ব্যক্তি জনাব আব্দুল মজিদ তাঁর কোরান দিতে অস্বীকার করেন। তখন, অন্যান্য তিনজনসহ তাঁকে গুলি করে হত্যা করা হয়।

তিনি বলেন, একমাত্র ইসলামের নামেই এই দেশের সৃষ্টি হয়েছিল। কিন্তু ভাগ্যের নিষ্ঠুর পরিহাস ভারতীয় এজেন্টরা তথাকথিত সাংস্কৃতিক বাংগালী জাতীয়তাবদের নামে এমন জঘন্য কাজ সম্পাদনে সক্ষম হয়েছে, যা করতে হিটলারের ঘাতকদের বর্বরতাও লজ্জা পাবে।

তিনি বলেন, এই ঘটনাবলীর প্রেক্ষিতেই সেনাবাহিনী এই সমস্ত লোকদের উচ্ছেদ করে পরিস্থিতি আয়ত্বে এনেছে। এদেরই হিন্দুস্তানী গুণ্ডারা বাংলাদেশের মুক্তিবাহিনী বলে উল্লেখ করছে। এ সব কারণেই চট্রগ্রামবাসীরা সেনাবাহিনীকে তাদের ত্রাণকর্তারুপে দুই হাতে অভ্যর্থনা জানিয়েছে। অনেকে প্রকৃত ইসলামী শাসন ব্যবস্থা কায়েমে সেনাবাহিনীর এই মহান কার্যকলাপে চট্রগ্রামের শাহী জামে মসজিদে অশ্রুসিক্ত নয়নে মোনাজাত করেছেন। ভারতের সাহায্যপুষ্ট গুণ্ডাদের ষড়যন্ত্র বিশ্ববাসীর কাছে উন্মোচনের জন্য আমি কর্তৃপক্ষকে ঘরে ঘরে তদন্ত চালিয়ে সব রকমের প্রমাণ সংগ্রহের জন্য অনুরোধ জানাই।

-দৈনিক পাকিস্তান, ১৬ এপ্রিল ১৯৭১।

ইয়াহিয়া-ভুট্টোর নাম স্বর্ণাক্ষরে লেখা থাকবে
-সলিমী

লারকানা, ১৩ ই এপ্রিল (এপিপি)- বেআইনী ঘোষিত আওয়ামী লীগের সহ-সভাপতি জনাব বি এ সলিমী আওয়ামী লীগ নেতৃত্বের বিচ্ছিন্নতাবাদী সাথে তাঁর সম্পূর্ণ সম্পর্কহীনতা এবং অননুমোদন ঘোষণা করেছেন।

গত রোববার এক বিবৃতিতে তিনি বেআইনী ঘোষিত আওয়ামী লীগের দেশ-প্রেমিক এবং দলের গোপন বিচ্ছিন্নতাবাদী পরিকল্পনার সম্পর্কে অগ সদস্যদের প্রতি বর্তমান সংকট উত্তরণ এবং জাতীয় সংহতি ও অখণ্ডতা অক্ষুণ্ণ রাখার ব্যাপারে প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খান ও পিপলস পার্টি প্রধান জনাব ভুট্টোর সাথে সহযোগিতারও আহমান জানান।

তিনি বলেন, প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ও পিপলস পার্টি প্রধান জনাব ভুট্টো সাম্প্রতিক সংকটে যে বীরত্বপূর্ণ ও গৌরবজনক ভূমিকা পালন করেছেন সেজন্যে জাতি তাদের কাছে কৃতজ্ঞ এবং তাদের নাম ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

তিনি পাকিস্তানের প্রতি ভারতের শত্রুতামূলক আচরণেরও নিন্দা করেন। সেনাবাহিনীর দক্ষতায় আস্থা প্রকাশ করে তিনি বলেন, আমাদের সেনাবাহিনী পাকিস্তানের দুশমনদের সব অশুভ চক্রান্ত নস্যাৎ করে বর্তমান সংকট পাড়ি দেবে তাতে আমরা নিশ্চিত।

জনাব সলিমী আওয়ামী লীগ নেতৃত্বের দ্বৈত ভুমিকারও কঠোর নিন্দা করেন।

-দৈনিক পাকিস্তান, ১৬ এপ্রিল, ১৯৭১।

ভুট্টোর নির্দেশঃ প্রেসিডেন্টের হস্ত শক্তিশালী করুন

চিস্তিয়ান ১৯ এপ্রিল, (পিপিআই)- পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান জনাব জেড, এ ভুট্টো যারা পাকিস্তানের অখণ্ডতা আর সংহতির বিরুদ্ধে কাজ করছে তাদের প্রতি সতর্ক দৃষ্টি রাখা এবং তাদের সম্পর্কে সরকারের কাছে রির্পোট করার জন্য দলীয় সদস্যদের প্রতি নির্দেশ দিয়েছেন।

এখানকার পিপিপি প্রেসিডেন্ট সৈয়দ ইমদাদ হোসেন শাহের কাছে লিখিত একটি চিঠিতে জনাব ভুট্টো এই আহবান জানিয়েছেন। তিনি তাঁর দলীয় সদস্যদের প্রতি বর্তমান সংকট নিরসনে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের হস্তকে শক্তিশালী করার কাজে আত্মনিয়োগের আহবান জানান।

-পূর্বদেশ, ২০ এপ্রিল, ১৯৭১।

রাজনৈতিক শূন্যতা পূরণের জন্য শাসনন্ত্র জারির সুপারিশ

করাচী প্রেস ক্লাবে খান আবদুল কাইয়ুম খান

করাচী, ২রা মে (পিপিআই)- কাইয়ুমপন্থী পাকিস্তান মুসলিম লীগের প্রেসিডেন্ট খান আবদুল কাইয়ুম খান আজ প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের কাছে দেশের বর্তমান রাজনৈতিক শূন্যতা পূরণের জন্য একটি শাসনতন্ত্র জারি করার সুপারিশ করেন।

করাচী প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বক্তৃতাকালে তিনি বলেন শাসনতন্ত্রের অভাবে দেশ বেশী দিন চলতে পারে না। তিনি যে শাসনতন্ত্রের উল্লেখ করেন তাতে মৌল অধিকারের নিশ্চয়তা থাকবে এবং দেশের ঐক্য ও সংহতি এমনভাবে বিধিবদ্ধ করতে হবে যাতে ভিতরের ও বাহিরের ষড়যন্ত্র ব্যর্থ হয়ে যায়। মুসলিম লীগ প্রধান শক্তিশালী কেন্দ্রের সুপারিশ করেন এবং বলেন যে, পূর্বের চেয়ে এখন এর প্রয়োজন আরো বেশী। তিনি পশ্চিম পাকিস্তানের বিচ্ছিন্নতাবাদীদের বেআইনী ঘোষণা করার দাবী জানান।

বিচ্ছিন্নতাবাদী আন্দোলন ধ্বংস করতে হবে

এপিপি পরিবেশিত এক খবরে বলা হয় যে, কাইয়ুমপন্থী পাকিস্তান মুসলিম লীগের প্রেসিডেন্ট খান আবদুল কাইয়ুম খান গতকাল করেন যে, দেশের যে কোন বিচ্ছিন্নতাবাদী আন্দোলন শক্তির মাধ্যমে ধ্বংস করতে হবে।

সিন্ধু প্রাদেশিক মুসলিম লীগের সাধারণ সম্পাদক জনাব, এ, এম, কোরেশী আয়োজিত এক সংবর্ধনা সভায় বক্তৃতাকালে খান কাইয়ুম বলেন যে, বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের বীজ পশ্চিম পাকিস্তানের কোন কোন রাজনৈতিক ব্যক্তির মধ্যেও রয়েছে। তিনি বলেন, যে সমস্ত রাজনৈতিক দলও ব্যক্তি আওয়ামী লীগকে ক্ষমতায় যেতে সহায়তা করেছিলো এবং নিষিদ্ধ আওয়ামী লীগের প্রধান শেখ মুজিবর রহমানের হাতে অতি সত্বর ক্ষমতা দানের দাবী করেছিলো তাদেরকেও প্রকাশ্য তুলে ধরতে হবে এবং এই সমস্ত দলগুলোকেও নিষিদ্ধ ঘোষণা করা উচিৎ।

সম্প্রতি পূর্ব পাকিস্তানে যা ঘটেছে অনুরুপ ধ্বংসাত্মক কাজ পশ্চিম পাকিস্তানে ঘটবার জন্যও কিছুসংখ্যক রাজনৈতিক ব্যক্তি চেষ্টা করছে বলে কাইয়ুম খান বর্তমান সরকারকে স্মরণ করিয়ে দেন। তিনি বলেন, ভারত যাতে চীনের বিরুদ্ধে লড়তে পারে সে জন্য তারা ভারতের হাত শক্তিশালী করতে চেষ্টা করছেন। ইতিপূর্বে তিনি বলেছেন, ভারত চীনের বিরুদ্ধে লড়বার মতো অবস্থায় নেই। সে যে সামরিক সাহায্য পাচ্ছে তা পাকিস্তানের

বিরুদ্ধেই ব্যবহৃত হবে। সম্প্রতি পূর্ব পাকিস্তানে যে বিপুল পরিমাণে ভারতীয় অস্ত্রশস্ত্র, গোলাবারুদ আটক করা হয়েছে তা এরই প্রমাণ।

খান আবদুল কাইয়ুম খান বলেন পাকিস্তান দুই জাতিতত্ত্বের ভিত্তিতে একটি আদর্শ রাষ্ট্র যেখানে হিন্দু ও মুসলমান দু'টি আলাদা জাতি।

তিনি বলেন জাতির পিতা কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ দেশের জন্য যে নীতি নির্ধারণ করে গেছেন তার বাস্তবায়ন ছাড়া পাকিস্তান টিকে থাকতে পারে না।

তিনি বলেন, মুসীলম লীগ নেতৃত্বের মধ্যে ব্যক্তিত্বের সংঘাত, ব্যক্তি ঘৃণা এবং খারাপ ইচ্ছার জন্য তিন মুসলিম লীগ এক হতে পারেনি।

কাইয়ুম খান বলেন যে কেবলমাত্র তার দলই শেখ মুজিবর রহমান এবং তাঁর ছয় দফার খোলাখুলি বিরোধিতা করেছে এবং ৬ দফা সম্পর্কে দেশকে হুঁশিয়ার করে দিয়েছে। আজ এটি স্পষ্ট হয়েছে যে, ৬ দফা আসলে পাকিস্তান বিচ্ছিন্ন করার কর্মসূচী এবং শেখ মুজিবর রহমান ভারতের এজেন্ট।

তিনি বলেন, পাকিস্তান কোন দেশের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করেনি এবং বিদেশী রাষ্ট্র তা ছোট হোক বা বড় হোক তারা পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে নাক গলাক তা পাকিস্তান চায় না। তিনি বলেন আমরা কোন বিদেশী রাষ্ট্রকেই বিশ্বের পুলিশী ভুমিকায় স্বীকার করবো করবো না।

এর পূর্বে জনাব এ, এম, কোরেশী তাঁর বক্তৃতায় বলেন যে, কেবল জনাব কাইয়ুম খানই প্রকাশ্যে শেখ মুজিবর রহমান ও ৬ দফার বিরোধিতা করেছেন। ক্ষমতা হস্তান্তর সম্পর্কে কাইয়ুম খান বলেন যে পাকিস্তানের উভয় অংশে একই সময় ক্ষমতা হস্তান্তর করতে হবে। তিনি বলেন যে প্রথম বিষয় হলো এই ক্ষমতা হস্তান্তরের পূর্বে পূর্ব পাকিস্তানে অর্থনৈতিক জীবন ও স্বাভাবিক অবস্থা পুনঃপ্রতিষ্ঠিত করতে হবে।

তিনি আরও বলেন যে পশ্চিম পাকিস্তানে জনপ্রতিনিধিদের হাতে খণ্ডভাবে ক্ষমতা হস্তান্তর করা হলে তাদের বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের সাথে বৈষম্যমূলক আচরণ করার অভিযোগ আসবে।

পশ্চিম পাকিস্তানে বিচ্ছিন্নতাবাদী কারা সাংবাদিকরা জানতে চাইলে কাইয়ুম খান ওয়ালীপন্থী ন্যাশনাল আওয়ামী পার্টির উল্লেখ করেন।

তিনি বলেন খান আব্দুল গাফফার খান কাবুলে থেকে এই দল পরিচালনা করছেন। অন্য এক প্রশ্নের উত্তরে তিনি বলেন যে, এমন কোন কথা নেই যে দেশের নেতৃত্ব সংখ্যাগরিষ্ঠ প্রদেশ থেকে আসতে হবে। নেতৃত্বের প্রশ্ন নির্ভর করে নেতার গুণপনার উপর।

-পূর্বদেশ ৩মে ১৯৭১।

নয়া সাম্রাজ্যবাদী চক্রান্ত নস্যাৎ করার জন্য
শাহ্ আজিজের আহবান

ঢাকা ৪ঠা মে (এপিপি)। জাতীয় পরিষদের সাবেক বিরোধী দলের সহকারী নেতা শাহ্ আজিজুর রহমান গত সোমবার এক বিবৃবিতে ভারতের নয়া সাম্রাজ্যবাদী দুরভিসন্ধিকে নস্যাৎ করার পাকিস্তানের সশস্ত্র

বাহিনীকে সার্বিকভাবে সহযোগিতা দান করার জন্য জনগণের প্রতি আবেদন জানান। শাহ্ আজিজের বিবৃতির অংশ বিশেষ নিম্নে দেয়া হলোঃ

আমার দেশবাসী পাকিস্তান সৃষ্টি ও তার অস্তিত্ব সংরক্ষণের সম্পর্কে অত্যন্ত সচেতন রয়েছে। বিশ্ব পার্লামেন্টারী ফোরামে আমি ভারতের দূরভিসন্ধি ও কাশ্মীর সম্পর্কে, ন্যায়সঙ্গত দাবি সম্পর্কে আমাদের জাতীয় অভিমত পেশ করেছিলাম। পাকিস্তান সরকার এ ধরনের কয়েকটি বক্তৃতা প্রকাশ ও প্রচারও করেছিলেন।

রাজনৈতিক দলগুলোক সর্বাধিক সুযোগ সুবিধাদানের মাধ্যমে গণতন্ত্র পুনঃপ্রবর্তনের জন্য প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সচেষ্ট ছিলেন। আওয়ামী লীগ নামে পূর্ব পাকিস্তান প্রধান রাজনৈতিক দলটি সাম্প্রতিক নির্বাচনে পরিষদের সংখ্যাগরিষ্ঠ আসন লাভ করেও গণতন্ত্র পুনঃপ্রবর্তনের সুবর্ণ সুযোগ কাজে লাগাতে পারেনি। আওয়ামী লীগের তথাকথিত সন্ত্রাসবাদীদের শ্লোগানে এখানে ত্রাসের সৃষ্টি হয়েছিল। সর্বত্র ভীতি ও ত্রাস বিরাজ করছিল। গত নির্বাচনের সময় আমাকেও আমার কর্মীদের উপর অমানুষিক নির্যাতন চালানো হয়েছিলো। এর বিরুদ্ধে নানা রকম অভিযোগ উত্থাপন করেও কোন রকম সাড়া পাওয়া যায়নি। মানুষের দেশপ্রেমের নিশ্চয়তা পরিমাপের কোন যন্ত্র নেই বলে তিনি জানান।

দেশের সংহতি বিনষ্ট করার জন্য ২৫শে মার্চের আগে যারা প্রচেষ্টা চালিয়েছিলো দেশ প্রেমিক সশস্ত্র বাহিনী তাদের সে প্রচেষ্টা নস্যাৎ করে দিয়েছে। ভারত পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে যে জঘন্য হস্তক্ষেপ করছে তিনি তার তীব্র নিন্দা প্রকাশ করেন। তিনি বলেন, ভারত আন্তর্জাতিক সমস্ত বিধি নিষেধ লঙ্ঘন করেছে। ভারতের বন্ধুত্বের মুখোশ বিশ্বের কাছে ধরা পড়ে গেছে। ভারত যাতে পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ না করে সে জন্য তিনি হুঁশিয়ার বাণী উচ্চারণ করেন। নয়া সাম্রাজ্যবাদ ভারতকে ধ্বংস করার উদ্দেশ্যে দেশ প্রেমিকদের সব রকম সাহায্য ও সহযোগিতাদানের জন্য শাহ্ আজিজুর রহমান জনগণের প্রতি আবেদন জানিয়েছেন।

-পূর্বদেশ, ৫ মে, ১৯৭১।

ক্ষমতা হস্তান্তরের অনুকূল অবস্থা সৃষ্টি হয়েছে
-হাজারভী

পেশোয়ার, ১৩ই মে (পিপিআই)।- পশ্চিম পাকিস্তান জমিয়ত উল-উলামা-ই ইসলামের সাধারণ সম্পাদক মওলানা গোলাম গাউস হাজারভী বিশেষ করে প্রাদেশিক পর্যায়ে ক্ষমতা হস্তান্তরের পক্ষে মত প্রকাশ করেছেন। কারণ তাঁর মতে ক্ষমতা হস্তান্তরের জন্য প্রদেশগুলোতে অবস্থা কিছুটা অনুকূল হয়েছে।

গত মঙ্গলবার এখানে এক বিবৃতিতে তিনি বলেন যে, পূর্ব পাকিস্তানে যে সব গণপ্রতিনিধি দেশপ্রেমিক বলে পরিচিত যদি তাদেরকে প্রদেশের শৃংখলা বজায় রাখার দায়িত্ব ও কর্তৃত্ব দেয়া হয় তাহলে ভারতীয় অনুপ্রবেশের বাকী সব কিছু নিশ্চিহ্ন করে দেয়ার কাজে তারা সেনাবাহিনীকে বিরাটভাবে সাহায্য করতে পারবেন। মওলানা হাজারভী কলেন যে, এই সরকারের কর্ম হবে অস্থায়ী। তবে বিশ্বজনমতকে পাকিস্তানের পক্ষে আনায় তা অনেক দূর সাহায্য করবে।

-পূর্বদেশ, ১৪ মে ১৯৭১।

মুফতি মাহমুদ বলেন-ক্ষমতা হস্তান্তরের দাবী হাস্যকর

লায়লপুর, ২০ মে (এপিপি) ।-জমিয়তে উলামায়ে ইসলামের সাধারণ সম্পাদক মওলানা মুফতি মাহমুদ আজ যে কোন প্রকারে ক্ষমতা হস্তান্তরের দাবীকে হাস্যকর বলে আখ্যায়িত করেন। কেননা এখন জাতি তার অস্তিত্বের এক ক্রান্তিকাল অতিক্রম করছে।

এখানে সাংবাদিকদের সাথে আলোচনাকালে জমিয়ত নেতা বলেন পূর্ব পাকিস্তানের জনগণের প্রতি যতক্ষণ পর্যন্ত আস্থা পোষণ করা না যাবে ততক্ষণ পর্যন্ত নির্বাচিত প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের প্রশ্নটি আলোচিত হতে পারে না। এই প্রদেশে পূর্ণ অর্থনৈতিক পুনর্বাসন হলেই এই আস্থা ফিরে আসা সম্ভব হতে পারে। সরকারের সামনে এখন প্রথম ও প্রধান কাজ হচ্ছে যত শীঘ্র সম্ভব অর্থনৈতিক জীবন পুনঃপ্রবর্তনের চেষ্টা চালিয়ে যাওয়া এবং ইহা সম্ভব সমগ্র জাতি সরকার ও সশস্ত্র বাহিনীকে পূর্ণ ও দ্ব্যর্থহীন সমর্থন জানালেন ।

তিনি বলেন যে দেশের এক অংশে ক্ষমতা হস্তান্তর করা হলে তা আরো জটিলতার সৃষ্টি করবে । তিনি বলেন ক্ষমতা হস্তান্তর প্রশ্নে একটি আইনগত অসুবিধাও রয়েছে। আইনগত কাঠামো নির্দেশের সংশোধন না করা হলে এই পরিবর্তন সম্ভব নয়। কেননা এতে প্রদেশের কাছে ক্ষমতা হস্তান্তরের কোন বিধান নাই।

যে কোন প্রকারেই হোক না কেন ক্ষমতা হস্তান্তর করতে হলে তার পূর্বে জাতীয় পরিষদকে একটি শাসনতন্ত্র রচনা করতে হবে যা এখনো হয়ে ওঠেনি।

সংকট নিরসনের জন্য প্রেসিডেন্টের একটি শাসনতন্ত্র দেয়া প্রসঙ্গে তিনি বলেন যে, তার বিশ্বাস হলো জনপ্রতিনিধিদেরই শাসনতন্ত্র প্রণয়ন করা উচিত। অবশ্য তিনি এও বলেন যে প্রেসিডেন্ট যে আইনগত কাঠামো নির্দেশ জারি করেছিলেন তাই তিনি অন্তর্বর্তীকালীন শাসনতন্ত্র হিসেবে অনুমোদন করতে পারেন।

-পূর্বদেশ, ২১ মে, ১৯৭১।

প্রেসিডেন্টের সঙ্গে রাজনৈতিক প্রশ্নে আলোচনা করেছি
সাংবাদিক সম্মেলনে ভুট্টো

করাচী, ২১শে মে (এপিপি)।-পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান জনাব জুলফিকার আলী ভুট্টো গতকাল এখানে বলেন যে, প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খানের সঙ্গে তাঁর আলোচনা অনুযায়ী চলতি সালের শেষের মধ্যে কিছুটা ফল পাওয়া যাবে বলে তিনি আশা করেন।

পিপিলস পার্টি প্রধান জনাব ভুট্টো এখানে ক্লিফটনে তাঁর বাসভবনে সাংবাদিকদের সঙ্গে ঘরোয়া আলোচনা করছিলেন। গতকাল সকালে তিনি প্রেসিডেন্ট ইয়াহিয়ার সঙ্গে দেখা করেন। জনাব ভুট্টো বলেন যে, প্রেসিডেন্টের সঙ্গে তিনি দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি আলোচনা করেছেন এবং এ সকল প্রশ্নে তার দলের মতামত প্রেসিডেন্টকে অবহিত করেন।

পূর্ব পাকিস্তানে যখন রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক নয় তখন জনগণের পক্ষে বিভাবে সরকারী কাঠামোয় অংশগ্রহণ ও তার গণতন্ত্রীকরণ সম্ভব বলে তিনি মনে করেন প্রশ্ন করা হলো ভুট্টো বলেন, এই সমস্যাগুলো কার্যকরভাবে কাটিয়ে ওঠা সম্ভব।

তিনি বলেন, তিনি এখন বিস্তারিত বিবরণ দেবেন না, কারণ, অন্যান্য কারণের মধ্যে খোদ পাকিস্তানই দেখিয়ে দিয়েছে যে কথার বন্দী হওয়া কিরুপ বিপজ্জনক।

একজন সাংবাদিক প্রশ্ন করেন যে খণ্ড খণ্ডভাবে ক্ষমতা হস্তান্তর করা হলে পূর্ব পাকিস্তানী জনগণের মধ্যে ঔপনিবেশিক আচরণের মনোভাব সৃষ্টি হবে বলে কতিপয় নেতা যে মত প্রকাশ করেছেন তা কার্যতঃ জোরদার হবে কিনা। জনাব ভুট্টো বলেন, তিনি এই মতের সঙ্গে একমত নন।

জনাব ভুট্টো দেশের বর্তমান সমস্যাবলী সমাধানের ব্যাপারে জাতীয় দৃষ্টিভঙ্গি গ্রহণের আহবান জানান।

এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, পূর্ব পাকস্তিানের কতিপয় নির্বাচনী এলাকায় উপনির্বাচন হবে বলে তিনি মনে করেন। পূর্ব পাকিস্তানের নবনির্বাচিত জাতীয় পরিষদ সদস্যদের যতখানি সম্ভব ক্ষমা করা উচিত।

এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, পূর্ব পাকিস্তান থেকে নির্বাচিত জাতীয় পরিষদ সদস্যদের রাজনৈতিক সামঞ্জস্য বিধানের জন্য রাজনৈতিক দল আইনের কড়াকড়ি শিথিলে তার কোন আপত্তি নেই।

তিনি বলেন, তার দলের সদস্যদের আনুগত্য সম্পর্কে তার কোন সন্দেহ নেই বরং অন্যান্য দলের এম এন এ রা তার দলে যোগ দিতে পারে বলে তিনি মনে করেন। তবে পিপলস পার্টি তাদের খোশ আমদেদ জানাবে কিনা সেটা ভিন্ন প্রশ্ন।

যাই হোক অতীত অভিজ্ঞতার আলোকে তিনি দল পরিবর্তনের ব্যাপারে কিছুটা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পক্ষপাতী।

ভুট্টো বলেন যে প্রেসিডেন্টের সাথে আলোচনাকালে তিনি সংবাদপত্রের উপর বিধিনিষেধ প্রত্যাহার ও রাজনৈতিক তৎপরতা পুনরুজ্জীবনের জন্য তার দলের দাবী পুনরুল্লেখ করেছেন।

তিনি বলেন, সংবাদপত্র এমনিতেই সামরিক আইন বিধি অনুযায়ী পরিচালিত এবং সেন্সরশীপ কড়াকড়ি নিষ্প্রয়োজন বলে তার দল মনে করে ।

-দৈনিক পাকিস্তান, ২২ মে ১৯৭১।

রহমতে এলাহী বলেন-নতুন করে নির্বাচন চাই

করাচী, ২৩শে মে (পি পি আই)। জামাতে ইসলামীর সেক্রেটারী জেনারেল চৌধুরী রহমতে এলাহী আজ নয়া আদমশুমারীর ভিত্তিতে দেশে নতুন করে নির্বাচনের দাবী করেন।

আজ বিকালে স্থানীয় এক হোটেলে এক সাংবাদিক সম্মেলনে বক্তৃতাকালে তিনি বলেন স্থানীয় জনসাধারণের সহায়তায় আমাদের ভারতীয় অনুপ্রবেশকারীদের নিশ্চিহ্ন করে দিতে হবে।

তিনি বলেন, পূর্ব পাকিস্তানে অর্থনৈতিক জীবন ও যোগাযোগ ব্যবস্থা দ্রুত স্বাভাবিক হয়ে আসছে।

জামাত নেতা পূর্ব পাকিস্তান সফর করে এখানে ফিরেছেন তিনি বলেন যে, পূর্ব পাকিস্তানে মোটামুটি অবস্থা স্বাভাবিক এবং সেখানে মিল কারখানায় উৎপাদন শুরু হয়েছে।

এক প্রশ্নের উত্তরে চৌধুরী রহমতে এলাহী বলেন যে, এ সময় ক্ষমতা হস্তান্তর করা ঠিক হবে না।

তিনি ভারতীয় অনুপ্রবেশকারী ও দেশ বিরোধীদের নিশ্চিহ্ন করে সংকট থেকে জাতিকে বাঁচানোর জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেন। তিনি ভারতকে পাকিস্তান বিরোধী ষড়যন্ত্র করার জন্য অভিযুক্ত করেন । সশস্ত্র বাহিনীকে সাহায্য করার জন্য তিনি পূর্ব পাকিস্তানীদেরও প্রশংসা করেন। সমগ্র পূর্বাঞ্চল সশস্ত্র বাহিনীর নিয়ন্ত্রণে আছে বলে তিনি মন্তব্য করেন।

-পূর্বদেশ ২৪ মে, ১৯৭১।

জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা তুলে দেবার সময় এসেছে

নওয়াবশাহে ভুট্টো

নওয়াবশাহ, ৩১ শে মে (এপিপি)।- পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান জনাব জেড, এ ভুট্টো আজ আবার বলেন যে, জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিদের হাতে অবিলম্বে ক্ষমতা হস্তান্তরের দ্বারাই শুধু বর্তমান রাজনৈতিক সংকটের সমাধান সম্ভব।

তিনি বলেন যে যারা রাজনীতির সাথে জড়িত ও দেশের সমস্যা সম্পর্কে ওয়াকেবহাল তাদের ছাড়া কারো পক্ষে রাজনৈতিক সমস্যার সমাধান সম্ভব নয়।

দলীয় কর্মী ও ছাত্রদের এক সভায় জনাব ভুট্টো বলেন যে, যারা জনসাধারণের বিশ্বাসভাজন তাদের হাতে এখন ক্ষমতা তুলে দেবার সময় এসেছে। এর ফলে জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিরা তাদের রাজনৈতিক কর্মসূচী বাস্তবায়ন করতে পারবে। তিনি বলেন, জনগণই এই রায় দিয়েছে এবং তা যত শীঘ্র সম্ভব বাস্তবায়ন করা উচিত।

জনাব ভুট্টো বলেন, আমরা জনসাধারণের সঙ্গে রয়েছি এবং দরকার হলে নিজেদের জীবনের বিনিময়েও নির্বাচনের সময় দেয়া প্রতিশ্রুতি রক্ষা করা হবে।

তিনি বলেন যে পাকিস্তান পাঁচটি প্রদেশ নিয়ে গঠিত। এর পাচঁটি প্রদেশই শক্তিশালী না হলে দেশ শক্তিশালী হতে পারে না।

তিনি বলেন, শেখ মুজিব যে ভুল করেছিলেন তিনি তা করবেন না এবং শেখ মুজিব পূর্ব পাকিস্তানের তরুণদের জন্য যে বিপর্যয় ডেকে এনেছেন সিন্ধুর তরুণদের তেমনি ধ্বংস হতে তিনি দেবেন না। তিনি বলেন, আমি সিন্ধুর যুবকদের ভুল পথে নয়, সঠিক পথে পরিচালিত করব।

পিপলস পার্টির চেয়ারম্যান বলেন যে, জাতীয় পরিষদ প্রতিষ্ঠা ও ১২০ দিনের মধ্যে শাসনতন্ত্র প্রণয়নের পর কেন্দ্রে ও প্রদেশগুলোতে জনসাধারণের সরকার গঠিত হওয়ার কথা ছিল কিন্তু পূর্ব পাকিস্তানের পরিস্থিতির জন্য তা সম্ভব হয়নি।

তিনি বলেন যে, যারা নির্বাচনে হেরেছে তাদের পূর্ব পাকিস্তানের সংকটের সুযোগ নেয়া উচিত নয়। তাদের জনসাধারণের বিরুদ্ধে চক্রান্তে লিপ্ত হওয়া উচিত নয়।

-দৈনিক পাকিস্তান, ২ জুন, ১৯৭১।

পাকিস্তানের নিরাপত্তা রক্ষায় ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান

আতহার আলীর বিবৃতি

সাবেক এম এন এ ও পাকিস্তান মরকাজী জমিয়তে ওলামায়ে ইসলাম ও নেজামে ইসলামের ওয়ার্কিং প্রেসিডেন্ট মোঃ আতহার আলী পাকিস্তানের নিরাপত্তা সংহতি ও সমৃদ্ধিও জন্য আরো উদ্যমের সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য মুসলমানদের প্রতি আহবান জানিয়েছেন।

গত মঙ্গলবার এপিপি পরিবেশিত এক বিবৃতিতে তিনি জনগণকে হুশিয়ার করে দিয়ে বলেন, মুসলমানের শত্রুদেশগুলো লাখো লাখো মুসলমানের রক্তের বিনিময়ে অর্জিত পাকিস্তানের ক্ষতি সাধনের জন্য বিরামহীন চেষ্টা চালাচ্ছে। তিনি বলেন পাকিস্তান রক্ষা পেলেও শত্রুর চক্রান্তের অবসান ঘটেনি। এই পবিত্র দেশকে মারণ আঘাত হানার জন্য শত্রু চেষ্টার ত্রুটি করবে না। পাকিস্তান, ইসলাম ও মুসলমানের প্রতি বিদ্বেষ বশতঃ তারা যা ইচ্ছে তাই করতে পারে।

-দৈনিক পাকিস্তান, ৮ জুলাই, ১৯৭১।

পূর্ব পাকিস্তানে বাঙ্গালীদের জীবনের নিরাপত্তা নেই- একথা ভিত্তিহীন

-ডঃ সাজ্জাদ হোসেন

লণ্ডন, ৮ই জুলাই (রয়টার)।- পূর্ব পাকিস্তানের শহর ও গ্রামে বাঙ্গালীদের জীবনের কোন নিরাপত্তা নেই বলে যে কথা হয়েছে পূর্ব পাকিস্তানের দুইজন বিশ্ববিদ্যালয় অধ্যাপক গতকাল তা অস্বীকার করেছেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ এস সাজ্জাদ হোসেন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের রিডার ডঃ এম মোহর আলী টাইম পত্রিকায় লিখিত এক দীর্ঘ চিঠিতে তাঁদের এই অস্বীকৃতির কথা জানান।

বিদেশে প্রচারিত নৃশংসতার কাহিনী উল্লেখ করে চিঠিতে বলা হয়, এতে বিস্মিত হবার কিছু নেই যে এ ধরনের কাহিনী প্রচার অব্যাহত থাকার ফলেই এ রকম সম্পূর্ণ ভিত্তিহীন ধারণার সৃষ্টি হচ্ছে যে, পূর্ব পাকিস্তানে শহরে ও গ্রামে বাঙ্গালীদের বিশেষ করে শিক্ষিত বাঙ্গালীদের জীবনের কোন নিরাপত্তা নেই।

বুদ্ধিজীবীদের পাইকারী হত্যা করা হয়েছে বলে যে কাহিনী প্রচারিত হয়েছে, অধ্যাপকদ্বয় তাও অস্বীকার করেছেন।

চিঠিতে বলা হয় যে, মার্চের ২৫শে-২৬শে তারিখে জগন্নাথ ও ইকবাল হলের আশেপাশের এলাকায় যুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯ জন শিক্ষক প্রাণ হারিয়েছেন বলে জানা যায়।

চিঠিতে বলা হয় যে, আমাদের ৩ জন সহযোগী প্রাণ হারাতেন না যদি না তারা যে ভবনগুলোতে বাস করতেন সে গুলোকে আওয়ামী লীগ স্বেচ্ছাসেবক বাহিনীর সশস্ত্র সদস্যরা সেনাবাহিনীর বিরুদ্ধে তাদের তৎপরতার ঘাঁটি হিসেবে ব্যবহার করতো।

দৈনিক পাকিস্তান, ৯ জুলাই, ১৯৭১।

প্রেসিডেন্টের পূর্ব পাকিস্তান সফরের উপর গুরুত্ব আরোপ

আসগর খানের প্রদেশ সফরের অভিজ্ঞতা বর্ণনা

লাহোর, ১৬ই জুলাই (এপিপি)।-তাহারিকে ইস্তেকলাল পার্টি প্রধান অবসরপ্রাপ্ত এয়ার মার্শাল আসগর খান গত কাল এখানে বলেন যে রাজনৈতিক প্রশ্ন সমাধান পূর্ব পাকিস্তানীদের সকলের সমর্থন পেতে হলে একটি নতুন উদ্যোগও জোরালো ব্যবস্থা গ্রহণ করতে হবে।

নয়দিন ব্যাপী পূর্ব পাকিস্তান সফর শেষে প্রত্যাবর্তনের পর এক সাংবাদিক সম্মেলনে এয়ার মার্শাল বলেন যে, এটা করা না হলে খুব কমসংখ্যক বাঙ্গালী আগামী উপ-নির্বাচনে অংশগ্রহণ করবেন। কারণ তাঁর মতে এখন বাঙ্গালীদের উপ-নির্বাচনের ব্যাপারে খুব উৎসাহী মনে হয় না।

ইস্তেকলাল নেতা আরো বলেন যে তার উল্লেখিত ব্যবস্থার মধ্যে প্রেস সেন্সরশীপ তুলে নেয়া, রাজনৈতিক কার্যকলাপের উপর নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং অপরাধী আইন পরিষদ তালিকা প্রকাশও রয়েছে।

তিনি আরো বলে যে, শীঘ্রই প্রেসিডেন্টের পূর্ব পাকিস্তান সফর সমস্যা সমাধানের পথে অনেক খানি সহায়ক হবে। কারণ পূর্ব পাকিস্তানে এখন অনেকেই প্রেসিডেন্টের উপস্থিতি কামনা করছে।

এক প্রশ্নের উত্তরে ইস্তেকলাল নেতা বলেন যে, তার মনে কোন সংশয় নেই যে, এরুপ ব্যবস্থা গৃহীত হলে পূর্ব পাকিস্তান উপ-নির্বাচনের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি হবে কিন্তু এ উদ্যোগ গ্রহণে বিলম্ব হলে দেশের পক্ষে মারাত্মক ক্ষতি কারক হবে যা ইতিপূর্বে আর কোন দিন হয়নি।

বেআইনী ঘোষিত আওয়ামী লীগ সদস্যরা সমস্যা সমাধানের জন্য কত দূর সাহায্য করতে পারে জানতে চাওয়া হলে তাহরিক নেতা বলেন যে সকল সদস্যই সমাজ বিরোধী কাজে লিপ্ত ছিলেন না। সরকারের সঙ্গে একটা গ্রহণযোগ্য সমাধানে পৌঁছার জন্য বেশ উল্লেখযোগ্য সংখ্যক সদস্যদের সমর্থন পাওয়া যাবে বলে তিনি মনে করেন।

পূর্ব পাকিস্তানে আগামী উপ-নির্বাচনে তার দল অংশ গ্রহণ করবে কিনা এরূপ এক প্রশ্নের উত্তরে তাহরিক নেতা জানান যে আগষ্ট মাসের শেষ নাগাদ তারা এ ব্যাপারে সিদ্ধান্ত নেবেন। কারণ দেশের আইন ও শৃঙ্খলা পরিস্থিতি, শাসনতন্ত্র সংশোধনীর পদ্ধতিসমূহ এবং আইন পরিষদগুলো চালু হবার পর কি ধরনের সামরিক ছত্রছায়ায় থাকতে হবে তখন তা আরো ভাল ভাবে জানতে পারা যাবে। ইতিমধ্যে ঘটনাসমূহও একটা পরিষ্কার রূপ নেবে।

অপর এক প্রশ্নের উত্তরে তাহরিক নেতা বলেন, পূর্ব পাকিস্তানের সব কিছুই এখন সেনাবাহিনীর নিয়ন্ত্রণাধীন রয়েছে। তবে প্রদেশের অর্থনৈতিক অবস্থা অতিশয় হতাশাগ্রস্ত।

-দৈনিক পাকিস্তান, ১৭ জুলাই,১৯৭১

ফজলুল কাদের চৌধুরীঃ জাতীয় সম্মেলনের প্রস্তাব

লাহোর ১৬ই জুলাই (এপিপি) - দেশ যে সমস্যার সম্মুখীন হয়েছে, তা আলোচনার জন্য কনভেনশন মুসলিমলীগের প্রেসিডেন্ট জনাব ফজলুল কাদের চৌধুরী গতকাল সকাল রাজনৈতিক দলের নেতাদের একটি জাতীয় সম্মেলন অনুষ্ঠানের প্রস্তাব করেছেন।

স্থানীয় একটি হোটেলে এক সাংবাদিক সম্মেলনে ভাষণদানকালে তিনি বলেন যে জাতি আজ তার সংক্ষিপ্ত ইতিহাসের সবচেয়ে 'মারাত্মক সংকটের' মধ্য দিয়ে অতিক্রম করছে এবং এই সংকট নিরসন ও গুরুত্বপূর্ণ জাতীয় সমস্যাগুলোর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রধান প্রধান নেতাদের নিয়ে একটি জাতীয় সম্মেলন অনুষ্ঠান হচ্ছে এই মুহূর্তের সবচেয়ে জরুরী কাজ।

জনাব চৌধুরী বলেন যে, এই জাতীয় সম্মেলনে অবশ্যই পাকিস্তানের বিভিন্ন অঞ্চলের আশা আকাঙ্খার মধ্যে সমন্বয় সাধনের ফর্মূলা উদ্ভব করতে হবে।

তিনি বলেন যে, এখানে রাজনৈতিক নেতাদের সাথে আলোচনাকালে তার এই প্রস্তাবটি অভিনন্দিত হয়েছে।

জনাব চৌধুরী বলেন যে পূর্ব পাকিস্তানে সংখ্যাগরিষ্ট দল নিজের ভুলের জন্য তার অস্তিত্ব হারিয়ে ফেলেছে এবং এই পরিস্থিতিতে জাতীয় পরিষদ নির্বাচনের প্রশ্নটি নতুন করে বিবেচনা করা উচিৎ। সম্মেলনে যোগদানকারীরা ইচ্ছা করলে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন।

জনাব চৌধুরী বলেন যে, পূর্ব পাকিস্তানে পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হচ্ছে। তবে সেখানকার সমস্যাগুলোর ব্যাপারে প্রজ্ঞা, বিবেচনা ও সতর্কতার সাথে কার্যক্রম গ্রহণ করা উচিৎ।

তিনি বলেন যে ভারতীয় এজেন্টদের উৎখাতের সাথে সাথে রাজনৈতিক প্রজ্ঞা নিয়ে শুভেচ্ছা ও আস্থা তৈরীর কাজ করে যাওয়া উচিৎ।

তিনি বলেন যে পূর্ব পাকিস্তানে শতকরা ৯৬ জন লোক পাকিস্তানের জন্য ভোট দিয়েছিল। কিন্তু গত ২৩ বছর ধরে তরুণদের অপরিপক্ব মনে যে কারণেই হোক বঞ্চনার ধারণা বদ্ধমূল হয়েছে এবং এই বঞ্চনা ও অবহেলা মোকাবেলার জন্য সংগ্রামের মাত্রা তাদের জানা ছিল না। তিনি বলেন যে পূর্ব পাকিস্তানে সত্যিকারের পাকিস্তানী র অভাব নেই।

তিনি বলেন যে ভারতীয় এজেন্টদের দ্বারা পরিচালিত তথাকথিত বাংলাদেশ বেতার থেকে দিন রাত তাঁর ও অন্যান্য মুসলিম লীগ নেতার মৃত্যুদণ্ডের কথা তারস্বরে ঘোষণা করা হচ্ছে। তিনি বলেন যে তিনি পাকিস্তানের জন্যে সংগ্রাম করে যাবেন। কারণ যদি পাকিস্তানই না থাকে, তাহলে অধিকারের জন্যে সংগ্রামের অবকাশ কোথায়।

-দৈনিক পাকিস্তান, ১৮ জুলাই,১৭৭১।

জাতীয় পরিষদ সদস্যদের সম্পর্কে নওয়াবজাদা নসরুল্লাহ

লাহোর, ২১শে জুলাই (এপিপি)- পশ্চিম পাকিস্তান পিডিপির প্রেসিডেন্ট নওয়াবজাদা নসরুল্লাহ খান গতকাল বিকেলে এখানে এক সাংবাদিক সম্মেলনে ভাষণদানকালে বলেছেন যে, নির্বাচন অনুষ্ঠানের প্রধান উদ্দেশ্য ছিল শাসনতন্ত্র প্রণয়ন এবং এখন তা প্রেসিডেন্টের নিজের হাতে গ্রহণ করায় জাতীয় পরিষদ সদস্যদের আর কোন অস্তিত্ব থাকছে না।

নওয়াবজাদা নসরুল্লাহ বলেন যে, শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে যেসব প্রশ্ন দেখা দিয়েছে চির দিনের জন্য তার সমাধান হওয়া উচিৎ। ক্ষমতা হস্তান্তরের মত অন্যান্য প্রশ্ন পরে আসতে পারে বলেও তিনি মন্তব্য করেন।

নওয়াবজাদা নসরুল্লাহ বলেন যে, তার দল সবসময়েই এই মত পোষণ করেছে যে, পূর্ব পাকিস্তান থেকে জাতীয় পরিষদের অধিকাংশ সদস্যকে পাওয়া না যাওয়ায় ও তারা আত্মগোপন করায় বর্তমান জাতীয় পরিষদ তার প্রয়োজনীয়তা ও ইপ্সিত ফলদানের ক্ষমতা হারিয়ে ফেলেছে। তিনি বলেন যে, একটি জাতীয় পরিষদের পরিবর্তে এটি এখন একটি আঞ্চলিক পরিষদে পরিণত হয়েছে।

তিনি আওয়ামী লীগারদের সাথে রাজনৈতিক সমঝোতা করার কথা বলার জন্য পিপিপি প্রধান জনাব ভুট্টোর সমালোচনা করেন। তিনি বলেন যে, নিষিদ্ধ আওয়ামী লীগের কয়েকজন শীর্ষস্থানীয় নেতাকে বিচ্ছিন্নতাবাদী বলা ভুল হবে। কারণ তাহলে সমস্ত দলকে নিষিদ্ধ করা হত না।

তিনি আইন ও শৃংখলা পরিস্থিতি পুনঃপ্রতিষ্ঠা ও রাষ্ট্রবিরোধী ব্যক্তিদের বিরুদ্ধে তৎপরতা চালানোর জন্য সেনাবাহিনীর ভুমিকার প্রশংসা করতে ব্যর্থ হওয়ায় ভুট্টোর সমালোচনা করেন।

-দৈনিক পাকিস্তান, ২১ জুলাই,১৯৭১

ক্ষমতা হস্তান্তরে প্রেসিডেন্টের ফর্মূলা বর্তমান সংকটের একমাত্র সমাধান -তোফায়েল মোহাম্মদ

লাহোর, ২৩ জুলাই (এপিপি)।- জামাতে ইসলামীর অস্থায়ী আমীর মিয়া তোফয়েল মোহাম্মদ আজ এখানে বলেন যে, ক্ষমতা হস্তান্তরের জন্য প্রেসিডেন্ট যে ফর্মূলা পেশ করেছেন, দেশের বর্তমান রাজনৈতিক সংকট সমাধানের এটাই হচ্ছে একমাত্র সম্ভাব্য পন্থা।

তবে তিনি বলেন, প্রেসিডেন্টের বিগত বেতার ভাষণে উল্লিখিত ৪ মাস সময়ের মধ্যে পূর্ব পাকিস্তানে উপ-নির্বাচন অনুষ্ঠান সম্ভব হবে না। কারণ এই সময়ে নগণ্য সংখ্যক ভোটার ভোট দান করতে আসতে পারেন।

মিয়া তোফায়েল মোহাম্মদ লাহোর বিমান বন্দরে সাংবাদিকদের সাথে তার পূর্ব পাকিস্তান সফরের অভিজ্ঞতা বর্ণনা করছিলেন।

মিয়া তোফায়েল মোহাম্মদ শূন্য আসনে গত সাধারণ নির্বাচনে বিজয়ী প্রার্থীর পরই যাদের স্থান তাদেরকে নির্বাচিত ঘোষণা করার দাবীর কথা পুনরায় উল্লেখ করেন।

তিনি শেখ মুজিবর রহমানের বিচার শুরু করার জন্য সরকারের প্রতি আহবান জানান।

তিনি বলেন, পূর্ব পাকিস্তানের জনগনের মানসিক স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য সেখানে স্বাভাবিক রাজনৈতিক কার্যক্রম পুনরায় শুরু করা একান্ত দরকার।

-দৈনিক পাকিস্তান,২৪ জুলাই,১৯৭১

আলেমদের প্রতি সশস্ত্র বাহিনীর সাথে সহযোগিতার আহবান

এপিপি পরিবেশিত খবরে বলা হয় যে, নেজামে ইসলাম পার্টির পার্লামেন্টারী বোর্ডের সম্পাদক সৈয়দ মনজুরুল আহসান ও যুগ্ম সম্পাদক মওলানা আবদুল মতিন আলেম সম্প্রদায়কে সশস্ত্র বাহিনীর সাথে সক্রিয়ভাবে সহযোগিতা প্রদান এবং জনগণের নিকট দেশের মৌলিক আদর্শ ব্যাখ্যা করার আহবান জানিয়েছেন।

এক যুক্ত বিবৃতিতে তাঁরা পাকিস্তানকে বিচ্ছিন্ন করার ষড়যন্ত্র নস্যাৎ করার জন্য পাকিস্তান সশস্ত্র বাহিনীর সময়োচিত পদক্ষেপেকে অভিনন্দিত করেন এবং রাষ্ট্রবিরোধী ব্যক্তিদের নির্মূল করার ব্যাপারে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, শুধুমাত্র কৃতজ্ঞতা প্রকাশ করলেই আমাদের সমস্যার সমাধান হবে না। এই মুহূর্তে সর্বাধিক প্রয়োজন হচ্ছে জাতীয় পুনর্গঠনমূলক কাজের অগ্রগতি ত্বরান্বিতকরণের জন্য প্রশাসন কর্তৃপক্ষের সাথে আমাদের পূর্ণভাবে সহযোগিতা করা। বিবৃতিতে তারা রাজাকারদের দায়িত্ববোধের প্রশংসা করেন।

পূর্ব পাকিস্তানে আলেম, মসজিদের ইমামদের দেশের মৌলিক আদর্শ জনগণের নিকট ব্যাখ্যা করার বিষয়টি তাদের কর্মসূচীর অন্তর্গত করার জন্য তারা আহবান জানান।

-দৈনিক পাকিস্তান, ২৬জুলাই,১৯৭১

সরকার পূর্ব পাকিস্তান সমস্যা যথাযথভাবে মোকবিলা করছে
করাচী বিমান বন্দরে খান সবুর

করাচী, ২৯ শে জুলাই, (এপিপি)। -পাকিস্তান মুসলিম লীগের (কাইয়ুম গ্রুপ) সেক্রেটারী জেনারেল খান আবদুস সবুর গতকাল এখানে বলেছেন যে প্রদেশ যে বিপুল সমস্যার সম্মুখীন হয়েছে, পূর্ব পাকিস্তান সরকার তা যথার্থভাবে মোকাবিলা করছে।

গতকাল ঢাকা থেকে করাচী পৌঁছানোর পর বিমান বন্দরে তিনি সাংবাদিকদের সাথে আলোচনা করছিলেন। তিনি বলেন যে পূর্ব পাকিস্তান কর্তৃপক্ষ তাদর সীমিত সুযোগ নিয়ে সমস্যা কাটিয়ে ওঠার জন্য সম্ভাব্য সবকিছু করছেন।

পূর্ব পাকিস্তানে উপ-নির্বাচনে তাঁর দলের সাফল্যের সম্ভাবনা সম্পর্কে এক প্রশ্নের জবাবে তিনি বলেন যে, নির্বাচন সুষ্ঠ হলে পি-এম-এল এর উজ্জ্বল সম্ভাবনা রয়েছে।

খান সবুর বলেন যে পিপলস পার্টি ও নিষিদ্ধ আওয়ামী লীগের সদস্যদের মধ্যে কোন জোট হওয়া বা না হওয়া তাদেরই ব্যাপার তবে তা পূর্ব পাকিস্তানে তেমন কোন সুবিধা করতে পারবে বলে মনে হয় না।

-দৈনিক পাকিস্তান, ৩০ জুলাই,১৯৭১

বিচ্ছিন্নতাবাদী রাজনৈতিক দল নিষিদ্ধ ঘোষণার দাবী করাচীতে গোলাম আজম

করাচী, ১লা সেপ্টেম্বর (এপিপি)।- গতকাল পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর আমীর অধ্যাপক গোলাম আজম অবিলম্বে জাতীয় পরিষদ বাতিল এবং যখনই সময় অনুকূল হবে তার সাথে সাথে সমগ্র দেশে নতুন করে নির্বাচন অনুষ্ঠানের আহবান জানিয়েছেন। গতকাল এখানে জামাত অফিসে এক সাংবাদিক সম্মেলনে ভাষণ দান কালে তিনি বলেন যে, পরবর্তী আদমশুমারী সমাপ্ত হওয়ার পরই দেশে সাধারণ নির্বাচন হওয়া উচিৎ।

তিনি অবিলম্বে পরবর্তী আদমশুমারী অনুষ্ঠানের জোর দাবী জানান। কারণ পরবর্তী আদমশুমারী অনুষ্ঠানের সময় বেশ আগেই হয়েছে। তিনি সকল বিচ্ছিন্নতাবাদী রাজনৈতিক দল নিষিদ্ধ ঘোষণা এবং তাদের নেতৃবৃন্দকে শাস্তিদানের আহবান জানান। এই প্রসঙ্গে তিনি ন্যাশনাল আওয়ামী পার্টি (ভাসানী গ্রুপ), জনাব আতাউর রহমান খানের নেতৃত্বে পরিচালিত ন্যাশনাল লীগ ও ন্যাপের (ওয়ালী গ্রুপ) পূর্ব পাকিস্তান শাখার নাম উল্লেখ করেন।

তাঁর মতে এসব দলের সদস্যরা এখনো পূর্ব পাকিস্তানে গোপনে তৎপরতা চালাচ্ছে এবং জনগণের মধ্যে হতাশার ভাব সৃষ্টি করছে। পূর্ব পাকিস্তানে অর্থনৈতিক পুনর্বাসনের জন্য তিনি ৫ দফা পরিকল্পনার কথা সুপারিশ করেছেন। অধ্যাপক গোলাম আজম বলেন, ঢাকায় সদর দফতরসহ ''পূর্ব পাকিস্তানের অর্থনীতি পুনর্বাসনের জন্য অর্থনৈতিক কমিটি'' নামে একটি বিশেষ সংস্থা নিয়োগ করা উচিত। এই সংস্থার কাজ হবে অর্থনৈতিক পরিস্থিতি পরীক্ষা করে দেখা এবং সেখানে অর্থনৈতিক উন্নয়নের উপায় উদ্ভাবন ও সুপারিশ পেশ।

দ্বিতীয়তঃ যত শীঘ্র সম্ভব বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করা উচিত। তবে আন্তর্জাতিক সাহায্য ও সহযোগিতা প্রয়োজন হবে। পরিকল্পনার তৃতীয় দফা হচ্ছে পৃথক উত্তরবঙ্গ প্রদেশ স্থাপন এবং এজন্য নয়া শাসনতন্ত্রের ব্যবস্থা রাখতে হবে। ঢাকা থেকে সরাসরি উত্তরবঙ্গের অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রম তদারক করা খুব অসুবিধাজনক। কারণ যোগাযোগের ক্ষেত্রে ব্রহ্মপুত্র নদ এক বিরাট প্রতিবন্ধকতা সৃষ্টি করে রেখেছে। তিনি বলেন, চতুর্থ দফা হচ্ছে ফসল হানির দরুন পূর্ব পাকিস্তানে সম্ভাব্য দুর্ভিক্ষ প্রতিরোধে সরকারের ব্যবস্থা গ্রহণ করা উচিত। শেষ দফায় পূর্ব পাকিস্তানের বেকার সমাধানের উপর গুরুত্ব আরোপ করা হয় এবং বলা হয় যারা কাজ করতে চান, তাদেরকে কাজ দিতে হবে। অধ্যাপক আজম পাকিস্তান রক্ষা ও মানুষের জীবনের নিরাপত্তার জন্য পাকিস্তান সেনাবাহিনীর প্রতি গভীর শ্রদ্ধা জানান।

তিনি বলেন, কোন ভাল মুসলমানই তথাকথিত 'বাংলাদেশ আন্দোলনের' সমর্থক হতে পারে না। তিনি বলেন, পূর্ব পাকিস্তানে বিচ্ছিন্নতাবাদীদের নির্মূল করার জন্য একমন ও দেশ প্রেমিক লোকেরা একত্রে কাজ করে যাচ্ছেন। রাজাকাররা খুবই ভাল কাজ করছেন বলে তিনি উল্লেখ করেন।

শহীদ রশীদ মিনহাজের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি বলেন, এই আত্মত্যাগের নিদর্শন থেকে তরুণরা উপকৃত হতে পারবে।

-দৈনিক পাকিস্তান, ২সেপ্টেম্বর, ১৯৭১

শাসনতন্ত্র প্রশ্নে প্রেসিডেন্টের ভাষণ নেতৃবৃন্দের অভিমত নূরুল আমীন

করাচী, ১৮ই সেপ্টেম্বর (এপিপি)।-পাকিস্তান ডেমোক্রেটিক পার্টি প্রধান জনাব নূরুল আমিন আজ শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে প্রেসিডেন্টের ভাষণকে দেশে গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের নিকট ক্ষমতা

স্তান্তরের দিকে একটা বাস্তব পদক্ষেপ বলে অভিহিত করেন। তিনি বলেন যে, শাসনতন্ত্রে সংশোধনে জনগণের নির্বাচিত প্রতিনিধিদের অধিকার, প্রেসিডেন্ট যা ঘোষণা করতে যাচ্ছেন, তা স্বীকৃত হয়েছে ও উপরোক্ত ধরনের সংশোধনী পদ্ধতিও সহজতর করা হয়েছে।

এতে প্রতীয়মান হয় যে, প্রেসিডেন্ট জনসাধারণের অভিপ্রায় গ্রহণে প্রস্তুত রয়েছেন। যদিও আমি খসড়া শাসনতন্ত্র দেখিনি, তবু আশা করি, পিডিপি ম্যানিফেষ্টোতে উল্লেখিত প্রদেশ ও কেন্দ্রের মধ্যে ক্ষমতা বণ্টনের ব্যাপারে আমি যে সমস্ত দাবী পেশ করেছি, সে সব যথাযথ গুরুত্ব দিয়ে বিবেচনা করা হবে। তিনি বলেন যে, একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আন্তঃ আঞ্চলিক অর্থনৈতিক বৈষম্য দুরীকরণের জন্যও নয়া শাসনতন্ত্রের যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন।

মওলানা মওদুদী

লাহোর, ১৮ই সেপ্টেম্বর (এপিপি)।-জামাতে ইসলামীর আমীর মওলানা সৈয়দ আবুল আলা মওদুদী আজ এখানে বলেন যে, শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে প্রেসিডেন্ট যে নয়া পদ্ধতি ঘোষণা করেছেন তা যুক্তিসংগত বলেই মনে হয়। প্রেসিডেন্টের ভাষণ সম্পর্কে মন্তব্য প্রসঙ্গে মওলানা মওদুদী বলেন যে, তিনি (মওদুদী) সর্বদাই এমত ব্যক্ত করে এসেছেন যে জাতীয় পরিষদকে শাসনতন্ত্র প্রণয়ন করতে বলার পরিবর্তে প্রেসিডেন্টের উচিত খসড়া প্রণয়ন করে তা জাতীয় পরিষদে পেশ করা।

বর্তামানে প্রায় সেই একই ধরনের পদ্ধতি অনুসৃত হচ্ছে বলে তিনি অভিমত প্রকাশ করেন।

জেড এ ভট্টো

করাচী, ১৮ই সেপ্টেম্বর, (এপিপি)।-শাসনতন্ত্র সংশোধন প্রশ্নে প্রেসিডেন্ট আজ যে ফরমুলা ঘোষণা করেন পিপিপি প্রধান জনাব ভুট্টো তৎসম্পর্কে কোন মন্তব্য প্রকাশে অস্বীকার করেন। সাংবাদিকরা এ সম্পর্কে তাঁর প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি কোন মন্তব্য প্রকাশে অসম্মতি জানিয়ে বলেন যে, এ ব্যাপারে তিনি প্রথমে পিপিপির কেন্দ্রীয় কমিটির সাথে আলাপ আলোচনা করবেন।

ফরিদ আহমদ

পিপিআই'র খবর বলাঃ পাকিস্তান শান্তি ও কল্যাণ পরিষদের সভাপতি মৌলভী ফরিদ আহমদ গতকাল শনিবার রাতে শাসনতান্ত্রিক বিষয়ে প্রেসিডেন্টের বেতার ভাষণ সম্পর্কে মন্তব্য প্রসঙ্গে বলে যে, জনসাধারণের ভুল বুঝাবুঝির অবসান ঘটাতে না পারলে এদেশে কোন শাসনতন্ত্রেরই সাফল্য লাভের কোন সম্ভাবনা নেই।

মওলানা ফরিদ আহমদ সন্তোষজনক শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে দুটো বিষয় সুপারিশ করে বলেন যে, প্রস্তাবিত শাসনতন্ত্র উক্ত বিষয় দুটো সংক্রান্ত ভুল বুঝাবুঝির নিরসন এবং কতিপয় সুবিধাভোগী কর্তৃক লক্ষ লক্ষ লোকের শোষণ মুক্তির নিশ্চয়তা বিধান করে অনুন্নত এলাকার বিশেষ প্রয়োজন পূরণ করতে না পারলে এর সাফল্যের সম্ভাবনা কম।

-দৈনিক পাকিস্তান,১৯ সেপ্টেম্বর,১৯৭১

গণতন্ত্র পুনঃ প্রতিষ্ঠাই দেশকে ঐক্যবদ্ধ রাখার পূর্বশর্ত
লাহোরে নুরুল আমীন

লাহোর, ২১শে সেপ্টেম্বর (এপিপি)।- আজ স্থানীয় হোটেলে লাহোর আইনজীবীদের দ্বারা তাঁর সম্মানে আয়োজিত এক সম্বর্ধনা অনুষ্ঠানে ভাষণদানকালে পিডিপি প্রধান জনাব নূরুল আমীন আলাদা আলাদাভাবে ক্ষমতা হস্তান্তর পরিকল্পনার বিরোধিতা করেন। জনাব আমীন বলেন, পুরোপুরিভাবে গঠিত জাতীয় পরিষদের

কাছে সম্পূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করতে হবে। দেশের পূর্বাঞ্চালে এক বিশেষ অবস্থা বিদ্যমান থাকায় ক্ষমতা হস্তান্তরের সময় এখনো হয়নি বলে তিনি অভিমত প্রকাশ করেন।

কারণস্বরূপ তিনি বলেন, এই সংকটজনক পরিস্থিতিতে সেখানে পূর্ণ ক্ষমতা হস্তান্তরের যথোপযুক্ত ব্যবস্থা সৃষ্টি সম্ভব নয়। পিডিপি নেতা বলেন, একনায়কত্ববাদ কিংবা সেনাবাহিনীই এখন দেশের উত্তর অংশকে একত্রে রাখতে পারে বলে যারা বলাবলি করছেন, তাদের সাথে তিনি একমত নন। এই ধরনের মনোভাবের যত তাড়াতাড়ি অবসান ঘটবে, দেশের জন্য ততই মঙ্গল বলে তিনি উল্লেখ করেন। জনাব নূরুল আমীন আবার ঘোষণা করেন যে, একমাত্র গণতান্ত্রিক ব্যবস্থাই পাকিস্তানের উভয় অংশকে অটুট ও ঐক্যবদ্ধ রাখতে পারে।

পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে ভৌগোলিক দূরত্বের পরিপ্রেক্ষিতে আজ দেশে গণতান্ত্রিক ব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠা একান্ত অপরিহার্য হয়ে পড়েছে। তিনি বলেন, গণতন্ত্র পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মানুষের মধ্যে যোগসূত্র আবার প্রতিষ্ঠিত করবে। ১৯৫৮ সালে এই যোগসূত্র ছিন্ন হয়েছে। তিনি বলেন, এই যোগসূত্রের অভাবেই দেশের উভয় অংশের জনগণের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়েছে।

জনাব নূরুল আমীন দৃঢ়তার সাথে বলেন যে, বিপদের সময় উত্তীর্ণ হয়ে গেছে এবং ২৫শে মার্চে পর তা কাটিয়ে উঠা হয়েছে। আওয়ামী লীগ তখন পশ্চিম পাকিস্তানের বিরুদ্ধে বিদ্বেষ সৃষ্টির প্রয়াস পায়।

পূর্ব পাকিস্তানের মানুষ আজ বুঝতে পেরেছেন যে তারা ৬ দফার অন্তরালে প্রচ্ছন্ন এক ষড়যন্ত্রের শিকার হয়েছেন। পূর্ব পাকিস্তানের পরিস্থিতি আয়ত্বে আনার ব্যাপারে পাকিস্তান সশস্ত্র বাহিনী সময়োচিত ব্যবস্থা গ্রহণ করে এক বিরাট ভূমিকা পালন করেছে বলে তিনি উল্লেখ করেন।

-দৈনিক পাকিস্তান, ২২ সেপ্টেম্বর,১৯৭১

জামাত বাঙ্গালী জাতীয়তাবাদ মেনে নিতে রাজী নয়, মন্ত্রী সম্বর্ধনায় গোলাম আজম

(ষ্টাফ রিপোর্টার)

পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর আমীর অধ্যাপক গোলাম আজম বলেছেন, জামাতে ইসলামীর কর্মীরা মুসলিম জাতীয়তাবাদের আদর্শকে বিসর্জন দিয়ে বাঙ্গালী জাতীয়তাবাদকে মেনে নিতে রাজী নয়। তিনি বলেন, জামাতের কর্মীরা শাহাদাৎ বরণ করে পাকিস্তানের দুষমনদের বুঝিয়ে দিয়েছে যে তারা মরতে রাজী তবুও পাকিস্তানকে ভেঙ্গে টুকরো টুকরো করতে রাজী নয়। গতকাল শনিবার স্থানীয় হোটেল এম্পায়ারে ঢাকা শহর জামাত কর্তৃক প্রাদেশিক শিক্ষামন্ত্রী জনাব আববাস আলী খান ও রাজস্বমন্ত্রী মওলানা একেএম ইউসুফকে প্রদত্ত সম্বর্ধনা অনুষ্ঠানে অধ্যাপক গোলাম আজম ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, সারা প্রদেশ সামরিক বাহিনীর পূর্ণ নিয়ন্ত্রণে আসার পরও যে কয়েক হাজার লোক শহীদ হয়েছেন তাদের অধিকাংশই জামাতের কর্মী। আইন সভার মাধ্যমে যে মন্ত্রিসভা গঠিত হয়নি সেই মন্ত্রিসভায় জামাতের যোগদান সম্পর্কে তিনি দলের নীতি ব্যাখ্যা করেন। তিনি বলেন, বর্তমানে প্রদেশের জনসংখ্যার শতকরা যে ২০ভাগ লোক সক্রিয় রয়েছে তারা দুভাগে বিভক্ত। এক দল পাকিস্তানকে ধ্বংস করতে চায় আর একদল পাকিস্তানকে রক্ষার জন্য প্রাণ দিতে প্রস্তুত। জামাতে ইসলামী শেষোক্ত দলভুক্ত। তিনি বলেন, জামাতের যে দুজন সদস্য মন্ত্রিসভায় যোগ দিয়েছেন তাদেরকে দলের পক্ষ থেকে এই দায়িত্ব গ্রহণে বাধ্য করা হয়েছে । অধ্যাপক গোলাম আজম বলেন, যে উদ্দেশ্য নিয়ে জামাত রাজাকার বাহিনীতে লোক ,শান্তি কমিটিতে লোক যোগ দিয়েছে সেই উদ্দেশ্যেই মন্ত্রিসভায় লোক পাঠিয়েছে। দেশে শান্তি ফিরিয়ে আনার জন্য আমরা যে কাজ করছি সেই কাজে সাহায্য করার জন্যই দুজনকে মন্ত্রিসভায় প্রেরণ করা হয়েছে । তিনি বলেন, এই মন্ত্রী পদ ভোগের বা সম্মানের বস্তু নয়। আমরা তাদের বিপদের মুখে ঠেলে দিয়েছি।.....

পাকিস্তান জামাতে ইসলামীর ডেপুটি আমীর মওলানা আব্দুর রহিম বিশ্বের মুসলমান, পাকিস্তানের জনগণ, বিশেষ করে জামায়াতের মন্ত্রিদ্বয়ের জন্য দোয়া করে মোনাজাত করেন।

-দৈনিক পাকিস্তান, ২৬ সেপ্টেম্বর, ১৯৭১

সাধারণ ক্ষমা প্রদর্শন সাধারণভাবেই প্রয়োগ করা উচিত
-আসগর খান

(ষ্টাফ রিপোর্টার)

তাহরিক-ই-ইশতেকলাল পার্টি প্রধান অবসরপ্রাপ্ত এয়ার মার্শাল আসগর খান প্রেসিডেন্টের সাধারণ ক্ষমা প্রদর্শন বেআইনী ঘোষিত আওয়ামী লীগের সকল এম,এন,এ ও এম,পিএ,দের ক্ষেত্রে কার্যকরী করার আহবান জানান। গতকাল বৃহস্পতিবার ঢাকায় এক সাংবাদিক সম্মেলনে জনাব আসগর খান তাঁর দলের পক্ষ থেকে উক্ত সুপারিশের কথা ঘোষণা করে বলেন, সাধারণ ক্ষমা প্রদর্শন সাধারণভাবেই প্রয়োগ করা উচিত এবং পদমর্যাদা ও অবস্থান নির্বিশেষে আওয়ামী লীগের সকল এম,পি,এ ও এম, এন, এ-দের এই ক্ষমায় অন্তর্ভুক্ত করা উচিত।

তিনি বলেন, এই সুপারিশ যদি গ্রহণ করা হয় তাহলে এই প্রদেশে যে সকল সদস্যের মৃত্যুতে পরিষদের আসন খালি হয়েছে সে সকল আসন ব্যতীত আর কোন আসনে উপ-নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজন হবে না। তাহরিকের এই সুপারিশ সরকার যদি গ্রহণ না করেন তখন উপ-নির্বাচনে অংশ গ্রহণ সম্পর্কে তার দল সিদ্ধান্ত গ্রহণ করবে বলে জনাব আসগর খান জানান।

সেপ্টেম্বর মাসে প্রেসিডেন্টের সাধারণ ক্ষমা ঘোষণার উল্লেখ করে জনাব আসগর খান বলেন, এটা দেশের রাজনৈতিক ক্ষেত্রে একটা নয়া দিগন্তের সূচনা করেছে।.....

তাহরিক প্রধান এখানে বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও শান্তি কমিটির সদস্যগণ কর্তৃক পল্লী এলাকার জনগণকে হয়রানি করা সম্পর্কে অভিযোগ করে বলেন আমি এখানে অবস্থানকালে এ সম্পর্কে যে রিপোর্ট পেয়েছি তা সত্য।

পল্লী এলাকায় জনগণকে ব্যক্তিগত শত্রুতা ও তাদের রাজনৈতিক মতমতের জন্য হয়রানি করা হচ্ছে। তাদের উপর নিপীড়ন চালান হচ্ছে। তাদের যেন আর হয়রানি না করা হয় সে সম্পর্কে তিনি সরকারের নিকট আহবান জানান।

মন্ত্রীদের নির্বাচনে অংশ গ্রহণের অনুমতি দান সম্পর্কিত আদেশ সম্পর্কে জনাব আসগর খান বলেন, এতে নির্বাচনে হস্তক্ষেপের সম্ভাবনা রয়েছে। মন্ত্রীদের নির্বাচনে অংশগ্রহণ করতে দিলে নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হবে না।

পূর্ব পাকিস্তানে মন্ত্রিসভা গঠন সম্পর্কে তাহরিক প্রধান বলেন, আমরা দেশে গণতন্ত্র পুনঃ প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করে আসছি। গণতন্ত্রের সাধারণ বিধান হচ্ছে জনগণের নির্বচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা তুলে দেয়া। পূর্ব পাকিস্তানে যথেষ্ট পরিমাণে নির্বাচিত সদস্য রয়েছে। কিন্তু তাদের পরিবর্তে নির্বাচনে পরাজিত ব্যক্তিদের হাতে ক্ষমতা দেয়া হয়েছে। এতে গণতন্ত্রকে অস্বীকার করা হচ্ছে। যারা জনগণের ভোটে নির্বাচিত হয়েছেন তাদের কাছে ক্ষমতা হস্তান্তরই হচ্ছে ন্যায়সংগত বিধান; যারা পরাজিত হয়েছেন তাদের হাতে নয়। পূর্ব পাকিস্তানে নির্বাচিত সদস্যের অভাব নেই। এরূপ বহু সদস্য আছেন যাদের আসন বহাল রাখা হয়েছে এবং যারা পাকিস্তানে বিশ্বাসী। শাসনতন্ত্র প্রণয়ন সম্পর্কে এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, পরিষদেরই শাসনতন্ত্র প্রণয়ন করা উচিত।

ভারতীয় হামলার আশংকা সম্পর্কে এক প্রশ্নের জবাবে তাহরিক প্রধান বলেন আমি সবসময়ই এই মনোভাব পোষণ করে আসছি যে আমরা উভয়ই প্রতিবেশী। আমাদের পাশাপাশি বাস করতে হবে। পাকিস্তানকে শান্তিতে বাস করতে হবে এবং ভারত একটি বৃহৎ দেশ। তাকেও প্রতিবেশীর সাথে শান্তিতে বসবাস করতে হবে। যুদ্ধ কোন সমাধান দেবে না। উদ্বাস্তু সমস্যা সমাধানে উভয়কেই এগিয়ে আসতে হবে। যে সকল পাকিস্তানী ভারতে গমন করেছে তাদের দেশে ফেরৎ পাঠান উচিত। পাকিস্তান এ ব্যাপারে জাতিসংঘের পর্যবেক্ষক নিয়োগে সম্মত হয়েছে কিন্তু ভারত রাজী হয়নি। তিনি বলেন এটা দুর্ভাগ্যের বিষয় যে পাকিস্তানের ভাগ্য তার সীমান্তের বাইরে নির্ধারিত হচ্ছে। পূর্ব পাকিস্তান হতে কত লোক ভারতে গমন করেছে সে সম্পর্কে এক প্রশ্নের জবাবে তিনি বলেন বিভিন্ন জন বিভিন্ন সংখ্যার উল্লেখ করেছেন। কাজেই কোনটা সত্য কোনটা সত্য নয়, তা নিরূপণ করা সম্ভব নয়। তিনি বলেন ভারত কি প্রচার করছে তা আমি জানিনা। তবে এদের নিজ নিজ বাড়ীঘরে ফিরে আসতে দেয়া উচিত। তিনি পশ্চিম পাকিস্তানেও জনগণের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের পক্ষে অভিমত প্রকাশ করেন। তিনি বলেন পশ্চিম পাকিস্তানে পরিস্থিতি শান্ত বলে সেখানে সরকার গঠনের কোন প্রয়োজন নেই বলে অনেকে যুক্তি দেখান। এর অর্থ কি এই দাঁড়ায় না যে যেখানে শান্তি আছে সেখানে গণতন্ত্রের দরকার নেই।

দেশে স্বাভাবিক রাজনৈতিক কার্যকলাপ শুরু এবং সংবাদপত্রের স্বাধীনতার পক্ষে সকল প্রতিবন্ধকতা দূর করার জন্যও তিনি আহবান জানান।

-দৈনিক পাকিস্তান, ১ অক্টোবর, ১৯৭১

শাসনতন্ত্রে এল এফ ওর মৌলিক নীতি অনুসরণের সুপারিশ

জামাতের মজলিশে সুরা

পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর মজলিশ-ই-সুরা আশা প্রকাশ করেছে যে, প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের পরিচালনাধীনে যে শাসনতন্ত্র প্রণীত হচ্ছে তাতে আইন কাঠামোর মৌলিক নীতিগুলি বিশ্বস্ততার সাথে অনুসৃত হবে।

এপিপির খবর প্রকাশ, গতকাল রোববার মজলিশের প্রথম অধিবেশনে গৃহীত এক প্রস্তাবে বলা হয়, এটা মজলিশের বিবেচিত অভিমত যে শাসনতন্ত্রে নিম্নোক্ত ব্যবস্থাগুলো অন্তর্ভূক্ত নাহলে এতে জাতির আশা আকাংখা প্রতিফলিত হবে না।

(১) কোরান ও সুন্নাহ শাসনতন্ত্রের প্রধান উৎস।

(২) ফেডারেল ও পার্লামেন্টারী গণতন্ত্র।

(৩) পৃথক নির্বাচকমণ্ডলী।

(৪) পি, ডি, এম-এর ৮দফা কর্মসূচী অনুযায়ী পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন।

(৫) পাকিস্তান সরকারের শাসনতান্ত্রিক দায়িত্ব হবে নির্ধারিত সময়ে দেশের দু অংশের মধ্যকার অর্থনৈতিক বৈষম্য দূর করা।

(৬) নির্ধাতি সময়ে সশস্ত্র সার্ভিস সহ কেন্দ্রীয় সরকারের সব বিভাগ থেকে বৈষম্য দূর করা এবং

(৭) মৌলিক অধিকারের নিশ্চয়তা।

-দৈনিক পাকিস্তান, ৪ অক্টোবর, ১৯৭১

প্রদেশবাসীর উদ্দেশ্যে ভুট্টোর বাণী

পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান জনাব জুলফিকার আলী ভুট্টো পূর্ব পাকিস্তানের জনগণের উদ্দেশ্যে প্রেরিত এক বাণীতে দেশের জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য তাঁর দলের ওয়াদার কথা পুনরায় ঘোষণা করেন। গতকাল রোববার ঢাকা থেকে এপিপি এই বাণী পরিবেশন করেছে। গতকাল রোববার পূর্ব পাকিস্তানে শুভেচ্ছা ও রাজনৈতিক সফরে আগত পাকিস্তান পিপলস পার্টির দশ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল চেয়ারম্যান ভুট্টোর সেই বাণী নিয়ে আসেন।

তাঁর বাণীতে জনাব ভুট্টো বলেন যে জাতির জীবনে এক নতুন অধ্যায়ের সূচনা করতে হবে। পাকিস্তানীদের দ্বারা পাকিস্তানীদের হত্যা বন্ধ করতে হবে এবং সকলের প্রতি শুভেচ্ছা ও সহানুভূতির মনোভাব নিয়ে পরস্পর ভাই হিসেবে শান্তিতে বসবাস করতে হবে।

তাঁদের বক্তব্যকে সহানুভূতি নিয়ে বিবেচনা করার জন্য পূর্ব পাকিস্তানের জনগণের প্রতি আবেদন জানিয়ে পিপলস পার্টির প্রধান বলেন যে আমরা সকল প্রকার শোষণের অবসান ঘটাবো এবং জনগণের অধিকার সমুন্নত রাখবো।

গণ অধিকার পুনঃ প্রতিষ্ঠার জন্য আমরা সব সময়ই চেষ্টা করে আসছি এবং এই বিরাট কষ্টসাধ্য কাজে আমরা পূর্ব পাকিস্তানের জনগণের হাতে হাত মিলিয়ে কাজের পক্ষপাতী।

সংগ্রামের এই কালোরাত্রির অবসান অবশ্যই ঘটাতে হবে এবং নতুন দিনের আবির্ভাব নিশ্চয়ই ঘটবে। তিনি বলেন গত ৮ মাস ধরে আমার দল গভীর উদ্বেগ ও উৎকণ্ঠার সাথে পূর্ব পাকিস্তানের ঘটনাপ্রবাহ লক্ষ্য করে আসছে। অনেক রক্তপাত হয়েছে। পাকিস্তানীরা পাকিস্তানীদের হত্যা করার মহাবিয়োগান্তক ঘটনা আমরা প্রত্যক্ষ করছি। ফলে জাতি আজ এক ক্রান্তিলগ্নে এসে দাঁড়িয়েছে।

১৯৬৭ সালে আমি এই সতর্ক বাণী উচ্চারণ করেছিলাম যে জনগণের অর্থনৈতিক ও রাজনৈতিক অধিকার পুনঃ প্রতিষ্ঠাই হচ্ছে আমাদের সত্যিকারের মুক্তির একমাত্র পথ। এই পথ ছাড়া অন্য কোন পথ আমাদের প্রিয় মাতৃভূমিকে সঙ্কটের আবর্তে নিয়ে যাবে। বন্যা ও ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত আমাদের দেশ অতি দরিদ্র। আমরা দুর্ভিক্ষের অভিশাপে অভিশপ্ত এবং নির্মম সামাজিক, রাজনৈতিক ও শ্রেণী শোষণে পর্যুদস্ত।

এই চির দারিদ্রের অবসান ঘটিয়ে জাতিকে সম্মুখপানে এগিয়ে নেবার একমাত্র পথ হচ্ছে জনগণের অধিকার প্রতিষ্ঠা করা। সর্ব প্রথম আমরাই বলেছিলোম যে পূর্ব পাকিস্তানের জনগণ অপেক্ষাকৃত গরীব অথচ সেখানে শোষণের মাত্রা অধিকতর। আমরাই সকলের আগে বলেছিলাম যে পূর্ব পাকিস্তানের সংখ্যাধিক্য জনগণের কথার যথাযোগ্য মর্যাদা দিতে হবে। জাতীয় সমঝোতা ও শাসনতন্ত্র প্রণয়নে জনগণের অংশ গ্রহণের দাবী সর্ব প্রথমে আমরাই উত্থাপন করেছি।

আজকে আবার আমরা জনগণের অধিকার পুনঃপ্রতিষ্ঠার জন্য আমাদের ওয়াদার পুনরুল্লেখ করছি। তাঁর বাণীতে ভুট্টো বলেন, জাতির জীবনে অবশ্যই নতুন অধ্যায়ের সূচনা করতে হবে। আমাদের পার্টি সম্পর্কে শত্রুরা, বিশেষ করে পূর্ব পাকিস্তানকে শোষণকারী প্রতিক্রিয়াশীলরা ভুল বুঝাবুঝি সৃষ্টির চেষ্টা করছে।

আমাদের বক্তব্য সঠিকভাবে শোনার জন্য আপনাদের কাছে আমার একান্ত অনুরোধ। আমরা সকল প্রকার শোষণের অবসান ঘটাবো। আল্লাহর দৃষ্টিতে যেমন সকল মানুষ সমান তেমনি আইনের দৃষ্টিতে সকল পাকিস্তানীকে সমান বলে বিবেচনা করতে হবে।

-দৈনিক পাকিস্তান, ১১ অক্টোবর, ১৯৭১

জাতীয় সরকার গঠন করা উচিত
-শফিকুল ইসলাম

রাওয়ালপিণ্ডি, ১০ই অক্টোবর (পিপিআই)- কাউন্সিল মুসলিম লীগের ভাইস প্রেসিডেন্ট জনাব শফিকুল ইসলাম বলেছেন যে বর্তমান পরিস্থিতি মোকাবিলা করার জন্য সকল দেশপ্রেমিক রাজনৈতিক দলগুলোর সমন্বয়ে অবিলম্বে কেন্দ্রে একটি জাতীয় সরকার গঠন করা উচিত। পূর্ব পাকিস্তানের তিন জন প্রতিনিধির সমন্বয়ে গঠিত দলের সদস্য হিসেবে বিশ্ব সফরে রওয়ানা হওয়ার পূর্বে এক সাক্ষাৎকারে জনাব শফিকুল ইসলাম বলেন যে তাঁদের এই বেসরকারী সফরের প্রধান লক্ষ্য হচ্ছে আন্তর্জাতিক পর্যায়ে অব্যাহত ভারতীয় প্রচারণার ফলে সৃষ্টি ভুল বুঝাবুঝি দূর করা।

জনাব ইসলামের লণ্ডনের পথে করাচী রওয়ানা হওয়ার পূর্বে এই সাক্ষাৎকার গৃহীত হয়। এক প্রশ্নের উত্তরে তিনি বলেন যে প্রেসিডেন্টের ক্ষমতা হস্তান্তরের কাজ সহজতর করার জন্য একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা ও একটি জনপ্রিয় শাসনতন্ত্র জারী না হওয়া পর্যন্ত কেন্দ্রে একটি জাতীয় সরকার থাকা উচিত।

তিনি বলেন যে এতে সকল স্তরের জনগণের মধ্যে আস্থার ভাব সৃষ্টি হবে। জনাব ইসলাম বলেন যে দেশের আদর্শ ও অখণ্ডতার সঙ্গে সঙ্গতি রেখেই এই জাতীয় সরকার গঠন করতে হবে।

-দৈনিক পাকিস্তান, ১২ অক্টোবর, ১৯৭১

ভারতীয় প্রচারণা চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে
-শাহ আজিজ

নিউইয়র্ক, ২৪শে অক্টোবর (এপিপি)।- পূর্ব পাকিস্তানের একজন বিশিষ্ট নেতা শাহ আজিজুর রহমান গতকাল এখানে বলেন যে, বাংলাদেশ ধাপ্পার স্বরূপ এখন বহুলাংশে উদঘাটিত হয়ে গেছে। জাতিসংঘে পাকিস্তানী প্রতিনিধিদলে অন্যতম সদস্য জনাব রহমান স্বদেশে প্রত্যাবর্তনের পূর্বে গতকাল এপিপির বিশেষ সংবাদদাতার এক সাক্ষাৎকারে বলেন, এখানে এক মাসেরও অধিক সময় অবস্থানকালে তিনি জাতিসংঘের সাধারণ পরিষদে বিভিন্ন দেশের প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ করেছেন এবং তাঁরা সবাই পাকিস্তানের বক্তব্য বেশ আগ্রহ সহকারে শ্রবণ করেছেন।

তিনি বলেন, এটা এখন আর এক তরফা ব্যাপার নয় এবং ভারতীয় প্রচারণার বিশ্বাসযোগ্যতা এখন চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। জনাব রহমান বলেন, জাতিসংঘে প্রতিনিধিরা পূর্ব পাকিস্তানের অর্থনীতির ক্ষতি সাধনের উদ্দেশ্যে অনুপ্রবেশকারী প্রেরণ থেকে ভারত বিরত থাকলে পাকিস্তান ভারতীয় সীমান্ত থেকে সৈন্য প্রত্যাহারের যে আশ্বাস দিয়েছে, এ জন্য বিশেষভাবে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের সিদ্ধান্তের প্রশংসা করেছেন।

ভারত ও পাকিস্তান সীমান্তের উভয় পার্শ্বে জাতিসংঘ পর্যবেক্ষক নিয়োগের প্রস্তাব গ্রহণের জন্য পাকিস্তান সরকারের প্রশংসা করা হয়। শাহ সাহেব বলেন, প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের ব্যাপক সাধারণ ক্ষমা প্রদর্শনের কথা ঘোষণার ফলে বিভিন্ন দেশের মধ্যে পূর্বেই সৃষ্ট ভুল ধারণা অবসানে বেশ সহায়ক হয়েছে। সেনাবাহিনীর কথিত নির্যাতন সম্পর্কে ভারতের উদ্দেশ্য প্রণোদিত প্রচারণা প্রসঙ্গে তিনি বলেন বিদেশে বসবাসকারী বহুসংখ্যক বাঙ্গালী যারা ভারতীয় প্রচারণার বিভ্রান্ত হয়েছিলেন, তাঁরা এখন পাকিস্তান সরকারের গৃহীত ব্যবস্থার যৌক্তিকতা অনুধাবন করতে পেরেছেন।

তিনি বলেন, এই মুহূর্তে সর্বাধিক প্রয়োজন হচ্ছে ভারতীয় মিথ্যা প্রচারণাকে প্রকৃত ঘটনার আলোকে অত্যন্ত নিপুণভাবে খণ্ডনের উদ্দেশ্যে বিভিন্ন দেশে সুদক্ষ পাকিস্তানীদের প্রেরণ করা। শাহ সাহেব বলেন, আমরা যাদের

সাথেই দেখা করেছি ও কথা বলেছি, তাঁরা একথা বুঝতে পেরেছেন যে উথান্টের প্রস্তাব প্রত্যাখ্যান করে ভারত উদ্বাস্তুদের দেশে প্রত্যাবর্তনের ব্যাপারে সহযোগিতা করতে চাচ্ছে না।

-দৈনিক পাকিস্তান, ২৫ অক্টোবর, ১৯৭১

রাজাকারদের সংখ্যা বৃদ্ধি ও তাদের আরো অস্ত্র দেয়ার সুপারিশ।

প্রেসিডেন্ট সকাশে নূরুল আমীন

লাহোর, ১৬ই নবেম্বর (এপিপি)।- পাকিস্তান ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট জনাব নূরুল আমীন আজ এখানে গভর্নর ভবনে প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খানের সঙ্গে নব্বই মিনিট ব্যাপী এক বৈঠকে মিলিত হন। বৈঠকের পর জনাব নূরুল আমীন সাংবাদিকদের বলেন যে, তিনি প্রধানতঃ পূর্ব পাকিস্তানের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে আলোচনা করেছেন। সেখানকার আসন্ন উপ-নির্বাচন সম্পর্কেও আলোচনা হয়েছে বলে তিনি জানান।

তিনি বলেন যে, পূর্ব পাকিস্তানে উপ-নির্বাচনের কাজ শুরু হওয়ার পর থেকে ভারত পূর্ব পাকিস্তানে তার ধ্বংসাত্মক তৎপরতা বাড়িয়ে দিয়েছে। তিনি জানান যে প্রেসিডেন্টের কাছে তিনি পূর্ব পাকিস্তানে রাজাকারদের সংখ্যা বৃদ্ধি করার ও তাদের আরো অস্ত্র দেয়ার সুপারিশ করেছেন। তিনি বলেন যে, সেখানে রাজাকাররা খুব ভাল কাজ করছে কিন্তু বর্তমানে তাদের সকলের নিকট অস্ত্র নেই।

রাজাকাররা তাদের রাজনৈতিক প্রতিপক্ষের লোকদের হত্যা করছে বলে যে অভিযোগ করা হয়েছে জনাব নূরুল আমীন তার সত্যতা অস্বীকার করেন। জনাব নূরুল আমীন বলেন যে, তিনি ২০শে ডিসেম্বরের পূর্বেই খসড়া শাসনতন্ত্রটি প্রকাশের জন্য প্রেসিডেন্টের নিকট প্রস্তাব করেছেন।

উল্লেখযোগ্য যে, ২০শে ডিসেম্বর শাসনতন্ত্র জারির দিন নির্ধারণ করা হয়েছে। পিডিপি পধান বলেন যে ২০শে ডিসেম্বরের পূর্বেই খসড়া শাসনতন্ত্রটি প্রকাশ করা হলে ২৭শে ডিশেম্বর জাতীয় পরিষদের অধিবেশন শুরু হওয়ার পূর্বেই রাজনৈতিক দলগুলো খসড়া শাসনতন্ত্রটি বিবেচনা করার জন্য আরো সময় পাবে। এক প্রশ্নের উত্তরে জনাব আমীন বলেন যে প্রেসিডেন্ট তাঁর ক্ষমতা হস্তান্তরের কর্মসূচীতে অটল থাকবেন। তিনি বলেন যে, সেনাবাহিনীর হাতে যত বেশী দিন ক্ষমতা থাকবে, দেশের জন্য ততই খারাপ হবে।

পিপিআই পরিবেশিত খবরে প্রকাশ, জনাব নূরুল আমীন জানান যে প্রেসিডেন্টের সঙ্গে আলোচনায় তিনি সন্তুষ্ট হয়েছেন। তিনি বলেন যে ভবিষ্যতে শাসনতন্ত্র সম্পর্কে আলোচনার সময় তিনি শাসনতন্ত্রে পূর্ব পাকিস্তানকে কি পরিমাণ প্রাদেশিক স্বায়ত্তশাসন দেয়া হচ্ছে তা জানতে চান। প্রেসিডেন্ট তাঁকে আশ্বাস দেন যে পূর্ব পাকিস্তানকে সর্বাধিক স্বায়ত্তশাসন দেওয়া হবে। 'সর্বাধিক স্বায়ত্তশাসনের' কোন সংজ্ঞা দেয়া হয়েছে কিনা এই মর্মে এক প্রশ্নের জবাবে তিনি বলেন যে চারটি বিষয় যথা প্রতিরক্ষা, পররাষ্ট্র বিষয়, মুদ্রা ও বৈদেশিক বাণিজ্য কেন্দ্রের নিয়ন্ত্রণে থাকবে।

বৈদশিক সাহায্য ও ঋণ সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি বলেন যে, কেন্দ্রীয় সরকার আলোচনা করে এ সমস্ত সাহায্যও ঋণ সংগ্রহ করবে এবং বিভিন্ন প্রদেশের জনসংখ্যার ভিত্তিতে প্রদেশগুলোতে তা ব্যয় করা হবে। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন যে শেখ মুজিবের মুক্তি প্রশ্ন নিয়ে কোন আলোচনা হয়নি। তিনি বলেন যে প্রেসিডেন্ট ইয়াহিয়া খান শীঘ্রই পূর্ব পাকিস্তান সরকারের কথা বিবেচনা করছেন।

তিনি জানান যে, প্রেসিডেন্ট পূর্ব পাকিস্তানে রাজাকারদের সংখ্যা বৃদ্ধি করার ও তাদের আরো অস্ত্রশস্ত্র দিতে সম্মত হয়েছেন। পূর্ব পাকিস্তানে ভারতের ধ্বংসাত্মক তৎপরতা বৃদ্ধি প্রসঙ্গে তিনি বলেন কেবল যে একটি যুদ্ধের আশঙ্কা রয়েছে তাই নয়, প্রকৃতপক্ষে উক্ত এলাকায় যুদ্ধ শুরু হয়ে গেছে। এপিপির খবরে আরো বলা হয়, অপর

এক প্রশ্নের উত্তরে জনাব নূরুল আমীন বলেন যে, বেআইনী ঘোষিত আওয়ামী লীগের টিকিটে নির্বাচিত ও বহাল জাতীয় পরিষদ সদস্যদের মধ্যে সকালে হয়ত এখন দেশে উপস্থিত নেই, তবে ২৭শে ডিসেম্বর সকালের মধ্যে তাঁরা হয়ত পরিষদের অধিবেশনে বসার জন্য ফিরে আসতে পারেন।

তিনি বলেন যে বেআইনী ঘোষিত আওয়ামী লীগ সদস্যদের অন্য কোন দলে যোগদানের ব্যাপারে রাজনৈতিক দল আইন কোন বাধা নয়। তবে তিনি রাজনৈতিক দল আইনটিকে অবাধ গণতন্ত্রের পথে বাধাস্বারূপ বলে বর্ণনা করেন। তিনি বলেন যে তিনি জাতীয় পরিষদের ছ'জন পিপিপি প্রার্থীর বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ার রহস্য সম্পর্কে প্রেসিডেন্টকে অবহিত করেছেন এবং প্রেসিডেন্ট বিষয়টি সম্পর্কে অনুসন্ধান করবেন বলে তাঁকে জানিয়েছেন।

জনাব নূরুল আমিন বলেন যে, জাতীয় পরিষদেও ছ'দলীয় মৈত্রী জোট অব্যাহত থাকবে। পাকিস্তান গণতান্ত্রিক আন্দোলনের (পিডিএম) মত এই জোট যাতে একজনের নেতৃত্বাধীনে থাকে সেজন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে তিনি উল্লেখ করেন।

-দৈনিক পাকিস্তান, ৭ নাভেম্বর, ১৯৭১

চীন সফর সম্পূর্ণ সফল হয়েছে

ভুট্টো

করাচী, ১২ই নভেম্বর, (এপিপি)।-পাক-ভারত উপ-মহাদেশের ভাগ্য ভিয়েনা, রোম বা প্যারিসে নির্ধারিত হবে না, এই উপ-মহাদেশের মাটিতেই নির্ধারিত হবে। পিপলস পার্টি প্রধান জনাব ভুট্টো ভারতের প্রধানমন্ত্রী মিসেস ইন্দিরা গান্ধীর প্রতি উপরোক্ত সতর্ক বাণী উচ্চারণ করেন। তিনি আবদুল্লাহ হারুন রোডে এক বিরাট জনসমাবেশ বক্তৃতা করছিলেন। তিনি পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে অব্যাহত হস্তক্ষেপ এবং আক্রমণাত্মক তৎপরতার বিরুদ্ধে ভারত সরকারকে হুঁশিয়ার করে দিয়ে বলেন, ভারত পাকিস্তানের উপর যুদ্ধ চাপিয়ে দেয়ার চেষ্টা করলে সেই যুদ্ধ শুধু ভারত ও পাকিস্তানের সীমান্তেই সীমিত থাকবে না। তিনি বলেন, ভারত যেন তার সাম্প্রতিক পিকিং সফরের ফলাফলকে তার স্বপক্ষে মনে করে ভুল না বোঝে। কেননা চীন পুনরায় পাকিস্তানের বিরুদ্ধে ভারতের নগ্ন হামলার মুখে পাকিস্তানকে সম্পূর্ণ ও সর্বাত্মক সমর্থনের আশ্বাস দিয়েছে। তাঁর পিকিং সফর কতটা সফল হয়েছে সময় আসলেই তা বোঝা যাবে।

তিনি পূনরায় বলেন, আমার চীন সফর সফল হয়েছে। এই প্রসঙ্গে তিনি তাঁর বিদায় সম্বর্ধনায় প্রধানমন্ত্রী চৌ এন লাই, অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী চী পেং ফেই-য়ের বিবৃতির উল্লেখ করেন।

তারা বলেছেন, পাকিস্তানী প্রতিনিধিদলের মিশন সফল হয়েছে। আমার কর্তব্য সমাধান করে সন্তুষ্ট হয়ে আমি ফিরে এসেছি। তিনি ভারতীয় প্রতিরক্ষমন্ত্রী জগজীবন রামের সাম্প্রতিক বিবৃতির নিন্দা করেন। এই বিবৃতিতে জগজীবন রাম বলেছেন, ভারত পাকিস্তানের বড় বড় শহরগুলো দখল করার পর ছেড়ে দেবে না। ভুট্টো বলেন, যুদ্ধ শুরু হলে শুধু পাকিস্তান সেনাবাহিনীই যুদ্ধ করবেনা পাকিস্তানের প্রতিটি নাগরিক যুদ্ধ করবে। প্রতিটি গ্রাম, শহর ও সড়কে যুদ্ধ হবে। তিনি বলেন, তবে হোক দমাদম মস্তকালান্দার। ভুট্টো বলেন, পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে মিসেস ইন্দিরা গান্ধীর হস্তক্ষেপ সীমা ছাড়িয়ে গেছে।

তিনি বলেন, সোভিয়েটের সাথে চুক্তি স্বাক্ষরের জন্য ভারতকে বহু খেসারত দিতে হবে। কেননা পাকিস্তানও এ ধরনে চুক্তি করেছিল। কিন্তু পরে তা নিরর্থক প্রমাণিত হয়েছে। আমি ভারতকে নোটিশ দিচ্ছি, অস্ত্র ত্যাগ কর। পাকিস্তানকে হুমকি দেয়া বন্ধ কর।

আমাদের উপর যুদ্ধ যদি চাপিয়ে দাও তাহলে তাহবে চূড়ান্ত, যুদ্ধ, সর্বাত্মক যুদ্ধ। তিনি দক্ষিণপন্থী ছয় দলের মৈত্রীর সমালোচনা করেন। তিনি বলেন, পিডিপি প্রধান নূরুল আমীন নিজে ছয় দলের আমীর না হয়ে মওলানা মওদুদীকে তার আমীর করিয়েছেন। তিনি বলেন, পিপলস পার্টি শ্রমিক কৃষক, ছাত্র বুদ্ধিজীবী ও সাংবাদিকদের সাথে মৈত্রী করবে।

-দৈনিক পাকিস্তান, ১৩ নভেম্বর, ১৯৭১

প্রধানমন্ত্রীর পদ পূর্ব পাকিস্তানীকে দিতে হবে
গোলাম আজমের দাবী
(ষ্টাফ রিপোর্টার)

গতকাল সোমবার পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর আমীর অধ্যাপক গোলাম আজম এক বিবৃতিতে পাকিস্তানের প্রধানমন্ত্রীত্বের পদ এক জন পূর্ব পাকিস্তানীকে প্রদানের দাবী জানিয়েছেন। ছয় দলের নির্বাচনী জোটের নেতা জনাব নুরুল আমীনের ক্ষমতা হস্তান্তর সম্পর্কিত লাহোরে প্রদত্ত বক্তৃতার প্রতি সমর্থন জানিয়ে অধ্যাপক গোলাম আজম বলেন যে, দেশের এই অংশের জনগণের মন থেকে অতীতে বঞ্চনার মনোভাব ক্রমশঃ দূর করতে হলে প্রধান রাজনৈতিক পদটি অবশ্যই একজন পূর্ব পাকিস্তানীকে দিতে হবে।

ন্যায় বিচার এটাই দাবী করে। তিনি বলেন আমাদের পশ্চিম পাকিস্তানী ভাইয়েরা একথা ভালোভাবেই জানেন যে পূর্ব পাকিস্তানীদেরকে তাদের ন্যায়সঙ্গত রাজনৈতিক অধিকার থেকে বিশেষ করে আইয়ুব খানের দীর্ঘ দশ বছরের একনায়কত্ব শাসনামলে বঞ্চিত করা হয়েছে। এর ফলেই জাতি বর্তমানের গুরুতর সঙ্কটের সম্মুখীন হয়েছে।

দুটি সংখ্যাগরিষ্ঠ দলের ভুয়া থিওরি

জনাব ভুট্টোর সমালোচনা করে জামাতে নেতা বলেন এটা অত্যন্ত দুঃখজনক যে ক্ষমতার জন্য জনাব ভুট্টোকে এক অদ্ভুত ধরনের পাগলামী পেয়ে বসেছে।

এই পাগলামীর জন্যই তিনি একই রাষ্ট্রে দুটি সংখ্যাগরিষ্ঠ দলের থিওরি সৃষ্টি করেছিলেন। ক্ষমতার লোভে তিনি ও তাঁর সহকর্মীরা এমন ভাবে বেসামাল হয়ে পড়েছেন যে তাঁরা অন্যান্য দলের নেতাদের বিরুদ্ধে আপত্তিজনক ভাষায় কথাবার্তা বলেছেন। গত ক'মাস থেকে জনাব ভুট্টো পাকিস্তানের প্রধানমন্ত্রী হওয়ার খায়েশ মনে মনে পোষণ করে আসছেন। কিন্তু পূর্ব পাকিস্তানের 'ছ' দলের মৈত্রী এবং পাকিস্তান ভিত্তিতে বামপন্থী নয় এমন দলগুলোর ঐক্যের সম্ভাবনা তাঁর প্রধানমন্ত্রী হওয়ার আশাকে মনে হয় ভেঙ্গে চুরমার করে দিয়েছে। পূর্ব পাকিস্তানের জনসাধারণের ধারণা হচ্ছে যে শেখ মুজিবর রহমানের সাথে জনাব ভুট্টো ক্ষমতার অংশীদারিত্ব থেকে বঞ্চিত হওয়ার ভয়ে ভীত ছিলেন। এই হতাশার মনোভাবই জনাব ভুট্টোকে তাঁর পথ থেকে শেখ মুজিবর রহমানের অপসারণের জন্য প্রয়োজনীয় পরিবেশ সৃষ্টি করতে পরিচালিত করেছিল।

প্রাদেশিক জামাতের আমীর বলেন, আমার মনে হয় জনাব ভুট্টো নিজেও নিজেকে অপরাধী বলে মনে করেন। এ কারণেই গত সাত মাস ধরে এখানকার জনগণ যে মহাসঙ্কটের মোকাবিলা করছেন সে সময় জনাব ভুট্টো পূর্ব পাকিস্তান সফরে আসতে পারেননি। আমি বুঝতে পারি না এই মনোভাব নিয়ে তিনি কি করে জাতীয় নেতা হওয়ার দুঃসাহস করেন। তবে অদূর ভবিষ্যতে তিনি জাতীয় নেতা হওয়ার গুণাবলী অর্জন করুন আমি বরং এই মোনাজাতই করি। দেশের সংহতির স্বার্থে পূর্ব পাকিস্তানের জনগণের মনোভাবকে উপেক্ষা না করার জন্য বিবৃতিতে তিনি প্রেসিডেন্টের প্রতি আহবান জানান।

-দৈনিক পাকিস্তান, ১৬ নভেম্বর, ১৯৭১

দক্ষিণপন্থী সাত দলের মৈত্রী জোট

লাহোর, ১৫ই নভেম্বর (পিপিআই)।-সাতটি দক্ষিণ পন্থী রাজনৈতিক দল আজ পিডিপি প্রধান জনাব নূরুল আমীনের নেতৃত্বে সংযুক্ত কোয়ালিশন পার্টি গঠনে সম্মত হয়েছে। আজ সকালে এখানে উক্ত দলগুলোর প্রধান নেতৃবৃন্দের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়।

পরে নবগঠিত দলের প্রধান জনাব নূরুল আমীন এক সাংবাদিক সম্মেলনে বলেন যে, "বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে ঐক্য সাধনে যে প্রধান বিষয়টি কাজ করেছে তাহলো জাতীয় আদর্শ বজায় ও রক্ষার জন্য তাদের দৃঢ় সংকল্প। তিনি বলেন যে এই ঐক্যজোটে অংশগ্রহণকারীরা পাকিস্তানে একটি পূর্ণাঙ্গ ইসলামী ব্যবস্থা কায়েমের জন্য যথাসাধ্য চেষ্টা চালাবেন।

প্রায় আড়াই ঘণ্টাব্যাপী বৈঠকের পর প্রকাশিত যুক্ত ঘোষণায় বলা হয়, ''আমরা অর্থাৎ সাত দলের অনুমোদিত প্রতিনিধিরা এখানে ঘোষণা করছি যে আমরা এক নেতা জনাব নূরুল আমীন সাহেবের নেতৃত্বে পাকিস্তানের জাতীয় পরিষদে একটি সংযুক্ত কোয়ালিশন পার্টি হিসেবে কাজ করবো।''

প্রকৃতপক্ষে এই মৈত্রী জোটের কোন নাম দেয়া হয়নি। একজন সাংবাদিক যখন জানতে চাইলেন যে মৈত্রীজোটের ব্যাপারে পিডিপি প্রধানের নেতৃত্বকে তারা কিভাবে আখ্যায়িত করবেন, তখনই কেবল জনাব নূরুল আমীন ত্বরিত এটার ''সংযুক্ত কোয়ালিশন পার্টি" নামকরণ করেন। উপস্থিত নেতৃবৃন্দ এই নামকরণে সম্মত বলে মনে হয়। ঘোষণাটিতে আরো বলা হয় যে, আমাদের জনগণের জন্য এক নিরাপদ ও ন্যায়সঙ্গত ইসলামী ভবিষ্যত গড়ে তোলার ক্ষেত্রে একটি সুসঙ্গত, সুস্পষ্ট ও কার্যকরী নেতৃত্ব দেয়ার জন্য একমনা দলগুলোর মধ্যে অবিলম্বে সর্বোচ্চ পরিমাণ ঐক্য সাধনের প্রয়োজনীয়তার ব্যাপারে সংশ্লিষ্ট দলগুলো একমত।

নবগঠিত সংযুক্ত কোয়ালিশন পার্টি অঙ্গ দলগুলোর সাধারণ লক্ষ্যসমূহ অর্জনের জন্য কাজ করে যাবে। এই পার্লামেন্টারী মৈত্রী জোটের নেতা হিসেবে জনাব নূরুল আমীনের নির্বাচন হয় সর্বসম্মত। ঘোষণায় যারা স্বাক্ষর করেন তাঁরা হলেন, পাকিস্তান ডেমোক্রেটিক পার্টির জনাব নূরুল আমীন, পাকিস্তান মুসলিম লীগের (কাইয়ুম গ্রুপ) প্রেসিডেন্ট খান আবদুল কাইয়ুম খান, কাউন্সিল মুসলিম লীগের প্রেসিডেন্ট মিয়া মমতাজ মোহম্মদ খান দৌলতানা, পাকিস্তান কনভেনশন মুসলিম লীগের জেনারেল সেক্রেটারী মালিক মোহাম্মদ কাসিম, জামাতে ইসলামীর অস্থায়ী আমীর মিয়া তোফায়েল মোহাম্মদ, জমিয়তুল ওলামায়ে পাকিস্তানের ..... এবং মারকাজী জমিয়াতুল ওলামায়ে পাকিস্তানের এডভোকেট জনাব ইকবাল আহমদ। শেষোক্ত দল পূর্ব পাকিস্তানে নেজামে ইসলাম দল হিসেবে কাজ করছে। জনাব নূরুল আমীন বলেন যে মৈত্রীজোটের অঙ্গ দলগুলোর নেতৃবৃন্দ জনগণের সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে দেশের উভয় অংশে শীঘ্রই সফরে যাবেন।

সাংবাদিক সম্মেলনে জনাব নূরুল আমীন ছাড়াও ইতিপূর্বে ঘোষণায় স্বাক্ষরদানকারী বিভিন্ন দলের কতিপয় নেতা উপস্থিত ছিলেন। সংযুক্ত পার্টিতে নয়া সদস্য গ্রহণের প্রশ্নে সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে কি পদ্ধতি গ্রহণ করা হবে সে সম্পর্কে এক প্রশ্নের উত্তরে জনাব নূরুল আমীন বলেন যে বিভিন্ন অঙ্গ দলের নেতৃবৃন্দ বৈঠকে আলোচনা করে এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

তবে তিনি বলেন যে, নয়া দলকে এই মৈত্রীজোটে অন্তর্ভুক্ত করার ব্যাপারে সিদ্ধান্ত অবশ্যই সর্বসম্মত হতে হবে। কেন্দ্রে তিনি কোন জাতীয় সরকার গঠনের পক্ষপাতী হবেন কিনা এই মর্মে এক প্রশ্নের জবাবে তিনি এক পাল্টা প্রশ্ন করেন। তিনি বলেন, ''নয়া কোন দল সরকার গঠন করলে তিনি সেটাকে আর কি নামে আখ্যায়িত করবেন।''

জনাব নুরুল আমীন বলেন, তিনি এ ব্যাপারে নিশ্চিত যে প্রেসিডেন্ট জাতীয় পরিষদে সংখ্যাগরিষ্ঠ দলকে সরকার গঠনের আহবান জানাবেন।

জাতীয় পরিষদে সংযুক্তি পার্টির সম্ভাব্য শক্তি সম্পর্কে এক প্রশ্নের জবাবে তিনি বলেন যে এই পর্যায়ে এ ব্যাপারে কিছু বলার সময় আসেনি। তিনি বলেন, ''উপনির্বাচন শেষ হতে দিন, তারপর দলীয় শক্তি সকলেরই জানা হয়ে যাবে''।

-দৈনিক পাকিস্তান, ১৬ নভেম্বর, ১৯৭১

বিপ্লব অনিবার্য

জুলফিকার আলী ভুট্টো

করাচী, ১৭ই নভেম্বর (এপিপি)।- পাকিস্তানের জনসাধারণ কোন অবস্থাতেই 'পুতুল সরকার' গ্রহণ করবে না। পিপলস পার্টি প্রধান জনাব জুলফিকার আলী ভুট্টো আজ এ কথা বলেছেন। তিনি দলের কেন্দ্রীয় দফতরে দলীয় কর্মী সভায় ভাষণ দিচ্ছিলেন। ভুট্টো বলেন, সংখ্যাগরিষ্ঠ জনসাধারণের মত প্রতিফলনে সক্ষম সরকার গঠনে বাধা সৃষ্টির চেষ্টা করা হলে বিপ্লব অনিবার্য।

ভুট্টো তার ২৯শে সেপ্টেম্বরের চার দফা ফর্মূলার পুনরুল্লেখ করে বলেন তাঁর দল এই ফর্মূলায় অবিচল রয়েছে। তিনি উক্ত ফর্মূলা যাচাই ও পরীক্ষা করে দেখার আহবান জানান। তিনি বলেন, এছাড়া দেশ সম্মুখপানে এগিয়ে যেতে পারে না। ২৯শে সেপ্টেম্বর ভুট্টো চার দফা সুপারিশ পেশ করেছিলেন, যা তার মতে প্রেসিডেন্টের পরিকল্পনাকে আরো সুস্পষ্ট ও অর্থবহ করবে।

ভুট্টোর এই চার দফা হলোঃ-

(ক) ১৮ই সেপ্টেম্বরের ঘোষণা তাতে সন্নিবেশ করার জন্য আইন কাঠামো আদেশ সংশোধন করতে হবে এবং প্রেসিডেন্টের বিবৃতির কতিপয় বক্তব্য আরো স্পষ্ট ব্যাখ্যা করা দরকার।

(খ) খসড়া শাসনতন্ত্রের বিধি বিধানসমূহ সংস্কার কর্মসূচীর পথে বাধা সৃষ্টি করতে পারবে না।

(গ) শাসনতন্ত্র বিবেচনার জন্য জাতীয় পরিষদের বৈঠক আহবানের সাথে সাথেই কেন্দ্রে ও প্রদেশগুলোতে নিয়মতান্ত্রিক সরকার গঠন করতে হবে।

(ঘ) পিপলস পার্টিকে পাকিস্তানের উপ-নির্বাচনে ভালোভাবে অংশগ্রহণের সুযোগ দিতে হবে।

জনাব ভুট্টো বলেন, তিনি নয়া শাসনতন্ত্র এবং ক্ষমতা হস্তান্তর সম্পর্কিত প্রেসিডেন্ট ইয়াহিয়ার ১৮ই সেপ্টেম্বরের পরিকল্পনা বিনা শর্তে গ্রহণ করেননি।

''আমরা সেটাকে সামনের দিকে একটি সঠিক পদক্ষেপ বলে অভিহিত করেছিলাম। ভুট্টো বলেন, দেশের অস্তিত্বের সংকটজনক মুহূর্তে প্রয়োজন একটি শক্তিশালী ও ঐক্যবদ্ধ সরকার, যে সরকার কার্যকরভাবে বৈদেশিক আক্রমণের মোকাবিলা করতে পারবে এবং জনগণের আশা আকাংখা মোতাবেক অভ্যন্তরীণ সমস্যার সমাধানে সক্ষম হবে''।

তার দলের পূর্ব পাকিস্তানে উপ-নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত ভুল হয়েছে বলে ভুট্টো স্বীকার করেছেন। 'কিন্তু প্রশ্নটা ছিল দেশকে রক্ষার প্রশ্নে। সে কথা চিন্তা করেই আমরা উপ-নির্বাচনে অংশ নেয়ার সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছি'। ভুট্টো বলেন, দেশে তাঁর অনুপস্থিতিকালে তার দলের নেতারা পূর্ব পাকিস্তান পরিষদের উপ-নির্বাচনেও অংশগ্রহণের সিদ্ধান্ত নেন। তার অনুপস্থিতিতে এটা করা ঠিক হয়নি।

নূরুল আমীন পূর্ব পাকিস্তান থেকে প্রধানমন্ত্রী নিয়োগের দাবী করায় ভুট্টো তার সমালোচনা করেন। তিনি বলেন, ''পূর্ব পাকিস্তানে উপ-নির্বাচনে যেভাবে তারা আসন লাভ করেছেন। সে জন্যে তাদের লজ্জিত হওয়া

উচিত। আর এখন তারা তাদের শক্তির বড়াই করে কথা বলছেন।'' আমাদের দলের কর্মী ও নেতারা গত সাধারণ নির্বাচনের পর বহু স্থানে সরকারের হাতে কষ্ট পেয়েছেন, জেল খেটেছেন। আমাদের রেকর্ড একেবারে পরিষ্কার।

ক্ষমতা লাভের জন্য আমরা কোন কর্তৃপক্ষের সাথে ষড়যন্ত্র করছি, কেউ সেই দোষ আমাদের দিতে পারে না। ভুট্টো বলেন, তাঁর দল ক্ষমতার জন্য লালায়িত নয়। দেশের ও পূর্ব পাকিস্তানের জনগণের জন্য তারা যে কোন ত্যাগ স্বীকার করতে প্রস্তুত। পূর্ব পাকিস্তানের জনগণ যদি প্রধানমন্ত্রী অথবা প্রেসিডেন্ট পদ চান আমরা তা মেনে নেব। এমন কি জনগণ যদি চান, আমরা জেলে যেতেও প্রস্তুত।

অবশ্য তিনি বলেন, আমরা কখনোই পুতুল সরকার মেনে নেবো না। যদি গোটা দেশের জনগণের প্রতিনিধিদের নির্বাচিত করা সম্ভব না হয় তাহলে দেশের অর্ধেক অংশের প্রকৃত প্রতিনিধিরা চলতি সমস্যা সমাধানের জন্য এগিয়ে আসুন। ভুট্টো বলেন, তার দল সংখ্যাগরিষ্ট দল এবং তারাই জনগণের প্রকৃত প্রতিনিধি বলে তার বিশ্বাস। 'ক্ষমতায় যাওয়ার পর আমি পূর্ব পাকিস্তানে যেতে পারি।' সেখানকার জনসাধারণের সাথে দেখা করতে পারি এবং এক পাকিস্তানের ভিত্তিতে তাদের অর্থনৈতিক ও রাজনৈতিক অধিকার নিয়ে আলোচনা করতে পারি। তিনি বলেন, আইনগত ও রাজনৈতিক কারণে তার দল উপ-নির্বাচনে অংশ গ্রহণের সিদ্ধান্ত নেয়।

(ক)- পাকিস্তানকে রক্ষা করা। (খ) একটি গণতান্ত্রিক শাসনতন্ত্র প্রণয়ন এবং (গ) একটি বেসামরিক সরকার গঠন করার জন্যই তাঁর দল উপ-নির্বাচনে অংশ নেয়ার সিদ্ধন্ত নেয়। তবে দুঃখের সঙ্গে এবং চোখ বন্ধ রেখে এই সিদ্ধন্ত নেয়া হয়। পিপলস পার্টি জাতীয় পর্যায়ে নির্বাচনে অংশ নেবে বলে সিদ্ধান্ত নেয়।

আমরা গণতন্ত্রায়নের প্রক্রিয়া অব্যাহত রাখতে চেয়েছি। রাজনৈতিক উদ্যোগ নিয়ে আলোতে আসুন- সামরিক কার্যক্রম পিছনে পড়ে থাক আমরা তাই চেয়েছি। কারণ সামরিক পদক্ষেপ কোন সমস্যার সমাধান করে না। উল্টো তা জনসাধারণের মধ্যে বিদ্বেষ বাড়িয়ে তোলে। 'আমি প্রধানমন্ত্রীত্ব চাই না কিংবা প্রেসিডেন্ট হতে চাই না। আমি যদি লারকানা পৌরসভার চেয়ারম্যান হিসেবে জনগণের সেবা করতে পারি তাতেই আমি খুশী থাকব।'

তিনি বলেন, গরীবের সমস্যা তা পূর্ব বা পশ্চিম পাকিস্তান যেখানকারই হোক এক। তারা সবাই শোষিত। সাত দলীয় জোট গরীবদের ক্ষমতারোহণে বাধ্য দিচ্ছে। তবে গরীবের সর্বোচ্চ ক্ষমতা প্রতিষ্ঠার সংগ্রাম চলবে। আমরা বৃটিশ, রাজপুত, হিন্দু, শিখ, এমন কি জেনারেলদের যুগ দেখেছি। এবার আসবে গরীবের যুগ এবং কেউই তা রোধ করতে পারবে না।

-দৈনিক পাকিস্তান, ১৯ নভেম্বর ১৯৭১

'আক্রমণ করাই দেশ রক্ষার বড় কৌশল'

দলাদলি ভুলে ঐক্যবদ্ধ হোনঃ গোলাম আজম

লাহের, ২৩শে নভেম্বর, (এপিপি)।- পূর্ব পাকিস্তান জামাতে ইসলামী আমীর অধ্যাপক গোলাম আজম জনসাধারণের প্রতি রাজনৈতিক দলাদলি ভুল গিয়ে কার্যকরভাবে ভারতীয় হামলা মোকাবিলার জন্য ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানিয়েছেন।

দলের কেন্দ্রীয় কমিটির সভায় যোগদানের উদ্দেশ্যে এখানে পৌঁছে তিনি সাংবাদিকদের সাথে আলাপ করছিলেন। তার সাথে পূর্ব পাকিস্তানের রাজস্ব মন্ত্রী মওলানা এ,কে,এম ইউসুফ এবং জামাতে ইসলামীর নায়েবে আমীর মওলানা আবদুর রহিমও ছিলেন।

পূর্ব পাকিস্তানে সর্বশেষ ভারতীয় আক্রমণ প্রশ্নে গোলাম আজম বলেন, এটা কোন নতুন ঘটনা নয়। তফাৎ হলো এই যে, এবারের আক্রমণটা আরো বড় আকারের। তিনি বলেন, দেশকে রক্ষার সবচেয়ে বড় কৌশল হলো আক্রমণ করা। তিনি এ কথা বহুবার বলেছেন এবং এখন এটা আরো বেশী সত্য।

তিনি বলেন, আত্মরক্ষার কৌশল শত্রুকে আরো বেশী উৎসাহী ও শক্তিশালী করে তোলে। ভুট্টোর নাম উল্লেখ না করে তিনি বলেন, দেশের প্রধানমন্ত্রী হতে ইচ্ছুক মাত্র একজন লোক দলীয় রাজনীতি করছেন।

ভারতীয় হামলার এই হুমকির মুখে তিনি ব্যক্তিগতভাবে দেশে জাতীয় সরকার গঠনের পক্ষপাতী। তার এই সুপারিশ তিনি তার দলের কেন্দ্রীয় কমিটিতে পেশ করবেন বলে জানান। গোলাম আজম বলেন, গত ৮ মাস ধরে সীমান্তের ঘটনাবলীর দরুন পূর্ব পাকিস্তানের লোক খুব উদ্বিগ্ন। তিনি বলেন, দুষ্কৃতিকারীরা খুবই সক্রিয়, ভারত প্রকাশ্যে তাদের সাহায্য করছে এবং অস্ত্র সরবরাহ করছে।

সন্ত্রাসবাদী তৎপরতা চলছে এবং প্রকৃত ভোট গ্রহণ করার অসুবিধা রয়েছে। নয়া অর্ডিন্যান্সের ফলে আরো বহু প্রার্থী নাম প্রত্যাহার করবেন বলে আশা করা যায়। বিমানবন্দরে ভুট্টোকে সম্বর্ধনা জানানোর উদ্দেশ্যে আগত বিপুলসংখ্যক পিপলস পার্টি কর্মী জামাতে ইসলামী ও অধ্যাপক গোলাম আজমের বিরুদ্ধে শ্লোগান দেয়। সমবেত জামাত কর্মীরাও প্লাটা শ্লোগান দেয়।

-দৈনিক পাকিস্তান, ২৪ নভেম্বর, ১৯৭১

তাঁবেদার সরকারে শরীক হবো না

-ভুট্টো

লাহোর, ২৫শে নভেম্বর (এপিপি)।- পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান জনাব জুলফিকার আলী ভুট্টো আজ বলেন, পাকিস্তানের 'নতজানু' হয়ে উপ মহাদেশের বর্তমান পরিস্থিতিতে বৃহৎ শক্তিবর্গের হস্তক্ষেপ কামনা করা উচিত নয়, বরং দৃঢ় মনোবল নিয়ে পরিস্থিতির মোকাবিলা করা উচিত।

রাওয়ালপিণ্ডি যাত্রার প্রাক্কালে বিমান বন্দরে এক সাক্ষাৎকারে জনাব ভুট্টো বলেন যে, 'অপর কোথায়ও না গিয়ে' একটা আত্মমর্যাদাশীল জাতি হিসেবে উপমহাদেশের বর্তমান সংকটের সমাধান আমাদেরই খুঁজে বের করতে হবে।

তাড়াহুড়া করে পাকিস্তানের জাতিসংঘে যাওয়াও উচিত হবে না বলে জনাব ভুট্টো আবার দাবী করেন। বিশ্ব সংস্থার কোন বিষয় উত্থাপন করা হতে কোন রাষ্ট্রকে বিরত করতে অবশ্য জাতিসংঘ সনদে কোন বাধা নেই, তবে বর্তমান পরিস্থিতিতে এ ধরনের উদ্যোগে ভেটো প্রদত্ত হওয়ার খুবই সম্ভাবনা রয়েছে। কোন তাঁবেদার সরকারের সাথে তিনি যুক্ত হতে চাননা বলে আজ এখানে পুনরায় উল্লেখ করেন।

দু'এক দিনের মধ্যে কেন্দ্রীয় সর্বদলীয় কোয়ালিশন সরকার গঠিত হচ্ছে বলে আজ সকালে এক শ্রেণীর সংবাদপত্রে যে জোরালো খবর ছাপা হয়, তার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি এ মন্তব্য করেন। রাওয়ালপিণ্ডি থেকে অপর এক খবরে বলা হয়ঃ জনাব ভুট্টো আজ এখানে বলেন যে জাতীয় সংকট নিরসনে জনগণের প্রতিনিধিদের নিকট জাতির ভাগ্য ন্যস্ত করতে হবে। আজ বিকেলে লাহোর থেকে এখানে আগমন করে ইসলামাবাদ বিমান বন্দরে সাংবাদিকদের সাথে আলোচনাকালে জনাব ভুট্টো বলেন যে, 'তাঁবেদার সরকার চাপিয়ে দিয়ে' সংকট সমাধান সম্ভব নয়। আগামী কাল প্রেসিডেন্টের সাথে তাঁর বৈঠকের কথা আছে।

বর্তামান পরিস্থিতি সম্পর্কে তাঁকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন যে, 'আরো খারাপ' হয়েছে। পরিস্থিতি বহুদিন যাবত মন্দ ছিল, তাই তার পার্টি ক্রমাগতভাবেই বলে আসছিল যে রাজনৈতিক সমস্যা জনগণের মনোনীত প্রতিনিধিদের রাজনৈতিকভাবেই সমাধা করা উচিত।

জনাব ভুট্টো বলেন, সময় দ্রুত হাতছাড়া হচ্ছে। তিনি এ অভিমত প্রকাশ করেন যে, 'চলতি বছরের শেষ নাগাদ অবধি পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরেও চলে যেতে পারে'।

-দৈনিক পাকিস্তান, ২৬ নভেম্বর, ১৯৭১

আগে ক্ষমতা হস্তান্তর, পরে জাতীয় সরকার

নূরুল আমীন

লাহোর, ২৬শে নভেম্বর (পিপিআই)।- সংযুক্ত কোয়ালিশন দলের প্রধান জনাব নূরুল আমীন ক্ষমতা হস্তান্তরের আগে জাতীয় সরকার গঠনের বিরোধিতা করেছেন। তিনি বলেন এ ধরনের পদক্ষেপ গ্রহণ করা হলে তা গণতান্ত্রিক উপায়েই করা উচিত। সংযুক্ত কোয়ালিশন দলের জরুরী বৈঠকের পর আজ সন্ধ্যায় এখানে তাঁর হোটেল কক্ষে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি বলেন, ইউসিপির সাথে সব দল জড়িত হতে পারে এবং এটাকে একটা জাতীয় সরকার বলা যেতে পারে।

তিনি আরো বলেন, তিনি সব সময়ই জাতীয় পরিষদের মাধ্যমে ক্ষমতা হস্তান্তরের পক্ষে। এভাবেই যতো বেশীসংখ্যক সম্ভব রাজনৈতিক দল একত্রিত হয়ে একটি সরকার গঠন করে বর্তমান সঙ্কট কাটানো সম্ভব। এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, সংযুক্ত কোয়ালিশনের জন্য ২৭শে ডিসেম্বর একটি পবিত্র দিন নয়। নির্ধারিত সময়ের আগেই ক্ষমতা হস্তান্তর করা হলে তাঁর আপত্তি নেই। তিনি বলেন অবশ্য এটা সম্পূর্ণভাবে প্রধান নির্বাচনী কমিশনারের উপর নির্ভর করে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, জরুরী অবস্থা ঘোষণার পর আলোচনা ও তাদের আস্থাশীল করার জন্য প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের উচিত ছিলো সকল রাজনৈতিক দলের একটি বৈঠক আহ্বান করা।

ভারতের এই যুদ্ধ শুরুর জন্য তিনি সামরিক সরকারকে দায়ী মনে করেন কিনা এ প্রশ্নের উত্তরে তিনি সুস্পষ্টভাবে বলেন. 'না'। গণতান্ত্রিক সরকার অধিষ্ঠিত থাকাকালেও যুদ্ধ শুরু হতে পারে বলে তিনি মন্তব্য করেন।

জাতীয় সরকার বর্তমান সংকট মোকাবেলা করতে পারবে কিনা তিনি এ প্রশ্নের হ্যাঁ সূচক জবাব দেন। পশ্চিম পাকিস্তান পিডিপির নবাবজাদা নসরুল্লাহ খান অবিলম্বে জাতীয় সরকার গঠন করা উচিত বলে গতকাল যে বিবৃতি দিয়েছেন তার প্রতি তার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, নবাবজাদা তার সাথে আলোচনা করেননি।

নবাবজাদা যা বলেছেন তা তাঁর ব্যক্তিগত মত।

-দৈনিক পাকিস্তান, ২৭ নভেম্বর, ১৯৭১

সত্যিকার অর্থেই ক্ষমতা হস্তান্তরের আহবান

গোলাম আজম

রাওয়ালপিণ্ডি, ১লা ডিসেম্বর (এপিপি)।- পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর আমীর অধ্যাপক গোলাম আজম নির্বাচিত প্রতিনিধিদের কাছে সত্যিকার অর্থে ক্ষমতা হস্তান্তর করার জন্য গতকাল প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের কাছে অনুরোধ জানাইয়াছেন এবং প্রেসিডেন্টকে বলেন যে, পূর্ব পাকিস্তানের জনগণের আস্থা অর্জনের জন্য পররাষ্ট্র ও অর্থ দফতরের দায়িত্ব পূর্ব পাকিস্তানীদের হাতে দিতে হইবে।

প্রেসিডেন্টের সহিত ৭০ মিনিট কাল স্থায়ী এক বৈঠকের পর আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অধ্যাপক গোলাম আজম বলেনঃ প্রেসিডেন্টের সহিত বৈঠকের সময় তিনি প্রেসিডেন্টকে এই মর্মে পরামর্শ দিয়াছেন যে অতীতে যে সমস্ত অবিচার করা হইয়াছে সেগুলি দূরীভূত করা এবং পূর্ব পাকিস্তানের জনগণের আস্থা

অর্জনই হইবে বর্তমানের প্রধান কর্তব্য। ইহাতে প্রেসিডেন্টের সাড়া প্রদান উৎসাহব্যঞ্জক বলিয়া তিনি মন্তব্য করেন।

এক প্রশ্নের উত্তরে অধ্যাপক গোলাম আজম বলেন, প্রেসিডেন্ট তাহাকে এই মর্মে আশ্বাস প্রদান করিয়াছেন যে, পূর্ব পাকিস্তানের জনগণের আস্থা অর্জনের ব্যাপারে তিনি আন্তরিকভাবে প্রচেষ্টা চালাইবেন। তিনি বলেন জনগণের বর্তামানে প্রধান কাজ হইতেছে দেশের প্রতিরক্ষা ও আঞ্চলিক অখণ্ডতা রক্ষায় একত্রিত হওয়া। জনাব গোলাম আজম এই মর্মে আশা প্রকাশ করেন যে বর্তমান সংকট মোকাবিলা করার জন্য জনগণ সশস্ত্র বাহিনীকে পূর্ণ সহযোগিতা প্রদান করিবেন। তথাকথিত মুক্তিবাহিনীকে শত্রুবাহিনী রূপে আখ্যায়িত করিয়া তিনি বলেন যে তাহাদিগকে মোকাবিলা করার জন্য রাজাকাররাই যথেষ্ট। এ প্রসঙ্গে রাজাকারদের সংখ্যা বৃদ্ধি করার জন্য তিনি আহবান জানান।

জনাব ভুট্টো সম্পর্কে গোলাম আজম বলেন যে, প্রবীণ রাজনীতিবিদ জনাব নূরুল আমীনসহ অন্যান্য রাজনৈতিক নেতা সম্পর্কে ভুট্টো যে সকল মন্ত্যব্য করিয়াছেন যে ব্যাপারে তিনি প্রেসিডেন্টের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন।

-দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর, ১৯৭১

জাতীয় পরিষদের অধিবেশন শীঘ্রই অনুষ্ঠানের দাবী

পিণ্ডিতে সাংবাদিক সাক্ষাৎকারে খান কাইয়ুম

রাওয়ালপিণ্ডি, ১লা ডিসেম্বর (এপিপি)।-কাইয়ুম পন্থী মুসলিম লীগ প্রধান খান আবদুর কাইয়ুম খান শীঘ্রই জাতীয় পরিষদের অধিবেশন অনুষ্ঠানের জন্য আহবান জ্ঞাপন করেন।

গতকাল করাচী হইতে পিণ্ডি আগমনের পর সাংবাদিকদের নিকট খান কাইয়ুম বলেন যে, আগামী মাসের ২৭ তারিখের মধ্যে তিনি কোন পবিত্রতা দেখিতে পাননা। কাজেই সুবিধামত যত শীঘ্র সম্ভব পরিষদের অধিবেশন আহবান করা উচিত। জনাব কাইয়ুম খান বলেন, জাতীয় পরিষদের যাহাতে অধিবেশন অনুষ্ঠিত হতে না পারে এবং ক্ষমতা হস্তান্তর যাহাতে সম্ভব না হয়, তজ্জন্য ভারত ব্যাপক চাপ প্রয়োগ করিতেছে। তিনি বলেন, পাকিস্তানকে বিচ্ছিন্ন করার চিরাচরিত ভারতীয় নীতি অনুসরণে এক্ষণে তাহারা পুরামাত্রায় যুদ্ধে লিপ্ত হইয়াছে তিনি বলেনঃ জনসাধারণ ও সরকারকে এক যোগে এই চ্যালেঞ্জের মোকাবিলা করিতে হইবে।

এক প্রশ্নে জবাবে খান কাইয়ুম বলেন যে, ন্যাপের উপর আরোপিত নিষেধাজ্ঞা তিনি সমর্থন করেন এবং মন্তব্য করেন যে অনেক আগেই ন্যাপকে বে-আইনী ঘোষণা করা উচিত ছিল। যাই হোক, দেশের প্রতি যে তাহাদের আনুগত্য নাই, তাহা এক্ষণে উপলব্ধি করা হইয়াছে।

তিনি বলেন যে, এই ধরনের দলকে শাসনতন্ত্র রচনায় অংশগ্রহণ করিতে দেওয়া যায় না।

সমর পরিষদ গঠনের সম্ভবনা সম্পর্কে মুসলিম লীগ প্রধান বলেন যে, প্রেসিডেন্ট এই প্রশ্নে সিদ্ধন্ত গ্রহণের অধিকারী।

-দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর, ১৯৭১

যথার্থ গণ প্রতিনিধিদের নিকট ক্ষমতা হস্তান্তরই দেশের অখণ্ডতা রক্ষার একমাত্র উপায়

পি,পি,পি কেন্দ্রীয় কমিটির প্রস্তাব।

পেশোয়ার, ২রা ডিসেম্বর (এপিপি)।- গতকাল এখানে জনাব জেড এ, ভুট্টোর সভাপতিত্বে অনুষ্ঠিত পি, পি, পির কেন্দ্রীয় কমিটির এক বৈঠকে জনসাধারণের সত্যিকার প্রতিনিধিদের নিকট অবিলম্বে ক্ষমতা হস্তান্তরের দাবী জানানো হয়।

কেন্দ্রীয় কমিটির ছয় ঘণ্টাব্যাপী দুইটি অধিবেশনে সামগ্রিক জাতীয় সমস্যা আলোচনা করা হয়। উক্ত আলোচনাকালে এই মর্মে গুরুত্ব আরোপ করা হয় যে, সত্যিকারভাবে ক্ষমতা যাহাদের, তাহাদের নিকট উহা হস্তান্তরের মাধ্যমে পাকিস্তানের অখণ্ডতা বজায় রাখা সম্ভব।

ভারতীয় আক্রমণের ফলে উদ্ভুত রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে উক্ত কেন্দ্রীয় কমিটির প্রস্তাবে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। প্রস্তাবে পরাজিত জনগণ বিরোধী ও পাকিস্তান বিরোধী ব্যক্তিদের নিকট ক্ষমতা হস্তান্তরের বিরুদ্ধে হুঁশিয়ারী উচ্চারণ করিয়া বলা হয় যে, সেই রূপ কার্য ভারতের নিকট আত্মসমর্পণের শামিল হইবে এবং উহার দ্বারা দ্বিতীয় ও চূড়ান্ত তাসখন্দ চুক্তির পথ সুগম করা হইবে। জাতীয় লক্ষ্যকে যথাযথ হস্তে অর্পণ ব্যতীত পুনর্মিলন ও পুনর্গঠনের দ্বৈতকার্য সাফল্যজনকভাবে সম্পন্ন করা যাইবে না বলিয়া উহাতে মন্তব্য করা হয়।

প্রস্তাবে আরো বলা হয় যে, আমরা যাহারা জনগণের প্রতিনিধিত্ব করি তাহারা অভ্যন্তরীণ ও বাহিরের এই গুরুতর পরিস্থিতি মোকাবিলায় সম্পূর্ণ প্রস্তুত।

প্রস্তাবে অতঃপর বলা হয় যে, ভারতীয় আক্রমণকারীরা পূর্ব পাকিস্তানে অগ্রসর হইতেছে এবং পশ্চিম পাকিস্তানের উপর যুদ্ধের মেঘ জমিয়ে উঠিতেছে। সমগ্র জাতি এক সংকটজনক পরীক্ষার সম্মুখীন হইয়াছে। জাতির ভবিষ্যৎ এক চরম সংকটের সম্মুখীন হইয়াছে। এই সর্বৈব ও গুরুতর চ্যালেঞ্জ মোকাবিলার জন্য ইতিহাস জনগণের দুর্জয় নেতৃত্বের প্রতি তাগিদ দিতেছে বলিয়া উক্ত প্রস্তাবে বলা হয়।

-দৈনিক ইত্তেফাক, ৩ ডিসেম্বর, ১৯৭১

(দুই)
বেসামরিক সহযোগিতা

শিরোনাম	সূত্র	তারিখ
২১৯। জেনারেল টিক্কা খান সকাশে নেতৃবর্গঃ সহযোগিতার আশ্বাস	সংবাদপত্র	১৯৭১

জেনারেল টিক্কা খান সকাশে নূরুল আমীনসহ ১২ জন নেতা পূর্ণ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে সহযোগিতার আশ্বাস

গতকাল রবিবার অপরাহ্নে জনাব নূরুল আমীনের নেতৃত্বে ১২ জন বিশিষ্ট নেতার সমন্বয় গঠিত একটি প্রতিনিধি দল 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খানের সাথে সাক্ষাৎ করেন।

সামরিক আইন কর্তৃপক্ষের এক প্রেস রিলিজে এ কথা জানান হয়েছে। মৌলভী ফরিদ আহমদ, অধ্যাপক গোলাম আজম, খাজা খয়েরউদ্দীন, জনাব শফিকুল ইসলাম, মওলানা নুরুজ্জামান প্রমুখ নেতৃবৃন্দ এ প্রতিনিধিদলে ছিলেন।

অবিলম্বে সমগ্র, প্রদেশে সম্পূর্ণ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যাপারে প্রতিনিধি দল সামরিক আইন প্রশাসককে পূর্ণ সহযোগিতার আশ্বাস এবং জনগণের মন থেকে ভিত্তিহীন ভয় দূর করার উদ্দেশ্যে তারা ঢাকায় নাগরিক কমিটি গঠন করারও প্রস্তাব দেন।

পূর্ব পাকিস্তানী নেতৃবৃন্দ পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে ভারতের হস্তক্ষেপের তীব্র নিন্দা এবং ভারতের বিদ্বষপূর্ণ প্রচারণার প্রতিবাদ করেন।

প্রতিনিধি দলের সহযোগিতার আশ্বাসকে ধন্যবাদ জানিয়ে সামরিক আইন প্রশাসক পূর্ব পাকিস্তানের অর্থনৈতিক জীবনের পুনর্গঠন সম্পর্কে প্রশাসন কর্তৃক গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে অবহিত করেন।

সামরিক আইন প্রশাসক বলেন যে, সাম্প্রতিক অর্থনৈতিক অচলাবস্থার ফলে যে ক্ষতি হয়েছে তা পূরণের উদ্দেশ্যে প্রত্যেককেই কঠোরভাবে কাজ করতে হবে। সাম্প্রতিক অসহযোগ আন্দোলনে বেসামরিক কর্মচারীদের যোগদানের কথা উল্লেখ করে সামরিক আইন প্রশাসক বলেন যে, তারা চাপে পড়েই একাজ করেছেন এটা তিনি বুঝেছেন। এখনো যারা কাজে যোগদান করতে পারেননি তিনি অবিলম্বে তাদের কাজে যোগদানের নির্দেশ দিয়েছেন।

তিনি আরো বলেন যে, এমন কি এসব কর্মচারীদের ধর্মঘটের সময়েরও বেতনদানের জন্য তিনি ইতিপূর্বে নির্দেশ দিয়েছেন।

সামরিক আইন প্রশাসক রাষ্ট্রদ্রোহী এবং সমাজ বিরোধীদের কার্যকলাপের ফলে যারা স্থানচ্যুত হয়েছেন তাদের পুনর্বাসন ত্বরান্বিত করার প্রয়োজনের উপরেও গুরুত্ব আরোপ করেন। জেনারেল টিক্কা খান বলেন যে, প্রদেশে কোন খাদ্য ঘাটতি নেই। এ প্রসঙ্গে তিনি হুঁশিয়ারী উচ্চারণ করে বলেন যে, যদি দুষ্কৃতিকারীরা* খাদ্য শস্য প্রেরণে বাধা দেয় তাহলে কোন কোন এলাকা অসুবিধার সম্মুখীন হতে পারে।

*জাতীয় পরিষদ অধিবেশন স্থগিতের পর জেনারেল ইয়াহিয়ার সামরিক কার্যক্রমে বাধাদানকারী এবং পরবর্তী সময়ে গেরিলা ও মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বাঙ্গালীদেরকে দখলদার বাহিনী 'রাষ্ট্রদ্রোহী' সমাজবিরোধী ও 'দুষ্কৃতিকারী' বলে অভিহিত করতো।

তিনি পুনরায় এ ধরনের দুষ্কৃতকারী, রাষ্ট্রদ্রোহী ও সমাজ বিরোধীদের আশ্রয় না দেয়ার এবং এদের সম্পর্কে সংবাদ পৌঁছে দেয়ার জন্য জনগণকে উপদেশ দেন। এই প্রসঙ্গে তিনি সামরিক আইন কর্তৃপক্ষ কর্তৃক শান্তিপ্রিয় জনগণের জানমালের পূর্ণ নিরাপত্তাবিধানের কথা পুনরুল্লেখ করেন।

-পূর্বদেশ, ৫ এপ্রিল, ১৯৭১

আরো কয়েকজন নেতা

সামরিক আইন কর্তৃপক্ষের এক হ্যাণ্ড আউটে প্রকাশ, পূর্ব পাকিস্তানের আরো কতিপয় রাজনৈতিক নেতা গতকাল মঙ্গলবার ঢাকায় 'খ' অঞ্চলের সামরিক আইন শাসনকর্তার সঙ্গে দেখা করেন এবং প্রদেশের সর্বত্র দ্রুত পূর্ণ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যাপারে পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন।

জেনারেল টিক্কা খানের সংগে যারা পৃথক পৃথকভাবে দেখা করেন তারা হচ্ছেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী জনাব হামিদুল হক চৌধুরী, পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর সভাপতি অধ্যাপক গোলাম আজম, জমিয়তে ওলামায়ে ইসলামের পূর্ব পাকিস্তান শাখার সভাপতি পীর মোহসেন উদ্দিন ও স্থানীয় বিশিষ্ট এডভোকেট এ.কে, সাদী।

নেতৃবর্গ পাকিস্তানের অভ্যান্তরীণ ব্যাপারে ভারতের অনাহূত হস্তক্ষেপ ও পাকিস্তানে তার সশস্ত্র অনুপ্রবেশের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেন। তারা বলেন যে ভারতীয় অভিসন্ধি নস্যাৎ করার জন্য প্রদেশের দেশপ্রেমিক জনগণ সশস্ত্র বাহিনীকে সাহায্য করবে।

সামরিক আইন শাসনকর্তা রাজনৈতিক নেতাদের আশ্বাস দেন যে শাসন কর্তৃপক্ষ সকল শান্তিকামী নাগরিকের জান মাল পুরোপুরিভাবে রক্ষার কাজ অব্যাহত রাখবে। তিনি পুনরায় গত মাসের নিষ্ক্রীয়তার ফলে ক্ষয়ক্ষতি পূরণের জন্য প্রদেশের অর্থনীতি পূর্ণোদ্যমে চালু করার উপর গুরুত্ব আরোপ করেন।

-দৈনিক পাকিস্তান, ৭ এপ্রিল, ১৯৭১

আব্দুস সবুর খান

সাবেক জাতীয় পরিষদের নেতা জনাব আব্দুস সবুর খান গতকাল বুধবার 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল টিক্কা খানের সাথে সাক্ষাৎ করেন। জনাব সবুরের সাথে তাঁর কয়েকজন বিশিষ্ট রাজনৈতিক সহযোগীও ছিলেন।

-দৈনিক পাকিস্তান, ৮ এপিল, ১৯৭১

নুরুল আমীনের নেতৃত্বে প্রতিনিধিদল

গতকাল শুক্রবার ঢাকা এপিপি পরিবেশিত এক খবরে বলা হয়েছে যে গতকাল শুক্রবার সন্ধ্যায় জনাব নূরুল আমিনের নেতৃত্বে কেন্দ্রীয় শান্তি কমিটির কার্যনির্বাহক কমিটির একটি প্রতিনিধিদল গভর্নর ভবনে পূর্ব পাকিস্তানের গভর্নর লেঃ জেনারেল টিক্কা খানের সঙ্গে সাক্ষাৎ করেন।

শান্তি কমিটির সদস্যগণ নাগরিকদের মধ্যে স্বাভাবিক অবস্থা ও আস্থা পুনঃপ্রতিষ্ঠার ক্ষেত্রে যে অগ্রগতি সাধিত হয়েছে তৎসম্পর্কে গভর্নরকে অবহিত করেন। তাঁরা জনসাধারণ যে কতিপয় অসুবিধা ভোগ করছে তৎপ্রতিও গভর্নরের দৃষ্টি আকর্ষণ করেন।

আলোচনাকালে কমিটির সদস্যরা গভর্নরকে জনান যে, জনসাধারণ ভারতের কুমতলব পুরোপুরি উপলব্ধি করতে পেরেছে এবং পাকিস্তানের সংহতি ও অখণ্ডতা রক্ষার জন্য তাঁরা সম্পূর্ণভাবে সশস্ত্র বাহিনীর সঙ্গে রয়েছে।

গভর্নর শান্তি কমিটির সদস্যদের আশ্বাস দেন যে, জনগণের প্রকৃত সমস্যার উপর লক্ষ্য রাখা হবে এবং অনতিবিলম্বে প্রতিবিধানমূলক ব্যবস্থাদি গ্রহণ করা হবে।

গভর্নরের সঙ্গে সাক্ষাৎকারীদের মধ্যে ছিলেন জনাব এস কে খয়ের উদ্দীন, আহবায়ক জনাব এ কিউ এম শফিকুল ইসলাম, অধ্যাপক গোলাম আজম, জনাব মাহম্মুদ আলী, জনাব আবদুল জববার খদ্দর, জনাব মোহন মিয়া, মওলানা সৈয়দ মোহাম্মদ মাসুম, জনাব আবদুল মতিন, অধ্যাপক গোলাম সারওয়ার, এ এস এম সোলায়মান, এ কে রফিকুল হোসেন, জনাব নুরুজ্জামান, জনাব আতাউল হক খান, তোয়াহা বিন হাবিব, মেজর আফসারুদ্দিন, হেকিম ইরতেয়াজুর রহমান খান আখুনজাদা।

-দৈনিক পাকিস্তান, ১৭ এপ্রিল, ১৯৭১

জমিয়তে ওলামা ও নেজামে ইসলামের প্রতিনিধিবৃন্দ

গতকাল রোববার জমিয়তে উলামায়ে ইসলাম ও পূর্ব পাকিস্তান নেজামে ইসলামের একটি প্রতিনিধিদল পূর্ব পাকিস্তানের গভর্নর ও খ অঞ্চলের সামরিক শাসক লেঃ জেনারেল টিক্কা খানের সাথে গভর্নর হাউসে সাক্ষাৎ করেন। দলের সহ সভাপতি সাঈদ মাহমুদ আল মুস্তাফা আল মাদানী নেতৃত্ব করেন।

দলের সদস্যগণ সারা প্রদেশে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য সরকারী প্রচেষ্টার সাথে তাদের পূর্ণ সহযোগিতা দানের আশ্বাস দেন।

-দৈনিক পাকিস্তান, ১৯ এপ্রিল, ১৯৭১

কনভেনশন লীগ নেতৃবৃন্দ

এপিপির খবরে প্রকাশ, পাকিস্তান মুসলিম লীগের (কনভেনশন) সভাপতি জনাব ফজলুল কাদের চৌধুরী ও জেনারেল সেক্রেটারী মালিক মোহম্মদ কাসিম গতকাল সোমবার অপরাহ্নে প্রাদেশিক গভর্নর লেঃ জেঃ টিক্কা খানের সঙ্গে গভর্নর ভবনে এক সাক্ষাৎকারে মিলিত হন।

প্রদেশে পূর্ণ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য নেতৃদ্বয় তাদের দলের পক্ষ থেকে পূর্ণ সহযোগিতা করার আশ্বাস দেন।

দেশ ও জনগণের সাহায্যে এগিয়ে আসার জন্য বিভিন্ন শ্রেণীর মানুষ বিশেষ করে বেআইনী ঘোষিত আওয়ামী লীগের নেতৃবৃন্দের প্রতি গভর্নর তাঁর বেতার ভাষণে যে প্রস্তাব দিয়েছেন তাতে মুসলিম লীগ নেতৃদ্বয় সন্তোষ প্রকাশ করেন।

-দৈনিক পাকিস্তান, ২০ এপ্রিল, ১৯৭১

শিরোনাম	সূত্র	তারিখ
২১০। শান্তি কমিটিঃ গঠন ও তৎপরতা	সংবাদপত্র	১৯৭১

স্বাভাবিক জীবনযাত্রা ফিরিয়ে আনার জন্য শহরে শান্তি কমিটি গঠন

ঢাকা, ১০ই এপ্রিল (এপিপি)। শহরের জনগণের দৈনন্দিন জীবনযাত্রায় স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে পরিবেশ সৃষ্টির জন্য গতকাল জনাব খাজা খয়েরউদ্দীনকে আহবায়ক মনোনীত করে একটি শান্তি কমিটি গঠন করা হয়েছে। এ কেন্দ্রীয় কমিটির অধীনে শহরের সব শান্তি কমিটিগুলো কাজ করবে।

ঢাকার প্রতিনিধিস্থানীয় নাগরিকদের এক সভায় গতকাল 'শান্তি কমিটি' গঠন করা হয়। কমিটি জনাব খাজা খয়েরউদ্দীনকে কমিটির আহবায়ক নির্বাচিত করেন। বর্তমানে ১০৪ জন সদস্য নিয়ে এ শান্তি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আরো সদস্য কো অপট করার ক্ষমতা দেয়া হয়েছে।

শহরের বিভিন্ন এলাকায় ইউনিয়ন এবং মহল্লা পর্যায়েও শান্তি কমিটি গঠন করা হবে এবং তারা কেন্দ্রীয় কমিটির নির্দেশে কাজ করবেন। কমিটি শহরের দৈনন্দিন জীবনে যত শীঘ্র সম্ভব স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য সর্বতোভাবে চেষ্টা করবেন।

কমিটি প্রথম পদক্ষেপ হিসেবে আগামী মঙ্গলবার জোহরের নামাজের পর বায়তুল মোকাররম থেকে একটি শোভাযাত্রা বের করবেন এবং চক মসজিদে যেয়ে শোভাযাত্রাটি শেষ হবে।

কমিটিতে সদস্যদের মধ্যে রয়েছেন জনাব এ,কিউ,এম শফিকুল ইসলাম, অধ্যাপক গোলাম আজম, মওলানা সৈয়দ মোহাম্মদ মাসুম, জনাব আব্দুল জববার খদ্দর, জনাব মাহমুদ আলী, জনাব এ, কে, রফিকুল হোসেন, জনাব ইউসুফ আলী চৌধুরী, জনাব আবুল কাসেম, জনাব ফরিদ আহমদ, অধ্যাপক গোলাম সরওয়ার, জনাব সৈয়দ আজিজুল হক, জনাব এস, এম, সোলায়মান, পীর মোহসীন উদ্দীন, এডভোকেট শফিকুর রহমান, মেজর আফসার উদ্দীন, সৈয়দ মোহসেন আলী, এডভোকেট ফজলুল হক চৌধুরী, আলহাজ সিরাজউদ্দীন, এডভোকেট আতাউল হক খান, এডভোকেট ফজলুল হক চৌধুরী, আলহাজ সিরাজউদ্দীন, এডভোকেট আতাউল হক খান, এডভোকেট এ,টি,সাদী, জনাব মকবুলুর রহমান, আলহাজ্ব মোহম্মদ আকিল, অধ্যক্ষ রুহুল কুদ্দুস, জনাব নূরুর রহমান, সম্পাদক 'ইয়ংগ পাকিস্তান' মওলানা মফিজুল হক, এডভোকেট আবু সালেক, এডভোকেট আব্দুন নঈম প্রমুখ।

পাকিস্তানের বিরুদ্ধে ভারতের হীন প্রচারণার তীব্র নিন্দা করে সভায় নিম্নলিখিত প্রস্তাবটি গৃহীত হয়ঃ

ঢাকা শহর শান্তি কমিটির এ সভা পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে হিন্দুস্তানের নির্লজ্জ হস্তক্ষেপের তীব্র নিন্দা করছে।

এ সভা দ্ব্যর্থহীন ভাষায় ভারতকে এ ধরনের বিপজ্জনক খেলায় মেতে আর একটি মহাযুদ্ধকে না আনার বিরুদ্ধে হুঁশিয়ারী উচ্চারণ করছে।

এ সভা মনে করে যে, হিন্দুস্থান পূর্ব পাকিস্তানে সশস্ত্র অনুপ্রবেশকারী পাঠিয়ে পাঠিয়ে পূর্ব পাকিস্তানের জনগণের দেশ প্রেমিকতার প্রতি চ্যালেঞ্জ করেছে।

এ সভা আমাদের প্রিয় দেশের সম্মান ও ঐক্য বজায় রাখার জন্য দেশ প্রেমিক জনগণকে এ চ্যালেঞ্জ মোকাবিলার উদ্দেশ্যে আকুল আহবান জানাচ্ছে।

-দৈনিক পুর্বদেশ, ১১ এপ্রিল, ১৯৭১

শান্তি ও জনকল্যাণ কমিটির বৈঠক

গত বুধবার পূর্ব পাকিস্তান শান্তি ও জনকল্যাণ ষ্টিয়ারিং কমিটির প্রথম বৈঠকে ভারতীয় ও অন্যান্য ইসলাম বিরোধীদের বিরুদ্ধে পাকিস্তান সেনাবাহিনী সময়োচিত প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ায় গভীর সন্তোষ প্রকাশ করা হয়েছে।

এপিপির খবরে বলা হয় যে, বৈঠকে পাকিস্তানবাদ ও পাকিস্তানের অস্তিত্বের বিরুদ্ধে হিন্দু ভারতের দীর্ঘ দিনের পুরানো ব্রাহ্মণ্য শত্রুতার পুনরাবৃত্তির কঠোর নিন্দা করা হয়। বৈঠক পাকিস্তানকে ভেংগে দেয়ার সুস্পষ্ট উদ্দেশ্য নিয়ে পূর্ব পাকিস্তানের এলাকায় ভারতীয় অনুপ্রবেশেরও তীব্র নিন্দা করা হয়েছে।

বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ষ্টিয়ারিং কমিটি সারা পূর্ব পাকিস্তানে কাজ করবে এবং জেলা থেকে ইউনিয়ন পর্যন্ত সকল পর্যায়ে শান্তি ও জনকল্যাণ ইউনিট গড়ে তুলবে।

শান্তি ও জনকল্যাণ ইউনিটগুলো নির্ধারিত দায়িত্ব অনুযায়ী জীবনের সর্বক্ষেত্রে আস্থা, শান্তি ও স্বাভাবিকতা ফিরিয়ে আনার চেষ্টা করবে এবং দেশের অর্থনৈতিক উন্নতি ও সমৃদ্ধি ত্বরান্বিত করতে সাহায্য করবে।

বৈঠকে গৃহীত অপর এক প্রস্তাবে যেসব সরকারী ও বেসরকারী সংস্থার কর্মচারীরা এখনো কাজে ফিরে আসেননি, তাদের প্রতি জনস্বার্থের খাতিরে অবিলম্বে নিজ নিজ কাজে ফিরে আসার আহবান জানানো হয়।

অপর এক প্রস্তাবে বলা হয় যে, প্রাদেশিক স্টিয়ারিং কমিটির সদস্যরা সংস্থার সাংগঠনিক কর্মসূচী বাস্তাবায়নের উদ্দেশ্যে অবিলম্বে বিভিন্ন জেলায় চলে যাবেন।

এক প্রস্তাবে দেশপ্রেমিক নাগরিক, আইনজীবী, মসজিদের ঈমাম ও মাদ্রাসার মোদাররেসদের প্রতি জনসাধারণকে কোরান ও সুন্নাহর আদর্শে অনুপ্রাণিত করে তোলার আহ্বান জানানো হয়, যাতে জনসাধারণ ইসলাম ও পাকিস্তানের দুষমনদের মোকবিলা করতে পারেন এবং প্রয়োজন হলে জেহাদ যোগ দেয়ার জন্য প্রস্তুত থাকেন।

কমিটি দেশপ্রেমিকদের প্রতি সকল জেলা শহর ও ইউনিয়নে পনের দিনের মাঝে সর্ব শ্রেনীর জনসাধারণ ও পূর্ব পাকিস্তান শান্তি ও জনকল্যাণ কাউন্সিলের সাধারণ সম্পাদকের ধানমন্ডি পাঁচ নম্বর রোড, ১২ নম্বর বাড়ী, ঢাকা,- সাথে যোগাযোগ করে শান্তি ও জনকল্যাণ কমিটি গঠন করার আহবান জনান।

অন্য এক প্রস্তাবে শান্তি ও জনকল্যাণ কাউন্সিলের সকল ইউনিটের প্রতি জুম্মায় বৃহত্তর জামাতে সংগঠন এবং ইসলাম ও ইসলামের আবাসভূমির প্রতিরক্ষা সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত করে তোলার আহবান জানানো হয়েছে।

বৈঠকে সভাপতির ভাষণে মৌলবী ফরিদ আহমদ সংস্থার নীতি ও আদর্শ তুলে ধরেন। তিনি বর্তমান মুহুর্তে ভ্রাতৃসূলভ মনোভাব প্রদর্শনের জন্য চীনের প্রতি পূর্ব পাকিস্তানের কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সংস্থার সাধারণ সম্পাদক মাওলানা নুরুজ্জামানও সংস্থার লক্ষ্য ব্যাখ্যা করেন। বৈঠকে মৌলবী ফরিদ আহমেদ নেতৃত্বে বিশেষ মোনাজাত এবং পাকিস্তান ও ইসলামের খেদমতে আত্মনিবেদনের উদ্দেশ্যে শপথ গ্রহণ করা হয়। সদস্যেরা দেশের সংহতি ও অখণ্ডতা রক্ষা করার উদ্দেশ্যে ভারতীয় অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে সেনাবাহিনীর সাথে কাঁধে কাঁধ মিলিয়ে সংগ্রাম চালিয়ে যাওয়ার শপথ নেন।

জনাব ওয়াজিউল্লাহ খান, মোহাম্মদ আলী সরকার, মুস্তাফিজুর রহমান, মওলানা নুরুজ্জামান ও আজিজুর রহমান খান এ বৈঠকে উপস্থিত ছিলেন।

জনাব আবুল ফয়েজ বোখারী, আব্দুর রশীদ ও ডক্টর আব্দুর রফিককে সদস্য কোঅপট করা হয়।

-দৈনিক পাকিস্তান, ১৬ এপ্রিল, ১৯৭১

শান্তি কমিটির নতুন নামকরণ

গত বুধবার শান্তি কমিটি নামে পরিচিত নাগরিক শান্তি কমিটির এক সভায় সংস্থার নতুন নামকরণ করা হয়েছে। পূর্ব পাকিস্তানের জন্য কেন্দ্রীয় শান্তি কমিটি এবং সমগ্র পূর্ব পাকিস্তানকে এই কমিটির কাজের আওতায় আনা হয়েছে।

এপিপি পরিবেশিত এই খবরে বলা হয় যে, কমিটি প্রয়োজন মতো আরো সদস্য কো-অপট করতে পারবেন। জনসাধারণ যাতে দ্রুত প্রদেশের অর্থনীতি পুনর্গঠনের জন্য তাদের পেশার কাজ শুরু করতে পারেন তার জন্য কেন্দ্রীয় শান্তি কমিটি প্রদেশে সত্বর স্বাভাবিক অবস্থা পুনঃপ্রতিষ্ঠায় সকল পদক্ষেপ গ্রহণ করবেন।

কমিটি তাদের লক্ষ্য পূরণের জন্য জেলা ও মহকুমা পর্যায়ে ইউনিট গঠনের সিদ্ধন্ত নিয়েছে।

কেন্দ্রীয় শান্তি কমিটি তাদের কাজ দ্রুত ও যথোপযুক্তভাবে চালিয়ে যাওয়ার ও তাদের নীতি পূর্ণ আন্তরিকতার সাথে কার্যকরী করার জন্য নিম্নলিখিত ২১ জন সদস্যবিশিষ্ট কার্যকরী কমিটি গঠন করেছেঃ ১। আহবায়ক সৈয়দ খাজা খয়েরউদ্দিন ২। জনাব এ কিউ এম শফিকুল ইসলাম ৩। অধ্যাপক গোলাম আজম ৪। জনাব মাহমুদ আলী ৫। জনাব আবদুল জব্বার খদ্দর ৬। মওলানা সিদ্দিক আহমদ ৭। জনাব আবুল কাসেম ৮। জনাব মোহন মিয়া ৯। মওলানা সৈয়দ মোহাম্মদ মাসুম ১০। জনাব আবদুল মতিন ১১। অধ্যাপক গোলাম সরওয়ার ১২। ব্যারিস্টার আখতার উদ্দিন ১৩। পীর মহসীন উদ্দিন ১৪। জনাব এ এস এম সোলায়মান ১৫। জনাব এ কে রফিকুল হোসেন ১৬। জনাব নূরুজ্জামান ১৭। জনাব আতাউল হক খান ১৮। জনাব তোয়াহা বিন হাবিব ১৯। মেজর আফসারউদ্দিন ২০। দেওয়ান ওয়ারাসাত আলী ২১। হাকিম ইরতেয়াজুর রহমান।

-দৈনিক পাকিস্তান ১৬ এপ্রিল, ১৯৭১

শান্তি কমিটির সংযোগ রক্ষাকারী নিয়োগ

এপিপির খবরে প্রকাশ, কেন্দ্রীয় শান্তি কমিটি ঢাকা নগরীর ইউনিয়ন ও মহল্লাগুলোতে শান্তি কমিটি সংগঠনের জন্য আহবায়ক মনোনীত করেছে। অনেক স্থানে এর মধ্যেই ইউনিট কমিটি গঠন করা হয়েছে।

ইউনিট কমিটিগুলোর কার্যক্রম সম্পর্কে সকল রকমের তথ্য ঢাকায় মগবাজারস্থ ৫ নম্বর এলিফ্যান্ট লেনে অবস্থিত কেন্দ্রীয় শান্তি কমিটির অফিসে অবশ্যই পৌঁছাতে হবে। জনগণের সুবিধার্থে কেন্দ্রীয় শান্তি কমিটির অফিস ২৪ ঘণ্টার জন্যই খোলা থাকবে এবং জনগণের সুবিধ অসুবিধা দেখার জন্য কমিটির দফতর সম্পাদক জনাব নূরুল হক মজুমদার এডভোকেটকে অফিসে পাওয়া যাবে।

প্রদেশের সর্বত্র শান্তি কমিটি সংগঠনের পরিকল্পনা ও কর্মসূচী প্রণয়নের জন্য কেন্দ্রীয় শান্তি কমিটি রোজই বৈঠকে মিলিত হচ্ছে। কমিটি স্বাভাবিক জীবন যাত্রায় ফিরে যাওয়া এবং সব স্থানে ইউনিট শান্তি কমিটি গঠনে জনগণকে উৎসাহিত করার উদ্দেশ্য জেলা ও মহকুমা পর্যায়ে নেতা ও কর্মী প্রেরণের সিদ্ধন্ত নিয়েছে।

কমিটি জনগণের নিকট থেকে সমস্যা ও অসুবিধা সম্পর্কে তথ্য গ্রহণ ও তা লাঘবের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও সামরিক সেক্টরের সাহায্য লাভের ব্যবস্থার উদ্দেশ্য কমিটি সদস্যদের মধ্য থেকে সংযোগ রক্ষাকারী

অফিসার নিয়োগ করেছে। তারা ইতিমধ্যে তাদের দায়িত্ব গ্রহণ করেছেন। যোগাযোগ রক্ষাকারী অফিসারদিগকে প্রতিদিন কেন্দ্রীয় শান্তি কমিটি অফিসে তাদের রিপোর্ট পেশ করতে নির্দেশ দেয়া হয়েছে।

-দৈনিক পাকিস্তান, ২০ এপ্রিল ১৯৭১

সশস্ত্র বাহিনীকে সাহায্য করার আহবান
শান্তি কমিটির আহবায়কের বিবৃতি

পূর্ব পাকিস্তান কেন্দ্রীয় শান্তি কমিটি সকল দেশপ্রেমিক পূর্ব পাকিস্থানের প্রতি রাষ্ট্র বিরোধী লোকদের হিংসাত্মক এবং নাশকতামূলক কার্যকলাপ প্রতিরোধের এবং উদ্যম ও উৎসাহের সাথে সবরকমভাবে সশস্ত্র বাহিনীকে সাহায্য করার আহবান জানিয়েছেন।

গতকাল বুধবার কমিটির আহবায়ক এস কে খয়ের উদ্দীন প্রচারিত প্রেস রিলিজে কেন্দ্রীয় শান্তি কমিটি বলেন, রাষ্ট্রবিরোধী ব্যক্তিরা সারা প্রদেশে সম্পূর্ণ বিপর্যস্ত হওয়ায় এখন পোড়ামাটি নীতি অবলম্বন করেছে, শান্তি প্রিয় নাগরিকদের হয়রান করেছে এবং যোগাযোগ ব্যবস্থা ধ্বংস করে দিচ্ছে।

সশস্ত্র বাহিনী আমাদের জনগণের এবং আমাদের জানমাল রক্ষার জন্যই এসেছেন।

সশস্ত্র বাহিনী যেখানেই যাবে সেখানে জাতীয় পতাকা হাতে নিয়ে এগিয়ে আসার এবং রাষ্ট্র বিরোধী ব্যক্তি ও দুষ্কৃতকারীদের নির্মূল করার অভিযানে সশস্ত্র বাহিনীকে সাহায্য করে অপ্রীতিকর ঘটনা এড়ানোর জন্য শান্তি কমিটি দেশপ্রেমিক জনসাধারণের প্রতি আহবান জানিয়েছেন। কমিটি বলেছেন, দেশের সেনাবাহিনীকে ভয় পাওয়ার কিছু নেই।

শান্তিপ্রিয় ও দেশপ্রেমিক পূর্ব পাকিস্তানী জনগণ ভারতীয় বেতারের বিদ্বেষ প্রচারণার এবং রাষ্ট্রবিরোধী লোকদের গুজব ছড়ানোর প্রকৃত উদ্দেশ্য বুঝতে পারবেন বলে কমিটি আশা প্রকাশ করেছেন।

খণ্ডিত হওয়ার হাত থেকে দেশকে রক্ষার মহান কাজে সেনাবাহিনীর সাফল্যের জন্য কমিটি আল্লাহর কাছে গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

-দৈনিক পাকিস্তান, ২৩ এপ্রিল ১৯৭১

শান্তি কমিটি প্রতিনিধিদের জেলা ও মহকুমায় পাঠানো হচ্ছে।

কেন্দ্রীয় শান্তি কমিটির মিশন পূরণের জন্য জেলা ও মহকুমা সদও দফতরের কেন্দ্রীয় শান্তি কমিটির প্রতিনিধিদের পাঠানো হচ্ছে।

স্বাভাবিক জীবনযাত্রা দ্রুত পুনঃপ্রতিষ্ঠা, রাষ্ট্রবিরোধী ও সমাজ বিরোধী ব্যক্তিদের বিরুদ্ধে জনগণকে সজাগ রাখা ও গুজব রটনাকারীদের দুরভিসন্ধি প্রতিরোধের উদ্দেশ্যে এই কমিটি গঠিত হয়েছে।

এক প্রেস বিজ্ঞপ্তির উদ্ধৃতি দিয়ে গতকাল রোববার এপিপি জানিয়েছেন যে,ইতিমধ্যেই যদি এ ধরনের কোনো কমিটি গঠিত হয়ে থাকে তাহলে এসব কমিটিকে স্বীকৃতির জন্য কেন্দ্রীয় অফিসে তাদের নাম পাঠাতে বলা হয়েছে। কেন্দ্রীয় কমিটি সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষের কাছে স্বীকৃত শান্তি কমিটির রিপোর্ট দেবে ।

তাছাড়া ঢাকা শহরে পূর্ণ স্বাভাবিক অবস্থা পুনঃপ্রতিষ্ঠার পরিবেশ সৃষ্টিতে সাহায্য করার উদ্দেশ্যে কেন্দ্রীয় শান্তি কমিটির উদ্যোগে শহরের বিভিন্ন এলাকায় শান্তি স্কোয়াড বের করা হচ্ছে ।

শহর ও শহরের আশপাশে আরও ১৬টি শান্তি কমিটি গঠন করা হয়েছে।.....

-দৈনিক পাকিস্তান, ২৬ এপ্রিল ১৯৭১

শান্তি কমিটির কর্মতৎপরতা শুরু
মুন্সীগঞ্জে পাক সেনাদের বিপুল অভ্যর্থনা জ্ঞাপন

মুন্সীগঞ্জ, ১১ই মে (পিপিআই)।- পাকিস্তান সেনাবাহিনীর জোয়ানরা গত ৯ই মে মুন্সীগঞ্জ উপনীত হলে মুন্সীগঞ্জ মহকুমার জনসাধারণ ও সরকারী কর্মচারীরা তাদের আন্তরিক অভ্যর্থনা জনান। পিপিআই বার্তা সংস্থার বিশেষ সংবাদাতা এ কথা লিখেছেন।

মেজর জাবেদের নেতৃত্বে পাকিস্তানী সেনাদল মুন্সীগঞ্জে উপনীত হলে সেখানকার বিভিন্ন শ্রেণীর লোক এই সেনাদলকে বিপুল অভ্যর্থনা জ্ঞাপন করেন। এর আগে জনসাধারণ সকল দালান কোটা, শিক্ষা প্রতিষ্ঠান এবং বাজার সমূহে পাকিস্তানের পতাকা উত্তোলন করেন।

পাকিস্তানী সেনাদল টাউনে উপনীত হলে সেখানে একটা আনন্দমুখর পরিবেশের সৃষ্টি হয়।

এরপর সেনাবাহিনীর অফিসাররা জাতীয় পরিষদের সাবেক সদস্য এবং মুন্সীগঞ্জ টাউন কমিটির চেয়ারম্যান জনাব আবদুল হাকিম বিক্রমপুরীসহ স্থানীয় সরকারী কর্মচারী ও নেতৃত্বস্থানীয় ব্যক্তিদের সাথে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে জনাব বিক্রমপুরী সামরিক অফিসারদের মুন্সীগঞ্জ মহকুমার জনসাধারণের আন্তরিক ও পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন।

জনাব বিক্রমপুরী আরও বলেন, মুন্সীগঞ্জ, লৌহজং, টঙ্গীবাড়ী, গজারিয়া, শ্রীনগর এবং সিরাজদিখান নিয়ে গঠিত এই মহকুমার জনসাধারণ সব সময়ই আইনানুগ, শান্তিপ্রিয় এবং দেশপ্রেমিক।

সকল দোকান পাট, সরকারী ও বেসরকারী অফিসগুলো তাদের স্বাভাবিক কর্মতৎপরতা অব্যাহত রাখে। কোন ব্যক্তিই ভয় ও আতংকে টাউন ছেড়ে যায়নি।

সামরিক অফিসাররা বাজার পরিদর্শন করেন এবং দেখতে পান যে, নিত্য প্রয়োজনীয় পণ্য দ্রব্যাদির মূল্যও স্বাভাবিক ও যুক্তিসঙ্গত পর্যায়ে রয়েছে। পণ্য দ্রব্যের সরবরাহও সন্তোষজনক রয়েছে। মুন্সীগঞ্জের কৃষকরা আউস ফসল কাটছেন। কৃষকরা আবার অন্যান্য ধরনের ধানও রোপণ করেছেন।

সেনাবাহিনীর দলটি মুন্সীগঞ্জের অভ্যন্তরে টঙ্গীবাড়ী, সিরাজদি খান, রামপাল (ঐতিহাসিক স্থান) এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অংশ সফর করেন। এখানে উল্লেখ্য যে, সেনাবাহিনী পদ্মা নদী দিয়ে মাওয়া, ভাগ্যকূল এবং কুমারভোগ অতিক্রম করাকালে লৌহজঙ্গে জনসাধারণ তাদের আন্তরিক অভ্যর্থনা জানান।

ইতিমধ্যে মুন্সীগঞ্জ কুমার ইউনিয়ন কাউন্সিলের সদস্য এবং শান্তিপূর্ণ জনসাধারণদের তাদের নিজ নিজ এলাকায় শান্তি কমিটির সভা অনুষ্ঠানে ব্যস্ত থাকতে দেখা গিয়েছে। তারা ভারতীয় দালালদের হাত থেকে তাদের নিজেদের ভূমি রক্ষা করতে বদ্ধপরিকর।

এদিকে শান্তি কমিটির নেতা জনাব আবদুল হাকিম বিক্রমপুরী ইতিমধ্যেই ৬৮টি ইউনিয়ন কাউন্সিলের নেতৃস্থানীয় জনসাধারণকে সেনাবাহিনীর দল তাদের স্থানে উপনীত হলে সেনাবাহিনীকে তাদের সহযোগিতা দানের নির্দেশ দিয়েছেন। প্রত্যেকটি এলাকার জনসাধারণই স্থানীয় জনসাধারণের প্রতি সেনাদলের ব্যবহারে মুগ্ধ হয়েছেন। জনসাধারণ ও সেনাদল সন্তুষ্টির সাথে তাদের মত বিনিময় করেন।

-পূর্বদেশ, ১২ মে, ১৯৭১

শান্তি কমিটির আবেদন
দেশের শত্রুদের মোকাবিলা করুন

ঢাকা, ১৭ই মে (এপিপি)।- পাকিস্তানের শত্রুদের মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় শান্তি কমিটির নেতৃবৃন্দ আজ জনগণের প্রতি আবেদন জানিয়েছেন। মিরপুর, লালবাগ ও চকবাজারে আজ কেন্দ্রীয় শান্তি কমিটির ঘরোয়া বৈঠক অনুষ্ঠিত হয়।

মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) ওমরাও খান, খাজা খয়ের উদ্দীন, জনাব আবুল কাসেম, মেজর (অবঃ) আফসার উদ্দিন, দেওয়ান ওয়ারাসাত আলী এ বৈঠকে উপস্থিত ছিলেন।

মেজর জেনারেল ওমরাও খান বক্তৃতাদানকালে বলেন যে, দেশ এক সংকট জনক সময়ের মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে। পাকিস্তান রক্ষার জন্য সশস্ত্র বাহিনী ঠিক সময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে। সশস্ত্র বাহিনীর কাজের প্রশংসা করে তিনি বলেন, তাদের কার্যাবলী আল্লাহর অবদান।

তিনি বলেন বর্ষা বা অন্য যে কোনো ঋতুই হোক না কেন পাকিস্তানের শত্রুদের সমানভাবেই শায়েস্তা করা হবে।

পাকিস্তানের শত্রুদের ধরিয়ে দেয়ার ব্যাপারে সামরিক বাহিনীকে সাহায্য দানের জন্য জনাব ওমরাও খান পাকিস্তানের আদর্শে বিশ্বাসী জনগণের প্রতি আবেদন জানিয়েছেন। সাময়িকভাবে রাজনৈতিক কার্যকলাপ বন্ধ রাখার জন্যও তিনি আহবান জানান। তিনি বলেন, পাকিস্তানের শান্তি ও নিরাপত্তা ফিরে না আসা পর্যন্ত এখানে রাজনীতি বিলাস। পাকিস্তানে এখন কেবল মাত্র দুটি দলের অস্তিত্ব রয়েছে। এর একটি হচ্ছে পাকিস্তান পার্টি ও অপরটি হচ্ছে পাকিস্তান দুশমন পার্টি। পাকিস্তান দুশমন পার্টিকে নিশ্চিহ্ন করে দিতে হবে। তিনি বলেন, পাকিস্তান টিকে থাকলে রাজনীতি করার জন্য আপনারা যথেষ্ট সময় পাবেন।

ভারতীয় অনুপ্রবেশকারীদের ধরিয়ে না দিলে বা তাদের নিশ্চিহ্ন করার ব্যাপারে সাহায্য না করলে শান্তিতে বসবাস করা যাবে না বলে ওমরাও খান জানান।

-পূর্বদেশ ১৮ মে, ১৯৭১

কার্জন হলের সিম্পোজিয়ামে নেতৃবৃন্দ
পাকিস্তানের অখণ্ডতা রক্ষায় বিরুদ্ধশক্তির মোকবিলার আহবান
(স্টাফ রিপোর্টার)

পাকিস্তানি ডেমোক্রেটিক পার্টির প্রধান জনাব নূরুল আমিন বলেন যে, বিশ্বের বৃহৎ শক্তিগুলো পাকিস্তানকে তাদের ক্রীড়াক্ষেত্রে পরিণত করার পাঁয়তারা করছে। বৃহৎ শক্তিবর্গের এই প্রচেষ্টাকে ব্যর্থ করে দিয়ে দেশের আজাদী ও অখণ্ডতা রক্ষা করার জন্য তিনি জনসাধারণের প্রতি আহবান জানান।

আজাদী দিবস উদযাপন উপলক্ষে গত শনিবার কেন্দ্রীয় শান্তি ও কল্যাণ পরিষদের উদ্যোগে কার্জন হলে অনুষ্ঠিত এক সিম্পোজিয়ামে সভাপতির ভাষণ দান কালে জনাব নূরুল আমিন এই আহবান জানান। সিম্পোজিয়ামে প্রেসিডেন্টের রিলিফ উপদেষ্টা ডাঃ এ এম মালিক, পিডিপি নেতা জনাব ইউসুফ আলী চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষক ও বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর আমীর অধ্যাপক গোলাম আজম, পশ্চিম পাকিস্তান পিডিপির সভাপতি নবাবজাদা নসরুল্লাহ খান, পাকিস্তান কাউন্সিল মুসলিম লীগের সহ-সভাপতি জনাব এ কিউ এম শফিকুল ইসলাম, পূর্ব পাকিস্তান পিডিপির অতিরিক্ত সেক্রেটারী জনাব রফিকুল হোসেন, জনাব আবদুল জব্বার খদ্দর ও

পূর্ব পাকিস্তান কৃষি-বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলর ড. কামাল উদ্দীন এবারকার আজাদী দিবসের তাৎপর্য ও গুরুত্ব ব্যাখ্যা করে সিম্পোজিয়ামে বক্তৃতা করেন।

পাকিস্তানের বিরুদ্ধে বৃহৎ শক্তিবর্গের ষড়যন্ত্রের বিরুদ্ধে সকর্তবাণী উচ্চারণ করে জনাব নূরুল আমিন বলেন, বৃহৎ শক্তিগুলো পাকিস্তানকে তাদের ক্রীড়া ক্ষেত্রে পরিণত করার চেষ্ট করছে। তারা প্রকাশ্যে পাকিস্তানের স্বার্থের বিরুদ্ধে জোট বাঁধছে। তিনি বলেন, পাকিস্তান দেশ হিসেবে ক্ষুদ্র হতে পারে এর আয়তন অন্য রাষ্ট্রের তুলনায় কম হতে পারে, কিন্তু দক্ষিণ-পূর্ব এশিয়া ও মধ্যপ্রাচ্যর উপর ভৌগোলিক প্রভাব বিস্তার করায় পাকিস্তানের যে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে অন্য কোনো দেশের তা নেই। তাই আমাদের রাষ্ট্রনায়কদের সতর্ক হয়ে কাজ করতে হবে। পাকিস্তানকে তাই নিজের স্বার্থের জন্যই কাজ করতে হবে। জনাব নুরুল আমীন বলেন গত সাধারণ নির্বাচনের সময় আমি সতর্কবাণী উচ্চারণ করে বলেছিলাম যে পাকিস্তান দ্বিতীয় ভিয়েতনামে পরিণত হতে যাচ্ছে। কিন্তু কেউ তাতে আমল দেননি।

তিনি বলেন, পাকিস্তানকে দুর্বল করার এবং পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে ফাটল ধরানোর জন্য বৃহৎ শক্তিগুলো প্যাক্ট করছে। তাই তাদের নজর আজ পাকিস্তান বিশেষ করে পূর্ব পাকিস্তানের উপর। কারণ পূর্ব পাকিস্তান লোভনীয় জায়গা। সামরিক দিক দিয়ে এর গুরুত্ব বেশী। তিনি বলেন, তাই আজ আমাদের নিজের উপর বিশ্বাস রাখতে হবে। কারণ দেশ আমাদের, দেশের ১২ কোটি জনতার। কেউ যদি বিপথে চালিত হয় তাকে বুঝাতে হবে।

দেশের বর্তমান সংকটকে ১৯৬৫ সালের পাক ভারত যুদ্ধকালীন সময়ের চেয়েও গুরুতর অভিহিত করে জনাব নূরুল আমীন বলেন, পাকিস্তানের বর্তমান সংকট ১৯৬৫ সালের চেয়েও গুরুতর। কারণ তখন বড় শক্তিগুলো প্রকাশ্যে যুদ্ধে জড়িত হয়নি। বরং তারা যুদ্ধ করার জন্য চেষ্টা করেছিল। কিন্তু এবার বৃহৎ শক্তিগুলো তাদের কারো কারো স্বার্থেই যুদ্ধ বাধাতে পারে। তবে আমরা বন্ধুহীন নই। কেউ আমাদের কাবু করতে পারবে না বলে তিনি উল্লেখ করেন। দেশের বর্তমান পরিস্থিতির কথা উল্লেখ করে জনাব নূরুল আমীন বলেন, বর্তমান সরকার বাধ্য হয়েই সামরিক কার্যক্রম গ্রহণ করেছেন। তবে সময় আসলেই জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করা হবে এবং ক্ষমতা হস্তান্তরের দিন খুব দূরে নয় বলে আমার বিশ্বাস। তিনি বলেন ক্ষমতা হস্তান্তরের সময় পূর্ব পাকিস্তানের দাবি দাওয়া মিটিয়ে দিতে হবে।

পূর্ব পাকিস্তানের দাবী দাওয়ার প্রসঙ্গ উল্লেখ করে জনাব নূরুল আমীন বলেন, আমরা পূর্ব পাকিস্তানের দাবী দাওয়া আদায়ে কোন সময়ই কার্পণ্য করিনি। বরাবরই পূর্ব পাকিস্তানের স্বার্থ আদায়ের জন্য আমরা চেষ্টা করেছি। কোন দল বা ব্যক্তিবিশেষই পূর্ব পাকিস্তানের দাবি আদায়ের চেষ্টা করেছেন একথা বললে ভুল করা হবে। আজাদী দিবসের কথা উল্লেখ করে জনাব নুরুল আমীন বলেন, আজ আমাদের আনন্দের দিন। কিন্তু এই আনন্দের দিনেও আমাদের মন ভারাক্রান্ত। কারণ জাতির জীবনে আজ বৃহত্তম সংকটের সৃষ্টি হয়েছে।

যাঁরা অশেষ কোরবানী দিয়ে পাকিস্তান এনেছেন এবং যারা পাকিস্তানের আদর্শ বাস্তবায়িত হওয়া ও এর স্থায়িত্ব কামনা করেন তাঁদের মনবেদনা আমি বুঝি। তাই আজ আমরা আত্মসমালোচনা করবো। আত্মশুদ্ধি করবো এবং আত্মপ্রত্যয়ের চেষ্টা করবো। নিজেদের উপর বিশ্বাস রেখে আমরা সংকট মুক্তির পথ নেবো।

তিনি বলেন, পাকিস্তান সৃষ্টির জন্য আমরা বৃটিশ সাম্রাজ্যবাদ ও ব্রাহ্মণ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছি এবং সে সংগ্রামে আমরা জয়ী হয়েছি। কারণ আত্মপ্রত্যয় ও লক্ষ্যে পৌছবার দৃঢ়তা আমাদের ছিল। তাই সাত বছরের মধ্যে পাক ভারতের ভৌগোলিক সীমা রেখার পরিবর্তন করে বিনা যুদ্ধে আমরা একটা রাষ্ট্র কায়েম করেছি। ইতিহাসে এটা নজীরবিহীন।

জনাব নুরুল আমীন বলেন, আজো পাকিস্তানের অখণ্ডতা রক্ষার জন্য আমাদের বিরুদ্ধ শক্তির মোকাবেলা করতে হবে। আত্মপ্রত্যয় ও বিশ্বাসের উপর নির্ভর করে আমরা এগিয়ে যাব। চিন্তা, কার্য ও লেখনীর দ্বারা

দেশের অখণ্ডতা রক্ষা ও শত্রুর প্রচেষ্টা ব্যর্থ করে দিতে হবে। দেশ রক্ষার জন্য জনগণকেও এগিয়ে আসতে হবে। পাকিস্তান না থাকলে ছাত্র, শিক্ষক, শ্রমিক, কৃষক ও জনগণের কোনো কল্যাণ হবে না বলে তিনি মন্তব্য করেন।

অধ্যাপক গোলাম আজম বলেন যে, জন্মের পর থেকে পাকিস্তানের উপর দিয়ে দুটি বড় রকমের তুফান বয়ে গেছে। এর একটি হচ্ছে ১৯৬৫ সালে ভারতীয় হামলা আর অপরটি হচ্ছে এবারকার সংকট। তিনি বলেন, ১৯৬৫ সালে পাকিস্তানের দুশমন ছিল বাইরের। তাই ভারতীয় হামলা থেকে দেশ রক্ষার জন্যে জনগণ ঐক্যবদ্ধভাবে হামলা মোকাবিলার জন্য তৈরী ছিল। কিন্তু এবার পাকিস্তানের ভেতরে হাজারো দুশমন সৃষ্টি হয়েছে। তাই এবারের সংকট কঠিন। কারণ বাইরের দুশমনের চেয়ে ঘরে ঘরে যে সব দুশমন রয়েছে তারা অনেক বেশি বিপজ্জনক।

অধ্যাপক আজম দুঃখ প্রকাশ করে বলেন যে, গত ২৪ বছর যাবত পাকিস্তানের আদর্শের প্রতি বিশ্বাসঘাতকতা করা হয়েছে। তাই আজ ঘরে ঘরে পাকিস্তানের দুশমন সৃষ্টি হয়েছে এবং এরা পাকিস্তানের পহেলা নম্বরের দুশমন ভারতকে তাদের বন্ধু বলে মনে করছে। এই জন্য বর্তমান শিক্ষা ব্যবস্থাকে দায়ী করে তিনি বলেন যে, যারা পাকিস্তানে জন্ম নিয়ে দুশমন হয়েছে তাদেরকে দোষ দেয়া যায় না। বর্তমান শিক্ষা ও রাষ্ট্র ব্যবস্থাকেই এ জন্য দায়ী করতে হবে। কারণ পাকিস্তানকে যারা ভালোবাসে তাদেরকে তৈরী হওয়ার সুযোগ দিলে তারা দেশের জন্যে জান কোরবান করতো।

সেনাবাহিনী ও শান্তি কমিটির মধ্যে যোগসূত্র প্রতিষ্ঠার উপর বিশেষ গুরুত্ব আরোপ করে জামায়াত নেতা বলেন, বিচ্ছিন্নতাবাদীদের হাত থেকে দেশকে রক্ষা করার জন্য শান্তি কমিটি গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করেছে। শান্তি কমিটি যদি দুনিয়াকে জানিয়ে না দিতো যে পূর্ব পাকিস্তানের জনগণ দেশকে অখণ্ড রাখতে চায় তবে পরিস্থিতি হয়তো অন্য দিকে মোড় নিতো। তিনি বলেন দেশকে রক্ষা করার দায়িত্ব সেনাবাহিনীর, তাই দেশের মানুষকে বোঝানোর দায়িত্ব শান্তি কমিটির হাতে তুলে নিতে হবে বলে তিনি মন্তব্য করেন। এছাড়া ঘরে ঘরে যে সব দুশমন রয়েছে তাদেরকে খুঁজে বের করার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন।

আজাদী দিবস উদযাপনের কথা উল্লেখ করে অধ্যাপক গোলাম আজম বলেন যে, এবার প্রাণচাঞ্চল্যতার সাথে আজাদী দিবস উদযাপিত হয়েছে। কারণ যারা পাকিস্তানকে সত্যিকারভাবে ভালোবাসেন তারা এবার আন্তরিকতা ও জাঁকজমকের সাথে আজাদী দিবস পালন করছে। শত্রুও মিত্রের মানদণ্ডে এবার পাকিস্তান যেন নতুন করে জন্ম নিয়েছে। কায়েদে আযমের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন যে, পাকিস্তান টিকে থাকার জন্যে এসেছে। তবে পাকিস্তান টিকে থাকতে হলে এর আদর্শকে পুরোপুরি বাস্তবায়িত করতে হবে। তিনি বলেন, অত্যাচার ও অনাচারমুক্ত একটি সমাজ ব্যবস্থা কায়েমই ছিল পাকিস্তানের মহান উদ্দেশ্য। কিন্তু নানান স্বার্থের কারণে আমরা সে আদর্শের জলাঞ্জলি দিয়েছি। দেশপ্রেমিকদের উদ্দেশ্য করে অধ্যাপক গোলাম আজম বলেন, পাকিস্তান টিকে থাকলে আজ হোক কাল হোক বাঙ্গালী মুসলমানদের হক আদায় হবে। কিন্তু আজাদী ধ্বংস হলে মুসলমানদেরকে শৃগাল কুকুরের মতো মরতে হবে।

নবাবজাদা নসরুল্লাহ খান বলেন, আজ আমরা ইতিহাসের এক বৃহত্তম সংকটের মধ্যে এগিয়ে চলেছি। আমাদের এই সংকট ভেতর ও বাইরের উভয় দিক থেকে এসেছে। অভ্যান্তরীণ ক্ষেত্রে রয়েছে অন্তর্ঘাতী কাজে লিপ্ত ব্যক্তিরা আর বাহির থেকে দুশমনী করছে পশ্চিমা শক্তিগুলো।

তিনি বলেন, ১৯৪৭ সালে ভারত পাকিস্তানকে ধ্বংস করার জন্য ব্যাপক হারে মোহাজের পাঠিয়েছে এবং এখান থেকে হিন্দুদেরকে হিন্দুস্তানে চলে যাবার জন্য উস্কানি দিয়েছে।

১৯৬৫ সালে তারা বুলেট দ্বারা ষড়যন্ত্র করেছে আর ১৯৭০ সালে হয়েছে ব্যালটের ষড়যন্ত্র। এছাড়া তারা কলকাতাতে তথাকথিত বাংলাদেশের সরকার গঠন করে রেখেছে।

তিনি বলেন, পাকিস্তান ইসরাইলের মতো ষড়যন্ত্রের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়নি। পাকিস্তান প্রতিষ্ঠিত হয়েছে গণতান্ত্রিক আন্দোলন ও গণভোটের মাধ্যমে। কাজেই গণতান্ত্রিক উপায়েই এ সমস্যার সমাধান সম্ভব।

এই প্রসঙ্গে পিডিপি কর্মসূচীর উল্লেখ করে তিনি বলেন যে, আইয়ুব খানের এক নায়কত্বের সময় আমরা গণতান্ত্রিক উপায়ে সমস্যা সমাধানের কর্মসূচী দিয়েছিলাম এবং আইয়ুব খান আমাদের দাবী মেনে নিতে সম্মতও হয়ে ছিলেন। কিন্তু সে সময় জ্বালাও পোড়াওর আন্দোলন শুরু হলে আমাদের প্রচেষ্টা ব্যর্থ হয়ে যায় এবং পুনরায় সামরিক শাসন জারী করা হয়।

তিনি বলেন, আমরা কিছুতেই হিন্দুর গোলামী কবুল করবো না। কায়েদে আজম, শেরেবাংলা, নাজিম উদ্দিন ও সোহরাওয়ার্দী আমাদের জন্যে যে আদর্শ রেখে গেছেন আমরা তা রক্ষা ও বাস্তাবায়িত করবো। কারণ পাকিস্তান ছিল ভারতের ১২ কোটি মুসলমানের ফয়সালা। একে আমরা ধ্বংস হতে দিতে পারি না।

জনাব শফিকুল ইসলাম ভাবী শাসনতন্ত্রে শক্তিশালী এককেন্দ্রিক সরকারের ব্যবস্থা রাখার উপর গুরুত্বারোপ করে বলেন যে, কেন্দ্রীয় সরকারকে মজবুত রাখা হলে এবং প্রদেশগুলোর সম্পদ ন্যায্যভাবে ব্যয় করা হলে পাকিস্তান শক্তিশালী হবে। এই ব্যবস্থায় আঞ্চলিকতার প্রবনতা কেটে যাবে। এছাড়া তিনি পাকিস্তানের উভয় অংশে দারুল হুকুমত প্রতিষ্ঠার ও পৃথক নির্বাচন ব্যবস্থার সুপারিশ করেন। নতুন শাসনতন্ত্রের জন্যে মরহুম লিয়াকত আলী খানের আদর্শ প্রস্তাবকে ভিত্তি হিসেবে গ্রহণের জন্যেও তিনি সুপারিশ করেন।

-দৈনিক পাকিস্তান ১৬ আগস্ট,১৯৭১

কার্জন হলে মন্ত্রীদের সম্বর্ধনা

পাকিস্তানকে বিচ্ছিন্নের ভারতীয় ষড়যন্ত্র ব্যর্থ করার আহবান

(স্টাফ রিপোর্টার)

গতকাল বুধবার গভর্নরের মন্ত্রী পরিষদের সদস্যদের সম্মানার্থে কার্জন হলে আয়োজিত এক সম্বর্ধনা সভায় পূর্ব পাকিস্তানকে বিচ্ছিন্ন করে ভারতের পদানত করার হিন্দুস্তানী ষড়যন্ত্রকে প্রতিহত করার জন্য জনসাধারণের প্রতি আহবান জানানো হয়। এছাড়া সভায় পূর্ব পাকিস্তানী শরণার্থীদের স্বদেশ ফেরার পথে বাধা সৃষ্টি থেকে ভারতকে নিবৃত্ত করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জাতিসংঘের সাধারণ পরিষদের প্রতি অনুরোধ জানানো হয়।

দিলকুশা ইউনিয়ন শান্তি কমিটির উদ্যোগে অনুষ্ঠিত এই সম্বর্ধনা সভায় পূর্ব পাকিস্তান জামাতে ইসলামীর আমীর অধ্যাপক গোলাম আজম সভাপতিত্ব করেন এবং প্রাদেশিক শিক্ষামন্ত্রী জনাব আববাস আলী খান, রাজস্ব মন্ত্রী জনাব মওলানা এ কে এম ইউসুফ, শ্রম ও সমাজ কল্যাণ মন্ত্রী জনাব এ,এস,এম সোলায়মান এবং সাহায্য ও পূর্নবাসন দফতরের মন্ত্রী অধ্যাপক শামসুল হক উপস্থিত ছিলেন।...

-দৈনিক পাকিস্তান, ৩০ সেপ্টেম্বর ১৯৭১।

শিরোনাম	সূত্র	তারিখ
২২১। শান্তি কমিটির গঠন ও তৎপরতা সম্পর্কিত আরো কয়েকটি দলিল	বাংলা একাডেমির দলিলপত্র	১৯৭১

জিলা 'এগ্রিকালচার পীস সাব-কমিটি' গঠনের নির্দেশ।

CHITTAGONG DISTRICT PEACE COMMITTEE
Affiliated to Central Peace Committee, Dacca.

Office:
PAKISTAN COUNCIL
(Muslim Institute Hall)
K.C. Dey Road, Chittagong

Convener: ALHAJ MAHMUDUN NABI CHOWDHURY
Ref. No. 26/CDPC/71 Date. 15/6/1971

1. Mr. Ahmedur, Rahman Chowdhury, Secretary, Hathazari Thana Central Co-operative Association, and

2. Dr. M. Ezhar Meah, Secretary, Boalkhali Thana Central Co-operative Association Samabaya Milanayatan, Chittagong.

২৫শে মার্চ পাক হানাদার বাহিনী বগুড়া শহরে আক্রমণ করে ব্যর্থ হলে অতঃপর ১৩ই এপ্রিল তারিখে ত্রিমুখী আক্রমণ ও বিমান আক্রমণ করে বগুড়া শহর তাদের আয়ত্তে নিয়ে আসে। অতঃপর কয়েক দিন পর এক দল খান সৈন্য গাবতলী থানায় চলে আসে। গাবতলীর সি, ও, অফিসে তারা ঘাঁটি স্থাপন করে। এরপর খান সেনারা চারিদিকে টহল দিতে থাকে। হঠাৎ করে একদল খান বর্বর বাহিনী সুখান পুকুর রেলষ্টেশনে এসে উপস্থিত হয়। পর পর বহু দোকান পাট ও বাসাবাড়ীতে অগ্নিসংযোগ করে। বাজারের অসংখ্য দোকানপাট ও বাসাবড়ীতে লুটপাট আরম্ভ করে দেয়। যাকে যে অবস্থায় যেখানে পায় খান হায়েনারা তাকে সেখানেই বেয়োনেট চার্জ করে অথবা রাইফেলেন গুলি দিয়ে হত্যা করে। এক সংগে ৭২ জন নিরীহ জনগণকে একত্রে দাঁড়া করে মেশিনগানের ব্রাশ ফায়ার মেরে হত্যা করে। গাবতলী থানার ভিতর সুখান পুকুরে এত গণহত্যার নজির আর কোথাও পাওয়া যায়নি। বাজারে ঢুকে সর্বপ্রথম কয়েকটি মালজাত গুদাম ঘরে তারা অগ্নিসংযোগ করে বহু টাকার ধান চাউল ভস্মীভূত করে দেয়। তাছাড়া বাজারের বহু দোকানদারকে ধরে ভীষণ নির্যাতন করার পর গুলি করে হত্যা করে। এদিনই পাক সেনারা আমার বাড়ীতে গিয়ে আমার ঘর বাড়ীতে অগ্নিসংযোগ করে। পর পর খান সেনা ও রাজাকার মিলে আমার বাড়ীতে বহু টাকার ধনসম্পদ লুট করে নিয়ে যায়। খান বর্বর বাহিনী আমার বাড়ী থেকে ৭/৮ হাজার টাকার জিনিসপত্র লুট করে নিয়ে যায়। বহু সংখ্যক হিন্দুর বাড়ী অগ্নিসংযোগ করে ভস্মীভূত করে দেয়। গ্রামে ঢুকে মেয়েদের উপর পাশবিক অত্যাচার করে। বাজারের সমস্ত দোকান পাট ও ঘরবাড়ী অগ্নিসংযোগ করে পাক হায়েনারা আবার গাবতলী সি,ও, অফিসে যায়। গাবতলী থেকে খান পশুরা প্রত্যহ সুখান পুকুরে আসা যাওয়া করতে থাকে। প্রত্যেক বারই তারা দু'চারজনকে হত্যা করতে সক্ষম হয়। স্বাধীনতার ১২/১৩ দিন পূর্বে মুক্তিবাহিনীর প্রবল আক্রমণে গাবতলী থানা তথা সুখান পুকুর শেষ বারের মত শত্রুমুক্ত হয়। স্বাধীনতার পতাকা সর্বত্র উড়াতে থাকে।

স্বাক্ষর/-
মোঃ আবুল কাসেম
২৫/৯/৭৩

\ ৬৮ \

আরিফুর রহমান (বাদশা)
সন্ধ্যাবাড়ী, থানা- গাবতলী
জেলা - বগুড়া

জ্যৈষ্ঠ মাসের একদিন রাতে আমাদের বাড়ী ঘেরাও করে পাক সৈন্যরা আমাকে গ্রেফতার করে। গ্রেফতারের আগে অবশ্য আমার বাড়ীর দামী জিনিসপত্র ও সোনাদানা লুটপাট করে। মিলিটারীদের সাথে কতিপয় অবাঙ্গালীও ছিল। তাদের মধ্যে বাঙ্গালীও থাকা সম্ভব।

গ্রেফতার করার পর আমাকে সার্কিট হাউসে নিয়ে যাওয়া হয়। বলা প্রয়োজন, আমার হাত বাঁধা অবস্থাতেই নেয়া হয়। পথের মধ্যেই কয়েক দফা চড়থাপ্পড় মারা হয়।

সার্কিট হাউসে নেয়ার পর আমাকে জিজ্ঞাসাবাদ করা হয়। আমার বিরুদ্ধে অভিযোগ যে, আমি মুক্তিবাহিনীকে খবর সরবরাহ করি। তারা আমার কাছ থেকে জানতে চায় যে, মুক্তিবাহিনী কোথায় আছে, তাদের সংখ্যা কত এবং তাদেরকে কিভাবে খবর সরবরাহ করি? আমি মুক্তিবাহিনীর লীডার না অন্য কেউ লিডার আছে? তার নাম কি? মুক্তি বাহিনীর অস্ত্রশস্ত্র কোথায় আছে?

আমি সমস্ত অভিযোগ অস্বীকার করলে আমার উপর দৈহিক নির্যাতন শুরু করে। কয়েকজন মিলে পর্যায়ক্রমে আমাকে নানানভাবে অত্যাচার করতে থাকে। রুলার দিয়ে শরীরের বিভিন্ন জোড়ায় বেদম প্রহার করে। শরীরের গিট ছাড়াও বিভিন্ন অংশে হৃদয়হীন ভাবে অত্যাচার করে।

এ ছাড়া খাড়া করে পা টান করে রেখে পিঠ কুঁজো অবস্থায় ঘাড় টান করে হাতের কব্জি দিয়ে ঘাড়ে মারত। শরীর একটু এদিক ওদিক করলে অথবা যন্ত্রণায় কাতরালে আরো বেশী করে অত্যাচার করতে থাকে। মারের সাথে সাথে অকথ্য ভাষায় গালিগালাজ করে। এই অবস্থায় এত বেশী করে আমার উপর অত্যাচার করা হয়েছিল যে, আমি প্রায় অজ্ঞান হয়ে গিয়েছিলাম। এ ছাড়া রাইফেলের বাঁট, গাদা, গুতা আর পিটান দিতে থাকে। এ ছাড়া লাথি তো আছেই।

অত্যাচারের সময় তারা কয়েক পদে অত্যাচার করে। এরা উনিশ পদে অত্যাচার করত। তাদের সুবিধা মত কখনও তারা আমার হাত বেঁধে রাখত আবার কখনও পা খোলা রাখত।

দুই দিন বন্দী থাকার পর শান্তি কমিটির সুপারিশে ছাড়া পাই। অবশ্য এ জন্য আমার আত্মীয়স্বজনকে আড়াই হাজার টাকা খরচ করতে হয়েছে।

স্বাক্ষর/-
আরিফুর রহমান

\ ৬৯ \

ডাক্তার মোঃ হাবিবুর রহমান
সুখানপুকুর ষ্টেশন বাজার
থানা- গাবতলী, জেলা-বগুড়া

প্রথমবারে (২৬শে মার্চ) পাক হানাদার বাহিনী ব্যর্থ হওয়ার পর ১৩ই এপ্রিল ত্রিমুখী আক্রমণ চালিয়ে বগুড়া শহর পূর্ণ দখলে আনে। কয়েকদিন পর একদল হানাদার বাহিনী গাবতলী সি, ও, অফিসে ক্যাম্প স্থাপন করে। গাবতলী থাকাকালীণ হঠাৎ একদিন খান পশুর অত্র সুখানপুকুরে হানা দেয়। হানা দিয়ে অসংখ্য দোকানপাট ও ঘরবাড়ীতে অগ্নিসংযোগ করে। ৭২ জন নিরীহ জনগণকে একত্র লাইন করে মেশিনগান দিয়ে গুলি করে হত্যা করে। প্রসঙ্গতঃ উল্লেখ করা যায় যে, খান সেনারা বাজারে ঢুকেই সর্বপ্রথম আমার বাসায় অগ্নিসংযোগ করে ভস্মীভুত করে দেয়। আমি অনুমান করি যে, খান সেনারা প্রায় এক লক্ষ টাকার ধন- সম্পদ ভস্মীভূত করে দেয়। রাজাকার ও বিহারীরা বাজারের বিভিন্ন দোকানপাট লুট করে নিঃশেষ করে দেয়। জনসাধারণকে ডেকে খান সেনারা মুক্তিবাহিনী ও আওয়ামী লীগের কর্মীদের খোঁজ জানতে চায়। জনগণ অস্বীকার করলে তাদেরকে ধরে ভীষণ নির্যাতন করার পর বেয়োনেট দিয়ে খুঁচিয়ে তাদেরকে হত্যা করে। গ্রামে গ্রামে ঢুকে খান কুকুরেরা নিরীহ অবলা বালার প্রতি পাশবিক অত্যাচার শুরু করে । প্রথম দিনের মত খান সেনারা গাবতলিতে পুনরায় ফিরে যায়। এরপর প্রত্যেক দিন গাবতলী থেকে বর্বররা গাড়ীযোগে সুখানপুকুরে টহল দিতে থাকে। প্রত্যহ আসার পথে অথবা যাওয়ার পথে বর্বর দস্যু বাহিনী ২/৪ জনকে হত্যা না করে ফিরে যেত না। খান সেনারা গাবতলী তথা সুখানপুকুরের আশেপাশের সমস্ত জনগণের মনে ত্রাশের সৃষ্টি করেছিল। প্রত্যেকদিন তারা গ্রামাভ্যন্তরে ঢুকে মেয়েদেরকে জোর করে বা তাড়িয়ে ধরে পাশবিক অত্যাচার চালায়। কাউকে ধরে তারা ক্যাম্পে নিয়ে যেত। এদের প্রায়ই মরে যেত।

আবার কেউ কেউ পশুদের হাত থেকে বেঁচে কোন রকমে বাড়ী চলে আসত। দীর্ঘদিন নির্যাতন চলার পর মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর আক্রমণে শত্রুর হাত থেকে নিস্তার পাই।

স্বাক্ষর/-
ডাক্তার মোঃ হাবিবুর রহমান

\ ৭০ \

সুকচান
গ্রাম - সাইন্দ্রা
পোঃ- শান্তাহার
জেলা - বগুড়া

বগুড়া জেলার অর্ন্তগত আদমদিঘী থানার শান্তাহার ইউনিয়নের অধীন সাইন্দ্রা গ্রামটি পশ্চিম পাকিস্তানী সৈন্য ও বিহারদের দ্বারা অত্যাচারিত । মার্চ মাসের শেষ সপ্তাহের দিকে প্রতিহিংসা চরিতার্থ করার জন্য সাইন্দ্রা গ্রামে পাক বর্বররা প্রবেশ করে। উক্ত গ্রামে প্রথমে লুটতরাজ এবং পরে অগ্নিসংযোগ করে। অগ্নিসংযোগের ফলে প্রায় ৩শত বাড়ী পোড়া যায়। উক্ত ৩ শত বাড়ীর যাবতীয় মালামাল ভস্মীভূত হয়। এখনও ধবংসের সাক্ষ্য বিক্ষিপ্তভাবে ছড়িয়ে রয়েছে। উল্লিখিত গ্রামে প্রায় ৩০ লক্ষ টাকার সম্পদ নষ্ট হয়েছে।

এই গ্রামে ঢুকে পাক বর্বররা ছাগল, গরু, হাঁস, মুরগী ও তরিতরকারী ইত্যাদি লুট করেছে। কয়েকজন নারী যারা পালাতে সক্ষম হয়নি তাদেরকে ধর্ষণ করে ও ধরে ক্যাম্পে নিয়ে আসে। ক্যাম্পে আসার পর থেকে আজ পর্যন্ত তাদের আর কোন খোঁজ পাওয়া যয়িনি। এই গ্রামের প্রায় ১৫০ জন লোক পাক বর্বরদের হাতে প্রাণ দিয়েছন।

স্বাক্ষর/-
সুকচান

\ ৭১ \

ওমর আলী প্রামাণিক
গ্রাম-নাপুরগাছি, থানা-পাঁচবিবি
জেলা-বগড়া

এপ্রিল মাসের শেষের দিকে আমি আমার বাড়ী দেখার জন্য নাপুরগাছি চলে আসি। এবং নিজ বাড়ীতে গিয়ে দেখি পাক হানাদার বাহিনী বাড়ীর আশেপাশে বাঙ্কার করে বাঙ্কারের মধ্যে মেশিনগান বসিয়ে পজিশনে আছে। আমি বাড়ীতে ঢুকে দেখতে পাই আমার বাড়ীতে খাট চৌকি ইত্যাদি সবকিছু পাক হানাদার বাহিনী নিয়ে তাদের কাজে ব্যবহার করেছে। তারপর আমি বাড়ী হতে খিড়া পাথার রওনা হয়ে যাবার সময় পথে এক জঙ্গলের মধ্যে পাক হানাদার বাহিনী ও বিহারীরা আমাকে দেখে ফেলে। এবং আমাকে পাঞ্জাবী একজন সৈন্য ডাকে। আমি তার নিকট গিয়ে দেখতে পাই জঙ্গলের মধ্যে হানাদার বাহিনী দুটি গর্ত করে রেখেছে, তার গভীরতা প্রায় ২০/৩০ হাত এবং দৈর্ঘ প্রায় ৩০/৪০ হাত। আমি সেখানে পৌছালে একজন পাক সেনা বিহারীদেরকে নির্দেশ দেয় আমাকে উক্ত একটা গর্তের মধ্যে ফেলে দিয়ে জ্যান্ত কবর দিতে। তারপর বিহারীরা ও একজন পাক সেনা আমাকে উক্ত গর্তের মধ্যে নামতে বলে। আমি গর্তের মধ্যে নামার সাথে সাথে আমাকে চিত হয়ে টান হয়ে শুইতে বলে। আমি ভয়ে চিত হয়ে শুয়ে পড়ে আল্লার নাম স্বরণ করতে থাকি। তারপর পাক হানাদারদের মধ্যে একজন বিহারীদেরকে নির্দেশ দেয় জ্যান্ত অবস্থায় আমাকে মাটিচাপা দিয়ে রাখতে। দুইজন বিহারী কোদাল হাতে করে একজন মাথার দিকে গিয়ে দাঁড়ায় আর একজন পায়ের দিকে গিয়ে দাঁড়ায়। তারপর তারা কোদালে মাটি তুলে আমার শরীরের উপর মাটিচাপা দিবে। এমন সময় একজন পাক সেনাদের ক্যাপ্টেন ঘটনাস্থলে এসে উপস্থিত হয় এবং তাদেরকে জিজ্ঞেস দেয় যে, এই লোকটাকে কেন তোমরা জ্যান্ত কবর দিচ্ছ। তারপর ক্যাপ্টেন আমাকে গর্ত হতে তুলে জিজ্ঞাসাবাদ করে তোমার বাড়ী কোথায়, কোথায় যাবে তুমি? আমি ভয়ে ভয়ে তার প্রশ্নের জবাব দিই। তারপর ক্যাপ্টেন তার সিপাইদেরকে ও বিহারীদেরকে বেশ শাসন করে। এবং আরও বলে এ লোক একজন বুড্ডা আদমী, একে তোমরা কেন জ্যান্ত কবর দিচ্ছিলে। এ তো কোন অপরাধ করে নাই। তারপর ক্যাপ্টেন আমাকে জিজ্ঞাসা করে তুমি কোথায় যাবে। আমি জবাব দেই আমি পূর্বদিকে যাবো। তারপর আমাকে ক্যাপ্টেন পূর্ব দিকে যেতে নির্দেশ দিলে আমি রওনা হয়ে চলে আসি। এবং খিড়া পাথার গিয়ে আমার পরিবার পরিজনের সাথে সাক্ষাত করি এবং ঘটনাদি খুলে বলি। তারপর বাংলাদেশ স্বাধীন হলে আমি নিজ বাড়ী চলে আসি।

স্বাক্ষর/-
ওমর আলী প্রামাণিক
৬/১১/৭৩

\ ৭২ \

ফকির মামুদ মণ্ডল
গ্রাম-দানেজপুর
ডাঘর - পাঁচবিবি
থানা- পাঁচবিবি
জেলা-বগুড়া

১৯৭১ সালের বাংলা আষাঢ় মাসের ২০/২৫ তারিখে ৫০/৬০ জন রাজাকার পুলিশ বিহারী ও পাক মিলিটারী মিলে আমার বাসায় যায় এবং বাসা ঘেরাও করে এবং আমাকে বাসা হতে ধরে ফেলে। বাসার বাইরে নিয়ে এসে আমাকে জিজ্ঞাসাবাদ করতে থাকে। তোমার চার নাতী মুক্তিযোদ্ধা তাদেরকে যদি তুমি এনে না দাও তাহলে আমরা তোমাকে গুলি করে হত্যা করবো। তার প্রতি উত্তরে আমি জবাব দেই তারা কোথায় গিয়েছে তা আমি বলতে পারবো না, আর আপনারা যদি তাদেরকে কোথাও খঁজে পান তা হলে তাদেরকে আপনারা গুলি করে মেরে ফেলবেন আমার কোন আপত্তি থাকবে না। কিন্তু আমার নাতিরা কোথায় গিয়েছে তার জন্য তো আমি দায়ী হতে পারি না। কারণ তারা এখন বড় হয়েছে নিজ নিজ স্বাধীনতা নিয়ে তারা যেখানে সেখানে ঘুরে বেড়াতে পারে। আমি এখন বৃদ্ধ হয়েছি আর কি তাদের খোঁজখবর আমার পক্ষে রাখা সম্ভব। তারপর পাক হানাদার বাহিনীরা আমাকে চোখ বেঁধে পাঁচবিবি রেল লাইনের উপর নিয়ে আসে। এনেই স্থানীয় বিহারীদের নেতারা আলাপ- আলোচনা করার পর চোখ বাঁধা অবস্থায় আমাকে রেল লাইনের উপর ছেড়ে দিয়ে চলে যায়। আমি বাড়ী চলে যাই। ঐ ঘটনা ঘটার ৭/৮দিন পর আয়ুবের নির্দেশে ২০ /২৫ জন রাজাকার বিহারী ও পাক সেনা মিলে আবার আমার গ্রামের বাসায় গিয়ে ঘেরাও করে আমাকে ধরে পাঁচবিবি নিয়ে আসে। এসেই সেই একই প্রশ্ন জিজ্ঞাসা করে, আমি আমার জবাবে একই কথা বলি। তারপর সেদিনও পাক হানাদার বাহিনী কুখ্যাত বিহারী নেতার সাথে আলাপ আলোচনা করে আমার চোখ বেঁধে সি,ও, অফিসের নিকট নিয়ে ছেড়ে দেয়। আমি বাড়ী চলে যাই। তারপর আমি আমার পরিবার পরিজনের সবাইকে নিয়ে ভারত চলে যাই। সেখানে আমার পরিবারের সকলকে রেখে ৮/১০ দিন পর আমি বাংলাদেশে চলে আসি। এর মধ্যে দালাল বিহারী নেতা আমার গদিঘর দখল করে নিয়ে পরিবার পরিজন নিয়ে সেখানে বসবাস করছিল।

আষাঢ় মাসের শেষের দিকে পাক হানাদার বাহিনী পাঁচবিবি হতে কান্দি যাবার পথে কান্দিয়া ব্রীজে ৪/৫ টা চীনা মাইন ব্রীজ হতে উদ্ধার করে। এবং মাইন কারা পুঁতে রাখে তাদের খোঁজ করতে থাকে। কুখ্যাত আয়ুব পাক হানাদার বাহিনীকে জানিয়ে দেয় যে, উক্ত মাইন পাতার মূলে রয়েছে ছমির উদ্দিন মণ্ডল ও মামুদ মণ্ডল। শ্রাবন মাসের তিন তারিখে ৪০/৫০ জন পাক সেনা রাজাকার ও বিহারী মিলে আমাদের বাসায় যায় এবং বাসা ঘেরাও করে আমাকে এবং আমার ছোট ভাই ছমির উদ্দিন মণ্ডলকে ধরে দুই ভাই- এর হাত একত্র করে বেধেঁ কোমরে দড়ি দিয়ে বেঁধে পাঁচবিবি থানায় নিয়ে যায় এবং বলে ব্রীজে তোমার মাইন পুঁতেছিলে, তোমরা আমাদেরকে মেরে ফেলবে। তোমার চার নাতি মুক্তিযোদ্ধা তাদেরকে এনে দাও। নতুবা তোমাদের দুই ভাইকে গুলি করে হত্যা করবো। তারপর আমরা দুই ভাই মেজরকে বলি আমরা মাইন কেমন দেখা যায় চিনি না এবং মাইন পাতা সম্বন্ধে কিছুই বলতে পারবো না। আর আমার নাতীদের খোঁজখবর আমরা কিছুই বলতে পারবো না। তারপর আমাদের দুই ভাইকে মেজর পাঁচবিবি থানায় চালান দিয়ে যায়। পাঁচবিবি থানায় সেই সময় পাঞ্জাবী পুলিশেরা থাকতো এবং বিহারীরা থাকতো। আমাদের দুই ভাইকে থানার হাজতে রাখে। আমরা হাজতের মধ্যে ঢুকে দেখতে পাই মুজাফফর ন্যাপের একজন কর্মী নাম বছির মিয়া (বাড়ী আটুয়া পাঁচবিবি থানা) আধা মৃত অবস্থায় মেঝেতে পড়ে আছে। তাকে একজন পাঞ্জাবী পুলিশ এমন প্রহার করছে যে, প্রহারের দরুণ তার সমস্ত শরীর হতে রক্তপাত হচ্ছে। আমি জেলে ঢুকেই তাকে দেখে বললাম বছির মিয়া তুমি এখানে। বছির আমাকে দেখে হাউমাউ করে কেঁদে ফেলে। আমি তাকে সান্ত্বনার বাণী শুনিয়ে বলি আল্লাহ আল্লাহ করো।

আল্লাহ ছাড়া আর কোন গতি নাই। তারপর আমরা দুই ভাই জেলের মধ্যে থেকে যাই। সেই দিন রাত ৮টার পর একটা পাক হানাদার বাহিনীর গাড়ী গিয়ে থানয় উপস্থিত হয় এবং একজন পাঞ্জাবী জেলের দরজায় গিয়ে বছিরকে ডাক দেয়। বছির নড়তে-চড়তে পারে না, দুই তিনজন বিহারী ও একজন পুলিশ বছিরকে হাজত হতে বের করে গাড়ীতে তুলে দেয়, গাড়ী চলে যায়। তার আধ ঘন্টা পরেই আমরা সি, ও, অফিসের সম্মুখে একটা ফায়ারের শব্দ শুনতে পাই। আমরা মনে করলাম বছির হয়তো বাংলাদেশের মাটিতে হানাদার বাহিনীর গুলিতে মিশে গেল। আমরা দুই ভাই আল্লাহর নাম স্বরণ করতে থাকি। এবং মনে মনে বলতে থাকি এরপর মনে হয় আমাদের পালা। কোন মতে রাত্রি কেটে যায়। তার ৫/৭ দিন পর মেজর আবার আমাদের সাথে জেলে দেখা করে এবং বলে শালা বাঙ্গালীকা জাত, বড় হারামীহায়। শালা মাইন পোঁতে হাম লোককে মারতে চায়। এবং আমাকে আরও বলে তোম লোককা দুনিয়াছে নেকাল করদেগা, আজ রাতমে তোম বিদায় নিয়ে গা। তারপর জয়পুরহাট চলে যায়। এর মধ্যে আমি জেলের একজন বাঙ্গালী পুলিশের মারফত শুনতে পাই যে, আমাদের দুই ভাই -এর জন্য কবর খোঁড়া হয়েছে সি, ও, অফিসের পার্শ্বে। এটা শোনার সাথে সাথে আল্লার নাম স্বরণ করতে থাকি। কিন্তু আয়ুব বিহারীর নির্দেশে জেলের মধ্যে আমার উপর কোন শারীরিক ও মানসিক অত্যাচার করা হয় না। মেজর চলে যাওয়ার ৮/১০ দিন পর একজন বেলুচ মেজর পাঁচবিবি আসে। এসেই জেলে গিয়ে আমাদেরকে দেখতে পায়। তারপর কাগজপত্র দেখে ও,সি,কে নির্দেশ দেয় যে, এখনই আমাদেরকে বগুড়া সেন্ট্রাল জেলে পাঠিয়ে দেওয়া হোক। সঙ্গে সঙ্গে আমাদের দুই ভাইকে গাড়ীতে করে বগুড়া সেন্ট্রাল জেলে পঠিয়ে দেয়। আমরা জেলে ঢুকে দেখতে পাই জেলের মধ্যে ৮০/৯০ জন বাঙ্গালী পড়ে আছে। তাদের কারুর শরীরের শত শত লাঠির আঘাতের চিহ্ন। আবার কারুর শরীরে শত শত বেয়োনেটের কোঁচার চিহ্ন। কারুর শরীর হতে অঝোরে রক্ত ঝরছে। দ্রুত সব দৃশ্যাবলী দেখে আমি জ্ঞান হারিয়ে ফেলি। জেলের দারোয়ান আমাকে বলতে থাকে বুড্ডা তুম আর নেহি বাচেগা। তারপর আমরা জেলের মধ্যে ঢোকার আধ ঘন্টা পর একজন পাঞ্জাবী লাঠি হাতে করে জেলের মধ্যে ঢোকে। সকলেই তাকে দেখে ভয়ে সন্ত্রস্ত হয়ে সড়ো চুপচাপ হয়ে বসে। তারপর পাঞ্জাবীটা ঘরের মধ্যে ঢুকেই কোন কথা না বলে এক এক করে সবার পিঠে একটা করে লাঠির আঘাত করে। তারপর আমার নিকট গিয়ে থমকে দাঁড়ায় এবং আমাকে জিজ্ঞাসাবদ করে বুড্ডু তুম কাহাছে আয়া। আমি জবাব দেই আমি পাঁচবিবি হতে এসেছি। আমার কোন দোষ নেই আমাকে বিহারীরা ধরিয়ে দিয়েছে। তারপর মিনিট পাঁচেক চুপ করে থাকে এবং আমাকে বলে বুড্ডা তোমার কোন ভয় নেহি। তারপর আমার ভাই এর নিকট গেলে আমি বলি আমার ছোট ভাই। তারপর তাকে কিছু জিজ্ঞাসা না করে জেল হতে বেরিয়ে চলে যায়। তারপর সন্ধ্যা নেমে এলে ৪/৫ জন লোককে জেল হতে বের করে কোথায় যেন নিয়ে যায়। তাদেরকে আর জেলে ফিরে নিয়ে আসে না। এই ভাবে প্রতি দিন ৪/৫ জন করে জেল হতে বের করে নিয়ে হত্যা করতো। কয়েকদিন পর বগুড়া শহরে আমার আত্মীয়ের তদ্বীরের দরুন মুক্তি পাই।

স্বাক্ষর/-
ফকির মামুদ মণ্ডল
৭/১১/৭৩

\ ৭৩ \

মোঃ জালাল উদ্দিন
সারিয়াকান্দি
জেলা-বগুড়া

১৯৭১- এর জুলাই আগষ্ট মাসের দিকে পাকিস্তানী হানাদার বাহিনী অধিক সামরিক শক্তি সরঞ্জাম নিয়ে সারিয়াকান্দিতে তাঁদের ঘাঁটি ফেলে। হানাদার বাহিনী বাঁধে যাওয়ার পথে বেণীপুর চরের তমিজউদ্দিন প্রামাণিকের ভগ্নিপতিকে সা পাড়ার রাস্তায় ধরে এবং রাইফেল দ্বারা আঘাত করে হত্যা করে। তারা প্রত্যেক দিন সকালে দল বেঁধে বিভিন্ন গ্রামে রুটিন মোতাবেক হামলা করত। নারী নির্যাতন, হত্যা, মারধোর ও লুণ্ঠন করে মূল্যবান জিনিসপত্রাদি নিয়ে বিকালে তাদের ঘাঁটিতে ফিরত। এমনি একদিন গণকপাড়ায় যেয়ে তারা মুক্তি বাহিনীর হাতে আটকা পড়ে। সারাদিন সারারাত দু'দলের মধ্যে যুদ্ধ হয় কিন্তু মুক্তি বাহিনীর গুলি ফুরিয়ে যাওয়ায় পাকিস্তানী বাহিনী রক্ষা পায়।

অতর্কিতে হানা দিয়া পাক বাহিনী দেলুয়াবাড়ী গ্রাম হতে মুক্তিযোদ্ধা নজির হোসেন, সাহায্যকারী কোরবান আলী. মন্তেজার রহমান ও বাবু খাঁকে আটক করে। বাঁধের নিকট নিয়ে হাত পাঁ বেঁধে নজির হোসেনকে গুলি করে হত্যা করে এবং অপর তিনজনকে নিয়ে ঘাঁটিতে আসে। অতি কষ্টে পরে তারা মুক্তি পায়। কিন্তু মুক্তি পাওয়ার পর প্রায় সপ্তাহখানেক তাদের দু'জনকেই অজ্ঞান অবস্থায় দেখা গেছে। বাঙ্গালীর পশ্চিম পাড়, রামচন্দ্রপুর গ্রামে অপারেশন চালাতে গিয়ে মুক্তি বাহিনীর গুলিতে ছোট দারোগা নিহত হয় এবং সামরিক বাহিনীর একজন গুরুতররূপে আহত হয়।

মুক্তিবাহিনীর তৎপরতা রীতিমতো বেড়ে যায়। হানাদার বাহিনী বাইরে যাওয়া কম করে ফেলে। তাদের অত্যাচারে পলাতক বাড়ীওয়ালাদের খাসী, মোরগ কুড়াতে থাকে। একদল হানাদার বাহিনী বগুড়া থেকে আসার পথে ফুলবাড়ী খেয়াঘাটে মুক্তিবাহিনী কর্তৃক আক্রান্ত হয়। খেউনিরূপী মুক্তিযোদ্ধা খেয়ার নৌকা নদীর মধ্যে আসলে গুলি ছুড়তে থাকে। ঘটনাস্থলেই তিনজন কনষ্টেবল প্রাণ হারায়। তারপর শুরু হয় স্থানীয় দোকানপাট লুন্ঠন। তবিবর মণ্ডলের দোকানের সম্মুখে ট্রাক রেখে মালপত্র বোঝাই করে সেগুলো রংপুরের গাইবান্ধায় পাচার করে। হাবিবুর প্রামানিকের দোকান লুট করে এবং তাকে পরপর দুই দিন দোকানের মধ্যেই বেদম প্রহার করে। নৌকাতে পাট উঠানোর অভিযোগে দৌলতুজ্জামান তরফদার সাহেবকে ভীষণ মারধোর করে। তখন মুক্তি বাহিনীর আর সহ্য হয় না। এদিকে সোজাসুজিও তারা মিলিটারীদের ঘাঁটিতে হানা দিতে পারে না। কারণ পাকিস্তানী বাহিনীর ক্যাম্পে হানা দিলে আশেপাশের গ্রাম পুড়িয়ে ছারখার করে দেয় এবং লোকজন মেরে ছাফ করে ফেলে। তবুও সময় ঠিক করে একদিন মুক্তি বাহিনীর তৎপরতা আরো বৃদ্ধি পায়। পাকিস্তানী বাহিনীর এই খবর বগুড়ায় তাদের ঘাঁটিতে পৌঁছিয়ে দেয়ার পর সামরিক বাহিনীর লোককে সারিয়াকান্দি পাঠিয়ে তাদের শক্তি বৃদ্ধি করে। সারিয়াকান্দি বাজারের সমস্ত বাড়ী ও দোকানপাট তল্লাশী চালিয়ে মালেক মণ্ডলের দোকান হতে বাংলাদেশের পতাকা উদ্ধার করে। ফলে তার দোকানের সমস্ত মালপত্র থানাতে উঠাবার আদেশ দেয়। তারপর মন্তেজার রহমান মণ্ডলকে পাকিস্তানী পতাকা না উঠাবার অভিযোগে আটক করে তাদের সামরিক গাড়িতে উঠায়ে নেয়। মফিজ মাষ্টার সাহেবের বাড়ীতে আগুন ধরিয়ে দেয় এবং তার বাড়ীতে পাহারারত কামলা খটটুর বাবাকে আটক করে এবং গাড়ীতে তুলে নেয়। জামাল ডাক্তারের শ্বশুর ময়েজ ডাক্তার,জামাল ডাক্তার, মালেক মণ্ডলের ছেলে এবং অন্যান্য বেশ কিছু লোককে হানাদার বাহিনীর জোয়ানরা আটক করে। সামরিক বাহিনীর উক্ত দলের নেতৃত্ব দিচ্ছিল লেফটেন্যান্ট আতিক। মালেক মণ্ডলের ছেলেকে থানায় নিয়ে তার বুকে পায়ের শক্ত জুতার দ্বারা বার কয়েক আঘাত করে। ফলে সে অজ্ঞান হয়ে মাটিতে পড়ে যায় এবং তার মুখ হতে রক্ত বের হতে থাকে। সকলকে নিয়ে বাউলে আটা ঘাঁটিতে চলে যায় এবং রাতে তাদের প্রতি অবর্ণনীয় নির্যাতন চালায়। তাদের

ঘাঁটিতে রেখে জামাল ডাক্তারের বাসায় পুনরায় আসে এবং তার স্ত্রীকে খোঁজাখুঁজি করতে থাকে। তার স্ত্রীকে না পেয়ে তার শাশুড়ীকে ধরে মোটরে উঠায় ও তার মেয়েকে বের করে দেয়ার জন্য ভয়-ভীতি প্রর্দশন করে। রাত্রিতে মুক্তিবাহিনী অতর্কিতে থানা আক্রমণ করে। তখন সারিয়াকান্দি থানায় মিলিটারী ছিল। থানা আক্রমণের পরপরই ভীষণ বৃষ্টি আরম্ভ হয়। দুই পক্ষে ভীষণ গোলাগুলি হয় কিন্তু বৃষ্টির বেগ আরো প্রবল হওয়ায় মুক্তিযোদ্ধারা ফিরে যেতে বাধ্য হয়। তারপর প্রায়ই খবর পাওয়া যেতে লাগল আজ এ দালাল খতম, কাল ও দালাল খতম। পাকিস্তানী বাহিনী তাদের ভবিষ্যৎ অন্ধকার দেখতে লাগল। ইতিমধ্যে থানায় পশ্চিম ও,সি-কে পাঠান হয়েছে। তার চেষ্টায় প্রায় ৭০/৮০ জন রাজাকার সংগ্রহ করা হয়েছে। এল পশ্চিমা পুলিশ। এদের বাবা-মা মানুষ কিনা আমার জানা নেই। তবে এরা আকৃতিতে মানুষ হলেও আসলে ছিল কুকুর। মুক্তিবাহিনীর তৎপরতায় তাদের যাতায়াত বন্ধ করে দেয়া হল। রাজাকাররূপী একজন মুক্তিবাহিনীর ছেলেকে তারা টের পেয়ে লাঠি দিয়ে পিটিয়ে হত্যা করে এবং হাত-পা কেটে নদীতে ফেলে দেয়। সারিয়াকান্দি এক্সচেঞ্জ হতে পাকবাহিনীর সংখ্যা এবং তাদের গোলা বারুদের খবর জেনে ভোর পাঁচটায় সারিয়াকান্দি আক্রমণ করা হয়। দুর্ভাগ্যবশতঃ উক্ত যুদ্ধে মুক্তিবাহিনীর দুইজন যুবক প্রথমেই নিহত হওয়ায় তারা ফিরে যেতে বাধ্য হন। বগুড়া ও গাবতলী থেকে হানাদার বাহিনীদের ডাক আসে এবং তাদরকে থানা ছেড়ে অতিসত্বর বগুড়া চলে যাবার নির্দেশ দেয়া হয়। কিন্তু ইতিমধ্যেই মুক্তিবাহিনী কর্তৃক রাস্তা বন্ধ হওয়ায় তারা চলে যাবার কোন পথ পেল না। ১৯৭১ সালের ২৬শে নভেম্বর সকাল ঠিক এগারটায় মুক্তিযোদ্ধারা সম্মিলিতভাবে সারিয়াকান্দি থানাতে অবস্থানরত হানাদার বাহিনীদেরকে আক্রমণ করে। বিকাল তিনটার সময় এক্সচেঞ্জে অবস্থানরত বাহিনীদের পতন ঘটে। সারাদিন এবং সারারাত যুদ্ধের পর ২৭শে নভেম্বর সকালে হানাদার বাহিনীসহ থানার পতন ঘটে। শতাধিক রাজাকার ও পুলিশ মুক্তিবাহিনীর দ্বারা আটক হয়। আটককৃত পুলিশদেরকে ভারতে বিচারের জন্য পাঠিয়ে দেয়া হয়। রাজাকারদের বিচার করা হয় যমুনা নদীর পাড়ে। বিচারে কিছু রাজাকার রক্ষা পায় এবং অবশিষ্টগুলো যমুনা নদীতে তাদের সলিল সমাদি লাভ করে। থানার পতনের পর শুরু হয় উড়োজাহাজ থেকে বোমা বিস্ফোরণ ও মেশিনগানের গুলিবর্ষণ। উক্ত এমনি গুলিতে নিহত হয় পাকুড়িয়া গ্রামের পুকরা মণ্ডলের ছেলে দুদু মণ্ডল। সে মুক্তি বাহিনীদেরকে নিয়ে ভারতে যাচ্ছিল এবং মেশিনগানের গুলিতে নৌকা থেকে নদীতে পড়ে যায়। বর্বর পাক বাহিনীর রাইফেলের গুলিতে নিহত হয় উক্ত গ্রামের জাফর সরদারের ছেলে জহির উদ্দিন। মেশিনগানের আর একটি গুলিতে সারিয়াকান্দির আছমতের মা নিহত হয়।

দুঃখ ও পরিতাপের বিষয় সারিয়াকান্দি থানা পতনের পূর্ব রাত্রিতে পাকিস্তানী বাহিনীর অধিকাংশ পালিয়ে যেতে সক্ষম হয় এবং তার কিছু অংশ রাস্তায় মারা পড়ে। বাকীগুলো সম্বন্ধে কোন খোঁজ পাওয়া যায়নি। ফলে অত্র থানার অনেক অস্ত্রশস্ত্র মুক্তিবাহিনীর হাতে আসে।

স্বাক্ষর/-
মো: জালালউদ্দিন
২২/০৯/৭৩

\ ৭৪ \

মোঃ ছানোয়ার হোসেন
গ্রাম- বালীস্বর্বা
ডাকঘর- পাঁচবিবি
জেলা - বগুড়া

১৯৭১ সনের ২২শে জুলাই রাজাকারদের হাতে গ্রেফতার হলে পাক বাহিনীর ক্যাম্পে নিয়ে যাবার পর আমাকে গামছা দিয়ে চোখ বেঁধে দেয়। তারপর আরম্ভ হয় দৈহিক নির্যাতন। প্রায় ১৫/২০ জন পাঞ্জাবী "ফুটবল" খেলার মত আমাকে লাথি মারতে থাকে। একজন লাথি মেরে আর একজনের কাছে দেয়, সে আবার আর একজনের কাছে। সঙ্গে সঙ্গে কিল ঘুষি, রাইফেলের বাঁটের বাড়ি চলতে থাকে। প্রায় ৪০ মিনিট তারা আমার উপর নির্যাতন চালায়। শেষের দিকে আমি জ্ঞানশূন্য হয়ে পড়ি। সারা শরীর ফেটে রক্ত ঝরতে থাকে।

আমার উপর দৈহিক নির্যাতন চালাবার পর প্রায় জ্ঞানশূন্য অবস্থায় থানাতে পৌছে দেয় এবং হাজতে চোখ, হাত বাঁধা অবস্থায় বন্দী করে রাখে। রাত্রি ৮টার দিকে একজন বাঙ্গালী পুলিশ আমার চোখ ও হাতের বাঁধন খুলে দেয় এবং কিছু ভাত খেতে দেয়। এই সময় আমি দেখতে পাই হাজতের ভিতর আরও ৮ জন বন্দী আছে।

অতঃপর আমাকে ১০ দিন থানা হাজতে বন্দী করে রাখে। প্রত্যেক দিন বহু পাঞ্জাবী সৈন্য ও বিহারীরা আমাকে দেখার জন্য আসতো কেননা তারা নাকি মুক্তিফৌজ কেমন দেখা যায় তা জানে না। তারা এসে নানাভাবে আমাকে গালিগালাজ দিত এবং লাঠি দিয়ে হাজতের ভিতরেই আমাকে খোঁচাতো। অনেকে আবার উপহাস করে আমাকে বন্ধু বলে ডাকতো।

আগষ্ট মাসের ১ তারিখে আমাদেরকে থানা হাজত থেকে বের করে এবং আমার দুই পার্শ্বে দুইজনকে দাঁড় করে আমার দুই হাত দুই জনের হাতের সঙ্গে বেঁধে মাজায় দড়ি বেঁধে টেনে রেল ষ্টেশনে আনা হয়। তারপর গাড়ীতে করে বগুড়া নিয়ে জেলে ঢুকিয়ে দেয়। বগুড়া জেলে দুইটা পাঞ্জাবীকে "জেল" দেয়া হয়েছিল। এই পাঞ্জাবী দুটি জেলের ভিতর যখন তখন আমাদেরকে মারধোর করতো।

৩রা আগষ্ট আমাকে জেল থেকে বের করে বগুড়া কটন মিলের নিকট একটা ছোট ঘরের ভিতর নিয়ে যায়। এখানে নিয়ে প্রথমে আমাকে জিজ্ঞাসা করা হয়। এই সময় তারা আমাকে জিজ্ঞাসা করে -

'তুমি কত বিহারী ও পাঞ্জাবী মেরেছো? কোথায় মুক্তিবাহিনীর ট্রেনিং দিয়েছো, তোমাদের লিডার কে, কোথায় কোথায় যুদ্ধ করেছো, ভারতীয় সৈন্য বর্ডারে যুদ্ধ করছে, কিনা, মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত? পাক বাহিনীর প্রশ্নের জবাবে আমি শুধু এক কথা বলি যে, আমি এ সব কিছু জানি না। আমি ভারত থেকে পলিয়ে আসছিলাম, আমি ট্রেনিং নেই নি।

আমার কাছ থেকে কোন কথা বের করতে না পেরে ৩ জন মিলে এক সঙ্গে আমাকে মারতে আরম্ভ করে। কিল, ঘুষি, লাথি, রাইফেলের বাটের বাড়ি এবং লাঠি দিয়ে ভীষণভাবে পিটান আরম্ভ করে। প্রায় দেড় ঘন্টা যাবত এই ভাবে মারধোর করার পর আমাকে পায়ের ভিতর হাত দিয়ে কান ধরে রাখতে নির্দেশ দেয়। আমি যখন তাদের কথা মত নিচু হয়ে পায়ের ভিতর হাত দিয়ে কান ধরে থাকি তখন পিছন থেকে চাবুক দিয়ে পিটান হয় এবং সঙ্গে সঙ্গে একই প্রশ্ন বার বার করতে থাকে। সময় সময় বাইরে থেকে যারা দেখতে আসে তারাও হাতের কাছে যা পায় তাই দিয়ে পিটায়।

প্রায় ৩ ঘন্টা যাবত এইভাবে নির্যাতন চালানোর পর সন্ধ্যা ৭টার দিকে আমার পায়ে চিকন রশি শূন্যে ঝুলিয়ে দেয়। এই সময় এমন লাগতে থাকে যে জীবন বোধ হয় পা দিয়েই বের হয়ে যাবে। ঝুলে থাকা অবস্থায় মোটা রোলার দিয়ে প্রত্যেক গিরায় গিরায় মারতো এবং মাথার পিছনের দিকে আঘাত করতো। প্রায় ২০ মিনিট রাখার পর আমি বলি যে, আমাকে মাটিতে নামান হলে আমি সব কথা বলবো। তখন তারা আমাকে নিচে নামায় এবং তখনই বলার হুকুম দেয়। কিন্তু আমি একটু জিরিয়ে নেবার উদ্দেশ্যে আবোল তাবোল বলতে থাকি। আমার চালাকি বুঝতে পেরে বর্বর সৈন্যরা আমাকে লাথির পর লাথী মারতে থাকে। কিছুক্ষণ পিটানোর পর পুনরায় আমাকে ঝুলিয়ে দেওয়া হয় এবং পূর্বের চেয়ে আরও বেশী প্রহার করতে থাকে এবং প্রশ্ন করতে থাকে। আমার ঐ একই উত্তর যে আমি জানি না।

২য় বার আমাকে ঝুলানোর প্রায় ১৫/২০ মিনিট পর পাশের রুম থেকে পাক বাহিনীর ক্যাপ্টেন বের হয়ে আসে এবং আমাকে বলে 'ছানোয়ার', আমি একজন মুসলমান তুমি বিশ্বাস কর? 'আমি তার জবাবে বলি যে হাঁ আপনি মুসলমান। 'তখন ক্যাপ্টেন সাহেব আমাকে পুনরায় বলে যে 'আমি মুসলমান হয়ে আর এক মুসলমানের কাছে প্রতিজ্ঞা করছি যে যদি তুমি আমার কাছে সত্য কথা বলো তবে তোমাকে আর মারা হবে না', এবং আমি চেষ্টা করবো তোমাকে ছেড়ে দিতে। ''তখন আমার তার কথা বিশ্বাস হলো এবং আমি প্রতিশ্রুতি দিলাম যে ''আমি সত্য কথা বলবো?'' এই সময় আমাকে মাটিতে নামান হয় এবং বলে যে তুমি ''খাওয়া দাওয়ার পর বলবে না এখনই বলবে?'' আমি বলি যে আপনি যা বলেন সেই হিসাবেই আমি কাজ করবো। তখন আমাকে রুটি ও তরকারি এনে খেতে দেওয়া হয়।

খাওয়ার পর ক্যাপ্টেন সাহেব আমাকে জানায় যে তুমি আজ বিশ্রাম কর কাল তোমার কাছ থেকে সব কথা শোনা হবে। এই বলে আমাকে পুনরায় জেলে নিয়ে একটা সেলের ভিতর বন্দী করে রাখে। এই সময় আমি এত কাহিল হয়ে পড়েছিলাম যে আমি মোটেই নড়াচড়া করতে পারতাম না।

৪ঠা আগষ্ট সকাল ৯টার দিকে আমাকে জেল থেকে বের করে পূর্বের সেই ঘরে ক্যাপ্টেন সাহেবের কাছে নিয়ে যায়। ক্যাপ্টেন সাহেব আমাকে প্রশ্ন করে যে, বল তুমি কি করেছো? তার উত্তরে আমি জানাই যে আমি ৭ দিন ট্রেনিং নিয়েছি। তারপর অপারেশনের জন্য আমরা বগুড়া যাবার পথে ''গয়েশপুর'' এসে আমি অসুস্থ হয়ে পড়ি এবং আমার দলের লোক আমাকে রেখে বগুড়া চলে যায়। তখন আমি পুনরায় ভরতে চলে যাই এবং কিছু দিন পর যখন ইয়াহিয়া খান সাধারণ ক্ষমা ঘোষণা করেছেন তখন আমি দেশে ফিরে আসার সময় রাজাকারদের কাছে ধরা পড়ি। ক্যাপ্টেন আমার কথা লিখে নেয় এবং আরও বহু প্রশ্ন করে, ভয় দেখায়, লোভ দেখায় উত্তর দেবার জন্য। আমি বলি যে যদি আমাকে মারতে মারতে মেরেও ফেলা হয় তবুও আমি এর বেশী আর কিছু বলতে পারবো না।

৭ই আগষ্ট আমাকে বগুড়া জেল থেকে বের করে ''মিলিটারী পুলিশ'' হাত বেঁধে গাড়ীতে করে রেল ষ্টেশনে নিয়ে যায়। সেখানে তাদের কথা থেকে আমি বুঝতে পারি আমাকে নাটোর সামরিক জেলে পাঠান হচ্ছে। গাড়ী আসার পর মিলিটারী পুলিশ আমাকে অন্য মিলিটারীর হাতে তুলে দেয়।

গাড়ীর ভিতর তুলে আমাকে ও অন্য আরও একটি ছেলেকে ছিটের নীচে বসিয়ে আমাদের ঘাড়ের উপর পা তুলে বর্বর সৈন্যরা বসে থাকতো। এবং প্রত্যেক ষ্টেশনে গাড়ী থামলে বিহারী ও অন্য সৈন্যরা এসে আমাদের দুই জনকে ভীষণভাবে মারধোর করতো। প্রত্যেক ষ্টেশনে আমাদের এই ভাবে নির্যাতন চলতে থাকে।

নাটোর রেল ষ্টেশন থেকে আমাদের নাটোর সামরিক জেলের কাছে নিয়ে যায় এবং বলে যে এদেরকে নতুন ''মেহমান'' হিসাবে প্রাথমিকভাবে কিছু ''খেদমত'' করে দেওয়া হোক। এই বলে ভীষণ মারধোর আরম্ভ করে। মারতে মারতে প্রায় জ্ঞানশূন্য অবস্থায় আমাকে জেলের ভিতর ঢুকিয়ে দেয়।

প্রত্যেক দিন জেল থেকে বের করে কাজ করানোর জন্য নাটোর ফুল বাগানে নিয়ে যেত। প্রত্যেক দিন ৬ ঘন্টা কাজ করতে হতো। সকাল ৮টা থেকে ১২টা এবং ৩টা থেকে ৫টা এক টানা কাজ করতে হতো এর ভিতর কোন বিশ্রাম নিতে দিতো না। সব সময় ''ডবল'' হিসাবে কাজ করাতো। এরপরও বর্বর সৈন্যরা চাবুক দিয়ে আমাদের প্রহার করতো।

জেলখানার ভিতর যে ঘরে আমাদের রাখা হতো সে ঘরে খুব বেশী হলে ১০/১২ জন থাকতে পারে। সেখানে আমাদের ৬০ জনকে রাখতো। রাত্রিতে শোবার কোন ব্যবস্থা ছিল না। আমি যে ঘরে ছিলাম সে ঘরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের লেকচারার ডঃ কাজী সালেহ আহম্মেদ, লেকচারার মজিবর রহমান, ওয়াপদার ডিভিশনাল ইঞ্জিনিয়ার এম, ডি, ছারোয়ার হোসেন (রাজশাহী) ছিলেন। আমাদের মত এদের উপরও চলতো সমানভাবে নির্যাতন এবং আমাদের মত এদেরও কাজ করতে হতো। জেলের ভিতর সর্বমোট ১৫০ জন কয়েদী বন্দী ছিল।

মোট ২৮/২৯ দিন আমি নাটোর জেলে ছিলাম। আমাদের খাবার দেবার জন্য জেল থেকে বের করে লাইন ধরাতো। আমরা যখন নিচু হয়ে খাবার নিতাম তখন বর্বর সৈন্যরা চাবুক দিয়ে আমাদের প্রহার করতো। মার ছিল আমাদের একমাত্র সঙ্গী। প্রত্যেক দিন সকালে ছোট একটা পুরি ও একটু চা। দুপুরে দেয় ছটাক ছাউলের ভাত ও পানির মত একটু ডাউল অথবা একটু নিরামিশ তরকারী। বিকালে ২টা ছোট রুটি ও একটু আলুর ঝোল। কোন সময়ই আমাদের খাবার খেয়ে পেট ভরতো না। আমরা সবাই সব সময় ক্ষুধার জ্বালায় ভুগতাম।

প্রত্যেকদিনই দেখতাম জেল থেকে ২/৩ জন লোককে নিয়ে যেত জিজ্ঞাসাবাদ করার জন্য। বিকালে তাদের যখন জেলে ফিরিয়ে আনতো তখন তাদের দেহ ক্ষত বিক্ষত অবস্থায় দেখা যেত-সারা শরীর দিয়ে রক্ত ঝরতো।

এত বিপদের মধ্যেও রাত্রির বেলা জেলখানার ভিতর আমরা গান বাজনা করতাম। কেউ গান গাইত কেউবা তালি বাজাত। এইভাবে আমরা আমাদের দুঃখ ভুলে থাকার চেষ্ট করতাম।

আমাদের কাছ থেকে 'চুক্তি পত্র' লিখে নেওয়া হয় যে যদি পুনরায় ভারতে চলে যাই তবে আমার অবর্তমানে আমার পরিবারের উপর নির্যাতন চালানো হবে। জেলে থেকে আমাদের বের করে প্রত্যেককে ৫টা করে টাকা ও একটা করে সার্টিফিকেট দিয়ে দেয়। মুক্তি পাবার পর আমি ৭ই সেপ্টেম্বর পাঁচবিবি হয়ে আমার বাড়ীতে পৌঁছি।

মুক্তি পেয়ে আমি বাড়ী আসার পর প্রায়ই পাক বাহিনী আমাকে চাপ দিত রাজাকারে ভর্তি হবার জন্য অথবা বর্ডার স্পাইং করার জন্য। কিন্তু আমি অসুস্থ বলে বাড়ীতে থাকতাম এবং বলতাম যে আগে ভাল হয়ে নেই।

২৮ শে নভেম্বর বিকাল ৪টার দিকে একজন রাজাকার আমার বাড়ীতে গিয়ে বলে যে, এখনই থানায় যেতে হবে। আমি যদিও বুঝতে পারি যে আমাকে বন্দী করার জন্য নিয়ে যাওয়া হচ্ছে তবুও আমি তার সঙ্গে থানায় রওনা হই কিন্তু রাস্তায় নেমে দেখতে পাই যে পাক বাহিনী গাড়ী নিয়ে আমার বাড়ীর দিকে যাচ্ছে। রাস্তার ভিতর থেকেই আমাকে তুলে নেয় এবং জয়পুরহাটে নিয়ে যায়।

আমাকে যখন বন্দী করে গাড়ীতে তোলা হয় তখন গাড়ীর ভিতর লেঃ আলতাফ (বিহারী) বসে ছিল। আমাকে জয়পুরহাট বি, আই, ডি, সির শিক্ষানবীশ আবাসিক এলাকায় ২ নং ব্যারাকে পাক বাহিনীর প্রধান কার্যালয়ে নিয়ে যায়। এখানে আমাকে ''মেজর আফজালের'' কাছে নিয়ে যায় এবং লেঃ আলতাফ আমার নামে বহু মিথ্যা অভিযোগ মেজর সাহেবের কাছে বলে এবং বলে যে আমি নাকি ২ জন বিহারীকে হত্যা করেছি তা লেঃ আলতাফ দেখেছে। মেজর আমাকে এই সবকথার সত্যতা জিজ্ঞাসা করে। এক কথায় আমি সব অস্বীকার করি। তখন মেজর সাহেবের সঙ্গে আমার কিছুটা কথা কাটাকাটি হয়। এই সময় মেজর সাহেব একজন সৈন্যকে ডাকে এবং আমাকে ধোলাই দেবার জন্য বলে। এই সময় আমাকে এমনভাবে প্রহার করা হয় যে আমি প্রায় জ্ঞানশূন্য হয়ে পড়ি।

আমকে বহু সময় মারধর করার পর লেঃ আলতাফ আমাকে মেরে ফেলার জন্য মেজর সাহেবের কাছে এজাজত চায়। মেজর সাহেব লেঃ আলতাফকে এজাজত দেয় আমাকে হত্যা করার জন্য।

এই সময় আমাকে হত্যা করার জন্য লেঃ আলতাফ হোসেন আমাকে গাড়ীতে করে খোঞ্জনপুর রাস্তার উত্তর পারে মাঠের ভিতর পাক বাহিনীর ডিফেন্স- এর কাছে নিয়ে যায়, ৩/৪ জন মিলিটারীর হাতে তুলে দেয় এবং বলে দেয় যে একে চাকু দিয়ে জবাই করে কিম্বা বেয়োনেট দিয়ে হত্যা কর। বর্বর সৈন্যরা আমাকে হত্যা করার জন্য প্রায় ১০০ গজ দূরে নিয়ে যায়। রাস্তাটা ছিল উঁচু, আমাকে যখন নিয়ে যাওয়া হচ্ছিল তখন তারা আমার চোয়ালে ঘুষি মারতে থাকে। আমি পড়ে যাই, তারা আবার টেনে তোলে।

আমাকে হত্যা করার জন্য যখন সুবেদার সাহেব একটা চাকু বের করে এবং টেনে জঙ্গলের দিকে নিয়ে যায় আমি তখন সুবেদার সাহেবের কাছে নামাজ পড়ার জন্য একটু সময় ভিক্ষা চাই। কিন্তু সুবেদার সাহেব আমাকে সময় দিতে অস্বীকৃতি জানায়। আমি তখন জোরে চিৎকার করে সুবেদারকে উদ্দেশ্যে করে বলতে থাকি যে ‘‘যদি আমাকে আল্লাহর এবাদত থেকে বঞ্চিত করে হত্যা করা হয় তা হলে রোজ হাসরের ময়দানে আল্লাহর সামনে আপনাদের বিচারের জন্য ফরিয়াদ করবো এবং বলবো এরা আমাকে তোমার (আল্লাহ) এবাদত থেকে বঞ্চিত করে হত্যা করেছে আমি এর বিচার চাই।’’

আমার এই কথা শোনার পর সুবেদার সাহেব কিছুক্ষণ নীরব থাকে এবং পরে নামাজ পড়ার জন্য এজাজত দেয়।

নামাজ পড়ার জন্য আমার এক হাত খুলে দেয় এবং এক জগ পানি এনে দেয়। আমি যখন নামাজ পড়ার জন্য দাঁড়িয়ে যাই তখন পাক সেনারা তিন দিকে এল, এম, জি নিয়ে পজিশন নিয়ে থাকে। তারা আমাকে বারে বারে স্মরণ করিয়ে দেয় যে পালানোর চেষ্টা করলে গুলি করে হত্যা করবে।

অতঃপর আমি এক মনে ক্বাজা নামাজসহ এশার নামাজ আদায় করতে প্রায় ২০ মিনিট সময় লেগে যায়। নামাজের মাঝখানে আমি একবার টেলিফোন বেজে ওঠার শব্দ শুনতে পাই। নামাজ শেষে মোনাজাত করে আমি বর্বর বাহিনীকে বলি যে এই বার আমি প্রস্তুত এখন আমাকে নিশ্চিতভাবে হত্যা করতে পারো। এই সময় একজন সিপাই আমার কাছে এসে বলে যে খোদা আপনার দোয়া কবুল করেছেন। আপনাকে আর মারা হবে না কেননা এইমাত্র হেড অফিস থেকে ফোন এসেছে, আপনাকে সেখানে এখনই নিয়ে যাবার জন্য হুকুম দিয়েছে।

অতঃপর আমাকে হাত বাঁধা আবস্থায়ই একটা গাড়ীতে করে বি, আই, ডি, সি, অফিসের পাক বাহিনীর হেড অফিসে নিয়ে যায় এবং এক ক্যাপ্টেন সাহেবের কাছে হাজির করে।

শান্তি কমিটির চেয়ারম্যানের তদবীরের ফলে ২৮শে নভেম্বর আমি রাত্রিতেই আমি মুক্তি লাভ করি।

স্বাক্ষর/-
মোঃ ছানোয়ার হোসেন
১০/১১/৭৩

\ ৭৫ \

দারাজ উদ্দিন আহমেদ
থানা- জয়পুরহাট, জেলা- বগুড়া

২৬শে এপ্রিল পাক সৈন্য জয়পুরহাট পৌঁছে এবং ২৭শে এপ্রিল তারা ট্রেনযোগে পাঁচবিবি যাবার পথে পুরানোপৈল রেল ষ্টেশনের উত্তরে রেল গুদামটির কাছে ট্রেন দাঁড় করিয়ে রেখে তারা নির্দেশ দেয় গ্রামের লোকদের ''মালাউনকা ঘর জ্বালাদো'' বলে। তারা নিজেরাও একটি ঘরে আগুন লাগিয়ে দেয়। গ্রামের লোকেরা ভীত সন্ত্রস্ত হয়ে গ্রামের সমস্ত হিন্দু বাড়ীতে আগুন লাগিয়ে দেয়। অবশ্য হিন্দুরা ইতিপুর্বেই দেশত্যাগ করে ভারতে চলে যায়।

২৮শে এপ্রিল তারিখে পাকসৈন্য মুসলিম লীগারদের খবরে জয়পুরহাট থেকে তিন মাইল পুর্ব উত্তর কোণের হিন্দু প্রধান গ্রাম করোই কাদিপুর ঘেরাও করে অপারেশন করে। এখানকার সমস্ত অধিবাসী হিন্দু এবং তারা কুমার ছিল।

গ্রাম ঘেরাও করে তারা উক্ত গ্রামের ১৮৫ জন্য পুরুষ-মহিলা এবং বাচ্চাকে হত্যা করে। গ্রাম ঘেরাও করার পর গ্রামের লোকজন প্রানভয়ে পালাতে থাকে তখন তাদের উপর বেপরোয়া গোলাগুলি নিক্ষেপ করে উক্ত সংখ্যক লোকজনকে হত্যা করে। এ ছাড়া কিছুসংখ্যক লোককে তারা ধরে আনে এবং তাদের মধ্যে ৩/৪ জনকে জনৈক মুন্সি জবাই করে হত্যা করে। উক্ত মুন্সিকে পাক সৈন্যরা জবাই করতে বাধ্য করে। পাক সৈন্যরা উক্ত গ্রামের ৬/৭ জন লোক যারা প্রাণভয়ে কচুরীপানার মধ্যে ডুবিয়েছিল তাদেরকে দেখতে পায় এবং সেখানেই গুলি করে তাদের হত্যা করে। হত্যাযজ্ঞ শেষ হবার পর তারা সমস্ত গ্রাম জ্বালিয়ে দেয়।

উল্লিখিত তারিখেই বিকাল ৪টায় পুরানোপোল হাটে জনৈক হিন্দু মুচিকে গুলি করে হত্যা করে।

ডিসেম্বরের যুদ্ধকে মানুষ স্বাগতম জানিয়েছে। তারা এই যুদ্ধকে মুক্তির পথ বলে মনে করে।

স্মরণীয় ঘটনা :

২৭শে এপ্রিল আমি বাজার করার জন্য জয়পুরহাট পৌঁছি। রাতে যে মিলিটারী এসেছে তা জানতাম না। বাজারে পৌঁছার পর তিনজন মিলিটারী আমাকে ধরে নিয়ে বাজারে যায় এবং একটি কাপড়ের দোকানের তালা ভেঙ্গে আমাকে লুট করতে বলে। আমি তাতে অস্বীকৃতি জানালে আমাকে তারা চড় মারে। তখন বাধ্য হয়ে একথান কাপড় নেই। অতঃপর আমাকে নিয়ে রেল ক্রসিং- এর পাশ দিয়ে যেতে থাকে। সে সময় জনৈক ভদ্রলোক সাইকেল চড়ে যাচ্ছিলেন। তাকে তারা থামিয়ে দেয় এবং তার হাতের ঘড়িটি চায়। তিনি দর্পভরে বলেন যে ''আমি জীবিত থাকাকালে আমার কোন জিনিস খানরা তোমরা পাবে না।''

অতঃপর তাকে লাথি দিয়ে ফেলে দেয়। তিনি উঠবার চেষ্টা করলে রাইফেল দিয়ে বাড়ী দিতে থাকে শেষ পর্যন্ত তারা তাকে গুলি করে হত্যা করে ঘড়ি ছিনিয়ে নেয়। জনৈক বিহারী ছেলেকে বলে তার সুপারিশে আমি মুক্তি পাই।

স্বাক্ষর/-
দারাজ উদ্দিন আহমেদ

\ ৭৬ \

মোঃ গোলাম মোস্তফা মণ্ডল
গ্রাম- জয়পুরহাট
জেলা- বগুড়া

পাক সেনা জয়পুরে পৌঁছার পর তাদের অত্যাচারে জনগণ ভীষণভাবে অতিষ্ট হয়ে পড়ে। জানমালের নিরাপত্তা তথা ইজ্জতের ভয়ে জনগণ ভারতে চলে যেতে থাকে।

মে মাসের মাঝামাঝি এমনিভাবে কতিপয় লোককে গাড়োয়ানরা বাংলাদেশের সীমানায় রেখে আসার পথে রাজাকাররা ঐ সমস্ত ১৬/১৭ জন গাড়োয়ানকে গ্রেফতার করে জয়পুরহাট শান্তি কমিটির অফিসে নিয়ে আসে। রাতে সেখানে বন্দী করে রেখে পরদিন ট্রাকে করে শামীম বিহারীর নেতৃত্বে তাদের আক্কেলপুর মিলিটারী ক্যাম্পে নিয়ে যায়। সেখানে তাদের ভালক্যা বাঁশের মোটা গোড়া দিয়ে কুপিয়ে কুপিয়ে ঐ সমস্ত গাড়োয়ানকে হত্যা করে।

যুগীপাড়ার মিঃ আলেক উদ্দিনকে একদিন ধরে জয়পুরহাট কলেজ ক্যাম্পে নিয়ে যায়। তিনি একজন গোঁড়া আওয়ামী লীগার ছিলেন। তাকে শারীরিকভাবে অমানুষিক অত্যাচার করেছে কিন্তু তিনি কিছুতেই ''পাকিস্তানী'' একথা স্বীকার করেননি। তিনি সর্বদাই বলেছেন যে আমি আওয়ামী লীগার। তাকে বেদম প্রহার করে। কিছুতেই পাকিস্তানের কথা স্বীকার করাতে পারেনি। তখন তার দুই পায়ের পিছনে গোড়ালীর রগে ফুটো করে রশি লাগিয়ে খাশী বকরীর খাল খোলার মত উল্টো করে টাঙ্গিয়ে গায়ের চামড়া খুলে হত্যা করে।

অত্র এলাকার প্রখ্যাত হোমিও ডাক্তার আবুল কাশেম যুদ্ধকালে ৭ মাস পালিয়ে ছিলেন। তিনি একজন প্রথম শ্রেণীর আওয়ামী লীগার ছিলেন। তিনি একদিন রাতে গরুর গাড়ীতে করে বাড়ী পৌঁছেন। সে রাতেই মিলিটারীরা বাড়ী ঘেরাও করে তাকে গ্রেফতার করে। তাকে জয়পুরহাট ক্যাম্পে নিয়ে যায়। সেখানে তার নিম্নাংশ মাটির নীচে পুঁতে তাকে অমানুষিকভাবে নির্যাতন করে। এ ছাড়া তাকে পায়ের গোড়ালীর রগে ছিদ্র করে উল্টো করে রশি বেঁধে টাঙ্গিয়ে রেখে গায়ের চামড়া কেটে লবণ লাগিয়ে দেয়। অতঃপর তাকে হাত পা পুটলি করে বেঁধে ট্রাকে ধপাস করে ফেলে সেখান থেকে আবার নীচে ফেলে দেয়। তারপর তার দুই চোখ উপড়ে ফেলে দেয় এবং সেখানে পেট্রোল মাখানো তুলো ঢুকিয়ে দিয়ে আগুন লাগিয়ে দিয়ে হত্যা করে। এক কথায় যত প্রকার অত্যাচার করার সবই তারই উপর প্রয়োগ করা হয়।

লতিফ টি ষ্টলের মালিক ছিলেন লুৎফর। ২৫ শে মার্চের পর এখানে যে সামরিক প্রশিক্ষণ শুরু হয় সেখানে তিনি প্রশিক্ষণ নেন। বলা প্রয়োজন তার ডান হাত সম্পূর্ণ অকেজো ছিল। তবুও তিনি দেশের ডাকে বাম হাতেই রাইফেল চালনা করতেন।

পাক সেনারা এখানে আসলে তিনি দেশের অভ্যন্তরে পালিয়ে যান। কিন্তু পালানোর অবস্থাতেই মুসলিম লীগের পাণ্ডাদের চক্রান্তে ও সক্রিয় সহায়তায় তিনি ধরা পড়েন। সে সময় মিলিটারীদের ক্যাম্প ছিল ষ্টেশনে। সেখানে তাকে নিয়ে এসে টাঙ্গিয়ে হৃদয়হীনভাবে নির্যাতন করে। তার শরীরের বিভিন্ন স্থানে জ্বলন্ত সিগারেট ঠেসে ধরে। তাছাড়া লোহার রড আগুন দিয়ে পুড়িয়ে লাল শিক চোখের মধ্যে ঠেসে দিয়ে চোখ গালিয়ে ফেলে। সমস্ত প্রকার নির্যাতন চালানোর পর তার পা বেঁধে কুণ্ডলী পাকিয়ে রেল গাড়ীর ইঞ্জিনের জ্বলন্ত বয়লারে ফেলে দিয়ে জীবন্ত হত্যা করে। তার কোন অস্তিত্বও আর খুঁজে পাওয়া যায়নি।

স্বাক্ষর/-
মোঃ গোলাম মোস্তফা মণ্ডল

\ ৭৭ \

আবু বকর আকন্দ
গ্রাম- কাটাবাড়ী
জেলা-বগুড়া

বৈশাখ মাসের দিকে একদিন ২৫/৩০ জন পাক সৈন্য কাটাবাড়ী এলাকায় আসে এবং আড়িয়া পালপাড়া ঘেরাও করে ৬ জন লোককে হত্যা করে।

আমি এসময় পালিয়ে অন্যত্র ছিলাম। কিছুক্ষণ থেকে ছেলেমেয়ে বাড়ীতে কেমন আছে দেখার জন্য গোপনে বাড়ী আসি। বাড়ী আসার পর একজন পাক সৈন্য বাড়ীর মধ্যে প্রবেশ করে এবং আমি হিন্দু না মুসলমান তা জানতে চায়। আমি মুসলমান বললে উক্ত সৈন্য তৎক্ষনাৎ পালিয়ে যেতে বলে। তাই করছিলাম। কিন্তু আবার একজন সৈন্য বাধ সাধে। আমাকে ধরে নিয়ে একটি ঘরে বন্ধ করে এবং টাকা দাবী করে। টাকা দেবার অস্বীকৃতি জানিয়ে বলি যে, "স্যার আমার টাকা পয়সা নেই।" জোড়-হাত করে উক্ত কথাগুলো বলি। একথা শোনার সাথে সাথে উক্ত সৈন্য ঠাস করে এক চড় কষে দেয়। ৪/৫ টি ঘুষি মেরে আমাকে কাহিল করে ফেলে।

নিরুপায় হয়ে বলি যে আমার টাকা পয়সা বৌ ছেলেমেয়ের কাছে এবং তারা কোথায় পালিয়ে আছে। তখন সৈন্যটি বলে যে চল তোমার বৌয়ের খোঁজে। টাকা দাও।

তারপর আমাকে নিয়ে যেতে থকে। আবার অন্য দিক থেকে আরও দু'জন সৈন্য আসছিল। রাস্তার উপর এক বুড়ো জোব্বাজুব্বি গায়ে দিয়ে বসেছিল। তারা তাকে কয়েকটি ঘুষি হৃদয়হীনভাবে মারে এবং টাকা দাবী করে। লোকটি বলে যে বাড়ীতে আছে। তখন তাকে নিয়ে তার বাড়ী যায়। তার কাছে মসজিদ নির্মানের টাকা গচ্ছিত ছিল, তা এবং গয়নাপাতি নিয়ে নেয়।

অপর দিকে আমার কোন টাকা পাবার সম্ভাবনা না দেখে ছেড়ে দেয়। কিন্তু যেই যাবার জন্য পা বাড়িয়েছি অমনি রাইফেলের গাদা দিয়ে সজোরে ২/৩ বাড়ি দেয় এবং এতে অজ্ঞান হয়ে যাই। জনৈক মহিলার সেবায় আমি জ্ঞান ফিরে যাই।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, প্রথমে মিলিটারী আমার বাড়িতে ঢুকেছিল, তার পূর্বমুহূর্তে দুজন মুসলমান মেয়ে বাড়ীতে ঢুকে। আশ্রয় প্রার্থনা করে। আমি তাদের কচুর আদরের মধ্যে লুকিয়ে রাখি এবং সেখানে নিশ্চুপ হয়ে থাকতে বলি।

মিলিটারীটি যখন আমাকে হিন্দু না মুসলমান জিজ্ঞাসা করছিল এবং ধমকাচ্ছিল তখন মেয়ে দুটি ভীত হয়ে জঙ্গল থেকে বেরিয়ে আসে। তখন মিলিটারীটি আমাকে ছেড়ে উক্ত মহিলার একজনের হাত ধরে ঘরের মধ্যে নিয়ে যায় এবং তার উপর পাশবিক অত্যাচার করে। অত্যাচার করে সৈন্যটি চলে যায়। সৈন্যটি মেয়েটিকে ঘরে নিয়ে যাবার পূর্বে আমাকে তাড়িয়ে দিয়েছিল।

স্বাক্ষর/-
আবু বকর আকন্দ

\ ৭৮ \

মোঃ ওয়াহিদুজ্জামান চৌধুরী
একাউন্ট ইনচার্জ, তিস্তা বীমা করর্পোরেশন
সেন্ট্রাল রোড, রংপুর

আমি ১৯৭১- এর ২৫ শে মার্চের পরপরই রংপুর শহর সেনাবাহিনীর কবলিত হবার সঙ্গে সঙ্গে শহর ত্যাগ করে নিকটবর্তী গ্রামে আশ্রয় গ্রহণ করি। যুদ্ধকালীন সময়ের প্রথম কয়েক মাসে সেনাবাহিনীর রংপুর শহর এবং শহরের আশে পাশে বিভিন্ন স্থানে নির্বিচারে বাঙ্গালী নিধন যজ্ঞের আমি একজন উৎসাহী পর্যবেক্ষক ছিলাম। বিভিন্ন স্থানে সেনাবাহিনী কর্তৃক মৃত ব্যক্তিদের সংখ্যা এবং সঠিক তারিখ আমি সযত্নে আমার ডায়েরীতে লিপিবদ্ধ করেছি। তথ্যগুলোর সত্যতা সম্পর্কে আমি নিশ্চিত।

৮ এপ্রিলঃ রংপুর শহর থেকে আড়াই মাইল পশ্চিমে নাড়িরহাট গ্রামের ৪৭ জন গ্রামবাসীকে বর্বর বাহিনী ধরে এবং উক্ত স্থানে খোলাহাটে তাদের নির্মমভাবে গুলি করে হত্যা করে। আমার পরিচিত জনৈক ব্যক্তি দূর থেকে এ করুণ দৃশ্য প্রত্যক্ষ করেন।

১৫ ই এপ্রিলঃ রংপুর ক্যান্টনমেন্ট থেকে দক্ষিন পুর্ব দিকে দেওভোগ গ্রাম থেকে ২২ জন ক্ষেতে কর্মরত কৃষক এবং উক্ত এলাকার মসজিদ থেকে ১৫ জন নামাজরত ব্যক্তিকে খান সেনারা ধরে এবং গুলি করে হত্যা করে। মসজিদ থেকে লোক ধরে নির্মমভাবে হত্যা এলাকার গণমনে গভীর হতাশা এবং ক্রোধের সঞ্চার করে। এই হিংস্র কার্যকলাপের দরুন বহু গ্রামবাসী বাড়ী ঘর ত্যাগ করে ভারতে কিংবা দূর-দূরান্তরে আশ্রয় গ্রহণ করে।

১৭ ই এপ্রিলঃ এই সময়ে মাহীগঞ্জের (রংপুর শহর) ২ মাইল উত্তরে সাহেবগঞ্জের নিকট একটি ক্যানেলের উপরে বর্বর সেনা বাহিনী ১৭ ব্যক্তিকে হত্যা করে। এদের মধ্যে বেশ সংখ্যক ছিলেন বেঙ্গল রেজিমেন্টের বীর জোয়ান। পোষাক পরা অবস্থায়ই তাঁদেরকে গুলি করে হত্যা করা হয়। গ্রামবাসীরা লুকিয়ে এ ঘটনা প্রত্যক্ষ করে এবং পাকিস্তানী দস্যু সৈন্যরা চলে গেলে তারা (গ্রামবাসী) বেঙ্গল রেজিমেন্টের লাশগুলো নিয়ে আসে এবং দাফন করে। মৃত জওয়ানদের প্রতি গ্রামবাসীদের ছিল অপূর্ব মমত্ববোধ। সবাই তাদের রুহের মাগফেরাতের জন্য দোয়া করেন।

১৯শে এপ্রিলঃ রংপুর ক্যান্টনমেন্টের নিকট ঘাঘট নদীর তীরে ১৫২ জন সাবেক বাঙ্গালী ই, পি, আর, কে খান সেনারা হত্যা করে। পিছনে হাত বেঁধে দাঁড় করিয়ে মেশিনগানের ব্রাশফায়ারে তাদেরকে হত্যা করা হয়। পরে (মৃত) লাশগুলোর অধিকাংশ বাঁশ দিয়ে গেঁথে ঘাঘট নদীতে ফেলে দেয়া হয়। এদের মধ্যে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিশিষ্ট শিল্পী জনাব শাহ আলী সাহেবের বড় ভাই-র ছেলে (ই,পি,আর) কেবলমাত্র সৌভাগ্যক্রমে রক্ষা পান।

২৮শে এপ্রিলঃ দমদমা ব্রীজের নীচে সরকারী কারমাইকেল মহাবিদ্যালয়ের ৪ জন অধ্যাপককে গুলি করে হত্যা করা হয়। জনৈক অধ্যাপকের স্ত্রীকেও এখানে নৃশংসভাবে হত্যা করা হয়। রংপুর শহর সাবেক জনতা ইনস্যুরেন্স কোম্পানীর অফিস ১১-৩০ মিনিটের সময় খান সেনারা তছনছ করে দেয়। আওয়ামী লীগের গোপন কাগজপত্র এ অফিসে রাখা হয়েছে সন্দেহে সৈন্যরা হানা দেয়।

২৯শে এপ্রিলঃ সামরিক কর্তৃপক্ষের নির্দেশে সমস্ত অফিস আদালতের হিসাব নিকাশ বন্ধ করে দেয়া হয়। রংপুর শহর ক্যান্টনমেন্টের কাছে সৈয়দপুরগামী পাকা রাস্তার পাশে ২১ জন নিরপরাধ বাঙ্গালীকে সেনাবাহিনী ধরে এবং গুলি করে হত্যা করে। তন্মধ্যে একটি অত্যন্ত কম বয়সী ছেলে বর্বর সৈন্যরা হত্যা করে। ছেলেটি হানাদার বাহিনীর সর্বপ্রকার যাতায়াত সংবাদ গোপন গেরিলা ঘাঁটিতে সরবরাহ করতো। পাকিস্তানপন্থী কুচক্রীরা এই ছেলেটিকে সেনাবাহিনীর নিকট ধরিয়ে দিয়ে ছিল।

৬ই মেঃ সামরিক কর্তৃপক্ষ শহরের অভিজাত দোকান পাট গুলো চালু না রাখার অভিযোগে সিল করে দেয়। সেনাবাহিনীর লোকেরা এই সব দোকানপাটের বহু মূল্যবান সামগ্রী লুট করে নিয়ে যায়। একই তারিখে সৈন্যরা ক্যান্টনমেন্টের নিকটবর্তী দেওভোগ গ্রাম লুট করে।

১১ই মেঃ পাক সৈন্যরা শহরের অদূরে নাড়ীরহাট গ্রামে অতর্কিত হানা দিয়ে ৪৮ ব্যক্তিকে হত্যা করে।

১৬ই মেঃ স্থানীয় কুখ্যাত দালালদের সহযোগিতায় বর্বর সৈন্যরা শহরের রাধাবল্লভ ইউনিয়নে রাত্রি নটা থেকে ১ টা পর্যন্ত তল্লাশী চালায়। তারা নারীদের উপর অত্যাচার করে। জনগণকে অসহায় অবস্থায় ধরে হত্যা করে এবং গৃহস্ত বাড়ী থেকে মূল্যবান আসবাবপত্র লুট করে নিয়ে যায়।

এই সময় রংপুর শহরের বিশিষ্ট মারোয়াড়ী ধনী পাট ব্যবসায়ী রামরিক আগরওয়ালার মিলে দালালদের সহযোগিতায় হানাদার বাহিনী হানা দেয়। হানাদারগণ রামরিক আগরওয়ালার কাছ থেকে নগদ টাকা পয়সা, মিলের মেশিনারী দ্রব্যাদি এবং দালালদের দ্বারা জমাকৃত পাট নিয়ে যায়। হানাদাররা উক্ত মারোয়াড়ী ব্যবসায়ীর উপর দৈহিক নির্যাতন করে।

৩১ শে মেঃ জেলার বিভিন্ন স্থান থেকে ১২৪ জন বেঙ্গল রেজিমেন্ট এবং সাবেক ই, পি, আর, কে সামরিক কর্তৃপক্ষ বেতন দানের প্রলোভন এবং কাজে যোগাদানের নির্দেশ দিয়ে ডেকে নিয়ে আসে। তাদের সবাইকে ঘাঘট নদীর তীরে নিয়ে গিয়ে মেশিনগানের গুলিতে নির্মমভাবে হত্যা করে। সামরিক পোষাক পরিহিত অবস্থায়ই এদেরকে হত্যা করা হয়। সৌভাগ্যক্রমে এদের মধ্যে কয়েকজন কোনক্রমে ছুটে পালিয়ে যেতে সক্ষম হয়।

২রা জুনঃ রংপুর সদর থানার বুড়িরহাট নিবাসী জনৈক ব্রাহ্মণ পরিবার হানাদার সেনাবাহিনীর ভয়ে গরুর গাড়ী করে নিরাপদ স্থানে পালিয়ে যাবার সময় ঘাঘট নদীর তীরে সৈন্যদের নিকট ধরা পড়ে। হানাদাররা উক্ত ব্রাহ্মণের স্ত্রীকে ধর্ষণ করে। ব্রাহ্মণসহ তার স্ত্রী এবং শিশু কন্যাকে হত্যা করে এবং ঘাঘট নদীর উপর জাফরগঞ্জ ব্রীজের নীচে তাদেরকে ফেলে দিয়ে চলে যায়।

রংপুর শহর সাবেক ইপসিক এর পাশে আর্মি হেড কোয়ার্টারের সংলগ্ন জনৈক মেজরের বাস ভবনে রাত্রি ১১ টার দিকে জলসা বসতো। বিভিন্ন স্থান থেকে ধৃত তরুণীদের দিয়ে জোরপূর্বক নাচ এবং গানের আসর করানো হতো। তখন তরুণীদেরকে যথেচ্ছ ধর্ষণ করা হতো। যখন তারা তাদের চিত্ত বিনোদনে অসমর্থ হতো মেজরের নির্দেশে তাদের হত্যা করা হতো। ধর্ষিতা মেয়েদেরকে শুকনো রুটি এবং রাত্রে সামান্য ভাত দেয়া হত।

রংপুর ক্যান্টনমেন্টের সেনাবাহিনীর মেজর বশীর ছিল নারী ধর্ষনের হোতা। প্রতি রাত্রে তার চিত্ত বিনোদনের জন্য ৩ থেকে ৪ জন বাঙ্গালী তরুণী সরবরাহ করা হতো।

সেনাবাহিনীর অফিসাররা বিভিন্ন স্থান থেকে ধৃত শিক্ষিতা তরুণীদের সাথে নিয়ে ফিরতো। রাজশাহী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২ জন শিক্ষিতা তরুণীকে একদিন কালো বোরখা পরিয়ে জনৈক অফিসার ওরিয়েন্টাল সিনেমায় নিয়ে আসে। অফিসারটি কিছুক্ষণের জন্য বাইরে যায়। পাশের ছিটে আমি বসা ছিলাম। একজন তরুনী সরাসরি আমার সাহায্য চায়। তিনি নিজেকে বাংলা বিভাগের ছাত্রী বলে জানান। ইত্যবসরে অফিসারটি এসে পড়ে। উক্ত হতভাগিনী তরুণীদ্বয়ের জন্য আমি কিছুই করতে পারিনি।

স্বাক্ষর/-
মোঃ ওয়াহিদুজ্জামান চৌধুরী

\ ৭৯ \

মেঃ আরব আলী মিয়া
চার্চলেন, জুম্মাপাড়া, রংপুর

৩রা জুন (১৯৭১) বৃহস্পতিবার বিকেলে পৌনে পাঁচটায় বাসা থেকে আমি সিকিউরিটি ব্রাঞ্চের লোকেরা স্থানীয় লোকের সহায়তায় ধরে রংপুর ক্যান্টমেন্টে নিয়ে যায়।

সন্ধ্যার পর সেখানে আমাকে জিজ্ঞাসাবাদ শুরু করে। মুক্তিবাহিনীর লোকদের আড্ডা কোথায় এবং তাদের গোলাবারুদ কোথায় রক্ষিত আছে। আমার সাথে তাদের নিবিড় সম্পর্ক আছে ও তারা প্রায়ই আমার কাছে আসা-যাওয়া করে। দ্বিতীয়তঃ আমার বাসায় জেলা আওয়ামী লীগের অফিস ছিল। সেখানে তাদের গোপন মিটিং হোত। তাদের সাথে আমার ঘনিষ্ঠ সম্পর্ক ছিল, কাজেই তাদের গোপন দলিলপত্র কোথায় রক্ষিত আছে তা আমি জানি। আমি সমস্ত অভিযোগ অস্বীকার করলে আমাকে ভীষণভাবে ধমকি দেয় এবং সেখানে আমাকে রাত ৯টা পর্যন্ত বসিয়ে রাখে। অতঃপর আমার উপর দৈহিক নির্যাতন শুরু হয়।

একটি নির্জন ঘরে দরজা-জানালা বন্ধ করে আমার দুজন সিকিউরিটি ব্রাঞ্চের লোক ইউসুফ খান ও হাবিলদার গোলাম রসুল দাঁড়ায়। একজনের হাতে লোহার রড এবং অপর জনের হাতে শাল কাঠের দরজার খিল (যা দিয়ে দরজা বন্ধ করা হয়) দিয়ে আমার শরীরের বিভিন্ন স্থানে হৃদয়হীনভাবে প্রহার শুরু করে। ঘন্টা দেড়েক আমার উপর সমানে দুজনে উল্লিখিত প্রক্রিয়ায় অত্যাচার চালায়। অত্যাচারের সময়ও আমাকে উল্লিখিত বিষয়গুলি সমন্ধে জিজ্ঞাসাবাদ করে। অত্যাচারের ফলে শরীরের বিভিন্ন অংশ থেকে বিশেষ করে থুতনি থেকে দরবিগলিত ধারায় রক্তপাত হচ্ছিল।

রাত এগারটা সাড়ে এগারটার দিকে এবং তা ছাড়া আরও দুবার দু'দল লোক এসে একই প্রক্রিয়ায় অত্যাচার করে। এসময় আমাকে ''বাইনচোদ, তোমলোগ জয় বাংলা নারায়ে লাগাতা হ্যায়। তুমলোগ লাখো লাখো মুসলমানকো খতম কর লেগা, সময় নেহি আতা হ্যায়। আবি কাঁহা গিয়া তোম লোগ কো জয় বাংলা। তোম লোগ আওয়ামী লীগকো বহুত মদদ দিয়া।'' এছাড়া শ্লীলতাবর্জিত গালিগালাজ করতে থাকে।

রাত দেড়টার দিকে আমার হাত-পা রশি দিয়ে বেঁধে ফেলে এবং বলে যে ''গুলি কি নিশানা বানগিয়ে। কুচ বাতানে হ্যায় তো বাতাও।'' আধ ঘন্টা খানেকের পর তারা আমার বাঁধন খুলে দেয়। এবং উক্ত ঘরেই দুদিন বন্ধ করে রাখে এবং তৃতীয় দিন থানায় পাঠায়।

থানা থেকে দুদিন ক্যান্টমেন্টে মেজরের কাছে জিজ্ঞাসাবাদ করে। এ সময় আমাকে অকথ্য, অশ্রাব্য ভাষায় গালিগালাজ করা হয়। ৫ দিন বন্ধ করে রাখার পর মঙ্গলবার আমাকে মুক্তি দেওয়া হয়। মুক্তির বিনিময়ে তারা ১৫ হাজার টাকা নেয়।

স্বাক্ষর/-
মোঃ আরব আলী মিয়া

\ ৮০ \

আলতাফ হোসেন
নাগেশ্বরী, রংপুর

হানাদার বাহিনী নাগেশ্বরী এসেই প্রথমে ধ্বংসযজ্ঞে মেতে উঠে। কিছুদিন পর তারা জনগণকে হত্যা ও নির্যাতন শুরু করে।

পাক বর্বর বাহিনী একদিন নাগেশ্বরী থানার বাইরে থেকে একজন লোক ঘরে নিয়ে আসে। প্রথমে মারপিট করে, পরে হানাদাররা উক্ত লোকটিকে নির্মমভাবে ভলিবল এবং ফুটবলের ন্যায় কিল-ঘুষি এবং বুট জুতোর লাথি মেরে হত্যা করে।

সাধারণতঃ কিল, ঘুষি, লাথি, রাইফেলের বাঁট প্রভৃতির দ্বারা নির্মমভাবে বর্বর সৈন্যরা নির্দোষ জনগণের উপর নির্যাতন চালিয়েছে।

হানাদার দস্যু বাহিনী নাগেশ্বরী দখলের তিন দিন পর একদিন সকাল ১০টায় নাগেশ্বরী বাজারের উত্তর-পূর্ব দিকের গ্রামে প্রবেশ করে। জনৈক আছমত মিয়ার গৃহে পাক সৈন্যরা ঢুকে আছমত মিয়া ও অন্য পুরুষদের বের করে দিয়ে তার পুত্রবধূর (২০) উপর পাশবিক অত্যাচার করে।

নাগেশ্বরী থানার বামনডাঙ্গা ইউনিয়নের আনছার হাটে একদিন মুক্তিযোদ্ধারা পাক সৈন্যদের মারার জন্য মাইন পুঁতে রাখে। দুর্ভাগ্যবশতঃ জনৈক রাখাল ও তার গরু উক্ত মাইনের শিকার হলে খবর পেয়ে নাগেশ্বরী থেকে কিছু সংখ্যক পাক সৈন্য আনছার হাটে গিয়ে পার্শ্ববর্তী এলাকা থেকে অনেক লোক ধরে। বর্বর সৈন্যরা আনছার হাটের নিকটস্থ বাড়ি থেকে কিছুসংখ্যক মেয়েছেলে ধরে এবং বাছাই করে অপেক্ষাকৃত কম বয়স্কা মেয়েছেলেদের উক্ত হাটের নিকটবর্তী হাবিবর রহমানের বাড়ীতে নিয়ে গিয়ে তাদের উপর পাশবিক অত্যাচার করে ছেড়ে দেয়। ঐ দিন ঐ এলাকা থেকে মোট ১০ জন পুরুষকে হানাদাররা ধরে নিয়ে এসে নাগেশ্বরী ঈদগাহ মাঠে বিভিন্ন স্থান থেকে ধৃত আরো কতিপয় লোকসহ মোট ৩৬ ব্যাক্তিকে মেশিনগানের গুলিতে হত্যা করেছে।

হানাদার সৈন্যরা বিভিন্ন গ্রামে ঢুকে মেয়েদের ধর্ষণ ছাড়াও তাদের শরীর থেকে নানা প্রকার স্বর্ণের অলঙ্কার নিয়ে আসত।

২৭শে মেঃ হানাদার বাহিনী নাগেশ্বরী থানায় প্রবেশের পরপরই ধ্বংসযজ্ঞে মেতে উঠে। হানাদাররা নাগেশ্বরী বাজারে প্রবেশ করে প্রথমেই হিন্দু পট্টিতে দোকান ও বাড়ীঘর অগ্নিসংযোগে ভস্মীভূত করে। অতঃপর হানাদররা ঢাকাইয়া পট্টি অগ্নিসংগোগে নিশ্চিহ্ন করে দেয়।

ঐ দিনই বাজারসংলগ্ন সাঞ্জুয়ার ভিটার মুক্তিযোদ্ধা মোসলেমের বাড়ী এবং প্রতিবেশী রমজানের বাড়ী তারা পুড়িয়ে দেয়। উক্ত দিন হানাদার সৈন্যরা নাগেশ্বরী বাজার জামে মসজিদের নিকট পপাটুয়া (টমেটো) নামে একটি পাগলকে গুলি করে হত্যা করে। অপর একটি পাগলিনীকে ঐ দিন দস্যু সেনারা হিন্দু পট্টিসংলগ্ন আজিজার মিয়ার গৃহে জ্বলন্ত আগুনে নিক্ষেপ করে। নাগেশ্বরী বাজারে হিন্দুপট্টি এবং ঢাকাইয়া পট্টিতে অগ্নিসংযোগের ফলে পার্শ্ববর্তী বহু ব্যবসায়ী ও গৃহস্থের বাড়ীঘর ভস্মীভূত হয়েছে।

পাক হানাদর বাহিনী নাগেশ্বরী থানায় পৌঁছেই নাগেশ্বরী ডাকবাংলা এবং হাইস্কুলে ঘাঁটি করে। কিছুদিন পরেই এখান থেকে তারা জনগণকে নির্যাতন শুরু করে। পাক সৈন্যরা বিভিন্ন গ্রামে ঢুকে পড়তো এবং লোক

ধরে এনে দৈহিক পীড়ন চালাতো। সাধারণত দৈহিক নির্যাতনের প্রক্রিয়া ছিল কিল, ঘুষি, বুট জুতার লাথি, রাইফেলের বাঁট এবং বেয়নেট দিয়ে আঘাত হেনে তীব্রভাবে অথ্যাচার করে।

মুক্তি ও মিত্রবাহিনী নাগেশ্বরী মুক্ত করার জন্য এগুতে থাকলে নাগেশ্বরী বাজার ও পার্শবর্তী এলাকার জনতা ও তাদের পরিবারবর্গ নিরাপদ স্থানে আশ্রয়ের জন্য চলে যেতে থাকে। পাক বর্বর সৈন্যরা নাগেশ্বরী বাজারের চটাৎ ও জম মাঝিকে একদিন ধরে নিয়ে গিয়ে জবাই করে মেরে ফেলেছে।

স্বাক্ষর/-
মোঃ আলতাফ হোসেন (দুলু)

\৮১\

মোঃ আজিজুর রহমান
গ্রাম-বেরুবাড়ী
থানা-নাগেশ্বরী
জেলা-রংপুর

হানাদার বর্বর বাহিনী চর বেরুবাড়ীর দুধকুমোর নদীর পশ্চিম তীরের গ্রামে অগ্নিসংযোগে লিপ্ত হয়। নিরীহ জনসাধারণের প্রায় একশত একুশটি বাড়ী দস্যু বাহিনী জ্বালিয়ে দেয়। এরপর গ্রাম থেকে লোক ধরে হানাদাররা উক্ত বেরুবাড়ী ফ্রি পাইমারী স্কুলের পিছনে নিয়ে আসে এবং লাইন করে দাঁড় করিয়ে মেশিনগানের গুলি দ্বারা ১৮ ব্যক্তিকে হত্যা করে। তিনজনকে গুরুতর আহত অবস্থায় রেখে যায়। তন্মধ্যে একজন এক সপ্তাহ পর মারা যায়। অতঃপর বর্বর বাহিনী গ্রাম থেকে প্রায় আড়ই শত যুবক ও বৃদ্ধকে ধরে এনে বেরুবাড়ী বাজারের পূর্বে এক জায়গায় সমবেত করে এবং তাদেরকে নির্মমভাবে ডবল (শাস্তিমূলক দৌড়) করাতে থাকে। পরে তাদেরকে ছেড়ে দেয়া হয়। সংঘর্ষের পর হানাদার বাহিনীর এরূপ অমানবিক কর্মকাণ্ডে জনসাধারণ যখন ভীতসন্ত্রস্ত হয়ে বাড়ীঘর ছেড়ে পালাচ্ছিল, তখন এদিকে রাজাকাররা এ সুযোগের ব্যবহার করে। বিভিন্ন পরিত্যক্ত বাড়ীতে ঢুকে তারা লুট করে বিভন্ন মূল্যবান সামগ্রী এবং গবাদিপশু নিয়ে যায়।

স্বাক্ষর/-
মোঃ আজিজুর রহমান
৩/৬/৭৩

\৮২\

মোঃ আজিম উদ্দিন
গ্রাম-গাছিডাঙ্গা
থানা-ভূরুঙ্গামারী, রংপুর

পাক বর্বর বাহিনী ভূরুঙ্গামারী থানা পূর্ণ দখলে নেবার দুই মাস পর গাছিডাঙ্গা গ্রামের দিকে ধাওয়া করে। পাক দস্যুদের সংখ্যা ছিল ৭ জন। তারা উক্ত গ্রাম গাছিডাঙ্গায় ঢুকে স্থানীয় (মৃত) হাজী আবদুস ছাত্তার সাহেবকে ধরে আনে। ধরে এনে তাকে গ্রামের আরও অন্যান্য লোকজনকে তাদের কাছে নিয়ে আসার জন্য হুকুম করে। তখন হাজী সাহেব জীবনের ভয়ে গাছিডাঙ্গার নিম্নলিখিত জনসাধারণকে খান দস্যুদের সামনে হাজির করতে বাধ্য হন। নিম্নে তাদের নাম দেওয়া হলঃ (১) মোঃ ফরিদ (২) পনির উদ্দিন (৩) মঈন উদ্দিন (৪)আবুল কাশেম (৫) ফটিক (৬) আইন উদ্দিন (৭) আজিম উদ্দিন (৮) নাছের উদ্দিন (৯) নুরুল ইসলাম (১০) নাছু শেখ (১১) ময়েত উল্লাহ প্রমুখ। অতঃপর আমাকে জিজ্ঞাসা করে যে, মুমি মুক্তিফৌজ এবং মুক্তিদের সহায়তা কর। অবশ্য এসব কথাগুলি উর্দুতে জিজ্ঞাসা করে। পরপর সবাইকে এইসব কথা জিজ্ঞাসা করে। তখন আমি ও সঙ্গীরা অস্বীকার করি। তখন খান দস্যুরা রাইফেলের বাঁটের সাহায্যে আমাদের ভীষণভাবে আঘাত করতে থাকে। তাছাড়া কিল, ঘুষি ও বুটের লাথিতে সবাইকে ভীষণভাবে আঘাত করে। পর মুহূর্তে আমাদের সবাইকে লাইনে দাঁড় করে কলেমা পড়তে বলে। তখন আমরা সবাই জীবনের ভয়ে ভুল করে কলেমা পড়তে আরম্ভ করি। তখন খান সেনারা বলে যে, তোমরা মালাউন এবং তোমরা নিজেরা মুক্তিদের লীডার এবং মুক্তিদের সাহায্য কর। এই মনে করে খান দস্যুরা পুনরায় কিল, ঘুষি ও রাইফেলের সাহায্যে আঘাত করে। আমি আমার সঙ্গীরা অচৈনত্য হয়ে পড়ি। পাশে অবস্থানরত মুক্তিরা জানতে পেরে তাদেরকে উদ্দেশ করে ফাঁকা গুলি করতে থাকে। খান দস্যুরা সব বুঝতে পেরে পুনরায় ভূরুঙ্গামারীর দিকে পিছু হটতে বাধ্য হয়। কিছু সময় পর আমাদের জ্ঞান ফিরে। খান দস্যুদের আর আমাদের পাশে দেখতে পাই না। তখন আমরা কোন রকমে আধা মরা অবস্থায় দূর দূরান্তে আত্মগোপন করতে বাধ্য হই। খান দস্যুদের হাতে বেদম মারপিট খেয়েও আমি কোন রকমে বেঁচে আছি।

টিপসহি/-
মোঃ আজিম উদ্দিন

\ ৮৩ \

মোঃ তালেব মুন্সী
গ্রাম-গাছিডাঙ্গা
থানা-ভূরুঙ্গামারী
রংপুর

একত্রিশে মার্চ খান সেনাদের পুরাপুরি দখলে চলে গেল চট্টগ্রাম নগরী। আবার শুরু হলো বাঙ্গালী নিধন। ২রা এপ্রিল আমরা বাসা ছেড়ে পাশের এক বাড়ীতে আশ্রয় নিলাম। কারণ খান সেনারা আর অবাঙ্গালীরা আমার স্বামীকে খুঁজছে। তার অপরাধ ছিল বাঙ্গালী কর্মচারীদের সাথে কথা বলতেন। বাংলার স্বাধীনতার স্বপক্ষে গোপনে কাজ করতেন।

এপ্রিল মাসের ৫ তারিখ পর্যন্ত আমরা সেখানেই থাকি। ৫ তারিখে আমরা জানালা দিয়ে দেখলাম আমাদের প্রতিবেশী রেলের চীফ ইঞ্জিনিয়ার মোজাম্মেল চৌধুরী, একাউন্টস অফিসার আব্দুল হামিদ, এল, আর খান, এবং তাদের পরিবারের চাকর বাকর নিয়ে মোট ১১ জনকে জবাই করে হত্যা করা হলো।

সকাল ১১টায় এই হত্যালীলা দেখে আমরা আঁতকে উঠলাম। সেদিনই পালিয়ে গিয়ে উঠলাম ২০ নং চৌধুরী নাজীর আহমদ রোড, ডা: সামসুল আলমের বাড়ীতে। সেখানে থাকাও আমাদের নিরাপদ ছিল না। তাই ডাক্তার সাহেবের পরামর্শে পালালাম তার ডাবুয়ার্গ এর বাড়ীতে। ১১ মে পর্যন্ত সেখানে আমরা থাকি। মেসেস কামরুন বলেন, এই ১১ মে আমাদের জীবনে ডেকে আনলো দু:খের অমানিশা। আমাদের হাতের অর্থ ফুরিয়ে যাওয়ায় আমার স্বামী একটি চেক ভাংগানোর জন্য ডাক্তার সাহেবের ছেলেকে পাঠান চট্টগ্রাম।

রেলওয়ে বিল্ডিং-এস ন্যাশনাল ব্যাঙ্কের শাখা অফিসে তার একাউন্ট ছিল। কিন্তু সেখানকার কর্মচারীরা সবাই ছিল অবাঙ্গালী। চেকের দস্তখত দেখে তারা ছেলেটিকে আমার স্বামীর খোঁজ দিতে বল। কিন্তু চেকের ব্যাকডেট এর অজুহাত দেখিয়ে ছেলেটি কিছু জানাতে অস্বীকার করলে তারা রেলওয়ে ওয়াচ এণ্ড ওয়ার্ড-এর অবাঙ্গালী অফিসার ওয়ার্সীকে ডেকে আনে। ওয়ার্সী তখন ছেলেটিকে ও তার বাবা ডা: সমসুল আলমকে ধরে সেনাবহিনীর সদর দফতরে নিয়ে যায়। সেখানে তাদের অকথ্য অত্যাচার নির্যাতন চালিয়ে আমার স্বামীর সন্ধান বের করে।

তারপর দুজন খান সেনাকে সংগে নিয়ে ওয়ার্সী রাউজানের ডাবুয়া গ্রামের ডাক্তার সাহেবের বাড়ীতে গিয়ে হাজির হয়। তারা আমার সামনে থেকে আমার স্বামীকে নিয়ে চট্টগ্রাম অভিমুখে রওনা হয়। তাদের সঙ্গে ডাক্তার সাহেব ও তার ছেলেও ছিল। পথে ডাক্তার ব্রিজের কাছে বাস থামেয়ে খান সেনারা আমার স্বামীকে নামিয়ে খানিক দূরে নিয়ে যায়। কিছুক্ষণ পরেই গুলির শব্দ পান বাসে উপবিষ্ট ডাক্তার সাহেব। মিনিট দশেকের মধ্যে খান সেনারা ফিরে আসে এবং ডাক্তার সাহেবকে চট্টগ্রামে নিয়ে গিয়ে ছেড়ে দেয়।

আমার স্বামীকে হত্যা করে নদীতে ফেলে দেওয়া হয়েছে বলে ডাক্তার সাহেব আমাকে জানান। মিসেস কামরুন নাহার তারপর এসে উঠলেন ঢাকাতে। অনেক অনুসন্ধান করে স্বামীর সন্ধান পাননি। দস্যু সেনাদের হাতে নাসিরউদ্দিন শহীদ হয়েছেন। সদা কর্মব্যস্ত বাঙ্গালী দরদী একটি জীবনের অবসান হলো। জীবন দিয়ে নাসিরউদ্দিন মূল্য দিলেন তার দেশ ও স্বজাতি প্রেমের। তিনি আর এই সুন্দর পৃথিবীতে ফিরে আসবেন না। কিন্তু রেখে গেলেন বিধবা কামরুন, আর স্নেহের দুটি ছোট্ট মেয়ে রিনু আর নিড্ডুকে।

অভিশপ্ত ১১ই মেতে তাদের জীবনে নেমে এলো অমানিশার নিকষ কালো রাত্রি । মে থেকে একে একে ৮টি মাস কেটে গেল। বীভৎস রজনীর অন্ধকার জেতে দশদিক আলোয় ঝলমল করে স্বাধীনতার সূর্য উঠলো। শহীদ নাসিরউদ্দিনের স্বপ্নসাধ সফল হয়েছে। মুক্তির সোনালী আলোতে রিনু আর নিড্ডুর জীবন সুন্দর হবে, সার্থক হবে, এটাই বিধবা মার একমাত্র সান্তনা। কিন্তু এই সান্তনার মাঝেও মিসেস কামরুন নাহারের একটি মাত্র আক্ষেপঃ জল্লাদেরা একটি বারও তার লাশটি দেখতে দিল না। পুলের ধারে না মেরে তারা যদি আমার সামনেই তাকে হত্যা করত আমি তো লাশটা পেতাম।

শিরোনাম	সূত্র	তারিখ
মেজর জিয়ার পরিবারের উপর পাক বাহিনীর নির্যাতনের বিবরণ	দৈনিক বাংলা	২রা জানুয়ারী, ১৯৭২

মেজর জিয়া যখন দুর্বার প্রতিরোধ গড়ে তুলেছিলেন হানাদার
খান সেনারা তখন তাঁর পরিবার পরিজনের
উপর ঝাঁপিয়ে পড়েছিল
মনজুর আহমদ প্রদত্ত

বাংলাদেশ মুক্তিযুদ্ধের বীর নায়ক মেজর (বর্তমানে কর্ণেল) জিয়া যখন হানাদার পাক বাহিনীর বিরুদ্ধে তীব্র প্রতিরোধ গড়ে তুলে তাদেরকে নাজেহাল করে তুলছিলেন তখন তাঁর প্রতি আক্রোশ মেটাবার গৃণ্য পন্থা হিসেবে খান সেনারা নৃশংসভাবে ঝাঁপিয়ে পড়েছিল তাঁর আত্মীয়-স্বজন পরিবার-পরিজনের ওপর।

তাদের এই প্রতিহিংসার লালসা থেকে রেহাই পাননি কর্নেল জিয়ার ভায়রা শিল্পোন্নয়ন সংস্থার সিনিয়র কো-অর্ডিনেশন অফিসার জনাব মোজাম্মেল হক।

চট্টগ্রাম শহর শত্রুকবলিত হবার পর বেগম খালেদা জিয়া যখন বোরখার আবরণে আত্মগোপন করে চট্টগ্রাম থেকে স্টিমারে পালিয়ে নারায়ণগঞ্জে এসে পৌঁছেন তখন জনাব মোজাম্মেল হকই তাঁকে নারায়ণগঞ্জ থেকে ঢাকায় নিয়ে আসেন। সেদিন ছিল ১৬ই মে। ঢাকা শহরে ছিল কারফিউ। নারাণগঞ্জেও সন্ধ্যা থেকে কারফিউ জারি করা হয়েছিল। এরই মধ্যে তিনি তাঁর গাড়ীতে রেডক্রস ছাপ এঁকে ছুটে গিয়েছিলেন নারায়ণগঞ্জ টার্মিনালে।

বেগম জিয়াকে নিয়ে আসার দিন দশেক পর ২৬শে মে শিল্পোন্নয়ন সংস্থায় হক নাম সম্বলিত যত অফিসার আছেন সবাইকে ডেকে পাক সেনারা কর্নেল জিয়ার সঙ্গে কারোর কোন আত্মীয়তা আছে কিনা জানতে চায়। জনাব মোজাম্মেল হক বুঝতে পারলেন বিপদ ঘনিয়ে আসছে তিনি সেখানে কর্নেল জিয়ার সাথে তাঁর আত্মীয়তার কথা গোপন করে অসুস্থতার অজুহাতে বাসায় ফিরে আসেন এবং অবিলম্বে বেগম জিয়াকে তাঁর বাসা থেকে সরাবার ব্যবস্থা করতে থাকেন।

কিন্তু উপযুক্ত কোন স্থান না পেয়ে শেষ পর্যন্ত ২৮শে মে তিনি তাঁকে ধানমণ্ডিতে তাঁর এক মামার বাসায় কয়েকদিনের জন্য রেখে আসেন এবং সেখান থেকে ৩রা জুন তাঁকে আবার জিওলজিক্যাল সার্ভের এসিস্ট্যান্ট ডিরেক্টর জনাব মুজিবুর রহমানের বাসা এবং এরও কদিন পরে জিওলজিক্যাল সার্ভের ডেপুটি ডিরেক্টর জনাব এস কে আব্দুল্লাহর বাসায় স্থানান্তরিত করা হয়।

এরই মধ্যে ১৩ই জুন তারিখে পাক বাহিনীর লোকেরা এসে হানা দেয় জনাব মোজাম্মেল হকের বাড়ীতে। জনৈক কর্নেল খান এই হানাদার দলের নেতৃত্ব করছিল। কর্নেল খান বেগম জিয়া সম্পর্কে জিজ্ঞাসাবাদ করে এবং জানায় যে, এই বাড়ীতে তারা বেগম জিয়াকে দেখেছে। জনাব হকের কাছ থেকে কোন সদুত্তর না পেয়ে তাঁর দশ বছরের ছেলে ডনকেও জিজ্ঞাসাবাদ করা হয়। ডন কর্নেল খানকে পরিষ্কারভাবে জানায় যে, গত তিন বছরে সে তার খালাকে দেখেনি।

সমস্ত চেষ্টা ব্যর্থ হলে খান সেনারা তাঁর বাড়ী তল্লাশী করে। কিন্তু বেগম জিয়াক সেখান না পেয়ে হতোদ্যম হয়ে ফিরে যায়। যাবার আগে জানিয়ে যায়, সত্যি কথা না বললে আপনাকে ক্যান্টনমেন্টে নিয়ে যাওয়া হবে।

এরপরই জনাব হক বুঝতে পারেন সর্বক্ষণ তাঁকে অনুসরণ করা হচ্ছে। যেখানেই যান সেখানেই তাঁর পেছনে লেগে থাকে কেউ। এই অবস্থায় তিনি মায়ের অসুখের নাম করে ছুটি নেন অফিস থেকে এবং সপরিবারে ঢাকা ছেড়ে যাবার ব্যবস্থা করতে থাকেন।

ব্যবস্থা অনুযায়ী ১লা জুলাই গাড়ী গ্যারেজে রেখে পেছন দরজা দিয়ে বেরিয়ে তাঁরা দুটি অটোরিকশায় গিয়ে ওঠেন। উদ্দেশ্য ছিল ধানমণ্ডিতে বেগম জিয়ার মামার বাসায় গিয়ে আপাতত: ওঠা। কিন্তু সায়েন্স ল্যাবরেটরী পর্যন্ত আসতেই তাদের অটোরিকশা বিকল হয়ে যায়। এই অবস্থায় তাঁরা কাছেই গ্রীনরোডে এক বন্ধুর বাসায় গিয়ে ওঠেন। কিন্তু এখানে তাঁদের জন্যে অপেক্ষা করছিল এক বিরাট বিস্ময়। জনাব হক এখানে গিয়ে উঠতেই তাঁর এই বিশিষ্ট বন্ধুর স্ত্রী তাঁকে জানান যে, কর্নেল জিয়ার লেখা চিঠি তাঁদের হাতে এসেছে। চিঠিটা জনাব হককেই লেখা এবং এটি তাঁর কাছে পাঠাবার জন্যে কয়েকদিন ধরেই তাঁকে খোঁজ করা হচ্ছে।

তাঁর কাছে লেখা কর্নেল জিয়ার চিঠি এ বাড়ীতে কেমন করে এলো তা বুঝতে না পেরে তিনি যারপর নাই বিস্মিত হন এবং চিঠিটা দেখতে চান। তাঁর বন্ধুর ছেলে চিঠিটা বের করে দেখায়। এটি সত্যই কর্নেল জিয়ার লেখা কিনা বেগম জিয়াকে দিয়ে তার পরীক্ষা করিয়ে নেবার জন্যে তিনি তাঁর বন্ধুর ছেলের হাতে দিয়েই একটি জিওলজিক্যাল সার্ভের জনাব মুজিবর রহমানের কাছে পাঠান।

এদিকে সন্ধ্যা ঘনিয়ে আসায় জনাব হক তাঁর এই বন্ধুর বাসায় রাতের মত আশ্রয় চান। তাঁদেরকে আরো নিরাপদ স্থানে রাখার আশ্বাস দিয়ে রাতে তাঁদেরকে পাঠানো হয় সূত্রাপুরের একটি ছোট্ট বাড়ীতে। তাঁর বন্ধুর ছেলেই তাঁদেরকে গাড়ীতে করে এই বাড়ীতে নিয়ে আসে। এখানে ছোট্ট একটি ঘরে তাঁরা আশ্রয় করে নেন।

কিন্তু পরদিনই তাঁরা দেখতে পেলেন পাক-বাহননীর লোকেরা বাড়ীটি ঘিরে ফেলেছে। জনা দশেক সশস্ত্র জওয়ান বাড়ীটার সামনে দাঁড়িয়ে। এই দলের প্রধান ছিল ক্যাপ্টেন সাজ্জাদ আর ক্যাপ্টেন আরিফ। তারা ভেতরে ঢুকে কর্নেল জিয়া ও বেগম জিয়া সম্পর্কে তাঁদেরকে জিজ্ঞাসাবাদ শুরু করে। জনাব হক ও তাঁর স্ত্রী জিয়ার সাথে তাদের সম্পর্কের কথা অস্বীকার করে যান। কিন্তু ক্যাপ্টেন সাজ্জাদ জনাব ও বেগম হকের সাথে তোলা বেগম জিয়ার একটি গ্রুপ ছবি বের করে দেখালে তাঁরা জিয়ার সাথে সম্পর্কের কথা স্বীকার করেন। তবে তাঁরা জানান কর্নেল ও বেগম জিয়া কোথায় আছেন তা তাঁরা জানেন না।

এই পর্যায়ে বিকেল পাঁচটার দিকে জনাব হক ও তাঁর স্ত্রীকে সামরিক বাহিনীর একটি গাড়ীতে তুলে মালিবাগের মোড়ে আনা হয় এবং এখানে মৌচাক মার্কেটের সামনে তাঁদেরকে সন্ধ্যে পর্যন্ত গাড়ীতে বসিয়ে রাখা হয়। এখানেই তাদেরকে জানান হয় যে বেগম জিয়াকে গ্রেফতার করা হয়েছে। এরপর তাদেরকে দ্বিতীয় রাজধানী এলাকা ঘুরিয়ে আবার সূত্রাপুরের বাসায় এনে ছেড়ে দেয়া হয়। এখান থেকে রাতে তারা গ্রীনরোডে জনাব হকের বন্ধুর বাসায় আসেন এবং সেখান থেকে ফিরে আসেন খিলগাঁয়ে তার নিজের বাসায়।

উল্লেখযোগ্য যে এই দিনই জনার এস কে আব্দুল্লাহর সিদ্ধেশ্বরীর বাসা থেকে বেগম জিয়া ও জনাব আব্দল্লাহকে এবং একই সাথে জনাব মুজিবর রহমানকেও পাক-বাহিনী গ্রেফতার করে এবং ৫ই জুলাই তারিখে জনাব মোজাম্মেল হক অফিসের কাজে যোগ দিলে সেই অফিস থেকেই ক্যাপ্টেন সাজ্জাদ তাঁকে গ্রেফতার করে ক্যান্টনমেন্টে নিয়ে যায়।

ক্যান্টনমেন্ট তাঁকে এফ আই ইউ (ফিল্ড ইনভেস্টিগেশন ইউনিট) অফিসে রাত দশটা পর্যন্ত বসিয়ে রাখা হয় এবং দশটায় তাঁকে স্কুল রোডের সেলে নিয়ে যাওয়া হয়।

সেলে প্রবেশের আগে তাঁর ঘড়ি, আংটি খুলে নেয়া হয়। সারাদিন অবুক্ত থাকা সত্ত্বেও তাঁকে কিছুই খেতে দেয়া হয়নি।

পরদিন সকালে তাঁকে এক কাপ মাত্র ঠাণ্ডা চা খাইয়ে নিয়ে যাওয়া হয় ক্যাপ্টেন সাজ্জাদের অফিসে। সাজ্জাদ তাঁর কাছে তাঁর পরিকল্পনার কথা জানতে চায়। তিনি তাঁর কোন পরিকল্পনার কথা অস্বীকার করেন। ক্যাপ্টেন সাজ্জাদ এতে তাঁকে মিথ্যাবাদী বলে অভিহিত করে এবং শাস্তি হিসেবে তাঁকে বৈদ্যুতিক শক দেবার হুমকি দেখায়। কিন্তু এরপরও কোন কথা আদায় করতে না পেরে ক্যাপ্টেন সাজ্জাদ তাঁকে হাজার ওয়াটের উজ্জ্বল আলোর নীচে শুইয়ে রাখার হুকুম দেয়।

হুকুম মত রাতে তাঁকে তাঁর সেলে চিৎ করে শুইয়ে মাত্র হাত দেড়েক ওপরে ঝুলিয়ে দেয় পাঁচশো পাওয়ারের দুটি অত্যুজ্জ্বল বাল্ব। প্রায় চার ঘন্টা অসহ্য যন্ত্রণা তাঁকে ভোগ করতে হয়।

পরদিন আবার তাঁকে ক্যাপ্টেন সাজ্জাদের কছে নিয়ে যাওয়া হয় এবং সাজ্জাদ আবার তার পরিকল্পনার কথা জানতে চায়। জানতে চায় শেখ মুজিবুর রহমানের সাথে তাঁর কি কি কথা হয়েছে, তিনি ভারতে চলে যাবার পরিকল্পনা করেছিলেন কিনা। জনাব হক এ সব কিছুই অস্বীকার করলে ক্যাপ্টেন সাজ্জাদ তাঁর ঘাড়ে প্রচণ্ড আঘাত হানে। এরপর তাঁর সেলে চব্বিশ ঘন্টা হাজার ওয়াটের বাতি জ্বালিয়ে রাখার হুকুম দেয়।

বেলা একটায় তাঁকে সেলে এনেই বাতি জ্বালিয়ে দেয়া হয়। ঘন্টা কয়েক পরেই তিনি অসহ্য যন্ত্রণায় চীৎকার করতে থাকেন। চীৎকার করে তিনি একটি কথাই বলতে থাকেন: আমাকে একবারেই মেরে ফেল। এভাবে তিলে তিলে মেরো না।

তিনি যখন অসহ্য যন্ত্রণায় চীৎকার করছিলেন তখন তাঁর দরজার সামনে এসে দাঁড়িয়েছিলো একজন পাঠান হাবিলদার। তাঁর এই করুণ আর্তি বোধ হয় হাবিলদারটি সইতে পারেনি। তারও হৃদয় বোধ হয় বেদনায় ভারাক্রান্ত হয়ে উঠেছিল মানুষের ওপর মানুষের এই নিষ্ঠুর জুলুম দেখে। আর তাই বোধ হয় সে সেন্ট্রিকে ডেকে হুকুম দিয়েছিল বাতি নিভিয়ে দিতে। বলেছিল, কোন জীপ আসার শব্দ পেলেই যেন বাতি জ্বালিয়ে দেয় আবার জীপটি চলে যাবার সাথে সাথেই যেন বাতি নিভিয়ে দেয়া হয়।

এরপর্ ক্যাপ্টেন সাজ্জাদ তাঁকে আরো কয়েকদিন জিজ্ঞাসাবাদ করে এবং নতুন ধরনের নির্যাতন চালায়। তাঁর কাছ থেকে সারাদিন ধরে একটির পর একটি বিবৃতি লিখিয়ে নেয়া হয় এবং তার সামনেই সেগুলি ছিঁড়ে ফেলে আবার তাঁকে সেগুলি লিখতে বলা হয়। এবং যথারীতি আবার তা ছিঁড়ে ফেলা হয়। এই অবস্থায় ক্লান্তি ও অবসন্নতায় তিনি লেখার ক্ষমতাও হারিয়ে ফেলেন। এদিকে হাজার ওয়াটের উজ্জ্বল আলোর নীচে থাকায় তিনি দৃষ্টি শক্তিও প্রায় হারিয়ে ফেলেন। দিন ও রাতের মধ্যে কোন পার্থক্যই বুঝতে পারতেন না।

২৬ শে জুলাই বিকেলে তাঁকে ইন্টার স্টেটসস্ক্রিনীং কমিটির (আই এস এস সি) ছাউনিতে নিয়ে যাওয়া হয়। এখানে ছোট্ট কামরায় তাঁরা মোট ১১০ জন আটক ছিলেন। বিকেল পাঁচটার দিকে তাঁকে বের করে রান্নাঘরের বড় বড় পানির ড্রাম ভরার কাজ দেয়া হয়। এই কাজে আরো একজনকে তাঁর সাথে লাগানো হয়। তিনি হচ্ছেন জিওলজিক্যাল সার্ভের জনাব এস কে আব্দুল্লাহ। তাঁরা দুজনে প্রায় পোয়া মাইল দূরের ট্যাপ থেকে বড় বড়

বালতিতে করে পানি টেনে তিনটি বড় ড্রাম ভরে দেন। রাতে লাইন করে দাঁড় করিয়ে তাঁদেরকে একজন একজন করে খাবার দেয়া হয়। এতদিন পরে এই প্রথম তিনি খেতে পান গরম ভাত ও গরম ডাল।

পরদিন সকালে তাঁর এবং আরো অনেকের মাথার চুল সম্পূর্ণ কামিয়ে দেয়া হয়।

এখানে বিভিন্ন কামরায় তাঁকে কয়েকদিন আটকে রাখার পর ৬ই আগষ্ট নিয়ে যাওয়া হয় ফিল্ড ইনভেস্টিগেশন সেন্টারে (এফআইসি)। মেজর ফারুকী ছিল এই কেন্দ্রের প্রধান এবং এখানে সকলের ওপর নির্যাতন করার দায়িত্বে নিযুক্ত ছিল সুবেদার মেজর নিয়াজী। ফারুকী এখানে থাকে আবার জিজ্ঞাসাবাদ করে এবং তাকে বিবৃতি দিতে বলে। কিন্তু বিবৃতি লেখানোর নাম করে সেই পুরোনো নের্যাতন আবার শুরু হয়। একটানা তিন দিন ধরে তিনি একই বিবৃতি একের পর এক লিখে গেছেন এবং তাঁর সামনে তা ছিঁড়ে ফেলে আবার এই একই বিবৃতি লিখতে বলা হয়েছে।

৯ই আগষ্ট তাঁকে দ্বিতীয় রাজধানীতে স্থানান্তরিত করা হয় এবং এখানে বিভিন্ন কক্ষে তাঁকে প্রায় দেড় মাস আটক রাখার পর ২১শে সেপ্টেম্বর কেন্দ্রীয় কারাগরে পাঠানো হয়। সেখান থেকে ৩০শে অক্টোবর তিনি মুক্তি পান।

ইতিমধ্যে রাজাকাররা তিনদফা তাঁর বাড়ীতে হামলা চালিয়ে সর্বস্ব লুটপাট করে নিয়ে যায়। সর্বশেষ গত ১৩ই ডিসেম্বর তারা তাঁর গাড়ীটিও নিয়ে যায়।

শিরোনাম	সূত্র	তারিখ
‘বর্বরতার রেকর্ড’	দৈনিক আজাদ	৩ ফেব্রুয়ারী, ১৯৭২

বর্বরতার রেকর্ড
\ রহিম আজাদ প্রদত্ত \

বরিশাল: ’মহাদেবের জটা থেকে’ নয় বাংলা মায়ের নাড়ী ছিঁড়ে জন্ম নিয়েছিলেন যে সোনার মেয়ে সে ভাগীরথীকে ওরা জ্যান্ত জীপে বেঁধে শহরের রাস্তায় টেনে টেনে হত্যা করেছে। খান দস্যুরা হয়তো পরখ করতে চেয়েছিল ওরা কতখানি নৃশংস হতে পারে। বলতে হয় এক্ষেত্রে ওরা শুধূ সফলই হয়নি, বর্বরতার সব রেকর্ড ছাড়িয়ে গেছে।

অষ্টাদশী ভাগীরথী ছিল বরিশাল জেলার পিরোজপুর থানার বাঘমারা কদমতলীর এক বিধবা পল্লীবালা। বিয়ের এক বছর পর একটি পুত্র সন্তান কোলে নিয়েই তাকে বরণ করে নিতে হয় সুকঠিন বৈধব্য।

স্বামীর বিয়োগ ব্যথা তাঁর তখনও কাটেনি। এরই মধ্যে দেশে নেমে এল ইয়াহিয়ার ঝটিকা বাহিনী । গত মে মাসের এক বিকালে ওরা চড়াও হলো ভাগীরথীদের গ্রামে। হত্যা করলো অনেককে যাকে যেখানে যেভাবে পেলো।

এ নির্বিচার হত্যাযজ্ঞের মধ্যেও ভাগীরথীকে ওরা মারতে পারলো না। ওর দেহলাবণ্য দস্যুদের মনে যে লালসা জাগিয়েছিল তাতেই হার মানল তাদের রক্তপিপাসা। ওকে ট্রাকে তুলে নিয়ে এল পিরোজপুরে। তারপর ক্যাম্পে তার উপর চালানো হলো হিংস্র পাশবিক অত্যাচার।

সতী নারী ভাগীরথী। এ পরিস্থিতিতে মৃত্যুকে তিনি একমাত্র পরিত্রাণের উপায় বলে ভাবতে লাগলেন। ভাবতে ভাবতেই এক সময় এল নতুন চিন্তা হ্যাঁ মৃত্যুই যদি বরণ করতে হয় ওদেরই বা রেহাই দেব কেন?

ভাগীরথী কৌশলের আশ্রয় নিল এবার। এখন আর অবাধ্য মেয়ে নয় দস্তুরমত খানদের খুশী করতে শুরু করল, ওদের আস্থা অর্জনের আপ্রাণ চেষ্টা চালাতে লাগলো।

বেশী দিন লাগলোনা অল্প ক’দিনেই নারীলোলুপ ইয়াহিয়া ওর প্রতি দারুণ আকর্ষণ অনুভব করল। আর এই সুযোগে ভাগীরথী ওদের কাছ থেকে জেনে নিতে শুরু করল পাক বাহিনীর সব গোপন তথ্য।

এক পর্যায়ে বিশ্বাস ভাজন ভাগীরথীকে ওরা নিজের ঘরেও যেতে দিল। আর কোন বাঁধা নেই। ভাগীরথী এখন নিয়মিত সামরিক ক্যাম্পে যায় আবার ফিরে আসে নিজ গ্রামে।

এরই মধ্যে চতুরা ভাগীরথী তাঁর মূল লক্ষ্য অর্জনের পথেও এগিয়ে গেল অনেকখানি। গোপনে মুক্তিবাহিনীর সাথে গড়ে তুলল ঘনিষ্ট যোগাযোগ।

এরপরই এল আসল সুযোগ। জুন মাসের একদিন ভাগীরথী খান সেনাদের নিমন্ত্রণ করলো তাঁর নিজ গ্রামে। এদিকে মুক্তিবাহিনীকেও তৈরী রাখা হলো যথারীতি। ৪৫ জন খান সেনা সেদিন হাসতে হাসতে বাগমারা কদমতলা এসেছিল কিন্তু তার মধ্যে মাত্র ৪/৫ জন ক্যাম্পে ফিরতে পেরেছে বুলেটের ক্ষত নিয়ে কাঁদতে কাঁদতে। বাকিরা ভাগীরথীর গ্রামেই শিয়াল কুকুর শকুনের খোরাক হয়েছে।

এরপর আর ভাগীরথী ওদের ক্যাম্পে যায়নি। ওরাও বুঝেছে, এটা তারই কীর্তি। কীর্তিমানরা তাই হুকুম দিল জীবিত অথবা মৃত ভাগীরথীকে যে ধরিয়ে দিতে পারবে তাকে নগদ এক হাজার টাকা পুরস্কার দেয়া হবে।

কিন্তু ভাগীরথী তখনও জানতো না ওর জন্য আরও দু:সহ ভবিষ্যৎ অপেক্ষা করছে। একদিন রাজাকারদের হাতে ধরা পড়লো ভাগীরথী। তাকে নিয়ে এল পিরোজপুর সামরিক ক্যাম্পে।

খান সেনারা এবার ভাগীরথীর উপর তাদের হিংস্রতার পরীক্ষার আয়োজন করলো । এক হাটবারে তাকে শহরের রাস্তায় এনে দাঁড় করানো হলো জনবহুল চৌমাথায়। সেখানে প্রকাশ্যে তার অঙ্গাবরণ খুলে ফেলল কয়েকজন খান সেনা। তারপর দু'গাছি দড়ি ওর দু'পায়ে বেঁধে একটি জীপে বেঁধে জ্যান্ত শহরের রাস্তায় টেনে বেড়াল ওরা মহাউৎসবে। ঘন্টখানেক রাজপথ পরিক্রমার পর আবার যখন ফিরে এল সেই চৌমাথায় তখনও ওর দেহে প্রাণের স্পন্দন রয়েছে।

এবার তারা দু'টি পা দু'টি জীপের সাথে বেঁধে নিল এবং জীপ দ'টিকে চালিয়ে দিল বিপরীত দিকে। ভাগীরথী দ'ভাগ হয়ে গেল। সেই দ'ভাগে দু'জীপে আবার শহর পরিক্রমা শেষ করে জল্লাদ খানরা আবার ফিরে এল সেই চৌমাথায় এবং এখানেই ফেলে রেখে গেল ওর বিকৃত মাংসগুলো।

একদিন দু'দিন করে মাংসগুলো ঐ রাস্তার মাটির সাথেই একাকার হয়ে গেল এক সময়। বাংলামায়ের ভাগীরথী এমনিভাবে আবার মিশে গেল বাংলার ধূলিকণার সাথে।

কেবল ভাগীরথী নয়, আরও দু'জন মুক্তিযোদ্ধাকেও ওরা এমনি করে পিরোজপুর শহরে হত্যা করেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
রমনা পার্কের বধ্যভূমি	দৈনিক বাংলা	৮ ফেব্রুয়ারী, ১৯৭২

রমনা পার্কের বধ্যভূমি
ক্ষয়ে যাওয়া পোষাক দেখে কি
তাদের সনাক্ত করা যাবে?
\ হাসিনা আশরাফ \

রমনা পার্কের উত্তর পূর্ব কোণটা কি পাক সামরিক চক্রের কোন বধ্যভূমি সমাধিস্থল? রাজধানী ঢাকার কেন্দস্থলে অবস্থিত রমনা পার্কের উত্তর কোণটার যেদিকে ভূতপূর্ব প্রেসিডেন্ট হাউসের সীমানা শুরু হয়েছে, তার থেকে কিছুটা ভেতরের দিকেই এটি অবস্থিত। পুরো জায়গাটাই প্রায় জুড়ে রয়েছে, বেগুনী বর্ণের বোগেন ভিলা বা বাগান বিলাসের রঙিন কুঞ্জ।

এই ঝোপটির নীচে বড় বড় কয়েকটি গর্তে এবং পাশের উঁচু স্থানে ইতস্তত ছড়িয়ে রয়েছে নরকংকালের অস্থি এবং মাথার খুলি। মাটির সাথে সমান হয়ে ছড়িয়ে আছে হঠাৎ দেখলে বোঝা যায় না। জায়গাটা যে সত্যিকার কতখানি বিস্তৃত বার থেকে তা আজ বেঝার উপায় বেই। তবে এখানকার অনেকেই জানিয়েছে যে, পশরা অসংখ্য মানুষকে ট্রাকে করে প্রেসিডেন্ট হউসের মধ্যে নিয়ে হত্যা করার পর গর্তের মধ্যে পুঁতে রাখতো।

বৃষ্টির পানিতে গর্তগুলো যখন ভরে যায় তখন পানির সাথে সাথে কতকগুলো আধপচা লাশ এবং সঙ্গে অসংখ্য স্কুল, কলেজের বই লেসে উঠতো। এসব লাশের মধ্যে কয়েকটি লাশের লম্বা চুল এবং দেহের গঠন দেখে মহিলা বলে চেনা গিয়েছিল। রমনা পার্কের নিভৃত এই প্রান্তে কোন হতভাগা ভাইবোনদের সমাধি স্থল যে রচিত হয়েছিল কংকালের অস্তি আর ভগ্ন খুলির মাঝে, আজ তা জানা যাবে না।

তবে প্রশ্ন জাগে মনে এরা কি সেই হতভাগা পুলিশ ভইদের কেউ, যারা অসহযোগ আন্দোলনের সময় দস্যু ইয়াহিয়াকে পাহারা দেবার জন্য প্রেসিডেন্ট হাউসে নিযুক্ত হয়েছিল; প্রশ্ন জাগে মনে, এরা কি সেই ছাত্র ভইদের কেউ, যারা শুধু দেশপ্রেমের শপথ নিয়ে জীবন্ত আত্মার তাগিদে শূন্য হাতে রুখে দাঁড়িয়েছিল জল্লাদ পাক বহিনীর বিরুদ্ধে?

শিরোনাম	সূত্র	তারিখ
সাভারের কয়েকটি হত্যা কাহিনী	দৈনিক সংবাদ	১১ ফেব্রুয়ারী, ১৯৭২

আম কাঁঠালের আর শন বনে ঘেরা সাভার জনপদ
আজ কাঁদছে: আমার সন্তানকে ফিরিয়ে দাও

শহরের একঘেয়ে জীবনের ক্লান্তি দূর করতে আর চিত্তবিনোদনের জন্য প্রতি রোব্বার অসংখ্য লোকের ভীড় জমে এখানে । সেই প্রকৃতি সুন্দরী সাভার আজ হাহাকার করছে।

হারানো মানিকের দিকে যেন সাভার অপলক দৃষ্টি রেখে হতভম্বের মত দাঁড়িয়ে আছে। কি যেন তার জিজ্ঞাসা বুঝা কঠিন। হয়তো বলবে আমার সোনার মানিকদের ফিরিয়ে দাও। কত অফুটন্ত ফুলের কুড়ি অকালে ঝরে পড়েছে। কে তার হিসাব রেখেছে। বাংলার হাটে, মাঠে, ঘাটে, ছড়িয়ে অসংখ্য নরকংকাল। এদের একত্র করলে হয়ে উঠবে এক কঙ্কালের পাহাড়।

বর্বদের পৈশাচিক তা থৈ থৈ নৃত্য শেষ হয়ে গেছে। কিন্তু এখন শিয়াল, কুকুর শকুনি খুঁজে বেড়াচ্ছে এর মাংস। এমনি এক অভাগিনী স্বামীহারা সাভারের হরিপদ মজুমদারের স্ত্রী। শভ্র বসনে বসে রয়েছেন। পাশেই তার ছোট বোন সান্তনা দিচ্ছে নানা কথা বলে। কিন্তু তার অবুঝ মন মানে না। কোলের শিশু নানা প্রলোভন দেখালেই কান্না থেমে যায়। হরিপদ বাবুর কথা জিজ্ঞাসা করা হলো, কিন্তু চকিত চাহনীতে তাকিয়ে আছে। কোন ভাষা নেই তার মুখে। কি যেন বলতে চাইছে অথচ কণ্ঠ রুদ্ধ হয়ে আসছে। ''মুন্সগঞ্জের কেওয়াড় গ্রামের পাশে একটি খাল আছে। সেই খালের পাশে গেলে দেখতে পাবেন কতকগুলো নরকংকাল ছড়িয়ে রয়েছে এদিকে ওদিকে। ওরই মাঝে শুয়ে রয়েছে হরিপদ মুজমদারের কংকালটা।'' অপলক দৃষ্টিতে দীর্ঘনি:শ্বাস ফেলে কথা কটি বলল মজুমদারের শ্যালিকা। হরিপদ মুজমদারের বয়স হয়েছিল মাত্র ৩৫ বৎসর। কর্মজীবন সবেমাত্র শুরু। ব্যাক্তিগতভাবে তার সাথে মিশে দেখেছি। সদালাপী, শান্ত, দৃঢ়, প্রত্যয়ী এবং অমায়িক পুরুষ। ভবিষ্যত গড়ার সুদুরপ্রসারী পরিকল্পনা তার ছিল। ছোট সংসার। তখন মাত্র ২ টা বাচ্চা- যখন তার সাথে প্রথম পরিচয়। এখন তার ৫ টি সন্তান।

ফরিদপুরের মুকসুদপুরে লাইভষ্টক ডিপার্টমেন্টের ফিল্ড এ্যাসিসটেন্ট। এর উপর নির্ভর করত তার সুখের সংসার। ৭ই মার্চে বঙ্গবন্ধু নির্দেশ দিলেন 'সকল কলকারখানা ব'ন্ধ। তাই কাজে যোগ দেননি। তারপর ২৫শে মার্চ নিয়ে এলো বাংলার বুকে ঘন তমসাচ্ছন্ন এক বিভীষিকাময় রাত। দিকে দিকে আগুন আর কান্নার রোল। হরিপদ মজুমদার পালাল। এসে স্থান নেয়েছিল মুন্সিগঞ্জের কেওড়ার গ্রামে। কিন্তু মৃত্যুর সাথে এত সংগ্রাম করেও সে বাঁচতে পারেনি। ''পালাবার পথ নেই যম আছে পিছে।'' ১৪ই মে। নেমে এলো জীবনের শেষ পরিণতি হরিপদ মজুমদারসহ আরও ২১টি নিষ্পাপ প্রাণের। পাক মেজর জাভেদ আক্তারের পরিচালনায় গ্রাম ঘেরাও করা হলো। এরা ২২ জন ধরা পড়লো। খালের পাড়ে সারিবদ্ধভাবে দাঁড় করান হলো। তারপর নৃশংস অত্যাচার। তাদের হৃদয়বিদারক চীৎকার হয়ত তখন গাছের কচি পাতাগুলোও ঝরে পড়েছিল।

কিন্তু নরপশুদের এতটুকু মমতা ছিল না। হঠাৎ কয়েকবার গুলির আওয়াজ শুনা গেল। তারপর তাদের সেই মর্মস্পর্শী চীৎকার ধীরে ধীরে কোন অতল তলে তলিয়ে গেল বলা যায় না।

হরিপদ মুজমদার আর নেই। কিন্তু তার পরিবারের শোকের ছায়া এখানো স্তিমিত হয় নাই। বিধবা স্ত্রী উচ্চস্বরে না কাঁদলেও তার দু'গণ্ড বেয়ে অশ্রুধারা যেভাবে অঝোরে নীরবে ঝরছিল তাতেই তার শোকের পরিমাণ অনেকটা বুঝা যাচ্ছিল।

সাভারের দায়িত্বশীল ও নেতৃস্থানীয় লোকদের মুখ মনে করলেই স্ত্রী বিরেন্দ্র কৃষ্ণ রায়ের কথা প্রথমে মনে পড়ে। ১৯৭১ সালে সাভারের নির্বাচনে যারা আওয়ামী লীগের পক্ষে প্রাণপণ লড়েছেন তাঁদির মধ্যে রয়েছেন জগদীস সাহা, ডা: গুরুদাস সাহা এবং বিরেন্দ্র কৃষ্ণ রায়। কিন্তু আজ? সে আজ পুত্র শোকাতুর। সাভারে নিহতদের মধ্যে অন্যতম হরিপদ মজুমদার ও বিরেন্দ্র বাবুর বাড়ী পাশাপাশি। পাশাপাশি একজন বাস করছে স্বামীহারা অবলা নারী। অপর জন পুত্রহারা নারী।

এমন স্বামীহারা, পুত্রহারায় আজ বাংলার বুক ছেয়ে গেছে। দ্বিতীয় ছেলে নির্মল রায়। বয়স মাত্র ৩২ হয়েছিল। ঢাকাতে ডুলিচান ফার্মের গোডাউন ইনচার্জ। একজন ভাল খেলোয়াড়। স্থির বিনম্র দৃষ্টি। মিষ্টি ব্যবহার। সাভারের নির্মল রায় নামটি বললে সবার মানসপটে ভেসে ওঠে সে নির্মল রায়। আজ আমাদের মধ্যে নেই। হারিয়ে গেছে লক্ষ হতভাগ্যের মাঝে।

৮ই ডিসেম্বর। ভোর রাত। অন্যান্যসহ নর্মিলও তখন রয়েছে ঘুমিয়ে। হঠাৎ বাহিরে বিকট আওয়াক। সকলেরই ঘুম ভেংগে গেল। উঠে দাঁড়াতেই দেখা গেল চারদিকে কুখ্যাত আল-বদর পাক বাহিনীর কয়েকজন তাদের সবার দিকে অস্ত্র নিশানা করে দাঁড়িয়ে হিংস্র দৃষ্টিতে আপাদমস্তক অবলোকন করছে।

তারপর নির্মলসহ অন্যান্য কয়েকজনকে পাশেই এক বদ্ধভূমিতে নিয়ে যাওয়া হল। কিছুক্ষণ নিস্তব্ধ। তারপর কয়েকটি গুলির আওয়াজ এবং সঙ্গে সঙ্গে হৃদয়বিদারক চীৎকার। তারপর গভীর নীরবতা, সব শেষ। ছেলের এমন মৃত্যুকাহিনী বলতে এক সময় নিজেকে আর সামলাতে পারলেন না বিরেন্দ্র রায়। ছেলের ছবি বুকে ধরে হাউমাউ করে কেঁদে ফেললেন। ''যে নির্মল আজীবন স্নেহ লালিত্যে মানুষ, একটা কটু কথা বলা যার অভ্যাস নেই আর আজ আমার নির্মলের এ কি পরিণতি।''

ডুলীচাঁদ ফার্ম থেকে নির্মল রায়ের সাথে যারা জীবনের শেষ সঙ্গী হয়েছিলেন তাদের একজন হলেন সূর্য কান্ত রায়। শেষ বয়সী ভদ্রলোক। উক্ত ফার্মের একজন পদস্থ কর্মচারী। সূর্য কান্ত রায়ের স্ত্রী তার একখানা ফটো বের করে দিলেন। তারপর বিলাপ এবং কান্না।

উমেশ চন্দ্র সাহা। বয়স মাত্র ২৮ বৎসর। সংসারের দারিদ্রকে কাটিয়ে উঠতে ম্যাট্রিক পাশ করার পরেই এই ফার্মের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ঐ একই দিনে তাদের শরীক হতে হয়েছিল জয় গোপাল সাহার। ব্যাক্তিগত জীবনে ছিলেন ধীর, স্থীর, নম্র, শান্ত এবং দৃঢ়প্রত্যয়ী। সর্বশেষ যে মধ্য বয়সী ব্যক্তি তিনি হচ্ছেন মতিলাল সাহা। ডুলীচাঁদ ফার্মেরই একজন কর্মচারী। বর্বরদের হাত হতে রেহাই পাননি, ওদের সবার সাথে মতিলাল সাহার আত্নাহুতি দিতে হয়েছিল ৮ই ডিসেম্বরের কালো রাতে।

শিরোনাম	সূত্র	তারিখ
রংপুর জেলাটাই যেন বধ্যভূমি	দৈনিক বাংলা	১৯ জানূয়ারী, ১৯৭২

রংপুর জেলাটাই যেন বধ্যভূম: শিক্ষক শ্রমিক
ছাত্র কিষান-কিষানীর অতলান্ত
সেই রক্তস্রোত

"আবার গোলযোগ হলে আমাদের পালানোর জায়গা আছে। ভরতে গিয়ে আশ্রয় নেবো, বেঁচে যাবো। ভাই, আপনারা যাবেন কোথায়? আপনাদের যে আর কোন পথ রইলো না।" প্রিয় মুসলিম সহকর্মীদের জন্য অকৃত্রিম সমবেদনায় সহকারী অধ্যাপক রেজাউল হককে এই কথাগুলো বলেছিলেন বরিশাল জেলার অধিবাসী অধ্যাপক রামকৃষ্ণ অধিকারী। ১৯৬৯ সালের মার্চ মাসে। আইয়ুবের যোগ্যতর উত্তরসূরি রক্তপিপাসু নয়া সামরিক শাসক ইয়াহিয়ার সামরিক শাসন জারীকে কেন্দ্র করেই তাদের মধ্যে কথা হচ্ছিল।

কিন্তু না। অধ্যাপক অধিকারী পালাতে পারেননি। বাঁচাতেও পারেননি তার প্রাণ। তার এই তাৎপর্যবহ মন্তব্যের সাক্ষী দেওয়ার জন্য সৌভাগ্যেক্রমে অধ্যাপক রেজাউল হক আজও বেঁচে আছেন। ১৯৭১ এর ২৫শে মার্চ ইয়াহিয়ার জল্লাদ বাহিনীর আক্রমণ শুরুর পর অধ্যাপক অধিকারী পালিয়ে ছিলেন। গাইবান্ধা মহকুমার সুন্দরগঞ্জে গিয়েছিলেন। যাওয়ার সময় অপর সহকর্মী অধ্যাপক আবুল কাশেমকে বলেছেন টাকা-পয়সা নেওয়ার জন্য কেউ যদি মেরে ফেলে তাদের হাতে মরতেও রাজী আছি। কিন্তু বর্বর খানসেনাদের হাতে নয়। বেতন নেয়ার জন্য রংপুরে এসেছিলেন। কিন্তু বেতন নিয়ে আর ফিরে যেতে পারেননি।

১৯৭১ সালের ৩০শে এপ্রিল। রপুর কারমাইকেল কলেজের ২ মাইল দক্ষিণ-পূর্বে দমদমার পুলের নীচে তার অপর তিন সহকর্মী রসায়নের লেকচারার কুমিল্লার শ্রী কালিচাঁদ রায় ও তার পিতা, দর্শনের লেকচারার বরিশালের শ্রী শুনেল বরণ চক্রবর্তী ও গণিতের লেকচারার বরিশালের শ্রী চিত্তরঞ্জন রায়ের সাথে খুনি পাক সেনাদের গুলিতে প্রাণ হারান।

বাড়ী গিয়েও রেহাই নেই

রংপুর কারমাইকেল কলেজের উর্দু বিভাগের প্রধান অধ্যাপক শাহ মোহাম্মদ সোলায়মান দিনাজপুরে তার গ্রামের বাড়ীতে গিয়েছিলেন। গ্রামের বাড়ী দেকেই সেনাবাহিনী তাকে ধরে নিয়ে যায়। তারপর তাঁর আর কোন খোঁজখবর পাওয়া যায়নি।

তিনি কাজে যোগ দিতে পারেননি

রসায়নের লেকচারার কুড়িগ্রাম মহকুমার নাগেশ্বরীর অধিবাসী জনাব আব্দুর রহমান মে মাসের শেষদিকে কাজে যোগ দেওয়ার জন্য রওনা হয়েছিলেন। কিন্তু তাঁর কাজে যোগ দেওয়া আর হয়নি। তখন হয়ত এ দু'জন অধ্যাপক হত্যা করেছে। খান সেনাদের হাতে নৃশংসভাবে নিহত হয়েছেন রংপুর শহরের বিশিষ্ট সমাজ কর্মী ও রাজনৈতিক নেতা জনাব ইয়াকুব মাহফুজ আলী।

এপ্রিল মাসের গোড়ার দিকে রংপুরের শ্মশান ঘাটে তার সাথে আরো ১০ জনকে এক সঙ্গে হত্যা করা হয়েছে এক দিনে।

আর পাক সেনাদের আত্মসমর্পণের পূর্বমুহুর্তে ১২ই ডিসেম্বর থেকে ১৬ই ডিসেম্বরের কোন এক সময়ে রংপুর বার-এর বিশিষ্ট আইনজীবী একনিষ্ঠ রাজনৈতিক কর্মী রংপুর জেলা ন্যাপের ভাইস প্রেসিডেন্ট শ্রী শিবেন মুখার্জীকে সম্ভবত: হত্যা করা হয়েছে। শেষ দিকে তিনি দিনাজপুরে জেলে ছিলেন । ১১ই ডিসেম্বর তাকে মুক্তি দেওয়ার নাম করে দিনাজপুর জেল থেকে বের করে আনা হয়। তারপর আর শিবেন বাবুর কোন খোঁজ মেলেনি।

কত যে বধ্যভূমি

গোটা জেলায় প্রতিটি শহরে মহকুমায়, থানায় আনাচে কানাচে, কত যে বদ্ধভূম আছে তার অন্ত নেই। বিশ, পঁচিশ, পঞ্চাশ নয়, যেখানে শত শত এমনকি হাজার হাজার লোককে মেরেছে এমন বধ্যভূমিগুলির মধ্যে উল্লেখ করার মত রংপুর শহরও সদর মহকুমার নবিরহাট, জাফরগঞ্জের পুল, নিশবেতগঞ্জ, শ্মাশান ঘাট (রংপুর শহরের কাছে) সাহেবগঞ্জ এবং রংপুর শহরের কাছে মডার্ন সিনেমা হলের পিছনে এবং দেবিপুর।

এসব এলাকায় মানুষের হাড়গোড় অসংখ্য পড়ে আছে। ভাল করে খনন করা হলে শত শত নয় হাজার হাজার মানুষের কংকাল খুঁজে পাওয়া যাবে। রংপুর শহরের উপকণ্ঠে কুকুরণের বিলে বহু মানুষকে হত্যা করা হয়েছে।

গাইবান্ধা

এ ছাড়া গাইবান্ধা শহরের হেলাল পার্ক, লালমনির হাট, শহর, এবং সৈয়দপুরে হাজার হাজার নিরস্ত্র অসহায় মানুষকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। সুন্দর গানুর এলাকা থেকে বহু ঘরের মা, বোনদের ধরে এনে পাশবিক লালসা চরিতার্থ করে হত্যা করা হয়েছে। রংপুর শহরের উপকণ্ঠে অবস্থিত উত্তম নামক স্থানের রিক্সাচালক আহাব উদ্দিন মডার্ন সিনেমা হলের পিছনের একদিনের হত্যাকাণ্ডের একজন প্রত্যক্ষদর্শী।

গত নবেম্বর মাসের ৮ তারিখে আমি যখন রংপুর রেলষ্টেশনে আমার রিক্সার খোঁজ পাই তখন জুম্মাপাড়া নিবাসী পাক বহিনীর জনৈক দালাল আমাকে ন্যাপের কর্মী হিসাবে দুষ্কৃতকারী ও মুক্তি ফৌজ বলে পাক বাহিনীকে সনাক্ত করে দেয়। তখন পাক বাহিনীর জোয়ানরা আমাকে আটক করে রংপুর মর্ডান হলে নিয়ে যায়। সেখানে আমাকে ১৪ দিন আটক করে রাখে। আটক অবস্থায় পাঞ্জাবী পুলিশ আমার দু'হাত বেঁধে ঝুলিয়ে রেখে আমাকে অমানুষিক অত্যাচার করে। তের দিন পর আমাকে ও আমার সাথে আটক আরো ১৩ জন লোককে যথাক্রমে লালমনির হাটের এক ক্ষত্রিয়মেয়ে, জিনকি, মালেকা, গাইবান্ধার আলী হোসেন, ফারুক, পলাশবাড়ীর আশরাফ আলী, রংপুর উপশহরের রিক্সাচালক আলী ও অন্যান্য সবাইকে রাত্রি ১০ টার সময় মডার্ন হলের পিছনে নিয়ে যায়। আমার সামনে তিনজন পাঞ্জাবী পুলিশ (এদের মধ্যে আজমল খান নামক এক সুবেদার পরে মুক্তিবাহনীর হাতে নিহত হয়েছে) পরপর পাঁচজনকে যথাক্রমে জিনকি, মালেকা, আলী হোসেন, ফারুক ও আর একজনকে যার নাম জানে না আমার সামনে জবাই করেছে। তখন আমি অন্ধকারের সুযোগ নিয়ে প্রাণভয়ে হামাগুড়ি দিয়ে পাশের জঙ্গলে লুকিয়ে আত্মরক্ষা করি এবং পরে সুযোগ বুঝে পালিয়ে যাই।

যখন আমি মডার্ন হলে আটক ছিলাম তখন সেখানে ৩৪০ জন লোক ছিল। তাদের উপর যে অমানুষিক অত্যাচার চালানো হয়েছে তা বর্ণনা করা যায় না।

শিরোনাম	সূত্র	তারিখ
''আমার ভাইকে তোমরা হত্যা করো না''	দৈনিক ইত্তেফাক	২২ জানূয়ারী, ১৯৭২

''আমার ভাইকে তোমরা হত্যা করো না''

সৈয়দ আকবর হোসেন মিত্র বাহিনী ও মুক্তিযোদ্ধাদের দুর্বার আক্রমণে পলায়নপর পাকিস্তানী বর্বর জল্লাদদের হাতে ব্রাক্ষনবাড়িয়া নিহত হয়েছেন। ব্রাক্ষণবাড়িয়া মুক্ত হওয়ার ঠিক আগের দিনে নৃশংস হত্যাযজ্ঞের শিকার তিনি। আগরতলা থেকে নভেম্বর মাসে তিনি তার গ্রাম সরাইলে ফিরে আসেন। সেখানকার অবস্থা সম্পর্কে মুক্তিবাহিনীকে প্রয়োজনীয় সংবাদ সরবরাহের উদ্দেশ্যে। রাতের বেলায় হিংস্র পাকিস্তানী পশুরা অতর্কিতে তার গ্রামের বাড়ী ঘিরে ফেলে।

তার ছোট ভাই সৈয়দ আফজাল হোসেন (যিনি গেরিলা বাহিনীর সদস্য ছিলেন) তাকেও আকবর হোসেনের সাথে গ্রেফতার করা হয়। ডিসেম্বর মাসের ৬ তারিখে (১৯৭১) যখন উভয়কে চোখ বাঁধা অবস্থায় হত্যা করার উদ্দেশ্যে বধ্যভূমিতে নিয়ে যাওয়া হয় তখন আকবর হোসেনের ছোট ভাই আফজাল হোসেন জল্লাদদের কাছে অনুনয় করে বলেন,-''আমাকে হত্যা কর। আমি নিজেকে মুক্তিবাহিনীর সদস্য স্বীকার করছি। আমার ভাইকে তোমরা হত্যা কর না। তিনি নির্দোষ। আমি ছেলেমানুষ। আমি অবিবাহিত। আমাকে মেরে ফেলা হলে কারো কোন ক্ষতি হবে না। আমার ভাই বিবাহিত তিনটি শিশুসন্তানের পিতা। নিষ্পাপ শিশুদেরকে এতিম করবে না। ওদেরকে দেখাশুনা করার মতন কেউ আর পৃথিবীতে নাই।'' সে আকুল আবেদন নির্মূল হলো। গর্জে উঠলো মেশিনগান। অন্যান্য ৪০ জন বুদ্ধজীবীর সাথে মাটিতে লুটিয়ে পড়ে দুই ভাই-এর নশ্বর দেহ। একই মায়ের দু'ছেলে একই মুহুর্তে জীবনের শেষ রক্ত বিন্দু পর্যন্ত ঢেলে দিয়ে বাংলার শস্য শ্যামল বুককে আরো উর্বর করে দিয়ে গেল। আকবর হোসেন ঢাকা হাইকোর্ট বার এর এডভোকেট ছাড়াও কুমিল্লা জেলা আওয়ামী লীগ কার্যকরী সংসদের সদস্য ও মগবাজার আওয়ামী লীগ ইউনিট এর ভাইস প্রেসিডেন্ট ছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
কংকালের মিছিল এখানে	দৈনিক সংবাদ	৩ ফেব্রুয়ারী, ১৯৭২

নরপশু পাকসেনাদের ধ্বংসযজ্ঞের আর এক
অধ্যায়: কংকালে মিছিল এখানে

বাংলাদেশের প্রতিটি গৃহাঙ্গন যেন এক একটি বধ্যভূমি। প্রতিটি ভিটা এক একটি শহীদ মিনার। পল্লীর শ্যামল দিগন্ত তাই বেদনায় মলিন। বিস্তৃত মাঠের মাটি ঘাসে লেগে আছে শহীদের রক্ত। নরসিংদী শহরের অদূরে নরসিংদী তারাবো রাস্তার খাটারা পুলটিও হানাদার জল্লাদদের একটি বধ্যভূমি। নরপিশাচরা এই সেতুটিকে পরিণত করেছিল নির্যাতন কেন্দ্রে ও বধ্যভূমিতে।

হায়েনার দল পার্শ্ববর্তী এলাকা থেকে তরুণ, তরুণী, ছেলে, বুড়ো নির্বিচারে সকলকে ধরে নিয়ে আসতো এখানে। ওদের উপর চলতো নির্যাতন। নির্যাতনের পর্ব চুকলে তাদের হত্যা করে লাশগুলো পুলের আশেপাশে মাটিচাপা দিয়ে রাখা হতো। হত্যালীলার নীরব সাক্ষী এই পুলের চারিদিকে বহু নর কঙ্কাল ও মাথার খুলি আজও ছড়িয়ে আছে।

ব্যাপক অনুসন্ধানে পাক বাহিনীর নিষ্ঠুরতম নির্যাতান ও পাইকারী নরহত্যার অনেক মর্মন্তুদ কাহিনী প্রকাশ হতে পারে বলে সকলে মনে করেন। স্থানীয় সমাজকর্মীরা অনুসন্ধান চালিয়ে ইতিমধ্যেই ঝাটারা পুলের আশেপাশের পতিত জমি থেকে বহু নরকঙ্কাল উদ্ধার করেছেন। এসব নর কঙ্কালের মধ্যে একটি কঙ্কাল জনৈক মহিলার বলে অনুমান করা হচ্ছে।

কঙ্কালগুলোর আশেপাশে পাওয়া পোশাক পরিচ্ছদ ছাড়া অন্য কিছু দ্বারা হতভাগ্য ব্যক্তিকে সনাক্ত করা সম্ভব নয়। তেমনি অনুমানের ভিত্তিতে ঐ কঙ্কালটি কোন যুবতীর বলে ধারণা হচ্ছে। কারণ কঙ্কালটির হাতে কাঁচের চুড়ি রয়েছে। আরো একটি কঙ্কাল সনাক্ত করা সম্ভব হয়েছে সেখানে। এই কঙ্কালটি শিবপুর থানার করার চর গ্রামের জনৈক ব্যক্তির। পোশাক-পরিচ্ছেদ দেখে আরো দুটি কঙ্কাল সনাক্ত করা হয়েছে। সম্ভব কঙ্কাল দুটি নরসিংদী মহাবিদ্যালয়ের নিখোঁজ দুজন হিন্দু অধ্যাপকের বলে উদ্ধারকারীরা ধারণা করেছেন। তাঁত বস্ত্রের জন্য সমধিক প্রসিদ্ধ সেখের চরের জনৈক সমাজকর্মী আমাদের প্রতিনিধিকে জানান যে, বিভিন্ন এলাকা থেকে যুবতীদের ধরে এনে হানাদার পাক সেনারা নরসিংদী টেলিফোন একচেঞ্জে নিজেদের পাশবিক প্রবৃত্তি চরিতার্থ করতো। যারা নরপশুদের কাছে আত্মসর্পণ করতো না তাদের হত্যা করা হতো। তারপর সেই মৃতদেহের উপর পাশবিক প্রবৃত্তি চরিতার্থ করে লাশগুলো ফেলে দেওয়া হতো।

এই একচেঞ্জেই নরপশুরা ক্যাম্প খুলেছিল। এখান থেকেই নরপশুরা দালালদের সাহায্যে রাতে গ্রামে হানা দিয়ে বাঙ্গালী নর-নারীদের ধরে আনতো। তারপর তারদর উপর চালাতো বর্বর অত্যাচার। নির্যাতন শেষে তাদের এই খাটারা পুলের কাছে এনে হত্যা করতো। পাঁচদোলাপুল ও খাটারাপুল ছাড়াও আরো কয়েকটি বধ্যভূমি রয়েছে নরসিংদীতে। সেগুলো হচ্ছে পুটিয়া পুল, সানখোলা পুল, খাসির দিয়া রায়পুরা থানার হাটু ভাংগা, বাদুয়ার চর রেলপুল। এসব বধ্যভূমিতে কত বাঙ্গালী লাঞ্চিতা, ধর্ষিতা, মা-বোনের বিদেহী আত্মা আজো হাহাকার করে ফিরছে তার হিসেব কেউই দিতে পারবে না।

বাংলার মানুষদের হত্যা করে, তাদের বসতবাটি জ্বালিয়ে, সম্পত্তি লুট করে কৃষককের গবাদি পশু জবাই করে, মাঠের ফসল বিনষ্ট করেই এসব নরপশুরা ক্ষান্ত হয়নি, তাদের ধ্বংসযজ্ঞ থেকে রক্ষা পায়নি শিক্ষা ও ধর্মীয়

প্রতিষ্ঠান, এমনকি সমজিদ মন্দির গীর্জাও। স্যার কেজি গুপ্ত হাই স্কুলটিও এইসব বর্বর পশুরা অগ্নিসংযোগে ভস্মীভূত করে। জিনারদি এলাকার অবিভক্ত বাংলার কৃতী সন্তান স্যার কে, জি গুপ্ত ১৯১৯ সালে নরসিংদী তারাবো রাস্তার পাশে এই স্কুলটি স্থাপন করেন। তার নামানুসারেই স্কুলটির নামকরণ করা হয়। এই স্কুলের সন্নিকটে অবস্থিত পাঁচদোলা পুল। এখানেই ছিল নর পশুদের একটি ক্যাম্প। নরপশূরা নারী নির্যাতন, নারী ধর্ষণ, লুণ্ঠন ও গণহত্যা চালাতো এখান থেকে। নর পশুদের জবাব দিচ্ছিলো মুক্তিবাহিনী। মাঝে মাঝে মুক্তিবাহিনী পাক সেনাদের আক্রমণ কারে উপযুক্ত প্রতিশোধ গ্রহণ করতো। অতর্কিত আক্রমণের জন্য মুক্তি সেনারা স্কুলটিকে ব্যবহার করতো বর্ম হিসাবে।

তাই পাক সেনারা শিক্ষা প্রতিষ্ঠানটিতে অগ্নিসংযোগ করে। বর্তমানে এই স্কুলের কোন চিহ্ন অবশিষ্ট নেই। স্কুলের বিজ্ঞান বিভাগের প্রায় ২০ হাজার টাকার যন্ত্রপাতি এই সব অক্ষরজ্ঞানহীন পশুরা নষ্ট করে দিয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
সিরাজগঞ্জ যমুনা পারের কিছু হত্যা-কাহিনী	দৈনিক আজাদ	২ ফেব্রুয়ারী, ১৯৭২

এখানকার প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে পাকিস্তানীদের নৃশংস নরমেধযজ্ঞের কাহিনীগুলো একে একে বেরিয়ে আসছে। বেরিয়ে আসছে কি ভাবে তারা পল্লীমায়ের নিভৃত কোল থেকে তার তরুণ যুবক ছেলেদের ছিনিয়ে এনে লঞ্চ ঘাটে জবাই করতো আর নদীর বুকে ছুড়ে ফেলে দিত। সিরাজগঞ্জের সাবজেলটি ঠিক এমনি জবাই খানার কাজে ব্যাহৃত হতো।

এসব একদিন দু'দিনের ঘটনা নয়। এপ্রিল মাসে হানাদাররা সিরাজগঞ্জে প্রবেশের পর থেকে নয় মাস ধরে দিনের পর দিন এর পুনরাবৃত্তি ঘটেছে । আর গ্রামে গ্রামান্তরে মানুষ হতভাগ্যদের আর্তনাদে শিউরে উঠেছে।

এতে করে সিরাজগঞ্জের জবাইখানাগুলোর কমপক্ষে ৩ হাজার লোক মারা পড়েছে। আর যে বন্দর ২৫শে মার্চের আগে অহরহ কর্মব্যস্ত থাকতো তা-ই আরা ২৭ শে এপ্রিলের পর এক জনমানবহীন প্রেতপুরীতে পরিণত হয় । লোকজন যতদূর সম্ভব এই ঘাটি এড়িয়ে চলতে চাইত।

বার্তা প্রতিষ্ঠান বি এস এস এর প্রতিনিধি সিরাজগঞ্জের আওয়ামী লীগ, ন্যাপ মুক্তিবাহিনী আর মুজিব বাহিনীর বহু নেতার সাক্ষাৎকার নিয়েছেন। তারা জানান যে ২৭শে এপ্রিল থেকে পাঁচ দিন ধরে তারা নারী-পুরুষ নির্বিশেষে কম করে ৫শত লোককে হত্যা করেছে।

আজ এসব কথা লিখতে বসে বারইতলা গ্রামটির কথা মনে পড়ে গেলো। কাজীপুর থানার এই গ্রামে গত বছর নভেম্বরের কোন এক সময়ে তারা হামলা করে। মাত্র একটি দিনের নারকীয় যজ্ঞ। অথচ এই একটি দিনে নারী, পুরুষ ও শিশুতে মিলে ২শত লোককে জল্লাদরা হত্যা করে। কমপক্ষে ২ শত ঘাবাড়ী জ্বালিয়ে দেয়।

এরও আগে মে মাসে সিরাজগঞ্জ থানার বাবতীতে মারা পড়ে ১৭০ জন। বারইতলা আর বাবতী এই দুজায়গাতেই মুক্তিবাহিনী বীর বিক্রমে শত্রুকে বাধা দিয়েছে।

এভাবে নরহত্যা, লুটতরাজ আর অগ্নিসংযোগের অমানুষিক ইতিহাস ঘাটলে চোখের সামনে ভেসে ওঠে এক একটি গ্রামের ছবি: তামাই, রাজাপুর, সাইদাবাদ, সিংলাবাড়ী।

শিরোনাম	সূত্র	তারিখ
আর এক বধ্যভূমিত চট্টগ্রামের দামপাড়া	দৈনিক বাংলা	৩ ফেব্রুয়ারী, ১৯৭২

আর এক বধ্যভূমি চট্টগ্রামের দামপাড়া

ইয়াহিয়ার জল্লাদ বাহিনীরা এখানে কয়েক হাজার লোক হত্যা করেছে

নিজস্ব প্রতিনিধি

চট্টগ্রাম, ২১ শে জানুয়ারী। এই শহরের দামপাড়াস্থ গরীবুল্লা শাহর মাজারের পাশে একটি লোমহর্ষক বধ্যভূমি আবিষ্কৃত হয়েছে। গত ৩০ শে মার্চ থেকে ডিসেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত এই বধ্যভূততে বর্বর পাক বাহিনী প্রায় কয়েক হাজার লোককে হত্যা করেছে বলে অনুমান করা হচ্ছে। বধ্যভূমির স্থানটি আমাকে দেখিয়েছেন গরীবুল্লা মাজারের সংলগ্ন দোকানদার নাসির আহমদ।

গত ২৫শে মার্চ থেকে ১৬ই ডিসেম্বর বাংলাদেশ স্বধীন না হওয়া পর্যন্ত এই হত্যাযজ্ঞের ষোল আনাই তিনি স্বচক্ষে দেখেছেন। এই দীর্ঘ সময়ে তিনি তাঁর দোকানেই ছিলেন। নাসির আহমদ আমাকে বলেছেন, গত ৩০শে মার্চ থেকে ডিসেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত অতিরিক্ত বৃষ্টির দিন ছাড়া প্রত্যহ সন্ধ্যায় কড়া মিলিটারী পাহারায় পাঁচ থেকে ছয় ট্রাক বোঝাই লোক নিয়ে আসা হত।

এই হতভগ্যাদের চোখ কাপড় দিয়ে বাঁধা থাকতো। তাদের বধ্যভূমিতে নামিয়ে দিয়ে ট্রাকগুলি চলে যেতো। এই হতভাগ্যদের বধ্যভূমিতে লাইন দিয়ে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করা হতো। তারপর অন্য একদল মিলিটারী ট্রাক নিয়ে বদ্যভূমিতে এসে লাশগুলি ট্রাক বোঝাই করে অন্যত্র সরিয়ে নিয়ে যেত। নাসির আহমদ আমাকে আরো বলেছেন যে, নিয়মিত এই হত্যাযজ্ঞের শুরুতে লাশ পুঁতবার জন্য বধ্যভূমির পাশে একটি গভীর গর্ত খনন করা হয়।

মাত্র কয়েক দিনে লাশে এই গভীর গর্ত ভর্তি হয়ে গেলে সদ্যমরা লাশগুলিকে ট্রাকে চড়িয়ে অন্যত্র সরিয়ে ফেলার ব্যবস্থা করা হয়। আমার অনুরোধে নাসির আহমদ এই গর্তের মুখ থেকে সামান্য মাটি সরিয়ে পাঁচটি নরকংকাল উঠান। তাঁর মতে সেই গর্তে কমপক্ষে পাঁচ হাজার নরকংকাল রয়েছে। এই লোমহর্ষক বধ্যভূমি চারিদিকে পাহাড় দিয়ে ঘেরা। বধ্যভূমির চারিদিকে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে রয়েছে হতভাগ্যদের জামা-কাপড় জুতা প্রভৃতি। মাটিতে রয়েছে চাপ চাপ বিস্তর রক্তের দাগ যা প্রমাণ করেছে যে গত ডিসেম্বরের প্রথম দিকে এখানে কয়েক'শ লোককে হত্যা করা হয়েছে।

বধ্যভূমির পাশে হাঁটার সময়ে মাটিতে আমি গোটাদশ স্যুটও দেখতে পেয়েছি। এতে প্রমাণিত হচ্ছে যে, রেলওয়ে পোর্ট ট্রাস্ট এবং অন্যান্য অফিসের যে সব হতভাগ্য অফিসার নিখোঁজ রয়েছেন, তাঁদের অনেককেই এই বধ্যভূমিতে হত্যা করা হয়েছে। নাসির আহমদের মতে অত্যাচারের কালো দিনগুলোতে বর্বর পাক বাহিনী এই বধ্যভূমিতে কয়েক হাজার লোককে হত্যা করেছে। তিনি বলেছেন যে, নিয়মিত এই হত্যাযজ্ঞের শুরুতে চোখ বাঁধা অবস্থায় বধ্যভূমিতে আনা এক দল লোককে গুলি করে হত্যা করলে গুলির আওয়াজে হতভাগ্যদের লাইন করে দাঁড়ানো অন্যদল মৃত্যুভয়ে চীৎকার করতো বলে পরে রাইফেলে সাইলেন্সার লাগিয়ে গুলি করে মারার পদ্ধতি প্রবর্তিত হয়।

নিয়মিত এই লোমহর্ষক হত্যাকাণ্ডের আরও দুইজন সাক্ষী পাওয়া গেছে। এরা হচ্ছেন গরীবুল্লা শাহর মাজারের দারোয়ান আব্দূল জব্বার।

শিরোনাম	সূত্র	তারিখ
গ্রামে গ্রামে পথে পথে বধ্যভূমি	পূর্বদেশ	৪ ফেব্রুয়ারী, ১৯৭২

গ্রামে গ্রামে পথে পথে বধ্যভূমি
\ পূর্বদেশ রিপোর্ট \

বারিশাল, পটুয়াখালী, আশুগঞ্জ কুষ্টিয়া এবং চট্টগ্রামের দামপাড়ায় সম্প্রতি বেশ কটি বধ্যভূমি আবিষ্কৃত হয়েছে। এ সব বধ্যভূমিতে হানাদার ইয়াহিয়ার সৈন্যরা গত ২৫শে মার্চ থেকে শুরু করে গত ন'মাস ধরে কয়েক লাখ মানুষকে নির্বিচারে হত্যা করেছে। বরিশাল, পটুয়াখালী অঞ্চলে কয়েকটি এলাকায় পাক হানাদার বাহিনী কয়েক লক্ষ লোক হত্যা করেছে। এ অঞ্চলে এখনো অনেক স্থানে নরকঙ্কাল ও মানুষের হাড় পড়ে আছে। বরিশালে হানাদার বাহিনী সুপরিকল্পিত উপায়ে এই নারকীয় হত্যাযজ্ঞ চালায়। ওরা বারিশাল শহরে কোন ঘর-বাড়ী ধ্বংস না করে প্রমাণ করবার চেষ্টা করে যে, বরিশালে তারা কোন গণহত্যা বা ধ্বংস চালায়নি।

কিন্তু শহর থেকে একটু গ্রামের দিকে এগুলোই দেখা যাবে পশু বাহিনীর হিটলারী কার্যকলাপের চিহ্ন। বরিশাল শহরে কীর্তন খোলার তীরে অবস্থিত ওয়াপদা কলোনী এলাকায় এবং সি, এস, ডি, গোডাউন এলাকায় ও স্টেডিয়ামের নিকেটে পশু পাক বাহিনী বাঙ্গালীদের হত্যা করতো। এই সকল এলাকায় নদীর তীরে এখনও মানুষের মাথার খুলি এবং হাড় দেখতে পাওয়া যায় । বারিশাল মেডিক্যাল কলেজ ছাত্রাবাসের কতিপয় ছাত্র বদর বাহিনীর সদস্য ছিল। ঐ সকল বদর সদস্যরা বহু বাঙ্গালীকে ধরে নিয়ে হত্যা করে। বাংলাদেশের দক্ষিণ অঞ্চলে ঝালকাঠি একটা প্রধান বাণিজ্যিক কেন্দ্র।

ঝালকাঠি বন্দরে পশু বাহিনী পেট্রোলের সাহায্যে আগুন ধরিয়ে সব ঘরগুলো পুড়িয়ে দেয়। এই বন্দরে কমপক্ষে বিশ কোটি টাকার সম্পত্তি ধ্বংস করা হয়। ঝালকাঠির অদূরে আটঘর, কুরিয়ানার পেয়ারা বাগানে মুক্তি যোদ্ধারা সুদৃঢ় প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলেছিল। এই পেয়ারা বাগানের পেয়ারা সমগ্র বাংলাদেশে সরবরাহ হয়ে থাকে। এই বাগান এলাকায় একদিনেই পশু বাহিনী কয়েক হাজার লোককে হত্যা করে। এর ভিতর ষোল বছরের যুবক থেকে চল্লিশ বছরের লোকের সংখ্যাই ছিল বেশী।

পাক বাহিনী এই পেয়ারা বাগান কেটে পরিষ্কার করার জন্য পার্শ্ববর্তী এলাকা থেকে হাজার হাজার লোককে বলপূর্বক ধরে আনে এবং তাদেরকে দিয়ে পেয়ারা বাগান কেটে পরিষ্কার করাতে থাকে। নিরীহ গ্রামবাসী গাছ কাটতে অস্বীকার করলে তাদেরকে নির্দয়ভাবে হত্যা করা হয়। এই এলাকায় দালাল ব্যতীত অন্য কোন নিরীহ বাঙ্গালীর পক্ষে টিকে থাকা দুরুহ ব্যাপার। কউখালি, বরিশালের আর একটি প্রধান বন্দর। এই বন্দর হানাদাররা সম্পূর্ণভাবে জ্বালিয়ে দেয় ও গ্রামের গ্রামে ঢুকে নিরীহ বাঙ্গালীদের হত্যা করে। পিরোজপুর মহকুমা শহরে নদীর তীরে যে স্থানে বাঙ্গালীদের দাঁড় করিয়ে হত্যা করা হতো সেই জায়গায় রক্তের জোয়ার বইতো।

পিরোজপুর হানাদার বাহিনী কর্তৃক দখলকৃত হওয়ার পর সেখানে যত যুবক ছিল সবাইকে হত্যা করা হয়। রাজাপুর বানরি পাড়া মঠবাড়িয়া স্বরুপকাঠি এবং অন্যান্য এলাকায় হানাদার বাহিনী শান্তি কমিটির সহযোগিতায় বিপুলসংখ্যক বাঙ্গালীকে হত্যা করে। পটুয়াখালী শহরেই কয়েক হাজার বাঙ্গালীকে হত্যা করা হয়। পটুয়াখালী জেলার অন্যান্য এলাকায় যে সংখ্যক নিরীহ লোকদের হত্যা করা হয় তার প্রকৃত তথ্য উদঘাটিত হলে মোট হত্যার সংখ্যা আরো বৃদ্ধি পেতে পারে।

কুষ্টিয়া থেকে বাংলাদেশ সংবাদ সংস্থার একটি খবরে বলা হয়েছে যে, পাকিস্তানী সেনা এবং তাদের যোগসাজশকারীরা কুষ্টিয়া জেলায় গত ন'মাসে প্রায় চল্লিশ হাজার লোককে হত্যা করেছে। নিহতের সংখ্যা বলতে গিয়ে গণপরিষদ সদস্য জনাব আজিজুর রহমান আক্কাস এখানে এক বিবৃতিতে বলেন যে, যাদের হত্যা করা হয়েছে তাদের মধ্যে শতকরা ৬০ ভাগই হচ্ছেন ১৬ থেকে ২৫ বছর বয়সের কিশোর ও যুবক।

পূর্বদেশের ভৈরবস্থ সংবাদদাতা মেহদী হাসান জানিয়েছেন, গত বিশে ডিসেম্বর আশুগঞ্জে গিয়েছিলাম যুদ্ধবিধ্বস্ত বাংলার বাস্তব চিত্র দেখতে। আশুগঞ্জে মেঘনা নদীর চরে যা দেখলাম তার বর্ণনা ভাষায় প্রকাশ করা কিছুতেই সম্ভব নয়। সেদিন আশুগঞ্জের বালুচরে দাঁড়িয়ে ভাষা হারিয়ে ফেলেছিলাম স্তূপীকৃত মানুষের লাশ দেখে। সেনারা আত্মসমর্পণের পূর্বে এই সমস্ত লোকদের হত্যা করে। আশুগঞ্জ ভৈরব বাসীদের নিকট গত ১৬ই ডিসেম্বর পর্যন্ত ছিল মৃত্যুপুরী। ভৈরব শহরের কতো লোককে যে ধরে নিয়ে আশগঞ্জের এই বধ্যভূমিতে হত্যা করেছে তার হিসেব এখন পর্যন্ত পাওয়া যায়নি। তাই আশুগঞ্জ ছিল ভৈরব বাসীর কাছে মৃত্যুপুরী।

শিরোনাম	সূত্র	তারিখ
রাজশাহীর গর্তে আরো নরকংকাল	দৈনিক বাংলা	৪ ফেব্রুয়ারী, ১৯৭২

রাজশাহীর গর্তে আরো নরকংকাল
আধমরা লোকগুলোকে পশুরা মাটিচাপা দিয়েছিল
(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

রাজশাহী, ২রা ফেব্রুয়ারী।- রাজশাহী বিশ্ববিদ্যালয় রেলওয়ে ষ্টেশনের পাশে নরকংকাল ভর্তি আরো গর্ত্যের সন্ধান পাওয়া গেছে। দৈনিক আজাদের প্রতিনিধি ও রাজশাহী জেলা সাংবাদিক ইউনিয়নের জেনারেল সেক্রেটারী জনাব মোহাম্মদ আবু সাঈদকে হত্যার পর বর্বর পাক বাহিনী এই গর্তে পুঁতে রাখে। জানা গেছে যে, গত বছর ২৮শে জুন পাক বাহিনীর কতিপয় দালাল জনাব আবু সাঈদকে ধরে নিয়ে যায়।

এই দালালদের মধ্যে তৎকালীন দৈনিক সংগ্রামের স্থানীয় প্রতিনিধিও ছিল। জনাব সাঈদকে সার্কিট হাউসে নিয়ে যায় এবং সেখান থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপকের বাড়ীতে নিয়ে যাওয়া হয়। এখানে প্রায় এক সপ্তাহ আটক রাখা হয়। এরপর ৫ই জুলাই অপর ১৫ জন ব্যক্তির সাথে জনাব সাঈদকে জোহা হলে নিয়ে যাওয়া হয়।

সেখানে দিনাজপুরের জনৈক রেলওয়ে কর্মচারীকে পিটিয়ে মেরে ফেলা হয়। বর্বর পাক বাহিনী মৃতদেহটি রেলওয়ে ষ্টেশনের দিকে বয়ে নিতে বন্দীদের বাধ্য করে। ষ্টেশনের পাশে একটি বাবলা গাছের নীচে তাদের সামনেই একটি গর্ত করা হয়। এরপর তাদের সকলকে জোর করে গর্তের মধ্যে ঠেলে দিয়ে বেয়োনেট দিয়ে খোঁচানো হয়। এই সাথে পাশ থেকে মাটি নিয়ে তাদের সবাইকে অর্ধমৃত অবস্থায় গর্তের মধ্যে চাপা দেওয়া হয়।

কিন্তু এদের মধ্যে রাজশাহী জিন্না ইনষ্টিটিউটের পিয়ন আব্দুল কাদের, শ্যামপুরের জনৈক রুপভান মিয়া পরস্পরের সাহায্যে গর্তের মধ্যে থেকে কোন রকমে উঠে ভারতে পালিয়ে যায়। বাংলাদেশে ফিরে আসার পর এদের কাছ থেকেই এই লোমহর্ষক কাহিনী জানা গেছে। উল্লেখ করা যেতে পারে যে, স্বাধীনতার পর রাজশাহী বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইটখোলা, বদর বাহিনী ও রাজাকার ক্যাম্প বোয়ালিয়া, ক্লাব প্রভৃতি স্থানে এ ধরনের শত শত গর্তের সন্ধান পাওয়া গেছে।

এ ছাড়া পাক বাহিনী আত্মসমর্পণের অব্যবহিত পূর্বে নিহত বিশ্ববিদ্যালয় শিক্ষক ছাত্র ও অপরাপর বুদ্ধিজীবীর লাশ উদ্ধার করা হয়। শহরের পার্শ্ববর্তী গ্রামসমূহের হাজার হাজার বাঙ্গালীকে বর্বর পাক বাহিনীর নৃশংসভাবে হত্যা করে লম্বা গর্তের মধ্যে পুঁতে রাখে। এদেরকে গলা কেটে হত্যা করা হয় বলে জনৈক প্রত্যক্ষদর্শীর বিবরণীতে জানা গেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
ধামরাই আজ শ্মশান	সংবাদ	৫ ফেব্রুয়ারী, ১৯৭২

রথযাত্রা উপলক্ষে আর ভীড় জমবে না এখানে
ধামরাই আজ শ্মশান

বাংলাদেশের একটি স্থান নাম ধামরাই। নামটাকে কন্দ্রে করে প্রচলিত আছে অনেক কিংবদন্তি। অনেক ভক্ত প্রাণ এই নামটিকে স্মরণ করে ভাবাবেগে উজ্জ্বল হয়ে ওঠে। এখানকার প্রাচিন কীর্তি ধামরাইয়ের পথ। বাংলাদেশের এত বড় রথ আর কোথাও ছিল না। শোনা যায় এই রথটাকে টানতে প্রায় একশত মণ পাটের দড়ির দরকার হতো।

রথযাত্রার সময় ধনাঢ্য ব্যাক্তিরা এ পাট দান করতেন। রথযাত্রা উপলক্ষে বসতো মেলা। ভক্তজনেরা এসে ভীড় জমাতো এই ধামরাইয়ে । অসংখ্য সাধূ সন্ন্যাসীর পদধুলিতে পবিত্র হয়ে উঠতো ধামরাইয়ে পথ ঘাট।

গত এপ্রিলের প্রথম দিকে এই ধামরাইয়ে প্রবেশ করলো পাক-ফৌজের একটি দল। লুট করলো মন্দিরের সোনাদানা টাকা-পয়সা ও মূল্যবান আসবাবপত্র। বাংলার এই বিখ্যাত রথটাকে লাগালো আগুন। কয়েকদিন ধরে পুড়ে পুড়ে ছাই হয়ে গেল রথটি। পাক সেনারা রথটি পুড়িয়েই ক্ষান্ত হলো না । এর স্মৃতি বাঙ্গালীর মন থেকে মুছে ফেলবার জন্য ছাই ও কয়লাগুলো ট্রাকে বোঝাই করে নিয়ে গেল।

বাংলাদেশ থেকে চিরদিনের জন্য নিশ্চিহ্ন করে দিল একটা ঐতিহ্যকে। ভক্তজনের কলগুঞ্জনে ধামরাই আর জেগে উঠবে না সহসা । ভাক্ত রথীরা আর আসবে না এখানে। রথটিও কোনদিন নতুন করে গড়ে উঠবে না। ধামরাই কালের বুকে জেগে থাকবে ধ্বংসের ইতিহাস হয়ে পাক হানাদার এ ঐতিহাসিক রথটিকে নিশ্চিহ্ন করে থেমে যায়নি। এখানকার বহু লোককে গ্রেফতার করেছে। নির্যাতন করেছে। হত্যা করেছে। পাক হানাদারদের সাথে জুটেছিল বাংলার কতিপয় ঘৃণ্য নরপিশাচ। তারাই পথ দেখিয়ে নিয়ে যেতো হানাদারদের। এখানেও পথ দেখিয়েছিল কতিপয় এদেশী মোহাম্মাদী বেগ। ধামরাইয়ে নিহত হতভাগ্য বাঙ্গালীদের মধ্যে প্রথমেই মনে পড়ে ধামরাই স্কুলের প্রাক্তন শিক্ষক দীনেশ বাবুর কথা। বার্নিয়ার রোগী ছিলেন দীনেশ বাবু। তার স্ত্রী মস্তিষ্ক বিকৃত। তার তিনটা ছেলে। তৃতীয় ছেলে হাবুল জগন্নাথ কলেজের বাণিজ্য বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র।

বাবার সঙ্গেই বাড়ীতে ছিল গোলযোগের সময়। ৯ই এপ্রিল বেলা ১২টা । তিনি রান্না করছিলেন। এর ফাঁকে উঠতে হলো তাকে। কারণ প্রাণের ভয়ে পালাচ্ছে লোক। বেলা ১২টার মধ্যে ৩/৪ বার দৌড়ালেন আবার ফিরে এলেন। অদৃষ্টে যা আছে তা খণ্ডাবে কে? পাক বাহিনী রাস্তা কেমন করে চিনবে বা তাঁকে খুঁজে বের করতে পারবে? কিন্তু ঘরের শত্রুবিভীষণ।

বাংলার মাটিতে ছিল অসংখ্য মীরজাফর আর জগত শেঠ। এই মীরজাফর, জগতশেঠের বংশধরদেরই একজন ধীনেশ বাবুকে সনাক্ত করে দিল । দীনেশ বাবু ধরা পড়লেন। ছেলে হাবুল বাড়ীতেই। তার সঙ্গে ৪/৫ হাজার টাকা। হাবুল ভেবেছিল হয়ত টাকা পেলেই বাবাকে ছেড়ে দিবে। তাই এগিয়ে গিয়েছিল দালালদের হাতে পায়ে ধরে বাবাকে ছাড়তে। তহি বুঝি কাল এসেছিল। তাকেও রেখে গেল না বর্বর ডাল কুত্তার দল।

তাকে থানায় রেখে দেয় একরাত । দীনেশ বাবু এবং তার ছেলে হাবুল এর উপর অকথ্য নির্যাতন চালানো হয় এতেও দণ্ড শেষ হলো না দুটি নিষ্পাপ প্রানের। দীনেশ বাবার দিন শেষ প্রায়। হাবুলের জীবনের যাত্রা

হয়েছে শুরু। তাই অঙ্কুরেই বিনষ্ট করে দেওয়া হয় সম্ভাবনাময় প্রাণটিকে। এদের সঙ্গে আরো যাদের ধরা হয়েছিল তারা নিতান্তই গরীব। তাদের প্রতিদিন কাজ না করলে পেটের খোরাক জোটে না।

এরা হচ্ছেন গান্ধীপাল (দোকানদার), বুদ্ধ সূত্রধর, (লোহার কামার) গনেশ পাল (পান বিক্রেতা), চিনু বণিক (হকার), গয়া রাজবংশী (মাছ বিক্রেতা) প্রবেশ সূত্রধর (লোহার কামার) আরো ৪ জন নাম না জানা লোক। দীনেশ রায় এবং ছেলে হাবুলকেসহ এদের ধামরাই থেকে ৩/৪ মাইল দূরবর্তী কালামপুর বাজারে নিয়ে যায়। সবার চোখ বাঁধা । বাজারের পাশে কালামপুর আতাউর রহমান হাইস্কুলের মাঠ। মাঠের পাশ দিয়ে একটা খাল নদীতে গিয়ে পড়েছে।

বাজার থেকে স্কুলে আসতে একটি কালভার্ট। উপরে সিমেন্টের আস্তরণ নেই। বাঁশ নিয়ে সাঁকো বেঁধে লোক যাতায়াত করার মত ব্যবস্থা করে রাখা হয়েছে। তখনও খালে জল গড়ায়নি। কালভার্টের নিচে সারিবদ্ধভাবে দাঁড় করান হলো ১৪টি মানুষকে। সবার পুরোভাগে সর্বজন শ্রদ্ধেয় দীনেশ রায় এবং তার পিছনে আদরের দুলাল হাবুল।

এভাবে ১৪ জনকে দাঁড়াতে হয়েছিল। তারপর আর বলা যায় না। বাংলার বুকে হানাদার ডাল কুত্তারা কত বীভৎস কাণ্ডইনা করেছে। গুলী চালাল। সবাই শেষ বারের মত ঘুমিয়ে পড়ল বাংলা মায়ের কোলে-চিরনিদ্রায়।

এ নিদ্রা থেকে আর তারা জাগবে না।

শিরোনাম	সূত্র	তারিখ
হাজীগঞ্জে খান সেনাদের হত্যাযজ্ঞের স্বাক্ষর	সংবাদ	৫ ফেব্রুয়ারী, ১৯৭২

হাজীগঞ্জে বর্বর খানসেনাদের হত্যাযজ্ঞের অসংখ্য স্বাক্ষর প্রতিদিনই খুঁজে পাওয়া যাচ্ছে

কুমিল্লা, ৩ রা ফেব্রুয়ারী। এ জেলার প্রসিদ্ধ ব্যবসা কেন্দ্র হাজীগঞ্জ ও এর পাশ্ববর্তী এলাকা হতে প্রতিদিন বর্বর পাক বাহিনীর হাতে নিহত মানুষের হাড়, মাথার খুলি খুঁজে পাওয়া যাচ্ছে। প্রতিদিনই উৎঘাটিত হচ্ছে নারকীয় বর্বতার ভয়াল স্বাক্ষর। ডাকাতিয়া নদীর উত্তর তীরে অবস্থিত মাকিমাবাদের জলাভূমিতে প্রায় তিনশ' মাথার খুলি এবং মানুষের হাড় বিচ্ছিন্নভাবে পড়ে থাকতে দেখা যায়।

বাংলাদেশ সংবাদ সংস্থার একজন প্রতিনিধি জানাচ্ছেন যে, বর্বর হানাদাররা এ অঞ্চলে সন্ত্রাসের রাজত্ব কায়েম করে এলাকাকে কেমন করে ধ্বংস করেছে তার অনেক কাহিনী এখন পাওয়া যাচ্ছে।

স্থানীয় হামিদা জুট মিলকে বর্বর পাক পশুরা ৩ হাজার বাঙ্গালী নিধনের বধ্যভূমিতে রুপান্তরিত করেছিল। মিলের পার্শ্ববর্তী কোন স্থানে অবস্থানরত সেকেন্দার আলী সংবাদ সংস্থার প্রতিনিধিকে জানান যে, প্রতিদিন পার্শ্ববর্তী এলাকা থেকে বাঙ্গালী যুবকদেরকে এখানে ধরে এনে সারা রাত পাক পশুরা নির্যাতন চালাত। তারপর তাদের কয়েকজনের হাত, পা একসাথে বেঁধে মৃত বা অর্ধমৃতাবস্থায় ডাকতিয়া নদীতে ফেলে দিত।

হাজীগঞ্জ থানা প্রধান জনাব হাতেম আলী, একজন প্রত্যক্ষদর্শী আবদুস সোবহান এবং ৭৫ বৎসর বয়স্ক একজন প্রতিনিধিকে আরো অনেক চাঞ্চল্যকর কাহিনীর কথা জানান। হাজীগঞ্জ থানায় লুটপাট অগ্নিসংযোগ এবং নারী নির্যাতনের কাহিনীর অন্ত নেই। একমাত্র বারকুল গ্রামেই বর্বর বাহিনী এবং তাদের চাঁইয়েরা ১২০ জন আবালবৃদ্ধবনিতাকে খুন করেছে। অনেক বালিকাকে পাশবিক অত্যাচার করেছে এবং দালালদের সহযোগিতায় ৪ঠা মে গ্রামটিকে সম্পূর্ন ধ্বংস করে দেওয়া হয়েছে।

এ থানায় এমন কোন গ্রাম নেই বললে চলে, যেখানে অগ্নিসংযোগ, লুট এবং নারী নির্যাতন করা হয়নি। প্রত্যক্ষদর্শীর বিবরণে প্রকাশ, মুজাফফরগঞ্জই বর্বরতা চরম রুপ নিয়েছিল। এখানে এক বাড়ীতে ২ জন রাজাকার একটি বালিকাকে ধর্ষণে প্রবৃত্ত হলে বাড়ীর অন্যান্য লোক তাতে বাধা দেয়। পরদিন একদল রাজাকার এবং দখলদার বাহিনীর লোকজন সেই বাড়ী আক্রমণ করে ৩৭ জন লোককে হত্যা করে।

শুধু এতেই নিবৃত্ত ছিল না ডাল কুত্তার দল, সেই বাড়ীর ৪টি বালিকাকে ধরে নিয়ে ধর্ষণ করতে থাকে এবং ৩/৪ দিন পর তাদের মৃতদেহ পাশের একটি খালে ভাসতে দেখা যায়।

শিরোনাম	সূত্র	তারিখ
কিশোরগঞ্জের হত্যাযজ্ঞ	দৈনিক বাংলা	৫ ফেব্রুয়ারী, ১৯৭২

কিশোরগঞ্জে হত্যাযজ্ঞ
সেই রাতে ধুলদিয়া রেলওয়ে পুলের উপর
সবাইকে লাইন করে গুলি করা হলো
(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কিশোরগঞ্জ, ২রা ফেব্রুয়ারী। কিশোরগঞ্জে বর্বর হানাদার বাহিনীর অধিনায়ক নরপশু মেজর ইফতেখার সম্পর্কে দু' একটি তথ্য দৈনিক বাংলা-এর ২৪শে জানুয়ারী সংখ্যায় প্রকাশিত হয়েছে। এই জঘন্য পশুর পাশবিকতা কিশোরগঞ্জে যে, বিভীষিকা ও ভয়াবহতার সৃষ্টি করেছিল, তা ভাষায় প্রকাশ করা সম্ভব হবে না।

১৯৭১ সনের জুলাই মাসের শেষের দিকে এই নরাকৃতি পিশাচ কিশোরগঞ্জে আসে। সে এখানে এসেই শুরু করল তার নরমেধযজ্ঞ। প্রত্যহ ত্রিশ, চল্লিশ, পঞ্চাশ, এমনকি আরও বেশী করে লোক ধরে ধরে এনে মারতে শুরু করল। বলা বাহুল্য অধিকাংশ লোকই হিন্দু। কাজেই হিন্দু অধিবাসী যারা কিছুটা নির্ভয় হয়েছিলেন, তারা শহর ছেড়ে পালাতে শুরু করলেন। অনেকে প্রায় ভয়ে মুসলমান হতেও শুরু করলেন।

ইফতেখার দেখল হিন্দু আর পাওয়া যাচ্ছে না। কাজেই তার গণহত্যার পরিধি বিস্তৃততর করার জন্য এই নর-শয়তান তথাকথিত শান্তি কমিটির মাধ্যমে হিন্দুদের আহবান করল এই বলে যে, নির্দোষ কোন লোককে কোন রকম হয়রানি করা হবে না, হিন্দুরা যেন নির্বিঘ্নে নিজ নিজ কাজ শুরু করে। শয়তান দলের এই কপটতায় অনেকে বিভ্রান্ত হয়ে শহরে ফিরে এলেন।

ভয়ে ভয়ে শহরে নিজ নিজ কাজ শরু করলেন। ইফতেখার আর এক ফরমান জারী করল যে, সামরিক কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কাউকে ধর্মান্তরিত করা চলবে না আর হিন্দুদের ধুতি পরে থাকতে হবে। এইভাবে নরপিশাচ তার হত্যাযজ্ঞ বিস্তৃত করা প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করল। শয়তানের কপটতায় বিশ্বাস করায় প্রথম বলি হলেন বাবু গিরিজা মোহন চক্রবর্তী। এ ছাড়া কত অসংখ্য মানুষ যে নরপিশাচের হাতে প্রাণ দিয়েছে, তার সঠিকতথ্য বের করা অত্যন্ত দুরুহ ব্যাপার।

খগেন্দ্র নাথ লৌহ নামক এক ভদ্রলোক অত্যন্ত নিরীহ মানুষ। কারো সাতেও নেই পাঁচেও নেই । একটা ক্ষুদ্র চায়ের দোকান চালাচ্ছিলেন, তিনি, পরিবারের অন্ন সংস্থানের একমাত্র অবলম্বন রুপে। নরপিশাচ ইফতেখার হঠাৎ এক রাতে হানা দিয়ে এই পরিবারের সকলকে ধরে নিয়ে গেল। এই সঙ্গে ধরা পড়ল হরিমোহন নামে বৃদ্ধ একজন মেইল রানার। শয়তান কাউকে রেহাই দেয়নি। নৃশংসভাবে এদের সকলকে হত্যা করে। এদের মধ্যে খগেন বাবুর জ্যেষ্ট পুত্র কাজল লৌহ যেন অলৌকিকভাবে রক্ষা পেয়ে গেল।

কাহিনীটা তার কাছ থেকেই শোনা। গচিহাটা রেলষ্টেশনের সন্নিকটে ধুলদিয়া রেলওয়ে পুলের উপর সকলকে লাইন করে দাঁড় করিয়ে জল্লাদরা গুলি করে হত্যা করেছে সকলকে। গুলি করার সময় কাজল লাফ দিয়ে নীচে পানিতে পড়ে যায়। অবশ্য সঙ্গে সঙ্গে পিশাচরা পানিতে অসংখ্যবার গুলি ছুড়েছে। কিন্তু রাখে আল্লা মারে কে? কাজল রাতের অন্ধকারের সুযোগে ডুব সাঁতার দিয়ে দিয়ে অনেকদূর গিয়ে ডাঙ্গায় উঠে পাড়ি জমায় সীমান্তের ওপারে। কাজল ফিরে এসেছে। কিন্তু গোটা পরিবারটা যেন ছত্রখান হয়ে গেছে।

অশ্বিনী বাবু একজন গোবেচারা বৃদ্ধ আইনজীবী। স্বামী, স্ত্রী ছিলেন কিশোরগঞ্জের বাসায়, দুই ছেলে প্রবীর ও সুবীর। প্রবীর বি, এসসি, পাশ করে শিক্ষকতা করছিলেন করিমগঞ্জ স্কুলে, আর তার ছোট ভাই সুবীর কলেজে পড়তো। পিশাচ ইফতেখার এক রাতে অশ্বিনী বাবুকে বাড়ী থেকে ধরে নিয়ে আসে। তারপর বন্দুকের নলের মুখে অশ্বিনী বাবুকে দিয়ে দুই ছেলের কাছে চিঠি লেখায় ওদের কিশোরগঞ্জে আসার জন্য । পিতৃভক্ত দুই ভাই-ই এসে জল্লাদের ফাঁদে পা দেয়। দুটো ছেলেকেই এই নরঘাতক হত্যা করে, অশ্বিনী বাবুকে ছেড়ে দেয়।

অশ্বিনী বাবু আজও বেঁচে আছেন, তবে সে বাঁচা বাঁচা নয়- জীবন্মৃত অবস্থা। শোনা যায় অশ্বিনী বাবুর দেশের বাড়ী ও সম্পত্তির লোভে জনৈক দালাল ইন্ধন যুগিয়ে ইফতেখারের মত নররাক্ষসকে দিয়ে বৃদ্ধের দুটো ছেলেকেই খুন করিয়েছে। পাকুন্দিয়া থানার মেডিক্যাল অফিসার সংস্কৃতিবান একজন হিন্দু ভদ্রলোক দুই ছেলেসহ নিহত হলেন নরপিশাচ ইফতেখারের হাতে। তার তিন মেয়ে-দু'জন গ্রাজুয়েট, একজন ম্যাট্রিকুলেট। ভাইপো, জামাইরা সবাই কাঠের মিস্ত্রী ছিল। তথাকথিত শান্তি কমিটির আহবানে ওরা ফিরে এলো শহরে, শুরু করল কাজকর্ম । হঠাৎ একদিন সবগুলো সক্ষম পুরুষকে ধরে নিয়ে গেল জল্লাদরা। ওদের কেউ বাঁচতে পারেনি ঘাতক ইফতেখারের হাত থেকে। এ জাতীয় অসংখ্য নরহত্যা করেছে ইফতেখার তার পিশাচ সহচরদের সহায়তায়। এই তো গেল তার রক্তলোলুপ পিশাচ মনোবৃত্তির কথা। এছাড়া তার মত লম্পট, ঘৃণ্য নরপশু, নৈতিকতা বিহীন পিশাচ পৃথিবীর আর কোন দেশে কোন কালে ছিল কিনা কেউ বলতে পারবে না।

এই নারাধম কত মেয়ের যে সর্বনাশ করেছে, কত নারী যে নিধন করেছে, কত হতভাগিনীকে উন্মাদে পর্যবসিত করেছে তার সীমা নেই। তার কবল থেকে কেই রক্ষা পায়নি। ব্রাক্ষণ, পুরোহিতদের হত্যা করে তাদের ছেলে মেয়েদের যেমন করেছে নির্যাতন, ঠিক তেমনি হিন্দু, মুসলমান কাউকে সে রেয়াত করেনি। তার পাশব প্রবৃত্তির লেলিহান শিখায় যে সকল সদ্য স্বামী হারা, পিতৃহারা, মাতৃহারা হতভাগিনী পুড়ে ছাই হয়ে গেছে তাদেরকে এরপর স্থানান্তরিত করা হয়েছে মহকুমার বিভিন্ন কেন্দ্রে নরাকৃতি পশু পশ্চিমা হানাদার আর কুখ্যাত রাজাকার, মুজাহিদ, আল বদর বাহিনীর কমাণ্ডার এবং স্বঘোষিত অফিসার ইন-চার্জদের হাতে।

ইফতেখার লুণ্ঠন চালিয়েছে নির্বিচারে। নিজে গ্রহণ করেছে স্বর্ণ, নগদ টাকা, স্বর্ণালংকার প্রভৃতি মূল্যবান জিনিস, আর তার অনুচরদের দিয়েছে বাকী সমস্ত মালামাল। এছাড়া তথাকথিত শান্তি কমিটির যোগসাজশে যাকে তাকে ধরে আটক করে, শান্তি কমিটির মাধ্যমে মোটা অংকের নগদ অর্থের বিনিময়ে দু একজনকে ছেড়ে দিয়েছে। অনেক সময় টাকা গ্রহণ করেও সে ব্যক্তিকে হত্যা করা হয়েছে। বলা বাহুল্য তথাকথিত শান্তি কমিটি টাকা আদায়ের সময় নিজেদের অংশ আলাদা করে আদায় করেছে।

হিন্দু প্রাণভয়ে মুসলমান হয়েও এই নরপিশাচ এর হাত থেকে রক্ষা পায়নি। তাদেরও হত্যা করা হয়েছে। বল্লভ সাহা নামক একজন হিন্দু ব্যবসায়ী প্রাণভয়ে সপরিবারে মুসলমান হয়। তাকেও হত্যা করেছে। নরপিশাচ দীর্ঘকাল এক ত্রাস ও বিভীষিকার রাজত্ব চালিয়ে কিশোরগঞ্জকে শ্মশানে পরিণত করে।

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতা এলো, দানবীর আর, পি, সাহা আজও এলেন না	দৈনিক আজাদ	৫ ফেব্রুয়ারী, ১৯৭২

গাড়ীর শব্দ শুনলেই মনে অয়-'এই বাবু আইতাছে'
স্বাধীনতা এলো, দানবীর আর পি সাহা আজও এলেন না

'জেঠামণি না আসলে আমার কান্না পাবে, আমি এখানে থাকতে পারব না।' কথা কটি বললো ভারতেশ্বরী হোমসের কিণ্ডার গার্টেন দ্বিতীয় মানের ছাত্র রোকেয়া ইসলাম। বলতে বলতে কেঁদে ফেললো ৮ বৎসরের মেয়ে রোকেয়া। ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদছে। বাঁধ ভাংগা বন্যার মত তার অশ্রু ঝরছে। এ দৃশ্য বড় বেদনাদায়ক। এ দৃশ্য বড় মর্মান্তিক। অথচ কিছুক্ষণ পূর্বেও রোকেয়া তার সহগামী বোনদের সাথে মাঠে ছুটাছুটি করছিল।

ভারতেশ্বরী হোমসের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা হোমসের ছাত্রীদের সবার প্রিয় জেঠামণি। ৭১-এর মে মাসে পাক বাহিনী হোমসের ছাত্রীদের প্রিয় জেঠামণি আর তার ছেলে ভবানী প্রসাদ সাহাকে ধরে নিয়ে যায়।

অভিযোগ ''ওরা হিন্দু। ভারতের চর। আওয়ামী লীগের সমর্থক''। কিন্তু হোমসের ছাত্রীরা উচ্চকণ্ঠে বলেছে'' সব মিথ্যে সব মিথ্যে।'' তিনি আমাদের আদর করেন। কান্না পেলে চোখের জল মুছিয়ে দেন। সত্যিই অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী দানবীর রণদা প্রসাদ সাহা একটি মহিরুহ। এ মহিরুহের ছায়াতলে বিগত ৩০ বৎসর যাবত অসংখ্য ছাত্রী জ্ঞানের আলোকে উদ্দীপ্ত হয়েছে। আর পি সাহা হোমসের ছাত্রীদের ভালবাসতেন গভীরভাবে।

তাদের শাসনও করতেন কঠোরভাবে। আবার পরক্ষণেই মাথায় হাত বুলোতেন সস্নেহে। সকল দু:খ, সকল বেদনা অসুখ বিসুখ ভুলে যেতেন এখানে এসেই। হোমসের ছোট ছোট মেয়েরাই ছিল তার কর্মজীবনের সঞ্জীবনী শক্তি তার কর্মবহুল জীবনের প্রেরণা। আর এদের দিকে তাকিয়েই তিনি কাজ করতেন দিনরাত অনবরত। এদের মুখে হাসি দেখলে তিনি খুশি হতেন, পুলকিত হতেন। কুসুমের মতই ছিল তার মন, কোমল আর বজ্রের মতই ছিল কঠোর তার বাহিরের রুপ।

হোমসের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা স্বাধীনতার পর আজ অবধি নিখোঁজ। তবে এ অন্তর্ধান সম্পর্কে কোন সঠিক তথ্যই উদঘাটিত হয়নি। হোমসের ছাত্রী শিক্ষয়িত্রী কুমুদিনি হাসপাতালের ডাক্তার, নার্স রোগী কুমুদিনি জনকল্যাণ ট্রাষ্টের কর্মচারী সহ তার বন্ধুবান্দব শুভানুধ্যায়ী সবিশেষ উদ্বিগ্ন।

জেঠামণি ফিরে আসবেন। বাবু ফিরে আসবেন। আমাদের বিশ্বাস তিনি আজও বেঁছে আছেন। এ মহামানবের মৃত্যু হতে পারে না । তিনি তো মানবতাবাদী, সমাজবাদী। তার কোন শত্রুথাকতে পারে না।'' এ দৃঢ় বিশ্বাস নিয়ে সবাই অধীর আগ্রহে প্রহর গুনছে। এ প্রতীক্ষা তাদের যেন আর শেষ হতে চাচ্ছে না । গভীর উৎকণ্ঠা আর প্রতিক্ষায় তাদের দিন কাটছে। হোমসের প্রিন্সিপাল মিসেস প্রভা মুৎসুদ্দি বল্লেন, আপনারা চেষ্টা করে দেখুন, কোন না কোন ভাবে কাকা বাবুকে ফিরিয়ে আনা যায় কিনা ।

বিক্ষিপ্তভাবে সকলেই কাতর কণ্ঠে হরেক রকম মন্তব্য করেছন। হোমসের ভাইস প্রিন্সিপাল মিস সালমা রহমান বললেন এখান থেকে বিগত দিনগুলোতে শত শত ছাত্রী জ্ঞানের আলোক নিয়ে মানবতার মশাল নিয়ে

ছড়িয়ে পড়েছে গ্রাম বাংলার প্রান্তরে প্রান্তরে। আর তা শুধু সম্ভব হয়েছে দানবীর রণদা প্রসাদ সাহার মহৎ অনুভূতির ফলেই। এখানে ধনী, গরীর, হিন্দু মুসলমানের কোন পার্থক্য নেই। আমরা সবাই একই পরিবারের সদস্য । জাতি ধর্ম বর্ণের এখানে কোন বাছ বিচার নেই। হোমসের দারোয়ান ইউনুছ মিয়া, আর ইমান আলী মিয়া আমাদেরকে দেখেই প্রশ্ন করলো 'আপনারা কি বাবুর কোন খবর নিয়া আইছেন?' জিজ্ঞাসা করলাম 'কোন বাবু?' 'আমাগো বড় বাবু'।

তারপর অনেক আলাপ আলোচনার পর তারা বললো, 'আমাগো মনে অইতেছে যেন অহনো বাবু আছে। গাড়ীর শব্দ শুনলেই মনে অয় যে, এই বুঝি বাবু আইতাছে।' সত্যিই কত গভীর অনুভূতি, সবাই এ অভাব অনুভব করছে। মনে মনে প্রাণে প্রাণে সবাই আজ এই অনুভবের অনুসারী।

শিরোনাম	সূত্র	তারিখ
কুমিল্লা ও রাজশাহীতে (রাজশাহী বিশ্ববিদ্যালয়) গণহত্যার স্বরুপ	সংবাদ	৬ ফেব্রুয়ারী, ১৯৭২

কুমিল্লা ও রাজশাহীতে গণহত্যার স্বরুপ

কুমল্লি, ৫ই ফেব্রুয়ারী (বি, এস, এস)। বিভিন্ন সূত্রের খবর থেকে জানা গেছে, ইয়াহিয়ার জল্লাদ বাহিনী এবং তাদের অনুগত চররা বিগত ৯ মাস ধরে এখানে ত্রাসের রাজত্ব চালিয়ে কমপক্ষে ২০,০০০ লোককে হত্যা করে। হাজার হাজার বাড়ী পুড়িয়ে দেয় এবং অগণিত পরিবারকে গৃহহারা করে দখলদার বাহিনী বাংলাদেশ ভারতের সীমান্তের ৩ মাইলের মধ্যে সমস্ত সম্পত্তি এবং বাড়ীঘর জ্বালিয়ে দিয়েছে অথবা ধ্বংস করেছে।

এ সব এলাকার মধ্যে ব্রাক্ষণবাড়ীয়া এবং আখাউড়া সবচাইতে বেশী ক্ষতিগ্রস্ত। জেলার প্রায় সকল হাট-বাজার লুট ও ধ্বংস করাতে সারা জেলায় চরম আর্থিক সংকট দেখা দিয়েছে। ক্ষতির পরিমাণ সম্পূর্ণ রুপে নির্ধারন করার কাজ সম্পন্ন হলে হত্যা এবং ধ্বংসের পরিমাণ বহুগণে বৃদ্ধি পাবে বলে আশাঙ্কা করা হচ্ছে।

পাক হানাদার বাহিনী এবং অনুচররা বিভিন্ন হাট-বাজার, ঘরবাড়ী রেল এবং বাস থেকে বহুসংখ্যক যুবককে ধরে এনে অজ্ঞাত স্থানে নিয়ে যায়। তাদের ভাগ্যে কি ঘটেছে সে সম্পর্কে এখনো কিছু বলা যায়নি। যাদের ধরে নিয়ে যাওয়া হয়েছিল তাদের মধ্যে একমাত্র বিষ্ণুপুরের জনাব আলী আকবার নামে এক যুবক জীবন্ত ফিরে আসতে সক্ষম হয়েছেন।

বিএসএস-এর প্রতিনিধির নিকট তিনি জল্লাদ বাহিনীর নির্মম অত্যাচারের কাহিনী বর্ণনা করেছেন। তিনি বলেন, এপ্রিল মাসের ৮ তারিখে তাদের বাড়ী ঘেরাও করে তল্লাসী চালান হয় এবং ২৩ বৎসর বয়স্ক বাসেতকে হত্যা করা হয় তার বাড়ী লুট করে সমস্ত কিছু সার্কিট হাউসে নিয়ে যায় এবং তাকেও ধরে নিয়ে যায়। সার্কিট হাউসে আরো ১২ জনকে ঐ সময় ধরে আনা হয় এবং সারারাত ধরে তাদের আটকে রাখা হয়। পরদিন সকালে চোখ এবং হাত বেঁধে ট্রাকে করে অজ্ঞাত স্থানে নিয়ে যাওয়া হয়।

একটি গুদাম ঘরে তদদের নিয়ে আসা এবং চোখ খুলে দেওয়া হয়। সেখানে তিনি বহু হতভাগ্যকে পা বাঁধা হাত বাঁধা অবস্থায় মেঝেতে পড়ে থাকতে দেখতে পান। ঐ সব হতভাগ্যের মধ্যে শহরের নামকরা আইনজীবী শ্রী যতীন্দ্র ভদ্রকে তিনি দেখতে পান। তাঁর গায়ে যথেষ্ট ক্ষত চিহ্নও তিনি দেখেছিলেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

রাজশাহী হতে বা, স, স-র অপর খবরে প্রকাশ সুদীর্ঘ নয় মাস পাক বাহিনীর অত্যাচারের জ্বলন্ত দৃষ্টান্ত হচ্ছে বিশ্ববিদ্যায়ের ৩ জন শিক্ষকসহ ১৮ জন পার্সোনেলের কর্মচারী হত্যা। পাক বাহিনীর হাতে বশ্বিবিদ্যালয়ের যেসব জিনিসপত্র নষ্ট হয়েছে তার মূল্যের পরিমাণ প্রায় ২২ লক্ষ ৬৪ হাজার টাকা।

বাংলাদেশ সংবাদ সংস্থার বিশেষ প্রতিনিধিকে বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার জানান যে পাক বাহিনী কর্তৃক ধ্বংসকৃত জিনিসপত্রের মূল্যের পরিমাণ যথাযথ নিরুপণ করতে একটি কমিটি নিয়োগ করা হয়েছে। গত এপ্রিল মাসের তৃতীয় সপ্তাহে পাক বাহিনী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রবেশ করে বিভিন্ন হল এবং ষ্টাফ কোয়ার্টারে ক্যাম্প স্থাপন করে। প্রথমেই বর্বর বাহিনী শহীদ মিনারটি ধ্বংস করে দেয়।

পরে জোহা হলসহ অন্যান্য অনেক হল সম্পূর্ণ ধ্বংস করে ফেলে। সকল হল ষ্টাফ কোয়ার্টার ও অন্যান্য কর্মচারীর বাসা এমনকি লাইব্রেরী ও লেবরেটরী পর্যন্ত হানাদার বাহিনী লুটপাট করে। সংবাদ দাতা পরিসংখ্যান বিভাগের প্রধান ড: হোসেন, অর্থনীতি বিভাগের প্রধান ড: মোশারফ হোসেন, বাংলা বিভাগের রীডার ড: আবু হেনা মোস্তফা কামাল এবং অন্যান্য উচ্চপদস্থ কর্মচারীর সাক্ষাৎ গ্রহণ করেন এবং হানাদার বাহিনীর নানা প্রকার চাঞ্চল্যকর কাহিনী শুনেন।

এপ্রিল মাসে ১৪, ১৫ এবং তারিখে যথাক্রমে অংক বিভাগের এসোসিয়েট প্রফেসর জনাব হাবিবুর রহমান, বাংলা বিভাগের এসোসিয়েট প্রফেসর শ্রী সুখরঞ্জন সমাদ্দার এবং মনস্তত্ত্ব বিভাগের ডেমনষ্ট্রেটর জনাব মীর আব্দুল কাইয়ুমকে বাসভবন থেকে ধরে নিয়ে হত্যা করা হয়। বর্বররা কি ঘরনের ষ্ঠুর ছিল তার এক নজীর পাওয়া যায় একজন অধ্যাপককে হত্যা করার পর তার মেয়েকে একজন মিলিটারী অফিসারের সাথে বাস করতে বাধ্য করার দৃষ্টান্ত থেকে।

বিশ্বস্ত সূত্রে জানা যায় যে, প্রাক্তন উপচার্য জনাব সাজ্জাদ হোসেনই ৩০ জন অধ্যাপক এবং অন্য দু'জন অফিসারকে হত্যার একটি তালিকা প্রস্তুত করেছিলেন। একে ৪টি ভাগে ভাগ করা হয়েছিল। প্রথম শাস্তি মৃত্যুদণ্ড, ২য় কারাবরণ, ৩য় পদ হতে অপসারণ এবং ৪র্থ বেত্রাঘাত । তাছাড়া আরো জানা গেছে যে, ৪ জন অধ্যাপক ট্রাক ভর্তি করে মালপত্র নিয়ে ২৮শে এপ্রিল বিশ্ববিদ্যালয় ছেড়ে চলে যায়। কিন্তু তারা আর ফিরে আসেনি। তারা পশ্চিম পাকিস্তানে চলে গেছে বলে অনুমান করা হচ্ছে। আবুল বাশার নামের একজন পিয়ন সংবাদদাতাকে জানায় যে, কেবলমাত্র জোহা হলের নিকটেই ৩ হাজার লোককে সমাধিস্থ করা হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
নাটোরের ছাতনীতে পাক বাহিনীর বর্বরতা	পূর্বদেশ	৬ ফেব্রুয়ারী, ১৯৭২

নাটোরের ছাতনী মাইলায়ের বর্বরতাকেও হার মানিয়েছে

হাজার মাইলাইয়ের এক ছাতনী। বঙ্গবন্ধুর আহবানে সমগ্র বাংলার মানুষ যেমন সাড়া দিয়েছিল তেমনি ছাতনীর মানুষও সমস্বরে শ্লোগান দিয়েছিল: শোষকের মুখে লাথি মারো বাংলাদেশ স্বাধীন করো।

আর এটাতেই সমগ্র বাংলার ধ্বংসের মতো ছাতনীর ধ্বংসও অনিবার্য হয়ে পড়ে। ''আমাকে তোমরা খুন করো, কার বিনিময়ে আমার গ্রামের মানুষকে বাঁচাও। তোমাদের খোদার কসম তোমরা আমার মানুষদের মেরোনা।'' মৃত্যুমুখোযাত্রী ভাবশী গ্রামের মণি সরকার আর্তি করেছিলন হানাদার পাক বাহিনীর সৈন্যদের নিকট। হানাদার বাহিনী তাকে হত্যা করেছে। নির্মমভাবে গায়ের চামড়া উঠিয়ে হত্যা করেছে। ছাতনীর হত্যাকাণ্ডের প্রত্যক্ষদর্শী যুবক আবুল কালাম কান্নাবিজড়িত কণ্ঠে শোনাচ্ছিলেন ছাতনীর এ মর্মান্তদ কাহিনী । আবুল কালাম বললেন, স্বাধীনতা সংগ্রামের দু'মাস পর্যন্ত আমরা এদিক-সেদিক পালিয়ে ভালই ছিলাম।

হিন্দুদের আমরা পাহারা দিয়ে রাখতাম, কিন্তু এর মধ্যেও আমাদের অনেকবার লাঠিসোঁটা নিয়ে প্রস্তুত থাকতে হতো, কখন হয়তো নরপিশাচ অবাঙ্গালী জল্লাদের দল গ্রামে ঢুকে পড়ে। তাদের তিনবার যুদ্ধ করবার জন্য এগিয়ে আসতে হয়। বিংশ শতকে হালাকুর বংশধররা তিনদিন পর সশস্ত্রে ছাতনী গ্রামকে আক্রমণ করতে আসে। গ্রামের মানুষ একত্রে খোদার নাম নিয়ে লাঠিসোঁটা নিয়ে দলে দলে তাদের তাড়া করে। হানাদার বাহিনী বিভ্রান্ত হয়েছে ঘটনা দেখে। তারা পিছু হটেছে। কিন্তু অবাঙ্গালী পাকিস্তানী অসামরিক নাগরিকদের দ্বিতীয় পিতা, ধর্মের কুলাঙ্গার জল্লাদ হাফেজ আব্দুর রহমান এ পরাজয়কে অপমান মনে করলো।

তই প্রতিশোধ নেবার ইচ্ছা প্রবল হলো তার। খুনের নেশাখোর এই জল্লাদ তাই পথ খুঁজতে চেষ্টা করেছে সর্বক্ষণ। আবার হেঁটেছে সেই পথে। বনবেলা ঘুরিয়ার মসজিদ থেকে টেনে বের করলো ১০৫ বছর বয়স্ক আওয়ামী লীগ সমর্থক বৃদ্ধ সৈয়দ আলী মুন্সীকে । ঘটনা ঘটলো ১৫ ই জ্যৈষ্ঠে। সৈয়দ আলী মুন্সীর লাশ দেখলো ছাতনীর মানুষ। ওরা কাঁদলো । এর পরের ঘটনা সুপরিকল্পিত। ছাতনীর বর্তমানে সবচেয়ে বয়োবৃদ্ধ ৮২ বছরের নলীনিকান্ত বললেন ওরা রাতে এসে ছাতনী দিঘীর পাড়ে জমা হয়। রাত তখন প্রায় দুটো।

সকাল পাঁচটার দিকে গাঁ ঘিরে নেয়। ঘরে ঘরে ঢুকে সবাইকে বের করে হাত পিছনে বেঁধে নিয়ে যাচ্ছিল। বৃদ্ধের একমাত্র ছেলেকেও ওরা হত্যা করেছে। শিশুকেও হত্যা করতে ছাড়েনি। বৃদ্ধ বলছিলেন, ডাক্তার মনিরুদ্দিনের তিনটি বিবাহিত যুবক ভাইকেও ওরা হত্যা করে গেল। রুদ্ধকণ্ঠে বৃদ্ধ নলিনি কান্ত বললেন, পিশাচরা মেয়েদের উপর অত্যাচার করল। লাখ লাখ অভিযোগ বর্বরদের এরুপ কাজের। এই গ্রামের আরেকজন যুবক আবুল কাশেম। অনেক বুদ্ধি খাটিয়ে বেঁচেছে সে। বলল: যখন আমি বুকে ছুটে জমির আইলের পাশ দিয়ে হানাদারদের চোখের বাইরে যাচ্ছিলাম, তখন কয়েকজন যুবতীকে বিবস্ত্র অবস্থায় অজ্ঞান হয়ে পড়ে থাকতে দেখেছি।

আবার দেখলাম একটি বৃদ্ধ এবং ক'জন লোক পিছনে হাত বাঁধা মরে পড়ে আছে। ওরা সংখ্যায় ছিলো কমপক্ষে ২৫০ জনের মতো । ৫০ জনের মতো পাক বাহিনীর সৈন্য। অবশিষ্টরা ছোরা হাতে অবাঙ্গলী তারা ছাতনীর সমস্ত কিছু লুট করেছে, ঘরে ঘরে তন্ন তন্ন করে পুরুষদের হত্যা করেছে।

আবুল কালাম আমাকে বললেন, গ্রামের যে এলাকায় বেশী লোক হত্যা, নারী নির্যাতন হয়েছে সেদিকেরই এক ধানের জমিতে পানির মধ্যে নিজেকে আড়াল রেখে সবকিছু দেখেছেন তিনি। সৈন্যরা এসেছিল রাইফেল হাতে নিজের পোশাকে। অবাঙ্গালীরা সাদা পাজামা পাঞ্জাবী পরনে, ছোরা হাতে কালা মুখোশ ছিল হাফেজ জল্লাদদের। তার অল্প কিছু দুরেই এক মহিলার কোলের শিশুকে ফেলে হানাদার বাহিনীর সৈন্য জমির ওপরে মহিলাকে অত্যাচার করলো। মহিলার শাশুড়ি শিশুটিকে কোল নিয়ে সরে গেল।

একটু পর গুলির আঘাতে শিশুটি নিস্তব্ধ হয়ে গেল। গুলির শব্দ, শুধু শব্দ। সকাল পাঁচটা থেকে ন'টা। অত্যাচার হত্যার পাশবিকতার তাণ্ডবলীলা চললো। হাহাকার, আর্তচিৎকার । গ্রামে আশ্রয় নিয়েছিল আরো অন্য গ্রামের আত্মরক্ষা প্রয়াসী বহু পরিবার। সব একাকার হলো, ছাতনীর মাঠ, খালের পানির সঙ্গে মৃতের সংখ্যা দাঁড়ালো ৪৪১ জন। শিশু, যুবক, বৃদ্ধ, মধ্য বয়সী। শুধু পুরুষদের বেছে বেছে হাত পিছনে বেঁধে গুলী করেছে বর্বররা। এখানেই শদাব্দীর অভিশাপ মুসলিম কলঙ্ক পাকিস্তানী বর্বর শাসক নাটোরের ছাতনীকে লক্ষ মাইলাই-এ পরিণত করে গেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
খান সেনারা ওকে বাঘের খাঁচায় ঢুকিয়েছিল	দৈনিক বাংলা	৩ ফেব্রুয়ারী, ১৯৭২

খান সেনারা ওকে বাঘের খাঁচায় ঢুকিয়েছিল

বলিষ্ঠ দেহের অধিকারী জনাব সিরাজুদ্দৌলা ঠাকুরগাঁ শহরেরই অধিবাসী। দিনটি ছিল ২২শে জুলাই। বিকাল ৪টা। দোকানে বসে ছিলেন সিরাজুদ্দৌলা। এমন সময় ৭/৮ জন খান সেনা এসে তাঁকে ধরে ফেলল। তিনি কথা বলার চেষ্টা করেছেন। কিন্তু খান সেনারা তার কোন কথাই শুনল না। ওরা ওকে জুতা পরতেও দেয়নি। তখনই শুরু হলো মার।

ঘুষি, কিল, চড়, থাপ্পড়। এক নাগাড়ে, বিরামহীন। ওদের একজন তার হাত দুটো বেঁধে ফেলল। মার খেতে খেতে তিনি ধরাশায়ী হয়ে গেলেন। কে কত মারতে পারে তার প্রতিযোগিতা শুরু হল। চলতে থাকলো সরু পায়ের লাথি। আর মুখখিস্তি। ওদের ক্যাম্পে যাওয়ার আগে চেকপোষ্ট। পশুদের সেকি উল্লাস। মুখ ব্যাদান করা হাসি।

একে অপরকে বলছে, ''বহুত উদমা শিকার মিল গিয়া।'' সাথে সাথে পরম সুখে মারধোর চলতেই থাকলো। ওদের পায়ে পায়ে ফুটবলের মত গড়াতে গড়াতে ক্যাম্পে গিয়ে পৌঁছলাম। ক্যাম্পে আরো বিরাট চেহারার কতকগুলো গাট্রা গোট্রা খান সেনা এগিয়ে এলো তখনো জ্ঞান হারাইনি। মনে হল এদের মার আমি হজম করতে পারবো না । আজ আমার এখানেই শেষ।

কেন জানি না, ওরা মারলো না। ঘরের বারান্দায় শূন্য পাটাতনের উপর আমাকে বসতে বললো। সাহস সঞ্চয় করে বললাম, আমি একজন মেডিক্যাল চাত্র, শিক্ষিত মানুষ। চেয়ার দাও । যেনো ভূত দেখেছে। এমনি দৃষ্টিতে তাকিয়ে অট্টহাসিতে ফেটে পড়লো পশুর দল। বলল, চেয়ার? বাঙ্গালী সে অধিকার হারিয়েছে। খুঁটির সাথে আমার হাত বেঁধে ফেলা হলো। তখন আসরের নামাজের সময় হয়েছে। তিনি অজুর পনি চাইলেন। এনে দিল, বাঁধা হাত ছাড়িয়েও দিল।

নামাজের আধঘন্টা খানেক পর শুরু হলো ওদের জিজ্ঞাসাবাদ। আমি নাকি অনেক অবাঙ্গালী হত্যা করেছি, আমি একজন সামরিক অফিসার। আমি ছেলেদের রাইফেল ট্রেনিং দিয়েছি ইত্যাদি। ওরা আমাকে খুবই পীড়িপীড়ি করতে থাকে আমি যাতে সব কিছু স্বীকার করি। এরপর মনে হলো, সিকিউরিটির কিছু অফিসার এলো। তারাও একই ধরনের প্রশ্ন করেত থাকে। আমি সব কিছুই অস্বীকার করি। এবার ভয় দেখালো, ওরা আমাকে মেরে ফেলবে।

এরপর ওরা কোত্থেকে একটা বানর জোগাড় করে আনলো। ওরা বানরটাকে আমার উপর ছেড়ে দিল। চলল বানরের অত্যাচার। কামড়, আঁচড়, থাপ্পড়। এক সময় বানরও শ্রান্ত হয়ে গেল। সন্ধ্যা নেমে এলো। এরপর ওরা আমাকে বাঘের খাঁচায় ঢুকিয়ে দিল। কি মর্জি হলো। ওরা আমাকে খাঁচা থেকে বের করে নিয়ে এলো।

সেই মুহূর্তের মনের অবস্থা আমি ভাষায় বোঝাতে পারবো না। নিশ্চিত বুঝতে পারছি, আমি মরছি। দেশের স্বাধীনতার জন্য মনে মনে আল্লাহর কাছে প্রার্থনা করছি। খাঁচা থেকে বের করে নিয়ে এসে ওরা আমাকে পাশেই একটি কক্ষে ঢুকিয়ে দিল। খাঁচা আর কক্ষটার মাঝখানে শুধু একটি রেলিং । সেখান থেকে খাঁচার মধ্যে শুকিয়ে যাওয়া রক্তের দাগ দেখতে পাচ্ছিলাম। আচমকা বাঘটা রেলিং টপকে এসে আমাকে আক্রমণ করে বসল।

ডান হাত, ডান উরু ও ডান দিকের পিঠে তার তীক্ষ্ণ নখর বসিয়ে দিল। আবার তার স্থানে ফিরে গেল। রাত ৮ টার দিকে আমাকে সে ঘর থেকে ওরা বের করে আনলো। ভাবলাম এবার হয়তো মেরে ফেলবে। না মারলো না। নিজের হাতও দেখতে পাচ্ছি না এমনি একটি অন্ধকার ঘরে ঢুকিয়ে দিয়ে একজন সিপাই বলল, দেখ বিছানা আছে-শুয়ে পড়। হাত দিয়ে যা পেলাম তা হলো একটি চটের ছালা আর ইলেট্রিক হিটার। হাত দুটো জানালার সাথে বাঁধাই রইলো।

সকালে ওরা আমাকে মেজর রাজার কাছে নিয়ে গেল। সেখানে আমার বাবাকেও দেখলাম। অদ্ভুত সব প্রশ্ন মেজর রাজার। কোন জেলায় বাড়ীর সংখ্যা বেশী? বললাম, জানি না।

ঠাকুরগাঁয়ে কত মেয়ে আছ? বললাম, আপনি বলুন।

মেজরের জবাব ঠাকুরগাঁয়ে মেয়ে বেশ, কেননা তার মতে বাঙ্গলী মেয়রাই নাকি সেখানে অবাঙ্গলীদের মেরে ফেলেছে। এরপর কর্নেলের কাছে আমাকে পাঠানো হলো। অনেক সদুপদেশ দিয়ে কর্নেল আমাকে ছেড়ে দিল।

এরপর আরো একবার মেজর তাকে তলব করেছিল।

শিরোনাম	সূত্র	তারিখ
হাজার প্রাণের হত্যাপুরী লাকসাম সিগারেট ফ্যাক্টরী	পূর্বদেশ	৬ ফেব্রুয়ারী, ১৯৭২

হাজার প্রাণের হত্যাপুরী লাকসাম সিগারেট ফ্যাক্টরী
\ এম এ খায়ের মিয়া \

লাকসাম, কুমিল্লা

লাকসাম জংশনে দাঁড়িয়ে দক্ষিণ-পশ্চিম দিকে দৃষ্টি মেলে ধরলে দেয়াল ঘেরা সুবিশাল এলাকা জুড়ে কালো রং মাখা যে দ্বিতল প্রাসাদটি দেখা যাবে সেটি একটি সিগারেট ফ্যাক্টরী। কিন্তু তার নাম যা-ই থাকুক না কেন লাকসামবাসীরা এটাকে হত্যাপুরী বলেই জানে। বিগত নয়টি মাসে এই ফ্যাক্টরীর বিভিন্ন কোনায় বিভিন্ন কক্ষে ও কোঠায় বিভিন্ন সেলে এবং ছাদে যে অত্যাচার, নারী ধর্ষণ এবং নির্বিচারে গণহত্যা চলেছিল তার নজীর পৃথিবীর ইতিহাসে বিরল।

দিনে-রাতে যখন-তখন লাকসাম থানার বিভিন্ন গ্রামগঞ্জে হানা দিয়ে গ্রাম বাংলার নিরীহ নারী-পুরুষদের ধরে এনে এবং লাকসাম জংশনে অপেক্ষমাণ ট্রেন থেকে যুবক-যুবতী ও যাত্রীদের ছিনিয়ে এনে এই হত্যাপুরীতে বর্বর খান সেনারা বিনষ্ট করেছে অগণিত মা, বোনের ইজ্জত, বধ করেছে হাজার হাজার প্রাণ।

ট্রেন থেকে মহিলা যাত্রী আর গ্রাম থেকে পল্লীবালা ও কুলবধূদেরকে ছিনিয়ে এনে ওদের উলঙ্গ করে কারখানার ছাদের উপরে উঠিয়ে দু'হাত উপরে তুলে সারাদিন ভর রেলিংবিহীন ছাদের উপরে হাঁটতে বাধ্য করা হতো কারখানার অনতিদূরে যাত্রীবাহী ট্রেন থামিয়ে যাত্রীদের ঐ ছাদের উপর দৃষ্টিপাত করতে নির্দেম দেয়া হতো। এমনিভাবে সারাদিনভর ধৃত মা-বোনদের বেইজ্জতি করে রাতে কারখানার বিভিন্ন কোঠায় নিয়ে মেজর গার্দিজি ও তার দোসররা মা-বোনদের উপর চালাতো পাশবিক অত্যাচার। নিজেরা তো মদ পান করতো, নারীদেরও মদপানে বাধ্য করা হতো। চাবুকে আর চাবুকে এবং পাশবিক অত্যাচারে জর্জরিত হয়ে রাত্রির গভীরতা ভেঙ্গে প্রায়ই ভেসে আসতে মা-বোনদের বুকফাটা করুণ আর্তনাদ। কিন্তু মদ্যপায়ী নর-পশুদের অট্টহাসিতে সবকিছু চাপা পড়ে যেত। অনেক অনেক মা-বোনকে বলাৎকার স্থলেই মৃত্যুবরণ করতে হয়েছে আর যারা নামে মাত্র বেঁচে থাকত তাদের সংজ্ঞাহীন দেহ রাতের আঁধারে সে কারখানার বিভিন্ন কোনায় পুঁতে ফেলা হতো।

বিগত ১লা ফেব্রুয়ারী সে কারখানায় প্রহরারত মিত্রবাহিনীর অনুমতি নিয়ে লাকসামের এম, সি এ জনাব আব্দুল আউয়াল ও থানার সেকেণ্ড অফিসার এবং জনকয়েক ভুক্তবোগী ও প্রত্যক্ষদর্শী সহকারে কারখানাটি দেখতে গিয়েছিলাম। পশ্চিম কারখানাটিতে ঢুকতেই ভেসে এল পঁচা গন্ধ। হয়তো রক্ত পঁচা গন্ধই হবে। এ কারখানার যেখানেই যে কক্ষে ঘুরেছি সর্বত্রই অনুভব করতে পেরেছি রক্তের চাপ সে রক্তে দুর্গন্ধের আবাস। ভিতরে ঢুকতেই সামনেই দেখতে পেলাম দুটি জীবন্ত পেয়ারা গাছ এবং সদ্য মৃত একটি কাঁঠাল গাছ।

গাছ তিনটির প্রত্যেকের ডালে দেখলাম এখনো ঝুলে রয়েছে হত্যার প্রতীক কয়েকটি রশি। জনৈক প্রত্যক্ষদর্শী জানালেন এ গাছ তিনটিতে যে সমস্ত রশি এখনো ঝুলে রয়েছে সে সমস্ত রশিতে অসংখ্য নারী পুরুষকে ঝুলিয়ে রেখে চাবুকের প্রহারে নিস্তেজ করা হতো। তারপর সে সমস্ত সজ্ঞাহীন দেহ গুড় মেখে একটি চিলে কোঠায় ফেলে রাখা হতো। বলা বাহুল্য, সেই চিলে কোঠায় পূর্বাহ্নেই লুট করা খেজুরের গুড় বা মিষ্টি দ্রব্য

ছিটিয়ে অজস্র পিঁপড়া জড়ো করে রাখা হতো। তারপর সেই পিঁপড়ার ভিড়ে সংজ্ঞাহীন দেহকে ফেলে রাখা হতো।

সারা রাত বিষাক্ত পিঁপড়ার তীব্র দংশনে অনেককেই সেই চিলে কোঠায় নির্মভাবে মৃত্যুবরণ করতে হয়েছে। এমনিভাবে প্রাথমিক নির্যাতন শেষে অনেককে চোখ বেঁধে লাইনে দাঁড় কারানো হতে তারপর গর্জে উঠতো হিংস্র হায়েনাদের অস্ত্র নিমিষে ভূলুণ্ঠিত হতো অগণিত প্রাণ। আর একটু এগিয়ে গেলাম, দেখলাম একটি পুকুর। পুকুরের পশ্চিম পাড়ে দুটি আম গাছ্ এ গাছেও দেখলাম কয়েকটি রশি ঝুলছে আর গাছের নীচে দেখলাম আগাছায় ভরা এক ফালি জমি।

জনৈক প্রত্যক্ষদর্শী জানালেন ঐ সব পেয়ারা-কাঁঠাল গাছের নীচে, এই আম গাছের নীচে, আর ঐ আগাছা ভরা জমিটুকু খুঁড়লেই বের হয়ে পড়বে অসংখ্য ভাই-বোনের অজস্র নর-কঙ্কাল। আর এক প্রত্যক্ষদর্শী পুকুরের পূর্ব পাড়ে একটি ভরাট গর্তের চিহ্ন দেখিয়ে জানালেন যে, একটি জীবন্ত লোককে হাত-পা বেঁধে এই গর্তে ফেলে দিয়ে মাটিচাপা দিতে তিনি দেখেছেন। তাছাড়া এম, সি, এ আউয়াল সাহেবও এ খবরটি বহু লোকের মুখে শুনেছেন বলে জানিয়েছেন। তারপর ঢুকলাম কারখানার ভিতরে।

সঙ্গী সেকেণ্ড অফিসার সাহেব পূর্বেই শুনেছিলেন যে ইলেট্রিক হিট দিয়ে নাকি এখানে লোক মারা হতো। তাঁর নেতৃত্বে আমরা সে রুমটি খুঁজে পেলাম। দেখলাম একটা সুইচ বোর্ড আর অসংখ্য বৈদ্যুতিক তার। সে ঘরটির পাশেই দেখলাম বেশ কিছু সামরিক ও বেসামরিক লোকের পোশাক। এখানে বাঙ্গালী সামরিক ও বেসামরিক লোকদের উলঙ্গ করে ইলেট্রিক হিট দিয়ে মারা হতো। সারাটা কারখানা ঘুরে দেখলাম।

সর্বত্রই দেখা যায়, ইতস্তত: বিক্ষিপ্ত অবস্থায় পড়ে রয়েছে অনেক কাগজপত্র খানসেনাদের ব্যক্তিগত চিঠি ও পারিবারিক ফটো। লাকসাম রেলওয়ে হাসপাতালে মালী মণিন্দ্র চন্দ্র, উপেন্দ্র চন্দ্র ও শ্রীরাম চন্দ্রমালীকে বিগত কয়েক মাস ধরে এ কারখানায় খান সেনাদের কাজ করতে হয়েছে বলে অনেক ঘটনার প্রত্যক্ষদর্শী হয়ে তারা আমাকে জানিয়েছেন যে, এখানে অনুষ্ঠিত অত্যাচার ও হত্যাযজ্ঞ দেখে সে ভীত হয়ে অনেকবারই পালাতে চেয়েছিল কিন্তু সুযোগ মেলেনি।

মণিন্দ্র চন্দ্র আরো জানিয়েছেন যে, প্রায় রাতেই দলে দলে লোকদের চোখ বেঁধে জংশনের দক্ষিণের বড় হাই লাইটটির পূর্বদিকে বেলতলায় নিয়ে যেয়ে ব্রাশ মেরে হত্যা করা হতো। যাদের হাতে দিনের বেলা গর্ত করা হতো রাত্রির বেলায় তাদেরকেই সেই গর্তে মাটিচাপা দেওয়া হতো।

মণীন্দ্র চন্দ্রের ও তার সঙ্গীদের নির্দেশিত গর্তগুলি খুঁড়লে আজও অসংখ্য প্রমাণ মিলবে বলে তারা জোর দাবী জানান। লাকসামের প্রখাত ডাক্তার জনাব মকবুল আহমদ, মিল মালিক জনাব আব্দুর রহিম ও আব্দুল মমিন এক সাক্ষাৎকারে জানালেন যে, পাক সেনাদের কুখ্যাত মেজর মুজাফফর হাসান গার্দিজি, ক্যাপ্টেন ওবায়দুর রহমান, সুবেদার মুস্তফা খান ও রেলওয়ে পুলিশ বাকাওয়ালীর নেতৃত্বে এবং স্থানীয় কতিপয় দালালদের যোগসাজশে লাকসামে সহস্রাধিক লোকের প্রাণনাশ ঘটে।

লাকসাম থানার প্রখ্যাত আওয়ামী লীগ কর্মী ২৪ নং অর্দ্রা ইউনিয়নের চেয়ারম্যান জনাব আলী আশরাফকে এবং লাকসামের বিশিষ্ট মুক্তিযোদ্ধা আব্দুল খালেক ও খসরুকে এই হত্যাপুরীতে নির্মমভাবে হত্যা করা হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
চাঁদপুরে আট মাসের বিভীষিকা	দৈনিক বাংলা	৭ পেব্রুয়ারী, ১৯৭২

চাঁদপুরে ৮ মাসের বিভীষিকা
জ্যান্ত মানুষগুলোকে হাত-পা বেঁধে গায়ে সিগারেটের
আগুন দেওয়া হতো--- কখনও বা নদীতে ফেলা হতো--- চোখ তুলে
নেয়া হতো--- দাঁত ভেঙ্গে ফেলা হতো---

চাঁদপুর, ২রা ফেব্রুয়ারী।-চাঁদপুরবাসী দীর্ঘ ৮ মাসের সেই বিভীষিকাময় দিনগুলোর কথা আজও ভুলতে পরেনি নরঘাতক পিশাচ পাঞ্জাবী মেজর তৈমুর ও তার দোসর সামরিক গোয়েন্দা বিভাগের শওকতের অত্যাচারের কথা। তাদের বীভৎস নারকীয় তাণ্ডবে বহু মা সন্তানকে হারিয়েছে। বিধবা হয়েছে বহু নারী, ধর্ষিতা হয়েছে কয়েকশ' অবলা।

কচি খুকীটিও এদের বিলাস লালসার কামনা থেকে বাঁচতে পারেনি। কিন্তু এখানেই শেষ নয়। মুক্তিবাহিনী, ভারতীয় দালাল ইত্যাদি আখ্যায়িত করে প্রায় পাঁচ হাজার লোকের প্রাণ নিয়েছে। মানুষকে এরা পিটিয়ে মারত। ইট ও পাথর ছুড়ে হত্যা করত।

হাত-পা বেঁধে জ্যান্ত মানুষগুলোকে নদীতে ছুড়ে ফেলত। চোখ উঠিয়ে নিত। দাঁত বেঙ্গে দিত। মাথা নিচু করে পা বেঁধে ঝুলিয়ে রাখত। নরপশু এই মেজর শওকত মানুষ হত্যার সময় উল্লাসে মেতে উঠত। হত্যাটা ছিল তার কাছে আনন্দদায়ক। এই ঘৃণ্য চরিত্রহীন শয়তানের একান্ত প্রিয় ছিল নারী ও সুরা। নারীদের দেখলে সে পাগলা কুকুরের ন্যায় ঝাঁপিয়ে পড়তো। সে মুক্তিবাহিনীর সহায়ক ও আওয়ামী লীগের সমর্থক বলে নিরীহ লোকদের মৃত্যুর ভয় দেখিয়ে বহু টাকা আদায় করে।

এ ছাড়া অগ্নিদগ্ধ দোকানপাট ও ঘরবাড়ীগুলো জঙ্গী শাহীর মেজর মাসুদের কীর্তির কথা স্মরণ করিয়ে দেয়। সেই হলো লুটেরাদের নায়ক। তার নির্দেশেই লুণ্ঠিত হয়েছে বাংলাদেশের প্রখাত বাণিজ্য কেন্দ্র পুরান রাজাদের লক্ষ লক্ষ টাকার সম্পদ। ৭১-এর ৭ ই এপ্রিল থেকে শুরু হয় চাঁদপুরে জল্লাদ বাহিনীর নরমেধযজ্ঞ।

সেদিন সকাল ৯ টা ৪৫ মিনিটে দুইটি রঙের স্যাবর জেট চাঁদপুরবাসীকে আতংকিত করে তোলে। শুরু হয় এক টানা ৪০ মিনিট গুলীবর্ষণ। নিমেষের মধ্যে আকাশ ছেচে যায় ধোঁয়ায়। চারিদিকে ধ্বনিত হয় হতভাগ্যের আর্তচীৎকার । হতাহত হয় প্রায় ৫০০ লোক। আর তারই সাথে ছুটে চলে নিরীহ মানুষের কাফেলা গ্রাম থেকে গ্রামান্তরে।

এর পরদিন সন্ধ্যায় মেজর ইফতেখারের নেতৃত্বে ৫০০ সৈন্য ও অস্ত্র বোঝাই ৭৮টি ছোট বড় সামরিক অসামরিক যান চাঁদপুরে প্রবেশ করে। কুমিল্লা থেকে চাঁদপুরে আসার পথে রাস্তার দু'ধারে তারা নির্বিবাদে গুলি চালায়। চাঁদপুর এসে টেকনিক্যাল স্কুলে আস্তানা গাড়ে। আসার অব্যবহিত পর এক বৃদ্ধা গরু নিয়ে বাড়ী ফেরার পথে গরুটি ছিনিয়ে রাখে এবং বৃদ্ধাকে গুলী করে হত্যা করে। এদিকে স্বাধীনতা সংগ্রামীরা তাদের আস্তানাটি ঘিরে ফেলে গুলী ছুড়তে থাকে।

তখন দখলদার বাহিনী মর্টার ও কামান থেকে গোলাবর্ষণ শুরু করে। রাত্রি প্রভাতেই তারা বেরিয়ে পড়ে রাস্তায়। পুড়িয়ে দেয় পার্শ্বস্থ গ্রামের কুড়ি-পঁচিশটি বাড়ী। এরপরেই ছুটে যায় শহরের অভ্যন্তরে। কয়েক ঘন্টা

টহল দিয়ে এরা শহরের বিভিন্ন রাস্তায় কাউকে বেয়নেট কাউকে গুলী করে মারে। সেদিন চাঁদপুর কলেজের জনৈক ছাত্রসহ ৫ জনকে খুন করে।

১০ই এপ্রিল থেকে শুরু হয় এদের কারিফিউ-এর পালা। কারফিউ-এর সঠিক সময়সীমা এরা জনসাধারণের কাছে গোপন রাখত। আর এ সুযোগে তাদের স্বয়ংক্রিয় রাইফেলগুলো সক্রিয় হয়ে নিধনযজ্ঞে মেতে উঠত। সে দিনই কারা ডিনামাইট দিয়ে শহরের কয়েকটি এলাকার ঘর উড়িয়ে দেয়।

শুধু তারাই নয়- কুখ্যাত আল বদর, আল শামস, রাজাকার ও দালাল কমিটির সদস্যদের অকথ্য নির্যাতনে অতিষ্ঠ হয়ে পড়ে শান্তিপ্রিয় জনসাধারণ। এরা কাউকে শান্তিতে থাকতে দেয়নি। জুলুম আর অত্যাচারই ছিল এদের প্রধান ধর্ম । এরাই অধিকাংশ সম্পদ লুণ্ঠন করেছ। লুণ্ঠন করেছ শহরের হিন্দু অধ্যুষিত এলাকার ঘরগুলো। দালান থেকে দরজা জানালা খুলে নিয়েছে। শুধু রেখে গেছে বিটে মাটিটুকু।

এদের ইঙ্গিতেই প্রাণ হারিয়েছে দশ হাজার নিরীহ লোক। মেঘনা তীরবর্তী চাঁদপুর রেলওয়ে ষ্টেশন এলাকা ছিল খুনীদের কসাইখানা। একবার কাউকে সেখানে নিয়ে গেলে আর কোনদিন খোঁজ পাওয়া যেত না। এ এলাকা ছিল চাদপুরবাসীর আতংকের স্থান। প্রয়োজনেও কেউ সেই এলাকায় যেতে সাহস পেত না।

জনৈক প্রত্যক্ষদর্শী আমাকে বলেন, ওরা নিমর্মভাবে চাবুক দিয়ে পিটিয়ে ক্ষতবিক্ষত করে সিগারেটের আগুন লাগিয়ে দিত, পরে হাত-পা বেঁধে ওয়াগনের মধ্যে দু'চার দিন আবদ্ধ করে রাখত। এরপরেও যদি প্রাণ না যেত তাহলে ফেলে দিত নদীতে। এ ছাড়া পানিতে দাঁড় করিয়েও গুলী করা হত। এমনি সুপরিকল্পিতভাবে হত্যালীলা চালিয়ে কমপক্ষে দু'হাজার লোককে নিমর্মভাবে হত্যা করা হয়। সেইখানে হানাদার বাহিনীর এরুপ অসংখ্য বর্বরোচিত ঘটনার নীরব সাক্ষী হয়ে রয়েছে চাঁদপুর রেলওয়ে ষ্টেশন।

শিরোনাম	সূত্র	তারিখ
রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পাকাবাহিনীর হত্যা, লুট ও নির্যাতন	আজাদ	৭ ফেব্রুয়ারী, ১৯৭২

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২২ লক্ষাধিক টাকার সম্পত্তি ধ্বংস
জল্লাদ বাহিনীর হত্যা, লুণ্ঠুন ও পাশবিক অত্যাচারের নৃশংস কাহিনী

রাজশাহী, ৫ই ফেব্রুয়ারী গত ন'মাস ধরে বর্বর পাকিস্তান বাহিনী বাংলাদেশে যে অবাধ হত্যালীলা চালিয়েছিল সে সময় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তিনজন শিক্ষকসহ ১৮ জন কর্মচারী নিহত হন। ঐ সময় জিনিসপত্রের দিক দিয়ে দখলদার বাহিনী ঐ বিশ্ববিদ্যালয়ের প্রায় ২২ লক্ষ ৬৪ হাজার টাকার মত ক্ষতি করেছে।

গত শুক্রবার জনৈক সাংবাদিকদের নিকট বিবরণ দানকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার পাকবাহিনীর হাতে বিশ্ববিদ্যালয়ের ক্ষতির পরিমাণ নির্ধারণের জন্য গঠিত বিশেষ কমিটির অনুসন্ধানের কতিপয় বিষয় উল্লেখ করেন। তিনি বলেন, বর্বর পাকিস্তানী বাহিনী গত বছর এপ্রিল মাসের তৃতীয় সপ্তাহে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ করে এবং জোহা হল, আব্দুল লতিফ হল, জিন্নাহ হল, আর্টস বিল্ডিং কেমিষ্ট্রি বিল্ডিং, মিলিটারী সায়েন্স ডির্পামেন্ট, এক্সপেরিমেন্টাল স্কুল বিল্ডিং এবং বহু ষ্টাফ কোয়ার্টারে তাদের ক্যাম্প স্থাপন করে।

বর্বর হানাদার বাহিনী বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারটি সম্পূর্ণরুপে ধ্বংস করে এবং জোহা হল ও অন্যান্য হলসহ কতিপয় বিল্ডিংয়ের গুরুতর ক্ষতি সাধন করে। তারা বিশ্ববিদ্যালয় বিল্ডিং হল এবং শিক্ষকদের কোয়ার্টার ও অন্যান্য কর্মচারীদের বাসা থেকে নানাবিধ জিনিসপত্র এবং গৃহস্থালীর মালপত্র লুট করে। এমনকি লাইব্রেরী সমূহের পুস্তকাদি এবং ল্যাবরেটরি সমূহের যন্ত্রপাতিও বাদ যায়নি।

উক্ত সাংবাদিক সংখ্যাতত্ত্ব বিভাগের প্রধান ড: হোসেন, অর্থনীতি বিভাগের প্রধান ও বাংলাদেশ প্লানিং কমিশনের নবনিযুক্ত সদস্য মোশাররফ হোসেন, বাংলা বিভাগের রীডার ড: আবু হেনা মোস্তফা কামাল এবং অন্যান্য কতিপয় শিক্ষক ও কর্মচারীর সাথে সাক্ষাৎ করে পাকিস্তান সেনাবাহিনীর বীভৎস অত্যাচারের কাহিনী সংগ্রহ করেন।

বিশ্ববিদ্যালয়ের তিনজন শিক্ষককে রাতের আঁধারে তাঁদের বাসা থেকে পাকড়াও করে নিয়ে গিয়ে হত্যা করা হয়। এঁরা হচ্ছেন-ম্যাথমেটিক্সের এসোসিয়েট প্রফেসর জনাব হাবিবুর রহমান, ভাষা সাহিত্যের এসোসিয়েট প্রফেসর শ্রী সুখরঞ্জন সমাদ্দার এবং মনস্তত্ত্ব বিভাগের ডেমনেষ্ট্রেটর মীর আব্দুল কাইয়ুম। গত ১৪ই, ১৫ই এপ্রিল এবং ২৫শে নভেম্বর তারিখে তাদের বাসা থেকে ধরে নিয়ে যাওয়া হয়। এ ছাড়া ১৫ জন নিম্ন পর্যায়ের কর্মচারী শেখ এমাজুদ্দীন (ষ্টেনোগ্রাফার), সাইফুল ইসলাম (ইউডি এসিষ্ট্যান্ট), শফিকুর রহমান (ছুতার), কলিমুদ্দীন (ওয়ার্কস এসিষ্ট্যান্ট) আবদুল আলী (ড্রাইবার), আব্দুল মজিদ, মোহাম্মদ ইউসুফ (সাইকেল পিওন), মোহাম্মদ আফজাল (গার্ড), আব্দুর রাজ্জাক (গার্ড) আব্দুল ওয়াহার (আর্দালী পিওন), কোরবান আলী (বেয়ারা), আবদুল মালেক (বেয়ারা), নুরু মিয়া (গার্ড), ওয়াজেদ ইলী (পিওন), এবং মোহন লালকে তারা হত্যা করে।

তারা সংখ্যতত্ত্ব বিভাগের লেকচারার কাজী সালেহ, ম্যথমেটিক্সের লেকচারার জনাব মুজিবুর রহমান এবং ড: আবু হেনা মোস্তফা কামালের উপর বর্বরোচিত অত্যাচর করে। কাজী সালেহ আহমদ এবং মুজিবুর রহমানকে বন্দী শিবীরে নিয়ে গিয়ে দীর্ঘ চার মাস ধরে তাদের উপর অকথ্য নির্যাতন চালায়। তাদের অমানুষিক অত্যাচারের ফলে জনাব মুজিবুর রহমানের পুরুষাঙ্গ দিয়ে রক্তপাত হতে থাকে। ড: আবু হেনা

মোস্তফা কামালকে ২৪ ঘন্টা পরে ছেড়ে দেওয়া হয়। এবং মেরে ফেলার ভয় দেখিয়ে তাঁকে কাজ করতে বাধ্য করা হয়।

ফলিত পদার্থ বিজ্ঞানের প্রধান ডঃ রফিককেও গ্রেফতার করে বন্দী শিবিরে নিয়ে গিয়ে আটক রাখা হয়। প্রায় আটদিন ধরে তার উপর অকথ্য নির্যাতন চালানোর পর তাঁকে ছেড়ে দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের একজন কর্মচারী জনান যে, সেনারা হাবিব ব্যাঙ্কের বিশ্ববিদ্যালয় শাখা লুট করে এবং কুমারী মেয়েসহ বহু মহিলার উপর পাশবিক অত্যাচার করে। তিনি বলেন, একজন তৃতীয় শ্রেণীর কর্মচারীর পত্নী এবং ৩২ বৎসর বয়সের কন্যাকেও তারা রেহাই দেয়নি। তিনি বলেন পাক সেনারা এতই নিষ্ঠুর ছিল যে একজন অধ্যাপককে হত্যা করার পর তাঁর তরুণী মেয়েদেরকে একজন সামরিক অফিসারের গৃহে গান গাইতে বাধ্য করে।

বিশ্ববিদ্যালয় এলাকায় অসংখ্য কবর রয়েছে যা থেকে আরও বহু লাশ উদ্ধার করা যেতে পারে। বিশ্ববিদ্যালয়ের পিওন আবুল বাশার জোহা হলের নিকট বাস করতো । তাকে কবর খনন করতে বাধ্য করা হতো। তার কাছ থেকে জানা যায় যে, জোহা হলের নিকট অন্যূনপক্ষে তিন হাজার লাশের কবর দেওয়া হয়েছে।

বি, এস, এস

শিরোনাম	সূত্র	তারিখ
নৃশংসতার আরেক স্বাক্ষর ভারতেশ্বরী হোমস	আজাদ	৮ ফেব্রুয়ারী, ১৯৭২

নৃশংসতার আরেক স্বাক্ষর ভারতেশ্বরী হোমস
(নজস্ব নিবন্ধ)

একাত্তরের মে মাসে যখন জল্লাদ বাহিনী আক্রমণ করে তখন তাদের সাম্প্রদায়িক মনোভাবের বহি:প্রকাশ ঘটেছিল। বাংলাদেশে গণহত্যার কাপালিক দলের অন্যতম জল্লাদ ক্যাপ্টেন আয়ুব হোমসে ঢুকেই তীব্র ঘৃনা ভরে তাচ্ছিল্যের সাথে বলেছিলো এটা হিন্দু তৈরীর কারখানা। অথচ জাতি ধর্মবর্ণের এখানে কোন প্রশ্ন নেই। জাতি ধর্মবর্ণ নির্বিশেষে এখানে সবাই জ্ঞান অর্জন করতে পারে। সে বলেছিলো এ কারণে যেহেতু সংখ্যালঘু তথা হিন্দুদের সম্পর্কে তারা এলার্জিক, তা ছাড়া ২৫ শে মার্চ রাতে যখন তাদেরকে হত্যাযজ্ঞে পাঠানো হয়, তখন হত্যাযজ্ঞের পাণ্ডা কুখ্যাত টিক্কা খান বলেছিলো শেখ মুজিবের নেতৃত্বে এ দেশের সব মানুষ হিন্দু হয়ে গেছে অতএব তাদেরকে শায়েস্তা করতে হবে, মুসলমান বানাতে হবে। মানবতা বিবর্জিত এ সব পাকিস্তানীরা তার স্বাক্ষর রেখে গেছে বাংলাদেশের সর্বত্র।

ক্যাপ্টেন আয়ুব আরো বলেছিল, পাকিস্তান মুসলমানদের জন্য হিন্দুস্থান হিন্দুদের জন্য, বার্মা বৌদ্ধদের জন্য। পাকিস্তানে থাকতে হলে সাবাইকে মুসলমান হতে হবে। এক পর্যায়ে হোমসের ছাত্রীদের সে নামাজের সুরাহ কেরাত জিজ্ঞাসা করে । স্বাভাবিকভাবেই হিন্দুরা তার জবাব দিতে পারেনি। আয়ুব তখনও রাগে থর থর করে কাঁপছিলো। তার মুখ থেকে মদের গন্ধ বেরিয়ে আসছিল । বলছিল, সবাইকে নামাজের সুরাহ কেরাত শেখাতে হবে। চোখে কাজল আর কপালে টিপ দেয়া চলবে না। আর তার দায়িত্ব অর্পণ করা হয়েছিল হোমসের ভাইস প্রিন্সিপাল সি সালমা রহমানেরা উপর। আয়ুবের সাহায্যকারীর স্থানীয় জামাতে ইসলামের কুখ্যাত পাণ্ডা মওলানা অদুদের জনৈক ছেলে কাকে বলেছিল, ''এদেরকে শায়েস্তা করতে হবে, ইসলামকে বাঁচাতে হলে এসব প্রতিষ্ঠান ধ্বংস করে ফলতে হবে।'' প্রিন্সিপাল মিসেস মুৎসুদ্দীকে শাসিয়ে বলেছিল, তোমরা হিন্দু, তোমরা ভারতের চর, আওয়ামী লীগের সমর্থক।''

তিনি দেখেছেন কিভাবে পাক বর্বর বাহিনী মির্জাপুরের অসহায় নিরীহ বাঙ্গালীদের ঘরবাড়ী জ্বালিয়ে দিয়েছে, লাইন করে মেশিনগান দিয়ে শত শত বাঙ্গালীকে হত্যা করছে। বাড়ীঘর লুটপাট করেছে। পশুরা হোমসের সকলকে শাসিয়েছে। ধমকিয়েছে। ভয় দেখিয়েছি।। যাওয়ার পথে হোমসের আর হাসপাতালের ক'জন দারোয়ানকে হত্যা করে গেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
দিনাজপুর হত্যা ও লুন্ঠন	দৈনিক বাংলা	৯ ফেব্রয়ারী, ১৯৭২

দিনাজপুর নির্যাতিত রিক্ত নি:স্ব সর্বস্বান্ত
নরহত্যা লুণ্ঠন ধর্ষণ অগ্নিসংযোগ সর্বত্র একই কাহিনী।
\ আমিনুল ইসলাম প্রেরিত \

দিনাজপুর: বাংলাদেশের শস্যভাণ্ডার ধানের দেশ দিনাজপুর। কাটারিভোগের দেশ দিনাজপুর। যার দক্ষিণ-পূর্বে পলির সমতট, উত্তর-পশ্চিমে শাল বন, কাশ ঝোপ জঙ্গল লতার লাল খিরার মাটির মালভূমি। করতোয়া, মহানন্দা, কাঞ্চন পুনর্ভবা, টাউন নদীর স্বচ্ছ সলিলে সতত অবগাহমান দিনাজপুর। কাঞ্চন পুনর্ভবার তীরে তীরে একদিন ছিল সকল অনাড়ম্বর মাটির মানুষ সাঁওতালদের অধিবাস।

ঘরে ঘরে চোলাই করা ধেনো মদের নেশায় মতোয়ারা আবালবৃদ্ধবণিতার আনন্দে মুখর থাকতো এই জনপদ। খোলা মৃদঙ্গের তালে তালে ঝুমুর নৃত্যরতা বিশ্ব কর্মীর নিজ হাতে গড়া খোদাই করা কালো সাঁওতাল বালাদের পায়ের ওঠানামা। বলিষ্ঠ দেহবল্লরীর ভাঁজে ভাঁজে রেখায় রেখায় জাগতো স্পন্দন। এখন নেই। না নেই। ঘর নেই । ভিটি নেই। ধান নেই। সে মন নেই।

রংপুর থেকে সৈয়দপুর। সৈয়দপুর থেকে দিনাজপুর ৪৫মাইল। আবার দিনাজপুর থেকে ঠাকুরগাঁ ৩৬ মাইল। সৈয়দপুর শহরের বড় বড় পাটের গদীগুলো গুদাম ঘরগুলো শূন্য, খাঁ খাঁ করছে। রেল লাইন পেরিয়ে শহরের পশ্চিম প্রান্তে কাঁচা বাড়তো নেইই-অধিকাংশ পাকা পেস্তা ইটের বাড়ীগুলো ভূশয্যা গহণ করেছে। দিনাজপুর পর্যন্ত পথের দু'ধারে শত শত বাড়ী জ্বলিয়ে দেওয়া হয়েছে। শূন্য ভিটিতে একটা-দুটো করে মানুষ ফিরে এসেছে। আরো ফিরছে। দিনাজপুর শহরের পাঁচ, ছয় মাইলের মধ্যে ধ্বংসটা আরো ব্যাপক।

নেই, কিছুই নেই। মানুষের বসতি ছিল তার চিহ্ন মাত্র নেই। নেই পাখ-পাখালীর কিচির-মিচির। তারাও যেন কোথায় শরনার্থী। হিলি থেকে তেঁতুলিয়া, দু'শ মাইলের বেশী সীমান্ত এলাকার অভ্যন্তরে সাত মাইল পর্যন্ত কোন জনবসতি নেই। কমপক্ষে তিন লাখ পরিবার হয়েছে ছিন্নমূল সর্বহারা। তাদের অতীত ছিল। ওরা মাঠে মাঠে বীজ বুনতো। পাকা ধান ঘরে তুলতো। হাসতো গাইতো। পালা পার্বণে ঈদে পূজায় আনন্দ করতো। নেই-নেই। কিছু মানুষ নিজ দেশে পরবাসী। বাংলাদেশের সর্ব উত্তরে প্রান্তরে এই জেলাটাই বোধ হয় খান সেনাদের জবর-দখল আমলে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে।

দিনাজপুর জেলার ডেপুটি কমিশনার বললেন, আপনি যদি দিনাজপুর জেলার সীমান্ত এলাকায় যান, তাহলে আপনার মনে হবে আপনি আফ্রিকার সাহারার কোন এলাকায় গিয়েছেন। এ জেলার পচাগড় থানা এলাকায়, অমর খানায় প্রচণ্ড লড়াই হয়েছে। আর সে লড়াই ছিল বেশ দীর্ঘস্থায়ী। দিনাজপুর থেকে ঠাকুরগাঁ যেতে সড়কের ডান ধারে রয়েছে ছোট ছোট শাল গাছের বন। সারাটি পথ বরাবর বনের মাঝ মাঝে বাংকার। হত্যা আর নারী ধর্ষণ, লুণ্টন, আর ঘর জ্বালানী। যেখানেই যাই, সেখানেই একই কথা। সব খোয়ানো মানুষগুলোর একই বিলাপ। অভিন্ন কাহিনী । দিনাজপুর শহরে খুব কম বাড়ী আছে যা লণ্ঠিত হয়নি। অসংখ্য ঘরবাড়ী মাটির সাথে মিশিয়ে দেওয়া হয়েছে।

পার্বতীপুরে খান সেনা ও তাদের দালালেরা ইঞ্জিনের বয়লারে জ্যান্ত মানুষকে ঢুকিয়ে দিয়েছে। ওরা রাতের বেলা রেষ্ট হাউসে মেয়েদের নিয়ে আসতো । চালাতো পাশবিক অত্যাচার। গ্রামের ঘরে ঘরে ঢুকে মেয়েদের বের

করে নিয়ে আসতো। ইরিগেশন বিভাগের ওয়ার্কশপের পিছনে খান সেনারা বহু লোককে হত্যা করেছে। হত্যা করেছে বীরগঞ্জ থানার পুলিশের সার্কল ইন্সপেক্টর জনাব ফজলুর রহমানকে, দেবীগঞ্জ থানার অফিসার ইনচার্জ আবদুল কাদেরকে, পার্বতীপুর থানার থার্ড অফিসার আমিনুদ্দিনকে পঁচাগড়ের এস, আই আব্দুর রশিদকে, এস, আই মকবুল হোসেন, এবং আরো বহু পুলিশ কর্মচারীকে।

পার্বতীপুর হলদী বাড়ী পল্লী স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার তোজাম্মেল হোসেন বললেন,-পার্বতীপুর থেকে দিনাজপুর আসার পথে রেল সেতুর কাছে ১০ জন লোকের কংকাল পাওয়া গেছে। তার মধ্যে দুটি শিশুর। বীরগঞ্জ থানার ঘোড়াবান্দ গ্রামের জনৈক প্রাইমানী স্কুলশিক্ষক বললেন, নভেম্বর মাসে তার পুত্রবধূর এক আত্মীয়ার উপর খান সেনা ও তার সহযোগীরা জোর করে ঘরে ঢুকে পাশবিক অত্যাচার চালিয়েছে। ডিসেম্বরের ৯ তারিখে তিনজন খান সেনা ছয়ঘাটি গ্রামের জনৈক চার সন্তানের জননীর ওপর তাদের পাশবিক ক্ষুধা চরিতার্থ করেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
"অরা ছবাইকে গুলি করে মেরেছে"	দৈনিক বাংলা	১০ ফেব্রুয়ারী, ১৯৭২

"অরা ছবাইকে গুলি করে মেরেছ"
\ মোঃ কামরুজ্জামান প্রদত্ত \

ঢাকা ঘোড়দৌড় ময়দানের দক্ষিণ প্রান্তে কালী বাড়ীর ধ্বংসস্তুপে দাঁড়িয়ে সেদিন আমাকে শুনতে হয়েছিল তাদের কথা। লালমোহন মালী-হামি তখন পালাইয়া গেছি। অরা ছবাইকে গুলি করে মেরেছ। নন্দনের গায়ে পাঁচটি গুলি লেগেছে।

রাম প্রসাদ-হামার পোলাভি মারা গেছে। এখন শুধু তিনটি মাইয়া আচে, সাদিবি হয়নি।

সোভা রাণী মজুমদার-ছার-হামারভি ছেলে মারা গেছে।

লক্ষী রাণী ঘোষ-আমার স্বামী, আর দুটি মেয়ে মারা গেছে।

সোনিয়া-হামার ছামী, এক পোলা, দুই মাইয়া মারা গেছে। এক পোলা কোলে আছে।

পুরান দাস-হামার ছেলে মারা গেছে।

লিলিয়া-হামার ছামীভি মারা গেছে দুইটা মাইয়ভি মারা গেছে।

বেচন-হামার ভগনা সুরুজ ভল্লী মারা গেছে। ও যেদিন মারা গেছে ছেদিন তার মাইয়া পার্বতীর জনম হইছে।

বৃদ্ধা-নন্দুর পোলা মারা গেছে।

সকলের কণ্ঠে-ছামীভি মারা গেছে ছাব। আরো অনেক, অনেকের কণ্ঠে শুনছিলাম আমি সেদিন কালীবাড়ীর ধ্বংসস্তুপের উপর দাঁড়িয়ে-লিলিয়া, বেগনিয়া, লক্ষী রাণী, পুরান দাস, আর শোভা রাণীর মত আপন জনদের হারিয়ে যাওয়ার বেদনামিশ্রিত কথা।

কিন্তু আমি অপারগ। তাদের সকলের নাম আর কথা সেদিন লিখে রাখতে পারিনি। সবার তো একই কথা-কারো ছেলে, করো স্বামী, কারো বা মেয়ে, আবার অনেকেই স্বামী, পুত্র, সবাইকে হারিয়েছে। তারা তাদের আপন জনকে হারিয়েছে নরপিশাচ পাক জল্লাদদের হাতে। ২৪শে মার্চের কাল রাতে হানাদার বাহিনী ধ্বংস অভিযান ঢাকা শহরের সর্বত্র শুরু করে। তাদের তাণ্ডবলীলা থেকে প্রাচীন মন্দিরও রেহাই পায়নি। রমনার কালীবাড়ীর মন্দিরটি হানাদাররা ২৭শে মার্চের রাতে ট্যাঙ্কের সাহায্যে ধ্বংস করে দেয়।

মন্দিরসহ পুরা কালীবাড়ী আজ রমনার মাঠ থেকে নিশ্চিহ্ন হয়ে গেছে। এর সাথে কালীবাড়ীতে আশ্রিত মোট ৫০ জনের প্রাণনাশ করেছে জল্লাদ সেনারা। আমি সেদিন রমনার কোরবানির হাটে ছবি আনতে গিয়েছিলাম। কিন্তু হাটের ছবি আর আনতে পারিনি, এনেছি তাদের ছবি যারা হারিয়েছে তাদের আপনজনকে। তারা আজ সবাই মুক্ত আকাশের নীচে আশ্রয় নিয়েছে-তাই সেদিন আমার সাথে তাদেরই একজন লালমোহন মালীকে কথা বলতে দেখে মনে করেছিলাম-আমি হয়তো রিলিফ সম্পর্কে তাদের নাম ঠিকানা লিখছি। তাই অনেক নারী পুরুষ আমাকে ঘিরে বলেছিল সাব হামার নাম লিখেন হামার স্বামী, হামার ছেলে--- ইত্যাদি ইত্যাদি। রমনা কালীবাড়ীতে মোট ৭০০ নারী পুরুষের বাসস্থান ছিল। তাদের মধ্যে স্বামীজী-প্রেমানন্দগিরিসহ

মোট ৫০ জনকে হত্যা করা হয়েছে। স্বামীজীর বয়স প্রায় ৭০ বছর হয়েছিল। তাকে রমনার মাঠে অন্যান্যদের সাথে লাইনে দাঁড় করিয়ে হত্যা করা হয়েছে ২৮ শে মার্চে। তার স্ত্রী এবং তিন বছরের শিশু সন্তান ভারতে আশ্রয় নিয়েছিল।

পিতার মৃত্যুর দিন-পার্বতীর জন্মদিন। কালীড়ীতেই আশ্রিত ছিল সুরুজভল্লী। সুরুজভল্লী সেদিন ২৭শে মার্চের রাতে অনেকের সাথে সারিতে দাঁড়িয়েও মনে করেছিল তার স্ত্রীর প্রসব বেদনার কথা-। নবজাত পার্বতীর পিতা আর নেই আছে রমনার কালীবাড়ীতে পিতার জমাট বাঁধা রক্ত।

ঝরছে অশ্রু অবিরল

কালীবাড়ীর এক বৃদ্ধা নাম প্রিয়বালা ঘোষ। বয়স ৬০ বছরের মত। দুই গণ্ড বেয়ে ঝরছিল শুধু অশ্রুর ফোঁটা। আমার কাছে আসতে পারেনি ভিড় ঠেলে। তাই অনেক পরে সাবার শেষে আমি তার নিকট গিয়ে জিজ্ঞাসা করেছিলাম'' আপনি এমন করে কাঁদছেন কেন?'' উত্তরে হতবাক। কিছুই প্রথমে বলতে পারেনি। তখন চোখের পানি যেন বাঁধ ভাংগা স্রোতের মত বইছিল। বৃদ্ধার পাশেই দাঁড়িয়েছিল একটি ফুটফুটে রক্ত গোলাপের মত শিশুকে কোলে নিয়ে তার পুত্রবধূ লক্ষীরাণী ঘোষ।

কেউ কিছু বলছে না। আমার দ্বিতীয় প্রশ্নে ৫ বছরের শিশু মন্টুচন্দ্র ঘোষ আমাকে উত্তর দিল-'' আমার বাবাকে মেরে ফেলেছে সে জন্য ঠাকুর মা কানছে।'' আঁচলে চোখ মুছে বৃদ্ধা প্রীয়বালা তখন ছেলে বউ আর পাঁচটি শিশু সন্তানকে দেখিয়ে আমাকে বলল, সবাইকে ভাসিয়ে আমার মানিক (ছেলে সন্তোষ ঘোষ) গুলীখেয়ে মারা গেছে। দু'টি নাতনী মঞ্জু, সঞ্জুও মারা গেছে। বৃদ্ধা এর বেশী আমাকে আর কিছুই বলতে পারেনি। শিশুর মত কেঁদে উঠেছিল সেদিন রমনার মাঠে দাঁড়িয়ে। পুত্রহারা জননীর কান্নায় আমিও আর কিছু জিজ্ঞেস করতে পারিনি।

শিরোনাম	সূত্র	তারিখ
কে ক'টা হত্যা করলো তার ওপর নির্ভর করতো খান সেনাদের পদোন্নতি	দৈনিক বাংলা	১০ ফেব্রুয়ারী, ১৯৭২

কে ক'টা হত্যা করল তার উপর নির্ভর
করত খান সেনাদের পদোন্নতি
\ আমিনুল ইসলাম প্রেরিত \

গাইবান্ধ: একদিকটা প্রায় ৬ ফুট সমান দেয়ালে ঘেরা। খোলা ফটক। ঢুকতে এক ঝলক দমকা বাসাত রাজ্যের ধুলো উড়িয়ে নিয়ে চোখে মুখে এসে পড়ল। না বাতাস নয় যেনো এক সাথে অনেকগুলো মাংসহীন কংকালের দীর্ঘশ্বাস। এই সে স্থান-যা এক ক্রীড়ারসিক সিভিলিয়ান বৈকালীক বিহার, শরীর চর্চা ও খেলাধুলার জন্য নির্মাণ করেছিলেন।

যদিও তিনি জানতেন না যে ভবিষ্যত এক দিন সেখানে নরমুণ্ডের গেন্ডুয়া খেলা হবে। হবে মানুষ মারার নৃশংস খেলা। কোনো কংকাল? হাত-পায়ের অস্থি? চোয়ালের হাড়? মাথার খুলি কিংবা ঠুলি? না কিছুই পাইনি। অত কাঁচা কাজ তারা করেনি। সব পুঁতে ফেলেছে, খুঁড়লে পাওয়া যাবে। দশ, বিশ, তিরিশ, শ, দুশ, তিনশ?

কত জানি না । গাইবান্ধার হেলাল পার্ক এর কথা বলছি। এস, ডিও-র অনুপস্থিতিতে তার স্থলে ভারপ্রাপ্ত অফিসার জনাব আজিজুল হক আমার প্রশ্নের জবাবে বললেন, সেখানে কত লোকের প্রান হনণ করা হয়েছে তা তিনি বলতে পারবেন না। জনাব হক বললেন একদিন মেজর ডেকেছেন। একটু দূরে পাশের রুমে বসে আছি। একজন সুবেদার মেজরের ঘরে ঢুকলো। মেজর প্রমাণ করলো কিতনা। সুবেদারের জবাব তেরা। মেজর সব মিলকরকে আবতক কিতনা। সুবেদার, তিনশ চুরানব্বই অর্থাৎ খুব কম করে হলেও পাঁচশ' লোককে সেখানে হত্যা করা হয়েছে। জনাব হক আরো বললেন, আলাপের ধরন-ধারন দেখে মনে হলো কে কত লোককে হত্যা করতে পারলো তার উপরই নির্ভর করতো ওদের পদোন্নতি।

১৮ এপ্রিল গাইবান্ধা শহর থেকে সাইকেলে চড়ে ফিরছেন বাদিয়াখালির খোকা মিয়া । হঠাৎ সামনে তাকিয়ে দেখেন দুটো ছেলে একপাল ছাগল নিয়ে প্রাণপণে দৌড়াচ্ছে। পেছনে তাকিয়েই দেখলেন দুটো জীপ। রাস্তার পার্শে একটি বাড়ীতে ঢুকে পড়লেন তিনি। শুধু কয়েকটি মুরগীর বাচ্চা ছাড়া বাড়ীতে জনমানবের কোন চিহ্ন নেই। পাটকাঠির বেড়ার আড়ালে শুয়ে পড়লেন। ঠিক বাড়ীর সামনেই জীপ দুখানি থামলো। খানসেনারা পেছনের দিকে হাত বাঁধা সাদা কাপড় পরা তিনজনকে জীপ থেকে নামালো। দুজন যুবক। একজনের বয়স কত তা লক্ষ্য করেননি। ওরা যুবক দুটিকে মুখ ফিরিয়ে ওদের দিকে পিঠ ফিরিয়ে দাঁড় করালো।

তারপর কোমরে লাথি মারলো। লাথির ধাক্কায় দুজনে দৌড় দিতে শুরু করলো। অমনি প্রথমজনকে গুলীকরলো। হঠাৎ একটা লাফ দিয়ে সে পড়ে গেল। আর উঠল না। দ্বিতীয়জন যেই ফিরে তাকিয়েছে অমনি তাকেও গুলী করলো। একটা আলের পাশে সে এলিয়ে পড়লো। ততক্ষণে ওরা চলে গেছে। দেখে শনে বের হলাম। আমার মতই কোথাও লুকিয়ে থাকা আর একটি ছেলে বেরিয়ে এলো। আলের আশে রক্ষিত গুলী খাওয়া যুবকের কাছে গেলাম। পানি দিলাম। ঢোক গিললো কিন্তু পরক্ষণেই গলগল করে তারা লাল রক্ত বমি করলো।

তারপর সব শেষ হয়ে গেল। খোকা মিয়া আরো বললেন জুন মাসের প্রথম দিক। কারফিউ। রাস্তার পাশে দোকান ঘর। হরদম সামরিক গাড়ী আসা যাওয়া করেছ। জ্যোৎস্নাপ্লাবিত রাত। তখন হবে দুটো। ঠিক আমার ঘরের কাছে দুটো জীপ থামলো। গাড়ীতে চার-পাঁচটি মেয়ে। চিৎকার করছে প্রাণের ভয়ে।

কিন্তু গলা দিয়ে যেনো স্বর বের হচ্ছে না। জীপ চলে গেল। ওদের ভাগ্যে কি ঘটেছে জানি না। স্বাধীনতার পর হিলাল পার্কের বিপরীতে একটি দেয়াল ঘেরা স্থানের এক কোণে একটি গর্তের মাটি তাজা দেখে খনন করা হলে তার মধ্যে থেকে অনেকগুলো মেয়ের লাশও পাওয়া যায়।

এরা কোন বাবা, মায়ের স্নেহের দুলালী তা জানা যাবে না কোন দিন। লাশ দেখে সনাক্ত করা সম্বব নয়। তাদের মুখ গাল ক্ষতবিক্ষত করে বিকৃত করে ফেলা হয়েছে, স্তন ফেলা হয়েছে কেটে।

শিরোনাম	সূত্র	তারিখ
বগুড়ায় পাক বাহিনীর হত্যাকাণ্ডের ওপর দুটি প্রতিবেদন	সংবাদ	২ ও ২০ ফেব্রুয়ারী, ১৯৭২

প্রতিদিন বধ্যভূমি থেকে ভেসে আসতো
মানুষের মরণ চীৎকার-
সাধুবাবা আতঙ্কে বিহ্বল হয়ে তা-ই শনতেন

---আজ থেকে প্রায় সত্তর-আশি বছর আগের কথা। আমাদের গুরু এসে আস্তানা পেতেছিল বগুড়া জেলার বাগাবান কাবরার একটি বটগাছের ছায়ায়। বগুড়া শহর বলতে তখন কিছুই গড়ে ওঠেনি। একটা টিনের ঘরে থানা এবং ফুলবাড়ীর রমজান মণ্ডলের একটি কাঠের কারখানা বোধহয় ছিল। আজকের সাত-মাথা তখন ছিল গাছপালা আর জঙ্গলে ভরা। আমাদের গুরু আনন্দ গোস্বামী এবং ভেরেণ্ডা গোস্বামী এই পৃথিবী ছেড়ে অনেক পূর্বেই বিদায় নিয়েছেন কিন্তু সেদিন এক সঙ্গে চলে গেল আমার দিন ভাই। হাত বেঁধে বগুড়ার সেউজাগড়ীর আনন্দ আশ্রমে সকাল বেলা বসে বসে এই সাধুবাবা সব ঘটনা বলছিলেন। হানাদার পাক বাহিনী বগড়া দখল কারা পরও আশ্রমে চারজন সাধু ও তিন জন মাতা ছিলেন। হানাদার বাহিনী তিনজন সাধুকে বগুড়া রেলষ্টেশনের পশ্চিম দিকে ডিগ্রি কলেজ সড়কের পার্শ্বে গুলী করে হত্যা করে। এদের ভিতর ছিলেন সুন্দর সাধু, মঙ্গল সাধু এবং স্থানীয় বাদুরতলার একজন বৃদ্ধ মুনেন্দ্রনাথ সরকার। তিনজনই ছিলেন বগুড়ার প্রাক্তন অধিবাসী। এই তিন সাধু-বলতে বলতে কেঁদে ফেললেন সাধুবাবা। বগুড়া অতীত ইতিহাসকে বুকে নিয়ে এই সাধু বাবা আজও বেঁচে আছেন। বগুড়ায় এমন লোক কমই আছেন যারা এই সাধুবাবাকে চেনে না। পাক দস্যুদের জঘন্য নৃশংসতার পরও আজ সৌভাগ্যক্রমে বেঁচে আছেন এই সাধুবাবা। যুগোল কিশোর গোস্বামীকে জিজ্ঞাসা করলাম, আপনি বাঁচলেন কেমন করে? হেসে তিনি বললেন,'' ওরা আমাকে কেন যে হত্যা করেনি তা আমি বলতে পারব না। আমার তিন ভাই তখন খেতে বসেছিল। হঠাৎ সেই মুহূর্তেই বাড়ীর ভিতরে ঢুকলো কয়েকজন অবাঙ্গালী। ওরা আমার ভাইদের খেতে দেয়নি। এসেই ভাইদের হাত বেঁধে ফেললো। ওদের নিয়ে যাওয়ার সময় আমি বললাম, আমাকে মার, ওদের নিয়ে যেয়ো না। বৃদ্ধ বলেই বোধহয় আমাকে ওদের সঙ্গে নেয়নি। কিন্তু আমার ভাইয়েরা আর ফিরে আসেনি। একদিনকে ধাঙ্গড় এসে আমাকে জানালো, পাক সেনারা রাস্তার ধারের গর্তে আমার ভাইদের পুঁতে রেখেছে।'' সাধুবাবাকে জিজ্ঞাসা করলাম আপনারা সবাই আগে পালালেন না কেন? সাধুবাবা প্রত্যুত্তরে বললেন, সে অনেক কথা বাবু। প্রায় সকলেই কখন শহর ছেড়ে চলে যান। ভক্তরা এসে আমাদের অনেক অনুরোধ করেছে। কিন্তু সংঘের সাধুর মাতারা নিষেধ করেছিল। আমরা কারো অন্যায় করিনি। ওরা নিষ্ঠুর ওরা কাল, ওরা অনেক অন্যায় করেছে- কথা বলতে বলতি মিষ্টভাষী সাধুবাবার মুখ-চোখ লাল হয়ে উঠছিল। সাধুবাবা বললেন, 'ওরা আমাকেও ছাড়েনি।' মাঝে মাঝেই পাক সেনারা আশ্রমে অন্যায়ভাবে প্রবেশ করতো। আমার সামনে বন্দুক ধরে বলতো, 'টাকা কাঁহা-টাকা দোঁ-ওরা আমার পাঁচশত টাকা অগেই নিয়ে গেছে, কিন্তু তারপরেও আসতো টাকার খেঁজে। এই দেখুন আমার পিঠে রড দিয়ে অনেক মেরেছে। সবসময় ওরা আমাকে ছোরার ভয়ে কাবু রেখেছে। একদিন ওরা আমাকে মন্দিরের সামনে দাঁড় করিয়ে বললো, কুয়া কাহা হায়? আমি ভেবেছিলাম ওরা এবার আমাকে মেরেফেলবে। ওরা আমাকে বললো, বুড্ডা তুম কালেমা পড়। এরপর হঠাৎ জানিনা ওদের কি মনে হওয়াতে আমাকে ছেড়ে দিল। আমি বেঁচে আছি, কিন্তু ওরা আমাকে যেমন অত্যাচার করেছে, তাতে বেঁচে থাকাটাই আশ্চর্য। জানতে চাইলাম, নয়টি মাস আপনার ও মাতাদের খাবার সংগ্রহ করলেন কোত্থেকে? তিনি বললেন অনেক কষ্ট করেছি। ভিক্ষেও করেছি। পাশের গ্রামে গিয়েছি।

একটু আধটু যা পেতাম তাই খেয়ে বাঁচতাম। আমাদের দশ মণ চাল, ৮টা গরু, প্রায় হাজার টাকার বাসনপত্রাদি সব লুট করে নিয়ে গেছে ওরা। চোখের সামনে দেখতাম কিন্তু কিছুই বলতে পারিনি। মাঝ মাঝে ভক্তরা গোপনে কিছু সাহায্য দিয়ে যেত। তাই দিয়ে চালিয়ে নিয়েছি।

আশ্রমের পূর্বদিকের বাগানে (গুরুর প্রথম আস্তানা) দেখিয়ে সাধুবাবা বললেন-ঐ যে ওখানে একটা বদ্ধ কূপ আছে। প্রায় প্রতিদিনই করুণ কান্নার আওয়াজ আমি শনেছি। একদিন এক ছোট শিশু, বাবা মা, বাঁচাও-বাঁচাও করে চীৎকার করছিল। ঐ ছেলেটাকে জবাই করে কূপে ফেলে দেয়া হয়েছে। আমি প্রায় প্রতিদিনই এরকম চীৎকার শুনেছি। সাধুবাবার অনুরোধে আমি বদ্ধকূপে হিংস্রতার অনেক চিত্র দেখেছি। আজো এই বাগানের একটি ঘরের দেয়ালে দেয়ালে মানুষের রক্ত লেগে আছে। কূপে নরকংকাল আর মাথার খুলিগুলো এখনো দেখা যায়। কত নিরাপরাধ, ণিষ্পাপ মানুষ এখানে জল্লাদদের হাতে বলি হয়েছে কে তার হিসাব দিতে পারে?

বগুড়া শহরের অতি পুরাতন এবং সবার পরিচিত সাধুর আশ্রম আজ আবার ভক্ত আর গুণগ্রাহীদের আগমনে ভরে উঠেছে। কিন্তু আশ্রমের সেই পরিচিত মুখগুলো আর নেই। জিজ্ঞেস করলাম দেশ সম্বন্ধে। আপনি কি ভাবছেন? উত্তরে তিনি শুধু বললেন, 'ওরা খুবই বেআইনী কাজ করেছে। ওরা গণভোট মানে না। শেখ মুজিবকে ক্ষমতা না দিয়ে তারা খুবই অন্যায় করেছিল। ওরা অত্যাচারী। অত্যাচারীকে শাস্তি ভোগ করতেই হবে।'

আশ্রমের মন্দিরে গুরুদের আস্তানা দেখিয়ে সাধুবাবা বললেন, ''আমার হারিয়ে যাওয়া ভাইয়েরা এমনিভাবেই থাকত। কিন্তু দস্যুরা তাদের নির্দয়ভাবে হত্যা করেছে। মাথায় তার ছোট জুঁটি বাঁধা। সামান্য সাদা কাপড়ের একটি গামছা তার পরনে। তিনি বললেন, পরের অন্যায় করা আমাদের নীতি নয়। তবুও ওরা আমাদের মেরেছে। বৃদ্ধ সাধূ যুগোল কিশোর গোস্বামীই শুধু তার ভাইকে হারান নাই, বগুড়াবাসীও হারিয়েছে তাদের পরিচিত শ্বেতবস্ত্রধারী তিনটি ভাইকে। তারা আর আসবে না।

বগুড়া রেলষ্টেশনের চারপাশেই ছিল জল্লাদদের কসাইখানা

"তখন জুন মাসের বোধ হয় প্রথম সপ্তাহ। রাত্রিবেলা শুয়ে আছি। হঠাৎ ইন্টার ক্লাশ ওয়েটিং রুমে থেকে ভেসে আসলো মানুষের করুণ আর্তনাদ। 'আমাকে বাঁচাও' করে কে যেন চিৎকার করছিল। একটু পরেই থেমে গেল্ বুঝলাম, সে আর নেই।'' কথাগুলো বলতে বলতে শিউরে উঠছিলেন বগুড়া রেলওয়ের একজন পদস্থ বাঙ্গালী কর্মচারী। জানতে চাইলেম আপনি দস্যুদের আর কি নৃশংসতা দেখেছেন। উত্তরে তিনি জানালেন, ''কি দেখি নাই বলুন। ওরা সব করেছে। বাঙ্গালীরা সবাই ছিল ওদের শত্রু কেননা, যে বাঙ্গালীই রেলষ্টেশনের আশপাশে আসতো তাকেই তারা হত্যা করেছে। একদিন একজন নিরীহ বাঙ্গালীকে দিয়ে কয়েকজন মিলিটারী তাদের মালপত্র ট্রেনে উঠালো। তারপর কাজ শেষ হলে শুরু হলো তার উপর অমানুষিক অত্যাচার। একজন মিলিটারী লোকটাকে ওয়াগনের পিছনে নিয়ে দু'পা সমান করে পায়ের সঙ্গে মাথা লাগিয়ে বসিয়ে রাখলো। তারপর একজন উঠলো তার পিঠের উপর। জোর করে ওরা জীবন্ত মানুষটার হাড়গুলো এমনি করে ভেঙ্গে দিল। মানুষটার অনুরোধ আর মিনতি ওরা শুনে নাই। এরপর লোকটাকে আর ভাইদের মত হত্যা করা হলো। পাক দস্যুরা ষ্টেশনের আশপাশে অহরহই মানুষদের এমনি নিষ্ঠুরভবে অত্যাচার করে হত্যা করতো।''

জিজ্ঞেস করলাম, আপনাদের ওরা কিছু বলেন নাই? উত্তরে তিনি বললেন, "বঙ্গবন্ধুর অসহযোগ আন্দোলনে অংশ নেওয়ায় বাঙ্গালী কর্মচারীদের ওরা ক্ষমা করে নাই। যারা সরতে পারে নাই তাদের মৃত্যু ছিল ওদের হাতে।'' প্রসঙ্গক্রমে তিনি বললেন,'' একদিন মেজর জাকী সামরিক হেডকোয়ার্টারে আমাকে ডাকলো। তারপর পাশের রুম থেকে রক্তমাখা কাপড় পরিহিত একজন বাঙালীকে ডেকে আনা হলো। তার হাত বাঁধা ছিল এবং মুখ

ছিল রুমাল দিয়ে বাঁধা আমাকে মেজর বললো, এ-দেখো। এরপর কড়া মেজাজে হুকুম হলো-আভি তোম যাও। আমি মেজর জাকীর হাত থেকে রক্ষা পেয়েছি বটে, কিন্তু ঐ রক্তমাখা ভাইটি বেঁচে আছে তিনা জানি না। শেষের দিকে (বগুড়া ছাড়ার পূর্বে) ওরা রেলওয়ের বাঙ্গালী কর্মচারীদের হত্যা কারারও ষড়যন্ত্র করেছিল। রেলষ্টেশনের আশপাশে নিরীহ বাঙ্গালীদের হত্যা করেও ওদের রক্ত পানের তৃষ্ণা তখনও মেটেনি। বগুড়া ছাড়ার পূর্বে ওদের ষড়যন্ত্র ফাঁস হওয়ায় আমরা বেঁচে আছি। কিন্তু রেলষ্টেশনের বধ্যভূমিতে হারিয়ে যাওয়া ভাইরা আর আসবে না। রেলষ্টেশনে সুইপার দশন (৭০) জমাদার সতর্কতার ইঙ্গিত দিয়ে আমাদেরকে রক্ষা করেছেন। কিন্তু এই যুদ্ধের ৭টি মাস কেটে গেছে ষ্টেশনের আশপাশের মৃত বাঙ্গালীদের কবর দিতেই।

দশীন জমাদার

বগুড়া রেলওয়ে ষ্টেশনের একজন সুইপার। বয়স প্রায় ৭০ বছরের বেশী। এই বৃদ্ধ তার সাতটি মাস কাটিয়ে দিয়েছে বর্বর পাক দস্যুদের হত্যা করা লাশ সরিয়ে। দস্যুদের হত্যাযজ্ঞের সে একজন নীরব সাক্ষী। "আমি পূর্বে আরো মোটাসোটা ছিলাম স্যার। আমি লাল টক টকে ছিলাম। কিন্তু বগুড়া ষ্টেশনের আশপাশের বাঙ্গালী ভাইদের রক্ত দেখে দেখে আমি খুব রোগা হয়ে গেছি। আমার শরীরে আগের মত মাংস নেই। আপনিই বলুন, একজন মানুষ শত শত রক্তমাখা লাশ সরালে আর কি করে বাঁচার আশা রাখে! জীবন নিয়ে খেলা হয়েছে সাহেব। আপনারা কিছুই জানেন না। আমি কেমন করে বেঁচে আছি জানি না-ওরা কত জবাই করছে, কিন্তু আমি কিছুই বলতে পারিনি। মুক্তি আর ইণ্ডিয়ার সৈন্য আমাদের রক্ষা করল হুজুর---।" বগুড়া রেলওয়ে ষ্টেশন থেকে প্রায় ৩০০ গজ দক্ষিণে একটি বদ্ধ কূপ দেখাতে গিয়ে সুইপার দশীন কথাগুলো বলছিল। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর বগুড়া লেওয়ের এস ডি ও সাহেব পরিবারসহ এই প্রথম আসলেন তাঁর বাংলোতে। পাক বাহিনীর আমলে তার বাংলোটা সম্পূর্ণভাবে সামরিক দস্যুদের হাতে ছিল। তারা এই দু'তলা বাড়িটি ব্যবহার করতো কসাইখানা হিসেবে। নিরীহ বাঙ্গালীদের পাকদস্যু আর তার সহযোগীরা ধরে আনতো, তারপর এই বাড়ীতে জবাই করা হতো, বাড়ীর সংলগ্ন একটা বৃহৎ কূপে হত্যা করার পর মৃতদেহ ফেলে দেওয়া হতো। বাড়ীটার আউট কিচেনে সবচেয়ে বেশী হত্যা করা হতো বলে মনে হয়। কারণ এখান থেকে কূপটি মাত্র ২০ গজ দূরে। বাড়ীটার চারিদিকে দীর্ঘ নয় মাসে ঘাস আর জঙ্গলে প্রায় ভর্তি হয়েছিল্ পাকবাহিনীর সেগুলো পরিষ্কার করতো না। কারণ জঙ্গলের মাঝে এই রকম একটি বাড়ীতে তাদের বাঙ্গালনিধনের নেশা খুবই বেড়ে যেত। শুধু তাই নয়, বর্বর পাক-সেনারা এই বাড়ীটাতে মদ আর জুয়ার আড্ডাও বসাতো। দিনে রাতে তারা এখানে আসর জমাতো নির্বিঘ্নে। ওদের কেউ বাঁধা দিতে পারে নাই। রক্তের নেশায় বর্বররা হন্যে হয়ে বাঙ্গালীদের খুঁজে আনতো। দাশীন জমাদেরকে জিজ্ঞেস করলাম, তুম কতজন বাঙ্গালীর মৃতদেহ এই কূপে ফেলেছো।-" কি আর বলব হুজুর! বিশ্বাস করবেন না! আমার হাতেই কমপক্ষে চার-পাঁচ শত লাশ এই কূয়ায় ফেলেছি। জল্লাদরা তাকিয়ে তাকিয়ে দেখতো হুজুর, আমি কি করি। আমি লাশগুলো পুঁতে রাখতে চাইতাম। কিন্তু ওরা দেয় নাই। ওরা আমাকে বলতো, 'তু' শালা হিন্দু হায়। এইসে দরদ কিউ লাগদো! "জানতে চাইলে তোমার সামনেই কি ওরা হত্যা করতো।" বৃদ্ধ বলি চলছিল, "কি বলেন সাহেব! আমাকে ওরা ভয় পেত না। প্রথমে বাঙ্গালীকে ধরে আনতে, তারপর হাত বেঁধে মুখের ভিতর কাপড় গুঁজে দেয়। এরপর হয় পেটের ভিতর চাকু মারে, না হয় জবাই করে। কোনটার আবার পিছন দিক থেকে ঘাড়ে ছুরি বসিয়ে জবাই করতো। ওদের দয়া নাই। কান্নাকাটি অনুরোধ কিছুই শুনেনি। কত বাঙালী যে কাঁদতো হুজুর, কি করবো। মিলিটারীরা খুশিমত মানুষকে গুলি করতো। তারপর আমাকে বলতো 'ইছি কি হঠাদো'। আমি বাধ্য হয়ে কাজ করেছি হুজুর। কিন্তু ওরা আমাকেও ছাড়ে নাই। রেল ষ্টেশনের বাঙ্গালীদের আমি আগেই বলতাম তোমরা সরে যাও। আমি ওদের এই দিকে আসতে দেইনি। গোপনে গোপনে আমি অনেক বাঙ্গালী সাহেবকে সাবধান করেছি। কিন্তু মিলিটারীরা এটা জানতে পেরে আমাকে সন্দেহ করে ঘাড়ে রাইফেল দিয়ে মারে। শুধু লাশ সরাবার জন্যই আমাকে বাঁচিয়ে রেখেছে। ওরা হুজুর

সিলেটের বিভিন্ন এলাকায় মুক্তিবাহিনী গঠন করে শত্রুদের ওপর মারাত্মক আঘাত হানে। কয়েক দিনের ভেতরই সিলেট জেলায় তিন শত মাইল সীমান্ত এলাকা থেকে সমস্ত পশ্চিম পাকিস্তানী সৈন্যকে হত্যা অথবা বিতাড়িত করে মার্চের মধ্যেই সমস্ত হবিগঞ্জ মহকুমা, মৌলভীবাজার মহকুমা ও সুনামগঞ্জ মহকুমা মুক্তিবাহিনীর পূর্ণ কর্তৃত্বাধীনে চলে আসে। ৩রা এপ্রিল মুক্তিপাগল বাঙ্গালী বীরেরা সিলেট শহর দখল করে নেয়। হানাদার বাহিনী শালুটিকর বিমানবন্দর ও সংলগ্ন জংগলে আশ্রয় গ্রহণ করে। তারপরই শুরু হয় বৃষ্টির মত পাক বাহিনীর বিমান হানা। সারা শহরে ঝাঁকে ঝাঁকে গুলীর ঝড়। শত শত আদম সন্তান রক্তাক্ত আহত হয়ে হাসপাতালের দারস্থ হয়। মানব সেবার প্রতীক প্রখ্যাত শল্যবিদ অধ্যাপক শামসুদ্দিন শাণিত ছুরি হাতে ঘড়ির কাঁটার সাথে তাল মিলিয়ে কাজে রত রয়েছেন। হাসপাতালে আলো নেই, পানি নেই, পথ্য নেই। তাতে কি, শামসুদ্দিন সাহেব আছেন। এক হাতে অস্ত্র চালনা, অন্য হাতে অন্যান্য সব কাজ। ৮ই মার্চ থেকে আবার শুরু হলো তুমুল যুদ্ধ। পাক দস্যুরা স্থল ও বিমানবাহিনী নিয়ে সর্বশক্তি দিয়ে মুক্তিবাহিনীর ওপর ঝাঁপিয়ে পড়ল। সমস্ত শহর তখন জনশূন্য। প্রাণপণ বাঁচাবার আদিম উগ্রতায় শহরবাসী চলেছে গ্রামের আশ্রয়ে- দুর্গত শহরের সাক্ষী ডাঃ শামসুদ্দিন আর তার রোগী।

ছাত্রদের প্রতি ডাঃ শামসুদ্দিন- ''আমরা প্রবীণ। আহত বাঙ্গালীদের সেবায় আমাদের থাকতে দাও। তোমরা নবীন যুবক, নিজেদের বুদ্ধি খাটিয়ে কাজ কর। এখান থেকে বর্বর পশুদের শিকার হয়ে কোন লাভ নেই।''

ডাক্তারদের প্রতি- ''কোথায় যাবেন আপনারা? আমরা ডাক্তার। রোগী ফেলে আহত মানুষ ফেলে আমরা তো কোথাও যেতে পারি না।''

সেই রক্তস্নাত ৯ই এপ্রিল। ইতিহাস থমকে গেছে। আন্তর্জাতিক রীতি-নীতি ভঙ্গ করে জেনেভা কনভেনশনের নিয়ম অমান্য করে মারণাস্ত্রসহ কতকগুলো পাক নরঘাতক সিলেট মেডিকেল কলেজ হাসপাতল ঘেরাও করে অভ্যন্তরে প্রবেশ করল। শল্য প্রকোষ্ঠ। বুদ্ধিদীপ্ত ব্যক্তিত্ব সম্পন্ন গৌরবর্ণ সুদর্শন অধ্যাপক শামসুদ্দিন আহমদ অবিশ্রান্ত কর্মরত। ঝড়ের বেগে প্রকোষ্ঠে ঢুকে সংগীন উচিয়ে ক'টি পশু সেনা ডাঃ শামসুদ্দিন আহমদকে ছোঁ মেরে নিয়ে গেল। হাসপাতালের পূর্ব-দক্ষিণ কোণে অশ্রুসিক্ত সবুজ ঘাসের শীষে দাঁড় করালো তাকে। তারপর। না, আমি সম্বিত হারিয়ে ফেলছি। কি লিখবো, কেমন করে লিখবো। লিখে কি হবে? লাভ কি? পৃথিবীর মানুষ কি বিশ্বাস করবে আমাকে? অবিশ্বাস্য ঘটনা কি বিশ্বাস করা যায়। না, অন্যের বিশ্বাস-অবিশ্বাসের ওপর নির্ভর করে আমি লিখবো নাকি? আমি আমাকে তো অবিশ্বাস করতে পারি না। ভগবান যীশুও ক্রুশবিদ্ধ হয়েছিলেন। হ্যাঁ, হাসপাতালের চিরাচরিত মানবিকতা পবিত্রতাকে বিদীর্ণ করে গুলী করা হলো। গুলী করা হলো ঋষি শামসুদ্দিনকে, মানুষ শামসুদ্দিন আহমদকে।

ঊনসত্তরের গণআন্দোলনে ডাঃ শামসুদ্দিন বলেছিলেন- ''হে সভ্য জগত, গণআন্দোলনকে দমন করতে গুলী করো না। তার বদলে ব্যবহার করো রাবারের বল বা বেগে চালিত পানি।''

এক-দুই করে তিনটি গুলী করা হলো তাঁকে। মৃত্যুহীন প্রাণ ক্ষণিকের ভিতর শেষ হয়ে গেল। প্রাণপ্রিয় দরদী শিক্ষককে অনুসরণ করল তরুণ অস্ত্রোপচারক ডাঃ শ্যামল কান্তি লালা, সহকারী সেবক মাহমাদুর রহমান, এ্যাম্বুলেন্স চালক কোরবান উল্লাহ। ক্লান্ত হলো নরপশুদের সামরিক ক্ষুধা।

ডাঃ শামসুদ্দিন ছিলেন মানবসেবার ইতিহাসে এক বিরল আদর্শ। কি সম্মোহনী শক্তি তাঁর ছিল জানি না। ছাত্রবেলা থেকেই তিনি ছিলেন নম্রভাষী। তাঁর কাজই কথা বলত। বিভাগ-পূর্ব ভারতে তিনি ছিলেন আসাম মুসলিম ষ্টুডেন্টস ফেডারেশনের সভাপতি। কলিকাতা মেডিক্যাল কলেজে অধ্যয়নকালে তিনি ছিলেন প্রথম শ্রেণীর ছাত্রনেতাদের অন্যতম।

সেবাই ছিল অধ্যাপক শামসুদ্দিন আহমদের প্রধান ও প্রথম ধর্ম। তাই সেবা করতেই তিনি জীবন বিলিয়ে দিলেন। আজীবন সেবাধর্মী ডাঃ শামসুদ্দিন ছিলেন গঠনমূলক কাজে পারদর্শী ও অভিজ্ঞ। তরুণ ডাক্তার হিসাবেই তিনি ছিলেন পূর্ব পাকিস্তান মেডিক্যাল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক। অফুরন্ত ক্ষমতাসম্পন্ন ডাঃ শামসুদ্দিন মেডিক্যাল সার্ভিস এসোসিয়েশনের মৃতপ্রায় প্রতিষ্ঠানকে শক্তিশালী করে তোলেন। তিনি ছিলেন একজন বিশিষ্ট চিন্তাবিদ ও সংগঠক। তিনি বহু জনকল্যাণকর প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। তিনিই প্রতিষ্ঠা করেন
পাকিস্তান
এ্যাম্বুলেন্স কোর।

''আমার যেটুক সাধ্য করিব তা আমি।''

১৯৬৪ সালে তিনি প্রতিষ্ঠা করেন জালালাবাদ অন্ধ-কল্যাণ সমিতি। ''অন্ধজনে দেহ আলো'' এ মূল মন্ত্র নিয়ে এ সমিতির উদ্যোগে সিলেট, মৌলভীবাজার, শ্রীমংগল, হবিগঞ্জ, কুমিল্লা ও নোয়াখালীতে এ পর্যন্ত ১৪টি অন্ধ চিকিৎসা শিবিরের মাধ্যমে কয়েক হাজার রোগীকে দৃষ্টিশক্তি ফিরিয়ে দেয়া হয়েছে। দক্ষিণ-পূর্ব এশিয়াব্যাপী এ প্রতিষ্ঠানের সুনাম বিস্তৃত।

ডাঃ শামসুদ্দিন আহমদের আর একটি কীর্তি হলো সিলেট যক্ষ্মা নিবারণী সমিতি। এর মাধ্যমে বহু দুরারোগ্য যক্ষ্মা রোগীকে চিকিৎসা করা হয়ে থাকে। তিনি আরও প্রতিষ্ঠা করেছিলেন রক্তচাপ ও বহুমূত্র রোগ নিরোধ কেন্দ্র। বহু লোকও এর মাধ্যমে উপকৃত হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
'ওরা সাংবাদিক মেরেছে'	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

ওরা সাংবাদিক মেরেছে

নিজামুদ্দীন আহমেদ সাংবাদিক জগতে একটি বিশিষ্ট নাম। এই নামটির সাথেই সম্পর্ক ছিল বিপিআই; বিবিসি; এপিএ, ইউপি, আই'র।

বাংলাদেশের স্বাধীনতা চূড়ান্তরূপ নেয়ার প্রাকমুহূর্ত পর্যন্ত বৃটিশ ব্রডকাষ্টিং কর্পোরেশনের (বি, বি, সি) অনুষ্ঠান শুনতে গিয়ে যেসব সাংবাদিকের পাঠানো সংবাদ শুনতে বহু উদগ্রীব হয়ে থাকতেন তাদের মধ্যে নিজামুদ্দীন আহমেদ অন্যতম। এখানে বি, বি, সি'র সংবাদ ঘোষকদের কণ্ঠ থেকে খবর ভেসে আসে নিয়মিত প্রতিদিন, কিন্তু শোনা যায় না একটি ঘোষণা ঢাকা থেকে আমাদের সংবাদদাতা নিজামুদ্দীন আহমেদ খবর পাঠিয়েছেন। কয়েক মাস আগে পর্যন্ত সবাই অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করে থাকতো তাঁর পাঠানো সংবাদ শোনার জন্যে, আর অবাক হয়ে ভাবতো কি দুরন্ত সাহস লোকটার। সাড়ে ৭ কোটি বাঙ্গালীর স্বাধীনতার জন্য মৃত্যুকে হাতের মুঠোয় নিয়ে কেমন করে তিনি সেদিন পাঠিয়েছেন খবরের পর খবর- বাংলাদেশে পাক বর্বর বাহিনীর হত্যাকাণ্ড আর ধ্বংসলীলার খবর পাঠিয়ে জাগিয়ে তুলেছেন বিশ্ব মানবতাকে। আর মুক্তিযোদ্ধাদের এক একটি দুঃসাহসিক অভিযান সম্পর্কে সংবাদ প্রকাশ করে অনুপ্রাণিত করে তুলেছেন বাংলাদেশের মানুষকে। আলবদর তাঁকে ছিনিয়ে নিয়ে যায় ১২ই ডিসেম্বর দুপুর দুটোয় তাঁর একান্ত প্রিয়জনের মাঝ থেকে। সে দিন তাঁর প্রিয়জন, তাঁর স্ত্রী, তাঁর ১১ বজরের মেয়ে শিল্পী, ৯ বছরের রিমি আর ছোট্ট বাপ্পি অবাক বিস্ময়ে দেখেছিল তাদের প্রিয়জনকে খাবার টেবিল থেকে নিয়ে যাচ্ছে দস্যুরা। ছোট্ট ছেলে-মেয়েগুলোর আকুল আর্তনাদেও নরপিশাচদের মন এতটুকু টলেনি।

তাকে নিয়ে যাবার পর ছোট্ট শিল্পী, রিমি, বাপ্পি তাদের বাবার ফিরে আসার অধীরতর অপেক্ষায় কাল কাটিয়েছে, মিসেস আহমেদ দীর্ঘশ্বাস ফেলেছেন বারবার কিন্তু সব কিছুই নিষ্ফল।

বাংলাদেশ হানাদারমুক্ত হওয়ার সঙ্গে সঙ্গে ছুটে এসেছেন তাঁর বন্ধুবান্ধব তাঁর সৎসাহসের জন্য প্রশংসা জানাতে। তাঁর নির্ভীকতার প্রতি শ্রদ্ধা জানাতে। কিন্তু নিজামুদ্দীন আহমেদ আর ফিরে আসেননি তাঁর প্রিয়জনের মাঝে।

সাংবাদিক জগতে নিজামুদ্দীন আহমেদের পরিচিতি দীর্ঘদিনের। ছাত্রাবস্থায়ই তিনি জড়িয়ে পড়েন এই পেশায় এবং সে সময়ই তিনি 'সিভিল এন্ড মিলিটারী গেজেট, 'দৈনিক মিল্লাত' ইত্যাদির সঙ্গে সংশ্লিষ্ট হন।

এরপর তিনি তদানীন্তন পিপিআই'র প্রথম ও একমাত্র সাংবাদিক হিসেবে যোগ দেন ১৯৫৮ সালে। পরবর্তী পর্যায়ে এই প্রতিষ্ঠানকে তিনিই সাবেক পূর্ব পাকিস্তানে গড়ে তোলেন এবং ১৯৬৪ সালে এর সম্পাদক হন। নিখোঁজ হবার দিন পর্যন্ত তিনি ছিলেন এই প্রতিষ্ঠানের সহকারী কর্মকর্তা।

শিরোনাম	সূত্র	তারিখ
যোগেশ বাবুর হত্যা-কাহিনী	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

কেউ ভাবতে পারেননি যে যোগেশ বাবুকে এভাবে হত্যা করা হবে

শ্রী যোগেশচন্দ্র ঘোষ। একটি নাম। একটি ইতিহাস। দুঃস্থ অসহায় মানুষের কল্যাণে নিবেদিত একটি প্রাণ। তাঁর জীবনের একমাত্র ছিল 'সাধনা ঔষধালয়'। যে ঔষধালয়ের বাংলাদেশ ছাড়াও সমগ্র বিশ্বজোড়া রয়েছে খ্যাতি। এমনি নব নব সৃষ্টির মাঝেই যোগেশ বাবু বেঁচে ছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি নিজেই বাঁচতে পারেননি। বর্বর খান সেনাদের হাতে তাঁকেও প্রাণ হারাতে হলো। নরপিশাচদের হাতে অবসান হলো একটি অমূল্য জীবনের।

সহকর্মীদের সবাই সেই কালরাত্রিতে কোন গতিকে প্রাণ নিয়ে বেঁচেছিল। প্রাণের মায়ায় পালাতে বাধ্য হয়েছিল তারা। শুধু যোগেশ বাবুর পোষা প্রিয় বানরটা তাঁকে ছেড়ে পালিয়ে যায়নি। প্রভূর সমূহ বিপদের আশংকায় সেদিন বনের পশুটি পর্যন্ত চীৎকার দিয়ে ঘোষণা করেছিল বিপদ বার্তা। কিন্তু যোগেশ বাবু তেমনি রইলেন। পালানোর সামান্যতম চেষ্টাও করেননি তিনি। বিপদের আশঙ্কায় তিনি শঙ্কিত হয়েছিলেন বটে, কিন্তু আকস্মিক ভয়াবহ মৃত্যুর কথা বোধ হয় ভাবতে পারেননি।

পঁচিশে মার্চ। ভয়াল বীভৎস রাত। এই দিন বাংলার বুকে নরপশু খান সেনারা যে হত্যালীলা চালিয়েছিল তার করুণ কাহিনী ইতিহাসের পাতায় কালো কালিতে বাঁধা থাকবে। রাজধানীর ঢাকার সমস্ত শহরটা ভয়ে প্রকম্পিত। গ্রামে পালিয়ে যাচ্ছে নগরবাসী। সবাই পালাচ্ছেন- দূরে অনেক দূরে, নিরাপদ আশ্রয়ের সন্ধানে। বর্বরদের হাত থেকে নিষ্কৃতি পাবার প্রত্যাশা প্রত্যেকের।

পুরান ঢাকার সূত্রাপুর এলাকার অনেকেই এরই মধ্যে শহর ছেড়ে পালিয়ে গেছে। সমস্ত এলাকার মাঝে শুধু একটি মাত্র বাড়ীই যেন একমাত্র প্রহরী। স্তব্ধ, নিঃঝুম পরিবেশ। বিরাট এলাকা জুড়ে একটা কারখানা সাধনা ঔষধালয়। সমস্ত বাড়ীটার প্রহরী যোগেশ বাবু। কারখানার নির্জন প্রকোষ্ঠে তিনি কাটিয়েছেন জীবনের সুদীর্ঘকাল। তাঁর একমাত্র সাধনাস্থল এই কারখানা। নিঃসঙ্গ জীবনের একমাত্র সাথী ছিল কারখানার শ্রমিকরা। দিন শেষে পড়ন্ত বেলায় শ্রমিকরা সবাই যখন একে একে চলে যেত, তখন রামপাল আর সুরুজ ছিল তাঁর একমাত্র সাথী।

রামপাল ও সুরুজ কারখানার দারোয়ান। তারা দীর্ঘ সতের বছর ধরে বাবুর সাথে কাটিয়েছে। পঁচিশে মার্চের পর সবাই যখন একে একে চলে গেল- তখনও ওরা বাবুকে ছেড়ে যায়নি। জীবনের ঝুঁকি নিয়েও ওরা তাঁর কাছে ছিল। রাত দুপুরে বাবু যখন উন্মনা হয়ে উঠতেন- তখন ওরাই ছিল তাঁর একমাত্র সাথী- নিঃসঙ্গ জীবনের দীর্ঘদিনের সহচর।

আলাপ করছিলাম দারোয়ান দু'জনের সাথে। তখন সূর্যদেব সবে বিদায়ের তোড়জোড় করেছেন। আধো আলো আধো আঁধারের এক প্রকোষ্ঠের মধ্যে বসে কথা হচ্ছিল আমাদের।

পঁচিশে মার্চের পরের ঘটনা। সম্ভবতঃ এপ্রিলের প্রথম সপ্তাহ অথবা মাঝের শেষের দিক। সেই দুর্যোগ রাতের সঠিক তারিখ আজ নাকি ওদের কারো মনে নেই। স্মরণ নেই সেই ভয়াবহ তারিখের কথা।

নিস্তব্ধ নগরী। রাত নিঃঝুম। সাধনা ঔষধালয়ের গেটে প্রহরারত দারোয়ান। রামপাল, ইউসুফ মিস্ত্রি, ভূমিসিংহ, সুরুজ সেই ভয়াল রাতের প্রহরী। সেই থমথমে পরিবেশে হঠাৎ একটি মিলিটারী জীপ এসে থামলো। তখন রাত দুপুর। পাঁচ-ছয়জন সশস্ত্র সৈনিক গাড়ী থেকে নামলো। তাদের সবার হাতে ভারী অস্ত্র। একে একে গেটের তালাগুলো আঘাতে ভেঙ্গে ফেললো ওরা। তারপর কয়েক রাউন্ড ফাঁকা গুলী ছুড়লো। দোতলায় যোগেশ বাবু সন্ত্রস্ত হয়ে উঠলেন। সুরুজ পাহারাদারও সন্ত্রস্ত। বর্বরদের বিরুদ্ধে তার বন্দুকটা গর্জন করে উঠলো। পরপর কয়েক রাউন্ড গুলী ছুড়লো সে এলোপাতাড়ি। জল্লাদ খান সেনাদের উদ্যত রাইফেল গর্জিয়ে উঠল। গুলীর মুহুর্মুহু আওয়াজে রাতে নিস্তব্ধতা যেন ভঙ্গ হলো, সারা এলাকাটা যেন কেঁপে উঠল। উভয় পক্ষে বেশ কিছুক্ষণ হলো গুলী বিনিময়। সে রাতে খান সেনারা সুবিধা করতে পারলো না। সামান্য একজন অস্ত্রশিক্ষণীয় বাঙ্গালী পাহারাদারের কাছে পরাজিত হলো খান সেনারা। কি যেন ভেবে তারা পালিয়ে গেল।

বাঙ্গালী বীর সুরুজ সেই স্মরণীয় রাতেই বাবুকে বাড়ী ছেড়ে পালিয়ে যেতে বলেছিল। বাবু তখনও তার কথায় কর্ণপাত করেননি। ভেবেছিলেন হয়তো মরতে যদি হয়, জন্মভূমিতেই মরবো।

পরদিন সকাল। রাতের সেই ভয়াবহ ঘটনা তখনো চোখের সামনে জ্বল জ্বল করছে। সন্ত্রস্ত যোগেশ বাবু ও তাঁর ভীত সহকর্মীরা ঘটনাস্থল দেখতে নিচে নেমে এলেন। সকাল তখন প্রায় সাড়ে সাতটা। যোগেশ বাবু নিচে নেমেছেন, সবে গত রাতে খান সেনারা যে ধ্বংসের স্বাক্ষর রেখে গেছে তা অবলোকন করছেন। এমনি সময়ে তিনটি মিলিটারী জীপ কারখানার সামনে এসে থামল। গাড়ীগুলো ভর্তি সশস্ত্র সৈনিক। খান সেনা বর্বরদের সাত-সকালে আগমনে বাবু আরো ভীত হয়ে উঠলেন। এক অজানা আশঙ্কায় মনটা যেন দমে গেল তাঁর। যদিও তিনি নাকি কখনো মৃত্যুকে ভয় করেন না। তাঁর সঙ্গী সাথী (সহকর্মীরাও) কেমন যেন মুষড়ে পড়লেন। সন্ত্রস্ত হয়ে উঠলেন তারাও। জল্লাদ খান সেনারা নিচে সবাইকে লাইন করে দাঁড় করাল। বর্বরদের কয়েকজন যোগেশ বাবুকে নিয়ে উপরে গেল। উদ্যত রাইফেলের মুখোমুখি দাঁড়িয়ে অশীতিপর বৃদ্ধ সেদিন কি বলেছিলেন কেউ জানতে পারেনি।

এদিকে নিচে সবাই ভাবল এই হয়তো সময়। মোক্ষম সুযোগ। প্রথমে একটি বাড়ীতে সুযোগ বুঝে পালাল ওরা। হয়তো বর্বরদের চোখে পড়েনি। তাই সেদিন তারা কয়েকজন নিশ্চিত মৃত্যুর হাত থেকে বেঁচে গেল। কিন্তু একজন বাঁচতে পারলেন না। যিনি ভালবাসতেন এদেশকে। এদেশের মাটিকে। দেশের জনগণকে। যোগেশ চন্দ্র ঘোষ নিহত হলেন বর্বরদের নিষ্ঠুর সঙ্গীনের খোঁচায়। জল্লাদরা তাদের হিংস্র বেয়নেটের আঘাতে একটা অনন্য জীবনের অবসান এনে দিল।

সাথীরা সেদিন সবাই প্রাণ নিয়ে বেঁচেছিল সত্যি। কিন্তু ফিরে এসে তাদের মনিবকে পায়নি তারা আর। পরে বর্বর খান সেনারা চলে গেলে অনেকে এসছিল। এসেছিল সহকর্মীরা। পাড়া-পড়শীরা। তাদের প্রাণপ্রিয় যোগেশ বাবুকে একবার দেখতে। না, শ্রদ্ধাভাজন যোগেশ বাবুকে তারা আর দেখতে পারেনি। ওরা যখন দেখতে এসেছে ডোমেরা তখন যোগেশ বাবুর লাশ নিতে এসেছে।

অবশেষে তাঁর দেহাবশেষ আবিষ্কৃত হলো রান্নাঘরের মেঝেতে। উপুড় হয়ে পড়েছিলেন। বুকে তাঁর সঙ্গীনের ক্ষত চিহ্ন। রক্ত ঝরার ধারা ততক্ষণে শুকিয়ে গেছে। শুকনো কালো রক্তের মাঝে তিনি পড়ে আছেন। বর্বরা তাঁকে শুধু হত্যা করে ক্ষান্ত হয়নি, তারা বাবুর সারা জীবনের অর্জিত সকল ধন-সম্পদ নিয়ে গেছে লুণ্ঠন করে।

শিরোনাম	সূত্র	তারিখ
ইত্তেফাকের সাংবাদিকের লেখায় ২৫শে মার্চ রাতের সামরিক হামলার প্রত্যক্ষ বিবরণ	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

মৃত্যুতে বিস্মিত হবার কিছু নেই
বেঁচে থাকাটাই পরম বিস্ময়

মৃত্যুতে বিস্মিত হবার কিছু নেই, বেঁচে থাকাই পরম বিস্ময়। কথাটা যে কে বলেছিলেন, ঠিক এ মুহূর্তে আমি তা স্মরণ করতে পারছি না। তবে কথাটা যে অসত্য বা অতিরঞ্জিত কিছু নয় নিজ জীবনের বাস্তব অভিজ্ঞতা দিয়ে আমি তা মর্মে মর্মে অনুভব করেছি। আর না করেই বা উপায় কি। সাক্ষাৎ মৃত্যুর মুখ থেকে বেঁচে যাওয়া সে যে কত বড় বিস্ময় তা অনুমানের পর অনুভূতির ব্যাপার, সে বিভীষিকাময় স্মৃতি যখন মনে করি, তখন প্রকৃতই নিজেকে নিজের জিজ্ঞেস করতে প্রবৃত্তি হয়, আমি বেঁচে আছি তো।

এর জবাব দেবার জন্য আমাকে ফিরে যেতে হবে পঁচিশে মার্চের সেই ভয়ঙ্কর রাতে। যে রাতে আমরা আটটি প্রাণী প্রাণান্তকর অবস্থার ভিতর দিয়ে অনুভব করেছি প্রতিপক্ষের মৃত্যুযন্ত্রণা। লক্ষ্য করেছি একদল মানুষ জন্তুর হু-হুংকার। আর শ্মশানের শেষ প্রান্ত চরদের মানুষের জীবন নিয়ে কানামাছি খেলার নিদারুণ উপহাস।

দৈনিক ইত্তেফাক-এর সম্পাদকীয় বিভাগের একজন সদস্য হিসাবে সাধারণতঃ রাতের বেলায় অফিসে থাকার কথা আমার ছিল না। কিন্তু স্বভাব যায় না মলে। আড্ডা মেরে যার অভ্যাস, সকাল সকাল সে বাসায় ফিরে কেমন করে। সকাল দশটার দিকে অফিসে আসতেই এডিটর সাব ডেকে বললেন, শেষ পরিণতি মোটামুটি ভালর দিকেই মনে হচ্ছে। আপনাকে একটা এডিটরিয়াল লিখতে হবে।

এডিটরিয়ালটার বক্তব্য বিষয় হবে মোটামুটি এরকম। সাড়ে বারটার মধ্যেই আমার লেখা শেষ হয়ে গেল। গেলাম প্রেসক্লাবে এবং তারপর সেখান থেকে সবুজ শ্যামল ছাওয়া রমনা পার্কের পূর্বদিকস্থ সাবেক প্রেসিডেন্ট ভবনের (গণভবন) কাছে। সাবেক প্রেসিডেন্ট ভবনের পশ্চিম দিকের ফুটপাতের উপর একদল লোক দাঁড়িয়ে আছে। আশেপাশে যতদূর চোখ যায় শুধু পুলিশ আর পুলিশ এবং সে সাথে উর্দি পরা ও সাদা পোশাক পরিহিত সামরিক সেনারা। এদের গর্হিত পদক্ষেপ আর শ্যেনদৃষ্টি কালা পাহাড়ের চিত্তকেও ভীতিবিহ্বল করে তোলে। সেখানে অধিকক্ষণ দাঁড়ানো তাই স্বস্তিকর বোধ হলো না। ফিরে এলাম প্রেসক্লাবে। কথাবার্তা এবং বাতাসে ভেসে আশা গন্ধে যেন অনুভব করলাম একটা দ্রুত পরিবর্তনের সুর। প্রভাত সূর্য যে আশা ও সম্ভবনার বাণী নিয়ে উদিত হয়েছিল, পড়ন্ত বেলায় যেন তা রাহুগ্রস্ত প্রায়। এ অবস্থায় বাসায় ফিরব মনে করে পথে নামতেই সিরাজ ভাই (শহীদ) ডেকে বললেন ''মিলন, চল অফিসে যেতে হবে।'' কেন জিজ্ঞেস না করেই রিকশায় তার পাশে যেয়ে বসলাম। তিনি বলতে লাগলেন, ''সবকিছু উলটপালট হয়ে যাচ্ছে। মনে হচ্ছে একটা ভীষণ পরিণতির দিকে আমরা এগিয়ে যাচ্ছি।'' এমনি বেশী কথা বলার অভ্যাস আমার নেই, তদুপরি বক্তব্যটির কোন সুদত্তর খুঁজে পেলাম না। পুনর্বার যখন অফিসে ফিরে এলাম রাত তখন ন'টা। তাড়াতাড়ি প্রেস থেকে এডিটরিয়ালটা আনিয়ে আপাদমস্তক সংশোধন করলাম। তখন কে জানতো কাল প্রভাতে কেন কোন দিনই এ সম্পদকীয় আর আলোর মুখ দেখবে না। রাত দশটার দিকে সিরাজ ভাইকে বললাম, 'ভাব-সাব ভারী খারাপ মনে হচ্ছে, চলুন বাসায় ফিরে যাই।'' তিনি জবাব দিলেন, ''কেমন করে যাব, কাগজ বের করতে হবে না?'' প্রত্যুত্তরে আমি আর কিছু বলা সমীচীন বোধ করলাম না। জানতাম ইত্তেফাক সিরাজ ভাইর প্রাণ, সিরাজ ভাইর ধমনীতে এর স্রোত প্রবাহিত, সুতরাং বলে-কয়ে লাভ নেই। আরও কিছুক্ষণ আলাপ করার পর তিনি বললেন, 'তুই বরং চলে যা।' কিন্তু আমার জানি কেন অফিস ছেড়ে যেতে ইচ্ছে হচ্ছিল না। কি ঘটে না ঘটে তা দেখার ও

জানার কৌতূহলে পেয়ে বসেছিল আমাকে। তবু রাত এগারোটার দিকে আমি, আমির হোসেন আর নজরুল অফিসের পিকআপ কারে রওয়ানা হলাম মগবাজারের দিকে। কিন্তু যাওয়া আর হলো না। তদানীন্তন, গভর্নমেন্ট হাউস (বঙ্গভবন) এর কাছাকাছি যেয়ে থেমে গেল পিকআপের চাকা। প্রসারিত দৃষ্টির সম্মুখে ইট, কাঠ, লোহা-লক্কড়ের বেরিকেড। দশ হাত অন্তর সমস্ত পথ জুড়ে এ অবস্থা। আর ইতঃস্তত চঞ্চল চরণের ভিড়। কারো হাতে লোহার ডান্ডা, কারো বা বাঁশের লাঠি। এ ডান্ডা আর লাঠি দিয়েই মানুষ জঙ্গীশাহীর দানবদের রোধ করতে দৃঢ়প্রতিজ্ঞ। মনে মনে ভাবলাম এ কি সম্ভব? আধুনিক মারণাস্ত্রের সম্মুখে লাঠি সম্বল করে তিষ্টে থাকা কি অকল্পনীয় নয়? তবু মনে মনে আনন্দিত হলাম এ ভেবে যে, সত্যি বাঙ্গালী আজ জেগেছে।

সেখান থেকে গাড়ী ঘুরিয়ে আমি ফিরে এলাম অফিসে কিন্তু আমির হোসেন আর নজরুল ফিরলেন না। শ্রীচরণ ভরসা করে তারা চলে গেলেন যে যার গন্তব্যস্থলে। অফিসে ফিরে সিরাজ ভাইর নিচের তলার ঘরটিতে যেয়ে দেখি ঘর শূন্য। তিনি চলে গেছেন উপরে বার্তা বিভাগীয় কক্ষে। সেখানে তখন অস্বাভাবিক অবস্থা। সকলেই কলম তুলে বসে আছেন। দলে দলে লোক আসছে-যাচ্ছে, বেশীর ভাগই তরুণ। তাদের চোখে মুখে ভীতি মিশ্রিত জিজ্ঞাসা। খবর পেলাম মহাখালীর দিকে নাকি মিলিটারী এগিয়ে যাচ্ছে। আর একজন তরুণ প্রায় দৌড়াতে দৌড়াতে ছুটে এসে বললেন, এই মাত্র খবর পেলাম, মিলিটারী ইকবাল হল ঘিরে ফেলেছে। সেখানে গোলাগুলি চলছে। আপনারা কিছু জানেন কি? আমরা তাদের মতই উড়া খবরের কথা বললাম। সিরাজ ভাই তাদের যার যার ঘরে চলে যেতে পরামর্শ দিলেন। মুহুর্মুহু টেলিফোন আর সংবাদ সংগ্রহেচ্ছুক লোকজনের আগমনে ইত্তেফাক অফিস চঞ্চল হয়ে উঠল। কিন্তু সে মাত্র স্বল্পক্ষণের জন্য, রাত বারোটা বাজতেই বহির্জগতের সাথে আমরা সম্পূর্ণ যোগাযোগ হারিয়ে ফেললাম। এতক্ষণ যে টেলিপ্রিন্টারের শব্দ হচ্ছিল তা স্তব্ধ হয়ে পড়ল, ছিন্ন করে দেওয়া হলো টেফিফোন যোগাযোগ।

আমরা তখন আটটি প্রাণী অপেক্ষা করছি চরম মুহূর্তের জন্য। রাত গভীর হতে শুরু করল। আর সে গভীরতার সাথে পাল্লা দিয়ে নিকট হতে নিকটতর হতে লাগল মেশিনগানের কর্ণবিদারী শো-শো গর্জন, অসহায় মানুষের প্রাণফাটা আর্তনাদ, মাতা, ভগ্নি, জায়ার সকরুণ বিলাপ ধ্বনি। ঢাকার বুকে শুরু হল নারকীয় তাণ্ডবের উন্মত্ত লীলা। এরই মধ্যে আমরা নীচের ক্যান্টিন থেকে এক টিন টোষ্ট বিস্কুট আর অফিস পিয়ন আমিরের দোকান থেকে আনিয়ে নিলাম কয়েক প্যাকেট সিগারেট। মৃত্যু যতক্ষণ না তার হিমশীতল বক্ষে টেনে নিচ্ছে ততক্ষণ পর্যন্ত একটা কিছু খেতে হবে। এমনি প্রাণান্তকর উৎকণ্ঠা আর মেশিনগান ও ষ্টেনগানের গর্জনের ভেতর দিয়ে রাত শেষ হয়ে এল। আবছা অন্ধকারে ঢাকা রাজধানীর রাজপথের চেহারাটা দেখার জন্য সিরাজ ভাই আর রেজা ভাই যেয়ে দাঁড়ালেন ইত্তেফাক অফিসের পশ্চিম প্রান্তস্থিত দ্বিতলের জানালার পাশে।

প্রভাত রজনীর অবস্থা অন্ধকারের অবগুণ্ঠনে ঢাকা সাবেক গভর্নমেন্ট হাউসের দিক থেকে তখন ছুটে আসছে একটি সামরিক জীপ। সিরাজ ভাই আর রেজা ভাই ভাবলেন, জীপটা বোধ করি ইত্তেফাকের মোড় দিয়ে নারায়ণগঞ্জের দিকে যাচ্ছে। কিন্তু নিমিষে তাদের সে ধারণা টুটে গেল। সম্বিত ফিরে পেতে দেখলেন সিরাজ ভাই দ্বিতলে মেঝেতে পড়ে গেছেন। আর তারই পাশে রক্তাক্ত দেহ শামছু, আমাদের কেন্টিন বয়। মেশিনগানের শিশার বুলেট ডান কানের নীচে দিয়ে গণ্ডদেশ বিদীর্ণ করে বেরিয়ে গেছে। কিন্তু জীবন তখনও স্পন্দনহীন হয়ে পড়েনি। কে যাবে ডাক্তার ডাকতে? কোন ডাক্তার আসবে এ সময়। আমরা কয়টি প্রাণী অশ্রুহীন অবাক দৃষ্টিতে প্রত্যক্ষ করলাম নিরপরাধ শামছুর মৃত্যু।

কিন্তু এখানে রুদ্ধবাক বিস্ময়ের শেষ নয়। একজন ছুটে এসে বললেন নীচে আমাদের গেইটের সামনে একটি প্রাণহীন রক্তাক্ত দেহ পড়ে আছে। সুযোগ বুঝে এক সময় আমরা অজ্ঞাত পরিচয় সে ব্যক্তির মৃতদেহ নিয়ে এলাম অফিসের আঙ্গিনায়। সে একজন হকার। তার পকেটে তখন আশিটি টাকা, হাতে হাতঘড়ি, আর একটা সাইকেল। কে জানে এই আশিটা টাকাই তার পরিবার-পরিজনের অন্নবস্ত্র সংগ্রহের মূলধন কিনা।

বেলা অনুমান ১০টার দিকে (২৬শে মার্চ) অনেক কষ্টে এ বাড়ীর ও বাড়ীর উপর দিয়ে সামছুর মৃতদেহ পাঠানো হলো গোপীবাগ মসজিদে। কিন্তু নাম না জানা হকার ভাইটির মৃতদেহ পাঠানো সম্ভব হল না।

শামছুর মরদেহ মসজিদে অপসারণের পর আমরা আবার বার্তা বিভাগের কক্ষে যেয়ে আশ্রয় নিলাম। জীবানানুভূতি বলতে যা বুঝায় কিছুই তখন নেই। সিরাজ ভাই তখন শুধু মাঝে মাঝে আক্ষেপ করছেন, 'হায়' বাচ্চাকাচ্চাদের দেখে যেতে পারব কিনা কে জানে। সাড়ে দশটার দিকে একটি বিশেষ শব্দে আমরা চমকিত হয়ে উঠলাম। রেজা ভাই বললেনঃ "এটা ট্যাঙ্কের শব্দ।" পূর্ব দিকের জানালার ফাঁক দিয়ে উঁকি মেরে দেখলাম-হ্যাঁ তাই। তিনটি ট্যাঙ্ক মতিঝিল রোড হয়ে এগিয়ে যাচ্ছে। গন্তব্যস্থল সম্ভবতঃ রাজারবাগ। সেখানে কি হত্যাযজ্ঞ চলছে? হানাদার পশুর দল কোন কোন এলাকাকে ধ্বংস স্তূপে পরিণত করেছে কিছুই তার জানার বা বুঝার উপায় নেই। শুধু অভিসার সিনেমা হল আর গোপীবাগের মোড়ে লক্ষ্য করা যাচ্ছে মানুষজন ভর্তি ডজন ডজন সামরিক যানের ভীড়। দক্ষিণ দিকের জানালা দিয়ে অভিসার সিনেমা হলের দিকে তাকাতে নজরে পড়ল তিন চারটি পশু সিনেমা হলের পশ্চিম দিকের একটি প্রাচীর ঘেরা বাসার প্রাচীরের ওপর উঠে ভেতরে মেশিনগানের গুলী বর্ষণ করছে। রেজা ভাই সাবধান করে বললেন, খবরদার কেউ বাইরে তাকাবে না। বাইরে থেকে দেখতে পেলে আর রক্ষা নেই। রক্ষা প্রকৃতই ছিল না। কারণ লক্ষ্য করেছিলাম রাজপথে কোন বেরিকেড কিংবা কাক পাখীর চিহ্ন না থাকলেও কতক্ষণ পর পরই মেশিনগান থেকে ইত্তেফাকের উপর গুলী বর্ষণ করা হচ্ছিল। এ যেন নিষ্প্রাণ জড় পদার্থের উপর জাত-ক্রোধ মেটানো। মেশিন গানের গুলীর চোটে ইত্তেফাকের পশ্চিম দিকের জানালার শার্শী ঝন-ঝন করে ছিটিয়ে পড়ছিল। আর সে সাথে আমরা ক'জন কখনও আশ্রয় নিচ্ছিলাম টেবিলের তলায়, আবার কখনও বা আলমারী-টালমারীর তলায়।

জীবন মৃত্যুর এ লুকোচুরি খেলায় জঠর জ্বালার কথা স্বভাবতই মনে থাকার কথা নয়, কিন্তু মনে করিয়ে দিলেন প্রেসের কয়েকজন কর্মী বন্ধু। হামাগুড়ি দিয়ে উপরে উঠে এসে তারা বললেন পাশের বাসা থেকে কিছু ভাত আনবার ব্যবস্থা হয়েছে। কে জানে আরও কতকাল এমনিভাবে থাকতে হবে। আপনারাও দুমুঠো খেয়ে নিন। কিছুক্ষণ পর উক্ত কর্মী বন্ধুটি একটি এলুমিনিয়ামের পাত্রে করে ভাত দিয়ে গেলেন তরকারী আনতে। কিন্তু সে যাওয়াই তার শেষ যাওয়া হল। তিনি আর তরকারি নিয়ে ফিরে আসতে পারলেন না। নীচে থেকে ভেসে আসল সুপারী ঠুকলে যে বিশেষ ধরণের শব্দ হয় তেমনি শব্দ। পরে বুঝেছি সে শব্দটা আর কিছুই নয়, তালা ভাঙ্গার শব্দ। সে শব্দ শেষ না হতেই আবার ভেসে আসল সেই পরিচিত আওয়াজ। দেখলাম একটা ট্যাঙ্ক এসেছে। দাঁড়িয়েছে ইত্তেফাক অফিসের পশ্চিম দিকের মোড়ে। তারপর আর দেখতে হল না। বিকট এক বোমার আওয়াজের সাথে সাথে থরথর করে কেঁপে উঠল ইত্তেফাক ভবন। মাটির পুতুলের মত ঝরে পড়ল টেলিফোন একচেঞ্জ কক্ষটি। আমরা উন্মাদের মত লুটিয়ে পড়লাম মেঝেতে। এ ভাবে কতক্ষণ ছিলাম মনে নেই। মনে হল রেজা ভাইর হাঁক ডাকে, চশমাটা চোখ থেকে নামিয়ে বললেন, দেখতো ধুয়া দেখা যাচ্ছে কি না। সঙ্গে সঙ্গে একজন পশ্চিম দিকে সরে এসে তাকালেন নীচে এবং জানালেন মেশিন ঘরে আগুন দাউ দাউ করে জ্বলছে।

অন্যের মনে তখন কি ভাবনার সৃষ্টি হয়েছিল তা অন্তর্যামী জানেন। তবে আমার মনে কেন জানি অপার্থিব একটা ভরসা এসে দানা বেঁধেছিল। মনে হচ্ছিল, নিশ্চয় বাঁচব। ওরা আমাকে মারতে পারবে না। মুহূর্তে আমরা প্রস্তুত হয়ে নিলাম, স্থির করলাম, যেমন করে হোক প্রাণে বাঁচার চেষ্টা করতে হবে। কিন্তু কি ভাবে?

বার্তা বিভাগ ও হিসাব রক্ষা বিভাগের মাঝখানে একটা ছয়-সাত ফুট উঁচু পার্টিশান ওয়াল। স্থির হল, পার্টিশানটা ডিঙ্গিয়ে হিসাব রক্ষা বিভাগে প্রবেশ করতে হবে। তারপর সেখানে লিফটের জন্য সংরক্ষিত গর্ত পথে নামতে হবে দেড় তলায় অবস্থিত জব সেকশনে। এবং জব সেকশন থেকে পেছন সিঁড়ি দিয়ে নেমে দেয়াল ডিঙ্গিয়ে যেতে হবে পাশের বাড়ীতে। আমার জানি তখন কেমন মনে হল যে, স্যাণ্ডেল পায়ে এভাবে যাওয়া সম্ভব নয়। সঙ্গে সঙ্গে স্যাণ্ডেলগুলো বার্তা বিভাগে রেখে দিয়ে একে একে আমরা গেলাম হিসাব রক্ষা বিভাগে।

আগুনের লেলিহান শিখার তাপ তখন আমাদের গায়ে এসে লাগছে। কিন্তু সেদিকে আমাদের কারো ভ্রূক্ষেপ নেই। হিসাব রক্ষা বিভাগে এসে আমি আর ইয়াহিয়া বখত লিফটের গর্ত দিয়ে লাফিয়ে পড়লাম নীচে। কিন্তু বিধি বাম। জব সেকশনের দরজা জানালা বন্ধ। প্রাণপণ শক্তিতে টানাটানি করেও যখন খোলা সম্ভব হল না আবার দেয়াল বেয়ে সেই গর্ত পথে উঠে এলাম হিসাব রক্ষা বিভাগে। আজ ভাবি কেমন করে এটা সম্ভব হয়েছে? এখন কি আমার দ্বারা সম্ভব !

পেছনের দরজা দিয়ে পালাবার চেষ্টা ব্যর্থ হবার পর আমাদের সামনে রইল দুইটি বিকল্প, এক আগুনে আত্মাহূতি দান এবং দুই, জীবন বাজী রেখে ভেতরের সিঁড়ি পথে পালানোর চেষ্টা। উঁকি মেরে দেখলাম, মেশিনগান হাতে দুইটি মানুষ জন্তু সাক্ষাৎ যমদূতের মত ইত্তেফাকের সামনের দিকের ছোট্ট খোলা আঙ্গিনায় পায়চারী করছে। তবু কি আর করা যায় । হামাগুড়ি দিয়ে আমরা আটজন হিসাব রক্ষা বিভাগ থেকে আসলাম ঢাকা টাইমস-এর অফিসে এবং তারপর সেখান থেকে হামাগুড়ি দিতে দিতে ভেতরের সিঁড়ি দিয়ে নামলাম নীচে। সদ্য আমদানীকৃত ইত্তেফাকের মেশিন ঘর থেকে আগুন তখন ছড়িয়ে পড়েছে অস্থায়ী ঘরগুলোর মেশিন ঘরে। তারই ভেতর দিয়ে প্রায় উন্মাদের মত আমরা ছুটে গেলাম দেওয়ালের দিকে। তারপর সে ছ'ফুট দেয়াল পলকে অতিক্রম করে প্রবেশ করলাম পাশের বাড়ীতে। দেখলাম, প্রেসের কর্মী ভাইয়েরা আগেই সেখানে আশ্রয় নিয়েছেন। পাশের বাড়ীর ছোট ছোট মেয়ে-ছেলেগুলো তখন প্রাণফাটা চীৎকার করছে। গৃহকর্তা পশ্চিমের ঘরটার বাঁশের বেড়া খুলে ফেলার প্রাণপণ চেষ্টা করছেন। কারণ, আগুন তখন ইত্তেফাক অফিসের সর্বত্র পরিব্যাপ্ত।

ঠিক মনে নেই কে একজন যেন বললেন, আপনারা এখান থেকে দেয়াল ডিঙ্গিয়ে ওদিকে চলে যান। বুঝলাম, ইত্তেফাকের কর্মী ও সাংবাদিক আমরা, তাই এত ভয় তারপর আবার শুরু হল দেয়াল টপকানোর পালা। একের পর এক দেয়াল টপকিয়ে আমরা চারজন এলাম পূর্বদিকে আর অবশিষ্ট চারজন চলে গেল অন্যদিকে। সিরাজ ভাই হাঁটুতে প্রচণ্ড ব্যথা পেলেন। আমার ডাক পায়ের বুড়ো আঙ্গুল থেকে তখন অঝোর ধারায় রক্তপাত হচ্ছে। ইত্তেফাকের তদানীন্তন ড্রাইভার করিম আমাদের দেখতে পেয়ে তার সাথে আরও কিছুটা নিয়ে গেলো। রেজা ভাই বললেন, ব্রাÞণ চিরণের কাছে আমার ছোট ভাই বেণু থাকে। সেখানে যেতে পারলে রাতটা কাটানো যাবে। বলা বাহুল্য, তখন ২৬ শে মার্চের সন্ধ্যা।

সব পথ আমাদের জানা ছিল না, করিম এগিয়ে এলো সাহায্যার্থে। এ বাড়ী ও বাড়ী এ গলি ও গলির ভেতর দিয়ে আমরা এসে পৌঁছলাম গোপীবাগের পূর্বদিকস্থ রেল লাইনের ধারে। দূর থেকে তখন ভেসে আসছে মুহুর্মুহু মেশিনগানের গুলীর আওয়াজ। রেল ষ্টেশনের নির্মাণাধীন ওভার ব্রীজের উপর দণ্ডায়মান জল্লাদ ইয়াহিয়ার মানুষ জন্তুর বাহিনীর দুজন রোজ গার্ডেনের দিকে অবিরাম গুলী ছুড়ছে। ঝন ঝন করে উঠছে টিনের ঘরগুলো। তারই ভিতর দিয়ে ময়লা ও বিষ্টায় সংকীর্ণ রেল লাইনের ঢালু দিয়ে রাতের আবছা আঁধারে আমরা হামাগুড়ি দিতে দিতে যেয়ে উঠলাম ব্রাÞণ চিরণের বেনু সাবের রাস্তায়। রাতে ঘুম হল না। এদিকে গুলীর আওয়াজ, মানুষের আর্তচীৎকারে আর অন্যদিকে বাসার চিন্তা। ২৭ তারিখে আটটায় ঢাকা বেতার থেকে ঘোষিত হল "সকাল সাতটা থেকে সান্ধ্যআইন তুলে নেওয়া হয়েছে।"

আমরা বেরিয়ে এলাম। চলে গেলাম যে যার বাসার দিকে। সেদিনই সিরাজ ভাইর সাথে আবার দেখা করেছি। দেখতে এসেছি ইত্তেফাক-এর ধ্বংসস্তূপ আর বিধ্বস্ত নগরীর অবস্থা। পথে পথে লক্ষ্য করেছি- শত শত নিরীহ নিরপরাধ মানুষের মৃতদেহ। সিরাজ ভাইর বড় আশা ছিল তার নোট বইয়ে তুলে রাখা এসব ঘটনা তিনি একদিন না একদিন ব্যক্ত করবেন। কিন্তু কে জানত সে আশা তার পূর্ণ হবার নয়।

শিরোনাম	সূত্র	তারিখ
ঝিনাইদহ ক্যাডেট কলেজে পাক বাহিনীর হামলার বিবরণ	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

হানাদারদের ঘাঁটি ঝিনাইদহ ক্যাডেট কলেজ

\ অধ্যাপক গোলাম জিলানী নজরে মোরশেদ \

স্বাধীনতাউত্তর বাংলাদেশের আর পাঁচটি প্রতিষ্ঠানের মত ঝিনাইদহ ক্যাডেট কলেজেও কাজ চলছে পূর্ণোদ্যমে ছাত্রদের পদভারে কলেজ আজ সরগরম। প্রয়োজনীয় জিনিসপত্র যা বর্বর পাক বাহিনী তাচ্ছিল্যভাবে নষ্ট করে দিয়েছিল তা এক এক করে জোগাড় করা হচ্ছে। কলেজের শ্রীবৃদ্ধির জন্য নিরলস চেষ্টা চলছে। সবই একদিন হয়ত হবে। আর সব অভাবই হয়ত একদিন পূরণ হবে। কিন্তু পূরণ হবে না কয়েকটি নিবেদিত প্রাণের অভাব, এরা ফিরে আসবেন না। এরা হচ্ছেন অধ্যাপক লেঃ কর্নেল মনজুরুর রহমান, অধ্যাপক হালিম খান, মালি আবদুস সাত্তার, চৌকিদার গাজী ও চৌকিদার সইজদ্দীন।

এদের মর্মান্তিক মৃত্যুর কাহিনী বলতে গেলে আরও একটু গোড়া থেকে শুরু করতে হয়। ২৫ তারিখের রাতে ঢাকার বুকে ইয়াহিয়ার সৈন্য বাহিনীর হত্যাযজ্ঞের খবর যখন ঝিনাইদহ পৌঁছল তখন ঝিনাইদহের জনসাধারণের সাথে সাথে ঝিনাইদহ ক্যাডেট কলেজের সকল শ্রেণীর কর্মচারীরাও দেশের জন্য সংগ্রাম করার বলিষ্ঠ শপথ নিল। সেই সময় বর্তমান প্রবন্ধকার, অধ্যাপক আবদুল হালিম খান (মরহুম) ও অধ্যাপক শফিকুল্লার (বর্তমানে ক্যাপ্টেন), নেতৃত্বে ক্যাডেট কলেজ প্রতিরক্ষা দল গড়ে তোলা হলো এবং ঝিনাইদহের সে সময়কার এস, ডি, পি, ও জনাব মাহবুব উদ্দীন (বর্তমানে মেজর ও বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র দপ্তরের ডেপুটি সেক্রেটারী) এর সাথে যোগাযোগ স্থাপন করা হয়। (ইনি প্রথমে ঝিনাইদহ প্রতিরক্ষা বাহিনী গড়ে তুলে চুয়াডাঙ্গাস্থ সাবেক ই, পি, আর-এর মেজর আবু ওসমানের নির্দেশ মত কাজ করছিলেন। এক পর্যায়ে তিনি ক্যাপ্টেন পদে উন্নীত হন ও পরে মুজিব নগর থেকে মেজর পদে উন্নীত হন)।

এরপর ৩০ শে মার্চ গভীর রাতে কুষ্টিয়া থেকে পাক বাহিনীর ২৫ বেলুচ রেজিমেন্টের ১ কোম্পানী সৈন্য যখন অতি সন্তর্পণে ঝিনাইদহের নিরীহ নিরপরাধ জনসাধারণের উপর তাদের হিংস্র নখরাঘাতের জন্য মারণাস্ত্রে সজ্জিত হয়ে ধীরে ধীরে এগুচ্ছিলো, তখন ঝিনাইদহে শুধু ক্যাডেট কলেজের মুষ্টিমেয় সংগ্রামী বীর ছাড়া আর কেউ ছিল না। এরাই রাত দুটোয় তাদের অগ্রগতিকে প্রতিহত করে। এরপর এই হানাদার দলকে বাংলার যে বীর সৈনিকরা নির্মূল করে তাদের অধিকাংশই ছিল এ কলেজের কর্মচারী।

এরপর ১লা এপ্রিল যখন যশোহর থেকে আগত সৈন্যরা নতুন করে ঝিনাইদহ দখলের ব্যর্থ চেষ্টা করে তখন তাদেরকে ঝিনাইদহের ছ'মাইল দূরে বিষখালিতে যে বাধা দেওয়া ও পর্যুদস্ত করা হয় তাতেও ঝিনাইদহ ক্যাডেট কলেজের শিক্ষক ও অন্যান্য শ্রেণীর কর্মচারীদের দান অপরিসীম। শুধু যুদ্ধ করাই নয়, নতুনদের শিক্ষা দেওয়া, সংবাদ সরবরাহ, মুক্তিবাহিনীর রসদ যোগানোর দায়িত্ব নেয় এ কলেজের কর্মচারীরা। ৫শত মুক্তিযোদ্ধার খাবার তৈরী করার ভারও নেয় এই কলেজের কর্মচারীরা। অবশ্য সে সব কথার অবতারণা অন্যত্র করা যাবে।

এখন মূল প্রসঙ্গে আসা যাক। এরপর জয়-পরাজয়ের মাঝে চললো কিছুদিন। কখনও মুক্তিবাহিনী যশোহরের দিকে এগিয়ে যায় আবার পিছিয়ে আসে। এদিকে হানাদার বাহিনী প্রতিদিনই বিমানযোগে যশোহরের প্রচুর গোলাবারুদ অস্ত্রশস্ত্র ও নতুন সৈন্য সমাবেশ করে ফেলল। সে সময় মেজর আবু ওসমান সাহেবের নির্দেশে ক্যাপ্টেন মাহবুব উদ্দীন মুক্তি বাহিনীকে Close up করে ভারতে চলে গেলেন। ক্যাপ্টেন পড়ে রইল অরক্ষিত অবস্থায়। পাক বাহিনী ফাঁকা মাঠ পেয়ে বীরদর্পে ঝিনাইদহে প্রবেশ করল ১৬ই এপ্রিল।

এ সময় এ মহতি প্রতিষ্ঠান ঝিনাইদহ ক্যাডেট কলেজের অন্যান্য সবাই প্রাণের মায়ায় কলেজ ত্যাগ করে চলে গেলেও কয়েকটি প্রাণী এ কলেজ ত্যাগ করেননি। সম্ভবতঃ এ প্রতিষ্ঠানের মায়ায়। এ প্রতিষ্ঠানের সব কিছুকে অক্ষত রাখার জন্যই তাদের এ ব্যর্থ চেষ্টা। এদেরই একজন চৌকিদার গাজী হলেন হানাদার বাহিনীর হাতে নিহত প্রথম বীর সৈনিক। অধ্যক্ষ কর্নেল রহমান তাকে নিজ সাইকেল দিয়ে পাঠিয়েছিলেন ঝিনাইদহের অবস্থা দেখে আসতে। কর্তব্যনিষ্ঠ এ মহাপ্রাণ লোকটি তার দায়িত্ব পালন করতে যখন ঝিনাইদহ শহরের দিকে এগুচ্ছিলেন, তখন হানাদার বাহিনীর নির্মম বুলেট এসে তার বক্ষ বিদীর্ণ করে দেয়। তার প্রাণহীন দেহ গড়িয়ে পড়ে ক্যাসেল ব্রীজের তলায়। পরে বর্বর বাহিনী তার পবিত্র দেহ আরও বহু দেশপ্রেমিক বাঙ্গালীর পবিত্র দেহের সাথে রাস্তা তৈরীর কাজে লাগায়। আজও ক্যাসেল ব্রীজের পাশে রাস্তা খুঁড়লে অনেক কঙ্কাল পাওয়া যাবে।

এরপর ঐদিন বেলা চারটার দিকে হানাদার বাহিনী কলেজে ঢুকে অধ্যক্ষ কর্নেল রহমান (মরহুম), অধ্যাপক আবদুল হালিম খান (মরহুম), ইলেকট্রিশিয়ান মোহাম্মদ আলী ও অধ্যক্ষের বাবুর্চী আবুল ফজলকে ধরে নিয়ে যায়। আর্মির একজন সিনিয়র অফিসারকে সামান্যতম সম্মানও তারা দেখায়নি। অন্যান্যদের সাথে তাকেও তারা হাত বেঁধে নিয়ে যায়। বিভিন্ন ক্যাম্পের বিভিন্ন লোকের কাছে তারা লাঞ্ছিত হন। এদেরকে এরা নির্মমভাবে প্রহার করে। এরপর প্রহসনস্বরূপ অধ্যক্ষ ও অধ্যাপকের হাতের বাঁধন খুলে দিয়ে পাশের ঘরে নিয়ে যাওয়া হয় তদানীন্তন যশোহর গ্যারিসন কমাণ্ডার ব্রিগেডিয়ার দুররানীর কাছে। ব্রিগেডিয়ার তাদের চা পরিবেশন সারেন। মৌখিক ভদ্রতাও দেখালেন ও সর্বোপরি ক্ষমা প্রদর্শন করে তাদের রাত বারটায় কলেজে গেটে পৌঁছে দেওয়ালেন। ক্লান্ত অবসন্ন ক্ষুধার্ত চারটি প্রাণী কলেজে এসে সে রাতের জন্য মসজিদে আশ্রয় নিলেন। পরের দিনটা ভালই কাটল।

এরপর এলো ১৮ই এপ্রিল। কলেজে মাত্র চারটি প্রাণী আছেন- অধ্যক্ষ, অধ্যাপক হালিম খান, বাবুর্চী আবুল ফজল ও হসপিটাল এ্যাটেনড্যান্ট শামসুল আলম। চারিদিক জনপ্রাণীহীন, খাঁ খাঁ করছে। একটা থমথমে ভাব। মাঝে মাঝে এ স্তব্ধতা ভেঙ্গে ঝিনাইদহ-কুষ্টিয়া সড়কে দ্রুতগামী আর্মির গাড়ীর আওয়াজ। একটা অমঙ্গলের ছাপ যেন চারদিকে বিরাজ করছে। সবেমাত্র অধ্যক্ষ কর্নেল রহমান ও অধ্যাপক হালিম খান দুপুরের খাবার খেয়ে অধ্যক্ষের বাংলোর উপর তলায় বিশ্রামের জন্য গেছেন। যাবার সময় হসপিটাল এ্যাটেনড্যান্টকে তাদের দুজনার জন্য ঔষধ আনতে বলে গেছেন (আগের দিনের প্রহারের ফলে দুজনারই নাক মুখ ফুলে গিয়েছিল ও কানে ব্যথা হয়েছিল)। হসপিটাল এটেনড্যান্ট সবেমাত্র সাইকেলে করে অধ্যক্ষের বাংলো গেট পার হয়ে কিছুদূর গেছে। এমন সময় পেছনে ১ নম্বর গেট ভেঙ্গে কয়েকটা আর্মি ট্রাক কলেজে ঢুকে পড়ে এবং অধ্যক্ষের বাংলোর দিকে এগিয়ে যায়।

এই দলটি আসছিল কুষ্টিয়া থেকে। এদের অধিনায়ক ছিল ১২ পাঞ্জাব রেজিমেন্টের ক্যাপ্টেন ইকবাল। এই নরপিশাচের আদেশে জোওয়ানরা অধ্যক্ষকে, অধ্যাপক হালিম খানকে ও বাবুর্চী আবুল ফজলকে ঘর থেকে বের করে গেটের নীচে বসায়। হানাদার বাহিনীর সাথে ছিল তাদের চর কয়েকজন বিহারী। এদের মধ্যে সব চাইতে বেশী উদ্যোগী ছিল ঝিনাইদহে টমেটো নামে পরিচিত বিহারীটি। এই নরপিশাচ অধ্যাপক হালিম খান ও অধ্যক্ষ কর্নেল রহমানের নামে তার পরিবারবর্গ নিধনের মিথ্যে অপবাদ দেয়। আর এই মিথ্যে অপবাদের উপর ভিত্তি করেই ক্যাপ্টেন ইকবাল তার ও তার অনুচরদের হাতে ছেড়ে দেয় অধ্যাপক হালিম খানের প্রতিশ্রুতিশীল জীবনকে। অধ্যক্ষের বাংলোর পেছন দিকে এরা অসহায় হালিম খানকে নিয়ে বেয়োনেট আর তলোয়ারের নির্মম আঘাতের পর আঘাত হানতে থাকে। অধ্যক্ষ এক সময় গর্জে উঠলেন, Don't torture him, if you want to kill him, better shoot. তাদের এই নির্মম আঘাতে এক সময় এই নির্ভীক দেশপ্রেমিকের বিশাল দেহ এই দেশের পবিত্র ভূমিতে লুটিয়ে পড়ে।

তারপর চলে এ হত্যাযজ্ঞের আর এক অধ্যায়। অধ্যক্ষকে ঐ একই অপবাদ দেওয়া হয়। তারপর নরপিশাচ ক্যাপ্টেন ইকবালের সাথে কর্নেলের কথা কাটাকাটি হয়। কর্নেল বললেন, ‘‘আমি আর্মি অফিসার, আমাকে এমনি

মারা অন্যায়। আমার অপরাধের বিচার একমাত্র সামরিক আদালতই করতে পারে।'' প্রশ্ন করলেন, ''একজন আর্মি কর্নেল একজন ক্যাপ্টেনের কাছ থেকে সে মর্যাদা পেতে পারে, আমাকে দেওয়া হচ্ছে না কেন?''

কিন্তু এ নরপিশাচদের কাছে সকল যুক্তিই বৃথা গেলো। সিংহ-হৃদয় মহাপুরুষ মৃত্যুর জন্য প্রস্তুত হলেন, হাত থেকে খুলে দিলেন ঘড়ি, পকেট থেকে বের করে দিলেন নিজের ও কলেজের চাবি যা এতোদিন ছিল তার দায়িত্বে। নিজের চোখে দেখলেন একজন সিপাই তারই চোখের সামনে থেকে তারই ঘড়ি তুলে নিয়ে নিজের হাতে পরে ঘড়ি পরা হাতটা কেমন লাগে তাই-ই লোলুপ দৃষ্টিতে নেড়ে চেড়ে দেখছে। দেখলেন জোয়ানরা উল্লাসের সাথে তার দামী জিনিসপত্র ও কলেজের মূল্যবান জিনিসপত্র ট্রাকে তুলছে। এই মহাপুরুষের কোন ভাবান্তর হলোনা, আত্মপক্ষ সমর্থনের চেষ্টা করলেন না, করলেন না করুণা ভিক্ষা, অমূল্য ধনপ্রাণ ভিক্ষাও চাইলেন না। শুধু চাইলেন পাঁচ মিনিটের সময়। তারপর ধীর পদক্ষেপে এগিয়ে গেলেন বাংলোর সামনের লনে। বসলেন গিয়ে গোলাপ গাছের পাশে, কি যেন বিড় বিড় করে পড়লেন, বোঝা গেল না-শুধু ঠোঁট নড়া দেখে বোঝা গেল, তারপর হাত তুলে আল্লাহর কাছে যেন কি ফরিয়াদ করলেন, মোনাজাত শেষ করে বললেন, I am ready. এরপর কয়েক সেকেন্ডের নিস্তব্ধতা, নিস্তব্ধতা ভাঙ্গলো গুড়ুম গুড়ুম গুড়ুম তিনটে আওয়াজ। নরপিশাচ মানব জাতির কলঙ্ক ইয়াহিয়ার সৈনিক ইকবালের ষ্টেনগানের তিনটি গুলী এক এক করে এ পবিত্র দেহে বিদ্ধ হলো। শরীরটা ঢলে পড়ল। আর শোনা গেল একটি মাত্র ক্ষীণ স্বর, ''মা আয়েশা, তোমাকে দেখে যেতে পারলাম না।''

এরপর প্রাণভরে লুটে নিল কলেজের দামী দামী জিনিসপত্র, বাধা দেবার কেউ রইল না। তারপর তারা যখন উল্লাস করতে করতে ২ নম্বর গেট দিয়ে বের হচ্ছিল সে সময় তাদের নজর পড়লো গেটে কর্তব্যরত মালী সাত্তারের উপর। তাকে তারা ধরে নিয়ে ড্রেনের পাশে দাঁড় করিয়ে পর পর দুটো গুলী করে হত্যা করলো। গুলী দুটো তার দেহ ভেদ করে দেয়ালে বিদ্ধ হল। তার দেহ এলিয়ে পড়লো ড্রেনের মধ্যে। এত করেও ওরা শান্তি পেল না। আশেপাশের গ্রামে খুঁজতে লাগল কলেজের চাকুরে কে কোথায় আছে। এমনি এক গ্রাম থেকে ধরে নিয়ে আসল হতভাগ্য চৌকিদার সইজদ্দীনকে। তাকে ধরে নিয়ে এসে কলেজের সামনে ঝিনাইদহ-কুষ্টিয়া সড়কের পুলের তলায় দাঁড় করিয়ে গুলী করল। তার প্রাণহীন দেহ পুলের তলায় পানিতে পড়ে গেল।

এমনি কত জানা অজানা লোকের রক্তের স্রোতের উপর ভেসে স্বাধীনতার তরী আমাদের কাছে নতুন জীবনের সাওগাত নিয়ে এসেছে। এদের রক্ত বিফল যায়নি। যেতে পারে না। কেননা স্বাধীনতার রক্তকে উন্নত ও সজীব রাখতে সারের প্রয়োজন হয়। আর সে সার হচ্ছে অত্যাচারীর ও অত্যাচারিতের তাজা উষ্ণ লাল রক্ত।

শিরোনাম	সূত্র	তারিখ
একাত্তরে রংপুরের আলমনগর	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

১৯৭১: আলমনগর, রংপুর

তিনটে গুলী, তিনটে শব্দ, তিনটে দাগ দাসু মিঞার। একটি চোখে, একটি মুখে একটি বুকে। বাসু মিঞার আর এক নাম মোহাম্মদ ইসমাইল মিঞা। তিনি রংপুর শহরের আলমনগর নিবাসী একজন জনগণমান্য দেশবরেণ্য বিশিষ্ট ব্যবসায়ী ছিলেন।

তার অপরাধ তিনি ধনী এবং আওয়ামী লীগার। তাকে যেদিন মারা হয় আমি সেদিন রংপুরে। একাত্তরের এপ্রিল মাসের প্রথমদিকে সপরিবারে নিজস্ব মোটরে করে শহর থেকে পালালেন দূর মফস্বল- ''পদ্মগঞ্জে''। বাসু মিঞা পালানোর কয়েক দিন আগেই তার বাড়ীর পাশের পাড়ার (মোড়ল) আজিজ মিঞাকে খান সেনারা রংপুর প্লাটফর্ম থেকে অবাঙ্গালীদের ইশারায় ধরে নিয়ে যায়। আজ পর্যন্তও সে আজিজ মিঞা আর ঘরে ফিরে আসেননি। আমি তখন স্বয়ং প্লাটফরমে দাঁড়ানো।

বাসু মিঞা পালালেন জানাজানি হয়ে গেল অবাঙ্গালীদের মধ্যে। শুরু হল তার তল্লাশী। এদিকে শহরে ধরপাকড় করে পথে-ঘাটে সমানে গুলী করে মারছে খান সেনারা বুনো শুয়োরের মত।

একদিন শহরের গণ্যমান্য সর্বপরিচিত এগারজন বাঙ্গালীকে হাত পা বেঁধে মাহিগঞ্জ শ্মশানে রাত বারটায় গুলী করে মারে। তার মধ্যে একজন ভদ্রলোক ''ডাঃ মন্টু''। তিনি প্রথম গুলীর আওয়াজে মুহূর্তেই অজ্ঞান হয়ে পড়ে যান ঘাতকের অগোচরে। এগারজনের উপর প্রায় ৩০/৪০ টি বুলেট চালিয়ে চলে যায়। কিন্তু বিধাতার ইচ্ছা ডাক্তার মন্টু মরেন নি। শেষ রাতের দিকে তিনি আহত অবস্থায় জ্ঞান ফিরে পেয়ে শ্মশান ও বাঁধন মুক্ত হয়ে ভারতের কোন এক হাসপাতালে যেয়ে ভর্তি হন। মৃত দশজনের মধ্যে জরজেট মিঞার জন্য আজও রংপুরের লোক দীর্ঘশ্বাস ছাড়ে।

এদিকে বাসু মিঞার তল্লাশী চলছে। ''বাসু মিঞা গাদ্দার হ্যায়, ও জয়বাংলাকা আদমী।'' অবাঙ্গালী ছোট ছোট ছেলেমেয়েদের মুখেও শুনেছি। বাসু মিঞার জনৈক অন্তরঙ্গ দালাল বন্ধু খোঁজ পেয়ে বাসু মিঞার কাছে যেয়ে টাকা খাওয়া শুরু করলেন এবং তাকে শহরের বাড়ীতে ফিরে আসতে অনুরোধ জানালেন। সে দালাল বন্ধুটি অভয় দিলেন মেজর, কর্নেল, সবাই তার বন্ধু লোক। তাঁদের সঙ্গেই তিনি উঠাবসা করেন। অতএব তার কোন ভয় নেই, চিন্তা নেই, আশঙ্কা নেই। তাকে তো মারবেই না বরঞ্চ মেজর, কর্নেল তাকে তাদের নিজের গাড়ীতে করে নিয়ে ঘুরে বেড়াবেন। সে দালালের তখন যথেষ্ট আধিপত্য রংপুর শহরে (দালালটি সম্ভবতঃ খৃষ্টান ধর্মীয় বাঙ্গালী)। বন্ধুর আধিপত্য দেখে, বিশ্বাস করে দীর্ঘ দেড় মাস পরে ফিরে এলেন শহরে নিজগৃহে। দালাল বন্ধুটি মিথ্যা বলেন নি। সত্যিই মেজর, কর্নেল, নায়েক সবাই দলে দলে যাতায়াত শুরু করেন বাসু মিঞার বাড়ীতে। বাসু মিঞাকে তারা দোস্ত বানালো, বাসু মিঞার মাকে মা, স্ত্রীকে ভাবী এবং অন্যান্য আর সবাইকে বেটা, মেয়ে, দোস্ত, চাচা, বন্ধু ইত্যাদি পাতিয়ে নিলো খান সেনারা।

বাসু মিঞা ওদের বন্ধুত্ব পেয়ে নিশ্চিন্ত হলেন মৃত্যুর হাত থেকে। এদিকে রোজ বাসু মিঞাকে সকাল বিকাল ক্যান্টনমেন্টে গাড়ী করে নিয়ে যায় আবার রেখে যায়। যখন বাড়ীতে থাকে তখন অগোচরে দুটো মিলিটারী যে সিভিল পোষাকে তাকে চোখে চোখে করে রাখতো তা আমি নিজে চোখে দেখেছি। ক্যান্টনমেন্টে রোজ বাসু মিঞাকে নিয়ে নাচ, গান বাজনা আর পানীয় চলতো। এতে প্রায় দৈনিক ১/২ হাজার টাকা খরচ

হতো। এর সবই বাসু মিঞাকে বহন করতে হতো। তাছাড়া যখন বাড়ীতে আসে তখন তো গোশত পোলাও চা মিষ্টি, কফি, কলা, রয়েছেই। শুধু বন্ধুত্বের জন্যই এসব করেননি, প্রাণের ভয়েও করেছেন। কেননা আর বাঙ্গালী যাদের কাছে গাদ্দার, শত্রু; বাসু মিঞা তখন বাঙ্গালী হয়ে তাদেরই অন্তরঙ্গ বন্ধু। তাই এমন খাতির করাটার চেয়ে না করাটাই অস্বাভাবিক।

এরই মধ্যে একদিন আমি নিজে ধরা পড়ে গেলাম খান সেনাদের হাতে। রাত তখন নয়টা। আমার অপরাধ যুবক বাঙ্গালী এবং মুক্তি ফৌজের সন্দেহে। আমাকে নিয়ে গেল। মৃত্যুর মুখে দাঁড়িয়ে অনেক এলোমেলো ঘাত-প্রতিঘাতের ভিতর দিয়ে শেখ মুজিবকে গাল দিয়ে পাকিস্তানের সুনাম কীর্তন গেয়ে ছাড়া পেলাম ঠিকই কিন্তু আমার শরীর থেকে রক্ত বের করে নিল যথেষ্ট পরিমাণে।

এছাড়াও রংপুর মডার্ন হলের পিছনে যে বীভৎস দৃশ্য দেখেছি তা বলতেও শিহরণ জাগে। বেশ বড় একটা আগাছার বন তারই মধ্যে লেপ, কাঁথা, বালিশ তোষক পাটে পাটে সাজান, এ গুলো ধর্ষণ বা নারী সঙ্গমের শয্যা। পাশেই বেশ বড় একটা অত্যধিক ধর্ষণের গর্ত পড়ে। যেসব মেয়েরা, মা-বোনেরা সঙ্গমে অপারগ হয়ে পড়তো, অক্ষমতা প্রকাশ করতো তাদেরকে বেয়োনেট দিয়ে হত্যা করে এই গর্তের মধ্যে ফেলা হত। এদেরকে কুকুরে খেত, পোকা মাকড়ে খেত। দেশী ও বিদেশী সাংবাদিকগণ মেপেজুকে হিসাব করে বলেছিলেন এ গর্তে প্রায় চার-পাঁচশ মেয়েকে হত্যা করা হয়েছে। উক্ত গর্তের মধ্যে তাদের এলোমেলো চুল, লম্বা বেণী গাঁথা চুল, ছায়া, শাড়ী, সালোয়ার, কামিজ, মাথা, খুলি, আধাপচা গোস্তসহ পোকা ঘিন ঘিন করা মাথা, এসব নিজে দেখেছি নেড়েচেড়ে দেখেছি। মডার্ন হল ছিল উচ্চপদস্থ খানদের ক্যাম্প।

শুনেছি- সেখানে নাকি কয়েক ঝুড়ি শুধু ভাঙ্গা কাঁচের চুড়ি পাওয়া গেছে। তবে নিজে দেখেছি মডার্ন হলের দেয়াল ঘেঁষা ইন্দারার পাশে যে কুল গাছটি আজও হত্যার সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে তার ডালে লটকানো ফাঁসির দড়ি, আশে-পাশে ছেঁড়া রক্তমাখা কিছু কিছু ব্লাউজ, ব্রেসিয়ার, শাড়ীর পাড় এবং টুকরো টুকরো ব্যাণ্ডেজ আকারের অনেক সাদা কাপড়। কুল গাছটা যদি আজ কথা বলতে পারতো তবে নিশ্চয় জানা যেত কতটা অসহায় নারীকে ধর্ষণ শেষে ফাঁসি দেয়া হয়েছে তার ডালে।

সেদিন একাত্তরের তিরিশে মে-র দিনগত একত্রিশে মে-র রাত। রংপুর ক্যান্টনমেন্টে নাচগানের বড় আয়োজন। খানসেনারা এসে রোজকার মত গাড়ী করে নিয়ে গেল বাসু মিঞাকে। সঙ্গে গেল তার শালা হবিবর রহমান, ওরফে চাঁদু। এই চাঁদুকে মিলিটারিরা দোস্ত বলে ডাকতো, এসেই হাত মেলাতো, কেলি করতো। কিন্তু সেদিন রোজকার মত ঠিক সময়ে বাড়ী ফিরতে না দেখে স্ত্রী, মা, কন্যা, ভাইবোন সবাই চিন্তা আর শঙ্কার মহাসাগরে হাবুডুবু খাচ্ছে। রাত তখন ঠিক সাড়ে এগারটা।

সারা রংপুর শহরে সান্ধ্য আইন থম থম করছে। ঠিক এই সময় সম্ভবতঃ ষড়যন্ত্রমাফিক দু'খানা জীপ গাড়ী ভর্তি পাকসেনা এসে ঘিরে ফেলল বাসু মিঞার বাড়ী। ব্যাপারটা সম্যক অনুভব করে বাসু মিঞার কনিষ্ঠ ভগ্নিপতি মিঃ নুরুল ইসলাম আকন্দ যুবতী বাসু কন্যা জ্যোৎস্না এবং অন্যান্য যুবতী বৌদের পাশের বাড়ীতে সরিয়ে দিলেন। সঙ্গে সঙ্গে প্রাচীর টপকিয়ে আর গেট ভেঙ্গে ছয়-সাত জন সেনা ঢুকে পড়লো। ঢুকেই পেল বাসু মিঞার ছোট ভাই গেদু আর ভাগ্নে জুল্লুকে। বেঁধে ফেলল ওদের হাত আর চোখ। মুখে-শালা, বাহেনচোত খিঞ্জিরাকা বাচ্চা তুম জয় বাংলাকা আদমি হ্যায়, বাতাও বাসু মিঞা কিধার হ্যায়। ধড়াস করে মারল রাইফেলের বাঁট দিয়ে গেদুর ঘাড়ে। গেদু চোখ বাঁধা অবস্থায় মা বলে ডেকে উঠে পড়ে গেল। ঠিক এমনি সময়ে আর একটা গাড়ী এসে দাঁড়ালো বাড়ীর গেটে। বাসু মিঞা আর চাঁদুকে নামিয়ে দিয়েই মুহূর্তের মধ্যে গাড়ীটা হুঙ্কার দিয়ে বেরিয়ে গেল। রোজ তারা বাড়ীর মধ্যে যেয়ে চা পানি পানের পর যেতো কিন্তু আজ গেলো না। এটা যে এইভাবেই ধরি মাছ না ছুঁই পানি ষড়যন্ত্রের মধ্যে দিয়ে কাজ হাছিল করা হচ্ছে তা নিশ্চয় দুর্বোধ্য নয়। বাড়ীর মধ্যে চাপা কান্না আর আওয়াজ শুনতে পেয়ে চাঁদু ছুটে এসে প্রবেশ করে অন্দরে, ঢুকে দেখে রোজ যারা এসে

গোশত, পোলাও, কলা খেয়ে যেত সেই সব দোস্ত বন্ধুদেরই দল। গেদুকে, জুল্লুকে তখনও খেয়াল করেনি। তাদের সঙ্গে কর মর্দনের উদ্দেশ্যে হাত বাড়াতেই দোস্তজি খপ করে হাত ধরে বলে বাহেনচোত শা-লা। তারপর হাত বেঁধে ফেলে। ততক্ষণে বাসু মিঞাও ঢুকে পড়েছেন। এসব অবাঞ্ছিত ব্যাপার দেখে সাধারণ জ্ঞান লোপ পেয়ে যেন পাথর হয়ে দাঁড়িয়ে থাকেন তিনি। বাসু মিঞা ধরা পড়লেন। হাত বাঁধলো, চোখ বাঁধলো, নিয়ে গেলো, ছয় মাইল দূরে দমদমা নদীর ধারে। এখানে পা রাখার জায়গা নেই। আধ হাত মাটির নীচে নীচে সোনার বাংলার মানুষ বাস করছে। নদীর পটভূমি ছোট্ট এক কুলগাছ। সেখানে তাদের বাঁধলো এবং ওদের দিয়েই ওদের কবর খোঁড়ালো। চাঁদু, জুল্লু, আর গেদুকে সেই কুল গাছের সঙ্গে বেঁধে রেখে কয়েকজন সেনা বাসু মিঞাকে ফিরিয়ে নিয়ে এলো, উদ্দেশ্য মোটা মালপানি কিছু নেবে। নিলো সামান্য কিছু-মাত্র ১৯০০.০০ টাকাই ঘরে ছিল। উদ্দেশ্য সিদ্ধি হল। আবার হাত বাঁধলো, চোখ বাঁধতে যাবে, বাসু মিঞা কাকুতি জানালেন এক মিনিট আমায় সময় দিন। কথাটা রাখল পাষণ্ডরা মা জহুরা তখন মিলিটারীর পায়ের তলায় কেঁদে কেঁদে কাকুতি মিনতি করে পুত্রের প্রাণ ভিক্ষা চেয়ে লুটোপুটি খাচ্ছেন। মাকে বল্লেন- মা, লিটনকে (ছোটছেলে) একবার নিয়ে এস। মা কাঁদতে কাঁদতে লিটনকে নিয়ে এলেন। কিন্তু হাততো বাঁধা। মাকে বলেন, লিটনকে আমার বুকের সঙ্গে একটু ঠেকাও।

মা লিটনকে তার বুকে চেপে ধরলেন, চোখের সমস্ত পানি যেন একেবারে শেষবারের মত বাঁধ ভেঙ্গে বেরিয়ে এল বাস মিঞার। চোখ বেঁধে ফেল্ল পাষণ্ডরা। শেষ কথা মাকে ডেকে বল্লেন- তা এই শেষ দেখা। দমদমার গর্তের কাছে ওদের বেঁধে রেখেছে আমার গর্তও হয়ে গেছে। তোমরা সবাই মিলে মিশে থেকো, আমার মৃতদেহকে নিয়ে এসে ভাল করে দাফন করো। কিন্তু তা আর হয়নি। পাষণ্ডরা তার মৃতদেহ নিয়ে আসতে দেয়নি।

দমদমার ছোট কুল গাছটির তলায় যেখানে রংপুর সরকারী কারমাইকেল কলেজের তরুণ দম্পতিকে একসঙ্গে একই গর্তে মাটিচাপা দিয়ে রেখেছে ঠিক তারই পাশে আজ তিনটে গুলী, তিনটি শব্দ, তিনটে দাগ চিহ্নিত বাস মিঞার দেহকে মাটিচাপা দিয়ে গেল ওরা। কিন্তু চাঁদু, জুল্লু, গেদুর লাশ কোথায়- এ প্রশ্নের জবাব আজও পাওয়া যায়নি।

-আজাদ এম, কবির

শিরোনাম	সূত্র	তারিখ
ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিনের মধুদা	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সবার প্রিয় মধুদা
ইতিহাসের এক নীরব সাক্ষী **মধুদা**

মধুসূদন দে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সকলের প্রিয় মধুদা। মাত্র কয়েকটি অক্ষরের এই নামটিতে তিনি শুধু বিশ্ববিদ্যালয় অঙ্গনেই নয়, সবার কাছে ছিলেন প্রিয়-পরিচিত। সবার প্রিয় ছিলেন 'মধুদা'। এই 'মধুদা' নিহত হলেন বর্বর পাক-সেনাদের হাতে।

পঁচিশে মার্চের ভয়াল বীভৎস রাত। তার পরদিন সকাল। সন্ত্রস্ত প্রতিটি মুহূর্ত। বর্বর বাহিনী আক্রমণ চালাল জগন্নাথ হলের পার্শ্ববর্তী শিবাবাড়ীতে। মধু বাবু তার পরিবার-পরিজন নিয়ে থাকতেন শিববাড়ী কোয়ার্টারে। বর্বররা ২৬শে মার্চ সকালে আক্রমণ চালাল শিবাবাড়ীতে। নিমর্মভাবে হত্যা করল মধুবাবুর ছেলেকে, পুত্রবধুকে, স্ত্রীকে। বর্বররা মধুবাবুকেও নৃশংসভাবে হত্যা করল। বর্বররা মধুবাবুর বাড়ীর দরজায় সজোরে করাঘাত করল। দ্বিধাসংকোচচিত্তে মধুবাবু দরজার কপাট খুলে দিলেন। সাথে সাথে একজন ভিতরে ঢুকে পড়ল। মধুবাবুকে টেনে বাইরে নিয়ে গেল। পাশের বাড়ীর আঙ্গিনায় ওরা তাকে আটকিয়ে রাখল।

বর্বর দস্যুর লোলুপ-দৃষ্টি পৈশাচিকতায় উন্মত্ত ওরা। সন্ত্রস্ত গৃহবধূ। উন্মত্ত রাইফেল আর প্রলুব্ধ হুঙ্কারের কাছে অসহায় বধূ।

প্রমত্ত হায়েনারা ছুটে গেল গৃহবধূকে ছিনিয়ে আনতে। লাজনম্র অসহায় বধূর বাঁচার প্রাণপণ চেষ্টা।

এ ঘর ও ঘর করে, ছোট ঘরের আঙ্গিনায় ছুটাছুটি করতে লাগলেন মধুবাবুর পুত্রবধূ রাণী। বাঁচবার আপ্রাণ চেষ্টা। চীৎকার করে ছুটছেন এ ঘর ও ঘর। অসহায় গৃহবধূর আর্তি প্রমত্ত হায়েনাকে এতটুকু বিচলিত করল না।

স্বামী রণজিত দে ছুটে এলেন অসহায় স্ত্রীকে রক্ষা করতে। ক্রুদ্ধ বর্বরের প্রমত্ত হুঙ্কার অধিকতর সোচ্চার হয়ে উঠল। উদ্যত রাইফেলের আঘাতে ওরা লুটিয়ে পড়লো। দাদা-বৌদির কাছে ছুটে এলো ছোটবোন রানু। সকল ঘটনায় একমাত্র প্রত্যক্ষ সাক্ষী পরিবারের এই মেয়েটি। আর সবাই ছোট ছোট। ওরাও দেখেছিল। তাদের আপনজনকে বর্বর নরপিশাচদের হাতে নৃশংসভাবে নিহত হতে। নরপিশাচদের ভয়ে ওরাও প্রকম্পিত। অসহায় অবুঝ শিশু ওরা। সেদিনের ঘটনাগুলোর প্রত্যক্ষ সাক্ষী ওরা। রানুই ছিল তাদের মধ্যে বড়টি। সে জানে সে দেখেছে নিজেও বর্বরদের শিকার হয়েছে। দাদা-বৌদিকে রক্ষা করতে অবুঝ মেয়ে রানু ছুটে গিয়েছিল পাশের ঘরে। সাথে সাথে বর্বরদের উদ্যত রাইফেলের গুলী তার চোয়ালে আঘাত করল।

রানু সেদিন প্রাণে বেঁচে গেল। রণজিত বাবু আর তার স্ত্রীকে হত্যা করে বর্বররা মধুবাবুকে আঙ্গিনায় এনে দাঁড় করাল। একজন দস্যু সেনা উঁচিয়ে ধরল রাইফ । স্ত্রী শঙ্কিত হয়ে উঠলেন, দৌড়ে গিয়ে স্বামীকে জড়িয়ে ধরলেন। সাথে সাথে বর্বরের উদ্যত রাইফেলের গুলী ছুটে এলো। সাথে সাথে লুটিয়ে পড়লেন তিনি। গুলীর আঘাতে হাত দুটো তার ঝাঝরা হয়ে গেল। স্বামীকে বাঁচাতে গিয়ে তিনি নিজে প্রাণ দিলেন। গুলীর আঘাতে মধুবাবুর দেহও জর্জরিত হয়ে গেল। স্ত্রীকে জড়িয়ে ধরে তিনি লুটিয়ে পড়লেন। বর্বররা কি ভেবে তখন চলে গেল। বর্বরদের গুলী রানুকে আহত করেছিল। একটা গুলী তার বুক ভেদ করে বেরিয়ে গেল। ''তবুও আমি

বেঁচে গেলাম। কিন্তু সেদিকে আমার ভ্রূক্ষেপ নেই। ক্ষতস্থান থেকে রক্ত ঝরছিল অবিরল। গুলী পিঠ দিয়ে বেরিয়ে গেল তবুও আমি মরলাম না। সবাই যখন মরে গেছে, আমার বেঁচে আর লাভ কি।" প্রিয়জন হারাবার বেদনায় ব্যথিত রানু কান্নাভেজা কণ্ঠে বলছিল কথাগুলো।

গুলীর আঘাতে জর্জরিত মধুবাবু বর্বররা চলে যাবার পরও অনেকক্ষণ বেঁচে ছিলেন। তার ঘন্টাখানেক পর আবার ওরা এসেছিল। ওরা মধু বাবুকে নিয়ে গেলো। বাবাকে রেখে যাবার জন্য চীৎকার করে সেদিন বলছিল রানু। বুক ভরা সাহস নিয়ে রানু বলছিল তাহলে আমাকেও বাবার সাথে নিয়ে যাও। আমারও তো গুলী লেগেছে। বর্বররা তাকে নিয়ে যায়নি। বাবাকে নিয়ে গেলো। আবার ফিরিয়ে দেবে আশ্বাস দিয়েছিল। কচি শিশু মন সেদিন সারাদিন আর রাত ভরে অপেক্ষা করেছিল তার বাবার জন্য। বর্বররা তার আহত বাবাকে আর ফিরিয়ে দেয়নি। নির্মমভাবে হত্যা করল জগন্নাথ হলের মাঠে।

ঘটনার পর চৌদ্দ দিন পর্যন্ত শিববাড়ীতে পড়ে ছিল মধুবাবুর ছেলে, পুত্রবধূ আর স্ত্রীর লাশ।

শিরোনাম	সূত্র	তারিখ
লেঃ কর্নেল ডাঃ নুরুল আবসার মোহাম্মদ জাহাঙ্গীর	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

লেঃ কর্নেল ডাঃ নুরুল আবসার মোহাম্মদ জাহাঙ্গীর
\ শামসুল হক আলীনুর \

"আমার হাতে একটা পিস্তল তুলে দিয়ে তিনি বললেন, কর্নেল শাহনুরের বদলা হয়তো আমার ওপর থেকেই ওরা নেবে। তোমাকে আত্মরক্ষার জন্যে পিস্তল দিয়ে গেলাম। ওরা তোমার ওপরও আক্রমণ চালাতে পারে।

কথাগুলো বলেই তিনি বাইরে এসে দাঁড়ালেন। সশস্ত্র পাকসেনারা তাঁকে গাড়ীতে তুলে নিয়ে চলে গেল। তারপর তিনি আর ফিরে আসেননি।"

পাক-হানাদার বাহিনীর হাতে নিহত ৪০ ফিল্ড এ্যাম্বুলেন্সের কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্নেল ডাঃ নুরুল আবসার মোহাম্মদ জাহাঙ্গীরের পত্নী মিসেস জেবুন্নেসা জাহাঙ্গীর বাষ্পরুদ্ধ কণ্ঠে কথাগুলো বললেন।"

"বাংলার মাটি আর বাংলার মানুষের প্রতি ভালবাসাই ছিল তার সবচেয়ে বড় অপরাধ। তা না হলে কেন এমন হবে? আমার স্বামী কোন অন্যায় করেননি। তবু কেন ওরা আমার স্বামীকে নির্মমভাবে হত্যা করলো? তিনি বাঙ্গালী-এটাই কি তার সবচেয়ে বড় অপরাধ?" একটু থেমে থেমে কথা বলছিলেন মিসেস জেবুন্নেসা জাহাঙ্গীর।

তিনি বলেছিলেন একাত্তরের উনিশে মার্চের একটি ঘটনা। কুমিল্লা ক্যান্টনমেন্টে উচ্চ পদস্থ আর্মি অফিসাদের জরুরী কনফারেন্স। আলোচনার বিষয়-বাংলাদেশের যুবসমাজকে সমূলে উৎখাত করতে হবে। উক্ত কনফারেন্সে ব্রিগেডিয়ার ইকবাল শফি, লেঃ কর্নেল ইয়াকুব মালিক, মেজর আগা বোখারী, মেজর সুলতান (বেলুচ রেজিমেন্টের লোক) সহ অনেক উচ্চপদস্থ পাক আর্মি উপস্থিত ছিলো। সভায় সিদ্ধান্ত নেয়া হলো-বাংলার সংগ্রামী যুব সমাজকে এলোপাতাড়ি ভাবে হত্যা করা হবে। কিন্তু প্রস্তাবের বিরোধীতা করলেন লেঃ কর্নেল জাহাঙ্গীর। না, তা হতে পারে না, অসম্ভব। দৃঢ়প্রত্যয় নিয়ে তিনি সেদিন প্রস্তাবের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে ছিলেন।

আর এর পর থেকেই কোন কনফারেন্সে জনাব জাহাঙ্গীরকে ডাকা হতো না। তিনি যেতে চাইলেও তাকে ঢুকতে দেয়া হতো না।

এর ক'দিন পর সাহেবজাদা ইয়াকুব আমার স্বামীকে ডেকে পাঠান এবং ক্যান্টনমেন্টের বাইরে যেতে বারন করেন। বললেন মিসেস জাহাঙ্গীর।

তারপর এলো পঁচিশে মার্চ। সেদিন রাত সাতটার দিকে ব্রিগেডিয়ার শফি লেঃ কর্নেল জাহাঙ্গীরকে ডেকে পাঠান ক্লাবে। ক্লাব থেকে ফিরে এসে তিনি আমাকে জানান আজ রাতের বেলায় ওরা হয়তো বাঙ্গালীদের ওপর ঝাঁপিয়ে পড়বে। ওদের কথা বার্তায় তাই মনে হয়েছে। কথা শেষ না হতেই ক্যান্টনমেন্ট এলাকার বাতি নিভে গেল। রাতে আমরা আর ঘুমাইনি। শুধু মেশিনগান, কামান আর ট্যাঙ্কের শব্দে বার বার শিউরে উঠলাম। মাঝে মাঝে ক্যান্টনমেন্ট এলাকার মানুষের অসহায় চিৎকারও শুনতে লাগলাম। ক্যান্টনমেন্টের বাইরে আগুনদেখা গেল। আমার স্বামী আমাদের সান্ত্বনা দিতে লাগলেন।

ভোরবেলা দেখলাম আমাদের বাসার সম্মুখে আরটিলারী গান বসিয়ে ওরা কয়েকজন বসে আছে। যেন আমরা বাইরে বেরুতে না পারি।

লেঃ কর্নেল জাহাঙ্গীর বুঝতে পারলেন তিনি বন্দী। আর তাই তিনি ফোন করে তার ইউনিটের বাঙ্গালী সৈনিকদের সুযোগ বুঝে পালিয়ে গিয়ে বাংলার মুক্তি সংগ্রামে শরীক হতে বললেন। দূরালাপনীতে তিনি তার ইউনিটের বাঙ্গালী সৈনিকদের বললেন মরতে যদি হয় তাহলে বীরের মতোই মরো। আমিও তোমাদের কাতারে এসে শামিল হচ্ছি। কথা শেষ করে ব্রিগেডে যাবার উদ্দেশ্যে বাইরে এসে দাঁড়াতেই পশ্চিমা হানাদার বাহিনী তাকে বাধা দেয় এবং বলে-আপনার বাইরে যাওয়া চলবে না।

২৯শে মার্চ রাতে তিনি খবর পেলেন চট্টগ্রামের কুমিরায় যুদ্ধ করতে গিয়ে বাঙ্গালী সৈনিকদের হাতে লেঃ কর্নেল শাহনুর নিহত হয়েছেন।

৩০শে মার্চ খুব সকালে এক দল পাঞ্জাবী দানব বাসা থেকে তাকে গাড়ীতে উঠিয়ে নিয়ে গেল, যাবার আগে আত্মরক্ষার জন্যে তিনি আমাকে একটা পিস্তল দিয়ে গেলেন। এরপর আমি তার আর কোন খোঁজ পাইনি।

স্বামী নেই, ঘরে খাবার নেই। দুধের শিশু কাঁদছে, দুধ নেই। এক ফোঁটা পানিও নেই। ঘরের বাইরে গোলাগুলী চলছে। বাইরে বেরুবার পথ বন্ধ। এক ফোঁটা পানির জন্যে ছটফট করেছ আমার সন্তানরা। তবু দানবরা পানি দেয়নি। খাবার দেয়নি। কথাগুলো বলতে বলতে কান্নায় ভেঙ্গে পড়লেন মিসেস জাহাঙ্গীর। আর ঠিক সেই সময় মিসেস জাহাঙ্গীরের ছোট ছেলে আরিফ বললো- পানির জন্যে আমরা আল্লাহর কাছে কত কেঁদেছি। তারপর থেকেই আল্লাহ বৃষ্টি দিয়েছেন। আর আমরা সেই বৃষ্টির পানি পান করেছি। পাত্রে জমিয়ে রেখেছি।

বৃষ্টি না হলে ছেলেমেয়েদের বাঁচানো যেতনা, অশ্রুসিক্ত নয়নে বললেন মিসেস জাহাঙ্গীর।

এমনিভাবে ক'দিন অনাহারে কাটার পর নরপিশাচরা তাদেরকে ক্যান্টনমেন্ট এলাকার একটি স্কুলে আটক করে রাখে। সেই স্কুলে বাঙ্গালী আর্মি অফিসার ও সৈনিকদের অনেক পরিবারকে আটকে রাখা হয়েছিল।

তারপর এপ্রিলের মাঝামাঝি সময়ে মিসেস জাহাঙ্গীর ক্যান্টনমেন্টে অবস্থানরত অধিকাংশ বাঙ্গালী অফিসার ও সৈনিকদের নির্মমভাবে হত্যা করা হয়। এদের মধ্যে তার স্বামী লেঃ কর্নেল জাহাঙ্গীরসহ লেফটেন্যান্ট ফারুক, ক্যাপটেন হুদা, ক্যাপটেন বদরুল আলম, মেজর ইসলাম, মেজর খালেক, মেজর মুহিদুল জামালের নাম তার স্মরণ আছে বলে তিনি আমাকে বলেন।

উল্লেখযোগ্য যে, স্বাধীনতা লাভের পর কুমিল্লা ক্যান্টনমেন্ট এলাকা থেকে অসংখ্য বধ্যভূমির সন্ধান পাওয়া যায়। সে সব বধ্যভূমি থেকে লেঃ কর্নেল জাহাঙ্গীরসহ অগণিত বাঙ্গালী আর্মি অফিসার ও সৈনিকদের নরকংকাল উদ্ধার করা হয়।

বাংলাদেশের সশস্ত্র বাহিনী যথাযোগ্য মর্যাদার সাথে লেঃ কর্নেল জাহাঙ্গীরের দেহাবশেষ সমাধিস্থ করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
ডাঃ আয়েশার হত্যাকাণ্ড	দৈনিক বাংলা	২৪ জানুয়ারী, ১৯৭২

ওরা নিষ্ঠুরভাবে হত্যা করল
ডাঃ আয়েশাকে
\ মঞ্জুর আহমদ প্রদত্ত \

বর্বর পাকিস্তানী হানাদার বাহিনীর শেষ মুহূর্তের উন্মত্ততার একজন করুণ শিকার তৎকালীন ষ্টেট ব্যাঙ্কের মেডিক্যাল অফিসার ডাঃ আয়েশা বেদোরা চৌধুরী। জল্লাদদের বুলেটের আঘাতে ঝাঁঝরা হয়ে গিয়েছিল ডাঃ আয়েশা চৌধুরীর সমস্ত শরীর।

এই নির্মম হত্যাকাণ্ডটি ঘটেছিল ধানমণ্ডি আবাসিক এলাকার ১৮ নং রাস্তায়। ঘটেছিল সেই সর্বজন পরিচিত বাড়ীটার সামনে যে বাড়ীতে মাসের পর মাস দুঃসহ জীবন কাটিয়েছেন বেগম শেখ মুজিবর রহমান। ঘটনাটি ঘটেছিল বেগম মুজিবের অসহায় দৃষ্টির সামনেই।

খান সেনাদের আত্মসমর্পণের খবর পেয়ে আরো অনেকের মতই আনন্দে উল্লাসিত হয়ে উঠেছিলেন ডাঃ আয়েশা চৌধুরী। এতদিন গোপনে গোপনে তিনি যে মুক্তিযোদ্ধাদের চিকিৎসা করেছেন, সাহায্য করেছেন সামর্থ্য অনুযায়ী টাকা দিয়ে পয়সা দিয়ে তাদের এই সামান্য সাফল্যে উদ্বেলিত হৃদয় নিয়ে তিনি সেদিন চুপ করে ঘরে বসে থাকতে পারেননি।

তিনি বেরিয়েছিলেন তাঁর খালু সড়ক বিভাগের সাবেক চীফ ইঞ্জিনিয়ার জনাব হাতেম আলী খানকে সাথে নিয়ে তাঁর নিজের গাড়ীতে। শত্রুমুক্ত ঢাকা নগরী মুক্ত হওয়ায় মুক্তির আস্বাদে হৃদয়কে ভরিয়ে তোলার বাসনায় বেগম হাতেম আলী খান এবং তাদের পুত্রবধূ মাহবুবা রশিদ চপলও সাথী হয়েছিলেন সেই যাত্রায়। তাঁরা প্রথমেই ছুটে গিয়েছিলেন ১৮ নং রাস্তার সেই বাড়ীতে যে বাড়ীতে বেগম মুজিব ছিলেন বন্দিনী।

তাঁরা গিয়েছিলেন বেগম মুজিবকে মুক্তির খবর জানাতে। কিন্তু তাঁদের উদ্দেশ্য সফল হয়নি। তখনও খানসেনারা মেশিনগান উঁচিয়ে পাহারা দিচ্ছিল এই বাড়ীতে। আর ঠিক সেই মুহূর্তে তাঁদের গাড়ী বাড়ীটার সামনে গিয়ে দাঁড়াতেই তারা হাতের মধ্যে শিকার পেয়ে আনন্দে উল্লাসিত হয়ে উঠেছিল।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলি হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধসংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভূক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্বসাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণসহযোগিতার প্রতিস্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খন্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা রক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অঙ্গুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ণ না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ হয়ে ওঠে, কেবল তখনই জনগনের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তুব একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতা চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহুক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি- এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খন্ডে একইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যা দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে, শেষ সীমায় পৌঁছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাববার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি তাতে স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে এ কথা বলা য়ায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসেবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ায় আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা যথেষ্ট

সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশঙ্কা, তা আমাদের দলিল খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিন্তু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখাও সুযোগ দিতে রাজী হননি- অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতাসংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্রে প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পারে। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়।
ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।
ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।
ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।
ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
জনাব হাসান হাফিজুল রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গ্রহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষ সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তুপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডের দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খন্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খন্ডে গ্রথিত হচ্ছে সকল খন্ডের নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খন্ডে কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহির উদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরউদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকান্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকভাবে সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খন্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খন্ডগুলির পেছনে রয়েছে যাঁদের আক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহরে সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সংযোজন

বাংলাদেশের স্বধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের সাবেক পরিচালক জনাব হাসান হাফিজুর রহমানের আকস্মিক মৃত্যুর পর তথ্য মন্ত্রণালয়ের দু'জন উপসচিব কিছুকাল প্রকল্পের দায়িত্বে ছিলেন এবং এরপর পরিচালকের দায়িত্ব আমার ওপর অর্পণ করা হয়। হাসান হাফিজুর রহমানের জীবদ্দশায় প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে এগিয়ে চলছিল তবে তিনি চার খন্ডের মুদ্রিত রূপ দেখে যেতে পেরেছিলেন আর ছয় খন্ড মুদ্রণের জন্য প্রেসে পাঠানো হয়েছিল। এই প্রকল্প বাস্তবায়নের জন্য তাঁর আন্তরিক উৎসাহ ও নিরলস পরিশ্রমের কথা আমরা সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি।

স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের দলিলপত্র সংকলন ও মুদ্রণের গুরুদায়িত্ব সম্পর্কে সংশ্লিষ্ট সকলে সচেতন ছিলেন। ফলে হাসান হাফিজুর রহমানের মৃত্যুর পর প্রকল্পের কাজের স্বাভাবিক গতি ব্যাহত হয়নি। প্রামাণ্যকরণ কমিটির গঠন পূর্বানুরূপ থাকে এবং এই কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্পের অন্তর্ভুক্ত কোন বিষয় পরিবর্তন করা হয়নি। পূর্বে গৃহতি নীতির ভিত্তিতে এবং কর্মরত গবেষক ও অফিস কর্মচারীদের নিয়ে প্রকল্পের অবশিষ্ট কাজ চলতে থাকে। তবে প্রকল্পের জন্য নির্ধারিত সময়ের সীমাবদ্ধতার জন্য দলিল ও তথ্যাদি সংগ্রহ এবং সেগুলোর সম্পাদনা যুগপৎভাবে করতে হয়েছে বলে দলিল খণ্ডসমূহের ক্রম অনুযায়ী মুদ্রণের ধারাবাহিকতা রক্ষা করা যায়নি। কোন কোন খণ্ডের বিষয় সম্পর্কিত পর্যাপ্ত দলিল ও তথ্যপ্রাপ্তির বিলম্বই তার একমাত্র কারণ।

প্রামাণ্যকরণ কমিটি কর্তৃক অনুমোদিত ভূমিকাটি পরবর্তী খণ্ডগুলিতেও অপরিবর্তিতভাবে সন্নিবেশ করা হয়েছে। আমাদের মূল লক্ষ্য ছিল সবগুলো দলিলখণ্ডের মধ্যে গুনগত ও পদ্ধতিগত সামঞ্জস্য অক্ষুন্ন রাখা এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সকল খণ্ডের মুদ্রণ ও প্রকাশনা সম্পন্ন করা। এ কাজ সুষ্ঠুভাবে করতে পারলেই দায়িত্ব পালনে আমরা সমর্থ হয়েছি বলে ভাবতে পারব।

কে এম মোহসীন

দলিল প্রসঙ্গঃ সশস্ত্র সংগ্রাম (১)

সশস্ত্র সংগ্রামের দলিলপত্র তিন খণ্ডে বিভক্ত করা হয়েছে। দীর্ঘ নয় মাস স্থায়ী এই যুদ্ধের প্রকৃতি বিচার করে বিভাজনগুলি করা হয়েছে।

প্রথশ ভাগে এসেছে প্রতিরোধ যুদ্ধের বিবরণ, যেহেতু মার্চ থেকে মে-জুন পর্যন্ত এর ধরন ছিল প্রতিরোধমূলক। দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত হয়েছে কেন্দ্রীয় কমান্ডের অধীনে সংঘটিত যুদ্ধের ঘটনাবলী (মধ্য ডিসেম্বরে হানাদার বাহিনীর চূড়ান্ত আত্মসমর্পণ পর্যন্ত)। তৃতীয় ভাগে রয়েছে সরকারী দলিলপত্রের সংকলন।

বর্তমান খণ্ড সশস্ত্র সংগ্রাম (১) প্রাণীত হয়েছে প্রাথমিক প্রতিরোধ যুদ্ধে ঘটনাবলী নিয়ে। প্রতিরোধ যুদ্ধ যেহেতু ছিল সারাদেশে বিস্তৃত, সেহেতু এ সংক্রান্ত যাবতীয় বিবরণ জেলাওয়ারীভাবে বিন্যস্ত করা হয়েছে।

মার্চ মাসের ব্যাপক গণ-অসহযোগের মূল কেন্দ্র ঢাকায় হানাদার বাহিনীর আকস্মিক আক্রমণ এবং সশস্ত্র বাঙালী সেনা ইউনিটগুলিকে নিরস্ত্রকরণ ও বাঙালী সেনা নিধন, ছাত্রাবাস আক্রমণ, বুদ্ধিজীবী ও নিরস্ত্র জনগণকে অবাধে হত্যার (পৃঃ ৫-৬, ৬-৭, ১১-১৩, ১৪-১৯, ৩২-৪১) তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় দেশের সর্বত্র সশস্ত্র বাঙালী ইউনিটসমূহ- ইস্ট বেংগল রেজিমেন্ট, ই-পি-আর (বর্তমানে বি-ডি-আর), পুলিশ প্রভৃতি রুখে দাঁড়ায়। যেসব স্থানে এসব সশস্ত্র ইউনিট অবস্থান করছিল সেসব স্থানে ব্যাপক গণ-অসহযোগের পটভূমিতে তাদের এই তাৎপরতা জনগণের স্বতোৎসারিত দৃঢ় সক্রিয় সমর্থনে প্রবল প্রতিরোধ যুদ্ধে পরিণত হয়। পরবর্তীকালে তা বিজয় অর্জনে গুরুত্বপূর্ণ পূর্বশর্ত হিসেবে কাজ করে।

প্রাথমিকভাবে এ যুদ্ধ ছিল অসংগঠিত, উপস্থিত স্তানীয় নেতৃত্বনির্ভর এবং অত্যাধুনিক সমরাস্ত্র সজ্জিত একটি প্রবল শত্রুবাহিনীর বিরুদ্ধে প্রায় নিরস্ত্র জনতার আত্মরক্ষার মরিয়া প্রয়াস-সঞ্জাত এক অসম লড়াই। অনিবার্যরূপে এ ছিল সশস্ত্র সংগ্রামের এক খণ্ডিত পর্যায়। এ যুদ্ধে প্রতিরোধী শক্তির প্রাথমিক পরাজয় ঘটা সত্ত্বেও তাদের ত্যাগ, বীরত্ব ও অসমসাহসিকতার অত্যুজ্জ্বল নিদর্শনাবলী গভীর প্রেরণার উৎস ছিল। এ সংক্রান্ত গটনাবলীর বিন্যাস দেশর তৎকালীন প্রশাসনিক-রাজনৈতিক ক্রিয়াকাণ্ডের মূল কেন্দ্র ঢাকা থেকে শুরু করা হয়েছে এবং পরে পৃথক পৃথক শিরোনামে প্রত্যেক জেলার ঘটনা পরপর তুলে ধরা হয়েছে। এ বিন্যাসে দেশর তৎকালীন ক্যান্টনমেন্টগুলিতে অবস্থানরত ইস্ট বেংগল রেজিমেন্টগুলির বিভিন্ন ব্যাটালিয়ন, যেমন ১ম বেংগল, ২য় বেংগল, ৩য় বেংগল, ৪র্থ বেংগল ও ৮ম বেংগলের ভূমিকা এবং তাদের অফিসারদের দৃঢ় সিদ্ধান্ত ও সমঝোতা প্রতিষ্ঠার কথা যেমন এসেছে, তেমনি এসেছে আধাসামরিক বাহিনী ই-পি-আর উইংগুলির সময়োচিত নেতৃবৃন্দ, ছাত্র-জনতার প্রতিরোধের লক্ষ্যে দৃঢ়ভাবে একীভূত বীরত্বপূর্ণ কর্মকাণ্ডের বিবরণ। সর্বত্র ছড়িয়ে পড়া প্রতিরোধ যুদ্ধকে সুসংহত করার লক্ষ্যে মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং তৎকালীন কর্নেল (অবঃ) এম. এ. জি. ওসমানীকে সর্বাধিনায়ক করে মুক্তিবাহিনী গঠনের বিষয়ও বিবরণে এসেছে (পৃঃ ১২৪, ২৪৫-২৪৭, ২৫৮-২৬১)।

প্রতিরোধ যুদ্ধের বিবরণ সংবলিত দলিলপত্র সংগ্রহ ও সন্নিবেশ করা মোটেও সহজসাধ্য ব্যাপার ছিল না। হানাদার বাহিনীর অতর্কিত আক্রমণের শিকার হয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ তাৎক্ষণিকভাবে ঘটনার বিবরণ রাখতে সমর্থ হননি। এ বিষয়ে তাই স্বাধীনতা যুদ্ধের উত্তরকালে এ যুদ্ধের সাথে জড়িত বিভিন্ন সামরিক ও বেসামরিক নেতৃবৃন্দ্রে সাক্ষাৎকারসমূহের উপরই নির্ভর করতে হয়েছে মুখ্যভাবে। এছাড়া সমসময়ে প্রণীত 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ' এ ব্যাপারে মূল্যবান আকর গ্রন্থ রূপে কাজ করেছে। পরবর্তীতে রচিত আরও কিছু গ্রন্থ, যেমন 'লক্ষ প্রাণের বিনিময়ে', 'মুক্তিযুদ্ধের নয় মাস' প্রভৃতি তথ্যে ও সত্যে প্রতিরোধ যুদ্ধকে উজ্জ্বলতর করে তুলেছে (পৃঃ ৪৬-৪৯, ৫৭-৮৯, ২৬১)। পত্র-পত্রিকার বিবরণও সশস্ত্র প্রতিরোধের পরিস্থিতিকে তুলে ধরতে

অনেকখানি সাহায্য করেছে (পৃঃ ৩৮৬-৪৪৮)। সমগ্র দেশ দখলদার বাহিনী কবলিত থাকায় এ ব্যাপারে পার্শ্ববর্তী মিত্ররাষ্ট্র ভারতে প্রকাশিত পত্র-পত্রিকা থেকেই সাহায্য নেওয়া হয়েছে বেশী। মুক্তাঞ্চল থেকে প্রকাশিত দু'একটি পত্রিকার খবরও নেওয়া হয়েছে (পৃঃ ৩৮৬, ৪৩১, ৪৩৪, ৪৪৬, ৪৪৮)। তবে বেংগল রেজিমেন্ট, ই-পি-আর-এর অধিনায়ক পর্যায়ের মূল ব্যক্তিবর্গের প্রদত্ত সাক্ষাৎকারগুলিই এ খণ্ডের সারবস্তুরূপে কাজ করেছে।

সাক্ষাৎকারগুলির অধিকাংশ গৃহীত হয়েছিল বাংলা একাডেমীর অঙ্গীভূত জাতীয় স্বাধীনতার ইতিহাস পরিষদের উদ্যোগে। ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ, মেজর জেনারেল (অবঃ) কে. এম শফিউল্লাহর সাক্ষাৎকার দু'টিসহ (পৃৎ ৯৬-১২৮, ১৬০-১৮৪) বেশ কয়েকটি মূল্যবান সাক্ষাৎকার বাংলা একাডেমীর গবেষক সুকুমার বিশ্বাস ব্যক্তিগতভাবে গ্রহণ করেছিলেন।

সংগৃহীত সাক্ষাৎকারগুলিকে দু'ভাগে ভাগ করা হয়েছে এবং প্রতিরোধের বিবরণপূর্ণ প্রথমাংশ সশস্ত্র সংগ্রাম (১)-এ এবং প্রতিরোধের পর কেন্দ্রীয় কমান্ডের অধীনে বিভিন্ন সেক্টরে সংঘটিত যুদ্ধের বিবরণ সাধারণতঃ সাক্ষাৎকারের দ্বিতীয়াংশে এসেছে। যেখান থেকে প্রতিরোধ পরবর্তী সংগঠিত যুদ্ধের কথা শুরু হয়েছে, সেখানকার অংশগুলি ষশস্ত্র সংগ্রাম (২)-এ সন্নিবেশিত হয়েছে। এভাবে বাংলাদেশের সশস্ত্র স্বাধীনতা সংগ্রামের প্রতিরোধ ও সংগঠিত প্রত্যাঘাত পর্বের যুদ্ধের একটি পূর্ণাঙ্গ রূপ তুলে ধরার চেষ্টা করা হয়েছে।

গ্রন্থের সবশেষে স্বতন্ত্র অধ্যায়ে এসেছে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী কতিপয় গেরিলা বা গণবাহিনীর গুরুত্বপূর্ণ অবদানের বিবরণ (পৃঃ ৪৫০-৪৯৫)। প্রাথমিক পর্বে প্রতিপক্ষের উন্নততর আধুনিক অস্ত্রশস্ত্রের মুখে প্রাথাগত পদ্ধতির সম্মুখযুদ্ধমূলক প্রতিরোধ ভেঙে পড়লে যুদ্ধ ক্রমশঃ গেরিলা রণকৌশলের দিকে মোড় নেয়। এই অবস্থায় নিয়মিত বাহিনীর যুদ্ধের কৌশল হিসাবে অতি অল্প সময়ের মধ্যেই অনেক গেরিলা বাহিনী গড়ে ওঠে। অনেক স্থানে স্বতঃস্ফুর্তভাবে স্থানীয় অবস্থার ওপর ভিত্তি করেও অনেক গেরিলা দলের সৃষ্টি হয়। তাদের ক্ষিপ্র তৎপরতা, সাহস ও আত্মত্যাগ স্বাধীনতা যুদ্ধকে সাফল্যজনক যৌক্তিক পরিণতিতে পৌঁছাতে বিপুলভাবে সহায়তা করেছিল। গেরিলা বাহিনীগুলির কর্মকান্ড বাংলাদেশের গোটা রণাংগন জুড়ে এতই ব্যাপক ও বিচিত্র ছিল যে, তা স্বতন্ত্র খণ্ডে সন্নিবেশিত হওয়ার দাবী রাখে। কিন্তু এ ব্যাপারে তথ্যের নিদারুন স্বল্পতার কারণে (যেহেতু গেরিলা মুক্তিযোদ্ধাদের দৈনন্দিন তৎপরতার লিখিত বিবরণ বেশি পাওয়া যায়নি) তাদের মাত্র কয়েকটি বাহিনীর তৎপরতাসমূহের প্রতিনিধিত্বমূলক চিত্র এখানে তুলে ধরা সম্ভবপর হয়েছে।

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/231 Dated: 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of document are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated: 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh war of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4.	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies, Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K. M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D., History of Bangladesh War of Liberation Project	Member-Secratary

2. The following shall be the terms of reference of the Committee:

To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

To determine validity and price of document are required for the committee.

M.A. Salam Khan
Section Officer

পরিশিষ্ঠ

তিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
ঢাকা।

নং-তম/২/৮০/ইতিহাস (অংশ) ১২২৮৬ **তাং ১১-০৯-৮৩ ইং**

বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ডঃ কে, এম, মোহসীনকে তাহার নিজ দ্বায়িত্বের অতিরিক্ত দ্বায়িত্ব হিসাবে তথ্য মন্ত্রনালয়ের অধীনস্থ "বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রন প্রকল্পের" প্রকল্প পরিচালক পদে জনস্বার্থে ৬-৯-১৯৮৩ (পূর্বাহ্ন) তারিখ হইতে ৩০-৬-১৯৮৪ পর্যন্ত নিম্নে বর্ণিত শর্তাধীনে নিয়োগ করা হইল।

... ...

স্বাক্ষর-
মোঃ শফিকুর রহমান
উপ-সচিব ।

সূচিপত্র

ক্রমিক	বিষয়				পৃষ্ঠা
			সশস্ত্র প্রতিরোধঃ ঢাকা		
১।	ঢাকার সশস্ত্র প্রতিরোধের বিবরণঃ			...	১-২৭
	সাক্ষাৎকার	ঃ	লেঃ কর্নেল আবু তাহের সালাহউদ্দিন	...	১
	সাক্ষাৎকার	ঃ	এয়ার কমোডর এম, কে বাশার	...	৯
	সাক্ষাৎকার	ঃ	আব্দুল করিম খোন্দকার, ডেপুটি চীফ অব স্টাফ, বাংলাদেশ ফোর্সেস	...	১০
	সাক্ষাৎকার	ঃ	মেজর দেলোয়ার হোসেন	...	১২
	সাক্ষাৎকার	ঃ	আশরাফ আলী সরদার	...	১৩
	সাক্ষাৎকার	ঃ	মোঃ আসমত আলী আকন্দ, এস-আই,পুলিশ	...	১৪
	সাক্ষাৎকার	ঃ	আঃ গনি তালুকদার (পুলিশ)	...	১৫
	সাক্ষাৎকার	ঃ	শরীফ খান মোহাম্মদ আলী, এস-আই,পুলিশ	...	১৬
	সাক্ষাৎকার	ঃ	মোহাম্মদ আঃ সোবহান, এস-আই, রিজার্ভ পুলিশ	...	১৯
	সাক্ষাৎকার	ঃ	লেঃ (অবঃ) আনোয়ার হোসেন	...	২১
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	২২
			সশস্ত্র প্রতিরোধঃ চট্টগ্রাম		
২।	চট্টগ্রামের সশস্ত্র প্রতিরোধের বিবরণঃ			...	২৮-৯৫
	সাক্ষাৎকার	ঃ	লেঃ কর্নেল জিয়াউর রহমান	...	২৮
	সাক্ষাৎকার	ঃ	মেজর এনামুল হক চৌধুরী	...	৩২
	সাক্ষাৎকার	ঃ	ক্যাপ্টেন শমসের মুবিন চৌধুরী	...	৪১
	সাক্ষাৎকার	ঃ	ব্রিগেডিয়ার হারুন আহমেদ চৌধুরী	...	৪৪
	সাক্ষাৎকার	ঃ	মেজর এম, এস, এ, ভূঁইয়া	...	৪৬
	সাক্ষাৎকার	ঃ	লেঃ কর্নেল মাহফুজুর রহমান	...	৫১
	সাক্ষাৎকার	ঃ	মেজর (অবঃ) রফিক-উল-ইসলাম	...	৫৯
	সাক্ষাৎকার	ঃ	লেঃ জেনারেল (অবঃ) মীর শওকত আলী	...	৮৮
			সশস্ত্র প্রতিরোধঃ কুমিল্লা- নোয়াখালী- ঢাকা		
৩।	৪র্থ বেঙ্গল ও অন্যান্য বাহিনীর কুমিল্লা, নোয়াখালী ও ঢাকা জেলায় সশস্ত্র প্রতিরোধঃ			...	৯৬-১৫৮

ক্রমিক			বিষয়		পৃষ্ঠা
	সাক্ষাৎকার	ঃ	ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ	...	৯৬
	সাক্ষাৎকার	ঃ	লেঃ কর্নেল শাফায়াত জামিল	...	১২৮
	সাক্ষাৎকার	ঃ	মেজর আবদুল গাফফার	...	১৩৪
	সাক্ষাৎকার	ঃ	মেজল আইনউদ্দিন	...	১৩৭
	সাক্ষাৎকার	ঃ	মেজর ইমামুজ্জান	...	১৪১
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার মেজর লুৎফর রহমান	...	১৪২
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার সৈয়দ গোলাম আম্বিয়া	...	১৪৮
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	১৪৯

সশস্ত্র প্রতিরোধঃ ঢাকা- ময়মনসিংহ- টাঙ্গাইল

৪।	সশস্ত্র প্রতিরোধে ২য় বেঙ্গল ও অন্যান্য বাহিনীঃ			...	১৬০-২১১
	সাক্ষাৎকার	ঃ	মেজর-জেনারেল (অবঃ) কে, এম, শফিউল্লাহ	...	১৬০
	সাক্ষাৎকার	ঃ	ক্যাপ্টেন গোলাম হেলাল মোরশেদ খান	...	১৯৬
	সাক্ষাৎকার	ঃ	মেজর এম, এ, মতিন	...	১৯৯
	সাক্ষাৎকার	ঃ	সিপাই আবতাব হোসেন	...	২০১
	সাক্ষাৎকার	ঃ	মেজর এম, এস, এ, ভূঁইয়া	...	২০৪
	সাক্ষাৎকার	ঃ	ব্রিগেডিয়ার মোঃ মতিউর রহমান	...	২০৬
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	২০৯

সশস্ত্র প্রতিরোধঃ ময়মনসিংহ

৫।	ময়মনসিংহ ও অন্যান্য এলাকায় সশস্ত্র প্রতিরোধঃ			...	২১২-২২০
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার এ, কে, এম, ফরিদউদ্দিন আহমদ	...	২১২
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার মেজর জিয়াউল হক	...	২১৬
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	২১৮

সশস্ত্র প্রতিরোধঃ সিলেট

৬।	সিলেট অঞ্চলে সংঘটিত সশস্ত্র প্রতিরোধ যুদ্ধের বিবরণঃ			...	২২১-২২৩
	সাক্ষাৎকার	ঃ	ব্রিগেডিয়ার চিত্তরঞ্জন দত্ত	...	২২১
	ডায়েরী	ঃ	লেঃ কর্নেল আবদুর রব	...	২২৮
	সাক্ষাৎকার	ঃ	ল্যান্স নায়েক সোনা মিয়া	...	২৩০
	প্রতিবেদন	ঃ	সিপাই শফিক আহমেদ	...	২৩১

ক্রমিক	বিষয়				পৃষ্ঠা
			সশস্ত্র প্রতিরোধঃ কুষ্টিয়া-চুয়াডাঙ্গা		
৭।	কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার সশস্ত্র প্রতিরোধ যুদ্ধঃ			...	২৩৪-২৬২
	সাক্ষাৎকার	ঃ	লেঃ কর্নেল এম. এ, ওসমান চৌধূরী	...	২৩৪
	সাক্ষাৎকার	ঃ	মেজর এ, আর. আজম চৌধুরী	...	২৪৭
	সাক্ষাৎকার	ঃ	মোহাম্মদ তৌফিক-ই-এলাহী চৌধুরী	...	২৫০
	প্রতিবেদন	ঃ	মেজর (অবঃ) রফিক-উল- ইসলাম	...	২৬০
			সশস্ত্র প্রতিরোধঃ যশোর		
৮।	যশোর-নড়াইল-গোপালগঞ্জের সশস্ত্র প্রতিরোধের বিবরণ			...	২৬৩-২৭৮
	সাক্ষাৎকার	ঃ	মেজর আবদুল হালিম	...	২৬৩
	সাক্ষাৎকার	ঃ	ক্যাপ্টেন হাফিজউদ্দিন আহসদ	...	২৬৫
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	২৬৮
			সশস্ত্র প্রতিরোধঃ রংপুর- দিনাজপুর		
৯।	রংপুর- দিনাজপুর জেলার সশস্ত্র প্রতিরোধের বিবরণঃ			...	২৭৯-২৮৯
	সাক্ষাৎকার	ঃ	মেজর মোঃ আনোয়ার হোসেন	...	২৭৯
	সাক্ষাৎকার	ঃ	লেঃ মোঃ আবদুস সালাম	...	২৮২
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার মোঃ আবদুল খালেক	...	২৮৩
	সাক্ষাৎকার	ঃ	হবিলদার জয়নাল আবেদীন	...	২৮৭
	সাক্ষাৎকার	ঃ	মোঃ নুরুজ্জামান	...	২৮৮
১০।	দিনাজপুর- ঠাকুরগাঁ অঞ্চলে সংঘটিত সশস্ত্র প্রতিরোধঃ			...	২৯০-৩২০
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার মেজর কাজিমউদ্দীন	...	২৯০
	সাক্ষাৎকার	ঃ	নায়েক সুবেদার মোঃ আনসার আলী	...	২৯৯
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার আরব আলী	...	৩০০
	সাক্ষাৎকার	ঃ	হাবিলদার বাসারতউল্লহ	...	৩০২
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার আহম্মদ হোসেন	...	৩০৩
	সাক্ষাৎকার	ঃ	নায়েক সুবেদার আবু তালেব শিকদার	...	৩০৬
	সাক্ষাৎকার	ঃ	খন্দকার আবদুস সামাদ	...	৩০৭
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	৩০৮
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার মেজর এ, রব (ডি- এ- ডি)	...	৩০৯

ক্রমিক	বিষয়				পৃষ্ঠা
	সশস্ত্র প্রতিরোধঃ রাজশাহী				
১১।	রাজশাহী জেলার সশস্ত্র প্রতিরোধ যুদ্ধঃ			...	৩২১-৩৩৫
	সাক্ষাৎকার	ঃ	ব্রিগেডিয়ার গিয়াসউদ্দীন চৌধুরী	...	৩২১
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার আলী মোঃ মকিবর রহমান সরকার	...	৩২৯
	সাক্ষাৎকার	ঃ	সুবেদার মোঃ মতিউর রহমান	...	৩৩০
	সাক্ষাৎকার	ঃ	হাবিলদার মোঃ ফসিউদ্দিন	...	৩৩২
	প্রতিবেদন	ঃ	'দৈনিক বাংলা'	...	৩৩৪
	সশস্ত্র প্রতিরোধঃ বগুড়া				
১২।	বগুড়ায় সংঘটিত সশস্ত্র প্রতিরোধের বিবরণঃ			...	৩৩৬-৩৪৭
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	৩৩৬
	সাক্ষাৎকার	ঃ	গাজীউল হক	...	৩৩৯
	সশস্ত্র প্রতিরোধঃ পাবনা				
১৩।	পাবনা জেলায় সংঘটিত প্রতিরোধের বিবরণঃ			...	৩৪৮-৩৫৬
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	৩৪৮
	সাক্ষাৎকার	ঃ	মোজাফফর হোসেন	...	৩৫১
	সাক্ষাৎকার	ঃ	আবদুর রহমান, এম- পি	...	৩৫৩
	প্রতিবেদন	ঃ	মনজুর আহমদ	...	৩৫৫
	সশস্ত্র প্রতিরোধঃ বরিশাল-খুলনা- ফরিদপুর				
১৪।	বরিশালু খুলনা- ফরিদপুর জেলার সশস্ত্র প্রতিরোধঃ			...	৩৫৭-৩৮৫
	সাক্ষাৎকার	ঃ	মেজর মেহেদী আলী ইমাম	...	৩৫৭
	সাক্ষাৎকার	ঃ	মহিউদ্দিন আহমদ, এমপি	...	৩৬১
	সাক্ষাৎকার	ঃ	অবদুল করিম সরদার, এম-পি	...	৩৬৪
	সাক্ষাৎকার	ঃ	ডাঃ মোহাম্মদ শাহজাহান	...	৩৬৪
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	৩৬৬
	প্রতিবেদন	ঃ	শহীদ সেরনিয়াবাত	...	৩৭৪
	প্রতিবেদন	ঃ	সত্যেন সেন	...	৩৭৫
	সাক্ষাৎকার	ঃ	মোমিনউদ্দিন আহমেদ, এম-পি	...	৩৮১

ক্রমিক	বিষয়				পৃষ্ঠা
	প্রতিবেদন	ঃ	শরীফ আফজাল হোসেন	...	৩৮১
	প্রতিবেদন	ঃ	অধ্যাপক আহমেদ কামাল	...	৩৮৩
			পত্র পত্রিকায় সশস্ত্র প্রতিরোধ		
১৫	পত্র পত্রিকায় প্রকাশিত সশস্ত্র প্রতিরোধ যুদ্ধের বিবরণঃ			...	৩৮৬-৪৪৮
			সশস্ত্র সংগ্রামে গেরিলা বাহিনী		
১৬।	সশস্ত্র স্বাধীনতা সংগ্রামে গেরিলা বাহিনী গঠন ও যুদ্ধ তৎপরতার বিবরণ (কাদেও বাহিনী, আফসার ব্যাটালিয়ন, হেমায়েত বাহিনী ঢাকায় গেরিলা অপারেশন)			...	৪৪৯-১৯৫
	সাক্ষাৎকার	ঃ	কাদের সিদ্দিকী	...	৪৫০
	প্রতিবেদন	ঃ	হেদায়েত হোসাইন মোরশেদ	...	৪৫১
	প্রতিবেদন	ঃ	মোহাম্মদ মোদাবেবর	...	৪৫৯
	প্রতিবেদন	ঃ	মোহাম্মদ হাফিজুর রহমান	...	৪৬৪
	প্রতিবেদন	ঃ	এম, এ, সামাদ	...	৪৭৫
	সাক্ষাৎকার	ঃ	মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া	...	৪৭৮
	সাক্ষাৎকার	ঃ	এ, মাসুদ (চুলু)	...	৪৮০
	সাক্ষাৎকার	ঃ	আবদুস সামাদ	...	৪৮০
	সাক্ষাৎকার	ঃ	নাসিরউদ্দিন ইউসূফ বাচ্চু	...	৪৮৬
	প্রতিবেদন	ঃ	শাহাদাত চৌধুরী	...	৪৯০
	প্রতিবেদন	ঃ	মোঃ জহিরুল হক	...	৪৯২
১।	নির্ঘন্ট	ঃ		...	৪৯৫
	বাংলা			...	
	ইংরেজী			...	

সশস্ত্র প্রতিরোধঃ ঢাকা

	শিরোনাম	সূত্র	তারিখ
১।	ঢাকার সশস্ত্র প্রতিরোধের বিবরণ	বাংলা একাডেমীর দলিলপত্র	১৯৭১

ঢাকা সেনানিবাস ও শহরে যা ঘটেছিল

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল আবু তাহের সালাহউদ্দীন*

অহিংসা ও অসহযোগ আন্দোলনের সময় যে সকল ছোটখাটো গণ্ডগোল আরম্ভ হয় তাতে পাকিস্তান সরকার সম্পূর্ণরূপ আওয়ামী লীগের উপর দোষারোপ করে এবং এই দোষ দিয়ে পাকিস্তান সেনাবাহিনী সরকারের সহযোগিতায় ২৫শে মার্চ বাংলাদেশে সীমাহীন গণহত্যা চালায়। কিন্তু এই হত্যার পরিকল্পনা অসহযোগ আন্দোলনের পূর্ব থেকে পাকিস্তান সরকার ও সেনাবাহিনীর ছিল। তার কারণস্বরূপ-

যে কোন দেশে সেনাবাহিনীর সৈন্য এক জায়গা থেকে অন্য জায়গায় মোতায়েন করতে হলে তার মূল জায়গা অর্থাৎ যেখানে থেকে সৈন্য পাঠান হয় সেই জায়গায় প্রতিরক্ষার উপর প্রথম গুরুত্ব দিতে হয় এবং সেটা করতে পারলেই সেই জায়গা থেকে সরানোর আদেশ হয়। (এখানে উল্লেখ করা যায় যে, পাকিস্তান সামরিক সরকার ফেব্রুয়ারী, ১৯৭১ থেকেই এই পরিকল্পনা বাস্তবায়ন করতে থাকে। তাতেই প্রমাণ হয় যে পাকিস্তানী সামরিক সরকরের সুপরিকল্পনা ছিল)।

যেহেতু সীমান্ত এলাকায় শত্রুদেশের সৈন্যের সঙ্গে কোন ছোটখাট গোলাগুলি বিনিময় হয়নি বা দেশের জনসাধারণ ও খবরের কাগজে যুদ্ধের কোন হুমকির আভাসও পাওয়া যায়নি তথাপি পাকিস্তান সরকারের এরূপ সৈন্য মোতায়েনে (বিভিন্ন থানা পর্যায়ে) প্রমাণ হয় যে পাকিস্তানী সামরিক সরকার বাংলাদেশের জনসাধারণের উপর গণহত্যার পরিকল্পনা পূর্ব থেকেই করেছিল।

১লা মার্চ, ৭১ থেকে পাকিস্তান সেনাবাহিনীর উচ্চপদস্থ জেনারেলগণ বিভিন্ন সময়ে ঢাকাসহ বিভিন্ন ক্যান্টনমেন্টে গিয়ে সম্মেলন করেন। তাদের মধ্যে কয়েকজন হলেনঃ

(১) লেঃ জেঃ টিক্কা খান, কমাণ্ডার ইস্টার্ন কমাণ্ড। (২) মেঃ জেঃ খাদেম হোসেন রাজা, জি-ও-সি, ১৪ ডিভিশন। (৩) জেনারেল অবদুল হামিদ খান, চীফ অব আর্মি স্টাফ। (৪) লেঃ জেঃ এ, এ, কে, নিয়াজী, কোর কমান্ডার। (৫) মেঃ জেঃ আকবর হোসেন, ডাইরেক্ট জেনারেল, ইন্টার সার্ভিসেস ইনটেলিজেন্স। (৬) মেঃ জেঃ ওমর, চেয়ারম্যান, ন্যাশনাল সিকিউরিটি কমিশন। (৭) মেঃ জেঃ কমর আলী মীর্জা, প্রাক্তন ডাইরেক্টর, মিলিটারী ইনটেলিজেন্স (তখন- ডাইরেক্টর সাপ্লাই এন্ড ট্রান্সপোর্ট। (৮) মেঃ জেঃ মিঠ্ঠা খান, স্পেশাল সার্ভিস গ্রুপ কমান্ডার এন্ড কোয়ার্টার মাস্টার জেনারেল। (৯) মেঃ জেঃ খোদা দাদ, এডজুট্যান্ট জেনারেল। (১০) মেঃ জেঃ গুল হাসান, চীফ অব দি জেনারেল স্টাফ। (১১) মেঃ জেঃ রাও ফরমান আলী খান, সিভিল এফেয়ার্স এডভাইজার, গভর্নমেন্ট অব ইস্ট পাকিস্তান। (১২) ব্রিগেডিয়ার আনসারী (মেঃ জেঃ আনসারী) (স্টেশন কমাণ্ডার, ঢাকা), (পরে-জি-ও-সি, ৯-ডিভিশন)। (১৩) মেঃ জেঃ নজর হুসেন শাহ। (১৪) মেঃ জেঃ কাজী আবদুল মজিদ। (১৫) লেঃ জেঃ পীরজাদা, (পি-এস-ও-টু জেঃ ইয়াহিয়া খান। (১৬) মেজর জেনারেল জামশেদ। (১৭) মেঃ জেঃ বাহাদুর শের।

* ১৯৭১ সালে সেনাবাহিনীর গোয়েন্দা বিভাগে ক্যাপ্টেন পদে ঢাকা সেনানিবাসে কর্মরত ছিলেন।

সৈন্য বিভিন্ন এলাকায় মোতায়েন করার পূর্বে কতকগুলো দিক চিন্তা করতে হয়, যেমন- সৈন্যদের থাকা, খাওয়া, বেতন, যানবাহন, যোগাযোগ ইত্যাদি। তাছাড়া ডাটা, ম্যাপ ইত্যাদি করতে হয়। পঁচিশে মার্চের গণহত্যা যদি হঠাৎই হতো তাহলে পাকিস্তানী সৈন্যগণ ২৫ শে মার্চে বাংলাদেশে প্রত্যেক গুরুত্বপূর্ণ জায়গায় একই সাথে একই সময়ে বাঙ্গালী সৈন্য, ই-পি-আর, পুলিশ, আনসার, তথা জনসাধারণের উপর আক্রমণ ও গণহত্যা চালায় কিভাবে! এতেই প্রমাণ হয় যে পাকিস্তান সামরিক সরকারের পূর্ব পরিকল্পনা নিশ্চয়ই ছিল।

১৫ই মার্চ, ৭১-এ প্রেসিডেন্ট জেঃ ইয়াহিয়া খান ঢাকায় এসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও আওয়ামী লীগ নেতৃবর্গের সঙ্গে রাজনৈতিক সমস্যা, ক্ষমতা হস্তান্তর, অসহযোগ আন্দেলন প্রভৃতি সম্পর্কে প্রেসিডেন্ট হাউসে (বর্তমান গণভবন) এবং বিভিন্ন সময়ে বিভিন্ন সভায় আলোচনা করেন- অপরদিকে রাতের অন্ধকারে ঢাকা ক্যান্টনমেন্টে উপরোল্লিখিত জেনারেলদের সঙ্গে গোপন ষড়যন্ত্র চলত।

যেহেতু আর্মি ইনটেলিজেন্সে-এ ছিলাম ও সাধারণ পোশাকে কর্তব্য পালন এবং চলাফেরা করতাম, সেজন্যই আমি পাকিস্তান সামরিক সরকারের কার্যকলাপ অনুসরণ করতে পারি।

২৫শে মার্চের পূর্বেই তদানীন্তন পূর্ব পাকিস্তান সেনাবাহিনীতে যে সমস্ত উচ্চপদস্থ বাঙ্গালী অফিসার ছিলেন, তাঁদেরকে বিভিন্ন অজুহাতে তাঁদের পদ থেকে সরিয়ে দেওয়া হয়। কয়েকজন বাঙ্গালী অফিসারসহ কিছু বাঙ্গালী সৈন্য পশ্চিম পাকিস্তানে পাঠায়। পূর্ব পাকিস্তানে অবস্থানরত পাঞ্জাবী সৈন্যদের সঙ্গে যে সমস্ত বাঙ্গালী সৈন্য ছিলেন তাঁদেরকে নিরস্ত্র করা হয়। বেঙ্গল রেজিমেন্টের সকল সৈন্যকে সীমান্ত এলাকায় প্রেরণ করে ভারতের হুমকির অজুহাতে।

যে সকল বাঙ্গালী অফিসারকে স্ব স্ব পদ থেকে সরিয়ে দেওয়া হয় ও কয়েকজনকে অন্য পদে দেওয়া হয়, তাদের পরিচয় যথাক্রমেঃ (১) মেজর (বর্তমানে কর্নেল) খালেদ মোশাররফ, চীফ অব জেনারেল স্টাফ, বাংলাদেশ আর্মি। তিনি ছিলেন ৫৭-ব্রিগেড হেডকোয়ার্টারের (ঢাকা) ব্রিগেড মেজর (ব্রিগেড মেজরের কাজ হচ্ছে ব্রিগেডের অপারেশন প্লান করা এবং পরিচালনা করা)। মেজর খালেদ মোশাররফকে পাঠায় কুমিল্লা ৪র্থ বেঙ্গল রেজিমেন্টে এবং তদস্থলে একজন পাঞ্জাবী অফিসারকে নিয়োগ করে।

(২) ব্রিগেডিয়ার মজুমদার। তিনি চট্টগ্রাম ক্যান্টনমেন্টে ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের কমাণ্ডান্ট ছিলেন। তাঁকে ২২শে মার্চ ঢাকা ক্যান্টনমেন্টে নিয়ে আসা হয় এবং গৃহবন্দী অবস্থায় রাখা হয়। তাঁর সঙ্গে ছিলেন ক্যাপ্টেন আমিন আহমেদ চৌধুরী। ক্যাপ্টেন চৌধুরী (বর্তমানে মেজর) বর্তমানে বাংলাদেশে ১৬-বেঙ্গল রেজিমেন্টের কমাণ্ড'র।

(৩) লেঃ কঃ মাসুদুল হাসান খান। তিনি ২য় বেঙ্গল রেজিমেন্টে জয়দেবপুরে ছিলেন। তাঁকে ২২শে অথবা ২৩শে মার্চ ঢাকা ক্যান্টনমেন্টে নিয়ে আসে এবং তাকেও গৃহবন্দী করে এবং তাঁর স্থলে লেঃ কঃ রকিবকে জয়দেবপুর ২য় বেঙ্গল রেজিমেন্টে পাঠায়। কারণ লেঃ কঃ রকিব ৩২-পাঞ্জাব রেজিমেন্টের কমাণ্ডার ছিলেন। ৩২-পাঞ্জাব রেজিমেন্টে কঃ তাজ মোহাম্মদকে নিয়োগ করে। ৩২-পাঞ্জাব রেজিমেন্টেই ঢাকায় ২৫শে মার্চের রাতে গণহত্যা চালায়। এছাড়াও কয়েকজন বাঙ্গালী অফিসারকে ক্যান্টনমেন্ট এলাকায় রাখা হয়। তাদেরকে বাইরের যোগাযোগ থেকে সম্পূর্ণ বঞ্চিত করা হয়।

বেঙ্গল রেজিমেন্টকে কয়েকটি ক্যান্টনমেন্ট থেকে সীমান্ত এলাকায় মোতায়েন করা হয়। যেমন, প্রথম বেঙ্গল রেজিমেন্টকে যশোর ক্যান্টনমেন্ট থেকে চৌগাছা (সীমান্ত এলাকা) পাঠায়। ২য় বেঙ্গল রেজিমেন্টকে জয়দেবপুর থেকে তাঁদেরকে বিচ্ছিন্ন করার জন্য এক কোম্পানী পাঠায় টাঙ্গাইল। উক্ত কোম্পানীর কমান্ডার ছিলেন মেজর শফিউল্লা (বর্তমানে ব্রিগেডিয়ার-চীফ অব বাংলাদেশ আর্মি)। অন্য একটি কোম্পানী পাঠায় ময়মনসিংহে। উক্ত কোম্পানীর কমান্ডার ছিলেন মেজর নূরুল ইসলাম (বর্তমান লেঃ কর্নেল)।

সৈয়দপুর অবস্থিত ৩য় বেঙ্গল রেজিমেন্টকে কয়েক ভাগে বিভক্ত করে সীমান্ত এলাকায় পাঠায়। কুমিল্লায় অবস্থিত ৪র্থ বেঙ্গল রেজিমেন্টকে পাঠায় ব্রাক্ষণবাড়িয়ায়। উক্ত রেজিমেন্টের কমান্ডার ছিলেন মেজর (বর্তমানে কর্নেল) খালেদ মোশাররফ। ৮ম বেঙ্গল রেজিমেন্টে ছিল চট্টগ্রামে। তাদেরকে পশ্চিম পাকিস্তানে পাঠানোর আপ্রাণ চেষ্টা করে ব্যর্থ হয়ে চট্টগ্রাম শহর ও বন্দর এলাকায় মোতায়েন করে। ১০ম বেঙ্গল রেজিমেন্টকে (ন্যশনাল সার্ভিস ব্যাটালিয়ন, যার অধিকাংশই ছাত্রদের নিয়ে গঠিত হয়েছিল) ২৫শে মার্চের পূর্বেই ঢাকায় নিরস্ত্র করে। এছাড়াও ৬০৪ ফিল্ড ইনটেলিজেন্স ইউনিটের প্রায় ২৫ জন বাঙ্গালীকে (যার সেকেন্ড-ইন-কমান্ড ছিলাম আমি নিজেই) নিরস্ত্র করা হয়। শুধুমাত্র আমার অস্ত্রটা নিতে তারা সাহস করে নাই। তাছাড়া ঢাকায় অবস্থানরত নিম্নপদের সৈন্যগণ-যেমন সিগনাল রেজিমেন্ট, ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন, ৬০৪ কম্বাইন্ড ওয়ার্কশপ, ১৪৭ ইনফ্যানট্রি ওয়ার্কশপ, সাপ্লাই এন্ড ট্রান্সপোর্ট ব্যাটালিয়ন, স্টেশন সাপ্লাই ডিপো, গাজীপুর অর্ডন্যান্স ফ্যাক্টরী, কম্বাইন্ড অর্ডন্যান্স ডিপো, স্টেশন সাপ্লাই ডিপো, ট্রানজিট ক্যাম্প, ফিল্ড এ্যাম্বুলেন্স ও পাকিস্তানী বিমান বাহিনীর সমস্ত সৈন্যদেরকে অতি কায়দায় ও চালাকি করে নিরস্ত্র করে। বাঙ্গালীকে কেন নিরস্ত্র করা হচ্ছে পাঞ্জাবীরা তার কারণসরূপ দেখায় যে, যারা বাঙ্গালী তারা বাঙ্গালী আইন-শৃংখলা ভঙ্গকারী জনগণের উপর গুলি চালাতে সক্ষম হবে না। জনগণের উপর গুলি চালাতে আমাদের মায়া-মমতা লাগা স্বাভাবিক। কাজেই পাঞ্জাবীদের হাতে অস্ত্র কম থাকায় আমাদের অস্ত্র নিয়ে আইন-শৃংখলা স্বাভাবিক ও আয়ত্তে আনার চেষ্টা করবে- এই কারণেই আমাদের কাছ থেকে অস্ত্র নিচ্ছে।

অসহযোগ আন্দোলন চলাকালীন শাহেদ নসরুল্লাহ (ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ের ছাত্র) আমার অফিসে প্রায়ই দেখা করত ও আমার নিকট থেকে খবরাখবর নিত। শাহেদ নাসরুল্লাহ এভাবে আসা-যাওয়া করাতে আমাকে আমার অফিসার কমান্ডিং মেজর মনোয়ার হোসেন জিজ্ঞাসা করেন যে ছেলেটি কে এবং কেন আসে। আমি আমার আত্মীয় বলে পরিচয় দেই এবং জানাই যে, যেহেতু আমাকে ক্যান্টনমেন্ট থেকে বের হতে দেওয়া হয় না সেজন্য আমার সঙ্গে দেখা করতে আসে। পরে একদিন শাহেদ নাসরুল্লহ যখন আমার অফিস থেকে বেরিয়ে যাচ্ছিল তখন রাস্তায় মেজর মনোয়ার হোসেনের হাওয়ালদার মোঃ আশরাফ তার ফটো তুলে নেয়।

পরদিন নসরুল্লাহ আমার নিকট এসে হাওলাদার কর্তৃক তার ফটো তোলার কাথা জানায়। আমি নসরুল্লাহকে সাহস দিয়ে বলি ওতে কিছু হবে না। এরপর পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো যখন ঢাকায় আসে ও হোটেল ইন্টারকন্টিনেন্টালে থাকে তখন শাহেদ নসরুল্লাহসহ ছাত্রনেতাদের নেতৃত্বে একটি ছাত্র ও গণবিক্ষোভ মিছিল হোটেল ইন্টারকন্টিনেন্টালে পৌঁছে এবং ভুট্টোকে নিন্দা করে বিভিন্ন শ্লোগান দেয়। ঐ মিছিলে শাহেদ নসরুল্লাহর শ্লোগান দেওয়া ফটোটি 'দি পিপল' পত্রিকায় দেখা যায়। পিপল পত্রিকায় নসরুল্লাহর ফটো দেখা মাত্র মেজর মনোয়ার হোসেন আমাকে ডেকে বলেন, যে ছেলেটি তোমার নিকট আসে ও তোমার আত্মীয়, সে তো একজন ছাত্রনেতা সে ছেলেটি মিছিলে নেতৃত্ব দিয়েছিল। তিনি পিপল পত্রিকাটির কপি এনে আমাকে দেখান। তখন আমি মেজর মনোয়ার হোসেনকে জানাই যে আমি সঠিক কিছু বুঝতে পারছি না, সে তো কোনদিন ছাত্ররাজনীতি করতো না । এর থেকে মেজর মনোয়ার হোসেন আমাকে আরও বেশী সন্দেহের চোখে দেখেন।

এরপর ১৫ই মার্চ থেকে ২৩শে মার্চ পর্যন্ত ইয়াহিয়া খানের ঢাকা আগমন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ আওয়ামী লীগ ও বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে আলাপ-আলোচনার অগ্রগতির কথা শুনে আমরা কিছুটা আশাবাদী ছিলাম যে তারা সম্ভবত আওয়ামী লীগকে শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করবে। আমরা বাঙ্গালী অফিসাররাও পাঞ্জাবীদের মতিগতিকে তেমনভাবে লক্ষ্য করতাম না আওয়ামী লীগ ক্ষমতা পাবে মনে করে (আওয়ামী লীগ সাধারণ সম্পাদক জনাব তাজউদ্দীনের প্রেসনোটের উপর ভিত্তি করে)।

২৩শে মার্চ প্রদেশব্যাপী ছাত্র ও গণহত্যার প্রতিবাদে ঢাকায় প্রত্যেক বাঙ্গালীর ঘরে ঘরে বাংলাদেশের পতাকা ও কালো পতাকা উত্তোলিত হয় এবং ২৪শে মার্চ সকালে পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টির প্রেসিডেন্ট

ওয়ালী খানসহ আরও কয়েকজন পশ্চিম পাকিস্তানী রাজনৈতিক নেতার ঢাকা ত্যাগ করে যাওয়ায় আমাদের মনে সন্দেহ হয় এজন্য যে, হয়তবা আলোচনা মোটেই ফলপ্রসূ হয় নাই।

২৫শে মার্চ আমি আকস্মিকভাবে বিকেল চারটায় ক্যান্টনমেন্ট থেকে বাইরে চলে যাই আত্মীয়স্বজনের সঙ্গে দেখা করতে। দুর্ভাগ্যবশত শহর থেকে আমার মেসে ফিরতে রাত প্রায় ৯টা বেজে যায়। আমি ক্যান্টনমেন্টে এসে সোজা আমার কক্ষে না গিয়ে ডাইনিং হলে যাই। খাওয়ার টেবিলে পাঞ্জাবী অফিসাররা উপস্থিত ছিল। খাবার পর সাড়ে ন'টায় আমার কক্ষে যাই। সেখানে সিপাই মোশাররফ হোসেন (বাঙ্গালী) আমার জন্য অপেক্ষা করছিল। আমাকে দেখেই সে আমার নিকট ছুটে আসে এবং জানায় যে, সে আমার জন্য বিকেল ৪টা থেকে অপেক্ষা করছে। একথা বলেই সে সঙ্গে সঙ্গে তার পকেট থেকে ছোট এক টুকরা কাগজ বের করে আমার হাতে দেয়।

উক্ত চিঠিখানা লিখেছিলেন ৩১-ফিল্ড রেজিমেন্ট আর্টিলারীর ক্যাপ্টেন (বর্তমান মেজর) খুরশীদ আলম চৌধুরী। তিনি লিখেছিলেন, ৩১-ফিল্ড রেজিমেন্ট আর্টিলারীর কমান্ডিং অফিসার কর্নেল জাহেদ হাসান ঐদিন (২৫শে মার্চ) বেলা আড়াইটায় নির্দেশ দিয়েছেন অদ্য রাতে (২৫শে মার্চ) তার রেজিমেন্টকে শহরে যাবার জন্য প্রস্তুত থাকতে হবে। শহরে আইন-শৃংখলা রক্ষার জন্য প্রস্তুতি নিতে হবে বলে জানান এবং আরও বলেন যে যদিও শন্তি-শৃংখলা রক্ষা করার জন্য শহরে যাওয়া হবে তবু একটা যুদ্ধের প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ সঙ্গে নিতে হবে। আরও বলেছিলেন যে, তার নির্দেশের পর কোন বাঙ্গালী অফিসার বা জোয়ানরা রেজিমেন্ট এলাকা থেকে কোনক্রমেই বাইরে যেতে পারবে না (তখন থেকে যতক্ষন পর্যন্ত রেজিমেন্ট শহরের উদ্দেশ্যে বের না হয়)। উক্ত ক্যাপ্টেন খুরশীদ আলম চৌধুরীর পক্ষে আমার নিকট চিঠিখানা এজন্যই পাঠানো সম্ভব হয়েছিল যে, তাঁর রেজিমেন্ট এলাকা ও আমার মেস পাশাপাশি জায়গায় ছিল, মাঝখানে শুধু কাঁটাতারের বেড়া।

চিঠিখানা আমার হস্তগত হওয়ার পর আমি কিছুক্ষণ অস্বস্তি বোধ করি। এমতাবস্থায় কি করা কর্তব্য সে চিন্তায় অস্থির হয়ে পড়ি এবং আমার সমস্ত শরীর ঘামতে থাকে। গভীর চিন্তার পর আমার পাশের কক্ষের বন্ধু ফ্লাইট লেফটেন্যান্ট মুস্তাফিজুর রহমান (তিনি আর্মি ইঞ্জিনিয়ার্সের ক্যাপ্টেন এবং বিমান বাহিনীর সঙ্গে ডেপুটেশনে ছিলেন এবং সেখানে সহকারী গ্যারিসন ইঞ্জিনিয়ার হিসাবে কাজ করতেন) এর নিকট যাই। মুস্তাফিজুর রহমান আমার একান্ত ঘনিষ্ঠ বন্ধু ছিলেন এবং আমরা দু'জনে মাঝে মাঝে দেশের রাজনৈতিক পরিস্থিতির উপর আলোচনা করতাম। তাঁকে ক্যাপ্টেন খুরশীদ আলম চৌধুরীর চিঠিখানা সম্বন্ধে জানাই। দু'জনে কিছুক্ষণ চিন্তা করে শহরে গিয়ে আওয়ামী লীগ ও ছাত্রলীগ নেতৃবর্গকে এ খবর পৌঁছানোর সিদ্ধান্ত নেই। শেখ কামালের বিশিষ্ট বন্ধু শাহেদ নসরুল্লাহকে (ধানমন্ডীর বাসায়) প্রথমে খবর দেওয়ার সিদ্ধান্ত নেই। কেননা শাহেদ নসরুল্লাহকে খবর দিলে সঙ্গে সঙ্গে শেখ কামালের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিকট এ খবর অতিশীঘ্র পৌঁছাবে। মুস্তাফিজুর রহমান বললেন, তাঁর কয়েকজন ভাই, যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হল (বর্তমান সার্জেন্ট জহুরুল হক হল) ও বিভিন্ন হলে রয়েছে, তাদেরকেও এ খবর জানালে ছাত্ররাও প্রস্তুতি নিতে পারবে। এই সিদ্ধান্ত নিয়েই আমরা দু'জন তাঁর নিজস্ব টয়োটা গাড়ীতে শহরে রওনা হই (রাত প্রায় দশটা)। যখন আমাদের টয়োটা গাড়ী ৩১-ফীল্ড রেজিমেন্টের গেটে পৌঁছে তখন আমরা দেখতে পাই যে, ৩১-ফিল্ড রেজিমেন্টের গেট দিয়ে চীফ অব আর্মি স্টাফের পতাকাসহ ৪ তারকাবিশিষ্ট একখানা স্টাফ কার বের হচ্ছে। উক্ত গাড়ীতে জেঃ আব্দুল হামিদ খান, চীফ অব আর্মি স্টাফ, পাকিস্তান আর্মি এবং জেনারেল টিক্কা খান, কমান্ডার, ইস্টার্ন কমান্ড ছিলেন। উক্ত গাড়ীর পিছনে প্রায় ৫০/৬০ খানা খোলাগাড়ী ছিল। কয়েকটি গাড়ীতে ভারী মেশীনগান লাগানো, কয়েকটি গাড়ীতে রিকয়েললেস রাইফেল লাগানো, কয়েকটি বড় বড় ট্রাকে পুরো যুদ্ধের পোষাক ও অস্ত্রসহ সৈন্য ছিল। আমরা রাস্তা নির্দেশের উল্টোপথ দিয়ে তাদেরকে পিছনে ফেলে আগে চলে যাই। তখন শহরে লোকজন স্বাভাবিকভাবে চলাফেরা করছিল। প্রথমে আমরা ধানমন্ডি ২৬ নং সড়কে শাহেদ নসরুল্লাহর বাসভবনে গিয়ে বিস্তারিত জানাই এবং শেখ কামালের মাধ্যমে বঙ্গবন্ধুর নিকট আমাদের খবর পৌঁছানোর কথা বলি। এছাড়া তাকে (নসরুল্লাহ) তার বাসা থেকে অন্যত্র চলে যাবার পরামর্শ দেই। কেননা

মেজর মনোয়ার হোসেনের নিকট তার তুলে নেওয়া ফটো ও দি পিপল পত্রিকায় প্রকাশিত ফটো ছিল। আমাদের কথা শুনে শাহেদ নসরুল্লাহর পিতা খুবই চিন্তায় পড়েন। কিছুক্ষণ পর আমরা মুস্তাফিজুর রহমানের ভাই ও আত্মীয়স্বজনকে খবর দেয়ার জন্য মোহাম্মদপুরে যাই। তাদেরকেও আমরা বিস্তারিত খবর জানাই এবং সতর্ক হওয়ার জন্য অন্যান্য বন্ধুবান্ধব এবং আত্মীয়স্বজনকে খবর পৌঁছাতে বলি। সেখান থেকে আমরা ক্যান্টনমেন্টে ফিরে আসার পথে ফার্মগেট ছাত্রদের একটা বিরাট মিছিলের মাঝে পড়ি। ছাত্ররা ফার্মগেটে প্রতিবন্ধকতা (ব্যারিকেড) সৃষ্টি করেছিল যেন শহরে সৈন্যবাহিনীর যে সমস্ত গাড়ী গিয়েছে তারা ক্যান্টনমেন্টে ফিরে আসতে না পারে। আমরা যখন মিছিলের মাঝে পড়ি তখন কয়েকজন ছাত্র আমাদের পরিচয় জানতে চায়। আমি সেনাবাহিনীর পরিচয় না দিয়ে বাঙ্গালী ও সাধারন মানুষ, গুলশানে বাসা আছে বলে জানাই। তখন তারা আমাদের গাড়ী চলার জন্য একটু জায়গা পরিষ্কার করে দেয় (তখন রাত প্রায় এগারটা)। ব্যারিকেড অতিক্রম করার পরই আমরা দেখলাম সেনাবাহিনীর ৪ খানা মেশিনগান লাগানো গাড়ী (বাতি নিভানো) কয়েকজন সৈন্য ফার্মগেটের দিকে ঠেলে নিচ্ছে। আমাদের গাড়ী একটু থামালাম। গাড়ী কয়েকখানা ফার্মগেটের কাছাকাছি গিয়েই ছাত্রদের উপর গুলি চালাতে শুরু করে। ফলে সঙ্গে সঙ্গে বেশকিছু ছাত্র ও সধারণ মানুষ সেখানেই মারা যায়। তারপর আমরা ক্যান্টনমেন্টে আমাদের মেসে ফিরে আসি। কিছুক্ষণ পর আমি আমাদের চট্টগ্রামের বাসায় আমার পিতার সঙ্গে টেলিফোনে কথা বলি এবং জানতে পারি যে চট্টগ্রামেও পশ্চিমা সৈন্যরা শহরে নিরীহ জনসাধারণের উপর নির্মমভাবে গুলি করছে এবং হত্যাকান্ড শুরু করেছে। আমার পিতার সঙ্গে কথা শেষ করেই আমি ঢাকায় ধানমন্ডিতে আমার মামা এডভোকেট জনাব আবু তাহের চৌধুরীকে টেলিফোন করি তাঁকে ঢাকা ও চট্টগ্রামে পাঞ্জাবী সেনাবাহিনী কর্তৃক গণহত্যার খবর জানাই। রাত বারটা পর্যন্ত টেলিফোন যোগাযোগ ছিল, তার পরই আমাদের কানে অসংখ্য গুলির আওয়াজ আসে। মীরপুর, গুলশান ও এয়ার্পোট এলাকাসহ বিভিন্ন জায়গায় গোলাগুলির আওয়াজ ও দাউ দাউ করে আগুন জ্বলতে দেখি। এসময় পুরোদমে পাঞ্জাবীরা ঢাকায় নিরীহ ঘুমন্ত জনসাধারণের উপর আক্রমণ করে মেশিনগান দিয়ে নির্মমভাবে গণহত্যা শুরু করেছে। এভাবে সারারাত গণহত্যা চালায়। শেষরাতে সেনাবাহিনী ক্যান্টনমেন্ট থেকে ট্যাঙ্ক নিয়ে শহরে আক্রমণ চালায় এবং অসংখ্য বোমা বিস্ফোরণের আওয়াজ পাই। এভাবে আমি, ফ্লাইট লেফটেন্যান্ট মুস্তাফিজ, ক্যাপ্টেন এনামসহ আরো কয়েকজন সারারাত চিন্তিত থাকি ও অনিদ্রায় রাত কাটাই।

আমাদের বিল্ডিং-এ পাঞ্জাবী মেজর পীর কমরউদ্দিন (জি-এইচ-কিউ ফিল্ড ইনটেলিজেন্স ইউনিটের অফিসার কমান্ডিং ছিলেন) সকালে ঘুম থেকে উঠেই তাঁর বিছানাপত্রসহ সমস্ত কিছু গুছিয়ে নিয়ে যখন চলে যাচ্ছিলেন তখন আমরা তাকে জিজ্ঞেস করি, কোথায় যাচ্ছেন? তিনি বলেন, তিনি অফিসে যাচ্ছেন এবং অফিসেই থাকবেন। মেজর কমর পাঞ্জাবী হলেও আমার একজন বিশিষ্ট বন্ধু এবং একই সাথে ইনটেলিজেন্স কোর্স করি। আমার আত্মীয়স্বজনের অনেকেই তাকে চিনতেন। তিনি চলে যাবার সময় অকথ্য ভাষায় আমাদেরকে কতগুলি কটুক্তি করেন ও আওয়ামী লীগকে গালিগালাজ করেন। আমাদেরকে সন্দেহ করে কিংবা ভয় করেই হয়তবা তিনি চলে যান। তাঁর এরূপ কটুক্তি ও গালাগালিতে আমরা সবাই ধারণা করি যে অন্যান্য পাঞ্জাবী অফিসারও বোধ হয় বাঙ্গালী অফিসার ও সৈন্যদের সঙ্গে অনুরূপ দুর্ব্যবহার করছে।

২৬শে মার্চ সকাল সাড়ে সাতটায় আমি আমার অফিসে যাই। সেখানে মেজর মনোয়ার হোসেনসহ মেজর ফারুকী ও মেজর মীর্জা উপস্থিত ছিলেন। তাঁরা খুব আনন্দ ও হাসাহাসি করছিলেন এবং অতি খুশীতে মিষ্টি খাচ্ছিলেন। মেজর মনোয়ার হোসেন আওয়ামী লীগের পতন ও বাঙ্গালীদের দমন করার কথায় মেতে ছিলেন। তাঁরা আমাকেও মিষ্টি খেতে বলেন। তখন আমি অত্যন্ত অস্বস্তি বোধ করছিলাম। আমার মিষ্টি খাওয়ার ইচ্ছা না থাকা সত্ত্বেও একটা মিষ্টি খেলাম, তারপরই আমি শহরে আত্মীয়স্বজনের সঙ্গে দেখা করার জন্য মেজর মনোয়ার হোসেনের নিকট কয়েক ঘন্টার জন্য বাইরে যাবার অনুমতি চাই। কিন্তু তিনি আমাকে বাইরে যাওয়া থেকে বঞ্চিত করেন এবং বলেন, শহরে অনেক বাঙ্গালী দুষ্কৃতিকারী মারা গেছে। যেহেতু তুমি বাঙ্গালী, কাজেই তাদের মৃতদেহ দেখে তুমি স্বাভাবিকভাবেই সহ্য করতে পারবে না, কাজেই তোমাকে এখন বাইরে বা শহরে যাবার

অনুমতি দিতে পারি না। আমি অফিসেই বেলা প্রায় দু'টা পর্যন্ত বসে রইলাম। এসময় ইউনিটের বেশ কয়েকজন বাঙ্গালী সৈন্য আমার নিকট এসে শহরে ভয়াবহ পরিস্থিতির খবর জানায় এবং এমতাবস্থায় তাদের কি কর্তব্য তা আমার নিকট থেকে জানার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করে। আমি তাদেরকে কিছুটা সান্ত্বনা দেই ও আরও কিছু সময়ের জন্য ধৈর্য সহকারে অপেক্ষা করতে বলি। তারপর আড়াইটার সময় আমি আমার মেসে খেতে যাই এবং খাবার পর কক্ষে প্রবেশ করলে আমার সিপাই মোশাররফ (যার নিকট একটা স্টেনগান থাকত) আমাকে জানায় যে তার নিকট থেকে পাঞ্জাবীরা স্টেনগানটি নিয়ে নিয়েছে। সিপাই মোশাররফের কাছ থেকে স্টেনগান কেড়ে নেয়ায় আমার একটু ভয় হয় এবং অত্যন্ত চিন্তায় অস্থির হয়ে পড়ি। তার পরই আমাদের পাশের বাড়িতে মেজর মওলার (বাংগালী-১৪৯ ইনফ্যানট্রি ওয়ার্কশপের কমান্ডিং অফিসার) নিকট গিয়ে স্টেনগান কেড়ে নেয়ার কথা জানাই এবং আমরা যারা বাঙ্গালী ছিলাম সবাই নিরাপত্তার কথাও বলি। আমার কথা শুনে মেজর মওলা বলেন, বাঙ্গালীদেরকে পাঞ্জাবীরা মারবে না- মারতে পারে না। কিন্তু তবু আমরা তিন-চারজন অফিসার রাতে তার বাসায় থাকা ও ঘুমানোর কথা বলি এবং আরও জানাই যে আমাদের ঘুমের সময় একজন অফিসার রাতে সব সময় পাহারা থাকবে। তিনি রাজী হলেন। আমি, ক্যাপ্টেন এনাম এবং মুস্তাফিজ ও মেজর ইকবাল তার বাসায়ই থাকি। কিন্তু সারারাত গুলির আওয়াজ এবং মীরপুর, গুলশান এলাকায় আগুন লাগানো দেখে আমাদের মোটেই ঘুম হয়নি।

I took another temporary defence at Noapara College, few miles away from Madanaghat, by the 1st night same day . En did not cross the bridge at night Next

morning on 14th April, I received more troops from here and there who had been deserting from the battle and put them in my defence. One of them was Havilder Arab Ali who was the driver of Brig MR Majumder. He escaped from the Pakistani cell at Chittagong Cant. Was mercilessly beaten and half dead.

The greatest blunder I made there I left my troops under a senior JCO of EPR there and went to the rear at Kaptai with Ex Corporal Karim to know the location of our main bulk of force who left Kalurghat yesterday. After reaching at Kaptai I came to know the our forces had already left for Rangamati for onward proceed to Kahgrachhari. I found my troops running scatteredly. En had already attacked my position and shattered everything. Out of about 2 coy str I could collect hardly 2 scattered Pls and with that I started withdrawing in search of our main force in the rear.

I reached Khagrachhari on 13th April 71 and met with all officers and troops. Major (now Brig) Ziaur Rahman, who had been holding many en fronts like Shobhanpur-Chhagalnaiya rd, Karerhat-Chittagong rd, Nazirhat-Chittagong rd and also our front, came there at Khagrachhari and gave us a new plan to hold Rangamati front by the axis river Chengi. We all came back to Mahalchhari on 14th April and made our Tac HQ. Troops were reorganized and distributed for different places. Major (now Brig) Ziaur Rahman took Capt. (now Major) Khalequzzaman, Capt. Aftab Quader and a pl and left for Ghagra RH on 15th April 71. I took a pl along with Sub Khairuzzaman of EPR, Ex Corporal Karim, two civil offr-one was Mr. Ishaque a Chemical Engineer of KPM and the other was Mr. Murree of Chandraghona an International Football Player, two brave students-one was Farooque Ahmed and the other was Shawkat Ali (both of them Lt. now) and left for Burighat bazaar short of Rangamati Sub. Abdul Mutaleb with a pl left for Kutukchhari short of Rangamati by rd. For few days we had been raiding, ambushing and harassing the en around Rangamati. On 17th April, an en pl in motor launch bumped into Capt (now Major) Khalequzzaman and Capt. Aftab Quader's island blindly and suffered by casualty. On 18th en with a coy str in 2-3 launches encircled Capt: Khalequzzaman's island, pounded heavily and attacked. L/Nk Munshi Abdur Rob of 8 E Bengal died gallantly in that operation. En contacted Mizos and had complete control over them during last few days. They reached around Mahalchhari our Tac HQ and started operating. We were called back and asked to guard the Tac HQ.

On 27th April, en about 2 coy str along with more than thousand Mizos concentrated near our Tac HQ. Unluckily one of our recee patrol bumped into their hide- out. Finding on other alternative, en had to launch an unplanned attack on Capt. (now Major) Khalequzzaman's Coy, ahead of Tac HQ. Major Shawkat sent me with a pl to reinforce Capt. Khaleq. By the time I reached there found Capt. Khaleq's Coy was more or less encircle. I blindly dashed with my pl and occupied Capt. Khaleq's Coy left over trenches and opened up. My right sec under Sub. Saqbed Ali fell just on the nose of the en but made a good effort to let Capt. Khaleq to extricate safety with some of his troops. I

fell with two Secs under the direct frontal fire of the en. Hundreds of Mizos in green camouflaged uniform running in front towards us through jungle. Sep (now Nk) Razzaque LMG man of left Sec killed many in front but finished his all ammunitions and started shouting. Only one LMG of right sec now was still continuing. But still en was probing forward having lot of cas. I shouted for my left sec comd to pull back followed by right Sec. Once we fell a little back, Major Shawkat opened up the MG from Tac HQ on to the en. I pulled my pl intact luckily and joined Maj Shawkat. Sub. Loni mia of EPR one of my sec comd showed extraordinary bravery in this operation. En kept his momentum and now started pounding with 3 inch mortars heavily at our Tac HQ. We did not have a single 2 inch mortar even to retaliate. We could see the pak troops kicking the Mizos form the rear to advance. We had to hold a wider frontage to stop en advance by running from left to right and encouraging own troops. It was our misfortune Capt Aftab Quader got a burst on his left chest which pierced through the right and died with few seconds. We lost another of the bravest soldier. His dead body was sent along with two students (now Lt) Shawkat and Farooq through en hy fire to Ramgarh and buried respectfully in front of the post office. Immediately after the 1st night we pulled back. The Tac HQ. Which we had been holding for half a month, we saw burning.

On 28th April, we reached Guimara via Khagrachhari and took another defence. Next day, we got signal to fall back to Ramgarh, as because the en was pushing own forces from Karerhat-Nazirhat sides simultaneously towards Ramgarh. On 30th Col (now Gen-retd) MAG Osmany paid an honorable visit there, met our troops and ordered to hold Ramgarh for 24hrs. Capt (now Major) Oli Ahmed with his Coy was In defence at Chikanchhara 5 miles ahead of Ramgarh and I took my Coy and took defence as reserve at baganbari BOP a mile short of Capt Oli's position. En attacked Capt Oli's position with a bn supported by arty. He resisted the en with maximum of his effort effectively and fell back to Ramgarh. En now was in my front and started driving having a continuous interval, in the process he also suffered a good number of casualty. On 2nd May 71,from 10 o'clock morning till 3 o'clock evening, we had been vengaging and holding the en too right. Then they started using the arty heavily. Many of the en shells landed very close to us, but we were miraculously saved. Once at Mahamuni Buddha Mandir, 2 miles ahead of Ramgarh, one of my pl along what me got stuck and could not be extricated while falling back in leap frog manner, one of Sub lLoni mia's, Sub Anwar of 8 E Bengal came out daringly with his LMG straightway on the road and gave me covering fire and by that only the pl come out Now we were under observation of our own MG at Ramgarh. Once we got a side Major Shawkat opened up with MG for last. We left Ramgarh alos, last piece of land of Bangladesh, and crossed over to Sabrum in the evening.

স্বাক্ষরঃ

২৫-৮-৭৩

চট্টগ্রামে সশস্ত্র প্রতিরোধ ও প্রাসঙ্গিক কথা
\ চরম আঘাতের সেই রাত \

২৫শে মার্চ, ১৯৭১ সাল। বৃহস্পতিবার।

অন্যান্য দিনের মতো সকাল ৭টায় আমি অফিসে গেলাম। সেখানে পৌঁছে দেখি পশ্চিম পাকিস্তানী মেজর ইকবাল বসে আছেন। তিনি আমাকে দেখেই বললেন, "মিঃ রফিক, আপনাকে দারুণ ক্লান্ত দেখাচ্ছে। অনেক খাটুনি গেছে আপনার ওপর দিয়ে। কক্সবাজার গিয়ে কয়েকদিন বিশ্রাম নিন না কেন? ইচ্ছা হলে আজই যেতে পারেন। আমি কমান্ডিং অফিসারকে বলে দেব।"

এটা ঠিক, গত কয়েক বছরের মধ্যে আমি কোন ছুটি নেইনি। বিশ্রামের আমার খুবই প্রয়োজন ছিলো। তবু মেজর ইকবালের সেদিনের অস্বাভাবিক পীড়াপীড়ি আমার ভালো লাগলো না, বরং আমার সন্দেহকে আরও ঘনীভূত করলো। তাঁকে আমি শান্ত গলায় জবাব দিলাম, "ধন্যবাদ স্যার। কিন্তু স্যার, আপনি তো জানেন গত জানুয়ারী থেকে সব ছুটি বাতিল করা হয়েছে।"

"ওকথা বাদ দিন। আমি কমান্ডিং অফিসারকে বুঝিয়ে বলতে পারবো। আমার বিশ্বাস, তিনি ছুটি মঞ্জুর করবেন।" মেজর ইকবাল তবু বলে চললেন।

মেজর ইকবাল যে কমান্ডিং অফিসারের একজন প্রিয়পাত্র তা আমরা সবাই জানতাম। আমাকে চট্টগ্রাম শহরের বাইরে এবং আমার সৈন্যদের সংস্পর্শ থেকে দুরে রাখার জন্যে মেজর ইকবালের এ প্রচেষ্টা আমাকে ভাবিয়ে তুললো। আমি তাঁর কথায় তাল না দিয়ে প্রসঙ্গ পরিবর্তনের জন্য বললাম, "আপনি বোধকরি জানেন, গতকাল পোর্ট এলাকায় জনতার ওপর সৈন্যরা গুলি চালিয়েছে অনেক লোক মারা গেছে।"

'অনেক নয়'- যেন তেমন কিছুই ঘটেনি এমন ভাব দেখিয়ে তিনি বললেন, "মাত্র একজন কিংবা দু'জন আহত হয়েছে।"

এরপর তিনি মুখে কৌতুহলোদ্দীপক হাসি ফুটিয়ে বললেন, "শুনলাম শেখ মুজিবুর রহমান সামরিক পদক্ষেপের প্রতিবাদে আগামী ২৭শে মার্চ হরতাল ডেকেছেন।"

"আমি এখনো শুনিনি তবে পোর্ট এলাকায় যে সৈন্যরা এলোপাতাড়ি গুলি চালিয়েছে তার শব্দ আমাদের অফিসে বসেও শোনা গেছে।"

সেদিন বেলা ২টায় আমি ই-পি-আর সদর দফতর ত্যাগ না করা পর্যন্ত মেজর ইকবাল সারাক্ষণ আমাকে ছায়ার মতো অনুসরন করলেন।

ইয়াহিয়ার সাথে মীমাংসায় পৌঁছা গেছে বলে এ সময়ে একটা গুজব ছড়িয়ে পড়ে। তবে নির্ভরযোগ্য কোন মহল থেকে এর সত্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া গেলো না। সরকারী বেতারে একটা রাজনৈতিক ফয়সালার আভাস দেয়া হয়। কিন্তু এ খবরের ওপরও নির্ভর করা গেলো না। বাসা থেকে সেই মুহুর্তে আমি আমার সদর দফতরে টেলিফোন করে সকল সৈন্যকে পুরোপুরি প্রস্তুত থাকার নির্দেশ দিলাম। তারপরে বাড়ির লনে অস্থিরভাবে পায়চারি করতে লাগলাম।

চট্টগ্রামে বেল ৪টা ৩০ মিনিটের দিকে ডাঃ জাফর আমার বাসায় এলেন। লনে বসে আমরা সম্ভাব্য সবকিছু নিয়ে আলোচনা করলাম। কিন্তু তখনো ঢাকার কোন নির্ভরযোগ্য খবর আমরা পাইনি। রাত ৮টার দিকে ডাঃ

---

* মেজর (অবঃ) রফিক-উল-ইসলাম রচিত 'লক্ষ প্রানের বিনিময়ে' গ্রন্থ, ১৯৮১ থেকে সংকলিত। ১৯৭১ সালের মার্চে রফিক-উল-ইসলাম ক্যাপ্টেন পদে সাবেক ইপিআর সেক্টর হেডকোয়ার্টার চট্টগ্রামে কর্মরত ছিলেন।

জাফর ঢাকার কোন সংবাদ এসেছে কিনা জানার জন্য আওয়ামী লীগ অফিসে দিকে গেলেন। আমি আমার এক বন্ধু ক্যাপ্টেন মুসলিম উদ্দিনকে নিয়ে অন্যান্য দিনের চেয়ে একটু আগেই রাতের খাবার খেয়ে নেয়ার জন্য বাসার ভিতরে গেলাম। খাওয়া কেবল শুরু করেছি, এমন সময় একজন আওয়ামী লীগ কর্মীসহ ডাঃ জাফর আবার ফিরে এলেন। রাত তখন ৮টা ৩০ মিনিট।

"মনে হচ্ছে আলোচনা ব্যার্থ হয়েছে। প্রেসিডেন্ট ইয়াহিয়া গোপনে করাচী চলে গেছেন বলে শোনা যাচ্ছে ঢাকা ক্যান্টনমেন্ট থেকে পাকিস্তানী সৈন্যরা ট্যাংক নিয়ে শহরের দিকে বেরিয়ে পড়েছে বলে খবর এসেছে।" তারা দু'জনই উদ্বেগ-উৎকণ্ঠায় এতো উত্তেজিত ছিলো যে তাদের মুখ দিয়ে যেন কথা সরছিলো না।

''আপনি কি সত্যি সংবাদ বলছেন?" তবু আমি ডাঃ জাফরকে জিজ্ঞেস করলাম।

''হ্যাঁ। ঢাকা থেকেই আমরা এ খবর পেয়েছি। খবর পেয়েই আমাদের দল জনাব সিদ্দিকীর বাসায় রুদ্ধদ্বার বৈঠকে মিলিত হয়। বৈঠকের সিদ্ধান্ত অনুসারে জনাব সিদ্দিকী আমাদেরকে অবিলম্বে আপনাকে ঢাকার সর্বশেষ পরিস্থিতি জানাতে বলেছেন এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ জানিয়েছেন। এতগুলো কথা বলে উভয়ে একটু থামলেন এবং গভীর আশা নিয়ে আমার দিকে তাকালেন। তাদের দু'জনকেই বিষন্ন দেখাচ্ছিল। আমি শুনতে পেলাম, কে যেন খুব নিচু গলায় বলল, ''এবার আপনার পালা।''

তখনও আমরা হাত ভাতের থালায়। মুহুর্তের জন্য আমি গভীর চিন্তায় ডুবে গেলাম। ওদিকে আগ্রহী আগন্তুকদের স্থির দৃষ্টি আমার ওপর নিবদ্ধ।

সেনাবাহিনী ট্যাংক নিয়ে শহরের দিকে বেরিয়ে থাকলে নিশ্চয়ই তারা ভয়ানক কিছু ঘটাবে। সব চাইতে খারাপ কিছুর কথাই এখন আমাদের ভাবা উচিত। ৩রা মার্চ থেকেই ওরা নির্বিচারে বাঙ্গালীদের হত্যা করেছে শুধু ২৪শে মার্চ চট্টগ্রাম পোর্টে ২০ জনেরও বেশী লোক নিহত হয়েছে। আরো খবর পেয়েছিলাম বাংলাদেশের সর্বত্রই ওদের হত্যাকান্ড চলছে- ঢাকা, খুলনা, যশোর, রংপুর, সৈয়দপুর, রাজশাহীসহ আরো অনেক জায়গায় গুলি চলেছে। ২৫শে মার্চ সন্ধায়ও এক বিস্ময়কর ঘটনা ঘটেছে। চট্টগ্রাম ই-পি-আর- এর দুটি ওয়্যারলেস সেটই ঢাকার পিলখানার সাথে যোগাযোগ করতে পারছিলো না। এমন কোন দিন ঘটেনি। সন্দেহ আগে আগে থেকেই গভীরতর হয়ে উঠেছিল।

এসব দ্রুত আমার মানসপটে ভেবে উঠলো। পাকিস্তান সেনাবাহিনীতে থেকে জেনেছি, ওদেরকে কোন জায়গায় একবার লেলিয়ে দেয়া হলে হেন নৃশংসতা নেই যা ওরা করতে পারে না। ইয়াহিয়ার আকস্মিক ঢাকা ত্যাগ, আলোচনা ব্যার্থ হওয়া এবং ক্যান্টনমেন্ট থেকে সেনাবাহিনীর বের হওয়া- সবকিছু মিলিয়ে একটা বেপরোয়া হত্যালীলার সুস্পষ্ট আভাস পাচ্ছিলাম। আরো আশংকা করছিলাম, সামরিক বাহিনীর বাঙ্গালী সৈন্যরাও ওদের হাত থেকে নিস্তার পাবে না।

এ সময় নিজের ভেতর থেকেই আমি যেন এক অলৌকিক সাহস অনুভব করলাম। মনে হলো আমার ভেতর থেকে কে যেন আমাকে বলছে আমার নিজের জীবন এবং আমাদের অন্যান্যের জীবন রক্ষার জন্য এ পশুশক্তির বিরুদ্ধে অবশ্যই ঝাঁপিয়ে পড়তে হবে। এর পর আমি 'হয় স্বাধীনতা অর্জন, না হয় ফায়ারিং স্কোয়ার্ডে মৃত্যু' এ ধরনের এক চরম সিদ্ধান্ত নিলাম। ডাঃ জাফরকে বললামঃ "আমাদের ষোলশহর এবং ক্যান্টনমেন্টে গিয়ে বাঙ্গালী সৈন্যদেরকে আমাদের সঙ্গে যোগ দিতে বলুন। তারপর রেলওয়ে হিলে আমার সদর-দফতরে দেখা করবেন।"

খাওয়া থেকে উঠেই আমি হালিশহরে ই-পি-আর সদর দফতরে ফোন করলাম। সেখানে বাঙ্গালী জেসিও'রা আমার নির্দেশের অপেক্ষাতেই ছিলেন। তাঁদেরকে বললাম, "এক্ষুনি সব ফাঁড়িতে দ্বিতীয় সাংকেতিক বার্তাটি

পাঠিয়ে দিন। অস্ত্রাগার নিয়ন্ত্রণে রাখবেন। পাকিস্তানী সৈন্যদের রুম থেকে বের হতে দেবেন না। নৌ-বাহিনী সদর দফতরের দিক থেকে হামলা হতে পারে। সেদিকে প্রতিরক্ষামূলক কিছু সৈন্য মোতায়েনের ব্যবস্থা করুন। আমি আসছি।

রাত তখন ৮টা ৪৫মিনিট। আমি শেষবারের মত আমার সারসন রোডস্থ বাসভবন ত্যাগ করলাম। আমাদের প্রথম লক্ষস্থল অয়্যারলেস কলোনীর দিকে আমাদের গাড়ী ছুটে চললো। আমার পাশে ড্রাইভার কালাম এবং পেছনের সিটে দুজন রক্ষী। তীব্র উত্তেজনায় সবাই ঠোঁট কামড়াচ্ছিলো। রাস্তা জনমানবশূণ্য। আমাদের গাড়ী যতই অয়্যারলেস কলোনীর কাছাকাছি এগোচ্ছিলো, উত্তেজনা ততই বাড়ছিলো। একটা সরু রেল ক্রসিংয়ের ওপর আসতেই জীপ একটু লাফিয়ে উঠলে আমার চিন্তায় ছেদ পড়লো। আমি সম্বিৎ ফিরে পেলাম। এখান থেকে আমি অয়্যারলেস স্টেশনের এ্যানটিনা দেখতে পাচ্ছিলাম। নিরাপত্তামুলক ব্যবস্থা হিসাবে আয়্যারলেস স্টেশনের চারদিক ছিল কাটা তারে ঘেরা। যাতে কেউ সন্দেহ করতে না পারে সেজন্য আমি ড্রাইভারকে গাড়ী আস্তে চালাতে বললাম। আমাদের এখানকার সাফল্য ছিলো অত্যান্ত গুরুত্বপূর্ণ। অভ্যান্তরীণ নিরাপত্তামূলক ডিউটিতে নিযুক্ত ই-পি-আর-এর একটি প্লাটুনের মোকাবিলা করতে হবে আমাদের ৪ জনকে ওদেরকে নিরস্ত্র করতে হবে। আমার রেকর্ড অনুযায়ী পশ্চিম পাকিস্তানি ক্যাপ্টেন হায়াত এবং সুবেদার হাসমত এই প্লাটুনের কমান্ডে ছিলেন। বাকী সেনারা সবাই ছিলো বাঙ্গালী। আমাদের জানামতে এখানে আরো তিনজন পশ্চিম পাকিস্তানী সৈন্য ছিলো। অনুরুপভাবে নগরীর অন্যান্য এলাকাতেও ই-পি-আর প্লাটুন অবস্থান করছিলো। তবে অয়্যারলেস কলোনীর এই প্লাটুনটিই শুধু পশ্চিম পাকিস্তানী অফিসারের কমান্ডে ডিউটিরত ছিলো।

গেটে পৌঁছতেই প্রহরারত শান্ত্রী জীপ থামিয়ে দিলো। বাঙ্গালী শান্ত্রী প্রহরারত ছিলো। সে আমার জীপটি ভেতরে যাবার অনুমতি দিলো। আমরা ক্যাপ্টেন হায়াতের রুমের সামনে গিয়ে জীপ থামালাম। সেখানেও একজন শান্ত্রী পাহারা দিচ্ছিলো।

সাবধানে আমি হায়াতের কক্ষের দিকে এগিয়ে গেলাম। কয়েক মূহুর্তের মধ্যে মারাত্মক কিছু একটা ঘটতে যাচ্ছে, হয় সফল হবো, না হয় আমার মাথা ভেদ করে একটা বুলেট বেরিয়ে যাবে। শেষেরটি সত্যি হলে চট্টগ্রামের ই-পি-আর সেনা পরিচালনা করতে আর কোন বাঙ্গালী অফিসার থাকবে না। এই চিন্তা আমাকে কিছুটা বিহবল করে তুললো ক্ষণিকের জন্য।

আমি খুব আস্তে দরজায় নক করলাম এবং বন্ধুসুলভ গলায় বললাম, ''হ্যালো হায়াত ঘুমিয়ে পড়েছো নাকি?''

এই কেবল শুয়েছি স্যার। আমার গলার স্বর চিনতে পেরে সে আলো জ্বালালো। জানালার পর্দার ফাক দিয়ে আমি দেখলাম বালিশের তলা থেকে কি যেন একটা নিয়ে সে তার শোবার পোশাকের নিচে রাখছে। দরজা খোলার অপেক্ষায় দাড়িয়ে আমি আবার জিজ্ঞেস করলাম, "সব কিছু ঠিকঠাক আছে তো।''

''সব ঠিকঠাক হ্যায়" জবাব দিয়েই সে দরজা খুললো।

''প্লিজ ভেতরে আসুন স্যার, এবং-''

তার কথা শেষ না হতেই আমি ষ্টেনগান তার বুকের ওর ধরে বললাম, আমি দুঃখিত হায়াত, তোমাকে গ্রেফতার করতে হচ্ছে। হঠাৎ সে তার পিস্তল বের করার উদ্যোগ নিতেই ড্রাইভার কালাম দ্রুত এগিয়ে আসে এবং দুজনেই হায়াতের মাথায় আঘাত করি। সাথে সাথে আমরা তার হাত ও মুখ বেধে ফেললাম এবং টেলিফোনের তার কেটে দিলাম। তারপর পাশের ব্যারাকে ঘুমন্ত সুবেদার হাসমতকে ডেকে আনার জন্য লোক পাঠালাম। সুবেদার হাসমত চোখ মুছতে মুছতে উঠে এসে স্যালুট দিয়ে দাড়াতেই কালাম এবং অন্য প্রাহরীরা তার ওপর ঝাঁপিয়ে পড়লো। হাসমতকে আটক করে তার হাত ও মুখ বেঁধে ফেলা হলো।

হায়াতের রুমের সামনে দাড়ানো শান্ত্রীটি এতক্ষণ হতভম্ব হয়ে এইসব অদ্ভুত ঘটনা দেখছিল। হঠাৎ কি মনে করে সে একটি টিলার দিকে দৌঁড় দিলো। কালাম ফিসফিস কণ্ঠে বললে, ও পশ্চিম পাকিস্তানী এবং পর মূহুর্তেই একটি বুলেট সাঁ করে চলে গেলো। আমরা নীচু হয়ে বসে পড়লাম। ব্যারাকগুলো থেকে সৈন্যরা বেরিয়ে পড়তে লাগলো। যথাসম্ভব স্বাভাবিক গলায় আমি বললাম, শান্ত্রী ভুল করে গুলি ছুঁড়েছে। তারপর সবাইকে সারিবদ্ধভাবে দাড়ানোর নির্দেশ দিলাম। অন্য তিনজন পশ্চিম পাকিস্তানী সৈন্য আত্মসমর্পন করলো। যে শান্ত্রী গুলি ছুড়েছিলো সে অস্ত্র ফেলে পালিয়ে গেলো। এই প্লাটুন থেকে আমি ১০ জন সেনাকে রেলওয়ে হিলে আমার সম্ভাব্য সমর-দফতর রক্ষা করার জন্য পাঠালাম। অন্যদেরকে হালিশহরে আমার সঙ্গে যোগ দেয়ার নির্দেশ দিলাম। বিচ্ছিন্ন প্লাটুনগুলোর সঙ্গে যোগাযোগ করার জন্য বিভিন্ন দিকে কয়েকজন বার্তাবাহককে পাঠালাম এবং চুড়ান্ত নির্দেশের জন্য সবাইকে অবিলম্বে হালিশহরে আমার সঙ্গে দেখা করার নির্দেশ দিলাম।

অত্যন্ত সাফল্যের সঙ্গে একটি দুঃসাধ্য কাজ সমাধা হলো। ড্রাইভার কালাম এবং দুজন প্রহরীকে ধন্যবাদ, তারা জীবন বিপন্ন করে এ কাজে সহায়তা করেছে।

রাত সাড়ে নটায় আমরা হালিশহরে পৌঁছলাম। ড্রাইভার কালামকে সতর্ক করে আলো নিভিয়ে দিয়ে গাড়ী আস্তে চালাবার নির্দেশ দিলাম। হালিশহরে জেসিও এবং এনসিওরা আমার জন্য অপেক্ষা করছিলো। তিনটি অস্ত্রাগাড়ের সবকটিই অমাদের পূর্ণ নিয়ন্ত্রণে ছিলো। বাঙ্গালী সেনারা যার যার অস্ত্রাগারের সামনে অস্ত্র ও গুলির জন্য সমবেত হয়েছে। মাত্র একমাস আগে আমরা থ্রি-নট-থ্রি রাইফেলের পরিবর্তে বিপুল পরিমান চীনা হাতিয়ার ও গোলাগুলি পেয়েছিলাম। এগুলো মিলিয়ে আমাদের মজুত ছিলো উদ্বৃত্ত, যা পরে খুবই কাজে লেগেছিলো।

হালিশহরের কাজটি খুবই গুরুত্বপূর্ন। এখানে ছিল প্রায় ৩০০ পশ্চিম পাকিস্তানী-ই-পি-আর সৈন্য। এদের মধ্যে অধিকাংশই ছিলো সিনিয়র জেসিও এবং এনসিও। নিঃশব্দে এদের পরাভুত করতে হবে কেননা আমার সদর দফতরের চারপাশের এলাকায় ছিলো অবাঙ্গালীদের ঘন বসতি। এছাড়া বেশ কিছুসংখ্যক কমান্ডো সেসব অবাঙ্গালীর সঙ্গে বসবাস করছে বলে আগেই খবর পেয়েছিলাম এবং কমান্ডো ও অবাঙ্গালীরা সবাই ছিলো পুরোপুরি অস্ত্রশস্ত্রে সজ্জিত। কাজেই এখানে কোন শব্দ হলে গোটা ব্যাপারটা পন্ড হয়ে যাবে।

অস্ত্রাগার আমাদের কব্জায় থাকায় আমরা সুবিধাজনক অবস্থায় ছিলাম। শুধু একটি মাত্র বিপদ ছিলো, কেউ যদি গোপনিয়তা ফাঁস করে দেয় তাহলে চট্টগ্রাম সেনানিবাস থেকে কিংবা নৌবাহিনী সদর দফতর থেকে পাকিস্তানী বাহিনী আমাদের প্রচেষ্টা বানচাল করতে ছুটে আসতে পারে।

আমরা প্রথমে সমগ্র এলাকা ঘেরাও করে ফেললাম যাতে কোন পশ্চিম পাকিস্তানী পালাতে না পারে। এরপর শুরু হলো শত্রুসৈন্যদের গ্রেফতারের পালা।

মার্চের দ্বিতীয় সপ্তাহে অনেক বাঙ্গালী জেসিও এবং এনসিওকে সীমান্ত এলাকায় পাঠিয়ে চট্টগ্রামের ই-পি-আর সদর দফতরে পশ্চিম পাকিস্তানীদের মোতায়েন করা হয়েছিলো। চট্টগ্রামের ই-পি-আর কমান্ডার ছিলেন লেঃ কর্নেল আবদুল আজিজ শেখ। নিজেদের অবস্থান সুদৃড় করার জন্য ঢাকার নির্দেশে তিনি এই ব্যবস্থা করছিলেন।

এইসব বদলী ইত্যাদির ব্যাপারে প্রথমে আমি খুবই চিন্তিত হয়েছিলাম। পরে দেখলাম যে, এটা আমার পরোক্ষ উপকারেই লেগেছে। কারণ, এক জায়গায় এতগুলো শত্রুসৈন্য পাওয়া কম সৌভাগ্যের কথা নয়।

আমি কৌশলে অস্ত্রাগারে বাঙ্গালীদের মোতায়েন রাখার ব্যবস্থা করেছিলাম। দিনের বেলা আমি শুধু বাঙ্গালী সেনাদের চুলকাটা, পোশাক ও আচরণ পরীক্ষা করে দেখতাম। এদেরকে সংশোধনের অছিলায় শাস্তি হিসাবে অস্ত্রাগার প্রহরার অতিরিক্ত ডিউটি দিতাম। অধিকাংশ ক্ষেত্রে রাতের এই ডিউটি পড়তো। ফলে অস্ত্রাগারের কাছে আর কোন পশ্চিম পাকিস্তানীর থাকার দরকার হতো না। আমার এই ব্যবস্থা খুবই কাজে লেগেছিলো।

তখন রাত ১০টা। আমি আমার অফিসের বারান্দায় অস্থিরভাবে পায়চারি করছি। ভীষণ ক্ষুধা বোধ করছিলাম। উত্তেজনায় গলা শুকিয়ে যাচ্ছিল। পানি পর পর দুগ্লাস খেয়ে দেখলাম। সৈন্যদের ইতিমধ্যে অস্ত্রশস্ত্র দেয়া হয়ে গেলো। নৌ-বাহিনীর সদর দফতর থেকে কোন হামলা হলে তা প্রতিরোধ করার জন্য দুটি প্লাটুন এর মধ্যেই সেদিকে পাঠানো হয়েছিলো। আমি পশ্চিম পাকিস্তানি সবচাইতে সিনিয়র জেসিও সুবেদার মেজর ইতবার-এর জন্য অপেক্ষা করছিলাম।

কোনরূপ সন্দেহ না করেই সুবেদার মেজর আমার অফিস রুমে প্রবেশ করলেন। আমি তাকে বসতে বললাম। তারপর বললাম, "সুবেদার-মেজর সাহেব, আপনি তো ঘুমাচ্ছিলেন। শহরে কি ঘটেছে জানেন কিছু?"

''না স্যার''- সরলভাবেই তিনি জবাব দিলেন। আসলেও তিনি কিছু জানতেন না। তিনি শুধু দেখছেন যে, সৈন্যরা অস্ত্রশস্ত্রে সজ্জিত হচ্ছে এবং তিনি এটাকে আমার নেতৃত্বে অভ্যন্তরীন নিরাপত্তা ডিউটির অঙ্গ বলে মনে করেছিলেন। পাকিস্তানী কর্তৃপক্ষ গণহত্যা পরিকল্পনার কঠোর গোপনীয়তা রক্ষা করায় ব্রিগেডিয়ারের নিচের পদের খুব কমই এ ব্যাপারে জানতে পারে। মাত্র কয়েকজন লেফটেন্যান্ট কর্নেল এ ব্যাপারে জানতে পেরেছিলেন। এ কড়াকড়ি গোপনিয়তা প্রকারান্তরে আমাদেরই কাজে লেগেছিলো।

সুবেদার-মেজর হঠাৎ চোখ কচলে দেখলেন পাশের বিশ্রাম কক্ষ থেকে চারজন সৈন্য বেরিয়ে এসে রাইফেলের বেয়োনেট তাঁর বুকের ওপর ধরেছে। আমি তখন দৃঢ়কণ্ঠে বললাম, "সুবেদার-মেজর সাহেব, আপনাকে গ্রেফতার করা হলো। চীৎকার কিংবা পালাবার চেষ্টা করলেই প্রাণ হারাবেন।"

তাঁর হাত বেধেঁ বিশ্রাম কক্ষে নিয়ে যাওয়া হলো। এভাবেই অত্যন্ত গোপনীয়তার সঙ্গে সকল পশ্চিম পাকিস্তানী জেসিওকে গ্রেফতারের পালা শেষ হলো। এ গোপনীয়তা রক্ষা না করলে আমাদের সমস্ত পরিকল্পনা ভেস্তে যেতো। এ ক্ষেত্রে আমাদের অবস্থান সুদৃঢ় হবার আগেই পাকিস্তান সেনাবাহিনী কিংবা নৌবাহিনীর লোকেরা আমাদের আক্রমণ করে বসতো।

এর কিছু পরেই ই-পি-আর সিগন্যাল কোম্পানীর দায়িত্বে নিয়োজিত অবাঙ্গালী জেসিও সুবেদার মোবিনকে আমার কক্ষে ডাকলাম। ইতিমধ্যে পশ্চিম পাকিস্তানী ই-পি-আর সেনারা কিছু একটা ঘটেছে বলে আচ করে ফেলে। কিন্তু নিরস্ত্র অবস্থায় তাদের আর কিছু করার ছিলো না। কেননা, গোটা এলাকা আমাদের সৈন্যরা আগেই ঘেরাও করে ফেলেছিলো।ঃ

সুবেদার অফিসে ঢুকতেই দেখি সে খুব অতঙ্কিত। ঠিক এ সময়ে মেজর ইকবালের টেলিফোন এলো। আমি রিসিভার তুলে ধরতেই ওপাশ থেকে তিনি বললেন, হ্যালো রফিক এতো রাতে ওখানে কি করছেন?

''এখানকার গার্ডরা সতর্ক আছে কিনা, দেখতে এসেছি।''

''আচ্ছা। মুহুর্তের জন্য তিনি থামেন, তারপর হঠাৎ প্রশ্ন করেন, সুবেদার মোবিন কোথায়?''

''তিনি হয়তো রুমে ঘুমাচ্ছেন। কথা বলবেন তাঁর সাথে?''

''হ্যা, দয়া করে টেলিফোনটা তাকে দিন না।''

''আমি এক্ষুনি তার কাছে লোক পাঠাচ্ছি। তিনি এলেই আপনাকে ফোন করতে বলবো।'' সন্দেহ নিরসনের জন্য আমি আরো কিছুক্ষন তার সাথে আলাপ চালিয়ে যাই, সৈন্যরা ডিউটি দিচ্ছে কিনা তা কয়েকটি জায়গায় দেখে এসেছি, সবকিছু ঠিক আছে।''

এরপর হঠাৎ তার প্রশ্ন শুনে ধাক্কা খেলাম। "কিন্তু ক্যাপ্টেন হায়াতের টেলিফোন কেউ ধরছে না কেন?"

''ওহ! ওর টেলিফোনটা খারাপ। এইমাত্র ওর ওখান থেকে এলাম। সুন্দর এক কাপ চা খাওয়ালো।''

''ইয়ার! কভি হামকো ভি লে চলো চায়ে পিনে কে লিয়ে। মেজর ইকবাল বললেন।''

''কালকেই নিয়ে যাব।''

এরমধ্যে চারজন সিপাই সুবেদার মোবিনকে বেধে ফেললো। বাইরের কেউ জানতেও পারলো না আমার রুমে কি ঘটছে। মেজর ইকবাল টেলিফোন রেখে দিলেন। আমি একটি বেয়োনেট চেয়ে নিয়ে সুবেদার মেজরের গলায় ধরে বললাম, আমার অধীনে এতদিন কাজ করে নিশ্চয়ই বুঝেছেন আমি কেমন। এখনই মেজর ইকবালের সাথে আপনাকে কথা বলতে হবে- আমি যেভাবে বলবো ঠিক সেভাবেই জবাব দিয়ে কথা না বললে মেরে ফেলবো। বুঝতে পারছেন?

ভয়ে কাঁপতে কাঁপতে আমার কথায় তিনি সম্মতি জানালেন। আমি ইকবালের নম্বরে ডায়েল করে সুবেদার মোবিনের কানের কাছে রিসিভার ধরলাম। ওপাশের কথা শোনার জন্য আমি মাথা নীচু করে রিসিভারের কাছে কান রাখলাম।

''হ্যালো স্যার, আমি সুবেদার মোবিন বলছি।''

''মোবিন সাহেব, আপনার কাছে আর কেউ আছে কি? মেজর ইকবাল প্রশ্ন করেন। আমি মাউথ পিসে হাত চাপা দিয়ে মোবিনকে বলতে বললাম। বুলন এখানে কেউ নেই। সুবেদার আমার নির্দেশ মত তাই বললেন।

''কিন্তু ক্যাপ্টেন রফিক তো ওখানে ছিলেন, কোথায় গেলেন তিনি। এবারও আমি টেলিফোন চেপে ধরে তাকে যেভাবে বলতে বললাম তিনি সেভাবেই জবাব দিলেন, ক্যাপ্টেন রফিক এই মাত্র সুবেদার মেজর ইতবারকে নিয়ে কোথায় যেন বেরিয়ে গেলেন।''

''কোই গড়বড়?''

''না স্যার। সব কুছ ঠিকঠাক হ্যায়। সুবেদার মোবিন অত্যান্ত অনুগত জবাব দিলেন।

''বহুত আচ্ছা! আজ রাতের জন্য আপনিই ডিউটি অফিসার। টেলিফোনের পাশেই অপেক্ষা করবেন। চারদিকে সতর্ক দৃষ্টি রাখবেন।''

''ঠিক হ্যায় স্যার-''

বিরাট একটা দুশ্চিন্তা কেটে গেলো। বন্দী সুবেদার মোবিনের প্রহরায় একজন বাঙ্গালী জেসিওকে রাখা হলো যাতে সে আবার টেলিফোনে কিছু উল্টাপাল্টা বলতে না পারে।

রাত ১০টা ৪৫ মিনিটের দিকে সিনিয়র বাঙ্গালী জেসিও সুবেদার জয়নাল খবর দিলেন যে, কাজ শেষ হয়েছে। এর মধ্যে আমরা চট্টগ্রাম শহরে ই-পি-আর এর সকল পশ্চিম পাকিস্তানী সৈন্য আটক করতে সক্ষম হলাম। সীমান্ত ফাড়িগুলোতেও আমার সাংকেতিক বার্তা দুটি পৌঁছে গেছে বলে খবর পেলাম। বার্তা দুটি পেয়েই রাত ৮টা ৪০মিনিট থেকে ৯টা ৩০মিনিটের মধ্যে তারা সব ফাড়ির পশ্চিম পাকিস্তানী সৈন্যদের পরাভুত করা হয়। ২৪শে মার্চের রাতে যখন আমি দ্বিতীয় বার্তাটি স্থগিতে রাখতে বলি, সে নির্দেশ পাওয়ার আগেই প্রথম নির্দেশ অনুযায়ী কয়েকটি ফাঁড়িতে বাঙ্গালী সেনারা কাজ সমাধা করে ফেলে। পরে অবশ্য দ্বিতীয় বার্তাটি স্থগিত হয়ে গেলে তারা আর চট্টগ্রামের দিকে রওনা হয়নি।

২৫শে মার্চ রাতে দ্বিতীয় বার্তায় চুড়ান্ত নির্দেশ লাভের পর অনেক সেনাদলই চট্টগ্রামের দিকে রওনা হয়ে পড়ে।

এদিকে চট্টগ্রাম শহরের বিচ্ছিন্ন প্লাটুনগুলো খবর পেয়ে লড়াই কেন্দ্রগুলোর দিকে এগোচ্ছিলো। শুধু বিমানবন্দরের প্লাটুনটির সঙ্গে যোগাযোগ করা গেল না। এটা আমার জন্য খুবই বিপদের কারণ ছিলো। কেননা, পরিকল্পনা মোতাবেক শত্রুরা যাতে বিমান বন্দর ব্যাবহার না করতে পারে তার দায়িত্ব ছিলো এই প্লাটুনের ওপর। এখান দিয়ে সৈন্য আনা-নেয়া বন্ধ করতে পারলে বিমান বন্দর, পোর্ট এবং নৌ-বাহিনীর সদর দফতরসহ সমগ্র এলাকায় আমাদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা সহজতর হতো। বিমানবন্দরের টেলিফোন এক্সচেঞ্জ অপারেটরকে গোপনে চবিবশ ঘন্টা লাইন চালু রাখার জন্য নির্দেশ দিয়েছিলাম। কিন্তু ২৫শে মার্চ সন্ধ্যার পরই নৌ-বাহিনীর সদর দফতরের সৈন্যরা গোপনে বিমানবন্দরে গিয়ে পুরো প্লাটুনের লোকদের গ্রেফতার করে ফেলে। ফলে এখানে আমাদের বড় একটা ক্ষতি হয়ে যায়।

উপকূলীয় বাধ বারবার শত্রু সৈন্যর চলাচল প্রতিরোধ করার জন্য দুটি প্লাটুনকে পাঠানো হলো। একটি কোম্পানী রেলওয়ে হিল প্রতিরক্ষার দায়িত্বে রইলো। প্রায় ১০০ সৈন্যকে দুই অথবা তিনজনের ছোট ছোট দলে ভাগ করে আগ্রাবাদ রোড এবং অন্যান্য গুরুত্বপূর্ন এলাকার মোড়ে মোড়ে লড়াইয়ের জন্য মোতায়েন কর হলো। বাকী সৈন্যদের হালিশহরেই সংরক্ষিত রাখ হলো- যাতে কোথাও বিপদ দেখা দিলে তারা সেদিকে যেতে পারে। রামগড়ের সৈন্যদের কাছে পাঠানো বার্তায় তাদেরকে ফেনী নদীর ওপর শুভপুর সেতু ধ্বংস করে সেখানে একটি কোম্পানীকে প্রতিরক্ষামুলক ব্যবস্থায় অবস্থান গ্রাহণ করতে এবং অবশিষ্ট সৈন্যদেরকে প্রধান সড়ক দিয়ে চট্টগ্রাম চলে আসতে বলা হয়েছিলো।

হালিশহর ত্যাগের আগে বন্দীদের একটি ভবনে কঠোর প্রহরাধীনে রাখার এবং শেষ পর্যন্ত যুদ্ধ করে যাওয়ার জন্য নির্দেশ দিয়ে রাত ১১টা ৪৫মিনিটের মধ্যে আমি রেলওয়ে হিলের সদর দফতরে পৌঁছলাম। এখানে পৌঁছে নৌ-বাহিনীর সদর দফতর, পোর্ট এলাকা এবং বিমানবন্দরের ওপর আক্রমণ চালানোর উদ্দেশ্যে সীমান্ত এলাকার সৈন্যদের জন্য অপেক্ষা করতে লাগলাম। আমি ভেবেছিলাম ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টার এবং ষোলশহরে মোতায়েন ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙ্গলী সৈন্যরা ক্যান্টনমেন্ট দখল করতে সক্ষম হবে। রেজিমেন্টাল সেন্টারের কমান্ডে ছিলেন লেঃ কর্নেল চৌধুরী এবং ৮ ইস্ট বেঙ্গল ছিলেন মেজর জিয়াউর রহমান। এ দুজায়গায় বাঙ্গালী সৈন্যদের সংখ্যা ছিলো প্রায় ২০০০ এবং পশ্চিম পাকিস্তানী সৈন্য ছিলো আনুমানিক ৪০০।

রাত তখন ১১টা ৩০ মিনিট। হঠাৎ ২০ বালুচ রেজিমেন্টের সৈন্যরা ব্যারাক থেকে বেরিয়ে ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের বাঙ্গালী সৈন্যদের ওপর হামলা চালালো। অস্ত্রাগারের গার্ডদের হত্যা করে প্রথমে তারা সেগুলো দখল করে। অন্যান্য বাঙ্গালী সৈন্য তখনও ঘুমিয়ে ছিলো। অস্ত্রাগার দখলের পরই পাকিস্তানী সৈন্যরা নির্বিচার হত্যালীলায় মেতে ওঠে। সে রাতে তারা এক হাজারেরও বেশি বাঙ্গালী সৈন্যকে হত্যা করে। এরপর তারা বাঙ্গালী সৈন্যদের আবাসিক কোয়ার্টারগুলোতে ঢুকে পড়ে এবং অস্ত্রের মুখে যাকে পায় তাকেই হত্যা করতে থাকে। নারী ও শিশুদের বেয়োনেট দিয়ে খুচিয়ে মারা হয়।

এই হত্যালীলা থেকে যেসব বাঙ্গালী সৈন্য জীবন রক্ষা করতে পেরেছিলো তারা চারদিকে দৌড়াতে শুরু করে। কেউ কেউ আমার দফতরে এসে সেই লোমহর্ষক ঘটনার বিবরণ দেয়। অন্যারা ষোলশহরস্থ ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের দিকে ছুটে যায়। এই রেজিমেন্টের অধিকাংশ অফিসার এবং সকল সৈন্য ছিলো বাঙ্গালী।

কিছুসংখ্যক সৈনিক ক্যান্টনমেন্ট থেকে পালিয়ে ষোলশহরে ৮ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সঙ্গে রাত প্রায় একটার দিকে যোগাযোগ করে সেনানিবাসে আক্রান্ত বাঙ্গালী সৈনিক এবং তাদের পরিবারবর্গের প্রাণ রক্ষায় এগিয়ে যাবার জন্য তাদেরকে অনুরোধ জানায়। সেই ভয়াবহ রাতে বাঙ্গালী অফিসার ক্যাপ্টেন এনাম সেনানিবাস থেকে পালাতে সক্ষম হয়েছিলেন।

ইতিমধ্যে রেলওয়ে হিলে প্রতিরক্ষায় আমার ই-পি-আর প্লাটুনগুলোকে সুসংগঠিত করে যুদ্ধ পরিচালনার জন্যে এই পাহাড়েরই একটিন আবাসিক ভবনের নিচতলায় আমার সদর দফতর স্থাপন করলাম।

এই ভবনে রেলওয়ে অফিসারদের কয়েকটি পরিবার বাস করতেন। রেলওয়ে হিলে অবস্থান নিতেই সেখানকার অফিসার এবং তাদের পরিবারবর্গ অত্যন্ত উৎসাহের সঙ্গে আমাদের সাহায্য করতে এগিয়ে এলেন। তারা গাড়ি থেকে আমাদের জিনিসপত্র নামাতে পাহাড়ের উপর আত্মরাক্ষামুলক ট্রেঞ্চ খুড়তে, নতুন টেলিফোন লাইন স্থাপন করতে এবং আমাদের সৈনিকদের খাবার তৈরীতে প্রভূত সাহায্য করেন।

আগেই কোথায় কোথায় ট্রেঞ্চ খুড়তে হবে তা দেখে রেখেছিলাম এবং কয়েকজন জেসিওকে স্থানগুলো গোপনে দেখিয়েছিলাম। সৈনিকরা যথাস্থানে ট্রেঞ্চ খুঁড়ছে কিনা তা দেখার জন্য রেলওয়ে হিলের চারদিক ঘুরলাম। পূর্বনির্ধারিত পাহাড়ের ঢালে ৩ ইঞ্চি মর্টার স্থাপন করা হলো। রেলওয়ে হিলে আরও কয়েকটি ভবনে বহুসংখ্যক অফিসার তাদের পরিবারবর্গকে অন্য কোন নিরাপদ স্থানে পাঠিয়ে দেয়ার জন্য অনুরোধ জানালাম। আমাদের কথামত অফিসারদের পরিবারবর্গকে অন্যত্র নিরাপদ স্থানে পাঠিয়ে দেয়া হলেও অধিকাংশ রেলওয়ে অফিসার এবং তাদের বয়স্ক পুত্রসন্তান ও পুরুষ আত্মীয়রা পাক সেনাদের বিরুদ্ধে যুদ্ধে আমাদের সাহায্য করার জন্য পাহাড়েই থেকে গেলেন। ইতিপূর্বে খবর পেয়েছিলাম চট্টগ্রামের সকল সীমান্তবর্তী ফাড়ির ই-পি-আর সৈনিকরা অবাঙ্গালী সৈন্যদের নিরস্ত্র করে আমার সঙ্গে পাক সেনাদের বিরুদ্ধে যুদ্ধে যোগ দেয়ার জন্য চট্টগ্রাম শহরের উদ্দেশ্যে রওনা হওয়ার প্রস্তুতি নিচ্ছে। এদিকে কেবলমাত্র নৌ-সদর দফতর এবং সেনানিবাস ছাড়া সমগ্র চট্টগ্রাম শহর এলাকা, হালিশহরস্থ ই-পি-আর লাইন এবং ই-পি-আর সদর দফতর তখন আমাদের পূর্ন নিয়ন্ত্রনে। আমি ভেবেছিলাম ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এবং ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের সৈনিকদের নিয়ে মেজর জিয়া এবং লেঃ কর্নেল চৌধুরী সেনানিবাস আক্রমণ করবেন এবং আক্রমণে নিশ্চয়ই তারা সফলতা অর্জন করবেন। পাক সেনাদের বিরুদ্ধে সশস্ত্র কাযক্রম গ্রহণের উদ্দেশ্যে রাত ৮টা ৩০ মিনিটে যখন আমি সারসন রোডের বাসভবন ত্যাগ করি তখনই ডাঃ জাফর এবং জনাব কায়সারকে বলেছিলাম ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্টকে তারা যেন খবরটি জানিয়ে দেন। তারা আমার যুদ্ধ শুরু করার কথা এই রেজিমেন্টকে জানিয়েছিলেন। বলা প্রয়োজন যে, ঐ রাতে প্রায় ২ ঘন্টা সময়ের মধ্যে হালিশহর এবং চট্টগ্রাম নগরীর অন্যান্য এলাকার ৫০০ অবাঙ্গালী সৈনিক, জেসিও এবং কয়েকজন ই-পি-আর অফিসারকে আমরা নিরস্ত্র করতে পেরেছিলাম। আমার অধীনস্থ ই-পি-আর সৈনিক ও জেসিওদের সাহসিকাপূর্ণ কার্যক্রমের পূর্ণ গোপনীয়তা সুষ্ঠু পরিকল্পনার জন্যই অবাঙ্গালী সৈনিক ও অফিসারদের নিরস্ত্র করা সম্ভব হয়েছিলো।

প্রাথমিক সাফল্যের পর রাত ১১টা ৪৫ মিনিটে দিকে আমি ৮ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এবং ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের সৈনিকদের সাফল্যের খবর শোনার জণ্য অধীর আগ্রহে অপেক্ষা করছিলাম আর ভাবছিলাম নিশ্চয়ই তারাও ২০ বালূচ রেজিমেন্টাক ইতিমধ্যে নিরস্ত্র করতে পেরেছেন। প্রথমিক সাফল্যের পর পরই সদর দফতর এবং বিমানবন্দর দখলের জন্যে আমি আমার সীমান্ত ফাঁড়ির ই-পি-আর সৈনিকদের আগমন অপেক্ষায় উন্মুখ ছিলাম।

ইত্যবসরে আমি বেতার কেন্দ্র, টেলিফোন একচেঞ্জ আক্রমণ ও দখল করার উদ্দেশ্যে আমার সৈন্যদের পাঠালাম। আমার এই রেলওয়ে হিল দফতরের ঠিক উল্টোদিকেই ছিলো নৌ-বাহিনীর যোগাযোগ কেন্দ্র। এখান থেকে পরিস্কার দেখা গেলো কয়েকজন পাকিস্তানী নৌ-সেনা ওখানে ঘোরাফেরা করছে। ঠিক এই সময়ে নৌ-বাহিনীর একটি গাড়ি আগ্রাবাদের দিকে এগিয়ে গেলো। আমার মর্টার জেসিও সুবেদার আইজুদ্দিন গাড়ি দেখেই তাঁর অবস্থান থেকে দৌড়ে এসে বললো, "স্যার, গাড়িতে কয়েকজন নৌ-সেনা রয়েছে। দেবো নাকি শেষ করে?"

আমি বললাম, "না, এখন নয়। এটা বোধ হয় পর্যবেক্ষণ গাড়ী। রাস্তা পরিস্কার আছে কিনা দেখার জন্য এসেছে। মনে হয় সৈন্যদের আরো বড় দল এই রাস্তায় আসবে। সেই লক্ষ্যবস্তুই হবে আমাদের জন্য উত্তম। একসংগে অনেক লোককে পেয়ে যাবো।" একটু পরেই আরেকটি গাড়ি একই পথে চলে গেলো। কিন্তু সৈন্যদের বড় দলটি আর এলো না। মিনিট দশেক পর দু'টি গাড়ীই ফিরে এলো এবং ক্যান্টনমেন্টের দিকে চলে গেলো।

পরবর্তীকালে জানতে পেরেছিলাম, প্রথম গাড়িতে করে মেজর জিয়া পোর্টের দিকে যাচ্ছিলেন। তার কমান্ডিং অফিসার লেঃ কর্নেল জানজুয়ার নির্দেশে এম, ভি, সোয়াত জাহাজ থেকে অস্ত্রশস্ত্র নামিয়ে ক্যান্টনমেন্টে আনার জন্য তিনি রওনা হয়েছিলেন। স্ট্যান্ডার্ড ব্যাংকের চট্টগ্রামস্থ নিউ মার্কেট শাখার ম্যানেজার জনাব কাদের যখন আমার বার্তা নিয়ে ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের দফতরে যান তার আগেই মেজর জিয়া তার কমান্ডিং অফিসারের আদেশে ষোলশহর থেকে বেরিয়ে পড়েন। রেজিমেন্টের ডিউটি অফিসার আমার বার্তাটি পান। খবর পেয়েই ক্যাপ্টেন খালেকুজ্জামান মেজর জিয়াকে থামানোর জন্য পোর্টের দিকে রওনা হয়ে যান। ২৫শে মার্চ রাত তখন প্রায় সাড়ে ১১টা। ২০ বালুচ রেজিমেন্টের সৈন্যরা এই মধ্যে ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের ওপর হামলা চালায়। ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সৈন্য ও অফিসারবৃন্দ তখনো এ খবর জানতে পারেননি। পুর্বে উল্লেখিত দ্বিতীয় গাড়িতে ছিলেন ক্যাপ্টেন খালেকুজ্জামান। আগ্রাবাদ পর্যন্ত গিয়ে মেজর জিয়াকে সামনে এগিয়ে যাওয়ার জন্য ব্যারিকেড পরিস্কার করছিলেন। খালেকুজ্জামান মেজর জিয়াকে সর্বশেষ পরিস্থিতির কথা জানালে মেজর জিয়া ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট লাইনে ফিরে আসার এবং তার অফিসারদের সঙ্গে পরবর্তী করনীয় সম্পর্কে আলোচনার সিদ্ধান্ত নেন। মেজর জিয়াকে বহনকারী প্রথম গাড়িটি দেখেই নায়েব সুবেদার আইজুদ্দিন উত্তেজিত হয়ে আক্রমন করতে চেয়েছিলো। রেলওয়ে হিলের পাশের এই সড়কের অনেকখানি আমাদের এল-এম-জি এবং রকেট লাঞ্চারের সুনির্দিষ্ট আওতার মধ্যে ছিল। আমরা ধৈর্য্য না ধরলে মেজর জিয়া এবং ক্যাপ্টেন খালেকুজ্জামানকে বহনকারী গাড়ি দুটি রকেট লাঞ্চারের গোলায় উড়ে যেতো। আরো বড় শিকারের জন্য অপেক্ষা করেছিলাম বলেই অলৌকিকভাবে সেদিন তারা দুজন বেঁচে গিয়েছিলেন।

ইউনিট লাইনে ফিরে মেজর জিয়া এবং তার অফিসাররা কমান্ডিং অফিসারসহ অবাঙ্গালী অফিসারদের গ্রেফতার করার সিদ্ধান্ত নেন। অবাঙ্গালী অফিসারদের গ্রেফতার পর্ব শেষ হবার পরই তাদের কাছে ক্যান্টনমেন্টের হত্যাকান্ডের খবর পৌঁছে।

৮ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের একজন অফিসার পরে স্বীকার করেছিলেন, "ক্যান্টনমেন্টের ঘটনার ব্যাপারে মতদ্বৈধতা দেখা দেয়। রেজিমেন্টের তরুন অফিসারদের কয়েকজন তখনই ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের সৈনিকদের জীবন রক্ষায় ছুটে যেতে চান। অন্যরা ২১০ বালুচ রেজিমেন্টকে আক্রমন করাকে আত্মঘাতী হবে বলে মত প্রকাশ করেন। এই মতপার্থক্যের ফলেই শেষ পর্যন্ত সিদ্ধান্ত নেয়া হয় যে, এই পর্যায়ে ক্যান্টনমেন্টের দিকে যাওয়া কিংবা ২০ বালুচ রেজিমেন্টের বিরুদ্ধে অস্ত্র ধরা বোকামি হবে। এরপর ঐ রাতেই আমরা ষোলশহর ত্যাগ করে পটিয়ার দিকে অগ্রসর হই।"

এদের এই পদক্ষেপ সম্পর্কে আমি আগে কিছুই জানতাম না। ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এবং ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারে যাকে দিয়ে খবর পাঠিয়েছিলাম সেই ডাঃ জাফর ফিরে এলে সব জানতে পারলাম। কিছুটা অধৈর্য্য হয়ে ডাঃ জাফরকে জিজ্ঞেস করলাম, "আপনি কি এদের সাথে যোগাযোগ করতে পারেননি?"

"আপনার খবর তো ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট পৌঁছে দিয়েছি। তবু তারা শহর ছেড়ে চলে যাচ্ছে। রেজিমেন্টাল সেন্টারের সাথে যোগাযোগ করতে পারিনি"।- ডাঃ জাফর জবাব দিলেন।

"দয়া করে এক্ষুনি যান, গিয়ে ওদেরকে থামান। এখন সবকিছুই আমাদের নিয়ন্ত্রণে। ওদের সাথে সম্মিলিতভাবে বাকী জায়গাগুলোও আমরা মুক্ত করতে পারবো। আজকের রাতই সব চাইতে গুরুত্বপূর্ণ।"

\ সশস্ত্র প্রতিরোধ \

চট্টগ্রাম, ২৬শে মার্চ। আমার দফতরে টেলিফোনে খবর এলো যে পাকিস্তানী সেনারা নৌ-ঘাঁটি থেকে অগ্রসর হয়ে হালিশহরে আমাদের প্রতিরক্ষা ব্যূহের ওপর আক্রমন চালিয়েছে। ই-পি-আর ট্রাপস এই আক্রমণ প্রতিহত করে। শত্রুদের প্রচুর হতাহত হয়। পাকিস্তানীরা হালিশহরে কোন বাধা আশা করেনি। সংগঠিত প্রতিরোধ মোকাবিলার জন্য তারা প্রস্তুতই ছিলো না। তাদের অগ্রবর্তী দলটি হালিশহরের প্রথম প্রতিরক্ষা ব্যূহের সম্মুখীন হতেই আমাদের সৈনিকরা পাকিস্তানীদের লক্ষ্য করে গুলি চালালো। পাকিস্তানীরা ঘটনার আকস্মিকতায় বিমূঢ় হয়ে পড়ে। বহু সংখ্যক হতাহত হলো। অবশেষে তারা পিছু হটতে বাধ্য হলো। এ সময়ে অপর এক টেলিফোনে জানলাম, ৮০ থেকে ১০০টি যানের বিরাট একটি কনভয় কুমিল্লা থেকে চট্টগ্রামের পথে রওনা হয়েছে। কুমিল্লা থেকে মেজর বাহার চট্টগ্রাম টেলিফোন অপারেটরকে একথা জানালে সে তৎক্ষণাৎ আমাকে তা অবহিত করে। সংবাদ পাওয়ার পরপরই আমি পাকিস্তানী কলামটিকে এ্যামবুশ করার জন্যে একজন জেসিওর নেতৃত্বে হালিশহর থেকে এক কোম্পানী সৈন্য পাঠালাম। হালকা মেশিনগান এবং ভারী মেশিনগান ছাড়াও কোম্পানীটির সাথে ছিলো ৩'' মর্টার ও রকেট লাঞ্চার। অপারেশনাল কমান্ডার সুবেদার মুসা যাত্রার প্রাক্কালে আমাকে টেলিফোন করে বললেন। আমাদের সাফল্যের জন্য দোয়া করবেন স্যার।

সকল দেশবাসী আপনাদের জন্য দোয়া করছে। যুদ্ধ চালিয়ে যান, মাতৃভূমিকে মুক্ত করুন। আমার গলার স্বর ছিলো আবেগে উদ্বেলিত।

কুমিল্লা থেকে চট্টগ্রামগামী শত্রুপক্ষে ছিলো ২৪ ফ্রন্টিয়ার ফোর্স রেজিমেন্ট ও ফিল্ড ইঞ্জিনিয়ারদের একটি অংশ এবং তাদের সঙ্গে ১২০ মিলিমিটার মর্টারবাহী একটি দল। ২৬শে মার্চ রাত ১টার দিকে তারা চট্টগ্রামের পথে কুমিল্লা ক্যান্টনমেন্ট ত্যাগ করে। কুমিল্লা থেকে চট্টগ্রামের দুরত্ব একশ মাইলের কিছু বেশি। তাদের পথে বহুসংখ্যাক কালভার্ট এবং ছোট ছোট সেতু ছিল। সৈন্য চলাচলে বাধাদানের জন্যে পূর্বেই জনসাধারন এগুলোর অধিকাংশ ভেঙ্গে ফেলেছিলো। তাই পাকিস্তানী কলামটিকে অনেক ক্ষেত্রে মুল রাস্তা ছেড়ে ঘুড়ে ধীরে ধীরে অগ্রসর হতে হচ্ছিল। একই সাথে ফিল্ড ইঞ্জিনিয়ারের সৈনিকরা সেতুগুলো মেরামতও করে চলছিলো। যা হোক, পূর্ব পরিকল্পনা অনুযায়ী শুভপুরে সেতুর ব্যাপক ক্ষতি সাধন করে রাখা হয়েছিলো। কুমিল্লাস্থ ৫৩ ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার ইকবাল শফি নিজেই সমগ্র কলামের নেতৃত্বে ছিলেন। শুভপুর সেতু মেরামত করতে সময় লাগবে দেখে ব্রিগেড কমান্ডার পদাতিক সেনাদের নিয়ে নদী পার হয়ে চট্টগ্রামের পথে রওনা হলেন এবং পিছনে রেখে গেলেন মর্টার এবং ইঞ্জিনিয়ার ইউনিটকে। তাদের বলে গেলেন সেতু মেরামত করতে তারা যেন অগ্রবর্তী দলের সঙ্গে যোগ দেয়। সুর্য তখন অস্তপ্রায়। ব্রিগেডিয়ার ইকবাল শফি এবং তার বাহিনী চট্টগ্রাম থেকে ১৪ মাইল দূরে কুমিরায় পৌঁছে গেলেন।

এদিকে ইপিআর সেনারা স্বয়ংক্রিয় অস্ত্র রাস্তার পূর্ব পাশের একটি উচু জায়গায় এ্যামবুশ করে বসেছিলো। রাস্তার পশ্চিমে কিছু দুরেই সাগর। উচু জায়গাটি থেকে রাস্তা এবং সাগর বেশ পরিস্কার দেখা যাচ্ছিল। বড় সেতুগুলোর কষ্টসাধ্য বাধা পেরিয়ে আসতে পেরে ব্রিগেডিয়ার ইকবাল শফি খুব খুশী ছিলেন কারণ সেতুগুলো পুরোপুরি ধ্বংস হলে তাদের পক্ষে সেতু পার হওয়া সম্ভব হতো না। সমস্যার মুহুর্তে কুমিরায় পৌঁছে তিনি ধরেই নিয়েছিলেন যে আর মাত্র মিনিট পয়তাল্লিশের মধ্যেই চট্টগ্রামের পশ্চিম পাকিস্তানী সেনাদের সঙ্গে মিলিত হতে পারবেন এবং তারপরই নামতে পারবেন বাঙ্গালীদের শায়েস্তা করতে। কিন্তু হঠাৎ করেই তিনি জীবনের সর্ববৃহৎ চ্যালেঞ্জের মুখোমুখি হলেন। ইপিআর সেনাদের এ্যামবুশে তিনি এবং তার প্রায় অর্ধেক সৈন্য দিশেহারা হয়ে পড়লো।

এই এ্যামবুশে পাক সেনাদের হতাহতের খবর পরে পাওয়া গিয়েছিলো। লাইট মেশিনগানের ঝাঁক ঝাঁক গুলির শিকার হয়েছিলেন ২৪ ফ্রন্টিয়ার ফোর্স রেজিমেন্টের কমান্ডিং অফিসার কর্নেল শাহপুর খানসহ প্রায় ৭০

জন পাকসেনা। ধ্বংসপ্রাপ্ত যানবাহনের সংখ্যাও ছিলো প্রচুর। ব্রিগেডিয়ার ইকবাল শফি জীবন বাঁচাবার জন্যে তখন প্রাণপণে ছুটেছিলেন পাহাড়ের দিকে। কয়েকজন সঙ্গীও তাকে অনুসরন করলো। ভীতসন্ত্রস্ত সৈনিকরা হাতিয়ার, যানবাহন এবং অন্যান্য জিনিসপত্র ফেলেই প্রাণপণে ছুটছিলো। শত্রুপক্ষের পিছনের অংশ যারা আমাদের অস্ত্রের আওতার বাইরে ছিলো তারা সঙ্গে সঙ্গেই সুবিধাজনক স্থানে অবস্থান নিয়ে পাল্টা গুলিবর্ষণ শুরু করলো। এক ঘন্টারও বেশী সময় এই গুলি বিনিময় চললো। ইতিমধ্যে পাকিস্তানীদের মর্টার বহর শুভপুর সেতু অতিক্রম করে তাদের অগ্রবর্তী দলের সঙ্গে যোগ দিলো। এই সময় আমাদের সেনারা প্রায় ৩ মাইল সরে এসে পরবর্তী অবস্থানে প্রস্তুতি গ্রহণ করলো। এই ভয়াবহ সংঘর্ষে ইপিআর-এর ৫ জন গুরুতরভাবে আহত হয়।

কুমিল্লায় শত্রুর বিরুদ্ধে ইপিআর সেনাদের এই এ্যামবুশ ছিলো আমাদের স্বাধীনতার ইতিহাসে এই প্রথম সরাসরি আক্রমণ। কুমিরার ঘটনার গুরুত্ব এতই সুদুরপ্রসারী ছিলো যে, এই ঘটনা পাকিস্তানী সৈন্যদের চট্টগ্রামে অবাধে কিছু করার মূল পরিকল্পনা ব্যাহত করে দেয়। চট্টগ্রামে শত্রুদের লোকবল পর্যাপ্ত ছিলো না বলে কুমিল্লা থেকে লোকবল বৃদ্ধি ছিলো একমাত্র ভরসা। এই এ্যামবুশের পরে আমরা একটি অয়্যারলেস বার্তা শুনে ফেলি। চট্টগ্রামের জনৈক কমান্ডার ঢাকায় ৯৪ ডিভিশনের কর্নেল ষ্টাফ হেডকোয়ার্টারের সঙ্গে কথা বলছিলেন। তিনি বলছিলেন, আমাদের অনেক লোক হতাহত হয়েছে। সীতাকুন্ডের দক্ষিণে বাকি সৈন্যরা আটকা পড়ে আছে। বিমানে সৈন্য পাঠানোর অনুরোধ করছি। জরুরি ভিত্তিতে বিমানে করে হতাহতদের সরাবার ব্যবস্থা করা দরকার।

কুমিল্লায় আমারও কিছু লোক হতাহত হয়েছিলো। আমারও প্রয়োজন ছিলে নতুন সৈন্যের, অস্ত্র এবং গোলাবারুদের। সেই মুহূর্তে সীমান্ত এলাকা থেকে যে সব ইপিআর সৈন্য আসছিলো তারাই ছিলো আমার প্রধান ভরসা।

২৬শে মার্চ ভোর নাগাদ ক্যাপ্টেন হারুন শহরের পাঁচ মাইলের মধ্যে এসে পড়লেন। তাঁর সৈন্যরা উচ্চ কণ্ঠে "জয়বাংলা" শ্লোগান দিতে দিতে আসছিলো। কিন্তু শহরের উপকণ্ঠে এসেই থামতে হলো তাদেরকে। কয়েকজন সৈন্যকে শহর ছেড়ে কালুরঘাট সেতুর দিকে যেতে দেখা গেলো। কিছুক্ষণের জন্য ক্যাপ্টেন হারুন বিভ্রান্ত হয়ে পড়লেন। ভাবলেন "শত্রুরা কি তাহলে পুরোপুরি শহর দখল করে ফেলেছে?" এই ভাবনা তাঁকে কিছুটা হতবুদ্ধি করে দেয়। পরে দেখা গেলো যে, এরা বেঙ্গল রেজিমেন্টাল সেন্টার এবং ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের লোক। তারা সবাই পটিয়ার দিকে যাচ্ছিলো। শহরে ঢোকার আগে আরো নিশ্চিত হওয়ার জন্য তিনি কালুরঘাট ব্রিজ পেরিয়ে মেজর জিয়াউর রহমানের সঙ্গে যোগাযোগ করলেন। তাঁকে কালুরঘাট এলাকাতেই থাকতে বলা হলো। ফলে পূর্ব পরিকল্পান অনুযায়ী শহরের যুদ্ধে আমার সঙ্গে যোগ দেয়া তার পক্ষে আর সম্ভব হলো না।

কক্সবাজারে ইপিআর কোম্পানীর কমান্ডার ছিলেন সুবেদার মফিজ। তিনি দুটি ইপিআর কোম্পানী নিয়ে আমার সঙ্গে যোগ দেওয়ার জন্য কক্সবাজার ত্যাগ করেছিলেন। তাকেও কালুরঘাট এলাকায় থামিয়ে সেখানেই আত্মরক্ষামূলক অবস্থান গ্রহণ করতে বলা হয়। তিনি পরে আমাকে বললেন। আপনার সাথে যোগ দিতে পারিনি এটা আমার ত্রুটি ছিলো না। মেজর জিয়া আমাকে কালুরঘাটে থামিয়ে দিয়েচিলেন। আমি তাকে আপনার নির্দেশের কথা জানালে তিনি আমাকে জানান শহরে কেউ নেই। অবশ্য পরে দেখা গেলো আপনি তখনো শহরে যুদ্ধ করে চলেছেন।

আমরা তখনো শহর ছাড়িনি। বিভিন্ন জায়গায় প্রচন্ড লড়াই হচ্ছিলো। কিন্তু ঘটনাবলী শহরের পরিস্থিতিকে যেদিকে নিয়ে যাচ্ছিলো তা মোটেই আমার জন্য অনুকুল ছিলো না।

কক্সবাজার এবং কাপ্তাই থেকে যে সৈন্যরা আসছিলো কালুরঘাট ব্রিজের কাছে তাদের থামিয়ে দেয়া হচ্ছিলো। কুমিরায় প্রধান সড়ক বরাবর প্রচন্ড সংঘর্ষের দরুন রামগড়ের সৈন্যরা আসতে পারছিলো না। শহরে

যে ক'জন সৈন্য ছিলো শুধু তাদের সম্বল করে যুদ্ধ চালিয়ে যাওয়া ছাড়া আমার আর গত্যন্তর ছিলো না। নৌ-বাহিনীর সদর দফতর এবং পোর্ট মুক্ত করার পরিকল্পনা ভেস্তে গেলো।

বেলা ৯টা নাগাদ অনেক উঁচু দিয়ে শহরে হেলিকপ্টার ঘোরাঘুরি শুরু করলো। কয়েক জায়গায় জনসাধারণ সেগুলোর দিকে বন্দুকের গুলি ছুড়লো। বিরাটাকায় সি-১৩০ বিমানগুলো ঢাকা থেকে সৈন্য আনতে থাকলো। অসহায়ভাবে তবু আমরা সেই অবস্থান আকড়ে রইলাম। আমাদের প্রচেষ্টা ছিলো, ক্যান্টনমেন্ট এবং নৌ-বাহিনীর সদর দফতর থেকে শত্রুদের বেরোতে না দেয়া। কিন্তু ইষ্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের অধিকাংশ সৈন্য নিহত হওয়ায় এবং ৮ বেঙ্গল রেজিমেন্ট শহর ত্যাগ করায় ওদিক দিয়ে পাকিস্তানী সৈন্যদের বেরোনো সহজতর হয়ে উঠেছিলো। ঘটলোও তাই। ট্যাংকের ছত্রছায়ায় ২০ বালুচ রেজিমেন্টের সৈন্যরা ক্যান্টনমেন্ট থেকে বেরিয়ে পড়লো।

নৌ-বাহিনী সদর দফতরের পাকিস্তানী সৈন্যরা অবশ্য তখনো আটকা অবস্থায়। সমগ্র আগ্রাবাদ রোডের গুরুত্বপূর্ন স্থানগুলো ছিলো ইপিআর সৈন্যদের দখলে। হালিশহরের কাছে সুদৃঢ় প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ করেছিলাম বলে শত্রুপক্ষের একটি লোকের পক্ষেও চলাচল করা সম্ভব ছিলো না। এমনিভাবে ওদের নিজেদের মধ্যে যোগাযোগ স্থাপনের প্রচেষ্টা আমরা অনেকখানি ব্যাহত করতে পেরেছিলাম।

চট্টগ্রামে পাকিস্তানীদের সাহায্যার্থে বেশ কিছুসংখ্যক সৈন্য ২৬শে এবং ২৭শে মার্চ ঢাকা থেকে বিমানযোগে চট্টগ্রাম বিমান বন্দরে এসে পৌঁছায়। বিমানবন্দর থেকে পাকসেনারা আগ্রাবাদ এলাকার দিকে অগ্রসর হতে থাকে। পাক শেনাদের অপর একটি গ্রুপ হালিশহর ইপিআর সদর দফতরের দিকে অগ্রসর হয়। হালিশহরে আমরা ইপিআর বাহিনী আগে থেকেই শক্তিশালী প্রতিরক্ষা ব্যুহ গড়ে তুলেছিলো।

কুমিরার সংঘর্ষ মারাত্মক হয়ে পড়ে। ব্রিগেডিয়ার ইকবাল শফির সৈন্যদের মনোবল এতই ভেঙে পড়েছিলো। যে, তাদের পক্ষে আর সামনে অগ্রসর হওয়া সম্ভব ছিলো না। এই সময় হেলিকপ্টার যোগে জেনারেল মিঠঠা খান কুমিল্লায় উপস্থিত হন এবং সৈন্যদের প্ররোচিত করার উদ্দেশ্যে এক জঘণ্য মিথ্যা ভাষণে বলেনঃ "হিন্দুদের প্ররোচনায় বাঙ্গালীরা তোমাদের অফিসার, সৈন্য এবং তাদের পরিবার পরিজনকে হত্যা করে চলছে। তোমরা তাদের রক্ষা না করলে তারা সকলেই প্রাণ হারাবে। প্রতিশোধ গ্রহনের জন্য তোমরা সামনে এগিয়ে যাও। খুনের বদলে খুন। ইসলাম এবং পাকিস্তানকে তোমরা রক্ষা কর।" প্রতিশোধ গ্রহনের এই তীব্র হলাহল পাকিস্তানী সৈনিকদের মনে ব্যাপক জিঘাংসা সৃষ্টি করে।

মূল সড়ক পথে অগ্রসর হওয়া সম্ভব না হওয়ায় ব্রিগেডিয়ার শফি পাহাড়ের ভিতর দিয়ে একটি কলামকে সেনানিবাসে ২০ বালুচ রেজিমেন্টের সঙ্গে মিলিত হওয়ার জন্য পাঠিয়ে দেন। অপর কলামকে উপকুল রেখা বরাবর অগ্রসর হয়ে বাধের উপর তরিত অবস্থান গ্রহনকারী আমাদের সৈন্যদের ঘিরে ফেলার নির্দেশ দেন।

সন্ধা হয়ে আসে। মাঝে মাঝেই উভয় পক্ষে গুলি বিনিময় চলছিলো। সংঘর্ষ এলাকা থেকে জনসাধারন ক্রমশঃ দুরে সরে যেতে থাকলেও এলাকার তরুনরা আমাদের সৈনিকদের সঙ্গে যোগ দিয়ে খাবার এবং অন্যান্য দ্রব্যাদি সরবরাহ করতে থাকে। এমনকি তারা হতাহতদের নিরাপদ স্থানে সুচিকিৎসার ব্যাবস্থাও করতে থাকে। সৌভাগ্যের বিষয় ছিলো তাদের অনেকেই শত্রুসৈন্যদের কাছাকাছি থেকে তাদের প্রতিটি অবস্থানের খবরাখবর আমাদের সর্বরাহ করে চলছিল।

উপকুল বরাবর শত্রুসৈন্যদের অগ্রসর হওয়ার খবর পেয়েই আমরা আরেকটি এ্যামবুশের আয়োজন করি। পাকিস্তানীরা আমাদের এ্যামবুশে পড়ে যায়। এই দ্বিতীয় এ্যামবুশেও শত্রুসেনাদের অনেকে হতাহত হয়। ভীত পাকিস্তানীরা তাদের মৃত সঙ্গীদের ফেলেই নানা দিকে দৌড়াতে থাকে। অনেকেই পথ ভুলে গ্রামগুলোতে ঢুকে পড়লে নিরস্ত্র বিক্ষুব্ধ জনতার হাতেই প্রাণ হারায়।

ইতিমধ্যে ইপিআর কোম্পানীর গোলাবারুদ প্রায় নিঃশেষ হয়ে আসে। অপরদিকে হালিশহর সদর দফতরেও বিভিন্ন স্থানে সরবরাহ করার মতো গোলাগুলি আর তেমন ছিলো না। এই পরিস্থিতিতে আমি কুমিরার কোম্পানীকে পেছনে সরে শহরের উপকণ্ঠে নতুন প্রতিরক্ষামূলক অবস্থান নিতে বললাম। স্থানটি হালিশহরে আমাদের অবস্থানের নিকটেই ছিলো। আমরা তীব্রভাবে গোলাগুলি এবং নতুন সৈন্যের প্রয়োজনীয়তার অভাব অনুভব করি। অথচ সেই মুহুর্তে এগুলো সংগ্রহ করা দুঃসাধ্য ছিলো। এদিকে রাঙ্গামাটি থেকে আগত ইপিআর সেনারা ক্যান্টনমেন্টের অদূরে বাধাগ্রস্ত হয় এবং রামগড় এলাকার অপর দুটি ইপিআর কোম্পানীও মুল সড়ক পথ ধরে অগ্রসর হতে পারছিলো না। এ সময় আমার সামনে দুটি বিকল্প পথই খোলা ছিলো। হয়, ক্যান্টনমেন্টের অস্ত্রাগার দখল করা অথবা সরবরাহের জন্য ভারতের সাথে যোগাযোগ করা। অন্যসব সম্ভাবনা ব্যার্থ হলে চুড়ান্ত পন্থা হিসাবে শেষেরটিই বিবেচনা করা যায় বলে মনে করলাম। আমি প্রথম পন্থা গ্রহনের সিদ্ধান্ত নেই এবং তখনই রামগড়ের একটি কোম্পানীকে মাঠের পথ ধরে অগ্রসর হয়ে ক্যান্টনমেন্টের পেছনে অবস্থানকারী আমাদের সেনাদের সঙ্গে যোগ দেয়ার নির্দেশ দিলাম। অপর কোম্পানীটিকে শুভপুর সেতু এলাকায় শক্তিশালী প্রতিরক্ষা ব্যুহ গড়ে তুলতে বললাম যাতে সড়ক পথে কুমিল্লা থেকে নতুন কোনো পাক সৈন্য চট্টগ্রাম আসতে না পারে।

২৬শে মার্চ সন্ধা সাড়ে ৮টার দিকে নৌ-বাহিনীর যোগাযোগা ঘাঁটিতে পাক সৈন্যদের আনাগোনা লক্ষ করা গেলো। রেলওয়ে পাহাড়ে আমার ট্যাকটিক্যাল হেড কোয়ার্টার থেকে পাশের একটি মসজিদে তাদের আনাগোনা পরিস্কার দেখা যাচ্ছিলো। কয়েকজন বেসামরিক ব্যাক্তিও তাদের সঙ্গে মসজিদে যোগ দেয়। এই সময়ই হালকা মেশিনগান নিয়ে অবস্থানকারী আমার একজন সিপাই যে মুহুর্তে ট্রেঞ্চ থেকে মাথা তুললো অমনি একটি বুলেট তাকে আঘাত করলো। গুলিটি আসে মসজিদের দিক থেকে। সাথে সাথে শত্রুরা আমাদের অবস্থানের ওপর স্বয়ংক্রিয় অস্ত্রের সাহয্যে ব্যাপকভাবে গুলি চালাতে শুরু করলো। কামানের গোলা আমাদের চতুর্দিকে পড়তে থাকে। বিস্ফোরিত গোলার মারাত্মক টুকরোগুলো ভয়াবহরুপে চারদিকে ছড়িয়ে পড়ে। কয়েক মিনিটের মধ্যেই শত্রুদের একটি দল টাইগার পাস ঘাটি থেকে আক্রমন চালায়। অবশ্য এই আক্রমন সাথে সাথেই প্রতিহত করা হলো। কিছুক্ষণ পর অপরদিক থেকেও হামলা হতে থাকে। তবে দুটি হামলাই সামনের দিক থেকে আসছিলো বলে ওরা তেমন সুবিধা করতে পারেনি। বরং পাকিস্তানিরা প্রচুর ক্ষয়ক্ষতি স্বীকার করে। সামনে অগ্রসর হতে ব্যার্থ হয়ে তারা পিছু হটে গিয়ে তাদের সুদৃঢ় ঘাটি থেকে আমাদের অবস্থানের ওপর অবিরাম গুলি বর্ষণ করতে থাকলো।

অনুরুপভাবে আমাদের হালিশহর অবস্থানের ওপর কয়েক দফা হামলা হলো। কিন্তু প্রতিবারই শত্রুসেনারা হটতে বাধ্য হলো। ২৬শে এবং ২৭শে মার্চের মধ্যবর্তি রাতকে মনে হচ্ছিলো এ রাত যেন আর পোহাবে না। গুলির শব্দে গোলার বিস্ফোরনে সমস্ত শহর কেঁপে কেঁপে উঠছিল বারং বার।

এ সময় আমার অবস্থানের পেছনেই ট্যাংকের আওয়াজ পেলাম। অন্য কোনো ভাবে আমাদের অবস্থান দখল করতে না পেরে শত্রুরা ক্যান্টনমেন্ট থেকে ট্যাংক নিয়ে অগ্রসর হচ্ছিলো। রেলওয়ে হিলে আমাদের অবস্থান শত্রুদ্বারা ঘেরাও আসন্ন হয়ে উঠলো। অথচ কোনো ট্যাংকবিধ্বংসী অস্ত্র আমাদের ছিলো না।

প্রায় দু'ঘন্টা পর কামানের গোলা বর্ষণ একটু কমে এলো। এ সময় আহত সৈনিককে আমার কমান্ড পোস্টে নিয়ে আসা হলো। সে ছিলো বয়সে তরুন। কাদামাটি লাগা কাপড়চোপড় রক্তে ভেজা। বুলেট তার বুকে বিদ্ধ হয়েছিলো। দারুন কষ্টে নিঃশ্বাস টানতে গিয়ে আস্ফুট কণ্ঠে সে জিজ্ঞেস করলো "কখন আমার মৃত্যু হবে?" তার দৃষ্টিতে ছিলো সারা বিশ্বের ব্যাকুল জিজ্ঞাসা। এরপর সে আর কিছু বলতে পারে নি। আরো অনেকের মতই নিভৃত যন্ত্রনায় সেও আমাদের মাঝ থেকে হারিয়ে গেলো।

\ ঘেরাও \

ঢাকা এবং অন্যান্য স্থানে নৃশংস অভিযানের প্রাথমিক সাফল্যে উৎফুল্ল ইয়াহিয়া তার বাহিনীকে ব্যাপক গণহত্যার ছাড়পত্র প্রদান করেন। পাকসেনারা তাদের অভিযান এলাকাগুলোতে প্রাণী বলতে যা কিছু পেয়েছে তাই নিধন করেছে এবং এসব স্থানে ধ্বংসযজ্ঞ চালিয়েছে অবলিলাক্রমে। কিন্তু তবুও লোক এবং অস্ত্রবলে বলীয়ান পাকিস্তান সেনাবাহিনীর বিরুদ্ধে আমাদের অকুতোভয় মুক্তিযোদ্ধারা প্রাণপণ প্রতিরোধ গড়ে তোলে। কিন্তু এই প্রতিরোধ অব্যাহত রাখা ছিলো দুঃসাধ্য, কারণ অস্ত্র চালনায় জনসাধারণের একদিকে যেমন কোন ট্রেনিং ছিলো না। তেমনি তাদের অস্ত্রগুলোও ছিলো পুরোনো আমলের। এদিকে ট্রেনিংপ্রাপ্ত আমাদের বাঙালী সৈনিকরা যেখানেই সংগঠিত প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তুলতে চেয়েছেন সেখানেই শুরু হয়েছে কামান, ট্যাংক আর স্বয়ংক্রিয় অস্ত্র দ্বারা শত্রুপক্ষের সম্মিলিত আক্রমন। এই ধরনের বারংবার হামলার মোকাবিলা করতে গিয়ে আমাদের গোলাবারুদের মজুতে টান পড়ে।

এই অবস্থায় রেলওয়ে হিলের অবস্থান ত্যাগ করার জরুরী প্রয়োজন দেখা দিলো। তখন চারদিকেই শুত্রুসেনা। ক্রমাগত ১ ঘন্টারও বেশি সময় ধরে পাকিস্তান নৌবাহিনীর কামানগুলো আমাদের ওপর আক্রমণ চালিয়ে আমাদেরকে ব্যাস্ত রাখে। এই সঙ্কটময় অবস্থায় আমি আমার সৈন্যদের কোতয়ালী থানা এলাকার দিকে সরে যেতে নির্দেশ দিই এবং সেখান থেকে ক্যান্টনমেন্টের পেছনে সকলকে একত্র হতে বলি। গুলি বর্ষনের ছত্রছায়ায় যখন সকলেই স্থান ত্যাগ করে চলে যায় তারপরই আমি ঘাটি ত্যাগ করার জন্য পা বাড়াই। একজন তরুন কলেজ ছাত্রও আমার সাথে ছিলো। আমরা চলছিলাম কিন্তু মুখে কোন কথা ছিলো না। সমস্ত সকালটি ছিলো কুয়াশাচ্ছন্ন। বিমূড় বিষন্নতায় সমস্ত শহর যেন আচ্ছন্ন। রাস্তাঘাট ছিলো জনমানবশূন্য, মনে হচ্ছিলো মৃতের নগরী। শত শত বছর পরে মাটির তলা থেকে খুড়ে যেন নগরটিকে আবিস্কার করা হয়েছে। দূরে বন্দরে জাহাজের মাস্তুল, ক্রেন, ওধারে অন্ধকারাচ্ছন্ন গ্রাম সবকিছুই একটির পর একটি আমার চোখের সামনে ভেসে উঠতে থাকে। ভরাক্রান্ত হৃদয়ে পাহাড় থেকে নামতে গিয়ে পিছন ফিরে তাকাতেই সা করে একটি বুলেট আমাদের পাশ দিয়ে চলে গেলো। সাথে সাথে আমরা নীচু হয়ে চলার গতি বাড়িয়ে দেই।

কদমতলী রেলক্রসিংয়ের কাছে নৌ-সেনাদের দুটি ট্রাক এ সময় অন্ধকারের মধ্যে অপেক্ষা করছিলো। আমি নিঃশঙ্কচিত্তে সামনে এগোচ্ছিলাম। কোন দেশ কি আমাদের সাহায্যে এগিয়ে আসবে না? বহির্জগতের কোন দেশ কি জানে না বাংলাদেশে এখন কি ঘটছে? আমাদের বেতার ঘোষনা কি তারা শুনেছে? এমনি নানা কথার ভীর আমার মাথায় ঘুরপাক খাচ্ছিলো। কদমতলীর কাছাকাছি এসে এসব কথা ভাবতে ভাবতে যখনই রাস্তা পেরুতে গেছি তখনই দুটি গাড়ীর হেডলইটের তীব্র আলোয় আমার চোখ ঝলসে যায়। দুটি গাড়ি থেকেই সৈন্যরা লাফিয়ে নামতে থাকে। আমি সামনে একটি প্রাচীর দেখে সেটি পার হওয়ার জন্য দৌড় দিই শত্রুসৈন্যরাও গুলি বর্ষণ শুরু করে। একটি গুলি এসে আমার ডান হাতে ধরা এষ্টেনগানে লাগলে প্রচন্ড ধাক্কায় সেটি ছিটকে পড়ে। আমি মুহুর্তে দেয়ালের উপর লাফিয়ে উঠে প্রচন্ড বেগে ওপাশে গিয়ে পড়ি। তারপর লাফিয়ে হামাগড়ি দিয়ে আবার কখনো দৌড়ে চলতে থাকি। পেছনে শুনতে থাকি নৌ-সেনাদের এলোপাথারী গুলিবর্ষনের শব্দ। তাদের দুঃখ, শিকার তাদের হাতছাড়া হয়ে গেলো।

আমার বাম উরুতে তখন ভয়ানক যন্ত্রনা হচ্ছিলো, ভীষন রক্ত ঝরছিলো এবং ট্রাউজারের একটি অংশ হাটু পর্যন্ত ছিড়ে ঝুলছিলো। দেয়াল থেকে লাফিয়ে পড়ার সময়ই বোধ হয় কিছুতে লেগে এই জখম হয়েছে। কোতয়ালী থানায় পৌঁছে দেখি আমার লোকেরা সবাই সেখানে জড়ো হয়েছে। ৩'' মর্টারগুলো তখন আমাদের জন্য বোঝা হয়ে পড়েছিলো। কারন ওগুলোর কোনো শেল অবশিষ্ট ছিল না। পেট্রোলের অভাবে আমাদের কয়েকটি গাড়িও ফেলে আসতে হলো। আমি টেলিফোনে জনাব সিদ্দিকীতে মর্টারগুলো নিয়ে যাওয়ার জন্য গাড়িসহ কাউকে পাঠাতে বললাম এবং সৈন্যদেরকে পুর্ব পরিকল্পিত জায়গায় গিয়ে প্রস্তুত হওয়ার জন্য নির্দেশ

দিলাম। আমাদের আশা ছিলো সেখান থেকে ক্যান্টনমেন্টের ওপর আক্রমন চালিয়ে ক্যান্টনমেন্ট থেকে প্রচুর গোলাগুলি উদ্ধার করতে পারবো।

আমাদের ভিন্ন রাস্তায় অগ্রসর হতে হলো। ক্যান্টনমেন্ট ও শহরের মধ্যবর্তী প্রধান শহরটি তখন শত্রুকবলিত। আমরা কিছু লোক গাড়িতে এবং কিছু লোক পায়ে হেটে গন্তব্যস্থলের দিকে রওয়ানা হলাম। চকবাজারের কিছু সামনে শহরের উপকণ্ঠে পৌঁছতেই দেখলাম আমার একজন ইপিআর সিপাই পায়ে হেটে শহরের দিকে ফিরছে। ওদিকে কোথায় যাচ্ছো? আমি চীৎকার করে জিজ্ঞেস করলাম। বিষন্ন কণ্ঠে সে জবাব দিলো আপনার কাছেই স্যার। সে আরো বললো, আপনি ক্যান্টনমেন্টের পেছনের এলাকায় গিয়ে আমাদের একত্র হওয়ার জন্য বলেছিলেন। কিন্তু একজন অফিসার অন্যপথ দিয়ে সৈন্যদেরকে নিয়ে কালুরঘাট সেতুর দিকে চলে গেছেন। আমি আবার চীৎকার করে জিজ্ঞেস করলাম। কোন অফিসার?

"আমি তার নাম জানি না স্যার।"

জনাব হান্নান এবং ডাঃ জাফরকে প্রশ্ন করে জানতে পারলাম মেজর জিয়াউর রহমান আমাদের সেনাদের কালুরঘাট সেতুর দিকে নিয়ে গিয়েছেন। আমি আওয়ামী লীগ নেতাদের অনুরোধ করলাম তারা যেন জিয়াকে বলেন, আমার সৈন্যদের ছেড়ে দিতে যাতে ওরা শহরে আমার সাথে যোগ দিতে পারে। তদনুসারে ডাঃ জাফর, জানাব হান্নান, নগর আওয়ামী লীগের সেক্রেটারী জনাব মান্নান, জানাব কায়সার এবং আরো কয়েকজন কালূরঘাটের দিকে রওয়ানা হয়ে যান। গোমদন্ডী স্টেশনের কাছে তারা মেজর জিয়া, মেজর শওকত এবং অন্য কয়েকজন অফিসারের সাক্ষাৎ পান। আমার সাথে শহরের লড়াইয়ে অংশ নেয়ার জন্য তারা জিয়াকে আমার সৈন্যদের ছেরে দিতে বলেন। মেজর জিয়া জবাব দেন যে, তার সেনাবাহিনী পূনর্গঠননের পরই তিনি আমার সংগে যোগ দেবেন। আওয়ামী লীগ নেতারা ফিরে এসে আমাকে সব কথা জানালেন। অবশ্য মেজর জিয়া এবং তার সংগের অন্য অফিসাররা শহরের লড়াইয়ে আর আসতে পারেন নি।

ঢাকা থেকে তখনও বিমান বোঝাই করে সৈন্য আনা হচ্ছিলো। প্রধানতঃ কুমিল্লার ৫৩ বিগ্রেড থেকে এবং অন্যান্য স্থান থেকেও পাক সৈন্যরা চট্টগ্রামের পথে এগিয়ে আসছিলো। শহরের ওপর দিয়ে হেলিকপ্টার চক্কর দিচ্ছিলো। এদিকে বাংলাদেশের পতাকার বিক্রি বেড়ে গেলো বহূগুণ। সর্বত্র নীল আকাশের নিচে নতুন জাতীয় পতাকা উড়তে দেখা গেলো। কিন্তু ক্যান্টনমেন্ট থেকে শত্রুসৈন্যরা বেরিয়ে সবাইকে সেগুলো নামিয়ে ফেলতে বাধ্য করতে লাগলো। যদিও প্রকৃতপক্ষে প্রতিটি বাঙালীর হৃদয়ে গ্রথিত বাংলাদেশের পতাকার ছাপ তারা কোন দিনই মুছে ফেলতে পারেনি।

ক্যান্টনমেন্টের অদূরে ইপি-আর সৈন্যরা আমার কথা অনুযায়ী নতুন সৈন্যদের জন্য অপেক্ষা করছিলো। আমার সৈন্যদের কালুরঘাটে নিয়ে যাওয়া হয়েছে। এ কথা তারা তখনো জানতে পারেনি। তাই বিশ্ববিদ্যালয়ের দিক থেকে ক্যান্টনমেন্টের ওপর যে হামলা পারিচালনার পরিকল্পনা আমি ইতিপূর্বে করেছিলাম তা ভেস্তে গেলো।

এমতাবস্থায় আমি অস্ত্র এবং গোলাবারুদের জন্যে ভারতে যাবার নিদ্ধান্ত নিলাম। ভাবলাম, ৬০ মাইল পথ অতিক্রম করে ভারতে একবার যেতে পারলে সেখান থেকে নিশ্চয়ই অস্ত্র, গোলাগুলি এবং জরুরী জিনিসপত্র সংগ্রহ করা যাবে এবং এরপর রামগড় থেকে কিছু সৈন্য নিয়ে এসে ক্যান্টনমেন্ট আক্রমন করতে পারবো। অস্ত্রের জন্য ভারতে রওয়ানা হওয়ার প্রাক্কালে আমি সীমান্ত রক্ষীদের সাথে প্রাথমিকভাবে আলোচনা করে রাখার জন্য অয়্যারলেসে রামগড়ে একটি বার্তা পাঠালাম। আমার ভারত পৌঁছানোর পর আলোচনা শুরু করতে যাতে দেরি না হয় সেজনই আগে থেকে এ ব্যবস্থা করলাম।

\ সরবরাহের অভাব \

২৮শে মার্চ ভোর নাগাদ শত্রুপক্ষ ক্যান্টনমেন্ট এবং নৌ-বাহিনীর ঘাটির মধ্যবর্তী প্রধান সড়কের টাইগার পাস এলাকা দখল করে নেয় এবং নগরীর কেন্দ্রস্থলে সার্কিট হাউসে তাদের সদর দফতর স্থাপন করে। কুমিরায় যে শত্রুদলটিকে আমরা প্রতিহত করেছিলাম তারাও এসে ক্যান্টনমেন্টের সঙ্গে যোগাযোগ স্থাপন করে। আমাদের সেখানকার সৈন্যরা সরে এসে হালিশহরের প্রধান প্রতিরক্ষাব্যুহে অবস্থান নেয়। হালিশহরে আমাদের প্রতিরক্ষাব্যুহ দু'ভাবে কাজে লাগছিলো। প্রথমত, এই প্রতিরক্ষা ছিল বিমানবন্দর, নৌ-বাহিনীর সদর দফতর এবং পোর্ট এলাকায় শত্রুদের জন্য আসার পথে হুমকিস্বরুপ। দ্বিতীয়ত, শত্রুদের প্রধান অংশে আঘাত পরিচালনার জন্যও দৃঢ় ঘাঁটি হিসেবে এটা কাজে লাগছিলো। পথিমধ্যে ইপি-আর সৈনিকদের কালুরঘাটে আটকানো না হলে পোর্ট, বিমানবন্দর এবং নৌ-বাহিনীর সদর দফতর আক্রমন এবং দখল করা আমাদের পক্ষে সম্ভব হতো এবং তাহলেই যুদ্ধের গতিধারা পাল্টে যেতো। পোর্ট এলাকা থেকে শত্রুসৈন্যরা দিনের বেলায় কয়েকবারই আগ্রাবাদ রোড পরিস্কার করে টাইগার পাস দিয়ে নৌ-ঘাঁটির সঙ্গে যোগাযোগ স্থাপনের চেষ্টা করে। কিন্তু তীব্র প্রতিরোধের মুখে প্রত্যেকবারই তাদের পিছু হটতে হয়। শত্রুরা হয়তো মরিয়া হয়ে অগ্রসর হলে সড়কটি দখল করতে পারতো। কিন্তু রাস্তায় রাস্তায় এই ধরনের সংঘর্ষে লোকক্ষয় ছিলো অবশ্যম্ভাবী। লোকক্ষয় এড়ানোর জন্যেই তারা সাময়িকভাবে এই প্রচেষ্টা স্থগিত রেখে কুমিল্লা থেকে অগ্রসরমান সৈন্যদের দেওয়ান হাট উপস্থিতির জন্য অপেক্ষা করতে থাকে।

দামপাড়া পুলিশ লাইনের বাঙালী পুলিশরাও অত্যন্ত সাহসিকতার সাথে শত্রু সৈন্যদের প্রতিরোধ করছিলো। কিন্তু যুদ্ধের পুরো ট্রেনিং এবং অভিজ্ঞতা না থাকায় তারা বেশীক্ষণ টিকতে পারেনি। সংঘর্ষে বহু বাঙালী পুলিশ হতাহত হয়। শত্রুদের ক্রমাগত চাপের মুখে বাঙালী পুলিশদের স্থানটি পরিত্যাগ করতে হয়।

পরদিন ২৯শে মার্চ। সকালে শত্রুসেনারা আগ্রাবাদ রোড অতিক্রম করতে সক্ষম হয় এবং একটি দলকে তারা মাদারবাড়ী ও আইস ফ্যাক্টরী সড়ক হয়ে নিউ মার্কেটের দিকে পাঠিয়ে দেয়। নিউমার্কেটে অবশ্য আমাদের লোক ছিলো না তকে আমি এক প্লাটুন শক্তিসম্পন্ন একটি দলকে (প্রায় ৩০জন) ঐ এলাকার অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান কোর্ট ভবন দখলে রাখার জন্য পাঠিয়েছিলাম।

শত্রুদের আরেকটি দল ষ্টেডিয়ামের বিপরীত দিকের নৌ-ভবন থেকে বেরিয়ে পি, আই, এ অফিসের নিকটবর্তী একটি লেনের মধ্য দিয়ে ডিসি হিলের দিকে এগোতে থাকে। কয়েকজন পথচারী তাদের সামনে পড়লে পাকিস্তানীরা তাদেরকে নির্মমভাবে হত্যা করে। এরপর একস্থানে থেমে তারা যুদ্ধের প্রস্তুতি নেয় এবং দ্রুতগতিতে পাহাড়ের উপর উঠে সমগ্র এলাকাটি বিনা বাধায় দখল করে নেয়। কোর্ট বিল্ডিং-এ তখন আমাদের সৈন্যরা পরবর্তী লড়াইয়ের জন্য অপেক্ষমান। তারা গভীরভাবে সাহায্যের প্রত্যাশা করছিলো। এবং সাহায্য করলেই যে কোন মূল্যে তারা শত্রুদের প্রতিরোধ করতে পারতো।

এইদিন বিকালে এক অজ্ঞাত ব্যক্তি জাকির হোসেন রোডে একটি এ্যাম্বুলেন্স পাঠাবার জন্য মেডিকেল কলেজে ফোন করে। এ পর্যন্ত মেডিকেল কলেজ আমাদের সম্পূর্ন নিয়ন্ত্রনে ছিলো। কলেজের নিকটেই গুরুত্বপূর্ন স্থান প্রবর্তক হিলে আমাদের কিছু সৈনিক মোতায়েন ছিলো। আমাদের আহত সৈনিকদের নিয়ে মেডিকেল কলেজের ডাক্তার, নার্স এবং ছাত্রছাত্রীরা সকলেই দিনরাত ব্যস্ত ছিল।

পূর্ব কথিত এ্যাম্বুলেন্সটি ফিরে আসতেই ডাক্তার এবং নার্সরা দ্রুত বেরিয়ে আসেন। কিন্তু এ্যাম্বুলেন্সের দরজা খুলতেই বেরিয়ে আসে একদল শত্রুসৈন্য, হাতে তাদের উদ্যত হাতিয়ার। ক্ষিপ্ততার সাথে তারা হাসপাতাল ভবনের বিভিন্ন স্থানে অবস্থান গ্রহণ করে। সন্ধা নাগাদ আরো একদল শত্রু সৈন্য এসে অবস্থান রত সৈনিকদের সাথে যোগ দেয়। কর্মচঞ্চল হাসপাতাল ভবন এবং পার্শ্ববর্তী আবাসিক এলাকায় নেমে আসে এক বিষন্ন নীরবতা।

হালিশহর এবং কোর্ট ভবন, এ দুটি স্থানে তখনো আমাদের সুদৃঢ় ঘাঁটি ছিলো। তা ছাড়া শহরের বিভিন্ন স্থানে আমাদের ছোট ছোট বিচ্ছিন্ন দলগুলো তখনো শত্রুসেনাদের মোকাবিলা করছিলো। কিন্তু শেষে কুমিল্লা থেকে নতুন শত্রুদল দেওয়ানহাট ক্রসিংয়ের কাছে পৌঁছে গেলে আগ্রাবাদ এলাকা থেকে আমাদের সৈন্যদের হালিশহর ঘাটিতে সরে আসা ছাড়া গত্যন্তর থাকে না। শহরের অর্ধেক জনসংখ্যা ততক্ষণে গ্রামের দিকে চলে গেছে। অনেকে সরাসরি সীমান্তের দিকেও চলে যায়। সকলেই কেমন যেনো হতাশ হয়ে পড়ে। জনসাধারণ ঠিকই ভেবেছিলো যে, কোনোরুপ সাহায্য ছাড়া যুদ্ধে জয়লাভ আমাদের পক্ষে দেরি হবে। কারণ ইতিমধ্যেই তারা দেখছে আমাদের সৈন্যরা ভীষণ অসহায় অবস্থার মধ্যে যুদ্ধ করছিলো। আমাদের গোলাগুলির সরবরাহ ছিলো খুবই কম। একজন সৈনিকের হাতের অস্ত্র অকেজো হয়ে গেলে তাকে নতুন অস্ত্র না দেয়া পর্যন্ত সেই সৈনিকটিই অকেজো হয়ে পড়ে। কেউ আহত হলেও তার প্রাথমিক চিকিৎসা কিংবা তাকে অন্যত্র স্থানান্তরের তেমন কোন ব্যাবস্থা আমাদের ছিলো না। এমনকি একপর্যায়ে প্রয়োজনীয় পানি ও খাদ্য সরবরাহেরও কেউ ছিলো না। আমার ট্যাকটিক্যাল হেডকোয়ার্টারে অয়্যারলেস কিংবা আধুনিক কোন যোগাযোগ ব্যবস্থা পর্যাপ্ত না থাকায় বিভিন্ন রনাঙ্গনে যুদ্ধরত সৈনিকদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে পারিনি। ফলে সর্বশেষ পরিস্থিতি অবহিত হওয়া এবং সে অনুসারে নতুন নির্দেশ দেওয়াও সম্ভব হয়নি। এ ছাড়া যাতায়েতের জন্য যানবাহন সমস্যাও ছিলো প্রকট। আমরা যোগাযোগ এবং পরিবহনের অভাবেই ক্ষতিগ্রস্থ হয়েছি বেশী। কুমিরায় আমাদের অবস্থান বিপন্ন হওয়ার সংবাদ একজন সংবাদ বাহকের মারফত তিন ঘন্টা পর পাই। সংবাদ পাওয়ার আধ ঘন্টার মধ্যেই আমি নতুন কিছু সৈন্য কুমিরার উদ্দেশ্যে পাঠিয়েছিলাম। কিন্তু তারা কুমিরার দুই মাইল দুরে পৌঁছানোর পূর্বেই কুমিরার পতন ঘটে। আমাদের সৈন্যরা ততক্ষনে হালিশহরের দিকে ফিরে আসতে থাকে। আরেকটি সংকট ছিলো ট্রেনিংপ্রাপ্ত শত্রু সৈন্যদের সাথে যখন অব্যাহতভাবে নতুন নতুন সৈন্য এবং অত্যাবশ্যকীয় দ্রব্যাদির সরবরাহ যোগ হচ্ছিলো, আমি তখন অসহায়ভাবে তা দেখছিলাম। একইভাবে দল বেধে আমাদের সামরিক লোকজনও শহর ছেড়ে চলে যাচ্ছিলো।

আমি যে কয়জন সৈন্য নিয়ে যুদ্ধ শুরু করেছিলাম তার সঙ্গে একজনও নতুন সৈনিক কিংবা একটি মাত্র বুলেটও যোগ করতে পারিনি। ক্রমাগত শত্রু সৈন্যর মোকাবেলা করে আমাদের সৈন্যরা ক্লান্ত, অবসন্ন হয়ে পড়েছিলো। অনেকেই ২৫ তারিখের রাত থেকে এ পর্যন্ত এক মুহুর্তের জন্যেও চোখ বন্ধ করতে পারেনি। আমার রেলওয়ে হিলের ঘাঁটি সার্কিটহাউস এলাকা, মেডিকেল কলেজ, ডি সি হিল এবং হালিশহর ও কোর্ট বিল্ডিংয়ের যুদ্ধে আমি নতুন সৈন্য ও অস্ত্র সরবরাহ প্রাপ্তির প্রত্যাশায় হতাশ হয়েছি বারববার। আর এই প্রত্যাশা যুদ্ধের সেই পর্যায়ে আমার সৈন্যদের অবসাদগ্রস্ত করে তোলে সাময়িকভাবে।

\ চট্টগ্রাম শহরে চূড়ান্ত লড়াই \

৩০শে মার্চ। শহরে তখন কারফিউ চলছে। খুব ভোরে এক ভদ্রলোক চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের জরুরী বিভাগে অস্থিরভাবে অনবরত টেলিফোন করছিলেন। একটু আগে জানালা দিয়ে তিনি নারকীয় দৃশ্য দেখেছেন। একটি গাছের ওপর বাংলাদেশের পতাকা উড়ছিল। কয়েকজন পাকসেনা কিশোর বয়সের একটি ছেলেকে সেই পতাকাটি নামিয়ে ফেলতে বলে। ছেলেটি অনিচ্ছাস্বত্বেও গাছ বেয়ে উপরে উঠে এবং পতাকাটি খুলে আস্তে আস্তে ভাজ করতে থাকে। ঠিক এ সময়ে নিচ থেকে সৈন্যরা অত্যন্ত সুস্থ মস্তিস্কে তার দিকে রাইফেল তাক করে গুলি ছোড়ে। গুলিবিদ্ধ ছেলেটি বৃন্তচ্যুত ফুলের ন্যায় নিচে পড়ে যায়। সৈন্যরা হো হো করে হেসে ওঠে এবং সে স্থান ত্যাগ করে।

কোনো এ্যাম্বুলেন্স কিংবা অন্য কেউ কিশোরটির সাহায্যে এগিয়ে আসেনি। হাসপাতালের সবকটি গাড়িই পাকিস্তানী সৈন্যদের বহন করছিলো। বস্তুত পুরো হাসপাতালটিই মিলিটারী ক্যাম্পে পরিণত হয়েছিলো। বাঙালী ডাক্তার, নার্স এবং অধিকাংশ রোগী ইতিমধ্যেই হাসপাতল ত্যাগ করেছেন। আর রক্তপিপাসু দানবদের হাত থেকে পালাতে যারা একেবারেই অসমর্থ তারা অসহায়ভাবে মৃত্যুর জন্য অপেক্ষা করছিলেন।

প্রতিদিনের ব্যস্ত বিপণী কেন্দ্র নিউমার্কেট এলাকা সেদিন একেবারে চুপচাপ। দুপুরের মধ্যে পাকসেনারা পোর্টের দিক থেকে বরফকল সড়ক হয়ে এখানে পৌঁছে যায় এবং সদরঘাট, রেলওয়ে ষ্টেশন এবং ষ্টেডিয়ামের দিকে তারা অগ্রসর হতে থাকে। ছোট একটি দল কোর্ট হিলের দিকেও পা বাড়ায়। কিন্তু হিলে অবস্থানরত আমাদের সৈন্যদের বুলেট বৃষ্টিতে পাকিস্তানীদের পিছু হটে নিরাপদ স্থানে আশ্রয় নিতে হয়।

একই দিন হালিশহরেও সকাল ৮টা থেকে সংঘর্ষ চলতে থাকে পাকিস্তানিরা মরিয়া হয়ে কামান দেগে চলছিলো। নৌ-বাহিনীর সবগুলো কামানই তখন সক্রিয় ছিলো ক্রমাগত দীর্ঘ ৬ঘন্টা যাবত তারা হালিশহরের ওপর গোলাবর্ষণ করে। কামানের ছত্রছায়ায় শত্রুরা হালিশহরের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা চালায়। কিন্তু ইপি-আর সেনাদের দুঃসাহসী পাল্টা আক্রমনের মুখে অগ্রগতি লাভে ব্যার্থ হয়ে শত্রুরা বিমান বাহিনীর সাহায্য প্রার্থনা করে। আধ ঘন্টার মধ্যে দুটি বিমান চলে আসে। এবং বেলা সড়ে বারোটা থেকে আমাদের অবস্থানের উপর ক্রমাগত বিমান হামলা চালাতে থাকে। আমাদের কোন বিমানবিধ্বোংসী হাতিয়ার ছিলো না। সেই সময় নিজেদের কোন বিমান থাকারও কথা নয়। তাই শত্রুবিমানগুলো আকাশে তাদের পূর্ন আধিপত্য বিস্তার করে নির্বিঘ্নে আমাদের ওপর বোমা বর্ষণ করতে থাকে। তারা তাদের ইচ্ছেমতো রনাঙ্গনের ওপর আঘাত হানতে থাকলো। পরিস্কার রৌদ্রকরোজ্জল দিনে শত্রুর বিমানগুলো একটার পর একটা ট্রেঞ্চ দেখে দেখে স্ট্যাম্পিং করে চলছিলো। আমাদের বীর সেনানিরাও প্রাণপনে ঘাটি আকড়ে লড়াই করতে থাকলো। লড়াই করতে করতে অনেকেই ট্রেঞ্চের মধ্যে মৃত্যুবরন করলো। আহতও হলো অনেক। কিন্তু অবিরাম বোমা বর্ষনের ফলে তাদের অপসারণ করাও সম্ভব হয়ে ওঠেনি। যুদ্ধরত বাকী সৈন্যরাও বুঝতে পারলো তাদের আর বেশীক্ষন হালিশহর রক্ষা করা সম্ভব হবে না। গোলাগুলির মজুতও নিঃশেষ প্রায়। তারা রাইফেলের ওপর বেয়োনেট লাগিয়ে নিচের শত্রুদের সাথে হাতাহাতি লড়াইয়ের জন্য প্রস্তুত হলো।

বিকালের মধ্যে শত্রুরা হালিশহর দখল করে নিলো। হাতাহাতি যুদ্ধ চলছিলো আধঘন্টার মতো। শত্রুসৈন্য সংখ্যাধিক্যের ফলে চুড়ান্ত ফলাফল কি হবে তা বোঝা গিয়েছিলো। আমাদের সৈন্যরা পেছনে এসে ঢাকা-চট্টগ্রাম সড়কের একস্থানে অবস্থান গ্রহন করলো। সহযোগীদের লাশও ফেলে আসতে হলো।

হালিশহর পতনের পর শত্রুদের পুরো দৃষ্টি পড়লো কোর্ট হিলের ওপর। এটাই ছিলো শহরে আমাদের সর্বশেষ ঘাটি, সর্বশেষ আশা। বিভিন্ন দিক থেকে অবস্থানটির ওপর কয়েকবারই হামলা হলো। কিন্তু প্রতিবারই আমাদের সৈন্যরা তা প্রতিহত করে! এরপর এলো ট্যাংক বহর। অগ্রবর্তী ট্যাংকটি পাকা রাস্তা বেয়ে ওপরের দিকে উঠতেই আমাদের সৈন্যদের ট্যাংকবিধ্বংসী শেলের আঘাতে তা অকেজ হয়ে পড়লো। ট্যাংকটি অকেজো হয়ে থেমে পড়লে পেছনে অন্যান্য ট্যাংক এবং পদাতিক সৈন্যরা কিছুটা থমকে দাড়ালো। এ সময় সম্ভবত আমাদের শক্তির পরিমাপ করছিলো। ইতিমধ্যে অবশ্য শত্রুপক্ষ আমাদের দুর্বলতা বুঝতে পেরেছিলো। আমাদের সৈনিকদের তখন গোলাবারুদ নিঃশেষ প্রায় এবং বাইরের সাথে সকল প্রকার সংযোগও প্রায় সম্পূর্ন বিচ্ছিন্ন হয়ে পড়ছিলো। অদুর ভবিষ্যতে নতুন করে কোনো সাহায্য লাভের সম্ভাবনাও ছিলো না।

২রা এপ্রিল ভোরে শত্রুরা আবার হামলা শুরু করলো। হামলা ছিলো সুপরিকল্পিত। মাত্র ৩০জন সৈনিকের বিরুদ্ধে যুদ্ধে অংশ নিয়েছিলো পাকিস্তানীদের পুরো একটি ব্যাটালিয়ন। দুটি কোম্পানী মিলে প্রথম আঘাত হানলে তা সাফল্যের সাথে প্রতিহত করা হয়। এরপর আরো জোরদার হামলা চলতে থাকে। দুটি সংরক্ষিত কোম্পানী এবার অন্য দিক থেকে আক্রমন শুরু করে। মারাত্মক গুলিবর্ষণের ছত্রছায়ায় এরা একটু একটু করে পাহাড় বেয়ে উপরের দিকে উঠতে থাকে। এদিকে আমাদের প্রতিরোধকারী সৈন্যদের গোলাগুলি নিঃশেষ হয়ে যায়। একমাত্র ট্যাংকবিধ্বংসী অস্ত্রটিও অকেজো হয়ে পড়ে। পদাতিক বাহিনীর আগে আগে এ সময় দুটি ট্যাংক উপরে উঠে আসে। বলতে গেলে অলৌকিকভাবে সেদিন আমাদের সৈনিকদের প্রায় সবাই সে অবস্থান ত্যাগ করে আত্মরক্ষা করতে সক্ষম হয়েছিলো। এভাবেই কোর্ট হিলের পতন ঘটলো এবং সাথে সাথে অনির্দিষ্টকালের জন্য চট্টগ্রাম নগরীও আমাদের হাতছাড়া হয়ে গেলো। তখন সময় ছিলো বেলা সাড়ে ১২টা। মাত্র ৩০জন ইপি-

আর-এর দুর্জয় সৈনিক শত্রুপক্ষের এক ব্যাটালিয়ন সৈন্য শক্তির অব্যহত শেলিং এবং উপর্যুপরি আক্রমনের মুখে ৩ দিনেরও বেশী সময় তাদের অবস্থান আগলে রেখে ছিলো। কাজেই এই পরাজয় তাদের অদম্য সাহস ও বিক্রমের মহিমাকে ম্লান করে দিতে পারে না।

\ ভারতের সাথে যোগাযোগ \

এপ্রিলের প্রথম সপ্তাহেই আমি অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ সংগ্রহের উদ্দেশ্যে ভারতীয় কর্তৃপক্ষের সংগে যোগাযোগ করার জন্য রামগড় যাই। সেখান থেকে সাবরুম গেলে ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনীর (বি এস এফ) অফিসাররা আমার সঙ্গে কথা বলেন এবং অবিলম্বে আগরতলার নেতৃস্থানীয় কর্মকর্তাদের সাথে আমার সাক্ষাতের ব্যবস্থা করেন। প্রয়োজনবোধে ভারতীয় রাজধানীতে যাওয়ার ব্যবস্থাও তারা করে রাখেন।

২রা এপ্রিল আমি আগরতলা পৌঁছালে সরাসরি আমাকে বিএসএফ-এর সিনিয়র অফিসার মিঃ কালিয়ার অফিসে নিয়ে যাওয়া হলো। আমি তার কাছে আমাদের লড়াইয়ের অবস্থা বর্ণনা করে সামরিক সাহায্যের অনুরোধ জানালাম। মিঃ কালিয়া অস্ত্রশস্ত্র সরবরাহে কেন্দ্রীয় সরকারের অনুমোদন প্রয়োজন বিধায় আমাকে অপেক্ষা করতে বললেন। অপেক্ষা করা ছাড়া আমার আর কোন গত্যন্তর ছিলো না। আমাকে আগরতলার এক অজ্ঞাত স্থানে নিয়ে যাওয়া হলো এবং সেখানেই এক কক্ষে আমি সারাদিন রইলাম। সেখানে সাদা পোশাক পরিহিত কয়েকজন ভারতীয় অফিসার পর্যায়ক্রমে আমাকে জিজ্ঞাসাবাদ করলেন। তারা আমার কাছে থেকে পাকিস্তান সেনাবাহিনীর অবস্থান, তাদের শক্তি, কোন ধরনের অস্ত্র তারা ব্যবহার করছে ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করলেন। তারা আমার অতীত জীবন এবং কি কারণে আমি পাকিস্তান সামরিক বাহিনীর বিরুদ্ধে অস্ত্রধারণ করেছিলাম সে বিষয়েও প্রশ্ন করলেন, ঘটনাবলী সম্পর্কে আমার নিজস্ব দৃষ্টিভঙ্গি, পাকবাহিনীর সম্ভাব্য ভবিষ্যৎ পরিকল্পনা এবং স্বাধীনতা অর্জনে আমরা কি কি উদ্যোগ নিয়েছি তাও জানতে চাইলেন।

এদের সেঙ্গে আমার আলোচনা অত্যান্ত গুরুত্বপূর্ন এবং আন্তরিকতার মধ্যে অনুষ্ঠিত হয়েছিলো। তারা খুবই সহানুভতিশীল ছিলেন। তবে এদের আলোচনার ধারা থেকে আমি বুঝতে পারি, এরা সকলেই ভারতীয় সামরিক বাহিনী এবং বি এস এফ-এর গোয়েন্দা বিভাগের লোক। পরের দিন নেতৃস্থানীয় ভারতীয় অফিসারদের সঙ্গে আমার দীর্ঘ আলোচনা হলো। বিকালের দিকে ত্রিপুরার মুখ্যমন্ত্রী শ্রী শচীন সিং-এর সঙ্গে আমি বৈঠকে মিলিত হলাম। তার আচরনও ছিলো বন্ধুসুলভ। তার কাছেও আমি অস্ত্রশস্ত্র এবং কিছু জরুরী জিনিসপত্রের জন্য অনুরোধ জানাই।

মুখ্যমন্ত্রী আমাকে আশ্বাস দিয়ে বললেন, দিল্লী থেকে জবাব এলেই তিনি আমার জন্য কিছু সাহায্যের ব্যবস্থা করতে পারবেন। এ সময় আমাকে দরকার হলে দিল্লী যাবার জন্যও প্রস্তুত থাকতে বলা হলো ।

পরদিন চট্টগ্রাম জেলার কয়েকজন রাজনৈদিক নেতা আগরতলা পৌঁছলেন। তাদের নিয়ে আমি পুনরায় শ্রী শচীন সিং-এর সঙ্গে দেখা করলাম। তিনি আমাকে জানালেন যে, ৯২তম বি এস এফ ব্যাটালিয়ন থেকে জরুরী ভিত্তিতে আমি কিছু অস্ত্রশস্ত্র পেতে পারি। আমার অন্যন্য জিনিসপত্রের চাহিদা সম্পর্কেও তাকে অবহিত করতে বললেন। আমি তার কামরার এক কোনায় বসে প্রায় ১০ মিনিটের মধ্যে প্রয়োজণীয় জিনিসপত্রের একটি তালিকা প্রস্তুত করে ফেলি। আওয়ামী লীগ নেতাদের হাতে সেটি তুলে দিয়ে আমি তখনই চট্টগ্রামের পথে আগরতলা ত্যাগ করলাম। পথে ৯২তম বি এস এফ এর কমান্ডিং অফিসার কর্নেল ঘোষের সঙ্গে আলোচনা করলাম। তিনি ততক্ষনে আমাকে কয়েকটি লাইন মেশিনগান, রাইফেল, হ্যান্ডগ্রেনেড এবং কিছু গোলাবারুদ সরবরাহ করার জন্য তার ব্যাটালিয়নকে নির্দেশ দিয়ে ফেলেছেন এবং সেগুলো ইতিমধ্যেই সাবরুম থানায় পৌঁছানো হয়ে গিয়েছিলো। জিনিসগুলো আমাকে দেয়ার জন্যে ব্যাটালিয়ন হেডকোয়ার্টার থেকে বি-এস-এফ এর ক্যাপ্টেন মেহেক সিংকে আমার সঙ্গেই পাঠানো হয়।

চট্টগ্রাম শহরের ওপর নিয়ন্ত্রন প্রতিষ্ঠার পর পাকিস্তানীরা গ্রামাঞ্চলের দিকে ছড়িয়ে পড়ে। পাকিস্তানীদের একটি কলাম হাটহাজারী, ফটিকছড়ি, নারায়ণহাট এবং হিয়াকু হয়ে রামগড়ের দিকে অগ্রসর হয়। অপরদিকে রাঙ্গামাটি কাপ্তাই, এবং কক্সবাজারের দিকেও একটি করে কলাম অগ্রসর হতে থাকে। এ সময় আমরা গ্রামাঞ্চলের উপর আমাদের নিয়ন্ত্রন বলবৎ রাখার সিদ্ধান্ত নিই। এ উদ্দেশ্য সাধন কেবল শত্রু সৈন্যদের শহরাঞ্চলে কোণঠাসা করে রাখার মাধ্যমেই সম্ভব ছিলো। এভাবে সুসংগঠিত গেরিলা যুদ্ধেও মাধ্যমে ক্রমান্বয়ে শত্রুর শক্তিক্ষয় করে তাদের উপর চুড়ান্ত আঘাত হানাই হবে সঠিক পদক্ষেপ। এটা আমাদের কাছে পরিস্কার ছিলো যে, এই সুদীর্ঘ প্রক্রিয়ায় আমাদেরও হারাতে হবে অসংখ্য অমূল্য জীবন। আমাদের সামনে যুদ্ধের জন্য প্রস্তুতি গ্রহণ ব্যাতীত অন্য কোন বিকল্প ব্যবস্থা ছিলো না। এ জন্য অবশ্য জনসাধারণকে ও সীমাহিন দুর্ভোগ পোহাতে হয়েছে।

রামগড় থেকে দুটি ইপি আর প্লাটুনকে চট্টগ্রাম শহরের প্রায় ছয় মাইল দুরে ভাটিয়ারি এবং ফৌজদার হাটের মধ্যে প্রতিরক্ষামূলক অবস্থান গ্রহনের জন্য পাঠানো হয়েছিলো। অন্য দুটি ইপি আর প্লাটুনকে ফটিকছরি হাটহাজারী হয়ে ক্যান্টনমেন্টের দিকে সহযোদ্ধাদের সাহায্যে পাঠানো হয়। ক্যাপ্টেন হারুন এবং আরো কয়েকজন অফিসার ৬টি কোম্পানী নিয়ে কালুরঘাট সেতুর নিকটেই প্রতিরক্ষামূলক অবস্থান নিয়েছিলো। ঠিক এ পর্যায়ে চৌঠা এপ্রিল আমরা ভারত থেকে অস্ত্র ও গোলাবারুদের প্রথম সরবরাহ পাই। যুদ্ধ পরিচালনার জন্য এ সময় আমাদের পুরো বাহিনীকে পুনর্ব্যিন্যস্ত করা হয়। সশস্ত্র বাহিনীর বাঙালী সদস্যদের গুরুত্বহীন স্থান থেকে সরিয়ে গুরুত্বপূর্ন যুদ্ধ ফ্রন্টগুলোতে পাঠানো হল। ক্যাপ্টেন মতিন এবং লেফটেন্যান্ট এজাজের নেতৃত্বে এরুপ দুটি কোম্পানী ভারতীয় এলাকা দিয়ে। শতাধিক মাইল দুরে চট্টগ্রাম সেক্টরকে শক্তিশালী করার জন্য সেখানে পৌঁছে। আমাদের দলের শক্তি বৃদ্ধির জন্য পর্যাপ্ত অস্ত্র ও গোলাবারুদসহ এদের একটি কোম্পানী ভাটিয়ারী অভিমুখে রওয়ানা হয়। এবং অন্য একটি কোম্পানীকে নিয়ে আমি হিয়াকু, ফটিকছড়ি হয়ে পুনরায় চট্টগ্রাম ক্যান্টনমেন্টের দিকে অগ্রসর হই। এটা ছিলো এক কষ্টসাধ্য অভিযাত্রা। রাস্তা ছিলো অত্যান্ত খারাপ। যান্ত্রিক কনভয় বলতে ছিলো দ্বিতীয়। বিশ্বযুদ্ধকালের কয়েকখানী জীপ, আর এই জীপ গুলোকে প্রায় অর্ধেক পথই আমাদের ঠেলে নিয়ে যেতে হচ্ছিল। আমাদের এই চলাচলের খবর গোপন রাখার উপায় ছিলনা। কারণ, যেমন দিনের বেলায় আমাদের চলতে হচ্ছিলো। তেমনি আবার ভারতের পথে পলায়নপর ভীতসন্ত্রস্ত অসংখ্য জনসাধারণ একই পথ ধরে অগ্রসর হচিছল। যদিও আমরা সবাই বেসামরিক পোষাকে ছিলাম। এবং অস্ত্রশস্ত্র লুকিয়ে রেখেছিলাম, তথাপি শত্রুকবলিত একটি শহরের দিকে কিছুসংখ্যক লোকের সুসংগঠিত হয়ে চলার ভাব দেখে আশঙ্কা ও হতাশায় নিমজ্জিত লোকদের মধ্যে নতুন আশার সঞ্চর হয়। আত্মসন্তুষ্টি লাভের জন্য তারা মুক্তিযুদ্ধের সঠিক সংখ্যর চেয়ে কয়েকগুন বাড়িয়ে শহরের দিকে তাদের যাত্রার কথা যেভাবে বলাবলি করছিলো সে খবর দ্রুত শত্রু ঘাঁটিতে পৌঁছে যায়।

নারায়ণহাটে পৌঁছে আমরা সন্ধার পরবর্তী যাত্রার জন্য অপেক্ষা করতে থাকি। রাতের সামান্য আহার গ্রহণ করি। নারায়ণহাট থেকে আমাদের মুক্তি সেনাদের নাজিরহাট পর্যন্ত পৌঁছানোর জন্য কয়েকটি নৌকার ব্যবস্থা করা হয়। আকাশ ছিলো মেঘাচ্ছন্ন অন্যদিকে নৌকাগুলোরও কোন ছই ছিলো না। ক্লান্তিতে অবসাদে আমরা সবাই ঘুমিয়ে পড়ছিলাম। কিছুক্ষণ পর মুষল ধারায় বৃষ্টি নেমে আসে। আমরা বৃষ্টিতে ভিজে উন্মুক্ত আকাশের নীচে শীতে কাপতে থাকি। নাজিরহাট পৌঁছাতে ভোর হয়ে গেল। এখানেই খবর পেলাম ক্যান্টনমেন্টের নিকট আমাদের যে সেনাদল ছিলো শত্রুর আক্রমণে তারা পিছু হটে হাটহাজারীর দিকে চলে গেছে। নাজিরহাট পৌঁছেই আমাদের জন্য একটি সম্ভাব্য ঘাঁটি খুজে বের করার উদ্দেশ্যে দ্রুত পর্যবেক্ষণের কাজ শুরু করি। খোজাখুজির পর কয়েক মাইল দূরে উদালিয়া চা বাগানই উপযুক্ত স্থান হিসেবে নির্ধারণ করি। প্রায় সঙ্গে সঙ্গেই সে দিকে রওয়ানা হলাম। বাগানের ম্যানেজার আন্তরিকতার সঙ্গে আমাদের স্বাগত জানালেন। সকল প্রকার সাহায্যের তিনি ব্যাবস্থা করেছিলেন।

সীতাকুন্ড পাহাড় শ্রেণীর একটি বিচ্ছিন্ন ছোট পাহাড়ের ওপর গড়ে উঠেছে উদালিয়া চা বাগান। সৈন্যদের এখানে ছোট ছোট দলে ভাগ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, খাবারের ব্যবস্থা এবং অন্যান্য কাজের ভার দেয়া হলো। এ্যাকশন গ্রুপকেও সদা প্রস্তুত রাখা হলো, যাতে তারা স্বল্পকালীন সময়ে শত্রুর মোকাবিলায় দ্রুত রওয়ানা হতে পারে। প্রয়োজনবোধে বিকল্প ঘাঁটি স্থাপনের স্থানটিও দেখে রাখা হয়। রক্ষাব্যুহ নির্মাণের কাজ পুরোপুরি সম্পন্ন হলে এই স্থানের দায়িত্ব লেফটেন্যান্ট এজাজের ওপর ন্যস্ত করে আমি কালূরঘাটের দিকে অগ্রসর হই।

কালুরঘাটের প্রতিরক্ষামূলক অবস্থানে অধিকাংশই ছিলো ইপিআর সৈনিক। প্রাথমিক পর্যায়েই আমি যখন চট্টগ্রাম শহরে পাকসেনাদের সংগে যুদ্ধে লিপ্ত ছিলাম। তখনই আমার সংগে যোগ দেয়ার জন্য চট্টগ্রামের সীমান্ত ফাড়িগুলো থেকে আগত ইপি-আর সৈনিকদের অগ্রযাত্রা মেজর জিয়া থামিয়ে দেন। ইপি আর সৈনিকদের তিনি কালুরঘাটে রেখে দিয়েছিলেন। ৮ বেঙ্গল রেজিমেন্ট এবং ইষ্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের কিছু সৈন্যকেও এখানে রেখে দেওয়া হয়। সব মিলিয়ে কালুরঘাটে তখন ৬টি কোম্পানী ছিলো যার সৈন্য শক্তি ছিলো প্রায় এক হাজার।

আমি যখন চট্টগ্রাম শহর নিয়ন্ত্রণে রাখার জন্য নতুন লোকবল ও অস্ত্রবলের প্রত্যাশায় অপেক্ষা করছিলাম তখন আমারই নির্দেশে আগত ইপি-আর সেনাদের কালুরঘাটে আটকে রাখা হয়। আমাদের সৈন্যদের কালুরঘাটে না থামিয়ে আমার সঙ্গে শহরের যুদ্ধে যোগ দিতে দেয়া হলে আমরা সাফল্যের সাথে নৌ-বাহিনীর সদর দফতর, বিমান বন্দর এবং ক্যান্টনমেন্ট দখল করতে পারতাম। এর ফলে পাকিস্তানীরা আর নতুন সৈন্য আনতে পারত না এবং আমরাও সেখানে তাদেরকে সম্পূর্ণ ধ্বংস করে দিতে পারতাম। সে ক্ষেত্রে আমাদের যুদ্ধের ইতিহাস হতো সম্পূর্ণ ভিন্নতর।

কি কারণে জানিনা, কালূরঘাট যুদ্ধ হয়েছিলো দুই সপ্তাহ পরে এবং এই দুই সপ্তাহ পর্যন্ত আমাদের এখানকার সৈন্যরা প্রায় কোন কাজেই লাগেনি। আমাদের তরুন অফিসাররা দুর্জয় মনবল এবং অদম্য সাহসের সংগে এখানে লড়াই করলেও সৈন্যরা কিন্তু যোগ্য সিনিয়র অফিসারের অভাব তীব্রভাবে অনুভব করছিলো। অবশ্য আমাদের সিনিয়র অফিসারদের সংখ্যাও তখন খুব বেশী ছিল না। এদের মধ্যে আবার মেজর শওকত কক্সবাজার চলে গিয়েছিলেন। ভূল খবরের ভিত্তিতেই এটা হয়েছিল। তারপর তিনি নিজেই কক্সবাজার ত্যাগের সিদ্ধান্ত নিয়ে কালুরঘাটে আমাদের সৈন্যদের সাথে যোগ দেন।

এখানে অমাদের প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র তেমন ছিলো না। ৩০৩ রাইফেল ছাড়া আর ছিল কয়েকটি হালকা মেশিনগান এবং দুটি ৩'' মর্টার। ইপি-আর মর্টার জেসিও দুটি মর্টার দিয়েই অবিশ্বাস্য কাজ করেছিলেন। মাত্র কয়েক রাউন্ড মর্টার শেল দিয়েই তিনি শত্রুসৈন্যদের একাধিক জায়গায় ব্যস্ত রাখতে সমর্থ হয়েছিলেন। তিনি একাই দ্রুত স্থান পরিবর্তন করে বিভিন্ন জায়গা থেকে মর্টার দাগতে থাকলে আমাদের মর্টারের সংখ্যা ঠিক কত পাকিস্তানীরা তা অনুমান করতে ব্যার্থ হয়। আমাদের প্রতিরোধের দুর্জয়তায় শত্রুরা বারবারই পিছু হটতে বাধ্য হয় এবং পরিশেষে প্রায় দুসপ্তাহ পরে ১১ই এপ্রিল কালুরঘাটের যুদ্ধ চুড়ান্ত রুপ নেয়। কালূরঘাট সংঘর্ষে আমরা কেবল সৈনিকই হারাইনাই দুজন অফিসারও সেই সংকটকালে আহত হয়েছিল। ক্যাপ্টেন হারুন গুরুতর অবস্থায় বার্মায় আশ্রয় নিলেন, আর লেফটেন্যান্ট শমসের মবিন গুরুতর আহত অবস্থায় পাকিস্তানীদের হাতে বন্দী হলেন।

কালুরঘাট অবস্থান পরিদর্শনের পর আমি আবার রামগড় হয়ে ঘুরে কুমিরার দিকে অগ্রসর হই। কুমিরার সৈন্যদের জন্য আরো কিছু অস্ত্রশস্ত্র লাভের উদ্দেশ্যে রামগড়ে আমাকে কিছু সময় অপেক্ষা করতে হয়। রামগড়ে মেজর জিয়ার সঙ্গে আবার দেখা হলে তাকে আমি কালুরঘাট অবস্থানের আসারতার কথা বলি। তারপর কিছু অস্ত্র ও গোলাবারুদ নিয়ে সোজা কুমিরার পথে রওনা হই। কুমিরায় তখনো আমাদের সৈন্যরা শত্রুর সাথে মরণপণ লড়ে যাচ্ছিল।

\ প্রথম বাংলাদেশ সরকার \

৪ঠা এপ্রিল চট্টগ্রাম শহরের পতন ঘঠলে পাকিস্তানীরা ক্রমান্বয়ে কালুরঘাট সেতুর দিকে অগ্রসর হতে থাকে। ১০ই এপ্রিলের মধ্যে সেতুর নিকট তারা তাদের অবস্থান সুদৃঢ় করে তোলে। এই সময় শত্রুরা ছিলো আক্রমণমুখী এবং আমাদের ভুমিকা ছিলো আত্মরক্ষামূলক। কিন্তু দীর্ঘস্থায়ী আত্মরক্ষমূলক অবস্থানে থাকতে থাকতে আমাদের সৈন্যরা উদ্যম হারিয়ে ফেলছিলো।

১১ই এপ্রিল সকাল ৮টায় শত্রুপক্ষের গোলন্দাজ বাহিনী কালুরঘাট অবস্থানের ওপর আক্রমন শুরু করে। নৌ-বাহিনীর কামানগুলো থেকেও গোলাবর্ষণ শুরু হয়। ক্যাপ্টেন হারুন এবং লেফটেন্যান্ট শমসের সেতুর পশ্চিম পার্শ্বে (শহরের দিকে) অগ্রবর্তী দলের নেতৃত্বে ছিলেন। আমাদের প্রধান অবস্থান ছিলো সেতুর পূর্ব পার্শ্বে।

কিছুক্ষণের মধ্যে শত্রুদের গোলাবর্ষণ তীব্রতর হয়ে ওঠে। এই গোলাবর্ষনের ছত্রছায়ায় পাকিস্তানীরা সম্মুখযুদ্ধেও প্রস্তুতি নিয়ে সেতুর দিকে অগ্রসর হতে থাকে। ট্রেঞ্চ থেকে হারুন শত্রুপক্ষের অস্বাভাবিক তৎপরতা লক্ষ্য করে শমসেরকে বলল তোমার বাইনোকুলারটা দাও তো। ওদের অবস্থানটা দেখি। কথা শেষ না হতেই হারুন তলপেটে প্রচন্ড ব্যথা অনুভব করল। তীব্র যন্ত্রনায় হারুন কুকড়ে যাচ্ছিলো। লাইট মেশিনগানের এক ঝাক গুলি তাকে বিদ্ধ করেছে। দুজন ছাত্র তাড়াতারি হারুনকে ধরে সেতুর গোড়ায় নিয়ে এলে সে নিজেই প্রায় দৌড়ে সেতু পার হয়ে সংজ্ঞাহীন অবস্থায় পড়ে যায়। তাকে একটি মাইক্রোবাসে পটিয়ায় পাঠিয়ে দেয়া হয়। এর অল্পক্ষন পরেই শমসেরের হাটুতে গুলি লাগলে সেও অচল হয়ে পড়ে। তখন তার প্রায় চারপাশেই লড়াই চলছিলো। শমসের শত্রুদের হাতে বন্দি হয়। দুজন অফিসারকে হারিয়ে আমাদের সৈন্যদের মনোবল সম্পূর্ণ ভেঙ্গে পড়ে। তারা ঘাঁটি ত্যাগ করে পিছনে হটতে শুরু করে। সেদিন বিকাল নাগাদ কালুরঘাটে অমাদের প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ে এবং আমাদের সৈন্যরা পার্বত্য চট্টগ্রামের পথ ধরে রামগড়ের দিকে অগ্রসর হতে থাকে।

পথে মহালছড়িতে হঠাৎ পাকিস্তান বাহিনীর কমান্ডো কোম্পানীর সাথে তাদের সংঘর্ষ বেধে যায়। পাক বাহিনীর সাথে বিচ্ছিন্নতাবাদী মিজোরাও ছিল। পাকিস্তান সরকার এইসব মিজোদের আশ্রয় এবং ট্রেনিং দিয়ে ভারতের বিরুদ্ধে বিদ্রোহাত্মক তৎপরতায় সহায়তা করতো।

উদালিয়া চা বাগানে আমাদের যে কোম্পানী ঘাঁটি স্থাপন করেছিলো পাকিস্তানীদের তীব্র আক্রমণে তাদের সে এলাকা পরিত্যাগ করতে হয়। ওদিকে চট্টগ্রাম-ঢাকা মহাসড়কের কুমিরায় তখন প্রচন্ড লড়াই চলছিলো। চট্টগ্রামের দিকে শত্রুর অগ্রাভিযান প্রতিরোধ করার জন্য আমাদের যে সৈন্যরা সেখানে অবস্থান গ্রহন করেছিলো শত্রু বাহিনী পর্যবেক্ষণ বিমানের সহযোগিতায় তাদের ওপর প্রচন্ড গোলাবর্ষণ শুরু করে। গোলাবর্ষণে আমাদের পক্ষের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। আরো রক্তক্ষয় এড়ানোর জন্য আমাদের সৈন্যরা সীতাকুন্ডুতে সরে আসে। শত্রুসৈন্যের আগমন বিলম্বিত করার উদ্দেশ্যেই সেখানে আমাদের অল্প কয়েকজন সৈন্য থেকে যায় এবং এই অবসরে বাঙালী সৈন্যরা তাদের সীতাকুন্ডু ঘাটি সুদৃঢ় করে গড়ে তোলে। কিন্তু ১৬ই এপ্রিলের মধ্যে শত্রুরা আমাদের সীতাকুন্ডু অবস্থানের ওপর আঘাত হানে। তারা গোলান্দাজ বাহিনীর সহায়তায় কয়েক দফা হামলা চালায়। নৌ-বাহিনীর কামানগুলো তখন ব্যাপক ভাবে গোলাবর্ষণ করছিলো। তবুও আমাদের সেনারা পাল্টা আঘাত হেনে শত্রুপক্ষের প্রচুর ক্ষয়ক্ষতি করে।

বাংলাদেশে প্রতিটি প্রত্যন্ত অঞ্চলে তখন ছড়িয়ে পড়েছে। এই সময়ে কুষ্টিয়ার মেহেরপুরের বৈদ্যনাথ তলায় আমবাগানে বাঙালীর জীবনে এক অনন্য সাধারণ ঘটনা ঘটে যায়। দিনটি ছিল এপ্রিলের ১৭ তারিখ। ঐদিন সকাল আনুমানিক ৮টায় জনাব তাজউদ্দিন আহমদ, জনাব সৈয়দ নজরুল ইসলাম, কর্ণেল (অবঃ) এম,এ,জি ওসমানী এবং অন্যান্য রাজনৈতিক নেতা বৈদ্যনাথ তলা এসে পৌঁছান। নেতৃবর্গের বসার জন্য

পাশের গ্রামগুলো থেকে কিছুসংখ্যক চেয়ার জোগাড় করা হলো। সেসব চেয়ারের অধিকাংশের হাতল ছিল না। বেলা ১১টার মধ্যে অন্যান্য নেতারা পৌঁছে গেলেন। পাশ্ববর্তী এলাকার লোকজন এবং জনা পঞ্চাশেক বিদেশী সাংবাদিকও সবুজ শ্যামলিমায় ঘেরা আম্রকাননে উপস্থিত হলেন। এদের সমানেই সেদিন গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্বোধনী অনুষ্ঠান সম্পন্ন হয়। শেখ মুজিবের নামানুসারে এ জায়গাটির নামকরন করা হয় মুজিবনগর। শেখ মুজিবর রহমানের নাম ঘোষনা করা হয় রাষ্ট্রপতি হিসাবে। সৈয়দ নজরুল ইসলাম হন উপ-রাষ্ট্রপতি এবং ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান তখন পাক সামরিক জান্তার কারাগারে বন্দী। ইপিআর এর একটি প্লাটুন অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামকে গার্ড অব অনার প্রদান করে।

এদিকে ১৮ই এপ্রিল শত্রু বাহিনী আমাদের সীতাকুন্ড অবস্থান ছত্রভঙ্গ করে দিলে এখান থেকে আমাদের সৈন্যদের মিরেশ্বরাইতে পশ্চাদপসরণ করতে হলো। আমরা জানতাম মিরেশ্বরাইতেও আমরা অল্প কিছু দিনের জন্য থাকতে পারবো, তারপর আবার সরে যেতে হবে। এই দুঃখজনক অবস্থা কতদিন চলবে তা কারো জানা ছিল না। সৈন্যরাও ক্রমে আস্থা হারিয়ে ফেলছিল। কোন অবস্থান প্রতিরক্ষায় নিজেদের যোগ্যতা সম্পর্কে নিজেরাই সন্দিহান হয়ে উঠছিলো। লোকবল এবং বিপুল অস্ত্রবলের সাহায্যে শত্রুপক্ষ প্রতিটি যুদ্ধেই ইচ্ছামতো ফলাফল নির্ধারণ করে চলছিল। এই সংকটময় দিনগুলোতে আমাদের সবচাইতে বেশী দরকার ছিল কিছু ভাল অস্ত্রের। চিরাচরিত পন্থায় যুদ্ধ হচ্ছিল। অস্ত্রবল বৃদ্ধি করতে না পারলে আমাদের জয়ের কোন আশাই ছিল না। দুর্ভাগ্যক্রমে আমাদের বাংলাদেশ বাহিনীর কলকাতাস্থ সদর দফতরটি ছিল রণাঙ্গন থেকে বহুদূরে। সম্ভবতঃ এই দূরত্বের কারণেই যুদ্ধের পরিস্থিতি সম্পর্কে আমাদের চাহিদা সম্পর্কে সদর দফতর কিছুটা উদাসীন ছিলেন। একদিকে আমাদের সামরিক দফতর থেকে বলা হতো 'যেভাবেই হোক ঘাটি দখলে রাখার জন্য দৃঢ় প্রতিরক্ষাব্যুহ রচনা কর'। আবার উন্নত ধরণের অস্ত্রশস্ত্র চাইলে জবাব পেতাম, 'এটা তো গেরিলা যুদ্ধ, ভারী অস্ত্রের তেমন প্রয়োজন নাই।' ওই জবাব গেরিলা যুদ্ধ সম্পর্কিত বই পড়া জবাব, না, ভারতের কাছে থেকে প্রয়োজনীয় অস্ত্র সংগ্রহে সরকারের অক্ষমতা তা আমরা জনতাম না। গেরিলা যুদ্ধে উন্নত অস্ত্রশস্ত্রের প্রয়োজন নেই। এই উক্তিটি যে কত অসার, সে সময়ের পৃথিবীর অন্যান্য যেসব দেশে গেরিলা যুদ্ধ চলছিল, সেসব যুদ্ধ পর্যালোচনা করলেই বুঝা যায়। তাছাড়া আমরা শুধু গেরিলা যুদ্ধ করছিলাম না। সাথে সাথে প্রচলিত ধারার লড়াইও আমাদের করতে হচ্ছিল। দেশের বেশ কয়েকটি স্থানে আমাদের সৈন্যরা প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করে শত্রুপক্ষের অগ্রাভিযান প্রতিরোধেরও চেষ্টা করছিল। প্রচলিত প্রথার এই যুদ্ধের পাশাপাশি ট্রেনিংপ্রাপ্ত ছোট ছোট গেরিলা দলকেও বাংলাদেশের ভেতরে পাঠানো হচ্ছিল।

একাত্তরের যুদ্ধের এই বৈশিষ্ট অনেকেই পরিস্কারভাবে বুঝতে পারেননি। তাই আমাদের সরকার এবং সামরিক হেডকোয়ার্টারের কাছে আমাদের সুবিধা অসুবিধাও বোধগম্য হয়নি। সবচাইতে নাজুক অবস্থা ছিল আমাদের- অর্থাৎ সমরক্ষেত্রের কমান্ডারদের, যাঁদেরকে সৈন্যও অফিসারদের কাছে যুদ্ধের ব্যাপারটা বুঝাতে হতো। সে সময়ের একটি ঘটনার কথা বলছি। তখন আমি সৈন্য নিয়ে মিরেশ্বরাই এলাকায় শত্রুর সাথে যুদ্ধ করছিলাম। ৩'' মর্টার গোলার ঘাটতি ছিল আমাদের এবং শত্রুরা তখন আমাদের প্রতিরক্ষাব্যুহের ওপর কামান দেগে চলছিলো। শত্রুর গোলায় আহত একজন সৈনিক আমাকে জিজ্ঞেস করলো, 'আপনি আমাদেরকে কামানের আশ্বাস দিয়েছিলেন, কিন্তু কাফেরদের বিরুদ্ধে আমাদের কামান ব্যবহার করছেন না কেন?' এ প্রশ্নের আমি কোন জবাব দিতে পারিনি। তবু আমার আশা ছিল, শেষ পর্যন্ত প্রয়োজনীয় সাহায্য আমি পাবোই। এটা আমার দুরাশা ছিল কিনা বলতে পারিনা। পর্যাপ্ত অস্ত্রশস্ত্র পাওয়ার ইঙ্গিতের উপর ভিত্তি করেই আমি যোদ্ধাদের প্রতিশ্রুতি দিয়েছিলাম।

শেষ পর্যন্ত যখন অস্ত্র পাওয়া যাচ্ছিল না এবং যোদ্ধাদের পর্যাপ্ত অস্ত্রশস্ত্র দেয়া যাচ্ছিল না সে অবস্থায় সৈন্যদের ঘাঁটি আগলে থাকার নির্দেশ দেয়া আমাদের জন্য খুবই অস্বস্তিকর হয়ে ওঠে। এতদসত্বেও, আমি আমার বাহিনীকে দৃঢ় মনোবল নিয়ে তাদের অবস্থান রক্ষা করতে বাধ্য করছিলাম। এ ছাড়া আর কোন বিকল্প পথ ছিল না। কোন কোন সময় মনে হয়েছে সৈন্যদের আমরা গিনিপিগের মতো ব্যবহার করছি। ট্রেঞ্চ বসে

থেকে কেউই প্রাণ হারাতে চায় না। তারা যুদ্ধের ময়দানে যুদ্ধই করতে চেয়েছিলো, কিন্তু প্রচলিত যুদ্ধের সুযোগ ক্রমেই সীমিত হয়ে আসছিল।

২০শে এপ্রিল পাক-সেনাদের দুটি ব্যাটালিয়ন সর্বশক্তি দিয়ে মিরেশ্বরাইয়ের ওপর প্রচন্ড হামলা চালায়। চুড়ান্ত আঘাত হানার পূর্বে প্রায় ২৪ ঘন্টাই পাক কামানগুলো আমাদের অবস্থানের উপর আঘাত হেনে চলছিলো। মাটি খোড়ার সরঞ্জমাদি এবং অন্যান্য প্রতিরক্ষামূলক জিনিসপত্র না থাকায় তেমন শক্তিশালি বাংকারও আমরা তৈরী করতে পারিনি। অনেক সময়ই সৈন্যদের বেয়োনেট দিয়ে মাটি খুড়তে দেখেছি। উপরের আচ্ছাদন তৈরীর জিনিসপত্রও ছিল না। তাই আমাদের ব্যাংকার এবং ট্রেঞ্চগুলো কামানের গোলায় ভেঙ্গে পরছিলো। খোলা জায়গায় আমাদের সৈন্যরা শত্রুর সহজ শিকারে পরিণত হচ্ছিলো। যা আশংকা করেছিলাম, শত্রুরা এই সময় এয়ার বার্স্ট শেল নিক্ষেপ করতে শুরু করে। আমাদের সৈন্যরা এই ধরনের হামলার সাথে পরিচিত ছিল না। হতাহতের সংখ্যা বাড়তে থাকায় অবস্থান থেকে তারা হটতে শুরু করে। শত্রুপক্ষেও হতাহত কম হচ্ছিল না। পরপর তিন দফা আক্রমণে ওদেরকে শতাধিক সৈন্য হারাতে হয়। আমাদের ট্যাংকবিধ্বংসী গোলায় পাকিস্তানী সৈন্যবাহী আটটি যান প্রায় তিন ঘণ্টা যাবৎ জ্বলতে থাকে। মটরযানে অবস্থানরত বেশকিছুসংখ্যক সৈন্যও জ্বলন্ত দগ্ধ হয়। সন্ধার অন্ধকারে আমাদের সৈন্যরা পরবর্তী অবস্থান মস্তাননগরে প্রতিটি রক্ষাব্যূহ গড়ে তোলে। এই সময়ে শত্রুপক্ষেও আক্রমনকারী সৈন্যদের সাথে কয়েকটি ট্যাংক এসে যোগ দিলে সংঘর্ষ তীব্রতর হয়ে ওঠে।

আমাদের সৈন্যরা মস্তাননগরে তাদের অবস্থান সুদৃঢ় করার পূর্বেই সেখানে শত্রুর কামানের গোলা এসে পড়তে থাকে। বাঙ্গালী সোনদের তখন খাদ্য ও পানি সরবরাহ করা যাচ্ছিল না। এমনকি গোলাগুলির যোগান দেওয়া কঠিন হয়ে উঠেছিলো। তবু তারা শেষ গুলিটি নিঃশেষ না হওয়া পর্যন্ত ঘাটি আগলে থাকে। শত্রুরা তখন ট্যাংক সামনে নিয়ে আমাদের দিকে অগ্রসর হচ্ছিলো। মস্তাননগরের অবস্থান টিকিয়ে রাখা দুস্কর হয়ে উঠলে আমি করেরহাটের কয়েক মাইল দক্ষিণে হিংগুলী এলাকায় সৈন্যদের নিয়ে যেতে মনস্থ করি। এখানে পূর্ব-পশ্চিম বরাবর একটি খাল থাকায় শত্রুদের দ্রুত আগ্রগমন সম্ভব ছিল না। অগ্রসরমান শত্রুর ট্যাংকের অগ্রযাত্রা থামাতে হলে খালের উপর প্রধান সেতুটি ধ্বংস করা দরকার।

তখন প্রায় মধ্যরাত। আমাদের সৈন্যরা সবাই ক্লান্ত, অবসন্ন। তবু তারা দ্রুত হিংগুলীতে প্রতিরক্ষামূলক অবস্থান গড়ে তোলে এবং পরবর্তী লড়াইয়ের জন্য অপেক্ষা করতে থাকে। রাতে কারো চোখে ঘুম ছিল না। পাকিস্তানীরা সতর্কতার সঙ্গে অগ্রসর হচ্ছিল। হিংগুলীর অদুরেই আমরা তাদের যানবাহন এবং ট্যাংকের আওয়াজ পরিস্কার শুনতে পাচ্ছিলাম। সময়ের সাথে পাল্লা দিয়ে আমি সেতুটি ধ্বংসের কাজে হাত দিলাম। আমাকে সহায়তা করছিলো বি এস এফ এর মেজর প্রধান।

রাত ৭টা নাগাদ সেতুটি ধ্বংস করার সব ব্যবস্থা সম্পন্ন হলো এবং মেজর প্রধান সেই রাতেই সাবরুমের পথে রওনা হয়ে গেলেন। আমি তিরিশ সেকেন্ডের একটি ফিউজে আগুন ধরিয়ে দ্রুত নিরাপদ স্থানে আশ্রয় নিই। এক এক করে সেকেন্ড অতিবাহিত হয়, তারপর মিনিট, কিন্তু বিস্ফোরণ আর ঘটলো না। আসলে ফিউজটি খারাপ ছিল। আমার সঙ্গে অতিরিক্ত যে একটি ফিউজ ছিল তাও দেখা যায় অকেজো। ভোর হতে আর মাত্র দুঘন্টা বাকী। এরই মধ্যে সেতু আমাদের ধ্বংস করতেই হবে। তখন আমার সামনে হিংগুলির ২৫মাইল দুরের রামগর থেকে ফিউজ নিয়ে আসা ছাড়া অন্য কোন পথ খোলা ছিল না। ট্যাংক এবং অন্যান্য গাড়ি ক্রমশ নিকট থেকে নিকটতর হচ্ছিল। রাত ৩টা। আমি তখন মরিয়া হয়ে ফিউজের জন্য খবর পাঠালাম। আমাদের নিজস্ব কোন বিস্ফোরনের মজুত ছিল না। ফলে সম্পূর্ণভাবে বি এস এফ এর উপর নির্ভর করতে হতো।

রাতে আমরা দ্রুত হিংগুলি ঘাটিতে অবস্থান করছিলাম। ভোরে আবার তার পুনর্বিন্যাস করার দরকার হবে। ভয় ছিল এই পুনর্বিন্যাসের আগেই শত্রুরা এসে না পড়ে। সেতু ধ্বংস করা যায়নি। ট্যাংক এসে পড়লে পরিস্থিতি মারাত্মক আকার ধারণ করে। ইতিমধ্যে রামগড় ফেরার পথে মেজর প্রধান খবর পান যে, সেতুটি ধ্বংস করা

সম্ভব হয়নি। এই সংবাদ পেয়ে তিনি দ্রুত কয়েকটি ফিউজ নিয়ে পুনরায় আমাদের হিংগুলি অবস্থানে আসেন। রাত তখন পোনে ৪টা । এসময় রামগড়ের দিক থেকে আমার দিকে অগ্রসরমান একটি জীপের আলো আমার নজরে পড়ে। মেজর প্রধান জীপ থেকে দৌড়ে এসে আমাকে একটি ফিউজ দিয়ে বলেন, এটা আশা করি কাজ করবে। না সেটাতেও কোন কাজ হলো না। শেষ পর্যন্ত চতুর্থ ফিউজ কাজ হলো। কর্ণবিদারী বিস্ফোরণের আওয়াজ কয়েকমাইল দূর থেকেও শোনা গেল। সেতুটি সম্পূর্ণ ধ্বংস হওয়াতে অমাদের দুশ্চিন্তার অবসান হলো। আমরা দু'জনে আনন্দে বলে উঠলাম 'চমৎকার'।

শত্রুসৈন্যদের মুল দল তখন মাত্র মাইলখানেক দুরে। এদের পেছনেই ছিলো আর্টিলারী। দিনের প্রথম আলোয় আমরা তাড়াতাড়ি ঘাটি পুনর্বিন্যাসের কাজে হাত দিই।

এই সংকটময় মুহুর্তে কুমিল্লা সেক্টর থেকে পাওয়া আমাদের একটি নিয়মিত কোম্পানীকে অন্য এক যুদ্ধ ফ্রন্টে চলে যেতে হয়। আমার কাছে হিংগুলিতে তখন একশর বেশী লোক ছিল না, যাদের অধিকাংশ ইপি আর পুলিশ ও মুজাহিদ। আমাদের সৈন্যদের বেশীরভাগই মহালছড়ি এবং নরায়ণহাট এলাকার সংঘর্ষে ব্যাপৃত ছিল। আমাদের হিংগুলীর অগ্রবর্তী অঞ্চল ছিল প্রায় তিন মাইল বিস্তৃত। এই বিস্তীর্ণ অঞ্চল রক্ষা করা অপরিহার্য। কুমিল্লা সেক্টরের কোম্পানীর কাছে কিছু ভাল অস্ত্র ছিল তা তারা নিয়ে গেছে। আমাদের ছিল মাত্র দুটি লাইট মেশিনগান। বাকীগুলো ছিলো সবই সেকেলে ৩০৩ রাইফেল। একটি ৩" মর্টার পাওয়া গেলেও সেটি আপন খেয়ালে চলতো। আমি বুঝতে পারছিলাম মাত্র একশ সৈন্য নিয়ে দুই ব্যাটালিয়ন শত্রুসৈন্যকে নিশ্চয়ই বেশীক্ষণ ঠেকিয়ে রাখা যাবে না। নারায়ণহাটে সৈন্য চেয়ে আমি যে খবর পাঠিয়েছিলাম তাদের আসতে অন্তত দুদিন লাগবে। এখানে আমাকে এই দুইদিন শত্রুদের ঠেকাতে হবে। শত্রুরা আমার আসল শক্তি সম্পর্কে বিন্দুমাত্রও আভাস পেলে তৎক্ষনাৎ আক্রমন করে বসতো। সেতুর পূর্বদিকে পাহাড়ী এলাকা পর্যন্ত প্রায় সমতল। মাঝে মধ্যে ছোট ছোট ঢিবি, টিলা। সৈন্য চলাচলে এগুলো আড়াল হিসেবে কাজে লাগছিলো। এই সমতল এলাকাটির দৈর্ঘ্য ছিল প্রায় দুই মাইল। সেতুর পশ্চিম দিকের এলাকা একেবারে সমুদ্র উপকুল পর্যন্ত আমাদের অরক্ষিত রাখতে হচ্ছিল। সৈন্যসংখ্যা বেশি না থাকায় আমি জনা তিরিশের মত লোক নিয়ে তাদের দুভাগে ভাগ করি। এরপর দুদলকে পূর্ব ও পশ্চিম দিকে পাঠাই। উদ্দেশ্য ছিল, তারা এমনভাবে চলাচল করবে যাতে দুর থেকে শত্রুরা বুঝতে পারে যে, দুটি অঞ্চল জুড়েই আমরা প্রতিরক্ষামূলক অবস্থান গ্রহণ করছি। পরিকল্পনা অনুযায়ী তারা সামনে এগিয়ে গিয়ে এক জায়গায় শুয়ে পড়ে এবং এমনভাবে হামাগুড়ি দিয়ে কোন মাঠ কিংবা ঝোপের পেছনে চলে আসতো যাতে শত্রুরা তাদের পেছনে হটে যাওয়া দেখতে না পায়। এখান থেকে উঠে আবার একটু প্রকাশ্যভাবেই আরেক যায়গায় যেতে থাকে। গোপনে পিছন থেকে এবং প্রকাশ্যে সামনের দিকে যাওয়ার এই প্রক্রিয়া বিভিন্নস্থানে বেশ কয়েকবার করে চলে। এতে শত্রুদের ধারনা জন্মায় যে এক একটি স্থানেই পঞ্চাশ ষাটজন করে বাঙ্গালী সেনা রয়েছে। অথচ আমাদের ছিল মাত্র পনেরজনের মতো। বিকাল পর্যন্ত আমরা কাজটি চালিয়ে যেতে থাকি। দূর থেকে কেউ এ দৃশ্য দেখলে নির্ঘাত মনে করবে সেতুর উভয় পার্শ্বে আমাদের পনের শত থেকে দুই হাজার সৈন্য প্রতিরক্ষামূলক অবস্থান গ্রহণ করছে।

এই অবস্থায় আমাদের বাদবাকী সৈন্যরা সেতুর নিকট রাস্তা কভার করে সুবিধাজনক স্থানগুলোতে প্রতিরক্ষাব্যূহ গড়ে তুলতে থাকে। সন্ধ্যা নাগাদ আমাদের প্রস্তুতি সম্পন্ন হয়। পদ্ধতিটি কিছু সময়ের জন্য অবশ্যই কাজে লেগেছিলো। রাতে আমাদের সাড়া সম্মুখভাগ জুড়ে শত্রুর কামানের গোলাবর্ষণ শুরু হয়। দুই দিন পর্যন্ত তা অব্যাহত থাকে, তবু তারা এগিয়ে এসে আক্রমণ করলো না। এদিকে আমার দলেও নতুন সৈন্য এসে পৌঁছায়নি। এ সময় এক নতুন বিপদ দেখাদিলো। পশ্চিম পাকিস্তান থেকে বিপুলসংখ্যাক সৈন্য এসে পড়ায় শত্রুরা প্রতিটি রণাঙ্গনে আরো বেশী করে সৈন্য পাঠাতে লাগলো। ১২০ এম এম মর্টারসহ আধুনি অস্ত্রশস্ত্রে সজ্জিত একটি পুরো ব্যাটালিয়ন ফটিকছড়ি, নাড়ায়ন হাট দিয়ে হিয়াকুর দিকে এগোয়। এদের অগ্রাভিযানের ফলে হিয়াকু এবং করেরহাট হিংগুলী এলাকার মধ্যবর্তী স্থানে আমাদের সকল সৈন্য আটকা পড়ার আশংকা দেখা দেয়। এই অবস্থায় আমি নারায়নহাট থেকে সৈন্য পাওয়ার আশা পরিত্যাগ করি।

\ রামগর ভস্মীভূত \

২৫শে এপ্রিল পাকিস্তানীদের হাতে করেরহাটের পতন ঘটে। তারপর তিন দিক থেকে রামগড় অভিমুখে অগ্রসর হয়। করেরহাট রামগড় সড়কে একদল, নারায়ণহাট হিয়াকু রামগড় পথে দ্বিতীয় দল এবং মহালছড়ি রামগড় সড়ক ধরে তৃতীয় দল অগ্রসর হতে থাকে। করেরহাট থেকে রমগড় যাওয়ার পথে পাহাড়গুলো দখল করার জন্য পাকিস্তানীরা পূর্বদিকে এগুচ্ছিলো। ফেনী নদীর শুভপুর সেতুর দিকেও কিছুসংখ্যক শত্রুসেনা অগ্রসর হচ্ছিলো। পক্ষকাল পরে এই সেতুর কাছেই এক রক্তক্ষয়ী লড়াই সংঘটিত হয়।

করেরহাট এবং রামগড়ের মাঝামাঝি স্থানে ছোট বাজার হিয়াকু। শত্রুরা কিভাবে যেন জেনেছিলো আমরা রামগড়েই চট্টগ্রাম সেক্টরের সদর দফতর স্থাপন করেছি। কথাটি আংশিক সত্য, সম্পূর্ণ নয়। এখানে আমাদের কিছু জ্বালানী এবং খাদ্য মজুদ ছিলো। আরো ছিল আমাদের আহতদের চিকিৎসার জন্য অস্থায়ী একটি হাসপাতাল। এছাড়া ছিল ছোট্র একটি ট্রেনিং ক্যাম্প। এপ্রিলের দ্বিতীয় সপ্তাহের পর থেকেই মুক্তিযোদ্ধাদের এখানে আমরা অস্ত্র ও বিস্ফোরক ব্যবহারের ট্রেনিং দিচ্ছিলাম। তবে প্রয়োজনে এখান থেকেও সবকিছু সরানোর প্রস্তুতি আমাদের ছিলো। রামগড় অবশ্য আমাদের মান সম্মানেরও প্রতীক হয়ে উঠছিলো। কারণ এটাই ছিলো আমাদের নিয়ন্ত্রণাধীন সর্বশেষ মহকুমা সদর দফতর। তাই আমরা স্থানটি প্রতিরক্ষার জন্য সম্ভাব্য সবরকম প্রস্তুতি গ্রহণ করি। এজন্য আমরা কয়েকটি সেতু ধ্বংস করে ফেলি। সীমিত সম্পদ ও শক্তির দিকে লক্ষ্য রেখে যতদূর সম্ভব ব্যাপক এলাকা জুড়ে সম্ভাব্য শত্রু হামলার স্থানগুলোতে শক্তিশালী প্রতিরক্ষা গড়ে তুলি।

রণকৌশলগত দিক থেকে তখন হিয়াকু এবং করেরহাটের মধ্যে আমাদের কোন সৈন্য রাখার উপযোগিতা ছিলো না। সৈন্যদের এখানে শত্রুবেষ্টনীর মধ্যে পড়ে যাওয়ার ভয় ছিলো। তাই সকল দিকের সব সৈন্য প্রত্যাহার করে হিয়াকু এলাকায় সমাবেশ করেছিলাম।

অন্য পথে আরো পূর্বে মহালছড়িতে আমাদের সৈন্যদের ওপর ইতিমধ্যে শত্রুরা হামলা চালিয়েছিলো। আমাদের বাহিনী তখন আরো সৈন্য ও অস্ত্রশস্ত্র চেয়ে বারবার খবর পাঠাচ্ছিলো। কিন্তু আমরা তাদের কিছুই পাঠাতে পারিনি।

এপ্রিলের তৃতীয় সপ্তাহের দিকে অস্থায়ী বাংলাদেশ সরকার সর্বোচ্চ সামরিক কমান্ডের মতো কিছু একটা গঠন করেন। রণাঙ্গণের কমান্ডাররা কিন্তু সর্বোচ্চ সামরিক কমান্ড থেকে কোন আদেশ পাননি। বস্তুত: অভিযান সংক্রান্ত কোন আদেশই তাদের ছিল না। যে কোন মূল্যে শত্রু আক্রমন প্রতিহত করতে হবে। আমাদের প্রতি এটাই ছিল সেই বিমুর্ত হাই কমান্ডের একমাত্র নির্দেশ। যুদ্ধক্ষেত্রের বাস্তব চিত্রের সাথে এই আদেশের কোন সম্পর্ক ছিল না। শত্রুর অগ্রাভিযান কিছু সময়ের জন্য হয়তো বিলম্বিত করা যায়। কিন্তু প্রাণঘাতী লড়াইয়ের ময়দানে প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র ও রসদ ছাড়া শত্রুকে দমন করার চিন্তা আকাশ কুসুম স্বপ্নমাত্র। কেউ কেউ এই যুক্তি অনুধাবন না করেই খামখেয়ালী এবং অসঙ্গত আদেশ দিয়ে যাচ্ছিলেন। অচিরেই আমাদের সৈন্যরা এই অদৃশ্য কমান্ডের ওপর আস্থা হারিয়ে ফেলে এবং এর আসল অস্তিত্ব সম্পর্কেই সকলের মধ্যে সন্দেহ দেখা দেয়।

পাকিস্তানীরা মহালছড়ি আক্রমন করেছিলো ২৭শে এপ্রিল। এখানে ছিলো প্রায় তিন হাজার সৈন্যর দুটি মিজো ব্রিগেড এবং পাকিস্তান সেনাবাহিনীর একটি নিয়মিত কমান্ডো কোম্পানী। আমাদের সৈন্যদের পাহাড়ী এলাকায় যুদ্ধের ট্রেনিং ছিল না। অস্ত্র ও রসদপত্রেরও অভাব ছিল। তাই মহালছড়িতেও আমাদের বিপর্যয়ের সম্মুখীন হতে হয়। পাকিস্তানীরা মিজোদের সামনের সারিতে পাঠিয়ে দিয়ে একটির পর একটি হামলা চালাতে থাকে। প্রথমে প্রতিবারই তাদের সে হামলা ব্যার্থ হয়ে যায়। হামলায় মিজোরা দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। পেছন থেকে পাকিস্তানী কমান্ডদের চাপের ফলে মিজোরা পেছনেও সরতে পারছিলো না। এমন কি কমান্ডোরা অস্ত্র দিয়ে এমন ভাব দেখাচ্ছিলো যে, কোন মিজো পালাতে চেষ্টা করলেই তাকে গুলি করা হবে। যুদ্ধ গড়িয়ে চলে

মিজোদের কয়েকটি ছোট ছোট দল কোনক্রমে কয়েকটি টিলা পেরিয়ে পাহাড়ের ওপর সুবিধাজনক স্থান দখল করে নেয়। এদের এই জায়গা থেকে আমাদের অবস্থান এবং রামগড় অভিমুখী সড়ক পরিস্কার দেখা যাচ্ছিলো।

যুদ্ধ পরিস্থিতি ক্রমেই সঙ্গীন হয়ে ওঠে। আমাদের সৈন্য সংখ্যার চেয়ে কয়েকগুন বেশি শত্রুসৈন্য বাঙ্গালী সৈন্যদের প্রায় ঘিরে ফেলে। তরুন অফিসার ক্যাপ্টেন কাদেরকে আমরা এখানেই হারাই। প্রচন্ড ঝুকি নিয়ে একটা সুবিধাজনক স্থান দখল করার জন্য সে এগিয়ে গিয়েছিলো যাতে বাঙ্গালী সৈন্যদের নিরাপদ পশ্চাদপসরণে সে সাহায্য করতে পারে। কাদের সফল হয়েছিলো, কিন্তু তারপরই লাইট মেশিনগানের এক ঝাক গুলিতে তার দেহ ছিন্ন বিচ্ছিন্ন হয়ে পড়ে। বীরের মত মৃত্যু বরণ করেছিলো ক্যাপ্টেন কাদের। এই যুদ্ধে প্রথম একজন অফিসার হারিয়ে আমাদের সৈন্যদের মনবল ভেঙ্গে পড়েছিলো। দু'জন মাত্র শওকত ও ফারুক (পরে দুজনই সেনাবাহিনীতে কমিশনপ্রাপ্ত অফিসার হয়েছিলেন। এবং সিপাই ড্রাইভার আববাস শত্রুদের গুলিতে বৃষ্টির মধ্যে দিয়েই ক্যাপ্টেন কাদেরের দেহ উদ্ধার করে আনে। রামগড়ে আমরা যথাযোগ্য ধর্মীয় ও সামরিক মর্যাদায় কাদেরের মৃতদেহ দাফন করি।

এপ্রিলের ২৯ তারিখে হিয়াকুর কাছে যুদ্ধ শুরু হয়। আমাদের অবস্থানস্থলের সামনের জায়গাটি ছিলো খোলা, কিন্তু দু'পাশে ছোট ছোট টিলার ওপর ঘন জঙ্গল। এই জঙ্গলের আড়াল দিয়ে শত্রুরা আমাদের পেছনে চলে আসতে পারতো। সে পরিস্থিতিতে সরবরাহ ঘাটি রামগড় থেকে আমাদেরকে সম্পূর্ন বিচিছন্ন হয়ে পড়তে হতো। আমাদের কাছে তখন রান্না করার মত কিছু ছিল না। অধিংকাশ খাবারই আসত রামগড় থেকে। দিনটি ছিল পরিস্কার। ভোর থেকেই আমাদের অবস্থানের ওপর মর্টার সেলিংয়ের মাধ্যমে কয়েক দফা হামলা হয়। বোমাবর্ষনের ছত্রছায়ায় আমাদের দিকে অগ্রসরমান শত্রুর অগ্রভাগে ছিলো প্রায় দুইশত স্থানীয় দালাল। খোলা মাঠ দিয়ে দুই কোম্পানী পাকসেনা এগিয়ে আসছিলো ওরা একশত গজের মধ্যে আসতেই আমাদের অস্ত্রগুলো গর্জে উঠলো। এই আকস্মিক হামলায় মুহুর্তের মধ্যে ওরা ভয় ও আতংকে ইতস্তত বিক্ষিপ্ত হয়ে ছড়িয়ে পড়লো। দীর্ঘ দুই ঘন্টার অবিরাম লড়াইয়ে আমাদের কয়েকজন হতাহত হবার পর অবশেষে আমাদের সৈন্যদেরকে চিকনছড়ার দিকে পশ্চাদপরসণ করার নির্দেশ দেয়া হলো।

হিয়াকুর পতনের পর রামগড়ের পতন অবশ্যম্ভাবী হয়ে উঠলো। সবচাইতে বিপজ্জনক ব্যাপার ছিলো শত্রুরা আমাদের অসামরিক ব্যাক্তিদের বিশেষ করে বড় বড় শরনার্থী দলের ভারত গমনের পথ প্রায় বন্ধ করে দিয়েছিলো। সে সময়ে প্রতিদিন হাজার হাজার লোক ধুলিময় রাস্তা ধরে নারায়ণহাট থেকে হিয়াকুর এবং তারপর রামগড় হয়ে ফেনী নদী পেরিয়ে সাবরুমে গিয়ে আশ্রয় নিচিছল। কিন্তু হিয়াকুর পতনের পর সে পথ বন্ধ হয়ে গেলো।

করেরহাটের পতনের পর বুঝতে পারি বর্তমান ধারায় যুদ্ধ করে আমরা কিছুই করতে পারবো না। আমরা আমাদের বাহিনীকে সুসংগটিত করে তুলতে পারছিলাম না। এই বাহিনীতে ছিলো বিভিন্ন ধরনের লোক ইপি আর পুলিশ আনসার, মুজাহিদ, সামরিক বাহিনীর লোক এবং মাত্র সপ্তাহ খানেকের ট্রেনিংয়ের পর রণাঙ্গনে নামিয়ে দেয়া নতুন মুক্তিযোদ্ধা। এইসব দলের মধ্যে ঐক্যবদ্ধ শৃঙ্খলার অভাব ছিলো আমাদের বিপর্যয়ের একটি কারণ। আমাদের সকল সৈন্যকে একটা নিরাপদ শিবিরে নিয়ে তাদের জন্য বিশ্রাম ও চিকিৎসার ব্যবস্থা করা প্রয়োজন হয়ে পড়েছিলো। তাহলে তাদেরকে নিয়েই আবার একটা সংঘবদ্ধ ও সুসংগঠিত বাহিনী গড়ে তোলা যেতো। আমাদের অধিকাংশ সৈন্যকেই ইতিমধ্যে অপুষ্টিরও শিকার হয়ে পড়তে হয়েছিলো।

সেই উদ্দেশ্যে ভারতীয় সীমানার ছয় মাইল ভেতরে হরিনায় একটা গোপন শিবির স্থাপন করা হয়। ভারতীয় কর্তৃপক্ষের থেকে আমরা কয়েকটি তাবু পেয়েছিলাম। রামগড় থেকে কিছু কিছু জিনিস এখানে

নিয়ে আসা হলো। শিবিরের জন্য যে হাসপাতালের ব্যাবস্থা করেছিলাম। যুদ্ধে আহতদের সেখানে আনা হয়। এরপর যুদ্ধ থেকে একটু অবকাশ পেলেই নতুনভাবে আমাদের বাহিনী সংগঠনের কাজ পুরোদমে শুরু হয়।

মুজিব নগরে গঠিত অস্থায়ী বাংলাদেশ সরকার তখন অন্যান্য দেশের স্বীকৃতি আদায়ের চেষ্টা করছিলেন। কাজটি ছিলো খুবই দুঃসাধ্য। বাংলাদেশ বাহিনী একটা উল্লেখযোগ্য পরিমান এলাকায় তাদের দখল প্রতিষ্ঠা না করতে পারলে কেউ আমাদের সরকারকে স্বীকৃতি দেবে না। যুদ্ধের প্রাথমিক অবস্থায় বাংলাদেশের যে কোন একটি অঞ্চলে যতদুর সম্ভব সৈন্যদের জড়ো করে সেই এলাকা প্রতিরক্ষার ব্যবস্থা করা যেত। সময় নষ্ট না করে সেই সময়ই এই সিদ্ধান্ত নেয়া উচিৎ ছিল। কিন্তু দেখা গেছে কর্তৃপক্ষ সকল ফ্রন্টেই যুদ্ধ করতে আগ্রহী এবং যুদ্ধ করে জয়ী হতেও চাইছিলেন। আমাদের সৈন্যসংখ্যা এবং তাদের পরিমানের প্রেক্ষিতে রণকৌশলগত দিক থেকে এ ব্যবস্থা ছিলো অবাস্তব। সব জায়গায় যুদ্ধ করার দরুন সৈন্যরা ছত্রভঙ্গ হয়ে পড়ে। সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থার অভাবে আমাদের সেনাদের বিচ্ছিন্ন এবং স্থানীয়ভাবে লড়ে যেতে হয় এবং এই লড়ে যাওয়া অধিকাংশ ক্ষেত্রেই ছিলো লক্ষ্যহীন। তাই একটির পর একটি এলাকা আমাদের হাতছাড়া হয়ে যেতে থাকে।

৩০শে এপ্রিল মহালছড়ির সৈন্যরা রামগড় এসে পৌঁছে। এখান থেকে সকালে ছোট ছোট দলে হরিনা শিবিরের দিকে অগ্রসর হয়। ওদের আসার আগে কর্তৃপক্ষ আমাদেরকে রামগড় ছেড়ে যেতে প্রস্তুত থাকার আদশ দিয়েছিলেন। এই আদেশে বোঝা গিয়েছিলো, হাই কম্যান্ড আমাদের প্রয়োজনীয় চাহিদা মিটাতে অসমর্থ। তখন সাহায্য ব্যতিরেকে মাত্র তিনদিনের বেশী যুদ্ধ করার সামর্থ্য আমাদের ছিল না। কিন্তু অবাক কান্ড ৩০শে এপ্রিল রাতেই আরেকটি নতুন আদেশ পেলাম। বাংলাদেশ সরকারের জন্য রামগড় রক্ষা কর। ইতিমধ্যে চিকনছড়া থেকে আমরা সৈন্য সরিয়ে এনেছি। হরিনায় আমাদের নিরাপদ পশ্চাদপসরণের জন্য রামগড়ের বাইরে কিছু সৈন্য রেখেছি। যাতে শত্রুর অগ্রাভিযান কিছু সময়ের জন্য তারা বিলম্বিত করতে পারে। শত্রুবাহিনী রামগড়ের মাত্র কয়েক মাইলের মধ্যে এসে পড়েছে। আমাদের সৈন্যদের অর্ধেক তখন হরিণার রাস্তায়।

অবশ্য সর্বোচ্চ কর্তৃপক্ষের কাছ থেকে নির্দেশ পাওয়ার পর রামগড় প্রতিরক্ষার জন্য উপস্থিত যাদেরকে পেলাম সবাইকে জড়ো করা হলো। পাকিস্তানী সৈন্য যাতে ভারতীয় ভূখন্ডে ঢূকে না পড়ে তা প্রতিহত করার জন্য ভারতীয় সেনাবাহিনীর একটি দলও সাবরুমে চলে এল। ভারতীয় সেনাবাহিনীর এই পদক্ষেপে কিছুটা ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়েছিলো। গুজব রটেছিলো যে, রামগড় প্রতিরক্ষায় ভারতীয় সৈন্যরাও অংশ নিতে পারে। কিন্তু সে রকম কিছুই ঘটেনি।

১লা মে থেকে শত্রুরা রামগড়ের আশপাশের এলাকার ওপর গোলাবর্ষণ শুরু করে। একটি দল মূল সড়ক ধরে অগ্রসর হচ্ছিলো। অন্য একটি দল রামগড়ের পূর্ব-দক্ষিণে পাহাড়ের দিকে এগোতে থাকে। এই পাহাড় এবং রামগড়ের মধ্যে কিছুটা জায়গা একেবারে খোলা এবং সমতল। ১লা মে দিবাগত রাতে এই পাহাড়ে গোপনে শত্রুসমাবেশ ঘটেছিলো।

২রা মে সকালে পাকিস্তানীরা মরিয়া হয়ে রামগড়ের ওপর আক্রমণ শুরু করে। কামানের প্রচন্ড গোলার ছত্রছায়ায় তারা সড়কপথে আমাদের প্রথম প্রতিরক্ষাব্যূহ ভেঙ্গে দেয়। শেলের আঘাতে আমাদের বাংকারগুলো ভেঙ্গে পড়তে থাকে। এদিকে সেই পাহাড় এবং রামগড়ের মধ্যবর্তী স্থানটিতে ধোঁয়ার জাল সৃষ্টি করা হয়। এবং ধোঁয়ার আড়ালে শত্রুদের দ্বিতীয় দলটি রামগড়ের মধ্যভাগের দিকে অগ্রসর হয়। সন্ধ্যার ঘন্টাখানেক আগে শত্রুরা শহরটির মধ্যাঞ্চলের ওপর চুড়ান্ত আক্রমণ চালায়। এতে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ে। এরপর এক ঘণ্টারও বেশী সময় আমাদের সৈন্যরা শত্রুর ওপর গুলিবর্ষণ অব্যাহত রাখে এবং পরিশেষে গুলি ফুরিয়ে গেলে তারা অন্ধকারের আড়ালে পশ্চাদপসরন করে।

ওদিকে সাবরুমের সকল বেসামরিক বাসিন্দাকে ইতিপুর্বেই আরো অভ্যন্তরে নিরাপদ স্থানে অপসারণ করা হয়েছিলো। সারা তল্লাট জুড়ে বুলেট ছুটছিলো। ভারতীয় এলাকার বাড়িঘর এবং গাছপালায় গিয়ে গুলি লাগছিলো। ভারতীয় সেনাবাহিনী এবং সীমান্ত রক্ষীবাহিণীও (বি-এস-এফ) ইতিমধ্যে যার যার ট্রেঞ্চের ভেতরে অবস্থান গ্রহণ করেছিলো। তবে তারা সবকিছু অবলোকন করছিলো মাত্র।

এ সময় শত্রুর একটি অয়্যারলেস বার্তা আমরা শুনতে পাই। ওতে বলা ছিল "রামগড়ের বিদ্রোহী হেডকোয়ার্টার দখল করেছি।"

২রা মে'র এই রাতে শত্রুরা রামগড়ের ঘরবাড়িতে আগুন ধরিয়ে দেয়। সমগ্র বাজার এলাকা জ্বলে ওঠে। উর্ধ্বমূখী ধোয়ার কুন্ডলী আর অগ্নিবলয়ের ভেতর দিয়ে দুরে তখন পাহাড় শ্রেণীর অস্পষ্ট রেখা চোখে পড়ছিলো সেখানেই আমাদের স্বপ্নের সেই দেশ যার জন্য আমরা যুদ্ধ করে চলেছি, অবিরাম যুদ্ধ চালিয়ে যাব। কিন্তু কতদিন এ যুদ্ধ চলবে তা আমরা কেউ জানতাম না।

\ শুভপুর সেতুর যুদ্ধ \

রামগড় হারানোর বিপর্যয়ে আমাদের তখন মনমরা অবস্থা। হরিনায় বিকল্প সদরদফতর স্থানপন করতে পারলেও ভারতের আশ্রয়ে থেকে শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করতে হবে এ কথা যেনো কোনমতেই মেনে নিতে পারছিলাম না। রামগড়ে আমাদের একটা সান্তনা ছিল যে, সেটা আমাদের নিজেদের দেশ। সেখানকার সবকিছুই আমাদের। কিন্তু হরিণা ভারতীয় এলাকা দুটির মধ্যে বিরাট পার্থক্য আমাদের সব স্বপ্ন বুঝি ভেঙ্গে গেলো। আমাদের কেউ কেউ শিশুর মত কেঁদেছিলো। মানসিক আঘাতে পাথর হয়ে যাওয়া অনেককে দেখেছিলাম একটা ঘোরের মধ্যে পা দুটি যেন টেনে নিয়ে হরিণার দিকে চলছে। কাধে ঝুলছে পুরনো দিনের হাতিয়ার এবং গুলিশুন্য থলে।

এরপর প্রধান সড়কে শুভপুর সেতুর কাছে মারাত্মক লড়াই আসন্ন হয়ে ওঠে। ভারতীয় বি এস এফ বাহিনীর সহযোগিতায় সেতুর একটি অংশ আমরা এর আগে ধ্বংস করে দিয়েছিলাম। এখানে আমাদের দলে লোকসংখ্যা ছিল মাত্র একশর মত। এদের অধিকাংশই ছিল আবার সতদিনের ট্রেনিং প্রাপ্ত বেসামরিক মুক্তিযোদ্ধা। সেতু প্রতিরক্ষার দায়িত্ব পড়েছিলো ই পি আর সুবেদার ফখরুদ্দিনের ওপর। আমাদের লক্ষ্য ছিল শত্রুরা যাতে এই গুরুত্বপূর্ন সেতু ব্যবহারের সুযোগ না পায় এবং ঢাকা ও কুমিল্লার সাথে সংযোগ স্থাপন করতে না পারে।

করেরহাটের পতনের পর সেতুর উত্তর দিক থেকে আমরা সৈন্য প্রত্যাহার করে সেতুর দক্ষিন দিকে আমাদের সর্বশক্তি নিয়োগ করি। আমরা জানতাম সেতুটি দখল করার জন্য শত্রুরা মরিয়া হয়ে উঠবে। করের হাটে তারা কামান মোতায়েন করেছিলো, কয়েকটি ট্যাংকও নদীর পার পর্যন্ত চলে এসেছিলো। দূর থেকে শত্রুপক্ষের কামানের গোলা এসে আমাদের ওপর পরছিলো। ট্যাংকগুলো অগ্রসর হয়ে আমাদের একটির পর একটি ব্যাংকার ধ্বংস করে চলছিলো। আমাদের ট্যাংক বিধ্বংসী কয়েকটি ছোট হাতিয়ার থাকলেও তখন তার কোন শেল আমাদের কাছে ছিল না।

ট্যাংক ও কামানের প্রচন্ড গোলাবর্ষণের ছত্রচ্ছায়ায় পাকিস্তানীরা কয়েকবারই নদী পার হওয়ার ব্যর্থ চেষ্টা করে। দুবার তাদের সৈন্যরা নদীপথে মাঝামাঝি পর্যন্ত এসে দু'দিকের গুলির মধ্যে পড়ে যায়। পরিস্কার দিনের আলোয় তাদেরকে দেখে দেখে আমরা গুলিবিদ্ধ করতে থাকি। অনেকটা যেন বেশ আরামের সাথে টার্গেট প্রাকটিস করার মতো এভাবে দুকোম্পানীরও বেশী সৈন্য আমরা নির্মূল করি। তাদের লাশগুলো নদী দিয়ে ভাসতে ভাসতে সাগরের দিকে চলে যায়। এই ভাবে লোকক্ষয়ের পর শত্রুরা নদী পার হয়ে সেতু দখলের চেষ্টা ত্যাগ করে।

ওদিকে কুমিল্লা ক্যান্টনমেন্ট থেকে আগত পাকসেনাদের নিকট ফেনী শহরের পতন ঘটে। ১১ই মে'র মধ্যে তারা শুভপুর সেতুর কাছে এসে পড়ে।

পাকিস্তানীদের এই কলামে শত্রুদের আনুমানিক দুটি ব্যাটালিয়ন ছিলো। পক্ষান্তরে সেতুর কাছে একশ- এরও কমসংখ্যক মুক্তিযোদ্ধা তখন চুড়ান্ত লড়াইয়ের জন্য প্রস্তুত। পরের দিন শুরু হয় যুদ্ধ।

১২ই মে সকাল থেকে করেরহাটের কমান্ডগুলো আমাদের ওপর গোলাবর্ষণ শুরু করে। অপরদিকে নদীর পাড়ে শত্রু ট্যাংকগুলোকে ও দেখা যায়। পাকিস্তানীরা আমাদের অবস্থানের উত্তর এবং পশ্চিম দিকে ধূম্রজালের সৃষ্টি করে। সকাল ১১টায় পশ্চিম দিকের সেই ধোয়ার আড়াল থেকে বেরিয়ে দুটি কোম্পানী প্রথম হামলা শুরু করে। কিন্তু বেশকিছু পরিমান ক্ষতি স্বীকার করে তাদেরকে পিছু হটতে হয়। তারপর কিছু সময় সব চুপচাপ। বেলা ৩টার দিকে প্রচন্ড গোলাবর্ষনের সঙ্গে সঙ্গে তারা আবার হামলা শুরু হয়। দুটি শত্রু ব্যাটালিয়নকেই হামলায় অংশ নিতে দেখা যায়। দিনের বাকী সময়টুকু আমাদের সেনাদেরকেও প্রচন্ডতম গোলাবর্ষণের মোকাবিলা করতে হয়। প্রায় অর্ধেক মুক্তিযোদ্ধাই তখন শেলের আঘাতে আহত। সরাসরি আঘাতে বাংকারগুলো ধসে পড়লে অনেকেরই জীবন্ত সমাধি ঘটে। আমরা হতাহতদের সড়াতে পর্যন্ত পারছিলাম না। নতুন সৈন্যও যোগ হচ্ছিলো না। দীর্ঘ সময় পর্যন্ত মুক্তিযোদ্ধারা খাদ্য কিংবা পানির মুখ দেখেনি। বেলা ৫টার দিকে কামানের গোলাবর্ষণ বন্ধ হয়। শত্রুরা তখন আমাদের অবস্থান থেকে আনুমানিক ৩০০ গজ দূরে। শুধু একটি মেশিনগান এবং দুটি লাইট মেশিনগান দিয়ে আমরা এদের মোকাবিলা করছিলাম। ট্যাংকের আঘাতে অস্ত্রগুলো ধ্বংশ হওয়ার পুর্বক্ষণ পর্যন্ত সেগুলো সমানে শত্রু নিধন করে চলে। এরপর আমাদের সৈন্যরা শুধু ৩০৩ রাইফেল দিয়ে গুলি চালাতে থাকে। অচিরেই হাতাহাতি যুদ্ধ শুরু হয়ে যায়। পাকিস্তানীদের তুলনায় সংখ্যায় আমরা ছিলাম খুবই কম। আমাদের যেসব সেনা ভারতীয় সীমান্তের কাছাকাছি অবস্থানে ছিলো তারা শেষ পর্যন্ত পশ্চাদপসরণ করতে পেরেছিলো। এদের অধিকাংশই ছিলো গুরুতর আহত, কিন্তু তবু তাদের মনোবল ভেঙে পড়েনি।

তখন সন্ধ্যা হয় হয়। শুভপুর সেতুর অদুরে ভারতের শ্রীনগর সীমান্ত ফাড়ি। এখান থেকে একটি কাচা রাস্তা পাহাড়ের ভেতর দিয়ে আগরতলা অভিমুখী প্রধান সড়কে গিয়ে মিশেছে। এই সন্ধ্যায় রাস্তাটিতে অন্য কোন লোক ছিল না। শুধু রনাঙ্গন ফেরত কিছু লোক নিঃশব্দে হেটে চলছিলো। এদের মধ্যে কেউ হাটছিলো লাঠিতে ভর দিয়ে, কয়েকজনকে আবার সহযোদ্ধা ধরে নিয়ে যাচ্ছিলো। পথে আমাদের একজন অফিসারের সাথে তাদের দেখা হলে জনৈক মুক্তিযোদ্ধা তার বাম হাত তুলে সামরিক কায়দায় অভিবাদন জানায়। তার ঝুলন্ত ডান হাত থেকে রক্ত ঝরছিলো। শেলের বিচ্ছুরিত টুকরোয় এটি প্রায় দু ভাগ হয়ে গিয়েছিলো। শুধু কুঁকড়ে যাচ্ছিল। তবু সে মুখে একটু হাসির ভাব ফুটিয়ে অফিসারকে "জয় বাংলা" বলে শুভেচ্ছা জানায়। তারপর সে অন্যদের সাথে সামনে অন্ধকারের মধ্যে এগিয়ে যায়।

চট্টগ্রামের প্রতিরোধ যুদ্ধঃ

সাক্ষাৎকার : লেঃ জেনারেল (অবঃ) মীর শওকত আলী বীর উত্তম

প্রঃ কখন কিভাবে আপনি একাত্তরের স্বাধীনতা যুদ্ধে জড়িয়ে পড়েছিলেন?

উঃ ১৯৭১ সালের জানুয়ারী মাসে কোয়েটা স্টাফ কলেজ থেকে আমাকে চট্টগ্রামের ষোলশহরে ৮ম বেঙ্গল রেজিমেন্টে পোষ্টিং দিয়ে পাঠানো হয়। মার্চ ৭১ এর প্রথম ভাগে আমি ছুটিতে ছিলাম। ১৫ই মার্চ এর দিকে যখন অসহযোগ আন্দোলন খুব জোরদার হচ্ছিল এবং ইতিপূর্বে ৭ই মার্চ ৭১ এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

১৯৭১ সালের মার্চে মেজর পদে কর্মরত ছিলেন। সাক্ষাৎকারটি শামসুল হুদা চৌধুরী রচিত 'একাত্তরের রণাঙ্গন' গ্রন্থ থেকে সংকলিত।

সোহরাওয়ার্দী উদ্যানে ভাষণ দিলেন, তখন থেকেই আমরা বাঙ্গালী সৈন্যরা চিন্তা করছিলাম যে একটা গন্ডগোল বাধাবে এবং দেশের স্বাধীনতার জন্য আমাদের সবাইকে ঝাঁপিয়ে পড়তে হবে। চট্টগ্রামের ষোলশহরে ৮ম বেঙ্গল রেজিমেন্টের কমান্ডার ছিলেন তখন কর্নেল জানজুয়া। মেজর জিয়াউর রহমান (পরবর্তীকালে লেঃ জেনারেল এবং মহামান্য রাষ্ট্রপতি ছিলেন এই ব্যাটালিয়ানের সেকেন্ড ইন কমান্ড। জেনারেল জিয়া এবং আমি ছাড়াও ৮ম বেঙ্গল রেজিমেন্টে আরো কয়েকজন বাঙ্গালী অফিসার ছিলেন। ১৫ই মার্চ' ৭১-এর দিকে আমি এই ব্যাটালিয়নে যোগদান করি। ২৫ শে মার্চ,' ৭১ রাতে যখন হত্যাকান্ড শুরু হয়, তখন স্বভাবতঃই আমি বাঙ্গালী হিসেবে আমার যা কর্তব্য সেটাই করেছি। এতে জড়িয়ে পড়ার মত কিছুই নেই। একটা কর্তব্য ছিল। সমস্ত বাঙ্গালী সৈন্যরই কর্তব্য ছিল এটা। সবাই এতে ঝাঁপিয়ে পড়েছিলেন। কিছু কিছু সৈন্য হয়তো সুযোগ পাননি কিংবা কিছুসংখ্যক সৈন্য আগেই ধরা পড়ে গিয়েছিলেন। আমাদের যেহেতু বাঙ্গালী ব্যাটালিয়ন ছিল সেই জন্য আমরা ধরা পড়িনি। আমরা আমাদের কর্তব্য করেছি মাত্র। ২৫শে মার্চ' ৭১ রাতে যখন জেনারেল জিয়াকে চট্টগ্রাম বন্দরের দিকে পাঠানো হলো মূলত সেই সময় থেকেই স্বাধীনতা যুদ্ধ আমাদের পক্ষ থেকে শুরু হয়।

উক্ত দুর্যোগের রাত প্রায় ১১-৩০ মিনিট সময়ে আমরা টেলিফোনে জানতে পারলাম যে ঢাকায় হত্যাকান্ড শুরু হয়ে গিয়েছে। স্বভাবতঃই আমরা ধরে নিলাম ঢাকায় যখন হত্যাকান্ড শুরু হয়েছে, নিশ্চয় এটা সারা বাংলাদেশব্যাপী শুরু হয়ে গিয়েছে। কারণ সেনাবাহিনী তো মাত্র এক জায়গায় তাদের পরিকল্পনা কার্যকর করে না; এ জাতীয় পরিকল্পনা সব জায়গাতেই একই সময়ে কার্যকর করাই স্বাভাবিক। আমাদের কর্তব্য আমরা আগেই ঠিক করে রেখেছিলাম। কারণ ২৫শে মার্চের আগে থেকেই আন্দোলন যে রুপ নিচ্ছিল, সে সবে যখনই আমাদের নিযুক্ত করা হতো ব্যারিকেড সরানোর জন্য কিংবা জনগণকে হটানোর জন্য, তখন আমরা তাদের বিরুদ্ধে কাজ কখনো ঠিকমতো করতাম না। কার্যত আমরা সেই চুড়ান্ত অসহযোগের সময় থেকেই আন্দোলনের প্রতি আমাদের সমর্থন জানাতে শুরু করি। কাজেই ২৫শে মার্চ ৭১ রাতে যখন হানাদার বাহিনী বাঙ্গালী হত্যাকান্ডে ঝাঁপিয়ে পড়ল, তখন আমাদেরও তাৎক্ষণিকভাবে স্বাধীনতা যুদ্ধে জড়িয়ে পড়া বাদে অন্য কোনও বিকল্প ছিল না।

বাঙ্গালী হত্যাকান্ড শুরু হওয়ার খবর দিয়ে সম্ভবত আমাদের কাছে প্রথম টেলিফোন করেছিলেন চট্টগ্রামের হান্নান ভাই (চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের তৎকালীন সভাপতি)। সম্ভবত তিনিই চট্টগ্রামে সবাইকে জানিয়ে দিয়েছিলেন।

আগেই বলেছি, জেনারেল জিয়া এবং আমি একই ব্যাটালিয়নে ছিলাম। তিনি যেহেতু আমার চাইতে সিনিয়র ছিলেন, সেহেতু তিনিই আমাদের কমান্ডারের দায়িত্ব পালন করেছিলেন। আমি তার দুনম্বর হিসেবে কাজ করেছি। স্বাধীনতা যুদ্ধের সূচনা পর্যায়ে আমরা যে একই ব্যাটালিয়নে ছিলাম, এটা অনেকেই হয়তো জানেন না। বেশীরভাগ জনসাধারণের ধারণা আমরা আলাদা ছিলাম। আমরা একই সঙ্গে ছিলাম এবং একই সঙ্গেই বিদ্রোহ করেছিলাম। জেনারেল জিয়াউর রহমানও তার বিবৃতিতে উল্লেখ করেছেনঃ "আমি বিদ্রোহ করে পোর্ট থেকে ফিরে এসেই শওকতের কাছে এলাম, এবং শওকত আমার সাথে হাত মিলালো। "

প্রঃ এই যে দুঃসাহসিক কাজ আপনারা করলেন, এর পিছনে অন্যান্য ক্যান্টনমেন্টের বাঙ্গালী সৈন্যদেরও পূর্ন সমর্থন ছিল এবং তারাও আপনাদের মত এগিয়ে আসছিলেন, এটা আপনারা বুঝেছিলেন কি?

উঃ এটা আমি বলতে পারবো না। কারণ রাজনীতিতে আমি কখনো জড়াতাম না। কিন্তু এটা রাজনীতি ছিল না। এটা ছিল স্বাধীনতা যুদ্ধ। এতে জাতির জীবন-মরণের প্রশ্ন জড়িত হয়ে পড়েছিলো। তাছাড়া অন্যান্য সেক্টর থেকে বাঙ্গালী সৈন্যরা এগুচ্ছিলেন কিনা সে তথ্য আমাদের জানার উপায় ছিল না। সে তথ্য জানা না জানার গুরুত্ব দেয়ার সময়ও তখন আমাদের ছিল না। এমনকি তখন আমার বাবা মা ছিলেন আমার স্ত্রী এবং ছেলেমেয়েকে নিয়ে কুমিল্লায়। তাদের নিরাপত্তা সম্পর্কে চিন্তা করার অবকাশও তখন আমাদের ছিল না। কাজেই

তাৎক্ষনিকভাবে স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে আমরা আমাদের কর্তব্য করেছি মাত্র। অবশ্য আমরা ভেবেছি অন্য সবাইও হয়ত আমাদের মত এগিয়ে আসছিলেন। শুধু ক্যান্টনমেন্টেই নয়, আমরা মনে করেছি সমস্ত বাঙ্গালীই এই যুদ্ধে ছিলেন। কারণ এটা ছিল বাঙ্গালী জাতির প্রশ্ন, বাঙ্গালী জাতির অস্তিত্বের প্রশ্ন।

প্রঃ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা বেতারে কখন প্রচারিত হয়েছে বলে আপনি বলতে চান?

উঃ এটা একটি বিতর্কিত প্রশ্ন। বেতারে স্বাধীনতা ঘোষণা যেটা নিয়ে সব সময় বিতর্ক চলতে থাকে যে জেনারেল জিয়া করেছেন, না আওয়ামী লীগ করেছেন। আমার জানামতে সবচাইতে প্রথম বোধ হয় চট্টগ্রাম বেতার কেন্দ্র থেকে হান্নান ভাইয়ের কণ্ঠই লোকে প্রথম শুনেছিলেন। এটা ২৬শে মার্চ' ৭১ অপরাহ্ন দু'টার দিকে হতে পারে। কিন্তু যেহেতু চট্টগ্রাম বেতার কেন্দ্রর প্রেরক যন্ত্র খুব কম শক্তিসম্পন্ন ছিল, সেহেতু পুরা দেশবাসী সে কণ্ঠ শুনতে পাননি। কাজেই যদি বলা হয়, প্রথম বেতারে কার বিদ্রোহী কণ্ঠে স্বাধীনতার কথা উচ্চারিত হয়েছিল। তা'হলে আমি বলব যে, চট্টগ্রামের হান্নান ভাই সেই বিদ্রোহী কণ্ঠ। তবে এটা সত্য যে পরদিন অর্থাৎ ২৭শে মার্চ ৭১ মেজর জিয়ার ঘোষণা প্রচারের পরই স্বাধীনতা যুদ্ধ গুরুত্বপূর্ণ মোড় নেয়।

প্রঃ ২৭শে মার্চ ৭১ মেজর জিয়াউর রহমান কি পরিস্থিতিতে কালুরঘাট ট্রান্সমিটারে সংগঠিত বিপ্লবী স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে গেলেন এবং স্বাধীনতা ঘোষনা পাঠ করলেন?

প্রঃ ২৫শে মার্চ ৭১ রাতে ঢাকায় হত্যাকান্ডের খবর পাওয়ার পরই আমরা চট্টগ্রামে আমাদের অধীনস্থ সমস্ত ব্যাটালিয়নকে হাতে নিয়েছিলাম। আমরা ভেবে দেখলাম যে, নতুন পাড়া ক্যান্টনমেন্টে পাকিস্তান বাহিনী নিয়ন্ত্রিত ট্যাংক ছিল। আমরা ছিলাম ষোলশহরে মাত্র দু'মাইল দুরত্বে। আমরা দেখলাম, আমাদের হাতে কোনও ট্যাংক ছিল না। এবং কোন অস্ত্রশস্ত্রও আমাদের অর্থাৎ ৮ম বেঙ্গল রেজিমেন্টের হাতে ছিল না। ইতি পূর্বেই ৮ম বেঙ্গল রেজিমেন্ট পাকিস্তানে চলে যাবে বলে অধিকাংশ অস্ত্রই পাকিস্তানে পাঠিয়ে দেয়া হয়েছিল। আমাদের হাতে শুধু ছিল কিছু রাইফেল এবং এল এম জি ধরনের স্বল্পসংখ্যক অস্ত্র। ভারী কোনও অস্ত্র ছিল না। আমার সাথেই জেনারেল জিয়া আলাপ করলেন। আমরা আলাপ করে দেখলাম যে আমরা যদি ষোলশহর বিল্ডিং এর ভিতর অবস্থান করি এবং এই অবস্থায় যদি ট্যাংক আসে, তাহলে আমরা ট্যাঙ্ক ঠেকাতে পারব না। কারণ ট্যাঙ্ক ঠ্যাকানোর মত কোন অস্ত্রই আমাদের হাতে ছিল না। ট্যাঙ্ক থেকে দু তিনটা গোলা ছুড়লেই আমাদের অনেক সৈন্য মারা যাবে। তখন আমরা সিদ্ধান্ত নিলাম যে, আমাদের ঐ এলাকা থেকে বাইরে চলে যাওয়া উচিৎ এবং নিরাপদ দুরত্বে থেকে হেডকোয়ার্টার বেস বানানো উচিত। এ ছাড়া আমাদের অধীনস্থ জোয়ানতের শপথ নেয়া উচিত। শপথ নিয়ে পুরো ব্যাপারটা বুঝিয়ে তারপর যুদ্ধে যাওয়া উচিত। আমরা সোজা প্রথমে গেলাম কালূরঘাট। সেখানে ভোররাতের দিকে আমরা মার্চ করে গেলাম। তখণ খুব কুয়াশা ছিলো এবং আল্লাহর কি ইচ্ছা সেদিন অর্থাৎ ২৬শে মার্চ' ৭১ এর সকার ৮টা কি ৯টা পর্যন্ত কুয়াশা ছিল। কালুরঘাটে পৌঁছে আমরা সবাই কনফারেন্স করলাম। এতে কিছু বি ডি আর অফিসার এবং জোয়ানও ছিলেন। এই কনফারেন্সে সিদ্ধন্ত নেয়া হল যে, আমরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে চট্টগ্রাম রক্ষার জন্য পাকিস্তান বাহিনীর বিরুদ্ধে আক্রমন চালাব। আমাদের আক্রমনের মূল লক্ষ্যবস্ত ছিল পোর্ট এবং ক্যান্টনমেন্ট। এই সিদ্ধান্ত নেয়ার সময় আওয়ামী লীগের কিছু নেতৃবৃন্দ আমাদের সাথে এসে যোগ দিয়েছিলেন। এই তো গেল ২৬শে মার্চ' ৭১-এর কথা। ঐদিন আমরা খোজখবর নিয়েছিলাম কোথায় কি ঘটেছিলো। আমি একখানা জীপ নিয়ে পুরা শহর ঘুরে দেখলাম। আমি টহল দেয়ার সময় আগ্রাবাদের মোড়ে আমার জীপের ওপর একটি এল এম জি বার্ষ্ট ফায়ার এলো। আমি কোনও প্রকারে জীপ ঘুরিয়ে ফেরত গেলাম এবং জেনারেল জিয়াকে পাকিস্তানী সেনাবাহিনীর অবস্থান সম্পর্কে অবহিত করলাম এবং সেভাবে আমাদের দলকে নিয়োজিত করলাম।

২৭শে মার্চ' ৭১ মনে হয় জোনরেল জিয়া বুঝতে শুরু করলেন যে বেতারে একটা ঘোষণা প্রচার করা দরকার। ঐ তারিখেই সন্ধ্যায় কালূরঘাট ট্রান্সমিটার থেকে এটা করলেন তিনি। বেশ কয়েকজন আওয়ামী লীগ

নেতাও ঐ সময় খুব তৎপর হয়ে উঠেছিলেন। তাঁদের মধ্যে ছিলেন প্রফেসর নুরুল ইসলাম, আতাউর রহমান খান কায়সার, হান্নান ভাই এবং এম আর সিদ্দিকী। তারাও সম্ভবত: সিদ্ধান্ত নিয়েছিলেন যে রেডিওতে বঙ্গবন্ধুর পক্ষে কিছু প্রচারিত হওয়া উচিত। অপরদিকে জেনারেল জিয়া কি বলবেন তার একটি খসড়াও প্রস্তুত করে নিলেন। ২৭শে মার্চ' ৭১ সন্ধ্যার পর চট্টগ্রামের কালুরঘাট ট্রান্সমিটার থেকে প্রচারিত হল জেনারেল জিয়ার (তৎকালীন মেজর) ভাষণ।

প্রঃ আপনার কমান্ডে সবচাইতে ভয়াবহ যুদ্ধ কোথায় এবং কখন সংঘঠিত হয়েছিল।

উঃ প্রথম ভয়াবহ যুদ্ধ হয়েছিল কালুরঘাটে ১১ই এপ্রিল,' ৭১। ঐ সময় জেনারেল জিয়া আমার সাথে ছিলেন না। তিনি ৩০শে মার্চ' ৭১-এর পরই রামগড় চলে গিয়েছিলেন।

এই যুদ্ধ পরিচালনা আমার কমান্ডে হয়। সৈন্য ছিলেন অষ্টম বেঙ্গল রেজিমেন্ট বি ডি আর এবং স্থানীয় কিছু স্বেচ্ছাসেবী যেমন ছাত্র, শ্রমিক এবং অন্যান্য যারা অস্ত্র সংগ্রহ করতে পেরেছিলেন। এমন কিছু লোকজন। আমার পক্ষে ছিল পাকিস্তান বাহিনীর দুটি ব্রিগেড। এ ছাড়া কর্ণফুলীতে তাদের যে নৌ জাহাজ ছিল সেটি তারা শংখনদী হয়ে কালূরঘাটের কাছাকাছি নিয়ে এসে ওখান থেকে নেভাল গান দিয়ে আমাদের এলাকায় বম্বিং শুরু করেদিয়েছিল। তাদের ব্রিগেডের যে আর্টিলারী ছিল সেই আর্টিলারী দিয়েও তারা বম্বিং করতে থাকে ১০ই এপ্রিল, '৭১ থেকে। ১১ই এপ্রিল তাদের কিছু সৈন্য মহিলার পোশাক এবং কিছু সৈন্য সিভিল এর পোশাক পরে জয়বাংলা বলতে বলতে আমাদের দিকে অথাৎ কালুরঘাটের পুলের দিকে অগ্রসর হতে থাকে। চট্টগ্রামে আমাদের পক্ষে এবং তাদের বিপরীতে ছিলেন ক্যাপ্টেন হারুন, শমসের মবিন চৌধুরী, লেঃ মাহফুজ এবং অন্য কয়েকজন অফিসার। এই অবস্থায় আমাদের লোকজন প্রথকে বুঝতে পারেননি তারা পাকিস্তানী। যখন শত্রুজয়বাংলা বলতে বলতে একেবারে কালুরঘাটের পুলের ওপর চলে এলো, তখনই মাত্র আমাদের লোকজন বুঝতে পারলেন যে তারা সিভিলিয়ান বা মহিলা কেউ নন। তখন আমাদের পক্ষ ফায়ার করতে শুরু করলেন। শত্রুপক্ষের গোলার আঘাতে ক্যাপ্টেন হারুন এবং শমসের মবিন আহত হলেন। মাহফুজ চলে আসতে পেরেছিলেন। কালুরঘাট ছেড়ে আমরা পটিয়ার দিকে চলে এলাম।

প্রঃ তখন আপনারা মোট কতজন ছিলেন?

উঃ আমরা প্রায় সাড়ে তিনশ'র মত ছিলাম। এই যুদ্ধে পাকিস্তান বাহিনী পূর্ণাঙ্গ যুদ্ধ পরিচালনা করেছিলাম। ব্রিগেডিয়ার মিঠঠা খান হেলিকপ্টার থেকে ওদের পক্ষে এই যুদ্ধ পরিচালনা করেছিল (পরে জেনেছি)

প্রঃ এই যুদ্ধে আপনাদের প্রধান অস্ত্র কি ছিল?

উঃ আমাদের কিছু রাইফেল ছিল, কিছু এল এম জি এবং দুটি তিন ইঞ্চি মর্টার ছিল। এই মর্টার দু'টির কোনও অবলোকন ব্যাবস্থা aiming sight ছিল না। আন্দাজে ছুঁড়তে হত।

প্রঃ আপনাদের পক্ষে হতাহত কেমন হয়েছে?

উঃ আমাদের পক্ষে তেমন হতাহত হয়নি, ওদের পক্ষে কতজন হতাহত হয়েছিল তাও বলা মুস্কিল, তবে সংখ্যা অনেক বেশী ছিল। ইতিপূর্বে ৮ই এপ্রিল আর একটি যুদ্ধ সংঘটিত হয়েছিল। তখন পাকবাহিনীর একটি দল কালুরঘাটের প্রায় এক মাইল উত্তরে একটি কৃষি ভবন দখল করে নিয়েছিল। পাকবাহিনীর শক্তি ছিল একটি প্লাটুন। পাকসেনারা ওখানে এসে পড়ায় শহরের বিভিন্ন স্থানে অবস্থানরত আমাদের সৈন্যের সঙ্গে আমরা যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ি। আমি কয়েকজন অফিসারকে পাকবাহিনীর প্রতিরক্ষাব্যুহের ওপর আক্রমন চালাবার জন্য বললে কেউ তখন এগুতে উৎসাহিত হলেন না। তবে আমার কথা মোতাবেক লেঃ শমসের মবিন চৌধুরী কিছু সৈন্য নিয়ে আক্রমন পরিচালনা করেছিলেন, কিন্তু কৃতকার্য হতে পারেননি। উপরন্তু এই আক্রমন

পরিচালনাকালে নায়েক নায়েব আলী পাকবাহিনীর গুলিতে নিহত হয়েছিলেন। এমনি অবস্থায় আমি নিজে মাত্র ১০জন সৈন্য নিয়ে ৯ই এপ্রিল হাওলাদার হামদু মিঞা, নায়েক তাহের এবং ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কয়েকজন বি-ডি-আরসহ সকলা ৮-৩০ মিঃ সময়ে কৃষি ভবনে অবস্থানরত পাক ঘাটি আক্রমন করি। আমার আক্রমনে প্রায় ২০জন পাকসেনা (১জন ক্যাপ্টেন ও ১জন সুবেদারসহ) নিহত হয় এবং তারা ঐ পোস্ট ছেড়ে পালিয়ে যায়।

প্রঃ তারপর?

উঃ তারপর আমি কালুরঘাট ব্রীজের চট্টগ্রামের দিক পুনর্দখল করেছিলাম। ১০ই এপ্রিল' ৭১ খবর পেলাম পাক সেনাবাহিনী পটিয়ার কালাপুলের দিক থেকে আমাদের ওপর আক্রমন করার চেষ্টা করছে। আমি তখনই ক্যাপ্টেন খালেকুজ্জামান চৌধুরীকে কিছু সৈন্য দিয়ে পটিয়ায় কালাপুলে পাঠালাম। ১১ই এপ্রিল ভোরবেলা আমি নিজে পটিয়ায় কালাপুলের অবস্থা যানতে পেলাম। ঐ তারিখ সকাল ৮-৩০ মিঃ সময়ে ক্যাপ্টেন ওয়ালি আমাকে খবর পাঠালেন পাক সেনারা প্রায় সাত থেকে আটশত সৈন্য নিয়ে কালুরঘাট আক্রমন করেছে; ক্যাপ্টেন হারুন গুরুতররুপে আহত, লেঃ শমসের মবিন চৌধুরীর কোন খবর পাওয়া যাচ্ছে না। এ সংবাদ পেয়ে আমি ওয়ালিকে বললামঃ "আমাদের লোকদের একত্রিত করবার চেষ্টা কর, পরিস্থিতি ভালভাবে জেনে নাও, আমি আসছি"। সকাল ৯টার দিকে আমি কালুরঘাট এসে পৌঁছাই। ওখানে গিয়ে আমি মেজর জিয়ার সাথে অয়ারলেসে যোগাযোগের চেষ্টা করলাম।

পরে আমি তাদের সবাইকে পিছনে সরে আসতে বললাম। লেঃ মাহফুজকে মদনঘাট ডিফেন্সে অবস্থান করতে বললাম যতক্ষণ না আমার কালূরঘাটের ডিফেন্সের সবাই পিছু হটতে পারে। আমরা সবাই কালুরঘাট থেকে পটিয়াতে একত্রিত হলাম। এবং সেখান থেকে সবাই বান্দরবন রওনা হই। আমার সাথে সৈন্য ছিল প্রায় ৪৫০জন (তৎকালীন ইপি আর পুলিশ এবং বেঙ্গল রেজিমেন্টসহ)।

আমরা ১২ই এপ্রিল বান্দরবান পৌঁছেছিলাম। ঐ তারিখেই কাপ্তাই হয়ে রাঙ্গামাটি পৌঁছি। রাঙ্গামাটিতে আমরা ডিফেন্স নেবার পর মহালছড়িতে ব্যাটালিয়ন হেডকোয়ার্টর স্থাপন করলাম। লেঃ মাহফুজ শত্রুর ওপর আঘাত হেনে চলেছিল। কিন্তু পাকবাহিনীর ব্যাপক আক্রমন টিকে থাকা দুরুহ বুঝে পাশ্ববর্তী নোয়াপাড়া নামক স্থানে ডিফেন্স নেয়। সেখান থেকে তিনি ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় এলাকাতে সার্থকভাবে ডিফেন্স নিয়ে শত্রুর মোকাবিলা করলেন। শেষ পর্যন্ত আমার নির্দেশ মোতাবেক ১৪ই এপ্রিল লেঃ মাহফুজ তার ২০০ এর কিছু বেশী সৈন্য নিয়ে মহালছড়িতে আমার সঙ্গে মিলিত হন। ছুটি ভোগরত ক্যাপ্টেন আফতাব কাদের (আর্টিলারী) আমার কাছে ঐ তারিখে আসেন। বঙ্গ সন্তান সাহসী বীর ক্যাপ্টেন আফতাব কাদেরকে মেজর জিয়া আমার কাছে পাঠিয়েছিলেন। তাকে আমার সৈন্যদের বিভিন্ন স্থানে বিভিন্ন অফিসারের নেতৃত্বে ডিফেন্স নিতে পাঠালাম।

আমার রক্ষাব্যূহকে যেসব স্থানে অবস্থান দিলাম সেগুলি ছিলঃ

১। ক্যাপ্টেন আফতাব কাদেরের নেতৃত্বে প্রায় ১০০ সৈন্য রাঙ্গামাটির খাগড়াতে।

২। ক্যাপ্টেন খালেকুজ্জামান চৌধুরীর নেতৃত্বে ১০০ সৈন্য রাঙ্গামাটির মধ্যস্থলে বুড়িঘাটে।

৩। লেঃ মাহফুজের নেতৃত্বে প্রায় ১০০ সৈন্য রাঙ্গামাটির বরকলের মধ্যস্থলে।

৪। সুবেদার মুত্তালিবের নেতৃত্বে প্রায় ১০০ সৈন্য রাঙ্গামাটির কুতুবছড়ি এলাকাতে।

অপরদিকে ১৫ই এপ্রিল পাকবাহিনী রাঙ্গামাটি শহরে পৌঁছে যায়। রাজা ত্রিদিব রায় পাকবাহহীকে আহবান করে আনলেন।

১৬ই এপ্রিল এর মধ্যে আমাদের সবাই নির্দিষ্ট স্থানে অবস্থান নিলেন। ক্যাপ্টেন ওয়ালিকে মেজর জিয়ার নির্দেশানুযায়ী রামগড় পাঠিয়ে দিয়েছিলাম। ঐদিন ক্যাপ্টেন কাদের তার বাহিনী নিয়ে খাগড়া রেস্ট হাউজে

একজন অফিসারসহ এক প্লাটুন পাকবাহিনীর ওপর ঝাঁপিয়ে পড়েন। অত্যন্ত সফলতার সঙ্গে ক্যাপ্টেন কাদের পাকবাহিনীর অফিসারসহ প্রায় ২০জন পাক সৈন্যকে নিহত করতে সমর্থ হন। বাকী সৈন্য পালিয়ে যায়। অপরদিকে আমাদের মুক্তিবাহিনীর পক্ষে কোনও ক্ষয়ক্ষতি হয়নি। ক্যাপ্টেন কাদের নিরাপদে তার ঘাটিতে ফিরে আসেন। ১৭ই এপ্রিল পাকবাহিনীর প্রায় ২০জন সৈন্য একটি লঞ্চযোগে রেকি করতে বেরিয়েছিল। ক্যাপ্টেন খালেকুজ্জামান ওত পেতে ছিলেন। কিছুক্ষণ পরই পাকসেনারা বুঝতে পেরেছিল যে তারা মুক্তিবাহিনীর রক্ষাব্যুহের কাছাকাছি চলে এসেছে। পাক সেনারা গুলি ছোড়া শূরু করে। কিন্তু ক্যাপ্টেন খালেকুজ্জামান তবুও চুপ করেছিলেন। সম্পূর্ন লঞ্চটি তার এলাকায় চলে আসা মাত্রই তিনি গুলি চালানো শুরু করলেন। এতে লঞ্চসহ অধিকাংশ পাকবাহিনী ধ্বংস হয়ে যায়। কয়েকজন পালাতে সমর্থ হয়েছিল। এই যুদ্ধে মুক্তিবাহিনীর ২জন মাত্র আহত হয়েছিলেন।

১৮ই এপ্রিল পাক সেনারা দু'টি লঞ্চ ও একটি স্পীডবোটে সৈন্য নিয়ে চিঙ্গী নদী দিয়ে অগ্রসর হচ্ছিল। লেঃ মাহফুজের কিছু সৈন্য হঠাৎ গুলি ছুড়ে বসেন।

পাক সেনারা কিছু ক্ষয়ক্ষতি স্বীকার করে পিছু হটে দূরে গিয়ে ডিফেন্স নিয়ে লেঃ মাহফুজের ওপর আর্টিলারী আঘাত হানতে থাকে। উভয় পক্ষের সংঘর্ষে লেঃ মাহফুজের কোন ক্ষতি হয়নি। তবে, পাক সেনাদের কিছূ ক্ষতি হয়েছে। কিন্তু তাদের চাপ আমাদের ওপর ক্রমে বাড়তে থাকে।

১৮ই এপ্রিল বিকেল ৩টায় সুবেদার মুত্তালিব তাঁর দল নিয়ে কুতুব ছড়িতে পাকবাহিনীর ৬ টি চলমান সৈন্যভর্তি ট্রাকের উপর এ্যামবুশ করে। এই এ্যামবুশ ৩০ থেকে ৪০ জন পাকসেনা নিহত ও দুই-তিনটি গাড়ী দ্বংস হয় ।

১৯ শে এপ্রিল ৩ টায় পাক সেনাদের একটি বড় রকমের দল ক্যাপ্টেন খালেকুজ্জামান চৌধুরীর ওপর বুড়িঘাটে ব্যাপকভাবে আক্রমন করে। পাক সেনারা ঐ সময় একটি জীপ থেকে তিনটি মর্টার ছুড়েছিল। তাদের বাহিণী ব্যাপকভাবে আক্রমন চালিয়ে অগ্রসর হচ্ছিল। এমনি পরিস্থিতিতে ক্যাপ্টেন খালেকুজ্জামান কিছুতেই থাকতে পারছিলেন না। তখন ল্যান্স নায়েক মুন্সী আবদুর রব (৮ম বেঙ্গল রেজিমেন্ট) অটোমেটিক হাতিয়ার মেশিনগান হাতে তুলে নিয়ে বললেনঃ 'আমি গুলি চালিয়ে যাচ্ছি আপনি বাকী সৈন্যদের নিয়ে পিছু হটে যান'। ক্যাপ্টেন খালেকুজ্জামান প্রায় ১০০ মুক্তিবাহিনী নিয়ে নিরাপদে পিছু হটলেন। কিন্তু ল্যান্স নায়েক মুন্সি আবদুর রব পাকবাহিনীর শেলের আঘাতে প্রাণ হারালেন। সেদিন মুন্সী আবদুর রব মুন্সীকে সরকার বীর শ্রেষ্ঠ উপাধি দিয়েছিলেন। ২০শে এপ্রিল লেঃ মাহফুজ ঐ স্থানে যান এবং মুন্সীর ছিন্ন দেহের অংশবিশেষ এবং কিছু গোলাবারুদ নিয়ে ঘাটিতে ফিরে আসেন।

ঐ দিনই আমি লেঃ মাহফুজকে বরকলে পাঠিয়েছিলাম মিজো উপজাতিকে আমাদের স্বার্থে কাজ করার পক্ষে মত বিনিময়ের জন্য। লেঃ মাহফুজ বহু কষ্টে সুবলম পর্যন্ত পৌঁছে খবর পেলেন যে, পাকিস্তানীরা মিজোদের ইতিমধ্যেই হাত করে নিয়েছে। আমি আরো খবর পেলাম পাকবাহিনী মিজোদের নিয়ে মহালছড়ির দিকে অগ্রসর হচ্ছে। ২১শে এপ্রিল পাকবাহিনীর একটি কোম্পানী বন্দুকভাঙ্গা নামক স্থানে লেঃ মাহফুজের ওপর ঝাঁপিয়ে পড়ে। সংঘর্ষে পাকসেনারা পিছু হটে চলে যায়। আমাদের কোন ক্ষতি হয়নি।

২৩শে এপ্রিল পাকবাহিনীর প্রায় ২০০ সৈন্য রাঙ্গামাটি থেকে মহালছড়ির দিকে অগ্রসর হচ্ছিল। আমি ক্যাপ্টেন কাদের এবং লেঃ মাহফুজকে পাঠালাম প্রতিরোধ করার জন্য। ২৪মে এপ্রিল কুতুবছড়ি নামক স্থানে অফিসারদ্বয় পাক বাহিনীর মুখোমুখি হন। এই যুদ্ধে পাকবাহিনী বেশ কিছু ক্ষতি স্বীকার করে।

২৫শে এপ্রিল খবর পেলাম চিঙ্গী নদী এবং নার্নিয়ার চর বাজার হয়ে পাকবাহিনী মহালছড়ি অভিমুখে অগ্রসর হচ্ছে। মাহলছড়ি আমাদের ব্যাটালিয়ন হেডকোয়ার্টার ছিল।

২৬শে এপ্রিল ক্যাপ্টেন কাদের, ক্যাপ্টেন খালেকুজ্জামান ও লেঃ মাহফুজকে কিছুটা পিছিয়ে যেতে বললাম। ঐ তারিখেই ক্যাপ্টেন খালেকুজ্জামানকে নানিয়ারচর বাজারে বড় পাহাড়ের ওপর ডিফেন্স নিতে বলেছিলাম। কারণ ঐ পথই পাক সেনাদের অগ্রসর হওয়ার সম্ভাব্য এলাকা ছিল। লেঃ মাহফুজকে ডিফেন্সে রাখলাম রিজার্ভে পাল্টা আক্রমণের জন্য এবং প্রয়োজনে ক্যাপ্টেন জামানকে সাহায্যের জন্য। ক্যাপ্টেন কাদেরকে পাঠালাম সড়ক পথে পাকবাহিণীর গতিপথ রুদ্ধ করার জন্য।

২৫শে এপ্রিল ভোরবেলা হাবিলদার তাহের সিপাহী বারী এবং করপোরাল করিমের সংগে ৮/১০ জন লোক দিয়ে রেকি পেট্রোলে পাঠালাম। এই দলটি ভূলবশতঃ মিজোদের আড্ডায় ঢুকে পড়েছিল। সৌভাগ্যবশত মিজোরা তখন একটি হাতি কেটে খাওয়াতে ব্যাস্ত ছিল। রেকি পার্টি পালিয়ে আসতে সমর্থ হয়। আমাদের দলটি পরে হেডকোয়ার্টার মহালছড়িতে পৌঁছে। ঐ তারিখ বেলা ১২-৩০ মিঃ সময়ে ক্যাপ্টেন খালেকুজ্জামান চৌধুরীর অবস্থানের ওপর মিজোর আক্রমন চালিয়েছিল।ফলে উভয় পক্ষে সংঘর্ষ বেধে যায়। আক্রমনের চাপ বাড়তে থাকে মিজোদের পক্ষ থেকে। মিজোর ছিল সংখ্যায় অনেক। এই অবস্থায় আমি লেঃ মাহফুজকে প্রায় ১০জন সৈন্য নিয়ে ক্যাপ্টেন খালেকুজ্জামানের সাহায্যে পাঠিয়েছিলাম। লেঃ মাহফুজ ওখানে পৌঁছেই ডিফেন্স নিয়ে লক্ষস্থ্যলে আক্রমন চালাতে থাকে। কিন্তু ক্যাপ্টেন খালেকুজ্জামান তার সাথীদের গুলি ফুরিয়ে যাওয়ায় ভিন্ন ভিন্ন পথে পিছু হটে আসেন। আধ ঘন্টা গুলি বিনিময়ে লেঃ মাহফুজ ১৫০জন মিজোকে হত্যা করেছিলো। কিন্তু অপর পক্ষে সব বাধাকে অগ্রাহ্য করে অসংখ্য মিজো সমুদ্রের ঢেউয়ের মত সমনের দিকে এগিয়ে আসতে থাকে। লেঃ মাহফুজকে মিজোরা চারদিক থেকে ঘিরে ফেলেছিল। খবর পেয়ে ক্যাপ্টেন কাদের এবং ক্যাপ্টেন খালেকুজ্জামান লেঃ মাহফুজকে উদ্ধার করে আনার জন্য অগ্রসর হলেন। আমরা তখন হেডকোয়ার্টারের চারপাশে ডিফেন্স পাকা করছিলাম। এমনি পরিস্থিতিতে ২৭শে এপ্রিল অপরাহ্ন ৩টায় পাকবাহিনীর ১১ এবং পাঞ্জাবের ২টি কোম্পানী সহযোগে প্রায় এগার শত মিজো ব্যাপকভাবে আমাদের ওপর আক্রমন চালায়। পাকবাহিনী ৬টি মর্টার দিয়ে আক্রমন চালাতে থাকে। চারদিকে শুধূ আগুন আর আগুন। আমি ক্যাপ্টেন খালেক, ক্যাপ্টেন কাদের, ফারুক প্রমুখকে এলাকা ভাগ করে দিয়ে মহালছড়ি হেডকোয়র্টার রক্ষা করার জণ্য আপ্রাণ চেষ্টা করলাম। পাক সেনারা মিজোদের নিয়ে ক্রমাগত অগ্রসর হতে থাকে আধুনিক মারনাস্ত্র নিয়ে। অথচ আক্রমন প্রতিহত করার জন্য উপযোগী কোনও ভারী মর্টার আমার কাছে ছিল না। মাত্র থ্রি নট থ্রি রাইফেল ও সামান্য হালকা মেশিনগান দিয়ে আক্রমন চালালাম। ক্যাপ্টেন কাদের তার এলাকাতে যুদ্ধ করতে করতে শত্রুর গুলিতে শহীদ হলেন। বৃষ্টির মতো গুলির মধ্যে সওকত ফারুক ও সিপাহী ড্রাইভার আববাস গাড়িতে ক্যাপ্টেন কাদেরের মৃতদেহ নিয়ে রামগড়ে ফিরে এলেন। ক্যাপ্টেন কাদেরের মৃতদেহ রামগড় রেখে বাকী সৈন্যরা আমার কাছে চলে আসেন। আমরা তখন এমনি এক অবস্থায় ছিলাম। যখন আমার সমস্ত বাহিনী নিয়ে ঐ পরিস্থিতিতে পিছু হটা সম্ভব ছিল না। তাই সন্ধ্যা পর্যন্ত আক্রমন চালিয়ে যেতে হয়েছিল। ঐ তারিখে রাতের আধারে মহালছড়ি ছেড়ে সমস্ত সৈন্য নিয়ে আমরা খাগড়াছড়ি নামক স্থানে এসে পৌঁছলাম এবং ডিফেন্স নিলাম।

২৮শে এপ্রিল খাগড়াছড়ি থেকে আমি মেজর জিয়ার সাথে অয়ারলেসের মাধ্যমে যোগাযোগ করে আমাদের অবস্থার কথা বর্ননা করলাম। ঐদিন পাকবাহিনীর একটি দল আমাদের অবস্থান দেখে গুইমারা হয়ে রামগড়ের দিকে অগ্রসর হচ্ছিল। আমি আমার বাহিনী নিয়ে গুইমারাতে ডিফেন্স নিলাম। আমাদের তখন শক্তি ছিল প্রায় ৪৫০জন। আমি মানিকছড়ির রাজার সংগে দেখা করলাম। রাজা আমাদের সাথে যোগ দিলেন। তিনি আমার সঙ্গে বিশদ আলোচনা করে মগদের সমস্ত শক্তি নিয়োগ করবেন বলে জানলেন। রাজা পাকিস্তানীদের খবরাখবর দিলেন। সমগ্র মগ উপজাতি আমাদের সাথে যোগ দিয়েছিলেন। চাকমা উপজাতিদেরও হয়ত আমাদের সাহায্যে পেতাম। কিন্তু রাজা ত্রিবিদ রায়ের বিরোধিতার জন্য তারা আমাদের বিপক্ষে চলে যায়। মিজোরা বেশ কিছু আগেই আমাদের শত্রুহয়ে দাঁড়িয়েছিল। স্বাধীনতা যুদ্ধের ন'মাস মগ উপজাতি আমাদের সর্বতোভাবে সাহায্য করেছে।

২৯শে এপ্রিল রাতে মেজর জিয়া আমাদের রামগড়ে চলে আসতে বললেন। কারণ ইতিমধ্যে পাকবাহিনীর একটি দল করেরহাট-হিয়াকুল হয়ে রামগড়ের দিকে অগ্রসর হচ্ছিল। অপর দল শূভপুর ব্রীজে ক্রমাগত আঘাত হানছিল। আর একটি দল আমাদের পিছূ পিছূ আসছিল গুইমরা রামগড়ের পথে। মেজর জিয়া করেরহাটে ক্যাপ্টেন ওয়ালীকে পাঠালেন এবং আমাদের চলে আসতে বললেন। আমর ২৯শে এপ্রিল রওয়ানা হয়ে রাত ২টায় সমস্ত সৈন্য নিয়ে রামগড়ে পৌঁছলাম। ৩০শে এপ্রিল মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কর্নেল (পরবর্তী কালে জেনারেল) এম, এ, জি ওসমানী রামগড়ে আমাদের দেখে গেলেন এবং চট্টগ্রামের সমস্ত খবরাখবর নিলেন। কর্নেল ওসমানী খুব খুশী হলেন। আমাকে নির্দেশ দিলেন যে কোন প্রকারেই অন্তত: আরো দুদিন রামগড়কে মুক্ত রাখার জন্য, যাতে করে নিরীহ জনতাসহ সবাই নিরাপদে ভারতে আশ্রয় নিতে পারি।

আমি ক্যাপ্টেন খালেকুজ্জামান, সুবেদার মুত্তালেব এবং লেঃ মাহফুজকে তাদের বাহিনী নিয়ে ক্যাপ্টেন ওয়ালীর সাহায্যার্থে হিয়াকুলে পাঠালাম পাকবাহিনীকে প্রতিরোধ করতে। উভয় পক্ষে তুমুল সংঘর্ষ হয়। পাকবাহিনীর একটি ব্রিগেড তিন দিক থেকে রামগড় আক্রমন করে। ২রা মে আমাদের রামগড় হারাতে হয়। ঐদিনই আমরা সবাই ভারতের সাবরুমে আশ্রয় নিতে বাধ্য হয়েছিলাম। সময় তখন সন্ধ্যা ৬টা।

সশস্ত্র প্রতিরোধঃ কুমিল্লা-নোয়াখালী-ঢাকা

শিরোনাম	উৎস	তারিখ
৩। ৪র্থ বেঙ্গল ও অন্যান্য বাহিনীর কুমিল্লা, নোয়াখালী, ঢাকা জেলায় সশস্ত্র প্রতিরোধ	সাক্ষাৎকারঃ ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ ১৯৭৪-১৯৭৫	১৯৭১

১৯শে মার্চ ১৯৭১ আমাকে ঢাকা সেনানিবাস থেকে চতুর্থ বেঙ্গল রেজিমেন্টের হেড অফিস কুমিল্লাতে বদলী করা হয়। আমি ২২শে মার্চ আমার পরিবারকে ঢাকার ধানমন্ডিতে রেখে কুমিল্লা চলে যাই। এবং সন্ধ্যা সাড়ে সাতটায় চতুর্থ বেঙ্গল রেজিমেন্টে গিয়ে যোগদান করি। ইউনিটে পৌঁছার সাথে সাথেই বুঝতে পারলাম আমার সৈনিকরা বেশ উদ্বিগ্ন। আরো জানতে পারলাম পাঞ্জাবীদের কমানডো এবং গোলন্দাজ আর্টিলারি বাহিনী বেঙ্গল রেজিমেন্টের চতুর্দিকে পরিখা খনন করে মেশিনগান লাগিয়ে অবস্থান নিয়েছে। নির্দেশ পেলেই সবাইকে হত্যা করবে। পাঞ্জাবীরা সেনানিবাস রক্ষার অজুহাতে এসব পরিকল্পনা নিয়েছে। পাঞ্জাবীদের কার্যাবলীতে ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের সৈনিকদের মনে তীব্র অসন্তোষ দানা বেঁধে উঠেছিল। আমি পৌঁছাবার সঙ্গে সঙ্গে তারা জানতে চায় এখন তাদের কি কর্তব্য ? আমি সকলকে সতর্ক থাকার নির্দেশ দিয়ে এবং আত্মরক্ষার্থে প্রহরী দ্বিগুন করার নির্দেশ দিয়ে তাদের শান্ত করি। পরের দিনে ২৩শে মার্চ ছুটির দিন ছিল। ২৪শে মার্চ সকাল ৭টায় আমি প্রথম অফিসে রিপোর্ট করি লেফট্যান্ট কর্নেল খিজির হায়াত খানের কাছে। তিনি চতুর্থ বেঙ্গল কমান্ডিং অফিসার ছিলেন এবং পাঞ্জাবী ছিলেন। লেফট্যান্ট কর্নেল খিজির হায়াত খান আমাকে বুঝাতে চেষ্টা করলেন যে আমার পোষ্টিংয়ে তিনি খুব খুশি হয়েছেন। এবং ইউনিট সম্বন্ধে নানা বিষয়ে আলাপ আলোচনা করলেন। ঐদিনই আমি যখন আমার অফিসে সেকেন্ড ইন কমান্ড উপ-প্রধানের কাজ বুঝে নিচ্ছিলাম সকাল প্রায় সাড়ে দশটায় তখন খিজির হায়াত খান ডেকে পাঠালেন। আমি অফিসের ভিতর ঢুকে দেখি খিজির হায়াত খান উদ্বিগ্ন। তিনি আমাকে বসার জন্য বললেন এবং জানান যে আমাকে গুরুত্বপূর্ণ কাজের দায়ীত্ব নিয়ে আজই কুমিল্লা থেকে রওনা হতে হবে। আমি উত্তর দিলাম যে হুকুম যদি হয় আমি নিশ্চয়ই যাব। তবে আমি একদিন হয় এসেছি এবং আমার দায়ীত্ব কেবল বুঝে নিচ্ছি, এমতাবস্থায় ইউনিটি থেকে অন্য যায়গায় পাঠিয়ে দেওয়া হয়তো আপনার পক্ষে ভূল হবে। তাকে আরো বুঝাতে চেষ্টা করলাম ব্যাটালিয়ানে আরো অফিসার আছে, তাদেরকেও পাঠানো যেতে পারে। তাছাড়া ইউনিটি প্রধানকে সাধারনতঃ এভাবে পাঠানো হয় না। আমার বক্তব্য শুনে তিনি বললেন ব্যাপারটা খূবই গুরুত্বপূর্ন সে জন্য তোমাকেই যেতে হবে। আমি যানতে চাইলাম আমাকে কি ধরনের দায়ীত্ব দিয়ে পাঠানো হচ্ছে। কর্নেল খিজির হায়াত খান বললেন যে খবর এসেছে সিলেটের সমসের নগর নামক জায়গায় নক্সালপন্থীরা বিশেষ তৎপর রয়েছে এবং পার্শ্ববর্তী রাষ্ট্র ভারত তাদেরকে অস্ত্রশস্ত্র নিয়ে ব্যাপক ভাবে সাহায্য করছে আরো খবর আছে ভারত থেকে বেশ অনুপ্রোবেশও হচ্ছে। এই সব কারনে আমাকে ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের একটা কোম্পানী নিয়ে সেখানে যেতে হবে। এবং তাদের দমন করতে হবে। আমি জবাব দিলাম একটা কোম্পানী যখন যাবে তখন কোন জুনিয়র মেজরকে সেখানে পাঠানো যেতে পারে। সাধারণত উপ-প্রধান একটা কোম্পানী নিয়ে কখনও যায় না। আমার বক্তব্য খিজির হায়াত খান কিছুটা অপ্রস্তুত হয়ে গেলেন। এবং আমাকে বললেন, ঠিক আছে আপনি যান এবং আমি আপনাকে একটু পরে ডেকে পাঠাব। কিছুক্ষণ পরে কর্নেল আবার আমাকে ডেকে পাঠালেন এবং বললেন, ব্রিগেড কমান্ডারের কাছে ইকবাল শফি এখনই আপনাকে ডেকেছেন। আমাকে নিয়ে কর্নেল খিজির হায়াত ব্রিগেড কমান্ডারের কাছে গেলেন। ব্রিগেড কমান্ডার আমাকে দেখেই বললেন আমি তোমার জন্যই অপেক্ষা করছিলাম। বিশেষ একটা গুরুত্বপূর্ণ কাজ আছে যা একমাত্র তুমি ছাড়া আর কেউ সম্পন্ন করতে পারবে না এবং সেই জন্য আমি তোমাকেই নির্বাচিত করেছি। আশা করি তুমি আমাকে নিরাশ করবে না। তিনি আরো বললেন, তোমার মত একজন সিনিয়র আফিসাকে এই জন্য মনোনিত করা হয়েছে। আমি ট্রপস ছাড়া শমসেরনগরে ইপিআর-এর একটি কোম্পানী আছে। এই বড় ফোর্স এর নেতৃত্ব

* খালেদ মোশারফ একাত্তরের মার্চে ৪র্থ বেঙ্গল রেজিমেন্টে সেকেন্ড ইন কমান্ড হিসাবে মেজর পদে ছিলেন।

দেওয়ার জন্য একজন সিনিয়র বাঙ্গালী অফিসারের দরকার। তুমিই একমাত্র বাঙ্গালী অফিসার কুমিল্লাতে যাকে আমি এ ব্যাপারে বিশ্বাস করতে পারি।

আমি বুঝতে পারলাম যেতে আমাকে হবেই। উপায় যখন আর নেই তখন যতটুকু তাদের কাছে আদায় করে নেয়া যায় সেটুকুই আমার পক্ষে মঙ্গল। আমি ব্রিগেডিয়ার শফিকে বললাম, যে কাজের ভার আমাকে দিচ্ছেন শুধু একটা কোম্পানী দিয়ে তা হবে না। কোম্পানীর চেয়ে বেশী সৈন্য আমাকে দেয়া হোক। আর হেড কোয়ার্টারের সঙ্গে যোগাযোগ রাখার জন্য একটা শক্তিশালী ওয়ারলেস দেওয়া হোক। এছাড়া যেহেতু আমি অনেক দুরে একটা গুরুত্বপূর্ণ কাজে যাচ্ছি। সেহেতু আমার ট্রপস এর জন্য স্বয়ংক্রিয় ভারী এবং হালকা অস্ত্রশস্ত্র এবং মর্টার ইত্যাদি এবং যথেষ্ট পরিমান গোলাবারুদ দেয়ার অনুমতি দেয়া হোক। ব্রিগেডিয়ার শফি প্রথমে বললেন, তোমাকে যে কাজের জন্য পাঠান হচ্ছে, তাতে এসব ভারী অস্ত্রশস্ত্রের দরকার হবে না। আমি উত্তরে বললাম যে, আপনি যে গুরুত্বপূর্ণ অবস্থার কথা চিত্রিত করেছেন তাতে আমার সামরিক জ্ঞান অনুসারে এই সমস্ত ভারী অস্ত্রশস্ত্রের দরকার হবে বিশেষ করে যেখানে হেড কোয়ার্টার থেকে তাড়াতাড়ি সাহায্য পাবার আশা কম। আমার বক্তব্যে ব্রিগেডিয়ার ইকবাল শফি কনভিনসড হলেন এবং কর্নেল খিজির হায়াতকে নির্দেশ দিলেন আমার যা প্রয়োজন তা যেন আমাকে দিয়ে দেওয়া হয়। আমরা বিগ্রেডিয়ার শফির কাছ থেকে ইউনিটে ফিরে এলাম। এসেই ব্যাটালিয়নের এডজুট্যান্ট ক্যাপ্টেন গফফারকে (এখন মেজর) ডেকে নির্দেশ দিয়ে দিলাম সমস্ত ব্যাটালিয়ন থেকে বেছে বেছে ২৫০ জনের মত সৈন্যকে আলফা কোম্পানীতে একত্রিত করার জন্য।

গফফারকে বলে দিলাম যে, ব্যাটালিয়নের ভারী অস্ত্রশস্ত্র যতো আছে সব নিয়ে নাও। গোলাবারুদ এমন ভাবে নেবে যাতে একমাস যুদ্ধ করা যায়। আমাদের ২৬টা গাড়ী ব্রিগেড থেকে দেওয়া হয়েছিল। সব বোঝাই করতে এবং অস্ত্রশস্ত্র ও সৈনিকদের তৈরী করতে সন্ধ্যা হয়ে গেল। এই সময় আমি একটা অস্বাভাবিক ঘটনা দেখতে পাই। যতোক্ষণ পর্যন্ত আমি এবং আমাদের লোকজন প্রস্তুত হচ্ছিলাম ততক্ষণ পর্যন্ত খিজির হায়াত এবং অন্যান্য ব্রিগেড স্টাফ এর অফিসাররা বসে লক্ষ্য করতে থাকলেন।

আমি ২৪শে মার্চ সন্ধ্যা সাড়ে সাতটায় যাওয়ার জন্য তৈরী হই। ব্যাটালিয়নে যে সমস্ত বাঙ্গালী অফিসার থেকে গেল তারা সবাই আমার যাবার পূর্বে মেসে এসে দেখা করে গেল। এদের মধ্যে সিনিয়র অফিসার ছিলেন ক্যাপ্টেন মতিন (বর্তমানে মেজর) তাকে আমি এই উপদেশ দিলাম যে আমি চলে যাচ্ছি, এতে ঘাবড়াবার কিছু নাই। এখন তুমিই সিনিয়র। যদি কোনো অঘটন ঘটে তাহলে এই ৪র্থ বেঙ্গল এর বাকী ট্রপস এর নিরাপত্তার পুরা বন্দবস্ত করবে এবং যদি প্রয়োজন হয় যুদ্ধ করে ক্যান্টনমেন্ট থেকে বেরিয়ে আসবে এবং আমার সাথে যোগাযোগ করার চেষ্টা করবে। সন্ধ্যা সাড়ে সাতটায় আমি আমার কনভয় নিয়ে শমসেরনগরের পথে রওনা হলাম। রাত প্রায় ২টা আরাইটার সময় বি-বাড়িয়া শহরের উপকণ্ঠে পৌঁছলাম। সেখানে রাস্তায় অনেক ব্যারিকেড। এই প্রতিবন্ধকতার জন্য আমাদের এগোতে অসুবিধা হচ্ছিল। এই ব্যারিকেড ভাঙ্গতে ভাঙ্গতে শহরের দিকে এগোচ্ছিলাম। শহরের কিনারে যে পুল আছে (নিয়াজ পার্কের কাছে) সেখানে বি-বাড়িয়ার ছাত্র জনতা আমাদের বাধা দেয়। হাজার হাজার লোক এবং ছাত্র রাস্তায় শুয়ে পড়ে এবং বলে যেতে দেওয়া হবে না। আমি সেখানকার নেতৃস্থানীয় লোকদের সাথে কথা বলতে চাইলাম। ওখানেই আওয়ামী লীগের তদানীন্তন এমসিএ সাচ্চু মিয়া এবং অন্য কয়েকজন আওয়ামী লীগ এবং ছাত্রনেতারা আমাকে জানান যে, পূর্ব বাংলার অনেক যায়গায় পাকসেনারা আবার গুলি চালিয়েছে এবং মিলিটারী চলাচল কেন্দ্রীয় নির্দেশে নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে। তারা আরও বলেন আপনাদের বেঙ্গল রেজিমেন্টের সৈনিকদের ইচ্ছাকৃতভাবে কুমিল্লা থেকে দূরে পাঠিয়ে দিচ্ছে এবং আমরা আপনাদের যেতে দেব না। এই ভাবে কয়েকঘন্টা কথাবার্তা হয়। ইতিমধ্যে মেজর শাফায়াত জামিল (বর্তমানে লেঃ কর্নেল), যিনি ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের আর একটা কোম্পানীসহ বি-বাড়িয়াতে অবস্থান করছিলেন, তিনিও ঘটনাস্থলে উপস্থিত হন। তিনিও তাদের বুঝাতে চেষ্টা করলেন যাতে ব্যারিকেড এবং অন্যান্য প্রতিবন্ধকতা সরিয়ে ফেলা হয়। কিন্তু তাতেও তারা আমাদের অনুরোধ রাখতে রাজী হয় না। তারপর তাদের নিয়ে মেজর শাফায়াত জামিলের ক্যাম্পে যাই। সেখানে আবার কথাবার্তা চলে এবং তাদের

আমি স্পষ্ট ভাষায় জানিয়ে দিই যে বেঙ্গল রেজিমেন্ট বাংলাদেশেরই রেজিমেন্ট, যখন দরকার পড়বে বাঙ্গালী জাতির জন্য পিছিয়ে থাকবে না। এমতাবস্থায় আমাদের বাধা দেওয়া ঠিক হবে না। অবশেষে সকাল সাড়ে পাঁচটায় সব নেতৃস্থানীয় ব্যক্তিরা আমাদেরকে আর বাধা না দেওয়ার সিদ্ধান্ত নেন। আমরা শমসেরগনের পথে আবার ২৫শে মার্চের সকালে রওনা দিলাম। যাওয়ার আগে মেজর শাফায়াত জামিলকে আলাদা ডেকে সতর্ক করে দিলাম এবং আমার সঙ্গে অয়ারলেস মারফত যোগাযোগ রাখার নির্দেশ দিয়ে গেলাম। আমি সকাল দশটা এগারটার সময় শ্রীমঙ্গলে পৌঁছি। সেখান থেকে শমসেরনগর যাবার রাস্তা আমার জানা ছিল না। ব্রিগেড হেড কোয়ার্টার থেকে আমাকে বলে দেওয়া হয়েছিল যে, শমসেরনগর যেতে হলে মৌলভীবাজার হয়ে যেতে হবে। শ্রীমঙ্গলে কনভয় দার করিয়ে স্থানীয় কিছু ব্যক্তিকে জিজ্ঞাসা করি শমসেরনগরে যাওয়ার রাস্তা সম্ভন্ধে এবং জানতে পারি মৌলভী বাজার হয়ে যাওয়া যায় অথবা আর একটা রাস্তা আছে সোজা শ্রীমঙ্গল হয়ে জঙ্গল এবং পাহাড়ের মধ্য দিয়ে এই রাস্তা অপেক্ষাকৃত কম দুরত্বের আমি এই সোজা জঙ্গলের রাস্তা দিয়ে শমসেরনগরের পথে রওনা হলাম। যে রাস্তা দিয়ে যাওয়ার কথা ছিল সে রাস্তা পরিত্যাগ করে পাহাড়ের পথ দিয়ে রওনা হলাম এই রাস্তা খুব খারাপ ছিল তাই অতি কষ্টে দুপুর ২টার সময় শমসেরনগরে গিয়ে পৌঁছি। সেখানে যেয়ে ডাকবাংলোতে আমি আমার ছাউনি স্থাপন করি।

দুপুরে খেয়ে আমি এবং লে. মাহবুব শমসেরনগরের চারদিকে ঘুরে দেখে আসি দেখি পরিস্থিতি স্বাভাবিক। আর কিছু পেট্রোল পার্টি চতুর্দিকে পাঠিয়ে দিই। স্থানীয় ব্যাক্তিদের সঙ্গে আলাপ আলোচনা করে যানতে পারি কোন অঘটন সেখানে ঘটেনি। ইপিআর এর যে দুটো কোম্পাণীর কথা আমাকে বলা হয়েছিলো। তাদের কোন পাত্তা নেই। ইপিআরএর একজন সুবেদার এবং আরো কয়েকজন সিপাই শমসেরনগর এয়ারপোর্টে অবস্থান করছিল। তাদের সঙ্গে যোগাযোগ করে সঠিক কোন উত্তর পাইনি। শমসের নগরের টি গার্ডেন গুলো ঘুরে জানতে পারলাম। সমস্ত পশ্চিম পাকিস্তানী ম্যানেজার এবং অফিসাররা ঢাকায় চলে এসেছে। নক্সালপন্থী বা অনুপ্রবেশকারীদের কোন চিহ্ন আমি খুজে পেলাম না। ২৫শে মার্চের রাতটা এভাবে খবরাখবর নিয়ে এবং পেট্রোলিং করে কেটে গেল। সমস্ত ব্যাপারটা আমার কাছে ঘোড়ালো মনে হলো। আমার মনে জাগল আমাকে এখানে কৌশল করে পাঠানো হয়েছে। এবং যা কিছু তারা বলেছিল, তা সবই মিথ্যা। আমি সমস্ত সকাল অয়ারলেসের মাধ্যমে হেড কোয়ার্টারে যোগাযোগ করার চেষ্টা করি কিন্তু কোন যোগাযোগ হল না। এই ভাবে দুপুর পর্যন্ত চলে যায়। আমি এবং লে. মাহবুব ডাকবাংলোর বারান্দায় বসেছিলাম। হঠাৎ আমাদের এসে খবর দেয় এক পাঞ্জাবী অফিসার এবং বেশ কয়েকজন সৈন্য শমসেরনগরের বাজারে এসেছে এবং সেখানে কারফিউ জারি করে স্থানীয় জনসাধারনের উপর অত্যাচার করছে। সেই দলটি আমাদের ক্যাম্পের সম্মুখে দিয়ে মৌলভীবাজার যাচ্ছিল। আমাদের সেন্ট্রিকে সেই দলটির অফিসারকে ডাকার জন্য পাঠাই। এরা যখন সামনে দিয়ে যাচ্ছিল তখন সেন্ট্রি তাদের আমাদের ক্যাম্পে আসার অনুরোধ জানায়। অফিসারটি ক্যাম্পের ভিতরে আসে এবং আমার সেখানে উপস্থিতি সম্বন্ধে আশ্চর্যবোধ করে। এমন ভাব দেখায় যে আমর এখানে আছি এটা সে জানত না। কথাবার্তায় আমি জানতে পারি যে ৩১ পাঞ্জাব রেজিমেন্টের বেশ কিছু সৈন্য সিলেট থেকে মৌলভীবাজার এসে দুই দিন আগে ক্যাম্প করেছে। অফিসারের হাবভাব এবং কথাবার্তা আমাকে সন্দিহান করে তোলে। যতক্ষন সে ডাকবাংলোয় বসেছিলো ততক্ষন সে স্টেনগানটি কোথাও না রেখে নিজের হাতে রাখে। এতে সন্দেহ আরও ঘনীভুত হয়। এদের আগমন সম্বন্ধেও আমাকে অবহিত করা হয়নি। এটাও অত্যান্ত অস্বাভাবিক কিছুক্ষণ পরে অফিসারটি তার দলবল নিয়ে চলে যায়। এবং যাওয়ার আগে আমাদেরকের পাঞ্জাব রেজিমেন্টে ক্যাম্পে যাওয়ার জন্য আমন্ত্রণ জানায়। আমি যাওয়ার আশ্বাস দিয়ে অফিসারটিকে বিদায় করলাম।

সেই দিনই বিকেলে স্থানীয় জনসাধারণের মুখে আমি জানতে পাই ঢাকাতে কিছু একটা ভয়ংকর অঘটন ঘটেছে। কিন্তু কেউ সঠিক কিছু বলতে পারে না। আস্তে আস্তে লোকমুখে আরও শুনতে পাই যে, ঢাকায় পাক সেনাবাহিনীর হাজার হাজার লোক গুলি করে মেরে ফেলেছে এবং মারছে। বাংলাদেশের অন্যান্য জায়গাতেও পাক বাহিনী সেই রূপ নৃশংস অত্যাচার এবং হত্যাকান্ড চালিয়ে যাচ্ছে। হাজার হাজার লোক ঢাকা ছেড়ে জান

বাঁচানোর জন্য বাইরে চলে যাচ্ছে। পাক সেনাবাহীনী ট্যাংক, কামান এবং অন্যান্য অস্ত্রশস্ত্র নিয়ে নির্দোষ, নিরীহ, নিরস্ত্র জনসাধারনের উপর বর্বরচিতভাবে অত্যাচার করছে। ঢাকা শহর একটা ধ্বংসস্তুপে পরিণত হয়েছে। আমি অনেক্ষণ বসে থেকে চিন্তা করতে থাকলাম আমার এখন কর্ত্যব্য কি। অয়ারলেস সেট খোলার হুকুম দিয়ে হেড কোয়ার্টারের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করতে লাগলাম। অনেক চেষ্টার পরও কোন যোগাযোগ হল না। তবুও আবার চেষ্টা চালিয়ে যেতে বললাম। অনেক্ষণ পর আমাকে লে. মাহবুব এসে খবর দিল যে হেড কোয়ার্টারের সঙ্গে অতি কষ্টে যোগাযোগ করা সম্ভব হয়েছে। আমি তাড়াতাড়ি দৌড়ে গেলাম অয়ারলেসে কথা বলার জন্য। যখন আমি কথা বলতে চাই, তখনই অপরদিক থেকে কর্নেল খিজির হায়াত কিংবা ক্যাপ্টেন আমজাদ পাঞ্জাবী জবাব দেয়। তাদের কাছে কোন কথাই খুলে বলা সম্ভব হচ্ছিল না। শুধু এটুকু বুঝতে পারলাম কর্নেল খিজির হায়াত এবং চতুর্থ বেঙ্গল এর বাকী অংশ কুমিল্লা থেকে ২৫ তারিখে বি-বাড়িয়া এসেছে। কর্নেল খিজির হায়াত আমাকে জানালেন সব কিছু স্বাভাবিক এবং তিনি আরো জানালেন যে অতি সত্বর তিনি একবার শমসেরনগর পরিদর্শনে আসবেন। আমি তাকে জানালাম এখানে সব শান্ত এবং আমার এখানে থাকার কোন প্রয়োজনই নাই এবং আমাকে ফিরে আসার অনুমতি দেওয়া হোক। তিনি জবাবে আমাকে শমসেরনগরেই থাকতে আদেশ দিলেন। কিছুক্ষণ পর আমি আবার অয়্যারলেসে কথা বলার চেষ্টা করি। এবার ক্যাপ্টেন গাফফারের (এখন মেজর) সঙ্গে কথাবার্তায় বুঝতে পারলাম যে ক্যাপ্টেন গাফফারের নিকটে কোন পাঞ্জাবী অফিসার আছে। সেজন্য সব কথা খুলে বলতে পারছিল না। আমি শুধু বললাম যখন সুযোগ পাবে তখন মেজর শাফায়াত জামিলকে (বর্তমানে লে. কর্নেল) আমার সঙ্গে কথা বলতে বলবে। আরো কিছুক্ষণ পরে মেজর শাফায়াত জামিল আমার সঙ্গে অয়ারলেসে কথা বলেন এবং জানালেন ঢাকাতে পাক সেনাবাহিনী গণহত্যা চালিয়েছে এবং এখনো ধ্বংসলীলা চালিয়ে যাচ্ছে। এই কথা চলছিল ২৬শে মার্চের সন্ধ্যা বেলায়। শাফায়াত জামিল লোকমুখে শূনেছেন যে সব লোক ঢাকা থেকে পালিয়ে কুমিল্লার দিকে এবং ব্রাþণবাড়িয়ার দিকে আসছে। মেজর শাফায়াত জামিল এবং ক্যাপ্টেন গাফফার আরো জানান যে ব্রাþণবাড়িয়াতেও সান্ধ্য আইন জারি করা হইয়াছে এবং ৪র্থ বেঙ্গলকে এটা কার্যকরী করতে বলা হয়েছে। কিন্তু ব্রাþণবাড়িয়ার জনসাধারন সান্ধ্য আইন ভঙ্গ করে মিছিল বের করেছে। এমতাবস্থায় তাদের করণীয় কি তা আমার কাছে জানতে চাইলেন।

আমার পক্ষে এ প্রশ্নের জবাব দেয়া কঠিন ছিল। আমি প্রায় ১০০ মাইল দুরে অবস্থান করছি। সমস্ত বাংলাদেশে আর কোথায় কি হচ্ছে সে সম্বন্ধে কোন জ্ঞান ছিল না। ঢাকা শহরে পাক বাহিনী ব্যাপক গণহত্যা চালিয়েছে এবং আরো অনেক জায়গাতেও করেছে। রাজনৈতিক নেতাদের সঙ্গে এই মুহুর্তে কোন প্রত্যক্ষ যোগাযোগ নেই যে তাদের কাছে কোন উপদেশ নেব। একদিকে সামরিক শৃঙ্খলা এবং কর্তব্যবোধ অন্যদিকে বিবেকের দংশন আমাকে পীড়িত করছিল। এই উভয় সংকটে পড়ে আমি আমার চিন্তাশক্তি হারিয়ে ফেলি। মেজর শাফায়াত জামিলকে বললাম, আমাকে কিছূটা সময় দাও, আমি কিছুক্ষণ পরে বলব এবং সঙ্গে সঙ্গে বললাম কোন মতেই যেন গুলি চালানো না হয়। লোকজনকে বুঝিয়ে শান্ত করার চেষ্টা কর। চিন্তায় আমি আমার কামরার চতুর্দিকে পায়চারি করতে শুরু করলাম এবং এমন অবস্থায় চিন্তায় মাথা ঘুরপাক খেতে লাগল। আমি বসে পরলাম এবং লে. মাহবুবও (বর্তমানে ক্যাপ্টেন) সেখানে বসে ছিল। আমার সঙ্গে যেসব বাঙ্গালী সৈনিকরা ছিল। তারাও উদ্বিগ্ন হয়ে আমার সিদ্ধান্তের অপেক্ষায় ছিল অবশেষে আমার বিবেক আমাকে চুড়ান্ত সিদ্ধান্ত নিতে বাধ্য করল। এই অণ্যায়ের বিরুদ্ধে রুখে দাড়াতে হবে। যদিও কোন রাজনৈতিক নির্দেশ সেই মুহুর্তে ছিল না তবুও বঙ্গবন্ধুর সেই ৭ই মার্চের ঘোষনার কথা মনে পড়ে গেল। তিনি বলেছিলেন "এবার ঘরে ঘরে দুর্গ গড়ে তোল। এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।" আমি লে. মাহবুবকে ডেকে বললাম যে এই মুহুর্তে আমি স্বাধীন বাংলার আনুগত্য স্বীকার করলাম। এখনই সব সৈনিকদের বলে দাও আজ থেকে আমরা আর কেউ পাকিস্তানের প্রতি আনুগত নই। স্বাধীন বাংলার পতাকা উড়িয়ে দাও। এখন থেকে আমরা পাকসেনাদের বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করবো। সব সৈনিকদের তৈরী হতে বল। এখান থেকে আমরা ঢাকার দিকে রওনা দেব এবং ৪র্থ বেঙ্গল রেজিমেন্টকে ব্রাþণবারিয়াতে একত্রিত করতে হবে। লে. মাহবুব যেন এই নির্দেশের অপেক্ষায় ছিল।

সে দৌড়ে গিয়ে সবাইকে আমার সিদ্ধান্তের কথা জানিয়ে দেয়। কিছুক্ষণ পরেই আমি শুনতে পেলাম বঙ্গশার্দুলদের শ্লোগান "জয় বাংলা"। আমি তাদেরকে প্রথমে শান্ত করলাম এবং বুঝিয়ে দিলাম আমাদের এখন থেকে যে সংগ্রাম শুরু হল সেটা কঠিন এবং বিপদসংকুল। সকলেই নিজেকে স্বার্থের উর্ধ্বে রেখে দেশ ওজাতির এবং বাংলাদেশ সরাকরের জন্য আত্মিয়স্বজন, আর্থিক কষ্ট এবং সব কিছু সুবিধা ত্যাগ করে আত্মবিসর্জন দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে। আমি দেখতে পেলাম বেঙ্গল রেজিমেন্টের সৈনিকরা সবাই দৃঢ় সংকল্পে থেকে আত্মত্যাগের মনভাব নিয়ে প্রস্তুত হয়ে আছে। প্রথমে অয়ারলেসে মেজর শাফায়াতের সঙ্গে যোগাযোগ স্থাপন করি এবং তাকে নির্দেশ দিই যেন সেও তৈরী থাকে। তাকে আরো বললাম, কুমিল্লার রাস্তার দিকে খেয়াল রাখতে। তাকে আরো বললাম যে আমি অতি শিগগিরই ব্রাþণবারিয়াতে পৌঁছব। ইতিমধ্যে আমার সমস্ত লোক ব্রাþণবারিয়াতে রওনা হবার জন্য তৈরী হয়ে যায়। আমি লে. মাহবুবের সঙ্গে কিছুক্ষসংখ্যক সৈন্য দিয়ে শ্রীমঙ্গলে পাঠিয়ে দেই এবং সেখানে ডিফেন্স নিতে নির্দেশ দিই যাতে আমাদের যাওয়ার পথে মৌলভীবাজার থেকে পাঞ্জাব রেজিমেন্ট এসে বাধা দিতে না পারে। শমসেরনগর থেকে জঙ্গলের পথে রাত বারোটায় আমি আমার কনভয় নিয়ে রওনা হয়ে যাই। রাস্তায় আমাদের অগ্রসর অনেক ধীর ছিল। কারণ সমস্ত রাস্তায় ব্যারিকেড এবং কোন কোন জায়গায় রাস্তা কেটেও দেওয়া হয়েছিল। জঙ্গলের অনেক জায়গায় বিরাট গাছ কেটে রাস্তার উপর ফেলে দেওয়া হয়েছিল। এই সব প্রতিবন্ধক আমাদেরকে কেটে কেটে বা মাটি ফেলে পরিস্কার করে অগ্রসর হতে হবে। সব প্রতিবন্ধকের কাছেই অনেক লোক লুকিয়ে দেখছিল আমরা কি করি। যখনই তারা বুঝতে পারত আমরা বেঙ্গল রেজিমেন্ট এবং ঢাকার দিকে বা ব্রাþণবারিয়ার দিকে অগ্রসর হচ্ছি, তখনই তারা স্বতঃস্ফুর্তভাবে এসে ব্যারিকেড সরিয়ে ফেলতে এবং রাস্তাঘাট পরিস্কার করতে সাহায্য করত। তাদের সহায়তায় এবং সক্রিয়তায় আমাদের পক্ষে সম্ভব হচ্ছিল কম সময়ের মধ্যে এগিয়ে যাবার। এভাবে অতি মন্থর গতিতে এগোতে এগোতে আমি ভোর পাঁচটায় সাতছড়িতে পৌঁছলাম। এখানে আমার সৈনিকরা কিছুক্ষণ বিশ্রাম নেয়। এখানে এসে আমি আবার অয়ারলেসের মাধ্যমে ব্রাক্ষণবারিয়াতে যোগাযোগ করি। ঐ অবস্তাতে কর্নেল খিজির হায়াতের সঙ্গে আলাপ হয়। তিনি আমাকে আশ্বাস দেন যে সেখানে সব কিছু ঠিকঠাক। মেজর শাফায়াত জামিলও আমার সঙ্গে কথা বলে। সে তার উদ্বেগ প্রকাশ করে এবং জানতে চায় আমি কোথায় এবং আসতে কেন দেরী হচ্ছে। আমি বললাম ভয়ের কোন কারন নেই কেননা আমি অনেক কাছে এসে গেছি। তাকে আশ্বস দিয়ে আবার রওনা হই। সকাল ৬টায় ব্রাþণবারিয়া থেকে দশ মাইল দুরে মাধবপুরে পৌঁছি। এবং মেজর শাফায়াত জামিলের সঙ্গে অয়্যারলেসে কথা বলি। তিনি আমাকে জানান, সকাল দশটার সময় কর্নেল খিজির হায়াত একটা কনফারেন্স ডেকেছেন (আমি পরে জানতে পারি যে কুমিল্লা থেকে পাঞ্জাব রেজিমেন্ট এর একটা কোম্পানী সেই সময়ে আসছিল।) কনফারেন্সের কথা যখন আমি শাফায়াতের কাছে শুনতে পেলাম তখন আমি যথেষ্ট উদ্বিগ্ন হয়ে যাই এবং তাদের পরিকল্পনা সম্বন্ধে সন্দিহান হয়ে উঠি। আমি শাফায়াতকে তখনই নির্দেশ দিই আমার জন্য অপেক্ষা কর না। প্রয়োজন হলে সমস্ত পাঞ্জাবী অফিসারকে কর্নেল খিজির হায়াতসহ গ্রেফতার করে ফেল এবং যত পাঞ্জাবী সৈনিক আছে নিরস্ত্র কর। আমি আবার রওনা হয়ে গেলাম। পরে শুনতে পেলাম ব্রাক্ষণবাড়িয়াতে কি হয়েছে। দশটা বাজার দশ মিনিট আগে কর্নেল খিজির হায়াত মেজর নেওয়াজ, ক্যাপ্টেন আমজাদ কনফারেন্সে বসেছিল। এমতাবস্থায় মেজর শাফায়াত জামিল লে. কবির (বর্তমানে ক্যাপ্টেন) লে. হারুন (বর্তমানে ক্যাপ্টেন) হঠাৎ সেই কামরায় প্রবেশ করেন এবং পাঞ্জাবী অফিসারদের তাদের অস্ত্র সমর্পন করার নির্দেশ দেন। মেজর নেওয়াজ জিনি নিজে একজন কমান্ডো ছিলেন তিনি কিছুটা বাধা দেওয়ার চেষ্টা করেন কিন্তু লে. হারুন ত্বরিত প্রচেষ্টায় তার সে চেষ্টা ব্যার্থ হয় এবং সব পাঞ্জাবী অফিসারকে তারা বাংলাদেশের নামে গ্রেফতার করে। ইতিমধ্যে বাকী বঙ্গশার্দুলরা বাইরে যে সব পাঞ্জাবী সৈনিক ছিল, তাদের নিরস্ত্র করে এবং যারা বাধা দেওয়ার চেষ্টা করে তাদের চরম শাস্তি প্রদান করা হয়। ব্রাক্ষণবাড়িয়া শত্রুমুক্ত করে বাংলাদেশের পতাকা উড়িয়ে দেওয়া হয়। দিনটি ছিল ২৭শে মার্চ। ইতিমধ্যে আমি ব্রাক্ষণবাড়িয়ার অতি সন্নিকটে এসে গেছি। আমার বাহিণী এবং শাফায়াতের বাহিনী বেলা ১১টার দিকে সম্মিলিত হয়। আমি বুঝলাম আমার প্রথম কর্তব্য হল যে সমস্ত এলাকা মুক্ত হয়েছে তা শত্রুর আক্রমণ থেকে রক্ষা করা। আমি প্রথমেই অফিসারদের নিয়ে একা বৈঠক

করি এবং এই প্রতিরক্ষা ব্যবস্থাকে কিভাবে কার্যকরী করতে হবে তার সম্বন্ধে আমার পরিকল্পনা জানাই। আমার এই পরিকল্পনায় সিদ্ধান্ত ছিল যে, আমরা মেঘনা নদীকে উত্তরে রেখে পশ্চিম প্রতিরক্ষা লাইন তৈরী করব এবং দক্ষিনে ময়নামতি সেনানিবাস পর্যন্ত মুক্ত করে প্রতিরক্ষা লাইন তৈরী করব এবং দক্ষিণে ময়নামতি সেনানিবাস পর্যন্ত মুক্ত করে প্রতিরক্ষা বন্দোবস্ত করব। উত্তর-পূর্বে মৌলভীবাজার থেকে সিলেট পর্যন্ত মুক্ত করে প্রতিরক্ষার বন্দোবস্ত করব। উত্তর-পূর্বে মৌলভীবাজার থেকে সিলেট পর্যন্ত বিভিন্ন এলাকা মুক্ত করে সিলেটে আর একটি ঘাটি স্থাপন করব।

এই পরিপ্রেক্ষিতে ভৈরববাজারে প্রথম দুটো কোম্পানী পাঠিয়ে দিই। আর একটা পার্টিকে কুমিল্লার দিকে ব্রাক্ষণবাড়িয়া থেকে অগ্রসর হতে বলি। মেঘনার পূর্ব পারে একটা প্রতিরক্ষাব্যূহ তৈরীর ব্যবস্থা করি। এছাড়া ব্রাক্ষণবাড়িয়ার চতুর্দিকে তিতাস নদীর চতুর্দিকে একটা আভ্যন্তরীণ প্রতিরক্ষাব্যূহ নির্মাণ করি। ক্যাপ্টেন মাহবুবের নেতৃত্বে একটা কোম্পানী দিয়ে সিলেটের দিকে অগ্রসর হবার জন্য পাঠিয়ে দেই। শ্রীমঙ্গলে তাদের সাথে স্থানীয় সংগ্রামী আনসার, মুজাহিদ এবং আরো কিছুসংখ্যক সৈন্য কর্নেল রবের নেতৃত্বে (বর্তমানে অবসরপ্রাপ্ত মেজর জেনারেল) যোগ দেয়। এই দলটির সাথে পাঞ্জাব রেজিমেন্টের যে সব সৈন্য মৌলভীবাজারে ছিল তাদের সাথে লড়াই হয় এবং পাঞ্জাবীরা অনেক হতাহত এবং ক্ষয়ক্ষতির পরে মৌলভীবাজার থেকে পালিয়ে যায়। সিলেট শহর পর্যন্ত তাদেরকে ধাওয়া করা হয়। ব্রাþণবারিয়াতে আমি বেসামরিক প্রশাসনের সঙ্গে যোগাযোগ করি। তখন মহকুমা প্রশাসক ছিলেন জনাব রকিব। তিনি অত্যান্ত উৎসাহী, সাহসী এবং সংগ্রামী ছিলেন। তিনি সব সময় আমাদের সাথে ছিলেন। তিনি যুদ্ধ প্রচেষ্টায় বেসামরিক সাহায্যের যতটুকু প্রয়োজন ছিল যেমন রসদ সরবরাহ, যানবাহন যোগার, সৈনিকদের থাকা-খাওয়ার ব্যবস্থা, চিকিৎসা, আর্থিক সাহায্য তিনি অত্যন্ত উৎসাহ এবং উদ্দীপনা নিয়ে করেছেন। তিনি পুলিশ অয়ারলেসের মাধ্যমে বাংলাদেশের সমস্ত জেলা এবং মহকুমা প্রশাসকদের কাছে খবর পাঠিয়েছেন যে, মেজর খালেদ মোশারফের নেতৃত্বে ৪র্থ বেঙ্গল রেজিমেন্ট স্বাধীনতা যুদ্ধ করছে এবং ব্রাক্ষণবাড়িয়া থেকে সিলেট পর্যন্ত বিস্তীর্ন এলাকা শত্রুমুক্ত করেছে। ঐ সময় ব্রাক্ষণবাড়িয়াতে আমার সাথে জনাব তাহের উদ্দিন ঠাকুর, সাচ্চু মিয়া প্রমুখ রাজনৈতিক নেতাদের সঙ্গে আলোচনা হয়। এবং তাদেরকে আমি আমার বাংলাদেশ সরকারের সাথে আমার আনুগত্যের কথা বলি। তারা আমাকে সব রকম সাহায্য সহযোগিতা করেন। তারা আমাকে জিজ্ঞাসা করেন কিভাবে এই যুদ্ধ পরিচালনায় সহায়তা করা যায়। আমি তাদের অনুরোধ জানাই, যে কোনো উপায়ে প্রতিবেশী রাষ্ট্র থেকে যদি কোনো অস্ত্রশস্ত্র আনার বন্দোবস্ত করতে পারেন তাহলে আমি আমার এই প্রতিরক্ষা ব্যবস্থা আরো সুন্দর ও শক্তিশালী করতে পারি। আমি তখন জানতাম যে, আমার কাছে যা গোলাবারুদ আছে তা নিয়ে বেশী দিন পাকিস্তান সেনাবাহিনীকে ঠেকিয়ে রাখা যাবে না। তারা এই বার্তা নিয়ে আগরতলাতে চলে যান।

এই সময় ব্রাþণবাড়িয়ার দিকে অগ্রসরমান পাঞ্জাবী সৈন্যদের সাথে আমার অগ্রবর্তী সৈন্যদের কোম্পানীগঞ্জে লড়াই হয়। এতে পাকিস্তানীরা অনেক হাতাহত হয়ে আবার কুমিল্লা সেনানিবাসের দিকে পশ্চাদপসরণ করে। ২৯শে মার্চ ব্রাþণবাড়িয়াতে শত্রুসেনা প্রথম বিমান হামলা চালায়। এতে আমার একজন সৈনিক শহীদ হন। সেদিনই সন্ধ্যায় পাকিস্তানীদের একটা রেকি পার্টি (তথ্য অনুসন্ধানী দল) একজন অফিসার এবং ৮ জন সিপাহী সহ ব্রাক্ষণবাড়িয়াতে আসে। এই দলটি আমাদের অগ্রবর্তী ঘাটির এ্যামবুশে পড়ে যায় এবং অফিসারসহ সব শত্রুসেনা এবং একখানা গাড়ী ধ্বংস করে দিই। ব্রাক্ষণবাড়িয়ার উপর বিমান হামলা আরো চলতে থাকে এবং আমাদের প্রতিরক্ষা আরো অধিকতর শক্তিশালী হতে থাকে। আমি এই অবস্থাতে ভৈরব বাজার এবং নরসিংদীর ভিতরের রেলওয়ে লাইন অনেক জায়গায় বিচ্ছিন্ন করে দিই এবং আর একটা দলকে নরসিংদী পর্যন্ত অগ্রসর হওয়ার জন্য নির্দেশ দিই। আমার এই দলটির সঙ্গে ঢাকা থেকে আগত আর একটি সাবেক ইপিআর এবং দ্বিতীয় বেঙ্গলের কিছু সৈন্যের যোগাযোগ স্থাপন হয়। এই সম্মিলিত দলটি ঢাকা থেকে পাকসেনাদের অগ্রসরমান এক বিরাট বাহিনীকে অ্যামবুশ করে পর্যুদস্ত করে এবং ঢাকার দিকে পশ্চাদপসরণে বাধ্য করে।

আমাদের তখনো বাইরে আর কোন প্রতিষ্ঠান বা বাঙ্গালী সেনাবাহিনীর আর কোন দলের সাথে যোগাযোগ হয়নি। অন্যান্য জায়গা সম্বন্ধে আমি সম্পূর্ণ অন্ধকারে ছিলাম।

আমি জানতে পাই যে মেজর সফিউল্লাহ (বর্তমানে ব্রিগেডিয়ার) ময়মনসিংহ থেকে কিশোরগঞ্জে এসে তার দ্বিতীয় বেঙ্গলকে একত্রিত করেছে। আমি আরো জানতে পারলাম যে, সে তার মুষ্টিমেয় সৈন্য নিয়ে ঢাকা অভিমুখে যাবার পরিকল্পনা করেছে। এই সংবাদে আমি অতিশয় উদ্বিগ্ন এবং চিন্তিত হয়ে পড়ি। কারণ আমি জানতাম ঢাকাতে পাকিস্তানীদের অন্ততপক্ষে দুটো ব্রিগেড সৈন্য আছে। তাছাড়া সাঁজোয়া বাহিনীর ট্যাংক, গোলান্দাজ বাহিনীর কামান এবং বিমান বাহিনী আছে। এসব অত্যন্ত শক্তিশালী এবং আধুনিক মরনাস্ত্রে সজ্জিত। বিরাট পাক সেনার বিরুদ্ধে অল্প সংখ্যক সৈন্য ও অস্ত্র নিয়ে আক্রমন করার মানেই ছিল আমাদের শক্তিকে অঙ্কুরেই বিনষ্ট করা। আমার সঙ্গে মেজর সফিউল্লাহর যোগাযোগের কোন ব্যবস্থা ছিল না। ব্রাbণবাড়িয়া থেকে কিশোরগঞ্জ পর্যন্ত কোন সরাসরি রাস্তা না থাকায় তার সঙ্গে যোগাযোগ করা অসম্ভব হয়ে পড়ে। অথচ তার সঙ্গে যোগাযোগ করা খুবই প্রয়োজন। তা না হলে এ সর্বনাশকে কিছুতেই রোধ করা যাবে না। অনেক চেষ্টার পর আমি একটা খালি রেলওয়ে ইঞ্জিনের ব্যবস্থা করলাম। ক্যাপ্টেন মাহবুবকে সেই ইঞ্জিনে বসিয়ে সোজা কিশোরগঞ্জ পাঠিয়ে দিলাম। তাকে বিস্তারিত বুঝিয়ে দিলাম। কোন কিছু করার আগে তিনি যেন আমার সঙ্গে যোগাযোগ করেন। এবং সম্ভব হলে আমার সঙ্গে দেখা করার অনুরোধ জানাই।

এরপর ক্যাপ্টেন মাহবুব ফিরে এসে জানায় মেজর সফিউল্লাহ এবং সমস্ত সেনাদল ব্রাক্ষণবাড়িয়ার দিকে আসছে। মেজর সফিউল্লাহ তার বাহিনীকে নিয়ে ব্রাক্ষণবাড়িয়া পৌঁছেন এবং তিনি আমার হেড কোয়ার্টার তেলিয়াপাড়াতে আসেন। আমাদের দুটো দলের যোগাযোগ হওয়াতে আমাদের শক্তি ও মনোবল বেড়ে যায়। এরপর আমরা বসে আমাদের ভবিষ্যৎ কর্মপন্থা সম্বন্ধে আলোচনা করি। আমরা জানতে পারি যে, পাকিস্তানীরা আমাদের আক্রমণ করার যথেষ্ট প্রস্ততি নিচ্ছে এবং আমরা পাকিস্তানীদের আকমণের কৌশল সম্বন্ধে বিশ্লেষণ করি এবং সিদ্ধান্তে উপনীত হই যে, পাকিস্তানী বাহিনী আমাদের উপর বিমান, হেলিকপ্টার এবং নদী পথে ঢাকার দিক থেকে আক্রমন করতে পারে। নদী পথে আক্রমণ করার জন্য তারা মেঘনার পথে গানবোটে আসতে পারে এবং মেঘনার দক্ষিণ পাড়ে ল্যাণ্ডিং করতে পারে এবং সাথে সাথে হেলিকপ্টারযোগেও কমাণ্ডো এবং শত্রুবাহিনী নামাতে পারে।

যে বিস্তীর্ন মুক্ত এলাকা আমাদের আয়ত্তাধীন ছিল, সে সব এলাকাতে সৈন্য রাখার মতো আমার কাছে সৈন্য ছিল না। সেই জন্য আমি আমার ট্রুপসকে যেখানে পাক বাহিনীর অবতরণের এবং আক্রমণের বেশি সম্ভাবনা, সেই জায়গাগুলোতে ডিফেন্স নেওয়ার বন্দোবস্ত করি। এই সময়ে আমি জানতে পাই ৪র্থ বেঙ্গল এর জনা পঞ্চাশেক সৈন্য যারা কুমিল্লার দক্ষিণে জাঙ্গালিয়া ইলেকট্রিক গ্রীড স্টেশনে প্রহরায় ছিল সেই সব সৈন্যরাও ২৫শে মার্চের পর নিকটবর্তী একটা গ্রামে আশ্রয় নিয়েছে এবং আমার নির্দেশের অপেক্ষায় আছে। আমি এই অবস্থাতে তাদের কাছে লোক পাঠিয়ে দেই এবং তাদেরকে আরও দক্ষিণে যেয়ে লাকসাম এবং কুমিল্লার মধ্যখানে লালমাই হিলের মধ্য প্রান্তে টেম্পল পাহাড় নামক এক জায়গায় প্রতিরক্ষাব্যূহ গড়ার নির্দেশ দিই। তাদের উপর এই নির্দেশ দিলাম যে, কুমিল্লা থেকে পাক বাহিনী লাকসাম, নোয়াখালী কিংবা চাঁদপুরের দিকে অগ্রসর হলে তাদের যেন এ্যামবুশ করা এবং বাধা দেওয়া হয়। এর মধ্যে আমি খবর পাই আখউড়া, কসবা, বুড়িচংখেলাতে পাকিস্তানী সেনা ইপিআর পোস্টগুলোতে বাঙ্গালী ইপিআরদের বিরুদ্ধে এখনো লড়াই করে যাচ্ছে। এই সংবাদ পেয়ে আমি ক্যাপ্টেন আইনউদ্দিনকে (বর্তমানে মেজর) পাঠাই কিছু লোকজন নিয়ে যাতে বাঙ্গালী ইপিআরদের নিয়ে সম্মিলিতভাবে এই সব পোস্টগুলো পাঞ্জাবীদের কবল থেকে মুক্ত করা যায়। বেঙ্গল রেজিমেন্ট ইপিআর এবং স্থানীয় জনসাধারণের সম্মিলিত হামলায় অনেক ক্ষয়ক্ষতি এবং হতাহতের পর পাঞ্জাবীরা এই সব অবস্থান থেকে পালিয়ে যেতে বাধ্য হয়। এই সব খন্ডযুদ্ধের পর ব্রাক্ষণবাড়িয়া থেকে কুমিল্লার গোমতী পর্যন্ত আমি সমস্ত এলাকা মুক্ত করতে সমর্থ্য হই এবং কুমিল্লা শহরের বিবিরবাজার নামক একটা জায়াগায় একটা প্রতিরক্ষাব্যূহ গড়ে তুলি।

ইতিমধ্যে তাহেরউদ্দিন ঠাকুর এবং সাচ্চু মিয়ার প্রচেষ্টায় আমাদের বন্ধু রাষ্ট্রের কিছু সাড়া পাওয়া যায়। সীমান্তে আমার সঙ্গে আগরতলার জেলা প্রশাসক মি. সাইগলের সঙ্গে সাক্ষাৎ হয়। বাংলাদেশের ঘটনাবলী সম্বন্ধে তখনও তাদের কোন ধারণা ছিল না। আমার কাছে বিস্তারিত জানতে পেরে তিনি আমাকে জানালেন যে এ সম্বন্ধে তিনি তার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাবেন। তাকে আমি অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ দেওয়ার জন্য অনুরোধ জানাই। তিনি সাহায্যের প্রতিশ্রুতি দিয়ে চলে যান। কয়েকদিন পর আবার সীমান্ত এলাকায় ভারতের সেনাবাহিনীর ৫৭তম ডিভিশনের কমাণ্ডার মেজর জেনারেল গানজালভেজ এর সঙ্গে দেখা হয়। তাকেও আমি ঘটনাবলীর বিস্তারিত বিবরণ দিই। তখন পর্যন্ত আমরা কোনো সাহায্য পাইনি।

এপ্রিল মাসের ২/৪ তারিখে কুমিল্লার সীমান্তে মতিনগরের নিকট কর্নেল এম এ জি ওসমানী (বর্তমানে অবসরপ্রাপ্ত জেনারেল) যখন ভারত সীমান্তে পৌঁছেন তখন আমার সঙ্গে তার দেখা হয়। তিনি প্রথম আমার কাছে সংক্ষেপে আমাদের বর্তমান পরিস্থিতি সম্বন্ধে ওয়াকেবহাল হন এবং তার পরই তিনি আগরতলাতে চলে যান। পরের দিন সন্ধ্যায় আমার হেড কোয়ার্টার তেলিয়াপাড়াতে কর্নেল ওসমানী আমাকে মেজর সফিউল্লাহ লে. কর্নেল রবকে (বর্তমানে মেজর জেনারেল) নিয়ে একটা বৈঠক করেন। এই বৈঠকে আমরা যুদ্ধের বর্তমান পরিস্থিতি সম্বন্ধে সম্পূর্ণভাবে তাকে জ্ঞাত করি। আমি তাকে আরও জানাই, আমাদের যে শক্তি আছে তা দিয়ে বেশি দিন পাকবাহিনীকে ঠেকিয়ে রাখা যাবে না। অতিসত্বর বন্ধুরাষ্ট্র থেকে বা অন্য কোন জায়গা থেকে অস্ত্রশস্ত্র ও গোলাবারুদের ব্যাবস্থা করতে হবে। এছাড়া তাকে আরো অনুরোধ করা হয় আরো নেতৃস্থানীয় রাজনৈতিক নেতাদের সঙ্গে যোগাযোগ করে অতি শিগগির আমাদের বাংলাদেশ সরকার গঠন করা হউক যাতে আমরা বহির্জগতের স্বীকৃতি পাই এবং যুদ্ধের সময় রাজনৈতিক নেতৃত্ব পাই। তিনি আমাদের বক্তব্য বুঝতে পারলেন এবং আগরতলা থেকে কলকাতা চলে গেলেন। কিছুদিন পর ১৭ই এপ্রিল বঙ্গবন্ধুর নেতৃত্বকে স্বীকার করে সৈয়দ নজরুল ইসলামকে অস্থায়ী রাষ্ট্রপতি এবং তাজউদ্দিন আহমেদকে প্রধানমন্ত্রী করে বাংলাদেশ সরকার গঠন করা হয়।

এই সময় বন্ধুরাষ্ট্র থেকে বিএসএফ এর ব্রিগেডয়ার পান্ডে আমাদের হেডকোয়ার্টার আসেন এবং আমাদের সাহায্যের প্রতিশ্রুতি দেন। তিনি আপ্রান চেষ্টা করেন আমাদের সহায়তা করার কিন্তু সে সাহায্য ছিল নগণ্য। আমরা চাচ্ছিলাম হালকা এবং ভারী স্বয়ক্রিয় হাতিয়ার মর্টার। কিন্তু সে সময় আমাদেরকে খুবই সামান্য ৩০৩ রাইফেল এবং সামান্য গুলি সাহায্য দেওয়া হয়। তা ছিল আমাদের দরকারের চেয়ে অনেক নগন্য। এই সময়ে ব্রিগেডিয়ার পান্ডে আমাদেরকে মেজর জিয়াউর রহমান সম্বন্ধে বিস্তারিত জানান এবং একদিন মেজর জিয়াউর রহমানকে (বর্তমানে ব্রিগেডিয়ার) সঙ্গে নিয়ে আসেন। তিনি বলেন, পাক বাহিনীর প্রচণ্ড আক্রমণে ৮ম বেঙ্গল রেজিমেন্টের যথেষ্ট ক্ষয়ক্ষতি হয়েছে এবং যুদ্ধ করার জন্য তার কাছে অতি নগন্যসংখ্যক সৈন্য আছে এবং তিনি আমাকে ও মেজর সফিউল্লাহকে মেজর জিয়াউর রহমানকে কিছু সৈন্য দেওয়ার অনুরোধ করেন। আমি এবং মেজর সফিউল্লাহ নিজ নিজ বাহিনী থেকে দুটো শক্তিশালী কোম্পানী গঠন করে মেজর জিয়াউর রহমানের নিকট প্রেরণ করি।

এই সময় পাকবাহিনী আশুগঞ্জ, ব্রাþণবাড়িয়া এবং পাশ্ববর্তী এলাকাসমূহে আমাদের সম্মিলিত বাহিনীর ওপর প্রবল বিমান আক্রমন চালাতে থাকে। এই আক্রমন এতই ভয়াবহ রুপ ধানর করে যে, মাঝে মধ্যে ৭ থেকে ৯ ঘন্টা অনবরত স্ট্রাপিং রকেটিং এবং বোম্বিং করতে থাকে। এপ্রিল মাসের শেষে পাকবাহিনী বিমান বাহিনীর সহায়তায় হেলিকপ্টার এবং গানবোটের সাহায্যে আমাদের আশুগঞ্জ পজিশনে সৈন্য অবতরণ করায়। আমাদের সৈন্যরা শত্রুদের বিমান বাহিনী এবং ছত্রীদের সম্মিলিত সাড়াশি আক্রমনের মুখে অসহায় হয়ে আশুগঞ্জ থেকে ব্রাক্ষণবাড়িয়াতে পিছু হটে আসে। ব্রাক্ষণবাড়িয়াতেও শত্রুবাহিনীর সাথে আমাদের সম্মিলিত বাহিনীর প্রচণ্ড সংঘর্ষ হয় এবং এপ্রিল মাসের শেষ পর্যন্ত আমরা শত্রুসেনাকে ঠেকিয়ে রাখি এবং শেষ পর্যন্ত শত্রুদের সাজোয়া বাহিনী বিমান বাহিনী এবং গোলন্দাজ বাহিনীর প্রচণ্ড আক্রমনে আর টিকতে না পেরে আমরা দুই রাস্তায় পিছু হটে গেলাম। আমার সৈন্যরা ক্যাপ্টেন আইনউদ্দিনের নেতৃত্বে আখাউড়াতে এসে তিতাস নদীর উপর পুনরায়

প্রতিরক্ষাব্যূহ রচনা করে। মেজর সফিউল্লাহ তাঁর বাহিনী নিয়ে মাধবপুরের দিকে চলে যায়। পাক বাহিনী ব্রাহ্মণবাড়িয়া থেকে এক ব্যাটালিয়ন শক্তি নিয়ে আসে এবং আখাউড়া আক্রমণ করে কিন্তু অনেক ক্ষয়ক্ষতি এবং হতাহত স্বীকার করে তারা পশ্চাদপসরণে বাধ্য হয়।

আমি এই সময়ে কুমিল্লার দক্ষিণে যে দলটি ছিল অর্থাৎ ৪ বেঙ্গলের বি কোম্পানী তাদেরকে লে. মাহবুব এবং লে. দিদারুলের (বর্তমানে উভয়েই ক্যাপ্টেন) নেতৃত্বে আরও কিছু সৈন্য পাঠিয়ে জোরদার করি।

কুমিল্লা থেকে এপ্রিল মাসের ১৫/১৬ তারিখে পাক বাহিনীর বিরাট এক কনভয় প্রায় ৩০টি গাড়ীতে সৈন্য ও অস্ত্রশস্ত্র নিয়ে লাকসামের দিকে যাচ্ছিল। লে. মাহাবুরের নেতৃত্বে ৪র্থ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বি কোম্পানীর সৈন্যরা শত্রুসেনারা এই দলটিকে দুপুর বারোটায় জাঙ্গালিয়ার নিকটে এ্যামবুশ করে। এই ব্যামবুশে শত্রুসেনাদের যথেষ্ট ক্ষয়ক্ষতি হয়। সংঘর্ষ প্রায় পাঁচ ঘণ্টা স্থায়ী হয়। পাকসেনারা গড়ী থেকে নেমে এ্যামবুশ পার্টিকে আক্রমণ করার চেষ্ট করে কিন্তু আমাদের সৈন্যদের সাহসিকতা এবং কৌশলের কাছে পর্যুদস্ত হয়ে ফিরে যেতে বাধ্য হয়। এই সংঘর্ষে লে. মাহবুব এবং লে. দিদার যথেস্ট কৌশলের এবং যুদ্ধনিপুণতার পরিচয় দিয়েছিল। লে. মাহবুব তাঁর সৈন্যদের নিয়ে রাস্তার পূর্ব পাশে এ্যামবুশ করে ওঁৎ পেতে বসেছিল। যখন শত্রুদের কনভয় তার এ্যামবুশ-এর মাঝে পড়ে যায়, তখন সে তাদের উপর তার লোকজন দিয়ে গুলি ছুড়তে থাকে। এতে কটা গাড়ী রাস্তা থেকে একসিডেন্ট করে পড়ে যায়। বাকী গাড়ীগুলো থেকে পাকসেনরা লাফালাফি করে নীচে নামার চেষ্ট করে। এতেও তাদের যথেষ্ট হতাহত হয়। যে সব পাকসেনা গাড়ী থেকে ভালভাবে নামতে পারে তারা রাস্তার উপরে (পশ্চিম দিকে) গিয়ে একত্রি হয় এবং লে. মাহবুরের উপর আক্রমণের প্রস্তুতি নেয়। এদিকে লে. দিদারুল আলম রাস্তার পশ্চিম পার্শ্বে বেঙ্গল রেজিমেন্ট-এর সৈন্য নিয়ে তৈরী ছিল। সে পাকিস্তানীদের উপর আকস্মাৎ প্রচণ্ড আক্রমণ চালায়। এই ভাবে দুই দিক থেকে আক্রান্ত হয়ে এবং নিজেদের এত হতাহত দেখে শত্রুসেনাদের মনোবল একবারেই ভেঙ্গে যায়। মৃতদেহ ফেলে রেখে তারা কুমিল্লার দিকে পালিয়ে যায়। এই যুদ্ধের ফলে লে. মাহবুব এবং লে. দিদারুল আলমের সম্মিলিত দলটি ২টি মেশিনগান ৬টি হালকা মেশিনগান এবং অজস্র রাইফেল আহত এবং নিহত শত্রু সেনাদের কাছ থেকে ছিনিয়ে নেয়। যে বিধ্বস্ত গাড়ীগুলো শত্রুরা ফেলে গিয়েছিল তা থেকে কয়েক হাজার এ্যামুনিশন উদ্ধার করা হয়। এর তিন দিন পরে স্থানীয় জনসাধারাণ আরও ২টি হালকা মেশিনগান, কয়েকটা রাইফেল এবং বেশ কিছু গোলাবারুদ যা শত্রুসেনা পালিয়ে যাবার সময় ধানক্ষেতে ফেলে দিয়ে গিয়েছিল আমাদেরকে পৌঁছে দেয়। এই একশনের ফলে আমার এ্যামুনেশনের প্রয়োজনীয়তা সাময়িকভাবে মিটেছিল এবং পাক বাহিনী বেশ কিছুদিন কুমিল্লার দক্ষিণে অগ্রসর হবার সাহস দেখায়নি।

রাত ২টার সময় লেঃ কর্নেল খিজির খান, মেজর সাদেক নেওয়াজ, লেঃ আমজাদ সাইদ এবং অন্যান্য অবাঙ্গালী সৈনিকদের গ্রেফতার করার পরিকল্পনা নিই। সে পরিকল্পনা ব্যর্থ হয়, কেননা মেজর সাদেক নেওয়াজ ব্রাহ্মণবাড়িয়া সিএন্ডবি রেস্ট হাউসে আমার রুমে আমার পাশে ভর্তি করা একটা চাইনিজ স্টেনগান নিয়ে প্রস্তুত হয়ে বসে ছিল।

২৬শে মার্চ সকাল সাড়ে ৯টার সময় সভাকক্ষে সমস্ত অফিসারদের ১টা সভা ডাকা হয়। কিন্তু এর আগে ভোর সাড়ে চারটার সময় আমি অয়ারলেস সেটটি ধ্বংস করে দিই, কেননা এ অয়ারলেসের মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়ার সাথে কুমিল্লা ব্রিগেড হেডকোয়ার্টারের কথাবার্তা হত। সমস্ত টেলিফোন যোগাযোগও নষ্ট করে দেয়া হয়। আমাকে এটা করতে হয়েছিল, কেননা অয়ারলেস অপারেটরদের ৩ জনের মধ্যে ২ জনই পাঞ্জাবী ছিল। অয়ারলেসের মাধ্যমে শেষ যোগাযোগ করি মেজর খালেদ মোশাররফের সাথে। তাঁকে অনুরোধ করি অতি সত্বর ব্রাহ্মণবাড়িয়া এসে আমাদের সাথে যোগ দেবার জন্য।

আমরা সবাই তাঁবুতে এসে জড়ো হই। সাড়ে ৯টার সময় মেজর শাফায়াত, লেঃ কবীর, লেঃ হারুন, আমিও জে- সি- ও'রা তাঁবু ঘিরে ফেলি। আমরা বিদ্রোহ করে বাংলাদেশের প্রতি আনুগত্য স্বীকার করি এবং মেজর শাফায়াত জামিল তাঁদের উদ্দেশ্য করে বলেন, ''আমরা আর পাকিস্তানী সৈন্য নই, আমরা এখন বাংলাদেশ সরকারের সৈনিক। আপনারা আমাদের বন্দী। পালাবার চেষ্টা করবেন না, করলে মারা যাবেন।'' মুহূর্তের মধ্যে সবকিছু ঘটে যায়। ৭২ জন পাকসেনাকে হত্যা ও ৩ জন পাক অফিসারকে গ্রেফতার করে ২৬শে মার্চ ব্রাহ্মণবাড়িয়া শত্রুদের হাত থেকে মুক্ত করি।

মেজর খালেদ মোশাররফ এবং লেঃ মাহবুব রাত সাড়ে ১১টায় ব্রাহ্মণবাড়িয়া এসে পৌঁছেন। মেজর খালেদ মোশাররফের হাতে ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের নেতৃত্ব দেয়া হয়। এরপর মেজর খালেদ আমাদের সবাইকে ব্রাহ্মণবাড়িয়ার চারপাশে অবস্থান নিয়ে প্রতিরক্ষাব্যূহ গড়ার নির্দেশ দেন, কেননা, শত্রুরা ব্রাহ্মণবাড়িয়া আক্রমণ করে আমাদের ধ্বংস করে দতে পারে। ব্রাহ্মণবাড়িয়ায় আমাদের হেডকোয়ার্টার করা হয়।

আমাকে ১৮ জন সৈন্য নিয়ে গোকনঘাটে পাঠান হয়। ঢাকা থেকে ভীতসন্ত্রস্ত জনতা পালিয়ে আসতে থাকে। আমি ২ দিনের মধ্যে ২৫০ জন পলায়নপর পুলিশ, ইপি- আর নিয়ে একটা কোম্পানী তৈরী করে ফেলি। তৃতীয় দিনে পাকবিমান বাহিনী ৪টা স্যাবর জেটের সাহায্যে আমার এলাকায় স্ট্রাফি করতে থাকে। এতে আমার বাহিনীর ১ জন আহত হয়। কিন্তু আশ্চর্যের বিষয় স্থলপথে কোন আক্রমণ তখনও শুরু হয়নি।

এক সপ্তাহের মধ্যে আমি আমার কোম্পানীকে ৩০৩ রাইফেলের দ্বারা সজ্জিত করে ফেলি। ৫ই এপ্রিলের মেজর খালেদ মোশাররফ আমাকে আমার বাহিনী ক্যাপ্টেন মাহবুবের (পরে শহীদ হন) হাতে দিতে বলেন। তিনি ফ্রন্টিয়ার ফোর্স থেকে বেরিয়ে এসে আমাদের সাথে যোগ দেন। তার হাতে দায়িত্ব দিয়ে আমি ৫ই এপিলে সকাল ৯টার সময় অস্থায়ী হেডকোয়ার্টার তেলিয়াপাড়া চা বাগানে মেজর মোশাররফের কাছে যাই।

মেজর খালেদ মোশাররফ আমাকে বলেন, ৩১তম পাঞ্জাব রেজিমেন্ট সিলেট থেকে নদীপথে ভৈরব হয়ে ব্রাহ্মণবাড়িয়ার দিকে আসছে। সেজন্য ৪র্থ বেঙ্গলের ১টা কোম্পানী নিয়ে আজবপুর ঘাট পজিশন নিয়ে শত্রুর ব্রাহ্মণবাড়িয়া বা ঢাকা যাবার পথে বাধা দিতে হবে। সেইমত আমি তাড়াতাড়ি আজবপুর ঘাটে যাই এবং সন্ধার মধ্যেই পজিশন নিয়ে নিই। এখানে এসে আমি ২য় বেঙ্গল-এর ক্যাপ্টেন নাসিমের (বর্তমান লেঃ কর্নেল) সাথে যোগাযোগ করি, যিনি আশুগঞ্জ এলাকায় অবস্থান নিয়েছিলেন। ২য় বেঙ্গল রেজিমেন্ট মেজর কাজী মোঃ শফিউল্লাহ'র নেতৃত্বে জয়দেবপুর ক্যান্টনমেন্টে বিদ্রোহ করে ক্যান্টনমেন্ট থেকে বেরিয়ে আসে। ময়মনসিংহ হয়ে

ব্রাহ্মণবাড়িয়ায় এসে তিনি আমাদের সাথে যোগ দেন। আমরা সে সময় বিরাট এলাকা কোম্পানীগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া হয়ে সিলেটের খোয়াই নদী পর্যন্ত শত্রুমুক্ত ও স্বাধীন রেখেছিলাম।

৭ই এপ্রিলে এক দুঃখজনক ঘটনা ঘটে। আমি ভেবেছিলাম, শত্রুরা বড় নৌকা ও লঞ্চের সাহায্যে পালাবার চেষ্টা করবে। সেহেতু আমি সমস্ত নৌকা তল্লাশি করার নির্দেশ দিই। অতি প্রত্যুষ্য ১টা মটর লঞ্চ আশুগঞ্জের দিকে যাচ্ছিল। আমি তাদের থামতে বলি। লঞ্চটি না থেমে বরঞ্চ আরও দ্রুত গতিতে চলতে থাকে। ওর ভিতর পাঞ্জাবী সেন্য আছে ধরে নিয়ে আমরা এম-এম জিও ৭৫ এম-এম-আর-আর-এর সাহায্যে গুলি ছুড়তে থাকি। লঞ্চটি থেমে যায় এবং আশ্চর্যের বেপার লঞ্চটি বেসামরিক ব্যক্তিদের দ্বারা ভর্তি দেখলাম। একজন এতে আহত হয় ও তার প্রাথমিক চিকিৎসা করে সারেংকে সাবধান করে ছেড়ে দিই। এই সময় পাক বিমান আমাদের উপর অকস্মাৎ হামলা শুরু করে দেয়।

৩/৪ দিন পর ক্যাপ্টেন মতিন (বর্তমান মেজর) ১টি কোম্পানী নিয়ে এসে আমাদের অব্যাহতি দেন। আমি আমার বাহিনী নিয়ে তেলিয়াপাড়া যাই পরবর্তী নির্দেশ দেওয়া হয়। দুইদিন বিবিরবাজারে অবস্থানের পর তৃতীয় দিনে ৪র্থ বেঙ্গলের 'সি' কোম্পানীকে নিয়ে মনতলি যাবার নির্দেশ দেন মেজর খালেদ মোশাররফ।

১৪ই এপ্রিল প্রথম সাফল্যজনক আক্রমণ চালাই শত্রুর বিরুদ্ধে। ঐদিন রাতে গঙ্গাসাগরে ৪টা প্লাটুনও ১টা ৩ ইঞ্চি মর্টার সেকশনের সাহায্যে শত্রু অবস্থানকে ঘিরে আক্রমণ চালাই। মেজর খালেদ মোশাররফ মর্টার সেকশনে নেতৃত্ব দেন। তাঁর অবস্থিতি আমার সৈন্যদের মনোবল বাড়িয়ে তোলে। রাত ২টার সময় শত্রুদের উপর আক্রমণ চালিয়ে ৩১ জন শত্রু সৈন্য ও ১৫/২০ জনকে আহত করি। আমরা সবাই নিরাপদে ফি আসি। ২ জন সামান্য আহত হয়।

চারদিন সেখানে অবস্থানের পর আমাকে কসবো-শালদানদী এলাকায় যেতে বলা হয়। ১৮ই এপ্রিল আমি কসবার পথে রওনা হই এবং সেখানে ঘাঁটি গড়ে তুলি। গঙ্গাসাগরে শত্রুদের মার দেবার পর কসবা-শালদানদীর গুরুত্ব বেড়ে গিয়েছিল। আমার পৌঁছতে একটু দেরী হয়। এর আগেই শত্রুরা কসবা বাজার ও কসবা রেলওয়ে স্টেশনে ঘাঁটি গেড়ে ফেলেছে। আমি আমার ক্যাম্প ইয়াকুবপুর জাতুমুরা এলাকায় স্থাপন করি। আমি রেকি করে বুঝতে পারি আমার অবস্থান খুব একটা সুবিধাজনক অবস্থায় নেই। ভারতে আশ্রয় না নিয়ে নিজ অবস্থানে থেকে শত্রুদের গতিবিধি লক্ষ্য করতে থাকি। পাকসেনারা কসবা এসে নিরীহ জনসাধারণের উপর অত্যাচার, লুণ্টন, ধর্ষণ চালাতে থাকে। ইতিমধ্যে হাজার হাজার লোক পাকসেনাদের অত্যাচারের হাত থেকে বাঁচবার জন্য সীমান্ত অতিক্রম করে ভারতে চলে যাচ্ছিল।

১৮ই এপ্রিলের রাতেই আমি কসবা বাজার ও কসবা রেলওয়ে স্টেশন আক্রমণ করার পকিল্পনা করি। ৩ ইঞ্চি মর্টারের সাহায্যে হঠাৎ করে শত্রুদের উপর আক্রমণ শুরু করে দিই। শত্রুরা যেহেতু প্রস্তুত ছিল না, সেহেতু তারা এ আক্রমণে হকচকিত হয়ে পড়ে। এ অপ্রত্যাশিত যুদ্ধ দেড় ঘন্টা ধরে চলে এবং এর সাফল্য অপ্রত্যাশিত ছিল। শত্রুরা তখন পর্যন্ত কোন বাঙ্কার তৈরি করেনি। ফলে তারা গাড়ি বোঝাই অস্ত্র ফেলে রেখে বাজারের কুঁড়েঘর এবং দোকানে গিয়ে আশ্রয় নেয়।

রাত সাড়ে চারটাকে আবার আক্রমণ করার সময় হিসাবে বেছে নিই। আমি একটা লম্বা গাছের উপরে উঠে শত্রুদের অবস্থান দেকে নিই এবং আমার সৈন্যদের প্লাটুনে ভাগ করে তিন দিক দিয়ে ঘিরে ফেলি। একটি মাত্র পথ শত্রুদের জন্য খোলা থাকে। ৩.৫ ইঞ্চি রকেট লাঞ্চার এবং ছোট অস্ত্র ও মর্টারের সাহায্যে শত্রুদের উপর গোলাগুলী ছুড়তে থাকি। এই গোলাবর্ষণের ফলে শত্রুদের ৭টা গাড়ি ধ্বংস হয়ে যায়। ৪৫/৫০ জন নিহত এবং ৭০/৮০ জন পাকসেনা আহত হয়। শত্রুরা এ আকস্মিক আক্রমণে পর্যুদস্ত হয়ে কসবা ছেড়ে আড়াইবাড়ি কুটির

দিকে পালিয়ে যায় এবং সেখানে গিয়ে অবস্থান নেয়। যাবার সময় তারা বিধ্বস্ত গাড়ি ও অনেক মৃতদেহ ফেলে রেখে যায়।

এ যুদ্ধ জয়ের ফলে আমার সৈন্যদের মনোবল অনেক বেড়ে যায়। কসবা নতুন বাজার দখল করার পর আমার হেডকোয়ার্টার কসবাতেই স্থাপন করি। অবশ্য আমি জানতাম, শত্রুরা কসবা দখল করার জন্য আবার বিপুল শক্তি সঞ্চয় করে আমাদের উপর আক্রমণ চালাবে।

জুন মাসে মেজর খালেদের নির্দেশে মুন্সিরহাট, ফেনী, নোয়াখালী এলাকায় যাই। যাবার পূর্ব পর্যন্ত তারা কসবা দখল করতে সক্ষম হয়নি। এই ব্যাপক বিপর্যয়ের পর শত্রুসেনারা স্থানীয় দালালদের সহযোগীতা ছাড়া বাংকার থেকে বের হতো না।

কুমিল্লার সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকারঃ মেজর আইনউদ্দিন*

২৬-১০-১৯৭৩

একাত্তরের ২৫শে মার্চ রাত ১২ টার দিকে কুমিল্লা পুলিশ ক্যাম্প পাঞ্জাবীরা আক্রমণ করে এবং গণহত্যা করে। ২৫শে মার্চ রাতে তারা এসপিও ডিসিকে গ্রেপ্তার করে ক্যান্টনমেন্টে নিয়ে আসে। সে সময় আমি কুমিল্লা ক্যান্টনমেন্টে ছিলাম। ২৬শে মার্চ সকালে আমি যখন আমার বাসা বারান্দায় বসে ছিলাম, তখন গাড়িতে করে কিছু সাদা পোশাক পরা লোককে ধরে আনতে দেখি। ঐ দিন আমাকে মেজর জামিল (অবাঙ্গালী) নির্দেশ দিয়েছিলেন, তোমাকে রাতে অয়ারলেসে ডিউটি করতে হবে। আমি রাত ১১টার দিকে যখন ডিউটিতে ছিলাম ঐ সময় সিলেট থেকে পাঞ্জাবী বেলুচ রেজিমেন্ট-এর সি-ও অয়ারলেসে কথা বলেন। সে সময় আমি বুদ্ধি করে নিজের নাম ও পদ গোপন করে একজন পাঞ্জাবীর নাম করে অয়ারলেসে কথা বলি। বেলুচ রেজিমেন্টের সি-ও-র কথায় বুঝতে পারলাম যে শ্রীমঙ্গলে যে সমস্ত বাঙালী সৈন্য ছিল (খালেদ মোশাররফ সাহেব তখন শ্রীমঙ্গলে ছিলেন) তাদের আক্রমণ করবে, তার জন্য বেলুচরা রেকি করেছে। এ সংবাদ পেয়ে আমি কিভাবে এ সংবাদ শ্রীমঙ্গলে পাঠাবো তার চেষ্টা করি, কিন্তু ইতিপূর্বে বাঙ্গালীরা টেলিফোনের লাইন কেটে দেয়ায় ঐ জরুরী সংবাদটি শ্রীমঙ্গল পৌঁছানো সম্ভব হয়নি। খালেদ মোশাররফ সাহেব খবর না পেলেও শ্রীমঙ্গল থেকে তার দলসহ সরে পড়েছিলেন।

২৭ তারিখে আমি সাধারণ পোশাক পরে আমার সৈন্যদের নির্দেশ দিয়ে যাই যে, যদি আমি রাত ১২টার ভিতর ব্রাহ্মবাড়িয়া থেকে ফিরে না আসি তবে যেন তারা হাতিয়ার নিয়ে ক্যান্টনমেন্টের বাইরে একটি জায়গায় অপেক্ষা করে। নির্দিষ্ট জায়গাটি আমি ঠিক করে দিয়েছিলাম।

আমি সাধারণ পোশাক পরে একখানা সাইকেলে চড়ে গ্রামের ভিতর দিয়ে ব্রাহ্মণবাড়িয়ার দিকে রওনা হই। দুপুর একটার দিকে পথিমধ্যে পাঞ্জাবী সৈন্যরা ট্রেঞ্চ কাটছিল। কিন্তু তারা আমাকে চিনতে পারেনি। তবে পথিমধ্যে কুমিল্লা- ব্রাহ্মণবাড়িয়া রাস্তায় কংশনগর বাজারে কিছু বাঙ্গালী আমাকে আটক করে। তারপর আমি আমার পরিচয়পত্র দেখিয়ে তাদের বুঝাই যে, আমি বাঙ্গালী একজন ক্যাপ্টেন, বিশেষ কাজে ব্রাহ্মণবাড়িয়া যাচ্ছি। অনেক তথ্য -প্রমাণ দেয়ার পর তারা আমাকে মোটরসাইকেলে করে ব্রাহ্মণবাড়িয়াতে পৌঁছিয়ে দেয়। আমি ব্রাহ্মণবাড়িয়ায় রাত দেড়টার সময় পৌঁছাই। আমি গিয়ে দেখি সকল পাঞ্জাবী সৈন্যকে বাঙালীরা গ্রেফতার করে ফেলেছে এবং ছোটখাটো সৈন্যদের বাঙালী সৈন্যরা মেরে ফেলেছে।

---

* ১৯৭১ সালের মার্চে ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের কোয়ার্টার মাষ্টার হিসাবে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন । সাক্ষাৎকারটি বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংকলিত ।

আমি যখন ব্রাহ্মণবাড়িয়াতে পৌঁছাই তখন করোলা ব্রীজের কাছে দিয়ে জীপ যেতে দেখি। ঐ জীপটিকে আমি থামালাম। ঐ জীপে কয়েকজন বাঙালী সৈন্য এবং একজন ক্যাপ্টেন মাহমুদুল হাসান (পাঞ্জাবী) ছিল। আমি দূর থেকে বাঙালী সৈন্যদের ক্যাপ্টেন মাহমুদুল হাসানকে গ্রেফতার করতে বলি। কিন্তু দুঃখের বিষয় বাঙালী সৈন্যরা তাকে গ্রেপ্তার করতে পারেনি। ক্যাপ্টেন কৌশলে গাড়ি ব্যাক করে পালিয়ে যায়। কিন্তু ২৮ তারিখে ঐ ক্যাপ্টেন যখন বিকালে পুনরায় কুমিল্লা থেকে ব্রাহ্মণবাড়িয়ার দিকে আসছিল তখন করোলা ব্রীজের নিকট ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের সৈন্যরা তাকে ব্রাশ ফায়ার করে হত্যা করে। ঐ গাড়িতে তিনজন বাঙালী সৈন্য মারা যায় ও দুজন আহত হয়। ঐ ক্যাপ্টেন মুসলমান ছিল, তাই বাঙালীরা দায়পরবশ হয়ে তার মৃতদেহ মুসলমান কায়দায় রাত আড়াইটায় কবর দেয়। এ ধরনের কবর দেয়া প্রথম ও শেষ। তারপরে আর কোথাও মৃতদেহকে মুসলিম কায়দায় কবর দেয়া হয়নি। (শত্রুদের আনুষ্ঠানিকভাবে কবর দেয়া নাকি জেনেভা কনভেনশনে আছে)।

২৮ তারিখে আমি ৪ জন অফিসারসহ অন্যান্য সৈন্য নিয়ে ব্রাহ্মণবাড়িয়ায় ডিফেন্স নিই। ২৭ তারিখে রওনা হয়ে খালেদ মোশাররফ সাহেব শ্রীমঙ্গল থেকে পুরা কোম্পানী নিয়ে ২৮ তারিখ সকালে ব্রাহ্মণবাড়িয়া পৌঁছান এবং আমাকে বলে যান, যদি কোন এম-এন-এ বা কোন বুদ্ধিজীবী আসেন তাহলে তাদের আমার (খালেদ মোশাররফ) সাথে যোগাযোগ করার জন্য যেন সিলেট তেলিয়াপাড়া টি-এস্টেটে পাঠিয়ে চলে যান। খালেদ মোশাররফ সাহেব ২৮ তারিখেই ব্রাহ্মণবাড়িয়া থেকে সিলেট তেলিয়াপাড়া টি এস্টেটে চলে যান। তেলিয়াপাড়ায় খালেদ মোশাররফ সাহেব ক্যাম্প খোলেন।

ব্রাহ্মণবাড়িয়াতে ১৪ই এপ্রিল পর্যন্ত বাংলাদেশের পতাকা ওড়ে এবং স্থানীয় প্রশাসন ঠিকভাবে চলে। ঐ সময় এস-ডি-ও ছিলেন রকিবউদ্দিন আহমেদ। তিনি তখন স্থানীয় প্রশাসক হন।

ব্রাহ্মণবাড়িয়াকে রক্ষা করার জন্য গোকনঘাটে ক্যাপ্টেন আবদুল গাফফার, ক্যাপ্টেন শহীদ ও মাহবুবুর রহমানকে ঐ ঘাট দেখাশোনার জন্য মোতয়েন করা হয়েছিল; কারণ ঐ নদীপথে পাক সৈন্যরা জাহাজে করে সৈন্য আনতে পারত। গোকনঘাট চিল একটি লঞ্চঘাট। সৈন্যরা করোলা নদীর আশেপাশে ডিফেন্স নিয়ে ছিল। তাদের তত্ত্বাবধান করেন সেকেন্ড লেফটেন্যান্ট হারুনর রশীদ।

২৯ তারিখে বিকাল ৪টার দিকে পাকবাহিনী ব্রাহ্মণবাড়িয়ায় বিমান থেকে দেড়-দুঘন্টা ধরে বোমাবর্ষণ করে। এর ফলে একজন বেঙ্গল রেজিমেন্টের সৈন্য শহীদ হয়। কিন্তু বেঙ্গল রেজিমেন্টের কাছে তেমন কোন অস্ত্র না থাকায় শুধু ট্রেঞ্চের ভিতর বসে থাকতে হয়।

৩১ তারিখে আখাউড়া থেকে তৎকালীন ইপি-আর (বর্তমানে বিডিআর) নায়েক সুবেদার গোলাম আম্বিয়া আমার সাথে যোগাযোগ করেন। তিনি আখাউড়াতে ডিফেন্স নিয়েছিলেন। আখাউড়াতে ইপি আর- এর সৈন্যরা পাঞ্জাবীদের ঘেরাও করে রাখে। তারপর ৩১ তারিখে সারাদিন গোলাগুলী হওয়ার পর কিছু পাঞ্জাবী সৈন্য মারা যায় ও কিছু ধরা পড়ে। কিন্তু ৭ জন পাঞ্জাবী পালিয়ে যায়। তারপর ঐ ৭ জন পাঞ্জাবী সৈন্যকে গ্রামের ভিতর বাঙালীরা ধরে মেরে ফেলে।

ব্রাহ্মণবাড়িয়াতে যে সমস্ত পাঞ্জাবী অফিসার ধরা পড়ে তারা হলোঃ ১) লেঃ কর্নেল খিজির হায়াৎ খান, ২) মেজর সাদেক নেওয়াজ, ৩) লেফটেন্যান্ট আমজাদ সাইদ। তাদেরকে ব্রাহ্মণবাড়িয়া থেকে নবীনগর, শাহবাজপুর, সরাইল হয়ে তেলিয়াপাড়া নিয়ে যাওয়া হয়। তারপর তাদেরকে ভারতীয় সৈন্যদের কাছে দিয়ে দেয়া হয়। তাদেরকে বাঙালীরা হত্যা করতে পারত কিন্তু ঐ পাঞ্জাবী অফিসাররা কোনদিন বাঙালীদের সাথে খারাপ ব্যবহার করেনি বা বেঈমানি করেনি।

১লা এপ্রিল ৭১ আমি ব্রাহ্মণবাড়িয়া থেকে আখাউড়া যাই। ইপি- সৈন্যদের সাথে যোগাযোগ করলাম। তারা বলেন যে তারা আমার সাথে (মানে ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের সাথে) একত্রিত হয়ে যুদ্ধ করবে। তারা আমার কাছে কিছু অস্ত্র চাইলে আমি অস্ত্র সরবরাহ করতে রাজী হই। তারপর ইপি-আর-এর সৈন্যরা আখাউড়া, গঙ্গাসাগর ও উজানীসাহা ব্রীজের আশেপাশে ডিফেন্স নেয়। আমি আগরতলায় বিএসএফ-এর সাথে ফোনে যোগাযোগ করি এবং তাদের কাছে কিছু অস্ত্র চাই। এবং তারা তা দিতে চান। লেঃ কর্নেল দাসের সাথে রাতে ফোনে যোগাযোগ করি।

১/২ তারিখে আমি আখাউড়ার আওয়ামী লীগের সহসভাপতিকে সংগে করে আগরতলায় বিএসএফ-এর লেঃ কর্নেল দাসের আগে থেকেই পরিচয় ছিল। মিঃ দাস ১০ হাজার গুলি ও একশত ৩০৩ রাইফেল ও কিছু এক্সপ্লেসিভ দিতে অঙ্গীকার করেন এবং পরে তিনি তা দেন। এ অস্ত্র দেয়ার ব্যাপারে যে কন্ট্রাক্ট হয় সে কন্ট্রাক্ট করেন ব্রাহ্মণবাড়িয়ার এম-এন-এ আলী আজম সাহেব। ব্রাহ্মণবাড়িয়ার এম-এন-এ আলী আজম ও লুৎফুল হাই সাচ্চু সাহেব বেঙ্গল রেজিমেন্টদের খাওয়া-দাওয়া, গাড়ি ইত্যাদি দিয়ে প্রচুর সাহায্য করেছেন যুদ্ধ চলা অবস্থায়। সৈন্য জনাব আলী আজম ৩০ তারিখের পূর্বেই আগরতলা গিয়ে অস্ত্রের ব্যাপারে যোগাযোগ করেছিলেন।

ব্রাহ্মণবাড়িয়া থেকে মেজর হাবিবুল্লাহ বাহার (যিনি কুমিল্লা ক্যান্টনমেন্ট থেকে পালিয়ে এসেছিলেন- ক্যাপ্টেন এ টি এম হায়দার-কমাণ্ডিং অফিসার (তিনি কুমিল্লা থেকে পালিয়ে আসেন) এবং ক্যাপ্টেন সায়গলকে (যে পাকিস্তানে পালিয়ে গেছে) তেলিয়াপাড়া ক্যাম্পে অন্য কাজে পাঠিয়ে দেয়া হয়।

আমি যখন কুমিল্লা থেকে পালিয়ে ব্রাহ্মণবাড়িয়া রওনা দিই তখন যে প্রায় একশত সৈন্য রেখে আসি তারা কুমিল্লা ক্যান্টনমেন্টে বেপরোয়া হয়ে পাঞ্জাবীদের বিরুদ্ধে যুদ্ধ করেছিল। এর ফলে প্রায় ৩-৪ শত পাঞ্জাবী সৈন্য মারা যায়। কিছু বেঙ্গল রেজিমেন্টের সৈন্য শহীদ হন।

ব্রাহ্মণবাড়িয়া থেকে আমি ১৫/২০ জন এম-পি-এ কে ভারতে পাঠিয়ে দিই। এপ্রিল মাসে আমি জানতে পারি যে, সৈয়দ নজরুল ইসলাম সাহেব ভৈরব এসেছেন। সৈয়দ সাহেবকে অবহিত করাই যে, ব্রাহ্মণবাড়িয়াতে বাংলাদেশের পতাকা উড়ছে এবং বেঙ্গল রেজিমেন্টের অধীনে আছে। আমি সৈয়দ সাহেবকে আনার জন্য স্পিডবোট পাঠাতে চাইলে তিনি আসতে রাজী হন, কিন্তু শেষ পর্যন্ত তিনি আসননি। এ সময়ের মধ্যে আমি বিভিন্ন জেলায় অয়ারলেসের মাধ্যমে খবর নিতে লাগলাম যে কোথায় বাঙালীরা রিভোল্ট করল। আমি জানতে পারলাম ময়মনসিংহে মেজর সফিউল্লাহ আছেন ও নরসিংদিতে একটি কোম্পানী আছে মেজর মতিউর রহমানের নেতৃত্বে। মেজর সফিউল্লাহ একটি পরিকল্পনা করেন যে, মেজর মতিউর রহমানের বাহিনীও তাঁর কোম্পানী মিলে ঢাকা ক্যান্টনমেন্ট আক্রমণ করবে ও দখল করবে। এ সংবাদ আমি মেজর খালেদ মোশাররফ সাহেবকে জানাই। তিনি এ খবর পেয়ে তেলিয়াপাড়া থেকে ব্রাহ্মণবাড়িয়াতে চলে আসেন। এখানে একত্র হয়ে তারা সবাই মেলে যুক্তি করে ভালভাবে কাজ করতে পারবে। পরে সফিউল্লাহ সাহেব পুরো ব্যাটালিয়ন নিয়ে ব্রাহ্মণবাড়িয়াতে চলে আসেন এবং মেজর মতিউর রহমান সাহেব ভৈরব ব্রীজের কাছে ডিফেন্স নিয়ে থাকেন।

এদিকে মেজর নাসিম এক কোম্পানী সৈন্য নিয়ে আশুগঞ্জ ডিফেন্স দিয়ে থাকেন ১৪ই এপ্রিল পর্যন্ত।

ব্রাহ্মণবাড়িয়াতে ছিলাম আমি, ভৈরবে ছিলেন মেজর মতিউর রহমান এবং আশুগঞ্জে ছিলেন মেজর নাসিম। বাকি সবাই তেলিয়াপাড়া চলে যান।

মেজর সফিউল্লাহ ও মেজর খালেদ মোশাররফ সাহেব যখন ব্রাহ্মণবাড়িয়াতে একত্রিত হলেন তখন তারা সিদ্ধান্তে আসতে চাইলেন যে, তারা কুমিল্লা ক্যান্টমেন্ট আক্রমণ করবেন কিন্তু পরে চিন্তা করে দেখলেন কুমিল্লা

ক্যান্টনমেন্টে বিপুলসংখ্যক পাকসৈন্য রয়ে গেছে। ঐ পাকসৈন্যের সাথে যুদ্ধ করে পারা যাবে না, এর ফলে অনেক সৈন্য মারা যাবে। শেষ পর্যন্ত মেজর খালেদ মোশাররফ সাহেব সিদ্ধান্ত নিলেন পাকসেনাদের গেরিলা পদ্ধতিতে ঘায়েল করতে হবে।

১৪ তারিখে পাকসেনা ব্রাহ্মণবাড়িয়াতে বিমান থেকে গুলি করে; ফলে কিছু পাবলিকসহ কিছু বাঙালী সৈন্য মারা যায়। এ সংবাদ খালেদ মোশাররফ সাহেব পেয়ে জানালেন যে, ব্রাহ্মণবাড়িয়া ছেড়ে যেন বেঙ্গল রেজিমেন্ট আখাউড়া চলে আসে। ঐ তারিখে পাকসৈন্য প্যারাট্রুপার ফেলে আশুগঞ্জের পিছনের দিক থেকে আক্রমণ করে। এর ফলে মেজর নাসিম সাহেবের কিছু সৈন্য শহীদ হয়। ১৪ তারিখ সকাল থেকে বিকাল পর্যন্ত আশুগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়াতে বিমান আক্রমণ চলে। এর পরে আশুগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়ার সাথে কোন রকম টেলি-যোগাযোগ বা কোনরকম যোগাযোগ সম্ভব হয়নি।

১৪ই এপ্রিল আমি ব্রাহ্মণবাড়িয়া ব্যাংক থেকে (ইস্টার্ন মার্কেন্টাইল ব্যাংক) ম্যানেজারকে বাড়ি থেকে ডাকিয়ে ব্যাংক খুলে ২ কোটি টাকা নিয়ে যাই। ঐ টাকা ঐদিন তেলিয়াপাড়ায় মেজর সফিউল্লাহ সাহেবের কাছে জমা দিই। ১৪ তারিখে সারাদিন বিমান আক্রমণ হচ্ছিল ব্রাহ্মণবাড়িয়াতে। এ সমস্ত প্রতিকূল অবস্থার ভিতরেও আমি বীরত্বের সাথে এ কাজ সমাধান করি। আমি বিকালেই তেলিয়াপাড়া থেকে ফিরে এসে দেখি আমার বাহিনী কিছু কিছু আখাউড়া চলে এসেছে। আমি ব্রাহ্মণবাড়িয়াতে দু'খানা মূল্যবান অয়ারলেস সেট নিয়ে ব্রাহ্মণবাড়িয়া থেকে সড়ক পথে তেলিয়াপাড়া হয়ে আখাউড়া চলে আসি।

১৫ই এপ্রিল মেজর খালেদ মোশাররফ আমাকে বলেন, আমাকে আখাউড়ায় সৈন্যদের দেখাশোনা করতে হবে। আখাউড়াতে ৩০/৪০ জন সৈন্য ছিল। আমি ১৫ তারিখে আমার বাহিনীকে বিকালে গঙ্গাসাগরের দিকে মুখ করে ডিফেন্স নেবার কলাকৌশল দেখিয়ে দিই। ১৫ তারিখ রাতে কুমিল্লা থেকে রেলে করে পাকসৈন্য গঙ্গাসাগর আসে এবং গঙ্গাসাগরের ব্রীজের দক্ষিণ পারে বাজারের দিকে তারা ডিফেন্স নেয় এবং বেঙ্গল রেজিমেন্ট ব্রীজের উত্তর দিকে অর্থাৎ আখাউড়ার দিকে ডিফেন্স নেয়। ১৬ ই এপ্রিল সকালে যেখানে ব্রীজের নিকট বেঙ্গল রেজিমেন্ট ডিফেন্স নিয়েছিল, সেখানে ঐ সৈন্যদের সাথে দেখা করার জন্য আমি ক্রলিং করে যাচ্ছিলাম। পাকসৈন্যরা আমাকে দেখে আমার দিকে অবিরাম গুলীবর্ষণ করতে থাকে, কিন্তু আমি ঐ ঝুঁকি নিয়ে ট্রেঞ্চে গিয়ে সৈন্যদের বলে আসি পাক বাহিনীকে হত্যা করে যখন তাদের সংখ্যা কমে আসবে এবং বেঙ্গল রেজিমেন্ট ট্রেঞ্চের কাছে চলে আসবে ঠিক তার অল্প কিছুক্ষণ আগে যেন তারা বিওপিতে চলে আসে।

১৩ এপ্রিল গঙ্গাসাগরের এক পারে বেঙ্গল রেজিমেন্ট এবং অপর পারে পাকবাহিনী অবস্থান করছিল। ঐ দিন বিকালে ৪টা থেকে পাকবাহিনীর গোলন্দাজ বাহিনী আধ ঘন্টা বোমাবর্ষণ করে থেমে যায়।

বিকাল ৬টা থেকে পাকবাহিনী আবার গোলা ছুড়তে থাকে এবং আক্রমণ করার জন্য এগিয়ে আসতে থাকে। বেঙ্গল রেজিমেন্টের সেনারা অনেকক্ষণ যুদ্ধ করে এবং বহু পাকসেনাকে খতম করে শেষে পাকসেনাদের সামনে টিকতে না পেরে সব বেঙ্গল রেজিমেন্ট সৈন্য পিছনের দিকে চলে আসে। বাকি ছিল মাত্র সিপাই মোস্তফা কামাল; সে আর ফিরে আসে নাই। তার হাতে ছিল একখানা এল-এম-জি ও ৮ হাজার গুলী। তার সাথে যে ২ জন সেনা ছিল তারাও চলে গেল। কামাল ট্রেঞ্চের ভিতর থেকে যুদ্ধ করতে থাকে। তার গোলায় পাক বাহিনীর তিনজন অফিসার মরে ও ২ জন আহত হয়। সবসুদ্ধ প্রায় সাড়ে তিনশ' সৈন্য খতম হয়। কামালের গুলি যখন ফুরিয়ে যায় তখন শত্রুসেনারা মাত্র ৫০ গজ দূরে ছিল, তবু সে পিছনে ফিরে আসে না। দূর থেকে পাকসেনা চীৎকার করে কামালকে আত্মসমর্পণ করতে বলে, কিন্তু কামাল তা করে নাই। পরে যখন পাকসেনারা ক্রলিং করে কামালের ট্রেঞ্চের কাছে আসে, কামাল তার শেষ সম্বল দু'খানা গ্রেনেড দিয়ে কিছু পাকসেনাকে আহত করে। শেষ পর্যন্ত কামাল পাকসেনাদের কাছে ধরা পড়ে। পাকসেনারা তাকে বেয়নেট দিয়ে খুঁচিয়ে হত্যা করে। প্রায় সাড়ে তিনশ'

পাকসেনা মরা যায়। এ সংবাদ যখন পাসেনারা অয়ারলেসে তাদের হেড অফিসে প্রেরণ করছিল তখন বেঙ্গল রেজিমেন্ট তাদের অয়ারলেসের মাধ্যমে সঠিকভাবে জানতে পারল যে, বেঙ্গল পাকবাহিনীর সাড়ে তিনশ' সৈন্যকে হত্যা করেছে। এত সৈন্য মরার পর পাকবাহিনীর মনোবল ভেঙ্গে যায় যার পরবর্তী ২/৩ মাস তারা আর আক্রমণ করে নাই।

এপর আমার বাহিনী আখাউড়া বি-ও-পিতে ডিফেন্স নেয়। পরে আমার অধীনে দু'জন লেফটেন্যান্ট নিয়োগ করা হয়। একজন ক্যাডেট অফিসার হুমায়ূন কবীর। তার এলাকা ছিল কসবা। তিনি কসবাতে সাবসেক্টর কমাণ্ডার ছিলেন। অপরজন লেন লেফটেন্যান্ট হারুনার রশীদ। তিনি নসিঙ্গরে সাবসেক্টর কমাণ্ডার ছিলেন। হারুন ও কবীরের কাছে এক কোম্পানী ও আমার কাছে দুই কোম্পানী সৈন্য ছিল। কোন সময় কসবা রেলস্টেশন ও কসবা নতুন বাজার পাকবাহিনী দখল করতে পারেনি। এবং নসিঙ্গরের কালাছড়া টি এস্টেট প্রায় সব সময় মুক্তিবাহিনীর অধীনে ছিল। আমি প্রত্যেক দিন একবার করে তিনটি ক্যাম্প পরিদর্শন করতাম।

১৭ই এপ্রিল রাত ১১/৩০ মিনিটে মেজর শাফায়াত পামিল ও আমিসহ পাঁচজন অফিসার ও ৬০ জন সৈন্য নিয়ে আখাউড়া পাকবাহিনীর সেনাদের দখলে ছিল। ব্রীজ উড়িয়েছিল ৬৫ জন বেঙ্গল রেজিমেন্ট সৈন্য। তারা অক্ষত অবস্থায় আখাউড়া বি-ও-পি' তে ফিরে আসে।

কর্নেল বাজার অপারেশনঃ জুন-১৯৭১: আখাউড়া পতন হওয়ার পর বাংলাদেশ বাহিনী কর্নেল বাজারে জড়ো হয়। বাংলাদেশ বাহিনীর উদ্দেশ্য ছিল পাক সৈন্যদের হত্যা করে সংখ্যা কমানো। তাই তারা ওখানে রয়ে গেল। পাকবাহিনীর সৈন্য ছিল এক কোম্পানী আর বাংলাদেশ বাহনীর ৩টি কোম্পানী ছিল। তার ভিতর একটি ছিল অনিয়মিত বাহিনী।

আগরতলা থেকে যে রাস্তা গঙ্গাসাগরের দিকে গিয়েছে ঐ রাস্তার উত্তর মুখ হয়ে বাংলাদেশ বাহিনীর সেনারা ডিফেন্স নেয়। ঐ রাস্তার উত্তর দিকে একটি খাল ছিল। পাকবাহিনী আখাউড়া থেকে কর্নেল বাজারের দিকে অগ্রসর হয় উত্তর দিক থোকে। তারা খাল পার হয়। রাতের বলায় এসে পূর্বদিকে অর্থাৎ বাংলাদেশ বাহিনীর পিছন দিক থেকে আক্রমণ করে। এর ফলে বাংলাদেশ বাহিনীর সেনারা ছত্র ভঙ্গ হয়ে পড়ে তারা ছিল অনিয়মিত বাহিনী। যা কিছু সৈন্য ছিল তাদের মধ্যে হাতাহাতি যুদ্ধ হয়। ফলে বেয়নেটের আঘাতে বাংলাদেশ বাহিনীর ৭ জন সৈন্য শহীদ হয়। শেষ পর্যন্ত বাংলাদেশ বাহিনীর অনিয়মিত সৈন্যদের আর খোঁজ পাওয়া যায়নি। তারা যার যার মত নানা দিকে চলে যায়।

সশস্ত্র প্রতিরোধে কুমিল্লা

সাক্ষাৎকারঃ মেজর ইমামুজ্জামান*

১০-১-১৯৭৪

মেজর খালেদ মোশাররফ বেঙ্গল রেজিমেন্টের এক কোম্পানী সৈন্য আমার নেতৃত্বে দিয়ে কুমিল্লা-চাঁদপুর সড়কে (লাকসামের কাছাকাছি) এপ্রিল মাসের ১১ তারিখ পাকিস্তানী সেনাবাহিনীর ৬৫টা কনভয় আমরা এ্যামবুশ করি। এতে ৫টা গাড়ি সম্পূর্ণরুপে বিধ্বস্ত হয়, বাকি গাড়িগুলো কুমিল্লাতে ফিরে যায়।

এপ্রিল মাসের ১৯ তারিখে পাকিস্তান সেনাবাহিনী গোলন্দাজ বাহিনী নিয়ে আমাদের উপর আক্রমণ চালায় (বাগমারায়)। আমাদের অস্ত্রশস্ত্র তখনও প্রচুর ছিল না। ভারতও তখনো আমাদের অস্ত্রশস্ত্র দিচ্ছিল না। দু'দিন

* ১৯৭১ সালের মার্চে কুমিল্লা সেনানিবাসে লেফটেন্যান্ট হিসাবে কর্মরত ছিলেন । সাক্ষাৎকারটি বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংকলিত ।

পর্যন্ত আমরা তীব্র প্রতিরোধ করলাম। প্রচণ্ড আক্রমণের মুখে টিকতে না পেরে আমরা পিছু হাটতে বাধ্য হলাম। ওদের প্রায় ২৭০ জন মারা গিয়েছিল- মৃত দেহগুলি গাড়ীতে (৭/৮ ট্রাক) উঠবার সময় আমরা দেখতে পেলাম।

এপ্রিলের ২১ তারিখে আমরা লাকসাম ছেড়ে যেতে বাধ্য হলাম। চাঁদপুরে তখন পাকিস্তান বিমানবাহিনী বোমাবর্ষণ শুরু করে। লাকসাম থেকে আমরা মিয়ার বাজারে চলে গেলাম। এপ্রিলের ২৭ তারিখ পাকিস্তান সেনাবাহিনী মিয়ার বাজারে আক্রমণ করে। ঐ যুদ্ধে ওদের অনেক সৈন্য হতাহত হয়েছিল। ধানক্ষেতে পানির মধ্যে অনেক সৈন্যের লাশ পাওয়া গিয়েছিল।

এপ্রিলের ২৯/৩০ তারিখে ওরা আবার আক্রমণ চালায়। ওদের দুটো আক্রমণই বীরত্বের সাথে প্রতিহত করা হয়। আমাদের পক্ষে অনেকেই হতাহত হয়।

আমি কাদের চৌধুরী নামে মুজাহিদ বাহিনীর ক্যাপ্টেনকে মিয়ার বাজারের প্রতিরক্ষার দায়িত্ব দিয়ে খালেদ মোশাররফের মাধ্যমে চৌদ্দগ্রামে চলে আসি এবং ডাকাতিয়া নদীর পারে পরিকোট নামক জায়গায় প্রতিরক্ষাব্যূহ তৈরি করি।

মে মাসে পাকিস্তান সেনাবাহিনী নদীর ওপারে বাংগোডা বাজারে আসে এবং বেশ গোলাগুলী করে। কিন্তু আমাদের শক্তিশালী ঘাঁটির কথা জানতে পেরে ওরা লাকসাম চলে যায়। মে মাসের ১৪ তারিখ পাকিস্তান সেনাবাহিনী গোলন্দাজ বাহিনীর সহায়তায় নদীর ওপার থেকে আমাদের উপর প্রচণ্ড আক্রমণ চালায়। আক্রমণের মুখে টিকতে না পেরে আমরা পিছু হটতে বাধ্য হই।

আমরা চৌদ্দগ্রাম চলে আসি। গোলন্দাজ বাহিনীর ভারী গোলাবর্ষণের মুখে টিকতে না পেরে আমরা ভারতের রাধানগরে চলে আসি। আমাদের কোন সরবরাহ ছিল না। ভারী অস্ত্রশস্ত্র ছিল না। গুলির অভাব ছিল।

চৌদ্দগ্রাম থেকে মিয়ার বাজার পর্যন্ত সড়কে পাকিস্তানীরা যাতায়াতের চেষ্টা করে। ডিসেম্বর পর্যন্ত পাকিস্তান সেনাবাহিনী ঐ রাস্তা দিয়ে চলাচল করতে পারেনি। প্রায় সমস্ত পুল ভেঙ্গে দেয়া হয়েছিল। বন্ধুরা দৌলতপুর থেকে ছাগলনাইয়া পর্যন্ত জুন মাসের প্রথম দিকে মেজর জিয়ার সেনাবাহিনী এবং ২নং সেক্টরের সেনাবাহিনী সম্মিলিতভাবে একটা মজবুত প্রতিরক্ষাব্যূহ তৈরী করেছিল।

কুমিল্লা- নোয়াখালীর সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকারঃ সুবেদার মেজর লুৎফর রহমান

১৮-৯-১৯৭৩

৩০শে অথবা ৩১শে মার্চ (১৯৭১) সুবেদার সিরাজুল হককে সঙ্গে নিয়ে আমি চৌমুহনী পৌঁছি। এখানে পরিষদ সদস্যদের সাথে দেশের ভয়াবহ পরিস্থিতির কথা বিস্তারিতভাবে আলোচনা হয়। নূরুল হক ও অন্যান্য সদস্যগণ ঢাকাসহ প্রদেশের সমস্ত জায়গায় পাক পশুশক্তির বর্বরতার চিত্র তুলে ধরেন এবং বহু প্রত্যক্ষদর্শীর বিবরণ শুনি। তারা সবাই আমাকে যে কোন প্রকারে যোদ্ধা সংগ্রহ করে শত্রুর উপর পাল্টা আঘাত হানার প্রস্তুতি নিতে বলেন। তারা সর্বপ্রকার সাহায্য করার প্রতিশ্রুতিও দেন এবং আমাকে মাইজদীতে নিয়ে যান। সেখানে তৎকালীন এম-এন-এ এমপিএ' দের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়।

২রা এপ্রিল অতঃপর আমি ফেনীতে গিয়ে মেজর জিয়াউর রহমান (বর্তমান ব্রিগেডিয়ার, ডেপুটি চীফ অব স্টাফ, বাংলাদেশ আর্মি) সাহেবের সঙ্গে বিভিন্ন পরামর্শ করি। মেজর জিয়াউর রহমান সাহেব আমাকে কালবিলম্ব না করে নোয়াখালীতে প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তুলতে এবং বাঘমারায় শত্রুকে বাধা দিতে নির্দেশ করেন। তিনি

* বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংকলিত।

সকল প্রকার অস্ত্র সরবরাহ করারও প্রতিশ্রুতি দেন। ফেনী থেকে ফিরে বেঙ্গল রেজিমেন্ট, ইপি-আর এবং ৭৬ জন প্রকৃত নিয়মিত সৈন্য সংগ্রহ করি ও নোয়াখালীতে প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলার পরিকল্পনা করি।

৪ঠা এপ্রিল, ১৯৭১-সর্বপ্রথম বাঘমারা পরিদর্শনঃ দয়াময়কে স্মরণ করে সর্বপ্রথমে পাকিস্তান সেনাবাহিনীর গতিবিধি লক্ষ্য করার জন্য লাকসামের উত্তরে বাঘমারা পরিদর্শন করি এবং সুবেদার নজরুল ও সুবেদা জব্বারকে প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলার স্থান নিদিষ্ট করে দিই। এমন সময় নোয়াখালী জেলার ডেপুটি কমিশনার সাহেব এবং পরিষদ সদস্যগণ এসে আমাকে জানালেন যে, দু'খানা পাকসেনা বহনকারী জাহাজ রামগতির দক্ষিণ পাশের নদীতে অবস্থান করছে। এ খবর শোনার পর আমি তৎক্ষণাৎ রুহুল আমীন (শহীদ), পিটি-অফিসার সাহেবসহ চারজন বুদ্ধিমান জোয়ানকে তার সত্যতা প্রামণ করতে উক্ত নদীতে পাঠালাম। তাঁরা নদী থেকে ফিরে এসে আমাকে নিশ্চয়তা দিয়ে জনান যে, সেখানে একখানা নৌকা ব্যতীত অন্য কিছুই নেই । অতঃপর ৫ই এপ্রিল নোয়াখালীর অদূরবর্তী দৌলতগঞ্জের সেতুটি ধ্বংস করার সিদ্ধান্ত নিই। কেননা পাক সৈন্যরা তখন লাকসামের উত্তরে বাঘমারাতে অবস্থান করছিল। কয়েকজন মোজাহিদ ও আনসারকে হালকা অস্ত্র দিয়ে প্রতিরক্ষার ব্যবস্থা করি। বিকেলে অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য সংগ্রহের উদ্দেশ্যে ফেনীতে যাই।

৬ই এপ্রিল, ১৯৭১: ফেনী থানা থেকে অতিকষ্টে ১৮ টি হ্যান্ড গ্রেনেড সংগ্রহ করে কোম্পানীতে ফিরে আসি। এক'দিনে রাতদিনের আরাম-আয়েশ হারাম হয়ে পড়ে আমার জন্য। শুধু যোদ্ধা, অস্ত্র আর এ্যামুনিশন সংগ্রহের চিন্তায় অস্থির হয়ে পড়ি। য সমস্ত যোদ্ধা আমার সাথে ছিল তাদের হাইড-আউটের কথাও চিন্তা করি।

৭ই এপ্রিল, ১৯৭১: সারারাত যোদ্ধা, হাতিয়ার আর এ্যামুনিশন সংগ্রহের উদ্দেশ্যে হাঁটাহাঁটি করে ভোর ছ'টায় ক্যাম্পে ফেরামাত্র খবর পেলাম ফেনীতে ইপি-আর এবং অবাঙ্গালীদের মধ্যে সংঘর্ষের। পুরা কোম্পানী নিয়ে ফেনী যাবার সিদ্ধান্ত নিলে সুবেদার সিরাজ ফেনী যাওয়া থেকে বিরত থাকতে বলেন। কেননা আমাদের হাতে কয়েকটি রাইফেল ছাড়া আর কিছুই ছিল না। তাঁর কথামত কোম্পানী রেখে আমি নিজে স্বচক্ষে পরিস্থিতি দেখার জন্য ফেনী রওনা হই। ফেনীর পরিস্থিতি দেখে চৌমুহনীতে ফিরে আসি এবং নোয়াখালীর সমস্ত পরিষদ সদস্য এবং আওয়ামী লীগ নেতৃবর্গের সঙ্গে জরুরী পরামর্শে বসি।

৮ই এপ্রিল, ১৯৭১: নোয়াখালীর ডেপুটি কমিশনার জনাব মঞ্জুর সাহেব সারা দেশের পরিস্থিতি আলোচনার জন্য আমাকে ডেকে পাঠান। নোয়াখালীর প্রতিরক্ষার জন্য তাগাদা দেন। বিকেলে ক্যাপ্টেন এনামুল হক সাহেব কোম্পানী পরিদর্শন করে আমাকে প্রয়োজনীয় নির্দেশ দেন।

৯ই এপ্রিল, ১৯৭১: শত্রুর তুলনায় সামান্য অস্ত্র এবং যোদ্ধা নিয়ে ফরোয়ার্ড লাইনের প্রায় সবটাই কভার করে নিই। এ-দিন নাথের পেটুয়া স্টেশনের কাছে আরও একটি ফরোয়ার্ড ডিফেন্স স্থাপন করি।

১০ই এপ্রিল, ১৯৭১- লাকসামে প্রথম সামনাসামনি যুদ্ধঃ ১০ই এপ্রিল বর্বর পশুশক্তির বিরুদ্ধে শুরু হয় মুখোমুখী যুদ্ধ। নোয়াখালীর পরিষদ সদস্যদের দেওয়া চারশত টাকা ফরোয়ার্ড ডিফেন্স বাহিনীতে ভাগ করে দিতে যাই লাকসামে সকাল ১০টায়। বেলা ১২টার সময় খবর পেলাম পাকবাহিনী বাঘমারা থেকে লাকসামের দিকে অগ্রসর হচেছ। সঙ্গে সঙ্গে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার সংকল্প নিই। লাকসামের সামান্য উত্তরে পশুশক্তিকে বাধা দেওয়ার পরিকল্পনা নিয়ে সেই অনুসারে পজিশন নেওয়া হ'ল। মাত্র ৭০ জন যোদ্ধা নিয়ে এই অভিযান চালাই। সঙ্গে দুটো এল-এম-জি ছাড়া বাকী সবই ৩০৩ রাইফেল ছিল। তাই নিয়ে শত্রুর অপেক্ষায় ওঁৎ পেতে বসে রইলাম সন্ধ্যে ৬ টা পর্যন্ত। কিছুক্ষণ পর শত্রুপক্ষ যখন আমাদের রেঞ্জের ভিতরে চলে আসে তখনই একসঙ্গে গোলাগুলী শুরু করি। আমার এ অতর্কিত আক্রমণে পাকবাহিনীর দুজন লেফটেন্যান্টসহ ২৬ জন সৈন্য নিহত হয় এবং ৬০ জন আহত হয়। পর মুহূর্তে সামলে নিয়ে পাকবাহিনীর সৈন্যরাও মেশিনগান, মর্টার ও আর্টিলারীর গোলাগুলী শুরু করে বৃষ্টির মত গুলীবর্ষণ শুরু হলো। প্রায় ৪ ঘন্টা গোলাগুলী বিনিময় হয়। শত্রুপক্ষের দুটো ট্রাকে আগুন ধরে যায়। ক্রমেই আমাদের গোলাবারুদ শেষ হতে থাকে। সরবরাহ ও সাহায্যের

কোন আশা ছিল না। অপর পক্ষে পাকবাহিনী ময়নামতি থেকে সারবরাহ ও সৈন্য পেয়ে দ্বিগুণ শক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়ে আমাদের উপর। কাজেই অক্ষত সৈন্যদের নিয়ে পিছু হটতে বাধ্য হই। ফলে পাকবাহিনী লাকসাম দখল করে নেয়।

রাতে নূরুল হক সাহেব, নাগাবাবুসহ অপর দুজন পরিষদ সদস্য ২টা এল-এম-জি ও ৪টা এস-এল-আর আমার হাতে অর্পণ করেন। কিছু বিস্ফোরক দ্রব্য দিয়ে দৌলতগঞ্জ সেতু উড়িয়ে দিই এবং লাকসাম-নোয়াখালী সড়কের যোগাযোগ বিচ্ছিন্ন করে দিতে সক্ষম হই।

২০শে এপ্রিল, ১৯৭১-নাথের পেচুয়ার মুখোমুখি যুদ্ধঃ ১০ই এপ্রিল সারারাত সেতু ধ্বংস করায় ব্যস্ত থাকায় ভোরে বিপুলাশ্বরে পৌঁছামাত্র মাইজদী থেকে টেলিফোনযোগে খবর পেলাম যে, লাকসামে অবস্থানরত পাকসৈন্যরা নোয়াখালীর দিকে অগ্রসর হচ্ছে। আমি তৎক্ষণাৎ কোম্পানীকে ফল-ইন করিয়ে সুবেদার সিরাজ সাহেবকে কে প্লাটুনের কমাণ্ডার নিযুক্ত করি এবং সুবেদা রজব্বার সাহেবকে দ্বিতীয় প্লাটুনের কমাণ্ডার নিযুক্ত করে দিই। আমি নিজে তৃতীয় প্লাটুনটি কোম্পানী হেডকোয়ার্টারসহ নিয়ে নাথের পেটুয়া অভিমুখে দ্রুতগতিতে ছুটে গিয়ে স্টেশনের পূর্ব দিকের দায়িত্ব সুবেদার সিরাজ সাহেব ও জব্বার সাহেবের উপর অর্পণ করি এবং আমি পশ্চিম কি রক্ষার দায়িত্ব নিই। তাদেরকে এ কথাও জানাই যে, আমাদের অভ্যন্তরীণ যোগাযোগের যখন কোন ব্যবস্থ নেই, সেহেতু শেষ রক্তবিন্দু থাকা পর্যন্ত যেন কেউই পশ্চাদসরণ না করেন।

আমি নিজের প্লাটুনকে প্রত্যেক সেকশনের পজিশন স্বহস্তে দেখিয়ে দিই। খনন কার্য শেষ না হতেই হঠাৎ নায়েক সিরাজ সতর্ক সংকেত দ্বারা আমাকে দেখালেন যে শত্রুপক্ষ ক্রলিং করে আমাদের পজিশনের নিকটে এসে গেছে। আমি চেয়ে দেখি সত্য সত্যই শত্রুরা ধানক্ষেতের ভিতর দিয়ে প্রায় এক কোম্পনী ক্রলিং করে এমনভাবে আমাদের দিকে অগ্রসর হচ্ছে যা ধারণা করা যায় না। আমি তৎক্ষণাৎ এস-এল-আর'এর মাধ্যমে গুলি শুরু করি। নায়েক সিরাজও এল-এম-জি'র মাহায্যে শত্রুর উপর আঘাত করে। বলতে গেলে আমার সমস্ত প্লাটুনের সৈন্যরা একসাথে আগত শত্রুর প্রত্যেককে আহত বা নিহত করতে সক্ষম ছিল। এরপর তাদের ফলো-আপ কোম্পানী দ্বিগুণ বেগে তাদের সাপোর্টিং বা সাহায্যকারী অস্ত্রের দ্বারা দ্রুতবেগে অগ্রসর হবার চেষ্টা করে বিফল মনোরথ হয়ে আহত ও নিহত সৈন্যদেরকে সরিয়ে নিয়ে পিছনে চলে যায় এবং তারপর আমাদের উপর আর্টিলারী এবং মর্টারের গোলাবর্ষণ করতে থাকে। পূর্ব দিক থেকে যখন আমার দ্বিতীয় প্লাটুনের ল-এম-জি'র ফায়ার শত্রুপক্ষের উপর পড়ছিল তখন শত্রুরা তাদের উপরও (দ্বিতীয় প্লাটুনের উপর) অনবরত শেলিং করতে থাকে। পরিণামে আমার একজন সৈন্য তৎক্ষণাৎ শহীদ হন এবং একজন গুরুতরভাবে আহত হন। আমি বাধ্য হয়ে প্লাটুনকে ২০০ গজ পশ্চাতে একটা ডোবার পাশে দৌড়ে পজিশণ নিতে আদেশ দিই। শত্রুর দুই প্লাটুনের মত সৈন্য আমার প্রথম পজিশনটি দখল করে ফেলে। এ সময় আমি আমার প্লাটুনকে আদেশের মাধ্যমে দ্বিতীয় ডিফেনসিভ পজিশনে নিযে যাই। এবং পুনরায় শত্রুর গতিবিধি লক্ষ্য করেই গুলি আরম্ভ করি। এমন সময় হঠাৎ তিনখানা যুদ্ধ-বিমান সোজা আমাদের উপর ডাইভ করে পর পর তিনবার আক্রমণ চালায়। তারা প্রচুর পরিমাণ গুলি ছোঁড়ে এবং নাপাম বোমা ফেলতে থাকে। আমাদের সৌভাগ্য যে, সমস্ত গুলি এবং বোমাগুলো লক্ষ্যভ্রষ্ঠ অনবরত যুদ্ধ চলতে থাকে। শত্রুদের আর এক ইঞ্চি অগ্রসর হওয়ার ক্ষমতা ছিল না তখন আমি পূর্বদিকে অবস্থানরত দুই প্লাটুনের কোন সাড়া শব্দ না পেয়ে আমার একজন জোয়নকে তাদের খবর আনতে পাঠাই। এ সময় পূর্ব দিকের গ্রামগুলি আগুনে শুধু জ্বলতে দেখি। সংবাদদাতা ফিরে এসে জানালো যে, পূর্বদিকের দুই প্লাটুন তাদের স্ব-স্ব অবস্থান থেকে সৈন্য তুলে নিয়ে অন্য কোথাও চলে গেছে। এ কথা শোনার পর আমি বাধ্য হয়ে অলরাউন্ড ডিফেন্স করি। এভাবে সন্ধ্যে পর্যন্ত গোলাগুলী বিনিময় হয়। সন্ধ্যের পর পাকবাহিনী রেকি পেট্রলিং শুরু করে। তারা আমাদের উপর ফাইটিং পেট্রল পাঠায়। আমার সঙ্গে দু'ঘন্টা পর্যন্ত যুদ্ধ হয়। তারা যাবতীয় অস্ত্র দ্বারা গুলি করতে থাকে এবং কিছুক্ষণ পর তারা চলে যায়।

সারাদিন ধরে যুদ্ধ করার পর অনাহার আর অবিশ্রামে আমরা অত্যন্ত ক্লান্ত হয়ে পড়ি। মুখ দিয়ে কথা বের হচ্ছিল না আমাদের। এমতাবস্থায় পুনরায় যুদ্ধ করার মানসিকতা হারিয়ে ফেলি এবং রাত সাড়ে দশটার সময় আমি আমার যোদ্ধাদের নিয়ে সোনাইমুড়ি অভিমুখে রওনা হই। এ সময় রাস্তায় কোন জনগণের সাড়াশব্দ ছিল না। প্রত্যেক বাড়ির লোক ধন-সম্পদের আশা ত্যাগ করে অন্যত্র আশ্রয় নিয়ে চলে গেছে। সোনাইমুড়িতে পৌঁছে ড. মফিজ সাহেবের সাক্ষাৎ পাই। আমাদের বিশেষ করে আমাকে দেখে তিনি জড়িয়ে ধরেন। (ড. মফিজ খবর পেয়েছিলেন যে, আমরা পাকিস্তান বাহিনীর সঙ্গে যুদ্ধে মারা গিয়েছি)। তারপর তিনি আমাকে ও আমার সৈন্যদের খাওয়া-দাওয়ার ব্যবস্থা করেন।

২১শে এপ্রিল ভোরে শত্রুদের পুনরায় অগ্রসর হবার খবর পেলাম। পূর্বদিন যুদ্ধে আমরা অত্যন্ত ক্লান্ত হয়ে পড়ি। তাছাড়া এ্যামুনিশনও তেমন ছিল না। তবু শত্রুবাহিনীর অগ্রগতি রোধ করার সিদ্ধান্ত নিই। এবং সে অনুযায়ী সোনাইমুড়ি রেল স্টেশনের আউটার সিগন্যালের কাছাকাছি এ্যামবুশ পার্টি বসাই। কিছুক্ষণ পর শত্রুবাহিনীর জোয়ানরা অগ্রসর হতে থাকে। প্রথমে আমরা গুলী চালাই। শত্রুপক্ষ ৩'' মর্টার ও মেশিনগান থেকে গুলী চালায়। বেশ কিছুক্ষণ যুদ্ধ চলে। বেলুচ রেজিমেন্টের কয়েকজন সৈন্য হতাহত হয়। ইতিমধ্যে আমাদের এ্যামুনিশন শেষ হয়ে গেলে আমি আমার বাহিনীকে উইথড্র করে চলে আসি। পাকবাহিনী সোনাইমুড়ি দখল করে চৌমুহনীর দিকে অগ্রসর হয়।

আমি আবিরপাড়ায় একটি গোপন বৈঠক দিই। এখানে কর্মীদের বিপুল উৎসাহ দেখা যায়। নায়েক সুবেদার ওয়ালীউল্লাহ ও ইসহাক মাতৃভূমি রক্ষার্থে আমার সাথে যুদ্ধ চালিয়ে যাবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হন।

২৪শে এপ্রিলঃ আওয়ামী লীগের বিশিষ্ট কর্মী জনাব আমীন উল্লা মিয়ার সাথে আমার সাক্ষাৎ হয়। তিনি বর্বর পাকবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাবার জন্য আমাকে সাহস দেন এবং মুক্তিযোদ্ধাদের থাকা ও খাওয়ার নিশ্চয়তা দেন। তিনি প্রথমবারের মত ভারত থেকে অস্ত্রশস্ত্র আনার জন্য এবং রাস্তা ঠিক করার জন্যে ভারতে চলে যান। এইদিনে সুবেদার ওয়ালীউল্লাহ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট থেকে এসে আমার কোম্পানীতে যোগদান করেন।

২৬শে এপ্রিলঃ হাবিলদার নূর মোহাম্মদকে সঙ্গে নিয়ে বিপুলাশ্বর স্টেশনের দক্ষিণে এক আড়ালে এ্যামবুশ করি। সকালে পাকবাহিনির ৬জন সিগনালম্যানসহ দু'খানা গাড়ী যাবার সময় এম-এমজি দ্বারা ব্রাশ করলে তাদের একখানা গাড়ী নষ্ট হয়ে যায় এবং দু'জন আহত হয়। পাকবাহিনী আহত ব্যক্তিদ্বয়কে নিযে অন্য গাড়ীসহ পালিয়ে যায়। এখানে হাবিলদার নূর মোহাম্মদ অত্যন্ত সাহসিকতার পরিচয় দেন। এখানে দুটো রাইফেল উদ্ধার করি।

২৮শে এপ্রিলঃ সিপাই শাহজাহানকে সঙ্গে নিয়ে সোনাইমুড়িতে রেকী করি। ২৯শে এপ্রিল নায়েক সফি তার সেকশন নিয়ে সোনাইমুড়ি আউটার সিগন্যাল পুনরায় অ্যামবুশ করে। কিছুক্ষণ পর পাকবাহিনীর তিনখানা গাড়ী অগ্রসর হতে থাকলে সফি ফায়ার শুরু করে। ফায়ারে সম্মুখের গাড়ীখানা অকেজো হয়ে পড়ে। সঙ্গে সঙ্গে শত্রুপক্ষ পজিশন নিয়ে পাল্টা ফায়ার শুরু করে। দু'তিন ঘণ্টা যাবৎ গোলাগুলী বিনিময় হয়। কিন্তু এ্যামুনিশন শেষ হয়ে গেলে আমাদের জোয়ানরা গা-ঢাকা দেয়। শত্রুপক্ষের একজন গুরুতরভাবে আহত হয়। এখানে পাকবাহিনীর গুলীতে একটি ছেলে ও এক বৃদ্ধ মারা যায়।

১লা মে-বগদীয়ার যুদ্ধঃ নায়েক সিরাজ এক প্লাটুন যোদ্ধা নিয়ে বগাদীয়া সেতুর কাছে এ্যামবুশ করে। এ জায়গা দিয়ে একখানা জীপসহ তিনখানা ৩-টনী লরী কিছু দূরত্ব বজায় রেখে অগ্রসর হবার সময় নায়েক সিরাজ পাকবাহিনীর উপর চরম আক্রমণ চালায় এবং প্রথম ও শেষ গাড়ীখানার উপর অনবরত গুলী চালালে ৩-টনী একখানা গাড়ী সম্পূর্ণ ধ্বংস হয়। এখানে ১৫/২০ জন খানসেনা সঙ্গে সঙ্গে নিহত হয়, কয়েকজন আহত হয়। পরক্ষণে পাকসেনারা ৩'' মর্টার ও মেশিনগান হতে অবিরাম গোলাগুলী বর্ষণ করতে থাকে। দীর্ঘ সময় যুদ্ধের পর

নায়েক সিরাজ প্লার্টুন উইথড্র করে। পাকসেনারা এখানে কয়েকটি বাড়িতে আগুন ধরিয়ে দেয় এবং একজন নিরীহ গ্রামবাসীকে হত্যা করে। এ যুদ্ধে হাবিলদার নুরুল আমীন ও অপর একজন মুক্তিযোদ্ধা গুরুতরভাবে আহত হয়। নায়েক সিরাজ অসীম সাহস ও বিরত্বের সাথে এ যুদ্ধ পরিচালনা করে।

৬ই মে-ফেনাকাটা পুলে সংঘর্ষঃ চৌমুহনী-চন্দ্রগঞ্জ রাস্তায় পাকবাহিনীর চলাচল শুরু হয়। কিন্তু এ্যামবুশ করার সুযোগ পাইনা। অবশেষে ৬ই মে নায়েক সফির সেকশন নিয়ে এ্যামবুশ পার্টি বসাই। বহুক্ষণ অপেক্ষা করার পর তিনখানা পাকসৈন্য বোঝাই ট্রাক চন্দ্রগঞ্জ থেকে চৌমুহনীর দিকে অগ্রসর হতে থাকলে আমরা অতর্কিত আক্রমণ চালাই। আমাদের এই অতর্কিত আক্রমণে পাক জোয়ানরা কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়ে। তাদের প্রস্তুতি নেয়ার পূর্বেই বেশ কয়েকজন খানসেনা ধরাশায়ী হয়। মুহূর্তের মধ্যে তারা ভারী মেশিনগান দ্বারা আমাদেরকে পাল্টা আক্রমন করে। পাকসেনাদের মেশিনগানের গুলীতে একই নামে আমাদের দু'জন বীর মুক্তিসেনা (ইসমাইল) শহীদ হন। তাদের একজনের বাড়ি আমিশাপাড়া বাজারের পশ্চিমে সাতঘরিয়া, অপরজনের বাড়ি নোয়াখালী জেলার রামগঞ্জে। এরপর আমি আমার সৈন্য তুলে নিয়ে শহীদদ্বয়ের দাফনের ব্যবস্থা করি-আওয়ামী লীগের বিশিষ্ট কর্মী চৌমুহনীর হোটেল জায়েদীর মালিক, পদিপাড়ার নূর মোহাম্মদ সাহেবের তত্ত্বাবধানে পদিপাড়াতে সমাধিস্থ করা হয়।

৮ই মে আমি ভারত থেকে মেজর খালেদ মোশাররফ সাহেবের আদেশক্রমে অস্ত্র আনয়ন করি।

৯ই মে-পুনরায় বগাদীয়াতে যুদ্ধঃ ফেনাকাটা যুদ্ধ ও অপারেশনের পর জনসাধারণ ও মুক্তিযোদ্ধাদের মধ্যে নতুন করে সাহসের সঞ্চার হয়। নায়েক সুবেদার ওয়ালীউল্লাকে বগাদীয়াতে এ্যামবুশ করার নির্দেশ দিয়ে নায়েক সুবেদার জবেদকে সঙ্গে নিয়ে আমি শত্রুবাহিনীর কর্মতৎপরতা ও অবস্থান লক্ষ করার উদ্দেশ্য চৌমুহনী রওনা হই। চৌমুহনীতে পাকবাহিনীর গতিবিধি লক্ষ করে বগাদিয়ায় ফেরার পূর্বেই নায়েক সুবেদার ওয়ালী উল্লা পাকবাহিনীর একখানা পিকআপ ভ্যানের একজন জেসিওসহ ছয়জন সৈন্যের উপর আক্রমণ করে। সঙ্গে সঙ্গে শত্রুদের দু'জন সৈন্য (জেসিও) নিহত হয়। গাড়ীখানা রাস্তায় পড়ে যায়। ইতিমধ্যে আমরাও পৌছে গেলাম। ঠিক সেই মুহূর্তে শত্রুবাহিনীর আরও দু'খানা গাড়ী এসে পড়ল। আরম্ভ হয় উভয়পক্ষের আক্রমণ আর পাল্টা আক্রমণ। প্রায় ৪/৫ ঘণ্টা গোলাগুলী বিমিনয় হয়। অবশেষে শত্রুরা হতাহত সৈন্যদের নিয়ে চৌমুহনীর দিকে চলে যায়। এখানে শত্রুপক্ষের যথেষ্ট ক্ষয়ক্ষতি স্বীকার করতে হয়। এ যুদ্ধে নায়েক সুবেদার ওয়ালীউল্লাহর কপালে গুলী লাগে এবং তিনি সামান্য আহত হন। তিনি এ যুদ্ধে অসামান্য সাহস ও বীরত্বের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেন। পাকবাহিনীর উক্ত অকেজো গাড়ীখানা স্বাধীনতার পরও দীর্ঘ কয়েক মাস রাস্তার পাশে উল্টে পড়ে থাকে।

তৎকালীন পাকিস্তান বাজারের পূর্ব দিকে যুদ্ধঃ পাকসেনাদের চৌমুহনী-লক্ষ্মীপুর সড়কে আনাগোনা বেড়ে যাওয়ায় সেই রাস্তায় এ্যামবুশ করার পরিকল্পনা করি। অবশেষে ১০ই মে এ্যামবুশ করে বসে থাকি। কিছুক্ষণ পর দেখা গেল একখানা সিভিল বাসে কিছু ছদ্মবেশে ও কিছু সামরিক পোশাকে খানসেনারা লক্ষ্মীপুরের দিকে অগ্রসর হচ্ছে। এই বাসের ২/৩ শত গজ পেছনে সামরিক গাড়ীতে আরও বহু পাকসৈন্য অগ্রসহর হচ্ছিল। প্রথম গাড়ীকেই আমরা আঘাত করি। ফলে কয়েকজন সৈন্য প্রাণ হারায়। মুহূর্তে অন্য পাক সৈন্যরা প্রস্তুত হয়ে মর্টার ও আর্টিলারীর সাহায্যে পাল্টা আক্রমণ চালালে আমরা সেখান থেকে পালতে সক্ষম হই।

১১ই মে, ১৯৭১-মীরগঞ্জে পাকবাহিনীর পরাজয়ঃ এখানে রেকী করে সুবেদার ওয়ালীউল্লাকে এ্যামবুশ করার নির্দেশ দেই এবং নায়েক আবুল হোসেনকে রাস্তায় মাইন পূঁততে নির্দেশ দিই। আবুল হোসেন মাইন বসিয়ে আত্মগোপন করে থাকে। লক্ষ্মীপুরের প্লাটুন কমাণ্ডার হালিদার আব্দুল মতিন ও তার সেকশন নিয়ে এই অভিযানে অংশগ্রহণ করে। কিছুক্ষণ পর শত্রুবাহিনী মুক্তিবাহিনীর অতর্কিত আক্রমণের ভয়ে একখানা গরুর গাড়ী সামনে রেখে অগ্রসর হতে থাকে। গরুর গাড়ীখানা পূঁতে রাখা মাইনের উপর দিয়ে অতিক্রম করার সঙ্গে সঙ্গে

প্রচণ্ড আওয়াজে সেটি কয়েক হাত উপরের দিকে উঠে যায়। প্রচণ্ড আওয়াজে হানাদার খানসেনারা এতই আতঙ্কগ্রস্ত হয়ে পড়ে যে তারা কয়েকজন অস্ত্র ফেলে প্রাণপণে পালানো চেষ্টা করে। অমনি শুরু হয় আমাদের গোলাগুলী। কয়েকজন হতাহতও হয়। জানা যায়, শত্রুরা পালিয়ে যাবার সময় জনসাধারণের হাতে দু'জন খানসেনা মাছ মারা রাকসা দ্বারা আহত হয়। শত্রুপক্ষের ফেলে যাওয়া বেশ অস্ত্রশস্ত্র আমাদের হস্তগত হয়। এখানেও সুবেদার ওয়ালীউল্লাহ অসীম বীরত্বের সাথে যুদ্ধ করেন।

১২ই মে চৌমুহনীর দেড়মাইল উত্তরে মান্দারহাটে শত্রুদের উপর চরম আঘাত হানার জন্য আমি এক প্লাটুন মুক্তিসেনা নিয়ে এ্যামবুশ করার জন্য অপেক্ষা করতে থাকি। তখন চৌমুহনীতে পাকবাহিনীর বিরাট ঘাঁটি অবস্থান করছিল। এ সময়ে পাকবাহিনী গুপ্তচর দ্বারা খবর নিয়ে অতর্কিত এক ব্যাটালিয়ন সৈন্য নিয়ে আমাদেরকে ঘিরে ফেলার চেষ্টা করলে আমরা সেখান থেকে কোন প্রকারে পালিয়ে যেতে সক্ষম হই। কিন্তু পাকবাহিনী আমাদের ধরতে না পেরে মান্দারহাট বাজারটি পুড়িয়ে দেয়।

১৩ই মেঃ এদিন বিকেল দু'টায় খবর পেলাম নোয়াখালীর এস-ডি-ও দুই গাড়ী পাকসৈন্যসহ আজ লক্ষ্মীপুর পরিদর্শনে গেছেন। তাদের প্রত্যাগমনে বাধার দেওয়ার জন্য হাবিলদার নূর মোহাম্মদ এক প্লাটুন সৈন্য নিয়ে চন্দ্রগঞ্জের নিকট কোন এক জায়গায় এ্যামবুশ করেন। এ এ্যামবুশে এস-ডি-ও সহ কয়েকজন সৈন্য আহত হয়।

১৪ই মেঃ নায়েক আবুল হোসেন বিপুলাশ্বর স্টেশনের কাছে কয়েকটি মাইন পুতেঁ রাখে। কিন্তু পাকসেনাদের গাড়ী অতিক্রম করার পূর্বেই একখানা ইট বোঝাই ট্রাক সে স্থান অতিক্রম করার সময় ট্রাকটি পড়ে যায়। অন্যদিকে একই দিনে হাবিলদার নূর মোহাম্মদ তাঁর প্লাটুন নিয়ে চন্দ্রগঞ্জে এ্যামবুশ করেন। লক্ষ্মীপুর থেকে অগ্রগামী একখানা লরী বোঝাই খানসেনাদের এ্যামবুশ করে ৫/৬ জনকে খতন করতে সক্ষম হয়। অসমর্থিত খবরে জানা যায়, একজন কর্নেলও নাকি নিহত হয়। পরে তারা দোয়াইরা গ্রামটি জ্বালিয়ে দেয়।

১৫ই মেঃ নায়েক সুবেদার ইসহাক এক প্লাটুন মুক্তিযোদ্ধা নিয়ে ৭ মাইল পায়ে হেঁটে খিলপাড়ার পশ্চিমে মইলকার দীঘিরপারে পাক হানাদার বাহিনীর ছোট একটি ছাউনী আক্রমণ করে সেখান থেকে তাদেরকে বিতাড়িত করতে সক্ষম হয়। নায়েক সুবেদার ইসহাক এখানে অত্যন্ত সাহসের পরিচয় দেয়।

১৮ই মে, ১৯৭১-সাহেবজাদার পুল ধ্বংসঃ ওয়ালীউল্লাহ মাইন দ্বারা সাহেবজাদার পুলটি ধ্বংস করে লাকসাম-নোয়াখালীর যোগযোগ বিচ্ছিন্ন করে দেয়।

১৯শে মে-বগাদিয়ায় পুনরায় সংঘর্ষঃ নয়েক আবুল হোসেনকে মাইন বসানোর নির্দেশ দিয়ে গোপনে এ্যামবুশ করে বসে থাকি। সকাল ৯টার সময় ৩জন পাকসেনা বেবী ট্যাক্সি করে লাকসাম যাবার সময় বগাদিয়ায় পৌঁলে পোঁতা মাইন বিস্ফোরণে বেবীট্যাক্সিটি কয়েক গজ দূরে উড়ে যায় এবং ৩জন খানসেনই নিহত হয়। এ খবর শত্রুবাহিনীর কানে পৌছামাত্র এক কোম্পানী সৈন্য নিয়ে ঘটনাস্থলে উপস্থিত হলে আমরা গা-ঢাকা দিই।

২৬শে মেঃ সুবেদার ওয়ালীউল্লাহ দালাল বাজার রাজাকার ক্যাম্প আক্রমন করে ৩০ জন রাজাকারকে হত্যা করে এবং ৬টি রাইফেল উদ্ধার করে।

২৮ শে মেঃ পুনরায় সেক্টর কমাণ্ডারের আদেশক্রমে ভারতে কনফারেন্সে যোগ দিয়ে কিছু এ্যামুনিশন নিয়ে আসি।

২৯ শে মেঃ মীরের হাট থেকে ১৫ জনের একটি রাজাকার দল আসতে থাকলে হাবিলদার আব্দুল মতিন তাদেরকে আক্রমণ করে। শেষ পর্যন্ত ১৫ জন রাজাকারই হাবিলদার মতিনের হাতে ধরা পড়ে এবং নিহত হয়।

সশস্ত্র প্রতিরোধে কুমিল্লা

সাক্ষাৎকারঃ সুবেদার সৈয়দ গোলাম আম্বিয়া
২০-০৭-১৯৭৬

২৬শে মার্চ সকাল বেলা আখাউড়া কোম্পানী হেডকোয়ার্টার থেকে একজন নায়েক অপারেটর সিঙ্গারবিলে আসে এবং বলে যে, ঢাকার অবস্থা খুব খারাপ কুমিল্লাতেও আমাদের লোকজনকে মেরে ফেলা হয়েছে। এ খবর পাবার পর আমি আমার লোকজনকে গোপনে ডাকি। কমাণ্ড আমি আমার হাতে নিই, আর কেউ সিনিয়র না থাকাতে। সিদ্ধান্ত নেয়া হল, ৬টা বিওপিতে সমস্ত পশ্চিম পাকিস্তানী ইপিআরকে আজ রাতের মধ্যে শেষ করতে হবে। পরদিন সকালে খবর পাঠানো হল, সকল বিওপি ছেড়ে অস্ত্রশস্ত্র নিয়ে আখাউড়া সিমেনা হলের সামনে সমবেত হওয়ার জন্য। ২৮শে মার্চ সবাই আখাউড়াতে গিয়ে একত্রিত হয়।

২৯শে মার্চ সমস্ত বাঙালী ইপিআর আখাউড়ার জনসাধারণের সাহায্য ও সমর্থনপুষ্ট হয়ে আখাউড়া কোম্পানী হেডকোয়ার্টারে আক্রমণ চালায়। কিছুক্ষণ যুদ্ধ চলার পর ডব্লিউপিআররা রাতের অন্ধকারে দুটি লাশ ফেলে পালিয়ে যায়। আখাউড়া থেকে ৪ মাইল দক্ষিণে জনসাধারণ তাদেরকে ঘিরে ফেলে। দুইজন লোককে পশ্চিম পাকিস্তানী রাইফেল দিয়ে গুলী করে হত্যা করেছিল। তারপর আমার এক প্লাটুন ইপিআর সেখানে যাওয়াতে তারা স্থানীয় মসজিদে ঢুকে পড়ে। শত্রুর এক সুবেদার ও এক নায়েব সুবেদারসহ ১৪জনকে সেখানে হত্যা করা হয়।

কোম্পানী হেডকোয়ার্টার থেকে সমস্ত অস্ত্রশস্ত্র, গোলাবারুদ, অয়ারেলস সেট, রেশন আমরা সরিয়ে সিনেমা হলের সামনে স্কুলে নিয়ে আসি। দুইজন হাবিলদারকে নায়েক সুবেদার দিয়ে ৩টা প্লাটুন খাড়া করি এবং আখাউড়া রেলওয়ে স্টেশনসহ ঐ এলাকায় ডিফেন্স তৈরি করি।

২রা এপ্রিল মেজর খালেদ মোশাররফ ব্রাহ্মণবাড়িয়া থেকে টেললেফোনে আমার সাথে কথা বলেন, তিনি আমাকে একটা প্লাটুন দিয়ে উজানিসার ও আর একটা প্লাটুন দিয়ে গঙ্গাসাগর রেলওয়ে স্টেশনে ডিফেন্স করার নির্দেশ দেন। ৪ঠা এপ্রিল দুটি প্লাটুন উল্লিখিত জায়গায় মোতায়েন করা হয়। ৫ই এপ্রিল আমি নিজেও উজানিসার চলে যাই।

১২ই এপ্রিল উজানিসার ও গঙ্গাসাগর ব্রীজ আংশিক নষ্ট করে দেয়া হয়-পাকিস্তান সেনাবাহিনীর যোগাযোগ বিচ্ছিন্ন করার জন্য যাতে কুমিল্লা থেকে সরাসরি ব্রাহ্মণবাড়িয়া আসতে না পারে।

১৪ই এপ্রিল পাকিস্তান সেনাবাহিনীর একটা বিগ্রেড কুমিল্লা সেনানিবাস থেকে ব্রাহ্মণবাড়িয়ার দিকে অগ্রসর হয়। উজানিসার ব্রীজের হাজার গজ দূর থেকে একটা কোম্পানী থেকে নেমে রাস্তার দুপাশে নালা দিয়ে অগ্রসর হতে থাকে। ব্রীজের নিচে আমাদের বাংকার ছিল। শত্রুরা আমাদের কাছাকাছি আসার পর তাদের উপর ফায়ার ওপেন করা হয়। আমাদের এই আচমকা আক্রমণে তাদের অনেকেই হতাহত হয়। নৌকাতে তারা সমস্ত লাশ বোঝাই করে নিয়েছিল। ঐ নৌকার মাঝি পরে আমাদেরকে বলেছিল যে, একজন অফিসারসহ ১৭৩ জন সৈন্য ওদের নিহত হয়েছিল।

তারপর পাকিস্তানী সৈন্যরা পেছনে গিয়ে আর্টিলারী ও মর্টাররের সাহায্যে আমাদের গোলাবর্ষণ করতে থাকে। আমাদের কাছে কোন আর্টিলারী বা মর্টার ছিল না। ব্রাহ্মণবাড়িয়াতে ক্যাপ্টেন আইনউদ্দিনের কাছে খবর পাঠানো হয়েছিল আমাদেরকে সাহায্য করার জন্য। আমাদের লোক ব্রাহ্মণবাড়িয়াতে গিয়ে ৪র্থ বেঙ্গলের কাউকে পায়নি। জনসাধারণ বলেছে যে তারা নাকি আখাউড়ার দিকে চলে গেছে। পাকিস্তানীদের প্রচণ্ড আক্রমণের মুখে টিকতে না পেরে আমরা (আমাদের দুই প্লাটুন সৈন্য) উইথড্র করে আখাউড়া রেলওয়ে স্টেশনে চলে আসি। এদিকে ব্রাহ্মণবাড়িয়াতেও আমাদের কোন ডিফেন্স নাই। তাই বাধ্য হয়ে আমরা উইথড্র করি।

---

* বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংকলিত

উজানিসারে প্রচণ্ড মার খেয়ে পাকিস্তানী সৈন্যদের এক ব্যাটালিয়ন সৈন্য গঙ্গাসাগর হয়ে আখাউড়া আসার চেষ্টা করে। আমাদের এক প্লাটুন ইপিআর হাবিলদার আসদ্দর আলীর নেতৃত্বে গঙ্গাসাগর ব্রীজে ডিফেন্স বানিয়েছিল। পাকিস্তানী সৈন্যরা সেখানে পৌছলে এক প্লাটুন ইপিআর তাদের উপর ফায়ার ওপেন করে। এই অতর্কিত আক্রমণে (১৫ই এপ্রিল) পাকিস্তানীদের ৩জন অফিসারসহ আনুমানিক ৭০/৭৫জন সৈন্য নিহত হয়েছিল। তিনজন অফিসারের কবর ও সৈন্যদের কবর সেখানে পাওয়া গিয়েছিল। প্লাটুনটির ডিফেন্স দুদিন সেখানে থাকে। পাকিস্তানী সৈন্যরাও তাদের ডিফেন্স মজবুত করে। পাকিস্তানী ব্রিগেড কমাণ্ডার ঐ ব্যাটালিয়নকে উইথড্র করে নতুন আর একটা ব্যাটালিয়ন গঙ্গাসাগরে পাঠায় এবং দুই দিনের মধ্যে গঙ্গাসাগরে মুক্তিফৌজদের ডিফেন্স ধ্বংস করে আখাউড়া পৌছার নির্দেশ দেয়। পাকিস্থানী সৈন্যরা পানিতে ঝাঁপিয়ে পড়ে এবং গুলী ছুঁড়তে ছুঁড়তে আমাদের ডিফেন্সে চলে আসে। আর্টিলারী ও ৩'' মর্টার দিয়ে তারা ওভারহেড ফায়ার অব্যাহত রেখেছিল। ইপিআর মোহাম্মদ সুফি মিয়া তখনও গুলী ছুঁড়ে চলছিল। পাকিস্তানী সৈন্যরা বাংকারে ঢুকে তাকে বেয়নেট দিয়ে খুঁচিয়ে হত্যা করে। ল্যান্স নায়েক মোবাশ্বের আলীকেও বাংকারে ঢুকে বেয়নেট দিয়ে হত্যা করা হয়। ৭ জনকে গুরুতররূপে আহত অবস্থায় আগরতলা হাসপাতালে পাঠানো হয়। ১৮ই এপ্রিল প্লাটুন-এর অন্যান্য সৈন্য উইথড্র করে আখাউড়া চলে আসে।

১৯শে এপ্রিল পুরো ইপিআর কোম্পানীকে ক্লোজ করে আখাউড়ায় একত্রিত করা হয়। এখানে ৪র্থ বেঙ্গলের ১টা কোম্পানীও এসেছিল ক্যাপ্টেন আইনউদ্দীনের নেতৃত্বে।

২১শে এপ্রিল ঘয়েরকোট ও ইটনা গ্রামে আমরা মিলিতভাবে ডিফেন্স করি।

২২শে এপ্রিল গঙ্গাসাগরে এক এামবুশে আমরা ৬জন পাকিস্তানী সৈন্যকে হত্যা করি ও বাইশ হাজার চীনা এ্যামুনিশন উদ্ধার করি ৫টা রাইফেল ও একটা স্টেনগানসহ।

২৮শে এপ্রিল আমাদের দুট প্লাটুনকে ক্যাপ্টেন আইনউদ্দীন আজমপুরে আসার নির্দেশ দেন।

১১ই মে আজমপুরে আমরা এক এ্যামবুশ তৈরি করি। পাকিস্তানী সৈন্যদের একটি কোম্পানী সিলেটের মুকুন্দপুর থেকে আজমপুরের দিকে আসছিল। আমাদের দুটি প্লার্টুন নরসিঙ্গর নামক জায়গায় ওদেরকে এ্যামবুম করে। এই এ্যামুবশে তাদের ৬৩জন নিহত হয়।

১৩ই মে সিঙ্গারবিল এলাকায় এক এ্যামবুশে ৩ জন পাকিস্তানী সৈন্য নিহত হয়।

১৮ই মে এই এলাকায় এক রেইডে ৬ জন পাকিস্তানী সৈন্য নিহত হয়। একজন আহত সৈন্যকে ধরে নিয়ে আসা হয়েছিল।

২৭শে মে রাজাপুর এলাকায় এক রেইডে ৪ জন পাকসেনা নিহত হয়।

২৯শে মে সিঙ্গারবিল এলাকায় এক এ্যামবুশে ৬ জন পাকসেনা নিহত হয়। ৩১শে মে সিঙ্গারবিলে আর এক এ্যামবুশে ১৩ জন পাকসেনা নিহত হয়। ৪ঠা জুন দুটি এ্যামবুশে ৯ জন পাকসেনা নিহত হয় সিঙ্গারবিল এলাকায়।

কুমিল্লা ও নোয়াখালী জেলায় সশস্ত্র প্রতিরোধের আরও বিবরণ*

\ বড় কামতার যুদ্ধ \

বর্ডার পেরিয়ে আগরতলা এসে পৌছেছি। তারপর ক'টা দিন কেটে গেছে। মুক্তিবাহিনীর ভাইদের স্বচক্ষে দেখবার জন্য আর তাদের মুখে মুক্তিযুদ্ধের কথা শোনাবার জন্য আকুলি-বিকুলি করে মরছিলাম। কিন্তু আমাদের

* সত্যের সেন রচিত 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ', কলিকাতা, আগস্ট ১৯৭১ থেকে সংকলিত।

মত লোকদের পক্ষে এত তাড়াতাড়ি তাদের সন্ধান পাওয়া সহজ নয়। অতিরিক্ত আগ্রহ দেখালে হয়তোবা সন্দেহভাজন হয়ে পড়ব! শুনলাম শহর থেকে মাইল পাচেক দূরে প,বি, হাসপাতালে মুক্তিবাহিনীর দশ-বারো জন আহত যোদ্ধা রয়েছে। সেখানে গিয়ে তাদের সঙ্গে দেখা করলে আমাদের মনের আশা মিটতে পারে।

কিন্তু কাজটা কি এতই সহজ! আমরা যে পাকিস্তানের গোয়েন্দা বিভাগের লোক নই তারই বা প্রমাণ কি? এখনকার অবস্থায় এই সন্দেহ তো জাগতেই পারে। কিন্তু কার্যক্ষেত্রে নেমে দেখলাম, আমাদের খুব বেশী বেগ পেতে হোল না। আমরা যে পরিচয়সূত্রটুকু নিয়ে গিয়েছিলাম, তাতেই কাজটা সহজ হয়ে গেল। বেলা এগারোটা থেকে সন্ধ্যা পর্যন্ত আমরা তাদের মুখে তাদের নানা কাহিনী শুনলাম। আমার মনে হোল তারা যেন প্রথমত কিছুটা আড়ষ্ট বোধ করছিল, পরে কথা বলাবলির মধ্যে দিয়ে আমাদের সম্পর্কটা সহজ হয়ে গেল।

সবসুদ্ধ চার জায়গার চারজন মুক্তিযোদ্ধার সঙ্গে আমরা আলাপ করেছি। তিনজের সাথে কথা শেষ করে চতুর্থ জনের সঙ্গে কথা শুরু করতেই চমকে উঠলাম। আমি প্রশ্ন করেছিলাম, আপনি কোন জায়গায় লড়াই করে জখম হয়েছেন। তিনি উত্তর দিলেন-সে জায়গার নাম বড়কামতা এই কথা শোনার পর আমার চমকে ওঠার কথাই তো। এই তো মাত্র ক'দিন আগে কড়কামতায় এক রাত্রি যাপন করে এসেছি। সে কথা কি এখনই ভুলে যেতে পারি!

বড়কামতা?

হ্যাঁ, বড়কামতা। আমার মানসচক্ষে সেই স্বল্পভাষী যুবকটির মুখ ভেসে উঠছিল। আর স্মৃতিপটে ভেসে আসছিল স্খলিত কণ্ঠে বৃদ্ধের সেই ব্যাকুল প্রার্থনা, দুর্গা, দুর্গা। তাহলে আমার সেই এক রাত্রির স্নেহঘন আশ্রয় বড়কামতা গ্রামটিও যুদ্ধের আগুনে পুড়ে ছাই হয়ে গিয়েছে?

ওরা কোন তারিখে হামলা করেছিল আর সেই সময় আপনারাইবা সেখান থেকে কতদূরে ছিলেন?

ওরা হামলা করেছিল ৩০-এ, অর্থাৎ ৩০-এ এপ্রিল তারিখে।

আমরা ২৫-এ তারিখে প্রথম সেখানে যাই। তার পর থেকে সেখানেই ছিলাম। কি আশ্চর্য কান্ড, আর কি অদ্ভুত যোগাযোগ!

আমি খুব তাড়াতাড়ি মনে মনে হিসেব করে দেখলাম আমরা চার বন্ধু সেই ২৫-এ এপ্রিল তারিখেই বড়কামতায় আশ্রয় নিয়েছিলাম। এঁরাও আমাদের কাছাকাছি ছিলেন। কিন্তু আমরা বাইরের লোক, এঁদের কেমন করে জানব।

আপনার ক'জন ছিলেন?

আমরা মুক্তিবাহিনীর দশজন লোক সেখানে গিয়েছিলাম। কিন্তু ঐ ক'টি দিনের মধ্যে ঐ অঞ্চলে আরও পাঁচজন লোককে ট্রেনিং দিয়ে আমাদের দলের সঙ্গে যুক্ত করে নিয়েছিলাম বলে আমাদের মুক্তিযোদ্ধাদের সংখ্যা দাঁড়াল পনের।

এই ক'দিনে বড়কামতার লোকেরা আমাদের, নিজেদের আপন জনের মত গ্রহণ করে নিয়েছিল। আমরা সবাই মিলেমিলে সংসার করছিলাম। আমরা এখান থেকে ওখান থেকে বড় বড় মাছ ধরে আনতাম। কখনো তাঁরা রান্না করতেন, কখনো বা আমরা। কিন্তু খাবার বেলায় সবাই ভাগাভাগি করে খেতাম। কিসের হিন্দু আর কিসের মুসলমান, আমাদের জাত-পাতের বালাই ছিল না।

উপর থেকে নির্দেশ পেয়ে আমরা ২৯শে এপ্রিল তারিখে চান্দিনার পূর্বদিকে ঢাকা-কুমিল্লা সড়কের একটা পুল উড়িয়ে দিলাম। ক'দিন থেকেই চান্দিনা অঞ্চলে মিলিটারিরা বেশ তোড়জোর চালাচ্ছে দেখতে পাচ্ছিলাম।

কয়েকদিনের মধ্যে এরা একটা কিছু ঘটাবে সেটা মনে মনে অনুমান করেছিলাম। আমাদের এই ছোট দলটিও সেজন্য তৈরী ছিল। ওরা একটা কিছু অঘটন ঘটালে আমরাও একেবারে চুপ করে থাকব না। ওরা যাই মনে করে থাকুক না কেন, ব্যাপারটা একদম একতরফা হবে না।

২৯ তারিখে পুল উড়িয়ে দেবার পর ওরা কোথাও না কোথাও হামলা করবেই। কিন্তু ওদের সেই হামলাটা কোথায় হবে সেটাই হচ্ছে প্রশ্ন।

কিন্তু এ নিয়ে বেশী মাথা ঘামাতে হোল না। ওরা পরদিন সকালবেলা চারখানা সৈন্য বোঝাই গাড়ি সাজিয়ে এই বড়কামতায় এসে হানা দিল। ওরা কি তবে সন্দেহ করতে পেরেছে যে, আমরা এখানে এসে আশ্রয় নিয়ে আছি? কিন্তু তখন বেশী ভাব্বার সময় ছিল না। ওরা প্রথমেই কতকগুলি বাড়িতে আগুন ধরিয়ে দিল। ওদের সংখ্যা পঞ্চাশ থেকে ষাট। ইতিমধ্যে আমরা মুক্তিবাহিনীর যোদ্ধারা ওদের দৃষ্টির আড়ালে দাঁড়িয়ে নিজ নিজ সংখ্যা পঞ্চাশ থেকে ষাট। ইতিমধ্যে আমরা মুক্তিবাহিনীর যোদ্ধারা ওদের দৃষ্টির আড়ালে দাঁড়িয়ে নিজ নিজ পজিশন নিয়ে নিয়েছি। ওরা প্রথমেই কোন বাধা না পেয়ে নিশ্চিন্ত মনে তাদের ধ্বংসের কাজে এগিয়ে চলেছিল।

আমরা প্রথম সুযোগ পাওয়া মাত্র একই সঙ্গে চারটা গাড়ির উপর 'ব্রাশ' করে চললাম। আমাদের মিলিটারি ভাষায় 'ব্রাশ' কথার মানে একই সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে গুলির পর গুলি চালিয়ে যাওয়া। থামিয়ে না দিলে এইভাবে ক্রমান্বয়ে গুলির পর গুলি চলতে থাকে। এই একটানা গুলিবর্ষণের ফলে সৈন্য-বোঝাই চারটা গাড়িই লন্ডভন্ড হোতে চলল। আমাদের এই প্রচণ্ড আক্রমণ শেষ পর্যন্ত ওরা সহ্য করতে না পেরে প্রাণ নিয়ে পালাল।

৩০শে এপ্রিলের যুদ্ধের এটা প্রথম পর্ব। এরপরই যে দ্বিতীয় পর্ব শুরু হয়ে যাবে সেটা বুঝতে বেশী বুদ্ধির দরকার করে না। এখানে ক্যান্টনমেন্ট কতই বা দূর। কিন্তু দ্বিতীয় পর্বটা যে এত তাড়াতাড়ি শুরু হয়ে যাবে তা আমরা ভাবতে পারিনি। এর এক ঘণ্টা কি দেড় ঘণ্টা বাদেই ওরা সৈন্য বোঝাই গাড়ির মিছিল সাজিয়ে চলে এল। ওদের আঠারটা ট্রাক বিকট আওয়াজে পথঘাট কাঁপিয়ে এই পরাজয়ের প্রতিশোধ নিতে দ্রুতবেগে ছুটে আসছিল। অনুমানে বুঝলাম প্রতিপক্ষ দু'শ জনের কম হবে না। ওদের সঙ্গে মর্টার, মেশিনগান, রাইফেল কোন কিছুর অভাব ছিল না। ওরা এবার রীতিমত শিক্ষা দিয়ে যাবে। ওরা এসেই বেশ বড় একটা এলাকাকে ঘেরাও করে ফেলল।

আমাদের মুক্তিযোদ্ধাদের মধ্যে চারজন সেই ঘেরাও-এর মধ্যে আটকা পড়ে গেছে। আমাদের ঘেরাও-এর সুবিধা হচ্ছে এই যে, ওদের আমরা ভালভাবেই দেখতে পাচ্ছি। কিন্তু এত সমস্ত লোকের ভিড়ে মুক্তিযোদ্ধারা কোথা মিশে আছে এবং তারা কোথায় কোথায় পজিশন নিয়ে দাঁড়িয়ে আছে সে সম্পর্কে ওদের বিন্দুমাত্র ধারণা নেই।

বড়কামতা গ্রামের অধিবাসীদের মধ্যে বেশ বড় একটা অংশ বারুই বা বারুইজীবী শ্রেণীর লোক। সেজন্য গ্রামের এখানে ওখানে বহু পানের বরোজ আছে। এই বরোজগুলো সেদিন মুক্তিযোদ্ধাদের পক্ষে যথেষ্ট সাহায্য করেছিল এগুলির মধ্যে আশ্রয় নিয়ে তারা শত্রুদের বেছে বেছে তাক করে মারছিল।

একটা কথা এখানে বিশেষভাবে উল্লেখ করা দরকার পাকসৈন্যদের বিরুদ্ধে শুধু যে আমরাই লড়াই করছিলাম তা নয়, গ্রাম থেকে দলে দলে লোক এসে আমাদের সঙ্গে যোগ দিয়েছিল। দুএকশ' লোক নয়, আমার মনে হয় তাদের সংখ্যা দু-তিন হাজারের কম হবে না। লোকগুলি ক্ষিপ্তের মত ছুটে আসছিল। তাদের হাতে লাঠিসোঁটা, বর্শা-বল্লম থেকে শুরু করে বন্দুক পর্যন্ত। এই দুঃসাহসী লোকগুলি এই হাতিয়ার নিয়ে মর্টার আর মেশিনগানের বিরুদ্ধে লড়াই করতে ছুটে আসছে। এদের উন্মাদ ছাড়া র কি বলা চলে! কিন্তু একটা কথা স্বীকার করতেই হবে যে, তাদের এই উন্মাদনা আমাদের মধ্যে নতুন শক্তি ও অনুপ্রেরণা সৃষ্টি করে তুলেছিল। ওরা নানারকম জয়ধ্বনি আর বিকট গর্জন করতে করতে ছুটে আসছিল। সেই গর্জন শত্রুদের মনেও ভয়ের কাঁপন জাগিয়ে তুলেছিল। ওরা কেমন যেন দিশেহারা হয়ে পড়েছিল। এ ধরনের ঘটনা যে ঘটতে পারে এটা

আমরা কখনও আশা করতে পারিনি। অতি সাধারণ মানুষ যে দেশের ডাকে, স্বাধীনতার ডাকে এমন অসাধারণ ভূমিকা গ্রহণ করতে পারে, এমন অভিজ্ঞতা আমাদের আর কখনও হয়নি। এইভাবে ঘণ্টা দুই ধরে দুই পক্ষে যুদ্ধ চলল। আমরা নিরাপদ আশ্রয়ে দাঁড়িয়ে শত্রুসৈন্যদের তাক করে করে মারছিলাম। আর এই ক্ষিপ্ত জনতা তাদের যৎসামান্য হাতিয়ার নিয়ে তাদের পক্ষে যেটুকু সম্ভব তা করে চলেছিল। মর্টার গর্জন করছে, বোমা ফাটছে, মেশিনগান চলছে, গ্রামের পর গ্রাম আগুনে জ্বলে পুড়ে যাচ্ছে, কিন্তু ওরা যেন ভয় পাবার কথা ভুলেই গেছে। ভয় পেয়ে পালাবে দূরে থাক, ওদের সংখ্যা ক্রমেই বেড়ে চলেছে।

এই দু'ঘণ্টার যুদ্ধে বহু সাধারণ মানুষ মারা গেছে। আমরা যে চারজন ঘেরাও-এর মধ্যে আটকা পড়ে গেছি তাদের মধ্যে দু'জন জখম হয়েছে। এই দুই ঘণ্টার যুদ্ধ ওদের অনেক হিসেবই ভন্ডুল করে দিয়েছে। হাজার হাজার সাধারণ মানুষের এই নির্ভীক ও মারমুখো মূর্তি এবং তাদের মুহুর্মুহু গগনভেদী চীৎকারে ওরা কেমন যেন হতভম্ব হয়ে গিয়েছিল। এমন অভিজ্ঞতা ওদের কখনও হয়নি। এমন দৃশ্য আমরা কোনদিন দেখিনি।

শেষ পর্যন্ত আমরাই সেদিন এই যুদ্ধে জয়লাভ করেছিলাম। আমাদের সামান্যসংখ্যক মুক্তিযোদ্ধা সেদিন যে বীরত্ব ও রণচাতুর্জ দেখিয়েছিল সে কথা হয়তো কেউ কোনদিন জানবে না। কিন্তু এই অঞ্চলের সাধারণ কৃষক জনতা সেদিন যে শক্তি, সাহস আর দেশপ্রেমের পরিচয় দিয়েছিল, আর কেউ জানুক আর না জানুক, আমরা তা কোনদিন ভুলতে পারব না।

শেষ দৃশ্য। পাকসৈন্যরা রণক্ষেত্র ত্যাগ করে প্রাণ বাঁচানোর জন্য যে যেদিকে পারছে উর্ধ্বশ্বাসে ছুটে চলেছে। তাদের পেছন পেছন ক্ষিপ্ত, উন্মুক্ত জনতা যার যার হাতিয়ার উঁচিয়ে তাড়া করে চলেছে।

আমার কাছ থেকে বেশ কিছুটা সামনে তিনজন পাঞ্জাবী সৈন্য ওদের অজানা অচেনা পথে ছুটে চলেছে। একমাত্র আমি ছাড়া ওরা যে আর কারও নজরে পড়েনি, এটা ওদের জানা নেই। কেমন করে জানবে? একবার মুখ ফিরিয়ে পেছন দিকে তাকাবার সাহস পর্যন্ত নেই। আমি সেই সুযোগটাকে ভালভাবেই কাজে লাগালাম। আমি পরপর গুলি করে একজন একজন করে ওদের তিনজনকেই ভূপাতিত করলাম। সামনে গিয়ে দেখলাম, ওদের তিনজের মধ্যে একজন তখনও মরেনি। আমি এক গুলিতেই আমার সেই অসমাপ্ত কাজটিকে সমাপ্ত করে দিলাম।

এর পরের কাজ ওদের থেকে অস্ত্র নিয়ে নেয়া। সেই অস্ত্র নিয়ে বীর জনতার হাতে তুলে দিলাম। এতক্ষণ বাদে আমার নজরে পড়ল যে, আমি নিজেও অক্ষত নই। এই যে দেখুন, আমার হাতের এই জায়গায় একটা বুলেট বিদ্ধ হয়েছিল। কিন্তু এতক্ষণ এত সমস্ত উত্তেজনাকর ঘটনার মধ্যে আমিও তা টের পাইনি। এরপর চিকিৎসার জন্য চলে এলাম এ হাসপাতালে।

যিনি এতক্ষণ এ কথা বলছিলেন, তিনি বেঙ্গল রেজিমেন্টের একজন সুবেদার। এই পর্যন্ত বলে তিনি থামলেন। তার কথা বুঝলাম বড়কামতার যুদ্ধের ঐখানেই পরিসমাপ্তি।

কিন্তু আমার বোঝাটা যে কত বড় ভুল বোঝা সেটা বুঝলাম আরও কয়েকদিন বাদে। এবারকার এই 'পতন-অভ্যুদয় বন্ধুর পন্থায়' চলতে চলতে কি আশ্চর্যভাবে আর কি অপ্রত্যাশিতভাবে কতরকম লোকের সঙ্গে যোগাযোগ হয়ে যাচ্ছে! একজনের মুখে শোনা অসম্পূর্ণ কাহিনী কি বিচিত্রভাবে আর একজন এসে সম্পূর্ণ করে দিয়ে যাচ্ছে। এই তো সেদিন হঠাৎ চান্দিনা কৃষক সমিতির আমার এক পরিচিত সহকর্মীর সঙ্গে দেখা হয়ে গেল। তার মুখে শুনলাম, এই বড়কামতার যুদ্ধে শুধু মুক্তিযোদ্ধারাই নয়, তারা নিজেরাও ভালভাবেই জড়িত ছিলেন।

৩০শে এপ্রিল তারিখে পাকিস্তানী সৈন্যরা যখন দ্বিতীয়বার বড়কামতা আক্রমণ করল তখন শুধু মুক্তিবাহিনীর যোদ্ধারাই তাদের সঙ্গে মোকাবিলা করেনি, বহু সাধারণ মানুষ সেদিন এ লড়াইয়ে যোগ দিয়েছিল, এ কথা আমরা সেই মুক্তিবাহিনীর যোদ্ধার মুখে আগেই শুনেছিলাম। আমাদের চান্দিনার সেই পরিচিত কৃষক কর্মীটির মুখে শুনলাম প্রায় পাঁচ-ছয় হাজার কৃষক সেদিন এ লড়াইয়ে যোগ দিয়েছিল।

পরদিন ১লা মে তারিখে গতদিনের পরাজয়ের ঝাল মেটাবার জন্য সকাল দশটায় প্রায় হাজারখানেক পাকসেনা পুনরায় এই অঞ্চলে আসে। গতদিনের অভিজ্ঞতা থেকে তাদের মনে এই ধারণার সৃষ্টি হয়েছিল যে, এই এলাকায় মুক্তিবাহিনীর বেশ বড় রকমের ঘাঁটি রয়েছে। তাদের সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন করে দেবার সঙ্কল্প নিয়ে তারা বেশ বড়রকমের প্রস্তুতি নিয়ে এখানে এসে হামলা করল। তারা চান্দিনার দুই মাইল পূর্বে কোরপাই থেকে আরম্ভ করে চান্দিনার এক মাইল পশ্চিমে হাটখোলা পর্যন্ত সমস্ত পাকা রাস্তায় পজিশন নেয়। তাছাড়া কিছু দূরে মেশিনগান ও কামান পেতে রাখে। তিন-চার শ' পাকসেনা বাড়ির ভেতর ঢুকে পড়ে এবং বাড়িগুলি আগুন দিয়ে জ্বালিয়ে দিতে থাকে। কিন্তু মুক্তিবাহিনীর যোদ্ধারা তখন ঘটনাস্থল থেকে বহু দূরে সরে গিয়ে নিরাপদ স্থানে আশ্রয় খুঁজে নিয়েছে হামলাকারীরা বুঝতে পারল যে, তাদের হাতের শিকার ফসকে গিয়েছে। শেষ পর্যন্ত চারদিককার গ্রামবাসীদের উপর মনের ঝাল মিটিয়ে এই রক্তখাদক মানুষশিকারীর দল তাদের ক্যান্টনমেন্টে ফিরে চলে গেল।

॥ মুক্তিযুদ্ধে ফেনী ॥

এপ্রিলের প্রথমভাগেই নোয়াখালীর ফেনী শহরে মুক্তিবাহিনী গড়ে উঠেছিল। বেঙ্গল রেজিমেন্টের মেজর জিয়াউর রহমান ছিলেন এই বাহিনীর সংগঠক ও নায়ক। বেঙ্গল রেজিমেন্ট ও ই-পি-আর বাহিনীর জওয়ানরা, পুলিশ, আনসার, ছাত্র, সাধারণ মানুষ-এরা সবাই এই বাহিনীতে সামিল হয়েছিল। হাতিয়ার বলতে এদের কিছু রাইফেল আর বন্দুক। তাছাড়া বর্শা, বল্লম, লাঠিসোঁটা ইত্যাদিও ছিল। এই অস্ত্র সম্বল করে, সবকিছু জেনেশুনেও তারা কামান, মর্টার আর মেশিনগানের বিরুদ্ধে লড়াই করবার জন্য তৈরী হয়েছিল। তখন তারা ভাবতেও পারেনি যে, এর চেয়েও মারাত্মক অস্ত্র নিয়ে ওরা তাদের উপর হামলা করবে। কিন্তু যখন সে সময় এর, তখন তাতেও পিছ-পা হয়নি তারা।

মুক্তিবাহিনী প্রস্তুতি নেবার জন্য বেশী সময় পায়নি। এপ্রিলের প্রথম দিকেই আক্রমণকারী পাক-সৈন্যের একটি দল ফেনী শহর দখল করার জন্য মার্চ করে এগিয়ে এল। কিন্তু কাজটাকে যত সহজ বলে মনে করেছিল তা-ঠিক নয়, কার্যক্ষেত্রে সেটা প্রমাণিত হয়ে গেল। ওরা ফেনী শহরে এসে পৌছবার আগেই মুক্তিবাহিনী তাদের পথ রোধ করে দাঁড়াল। যাকে বলে মুখোমুখি লড়াই তা নয়, মুক্তিবাহিনীর যোদ্ধারা নিজেদের আড়ালে রেখে নানা দিক দিয়ে আক্রমণ চালিয়ে শত্রুপক্ষকে এমনভাবে অস্থির করে তুলল যে, শেষ পর্যন্ত ওরা যুদ্ধক্ষেত্র থেকে পেছনে হটে যেতে বাধ্য হোল। এই গেল প্রথম রাউন্ড। কিন্তু প্রথম রাউন্ডেই জয়-পরাজয়ের চূড়ান্ত নিষ্পত্তি হোল না। এরপর দু'পক্ষের মধ্যে পরপর কয়েকবার সংঘর্ষ ঘটল। কিন্তু মুক্তিবাহিনীর যোদ্ধাদের হাতে প্রচণ্ড মার খেয়ে আক্রমণকারীদের মুখ চুন হয়ে গেল। এই দুর্গম পথে, এই জীবনপণ করা দুর্ধর্ষ মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে জয়লাভ করা সহজ কথা নয়, তা করতে গেলে যথেষ্ট ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হবে। এই সত্যটা সম্পর্কে নিশ্চিত হয়ে ওরা তখনকার মত স্থলপথে আক্রমণের কাজটা স্থগিত রাখল।

এইভাবেই মুক্তিবাহিনীর প্রতিরোধ সংগ্রামের প্রথম অধ্যায়ের পরিসমাপ্তি ঘটল। কিন্তু যুদ্ধবিদ্যায় অভিজ্ঞ মেজর জিয়াউর রহমান এবং তাঁর সহযোদ্ধারা একথা ভালভাবেই জানতেন, যুদ্ধের এইখানে ইতি নয়, সূচনা মাত্র। ওরা শীঘ্রই শক্তি বৃদ্ধি করে ফিরে আসবে। আত্মসন্তুষ্টির অবকাশ নেই, এবার প্রবলতর আক্রমণের সম্মুখীন হতে হবে। কিন্তু সেজন্য ভয় করলে চলবে না। শত্রু যতই প্রবল হোক না কেন, তাদের বিরুদ্ধে সংগ্রাম চালিয়েই যেতে হবে, আত্মবিশ্বাসে উদ্দীপ্ত মুক্তিযোদ্ধারা এই দৃঢ়সংকল্প গ্রহণ করেছে। ফেনী শহর ও নিকটবর্তী

গ্রামাঞ্চলে সাজ সাজ রব পড়ে গেল। মুক্তিবাহিনীর প্রচণ্ড লাঠির ঘায়ে পিছিয়ে গিয়ে জঙ্গীবাহিনীর নেতারা ফেনী শহরকে আক্রমণ করার জন্য এবার এক নতুন পরিকল্পনা তৈরী করল।

এপ্রিল মাসের মধ্যভাগ। একদিন হঠাৎ অপ্রত্যাশিতভাবে দুটো বিমান প্রচণ্ড গর্জন তুলে সারা শহরটাকে প্রদক্ষিণ করে চলল। ওরা শুধু অবস্থা পর্যবেক্ষণ করতেই আসেনি, বোমারু বিমান দুটো ঘুরে ঘুরে গুরুত্বপূর্ণ লক্ষ্যবস্তর উপর বোমা ফেলে চলেছে। বিস্ফোরণের প্রচণ্ড শব্দে সারা শহর কেঁপে কেঁপে উঠতে লাগল। সাধারণ মানুষ এমন একটা আকস্মিক ঘটনার জন্য একেবারে প্রস্তুত ছিল না। তারা উদভ্রান্ত হয়ে ছুটোছুটি করতে লাগল। কিছু কিছু লোক হতাহতও হোল। এইভাবে কিছুক্ষণ বোমা ফেলে বিস্ফোরণ ঘটাবার পর সেই হিংস্র যন্ত্র-দানবগুলি স্বস্থানে ফিরে গেল।

পরদিন আবার ওরা এল। এসেই আগেকার দিনের মতই বোমা ফেলে চলল। কিন্তু একটি দিনের অভিজ্ঞতার মধ্য দিয়ে শহরের সাধারণ মানুষ অনেক বেশী সাহস সঞ্চয় করেছে। বোমা বিস্ফোরণের মধ্যে কি করে আত্মরক্ষা করতে হয়, সেই কৌশলটাও তারা কিছুটা আয়ত্ত করে নিয়েছে। তারা দিগবিদিক জ্ঞান হারিয়ে পাগলের মত ছুটোছুটি করছিল না, অথবা বহু লোক এক জায়গায় ভিড় করে দাঁড়িয়ে ওদের হাতে আক্রমণের সুযোগ তুলে দিচ্ছিল না, তারা ঠাণ্ডা মাথায় আত্মরক্ষা করে চলেছিল। আর মুক্তিযোদ্ধারা? মুক্তিযোদ্ধারা কি করছিল?

সেই ধবংশলীলার মাঝখানে দাঁড়িয়ে মেজর জিয়া নির্ভীক কণ্ঠে হেঁকে উঠলেন, মুক্তিবাহিনীর জওয়ান ভাইরা, আমরা মরবার জন্য তৈরী হয়েই দুস্যদের বিরুদ্ধে যুদ্ধে নেমেছি, তবে আর আমাদের ভয় কি! কুছপরওয়া নেই, আমরা ঐ বিমান দুটোকে পাল্টা আক্রমণ করে মাটিতে ফেলে ছাড়ব।

মুক্তিযোদ্ধারা বিস্মিতকণ্ঠে প্রশ্ন করল, আমাদের হাতে তো এন্টিএয়ারক্র্যাফট কামান নেই, আমরা কেমন করে এই বিমানগুলিকে ধবংশ করব?

হ্যাঁ, এন্টিএয়ারক্র্যাফ্ট থাকলে আমরা আগেই ওদের দফা রফা করে দিতে পারতাম। কিন্তু নাই-বা থাকল তা, আমাদের রাইফেল তো আছে। এই রাইফেল দিয়েই আমরা ওদের এমন শিক্ষা দেব, যা ওরা কোন দিন ভুলতে পারবে না। জওয়ান ভাইসব, শহরে যে-সমস্ত উঁচু দালান আছে, তাদের উপর উঠে ওদের তাক করে গুলি চালাতে থাক। ভিয়েতনামের মুক্তিযোদ্ধারা এইভাবে শত শত মার্কিন জঙ্গী বিমান ফেলে দিয়েছে, আমরাই বা কেন পারব না? এক মুহূর্ত দেরী নয়, জওয়ান ভাইরা, ছুটে চল সবাই।

শুধু নির্দেশ দেওয়া নয়, মেজর জিয়া সবার আগে নিজেই রাইফেল বাগিয়ে ছুটলেন। রাইফেলধারী যোদ্ধারা ছোট ছোট দলে ভাগ হয়ে ছুটতে ছুটতে শহরের উঁচু উঁচু দালানগুলির ছাদে গিয়ে উঠ পড়ল। এই দালানগুলি যেকোন সময় বোমার আগাতে ধসে পড়ে যেতে পারে, কিন্তু সেজন্য মনে বিন্দুমাত্র চিন্তা নেই, বিন্দুমাত্র ভয় নেই। সবাই একমনে বিমান দুটোকে লক্ষ্য করে গুলি ছুঁড়ে চলেছে। তাদের এভাবে আক্রান্ত হতে হবে, বিমান চালকরা একথা কল্পনাও করতে পারেনি। তাই তারা নিশ্চিন্ত মনে রাইফেলের নাগালের ভেতরে এসে গিয়েছিল। তারা জানত যে, সে ক্ষেত্রে তারাই শুধু আক্রমনকারী। কিন্তু তারাও যে আক্রান্ত হতে পারে, এটা তাদের জানা ছিল না। কয়েকটা দালানের ছাদের উপর থেকে পায় একই সঙ্গে এক ঝাঁক রাইফেলের গুলি ছুটল। আর একই সঙ্গে সমস্ত মুক্তিযোদ্ধারা তখনও গুলি চালিয়ে যাচ্ছে। জলন্ত বিমানটার অবস্থা দেখে অপর বিমানটা উর্ধ্বশ্বাসে ছুটে পালাল, দেখতে দেখতে আকাশপথে মিলিয়ে গেল। গুলিবিদ্ধ বিমানটা উল্কার মত জ্বলতে জ্বলতে পূর্বদিকে ছুটল। ওটা একটু বাদেই জ্বলে-পুড়ে শেষ হয়ে যাবে।, পরে জানা গিয়েছিল, জ্বলন্ত বিমানটার ধবংসাবশেষ ত্রিপুরার সীমান্তে গিয়ে পড়েছিল।

জয়, মুক্তিবাহিনীর জয়! জয়, স্বাধীন বাংলা জয়! বিজয়গর্বে উদ্দীপ্ত হাজার হাজার জনতার জয়ধ্বনিতে ফেনী শহর মুখরিত হয়ে উঠল। সবাই মেতে উঠল উৎসবে। মুক্তনগরীর বুকে স্বাধীন বাংলার পতাকা পতপত করে উড়ছিল।

\ চন্দ্রগঞ্জের যুদ্ধ \

মুক্তিবাহিনীর গোয়েন্দা বিভাগের চর এসে সংবাদ দিল, সামরিক ভ্যান-বোঝাই একদল পাকসৈন্য ফেনী থেকে চন্দ্রগঞ্জের দিকে আসছে। ওদের যখন চন্দ্রগঞ্জের দিকে চোখ পড়েছে, তখন ওরা সেখানে লুটপাট না করে ছাড়বে না। খবর পেয়ে লাফিয়ে উঠলেন সুবেদার লুৎফর রহমান। বেঙ্গল রেজিমেন্টের লুৎফর রহমান, যিনি এই অঞ্চলে একটি মুক্তিবাহিনী গঠন করেছিলেন। সৈন্যদের সংখ্যা পঞ্চাশ-ষাট জনের মত হবে। এদের প্রতিরোধ করতে হলে দলে কিছুটা ভারী হয়ে নেওয়া দরকার। খোঁজ খবর করে অল্প সময়ের মধ্যে মাত্র ছয়জন মুক্তিযোদ্ধাদের জড় করা গেল।

সাতজন মানুষ সাতটি রাইফেল। এই সামান্য শক্তি নিয়ে ওদের সঙ্গে মোকাবিলা করতে যাওয়াটা ঠিক হবে কি? মুক্তিযোদ্ধাদের মধ্যে একজন এই প্রশ্নটা তুলেছিলেন। কথাটা মিথ্যা নয়, এটা একটা দুঃসাহসের কাজই হবে। অথচ হাতে, সময় নেই, মুক্তিবাহিনীর শক্তি বৃদ্ধি করার জন্য যে-সময়ের প্রয়োজন, তার মধ্যে এই লুণ্ঠনকারী দস্যুরা এদের কাজ হাসিল করে সরে পড়বে। চোখের সামনে এই ঘটনা ঘটে যাবে, আর তারা বসে বসে তাই দেখবে! না, কিছুতেই না, গর্জে উঠলের সুবেদার লুৎফর রহমান, যেভাবেই হোক এদের প্রতিরোধ করতেই হবে। আমাদের চোখের সামনে দিয়ে ওরা অক্ষতভাবে হাসতে হাসতে চলে যাবে, এ কিছুতেই হতে পারে না। ওরা আমাদের অনেক রক্ত নিয়েছে, তার বিনিময়ে ওদেরকেও কিছুটা রক্ত দিতে হবে।

রাস্তার ধারে একটা বড় রকমের ইটের পাঁজা। কে যেন কবে একটা দালান তোলবার জন্য এখানে এই ইটগুলি এনে জড় করে রেখেছিল। অনেকদিন হয়ে গেল, সেই দালান এখনো তোলা হয় নি, ইটগুলি যেমন ছিল তেমনি পড়ে আছে। চন্দ্রগঞ্জে ঢুকতে হলে সৈন্যবাহী গাড়ীগুলিকে এই রাস্তা দিয়েই যেতে হবে। সুবেদার লুৎফর রহমান আর ছয়জন মুক্তিযোদ্ধা সেই ইটের পাঁজার পেছনে পজিশন নিয়ে দাঁড়ালেরন। এখানে থেকেই তাঁরা সেই হামলাকারী দস্যুদের প্রতিরোধ করবেন, এটা খুবই দুঃসাহসের কাজ। তাঁরা জানতেন, তাঁরা তাঁদের জীবন নিয়ে ছিনিমিনি খেলতে চলেছেন। কিন্তু এমন এক একটা সময় আসে যখন জেনেশুনে বিপদের মুখে ঝাঁপিয়ে পড়তে হয়। মুক্তিযোদ্ধাদের জীবন-মৃত্যু পায়ের ভৃত্য চিত্ত ভাবনাহীন। অবস্থাবিশেষে বামন হয়েও তাঁদের দানবের বিরুদ্ধে চ্যালেঞ্জ করতে হয়। মুক্তিবাহিনীর নায়েক সুবেদার লুৎফর রহমান বললেন, এখনকার অবস্থা হচ্ছে তেমনি এক অবস্থা।

কিন্তু বেশি কথা বলার সময় ছিল না। দূরে থেকে অস্ফুট সামরিক ভ্যানের গর্জন শোনা গেল। ঐ যে, ঐ যে আসছে ওরা! তাঁরা সাতজন সাতটি রাইফেল নিয়ে তৈরী হয়ে দাঁড়ালেন। সেই অস্ফুট আওয়াজ ক্রমেই স্ফুট থেকে স্ফুটতর হয়ে উঠতে লাগল। তারপর একটু বাদেই দেখা গেল সামরিক ভ্যান পথের ধুলো উড়িয়ে দ্রুতবেগে ছুটে আসছে। উত্তেজিত প্রতীক্ষায় তাঁদের অঙ্গ-প্রত্যঙ্গগুলি যেন ইস্পাতের মত দৃঢ় আর কঠিন হয়ে এল।

সামরিক ভ্যান দ্রুত আসতে হঠাৎ থেমে গেল। না থেমে উপায় ছিল না, কাদের অদৃশ্য হস্তের গুলিতে গাড়ির টায়ারের চাকা ফুটো হয়ে গেছে। একই সঙ্গে কতগুলি রাইফেলের আওয়াজ। বিস্ময়ে, আতঙ্কে সৈন্যরা ঝুপঝাপ করে গাড়ি থেকে লাফিয়ে রাস্তায় নেমে পড়ল। কিন্তু সেই অদৃশ্য হস্তের গুলিবর্ষণের যেন শেষ নেই। সৈন্যদের মধ্যে যারা সামনের দিকে ছিল, তাদের মধ্যে অনেকে হতাহত হয়ে ভূমিশয্যা নিল। একটু বাদেই রাইফেলের আওয়াজ থেমে গিয়ে পল্লী-প্রকৃতির নিস্তব্ধতা আর শান্তি ফিরে এল।

সৈন্যরা সন্ধানী দৃষ্টি নিয়ে তন্ন তন্ন করে চারদিক পরীক্ষা করে দেখতে লাগল। অদৃশ্য শত্রুরা কি তবে ভয় পেয়ে পালিয়ে গিয়েছে? না, ওদের বিশ্বাস নেই, একটু বাদেই হয়তো ওরা আরেক দিক থেকে আক্রমণ করে বসবে। রাস্তার দু'পাশে অনেক ঝোপঝাড়-জঙ্গল। তাদের মাঝখানে ওরা কোথায় আশ্রয় নিয়ে বসে আছে কে জানে! তবে দলে ওরা ভারী সে বিষয়ে সন্দেহ নেই। তা না হলে তাদের বিরুদ্ধে এমন করে হামলা করতে সাহস পেত না।

চন্দ্রগঞ্জ সমৃদ্ধ অঞ্চল। এখানে এসে অবাধে লুটপাট করা যাবে, এই আশা নিয়ে তারা এখানে এসেছিল। এই অঞ্চলে তাদের একজন জামাতে ইসলামপন্থী দালাল ছিল। তার কাছ থেকে খবর পেয়েই তারা লুটের আশায় এখানে ছুটে এসেছে। তারা শুনেছিল এখানে তাদের 'বাধা দেবার মত কেউ নেই'। কিন্তু হঠাৎ কে জানে কোথা থেকে এই শয়তানের দল মাটি ফুঁড়ে উঠে দাঁড়িয়েছে! কে জানে, হয়তো ওরা ইতিমধ্যে তাদের চারদিক দিয়ে ঘেরাও করে ফেলেছে! প্রতি গাছ আর প্রতিটি ঝোপঝাড়ের আড়ালে যে একজন করে শত্রু লুকিয়ে নেই এমন কথাই বা কে বলতে পারে! ওদের রাইফেলগুলি এইভাবে বহু গলি অপচয় করার পর থামল।

কিছু সময় নিঃশব্দে কেটে গেল। সৈন্যরা ভাবছিল, তাদের অদৃশ্য শত্রুরা সম্ভবত পালিয়ে গেছে। এমন প্রবল গুলিবৃষ্টির সামনে ওরা কেমন করে দাঁড়িয়ে থাকবে! কিন্তু তাহলেও ওদের গতিবিধি লক্ষ্য করা দরকার। এবার বেশ হুঁশিয়ার হয়ে এগুতে হবে। যারা হতাহত হয়ে ভূমিশয্যা নিয়েছে, ওরা তাদের একজন একজন করে ভ্যানের উপর তুলছিল। ঠিক সে সময়ে আবার কতকগুলি রাইফেল একসঙ্গে গর্জে উঠল। গুলির পর গুলি আসছে বিরতি নেই। সৈন্যদের মধ্যে এক অংশ আছে ভ্যানের উপরে, অপর অংশ রাস্তায়। অদৃশ্য হস্তগলি অত্যন্ত দক্ষতার সঙ্গে এদের লক্ষ্য করে গুলি ছুঁড়ছে। একটি গুলিও বৃথা যাচ্ছে না সৈন্যদের মধ্যে ভীষণ হট্টগোল পড়ে গেল। তারা একটু সামলে নিয়ে আবার প্রবলভাবে গুলিবর্ষণ করে চলল। কিন্তু তাদের সামনে কোন নির্দিষ্ট লক্ষ্য নেই। এইভাবে কিছুক্ষণ দুপক্ষের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা চলল। ইতিমধ্যে সৈন্যদের হতাহতের সংখ্যা ক্রমশ বেড়েই চলেছে। অপর পক্ষে অদৃশ্য প্রতিপক্ষের কি পরিমাণ ক্ষয়ক্ষতি হচ্ছে তা বোঝার কোন উপায় ছিল না।

অবস্থা দেখে আতঙ্কিত হয়ে উঠল সৈন্যরা। কিন্তু একটু আগেই তাদের দালাল, জামাতে ইসলামীপন্থী সেই লোকটি, তাদের সাহায্যে করবার জন্য এসে গেছে। সে অত্যন্ত চতুর লোক, চারদিকে ভালভাবে নজর করে সে এই রহস্যটা বুঝতে পারল! দূরবর্তী ইটের পাঁজাটার দিকে অঙ্গুলী নির্দেশ করে সে বলল, আমার সন্দেহ হয়, ওরা ঐ পাঁজাটার পেছনে দাঁড়িয়ে গুলি চালিয়ে যাচ্ছে। ঠিক কথাই তো, এই সন্দেহটা সকলের মনেই জাগা উচিত ছিল কিন্তু এতক্ষণ এই কথাটা ওদের কারও মাথায় আসেনি।

এবার ওদের রাইফেলগুলি একেবারে নিঃশব্দ হয়ে গেল। সৈন্যরা তিন ভাগে ভাগ হয়ে অতি সন্তর্পণে তিন দিক দিয়ে এগিয়ে চলল। ইটের স্তূপটাকে ঘেরাও করে ফেলতে হবে। খুব সাবধান, ওদের একটাও যেন সরে পড়তে না পারে।

মুক্তিবাহিনীর জওয়ানরা ইটের পাঁজার আড়াল থেকে সবকিছুই দেখছিল। সৈন্যদের মতলব বুঝতে তাদের বাকী রইল না।

আর এক মুহূর্তে দেরী করার সময় নেই। এখনই তাদের সরে পড়তে হবে। এই সংঘর্ষের মধ্যে দিয়ে তারা যতটা আশা করেছিল, তার চেয়ে অনেক বেশী কাজ হাসিল করতে পেরেছে। এবার তারা স্বচ্ছন্দে ছুটি নিতে পারে। একজন একজন করে সাতজন মুক্তিযোদ্ধা ওদের দৃষ্টি এড়িয়ে ঝোপ-ঝাড়ের আড়ালে অদৃশ্য হয়ে গেল। তার কিছুটা বাদে শিকার-সন্ধানী সৈন্যরা এসে সাফল্যের সঙ্গে সেই ইটের স্তূপটাকে ঘেরাও করে ফেলল। কিন্তু কি দেখল এসে? দেখল, পাখিগুলি তাদের একদম বোকা বানিয়ে দিয়ে মুক্ত আকাশে উড়ে চলে গিয়েছে। ইটের

পাঁজার পেছনে একটি জনপ্রাণী নেই। শুধু মাটর উপরে অনেকগুলি কার্তুজের খোল ইতস্তত বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পড়ে আছে।

সেদিনকার যুদ্ধে সবসুদ্ধ ২৩ জন সৈন্য হতাহত হয়েছিল। আর মুক্তিবাহিনীর জওয়ান সম্পূর্ণ অক্ষত অবস্থায় বেরিয়ে আসতে পেরেছিল। যে দেশদ্রোহী দালালটি শত্রুদের সাহায্যে করবার জন্য এগিয়ে এসেছিল, এর কয়েকদিন বাদেই মুক্তিযোদ্ধারা তাকেও খতম করল।

সেদিন মুক্তিযোদ্ধাদের হাতে ঘা খেয়ে পাকসৈন্যদের চূড়ান্তভাবে নাকাল হতে হয়েছিল। চন্দ্রগঞ্জে লুটপাট করা দূরে থাক, হতাহত বন্ধুদের নিয়ে গাড়ি বোঝাই করে ওরা মাথা হেট করে ফিরে এসেছিল্ কিন্তু এই অপমান আর লাঞ্ছনা ওরা ভুলে যেতে পারেনি। দিন কয়েক বাদে ওরা আবার নতুনভাবে তৈরী হয়ে চলল চন্দ্রগঞ্জের দিকে। তাদের মনের জ্বালাটা এবার ভাল করেই মিটিয়ে নেবে।

পাকসৈন্যরা আবার হামলা করতে আসছে, এই খবরটা পৌঁছে গিয়েছিল চন্দ্রগঞ্জে। সুবেদার লুৎফর রহমান এখন সেখানে নেই, অন্যান্য মুক্তিযোদ্ধাদের মধ্যেও কেউ নেই। এবার কে তাদের প্রতিরোধ করবে? ওরা সেদিন আচ্ছামত ঘা খেয়ে ঘরে ফিরে গেছে, এবার ভাল করেই তার প্রতিশোধ তুলবে। চন্দ্রগঞ্জকে এবার ওরা ধবংশস্তপে পরিণত না করে ছাড়বে না। যাকে পাবে তাকেই মারবে। ওদের হাতে কেউ কি রেহাই পাবে? সারা অঞ্চলে আতঙ্ক ছড়িয়ে পড়ল। চন্দ্রগঞ্জের মানুষ ঘরবাড়ি ছেড়ে পালাতে লাগল। ওরা ওদের যা করবার বিনা বাধায় করা যাবে।

কিন্তু চন্দ্রগঞ্জের একটি মানুষ এই কথাটাকে কিছুতেই মেনে নিতে পারলেন না। না, কিছুতেই না, গর্জে উঠলেন তিনি, এ আমি কিছুতেই হতে দেব না। আর যদি কেউ না যায়, আমি একাই যাব, একাই গিয়ে ওদের সঙ্গে লড়াই করব।

কে এই লোকটি? কি তাঁর নাম? না, তাঁর নাম আমার জানা নেই। কোন খ্যাতনামা লোক নন তিনি। একজন বৃদ্ধ প্রাক্তন সৈনিক। আর দশজন বৃদ্ধের মত তিনিও তাঁর জীবনের শেষ দিনগুলি 'আল্লাহ আল্লাহ' করে কাটিয়ে যাচ্ছিলেন। একজন সাধারণ মানুষ। কেউ কোনদিন তাঁর কোন অসাধারণত্বের পরিচয় পায়নি। কিন্তু আজ দেশের এক বিশেষ অবস্থায় একটি বিশেষ অনুকূল মুহূর্তে তাঁর ভেতরকার সুপ্ত আগুনকে জাগিয়ে তুলিছে। যেখানে হাজার হাজার মানুষ ভয়ে অস্থির সেখানে এই একটি মানুষ দৃঢ় নিষ্কম্প কণ্ঠে ঘোষণা করলেন, যদি একা যেতে হয়, আমি একাই যাব, আমি একাই ওদের সঙ্গে লড়াই করব। মরবার আগে এই হিংস্র পশুগুলির মধ্যে একটাকেও যদি মেরে যেতে পারি, তবে আমার জীবন সার্থক হবে।

যারা তাঁর হিতৈষী, তারা তাঁকে নিবৃত্ত করবার জন্য যথেষ্ট চেষ্টা করেছিল। বলেছিল, তুমি একা মানুষ, তার উপরে বুড়ো হয়েছ, তুমি কি করে ওদের সঙ্গে লড়াই করবে? কিন্তু কারও কোন বাধা তিনি মানলেন না, দৃঢ় মুষ্টিতে রাইফলটা আঁকড়ে ধরে বেরিয়ে পড়লেন ঘর থেকে। তাঁর এই দৃষ্টান্তে অনুপ্রাণিত হয়ে তাঁর তরুণ ছেলে তাঁকে ডেকে বলল, দাঁড়াও আব্বা, আমিও তোমার সঙ্গে যাব। তোমার মত আমিও ওদের সঙ্গে লড়াই করব। ছেলের কথা শুনে বাপের মুখ আনন্দে উজ্জ্বল হয়ে উঠল। দু'জনের হাতে দুটি রাইফেল পিতাপুত্র পাশাপাশি প্রতিরোধ সংগ্রামে যাত্রা করল।

আজও ওরা সেই ইটের পাঁজার পেছনে আশ্রয় নিল। ওরা পিতা-পুত্র পাশাপাশি বসে শত্রুদের আগমনের জন্য অধীর চিত্তে প্রতিক্ষা করতে লাগল। কিছুক্ষণ বাদে দূর থেকে মোটর ভ্যানের গর্জন শোনা গেল। হ্যাঁ, এইবার ওরা আসছে। দেখতে দেখতে সৈন্যবাহী গাড়ি একেবারে কাছে এসে পড়ল। সৈন্যদের মধ্যে অনেকের কাছেই এই ইটের পাঁজাটি সুপরিচিত। ঐটিকে ভুলে যাওয়া তাদের পক্ষে কোন মতেই সম্ভব নয়, কিন্তু আজও যে

কেউ তাদের আক্রমণ করবার জন্য এর আড়ালে ওঁৎ পেতে বসে থাকতে পারে, এটা তারা ভাবতে পারেনি। ভাবেত না পারা স্বাভাবিকও নয়। কিন্তু ওরা এই স্তুপটার বরাবর আসতেই পর পর তিনজন সৈন্য গুলিবিদ্ধ হয়ে পড়ে গেল। সবাই দেখতে পেল, কে বা কারা তাদের লক্ষ্য করে স্তপটার আড়াল থেকে গুলিবর্ষণ করে চলেছে। সঙ্গে সঙ্গেই সৈন্যরা এর পাল্টা জবাব দিল। ইটের পাঁজাটাকে লক্ষ করে ঝাঁকে ঝাঁকে গুলিবর্ষণ চলল। এরপর সেই স্তপের পেছন থেকে আর কোন গুলির শব্দ শোনা গেল না। সৈন্যরা একটু সময় অপেক্ষা করল, তারপর ছুটে গেল স্তূপটার সামনে। উদ্যত রাইফেল বাগিয়ে ধরে যখন তারা পায়ে পায়ে সেই স্তূপটার পেছনে গিয়ে দাঁড়াল, তখন দেখতে পেল, সেখানে এক বৃদ্ধের রক্তাক্ত মৃতদেহ পড়ে আছে। কিন্তু অস্ত্র বলতে কোন কিছু সেখানে নেই, শুধু কয়েকটা কার্তুজের খোল পড়ে আছে। ওরা বুঝল, এই বৃদ্ধের সঙ্গে আরও যারা ছিল তারা অস্ত্রসহ পালিয়ে গিয়েছে।

॥ সোনাইমুড়ি রেলস্টেশন ॥

চন্দ্রগঞ্জের যুদ্ধের পর সুবেদার লুৎফর রহমান নোয়াখালীর বিভিন্ন অঞ্চলে শিকারের সন্ধানে ছুটে চলেছিলেন। তাঁর এক মুহূর্তেও বিশ্রামের অবকাশ নেই। তিনি পাকসৈন্যদের গতিবিধি সম্পর্কে দক্ষ শিকারীর মত তীক্ষ্ণ সন্ধানী দৃষ্টি নিয়ে ফিরছিলেন। মুক্তিবাহিনীর গুপ্তচরেরা নিত্য নতুন সংবাদ নিয়ে আসছে। আর সেই সূত্র অনুসরণ করে তাদের মুক্তিবাহিনী যেখানেই সুযোগ পাচ্ছে, সেখানেই শত্রুদের উপর ঘা দিয়ে চলেছে।

এপ্রিলের শেষ ভাগ। খবর এল একদল সৈন্য কুমিল্লার লাকসাম থেকে ট্রেনে নোয়াখালীর সোনাইমুড়ি স্টেশনে এসে পৌঁছবে। লুৎফর রহমান এই খবর পাওয়ার সাথে সাথেই তাঁর সহকর্মীদের সঙ্গে পরামর্শ করতে বসলেন। স্থির হোল, ওদের বিনা বাধায় এগুতে দেওয়া হবে না, সোনাইমুড়ি স্টেশনেই এই হামলাকারীদের উপর হামলা করতে হবে। রেলস্টেশনে চড়াও হয়ে আক্রমণ। হয়তো সেজন্য মুক্তিবাহিনীকে বেশ কিছুটা মূল্য দিতে হবে, অনেক ক্ষয়ক্ষতি বরণ করে নিতে হবে। তা হোক, এই শিকারকে কিছুতেই ফস্কে যতে দেওয়া চলবে না।

কিন্তু এবার আর চন্দ্রগঞ্জের যুদ্ধের মত সাতজন মুক্তিযোদ্ধা দিয়ে চলবে না। এবার আর আগেকার মত আড়াল থেকে যুদ্ধ নয়, যুদ্ধ বলবে দিবালোকে প্রকাশ্যে, মুখোমুখি। ওদের সৈন্যসংখ্যা বড় কম নয়, আক্রমণ করতে হলে বেশ কিছুটা শক্তি সংগ্রহ করে নিতে হবে সেই অল্প সময়ের মধ্যেই পঞ্চাশজন সশস্ত্র মুক্তিযোদ্ধাকে সোনাইমুড়িতে এনে জড় করা গেল। অবশ্য যতদূর জানা গিয়েছে, সৈন্যদের সংখ্যা এর চেয়েও অনেকটা বেশী। তাহোক, এই শক্তি নিয়েই ওদের সঙ্গে মোকাবিলা করতে হবে।

নির্দিষ্ট সময়ে সৈন্যবাহী ট্রেনটা সোনাইমুড়ি স্টেশনে এসে পৌঁছল। মুক্তিবাহিনী কাছেই কোন একটা জায়গায় লুকিয়ে ছিল। ট্রেনটা এসে পৌঁছবার সাথে সাথেই রাইফেলধারী মুক্তিযোদ্ধারা বিদ্যুৎগতিতে ছুটে এসে ট্রেনটাকে ঘেরাও করে ফেলল। সঙ্গে সঙ্গে তারা ট্রেনের আরোহীদের লক্ষ্য করে গুলি চালাতে লাগল। ওরা গাড়ির ইঞ্জিনটাকেও লক্ষ্য করে গুলি ছুড়ছিল। ড্রাইভার ইঞ্জিন থেকে লাফিয়ে পড়ে প্রাণ নিয়ে পালাল। ফলে ড্রাইভারহীন ট্রেনটা অচল হয়ে গেল।

প্রকাশ্য দিবালোকে এইভাবে আক্রান্ত হতে হবে, পাকসৈন্যরা তা কল্পনাও করতে পারেনি। তারপর ঘটনাটা এমন দ্রুত ঘটে গেল যে একটু সময় ওরা হতভম্ব আর স্তব্ধ হয়ে রইল। প্ল্যাটফর্মের উপর নেমে পড়তে লাগল। ওদের মধ্যে কয়েকজনকে কামরা থেকে নামবার আগেই মুক্তিযোদ্ধাদের গুলিতে প্রাণ দিতে হল।

এবার দু'পক্ষ শুরু হয়ে গেল যুদ্ধ। এবারকার বাংলাদেশের মুক্তিসংগ্রামে রেলস্টেশনের উপরে এ ধরনের লড়াই আর কোথাও ঘটেছে বলে শোনা যায়নি। নোয়াখালীর সোনাইমুড়ি রেলস্টেশন এজন্য স্মরণীয় হয়ে

থাকবে। প্রায় তিন ঘণ্টা ধরে এই লড়াই চলল। এই যুদ্ধে পঁয়ত্রিশজনের মত পাকসৈন্য নিহত হয়েছিল। মুক্তিযোদ্ধাদের মধ্যে ছয়জন শহীদ হলেন।

ইতিমধ্যে খবরটা চারদিকে ছড়িয়ে পড়েছিল। খবর পেয়ে ঘণ্টা তিনেক বাদে আক্রান্ত পাক-সৈন্যদের সাহায্য করবার জন্য চৌমুহনী থেকে সামরিক ভ্যানে করে একদল সৈন্য ঘটনাস্থলে এসে পৌঁছল। এবার পাক-সৈন্যদের মোট সংখ্যা দাঁড়াল আড়াইশতের উপর। হতাহতদের বাদ দিয়ে মুক্তিযোদ্ধাদের সংখ্যা তখন আনুমানিক চল্লিশ-এ এসে দাঁড়িয়েছে। এই অবস্থায় যুদ্ধ চালিয়ে যাওয়াটা নির্বুদ্ধিতার নামান্তর মাত্র। মুক্তিযোদ্ধারা এমন ভুল কখনও করে না। তারা যেমন বিদ্যুৎ গতিতে এসে আক্রমণ করেছিল, তেমনিভাবেই ঘটনাস্থল থেকেই অদৃশ্য হয়ে গেল। পাকসৈন্যরা তাদের পেছন পেছন ধাওয়া করে আক্রমণ করতে চেষ্টা করেছিল, কিন্তু তাদের সে চেষ্টা ব্যর্থ হল।

সশস্ত্র প্রতিরোধঃ ঢাকা-ময়মনসিংহ-টাঙ্গাইল

শিরোনাম	সূত্র	তারিখ
৪। জয়দেবপুর-তেলিয়াপাড়াব্যাপী সশস্ত্র প্রতিরোধে ২য় বেঙ্গল রেজিমেন্ট ও অন্যান্য বাহিনী	সাক্ষাতকারঃ মেজর জেনারেল (অব) কে, এম সফিউল্লাহ*	..... ১৯৭১

১৪/১৫ই মার্চ গুজব ছড়িয়ে পড়ে যে আমাদের ব্যাটালিয়নকে নিরস্ত্র করা হবে। এ গুজবের মধ্যে কিছু সত্যতাও ছিল। আমাদের কাছে কিছু প্রয়োজনের অতিরিক্ত অস্ত্রশস্ত্র ছিল। সেগুলো জমা দেওয়ার জন্যে নির্দেশ দেওয়া হয়। আমরাও সেই নির্দেশ মানার জন্য তৈরী হচ্ছিলাম। এই গুজবের পরিপ্রেক্ষিতে ১৭ই মার্চ জনসাধারণ জয়দেবপুর থেকে টঙ্গী পর্যন্ত ৫০ জায়গায় প্রতিবন্ধকতার সৃষ্টি করে। এতে আমাদের খাদ্য সরবরাহে অসুবিধার সৃষ্টি হয়। এমতাবস্থায় আমি প্রথম ব্যারিকেডে গিয়ে জনসাধারণকে বলি যে, আপনারা আমাদের উপর আস্তা রাখুন। আমি ১৭ বৎসর সামরিক বাহিনীতে চাকুরী করেছি অস্ত্র ব্যবহার করার জন্য, ফিরিয়ে দেবার জন্য নয়। এই জন্যে আমাদের উপর আপনাদের আস্থা রাখতেই হবে। আপনারা যদি না রাখেন তবে আমাদের উপর আস্থা রাখার মত লোক আর কেউ নেই। এই কথা শুনে তারা বলল যে আমরা আপনার ব্যাটালিয়ন কমাণ্ডারের সাথে দেখা করতে চাই। জনতার মধ্য থেকে চার-পাঁচজন গণ্যমান্য নেতা আমার সঙ্গে আসলেন ব্যাটালিয়ন কমাণ্ডার-এর সাথে দেখা করার জন্য। সেখানে ব্যাটালিয়ন কমাণ্ডার এই আশ্বাস দিলেন যে আমাদের উপর আস্থা রাখুন। আমাদেরকে বিশ্বাস রাখুন এবং এই প্রতিবন্ধকতা সরিয়ে ফেলুন। এতে আপনাদের সুবিধে হবে এবং আমরা কোন নাজুক পরিস্থিতিতে পড়ব না। সমস্ত প্রতিবন্ধকতা সরিয়ে ফেলবো বলে আশ্বাস দিয়ে তারা চলে গেল। কিন্তু শেষ পর্যন্ত কোন প্রতিবন্ধকতা উঠানো হয় নাই। শেষ পর্যন্ত আমরা নিজেরাই গিয়ে প্রতিবন্ধকতা উঠাচ্ছিলাম। কিন্তু একদিকে যেই আমরা ব্যারিকেড সরাচ্ছিলাম অপরদিকে জনসাধারণ আবার ব্যারিকেড সৃষ্টি করছিল। এর বিরুদ্ধে কোন কড়া ব্যবস্থা না নেওয়ায় পাক সেনাবাহিনীর চোখে আমরা সন্দেহভাজন হয়ে পড়েছিলাম।

১৯শে মার্চ সকাল দশটার দিকে ঢাকা ব্রিগেড হেডকোয়ার্টার থেকে আমাদের কাছে অয়ারলেসে এই মর্মে এক মেসেজ পাঠানো হয় যে "The Commander with his escort is coming to have lunch with you. He would visit Gazipur Ordnance Factory. এখানে উল্লেখ করা প্রয়োজন যে, গাজীপুর অর্ডন্যান্স ফ্যাক্টরীতেও এরূপ প্রতিবন্ধকতার সৃষ্টি করা হয়। এবং সেখানে আমাদের ব্যাটালিয়ন-এর লোকজন গিয়ে গাজীপুর অর্ডন্যান্স ফ্যাক্টরীর রেসিডেন্ট ডিরেক্টর ব্রিগ্রেডিয়ার করিমউল্লাহ্ (পশ্চিম পাকিস্তানী)-কে অস্বস্তিকর পরস্থিতি থেকে উদ্ধার করা হয়। (তাঁকে ফ্যাক্টরীর লেবাররা ঘেরাও কের রেখেছিল)। এ ঘেরাও থেকে উদ্ধার করতে আমাদের কোন বেগ পেতে হয়নি। ১২টার দিকে একটা মেসেজ আসে যে "I had cleard some barriacade. Now I am at 'Chowrasta'. I am using the civilians to open the barricade. You also clear the barricade from your side and meet me enroute. If there is any opposition use maximum force." এ খবর পাবার পর আমরা আমাদের লোকজনকে নিয়ে জয়দেবপুর থেকে প্রতিবন্ধকতা সরাতে সরাতে অগ্রসর হই এবং ব্রিগেড কমাণ্ডার-এর সাথে রাস্তায় মিলিত হই।

---

* ১৯৭১ সালের মার্চে জয়দেবপুরে ২য় বেঙ্গল রেজিমেন্টের সেকেন্ড ইন-কমাণ্ড হিসেবে মেজর পদে কমৃরত ছিলেন। সাক্ষাৎকারটি ১৯৭৫ সালে গৃহীত। উল্লেখ্য মেজর জেনারেল (অবঃ) কে, এম, সফিউল্লাহর পক্রিকান্তরে প্রকাশিত সাক্ষাৎকারে বর্ণিত জযদেবপুর সেনানিবাসের ঘটনাবলীর ব্যাপারে দ্বিমত প্রকাশ করে ২য় বেঙ্গলের তৎকালীন অদিনায়ক লেঃ কর্নেল (অবঃ) কাজী আবদূর রকীব ১৩ মে ১৯৮৩ সাপ্তাহিক 'বিচিত্রার'র 'ভিন্নমত' শীর্ষক কলামে একটি প্রতিবেদন প্রকাশ করেন। তদুত্তরে পরবর্তী সময়ে 'বিচিত্রারএকই কলামে মেজর জেনারেল (অবঃ) সফিউল্লাহর একটি প্রতিবাদ প্রকাশিত হয়। এগুলি এখানে একই সঙ্গে সংযোজিত হলো।

এই প্রসঙ্গে বলা দরকার যে, আমরা প্রতিবন্ধকতা নিজেরাই পরিষ্কার করি। কিন্তু বিগ্রেড কমাণ্ডার বিগ্রেডিয়ার জাহানজেব আরবাব এবং তার সঙ্গীরা জনগণকে দিয়ে প্রতিবন্ধকতা পরিষ্কার করে। প্রতিবন্ধকতা সরাবার সময় বেশ কিছুসংখ্যক লোককে মারধর করা হয়। বেলা প্রায় দেড়টায় বিগ্রেড কমাণ্ডার তার লোকজনকে নিয়ে জয়দেবপুর পৌছে। এ প্রসঙ্গে বলা দরকার যে বিগ্রেড কমাণ্ডারের সাথে যে সমস্ত লোক ছিল তাদের মধ্যে একজন লেঃ কর্নেল (আর্টিলারী), একজন ক্যাপ্টেন (আর্টিলারী), একজন মেজর (আর্মার), একজন ক্যাপ্টেন (ইনফ্যানট্রি), একজন ক্যাপ্টেন (কমাণ্ডো) এবং ৭০ জন জোয়ান চাইনীজ এলএমজিতে সজ্জিত ছিল। তিনি জয়দেবপুরে প্রবেশ করে গর্বিতভাবে বললেন, "Nobody can stop us. We can move to any direction wherever and whenever we want to move. তার উক্তি এবং ভাবভঙ্গীতে আমার মনে হলো যেন আলেকজাণ্ডার ভারত জয় করল। জয়দেবপুরে এসে শুধুমাত্র অফিসাররা জয়দেবপুর রাজবাড়ীতে ঢুকল। কিন্তু ৭০ জন জোয়ান প্রাসাদের বাইরে রয়ে গেল।

বিগ্রেড কমাণ্ডার যখন ঢাকা থেকে জয়দেবপুরে আসছিলেন, তখন যাতে আমাদের উপর কোন অঘটন না ঘটে, সেজন্য আমরা সম্পূর্ণরূপে প্রস্তুত ছিলাম। কেননা, আমাদেরকে নিরস্ত্র করা হবে বলে একটা আশংকা আমাদের মনের মধ্যেও ছিল। বিগ্রেড কমাণ্ডার প্রাসাদে ঢুকে সমস্ত জায়গা ঘুরে ঘুরে দেখলেন এবং মন্তব্য করছিলেন যে এ রকমের প্রস্তুতি কেন? তখন আমি উত্তর দিয়েছিলাম যে, এখানকার পরিস্থিতি এমন যে, যেকোন মুহূর্তে উত্তেজিত জনতা দ্বারা আমরা আক্রান্ত হতে পারি। এবং সীমান্তের পরিস্থিতি যা, তাতে অল্প সময়ের মধ্যে আমাদেরকে সীমান্ত অভিমুখে রওনা দিতে হতে পারে। উত্তর যদিও মনঃপূত ছিল তবুও আমরা একে অপরের অন্তর্নিহিত উদ্দেশ্য বুঝে ফেলেছিলাম।

বিগ্রেড কমাণ্ডার প্রাসাদে ঢোকার সাথে সাথেই খবর ছড়িয়ে পড়ল যে, বাঙ্গালী সৈন্যদের নিরস্ত্র করার জন্য ঢাকা থেকে সেনাবাহিনী এসেছে। ফলে উত্তেজিত ও বিক্ষুব্ধ জনতা আবার অল্প সময়ের মধ্যে জয়দেবপুর রেলক্রসিং-এ এক বিরাট প্রতিবন্ধকতার সৃষ্টি করে। একটা ভর্তি মালবাহী গাড়ী, যেটা তখন ময়মনসিংহ থেকে জয়দেবপুরে এসেছিল, তা দিয়ে রেলওয়ে ক্রসিং-এর উপরে বিরাট এক প্রতিবন্ধকতার সৃষ্টি করে। একথা শোনার সাথে বিগ্রেড কমাণ্ডার কর্নেল মাসুদকে নির্দেশ দেন যে ২০ মিনিটের মধ্যে এই প্রতিবন্ধকতা সরিয়ে ফেলা হোক। যদি কোন বাধার সৃষ্টি হয়, তবে যেন ম্যাক্সিমাম শক্তি প্রয়োগ করা হয়। কর্নেল মাসুদুল হাসান এই নির্দেশ পাবার সাথে সাথে মেজর মইনুল হোসেনকে (বর্তমান লেঃ কর্নেল) নির্দেশ দিলেন যে তাঁর কোম্পানী নিয়ে যেন এই প্রতিবন্ধকতা সরিয়ে ফেলা হয়। কোন সময় নষ্ট না করে মেজর মইন এই প্রতিবন্ধকতার সামনে পৌছান।

তিনি সেখানে গিয়ে জনতার কাছে আবেদন করেন যে, আপনাদের ঘাবড়াবার কোন কারণ নেই। কারণ আমাদের সাথে এখনও অস্ত্র আছে। আমাদের কাছ থেকে এখনও অস্ত্র নেয়া হয় নাই। জনতা যখন শুনছিল না তখন তিনি ভীড় ঠেলে জনতার মধ্যে যারা নেতা তাঁদের সাথে আলাপ করেন। নেতাদের মধ্যে একজন ছিলেন আওয়ামী লীগ কর্মী জনাব হাবীবুল্লাহ এবং আর একজন ছিলেন শ্রমিক নেতা আবদুল মোতালেব। সেদিন ছিল শুক্রবার এবং জয়দেবপুরে হাটবার। প্রায় পঞ্চাশ হাজার লোকের সমাবেশ ছিল সেখানে। কিন্তু জনতা প্রতিবন্ধকতার এ পাশে ছিল আর কিছু জনতা প্রতিবন্ধকতার অপর পাশে ছিল। নেতারা ছিলেন বাজারের দিকে। মেজর মইন ইতিমধ্যে নেতাদেরকে বুঝাতে সক্ষম হন যে আমাদেরকে এখনও নিরস্ত্র করা হয়নি। তারা আমাদের কথায় বিশ্বাস করেন। নেতারা জনসাধারণকে বুঝাবার চেষ্টা করছিলেন যে তারা যেন আর কোন গণ্ডগোল না করে। জনতার মাঝে তখনও হৈ চৈ এবং গণ্ডগোল চলছিল। ইতিমধ্যে লেঃ কর্নেল মাসুদ, বিগ্রেড কমাণ্ডার জাহানজেব ও তার ট্রুপস সেখানে গিয়ে পৌঁছান।

ব্যারিকেড-এর বাজারের পাশের দিকে অধিকাংশ জনতার সমাবেশ ছিল এবং অপর পাশের দিকও বেশ জনসমাবেশ ছিল। কিন্তু এ পাশের লোক বেশ উত্তেজিত ছিল। কারণ তারা জানত না যে মেজর মইনের সাথে

ব্যারিকেড-এর অপর পাশের জনতার সাথে কি কথাবার্তা হয়েছিল। জয়দেবপুর পর্যন্ত যে রাস্তা স্টেশনের দিকে চলে যায় সে রাস্তার শেষপ্রান্তে বেঙ্গল রেজিমেন্ট-এর ট্রুপস মোতায়েন ছিল। তার পিছনে হুকুম দেওয়ার ১৫ মিনিটের মধ্যে বিগ্রেড কমাণ্ডার জাহানজেব আরবাব তার বাহিনী নিয়ে এসে যায়। বেঙ্গল রেজিমেন্ট-এর বাকী সৈন্য প্যালেসে থেকে যায়। বিগ্রেড কমাণ্ডার আসার সাথে সাথে মেজর মইনকে আদেশ দেয় সে যেন তার সেনাবাহিনীকে পেছনে সরিয়ে নিয়ে এসে রেলস্টেশনে যাবার পথের উপর জনতাকে সামনে রেখে মোতায়েন করে। মেজর মইন তখন বিগ্রেড কমাণ্ডারকে বললেন যে নেতারা আপনার সাথে দেখা করতে চান এবং এই উদ্দেশ্যে তারা এদিকে আসছেন। বিগ্রেড কমাণ্ডার উত্তেজিত হয়ে বললেন, "I do not want to see them. Tell them to get away and deploy troops."

মেজর মইন নির্দেশ মোতাবেক সৈন্যদের মোতায়েন করার জন্য আদেশ দিচ্ছিলেন। এ আদেশ শুনে এবং সৈন্যদের গতিবিধিও বিগ্রেড কমাণ্ডার জাহানজেব আরবাবের ক্রুদ্ধ মূর্তি দেখে নেতারা পেছনে সরে যান। নেতাদের পেছনে সরে যেতে দেখে এপাশের জনতা আরো উত্তেজিত হয়ে পড়ল। তখন বিগ্রেড কমাণ্ডার মেজর মইনকে নির্দেশ দেন জনতার উপর গুলি ছোঁড়ার জন্য। একদিকে তিনি নিজে মেজর মইনকে গুলি ছোঁড়ার নির্দেশ দিচ্ছিলেন কিন্তু অপর দিকে তিনি মেজর মইনকে কর্নেল মাসুদের নির্দেশ নিতে বলছিলেন। কর্নেল মাসুদ ঐখানে ছিলেন।

এখানে বলে রাখা দরকার যে, টাঙ্গাইলে আমাদের যে কন্টিনজেন্ট ছিল তাদের খাদ্য নেওয়ার জন্য একটা ট্রাক (বেডফোর্ড) টাঙ্গাইল থেকে জয়দেবপুর আসছিল। ঐ গাড়ী বাজারের নিকট এসে এক বিরাট জনতার ভিড় দেখতে পায়। তারা ভেবেছিল যে আজ হাটবার তাই এত লোক। তারা এখানকার ঘটনা সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ ছিল। হঠাৎ জনতার মধ্যে থেকে কিছু লোক তাদেরকে ঘিরে ফেলে এবং বলে যে সামনে পাঞ্জাবী সৈন্যরা আমাদের গুলি ছোঁড়ার জন্য তৈরী হচ্ছে। তোমাদেরকে আমাদের সাথে যোগ দিয়ে পাঞ্জাবীর বিরুদ্ধে যুদ্ধ করতে হবে। ট্রাকের মধ্যে ড্রাইভারসহ ৭ জন বাঙ্গালী সৈন্য ছিল। তারা হতবুদ্ধি হযে কি করতে হবে কিছুই ঠিক করতে পারল না। জনতা পাঁচজনকে ধরে নিয়ে যায় এবং একটি ঘরে তাদেরকে বন্ধ করে তাদের অস্ত্রশস্ত্র কেড়ে নেয়। অস্ত্রের মধ্যে চারটি চাইনিজ রাইফেল এবং চাইনীজ এসএমজি ছিল। ড্রাইভার এবং কো-ড্রাইভার কোন রকমে পালিয়ে এসে বলে যে আমাদের পাঁচজন সৈন্যকে জনতা বোধ হয় মেরে ফেলেছে এবং আমরা মারধর খেয়ে কোন রকমে পালিয়ে আসতে সক্ষম হয়েছি। তখন বিগ্রেড কমাণ্ডার হুকুম দেয়, "Fire and Clear the barricade" মেজর মইন এই হুকুম পাবার পর প্রথম বিউগল বাজালেন এবং পতাকা উঠিয়ে গুলি ছোঁড়া হবে বলে মাইকে ঘোষণা করলেন। এ ঘোষণায় জনতার মাঝে কোন ভয়-ভীতির সঞ্চার হয়নি। তারপর তিনি জনতার মাঝে একজনকে লক্ষ্য করে গুলি ছোঁড়ার নির্দেশ দেন। এ আদেশ শোনার পর জনতার মাঝে একটু ভয় ও ভীতির সঞ্চার হয়। মেজর মইন যাকে গুলি ছোঁড়ার নির্দেশ দিয়েছিলেন তাকে বাংলায় বললেন যে নিচের দিকে গুলি ছুঁড়ে দাও। যেহেতু গুলিটা গিয়ে একটা গাছের মধ্যে লেগেছে সেহেতু বিগ্রেড কমাণ্ডার এটা দেখে খুব রাগান্বিত হলেন। এবং নির্দেশ দিলেন, "Fire for effect"এবারও জনতার মধ্যে একটু নড়চড় হচ্ছিল। এবারও তিনি বাংলায় বললেন উপর দিকে মেরে দাও। এবার যে গুলি করছিল, সে রাইফেলটাকে এমনভাবে উঠিয়ে ধরছিলো যে মনে হচ্ছিল সে আকাশের দিকে লক্ষ্য করে গুলি ছুঁড়ছে। তা দেখে বিগ্রেড কমাণ্ডার ক্ষিপ্ত হয়ে বললেন, "I want one dead body per bullet. If you cannot handle the situation I will employ my troops." এই সময় জনতার মধ্য থেকেও গুলি ছোঁড়া হচ্ছিল। পরিস্থিতি মারাত্মক আকার ধারণ করতে দেখে মেজর মইন এবার ঠিকভাবে গুলি ছোঁড়ার নির্দেশ দিলেন। গুলি একজন লোকের গায়ে লাগে এবং সে মাটিতে পড়ে যায়। এর ফলে জনতা ছত্রভঙ্গ হতে থাকে। এ সময় জনতার মধ্য থেকেও ভীষণভাবে গুলি ছোড়া হচ্ছিল। জনতার গুলিতে বেঙ্গল রেজিমেন্ট-এর কিছুসংখ্যক সৈন্যও আহত হয়। এ সময় জয়দেবপুর বাজারে অবস্থিত মসজিদের উপর থেকে বিগ্রেড কমাণ্ডার জাহানজেব আরবাবকে লক্ষ্য করে এস-এমজি ফায়ার শুরু হয়। আমাদের সৌভাগ্যবশতঃ বিগ্রেডিয়ারের গায়ে তা লাগেনি। এখন জনতা এবং সৈন্যদের মধ্যে বেশ

কিছুক্ষণ গুলি বিনিময় হয়। এবং সেনাবাহিনীর গুলিতে জনতা ছত্রভঙ্গ হয়ে যায়। বেঙ্গল রেজিমেন্ট-এর বাকী সৈন্যসহ আমি তখন প্যালেসে ছিলাম এবং গুলির আওয়াজ শুনে কিছুসংখ্যক সৈনিককে জাহানজেব আরবাবের ট্রুপস-এর পিছনে মোতায়েন করি। এর দুটো উদ্দেশ্য ছিল জনতার হাত থেকে সৈনিকদের বাঁচানো এবং যদি বিগ্রেড কমাণ্ডারের অশুভ উদ্দেশ্য থাকে তা প্রতিহত করা।

এ খণ্ডযুদ্ধ প্রায় পনর বিশ মিনিটের মত চলে এবং এরপর সম্পূর্ণ এলাকা জনতামুক্ত। জনতা চলে যাবার পর আমরা ব্যারিকেড খুলে ফেলি। এরপর বিগ্রেড কমাণ্ডার ঢাকার দিকে চলে গেলেন এবং যাবার আগে নির্দেশ দিয়ে গেলেন জয়দেবপুর ও গাজীপুর চৌরাস্তা এলাকার মধ্যে সান্ধ্য আইন জারী করার জন্য এবং আরো বলে গেলেন অয়ারলেসে তাকে জানাবার জন্য কি রকম এ্যামুনিশন খরচ হয়েছে এবং কতজন হতাহত হয়েছে। আমরা তারপর খোঁজ নিয়ে জানলাম যে, দুইজন লোক নিহত হয়েছে এবং কিছুসংখ্যক আহত হয়েছে। বিগ্রেড কমাণ্ডার যাবার সময় চৌরাস্তায় কিছু লোক দেখতে পায়। তাদেরকে ছত্রভঙ্গ করার জন্য দূর থেকে গুলি ছোঁড়ে এবং এতে দুজন লোক মারা যায়। আহতদের সংখ্যা জানা যায়নি।

আমরা নির্দেশ অনুযায়ী সান্ধ্য আইন জারী করি। সন্ধ্যা পাঁচটার দিকে পাঁচজন নিখোঁজ লোককে আমরা মসজিদের পাশের এক কক্ষ থেকে উদ্ধার করি। স্থানীয় নেতাদের সাহায্যে এবং আমাদের লোকদের সাহায্যে তল্লাশী চালিয়ে পরদিন দুপুর পর্যন্ত ৪টি রাইফেল উদ্ধার করতে সক্ষম হই। তিন-চারদিন পর গফরগাঁও থেকে এসমএমজিটি উদ্ধার করি। অস্ত্রশস্ত্র খুঁজে বের করা পর্যন্ত ঐ বেলায় সান্ধ্য আইন বলবৎ ছিল। যদি বিগ্রেড কমাণ্ডার সেখানে না থাকত তাহলে আমরা ব্যারিকেড খুলে ফেলতে পারতাম। কোন হতাহত হতো না। যেভাবে এ পরিস্থিতিকে মোকাবিলা করা হয়েছে তাতে বেঙ্গল রেজিমেন্ট-এর সৈন্যরা বিক্ষুদ্ধ হয়ে উঠেছিল। ঐদিনই রাতে ৫ জন বাঙ্গালী সৈন্য অস্ত্রশস্ত্র নিয়ে পালিয়ে যায়। এর মধ্যে ৪টি চাইনিজ রাইফেল এবং একটি এস-এমজি এ্যামুনিশনসহ ছিল। সন্ধ্যার সময় অয়ারলেসে আমরা বিগ্রেড কমাণ্ডারকে জানালাম যে, আমাদের ৬৩ রাউণ্ড গুলি খরচ হয়েছে এবং আমাদের কিছুসংখ্যক সৈন্য আহত হয়েছে। দুজন বেসামরিক লোক নিহত এবং বেশ কিছুসংখ্যক আহত হয়েছে। যদিও তিনি বললেন যে ভাল করেছ, কিন্তু তিনি মনে মনে খুশী হতে পারেননি। কেননা তিনি বলেছিলেন, why 63 round spent and only two dead?

ব্যাটালিয়ন কমাণ্ডার-এর কর্তব্য এবং দায়িত্ব তার ব্যাটালিয়নের শৃঙ্খলা রক্ষা করা। কিন্তু এমন নাজুক পরিস্থিতিতে তিনি সুস্থ মস্তিষ্কে কিছুই করতে পারেননি। বিগ্রেড কমাণ্ডার-এর কাছ থেকে তাঁর উপর কারণ দর্শাও নোটিশ এলো কিভাবে ট্রাকের পাঁচজন সৈন্য থেকে অস্ত্র নিয়ে আমাদের বিরুদ্ধে ব্যবহার করা হলো? এবং পাঁচজন কেন অস্ত্র নিয়ে পালিয়ে গেল? ব্যাটালিয়ন কমাণ্ডার এক্সপ্লানেশন-এর জবাব দিয়েছিলেন। কিন্তু তাঁর জবাবে বিগ্রেড কমাণ্ডার সন্তুষ্ট হননি। শেষ পর্যন্ত তিনি বিগ্রেড হেডকোয়ার্টারে নিজে গিয়ে তাঁর বক্তব্য পেশ করেন। যাবার পূর্বে আমার সাথে পরামর্শ করেন। আমি তাকে বলেছিলাম যে যতক্ষণ পর্যন্ত না আপনাকে ডাকছে ততক্ষণ আপনি ঢাকাতে যাবেন না। যেহেতু তিনি মানসিক অস্থিরতাতে ছিলেন সেহেতু তিনি সেই অস্থিরতা দূর করার জন্য ২৩শে মার্চ ঢাকা বিগ্রেড হেডকোয়ার্টারে আসলেন। সেখানে যাবার সাথে তাঁকে বিগ্রেড কমাণ্ডার জাহানজেব আরবাব বললেন, তোমাকে ব্যাটালিয়নে ফিরে যেতে হবে না। তুমি স্টেশন হেডকোয়ার্টারে এটাচড্; ব্যাটালিয়নের ঘটনাবলী নিয়ে তদন্ত হবে। তার পর থেকে ঢাকাতে থেকে যেতে বলা হয়। সেহেতু তিনি আর ব্যাটালিয়নে ফিরে যেতে পারেন নি। আমাকে নির্দেশ দেওয়া হয় যে কর্নেল মাসুদ স্টেশন হেডকোয়ার্টারে এটাচড্; এবং তার অনুপস্থিতিতে আমি যেন ব্যাটালিয়ন-এর কার্যভার গ্রহণ করি।

২৫শে মার্চ বেলা ১১টার সময় আমাকে বিগ্রেড থেকে জানানো হয় যে, বিগ্রেডিয়ার মজুমদার, সেন্টার কমান্ড্যান্ট, ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, চট্টগ্রাম ব্যাটালিয়নে আসছেন এবং সৈন্যদের উদ্দেশ্যে ভাষণ দেবেন। আরো জানানো হয় নতুন ব্যাটালিয়ন কমাণ্ডার লেঃ কর্নেল কাজী রকিব উদ্দিন নতুন ব্যাটালিয়ন কমাণ্ডার হিসেবে আসছেন এবং তিনিও আজ পৌঁছে যাবেন। কর্নেল মাসুদ আমাকে ১১টার দিকে টেলিফোনে বলেন যে, লেঃ

কর্নেল রকিব নতুন ব্যাটালিয়ন কমাণ্ডার হিসেবে আসছেন। তিনিও ভালো লোক। আমার যা হয়েছে তার জন্য কোন আফসোস নাই। খোদা যা করেন, ভালোর জন্য করেন।

বেলা প্রায় ১টায় বিগ্রেডিয়ার মজুমদার ব্যাটালিয়নে পৌঁছান এবং আমার সাথে এক ঘন্টা পর্যন্ত আলাপ আলোচনা করেন। তাঁর কাছে কিছু প্রশ্ন করলে তিনি তার পুরোপুরি জবাব দিতে পারননি। আমার মনে হচ্ছিল তিনি কিছু বলতে চাচ্ছিলেন কিন্তু ঘোলাটে পরিস্থিতিতে মুখ খুলে কিছু বলার সাহস পাচ্ছিলেন না। বেলা প্রায় আড়াইটার দিকে লেঃ কর্নেল কাজী রকিব ব্যাটালিয়নে পৌঁছে যান। বেলা প্রায় তিনটায় বিগ্রেডিয়ার মজুমদার সৈনিকদের উদ্দেশ্যে এক ভাষণ দেন। ভাষণের মর্ম এই ছিল যে, আমরা সৈনিক, আমরা সরকারের নির্দেশ মোতাবেক চলি। এবং সরকার যা হুকুম দেন তা আমরা পালন করতে বাধ্য হই। ব্যাটেলিয়নে ঘন্টাখানেক এ পরিপ্রেক্ষিতে ভাষণ দেন। তারপর লেঃ কর্নেল রকিবকে ব্যাটালিয়ন-এর ভার বুঝিয়ে দেন। এবং সৈনিকদের বলেন, আজ থেকে লেঃ কর্নেল রকিব তোমাদের নতুন ব্যাটালিয়ন কমাণ্ডার। বেলা প্রায় পাঁচটার দিকে তিনি ঢাকা রওনা হয়ে যান। কিন্তু যাবার আগে আমি তাঁকে বলেছিলাম, স্যার আপনি আমাদের ব্যাটালিয়নে নতুন এসেছেন। তাই আজ রাতটা এখানে থেকে যান। কিন্তু তিনি বলেন যে ঢাকাতে তিনি তার শ্বশুরবাড়িতে থাকবেন। এখন আমি উপলব্দি করতে পারছি যে যদি তিনি আমাদের ব্যাটালিয়নে থাকতেন, তাহলে হয়ত আজ আমাদের সাথেই থাকতেন।

বিগ্রেডিয়ার মজুমদার চলে যাবার পর আমি ব্যাটালিয়ন কমাণ্ডার রকিবকে দেশের তদানীন্তন গোলযোগপূর্ণ রাজনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে ব্যাটালিয়নের সৈনিকদের মনোভাব জ্ঞাত করাই। কিন্তু তাঁর মনোভাব সম্পূর্ণরূপে না জানাতে তাঁর সাথে খোলাখুলি আলাপ করতে পারছিলাম না- যদিও আমার পক্ষ থেকে যতদূও সম্ভব ব্যাটালিয়নের সৈনিকদের মনোভাব তাঁকে জ্ঞাত করাই। ২৫শে মার্চ পর্যন্ত ব্যাটালিয়ন কিভাবে মোতায়েন ছিল তাও তাঁকে বলি। ডেপ্লয়মেন্টটা এই- এক কোম্পানী ময়মনসিংহ, এক কোম্পানী টাঙ্গাইলে- এই দুই কোম্পানীর ভার ছিল আমার উপর। এক প্লাটুন ছিল রাজেন্দ্রপুর এ্যামুনিশন ডিপোতে। সেখানে আরো তিনটি পাঞ্জাবী প্লাটুন ছিল-এক প্লাটুন পাঞ্জাব রেজিমেন্ট, এক প্লাটুন বেলুচ রেজিমেন্ট, এবং এক প্লাটুন ফ্রন্টিয়ার ফোর্স রেজিমেন্ট। ব্যাটালিয়নের বাকি লোক সব জয়দেবপুর প্যালেসে ছিল।

২৫শে মার্চ রাত প্রায় ১০টার দিকে কর্নেল রকিবের ছেলে ঢাকা থেকে টেলিফোনে জানায় যে তাদের বাসায় কয়েকটা বেনামী টেলিফোন কল এসেছে এবং ধমক দিয়ে বলা হয়েছে যে তাদের জানমালের নিরাপত্তা বিঘ্নিত হবে। ঐ দিন বিগ্রেড কন্ট্রোল রুমে আমাদের ব্যাটালিয়নের একজন পাঞ্জাবী অফিসার কর্তব্যরত ছিল। কর্নেল রকিব তাকে নির্দেশ দেন সে যেন ইপিআর হেডকোয়ার্টারে টেলিফোন করে সেখান থেকে কিছু আমর্ড গার্ড তাঁর বাড়িতে পাঠিয়ে দেন। তিনি ইপিআর থেকে মনে হয় এই ভরসায় সাহায্য চেয়ে পাঠিয়েছিলেন যে তিনি মাত্র কিছুদিন আগে ইপিআর থেকে এসেছেন। আমর্ড গার্ড তাঁর বাসায় পাঠানো হয়েছিল কিনা, তা পরে আর জানতে পারিনি।

২৫শে মার্চ রাত প্রায় ১২টায় জেনারেল টিক্কা খান ব্যাটালিয়ন কমাণ্ডার কর্নেল রকিবের সাথে টেলিফোনে কথা বলেন এবং বলেন যে গাজীপুর অর্ডন্যান্স ফ্যাক্টরীতে গোলযোগ চলছে। একজন দায়িত্বশীল অফিসারের নেতৃত্বে যেন সেখানে এক কোম্পানী সৈন্য পাঠানো হয়। গাজীপুর জয়দেবপুর থেকে নিকটবর্তী। সেখানে কোন গোলযোগ হলে নিশ্চয়ই আমরা খবর পেতাম। কিন্তু যেহেতু টিক্কা খান নিজেই নির্দেশ দিয়েছেন সেহেতু ঐ রাতেই প্রায় তিনটায় এক কোম্পানী সৈন্য একজন অফিসারের নেতৃত্বে সেখানে পাঠানো হয়। সৈন্য পাঠাবার পর সেখানে দেখা গেল কোন গণ্ডগোল ছিল না। আমার মনে হয়, তাঁর উদ্দেশ্য ছিল ব্যাটালিয়নের সমস্ত সৈনিককে দেশের চারিদিকে ছড়িয়ে রাখা যাতে আমরা একত্রিত হয়ে পাকিস্তানী কর্তৃপক্ষের ২৫শে মার্চের পরিকল্পনা বাস্তবায়নে কোন বাধা সৃষ্টি না করতে পারি।

২৫শে মার্চ রাত প্রায় ১ টায় কর্নেল মাসুদুল হাসান খান ঢাকা থেকে টেলিফোন করে জিজ্ঞেস করেন যে তোমাদের অবস্থা কি? ঢাকাতে তো বেশ গুলিগোলার আওয়াজ শুনছি। এই টেলিফোন পাবার পরপরই ঢাকার সাথে সামরিক-বেসামরিক সমস্ত যোগাযোগ বিছিন্ন হয়ে যায়। ঢাকায় যে তখন কি হচ্ছিল তার কোন খবরই আমরা পাচ্ছিলাম না। ২৬শে মার্চ সকাল বেলায় ব্যাটালিয়ন কমাণ্ডার রকিবকে বললাম যে গত রাতে যা কিছু ঘটনা ঘটেছে এবং চারিদিকে যে সমস্ত গুজব রটছে তার পরিপ্রেক্ষিতে একটা উত্তেজনাপূর্ণ পরিবেশ বিরাজ করেছে। এ মুহূর্তে এ ব্যাপারে আমাদের চিন্তা-ভাবনা করা উচিত। যেহেতু ঢাকার সাথে অন্য সব রকম যোগাযোগ বিছিন্ন হয়ে যায় সেহেতু আমি অয়ারলেস সেটে গিয়ে ঢাকার কি হচ্ছে তা শোনার চেষ্টা করি। ২৫শে মার্চ রাতে টেলিফোন যোগাযোগ বিছিন্ন হবার পূর্ব মুহূর্ত পর্যন্ত আমি ইউনিটে অয়ারলেস সেটে যেভাবে কাজ চলছিল তার একটি বিস্তৃত বর্ণনা নিচে দেওয়া গেলঃ-

বিগ্রেড হেডকেয়ার্টারে- ৫৭ বিগ্রেডে ছিল কন্ট্রোল স্টেশন আর সাব-স্টেশন ছিল নিম্নলিখিত ইউনিটগুলোঃ ১। ১৮ পাঞ্জাব, ২। ৩২ পাঞ্জাব, ৩। ২২ বেলুচ রেজিমেন্ট, ৪। ১৩ ফ্রন্টিয়ার ফোর্স রেজিমেন্ট, ৫। ৩১ ফিল্ড রেজিমেন্ট, ৬। ৪৩ লাইট এন্টিএয়ারক্র্যাফট রেজিমেন্ট, ৭। ট্যাংকস স্কোয়াড্রন- এগুলো সব ঢাকায় ছিল, ৮। ২ ইস্ট বেঙ্গল, জয়দেবপুর, ৯। ২ ইস্ট বেঙ্গল, টাঙ্গাইল (এ সেটগুলো ঢাকা থেকে এসেছিল)। এর অপারেটর সব পাঞ্জাবী ছিল। অয়ালেস সেট এবং অয়ারলেস নেট কিভাবে কাজ করে সে সম্বন্ধে যারা পুরোপুরি অবগত নন তাদের অবগতির জন্য বলছি যে, অয়ারলেস নেট-এ একই ফ্রিকোয়েন্সিতে যখন এক স্টেশনে কথা বলা হয়, তখন অন্য স্টেশনের লোকজন একই সময়ে ঐ সমস্ত কথাবার্তা শুনতে পায়।

২৬ শে মার্চ সকাল ৭/৮ ঘটিকার সময় আমি এবং কর্নেল রকিব অয়ারলেস সেটে যাই। সেটটা জয়দেবপুর রাজবাড়ির অফির্সাস মেস-এর পূর্বদিকে বসানো ছিল। আমরা যখন সেটে যাই তখন সেটে কথা হচ্ছিল। আমরা সেখানে পৌঁছার সাথে সাথে অপারেটর ফ্রিকোয়েন্সি পরিবর্তন করে অন্য চ্যানেলে চলে আসে। ফ্রিকোয়েন্সিতে পরিবর্তন করাতে অন্যান্য স্টেশনের সাথে আমাদের যোগাযোগ বিছিন্ন হয়ে যায়। আমি অপারেটরকে (পাঞ্জাবী ছিল) জিজ্ঞেস করি যে তুমি ফ্রিকোয়েন্সি কেন চেঞ্জ করছ? আর বাকী স্টেশন কোথায়? সে উত্তর দিল যে ঢাকা থেকে নির্দেশ দিয়েছে গোলযোগপূর্ণ আবহাওয়ার জন্য এবং এই নেটে অনেক স্টেশন হয়ে যাবার জন্য। জয়দেবপুর-ঢাকা-টাঙ্গাইল এক নেটে থাকবে বলে নির্দেশ পাওয়া গেছে। আমি তাকে বললাম কিছুক্ষণ আগে অয়ারলেস সেট যে ফ্রিকোয়েন্সিতে ছিল সে ফ্রিকোয়েন্সিতে ফিরে যাও। সে উত্তর দিল যে, স্যার আমার সেট আর কোন ফ্রিকোয়েন্সিতে ছিল না। আমি তখন তাকে বললাম যে অন্যান্য ইউনিট যে ফ্রিকোয়েন্সিতে আছে সে ফ্রিকোয়েন্সিতে মিলাও বা সেট কর। সে উত্তর দিল "আমার সে ফ্রিকোয়েন্সি জানা নেই।" আমি তাকে আর কিছু না বলে কর্নেল রকিবের সাথে অফিসে ফিরে আসি। আসার সময় রাস্তায় কর্নেল রকিবকে বলি, "There must have something serious happened in Dacca. That is why Dacca station does not want us to hear the conversation" তারপর আমি একজন বাঙ্গালী অপারেটরকে গোপনে নির্দেশ দিই ঐ সেট এর উপর লক্ষ্য রাখার জন্য যে কি কথাবার্তা হয়। আমি অফিস যাবার সাথে সাথে আমাদের ব্যাটালিয়নের নিজস্ব অপারেটর আমাকে বলে যে ময়মনসিংহের কোম্পানী কমাণ্ডার মেজর নুরুল ইসলাম আপনার সাথে জরুরী কথা বলতে চান। টেলিফোন যোগাযোগ ছিল না বলে তিনি অয়ারলেসে কথা বলতে চান। ময়মনসিংহে আমাদের নিজস্ব অয়ারলেস সেট ছিল। আমি সেটে যাবার পর মেজর নুরুল ইসলাম বলে যে, সে কয়েক হাজার লোক দ্বারা ঘেরাও হয়ে আছে। তারা বলছে যে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট তাদের সাথে যোগ দিক।

এখানে বলে রাখা দরকার ময়মনসিংহ ইপিআর হেডকোয়ার্টারে মেজর নুরুল ইসলামের নেতৃত্বে আমাদের এক কোম্পানী সৈন্য ছিল। ইপিআর-এর উইং কমাণ্ডার একজন পশ্চিম পাকিস্তানী অফিসার ছিল। ইপিআর উইংয়ে তাদের যে রিজার্ভ কোম্পানী ছিল তার প্রায় অধিকাংশই বাঙ্গালী ছিল। উইং কমাণ্ডার ঢাকার নির্দেশমত সমস্ত পশ্চিম পাকিস্তানী সৈনিকদের (ইপিআর) বর্ডার থেকে উইথড্র করে উইং হেডকোয়ার্টারে নিয়ে আসে। তাদের সংখ্যা উইং হেডকোয়ার্টারে ছিল প্রায় ৫০/৬০ জন। জনতা যখন উইং হেডকোয়ার্টার ঘিরে ফেলল তখন

হেডকোয়ার্টার-এর আউটার পেরিমিটারে বাঙ্গালী সৈনিকরা পাহারারত অবস্থায় ছিল। মেজর নুরুল ইসলাম (বর্তমানে লেঃ কর্ণেল) মাইক্রোফোনে উচ্চস্বরে জনসাধারণকে এ এলাকা থেকে চলে যাবার নির্দেশ দিচ্ছিলেন এবং এও আশ্বাস দেন যে, সময় আসলে আমরা আপনাদের নিরাশ করব না। সারাদিন তারা এ অবস্থায় ঘেরাও ছিল। মেজর নুরুল ইসলামের আশ্বাস পেয়ে জনতা আস্তে আস্তে সরে যায়। আমাকে যখন সে এ সমস্ত ঘটনা জানায় তখন আমি তাকে বললাম ধীরেসুস্থে কাজ কর। সময় আসলে সব কিছু বলব। সে আমাকে সেখানে আরো কিছু সৈনিক পাঠাবার জন্য অনুরোধ জানাচ্ছিল। আমি তাকে আশ্বাস দিয়েছিলাম যে আমি পাঠাতে চেষ্টা করব।

আমি অয়ারলেস থেকে অফিসে ফিরে আসার সাথে সাথে আমি যে একজন অপারেটরকে ঠিক করেছিলাম ঐ অয়ারলেস সেটে লক্ষ্য রাখার জন্য সে এসে আমাকে খবর দিল যে, স্যার, আপনারা চলে আসার কিছুক্ষণ পর সে আবার ফিকোয়েন্সি চেঞ্জ করে অন্যান্য স্টেশনের কথা শুনছিল। আমি দূর থেকে শুধু এতটুকুই শুনতে পেরেছি কে যেন কতগুলো লোক মেরেছে। পাঞ্জাবী অপারেটর তার সম্বন্ধে নির্দেশ চাইলে ঢাকার অপারেটর ভীষণভাবে রাগান্বিত হয়, এবং বলে সে যেন আর কখনো এই ফ্রিকোয়েন্সিতে না আসে। তাকে গতকাল যেভাবে নির্দেশ দেওয়া হয়েছে সে যেন সেভাবে চলে।

এ খবর পেয়ে আমি ব্যাটালিয়ান কমাণ্ডার কর্নেল রকিবের অফিসে যাই এবং তাকে এ সমস্ত ব্যাপার (ময়মনসিংহের ব্যাপার এবং অয়ারলেস-এর ব্যাপার) সব খুলে বলি। এবং তাকে আমি বলি যে, স্যার, আমাদের এখন কিছু একটা করা দরকার। তা না হলে পরিস্থিতি আমাদের আয়ত্তের বাইরে চলে যেতে পারে। যদি চলে যায় আপনিও কিছু করতে পারবেন না, আমিও কিছু করতে পারবো না। তিনি তখন আমাকে জিজ্ঞেস করলেন, কি করা দরকার? আমি এ পরামর্শ দিলাম যে ময়মনসিংহের পরিস্থিতি খারাপ। ঢাকার সাথে আমাদের কোন যোগাযোগ নেই। এই পরিস্থিতিতে ময়মনসিংহের সাহায্যের জন্য আমাদের সমস্ত সৈনিকদের নিয়ে সেখানে চলে যাই। আমার উদ্দেশ্য ছিল, আমাদের সৈনিকদের ময়মনসিংহ গিয়ে কনসেনট্রেট করা। আর পরিস্থিতি লক্ষ্য করে যদি কিছু করতে হয়, তাহলে আমরা যেন এক সাথে হয়ে করতে পারি। তিনি তখন বললেন, ঢাকা থেকে নির্দেশ ছাড়া কি ভাবে এ পদক্ষেপ নিই। আমি তখন বললাম যে, আপনি ঢাকা থেকে নির্দেশ নেন যে ময়মনসিংহের পরিস্থিতি খুবই খারাপ, আমাদের সেখানে ইনফোর্সমেন্ট পাঠানো দরকার। তিনি আমার কথামত ঢাকাতে অয়ারলেস সেটে কথা বললেন। কিন্তু কোন উত্তর পেলেন না। আমি তাকে বললাম যে এখন আমরা যদি কিছু না করি তাহলে আমাদের সৈনিকদের নিরাপত্তার জন্য আমাদের যে দায়িত্ব রয়েছে তা হয়ত আমরা পালন করতে পারব না। এতে তিনি একটু ঘাবড়িয়ে পড়লেন। ২৬ শে মার্চ প্রায় দশটার দিকে জেনারেল টিক্কা খান তৎকালীন সারা পূর্ব পাকিস্তানে সামরিক আইন জারী করেন এবং ঐ আইনের নির্দেশাবলী রেডিওতে প্রচার করতে থাকেন। সামরিক আইন জারীর কথা শুনে সৈনিকদের মধ্যে এক উত্তেজনার সৃষ্টি হয়। ঢাকায় যে বেশকিছু একটা ঘটেছে তার একটা আভাস পাওয়া যায়।

২৬ শে মার্চ সকাল ১০/১১ টার দিকে দেখলাম একটা আর্মি হেলিকপ্টার রাজেন্দ্রপুরের দিকে একবার যাচ্ছে এবং আবার আসছে। খবর নিয়ে জানতে পারলাম তারা রাজেন্দ্রপুর থেকে এ্যামুনিশন নিচ্ছে। তাতে বুঝা যাচ্ছে ঢাকাতে যে এ্যামুনিশন ছিল তা এত তাড়াতাড়ি কিভাবে তারা খরচ করল। এ খবর পাবার পর ব্যাটালিয়ন কমাণ্ডারকে আবার বললাম যে, স্যার, "There must have something serious happened in Dacca and that is why they are running short of ammunition is being lifted by helicopter."

২৭শে মার্চ সকাল পর্যন্ত ঢাকাতে কি ঘটেছিল তার কোন খবর পাইনি। বিকেলের দিকে আমাদের একজন ড্রাইভার ঢাকা থেকে পালিয়ে আসতে সক্ষম হয়। সে খবর দিল যে ঢাকাতে বেশ গোলাগুলি হয়েছে এবং বেশকিছু লোক মারা গিয়েছে। সে আরো বললো যে, বাঙালী সৈনিকদের বেঁধে নিয়ে কোথাও নিয়ে মেরে ফেলা

হচ্ছে। সে ব্যাটালিয়নে পৌঁছার সাথে এক উত্তেজনাপূর্ণ পরিস্থিতির সৃষ্টির হয়। তখন আমি ব্যাটালিয়ন কমাণ্ডারকে বলি যে, ঢাকা থেকে আপনি কোন নির্দেশ পাচ্ছেন না। ব্যাটালিয়নের পরিস্থিতিও খারাপ। আমরা যদি কোথাও কনসেনট্রেট না হই তাহলে পরিস্থিতি হয়ত আমাদের আয়ত্তের বাইরে চলে যাবে। আমি তাকে আবার বললাম যে, আমরা আমাদের সৈনিকদের নিয়ে টাঙ্গাইল এবং ময়মনসিংহ চলে যাই। তিনি উত্তরে বললেন যে আমার ছেলে পিলে আছে। বেলা প্রায় দু'টোর দিকে ঢাকা থেকে বিগ্রেড কমাণ্ডার বিগ্রেডিয়ার জাহানজেব আরবাব ব্যাটালিয়ন কমাণ্ডার-এর সাথে অয়ারলেসে কথা বললেন এবং বললেন, "our troops are facing some difficulties at Tongi, Send a company to do some shooting." আমাকে ব্যাটালিয়ন কমাণ্ডার জিজ্ঞেস করলেন, কি করা যায়? জয়দেবপুরে তখন শুধু একটা রাইফেল কোম্পানী ছিল, যার কমাণ্ডার মইনুল হোসেন চৌধুরী। ব্যাটালিয়ন কমাণ্ডার রকীব বললেন এই কোম্পানীকে পাঠাবার জন্য। আমি তখন বললাম যে এখন এই কোম্পানীকে না পাঠিয়ে টংগীর খবর নিন। একজন পাঞ্জাবী অফিসার পাঠাতে বললাম। গাজীপুর অর্ডন্যান্স ফ্যাক্টরীতে আমাদের যে কোম্পানী ছিল তার কমাণ্ডার ছিল একজন পাঞ্জাবী অফিসার। আমি তাকে পাঠাতে বললাম। ড্রাইভার এবং বাকী লোক ছিল বাঙালী। ঐদিনই আমরা টঙ্গীতে বেশ কিছু বড় বড় গোলার আওয়াজ শুনি। অফিসারকে আর অন্যান্যদেরকে পৃথক পৃথক ব্রিফ করে টঙ্গী থেকে খবর আনার জন্য পাঠানো হয়। বিকেলে টঙ্গী থেকে ফিরে আসার পর ঐ অফিসার কমান্ডিং অফিসারকে খবর দেয় যে সেখানে তেমন কিছু হয়নি। কিছুসংখ্যক জনতা টঙ্গী পুলের কাছে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে বলে কিছু গোলাগুলি হয়েছে। সে এও বলল যে, "Since there was a barricade near Tongi Bridge the troops from Dacca did some sporadic Firing. Incidentally I was also challenged by the Dacca troops." ড্রাইভার বলল যে আমরা টঙ্গীতে যাবার সাথে সাথে পশ্চিম পাকিস্তানী সৈন্যরা আমাদের সবাইকে (আমাদের অফিসারসহ) দুই হাত উপরে উঁচু করে বেয়নেটের ডগায় অফিসারের কাছে নিয়ে যায়। আমাদের সৈনিকদের সবাই ইউনিফর্ম পরিহিত ছিল। অফিসারকে যখন তারা উঁচু করায় (হ্যাণ্ডস-আপ) তখন অফিসার পাঞ্জাবী ভাষায় তাদের তিরস্কার করছিল। তার কথা শুনে পাঞ্জাবী সিপাইগুলো বলছিল, "দেখ, শালা পাঞ্জাবী ভি সিখ লিয়া।"এখন মনে হয় তাকে বাঙ্গালী অফিসার মনে করে হাত উঁচু করিয়েছিল। এইভাবে হাত উঁচু অবস্থায় তাদের অফিসারদের সামনে যাবার সাথে সাথে তারা (তাদের অফিসাররা) দুঃখ প্রকাশ করে। আমাদের অফিসার তাদের সাথে ঘন্টাখানেক আলাপ-আলোচনার পর ফিরে আসে।

আমি এই ঘটনা ব্যাটালিয়ন কমাণ্ডারকে বলি এবং এও বলি যে, "Sir, it is about time that we take some actions, otherwise it will be too late," তিনি তখন বললেন আমি কি করতে পারি? আমি তাকে বললাম, "If you are so afraid of taking any action then I am going to take some actions. As far as your safety is concerened you can go to cantonment and tell them that thay (2 E Bengal pers) have all gone and no one listens to you. You will not be blamed for it as you have come only two days before. Neither you know the troops, nor they know you. If you want we will tie you and leave in one of the rooms and the Dacca authorities will not doubt you." এ কথা বলার পর আমি উনাকে একটু চিন্তা করে দেখতে বললাম এবং বললাম আমি সমস্ত অফিসার জেসিও'দের এ ব্যাপারে ব্রিফ করছি। যে পাঞ্জাবী অফিসার টঙ্গীতে খবর নিতে গিয়েছিল সে গাজীপুর ফিরে না গিয়ে জয়দেবপুরে চলে আসে। জয়দেবপুরে আরো দুইজন পশ্চিম পাকিস্তানী অফিসার এবং কিছুসংখ্যক পাকিস্তানী সৈন্য ছিল। তাদের মধ্যে গোপনে শলাপরামর্শ চলছিল। আমি এটা লক্ষ্য করেছিলাম। তাই এ অফিসারকে রীতিমত অর্ডার করে গাজীপুর পাঠিয়ে দিই।

২৭শে মার্চ সন্ধ্যার দিকে কিছু লোক ঢাকা থেকে আসে। তাদের মুখে শুনতে পাই যে ঢাকাতে বেশকিছু হত্যাকাণ্ড হয়েছে। এর আগে ড্রাইভার ছাড়া আর কারো কাছে শুনতে পাইনি। ২৭শে মার্চ সকালে একজন লোক ধীরাশ্রম থেকে জয়দেবপুরে আসে। সে খবর নিয়ে আসে যে কর্নেল সালাউদ্দিন মোঃ রাজা ধীরাশ্রম রেলওয়ে

স্টেশনে ঢাকা থেকে এসেছেন এবং সেখানে বসে আছেন। তিনি আমার সাথে বা লেঃ কর্নেল মাসুদের সাথে দেখা করতে চান। আমি ঐ লোকটার সঙ্গে গোপনে দেখা করি এবং লেঃ কর্নেল মাসুদ ব্যাটালিয়নে নেই, উনি ঢাকায়। বর্তমান ব্যাটালিয়ন কমাণ্ডার লেঃ কর্নেল রকিব। আপনি চলে আসুন, কোন অসুবিধা হবে না। বোধ হয় লেঃ কর্নেল রকিব ব্যাটালিয়ন কমাণ্ডার শুনে জয়দেবপুর আসতে সাহস পাননি। তাই তার সঙ্গে আর দেখা হয়নি।

আমি জানতে পারলাম যে আমাদের যে; আমাদের সুবেদার মেজর আবদুল লতিফ মোল্লা ১৭ই এপ্রিল বাঘাবাড়ি ঘাটে এসেছেন। আমি তার সাথে দেখা করতে যাই। ২০শে এপ্রিল আমি বাঘাবাড়ী ঘাটে পৌছাই এবং দেখতে পাই হাবিলদার আলি আকবর এক আহত সৈনিককে নিয়ে ঘাটে রেখেছে। আলী আকবর বলল যে; ১৯শে এপ্রিল পাইকড়হাটে আমাদের প্রতিরক্ষাব্যূহ পাকসেনা অগ্রসর হচ্ছিল। সেই সময় সে পাকসেনাদের উপর গুলী ছোড়ে। পাকসেনাদের ৬ গাড়ী নষ্ট হয়েছে এবং বহু সৈন্য হতাহত হয়েছে। তার পক্ষেও অনেক হতাহত হয়েছে এবং ছত্রভঙ্গ হয়েগেছে। আহত হাবিলদার আবদুল আলীকে নিয়ে আমরা শাহজাদপুর হাসপাতালে আসি। সেখানে তার উপর অস্ত্রোপচার করা হয় স্থানীয় ডাক্তারদের দ্বারা। এরপর হাবিলদার আলী আকবর সিরাজগঞ্জের এসডিও-র সাথে যোগাযোগ করে। ছত্রভঙ্গদের আমি একত্রিত করার চেষ্টা করি কিন্তু তা করতে পারিনি।

আমি তার পর ৩নং সেক্টরে যোগ দিই। সেখান থেকে আমাকে কোম্পানী কমাণ্ডার বানিয়ে সিলেটের আসালংবাড়ী পাঠিয়ে দেয়া হয়।

চাঁপাইনবাবগঞ্জ-রাজশাহীর সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকার; হাবিলদার মোহাম্মদ ফসিউদ্দিন

০২-০৫-১৯৭৪

চাঁপাইনবাবগঞ্জে ইপিআর-এর ৬নং উইং ছিল। ২৪শে মার্চ থেকে আমাদের কিছু লোককে বাইরে অভ্যন্তরীন নিরাপত্তা ডিউটির জন্য পাঠানো হয়। এই উইং এর কমাণ্ডার; সহকারী উইং কমাণ্ডার; ক্যাপ্টেন সিদ্দিকও আর একজন ক্যাপ্টেন মেস কমাণ্ডার থেকে সুবেদার মেজর পর্যন্ত সবাই ছিল পশ্চিম পাকিস্তানী। বাঙ্গালীদের বদলী করে পশ্চিম পাকিস্তানীদের নিয়োগ করা হয়। ২৫শে মার্চ থেকে বাংগালী ইপিআদের কাছে থেকে অস্ত্র নেবার চেষ্টা করা হয়। কিন্তু বাঙ্গালীদের সন্দেহ জাগায় অস্ত্র জমা দিতে তারা অস্বীকার করে। জনসাধারণ আমাদের উপর হামলা চালাবে এই অজুহাতে আমরা অস্ত্র জমা দিই নাই।

২৫শে মার্চ বিকেলে সেক্টর হেডকোয়ার্টার রাজশাহী থেকে ১৫/১৬ জন বাঙ্গালী ইপিআর একজন সিকিউরিটিসহ নবাবগঞ্জে আসে। মাঝে মাঝে তারা গোপনে বৈঠক করতে থাকে। ২৫শে মার্চ রাতে তিনজন ক্যাপ্টেনসহ আনুমানিক ২৫/৩০ জন পশ্চিম পাকিস্তানী ইপিআর রাত প্রায় দেড় ঘটিকায় সময় রহনপুর প্লাটুন

হেডকোয়ার্টারে আক্রমন চালায়। রহনপুর ক্যাম্পের বাঙ্গালী ইপিআররা তাদের জীবন রক্ষার্থে ওদের উপর পাল্টা আক্রমন চালায়। ওদের তিনজন আহত হয়। ২৬শে মার্চ পাকিস্তানীরা রহনপুর বাজারে কিছু নিঃসহায় লোককে গুলী করে হত্যা করে। ২৬শে মার্চ দিনে নবাবগঞ্জ ক্যাম্পের সমস্ত বাঙ্গালীকে নিরস্ত্র অবস্থায় তিন চারবার ফলইন করানো হয়। কিন্তু কিছু সংখ্যক বাঙ্গালী অস্ত্রসহ বাইরে গণ্ডগোলের অজুহাতে ক্যাম্পের আশেপাশে থাকে। আমাদেরকে ফল-ইন করিয়ে উইং কমাণ্ডার বলেন যে; আমরা যদি বাইরের জনসাধারণের সাথে সহযোগিতা করি তাহলে আমাদের কঠিন সাজা দেয়া হবে এবং গুলি করে হত্যা করা হবে। কথা প্রসংগে পশ্চিমা সুবেদার মেজর দাদু খান বলে যে তোমাদেরকে ট্যাঙ্কের সাহায্যে মাটিতে মিশিয়ে দেয়া হবে।

২৬শে মার্চ দিনের বেলা আমরা চট্রগ্রাম কেন্দ্র থেকে ইপিআর অয়ারলেসে খবর পাই যে ঢাকাতে বাঙ্গালী ইপিআরদের কে খতম করা হয়েছে। বাইরে যারা আছে তাদেরকে আত্মরক্ষার জন্য সতর্ক করে দয়া হয়।

২৬শে মার্চ সন্ধ্যা ৭টায় আমরা কয়েকজন বাঙ্গালী এসসিও হাবিলদার মোস্তফা কামাল; হাবিলদার জমজম আলী হাবিলদার সিদ্দিকুর রহমান ; হাবিলদার সৈয়দ আলী তালুকদার এবং কিছুসংখ্যক নায়েক সিপাহী পশ্চিম পাকিস্তানী কয়েকজন এনসিও-র সাথে আলাপ করছিলাম। হঠাৎ ব্যাটালিয়ন হাবিলদার মেজর গুলজার খান পশ্চিম পাকিস্তনীদের চোখের ইশারায় ডেকে নিয়ে আসেন। তাদের এহেন আচরনে আমরা সন্দিগ্ধ হলাম। আমরা আরো সতর্ক হই। কিছুক্ষন পর রাজশাহী সেক্টর হেডকোয়ার্টার থেকে একটি মেসেজ আসে। সেটা ছিল পশ্চিম পাকিস্তানী সমস্ত অফিসার এবং জোয়ানদের পরিবারকে রাজশাহীতে সরিয়ে ফেলার জন্য এবং বাঙ্গালীদের খতম করে রাজশাহীর দিকে যাবার জন্য। আমাদের বাঙ্গালী অপারেটর এই মেসেজ সমস্ত বঙ্গালীদের জানিয়ে দেয়। এই মেসেজ অফিসারের হাতে পড়ার সাথে সাথে আমাদের উপর হামলা শুরু হয়। গোলাগুলির মধ্যেই তিনজন অফিসার পরিবারসহ পালিয়ে রাজশাহীর দিকে চলে যায়। প্রায় দুই ঘন্টা গোলাগুলীর পর পরিস্থিতি বাঙ্গালীদের আয়ত্তে আসে এবং অস্ত্রসহ পশ্চিম পাকিস্তানী জেসিওকে বন্দী করা হয়। গোলাগুলিতে তাদের কিছু লোক মারা যায়; কিছু আহত হয়। আমাদের একজন সামান্য আহত হয়।

ক্যাম্পকে সম্পূর্নরুপে নিজ দায়িত্বে আনার পর বাইরে জনসাধারণ কে খবর দেয়া হয়। ১০/১৫ মিনিটের মধ্যে ২/৩ হাজার লোক ক্যাম্পে আসে আমাদের সাহায্য সহযোগিতা করার জন্য। সারা রাত ক্যাম্পের বাইরে এবং ভিতরে চতুর্দিকে ডিফেন্স করা হয় পশ্চিম পাকিস্তানীদের আক্রমন থেকে রক্ষা পাবার জন্য। তখন রাজশাহীতে ২৫ পাঞ্জাব রেজিমেন্ট ছিল। আমরা সীমান্তের সমস্ত বিওপিতে অবাঙ্গালীদের গ্রেফতার করে কিছু লোক বিওপিতে থাকি; বাকি সবাই উইং হেডকোয়ার্টারে সমবেত হবার জন্য অগ্রসর হই। ২৭ মার্চ বিকালে ৫ ঘটিকায় আমরা রাজশাহীর বাঙ্গালীর ইপিআর এবং বাঙ্গালী পুলিশদের জীবন রক্ষার্থে রাজশাহীর দিকে অগ্রসর হই। রাজশাহীর সেক্টর হেডকোয়ার্টারে পাকিস্তানীরা সমস্ত গোলাবারুদ এবং বিপুল পরিমান অস্ত্রশস্ত্র জ্বালিয়ে ধ্বংস করে দেয়। সেক্টর হেডকোয়ার্টার পাকিস্তানী ক্যাপ্টেন ইসহাক সমস্ত বাঙ্গালী ইপিআরকে সতর্ক করে দেন এবং বলেন যে; তোমাদের সাথে আমি অনেক দিন যাবৎ আছি এখানে অনেক কিছু খেয়েছি। তিনি সবাইকে আত্মরক্ষার জন্য দুই মিনিটের মধ্যে চলে যেতে বলেন। ঠিক ঐ সময়ের মধ্যে পাকিস্তানীরা গোলাগুলি এবং আগুন জ্বালানো শুরু করে দেয়।

নবাবগঞ্জ থেকে ১৮ মাইল দূরে গোদাগাড়ীতে কিছুসংখ্যক লোক ডিফেন্স তৈরি করে। রাত্রে পাকিস্তানিরা আমাদের উপর আক্রমন চালায়। উভয় পক্ষের মধ্যে গোলাগুলি চলে। আমরা আস্তে আস্তে রাজশাহীর দিকে অগ্রসর হতে থাকি গোলাগুলী চলতেই থাকে। রাজশাহীর কাছিয়াডাঙ্গাতে ক্যাপ্টেন গিয়াস নওগাঁ থেকে এসে আমাদের সাতে মিলিত হন। সেই সময় আমাদের কোন অফিসার না থাকায় তিনি নেতৃত্ব দেন। রাজশাহী কোর্ট স্টেশনের নিকট ডিফেন্স থাকাকালীন আমাদের একজন নায়েক আবদুল মালেক শহীদ হন। ক্যাপ্টেন গিয়াস সাহেবের নেতৃত্বে আমরা রাজশাহী শাহর দখল করে নেই।এরপর রাজশাহী সেনানিবাস দখলের জন্য সাঁড়াশী অভিযান শুরু হয়। প্রায়ই আমাদের উপর বিমান হামাল হত-দিনে ৩/৪বার করে। ১৩ই এপ্রিল বিকেল পর্যন্ত

আমরা সেনানিবাসের কিছু জায়গা দখল করে নেই। এই অভিযানে ২৫ পাঞ্জাব রেজিমেন্টের অধকাংশই নিহত হয়।

রাজশাহী দখলের পরই খবর আসে যে ঢাকা থেকে বিপুল সৈন্য আরিচাঘাট- নগরবাড়ি হয়ে রাজশাহীর দিকে আগ্রসর হচ্ছে। তাদের পথে বাধা দেয়ার জন্যে আমাদের কিছু লোক-আনসার ; মোজাহিদ ; পুলিশ ঐদিকে এগিয়ে যায়। নগরবাড়িতে আমাদের লোকের সাথে পাকবাহিনীর সংঘর্ষ হয়। আমাদের লোক পিছু হটতে বাধ্য হয়। পাকিস্তানীদের রাজশাহী পৌছা পর্যন্ত রাস্তার কয়েক জায়গায় আমাদের লোকের সাথে তাদের সংঘর্ষ হয়। সংখ্যায় তারা অধিক থাকায় বহু হতাহতের পরও তারা রাজশাহী পৌছে যায়- বিশ্ববিদ্যালয়ে। আমাদের সুশিক্ষিত গোলন্দাজ বাহিনী তাদের অনেক গাড়ী ধ্বংস করে। তাদেরও অনেক হতাহত হয়। ১৩ই এপ্রিল শেষ রাতে পাকিস্তানীরা আমাদের উপর মরণপণ আক্রমন চালায়। আর্টিলারী; পদাতিক এবং বিমান হামলা চলে সম্মিলিতভাবে। তাদের প্রচণ্ড আক্রমণের মুখে টিকতে না পেরে আমরা আত্মরক্ষার জন্য পিছু হটতে বাধ্য হই।

পুনরায় আমরা সমবেত হই-চাঁপাইনবাবগঞ্জে। গোদাগাড়ীতে পুনরায় ডিফেন্স নিই। ২২শে এপ্রিল ভোর বেলায় পাকিস্তানীরা আমাদের উপর হামলা চালায়। এখানে পাকিস্তানীদের প্রায় ১৫০টি কনভয় আধুনিক অস্ত্রশস্ত্র নিয়ে আক্রমন চালায়। পরপর কয়েকবার আমাদের উপর পাল্টা আক্রমন হয়। আমাদের বহু লোক এখানে শহীদ হয়।

২৩শে এপ্রিল ভোরে আমরা পদ্মা নদী পার হয়ে হাকিমপুর, পোলাডাঙ্গা এবং সাহেবনগর চরে গিয়ে সমবেত হই। ক্যাপ্টেন গিয়াসের নির্দেশে সমস্ত লোক পোলাডাঙ্গা ক্যাম্পে একত্রিত হয়।

কানুপুরের যুদ্ধ*

রাজশাহী-একাত্তরের ২৯শে এপ্রিল। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের শেষবর্ষের ছাত্র আসাদ আহমদ বায়রনের নেতৃত্বে একদল গেরিলা নবাবগঞ্জ মহকুমার শিবগঞ্জ থানাধীন পাগলঅ নদীর ওপার থেকে নদী পার হয়ে কানুপুর যাত্রার জন্য তৈরি হয়। রাত তখন নয়টা বেজে ত্রিশ মিনিট; দুর্লভপুর গেরিলা শিবির থেকে বায়রন তার দল নিয়ে যত্রা শুরু করে। সাথীদের সকলের চোখে মুখে যেন কিছুটা নৈরাশ্যের ছাপ। হয়তো মনে হচ্ছিল এই দুঃসাহসিক অপারেশন বুঝি কেউ আর ফিরে আসবে না। পরক্ষণেই তাদের আবার মনে হয়েছে যেমন করেই হোক তাদের এ অপারেশনে সাফল্যলাভ করতেই হবে। কারণ দখলদার নরঘাতক ইয়াহিয়া বাহিনীর কবল থেকে মুক্তির আশায় বাংলাদেশের মানুষ দিন গুনছে। দুটিমাত্র ছোট নৌকা তাদের সম্ভল; অস্ত্রশস্ত্র নৌকায় রাখা আর গেরিলারা নৌকায় ভেসে চলেছে। রাতের অন্ধকার ভেদ করে এগিয়ে চলেছে পশুহত্যার উল্যাসে। রাত পৌনে এগাটা। শেষ হলো জলে ভাসা। কানুনপুরের কাছে এক আখক্ষেতে নৌকা রাখা হয়। নৌকায় রাখা অস্ত্র তারা হাতে তুলে নেয়। আবার শুরু হয় যাত্রা। এক বুক পানি ভেঙ্গে এগিয়ে চলেছে। খানিকটা দূর ঘুরে কানুনপুর গ্রামটাকে পেছনে ফেলে এক আম বাগানে প্রবেশ করে। সেখানেই প্রত্যেককে দায়িত্ব বন্টন করে দেয়া হয়। তারা যখন আম বাগান প্রবেশ করে তখন শিবগঞ্জের খানসেনাদের ক্যান্টনমেন্ট থেকে ভেসে আসছিল মুহুর্মুহু গোলাগুলির আওয়াজ। পদপ্রদর্শক ছিল ১১ বছরের একটি বালক; এর নাম জানা যায়নি। প্রথমে যদিও এই বালকের ওপর ভরসা করা যায়নি; কিন্তু সে ভুল ভাঙতে খুব দেরি হয়নি। সে অত্যন্ত গেরিলাদের এগিয়ে নিয়ে গেল-পাঞ্জাবী আর রাজাকারদের ট্রেঞ্চ ও বাংকারগুলো খুব কাছ থেকে দেখিয়ে দিল। ক্রলিং করে গিয়ে পাহারারত রাজাকারকে কিছু করার সুযোগ না দিয়ে গলা টিপে হত্যা করে অস্ত্র কেড়ে নেয় এগারো বছরের বালকটি। এরপর শুরু হয় গেরিলাদের কাজ।

---

* দৈনিক বাংলা ২১শে মার্চ ১৯৭২-এ প্রকাশিত প্রতিবেদন থেকে সংকলিত

অন্যান্য গেরিলারা তড়িৎবেগে দলের নেতার নির্দেশ অনুযায়ী কাজ আরম্ভ করে দেয়। যে বাংকারে পাঞ্জাবী ছিল সেখানে গ্রেনেড চার্জ করা হয়। বাংকারে তখন তিনজন পাঞ্জাবী ঘুমুচ্ছিল। মাত্র কয়েক সেসেণ্ড। প্রচণ্ড বিস্ফোরণের সাথে সাথে বাংকার ধসে পড়ে। পাশের বাংকার গ্রেনেড চার্জ করে হত্যা করা হয় চারজন রাজাকারকে। নিকটে এক বাড়ীতে দু'জন রাজাকার ও তিনজন দালাল ছিল। তারা পালিয়ে পাঞ্জাবীদের কাছে খবর নিয়ে যাচ্ছিল। হাতের রাইফেল তাদের লক্ষ্য করে গর্জন করে উঠে। অব্যর্থ লক্ষ। মহুর্তে লুটিয়ে পড়ে পাঁচজন মীরজাফর। ইতিমধ্যে পাঞ্জাবীরা টের পেয়ে যায়। প্রায় এক কোম্পানী পাঞ্জাবী ও রাজাকার আক্রমণের জন্য অগ্রসর হয়। আখক্ষেতে নৌকায় রেখে আসা হয়েছিল দু জনকে; তারা তাদের সাথীদের নিরাপদে প্রত্যাবর্তনের জন্য খানসেনাদের লক্ষ্য করে গোলাগুলি ছুড়তে আরম্ভ করে। ফলে খানসেনারা হকচকিত হয়ে পড়ে। খানসেনারা ভালভাবে কিছু বুঝতে পারার আগেই গেরিলারা নৌকায় ফিরে শিবিরে ফিরে যায়। কানুপুর অপারেশনে বায়রনের গেরিলা দল একটি এলএমজি; দুটি চীনা স্বয়ংক্রিয় রাইফেলসহ বেশ কিছু অস্ত্রশস্ত্র উদ্ধার করে।

সশস্ত্র প্রতিরোধ : বগুড়া

শিরোনাম	সূত্র	তারিখ
১২। বগুড়ায় সংঘটিত সশস্ত্র প্রতিরোধ যুদ্ধের বিবরণ	.....	..... ১৯৭১

বগুড়ার ছাত্র জনতার প্রতিরোধ যুদ্ধ

বাংলাদেশের প্রতিরোধ সংগ্রামে বগুড়ার ছাত্রসমাজ সারা দেশের ছাত্রদের মুখ উজ্জল করে তুলেছে। বগুড়ার ছাত্ররা এই সংগ্রামের মধ্যে দিয়ে তাদের ছাত্র পতাকাকে সবার উর্ধ্বে তুলে ধরেছে। যারা এই মুক্তি সংগ্রামের ইতিহাস রচনা করবেন তাদের এই সত্যটি অবশ্যই স্বীকৃত দিতে হবে। শুধু কলেজের ছাত্ররাই নয় দলে দলে স্কুলের ছাত্ররাও শত্রুদের বিরুদ্ধে লড়াই করতে পথ নেমে এসেছে। । যুদ্ধবিদ্যায় অশিক্ষিত এ কাঁচা বয়সের ছেলেরা একমাত্র দেশপ্রেমের বলে বলীয়ান হয়ে যুদ্ধবিদ্যায় অভিজ্ঞ পাক সৈন্যদের বিরুদ্ধে লড়াই চালিয়ে অকুতভোয়ে প্রাণ নিয়েছে; প্রাণ দিয়েছে।

দেশকে মুক্ত করতে হলে শেষ পর্যন্ত সশস্ত্র সংগ্রামে নামতে হবে; ছাত্ররা এই সত্যটিকে ভাল করেই বুঝতে পেরেছিল। তাই মার্চের প্রথম থেকে তারা পাড়ায় পাড়ায় প্যারেড আর রাইফেল চালানোর ট্রেনিং এর ব্যবস্থা করেছিল। ছোট ছোট ছেলেরাও এই ট্রেনিং- এ অংশ নিত। এই ট্রেনিং-এর মধ্য দিয়ে শুধু হাত নয়, হাতের চেয়েও বড় কথা, তাদের মনটাও সংগ্রামের জন্য দেরী হয়ে উঠছিল। এটা শুধু কথার কথা নয়, তারা কার্যক্ষেত্রে এই কথাটিকে সত্য বলে প্রমাণিত করেছে।

সারাটা মাস ধরে মিছিলের পর মিছিল চলেছিল। ছাত্রদের মিছিল' শ্রমিকদের মিছিল; চাকুরেদের মিছিল; সাধারণ মানুষের মিছিল-মিছিলের আর শেষ নেই। বগুড়ার আকাশ বাতাস মিছিলের জয়ধ্বনিতে মুখরিত হয়ে উঠেছিল। এর মধ্যে দিয়ে এল ২৫শে মার্চ; সেই অবিস্মরণীয় ২৫শে মার্চ। অবশ্য বগুড়া শহরে এই দিনটিতে তেমন কোনো উল্লেখযোগ্য ঘটনা ঘটেনি।

২৬শে মার্চ সন্ধ্যেবেলায় ছাত্রদের মিছিল পথে বেরোল; তারই পাশাপাশি লাল ঝান্ডাকে সামনে নিয়ে শ্রমিকদের মিছিল চলে এল। ছাত্র আর শ্রমিকদের শ্লোগানে শ্লোগানে বগুড়া শহরের রাজপথে আর অলি-গলি ধ্বনিত প্রতিধ্বনিত হতে লাগল। আসন্ন ঝাড়ের আভাস পেয়ে তাদের মনে আশংকা-মিশ্রিত উত্তেজনা।

খবর এসেছে ইয়াহিয়ার সঙ্গে শেখ মুজিবের আলোচনা ভেঙ্গে গেছে। এবার এক নতুন পরিস্থিতি সৃষ্টি হবে; সে বিষয়ে সন্দেহ নেই। ঘটনার গতি প্রবাহে এক ভীষন সংগ্রামে অনিবার্যভাবে ভেঙে পড়বে।

সেই দিন রাত দুটোর সময় খবর এসে পৌছাল; রংপুর ক্যান্টনমেন্ট থেকে একদল সৈন্য বগুড়ার উদ্দেশ্যে যাত্রা করেছে। এর তাৎপর্য সুস্পষ্ট; ওরা ওদের হিংস্র থাবা বিস্তার করে আক্রমণের জন্য ছুটে আসছে স্বাধীনতা সংগ্রামকে অংকুরেই চূর্ন করে ফেলবার জন্য ওরা ওদের এই অভিযান শুরু করেছে।

খবরটা দেখতে সারা শহরে ছড়িয়ে পড়ল। ঘুমন্ত মানুষ শয্যা ছেড়ে উঠে বসল। ইতিমধ্যে পথে আওয়াজ উঠেছে- প্রতিরোধ চাই; প্ররোধ। ছাত্র আর শ্রমিকদের মিছিল বেরিয়ে গেছে। তারা সারা শহরের

* 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ' থেকে সংকলিত

পথে পথে ঘুরে প্রতিরোধ সংগ্রামের আওয়াজ তুলেছে। সেই আওয়াজে ঘরের মানুষ ঘর ছেড়ে পথে এসে দাঁড়িয়েছে।

শত্রুদের প্রতিরোধ করতে হবে। কিন্তু প্রতিরোধ করার মত অস্ত্র কোথায়? ছাত্রেরা দল বেঁধে থানায় গিয়ে সেখান থেকে সমস্ত রাইফেল বের করে নিয়ে এল। শুধু তাই নয়; শহরে যার যার হাতে যত বন্দুক ছিল; তোর সবাই তাদের হাতে চলে এসেছে। এ অবস্থায় কোন দিকে থেইে তারা ভাধা বা আপত্তি পায়নি। সবাই যে যার বন্দুক তাদের হাতে তুলে দিয়েছে। ছাত্রেরা সেই সমস্ত অস্ত্র নিজেদের মধ্যে ভাগ করে নিল। এই ক'দিনে তারা রাইফেল চালানোর ব্যাপারে যে ট্রেনিং পেয়েছে তা মোটেই আশাপ্রদ নয়। তা হোক; সংগ্রামে নেমে এসেছে; এখন আর অগ্র-পশ্চাৎ বিবেচনার সময় নেই, তাদের যতটুকু বিদ্যা সেই টুককেই কাজে লাগাতে হবে।

সারা শহরের পথি বহু ব্যারিকেড গড়ে উঠেছে। এই ব্যারিকেড গড়ে তোলার ব্যাপারে শত শত হাত অক্লান্তভাবে কাজ করে চলেছে। ছাত্র আর শ্রমিকরা সবাইর আগে; সাধারণ মানুষও তাদের সঙ্গে এসে যোগ দিয়েছে। বড় বড় গাছ কেটে শহরের প্রবেশ মুখ-বন্দ করে দেয়া হচ্ছে। কাজের বিরাম নেই। এইভাবে রাত কেটে গিয়ে ভোর হয়ে এল; তখনও কাজ চলছে। হ্যা; সকল দিক দিয়ে ওদের চলাচলের পথ রুদ্ধ করে দিত হবে; ওদের আক্রমণকে অচল করে ফেলতে হবে।

সৈন্যরা মহাস্থানগড় হয়ে বগুড়া শহরের দিকে মার্চ করে চলে আসছিল। ওরা সকালবেলা বগুড়া শহরের সামনে এসে পৌছল। শহরে ঢোকার একমাত্র পথ সুবিলখালের পুল। ওরা সেই পথ দিয়েই চলে এল। ছাত্র আর শ্রমিকরা সেখানে হানাদার শত্রু সৈন্যদের দৃষ্টির আড়ালে পজিশন নিয়ে দাড়িয়েছিল। সৈন্যরা ব্যারিকেড সরিয়ে ক্রমে ক্রমে এগিয়ে আসছিল। গোপন আশ্রয়ের আড়াল থেকে ছাত্র আর শ্রমিকরা তাদের লক্ষ্য করে গুলি ছুড়ছিল। হানাদার সৈন্যরা কালিতলাহাট হয়ে ঝাউতলা রোড ধরে বড়গোলা মোড়ে আসে। এখানে আগে থেকেই অনেক ছত্র পজিশন দাঁড়িয়েছিল। সৈন্যরা এখানে এসে পৌছবার সঙ্গে সঙ্গেই প্রবল গুলিবর্ষনের সম্মুখীন হোল। ফলে এখানে একজন কর্ণেলসহ ১১জন সৈন্য মারা যায়। সৈন্যরা এলোপাতাড়ি গুলি ছুড়তে থাকে । একই ভাবে পাক সৈন্যরা অনেকক্ষণ ধরে তাদের শত্রুদের বিরুদ্ধে গুলি চালিয়ে যেতে থাকে। বেলা যখন সাড়ে বারোটা তখন স্কুলের দশম শ্রেণীর ছাত্র টিপু শত্রুসৈন্যের গুলিতে বিদ্ধ হয়ে মাড়া যায়। দুটি ইউনাইটেড ব্যাংক অফিসের দোতলায় দাঁড়িয়ে শত্রুদের বিরুদ্ধে লড়াই করছিল। মাত্র পনের বছর তার বয়স। বগুড়া শহরের স্কুলের ছাত্রদের সে ছিল নেতা। সবাই তাকে চিনত জানত; সবাই তাকে ভালবাসত। গত এক মাসের মুক্তি আন্দলোনে অক্লান্ত পরিশ্রম ও সাহসের পরিচয় দিয়ে সে ছাত্র সংগ্রাম পরিষদের নেতাদের মধ্যে বিশিষ্ট স্থান দখল করে নিয়েছিল। বীর কিশোর টির যুদ্ধ করতে করতে প্রাণ দিল। শুধু সে-ই নয় তারই মত বগুড়ার আরও কয়েকটি বীর সন্তানকে সেদিন এই মুক্তিসংগ্রামে প্রাণ দিতে হয়েছে।

আজাদুর রহমান নামে এক তরুন ইষ্টার্ণ ব্যাংকিং বিল্ডিং-এ আশ্রয় নিয়ে যুদ্ধ করছিল। শত্রুদের গুলিতে তার মাথার খুলি উড়ে যায়। আজাদ একটি প্রেস চালাত; তারই সাথে সাথে লেখাপড়াও করত। বগুড়ার মানুষ এই সমস্ত বীর শহীদের কথা ভুলে যেতে পারেনি। আরও একজন শহীদের নাম এখানে বিশেষ করে উল্লেখ করতে হয়। তার নাম হিরু। এই হিরুও সেদিন তাদের মত যুদ্ধ করতে করতে প্রাণ দিয়েছিল। হিরু কিন্তু একজন বিহারীর সন্তান। বগুড়ার বিহারী কলোনীতে তার জন্ম; সেইখানেই সে বাস করত। তাহলেও জন্মভূমি বাংলাদেশকে সে তার মাতৃভূমি বলে মনোপ্রাণে গ্রহন করে নিয়েছিল এবং এই মাতৃভূমির মুক্তিসংগ্রামে সে শাহাদৎ বরণ করল। বিহারী কলোনীর মধ্যেই হিরুর মৃতদেহ কবর দেওয়া হয়।

টিটু, আজাদুর রহমান ও হিরুর মৃত্যুর পর পাক সৈন্যরা দু'ভাগে ভাগ হয়ে দক্ষিণ দিকে এগুতে থাকে। একদল ঝাউতলার মধ্যে দিয়ে যায়; আর একদল যায় রাজাবাজার দিয়ে। এরা রেল লাইনের কাছে এসে গেলে ছাত্ররা ওদের চারদিকে থেকে ঘিরে ফেলে গুলিবর্ষণ করতে থাকে। এইভাবে আক্রান্ত হয়ে সৈন্যরা বেলা দেড়টার

সময় পেছনে হাটতে থাকে। সৈন্যরা তাদের মনের ঝাল মেটাবার জন্য বেশ কিছু লোককে ধরে তাদের ক্যাম্পে নিয়ে যায়। সেখানে তারা ওদের সবাইকে গুলি করে মারে এবং তাদের মৃতদেহ পেট্রোল দিয়ে পুড়িয়ে ফেলে। এছাড়াও এরা রেল লাইনের কাছে পাচঁজন হোটেলের বয়কে মেরে ফেলেছিল।

তার পরদিন ২৭শে মার্চ তারিখে সৈন্যরা বগুড়ার কটন মিল মহিলা কলেজ; নাইট কলেজ আযিযুল হক সরকারী কলেজের পুরাতন ভবন এবং বেতার ভবন দখল করে সেসব জায়গায় ঘাটি গেড়ে বসল। তারপর তারা মহিলা কলেজ ও রেস্টহাউসের চারতলা বাড়ি থেকে মর্টার শেল রকেট এবং মেশিনগানের সাহায্যে শহরের উপর আক্রমণ চালিয়ে যেতে থাকে। এইভাবে সারাটা দিন কাটল। তার পরদিনও তারা শহরের লোকদের উপর নানাভাবে আক্রমন চালিয়ে যেতে লাগল।

মোঝে মাঝে এখানে-ওখানে ছাত্রদের সঙ্গে গুলি বিনিময় চলছিল। দুপুর বেলা সৈন্যরা শহর ছেড়ে গ্রামের দিকে চলে যায় এবং সেখান থেকে লোককে ধরে নিয়ে আসে। এদের মধ্যে কিছু লোককে মেরে ফেলা হয়। এরা বাকী লোকদের সঙ্গীন উঁচিয়ে প্রাণের ভয় দেখিয়ে ব্যারিকেড সরিয়ে নেবার কাজে লাগায়। বেলা ৩টার সময় এই সৈন্যরা হাবিব ম্যাচ ফ্যাক্টরীর সামনে দিয়ে যাচ্ছিল। সে সময় ম্যাচ ফ্যাক্টরীরর ভেতর থেকে ওদের উপর গুলিবর্ষণ হতে থাকে। সৈন্যরা প্রতিহিসংসার বশবর্তী হয়ে হাবিব ম্যাচ ফ্যাক্টরীতে আগুন লাগিয়ে দেয়। সেই আগুন সঞ্চিত বারুদের গাদায় গিয়ে লাগতেই এক বিরাট অগ্নিকাণ্ডের সৃষ্টি হয়। এবং নিকটবর্তী বাড়ীগুলোতে আগুন ধরে যায়।

.

বেতার ভবনের পেছন দিককার পাড়াটা বৃন্দাবনপাড়া নামে পরিচিত। সৈন্যরা ২৯শে মার্চ তারিখে সেই পাড়ার উপর গিয়ে হামলা করে। সেখান থেকে তারা চাল হাল থেকে শুরু করে মোরগ; খাসি গরু পর্যন্ত লুটপাট করে নিয়ে আসতে থাকে। এরা সেখানে ঘরে ঘরে আগুন দিয়ে মজা দেখে এবং মেয়েদের উপর পাশবিক অত্যাচার চালায়। এর ফলে সবাই ক্ষিপ্ত হয়ে ওঠে এবং ছাত্রজনতা এদের বিরুদ্ধে গেরিলা আক্রমন চালিয়ে যেতে থাকে। মুক্তিযোদ্ধদের মধ্যে কলিমুদ্দীন নামে এক পুলিশ ও একটি চাত্র নিহত হন। এই কুলিমুদ্দীনই সৈন্যদের বিরুদ্ধে গেরিলা আক্রমন পরিচালনা করছিল।

পরদিন ৩০শে মার্চ তারিখেও এরা আগেকার মতই চারদিকে এলোপাতাড়ি আক্রমণ চালিয়ে যেতে থাকে। সেদিনও রাত্রিবেলায় তারা রেস্ট হাউসের উপর থেকে মর্টার শেল; বোমা ও রকেট ছুড়ে শহরের নানান জায়গায় অগ্নিকাণ্ড ঘটায়। ফলে কিছূ লোকও মারা য়ায়। কিন্তু ওরা অস্ত্রের দাপটে যতই প্রতাপ দেখাক না কেন; ওদের মনোবল ক্রইে কমে আসছিল। এই ক'টি দিনে ছাত্র ও সাধারন মানুয়ের আক্রমণের ফলে ওদের চল্লিশজন সৈন্য মারা গেছে। এমন যে হতে পারে এটা ওরা ভাবতেই পারেনি। এইভাবে যদি মৃত্যুর হার বেড়ে চলতে থাকে; তবে আর কিছু দিনের মধ্যেই সম্পূর্নভাবে বিনাশ হয়ে যেতে হবে। ওদের মনে ত্রাসের সঞ্চার হচ্ছিল বুঝতে পারছিল যে তারা ওদের সঙ্গে উঠতে পারছে না। তাই শেষ পর্যন্ত ওরা শহর থেকে পাত্তা গুটিয়ে পড়াটাই বুদ্ধিমানের কাজ বলে মনে করল। তার পরদিনেই ওরা চোরের মত চুপিচুপি শহর ছেড়ে চলে গিয়ে রংপুর ক্যান্টনমেন্টের দিকে যাত্রা করল। ওরা যে পথ দিয়ে যাচ্ছিল তার চারদিকের গ্রামগুলিতে উত্তেজনার সৃষ্টি হয়ে উঠেছিল।

এই পলাতকের দল যখন কাটাখালিতে পৌছাল তখন স্থানীয় ছাত্ররা ওদের পথরোধ করার জন্য কাটাখালি পুলটাকে ভেঙ্গে ফেলতে চেষ্টা করছিল। কিন্তু ওদের ভাগ্য ভাল সময়ের অভাবে ছাত্রেরা একটুর জন্য তাদের কাজটাকে শেষ করতে পারেনি।

সৈন্যরা কাটাখালি থেকে মানে মানে প্রাণ নিয়ে সরে পড়তে পারল বটে; কিন্তু আরও কিছুদূর এগোবার পর ওদের বাধা পেয়ে থমকে দাড়াঁতে হোল। জায়গাটার নাম গোবিন্দগঞ্জ। এখানে বহু স্থানের ছাত্র আক্রমণমুখী হয়ে ওদের পথরোধ করে দাঁড়িয়ে আছে। কি দুঃসাহসী এই ছাত্রের দল। আগ্নেয়াস্ত্র বলতে অতি সামান্যই ওদের

কাছে ছিল। আর যা ছিল তা হচেছ লাঠি-সোটা বর্শা বল্লম এই সমস্ত হাতিয়ার। তাই নিয়ে ওরা মেশিনগানের বিরুদ্ধে দাড়িয়েছিল। এই সংঘর্ষে অনেক ছাত্র হতাহত হোল। কিন্তু সৈন্যরাও অক্ষত অবস্থায় চলে যেতে পারেনি। ওদের মধ্যে সাতজন ছাত্রদের হাতে ধরা পড়ল। বাকী সবাই প্রাণ নিয়ে ঊর্ধ্বশ্বাসে ছুটে পালাল।

এদিকে বগুড়া মিলিটারী ক্যাম্পে আর এক চাঞ্চল্যকর ঘটনা ঘটে চলেছিল। ক্যাম্পটা বগুড়া শহর থেকে আট মাইল দূরে। ক্যাম্পে সৈন্যদের মধ্যে প্রায় সবাই ছিল বাঙ্গালী। কিন্তু অফিসাররা সবাই পাঞ্জাবী; অফিসাররা বাঙ্গালী সৈন্যদের নিরস্ত্র করে রেখেছিল। আর তাদের মধ্যে যারা তাদের নির্দেশের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল; তাদের গুলি করে হত্যা করা হয়েছিল।

ব্যাপারটা ক্যাম্পের বিতরে ঘটলেও এই খবর চাপা রইল না, দেখতে দেখতে সমস্ত অঞ্চলে ছড়িয়ে পড়ল। খবর পেয়ে ছাত্ররা দলে দলে ছুটে এল। শুধু শহরের ছাত্ররা যে এল তাই নয়, চারদিককার গ্রামাঞ্চলের বহু ছাত্র এসে সেখানে জমল।

ক্যাম্পের ভিতরে অবরুদ্ধ বাঙ্গালী সৈন্যদের এই দুর্দশার কথা জানতে পেরে গ্রামাঞ্চলের লোকদের মধ্যে উত্তেজনার ঢেউ বয়ে গেল। ক্যাম্পে পাঞ্জাবী অফিসারদের খতম করে দেয়ার জন্য তারাও এসে ছাত্রদের সঙ্গে যোগ দিল। খালি হাতে আসেনি কেউ; যে যার হাতিয়ার সঙ্গে নিয়ে এসেছে। কৌতূহলী দর্শক নয় তারা; জীবন পণ করে লড়াই করতে এসেছে। শেরপুর; নন্দীগ্রাম প্রভৃতি অঞ্চল হতে হাজার হাজার লোক এসে ক্যাম্পটাকে ঘেরাও করে ফেলল।

লোকসংখ্যা বাড়তে বাড়তে ২০ হাজার উঠে পড়ল। পর পর ক'দিন তারা এই অবরোধ চালিয়ে গেল। ছাত্ররা অফিসারদের আত্মসমর্পণ করার জন্য আহবান জানাল। কিন্তু তারা কিছুতেই রাজী হতে চায় না। তারা ঢাকার সামরিক কর্তৃপক্ষের উপর ভরসা করে শক্ত হয়ে বসে রইল। ইতিমধ্যে এই খবর ঢাকায় গিয়ে পৌছেছে ঢাকা থেকে উড়ে এল বোমারু বিমান জনতাকে লক্ষ্য করে বোমা ছুড়তে লাগল। কিন্তু কিছুতেই কিছু হল না। মানুষ ক্ষেপে আগুন হয়ে উঠেছিল। শেষ পর্যন্ত হাজার হাজার উত্তেজিত জনতার চাপে অফিসারদের বাধ্য হয়ে আত্মসমর্পণ করতে হোল। পরে এই অফিসারদের বগুড়ার রেলগেটে এনে গুলি করে মারা হয়।

সশস্ত্র প্রতিরোধ বগুড়া

সাক্ষাৎকার: গাজীউল হক

২১-০৮-৮৩

১৯৭১ সাল। ২৫শে মার্চ দিবাগত রাত সাড়ে তিনটা। এমদাদুল হক নামে এক তরুন এসে ঘুম থেকে ডেকে তুললো। এক্ষুনি থানায় যেতে হবে; জরুরী খবর আছে। খবর এসেছে পাকসেনা বগুড়ার দিকে এগিয়ে আসছে। দু'মিনিটে তৈরি হয়ে নিলাম। চিন্তা ভাবনার ফুরসৎ নেই। ছুটতে হলো ডাঃ জাহিদুর রহমান (এমপি) তাঁর বাড়িতে দোতলার ব্যালকনিতে দাঁড়িয়েছিলেন। ডাকতেই নেমে এলেন। তাকে নিয়েই ছুটতে ছুটতে থানায় হাজির হলাম।

আধো আলো আধো অন্ধকার বগুড়া কোতাওয়ালী থানার আঙ্গিনায় ২০/২৫ জন লোক দাড়িয়ে। সামনে এগিয়ে এলেন মকবুল সাহেব (ইন্টেলিজেন্স ব্যাঞ্চের অফিসার) তিনি জানালেন অয়ারলেসে খবর এসেছে পাকসেনারা রাজারবাগ এবং পীলখানা আক্রমন করেছে। রাজারবাগ এবং পীলখানায় প্রতিরোধ চলছে। এদিকে রংপুর থেকে পাকিস্তানী সৈন্য বগুড়ার দিকে এগিয়ে আসছে।

নিজেকে ভীষণ অসহায় বোধ করছিলাম। আমি নির্বাচিত প্রতিনিধি ছিলাম না। কোন রাজনৈতিক দলের নেতাও নই। সুতরাং এ অবস্থায় আমার দায়িত্ব কতখানি বুঝতে না পেরে বিব্রত বোধ করছিলাম। ডাঃ জাহিদুর

রহমানের অবস্থাও আমার চাইতে বিশেষ সুবিধেয় নয়। রাজনৈতিক অঙ্গনে তিনি সম্পূর্ন নতুন। ৭০ সালেই নির্বাচনের আগে সক্রিয় রাজনীতেতে এসছেন এবং পার্লামেন্টের সদস্য নির্বাচিত হয়েছেন। তবুও কর্তব্য সমন্ধে যেন হঠাৎ সজাগ হয়ে উঠলেন; বললেন; এখন সকলকে ডেকে সিদ্ধান্ত নেবার সময় নেই। প্রতিটি মুহুর্তই মূল্যবান। সুতরাং আপনাকেই সিদ্ধান্ত দিতে হবে। ''মকবুল সাহেব; অফিসার ইন-চার্য নিজামউদ্দিন সাহেব এবং থানার অন্যান্য পুলিশ কর্মচারীগণেরও একই মত। সমস্ত দুর্বলতা ঝেড়ে ফেললাম। হঠাৎ যেন মুখ দিয়ে বেরিয়ে এলো ''অল রাইট; আই এসিউম দি কমাণ্ড। উই শ্যাল রেসিস্ট দি পাকিস্তানী আর্মি।''

কিছুক্ষনের জন্য আলোচনা হলো বগুড়া থেকে আট মাইল দক্ষিণে আড়িয়া ক্যান্টনমেন্ট। রংপুর ক্যান্টনমেন্ট উত্তরে। মকবুল সাহেব বললেন; আড়িয়াতে পাকসেনার সংখ্যা খুব বেশী নয়। সুতরাং তারা হঠাৎ কিছু করবে না। তাছাড়া; অয়ারলেসে খবর এসেছে রংপুর থেকে পাক আর্মি আসছে। মনে পড়লো ২৫শে মার্চের সন্ধ্যার সময় ছত্রলীগের সামাদ এবং ছাত্র ইউনিয়নের রেজাউর রহমান ডিংগুর নেতৃত্বে বগুড়া আড়িয়া সড়কের মাঝখানে কটকির সংকীর্ণ পুলের উপর গাছ কেটে ফেলে এবং ইটের স্তূপ সাজিয়ে ব্যারিকেড দেয়া হয়েছিলো। সুতরাং শহরের উত্তরে বগুড়া-রংপুর সড়কের ব্যারিকেড দিতে হবে। ব্যারিকেড বাধা পেলে হয়তো রাতে তারা আর এগুবে না। শহরবাসীদের প্রতিরোধ গড়ে তুলতে অন্ততঃ সকাল পর্যন্ত সময় চাই। (আমাদের চিন্তায় ভূল ছিলো না সেটা পরে প্রমাণিত হয়েছে। শহর থেকে তিন মাইল উত্তরে মাটিডালীতে ব্যারিকেড দেখে পাকিস্তানী সেনারা রাতে শহরে ঢুকতে সাহস করেনি)।

দারোগা নিজামউদ্দিন এবং নুরউল ইসলাম তিনজন কনস্টেবল সঙ্গে নিয়ে রাইফেল হাতে নির্দেশমত আজাদ গেস্ট হউসের ছাদে ঘাটি গাড়লেন। পাকিস্তানী সেনা রেললাইন পার না হওয়া পর্যন্ত তারা আক্রমণ চালাবেন না এই নির্দেশ তাদের দেয়া হলো পুলিশ ফোর্সের অন্যান্যদের অস্ত্রশস্ত্র পুলিশ লাইনে পাঠিয়ে দিলাম। মকবুল সাহেব চলে গেলেন অয়ারলেসে আর কোথাও যোগাযোগ করা যায় কিনা সে চেষ্টা চালাতে।

থানা থেকে বেরোতেই দেখি থানার গেটে ২০/২৫ জন ছাত্র-যুবক জমায়েত হয়েছে। খবর তারাও পেয়েছে। তাদের নিয়ে ডাঃ জাহিদুর রহমান এবং আমি ছুটলাম উত্তর দিকে। যত দ্রুত সম্ভব মাটিডালী পৌছতে হবে। ব্যারিকেড দিয়ে প্রথম বাধার সৃষ্টি করতে হবে। শেষ রাত্রির নিস্তব্ধতা ভেঙ্গে শ্লোগান উঠলো জাগো জাগো বীর বাঙ্গলী জাগো জয় বাংলা; বীর বাঙ্গালী হাতিয়ার ধরো; পাকিস্তানীদের প্রতিরোধ করো।

ছুটছি, রীতিমতো দৌড়াচ্ছি। পাকিস্তানী সেনারা যে রাস্তা ধরে এগিয়ে আসছে সে রাস্তা দিয়ে ছুটছি। পাগলের মতো চীৎকার করছি সবই ঘুম থেকে জেগে উঠুন। পাকিস্তানী সেনারা আসছে। যাদের বন্দুক আছে, তারা বন্দুক হাতে বেরিয়ে আসুন। পাকিস্তানী সেনাদের ঠেকাতে হবে।'

মাটিডালী এসে পৌছলাম। শহর থেকে প্রায় তিন মাইল দূরে। শ্লোগান দিতেই মুস্তাফিজুর (বাবু) সহ অনেকেই রাস্তায় বেরিয়ে এলো। ব্যারিকেড দেবার কথা বলতেই ১৫/২০খানা কুড়াল নিয়ে গাছ কাটা শরু হয়ে গেলো। রাস্তার দুপাশের লোকজনদের বাড়ী ছেড়ে সরে যেতে নির্দেশ দেয়া হলো (পাক সেনারা ব্যারিকেড দেখে ওখানকার অনেক বাড়ীই পুড়িয়ে দিয়েছিলো)। একট বিরাট গাছ রাস্তা জুড়ে পড়ার পর আবার ছুটলাম শহরের দিকে। মাটিডালিতে তখন আরো গাছ কাটা এবং ব্যারিকেড রচনার কাজ চলছে।

২৬শে মার্চের ভোর। পূর্ব আকাশে সূর্য মাত্র উকি দিয়েছে। ডাঃ জাহিদুর রহমানের বাড়ীতে সামনে রাস্তায় মাহমুদ হাসান খান একা দাঁড়িয়ে আছেন। মাহমুদ হাসান খান জেলা আওয়ামী লীগের সভাপতি। আর সবাই কোথায়? জিজ্ঞেস করতে ঘাড় নেড়ে জানালেন; জানেন না শুধু বললেন হাবিবুর রহমান (এমপি) আত্মসমর্পন করার পক্ষপাতী। (পরবর্তীকালে হাবিবুর রহমান পাক সেনাবাহিনীর নিকট আত্মসমর্পণ করে তাদের সহযোগিতা করেছিলেন)।

'না তা চলবে না।' ডঃ জাহিদুর রহমান রীতিমতো ক্রুদ্ধ। মামুদুল হাসান খানকে অন্যদের সঙ্গে যোগাযোগ করতে পাঠিয়ে ডাঃ জাতিদুর রহমানসহ দু'খানা সাইকেলে ছুটলাম পুলিশ লইনের দিকে। পথে দেখা করলাম জেলা প্রশাসক খানে আলম খান সাহেবের সঙ্গে; দেখলাম ভীষণ উদ্বিগ্ন। বললেন সম্মুখযুদ্ধে ওদের সাথে পারবেন না। গেরিলা যুদ্ধের প্রস্তুতি নিন। আপনদের সাফল্য কামনা করি।

এরপর পুলিশ লাইন। পুলিশ লাইনের মকবুল সাহেবের সঙ্গে দেখা হলো। জানালেন অয়ারলেসে কুষ্টিয়া ছাড়া আর কোনো যোগাযোগ হয়নি। কুষ্টিয়ার শেষ খবর হানাদার বাহিনী কুষ্টিয়া আক্রমণ করেছে। এরপর যোগাযোগ বিচ্ছিন্ন।

রিজার্ভ ইন্সপেক্টরের সঙ্গে পুলিশ লাইনে কিছুক্ষণ আলোচনা হলো। স্থির হলো ট্রেঞ্চ খুঁড়ে পুলিশ লাইনে তারা প্রস্তুত থাকবেন। সেকেণ্ড লাইন অব ডিফেন্স।

শহরে যখন ফিরে আসি তখন সকাল সাতটা। রাস্তায় লোক নেমে পড়েছে। কিন্তু অস্ত্রের সংখ্যা অতি নগণ্য। একনলা , দোনলা বন্দুক এবং টু-টু রোব রাইফেলসহ মাত্র আটাশটি। শুধু আজাদ গেস্ট হাউসের ছাদে দারোগা নিজামউদ্দীন এবং তার সঙ্গীর কাছে পাঁচটি ৩০৩ রাইফেল। যে দুরন্ত সাতাশটি ছেলে আমার সঙ্গে ২৬শে মার্চের ভোরে অকুতোভয়ে হানাদার বর্বর পাক বাহিনীকে রুখে দাঁড়িয়েছিলো; তাদের সকলের ভাল নাম হলো; (১) এনামুল হক তপন (২) আব্দুল জলিল (৩) এমদাদুল হক তরুন (৪)নূরুল আনোয়ার বাদশা; (৫) শহীদ টিটু; (৬) শহীদ টিটলু; (৭) শহীদ মোস্তাফিজ (ছনু);(৮) শহীদ আজাদ; (৯) শহীদ তারেক (১০) শহীদ খোকন পাইকাড়;(১১) সালাম (স্বাধীনতার পরে আততায়ীর হাতে নিহত);(১২) বখতিয়ার হোসেন বখতু (আর্ট কলেজের ছাত্র);(১৩) খাজা সামিয়াল (১৪) মমতাজ (বর্তমানে বগুড়া জেলা আওয়ামী লীগ সম্পাদক); (১৫) রাজিউল্লা (১৬) টি এম মূসা (পেস্তা) (১৭) নান্না (১৮) সৈয়দ সোহরাব; (১৯) শহীদ বকুল (২০) বুবলা (২১) জাকারিয়া তালুকদার (২২) মাহতাব (২৩) টাটরু (২৪) বুলু (২৫) বেলাল (২৬)এ কে এম রেজাউল হক (রাজু); (২৭) ইলিয়াস উদ্দিন আহমেদ।

কালীতলা থেকে রেল লাইনের দু'নম্বর ঘুমটি পর্যন্ত রাস্তার দুই পাশে দেয়ালের আড়ালে ছোট ছোট দলে ভাগ করে এদের দাঁড়াবার নির্দেশ দিলাম। কিন্তু এই নির্দেশ ভেঙ্গে টিটু, হিটলু এবং মুস্তাফিজ বড়গোলায় ইউনাইটেড ব্যাংক (বর্তমানে জনতা ব্যাংক)-এর ছাদে ঘাঁটি গেড়ে প্রতিরোধ করে এবং সেখানেই তারা শহীদ হন। তপন, সামিয়াল এবং বখতু ও জলিলসহ চারজনের একটি দল কলীতলার মুখে প্রথম প্রতিরোধের জন্য ঘাটি গাড়লো। প্রত্যেককে নির্দেশ দিলাম গুলী করার সঙ্গে সঙ্গে স্থান ত্যাগ করে এক আড়াল থেকে সরে যেতে হবে অন্য আড়ালে। যুদ্ধ চলাকালীন যোগাযোগ রক্ষা; সংবাদ আদান-প্রদান এবং নির্দেশ পৌছানোর দায়িত্ব নিলো একরামুল হক স্বপন, মঞ্জু (শহীদ আজাদের ভাই), ছাত্র লীগের সামাদ, বিলু (মরহুম আকরব হোসেন আকন্দ সাহেবের ছেলে), সৈয়দ কেরামত আলী গোরা (পরবর্তী কালে পাক সেনাদের হাতে নিহত হন) এবং আবু সুফিয়ান (পরবর্তিকালে পাক সেনাদের হাতে শাহাদাত বরন করেন) সত্যি বলতে কি আমার নিজেকে একজন সেনাপতি সেনাপতি মনে হচ্ছিলো। আমার সেই নির্বোধ সেনাপতির ভুমিকার কথা মনে হলে এখন হাসি পায়।

২৬শে মার্চের সকাল সাড়ে সাতটা নাগাদ পাক সেনা সুবিল পার হয়ে বগুড়া শহরে ঢুকলো। সুবিল পার হবার আগে মাটিডালি; বৃন্দাবনপাড়া এবং ফুলবাড়ী গ্রামের কিছু কিছু বাড়ী তারা আগুন লাগিয়ে জ্বালিয়ে দিলো। শহরে ঢুকবার পর পাক সেনাদল রাস্তার দু'পাশ দিয়ে দুটো লাইনে এগুতে শুরু করে। সুবিল (করতোয়ার একটি খাল) পার হবার পর কোন প্রতিরোধ না পেয়ে বেশ নিশ্চিন্তেই তারা এগুচ্ছিলো। রাস্তা জনশূন্য; কোন বাধা নেই। কিন্তু কালীতলাহাট পার হবার পরপরই দেয়ালের আড়াল থেকে তপনের হাতের বন্দুক আচমকা আগুন ঝরালো। অব্যর্থ নিশানা। লুটিয়ে পড়লো একজন পাকসৈন্য। তপনই বগুড়ার প্রথম মুক্তিযোদ্ধা যার অস্ত্র বগুড়ার মাটিতে প্রথম পাক সেনার রক্ত ঝরালো। গুলি করেই তপন এবং তার সঙ্গীরা স্থান ত্যাগ করে আর এক

দেয়ালের আড়ালে চলে যায়। হঠাৎ আঘাত পেয়ে বিচলিত পাক সেনা এলোপাতাড়ি গুলী চালাতে চালাতে এগিয়ে চলে। জামিলের বাড়ি পার হতেই আবার রাস্তার দু'পাশে দেয়ালের আড়াল থেকে পাকসেনাদের লক্ষ্য করে নির্ভীক মুক্তিযোদ্ধাদের আগ্নেয়াস্ত্র গর্জে উঠলো। এখানে দ'জন পাকসেনা গুরুতর জখম হয়। কিন্তু বগগোলা পার হবার পর প্রচণ্ড বাধার সম্মুখীন হলো পাকসেনা। ঝাউতলা বোম্বে সাইকেল স্টোরের পাশ থেকে গুলী করে সরে যাবার সময় গুলীবিদ্ধ হয়ে শহীদ হলো আজাদ। স্বাধীনতা যুদ্ধে অস্ত্র হাতে বগুড়ার মাটিতে আজাদই প্রথম শহীদ। উক্ত পাকসেনা রাস্তার পাশের ছোট চায়ের দোকানের ঝাপ তুলে দুটো কিশোর কর্মচারীকে গুলী করে মারলো।

পাকসেনারা রেল লাইনের দু'নম্বর ঘুমটির কাছে আজাদ রেস্ট হাউসের ছাদ থেকে দারোগা নিজামউদ্দীন, দারোগা নুরুল ইসলাম এবং তাদের সহযোগীদের ৩০৩ রাইফেল গর্জে উঠলো। সম্মুখ দিক এবং দু' পাশ থেকে আক্রান্ত হয়ে হানাদার সৈন্যরা থমকে দাঁড়ালো। কিছুটা পিছু হটে এলো তারা। এমনি সময়ে বড়গোলার ইউনাইটেট ব্যাঙ্কের ছাদের ওপর থেকে তিনটি বন্দুক গর্জে উঠলো। উৎসাহের বলে নির্দেশ অমান্য করে সকলের অজান্তে ব্যাঙ্কের ছাদে পজিশন নিয়েছিলো টিটু, হিটলূ এবং মুস্তাফিজ(ছনু)। দু'জন পাকসেনা জখম হলো। পেছন দিকে থেকে হঠাৎ আক্রান্ত হয়ে হানাদার সেনাদল বিচলিত হয়ে পড়ে। পিছু হটে দ্রুত তারা ব্যাঙ্ক ভরনটি ঘিরে ফেলে। টিটু, হিটলূ এবং ছনু সরে যাবার সুযোগ পেল না। শহীদ হলো বগুড়ার আর তিনটি দামাল ছেলে। বেলা সাড়ে বারোটা নাগাদ বর্বরহানাদার সেনারা দ্রুত পিছু হটে শহর ছেড়ে গেলো। সুবিলের উত্তর পাড়ে পূর্ব বিভাগের ডাকবাংলা এবং মহিলা কলেজে অবস্থান নিলো তারা।

রাস্তায় বের হয়ে এলো বগুড়া শহরের লোক। স্বাধীনতা যুদ্ধের প্রথম দিনে আমাদের ছেলেরা প্রাণ দিয়েছে। সেজন্যে চোখগুলো অশ্রুসিক্ত। কিন্তু তার সঙ্গে মিলে আছে জয়ের আনন্দ, এক অভূতপূর্ব আশ্বাদ। বর্বর হানাদার বাহিনীর মোকাবিলা করেছি আমরা। তাদের হটিয়ে দিয়েছি, জয়ী হয়েছি।

২৬শে মার্চেরই অপরাহ্নে একরামুল হক স্বপন; ফজলার রহমান (ফুলবাড়ী) এবং চন্দন এসে খবর দিলো যে তারা একটি সাইক্লোস্টাইল মেশিন যোগাড় করেছে। সুতরাং বুলেটিন সাইকক্লোস্টাইল করে বিলি করা যায়। বুলেটিনের খসড়া দিলাম। এক পাতার বুলেটিন সন্ধ্যের সময় শহরে ছাড়ানো হলো। হেডলাইন ছিলো "প্রথম দিনের যুদ্ধে বগুড়াবাসীর জয়লাভঃ পাঁচজন পাকসেনা নিহত"। এরপর ছিলো এক সর্বাত্মক যুদ্ধের আহবান। সবশেষে ছিলো বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের নির্দেশ। একটা কথা বলতে ভুলে গেছি। মাটিডালিতে যখন ব্যারিকেড দিয়ে ফিরে আসিছিলাম তখন দত্তবাড়ীর সম্মুখে অয়ারলেস অফিসের একজন লোক ডাঃ জাহিদুর রহমানের হাতে একটা কাগজ দিয়ে যায়। মেসেজটি রাতে পেয়েছিলো বলে জানায়। লাল কালিতে লেখা। যতদূর মনে হয় বাংলা তর্জমা করলে দাঁড়াবেঃ "এটি আমার নির্দেশ । আজ থেকে বাংলাদেশ স্বাধীন। শত্রুসৈন্য আমাদের আক্রমন করেছে। বাংলার মানুষ তোমরা যে যেখানে আছ; যার হাতে যে অস্ত্র আছে তাই নিয়ে রুখে দাড়াও। হানাদার বাহিনীকে প্রতিরোধ করো। পাকিস্তানী দখলদার বাহিনীর শেষ সৈন্যটিকে বাংলার মাটি থেকে বিতাড়িত না করা পর্যন্ত এবং চূড়ান্ত বিজয় না পর্যন্ত লড়াই চালিয়ে যাবে"। এই নির্দেশটিও বুলেটিনে জুড়ে দিয়েছিলাম। বুলেটিন অবশ্য আমাদের তরফের ক্ষয়ক্ষতির কথা উল্লেখ করিনি। কারন ভেবেছিলাম তাতে সাধারণ মানুষ ভয় পেতে পারে । এর পর থেকে প্রতিদিন আমরা বুলেটিন বের করতাম। এমন কি প্রচুর গোলাবৃষ্টির মধ্যেও স্বপন ডিকটেশন নিত। কয়েক ঘন্টার মধ্যেই বুলেটিন সাইক্লোস্টাইল মেশিনে ছাপা হয়ে শহরে ছড়ানো হতো। ২৬শে মার্চ থেকে শুরু করে ১লা এপ্রিল পর্যন্ত প্রতিদিন বুলেটিন বের হতো। বুলেটিনের বিশেষ দায়িত্ব ছিলো একরামুল হক স্বপন; চন্দন ধলু এবং সৈয়দ কেরামত (গোড়া)-এর ওপর।

২৬শে মার্চ সন্ধ্যায় বাদুড়তলার একটি বাড়ীতে যুদ্ধ পরামর্শ সভা বসলো। আলোচনা শেষে জনাব মোখলেসুর রহমানের প্রস্তাবক্রমে পাঁচ সদস্যের একটি হাই কমাণ্ড করা হলোঃ

(১) গাজীউল হক (অদলীয়); সর্বাধিনায়ক; (যুদ্ধের দায়িত্ব)
(২) ডাঃ জাহিদুর রহমান (আওয়ামী লীগ) (খাদ্য এবং চিকিৎসার দায়িত্ব)
(৩) জনাব মাহমুদ হাসান খান (আওয়ামী লীগ) প্রশাসন
(৪) জনাব মোখলেসুর রহমান (মোজাফফর ন্যাপ); যোগাযোগ
(৫) জনাব আব্দুল লতিফ (কম্যুনিস্ট পার্টি) প্রচার। ২৬শে মার্চ রাতেই আমরা সুবিলের দক্ষিণ পাড়ে ঘাটি স্থাপন করলাম।

২৭শে মার্চ সকাল আটটা। সুবিলের উত্তর পাড় থেকে পাকসেনারা গুলীবর্ষণ শুরু করে। পাল্টা জবাব দেয় আমাদের ছেলেরা। এই দিন ঝন্টু; মাহমুদ; ডঃ টি; আহমদের ছেলে মাসুদ; গোলাম রসুল; বিহারীর ছেলে (নামটি মনে নেই); রশীদ খানের ছেলে গুলার; রেডিও; রফিকুল ইসলাম লাল; শহীদ আবু সুফিয়ান রানা এবং আরো অনেকে যুদ্ধে অংশগ্রহন করে। সকাল সাড়ে আটটার দিকে ডঃ জাহিদুর রহমান পুলিশ লাইন থেকে বাহিনীর ৬০ জনের এক দলকে নিয়ে এলেন। ৩০৩ রাইফেল হাতে আমাদের ছেলেদের পাশাপাশি তারাও অবস্থান নিলেন। দুই পক্ষে প্রচণ্ড গোলাবৃষ্টি হলো। গোলাবৃষ্টির মধ্যেই হানাদার বাহিনী সড়ক ধরে এগিয়ে এসে শহরের উত্তর প্রান্তে কটন মিল দখল করলো। (তখন বগুড়া শহরের উত্তর সীমার প্রান্তে ছিল কটন মিল)। পুলিশ এবং আমাদের ছেলেদের সম্মিলিত প্রতিরোধের মুখে শহরের ভিতরে বেশী এগিয়ে আসতে পারলো না হানাদার । এদিনের যুদ্ধে পাকসেনারা ভারী মেশীনগান ব্যবহার করে এবং মর্টারের গোলাবর্ষন করে। বিকেল তিনটার মর্টারের গোলার আঘাতে শহীদ হলো তারেক; দশম শ্রেণীর ছাত্র। মৃত্যুর সময়েও তার হাতে ধরা ছিলো একটি একনলা বন্দুক। তারেকের রক্তে ভিজে গিয়েছিলো আমার বুক। মনে পড়ে তাকে জড়িয়ে ধড়ে অঝোরে কেঁদেছিলাম।

২৭শে মার্চ বিকেলে বাদুড়তলায় একটি খাদ্য ক্যাম্প বসানো হলো এবং তার সঙ্গে একটি প্রাথমিক চিকিৎসা কেন্দ্রও খোলা হলো। খাদ্য ক্যাম্পের দায়িত্ব নিলেন মিউনিসিপ্যাল কমিশনার জনাব আমজাদ হোসেন এবং তাঁকে সাহায্য করার জন্য মোশারফ হোসেন মণ্ডল; বাদুড়তলার আবু মিয়া, আবেদ আলী; মজিবর রহমান এবং আরও কয়েকজনকে নিয়ে একটি কমিটি গঠন করা হলো। এরা মুক্তিযোদ্ধাদের জন্য রান্না করা খাদ্য সরবরাহের ব্যবস্থা করতেন। প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের দায়িত্ব নিয়েছিলেন শহীদ ডাঃ কছিরউদ্দীন তালুকদার সাহেব । তিনি এক সময়ে বগুড়া জেলা মুসলিম লীগের সভাপতি ছিলেন। ঐ সময়ে বৃদ্ধ বয়সে মুক্তিযোদ্ধাদের সাহায্যে যেভাবে তিনি এগিয়ে আসেন একজন চিকিৎসক হিসাবে তা বিশেষ শ্রদ্ধার সঙ্গে স্মরনযোগ্য। তাঁর বাড়িটিও আমাদের শেলটার হিসেবে ব্যবহার করতে দিয়েছিলেন। পরবর্তীকালে পাক সেনা বাহিনীর হাতে তিনি শাহাদৎ বরণ করেন। মুক্তিযুদ্ধের প্রথম দিকে বগুড়ায় প্রয়াত প্রবীণতম মুসলিম লীগ নেতা ডাঃ হাবিবুর রহমানও সাহায্যের জন্যে এগিয়ে আসেন। ২৭শে মার্চ রাতে খবর পলাম একজন মেজর জিয়াউর রহমান চট্রগ্রাম বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবের পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করছেন।

২৮শে মার্চের সকাল। কটন মিলের গেস্ট হাউসের ছাদে পাকসেনারা মেশিনগান বসিয়েছে। তখনো গোলাগুলি শরু হয়নি। মেশিনগানের পাশে দু জন পাকসেনা দাঁড়িয়ে। একজন পাকসেনা ছাদের রেলিং এ ভর দিয়ে কি যেন দেখছে। দেয়াল ঘেঁষে এগিয়ে গিয়ে দুরন্ত ছেলে তপন রাইফেল তুললো। অব্যর্থ লক্ষ্য। ছাদের ওপর থেকে পাকসেনাটি ছিটকে পড়লো মাটিতে। পিছু হটে তপন লাফিয়ে পড়লো রাস্তার পাশের নর্দমায়। নর্দমার দেয়াল ঘেষেঁ সরে এলো আড়ালে।

শুরু হলো এলোপাতাড়ি গোলাবৃষ্টি। ২৮শে মার্চে মুক্তিসেনারাও দলে বারী। মিন্টু, ডিউক লিয়াকত (পরে রাজাকার হয়ে য়ায়), আব্দুর রহমান, মামুন (হক সাহেবের কম্যুনিষ্ট পার্টির), হারুন (ব্যাঙ্ক অফিসার), ধুলু বজলু, মুকুল, সাত্তার রশীদ (রশীদ গুন্ডা নামে খ্যাত ছিলো) এবং গ্রাম থেকে প্রায় শ'খানেক বন্দুকসহ এসে যোগ দিয়েছে। প্রচণ্ড প্রতিরোধ সত্বেও ভারী মেশিনগানের গুলী এবং মর্টারের গোলাবর্ষণের আড়াল নিয়ে বেলা সাড়ে তিনটার পর পাকসেনারা ক্রল করে শহরে ঢুকতে শুরু করলো। প্রচণ্ড প্রতিরোধের মধ্যেও তা এগিয়ে চললো। বেচলা ডোবার একটু পর পাকসেনারা রেল লাইন পার হয়ে থানার মোড়ে পৌছালে। হতাশ হয়ে গেলাম এবার বগুড়ার পতন নিশ্চিতপ্রায়। জলিল বিড়ি ফ্যাক্টরীর পিছনে একটি ছোট বাড়ীতে ছাত্রলীগের সামাদ, মাসুদ, সৈয়দ কেরামত আলী গোরা আমরা কয়েকজন জড়ো হয়েছি। মাসুদকে দেখে একটি ঘটনা মনে হয়ে গেলো। ২০শে মার্চের রাতে মাসুদ এবং মুস্তাফিজুর রহমান পটল আমাকে নিয়ে গিয়েছিলো স্টেডিয়ামের কাছে তাদের তৈরী বোমার কার্যকারিতা দেখাবার জন্যে। দুটি বোমা ফাটানো হলো। সে কি বিকট আওয়াজ। কিন্তু হতাশ হলো সবাই দেয়ালে একটুও চিড় পর্যন্ত ধরেনি ধ্বনি ধ্বনিসর্বস্ব বোমা।

ঘটনা মনে আসতেই মাসুদের কাছে জানতে চাইলাম সেই বোমা আছে কিনা। সামাদ জানালো ২৩টি বোমা আছে। সামাদ এবং মাসুদ ছুটলো এবং কিছুক্ষণের মধ্যেই হাতবোমা দুটো নিয়ে এসে হাজির। বললাম যেমন করেই হোক দত্তবাড়ীর উত্তরে যে কোন জায়গায় রাস্তার ওপর এই বোমা দুটো ফাটাতে হবে। এবং কিছু মুক্তি সেনা কাছাকাছি জায়গায় ফাকা গুলী ছুড়বে এবং সরে পড়বে।

শেখ ইনসান হাজী সাহেবের বাড়ীর উত্তর ধারে বোমা দুটি ফাটানো হলো। সে কী বিকট শব্দ। সঙ্গে সঙ্গে এলাপাতাড়ি, কিছু একনলা দু'নলা বন্দুকের গুলীর আওয়াজ্ পেছন থেকে আক্রান্ত হয়েছে ভেবে সন্ধ্যার আধো অন্ধকারে হানাদার সেনারা ঘুরে দাঁড়ালো। তারপর দ্রুত পিছু হটে কটন মিলের গেস্ট হাউসে এবং সুবিলের উত্তর পাড়ের ঘাটিতে ফিরে গেলো। সেদিনের মতো হাঁফ ছেড়ে বাঁচলাম। এক অনাড়ি মূর্খ সেনাপতির রণকৌশলে বগুড়া শহর সেদিন পতনের হাত থেকে রক্ষা পেয়েছিলো।

২৮শে মার্চ রাতে সুবেদার আকবরে নেতৃত্বে ৩৯ জন ই;পি;আর এর একটি দল বগুড়া পৌছায়। অস্ত্র বলতে তাদের রাইফেল; কয়েকটি গ্রেনেড এবং তিনটি এল;এম;জি। বিনা খবরে ওরা পৌছায়। সুতরাং স্বাভাবিকভাবেই সন্দিহান হই। পুলিশ লাইনে ওদের নিরস্ত্র করে নওগাঁয় মেজর নজমুল হকের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করলাম। তিনি ই,পি,আরদের কাজে লাগাতে বললেন এবং ৩০শে মার্চ নিজে বগুড়া আসবেন বলে জানালেন।

২৯শে মার্চ। সকাল বেলায় বিস্ময়ে দেখলাম রাতে অন্ধকারে হানাদার পাক সেনা কটনমিলের গেস্ট হাউস ছেড়ে সুবিলের উত্তর পাড়ের ঘাটিতে ফিরে গেছে। নিশ্চই গুপ্তচর মারফত তারা ই,পি,আরদের পৌছানোর খবর পায়। সকাল ৯টায় সুবেদার আকবার এবং মাসুদ রেকীকরতে বের হলে। বেলা ১১টায় ইপিআর-এর কয়েকজন একটি এল,এম,জি পাকসেনাদের দিকেমুখ করে কটন মিলের ছাদে বসালেন। বেলা আনুমানিক বারোটার সময় পাক সেনারা বৃন্দাবনপাড়া প্রাইমারী স্কুলের ঘাঁটি থেকে মর্টারের আক্রমন শরু করে। এইবার আমাদের তরফ থেকেও তিনটি এল,এম,জির মুখ দিয়ে পাল্টা জবাব গেলো, সন্ধ্যার সময়ে দুপক্ষের গোলাগুলি বন্ধ হয়। করিম হাওলাদার নামে একজন পুলিশ মুক্তিযোদ্ধা আহত হন।

৩০শে মার্চ। বেলা ৯টায় জেলা প্রশাসক খানে আলম সাহেব খবর পাঠালেন মেজর নজমুল হক এসেছেন। দেখা হলো মেজর নজমুল হকের সঙ্গে। মাঝারি গড়নের শ্যামল রঙের একহারা চেহারা। সর্বাঙ্গ একটা দৃঢ় প্রত্যয়ের ছাপ। সংক্ষেপে তার কাগজে সব রিপোর্ট করলাম। শেষে বললাম 'যুদ্ধ করা আমার কাজ নয়। আমি যুদ্ধের কৌশল জানিনে। আজি এসেছেন। এখন দায়িত্ব আপনার'।

মেজর নজমুল মৃদুস্বরে বললেন, "দায়িত্ব আমাদের সকলের। পলিটিক্যাল হাই কম্যান্ডের নিযুক্ত সর্বাধিনায়ক হিসেবে আপনিই কাজ করবেন। আমি আপনার সাহায্যের জন্য রইলাম।"

অদ্ভুত ভালো লেগেছিলো এই মানুষটিকে। নিরহঙ্কার। কোন দিন ভুলতে পারবো না স্বাধীন বাংলাদেশ তিনি দেখে যেতে পারেননি। কিন্তু তাঁর চারিত্রিক দৃঢ়তা অতুলনীয় সাহস বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের এক উজ্বল অধ্যায়।

৩০শে মার্চ বেলা দশটায় পাকসেনারা মর্টারের প্রচন্ড গোলাবর্ষণ শুরু করে। মুক্তি সেনারাও পাল্টা জবাব দেয়। বেলা ১টা নাগাদ হঠাৎ পাক সেনারা গোলা বর্ষণ বন্ধ করে।

বেলা আড়াইটায় ছাত্র ইউনিয়ন কর্মী জিন্নাহর বাসায়(নিলিন্দার গ্রামে) হাই কমান্ডের বৈঠক। বৈঠকে আলোচনা শুরু হয়েছে। হঠাৎ উড়োজাহাজের আওয়াজ পাওয়া গেলো। জিন্নাহ এসে খবর দিলো বেশ নীচু দিয়ে দুটো উড়োজাহাজ ছুটে আসছে। একটু পরেই মেশিনগানের গুলীর আওয়াজ এবং তার পর পরই বোমা বর্ষণ শুরু হলো। সবাই বিচলিত হয়ে পড়লাম।

বোমাবর্ষণ বন্ধহবার পর ঘুরে দেখলাম বিশেষ ক্ষয়ক্ষতি হয়নি। কোন লক্ষ্যেই আঘাত করতে পারেনি। মুক্তিসেনাদের মনোবল আরো চাঙ্গা হয়ে গেছে। মেজর নজমুল হক সার্কিট হাউসে কন্ট্রোল রুম বসালেন। সন্ধ্যায় শহীদ খোকন পাইকাড় এবং সালাম একটা খাকী ফুলপ্যান্ট এবং খাকী র্শাট তৈরি করে এনে দিলো। তাদের জেদে পরতে হলো তাই। ষোলকলা পূর্ণ হলো যখন তপন এসে একটা রিভলবার ঝুলিয়ে দিলো কোমরে। হাসি পাচ্ছিল। সর্বাধিনায়ক, সেনাপতি, জেনারেল-এ জেনারেল অব ড্রিমল্যান্ড।

৩১শে মার্চ। দিনের বেলা দু'পক্ষই নীরব। খবর এলো ক্যাপ্টেন আনোয়ার এবং ক্যাপ্টেন আশরাফের নেতৃত্বে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট বিদ্রোহ করে বেরিয়ে এসেছে এবং ঘোড়াঘাটে অবস্থান করছেন। ৩১শে মার্চ রাতে অসীম সাহসী সুবেদার আকবরের নেতৃত্বে মুক্তি সেনারা মহিলা কলেজের ঘাটিতে গ্রেনেড চার্জ করলো। পেট্রোলের ড্রামে আগুন ধরিয়ে গড়িয়ে দেয়া হলো পাক সেনাদের ঘাঁটির দিকে। পাক সেনাদের ঘাঁটি থেকে লক্ষ্যবিহীন গুলীর শব্দ শোনা গেলো। তারপর অন্ধকারে মোটর কনভয়ের শব্দ। কিন্তু বোঝা গেলো না । ভোরে দেখা গেলো পাক সেনা বগুড়া ছেড়ে অন্ধকারের মধ্যে রংপুরের দিকে পশ্চাদপসরণ করে গেছে।

১লা এপ্রিল। সকালেই সারা শহর রাষ্ট্র হয়ে গেলো হানাদার বাহিনী পালিয়েছে । সারা শহরে আনন্দের ঢেউ। হরিগাড়ীর গোপন আড্ডা থেকে সার্কিট হাউস কন্ট্রোলরুমে এসেছি। সুবেদার আকবর এসে দাঁড়ালেন। স্যার আড়িয়া ক্যান্টনমেন্ট আক্রমণ করবো, অনুমতি চাই। কিছু জানি না বুঝি না । মুখ দিয়ে বেরিয়ে গেলো, 'চলুন' ।

৩৯জন ইপিআর, ৫০জন পুলিশ বাহিনীর লোক এবং ২০ জন মুক্তিসেনা। বেলা সাড়ে এগারোটা নাগাদ আড়িয়া ক্যান্টনমেন্ট উত্তর, পূর্ব এবং পশ্চিম- এই তিন দিক থেকে ঘেরাও করা হলো। দু'পক্ষ থেকে গুলীবৃষ্টি চলছে । এরই মধ্যে বিমান আক্রমণ শুরু হলো। কিন্তু সবকিছু উপেক্ষা করে গ্রামের হাজার হাজার লোক টিনের ক্যানেস্তারা পেটাতে শুরু করলো। বোমাবর্ষণ বন্ধ হবার পর আবার কিছুটা এগুলাম। কিন্তু পাক সেনারা অবিরাম গুলী চালিয়ে যেতে লাগলো। অবশ্য তাদের সুবিধে ছিলো। ক্যান্টনমেন্ট পর্যন্ত পৌঁছাতে হলে আমাদের একটা ফাঁকা মাঠ পাড়ি দিতে হয়। সেদিন ছিলো দক্ষিণের জোর হাওয়া। গ্রামের লোকদের অনুরোধ জানানো হলো তারা ক্যান্টনমেন্টের দক্ষিণ দিক থেকে মরিচের গুঁড়ো ছাড়তে পারে কিনা। ব্যস আর বলতে হলো না। কোথা থেকে এত মরিছের গুঁড়ো ভেসে এলো তা বলা কঠিন। ক্যান্টনমেন্ট-এর ৫০০গজ উত্তরে আমাদের চোখমুখ জ্বলতে লাগলো। বেলা তখন আড়াইটা। আড়িয়া ক্যান্টনমেন্ট সাদা পতাকা উড়লো। আনন্দের আতিশয্যে রাইফেল হাতে লাফিয়ে অসীম সাহসী যোদ্ধা মাসুদ। আর তৎক্ষনাৎ শত্রুর নিক্ষিপ্ত শেষ বুলেটটি তাকে বিদ্ধ

করলো। শহীদ হলো নির্ভীক সেনা, বগুড়ার এক বীর সেনানী। যুদ্ধে জয় হলো। পাকিস্তানী সেনারা আত্মসমর্পণ করেছে। বন্দী সেনাদের এবং আটান্ন ট্রাক ভর্তি এম্যুনিশন নিয়ে ফিরলাম। কিন্তু চোখের জল বাধা মানছিলে না। মাসুদকে হারিয়ে এলাম চিরদিনের জন্যে। সেদিনই ঘোষণা করেছিলাম আড়িয়ার নাম হবে 'মাসুদনগর'। রাতে ২১ টি গান স্যালুটের মাঝে মাসুদকে কবরে সমাহিত করলাম। দেখলাম ডাক্তার জাহিদুর রহমানের দু'চোখেও জলের ধারা নেমে এসেছে।

আড়িয়ার ক্যান্টনমেন্ট একজন পাকিস্তানী ক্যাপ্টেন (ক্যাপ্টেন নূর) সহ ৬৮ জন সৈন্য আত্মসমর্পণ করেছে। এরমধ্যে ছিল ২১ জন পাঞ্জাবী সৈন্য। জনতার ক্রুদ্ধ আক্রমণের হাত থেকে এদের রক্ষা করতে পারিনি। জেলখানার তালা ভেঙ্গে ওদের বের করে নিয়ে এসে কুড়ুল এবং বঁটি দিয়ে কুপিয়ে আমার অনুপস্থিতিতে ওদের হত্যা করে। বাঙ্গালী সৈন্য যারা ছিলো তাদের নজরবন্দী করে রাখা হলো। আড়িয়া ক্যান্টনমেন্ট কিছু চাইনীজ রাইফেল ও গুলী পাওয়া যায় । ৫৮ ট্রাক ভর্তি এম্যুনিশন পাই, কিন্তু তা ব্যবহারের অস্ত্র ছিলো না। অস্ত্র বিশেষজ্ঞরা বললেন, সেগুলো ছিলো ১০৫ গান এবং আর-আর-এর এম্যুনিশন।

২রা এপ্রিল। পাবনার এস-পি জনাব সাঈদ এলেন এবং কিছু রাইফেলের গুলি নিয়ে যান। তাঁকে বললাম যেমন করে হোক ক্যাপ্টেন মুনসুর আলী সাহেবকে বগুড়া নিয়ে আসতে।

৩রা এপ্রিল। জনাব কামরুজ্জামান, শেখ মনি এবং তোফায়েল আহমদ বগুড়া এসে উপস্থিত হলেন। ডাঃ মফিজ চৌধুরীকে সঙ্গে দিয়ে তাদের সীমান্ত পার করে দেরাব ব্যবস্থা করলাম। জনাব শেখ মনির কাছেই জানতে পারলাম বঙ্গবন্ধু পাক সেনাদের হাতে বন্দী।

৪ঠা এপ্রিল । বগুড়া আওয়ামী লীগের জনাব আব্দুর রহিম তালুকদার জীপ নিয়ে ক্যাপ্টেন মনুসর আলীকে নিয়ে বগুড়া পৌঁছালেন। তার সঙ্গে জনাব আবু সাঈদ এম-পি । মনসুর ভাইকে বিশেষ করে অনুরোধ করলাম যাতে প্রোভিশানাল গভর্নমেন্ট-এর নাম ঘোষনা করেন। মনে আছে একটা সিগারেটের প্যাকেটের সাদা অংশে বি-এস-এফ-এর কর্নেল মুখার্জীকে লিখেছিলাম মনসুর ভাইকে নিরাপদে তাজউদ্দীনের কাছে পাঠানোর জন্যে।

৫ই এপ্রিল। মেজর নজমুল হক বগুড়া এলেন। জেলা প্রশাসক জনাব খানে আলমের কুঠিতে আলোচনা সভা বসলো । মেজর নজমুল হক জানালেন যেমন করে হোক ১০৫ কামান এবং আর-আর জোগাড় করতে হবে। তিনি বললেন হিলিতে গিয়ে ব্রিগেডিয়ার চাটার্জীর সঙ্গে দেখা করতে। তার সঙ্গে আলোচনায় ঠিক হলো, যদি কোন প্রকারে আমরা রংপুর ক্যান্টনমেন্ট দখল করে উত্তরাঞ্চল শত্রুমুক্ত করতে পারি তাহলে ভবিষ্যতে পাকিস্তানিদের পাল্টা আক্রমন ঠেকাতে পারবো।

৬ই এপ্রিল। সিদ্ধান্ত মোতাবেক আমি এবং জাহিদুর রহমান হিলি যাই। পশ্চিম হিলিতে গেলে আমাদের দু'জনকে এক প্রকার নজরবন্দী করে রাখে সারাদিন। সন্ধ্যায় জানালো রাত তিনটায় ব্রিগেডিয়ার চাটার্জী আমাদের সঙ্গে দেখা করবেন। রাত তিনটায় ব্রিগেডিয়ার চাটার্জী সঙ্গে দেখা হলো। তিনি আমাদের দু'পেটি ৩০৩ রাইফেলের গুলী দিয়ে বিদেয় দিলেন এবং ১৬ই এপ্রিল হিলিতে তার সঙ্গে আবার দেখা করতে বললেন। জানালেন তিনি ভারত গভর্নমেন্টকে আমাদের অবস্থা জানিয়ে অস্ত্র সাহায্য করতে অনুরোধ জানাবেন।

৭ই এপ্রিল। প্রায় খালি হাতেই বিকেল বেলা আমি এবং ডাঃ জাহিদুর রহমান হিলি থেকে ফিরলাম। মুক্তিসেনারা সাগ্রহে আমাদের প্রতীক্ষা করছিলো। কিন্তু আপাতত কোন সামরিক সাহায্য না পাওয়ার কিছুটা হতোদ্যম হলো বলতে হলো । বলতে ভুলে গেছি, ২রা এপ্রিল থেকেই মুক্তি সেনাদের কয়েকটি ক্যাম্পে ভাগ করে দিয়ে সংক্ষিপ্ত ট্রেনিং- এর ব্যবস্থা করেছিলাম । করোনেশন স্কুলে একটি ক্যাম্প, সেন্ট্রাল হাই মাদ্রাসার একটি ক্যাম্প এবং জিলা আনসার অফিসের মাঠে একটি ক্যাম্প। ইপিআর বাহিনীর ব্যবস্থা করেছিলাম এডওয়ার্ড পার্কের কম্যুনিটি সেন্টার হলের একে তলায়। কন্ট্রোল রুম শিফট করেছিলাম দোতলায়। বগুড়া সার্কিট হাউসে প্রশাসন

কেন্দ্র স্থাপন করা হয়েছিল। জনাব এম আর আখতার মুকুলকে কেরোসিন , ডিজেল এবং পেট্রোল-এ পারমিট ইস্যু করার দায়িত্ব দেয়া হয়। খালি হাতে ফিরে আসার খবর জেনে মুকুল একান্তে ডেকে নিয়ে বললো, 'শালা সেরেছে'। এবার আস্তানা গুটাও। পাকিস্তানী খুনীরা এবার তোমার জন্যে ট্যাংক নিয়া আইবো। এদিকে তোমার মুক্তি সেনাদের থামাও । এর কোন শৃঙ্খলা মানে না। এরাই এখন প্রব্লেম। দেখলাম তাই । মুক্তি সেনাদের মধ্যে একদল ভীষণ উচ্ছৃঙ্খল হয়ে উঠেছে । এদের নিয়ন্ত্রন রাখাই মুশকিল। তাছাড়া পাকসেনা সরে যেইে দলীয় কোন্দল মাথাচাড়া দিয়েছে। দুষ্কৃতকারীরাও সুযোগ নেবার চেষ্টায় আছে। শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্যে শেষ চেষ্টা চালালাম।

৮ই এপ্রিল থেকে ১৩ই এপ্রিল বিশেষ কোন ঘটনা ঘটালো না। ১৩ই এপ্রিল সিরাজগঞ্জের মহকুমা অফিসার শহীদ শামসুদ্দীন সাহেব দেখা করলেন এবং সিরাজগঞ্জ-নগরবাড়ীর ডিফেন্সের ব্যবস্থাও বগুড়া থেকে করতে অনুরোধ জানালেন।

১৪ই এপ্রিল, হিলি থেকে একটা খবর আসে। যেসব এম্যুনিশন আড়িয়া যুদ্ধে পাওয়া গেছে তার নমুনা নিয়ে অতি অবশ্য হিলিতে দেখা করতে হবে । ১৪ই এপ্রিল রাতে সুবেদার আকবরের নেতৃত্বে মুক্তি সেনার একটি দল নগররাড়ী প্রতিরক্ষার জন্য পাঠানো হলো।

১৬ই এপ্রিল, জনাব এম, আর, আখতার মুকুল, জনাব আসাদুজ্জামান, মজিবুর রহমান এমপি, ডাঃ জাহিদুর রহমান এমপি এবং দু'জন ইপিআরকে সাথে নিয়ে এম্যুনিশনের নমুনাসহ বিকেল বেলা হিলি পৌঁছে। সেদিন বিকেলেই কর্নেল ব্লিৎস এম্যুনিশনগুলো পরীক্ষা করেন । ঐদিন রাতেই আমাদের নেতৃবৃন্দের সঙ্গে সাক্ষাৎ করার জন্যে কোলকাতা যেতে বলা হয় । ১৭ই এপ্রিল ভোরে আমরা কোলকাতা রওয়ানা হই। ১৯শে এপ্রিল সন্ধ্যায় লর্ড সিনহা রোডে অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমেদ অর্থমন্ত্রী জনাব মনসুর আলী, স্বরাষ্ট্রমন্ত্রী জনাব কামরুজ্জামান এবং পার্লামেন্ট সদস্য জনাব আবদুল মান্নান এবং আবদুস সামাদ-এর নিকট বগুড়ার মুক্তিযুদ্ধ সম্পর্কে প্রতিবেদন পেশ করি।

২২শে এপ্রিল বগুড়া শহরের পতন ঘটে।

সশস্ত্র প্রতিরোধঃ পাবনা

শিরোনাম	সুত্র	তারিখ
১৩। পাবনা জেলায় সংঘটিত সশস্ত্র প্রতিরোধের বিবরণ	প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ'গ্রন্থ	..... ১৯৭১

পাবনা শহরে পুলিশ ও জনতার প্রতিরোধ যুদ্ধ*

ইয়াহিয়ার জঙ্গী বাহিনী ২৫শে মার্চ তারিখে পাবনা শহরে এসে ঢুকে পড়ল । শহরের মানুষ আতঙ্কিত অবস্থায় দিন কাটাচ্ছিল। শিগগিরই এই ধরনের একটা ঘটনা ঘটে যাবে । তারা মনে মনে এই আশঙ্কা করছিল। কিন্তু সেই ঘটনা যে এত তাড়াতাড়ি ঘটবে, সেটা তারা ভাবতে পারেনি। এই তারিখেই ঢাকা শহরে আক্রমণ শুরু হয়েছিল, কিন্তু সেটা গভীর রাত্রিতে । ওরা ২৫শে মার্চ শেষ রাত্রিতে পাবনা শহরে এসে হামলা করল।

শহর থেকে মাইল চারেক দূরে হেমায়েতপুরের কাছে ইপসিক-এর অফিস । পাক সৈন্যরা সেখানেই এসে ঘাঁটি গেড়ে বসল। তারপর সেখান থেকে কিছু সৈন্য শহরে এসে ট্রেজারী দখল করে নিল । তাছাড়া ২৭ জন সৈন্য টেলিফোন এক্সচেঞ্জ কেন্দ্র দখল করে বসল । তারা সারা শহরে কারফিউ জারী করে দিয়েছিল।

হামলাকারী সৈন্যরা শহরে এসেই আওয়ামী লীগের নির্বাচিত এম,এল,এ আমিনুদ্দীন সাহেব ভাসানীপন্থী ন্যাশনাল আওয়ামী পার্টির ডাক্তার অমলেন্দু দাক্ষী এবং আরও কয়েকজন রাজনৈতিক নেতা ও কর্মীকে গ্রেপ্তার করল। যারা ওদের তাতে ধরা পড়ল , শেষ পর্যন্ত তাদের সবাইকে ওদের গুলির শিকার হয়ে মরতে হয়েছিল । এর কয়েকদিন আগেই শহরের ডি,সি ও এস,পি, স্থির করছিলেন যে শহর আক্রান্ত হলে তাঁরা প্রতিরোধ দেবেন । তাঁদের কাছ থেকে প্রেরনা ও উৎসাহ পেয়ে পুলিশ ব্যারাকের ১০০ জন সশস্ত্র পুলিশও মনে মনে প্রতিরোধের জন্য তৈরি হয়েছিল। যতক্ষন শক্তি আছে, ততক্ষণ এই শহরকে তারা পশ্চিমাদের হাতে ছেড়ে দেবে না । যেটুকু শক্তি আছে, তাই নিয়েই ওদের বিরুদ্ধে লড়বে।

২৭শে মার্চ তারিখে সৈন্যরা পুলিশ ব্যারাকে যায়। এবং পুলিশদের অস্ত্রগার তাদের হাতে ছেড়ে দেওয়ার নির্দেশ দেয়। পুলিশরা এতে অসামর্থ্য জানায় এবং স্পষ্টভাবে জানিয়ে দেয় যে ডি,সি,তাদের অস্ত্রাগার সামরিক কর্তৃপক্ষের কাছে ছেড়ে দিতে নিষেধ করেছেন । তাঁর এই আদেশ কিছুতেই তারা অমান্য করতে পারবে না। এই নিয়ে দু'পক্ষে প্রথমে বাক-বিতন্ডা এবং পরে গুলিবর্ষন চলে । তখন বলা শেষ হয়ে এসেছে । এই যুদ্ধে তিনজন সৈন্য মারা যায় । পাক সৈন্যরা বাহাদুর পুলিশ ভাইদের হাতে উপযুক্ত শিক্ষা পেয়ে পিছিয়ে গেল। কিন্তু এ শিক্ষাও ওদের পক্ষে যথেষ্ট হয়নি । সেই রাত্রিতে তারা নতুনভাবে আক্রমণ করবার জন্য তোড়জোড় চালাতে লাগল। রাত যখন সাড়ে চারটা তখন ওরপা নিজেদের শক্তি বৃদ্ধি করে অতর্কিতে পুলিশ ব্যারাকের উপর ঝাঁপিয়ে পড়ল । কিন্তু পুলিশ ভাইয়েরাও আগে থেকেই তৈরী হয়েছিল। সৈন্যরা যে আবার ফিরে এসে আক্রমন করবে সে বিষয়ে তাদের মনে কোন সন্দেহ ছিল না । এবার আর ব্যারাকে নয়, ব্যারাক ছেড়ে নিকটবর্তী বাড়িগুলির ছাদে এবং পথের মোড়ে মোড়ে নিরাপদ আশ্রয়ের আড়াল নিয়ে হামলাকারী শত্রুদের জন্য বাঘের মত ওত পেতে বসে ছিল । তারা তো ছিলই, জেলখানার পুলিশ ভাইয়েরাও তাদের সঙ্গে এসে যোগ দিয়েছে । এইভাবে সারাটা রাত তারা শত্রুর জন্যে মৃত্যু-ফাঁদ সাজিয়ে বসে ছিল। রাত সাড়ে চারটার সময় দু'পক্ষ সংঘর্ষ ঘটল । সৈন্যদের পরিবর্তে পুলিশরাই প্রথম আক্রমণ করল । এইভাবে অতর্কিত চারদিক থেকে আক্রান্ত হয়ে ইয়াহিয়ার সুশিক্ষিত সৈন্যরা হতভম্ব হয়ে গেল । এই সংঘর্ষ ২১ জন সৈন্য নিহত হবার পর বাকী সৈন্যরা ঊর্ধ্বশ্বাসে প্রাণ নিয়ে পালাল । পুলিশদের মধ্যে একজনও মারা যায়নি। সাবাস! পাবনার পুলিশ ভাইয়েরা।

* 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ' গ্রন্থে 'পাবনার মুক্তিযোদ্ধ' শীর্ষক অংশ থেকে সংকলিত ।

২৭শে মার্চ তারিখে পাবনা শহরের বুকে এ লড়াই শুরু হয়েছিল । ২৭শে থেকে ২৯শে, এই তিন দিন ধরে লড়াই চলল ২৬শে আর ২৭শে এই দুইদিন ওরা শহরর উপর কারফিউ জারী করেছিল । তা সত্বেও ঐ অবস্থাতেই শহরের যুবক ও ছাত্ররা ২৬শে মার্চ সারাদিন আর সারারাত প্রতিরোধের জন্য ভেতরে ভেতরে প্রস্তুতি চালিয়ে যাচ্ছিল। ঐ একটি দিনের মধ্যে তারা বেশ কিছু অস্ত্র হাত করে নিয়েছিল । সেই একটি দিনে কারফিউ আইন ভঙ্গকারীদের মধ্যে ৮/১০ জন সৈন্যদের গুলিতে মারা গিয়েছে, কিন্তু প্রতিরোধকারীদের মনোবল তাতে একটুও ভঙ্গে পড়েনি।

পাবনা শহরের প্রতিরোধের ব্যাপারে ডি,সি-র প্রথম থেকেই সক্রিয় ভূমিকা ছিল। আওয়ামী লীগের নেতা আমজাদ সাহেব আর তিনি মিলিটারীর সতর্ক দৃষ্টি এড়িয়ে প্রতিরোধ গড়ে তোলবার জন্য ভেতরে ভেতরে চেষ্টা করে চলেছিলেন। তাঁরা দুইজন চর-অঞ্চলের গ্রামে গ্রামে কৃষকদের মধ্যে ঘুরে বেড়িয়েছেন এবং প্রতিরোধের ব্যাপারে তাদের উদ্বুদ্ধ করে তুলেছেন । মানুষ ভেতরে ভেতরে তৈরি হয়েই ছিল। তাঁদের এই আহবানে উৎসাহিত হয়ে দলে দলে কৃষক এই হামলাকারী শত্রুদের খতম করে দেবার জন্য শহরের দিকে ছুটে আসতে লাগল।

২৮শে মার্চ। ২৭ জন সৈন্য টেলিফোন এক্সচেঞ্জ দখল করে নিয়ে পাহারা দিয়ে চলেছিল। চরের কৃষকরা ছুটতে ছুটতে এসে তাদের ঘেরাও করে ফেলল। তাদের হতে লাঠিসোটা, বর্শা -বল্লম ধনুক, তীর-ধনুক আরও কত রকমের হাতিয়ার । ব্যারাক থেকে সকল পুলিশ চলে এসে তাদের সঙ্গে যোগ দিয়েছে। তাছাড়া শহরের যুবক ও ছাত্ররা দলে দলে ছুটে এসে তাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়াল। শেষ পর্যন্ত জনতা প্রায় ১৫ হাজারে এসে দাঁড়াল। তাদের গগনবিদারী জয়ধ্বনিতে সারা শহর কেঁপে উঠল, থরথরিয়ে কেঁপে উঠল অবরুদ্ধ পাক সৈন্যদের মন । এবার দু'পক্ষে গুলিবর্ষণ চলল । সৈন্যদের হাতে মেশিনগান ও উন্নত ধরনের অস্ত্রশস্ত্র । পুলিশরা শুধু রাইফেল নিয়েই লড়ছিল। জনতার মধ্যে যাদের হাতে বন্দুক ছিল, তারাও সৈন্যদের লক্ষ্য করে গুলি চালাচ্ছিল। সৈন্যরা টেলিফোন এক্সচেঞ্জের সুরক্ষিত আশ্রয়ে থেকে আড়ালে দাঁড়িয়ে যুদ্ধ করছিল । কাজেই সংখ্যায় কম হলেও তাদের খতম করে ফেলা সহজ কাজ ছিল না-ওদের মেশিনগানের অবিরল গুলিবর্ষণকে ভেদ করে টেলিফোন এক্সচেঞ্জ কেন্দ্রের উপর ঝাঁপিয়ে পড়া জ্বলন্ত অগ্নিকুন্ডের মধ্যে ঝাঁপিয়ে পড়ার মতই দুঃসাহসের কাজ । সেই কারণেই অনেকক্ষণ পর্যন্ত যুদ্ধ চলল । হাজার হাজার জনতা এই যুদ্ধে প্রত্যক্ষভাবে কোন কার্যকর সাহায্য করতে না পারলেও তাদের আকাশ-ফাটানো জয়ধ্বনি পাক-সৈন্যদের মনে ত্রাসের সঞ্চার করে তুলেছিল । তারা হতবুদ্ধির মত হয়ে গিয়েছিল। তাই উন্নততর অস্ত্রশস্ত্র হাতে থাকলেও তারা তাদের যথাযথ প্রয়োগ করতে পারেনি। এমনিভাবে ঘণ্টা কয়েকের মধ্যে এক এক করে তাদের ২৭ জনই মারা গেল । টেলিফোন এক্সচেঞ্জ কেন্দ্র মুক্তিবাহিনীর হাতে এসে গেল।

জয়োল্লাসে মেতে উঠল সারা শহরের মানুষ । বুড়ো থেকে বাচ্চারা পর্যন্ত আনন্দধ্বনি করতে করতে ঘর ছেড়ে পথে এসে দাঁড়িয়েছিল। যে সমস্ত সৈন্য ট্রেজারী ও শহরের অন্যান্য জায়গায় মোতায়েন ছিল মুক্তিবাহিনীর প্রতি-আক্রমণের সূচনাতেই তাদের মধ্যে কিছু সংখ্যক নিহত হয়েছে, বাকী সবাই পালিয়ে গিয়েছে। সারা শহরের পথে পথে জনতার বিজয় মিছিল চলছে।

মার্চ সকাল বেলায়ই পেয়ে গেলাম। এ খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই ফরিদপুরের পুলিশ ব্যারাক এবং বিভিন্ন থানা থেকে অস্ত্র সংগ্রহ করে ফদিপুরের প্রাথমিক প্রবেশদ্বার গোয়ালন্দ ঘাটে ছাত্র-জনতা, পুলিশ ও আনসার সমন্বয়ে প্রতিরক্ষা ব্যূহ গড়ে উঠল এবং ঢাকা-ফেরত কিছু ইপিআর এসে এতে যোগদান করলেন। সর্বস্তরের জনগণের সমর্থনে আমরা উৎসাহিত বোধ করলাম। আধুনিক অস্ত্রসজ্জিত পাক-বাহিনীর বিরুদ্ধে গোয়ালন্দঘাটে ছাত্রজনতার এই প্রতিরোধ শুধুমাত্র রাইফেল, বন্দুক এবং মনোবলকে সম্বল করে একটা বিরাট চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করা হয়। আশ্চর্য হলেও সত্য এবং আজও ভাবতে অবাক লাগে যে এটা হল সুসজ্জিত পাক-হানাদার বাহিনীর বিরুদ্ধে মানুষখেকো বাঘের সামনে অবোধ বালকের নুড়ি হাতে খেলা করার মত। এ সকল আয়োজনের ভিত্তি ছিল স্বতঃস্ফূর্ত জনতার দেশপ্রেম ও মুক্তির আকাঙ্ক্ষা। ফরিদপুরের প্রত্যন্ত এলাকায় এভাবে জনতার প্রতিরোধের সাড়া পড়ে গেল। তখন প্রয়োজন দেখা দিল সুসমন্বয় ও প্রশাসনিক নির্দেশ প্রদানের। খুব সম্ভব ২৯শে মার্চ তদানীন্তন নির্বাচিত জাতীয় পরিষদ সদস্য কে, এম, ওবায়দুর রহমানকে আহবায়ক করে এডভোকেট আদেলউদ্দিন, ইমামউদ্দিন আহমেদ, শামছুদ্দিন মোল্লা, সৈয়দ হায়দার হোসেন, মোশাররফ হোসেন, নূরুন্নবী, কাজী খলিলুর রহমান, মুজিবুর রহমান খান, গৌরচন্দ্র বালা, ফিরোজার রহমান, আমিনউদ্দিন, মোখলেসুর রহমান প্রমুখ স্থানীয় জননেতা ও কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নাসিরুদ্দিন মুসা, শাহ আবু জাফর, কবিরুল আলম, সালাউদ্দিন আহমদ, আবু সাঈদ, আতিয়ার প্রমুখ ছাত্র ও জনপ্রতিনিধিমূলক নেতা ও কর্মীদের নিয়ে জেলা সমন্বয় ও প্রতিরোধ কমিটি গঠন করা হয়। এই কমিটি সার্বিকভাবে ফরিদপুরের প্রশাসন ও তদারকি কাজ পরিচালনা করতে থাকে। ফরিদপুরের জেলা প্রশাসক ছিলেন তখন এ, এন, এম ইউসুফ এবং পুলিশ সুপার ছিলেন নূরুল মোমেন খান। পরবর্তীকালে ফরিদপুরে পাক-হানাদার বাহিনী প্রবেশের পরেই তাঁরা ধৃত হন এবং মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে দীর্ঘ প্রায় নয় মাস কারাবাসের পর মুক্তি লাভ করেন। ফরিদপুরের সর্বস্তরের নেতৃবৃন্দ, বুদ্ধিজীবী, কবি-সাহিত্যিক, ছাত্র, ব্যবসায়ী এবং সাংবাদিকের মধ্যে বিশেষ করে লিয়াকত আলী হোসেন, আব্দুস সালাম মিয়া, আজম আমীর আলী, আনম আবদুস সোবহান, মিছির কর্মকার, আতাহার হোসেন, শামসুল হক, তারাপদ ঘোষ এবং অনেকের কথা স্মরণ করা যায়। এছাড়াও ফরিদপুরের গোয়ালন্দ, গোপালগঞ্জ, মাদারীপুরের প্রত্যেক মহকুমায় স্থানীয় প্রতিরোধ কমিটি গঠন করা হয়। রাজবাড়িতে মরহুম কাজী হেদায়েত হোসেন, মোসলেম আলী মৃধাসহ জননেতা ডা. এস, এ, মালেক, ওয়াজেদ চৌধুরী, নূরুল ইসলাম, মরহুম আবদুল জলিল, আবদুল হাই, চিত্তবাবু, আলী আক্কাস এবং স্থানীয় ছাত্রনেতা আবদুল জব্বার, নাজিবর, ফজলু, রেজা, তাপস প্রমুখ।

ফরিদপুর জেলা সমন্বয় ও প্রতিরোধ কমিটির মূল ক্যাম্প স্থাপন করা হয় ডিষ্ট্রিক্ট কাউন্সিলের ডাক বাংলো ঝিলটুলীতে এবং সেখান থেকে প্রত্যেকটি মহকুমায় যোগাযোগ রক্ষা করার ব্যবস্থা করা হয়। হানাদার বাহিনী ফরিদপুরে প্রবেশ করার আগে পর্যন্ত এ দিনগুলো ছিল ফরিদপুরের ইতিহাসে একটি অবিস্মরণীয় সময়কাল। ফরিদপুরের প্রতিরোধের সেই সাতাশটি দিন মনে হোত আমরা সম্পূর্ণ একটি স্বাধীন জনগণতান্ত্রিক ভূখন্ডে বাস করছি। কোথাও কোন স্বাভাবিক আইন-শৃঙ্খলার অবনতি পরিলক্ষিত হয়নি। এ যেন জনতার স্বতঃস্ফূর্ত নতুন জীবনের পথে স্বাভবিক পথ চলা। ঢাকা থেকে বহু প্রত্যক্ষদর্শীর নিকট পাক-হানাদার বাহিনীর অনেক কুর্কীতি শুনতে পেলাম এবং ফরিদপুরে আমরা আতংকিত হলাম। সম্ভবতঃ ১লা এপ্রিল তারিখে প্রয়াত নেতা প্রবাসী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদ দিল্লীর পথে ফরিদপুর পৌঁছালেন এবং প্রয়োজনীয় নির্দেশ প্রদান করে পরের দিন চলে গেলেন। ১৭ই এপ্রিল বাংলার মাটিতে মেহেরপুরে মুজিবনগরে সর্বপ্রথম স্বাধীন বাংলাদেশ সরকার গঠনের ঐতিহাসিক ঘোষণার কথা জানতে পারলাম এবং ফরিদপুরকেও আমরা তখন মুক্ত এলাকার একটা অংশ হিসেবে গর্ব অনুভব করলাম। আমরা তখন ফরিদপুরে স্থানীয় প্রশাসন নিয়ন্ত্রণ করতাম। সে সময় ফরিদপুরবাসীদের সার্বিক সুখ-দুঃখ এক উচ্ছ্বাসময় শিহরণের মধ্য দিয়ে অতিবাহিত হচ্ছিল। কখন হানাদার বাহিনী ঢুকে পড়ে সেটাই ছিল সার্বক্ষণিক চিন্তা। দেশের অন্যান্য জায়গায় পাক-বাহিনীর নারকীয় অমানবিক দস্যুতার খবর চারদিকে ছড়িয়ে পড়লো। আমাদের বেশী ভয় ছিল প্যারাট্রুপ হানাদার বাহিনী নামলে

প্রতিরোধ করার কোন অস্ত্র আমাদের হাতে ছিল না। নদীপথে গোয়ালন্দঘাট, গোপালগঞ্জ এবং মাদারীপুর ছাড়াও স্থলপথে পাংশা ও কামারখালীতে প্রতিরোধ গড়ে তোরা হয়, যাতে করে কুষ্টিয়া কিংবা যশোর হয়ে আক্রমণের সম্ভাবনা প্রতিহত করা যায়। দিবারাত্র চব্বিশ ঘন্টা ডিষ্ট্রিক্ট কাউন্সিলের কন্ট্রোল রুম কর্মব্যস্ত থাকতো এবং সেখান থেকে তাৎক্ষণিক তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রদানের নির্দেশ প্রদান করা হোত। ফরিদপুর ছিল ভারত অভিমুখে শরণার্থীদের অনেকেরই মাঝপথ। অনেক নেতা ও কর্মী ঢাকা থেকে ভারত যাওয়ার পথে ফরিদপুরে বিশ্রাম নিয়ে যশোর হয়ে চলে যেতেন। এভাবে স্বাধীন বাংলাদেশ সরকারের অনেক নেতৃবর্গই ফরিদপুরে অবস্থান নিলেন। এপ্রিলের মাঝামাঝি ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর শহর থেকে লোকজন পরিবার-পরিজনসহ গ্রাম এলাকায় চলে যেতে লাগলেন। একটা আসন্ন সংঘাতের মুখোমুখি আমরা প্রশাসন কর্মকর্তা ও প্রতিরোধে নিয়োজিত নেতৃবৃন্দ ও কর্মীরা শহরে রয়ে গেলাম। আমরা শহরের প্রবেশের বিভিন্ন এবং রাস্তার উপর ব্যারিকেড তৈরী করলাম। ২১শে এপ্রিল ভোর রাতে হানাদার বাহিনী সুসজ্জিত গানবোট দিয়ে প্রথমে গোয়ালন্দঘাট আক্রমণ করল। আমাদের প্রতিরোধের কর্মীরা প্রবল আত্মবিশ্বাসের সাথে আক্রমণ প্রতিহত করতে চেষ্টা করে, কিন্তু দূর থেকে অবিরাম মর্টার-এর শেল বর্ষণের মধ্যে সকাল নয়টায় হানাদার বাহিনী গোয়ালন্দঘাট দখল করল এবং একই সঙ্গে হেলিকপ্টারে করে ফরিদপুরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহে ছত্রী বাহিনী অবতরণ করতে লাগলো। নেতৃবৃন্দ ও কর্মীরা নিরাপদ আশ্রয়ের খোঁজে ফরিদপুর শহর ত্যাগ করতে লাগলাম।

আমি সকাল দশটার দিকে ইপিআর-এর একজন প্রতিরক্ষা কর্মী সদস্য কবিরুল আলমকে সঙ্গে নিয়ে নড়বড়ে একটা জীপে করে কামারখালীর দিকে রওয়ানা হলাম এবং কে, এম, ওবায়দুর রহমান নগরকান্দা হয়ে গোপালগঞ্জের দিকে রওয়ানা হলেন। অন্য নেতৃবৃন্দও বিচ্ছিন্নভাবে শহর ত্যাগ করলেন।

ফরিদপুর শহরে প্রাথমিক প্রতিরোধ*

২৬শে মার্চ রাত প্রায় ২/৩টার দিকে কোতোয়ালীর ও-সি আমাদের বাসায় আসেন। বাবা তখন এমএনএ আদিলউদ্দিন আহমেদ জেলা আওয়ামী লীগের সভাপতি। তিনি এসে জানালেন ঢাকার অবস্থা খুবই খারাপ এবং ফরিদপুরের দিকে যশোর ক্যান্টনমেন্ট থেকে পাক-বাহিনী আসছে। এ অবস্থায় ও-সি সাহেব থানার চাবি আব্বাকে দিয়ে সরে যেতে চাইলেন। তখন আব্বা এ অবস্থায় থানার দায়িত্ব গ্রহণ করতে চাইলেন না। এরপর আব্বা এবং আমি ডি-সি সাহেবের বাসার দিকে রওয়ানা হলাম। ফরিদপুরের ডি-সি তখন জনাব এ, এম, এন, ইউসুফ। এস-পি ছিলেন মিহির সাহেব। উভয়কে আমরা ডি-সি সাহেবের বাসার অফিসে দেখতে পাই। ডি-সি সাহেবের সাথে ঢাকা এবং ফরিদপুরের অবস্থা নিয়ে আলাপ হয়। তিনি বললেন, এখনও যশোর ক্যান্টনমেন্ট থেকে আর্মি আসছে। তারা আজকেই শহরে এসে পৌঁছাবে। এ অবস্থায় আওয়ামী লীগের নেতা এবং কর্মীদের শহর থেকে সরে যাওয়াটাই উচিত। তখন আমরা ঠিক করলাম যে, আওয়ামী লীগের এমএনএ ও এমপিদের সাথে যোগাযোগ করে একটা সিদ্ধান্তে আসা যাবে। তখন তিনি গাড়ী পাঠালেন তাদেরকে আনার জন্য। জনাব শামসুদ্দিন মোল্লা (এমএনএ), জনাব হায়দার হোসেন (এমপি) এরা সবাই আসলেন। পরিস্থিতি জানার পরে আপতত শহর থেকে সরে যাওয়ার জন্য সকলেই সিদ্ধান্ত নিলেন। এরপর আমি একটি জীপসহ বেরিয়ে শহরের বিভিন্ন দলের ছাত্র নেতৃবৃন্দকে ঢাকার ঘটনা জানাই এবং যশোর ক্যান্টনমেন্ট থেকে ফরিদপুরের দিকে সেনাবাহিনী আসার পথে বাধা দেওয়ার ব্যবস্থা করি। এতে ঐ সময়ে অনেকেই ব্যাপারটিকে অবাস্তব মনে করে প্রতিরোধে অংশীদার হতে চাইলেন না। কিন্তু সৈয়দ নাসির হোসেন আহমেদ, জামাল ও আরো কয়েকজন মিলে তাৎক্ষণিক সিদ্ধান্ত নেয়া হলো যে, রাস্তায় বড় বড় গাছ কেটে সেনাবাহিনীর পথ রোধ করতে হবে। তখন গাড়ি

* প্রতিবেদনটি জানুয়ারী, ১৯৮৪-তে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক আহমেদ কামাল-এর কাছ থেকে সংগৃহীত।

নিয়ে আমরা দরবেশের পুলের ওপারে গিয়ে গ্রামবাসীদের ডেকে জড়ো করলাম এবং ঢাকার পরিস্থিতি ও পরিকল্পনাও জানানো হলো। এখানে গ্রামের লোকদের গাছ কাটার জন্য প্রচুর উৎসাহ দেয়া হয়। তারা নিজেরাই কুড়াল নিয়ে গাছ কাটতে শুরু করলো। এবং পরামর্শ দেয়া হলো যে, আর্মি এলে যেন তারা গ্রাম থেকে সরে যায়। অল্প সময়ের মধ্যে তারা ২০/২৫টি গাছ কেটে রাস্তার উপর ফেলে ব্যারিকেড সৃষ্টি করে। তারপর আমরা শহরের একটু বাইরে অপেক্ষা করতে থাকি পাক-সেনা শহরে ঢোকার আশঙ্কায়, কিন্তু সময় গড়িয়ে গেলো পাক-সেনাবাহিনী আসার কোন লক্ষণই দেখা গেল না। পরদিন হঠাৎ চট্টগ্রাম বেতারের জিয়াউর রহমানের ঘোষণায় আমরা সবাই খুব উজ্জীবিত হয়ে উঠি এবং ডি-সি সাহেবকে অনুরোধ করি শহরের প্রতিরক্ষা এবং যুদ্ধের জন্য তৈরি হতে। এ ব্যাপারে সার্মথ্য এবং মওজুদ অস্ত্রের পরিমাণ জানতে চেষ্ঠা করি। কিন্তু পুলিশ বাহিনী সোনাবহিনীর সাথে সম্মুখযুদ্ধে যাওয়া সম্ভব নয় বলে মত প্রকাশ করে। আমরা এই সময় জানতে পারি যশোর ক্যান্টনমেন্টের জনগণ এবং পুলিশ দ্বারা অবরুদ্ধ আছে। ২৮ মার্চ ঢাকা থেকে আওয়ামী লীগ নেতা এবং ঢাকায় অবস্থানরত ফরিদপুরবাসীরা ফরিদপুর আসতে শুরু করে। তাদের মুখে ঢাকার সামরিক বাহিনীর হত্যাযজ্ঞের কাহিনী শুনে আমাদের মধ্যে প্রতিরোধস্পৃহা আরো বেড়ে ওঠে। তখন আমরা কোনরকম প্রতিরোধের তৎপরতা না দেখে শহরের কতিপয় তরুণের সাথে এ ব্যাপারে আলাপ করি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪/৫ জন ছাত্র নিয়ে আমরা সিদ্ধান্ত নিই যে, পাকিস্তান সেনাবহিনীর বিরুদ্ধে প্রতিরোধের পদ্ধতি হবে গেরিলা যুদ্ধ এবং অবিলম্বে যুদ্ধের প্রশিক্ষণ শুরু হওয়া উচিত এবং এ প্রশিক্ষণে ষোল বছরের উর্ধ্বের সকল সুস্থ লোকের অংশগ্রহণে আহ্বান জানানো উচিত। এই বৈঠক চলাকালে আমাদের সাথে যোগাযোগ এবং উৎসাহিত করেন নৌ বাহিনীর একজন প্রাক্তন সদস্য জনাব হাবিবুর রহমান। তিনি নিজেকে কমান্ডার মোয়াজ্জেম হোসেনের একজন ঘনিষ্ঠ লোক হিসেবে পরিচয় দেন। এই সিদ্ধান্ত হবার পর শহরে মাইকযোগে ঘোষণা করা হয় যে, প্রতিরোধের যুদ্ধে অংশগ্রহন করার জন্য সামরিক ট্রেনিং দেয়া হচ্ছে এবং রাজেন্দ্র কলেজ প্রাঙ্গণে সকলকে উপস্থিত হওয়ার জন্য বলা হচ্ছে। সেই সাথে আরো ঘোষণা করা হয় যে, ছুটিরত পাক বাহিনীর বাঙালী সৈনিক ভাই এবং প্রাক্তন সৈনিক ভাইদেরও কলেজ প্রাঙ্গণে আসার জন্য বলা হচ্ছে। এই ঘোষণার পর প্রায় দু'শো লোক কলেজ ময়দানে হাজির হয়। এদের মধ্যে ছুটিরত এবং প্রাক্তন পাক-সেনাবাহিনীর সংখ্যাও ছিল প্রায় ৬/৭ জন। স্টেডিয়ামের একটি রুমকে এই প্রশিক্ষণের হেডকোয়ার্টারে রূপান্তরিত করা হয়। প্রথমে কলেজের ইউ-ও-সি ইউনিটের ডামি রাইফেল এবং পুলিশ লাইন থেকে রাইফেল এনে ট্রেনিংয়ের ব্যবস্থা করা হয়। ফরিদপুর মুক্তিযুদ্ধ পরিচালনা কমিটি নাম দিয়ে এই প্রতিরোধ আন্দোলন গড়ার চেষ্টা করা হয়।

ট্রেনিংয়ের সাথে সাথে জনগণের রাজনৈতিক চেতনা বৃদ্ধি করার উদ্দেশ্যে সাইক্লোস্টাইল প্রচারপত্র বিলি করা হয়। এসব প্রচারপত্রের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ছিল কি করে গেরিলা যুদ্ধ করতে হবে এবং পাকিস্তান সরকারকে অর্থনৈতিকভাবে বিপন্ন করার জন্য পাটচাষ বন্ধ করা ইত্যাদি। এই পর্যায়ে আমাদের ধারণা হয় এই যুদ্ধ হবে দীর্ঘস্থায়ী এবং সকল বাঙালী শিক্ষিত যুবকই পাক-সেনাবাহিনীর বুলেটের লক্ষ্য হবে। আমাদের ট্রেনিং চলাকালে কুষ্টিয়া এবং যশোরের প্রতিরোধ আন্দোলনের সাথে যোগাযোগ রক্ষা করি এবং অস্ত্রের জন্য মেজর ওসমানের সাথে যোগাযোগ করি। তাঁর নির্দেশ অস্ত্র আনার জন্য যশোরে দুইজন সদস্যকে পাঠান হয়। কিন্তু কোন অজ্ঞাত কারণে তাদের অস্ত্র দেয়া হয়নি। ইতিমধ্যে আরেকটি বিষয় উল্লেখ করা হয়নি, এপ্রিলের প্রথম দিকে জয়দেবপুর থেকে পাক-সেনাবাহিনীর সদস্য হেমায়েত উদ্দিন তার তিন সদস্য সিপাহীসহ বেশকিছু গোলাবারুদ, গ্রেনেড, এস-এম-জি, চাইনিজ রাইফেল সহ পদ্মার চরে অবস্থান করছে বলে তৎকালীন দৈনিক পাকিস্তানের সাংবাদিক ভুঁইয়া ইকবাল আমাদের খবর দেন। আমরা কয়েকজন সদস্য পাঠিয়ে তাদেরকে স্টেডিয়ামে নিয়ে আসি এবং আমাদের এই প্রতিরোধ আন্দোলনে তাকে শরিক হতে অনুরোধ করি। কিন্তু তিনি একদিন পরে শহরের অন্যত্র অবস্থান করতে থাকেন। আমরা কামারখালী, গোয়ালন্দ এবং ভাংগা পর্যন্ত স্থানীয় প্রতিরোধ আন্দোলনের সাথে আমাদের প্রচেষ্টাকে জড়িত করার চেষ্টা করতে থাকি। দ্বিতীয়বার অস্ত্র সংগ্রহের

জন্য যশোর লোক পাঠানো হয়। কিন্তু এবারও ব্যর্থ হয়। রাজেন্দ্র কলেজ এবং স্টেডিয়ামের মাঠে আমাদের ট্রেনিং অব্যাহত থাকে এবং ক্রমেই ট্রেনিং গ্রহনকারীর সংখ্যা বাড়তে শুরু করে। আমাদের এই প্রচেষ্টার দু'টি উল্লেখযোগ্য দিক ছিলঃ (১) জনগনের মনোবল সুদৃঢ় করার জন্য প্রচারকাজ চালানো; (২) ফরিদপুর শহর এবং আশেপাশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা। অস্ত্র না পাওয়াতে এবং দীর্ঘস্থায়ী গেরিলাযুদ্ধে অংশগ্রহনের পরিকল্পনা কারনে ২২শে এপ্রিল পাক-সেনাবাহিনী শহরে প্রবেশ করার মুহূর্তে আমরা শহর ত্যাগ করি এবং ফরিদপুর জেলার বিভিন্ন গ্রামে ছড়িয়ে পড়ি। আমাদের প্রাথমিক প্রতিরোধ আন্দোলনের সাথীরা অস্ত্র যোগাড় করতে না পেরে ভারতে চলে যান এবং ট্রেনিংশেষে সক্রিয়ভাবে মুক্তিযুদ্ধে অংশগ্রহন করেন। অনেকে ফরিদপুরের গ্রামাঞ্চল থেকেই রাজাকর এবং পুলিশের অস্ত্র ছিনিয়ে নিয়ে এলাকাভিত্তিক প্রতিরোধ যুদ্ধে অংশগ্রহন করেন।

সশস্ত্র প্রতিরোধ : পত্র-পত্রিকার আলোকে

শিরোনাম	সূত্র	তারিখ
১৫। পত্র-পত্রিকায় প্রকাশিত সশস্ত্র প্রতিরোধ যুদ্ধের বিবরণ	যুগান্তর, আনন্দবাজার পত্রিকা	মার্চ-জুন, ১৯৭১

পাক মিলিটারী তান্ডবে বাঙ্গালীর রক্ত ঝরছে

কলকাতা, ২৬শে মার্চ (ইউ,এন আই)- শেখ মুজিবর রহমান এক বার্তায় আজ বিশ্ববাসীকে জানিয়েছেন, বাংলাদেশের মানুষ তাদের স্বাধীনতার জন্য সাহসের সঙ্গে যুদ্ধে করছে। এক গোপন বেতার কেন্দ্র থেকে শেখ মুজিবরের প্রচারিত বার্তা এখানে শোনা গেছে। এই গোপন বেতার কেন্দ্রটি চট্রগ্রাম অথবা চালনায় অবস্থিত বলে মনে করা হচ্ছে।

ঐ বার্তায় বলা হয়েছে, গতকাল রাত ১২টায় সময় পিলখানা ও রাজারবাগে পাকিস্তানী সশস্ত্র বাহিনী পূর্ব পাকিস্তানী রাইফেলসের ঘাঁটি আক্রমণ করে বহু নিরস্ত্র মানুষকে হত্যা করে। ঢাকাতে পূর্ব পাকিস্তান রাইফেলস ও পুলিশ বাহিনী সঙ্গে পাক-বাহিনীর তীব্র সংঘর্ষ চলছে। বাংলাদেশের স্বাধীনতার জন্য সাধারণ অসম সাহসিকতার সঙ্গে যুদ্ধ করে চলেছে। বাংলাদেশের প্রত্যেকটি অঞ্চলে বাংলাদেশের সকল শ্রেণীর মানুষ যে কোন মূল্যে শত্রুকে বাধা দেবে। স্বাধীনতার জন্য এই সংগ্রামে সর্বশক্তিমান আল্লাহ আপনাদের সাহায্য করুন।

-যুগান্তর,২৭ মার্চ,১৯৭১

কুমিল্লায় সংঘর্ষ

বেসরকারী সূত্রে প্রাপ্ত সংবাদে প্রকাশ, কুমিল্লায় সৈন্যবাহিনী ও মুক্তিসংগ্রামী জনগনের মধ্যে প্রচন্ড সংঘর্ষ হয়েছে। পূর্ব পাকিস্তানী রাইফেলস বাহিনী ও পুলিশ বাহিনী জনগনের সঙ্গে যোগ দিয়ে পাকিস্তানী সৈন্যবাহিনীর বিরুদ্ধে সংগ্রাম করছেন। সৈন্য-বাহিনীর গুলিতে কিছু লোক আহত হয়েছে। কুমিল্লার জেলা ম্যাজিস্ট্রেট ও পুলিশ সুপারকে সেনাবাহিনী গ্রেপ্তার করেছে বলে প্রকাশ।

মুক্তিফৌজকে সাহায্য করুনঃ ভারত-পাক সীমান্তে সংগৃহীত একটি বাংলা ইস্তাহারে বলা হয়েছে যে, ২৬শে মার্চ সন্ধ্যা সাড়ে সাতটায় বাংলাদেশ নিজেকে স্বাধীন বলে ঘোষনা করেছে। চট্রগ্রাম বেতার কেন্দ্র থেকে এই ঘোষণা প্রচারিত হয়েছে।

বেতার কেন্দ্রের ঘোষক শত্রুর সামরিক শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার জন্য জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

বেতারে বলা হয়েছে, ঝড়ের বেগে মুক্তিফৌজ এগিয়ে চলেছে। চট্রগ্রাম, কুমিল্লা ও শ্রীহট্টের সকল গুরুত্বপূর্ণ স্থান পূর্ব পাকিস্তান রাইফেলস বাহিনীর নিয়ন্ত্রণে আছে। অনুগ্রহ করে তাঁদের খাদ্য ও অন্যান্য প্রয়োজনীয় জিনিস দিয়ে সাহায্য করুন। আমরা সম্পূর্ন স্বাধীন। স্বাধীনতা রক্ষার জন্য এগিয়ে আসুন। আল্লাহ আপনাদেরকে সাহায্য করুন। ঢাকা কেন্দ্র ছাড়া আর সকল কেন্দ্রের রেডিও শুনুন। জয় বাংলা। গনমুক্তিবাহিনীর পক্ষে জনাব শেখ সাহেব।

-যুগান্তর, ২৮ মার্চ, ১৯৭১

ওরা লড়াই চালিয়ে যাচ্ছেন-আরও গুলিগোলা চাই
(রাজনৈতিক সংবাদদাতা)

দু'দিনের লড়াইয়ে গোটা পূর্ব পাকিস্তানে প্রায় এক লক্ষ লোক মারা গিয়েছেন বলে বিভিন্ন সীমান্ত এলাকা থেকে ভারত সরকারের দফতরগুলিতে খবর পৌঁছেছে। বিভিন্ন সীমান্ত ঘাঁটি থেকে যেসব খবর আসছে তার সারমর্মঃ মুজিবর রহমানের সমর্থক পুলিশ ও ইপিআর বাহিনীর লোকজনদের গুলি ফুরিয়ে এলেও তাঁরা লড়াই চালিয়ে যাচ্ছেন। সেনাবাহিনী নির্বিচারে গুলি চালাচ্ছে।

লড়াই এখনও সবচেয়ে বেশি চলছে ঢাকা এবং রংপুরে। এই দুই এলাকায় হাজার হাজার সাধারণ মানুষও সেনাদের বিরুদ্ধে গেরিলা কায়দায় লড়াই চালাচ্ছেন। পাক সেনাবাহিনী ও এই দুই এলাকায় ট্যাঙ্ক নিয়ে নেমেছে। তারাও ট্যাঙ্ক থেকে অবিরাম গুলি চালাচ্ছে।

পূর্ব পাকিস্তানের দুটি সবচেয়ে গুরুত্বপূর্ণ সড়কের ওপরের কয়েকটি ব্রিজও আওয়ামী লীগের সমর্থকরা উড়িয়ে দিয়েছেন। এই দুটি সড়কই ঢাকার সঙ্গে চট্রগ্রাম এবং যশোরের যোগাযোগ রক্ষা করত। এই দুটি সড়ক দিয়ে এইদিন সেনাবাহিনীর গাড়ি এগোতে পারেনি। এছাড়া মুজিবর রহমানের সমর্থকরা বিভিন্ন রাস্তায় সৈন্যদের চলাচলে বাধা সৃষ্টি করার জন্য নানারকমের প্রতিরোধ সৃষ্টি করেছেন। বহু এলাকায় রাস্তা খুঁড়ে দেওয়া হয়েছে।

শনিবার সীমান্তের বিভিন্ন এলাকায় ওপারের লোকেরা এসে এপারে গুলি চেয়েছেন। তাঁরা জানিয়েছেন যে তাঁদের গুলি ফুরিয়ে যাচ্ছে। গুলিগোলা না পেলে আর লড়াই চালাতে পারছেন না। কিন্তু তাদের সবাইকেই এপার থেকে হতাশ হয়ে ফিরতে হয়েছে। কুষ্টিয়া অঞ্চল থেকে একজন এসডিও-ও গুলি চেয়ে চিঠি পাঠিয়েছিলেন।

-আনন্দবাজার পত্রিকা, ২৮শে মার্চ, ১৯৭১

আওয়ামী লীগের নেতারা এপারে
তাঁদের আবেদনঃ অস্ত্র চাই

আওয়ামী লীগের বেশ কয়েকজন নেতা সোমবার ওপার থেকে এপার এসেছেন। সকলেরই একই লক্ষ্য-ভারত থেকে অস্ত্র সাহায্য সংগ্রহ করা। এদের মধ্যে একজন আছেন নবনির্বাচিত পাক জাতীয় পরিষদের সদস্য। তিনি মালদহ জেলা সীমান্ত দিয়ে ঢুকেছেন।

এদিকে, মুক্ত কুষ্টিয়ায় এইদিন পূর্ণ কর্তৃত্ব হাতে নিয়েই আওয়ামী লীগের শাসকরা ট্রাঙ্ক টেলিফোনে ব্যবস্থা চালু করে দিয়েছেন। সোমবার দুপুরেই মুক্ত কুষ্টিয়ার প্রধান পরিচালক ডাঃ আসাবুল হক টেলিফোনে শ্রী অজয়কুমার মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন। তাঁরও আবেদন ছিলঃ আপনারা অবিলম্বে সাহায্য পাঠান।

ডাঃ হক জানান, এখন কার্যত হাজার হাজার নিরস্ত্র মানুষ সৈন্যদের আক্রমন করছে। এত মানুষ এসে লড়াইয়ে যোগ দিচ্ছে যে, সেনাবাহিনী মেশিনগান চালিয়েও মেরে শেষ করতে পারছে না। তিনি জানান, কুষ্টিয়া, পাবনা, যশোর, খুলনায় এইদিন হাজার হাজার মানুষ বল্লম ও সড়কি নিয়ে এসে সেনাবাহিনী ঘাঁটি আক্রমন করেছে। হাজার হাজার মেরেছেও। কিন্তু তাঁরা পিছিয়ে যাননি। তিনি জানান, সোমবার রাত্রিতেই বৃহত্তম আঘাত হানা হবে ঘাঁটিগুলির উপর।

কুষ্টিয়া মিলিটারী ব্যারাককে চর্তুদিক দিয়ে ঘিরে ফেলা হয়েছে। সৈন্যদের বলা হয়েছে আত্মসমর্পন করতে। ডাঃ হক জানান, পাবনায় ও সেনাবাহিনীকে আত্মসমর্পণ করতে বলা হয়েছিল। কিন্তু তারা করেনি। ফলে তাদের

সবাইকে মরতে হয়েছে। জনতা আহত পশ্চিম পাকিস্তানী সেনাদের ছিঁড়ে টুকরো টুকরো করে বিজয়োল্লাস করেছে।

ডাঃ হক বলেনঃ কত হাজার হাজার মানুষে যে ইতিমধ্যে মারা গিয়েছে তার কোনও গুণতি নেই। কিন্তু তবু মানুষ মরতে ভীত নয়।

তিনি যশোর থেকে খবর পেয়েছেন যে, সেনাবাহিনী কোণঠাসা হয়েছে। খুলনায় সেনাবাহিনী সম্পূর্ণ বিপর্যস্ত।

স্টাফ রিপোর্টার জানান, বাংলাদেশের আওয়ামী লীগের বহু কর্মী এবং মুক্তিসেনা সীমান্ত পার হয়ে পশ্চিম বঙ্গে এসে বিভিন্ন রাজনৈতিক দলের কাছে সাহায্য চাইছেন।

-আনন্দবাজার পত্রিকা, ৩০ মার্চ, ১৯৭১

সীমান্তের চারদিক থেকে

[আমাদের স্টাফ রিপোর্টার, বিশেষ প্রতিনিধি, নিজস্ব সংবাদদাতা স্বাধীন বাংলাদেশের নানা সীমান্ত থেকে অজস্র সংবাদ পাঠাচ্ছেন ওখানকার মুক্তিযুদ্ধের। সব মিলিয়ে একসঙ্গে তা প্রকাশিত হল সংক্ষেপে। সব সংবাদেরই বক্তব্য, পাক ফৌজ ভেঙ্গে পড়ছে, মুক্তিফৌজ দখল করে চলেছে একের পর এক এলাকা]

গেদে থেকেঃ কুষ্টিয়ার লড়াই-এ মুক্তিফৌজকে সাহায্যের জন্য হাজারে হাজারে অসামরিক নাগরিক পদ্মা পার হয়ে কুষ্টিয়ার দিক থেকে ছুটে যান। হারডিঞ্জ সেতু পার হবার সময় শত্রুবাহিনী বোমারু বিমান থেকে বোমাবর্ষণ করে। বোমায় সেতুর একাংশ বিধ্বস্ত হয় এবং শতখানেক স্বাধীনতা সংগ্রামী প্রাণ হারান।

পাবনায় শত্রুবাহিনী ওই একই নারকীয় দৃশ্য তৈরি করেছে। তবে রক্ত দিয়ে তাদের মূল্য দিতে হয়েছে। শেষ শত্রুসৈন্যও জনতার রোষে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে।

মুক্তিফৌজের কমান্ডার ভারতের জনগণকে তাঁর অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, রংপুর আমাদের মুক্তিফৌজের দখলে এসেছে।

খুলনায় নারী ও শিশুদের উপর পশ্চিম পাকিস্তানী সৈন্যরা যে বর্বর, অমানুষিক অত্যাচার চালিয়েছে- মুক্তি ফৌজের নেতা বার বার তার উল্লেখ করেন।

তিনি বলেন, রক্ত দিয়ে আমাদের স্বাধীনতা অর্জন করতে হবে, আমরা তা জানি। কিন্তু আমাদের মা-বোন, ছেলেমেয়েদের উপর এই নৃশংস অত্যাচার চলবে-তা আমরা ভাবতে পারিনি।

মেখলিগঞ্জ থেকেঃ বাংলাদেশের রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁ এবং বগুড়া শহরে দখলদার পাকিস্তানী ফৌজ ও বাংলাদেশের মুক্তি বাহিনীর মধ্যে প্রতি মহল্লায় তুমুল লড়াই চলছে।

দখলদার বাহিনী রংপুর শহরে ট্যাঙ্ক নামিয়েছে। দিনাজপুর ও রংপুর জেলা শাসক ও পুলিশ সুপারকে গ্রেফতার করা হয়েছে। অপরদিকে মুক্তি ফৌজ পচাগড়ে অবরুদ্ধ দুই কোম্পানী পাকিস্তানী ফৌজকে পর্যুদস্ত করে অস্ত্রশস্ত্র কেড়ে নিয়েছে এবং এই লড়াইয়ে অধিকাংশ পাকিস্তানী ফৌজ নিহত হয়েছে। রংপুর ও দিনাজপুর জেলার সীমান্ত ফাঁড়ি এখনও আওয়ামী লীগ স্বেচ্ছাসেবকদের নিয়ন্ত্রণে। মুক্তিবাহিনী পাকিস্তানী ফৌজকে পরাজিত করে রাজশাহী শহরকে মুক্ত করেছে।

ইতিমধ্যে এপার বাংলার কাছে ওপার বাংলার তরুন ছাএদের আর্ত আবেদনঃ আমাদের অস্ত্র দিয়ে সাহায্য করুন। হলদিবাড়ি সীমান্তে গতকাল চারজন ছাত্রপ্রতিনিধি আসেন অস্ত্র সংগ্রহের জন্য।

দিনাজপুর শহরে মুক্তিফৌজের শক্তিবৃদ্ধির জন্য সীমান্ত বাঙ্গালী ইপিআর সীমান্ত চৌকি ছেড়ে চলে গিয়েছে। দিনাজপুরের পথে পথে পশ্চিমী ফৌজ প্রচন্ড প্রতিরোধের সম্মুখীন। ঘোড়াঘাট ও হিলির মধ্যে পশ্চিমী ফৌজের একটি ট্রাক রাস্তায় ওপর একটি গর্তে পড়ে উলটে যায়। প্রচুর ফৌজ আহত হয়। হিলি এলাকায় ভারত-পাক সীমান্তের কাছে দুটি অবাঙ্গালী পশ্চিমী ফৌজের মৃতদেহ দেখা গিয়েছে। দুজন পশ্চিমী ফৌজ প্রানভয়ে ভারতের এলাকায় ঢুকে পড়ে। তাদের গ্রেফতার করা হয়েছে।

সোমবার মুক্তিফৌজের তাড়া খেয়ে প্রায় ২০ জন পশ্চিম পাকিস্তানী সপরিবারে হিলি সীমান্ত দিয়ে ভারতে ঢুকে পড়ে। এরা ভারতীর সীমান্ত রক্ষী বাহিনীর নিকট আত্মসমর্পন করেছে।

অন্যদিকে পশ্চিম দিনাজপুরের দিক থেকে আওয়ামী লীগের দুজন বিশিষ্ট নেতাও এপার আসেন। জলপাইগুড়ি শহরে এরা পৌঁছালে তাদের বিপুল সম্বর্ধনা জানানো হয়।

পাকিস্তানী জাতীয় পরিষদ সদস্য ও আওয়ামী লীগের অন্যতম প্রধান নেতা মুহম্মদ আবিদ আলী বাংলাদেশে অবিলম্বে সাহায্যের জন্য আর্ত আবেদন জানিয়েছেন।

হাসনাবাদ থেকেঃ সোমবার দুপুরে সাতক্ষীরা সীমান্তে খবর সাতক্ষীরা আদালত ভবন থেকে ক্রুদ্ধ জনতা পাকিস্তানী পতাকা নামিয়ে ফেলে পুড়িয়ে দিয়েছে। সাতক্ষীরার পাঞ্জাবী মহকুমা শাসককে জনতা স্বগৃহে অন্তরীণ করে রেখেছে।

সীমান্ত আজ মুছে একাকার হয়ে গেছে। এপার বাংলা থেকে দলে দলে মানুষ এসে সীমানার এপারে দাঁড়াচ্ছে। ওপারের মানুষ এসে দাঁড়াচ্ছে মুখোমুখি। আজ আর কেউ কারও কাছে অপরিচিত নয়।

সোমবার সীমন্ত পার হয়ে অনেকখানি ঢুকে গিয়েছিলাম স্বাধীন বাংলাদেশের মাটিতে। কথা হল বহু মানুষের সঙ্গে। সকলের মুখে এক কথা, শত্রুর মোকাবিলা করার জন্য আমাদের অস্ত্র দিন।

অস্ত্র আর অস্ত্র। ওপার বাংলার মানুষ এপার বাংলার মানুষের কাছে আজ শুধু একটি জিনিসই চান। শুধু নৈতিক সমর্থন নয়, অস্ত্র না পেলে আমরা লড়ব কি করে। এই তাদের বক্তব্য।

খুলনা থেকে দু'দিন হেঁটে আজই ফিরেছেন এমন একজনের সঙ্গে দেখা হল। সমস্ত রাস্তা বন্ধ। খুলনায় এখনও চলছে জোর লড়াই। সেখানে মুক্তিফৌজ ৪০০ পাঞ্জাবী সৈন্যকে নিহত করেছে। একটি তিনতলা বাড়ীতে কিছু পাঞ্জাবী সৈন্য আশ্রয় নিয়েছিল। ইস্ট পাকিস্তান রাইফেলস তাদের ঘেরাও করে। সাদা পাতাকা উড়িয়ে পাঞ্জাবী সৈন্য আত্মসমর্পন করে।

যশোর থেকে সদ্য প্রত্যাগত একটি যুবকের কথাঃ যশোরের পথে বেশীদূর এগুতে পারলাম না। পথে পথে মৃতদেহ। দূরে গুলির শব্দ ধোঁয়া আর ধোঁয়া ।

আগরতলা থেকেঃ গতকাল চট্রগ্রাম দখলদার সৈন্য অবতরণে অসামরিক জনগন বাধা দিলে তাদের ওপর জাহজের কামান থেকে গোলাবর্ষণ করা হয়। ফলে বহু লোক মারা যায়।

ইপিআর-এর ব্রিগেডিয়ার মজুমদারকে দখলদার ফৌজরা গ্রেফতার করেছে। ইস্ট বেঙ্গল রেজিমেন্টের যেসব বাঙ্গালী ফৌজ ওই বাহিনী থেকে সরে আসতে পারেননি তাদের হয় গ্রেফতার করা হয়েছে অথবা নির্মমভাবে হত্যা করা হয়েছে।

স্বাধীন বেতারে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে পশ্চিমবঙ্গের জনগনের সমর্থনের সংবাদ ব্যাপকভাবে প্রচার করা হয়েছে।

পাক বিমানবহর হেলিকপ্টারে করে সন্দ্বীপে ফৌজ নামাবার চেষ্টা করছে ; নৌকা করে যশোরেও সেনা পাঠাবার। স্বাধীন বেতার কেন্দ্র আজ দুপুরে ওই খবর দেন। সঙ্গে সঙ্গে জানান, মুক্তিফৌজ তীব্র প্রতিরোধ করছে। এযাবৎ দুজায়গায়ই পাক বিমানবহরের চেষ্টা প্রতিহত হয়েছে।

-আনন্দবাজার পত্রিকা, ৩০ মার্চ, ১৯৭১

বাংলাদেশ প্রায় পুরোই মুক্তিফৌজের কব্জায়

আগরতলা, ৩০শে মার্চ (পিটিআই/ইউএনআই)-পূর্ব পাকিস্তানের কুমিল্লা ক্যান্টনমেন্ট থেকে শ্রীহট্ট পর্যন্ত সমগ্র এলাকাটি বাংলাদেশের মুক্তিফৌজ কর্তৃক অধিকৃত হয়েছে। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে এই সংবাদটি আজ সকালে জানা যায়। এখানে শ্রুত এই বেতার ঘোষণায় বলা হয় যে, সমগ্র এলাকায় এখন বাংলাদেশের পতাকা উড়ছে।

বাঙলার রাজধানী ঢাকা শহরসহ বাংলাদেশের প্রায় সমগ্র অঞ্চল শেখ মুজিবর রহমানের মুক্তিফৌজের নিয়ন্ত্রণে আসায় পাকবাহিনী সর্বত্র পশ্চাদপসরণ করছে বলে স্বাধীন বাংলা বেতার দাবী জানিয়েছে। ঢাকার আশেপাশে অসংখ্য মৃতদেহ পড়ে আছে। অস্থায়ী সরকারের প্রধান মেজর জিয়া আজ বেতারে বিশ্বের সকল রাষ্ট্রের কাছে আবেদন জানিয়ে তাঁদের সাফল্য প্রত্যক্ষ করার জন্য আহবান জানিয়েছেন।

মুক্তিফৌজ ঢাকা দখলের পর অবশিষ্ট হানাদারদের সঙ্গে হাতাহাতি লড়ছেন। ঢাকা ক্যান্টনমেন্ট ও বিমানঘাঁটি দখলের জন্য তীব্র লড়াই চলছে। পাক-বিমান বাহিনী ঢাকার উপকণ্ঠে বোমাবর্ষণ করছে।

চট্রগ্রাম বন্দর প্রায় সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে গেছে এবং বন্দর আর এখন ব্যবহার করা যাবে না বলে জানা গেছে।

চট্রগ্রাম, নোয়াখালী, কুমিল্লা, যশোহর, খুলনা, দিনাজপুর, রংপুর, শ্রীহট্ট, রাজশাহী, ময়মনসিংহ প্রভৃতি মুক্তিফৌজের পূর্ণ দখলে রয়েছে। বরিশাল, পাবনা ও বঙ্গবন্ধুর স্বজেলা ফরিদপুরের কোন খবর পাওয়া যায়নি। মুক্তিফৌজ এখন বাংলার জলপথও সম্পূর্ণভাবে নিজেদের নিয়ন্ত্রণে এনেছেন। মুক্তিফৌজ প্রথম হানাদারদের উপর মর্টার ব্যবহার করেছেন বলে জানা গেছে। মঙ্গলবার স্বাধীন বেতার কেন্দ্র ঘোষনা করেছে মুক্তিফৌজ ঢাকা শহর দখল করে নিয়েছে।

বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রধান মেজর জিয়া আজ ঘোষণা করেন যে পূর্ববঙ্গের অধিকাংশ স্থান এখন তাঁর মুক্তিফৌজের দখলে রয়েছে। বিশ্বের রাষ্ট্রসমূহ তথা বিশ্ববাসীকে তা দেখে যাবার জন্য তিনি আমন্ত্রণ জানিয়েছেন। ছয়টি বেতার কেন্দ্রের মধ্যে পাঁচটি এখন মুক্তিফৌজের নিয়ন্ত্রণে রয়েছে।

পশ্চিম পাকিস্তানী সৈন্যরা এখন মৃত্যুভয়ে পালাচ্ছে বলে তিনি জানান। বাংলাদেশ বেতার কেন্দ্র থেকে বাংলা ভাষায় এক বিশেষ ঘোষণায় তিনি বলেন যে, মুক্তিফৌজ বিপুল সংখ্যায় পশ্চিম পাকিস্তানী সৈন্যদের ওপর ঝাপিয়ে পড়েছেন। স্বাধীন বাংলাদেশের অধিকাংশ স্থান এখন তাদের নিয়ন্ত্রণে রয়েছে।

পাকিস্তান রেডিওর প্রচারণাকে মেজর জিয়া ডাহা মিথ্যা কথা বলে বর্ণনা করেন। পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনীর অন্তর্ভূক্ত দশজন পাঠান গতকাল সীমান্ত অতিক্রম করে পশ্চিম দিনাজপুরের ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীর কাছে আত্মসমর্পণ করেছে।

চট্টগাম জ্বলছেঃ চট্টগ্রাম শহর জ্বলছে। মুক্তিফৌজ সেখানে পশ্চিম পাকিস্তানী সৈন্যদের সঙ্গে হাতে হাতে লড়াই করছেন। বন্দরনগরী চট্টগ্রামে প্রেসিডেন্ট ইয়াহিয়ার সৈন্যরা ট্যাংক ব্যবহার করছে।

শহরের প্রধান অংশ এখন মুজিবের বাহিনীর হাতে রয়েছে বলে সংবাদ পাওয়া গেছে।

চট্টগ্রামে বিমান থেকে সৈন্য নামান হয়েছে। জাহাজ থেকে আজও গোলাবর্ষণ করা হয়েছে। এই বন্দর শহরে এখন প্রবল লড়াই চলছে। চট্টগ্রাম বন্দরকে এমনভাবে ধ্বংস করা হয়েছে যে, বন্দরটিকে ব্যবহারযোগ্য করতে কয়েক বছর সময় লাগবে।

দিনাজপুরে প্রবল লড়াইঃ রাধিকাপুর থেকে প্রাপ্ত সংবাদে প্রকাশ, রবিবার সারারাত ধরে দিনাজপুর শহর এবং সংলগ্ন গ্রামগুলোতে প্রবল লড়াই চলছে। পশ্চিম পাকিস্তানী সৈন্যরা কয়েকটি গ্রাম পুড়িয়ে দিয়েছে। বোমা ও মেশিনগানের শব্দে রাধিকাপুর ও সংলগ্ন গ্রামের জনসাধারণকে বিনিদ্র রজনী যাপন করতে হয়েছে।

রাজশাহী ও খুলনাঃ রাজশাহী ও খুলনাতে কয়েক কোম্পানী পাকিস্তানী সৈন্য বিমানে নামানো হয়েছে। রাজশাহীতে মুক্তিফৌজের প্রতিরোধ ভাঙ্গার জন্য বিমান থেকে বোমাবর্ষণ করা হয়েছে।

উভয় স্থানে মুক্তিফৌজ সুবিধাজনক অবস্থানে রয়েছে। একটি মাত্র স্থানে বিদেশী সৈন্যরা সীমাবদ্ধ ছিল। রাজশাহীর গোদাগাড়ি ঘাট পর্যন্ত এখন মুক্তিফৌজের নিয়ন্ত্রণে আছে। তাঁরা রাইফেল বাহিনীর সদর দপ্তর পুনরায় দখল করেছেন।

আজ সকালে উপরোক্ত স্থানে পুনরায় সৈন্য পাঠানো হয়েছে। ইস্ট বেঙ্গল রাইফেলের ও পুলিশের সাহায্যে শেখ মুজিব বাহিনীর লড়াই অব্যাহত রয়েছে। রাজশাহী জেলার নবাবগঞ্জ মুক্তিফৌজ দখল করে নিয়েছে। পশ্চিমা পাঞ্জাবী মহকুমা অফিসার নিহত হয়েছে। খুলনার টেলিফোনে এক্সচেঞ্জকে পাক-সৈন্যরা ধ্বংস করেছে।

ক্যান্টেনমেন্ট দখলের চেষ্টাঃ কুমিল্লা ও যশোহর ক্যান্টনমেন্ট দখলের জন্য পশ্চিম পাকিস্তানী সৈন্য মার্কিন স্যাবর জেট থেকে বোমাবর্ষণ করছে বলে স্বাধীন বেতার কেন্দ্র থেকে ঘোষণা করা হয়েছে। প্রতিকূল অবস্থার মধ্যেও মুক্তিফৌজ এই ক্যান্টনমেন্ট দুটিকে দখলে রেখেছেন।

ঢাকাতে তীব্র সংঘর্ষঃ ঢাকা শহর ও তার আশেপাশে এবং ক্যান্টনমেন্ট বিমানবন্দর এলাকায় পশ্চিম পাকিস্তানী সৈন্য ও মুক্তিফৌজের মধ্যে প্রবল লড়াই চলছে। পরে ঢাকা শহর মুক্তিফৌজ দখল করেছেন বলে স্বাধীন বেতার কেন্দ্র ঘোষণা করেছেন।

কৃষ্ণনগর থেকে প্রাপ্ত এক খবরে প্রকাশ, ঢাকা কর্পোরেশন অফিস এখন মুক্তিফৌজের দখলে। প্রশাসক মেজর এস এ খান নিহত।

মুর্শিদাবাদ জেলার ভারতীয় সীমান্ত গ্রাম ভগবানগোলার বিপরীত দিকে পাক-সীমান্ত প্রহরারত ২০ জন পশ্চিম পাকিস্তানী প্রহরী মুক্তিফৌজের হাতে নিহত হয়েছে।

রাতে নৌকা চলাচল নিষিদ্ধঃ নদীমাতৃক পূর্ববাংলার জলপথে রাত্রে নৌকা চলাচল নিষিদ্ধ করে 'স্বাধীন বাংলাদেশের সার্বভৌম সরকার' এক নির্দেশ জারী করেছেন।

মুক্তিফৌজের আক্রমণে বিছিন্ন ও পর্যুদস্ত পাকিস্তানী সৈন্যরা যাতে পালাতে না পারে তার জন্যই এ ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

রংপুরঃ সমগ্র রংপুর শহর মুক্তিফৌজের নিয়ন্ত্রণে রয়েছে। রংপুর-কোচবিহার এলাকায় পাকিস্তানী রাইফেলের টহল মুক্তিফৌজের নির্দেশ বন্ধ করা হয়েছে।

আখাউড়াঃ আখাউড়াতে পাকিস্তানী সামরিক বাহিনীর ছয়জন অফিসার নিহত হয়েছেন। সেখানকার আশেপাশে এখনও যুদ্ধ চলেছে।

করাচীর ভাষ্যঃ করাচীর সরকারী সূত্রে বলা হয়েছে যে,বিদ্যুৎ সরবরাহ বন্ধ ও যান্ত্রিক গোলযোগের জন্য ঢাকা বেতার কেন্দ্র থেকে মাঝে মাঝে সংবাদ প্রচার করা হচ্ছে। শেখ মুজিবুর রহমান কোথায় আছেন সে সম্পর্কে আজ কিছুই বলা হয়নি। পাকিস্তান রেডিও থেকে পূর্ববঙ্গের অবস্থাকে 'সম্পূন শান্ত' বলে বর্ণনা করা হয়েছে।

-যুগান্তর, ৩১ মার্চ, ১৯৭১

সকল রণাঙ্গনেই পাকফৌজ গা বাঁচিয়ে চলছে

মঙ্গলবার মধ্যরাত্রিতে বঙ্গ রণাঙ্গনের সমগ্র পরিস্থিতি মুক্তিফৌজের অনুকূল-বিভিন্ন খন্ডের রণক্ষেত্রে মুক্তিফৌজ প্রচন্ডভাবে আঘাত হেনে চলেছে।

বাংলাদেশের দূরবিস্তৃত অধিকাংশ রণাঙ্গনেই পাকিস্তানী স্থলবাহিনী কোনরকমে গা বাচিঁয়ে চলছে এবং অনন্যোপায় হয়ে বিমান বাহিনীকে ডেকে আনছে এবং তারাও নিবির্চারে সামরিক প্রয়োজন-অপ্রয়োজনের কথা চিন্তা না করে বোমাবর্ষণ করে ঘাঁটিতে ফিরে যাচ্ছে। দিল্লির প্রতিরক্ষা অনুশীলন সংস্থার বিশেষজ্ঞরা সমগ্র রণাঙ্গনের চিত্রটি এভাবে একেঁছেনঃ

পূর্ব রণাঙ্গনঃ কুমিল্লা থেকে শ্রীহট্ট পর্যন্ত বিস্তৃত পূর্ব রণাঙ্গনে মুক্তিফৌজ সীমান্তবর্তী সব কয়টি ঘাঁটি দখল করে নিয়েছে। তাদের বিমানধ্বংসী কামান হানাদার পাক বিমানকে বার বার তাড়িয়ে দিয়েছে। এই রণাঙ্গনেরই অন্তর্ভুক্ত আখাউড়ায় মঙ্গলবার সকালে পাক বিমান প্রচণ্ডভাবে বোমাবর্ষণ করেছে।

মঙ্গলবার সবচাইতে নৃশংস সংগ্রাম চলেছে চট্রগ্রাম-এর সঙ্গে কেবলমাত্র তুলনা চলতে পারে অবরুদ্ধ ঢাকা নগরীর রাজপথের লড়াই। পাকিস্তানী বিমানবন্দর এলাকায় বোমাবর্ষণ করেছে, যুদ্ধজাহাজ গোলা ছুঁড়েছে। চট্রগ্রাম জ্বলছে।

উত্তর-মধ্য রণাঙ্গনঃ উত্তর-মধ্য রণাঙ্গনে ময়মনসিংহ মুক্তিফৌজের হাতে এসেছে।

দক্ষিণ রণাঙ্গনঃ দক্ষিণ রণাঙ্গনে বিপন্ন পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীকে সাহায্য করার জন্য মধ্য রণাঙ্গন থেকে সৈন্য পাঠান হচ্ছে। নদী-নালা, খাল-বিল আকীর্ণ রণাঙ্গনে তারা রাত্রির অন্ধকারে চুপি চুপি অগ্রসর হচ্ছে।

মুক্তিফৌজের কমাণ্ড চারিটি রণক্ষেত্রের সংগ্রামরত সৈন্যদের মধ্যে নিখুঁত যোগাযোগ রেখে চলেছেন। চট্রগ্রাম থেকে খুলনা পর্যন্ত উপকূল বরাবর বিস্তৃত দক্ষিণ রণাঙ্গনের পূর্ব প্রান্ত চট্রগ্রামের দিকে জাহাজ বোঝাই করে সৈন্য পাঠানো হয়েছে পশ্চিম প্রান্ত খুলনা থেকে।

দক্ষিণ-পশ্চিম রণাঙ্গনঃ দক্ষিণ-পশ্চিম রণাঙ্গণে খুলনা-যশোর খণ্ডে মঙ্গলবার তেমন কোন বড় লড়াই হয়েছে বলে মনে হয় না। যশোর ক্যান্টনমেন্ট দখলের জন্য সোমবার প্রচণ্ড লড়াই হয়ে গিয়েছে। সম্ভবত উভয় পক্ষই আগামী দিনে তীব্রতর দীর্ঘস্থায়ী সংগ্রামের জন্য প্রস্তুত হচ্ছেন।

দূরবিস্তৃত চারটি রণাঙ্গনের সর্বত্র আক্রমণোদ্যোগ এখন মুক্তিফৌজের হাতে, পশ্চিম রণাঙ্গন বাহিনী সর্বত্র আত্মরক্ষা করে চলছে।

মুক্তিফৌজের স্থলসেনার অবিরাম চাপে বিব্রত পশ্চিম পাকিস্তানী স্থলবাহিনী বিমান ও হেলিকপ্টারের সাহায্য নিতে বাধ্য হচ্ছেন, কিন্তু তার ফলে পরিস্থিতি তাদের অনুকূলে যাওয়ার তেমন নেই।

-আনন্দবাজার পত্রিকা, ৩১ মার্চ, ১৯৭১

ইয়াহিয়া ফৌজের 'বিদ্রোহী' সেনাকে গুলি করে হত্যা
শুভ্রাংশু গুপ্ত

মেহেরপুর (কুষ্টিয়া), ৩১ মার্চ-ইয়াহিয়া ফৌজের বিপুলসংখ্যক সেনা মুক্তিফৌজের বিরুদ্ধে অস্ত্র ধরতে অস্বীকার করেছেন। এরা বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে মোতায়েন। পুলিশ লাইনেও এই শহরের একটি স্কুলগৃহে এরা 'বিদ্রোহী' সেনাদের প্রায় দুশোজনকে তাদের দলপতির নির্দেশে গুলি করে হত্যা করা হয়েছে।

বঙ্গবন্ধু মুজিব কোন এক গোপন ঘাঁটিতে সপরিবারে আছেন। এখানে বঙ্গবন্ধু দু'জন সহকর্মী-আবু আহমেদ আফজল রসিদ এবং মঃ সহীউদ্দিন আমাকে এই সংবাদ দেন। তারা বলেন, মুজিবর রহমানের গ্রেফতার এবং তাঁর পুত্রের হত্যার সংবাদ সম্পূর্ণ তৈরী করা। বঙ্গবন্ধু তাঁর গোপন ঘাঁটি থেকে সর্বদাই এই সংগ্রামে নেতৃত্ব দিচ্ছেন।

আগামী এক পক্ষকালের মধ্যে এই বাংলাদেশ স্বাধীন হবে এবং বঙ্গবন্ধু মুজিবর তখন আত্মপ্রকাশ করবেন বলে মুজিবের ওই সহকর্মীদ্বয় জানান।

ওই দুই নেতা জানান, পাবনা, দিনাজপুর, শ্রীহট্ট, কুমিল্লা, চট্রগ্রাম ও কুষ্টিয়ার প্রায় পুরো অঞ্চল এখন আওয়ামী লীগের দখলে। মঃ রসিদ জানান,তাঁরা বিপুল অস্ত্রশস্ত্রের মজুত উদ্ধার করেছেন। সেগুলির বেশির ভাগই চীনের তৈরি। তার মধ্যে হালকা মেশিনগান, স্বয়ংক্রিয় রাইফেল, দুটো কামান ও প্রায় পঞ্চাশটি মিলিটারি ট্রাক রয়েছে।

-আনন্দবাজার পত্রিকা, ১ এপ্রিল, ১৯৭১

যশোরের বোমাবর্ষণ

বনগাঁ, ৩১ শে মার্চ-সারা যশোর শহর দাউ দাউ করে জ্বলছে। সেই আগুনের আভা সন্ধ্যায় হরিদাসপুর থেকেও দেখা গেছে। যশোর ক্যান্টনমেন্ট পুর্নদখলের উদ্দেশে আজ বেলা সাড়ে বারটা নাগাদ পাক সামরিক বাহিনী ৫ খানি বিমানে করে ছত্রীসৈন্য ও অস্ত্রশস্ত্র নামিয়ে দেয়। এরপর বিমান বাহিনী থেকে কিছু সময় পর পর বোমাবর্ষণ করা হতে থাকে এবং সন্ধ্যা পর্যন্ত বোমাবর্ষণ চলছে বলে জানা গেছে।

পাক বাহিনীর সঙ্গে মুক্তিফৌজের তীব্র লড়াই চলছে। একদল সৈন্য শহরাঞ্চলে মর্টারের সাহায্য আক্রমণ চালায়। শহরে বহু বাড়ি ধ্বংস হয়েছে, দাউ দাউ করে আগুন জ্বলছে। সামরিক বাহিনীর লোকেরা অসংখ্য মানুষকে হত্যা করছে, কয়েকটি গ্রাম জ্বালিয়ে দিয়েছে।

আজ সকালের দিকে হরিদাসপুর সীমান্ত এলাকায় ৫ জন পাকিস্তানী পাঞ্জাবী সৈন্যের মৃতদেহ এবং একটি কাটা মুন্ডু দেখতে পাওয়া যায়। এখানে সন্দেহ করা হচ্ছে যে, বাংলাদেশের মধ্যে হত্যা করে এই মৃতদেহগুলি এখানে ফেলে দেওয়া হয়েছে।

খুলনায় এক খবরে প্রকাশ যে, খালিশপুরে একটি চটকল ডিনামাইট উড়িয়ে দেওয়া হয়েছে এবং রূপসা নদীর ধারে তীব্র সংঘর্ষ চলেছে।

আজ সকালে মুক্তিফৌজের লোকেরা বেনাপোল চেকপোস্টে পাকিস্তানী পতাকা নামিয়ে দেয়। সরকারী সূত্রে জানা গেছে যে, মোট ৩২ জন পাকিস্তানী পাঞ্জাবী সৈন্য এই সীমান্ত পার হয়ে আত্মসমর্পন করেছে।

আগরতলা, ৩১শে মার্চ (পিটিআই)- রাজশাহী, খুলনা ও আরও কয়েকটি স্থানে পাকিস্তানী স্যাবর জেট আজ বোমাবর্ষণ করেছে। পাক বিমান বাহিনীর এই হানায় বহু নিরস্ত্র লোক নিহত হয়েছে।

রাজশাহী, যশোর, খুলনা, কুমিল্লা ও ঢাকাতে তীব্র লড়াই চলছে।

ঢাকা বিমানবন্দরের আশেপাশে মর্টার ব্যবহার করা হচ্ছে। কামান থেকেও পাক সৈন্যরা গোলাবর্ষণ করছে। চট্রগ্রামে দুর্ভেদ্য দুর্গঃ যুদ্ধরত চট্রগ্রামের কয়েকস্থানে প্রত্যেকটি গৃহ একটি দুর্ভেদ্য দুর্গে পরিণত হয়েছে, পাক-সৈন্যরা কোথাও ঢুকতে পারছে না। রংপুর ও কুষ্টিয়া জেলা মুক্তিফৌজের পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।

ঢাকাতে ৩০ হাজার নিহতঃ ২৫ শে মার্চ থেকে দু'দিনে ঢাকা ও শহরাঞ্চলে প্রায় ৩০ হাজার লোক নিহত হয়েছে বলে ত্রিপুরায় আগত পাক-সাংবাদিকরা জানান।

-যুগান্তর, ১ এপ্রিল, ১৯৭১

স্থলে, জলে, অন্তরীক্ষে পাক ফৌজের সর্বাত্মক অভিযান

পরাস্ত, বিপর্যস্ত পাক দখলদার বাহিনী এখন মরিয়া হয়ে বাংলাদেশের সর্বত্র মুক্তিফৌজের বিরুদ্ধে সর্বাত্মক আক্রমণ চালিয়েছে। আক্রমণ-জলে, স্থলে, অন্তরীক্ষে। বিস্তীর্ণ রণাঙ্গনে দিশেহারা পাক-সেনাদল প্রধানত শহরাঞ্চলে আধিপত্য বিস্তার করে আত্মরক্ষায় সচেষ্ট। সর্বত্র পাক-বাহিনীর নগ্ন বীভৎস আক্রমণ। বিমান থেকে ফেলা হচ্ছে নাপাম বোমা, ট্যাংক থেকে বর্ষিত হচ্ছে গোলা, আর সেই সঙ্গে উপকূলবর্তী এলাকায় জাহাজ থেকেও ঝাঁকে ঝাঁকে এসে পড়ছে গোলা। বৃহস্পতিবার প্রায় সারাদিন স্যাবার জেট নিয়ে প্রচন্ড আক্রমণ চালানো হয় ব্রাহ্মণবাড়িয়ায়। এর মুখোমুখি মুক্তিফৌজের প্রতিরোধ আরও তীব্র, সংহত। নতুন নতুন মুক্তাঞ্চল তৈরি হচ্ছে। ঢাকার কাছে জয়দেবপুরের অস্ত্র-কারখানা মুক্তিফৌজের দখলে। এক কথায় বলা যেতে পারেঃ পাক-সেনাবাহিনীর কর্তৃত্ব অক্ষুন্ন আছে ঢাকা শহরের কয়েকটি এলাকায়। আর চট্রগ্রাম, রংপুর, সৈয়দপুর, যশোর, রাজশাহী ও কুমিল্লার শহরাঞ্চলে। অন্যদিকে মুক্তিফৌজের আওতায়ঃ ময়মনসিংহ জেলা পুরোপুরি, রংপুর, দিনাজপুর, রাজশাহীর অধিকাংশ। ঢাকা, কুমিল্লা ও চট্রগ্রামের শহর এলাকার বাইরে সর্বত্র। যশোর, কুষ্টিয়া ও খুলনা জেলার পশ্চিমবঙ্গ-সীমান্তবর্তী এলাকা।

মঙ্গল ও বুধবার-দু'দিন ধরে জঙ্গীশাহী পশ্চিম পাকিস্তানে সিংহল ও চীনের মধ্য দিয়ে বিমানে, জাহাজে প্রচুর সৈন্য, অস্ত্রশস্ত্র ও খাদ্যসামগ্রী আমদানী করেছে।

বিভিন্ন রণাঙ্গনে সংগ্রামরত মুক্তিফৌজের ইউনিটগুলিকে একই কমান্ডের অধীনে আনা এবং পরস্পরের মধ্যে সংযোগ প্রতিষ্ঠার চেষ্টা চলছে।

সারাদিন ধরে মুক্তিফৌজ ও পাক-দখলদার বাহিনীর মধ্যে প্রচন্ড লড়াই হয়েছে ঢাকা, কুমিল্লা, চট্রগ্রাম ও খুলনায়। ক্যান্টেনমেন্ট ও বিমানঘাঁটি বাদ দিয়ে যশোরের সর্বত্র মুক্তিফৌজের আধিপত্য অক্ষুন্ন। মুক্তিফৌজের আক্রমণে পিছু হটার আগে যশোর শহরে পাক-বাহিনী আগুন লাগিয়ে দেয়। ক্যান্টনমেন্ট-এর পাক-সেনাদের আজ বিমান থেকে অস্ত্রশস্ত্র ও খাদ্যসামগ্রী পাঠানো হয়েছে।

কুমিল্লায় প্রচন্ড গোলাগুলি বর্ষণ করেও মুক্তিফৌজকে কাবু করতে পারেনি। মেঘালয়ের সমীপবর্তী শ্রীহট্ট শহরেও পাক-সেনারা আজ প্রচণ্ড দাপটে আক্রমণ চালায়। এখানে পূর্ব পাক রাইফেল বাহিনী মুক্তিফৌজের সঙ্গে হাত মিলিয়ে প্রতিরোধের দুর্ভেদ্য দুর্গ গড়ে তুলেছে।

রংপুর ক্যান্টনমেন্টের মুক্তিফৌজের আধিপত্য অক্ষুণ্ণ। খাদিমনগরে পূর্ব পাক রাইফেলস-এর ৬০০ জনকে শ্রম-শিবিরে আটক রাখা হয়েছে। আসাম থেকে পাওয়া খবরে প্রকাশ, রাজশাহী ও নবাবগঞ্জে প্রচন্ড গোলাবর্ষণের ফলে মুক্তিফৌজের সহায়ক পুলিশ বাহিনীর ক্ষতি হয়েছে। প্রায় ৭০ জন পুলিশ অফিসার নিহত হয়েছেন বলে খবরে প্রকাশ। চট্রগ্রামে পূর্ব পাক রাইফেল-এর সদর দফতরটি পাক-সৈন্যরা দখল করে নিয়েছে।

-আনন্দবাজার পত্রিকা, ২ এপ্রিল, ১৯৭১

মুক্তিযোদ্ধারা যশোর দখল করেছে

(নিজস্ব সংবাদদাতা)

বনগাঁ, ১লা এপ্রিল-আজ বেলা ২টার পরেই বাংলাদেশের মুক্তিফৌজ সমগ্র যশোহর শহর দখল করে নিয়েছে। পাক-সেনাবাহিনী শহরের তিন মাইল দূরে ক্যান্টনমেন্টের মধ্যে আশ্রয় নিয়েছে।

বিশেষ নির্ভরযোগ্য সূত্রে আজ সন্ধ্যায় এখানে ঐ খবর পাওয়া গেছে। প্রকাশ যে, সকালে মুক্তিফৌজ যশোর সেন্ট্রাল জেলের গেট খুলে ১০০০ বন্দীকে মুক্ত করে দেয়।

আজ বনগাঁ স্টেশনে সাদা পোশাকে একজন পাকিস্তানী পাঞ্জাবী সৈন্য জনতার হাতে ধরা পড়ে। তাকে জেল হাজতে রাখা হয়েছে। ঐ সৈনিকটি নাকি বলেছে যে, খুলনায় অবস্থিত সেনাবাহিনীর সঙ্গে যশোহর ক্যান্টনমেন্টের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। খুলনা থেকে বারবার সাহায্য চেয়ে যশোহর থেকে কোন সাড়া পাওয়া যায়নি। তখন তারা ঢাকার সঙ্গে যোগাযোগ করলে ঢাকা থেকে নাকি তাদের বলা হয়েছে-যে যেভাবে পার, প্রাণ বাঁচাও। ঐ নির্দেশ পাবার পর সৈনিকটি সাদা পোশাকে কোনমতে বনগাঁয় এসেছে।

-যুগান্তর, ২ এপ্রিল, ১৯৭১

বাংলাদেশের পশ্চিম ও উত্তর এলাকা মুক্তিফৌজের দখলে

ঢাকা, কুমিল্লা প্রভৃতি জেলা শহরগুলির ক্যান্টনমেন্ট এলাকা ও বঙ্গোপসাগরের উপকূলবর্তী সামরিক ঘাঁটিগুলি ছাড়া বাংলাদেশের সব এলাকা পাক সামরিক শাসনের হাতছাড়া হয়ে যাচ্ছে। বাংলাদেশের প্রতিটি গ্রাম, শহর ও জনপদে উড়ছে স্বাধীন বাংলার জয় পতাকা। দলে দলে পাঠান সৈন্য আত্মসমর্পন করেছে, অনেকে মুক্তিসেনাদের তাড়া খেয়ে শূন্য হাতে সীমান্ত অতিক্রম করে ভারতে আত্মসমর্পণ করেছে।

কুষ্টিয়া, যশোর, পাবনা, রংপুর, রাজশাহী, দিনাজপুর একে একে মুক্তিফৌজের দখলে চলে আসছে। তবে জলে, স্থলে, অন্তরীক্ষে পাকফৌজের আক্রমণ বন্ধ হয়নি এবং ঐ আক্রমণের মোকাবিলা করার জন্য স্বাধীন বাঙলা সরকার সারা বিশ্বের স্বাধীনতাপ্রিয় দেশ ও জাতিগুলির কাছে প্রয়োজনীয় সাহায্যের আবেদন জানিয়েছে।

সীমান্ত শহর হাসনাবাদ থেকে ইউ-এন-আই জানাচ্ছেন, গত রাত্রে যশোহর জেলার মাগুরায় প্রায় ৩৫০ জন পাক-সৈন্য বিনা যুদ্ধে বাংলাদেশের মুক্তিফৌজের নিকট আত্মসমর্পণ করেছে।

সৈন্য দলটি ১৩টি গাড়ী যোগে যশোহর অভিমুখে যাওয়ার সময় মুক্তিফৌজের বহু লোক ও আওয়ামী লীগের কয়েক হাজার স্বেচ্ছাসেবক তাদের ঘিরে ধরে।

চারদিন তীব্র যুদ্ধ চলার পর গতকাল পাক-সৈন্যদল ক্যান্টনমেন্টে পশ্চাদপসরণে বাধ্য হলে যশোর শহর মুক্তিযোদ্ধাদের করতলগত হয়।

কৃষ্ণনগর (নদীয়া) থেকে প্রাপ্ত এক খবরে প্রকাশ, রাজশাহীতে এখনও যুদ্ধ চলেছে। এখানে দুইজন মেজর সহ অন্তত একশ পাকিস্তানী সৈন্য নিহত হয়েছে। প্রকাশ, এই এলাকায় মুক্তিফৌজের পরিচালনা করছেন বেঙ্গল রেজিমেন্টর একজন কর্নেল। জানা গেছে, তারা শতাধিক রাইফেল শত্রুদের হাত থেকে ছিনিয়ে নিয়েছে।

রাজশাহী ও লালমনিরহাটে এখন তীব্র লড়াই চলছে। গত কয়েকদিন ধরে এই দুইটি অঞ্চল পাক সৈন্যদের দখলে আছে।

এক সূত্রে জানা গেছে, পশ্চিম পাকিস্তান রেজিমেন্টর অধিকাংশ সৈন্যই প্রচন্ড যুদ্ধের পর মুক্তিফৌজের কাছে আত্মসমর্পণ করেছে।

আবার বোমাবর্ষণঃ মুক্তিফৌজের করতলগত ছোট ছোট শহরগুলি পুনর্দখলের জন্য পাক-সৈন্যরা তৎপর হয়ে উঠেছে। আজ বিকেলে পাক বিমান বাহিনী আবার বাংলাদেশের কয়েক স্থানে বোমা বর্ষণ করেছে। এইসব স্থানের নাম পাবনা, বগুড়া ও দিনাজপুর।

সীমান্ত অঞ্চল থেকে এখানে প্রাপ্ত প্রকাশ, পাকিস্তানী বাংলাদেশ-ভারত সীমান্ত বরাবর মোতায়েনের জন্য পূর্ব পাকিস্তান থেকে বিমানযোগে আধা-সামরিক বাহিনী (সীমান্ত স্কাউট ও রেঞ্জার্স) আমদানী করছে। মুক্তিফৌজ গেরিলা যুদ্ধের কৌশল অবলম্বন করায় পাকিস্তানীরা তাদের মোকাবিলা করার জন্য প্রচুর গেরিলা ট্রেনিংপ্রাপ্ত সৈন্য আমদানীর কথা বিবেচনা করছে।

পাক-সৈন্যদের আত্মসমর্পণঃ রায়গঞ্জ (পঃ দিনাজপুর), ২রা এপ্রিল-সীমান্তের অপর পার থেকে গতকাল নির্ভরযোগ্য সূত্রে এখানে প্রাপ্ত এক খবরে প্রকাশ, বাংলাদেশের মুক্তিযোদ্ধারা এখন দিনাজপুর, রংপুর, বগুড়া, কুষ্টিয়া, ময়মনমসিংহ ও শ্রীহট্ট সম্পূর্ণভাবে নিজ দখলে রেখেছে। ঐসব স্থানে পাক-সৈন্যরা বিনাশর্তে আত্মসমর্পণ করেছে এবং ঢাকা ও রাজশাহীতে এখনও তীব্র যুদ্ধ চলছে বলে ঐ সূত্র থেকে বলা হয়েছে।

পশ্চিম দিনাজপুরের বালুরঘাট থেকে গতকাল প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, পাক-সৈন্যরা ৩১শে মার্চ সন্ধ্যায় দিনাজপুর শহরে নিউ টাউন ও রাজবাড়ীতে পরাজিত হয়েছে। দিনাজপুর ও ফুলবারায় সৈয়দপুর থেকে যে সমস্ত পাক-সৈন্য এসেছিল, তারা হয় নিহত নয়তো বন্দী হয়েছে। রাজশাহী জেলায় চাপাইনবাবগঞ্জে যেসব সৈন্য পাঠানো হয়েছিল, তারাও মুক্তিযোদ্ধাদের হাতে নিহত নয়তো বন্দী হয়েছে। সংবাদে বলা হয়েছে যে, শ্রীহট্ট শহরে প্রচন্ড লড়াই চলছে এবং পাক-সৈন্যরা সেখানে আত্মসমর্পণ করছে।

মৌলভীবাজারে ১৪০ জন পাক-সৈন্য নিহতঃ আগরতলা থেকে প্রাপ্ত খবরে বলা হয়েছে যে, শ্রীহট্ট জেলার মহকুমা সদর মৌলভীবাজারে যুদ্ধ চলছে এবং এখানে ১৪০ জন পাক-সৈন্য নিহত হয়েছে। শহরটি এখনও মুক্তিযোদ্ধাদের দখলে আছে। সংবাদে বলা হয়েছে যে, শ্রীহট্ট অবরুদ্ধ পাক-সৈন্যদের সাহায্য আরও সৈন্য প্রেরণের চেষ্টা চলছে। সৈন্যরা চরম খাদ্য সংকটে পড়েছে।

রংপুরে তুমুর লড়াইঃ শিলিগুড়ি, ৩রা এপ্রিল-সৈয়দপুর, পার্বতীপুর ও রংপুর পাক-সৈন্য ও মুক্তিযোদ্ধাদের মধ্যে লড়াই চলছে। সঈদপুর থেকে দিনাজপুর এই ২৪ মাইল এলাকায় অসংখ্য মৃতদেহ পড়ে আছে। রংপুরের পাঁচ মাইলের মধ্যে কোন জনবসতি আছে বলে মনে হয় না। মুক্তিযোদ্ধারা এদিন একশো পাকসেনাকে খতম করে দিয়েছে। ক্যাপ্টন নোয়াজেশের নেতৃত্বে ওরা লড়াই করছেন। এখানে ইস্ট বেঙ্গল রাইফেলসের এক হাজার নতুন লোক এসে মুক্তিযোদ্ধাদের সঙ্গে যোগ দিয়েছে।

কয়েদী মুক্তিঃ মুক্তিযোদ্ধারা দিনাজপুর জেলাটি মুক্ত করে দিয়েছে। এখানকার কয়েদীরা বেরিয়ে এসে মুক্তিযোদ্ধাদের সাথে যোগ দেয়। এদের মধ্যে দু'জন ভারতীয় ছিল। এরা ভারতে পালিয়ে এসেছে বলে জনরব।

-আনন্দবাজার পত্রিকা, ৪ এপ্রিল, ১৯৭১

উওরাঞ্চলের চারটি জেলা মুক্তিফৌজের দখলে

দিনাজপুর, রংপুর, ময়মনসিংহ ও শ্রীহট্ট-বাংলাদেশের উত্তরাঞ্চলের এই চারটি জেলা সম্পূর্ণরূপে মুক্তিফৌজের দখলে এসেছে বলে সীমান্তের ওপার থেকে শিলং-এ কাল খবর পৌঁছেছে। এই জেলাগুলোতে পাকিস্তানী সৈন্য সম্পূর্ণরূপে ক্যান্টনমেন্ট এলাকার মধ্যে আটকা পড়েছে।

এদিকে পাকিস্তানী সৈন্যরা চালনা থেকে খুলনা শহর পর্যন্ত মধুমতি সদীর দু'তীরে গানবোট থেকে গোলা ছুঁড়ে নির্বিচারে গ্রামবাসীদের হত্যা করছে। সরবরাহ পথ যাতে বন্ধ না হয়ে যায় সেই জন্যই এই মরণপণ চেষ্টা। বোমা বর্ষণে বহু লোক নিহত হয়েছে।

পাক বিমান ধ্বংসঃ পাক বিমান বাহিনী বগুড়া ও শ্রীহট্ট থেকে মুক্তিফৌজকে হটিয়ে দেওয়ার জন্য কাল বোমা বর্ষণ করে। সোমবার রাত্রে রাজশাহীতে মুক্তিযোদ্ধারা একটি স্যাবারজেট বিমান ধ্বংস করে। এই বিমানটি একটি খাদ্যবাহী হেলিকপ্টারকে পাহারা দিয়ে যাচ্ছিল।

যশোর শহরেও তুমুল সংঘর্ষ হচ্ছে। মুক্তিযোদ্ধাদের হাত থেকে শহরটি পুনর্দখলের পর শহরটি যাতে আবার হাতছাড়া না হয় তার জন্য পাক সৈন্যরা প্রাণপণ চেষ্টা করছে। এখনও হাজার হাজার স্বাধীনতা সংগ্রামী যশোর ক্যান্টনমেন্ট ঘেরাও করে রয়েছে।

পাকিস্তানী বিমান বাহিনী কাল ময়মনসিংহ, নারায়নগঞ্জ, বগুড়া এবং রাজশাহীতে ব্যাপকভাবে বোমাবর্ষণ করে। প্রায় একপক্ষকালীন যুদ্ধের সর্বশেষে যে সংবাদ পাওয়া গেছে তাতে বলা হয়েছে যে, স্থলপথে যাতায়াতের সমস্ত সংযোগস্থান মুক্তিফৌজের দখলে রয়েছে। ঢাকা, কুমিল্লা, যশোর, রাজশাহী, চট্রগ্রাম, রংপুর, সৈয়দপুর, শ্রীহট্ট ও খুলনায় অবস্থিত পাক সৈন্যরা আত্মরক্ষার যুদ্ধে লিপ্ত রয়েছে। এক ডিভিশনেরও বেশী সৈন্য ঢাকায় নিযুক্ত করা হয়েছে এবং অবশিষ্টদের কুমিল্লা এবং যশোরের ক্যান্টনমেন্ট শহরে হয়েছে। সংবাদে প্রকাশ, যশোর, কুমিল্লা এবং ঢাকার সামরিক ঘাঁটিগুলি ছাড়া অবশিষ্ট এলাকাগুলি দখলে, নয়তো সেগুলিকে অব্যবহার্য করে দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গের কোচবিহার জেলার সন্নিকটে রংপুরে এবং সৈয়দপুরে আজও প্রচন্ড লড়াই চলছে। রাজশাহীতে পাক সৈন্য মুক্তিফৌজের দ্বারা বেষ্টিত হয়ে পড়েছে। আরো সৈন্য ও রসদ আমদানীতে মুক্তিফৌজ বাধা সৃষ্টি করছে।

সমগ্র খুলনা জেলা মুক্তঃ খুলনা শহর এবং ক্যান্টনমেন্ট এলাকায় পাক সৈন্যর ওপর মুক্তিফৌজ প্রচন্ড চাপ সৃষ্টি করছে। জেলার অন্যান্য সমস্ত অঞ্চলই এখন মুক্ত। মুক্তিফৌজ যশোর এবং খুলনায় মধ্যে সংযোগ রক্ষাকারী রাস্তাটি নষ্ট করে দেওয়ার প্রায় এক ব্রিগেড পাকিস্তানী সৈন্য বেষ্টিত হয়ে পড়েছে।

কুষ্টিয়া ও ময়মনসিংহ মুক্তঃ সংবাদে প্রকাশ, কুষ্টিয়া ও ময়মনসিংহ সম্পূর্ণ মুক্ত করা হয়েছে। পল্লী অঞ্চল মুক্তিফৌজের সম্পূর্ণ দখলে রয়েছে। শ্রীহট্ট ও কুমিল্লা শহরে প্রচন্ড লড়াই চলছে।

-যুগান্তর, ৫ এপ্রিল, ১৯৭১

বাংলাদেশ-পূর্ব রণাঙ্গনঃ পূর্ব রণাঙ্গনে মুক্তিফৌজ ৪৮০ কিঃ মিঃ দীর্ঘ ঢাকা-শ্রীহট্ট রেলপথটি নানা জায়গায় বিচ্ছিন্ন করে দিয়েছে। ফলে শ্রীহট্ট শহরে অবরুদ্ধ পাকিস্তানী সেনাবাহিনীর কাছে ঢাকা থেকে অস্ত্রশস্ত্র ও রসদ পাঠানো অসম্ভব করে তুলেছে। সোমবার শ্রীহট্ট খন্ডে জোর লড়াই চলেছে।

মুক্তিফৌজ প্রচন্ড লড়াই চালিয়ে শ্রীহট্টের শালুটিকর বিমানক্ষেত্রটি দখল করেছে। ময়মনসিংহ মুক্তিফৌজের হাতে। সংলগ্ন নতুন জেলা টাঙ্গাইলের অবস্থাও তাই। মুক্তিফৌজ কুমিল্লা শহরও দখল করেছে। পাক ফৌজ শহর ছেড়ে আশ্রয় নিয়েছে ময়নামতী ক্যান্টনমেন্টে।

বাংলাদেশ-পশ্চিম রণাঙ্গণঃ পশ্চিম রণাঙ্গনের কুষ্টিয়ায় সোমবার প্রচন্ড লড়াই চলছে। যশোহরের চাচড়ার মোড় পুনর্দখলের জন্য জোর লড়াই শুরু হতে চলেছে। খুলনায়ও চলছে উভয়পক্ষে মরণপণ সংগ্রাম।

বাংলাদেশ-উওর রণাঙ্গণঃ সোমবার উওর রণাঙ্গনে মুক্তিফৌজ একটি সাফল্য অর্জন করেছে-তারা হানাদার বাহিনীর হাতে রংপুর শহরটি ছিনিয়ে নিয়েছে, তিস্তা সেতু উড়িয়ে দিয়েছে, লালমনিরহাট বিমানক্ষেত্র অকেজো করে দিয়েছে। সামরিক দিক থেকে এ সাফল্যের তুলনা নেই। মুক্তিফৌজ তিস্তা সেতু উড়িয়ে দিয়ে

স্থলপথে পাকিস্তানী সেনাবাহিনীর পশ্চাদপসরণের শেষ পথটি ছিন্ন করে দিয়েছে। দিনাজপুর শহর আগেই মুক্ত হয়েছে। রাজশাহীতেও জোর লড়াই চলছে। মুক্তিফৌজের সাঁড়াশি আক্রমণে হানাদাররা কোণঠাসা। বগুড়া ও পাবনা জেলার মুক্তি সংবাদ শেষ রাত্রে এসেছে।

বাংলাদেশ-দক্ষিণ রণাঙ্গণঃ দক্ষিণ রণাঙ্গণে চট্রগ্রামে আবার প্রচন্ড লড়াই শুরু হয়েছে হানাদার ও মুক্তিফৌজে। পাক বিমান বোমা ফেলছে চট্রগ্রামে শহরে। নোয়াখালী জেলার নানা অঞ্চলেও উভয় পক্ষ মুখোমুখি। বরিশাল জেলায় লড়াই হঠাৎ প্রচণ্ড আকার ধারণ করেছে।

পূর্বাঞ্চল রণাঙ্গনঃ আগরতলা, ৫ এপ্রিল-বড় বড় শহরের নির্দিষ্ট কয়েকটি এলাকা ছাড়া বাংলাদেশের পূর্বাঞ্চল এখন মুক্তাঞ্চল। বেঙ্গল রেজিমেন্টের তিনজন মেজর সম্মিলিতভাবে এই মুক্তাঞ্চলের প্রশাসন ভার গ্রহন করেছেন। তাদের সাহায্য করছেন অসামরিক অফিসার ও আওয়ামী লীগের স্বেচ্ছাসেবকরা। মুক্তাঞ্চলের শ্রীহট্ট এলাকার অধিনায়ক মেজর খালেদ মোশাররফ, ময়মনসিংহ এলাকার মেজর সফিউল্লা ও চট্রগ্রামে এলাকার মেজর জিয়াউর রহমান।

দিন কয়েক আগে মেজর জিয়াউরই স্বাধীন বাংলা বেতার থেকে অস্থায়ী সরকার প্রতিষ্ঠার কথা ঘোষণা করেছিলেন। তখন তিনি নিজের পরিচয় দিয়েছিলেন মেজর জিয়া বলে।

গত শনিবার শ্রীহট্ট এলাকার কোন এক স্থানে মেজর মোশাররফের সদর দফতরে তিন মেজর এক বৈঠকে মিলিত হন। বৈঠকে স্থির হয়ঃ যতদিন না জাতীয় পরিষদের অধিবেশন বসে এই ত্রয়ীই সেনাবাহিনী পরিচালনা করবেন।

শ্রীহট্ট খন্ডের অধিনায়ক মেজর মোশাররফ ইউ এন আইয়ের প্রতিনিধিকে বলেনঃ স্বাধীনতা ঘোষনার সময় মুক্তিফৌজে পুরোদস্তর সৈন্যের সংখ্যা ছিল হাজার কয়েক মাত্র। এখন তা বহুগুণে বেড়ে গিয়েছে। তা ছাড়া আওয়ামী লীগের হাজার হাজার স্বেচ্ছাসেবককে নিয়মিতভাবে সামরিক তালিম দেওয়া হচ্ছে।

মুক্তিফৌজের রণনীতি প্রসঙ্গে মেজর বলেন, মুক্তিসেনাদের সংঘবদ্ধ করা ও তাদের মধ্যে সংহতি গড়ে তোলাই একন সবচেয়ে জরুরী। শত্রুপক্ষের শক্তি কোন এলাকায় কি রকম সে-সকল খোজখবর নেওয়ার পর হানা হবে আঘাত। মেজর মোশাররফ জানান, বিভিন্ন জায়গায় লড়াই করা মুক্তিফৌজ হানাদারদের কাছ থেকে বহু অস্ত্রশস্ত্র ছিনিয়ে নিয়েছে। আরও অস্ত্রশস্ত্র দখল ও অস্ত্রাগারগুলির উপর আক্রমণ চালাবার জন্য গেরিলা বাহিনী গঠন করা হবে।

সমুদ্রবক্ষে পাক সাবমেরিনের বাঙালী নাবিকদের বিদ্রোহ

তউলন (ফ্রান্স), ৫ এপ্রিল-পাকিস্তানী সাবমেরিন 'মনগ্রো'র বাঙালী নাবিকরা 'বিদ্রোহ' করেছিলেন বলে জানা যায়। কিন্তু তৎপরতার সঙ্গে তা দমন করা হয়। ৪৫ জন নাবিকের মধ্যে ১৩ জনকে ফেলে রেখে সাবমেরিনটি এখান থেকে যাত্রা করে। সাবমেরিনটি এখান থেকে করাচির উদ্দেশ্যে যাচ্ছিল। বাঙালী নাবিকরা সেটি থামাবার চেষ্টা করে।

১৩ জন নাবিক সুইজারল্যান্ডের দিকে যাত্রা করেছেন বলে জানা গিয়েছে। বন্দর কর্তৃপক্ষ সাবমেরিনের ঘটনা সম্পর্কে কিছু বলতে অস্বীকার করেন। তবে মনগ্রো'র আশেপাশে জাহাজগুলির নাবিকেরা তাতে মহুর্মুহু চিৎকার শুনতে পান। মনগ্রো'র নিকটবর্তী দক্ষিন আফরিকার একটি সাবমেরিনের একজন অফিসার বলেন, আমি মনে করেছিলাম, বুধবার রাতে তারা পরস্পরের গলা কাটছিল।

-আনন্দবাজার পত্রিকা, ৬ এপ্রিল, ১৯৭১

গুরুত্বপূর্ণ রেলশহর পাবর্তীপুর মুক্ত

সুখরঞ্জন দাশগুপ্ত

৬ এপ্রিল-উত্তরখন্ডের গুরুত্বপূর্ণ রেলশহর পাবর্তীপুরে আজ স্বাধীন বাংলাদেশের পতাকা উড়ল। আজ ভোর না হতেই মুক্তিফৌজের পাবর্তীপুর অভিযান শুরু হয়েছিল। দু'হাজারের মত মুক্তিফৌজ বীরবিক্রমে ঝাঁপিয়ে পড়লেন পাবর্তীপুরের ওপর। অবশেষে ছিনিয়ে নিয়ে এলেন শত্রু হাত থেকে। পাবর্তীপুর আজ স্বাধীন, শত্রুমুক্ত।

পাবর্তীপুর দখলের আগে এই শহরের দু'মাইল দূরে স্থানীয় আওয়ামী লীগ অফিসে বসে মাঝে মাঝেই গুলির শব্দ শুনছিলাম। বেলা তিনটায় আওয়ামী লীগ নেতা মহম্মদ আনোয়ার তখন দুটি স্টেনগান দেখিয়ে বলেন যে, ওই দুটি তারা পাকিস্তানী সৈন্যদের কাছ থেকে ছিনিয়ে নিয়েছেন। আলোচনার কিছু পরেই পাবর্তীপুর থেকে জয়ের খবর আসে। মুক্তিফৌজের মেজর মনসুন আলি ছুটে এসে ওই খবর দেন। আওয়ামী লীগের আর একজন নেতা এম এ কুদ্দুসকে জিজ্ঞসা করলাম, 'পাবর্তীপুর দখল' -একথা বলছেন কেন? তিনি বললেন, এই গুরুত্বপূর্ণ জায়গাটি দখলের জন্য গত রাত্রি থেকে পাক সেনারা চেষ্টা করছিল। তারা এই শহর দখলের মরিয়া হয়ে ওঠে।

বিকালে দিনাজপুরে ও বগুড়া থেকেও মুক্তিফৌজের জয়ের খবর আসে। ওই দুই স্থানে পাক সৈন্য-বাহিনী প্রচন্ড বোমা বর্ষণ করে।

আরও খবরঃ রাজশাহী, ফরিদপুরের যে ক'টি জায়গা পাক সেনারা দখল করে রেখেছে মুক্তিফৌজ তাও দখলের চেষ্টা করছেন। আওয়ামী লীগের পক্ষ থেকে জানানো হল যে, রাজশাহী, বগুড়া, দিনাজপুর ও পাবনার অধিকাংশ অঞ্চল মুক্তিফৌজের দখলেই।

পূর্ব রণাঙ্গনের খবর

চট্রগ্রাম জলধার ক্ষতিগ্রস্তঃ আগরতলা, ৬ এপ্রিল-সীমান্তের ওপার থেকে নির্ভরযোগ্য সূত্রে খবর এসেছে, তিন দিন আগে মুক্তিফৌজ চট্রগ্রাম শহরের পশ্চিমাংশে কোর্ট এলাকায় অবস্থিত ওয়াটার ওয়ার্কস এর জলাধার ও পাওয়ার হাউস ক্ষতিগ্রস্ত করে দিয়েছেন। এই এলাকায় পাক বাহিনী দিনরাত্র ঘাঁটি আগলাচ্ছিল।

চট্রগ্রাম শহরের ডাকঘর ও বিমানবন্দর এলাকা সম্পূর্ণরূপে পাক দখলদারদের হাতে। বন্দর এলাকা পরিত্যক্ত জনমানবশূন্য।

সারা নোয়াখালী জেলা, নোয়াখালীর লাগোয়া কুমিল্লার কিছু অংশ এবং চট্রগ্রাম জেলা এখন সম্পূর্ণভাবে পাক সৈন্য মুক্ত। এসব মুক্তাঞ্চলে বাংলাদেশে সরকারের অধীনে অসামরিক প্রশাসন ফিরে আসছে।

আবার স্বাধীন বাংলা বেতারঃ ''স্বাধীন বাংলা বেতার'' কেন্দ্র আবার ফিরে এসেছে। মঙ্গলবার শর্ট ওয়েভে এর অনুষ্ঠান শুরু হয়। তবে ঘোষণাগুলি একরকম শোনাই যায়নি। আগে এই কেন্দ্রটি ছিল চট্রগ্রামের কাছে, পরে পাক ফৌজ-এর তোপের মুখে উড়ে যায়। নতুন জীবন ফিরে পেয়ে স্বাধীন কেন্দ্রটি ঘোষণা করেছে দু'এক দিনের মধ্যেই মিডিয়াম ওয়েভ-এ অনুষ্ঠান প্রচারিত হবে।

সোমবার শিলং-এ সন্ধ্যা ছটায় ৮১ থেকে ৮২ মিটারে (শর্ট ওয়েভ) অনুষ্টান শোনা যায়। প্রচারিত গানগুলির মধ্যে ''আমার সোনার বাংলা'' তো ছিলই, উপরন্তু দ্বিজেন্দ্রলাল রায়ের ''ধন ধান্যে পুষ্পে ভরা'' গানটি শোনা যায়।

এই বেতার বাংলাদেশের মানুষকে মুক্তির জন্য এবং জয়ের জন্য প্রার্থনা করতে আহবান জানিয়েছে। ধিক্কার দিয়েছে বিশ্বাসঘাতক জঙ্গী স্বৈরতন্ত্রকে-যারা দেশব্যাপী রক্তস্রোতের জন্য দায়ী। আর শেষে সাড়ে কোটি মানুষের হয়ে সমস্ত বিশ্বের শুভেচ্ছা ও সহানুভূতির জন্য আবেদন জানিয়েছে।

-আনন্দবাজার পত্রিকা,৭ এপ্রিল, ১৯৭১

সোমবার জয়-বাংলার জয়ের পালা

রংপুর, কুমিল্লা ময়মনসিংহ মুক্ত, তিস্তা সেতু ধ্বংসঃ সোমবার জয় বাংলার শুধু জয়ের মালা, একটার পর একটা জয়ের পালা জয় রংপুর শহর-অধিকৃত। জয় কুমিল্লা শহরেও-মুক্ত। শ্রীহট্টের বিমানক্ষেত্রও মুক্তিফৌজের করারত্ত। ময়মনসিংহ, টাঙ্গাইল ও ফরিদপুরে মুজিব সেনারই জয়জয়কার। সংগ্রামী সেনারাই দিন এই প্রথম সব রণাঙ্গন মিলিয়ে একটি যুক্ত কমান্ড গড়ে তোলার পথে পা বাড়ান। এই উদ্যোগ হানাদার হটানোর লড়াইয়ে শেষ রাউন্ডের প্রস্তুতি।

মুক্তিফৌজ হানাদারের কাছ থেকে ছিনিয়ে নেয়া সাঁজোয়া গাড়ি, মেশিনগান ও অন্যান্য ভারী অস্ত্রশস্ত্র নিয়ে নরসিংদী (ঢাকা থেকে ১৪ কি.মি.) অভিযানে এগিয়ে চলেছেন। শ্রীহট্ট শহরের একাংশ এবং ছাউনি এলাকা বাদে পাবনা ও বগুড়ার প্রায় সব অঞ্চলই হানাদারমুক্ত।

পাকফৌজ ও হানাদার বিমান বাহিনীর তৎপরতা রোধের জন্য মুক্তিসেনারা পোড়ামাটি নীতি অনুসারে তিস্তা সেতু ধ্বংস করেছেন। অকেজো করে দিয়েছেন লালমনিরহাট বিমানক্ষেত্র, উড়িয়ে দিয়েছেন ঢাকা-শ্রীহট্ট রেলপথের (৪৮০ কিলোমিটার) বহু গুরুত্বপূর্ণ অংশ। অন্যদিকে পাকিস্তানী ফৌজ গর্তে তাড়া খাওয়া সাপের মত ছড়িয়ে পড়েছে রংপুর, দিনাজপুর, কুষ্টিয়া ও শ্রীহট্ট আর মার-খাওয়া সাপের মতই ছোবল মারছে যত্রতত্র, যা পাচ্ছে তাই ধ্বংস করছে কামান দিয়ে, মেশিনগান দিয়ে, পেটরোল ঢেলে আগুন লাগিয়ে। অত্যাচার চালাচ্ছে বিশেষ করে নারীদের ওপর।

রংপুর পাকিস্তানীদের সঙ্গে মুক্তিফৌজের দরুণ লড়াই হয়েছে। দু'পক্ষের হতাহতের সংখ্যা প্রচুর। কিন্তু শেষ পর্যন্ত মুক্তিফৌজই জয়ী। দখলদারদের হাত থেকে তাঁরা রংপুর শহর পুনর্দখল করেছেন। রংপুর শহরের কাছেই তিস্তা-সেতু মুক্তিফৌজ সেটি ধ্বংস করে দিয়েছেন। লালমনিরহাট বিমানক্ষেত্রটিও তারা অকেজো করে দিয়েছেন। সেতুটি ধ্বংসের ফলে পাকিস্তানীর পালাবার পথ নেই। অন্য সমস্ত পথ মুক্তিফৌজ আগেই বন্ধ করে দিয়েছেলেন।

শ্রীহট্টেও পাকফৌজের সরবরাহের পথগুলি একে একে নষ্ট করে দেওয়া হয়েছে। সেখানেও তারা প্রচন্ড অসুবিধার সম্মুখীন। সবর্ত্রই মুক্তিফৌজ দখলদারদের চেয়ে সংখ্যায় অনেক বেশী। ঢাকা-শ্রীহট্ট রেলপথ এখন ব্যবহারের অযোগ্য। শ্রীহট্টের শালুটিকর বিমানক্ষেত্রটি মুক্তিফৌজ প্রচন্ড লড়াইয়ের পর দখল করে নিয়েছেন। শ্রীহট্টের শহর ছাড়া ওই জেলার কোথাও পাকফৌজের কোন নিয়ন্ত্রণ নেই। হরিপুর (ভারত সীমান্ত থেকে ২৯ কি.মি.) পাকিস্তান পেটরোল লিঃ এর তৈলকেন্দ্রটি মুক্তিফৌজ শনিবার উড়িয়ে দিয়েছিলে। ঘন্টার পর ঘন্টা ধরে সেখানে আগুন জ্বলতে দেখা যায়।

লালমনিরহাট পাকফৌজের দখলে আছে। পাক বিমান বাহিনীর মদতে তারা সেখানে আছে। আনন্দবাজারের সংবাদদাতা কোচবিহার থেকে জানিয়েছেন যে, পাকিস্তানীরা লালমনিরহাট প্রচন্ড বোমাবর্ষণ করেছে। কোচবিহারে বাংলাদেশ থেকে প্রায় পাঁচ হাজার উদ্বাস্ত্ত এসেছেন। তারা সবাই মুসলমান।

বাংলাদেশের তিন সেনাপতিঃ বাংলাদেশের পূর্বাঞ্চলের কিছু কিছু বিচ্ছিন্ন এলাকা ও শহর ছাড়া প্রায় সবটাই এখন মুক্তিফৌজের দখলে ও প্রশাসনে। এই প্রশাসনে তিনটি সেকটরের নেতৃত্ব করছেন তিনজন সেনাপতি।

এরাই মিলিতভাবে মুক্তিফৌজের নিয়ন্ত্রণ করেছেন। আওয়ামী লীগের অনুগত অসামরিক অফিসার ও কর্মচারীরা এদের সঙ্গে সর্বতোভাবে সহযোগিতা করছেন।

এই তিন সেনাপতি হলেন-মেজর খালেদ মুশাররফ (শ্রীহট্ট সেকটর), মেজর সফিউল্লা (ময়মনসিংহ) ও মেজর জিয়াউর রহমান (চট্রগ্রাম)। জিয়াউরই মেজর জিয়া নামে অস্থায়ী সরকারের প্রতিষ্ঠা ঘোষণা করেছিলেন।

গত শনিবার শ্রীহট্টের কোন এক জায়গায় মেজর মুশাররফের সদর দফতরে ওরা তিনজন মিলিত হয়েছিলেন এবং ঠিক করেছেন যে, যতদিন না জাতীয় পরিষদের বৈঠক বসে এবং জাতীয় সরকার গঠিত হয় ততদিন তারা মুক্তিফৌজ ও প্রশাসন পরিচালনা করবেন।

Armoured columns moving in from Santahar and Gorahghat took Bogra in an attack without much opposition as the freedom fighters withdrew in the face of superior fire power. The Pakistani columns from Bogra were on the move towards Jamalpr on the north- west, reports said.

The Mukti fouj last night swooped on the Pakistan border outpost of Ichakhali on the western side of river Bhairab in Kushtia district and hoisted the Joy Bangla flag on it. They then dug trenches around the outpost and demolished bridge over the river Bhairab .

From early this morinig the Liberation Forces shelled the Pakistan army post at Meherpur town about two miles from Ichakhali compelling them to shift the post to a bamboo grove in village Mayamari, about five miles from Meherpur.

-Hindusthan Standard, 27 april, 1971

পূর্ব ও পশ্চিম রণাঙ্গনে মুক্তিফৌজের ব্যাপক গেরিলা তৎপরতা

আগরতলা ২৭ শে (পি, টি. আ)- বাংলাদেশের মুক্তিফৌজ পশ্চিম ও পুর্বাঞ্চলে ব্যাপকভাবে গুপ্ত ও গেরিলা আক্রমণ যেমন চালিয়ে যাচ্ছেন, ওদিক পাকিস্তান জঙ্গী বাহিনী আজ উত্তর-পূর্ব রণাঙ্গনে আসামের কাছাড় জেলার সংলগ্ন শ্রীহট্ট সীমান্তের দিকে নতুন অভিযান শুরু করেছে।

বাংলাদেশ থেকে আজ রাত্রে যে সংবাদ পাওয়া যায় তাতে বলা হয় যে, মুক্তিফৌজের সঙ্গে লড়াইয়ের পর পাকবাহিনী আন্তর্জাতিক সীমান্তবর্তী কুশিয়ারা নদী সমক্ষে হাজির হয়েছে।

কিন্তু শ্রীহট্টের দিক থেকে পাকফৌজের যে দলটি ব্রাক্ষণবাড়িয়া দিক থেকে অভিযান কারী অপর একটি ব্যাটেলিয়নের সঙ্গে সংযোগ স্থাপনের আশায় এক সপ্তাহ পুর্বে রওয়ানা হয়েছিল, তারা এখনও গুরুত্বপূর্ণ শেরপুর খেয়াঘাট দখলের জন্য মুক্তিফৌজের সঙ্গে লড়াইয়ে আটকে আছে।

সংবাদ এ-ও জানা যায় যে, পাক বিমানবাহিনীর বারবার বোমাবর্ষণ ও ব্যাপক ধ্বংসসাধন এবং দুরপাল্লার কামান দাগানো সত্ত্বেও মুক্তিফৌজ শ্রিহট্টের মাইল পনের দূরে অবস্থিত শেরপুরে পূর্ণ কর্তৃত্ব বজায় রেখেছেন এবং তাদের আক্রমণে পাক জঙ্গী ফৌজ বহু সংখ্যায় হতাহত হয়েছে।

উপকূলবর্তী শহরগুলি দখলের চেষ্টা : প্রকাশ, মধ্য রণাঙ্গনে পাকিস্তানী ফৌজ বগুড়া ও ময়মনসিংহ থেকে যমুনার উভয় তীর ধরে অভিযান চালিয়েছে। নদী তীরবর্তী শহরগুলির পূর্ণ কর্তৃত্ব হাতে পাওয়ার জন্যই তাদের এই উদ্যম। পাক বিমানবাহিনী আজকে বগুড়ার পূর্বদিকে বিস্তীর্ণ অঞ্চল বোমাবর্ষণ করে ধ্বংস করেছে। বিশেষ করে যমুনার পশ্চিম উপকূলবর্তী সিরাজগঞ্জ, কাজীপুর ও হরিপুর শহর কয়টি বিধ্বস্ত হয়।

জামালপুরে তুমুল সংগ্রামঃ পূর্ব তীরে ময়মনসিংহের দিক থেকে অভিযানরত পাকিস্তানী ফৌজ জামালপুরে ঢুকছে। ওখানে মুক্তিফৌজের সঙ্গে প্রচণ্ড সংগ্রাম চলেছে এখন অবধি। সংবাদে বলা হয় যে, ঢাকা, মধুপুর ও কিশোরগঞ্জ থেকে পাকফৌজের যে দলটি ময়মনসিংহের ওপর জড়ো হয়েছিল, এক্ষণে তারা ঐ শহরে সদর কার্যালয় স্থাপন করেছে।

বরিশাল শহর এখনও মুক্তিফৌজের হাতে : দক্ষিন রণাঙ্গনে এখন পর্যন্ত বরিশাল শহরটি মুক্তিফৌজের করায়ত্ত। ফরিদপুর থেকে অভিযানরত পাকবাহিনীকে গেরিলারা বরিশালের পথে অনেক জায়গায় সংগ্রামের মুখে ফেলেন। নদী তীর বরাবর পাকিস্তানী গানবোট ও মুক্তিযোদ্ধাদের মধ্যে গোলাগুলি বিনিময়ের সংবাদও পাওয়া গেছে ।

সৈন্যরা চট্টগ্রামে শ্রমিক পাচ্ছেনাঃ চট্টগ্রামে পাকবাহিনী নাকি ১৩০০০ বন্দর শ্রমিকের মধ্যে বন্দুক দেখিয়ে মাত্র ১৪০০ জনকে জরুরী মালপত্র উঠানো নামানোর কাজে সংগ্রহ করতে পেরেছে। অধিকাংশ বন্দর ও ডক শ্রমিক পকিস্তানী সৈন্যদের গুলি এড়িয়ে শহর ছেড়ে চলে গেছে এবং মুক্তিযোদ্ধাদের সঙ্গে যোগ দিয়েছে।

চৌকি দখলের চেষ্টা বানচালঃ শিলিগুড়ি থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানাচ্ছেন, মুক্তিফৌজ বাংলাদেশের দিনাজপুরে কিশোরগঞ্জ এলাকা থেকে পাক হানাদার বাহিনীকে হটিয়ে দিয়েছে। এই এলাকাটি পশ্চিম দিনাজপুরে রাধীকাপুর সীমান্ত শহর থেকে মাত্র তিন মাইল দূরে। সীমন্তের ওপর থেকে এই খবর পওয়া ঘেছে।

মুক্তিফৌজের অতর্কিত আঘাতঃ শিলং থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানাচ্ছেন, মুক্তিফৌজ বিরাট এক অঞ্চল জুড়ে তাদের প্রতিরক্ষা ব্যবস্তা আরও জোরদার করে তুলেছে। কয়েকটি এলাকায় আজ পাকবাহিনীর উপর তারা অতর্কিত আঘাত হেনেছে। বগুড়া শহরের দক্ষিণ-পুর্বে শেরপুর এলাকায় মুক্তিফৌজে পাক বাহিনীর সঙ্গে মিলিত হওয়ার জন্য করতোয়া নদী পার হওয়ার সময় এই সংঘর্ষ শুরু হয়। নিকটবর্তী কাজিপুর এবং হরিপুর এলাকায় মুক্তিফৌজ ও পাকবাহিনীর মধ্যে তীব্র সংঘর্ষ চলছে।

কুমিল্লা ফ্রন্টে গঙ্গাসাগর এবং ইমামবাড়ী স্টেশনের মধ্যবর্তী একটা এলাকায় মুক্তি সংগ্রামী ও পাকবাহিনীর মধ্যে সংঘর্ষে বহু সংখ্যক পাক সৈন্য হতাহত হয়েছে। হতাহতের সঠিক সংখ্যা জানা যায়নি।

কুচবিহার থেকে প্রাপ্ত একটি খবরে জানা গেছে, হানাদারের কুড়িগ্রাম দখলের চেষ্টা মুক্তিবাহিনী বানচাল করে দিয়েছেন। একটি পাক অগ্রবর্তী বাহিনীর পাঁচজন সৈন্যকে মুক্তি সংগ্রামীরা গুলি করে মেরেছেন এবং ধরলা নদীতে ডুবিয়ে দিয়েছেন। এই পাক সৈন্যেরা হাতে তৈরী নৌকাতে করে ধরল নদী পার হচ্ছিল।

পাক বিমান ভূপাতিতঃ শিলং থেকে পিটিঅই জানাচ্ছে, খাসি পাহাড়াঞ্চল ও মেঘালয়ের সীমন্তবর্তী বাংলাদেশের শ্রীহট্ট ফ্রন্টে একদল মুক্তি সংগ্রামী আজ সকালে একটি পাক জঙ্গী বিমানকে গুলি করে ভূপাতিত করেছে। বিমানটি হরিপুরে সার কারখানার দিকে যাচ্ছিল।

- যুগান্তর, ২৮ এপ্রিল. ১৯৭১

গোয়ালন্দে অনূন্য একশ পাকসৈন্য নিহত

মুজিবনগর, ৩০শে এপ্রিল (ইউএনঅই)- গতকাল বুধবার ফরিদপুরের নিকট গোয়ালন্দে একটি যুদ্ধে অনূন্য ১শ' পাকিস্তানী সৈন্য নিহত ও অস্ত্রশস্ত্র বোঝাই একটি স্টীমার নিমজ্জিত হয়েছে বলে আজ এখানে সংবাদ পাওয়া গিয়েছে। এই যুদ্ধে প্রায় ৯ ঘন্টাকাল আক্রমন করলে এই যুদ্ধ শুরু হয়।

সংবাদ জানা যায়, শেখ মুজিবুরের জন্মস্থানকে ধূলিসাৎ করা হয়েছে- শুধু কুকুর ও সেন্যরা সেখানে অবস্থান করেছে।

শহরে আওয়ামী লীগ নেতাদের বাড়ীঘর ভূমিসাৎ করা হয়েছে এবং পাইকারী বাজারটি লন্ঠিত ও বিধ্বস্ত হয়েছে। ঐ দিনই ফরিদপুরের প্রায় ৪০ কিলোমিটার দূরে গুরুত্বপূর্ণ পাট ব্যবসায় কেন্দ্র ভাঙ্গাতে ও যুদ্ধ হয়। প্রায় ২৫ লক্ষ টাকা মুল্যের পাট বিনষ্ট করা হয়েছে।

ফেনি শহরের নিকট একশ' পাকসৈন্য নিহতঃ চট্টগ্রাম রণাঙ্গনের কোন এক স্থান থেকে মুক্তিফৌজের কমাণ্ডার মেজর জিয়াউর রহমান জানিয়েছেন যে, গত মঙ্গল বার নোয়াখালী জেলার ফেনী শহরের শুভপুর সেতুর জন্য সংগ্রামে প্রায় একশ' পাকিস্তানী সৈন্য নিহত হয়েছে। মেজর রহমান সফররত জনৈক ইউএনঅই'র প্রতিনিধিকে লিখিতভাবে জানান যে,২৭শে এপিল এক ব্যাটালিয়ান পাকিস্তনী সৈন্য শুভপুর সেতু আক্রমণ করলে মুক্তিযোদ্ধারা তাদের প্রতিহত করে। শত্রুসৈন্যরা ট্যাংক এনে মুক্তিযোদ্ধাদের উপর গোলাগুলি চালায়। শুভপুর

সেতুর নিকট পাকিস্তানীরা ফেনী নদী অতিক্রমের চেষ্টা করলে মুক্তিফৌজের আব্দুল আজিজ নামে জনৈক সিপাই এক প্লাটুন পাকসৈন্যকে হত্যা করেন । মেজর রহমান আরও জানান যে, কয়েকজন পাকিস্তানী সৈন্য কোনরূপে সেতু অতিক্রম করলে মক্তিফৌজ শত্রুপক্ষের অক্রমণ প্রতিরোধ করে। সেতুটি এখনও মক্তিফৌজেরই হাতে রয়েছে।

মুক্তিফৌজের পাল্টা আক্রমনে ছদ্মবেশী পাক-হানাদাররা পর্যুদস্ত

বয়ড়া সিমান্তে, ৩০শে এপ্রিল- আজ বিকালে বেনাপোলের সাদিপুরে একদল পাকিস্তানী হানাদার মুক্তিফৌজের ছদ্মবেশে হাত উঁচু করে এগিয়ে এসে মুক্তিফৌজের উপরই ঝাঁপিয়ে পড়তে গেলে মুক্তিযোদ্ধারা তা সম্পূর্ণ ব্যর্থ করে দেয়। অত্যন্ত তৎপরতার সঙ্গে পাল্টা আক্রমণে বাংলা বাহিণী পাঁচজন হানাদার কে খতম ও কয়েকজনকে জখম করেন। অন্যদিকে, মহেশপুরেও মুক্তিবাহিনী ঝটিকা আক্রমণে দখলদারদের কাছ থেকে একটি ছোট ঘাটি ছিনিয়ে নেন।

এদিন বেলা তিনটা নাগাদ সাদিপুর মুক্তিফৌজ যখন টহল দিচ্ছিলেন, তখন তারা দেখতে পান সামনে দিয়ে একদল লোক মুক্তিফৌজের বেশে এগিয়ে আসছে। তাদের বুকে বড় ব্যাজ, বড়বড় হরফে লেখা ইপিআর। আর ঊর্ধ্ববাহু এই ছদ্মবেশীরা অনেকটা কাছে এগিয়ে এলে তাদের পিছন থেকে হানাদাররা হঠাৎ মুক্তিফৌজকে লক্ষ্য করে গুলি চালাতে শুরু করে। মুক্তিফৌজ সঙ্গে সঙ্গে পজিশন নিয়ে পাল্টা আক্রমন চালাতে থাকেন। আধ ঘন্টা লড়াইয়ে হানাদারের কয়েকজন নিহত ও অহত হওয়ার পর তারা সরে পড়ে। সাদিপুরের ১৮ মাইল উত্তরে মহেশপুরে বেলা ১২ টা নাগাদ যখন মুক্তিফৌজ ঝটিকা গতিতে দখলদারদের উপর ঝাঁপিয়ে পড়েণ, তখন দু'জন পাঠানের প্রাণ হারাবার পর তারা ঘাঁটি ছেড়ে পালিয়ে যায়।

নোয়াখালী ও কুমিল্লায় গুরুত্বপূর্ণ সড়ককেন্দ্র মুক্তিফৌজের দখলে

বাংলাদেশে পাক জঙ্গীশাহীর বিরুদ্ধে বাঙ্গালী মুক্তিফৌজের স্বাধীনতা সংগ্রামের যে সব খবর মঙ্গলবার পওয়া গেছে, তাতে প্রকাশ, প্রচণ্ড সংগ্রামের পর মুক্তিফৌজ নোয়াখালী জেলার গুরুত্বপূর্ণ সড়ক সংযোগস্থল ছাগলনাইয়া অধিকার করেছেন, বাহাদুরাবাদ ঘাট ও চিলমারী ঘাটের (যথাক্রমে ময়মনসিংহ ও রংপুর জেলা) কয়েকটি জলযান দখল করে সরিয়ে নিয়ে গেছেন, পাকবাহিনীর বহু অস্ত্রশস্ত্র হস্তগত করে তাদের অনেককে হতাহত করেছেন। ছাগলনাইয়ার যুদ্ধে শ' তিনেক এবং কুমিল্লা-চট্টগ্রাম সড়কের ওপর মীরবাজারের যুদ্ধে শ' দেড়েক পাকিস্তানী ফৌজ নিহত হয়েছে।

এদিকে যুগান্তরের জলপাইগুরিস্থিত সংবাদদাতা জানিয়েছেন, সীমান্ত পেরিয়ে সেখানে খবর পৌছেছে যে, লালমনিরহাটের কাছে পাকিস্তানী বাহিনীর মেজর এজাজ খানকে মুক্তিফৌজের গেরিলারা মেরে ফেলেছেন। মেজর এজাজ ছিলেন পাকবাহিনীর মেজর জেনারেল রিয়াজ খানের ছোট ভাই। তার স্মরণে পাক সামরিক কতৃপক্ষ লালমনিরহাট ও কাউনিয়ার মধ্যবর্তী তিস্তার রেল সেতুটির নামকরন করেছেন এজাজ সেতু।

আগরতলা থেকে পিটিআই খবর দিয়েছেন, বাংলাদেশের দক্ষিণ-পূবাংশে নোয়াখালী জেলার গুরুত্বপূর্ণ সড়ক সংযোগ কেন্দ্রে ছাগলনাইয়াতে তিন দিন ধরে পাকিস্তানী ফৌজের সঙ্গে প্রচণ্ড সংগ্রামের পর মুক্তিফৌজ সোমবার ঐ যায়গাটি দখল করে নেন। নোয়াখালী আওয়ামী লীগ নেতা নুরুল হক ছাগলনাইয়াতে

মুক্তিফৌজের এই সাফল্যের বিবরণ দান প্রসঙ্গে বলেন, ঐ যুদ্ধে অন্ততঃ ২১জন পাকিস্তানী সৈন্য নিহত হয়েছে। মক্তিফৌজ মেশিনগান, রাইফেল, রকেট নিক্ষেপক প্রভৃতি প্রচুর অস্ত্রশস্ত্র ও গোলাগুলি পলায়মান পাকিস্তানী বাহিনীর কাছ থেকে কেড়ে নিয়েছেন। তাছাড়া গত ১লা মে নোয়াখালীর ফেনাঘাটা সেতুর কাছে মুক্তিফৌজের কমাণ্ডো বাহিনীর আক্রমনে আরও পাকিস্তানী সেন্য নিহত হয়েছে।

উওর-পশ্চিম রণাঙ্গনেঃ বাংলাদেশের উওর-পশ্চিম রণাঙ্গনে লালমণিরহাটের কাছে দলহাটিতে (তালাহাটি?) মুক্তিফৌজ ও পাকবাহিনীর মধ্যে সংঘর্ষের খবর পাওয়া গেছে।

-যুগান্তর, ৫ মে, ১৯৭১

মুক্তিফৌজের গেরিলা তৎপরতা বৃদ্ধি, আখাউড়ায় জোড় লড়াই

আগরতলা, ৬ মে- বাংলাদেশের সর্বত্র মুক্তিফৌজের তৎপরতা দারুণ বেড়ে গিয়েছে। মুক্তিফৌজের অতর্কিত আক্রমনে পাক-বাহিনী নাজেহাল। বহু পাক-সেনা নিহত হয়েছে। বহু যায়গায় পাক-সেনা পিছু হটেছে। বৃহস্পতিবারও আখাউড়ায় দুই পক্ষে প্রচণ্ড লড়াই চলেছে। মুক্তিফৌজ এখানে পাক-বাহিনীকে বেকায়দায় ফেলতে পেরেছে। আখাউড়ার কাছেই গঙ্গাসাগর ও উজানিশর সম্পূর্ণভাবে মুক্তিফৌজের নিয়ন্ত্রণে। মুক্তিফৌজের একজন কমাণ্ডার জানিয়েছেন, আখাউড়ার যুদ্ধে ১২০ জন পাকসেনা খতম হয়েছে। পাক-সেনাবাহিনী আখাউড়া ও কুমিল্লার মধ্যে সরাসরি সড়ক পথে সংযোগ স্থাপনে পুরোপুরি ব্যর্থ হয়েছে । পশ্চিম রণাঙ্গনে মুক্তিফৌজের হাতে প্রাণ হারিয়েছে ৩৩ জন পাক সেনা। মুক্তিফৌজ এখানে দুটি গুরুত্বপূর্ণ রেল সড়ক সেতু উড়িয়ে দিয়েছে। দিনাজপুর ও রংপুরেও পাক-বাহিনীর উপর মুক্তিফৌজ গেরিলাবাহিনী বার বার আক্রমণ চালায়।

বাংলাদেশের উওর-পশ্চিম রণাঙ্গনে কুড়িগ্রাম ও লালমণিরহাটে উভয় পক্ষে প্রচণ্ড লড়াই হয়। গেরিলা আক্রমণে পাক-বাহিনীর ক্ষয়ক্ষতি বেশী হয়। লালমনিরহাটে ২৯জন পাক-সেনা নিহত হয়। দিনাজপুর জেলায় ঘোড়াঘারি ও প্রেমতলাতে মুক্তিফৌজের হাতে চারজন পাক সেনা খতম হয়েছে।

বরিশালেও মুক্তিফৌজের সাফল্য অব্যাহত। এখানে দ্বারকাপুরে পাক-সেনা বোঝাই একটি নৌকা মুক্তিফৌজ ডুবিয়ে দিয়েছে। ফলে বহু পাক-সেনার সলিলসমাধি ঘটেছে। ময়মনসিংহের উওর-পূর্বে আলমপুরে পাক-সেনা ও মুক্তিফৌজের মধ্যে তীব্র লড়াই হয়েছে।

মুক্তিফৌজের আক্রমণে নাজেহাল পাক-সেনাদল শ্রীহট্ট জেলার হবিগঞ্জের পশ্চিমে ২টি গ্রামে আগুন লাগিয়ে দেয়।

গত দুদিন ধরে প্রাণপণ চেষ্টা করার পর আজ পাক-বাহিনী চট্টগ্রামের দক্ষিণে কক্সবাজার দখল করে নেয়। কক্সবাজারে একটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য কেন্দ্র রয়েছে।

গেরিলা তৎপরতা বন্ধ করার উদ্দেশ্যে পাক-সেনা কতৃপক্ষ পশ্চিমাঞ্চলের চিলাতহ শহরে কারফিউ জারি করেছে।

দেবগ্রামে মুক্তিফৌজ ও পাক-সেনাবাহিনীর মধ্যে প্রচণ্ড লড়াই হয়। এখানে প্রায় ১০০জন পাক সেনা নিহত হয়েছে। ধরমানি চা বাগান এলাকা থেকে প্রায় ৮০০জনের এক পাক-সেনাদলকে মুক্তিফৌজ তীব্র আক্রমণ চালিয়ে হটিয়ে দিয়েছে। এখানে প্রায় ২০০ জন পাক-সেনা মারা গিয়েছে।

-আনন্দবাজার পত্রিকা, ৭ মে, ১৯৭১

বিভিন্ন সেনাঙ্গনে মুক্তিসেনাদের আচমকা আক্রমণ

কলকাতা, ৭ মে (ইউএনআই)- সীমান্তের ওপার থেকে পাওয়া খবরে জানা গেছে, গত ২৪ ঘন্টায় বাংলাদেশের বিভিন্ন রনাঙ্গনে মুক্তিফৌজের পক্ষ থেকে কমাণ্ড আক্রমণে প্রায় ১৫ জন পাক ফৌজ খতম হয়েছে। এরমধ্যে ময়মনসিংহে কালুমাখানায় পাকবাহিনীর আচমকা আক্রমণ করে কমাণ্ডোরা ৮ জনকে হত্যা করে এবং ৩০ টি রাইফেল ছিনিয়ে নেয়।

এর পরের উল্লেখযোগ্য ঘটনা ঘটেছে রংপুরে। এখানে সরাই নামক স্থানে মুক্তিফৌজ পাকবাহিনীকে চারদিক থেকে ঘিরে ফেলে অন্ততঃ ৭ জন সৈন্যকে হত্যা করে।

শ্রীহট্ট অঞ্চলের বিবির বাজার ও কাজিপুরে জোড় সংঘর্ষ হয়। হতাহতের খবর পাওয়া যায়নি।

সেতু ধবংসঃ রংপুরের আমরখানা, মোগলাহাট, লাবলাহাট ও তুগরাইহাট অঞ্চলে মুক্তিফৌজ গেরিলা আক্রমণ চালিয়েছে। তারা ঐ জেলার বাজানপুর সেতুটি ধ্বংস করে দেয়। দক্ষিন -পূর্ব রনাঙ্গনের রাদমপুর ও বরিশালের মধ্যে সড়ক যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে দেয়। পটুয়াখালির অঞ্চলে ও এখানে সেখানে যুদ্ধ চলছে।

উত্তর রণাঙ্গনে মুক্তিফৌজের সাফল্যঃ জলপাইগুড়ি থেকে যুগান্তরের নিজস্ব প্রতিনিধি জানাচ্ছেঃ মুক্তিফৌজ বিগত ৪৮ ঘন্টায় উত্তর রনাঙ্গনে নেকীপাড়া, ডানাকাটা এবং বড়শশী সীমান্ত ফাঁড়িগুলি দখল করে নিয়েছেন। তারা ভালাগঞ্জ থেকে পচাঁগড় পর্যন্ত ২০ ব্যসার্ধের মধ্যে পাক সৈন্যদের চলাচলও বন্ধ করে দিয়েছে। বহুসংখ্যক মুক্তিফৌজ এখন তেঁতুলিয়ায় গেরিলা যুদ্ধে ট্রেনিং নিচ্ছেন।

প্রখ্যাত খেলোয়াড়ের মুক্তিফৌজে যোগদান

নয়াদিল্লী, ৭ই মে (ইউএনআই) এখানে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, বাংলাদেশের খ্যাতনামা ফুটবল খেলোয়াড় ক্যাপ্টেন হাফিজউদ্দিন আহমদ মুক্তিফৌজে যোগ দিয়েছেন। তিনি এখন বাংলাদেশর কোন এক স্থানে মুক্তিফৌজের সঙ্গে আছেন। ক্যাপ্টেন আহমদ মুক্তিফৌজে যোগ দেওয়ার জন্য পাকিস্তান বাহিনী ত্যাগ করেছেন।

আখাউড়ায় প্রচণ্ড লড়াইঃ ১৫০ পাক সেনা নিহত

আগরতলা, ৮ মে শনিবার সারাদিন ধরে বাংলাদেশের নানাস্থানে মুক্তিফৌজ ও পাক -হানাদারদের মধ্যে তুমুল লড়াই চলে। লড়াই সবচেয়ে তীব্র আকার ধারন করে আখাউড়ায়। এখানে মুক্তিফৌজের আক্রণে ১৫০ পাক- সেনা নিহত হয়েছে। পূর্ব ও পশ্চিম রনাঙ্গনে মুক্তিফৌজ বারবার অতর্কিত আক্রমণ চালিয়ে পাক-বাহিনীকে ব্যতিব্যস্ত করে রাখে। মুক্তিফৌজের একজন কমাণ্ডার জানান, উত্তর- পূর্ব রনাঙ্গনে তারা চীনা পদ্ধতিতে আক্রমণ চালাচ্ছে। চীনা পদ্ধতি হলঃ শত্রুকে চারদিক থেকে ঘিরে ফেলে সীমাবদ্ধ অঞ্চলে আবদ্ধ রাখা।

পশ্চিম রণাঙ্গনের রংপুর, রাজশাহী ও কুষ্টিয়া জেলার শনিবার উভয় পক্ষে প্রচণ্ড লড়াই চলে। রাজশাহী জেলার মোহনপুরে চারজন পাক-সেনা নিহত হয়েছে । বাংলাদেশ সরকারের একজন মুখপাত্র জানান, নতুন কায়দায় যুদ্ধ শুরু করে মুক্তিফৌজ গেরিলা বাহিনী সর্বত্র যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে দিয়ে পাক বাহিনীকে কোণঠাসা করে ফেলেছে। গত দু'দিন নানা স্থানে রেল লাইন উড়িয়ে দেওয়া হয়েছে।

রংপুর জেলার মোগলহাটে ৩০ জন ও কুড়িগ্রামে ৭ জন পাক - সেনা গতকাল মুক্তিফৌজের হাতে প্রাণ হারিয়েছে। নিহতদের মধ্যে রিজভি নামে একজন পাক-ক্যাপ্টেনও আছে। কুড়িগ্রামে মুক্তিফৌজ পাক-বাহিনীর

একজন সেনা মানওয়ার আলিকে বন্দী করেছে। তার গায়ে গুরুতর আগাতের চিহ্ন ছিল। মোঘলহাটে মুক্তিফৌজ দুজন পাক-গুপ্তচরকে গুলি করে হত্যা করেছে। একজন গুপ্তচরকে বন্দী করা হয়েছে তার নাম মহম্মদ মণ্ডল। কুষ্টিয়া, যশোর ও রংপুর এলাকয় মুক্তিফৌজ পাক সেনাবাহিনীর গাড়ীগুলির উপর চোরাগুপ্তা আক্রমণ চালালে প্রচুর পাকসেনা নিহত হয়।

বাংলাদেশ সরকারের প্রশাসন ব্যাবস্থা চালুঃ ইউএনআই জানাচ্ছে, বাংলাদেশের রংপুর ও দিনাজপুর জেলার মুক্ত এলাকায় অসামরিক প্রশাসন ব্যবস্থা চালু হয়েছে। মুক্তিফৌজ ওই সমস্ত এলাকা থেকে উত্তরাঞ্চলে অভিযান চালাচ্ছেন।

-আন্দবাজার পত্রিকা ৯মে,১৯৭১

কুমিল্লা ও আখাউড়ায় তিনদিন তুমুল লড়াইঃ
তিনশ'পাকসেনা খতম

আগরতলা, ৯ই মে (ইউএনআই)- আখাউড়ায় মুক্তিফৌজের সঙ্গে পাকহানাদার বাহিনীর আজ তিনদিন ধরে প্রচণ্ড লড়াই চলছে। এই যুদ্ধেবাংলাদেশের সেনাবাহিনীর হাতে এ পর্যন্ত পাকবাহিনীর প্রায় দু'শ সেনা নিহত হয়েছে বলে মুক্তিফৌজের পক্ষ থেকে দাবী করা হয়েছে। কোহিমায় শ্রুত স্বাধীনবাংলা বেতার কেন্দ্র থেকে বলা হয়েছে যে, আখাউড়া ও কুমিল্লা খণ্ডে বাংলাদেশ মুক্তিফৌজের হাতে তিনশ পাক হানাদার নিহত, হয়েছে। বেতারে আরও বলা হয়, বিপুল সংখ্যায় সেনা খতমের ফলে পাকবাহিনীর বেলুচি সৈন্যদের মধ্যে বিক্ষোভ ছড়িয়ে পড়ছে। উক্ত সুত্রে প্রকাশ, মুক্তিফৌজের দু'জন সেনা নিহত, তিনজন আহত এবং দু'জন নিখোঁজ হয়েছেন।

পাক হানাদার বাহিনী আখাউড়া- আগরতলা চেক পোস্টের এক হাজার গজের মধ্যে এসেছে। বাংলাদেশের মুক্তিবাহিনী চেকপোস্টের কাছেই ঘাঁটি আগলে রয়েছে, তাই এই জায়গাটিই পাক বাহিনীর আক্রমণের লক্ষ্য। বাংলাদেশের সূত্রে প্রকাশ, পাক বাহিনী তিন কোম্পানী সেনার দ্বারা অর্ধ চন্দ্রাকৃতি ব্যুহ রচনা করে মুক্তিফৌজের এক কোম্পানী সেনাকে চেকপোষ্ট এলাকা থেকে উৎখাত করার চেষ্টা করেছ। আখাউড়া শহরে অতিরিক্ত এক কোম্পানী পাকসেনা মোতায়েন রাখা হয়েছে।

নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন, ত্রিপুরা- বাংলাদেশের সীমান্তে অবস্থিত গুরুত্বপূর্ণ স্থানগুলি সম্পূর্ণ বন্ধ করে দেবার প্রয়াসে পাকবাহিনী বিপুলসংখ্যক সেনাদল নিয়ে প্রচণ্ড আক্রমণ শুরু করেছে। এই উদ্দেশ্যেই তারা রামগড় দখলের পর আজ হঠাৎ আখাউড়া ও বিবিরবাজার এলাকায় আঘাত হেনেছে।

একটি বড়সড় পাকবাহিণী আখাউড়া শহর থেকে এগিয়ে আগরতলা চেকপোস্ট থেকে মাইল খানেক দূরে জাঘীশার সেতুর কাছে উপস্থিত হয়েছে। বিপরীত দিকে, আজ সকালে মুক্তিফৌজ আগরতলা চেকপোষ্টের আড়াই মাইল দূরে ফকিরমুড়া সীমান্ত ফাড়িটি দখল করে নিয়েছে। সকাল থেকেই আখাউড়ার রাজাপুর অঞ্চলে দু'পক্ষের মধ্যে তীব্র লড়াই চলতে থাকে।

কুমিল্লা খণ্ডে লড়াইঃ সীমানার এপারে দাঁড়িয়েও গুলির শব্দ শোনা যাচ্ছে। মাঝে মাঝে কামানের গোলার শব্দ চারদিকে কাঁপিয়ে তুলছে। ওদিকে আগরতলা থেকে ৬ মাইল দূরে আখাউড়া উপখণ্ডে এখনও যুদ্ধ চলছে। মুক্তিফৌজের গেরিলা কমাণ্ডোরা সাফল্যের সঙ্গে শত্রুসৈন্যদের প্রচুর সংখ্যায় হতাহত করেছেন। তবে পাকিস্তানী সৈন্যদের প্রবল গোলাবর্ষণের মুখে তাঁরা ফকিরমুড়া থেকে প্রথম পশ্চাদপসারণ করতে বাধ্য হন। আগে ৭ই মে মুক্তিবাহিনী গেরিলা আক্রমণ চালিয়ে শত্রুসৈন্যদের কসবা ও আখাউড়ার মধ্যবর্তী রাজাপুর গ্রাম থেকে বিতাড়িত করে দেন।

কৃষ্ণনগরের খবরে প্রকাশ, বাংলাদেশের পশ্চিমাংশে কুষ্টিয়া খণ্ডে ৭ই মে মুক্তিফৌজ আর পশ্চিম পাকিস্তানী সৈন্যদের মধ্যে গুলি বিনিময়ে অন্তত ৫ জন পাকিস্তানী সৈন্য নিহত হয়েছে ও বাংকার বিধ্বস্ত হয়েছে। রাত ১টা থেকে এক ঘন্টা ধরে এই গুলী বিনিময় চলে।

আজ সকালে সীমান্তের অপর পারের এক খবরে বলা হয়েছে যে, মুক্তিফৌজ গত শক্রবার থেকে মেহেরপুর উপখণ্ডে ভৈরব নদীর পূর্বতীরে পাকিস্তানী সৈন্যদের ঘাটির উপর শেল বর্ষণ করছে। মুক্তিফৌজের তরফের কেউ হতাহত হননি।

মুক্তিবাহিনীর চোরাগোপ্তা আক্রমণকারীরা গতকাল সন্ধ্যায় ভৈরব নদীর পশ্চিমতীরে মেহেরপুরের একটি গুপ্ত স্থান থেকে অতর্কিত আক্রমণ চালিয়ে একজন সুবেদারসহ বেশ কয়েকজন পাকিস্তানী সৈন্যকে হত্যা করেন। মুক্তিফৌজের গেরিলারা গতকাল রাত্রে দক্ষিন-পশ্চিম খণ্ডে চুয়াডাঙ্গা থেকে ৯০ কিলোমিটার দূরে জয়রামপুরের কাছে একটি রেলসেতু উড়িয়ে দিয়েছেন। ফলে দর্শনার দিকে ট্রেনচলাচল বন্ধ হয়ে গেছ এবং পাকিস্তানের রসদ সরবরাহের পথ সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন হয়েছে।

বাংলাদেশের কোনো এক স্থান থেকে খবর পাওয়া গেছে যে, ২৫ শে মার্চ থেকে এ পর্যন্ত অন্তত ১৫,০০০ পাকিস্তানী সৈন্য নিহত এবং ৩০,০০০ সৈন্য আহত হয়েছে বলে বাংলাদেশের একজন বিশিষ্ট নেতা জানিয়েছেন।

-যুগান্তর,১০ মে,১৯৭১

বিভিন্ন রণাঙ্গনে মুক্তিফৌজের ব্যাপক গেরিলা আক্রমণ

কৃষ্ণনগর, ১১ মে- বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে আজ মুক্তিফৌজ ব্যাপক গেরিলা আক্রমণ চালায়। সীমান্তের ওপার থেকে পাওয়া খবরে জানা যায়, মুক্তিফৌজ কমাণ্ডোরা রংপুর জেলার কোলাঘাট, মোগলহাট ও অমরখানায় পাকিস্তানী সামরিক ঘাঁটিগুলির ওপর আক্রমণ চালিয়ে যায়। মুক্তিফৌজের কমাণ্ডো দলের আচমকা থানায় মোগলহাটে বহু পাকিস্তানী সেনা নিহত হয়।

দিনাজপুর জেলায় মুক্তিফৌজ পার্বতীপুর-সান্তাহার রেল রুটে পঞ্চবিবি ও জয়পুরহাট শহরে পাক সামরিক ঘাঁটিগুলির ওপর আক্রমণ চালিয়ে সড়ক- যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত করে ফেলে। জয়পুরহাটের সংঘর্ষে সাতজন পাকসেনা নিহত হয়। সেখানে মুক্তিফৌজ রেলওয়ে সিগন্যাল ও বিদ্যুৎ কেন্দ্র উড়িয়ে দেয়। নিকটবর্তী উরি রেলসেতুটিও বিধ্বস্ত। হিলির পাঁচ মাইল উত্তরে পাকিস্তানী সামরিক ঘাঁটির কাছে গেরিলারা একটি ডিজেল ইঞ্জিন ও কয়েকটি বগি উড়িয়ে দেয়।

পটুয়াখালী, ভোলা ও বরিশালে মুক্তিফৌজ সক্রিয়, তৎপর। দক্ষিণ-পূর্ব রনাঙ্গনে মুক্তিফৌজ ফেনী এলাকায় শোভাপুরে পাকিস্তানীদের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়। এতে বহু পাকসৈন্য খতম হয়।

মুক্তিফৌজ কমাণ্ডোরা কুড়িগ্রামে পাকিস্তানী ঘাঁটির ওপর আক্রমণ চালিয়ে মুক্তিফৌজের ১২ জন বন্দী জওয়ানকে ছাড়িয়ে আনে। ধরলা ও কুড়িগ্রামের মধ্যে দুটি গুরুত্বপূর্ণ সেতু কমাণ্ডোরা ডিনামাইট দিয়ে উড়িয়ে দেয়। ময়মনসিংহ জেলার দুর্গাপুর থানার কাছে পাকিস্তানী সৈন্যদের সঙ্গে এক সংঘর্ষে কমাণ্ডো দল অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ ভর্তি তিনটি জীপ আটক করে।

আখাউড়া চেকপোস্ট থেকে মুক্তিফৌজ সরে গিয়েছেঃ আগরতলার খবর পাঁচদিন ধরে হানাদার বাহিনীকে বাধা দেওয়ার পর মুক্তিযোদ্ধারা আখাউড়া চেকপোস্ট থেকে আজ বিকালে সরে গিয়েছে। মুক্তিফৌজ মহল থেকে

বলা হয়েছে, সরে আসার আগে মুক্তিযোদ্ধারা ডজনখানেক পাকসেনাকে খতম করে। মুক্তিফৌজের একজন কমাণ্ডার জানান, রণকৌশলের অঙ্গ হিসাবেই এই পশ্চাদপসারণ।

-আনন্দবাজার পত্রিকা, ১২ মে ১৯৭১

মুক্তিফৌজ এখনো প্রচণ্ড লড়াই চালিয়ে যাচ্ছেন

মুজিবনগর, ১৩ই মে (নিজস্ব প্রতিনিধি)- দক্ষিন-পূর্ব রনাঙ্গনে কুষ্টিয়া জেলার দামুড়হুদা থানার অন্তর্গত কুতুবপুরে মুক্তিফৌজ ও পাক-সৈন্যের মধ্যে প্রচণ্ড লড়াই হয়েছে। কুতুবপুরের দিকে অগ্রসর হওয়ার সময় মুক্তিফৌজ লক্ষ্য করেন যে, পাক-সৈন্যের ওপর অতর্কিত আক্রমণ চালান। মুক্তিফৌজের আক্রমণে বহু পাকসৈন্য নিহত হয়। কিছু স্বয়ংক্রিয় অস্ত্রশস্ত্র ও মুক্তিফৌজের দখলে এসেছে। পাক-সৈন্যরা বহু গ্রাম জ্বালিয়ে দিয়েছে।

ইউ-এন আই'র সংবাদে প্রকাশ, মেঘালয়ের মুক্তপুরের বিপরীত দিকে অবস্থিত জয়ন্তিপুরে পাকসৈন্য ও মুক্তিফৌজের মধ্যে আজ আবার প্রবল গোলাগুলি বিনিময় হয়েছে।

বালকের কৃতিত্বঃ রানাঘাট, ১৩ ই মে- গত রবিবার মুক্তিফৌজ ইছাখালীতে যে আটজন পাকসেনাকে মেশিনগানের গুলিতে খতম করতে সক্ষম হয় তার মূলে ছিল জনৈক গ্রামবাসী বালকের কৃতিত্ব। মেহেরপুর থেকে ওই গ্রামে এসে পাকসেনারা গ্রাম ঘুরে দেখে এক গাছতলায় ছ'জন অপেক্ষা করতে থাকে ও অপর দু'জন গাছে উঠে বাইনোকুলার দিয়ে গ্রামের চার ধার লক্ষ করছিল। সেই ঘটনা উক্ত বালকের নজরে পড়ে। সে তৎক্ষনাৎ মুক্তিফৌজের ট্রেঞ্চে গিয়ে সেই সংবাদ দিলে মুক্তিবাহিনী অতর্কিত তাদের আক্রমণ করে। এই সংবাদ জানা গেছে সদ্য আগত ই-পি-আর বাহিনীর জনৈক কর্মীর পিতার কাছ থেকে।

-যুগান্তর, ১৪ মে,১৯৭১

গেরিলা আক্রমণে রেলপথ ও সেতু ধ্বংস, তামাবিল হাতছাড়া

রায়গঞ্জ, ১৪ মে-বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামীরা গত ৩ দিনে দিনাজপুর জেলায় রেলের ওপর কয়েক দফা গেরিলা আক্রমণ চালান বলে এখানে খবর পাওয়া গিয়াছে । গতকাল রাতে কমাণ্ডোরা হিলির কাছে চারখাই ও ডাঙ্গাপাড়া স্টেশনের মধ্যে রেলপথ উড়িয়ে দেন। বুধবার তাঁরা ধামাইরহাটের কাছে একদল পাকসেনার ওপর গুলি চালিয়ে ৪ জন সৈন্যকে খতম করেন। মুক্তিসংগ্রামীরা মঙ্গলবার জয়পুরহাটের কাছে ৪০ফুট দীর্ঘ একটি রেলসেতু উড়িয়ে দেন এবং একটি পাওয়ার হাউস ধ্বংস করেন। তাছাড়া পাঁচবিবি স্টেশনের কাছে রেললাইন উড়িয়ে দেওয়া হয়।

দু'শরও বেশী খানসেনা খতমঃ আগরতলা, ১৪ মে আজ গভীর রাত্রে মুক্তিফৌজের সূত্রে পাওয়া খবর, চট্টগ্রাম ও ফেনীর মধ্যে শুভপুর এলাকায় মুক্তিফৌজের সঙ্গে প্রচণ্ড যুদ্ধে গতকালণ ২০০ জনেরও বেশী খান-সেনা খতম হয়েছে।

কৃষ্ণনগরের খবরঃ স্বল্পবিরতির পর মুক্তিফৌজের গেরিলা ও কমাণ্ডোরা বাংলাদেশের পশ্চিমাঞ্চলে পাকিস্তানী সৈন্যদের ঘাঁটিগুলির ওপর আবার আক্রমণ করেছেন।

সীমান্তের ওপার থেকে পাওয়া খবরে জানা যায়, মুক্তিফৌজের গেরিলারা গতকাল রাতে উত্তর পশ্চিম খণ্ডে কড়িগ্রামে পাকবাহিনীর ওপর দুবার আক্রমণ চালান। ৪ জন পাকসৈন্য নিহত এবং ৬জন আহত হয়। কিছু অস্ত্রশস্ত্রও গেরিলারা দখল করেছেন।

মুক্তিফৌজের একদল কমাণ্ডো ১২ মে রাতে কুষ্টিয়া জেলায় মেহেরপুর থেকে ৩ মাইল দূরে কালাচাঁদপুরে রাস্তার ওপর একটি বড় কালভার্ট উড়িয়ে দেন।

এদিকে পশ্চিম পাকিস্তানের উঃ পঃ সীমান্ত প্রদেশ থেকে আধা-সামরিক বাহিনীর লোকদের এনে পাকবাহিনীর শক্তি বৃদ্ধি করা হচ্ছে। ইতিমধ্যেই কুষ্টিয়া জেলার চুয়াডাঙ্গা ও মেহেরপুর একটি ব্যাটালিয়ানকে মোতায়েন করা হয়েছে। মেহেরপুর সীমান্তের পচ্শিম দিকে দৌলতদারের গ্রামে এবং চুয়াডাঙ্গা শহরে পাক-সৈন্যদের একটি বিরাট দল ঘাঁটি স্থাপন করেছে। তাদের সঙ্গে রয়েছে ৬০ টি ট্রাক।

চুয়াডাঙ্গা-মেহেরপুরে পাকসেনাদের নৃশংসতাঃ কৃষ্ণনগরে আগত প্রত্যক্ষদর্শীরা জানিয়েছন, পাক টহলদার বাহিনী রোজ মেহেরপুর-চুয়াডাঙ্গা অঞ্চলে ওঁৎ পেতে থাকে। তারা বেপরোয়াভবে নিরস্ত্র লোকদের হত্যা করে মৃতদেহগুলি গর্তে ফেলে দেয়। পাকসেনারা চুয়াডাঙ্গা মহকুমার দুটি গ্রাম বাদে আর মব এলাকা তছনছ করে দিয়েছে। ব্যাপক লুটপাট, অগ্নিসংযোগ এবং নারী নির্যামন তাদের দৈনন্দিন কাজ। পাকস্তানী বর্বররা বহু তরুণীকে ধরে নিয়ে গিয়েছে। মেহেরপুরে দুটি গ্রামে হানা দিয়া পাক সেনারা ১২ জনকে হত্যা করেছে। প্রকাশ, মুক্তিফৌজ বিভিন্ন অঞ্চলে এর আগে যেসব পরিখা খুঁড়েছিলেন, নিহত ব্যক্তিদের মৃতদেহ ফেলে পাকসেনারা সেগুলি ভরে তুলছ।

তামাবিল হাতছাড়াঃ ডাওকি থেকে পাওয়া খবরে জানা যায়- তিনদিন প্রবল প্রতিরোধের পর মুক্তিফৌজ আজ তামাবিল থেকে হটে গিয়েছে। তামাবিল এখন পাকবাহিনীর দখলে। তামাবিল শ্রীহট্ট খণ্ডে বাংলাদেশের শেষ চেকপোষ্ট এবং ডাওবি থেকে মাত্র দেড় কিলোমিটার দক্ষিণে।

আজ বেলা দেড়টা নাগাদ মুক্তিফৌজ সুবিধাজনক স্থানে সরে যান। পাকসেনারা তামাবিল দখলের পর বাংলাদেশের পতাকা ফেলে দিয়ে পাকিস্তানী পতাকা তোলে।

-আন্দবাজার পত্রিকা, ১৫ মে ১৯৭১

শুভপুর সেতুর দখল নিয়ে প্রচণ্ড লড়াই, দুশো পাক সৈন্য নিহত

আগরতলা, ১৬ ই মে-দক্ষিণপূর্ব অঞ্চলে কুমিল্লা ও চট্টগ্রাম জেলার সংযোগরক্ষাকারী ফেনীর গুরুত্বপূর্ণ শুভপুর সেতুটির দখল নিয়ে মুক্তিফৌজের সঙ্গে লড়াইতে পাকবাহিনীর এক ব্রিগেড সৈন্যের অন্তত: দুশোজন প্রাণ হারিয়েছে। গত দুদিন ধরে এখানে প্রচণ্ড লড়াই চলছে।

বিলম্ব প্রাপ্ত সংবাদে প্রকাশ, গত ১৪ই মে মুক্তিফৌজের সঙ্গে ট্যাঙ্ক ও ভারী কামানের লড়াইয়ের পর পাকবাহননী এখানকার গুরুত্বপূর্ণ সড়কটি দখল করে। এই যুদ্ধে মুক্তিফৌজের ৩৮ জন মারা যান। বাংলাদেশের অন্যান্য অঞ্চলে মুক্তিফৌজ পাকবাহিনীর সৈন্যদের বিপুল সংখ্যায় খতম করেছ।

রাজশাহী অঞ্চলে মুক্তিফৌজ তিনজন পাকিস্তানকে শেষ করেছে। বরিশালে মুক্তিফৌজ এক পাক শিবিরের উপর হঠাৎ ঝাপিয়ে পড়ে এবং একজন অফিসার ও পাঁচজন সৈন্যকে খতম করে।

১১টি রেলসেতু ধবংসঃ পাকবাহিনী যাতে এগুতে নাপারে সে জন্য মুক্তিফৌজ গত দু'দিনে রংপুরের কাকিনা অঞ্চলে ১১ টি রেলসেতু ধ্বংস করেছে।

-যুগান্তর, ১৭ মে ১৯৭১

কমাণ্ডোদের চোরাগোপ্তা আক্রমণে বহু পাকসৈন্য খতম

বহরমপুরে (পঃবঙ্গ), ১৭ মে (পি টি আই)- গতকাল মুক্তিফৌজের কমাণ্ডোরা রাজশাহীতে আকস্মিকভাবে হানা দিয়ে অন্তত ২৫ পাকিস্তানী সামরিক শিক্ষার্থীকে খতম করেছে। আহত করেছে ৭০ জনকে। ওপার

বাংলাদেশ থেকে পাওয়া এক খবরে আজ বলা হয়েছে যে, কমাণ্ডোরা মর্টার ও হালকা মেশিনগান নিয়ে আকস্মিকভাবে রাজশাহী পুলিশ লাইনে হানা দিলে উক্ত সামরিক শিক্ষার্থীদের মৃত্যু ঘটে। তাছাড়া একটি পাকিস্তানী ট্রাক ও প্রচুর পরিমাণ গোলা-বারুদ ও ধ্বংস হয়। পাকিস্তানী সেনারা পাল্টা মর্টার ও ভারী কামান দাগালে কমাণ্ডোরা পালিয়ে যায়। তাদের কোনও ক্ষতি হয়নি।

আগরতলা থেকে প্রাপ্ত খবরে জানা যায়, মুক্তিফৌজের কমাণ্ডোরা গতকাল ও আজ বাংলাদেশের পূর্ব ও দক্ষিণ-পূর্ব খণ্ডে বিভিন্ন সৈন্য ঘাঁটিতে হানা দিয়ে ৬টি জল ও স্থলচর ট্রাক দখল করেছেন। তাছাড়া, একটি ট্রাক ধ্বংস করে প্রায় ৮০ জন সেনাকে খতম করেছেন। মুক্তিফৌজের সহিত সংশ্লিষ্ট ঘনিষ্ঠ মহলের সুত্র থেকে পাওয়া আরও সংবাদে জানা গিয়েছে যে, কুমিল্লা জেলার কসবায় মুক্তিফৌজের সহিত সংশ্লিষ্ট ঘনিষ্ঠ মহলের সুত্র থেকে পাওয়া আরও সংবাদে জানা গিয়েছে যে, কুমিল্লা জেলার কসবায় মক্তিফৌজ তিনটি পাকিস্তানী সামরিক ট্রাক দখল করে নিয়েছেন। হঠাৎ হানা দিয়ে কমাণ্ডোরা একজন ক্যাপ্টেন সমেত ২৮ জন সৈন্যকে খতম করেছেন।

শ্রীহট্ট সেক্টরে ৬০ জন সৈন্যসহ একটি ট্রাক ধ্বংস হয়েছে এবং ৩টি ট্রাক কমাণ্ডোদের দখলে এসেছে। তবে শেষোক্ত ক্ষেত্রে কোনও সৈন্যহানি না হলেও পলায়নপর সৈন্যরা প্রচুরসংখ্যক মাঝারি মেশিনগানের বুলেট ও কয়েকটি বন্দক ফেলে রেখে যায়। ঐ একই সুত্রে জানা যায় যে, মক্তিযোদ্ধারা লাকসাম-নোয়াখালী রোডে রাখীর কাছে একটি সেতু উড়িয়ে দেন।

ইতিমধ্যে আগরতলা থেকে আর একটি খবরে প্রকাশ, পাকিস্তানী সেনারা সীমান্ত পেরিয়ে যাবার সময় দু'টি পরিবারের ১৩ ব্যাক্তিকে গুলি করে খুন করেছে।

পি-টি-আই'র এক খবরে জানা যায়, বাংলাদেশের উত্তর-পশ্চিমে রংপুর খণ্ডে স্বধীনতা যোদ্ধারা রামনগর এলাকায় একটি পাক টহলদার বাহিনীর উপর চোরাগোপ্তা আক্রমণ চালিয়ে একজন পাকিস্তানী মেজরকে সাবাড় করেন। এই আক্রমণে কয়েকজন পাকসৈন্য আহত হয়। লালমনিরহাট এলাকায় মুক্তিফৌজ হাতবান্দা ও বাউরার মধ্যে একটি রেলসেতু উড়িয়ে দেয়।

ফেনীর দক্ষিণে পাক-সেনদের সঙ্গে প্রচণ্ড সংঘর্ষ পি-টি-আই'র খবরে আরও জানা যায়, যে কুমিল্লা খণ্ডে মুক্তিফৌজ ফেনির ২০ কিলোমিটার দক্ষিনে একটি স্থানে একটি পাকিস্তানী সেনাদলের উপর আক্রমণ চালালে সেখানে উভয় পক্ষের মধ্যে প্রচণ্ড সংঘর্ষ হয়। গঙ্গাসাগর এলাকাতেও পাক-সেনাদের সঙ্গে মুক্তিফৌজের গুলি বিনিময় হয়।

আগরতলা থেকে ইউ-এন-আই জানাচ্ছেঃ সীমান্তের ওপর থেকে প্রাপ্ত খবরে জানা গিয়েছে যে, মাধবপুর-শ্রীহট্ট সড়কে মুক্তিফৌজদের গেরিলা বাহিনী গত ক'দিনে পাকসেনাদের দুটি কনভয়ের উপর আক্রমণ চালিয়ে ১২০ জন পাকসৈন্যকে খতম করেছেন। প্রথম কনভয়টি আক্রান্ত হয় শ্রীহট্টের নালুয়া গ্রামের নিকট। ক্যাপ্টেন মতিউর রহমান গেরিলা বাহিনীর নেতৃত্ব দেন । এই আক্রমণে প্রায় ৭০ জন পাকসৈন্য নিহত হয়।

-যুগান্তর,১৮ মে ১৯৭১

এক সপ্তাহের লড়াইয়ে আরও সহস্রাধিক শত্রুসৈন্য নিহত

আমাদের মুক্তিযোদ্ধারা সিলেট- কুমিল্লা, চট্টগ্রাম-নোয়াখলী, ময়মনসিংহ-টাঙ্গাইল, দক্ষিণ-পশ্চিম এবং উত্তরবঙ্গ সেক্টরের বিভিন্ন রণাঙ্গণে দিনের পর দিন পাক-ফৌজের উপর গেরিলা কৌশলে চোরাগোপ্তা কখনো ঝটিকা বা অতর্কিত হামলা অব্যাহতভাবে চালিয়ে যাচ্ছে। এতে গত এক সপ্তাহে অন্তত আরো এক সহস্র পাকসৈন্য নিহত হয়েছে।

গত ৯ই মে মুক্তিবাহিনী আখাউড়া সাব-সেক্টর এবং বিবিরবাজার এলাকায় পাকফৌজের উপর এক অতর্কিত হামলা চালায়। মুক্তিবাহিনী আক্রমণের ফলে পাকহানাদার বাহিনীর ৩ শত সৈন্যকে প্রাণ হারাতে হয়েছে।

হানাদার বাহিনীর এক কোম্পানী সৈন্য বিবিরবাজার থেকে সোনামুড়া সীমান্তের দিকে অগ্রসর হতে চেষ্টা করলে মুক্তিবাহিনী সাফল্যের সাথে তাদের অগ্রাভিযান প্রতিহত করে দেয়।

একই দিনে মুক্তিবাহিনী রংপুর জেলার দুর্গাপুর থানায় পাকফৌজের একটি ঘাঁটির উপর আকস্মিক হামলা চালায়। গেরিলা কৌশলের আক্রমণে পাক-ফৌজ দিশেহারা হয়ে পড়ে এবং এলোপাতাড়ি গোলাগুলী ছুড়তে থাকে। কিন্তু তবুও মুক্তিবাহিনীর অবস্থান নির্নয় করতে ব্যর্থ। মুক্তিবাহিনী অতর্কিত আক্রমণ চালিয়ে পাক-ফৌজের ৬ জন সৈন্য প্রাণ হারায়।

মুক্তিফৌজ মেহেরপুরের উপকণ্ঠে ভৈরব নদীর পূর্ব তীরে পাক-হানাদার ঘাঁটির উপর শেষ বর্ষণ করে। অন্যদিকে ভৈরব নদীর পশ্চিম তীরে মেহেরপুরের একটি গুপ্তস্থান থেকে মুক্তিবাহিনী অতর্কিত আক্রমণ চালিয়ে একজন সুবেদারসহ বেশ কয়েকজন জল্লাদবাহিনীর সৈন্যকে হত্যা করে।

মুক্তিবাহিনীর গেরিলারা দক্ষিণ- পশ্চিম খণ্ডে চুয়াডাঙ্গা থেকে প্রায় ৭ মাইল দূরে জয়রামপুরের কাছে একটি রেলসেতু উড়িয়ে দিয়েছে। ফলে দর্শনার দিকে ট্রেন চলাচল বন্ধ হয়ে গেছে এবং পাকবাহিনীর রসদ সরবরাহের পথ সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন রয়েছে।

গত ১০ই মে মুক্তিবাহিনী আখাউড়া সেক্টরে পাক-ফৌজের উপর আকস্মিকভাবে এক বিরাট হামলা চালায়। এই সেক্টরের প্রচণ্ড লড়াই য়ে ৪ শত খান সেনা খতম হয়েছে। এ ছাড়া পাক-ফৌজের কাছ থেকে মুক্তিবাহিনী একটি শক্তিশালী ট্রান্সমিটার হস্তগত করেছে।

এদিকে সিলেট জেলার একটি গুরুত্বপূর্ণ ঘাঁটি তেলিপাড়া এলাকায় প্রবল বৃষ্টিপাতের মধ্যেই মুক্তিবাহিনীর সঙ্গে পাক ফৌজের প্রচণ্ড লড়াই বাধে। তেলিয়াপাড়া চা-বাগানটি পূর্ণদখল করার জন্য পাক ফৌজ প্রচুর গোলাবারুদ নিয়ে মুক্তিবাহিনীর উপর আক্রমণ করে। মুক্তিবাহিনী এর সমুচিত জবাব দেয়। এই সংঘর্ষে ১২জন পাকিস্তানী সৈন্য নিহত হয়। তাদের মধ্যে দুজন অফিসারও আছে।

ইয়াহিয়া-টিক্কার জল্লাদ বাহিনী কুমিল্লা জেলার তিতাস প্লান্টটি ধ্বংস করে দিয়েছে। ফলে ঢাকা ও নারায়ণগঞ্জের শিল্প-কারখানাগুলো অচল হয়ে পড়েছে।

মুক্তিবাহিনী কুমিল্লা-চট্টগ্রাম সড়কের শুভপুর সেতুতে অবস্থিত হানাদার বাহিনীর উপর এক আকস্মিক হামলা চালিয়ে তাদেরকে দিশেহারা করে তোলে। মুক্তিবাহিনীর প্রচণ্ড চাপের মুখে হানাদার বাহিনী পিছু হটতে বাধ্য হয়। উত্তর-পশ্চিম সেক্টরে মুক্তিবাহিনীর সাথে সংঘর্ষে আরও ৬০ জন পাকফৌজের ৭টি গাড়ীতে অগ্নিসংযোগ এবং তিনটি বাংকার ধ্বংস করে দেয়া হয়।

মুক্তিবাহিনী গত মঙ্গলবার রংপুর জেলার কোলাঘাট, মোগলাই ও ওমর থানায় পাকসৈন্য ঘাঁটিগুলোর ওপর আক্রমন চালায়। মুক্তিবাহিনীর বীরত্বপূর্ণ আক্রমণে মোগলহাট পাকফৌজ হতাহত হয়। দিনাজপুরে মুক্তিবাহিনী পার্বতীপুর-সান্তাহার রেল-রুটে এবং পাঁচবিবি ও জয়পুরহাট শহরে পাকফৌজের ঘাঁটিগুলোর ওপর আক্রমণ চালিয়ে সড়ক রেল যোগাযোগ ব্যাবস্থা বিপর্যস্ত করে ফেলেছে। জয়পুরহাটের সংঘর্সে ৭ জন পাক হানাদার খতম হয়েছে।

মুক্তিফৌজের কমাণ্ডোরা কুড়িগ্রামে পাকঘাঁটির ওপর আক্রমণ চালিয়ে পাকফৌজের হাতে বন্দী ১২ জন মুক্তিসেনাকে ছিনিয়ে আনে। এছাড়া ধারলা ও কুড়িগ্রামের মধ্যে দুটি গুরুত্বপূর্ণ সেতু কমাণ্ডোরা ডিনামাইট দিয়ে উড়িয়ে দেয়।

গত ১২ মে মুক্তিবাহিনী কসবা অঞ্চলে পাকফৌজের উপর হামলা চালান। মুক্তিবাহিনী এখনে দু'মুখী এমন আক্রমন চালান যে পাকপৌজ দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে পড়ে। মুক্তিবাহিনী ও পাকফৌজের মধ্যে এই ভয়াবহ আক্রমণে একশত ২৭ জন পাকফৌজ নিহত হয়। এদের মধ্যে একজন মেজরও ছিলেন।

-জয়বাংলা,১ম বর্ষ,২য় সংখ্যা,১৯ মে ১৯৭১

মুক্তিফৌজের অতর্কিত আক্রমণে পাকসেনারা নাজেহাল

আগরতলা, ১৮ই মে (পিটিআই)- গতকাল কুমিল্লা জেলায় মুক্তিফৌজের কমাণ্ডো আক্রমণে আড়াই শতাধিক পাকিস্তানী সৈন্য নিহত হয়েছে। মুক্তিফৌজের জনৈক কমাণ্ডার জানান, পাকসেনাদের কয়েকটি দল যখন লাকসাম থেকে ফেনী যাচ্ছিল, সেই সময় তাদের উপর অতর্কিতে আক্রমন চালানো হয়।

ইউ-এন-আই জানাচ্ছেঃ গত রবিবার সকালে মুক্তিফৌজের কমাণ্ডোরা রাজশাহীতে পাক-বাহিনীকে আক্রমণ করলে প্রায় ৫০জন পাকসৈন্য নিহত হয় বলে সীমান্তের ওপার থেকে পাওয়া খবরে জানা গেছে। প্রায় চারঘন্টা স্থায়ী এই সংঘর্ষে মুক্তিফৌজের হতাহতের সংখ্যা খুবই নগণ্য। গত চারদিনে রাজশাহীর বিভিন্ন এলাকায় গেরিলা বাহিনী হানা দেয়। শিবগঞ্জ থানা এলাকায় সোনামসজিদে পাক বাহিনীর ওপর গেরিলারা আক্রমণ করলে ৫ জন পাকসৈন্য নিহত হয় এবং ৫জন আহত হয়। পাক-বাহিনীর সঙ্গে ষড়যন্ত্রের অভিযোগের মুসলীম লীগ ও জামাতে ইসলামীর ১১ জন সদস্য মনাকশায় মুক্তিফৌজের হাতে প্রাণ হারায়।

-যুগান্তর,১৯ মে,১৯৭১

গেরিলা বাহিনীর হাতে ৬১ জন পাকসেনা খতম

কৃষ্ণনগর ২০ শে মে (পিটিআই)- বাংলাদেশের বিভিন্ন জায়গায় পাকসৈন্যদের সঙ্গে মুক্তিফৌজের গেরিলাবাহিনীর সংঘর্ষে অন্তত ৬১ পাকসৈন্য খতম হয়েছে বলে বিভিন্ন সূত্রে খবর পাওয়া গিয়াছে। আজ সকলে বাংলাদেশের কুষ্টিয়া জেলার দর্শনায় মুক্তিফৌজ কমাণ্ডাদের আক্রমণে দু'জন পাকসৈন্য নিহত হয়েছে।

জলপাইগুড়ি থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছন যে, উত্তরবঙ্গে মুক্তিফৌজ আবার সক্রিয় হয়ে উঠছে এবং পাঁচগড় ও অমরখানায় পাকবাহিনীর ওপর বেশ কয়েকবার অতর্কিত আক্রমণ চালিয়েছে। পাকসৈন্যরা আতঙ্কিত হয়ে শিবির থেকে বেরিয়ে আসতে অনিচ্ছা প্রকাশ করছে। একটি সূত্র থেকে জানা গিয়েছে, পাকসেনারা দিনাজপুরের বিভিন্ন পুকুরে সাঁতার শিখছে। ঠাকুরগাঁয়ে অবস্থিত পাক সেনারা একটি গীর্জা বাড়ীকে রান্নঘরে রূপান্তরিত করেছে।

-যুগান্তর ২১, মে ১৯৭১

ঢাকায় গ্রেনেড আক্রমণের কথা পরোক্ষে স্বীকার

নয়াদিল্লী, ২১মে (পি টি আই)- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনী কর্তৃক খোদ ঢাকা শহরের বুকে গেরিলা আক্রমণ চালাবার যে সংবাদ ইতিপূর্বে ভারতে এসে পৌছেছিল পাকিস্তান পরোক্ষে তা স্বীকার করেছে। আজ সকালে পাক বেতার থেকে বলা হয়, সামরিক আইন প্রশাসক এ বলে সতর্ক করে দিয়েছেন যে, নাশকতার কাজে লিপ্ত ব্যক্তিদের কঠোর শাস্তি দেওয়া হবে। ওই ঘোষনায় আরও বলা হয়েছে, ঢাকা শহরে কাউকে হাত-গ্রেনেড ছোড়ার সময় ধরা হলে তাকে ওই শাস্তি দেওয়া হবে।

পাক কর্তৃপক্ষের ওই সতর্কীকরণে আরও বলা হয়েছেঃ শান্তিপ্রিয়, নাগরিকদের মনে অভাব ও ভীতির অবস্থা সৃষ্টির জন্যই ঢাকায় এই হাত-বোমা ছোঁড়ার ঘটনা ঘটছে । নাশকতার কাজে লিপ্ত ব্যক্তিদের ধরিয়ে দিলে পুরষ্কার দেওয়া হবে বলে ঘোষণা করা হয়েছে।

বেতার ঘোষণায় আরও বলা গয়েছে যে ঢাকা শহরে গ্রেনেড ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে দশ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। এ সপ্তাহের গোড়াতে খবর পাওয়া গিয়েছিল যে, মুক্তিফৌজের কমাণ্ডো দল ঢাকায় গভর্নরের বাসভবন, সিভিল সেকরেটারিয়েট ও নিউ মার্কেটে মুসলিম কমারশিয়াল ব্যাংকের ওপর হানা দিয়েছে।

-আন্দবাজার পত্রিকা,২২শে মে,১৯৭১

স্টীমার আটক করে ১৭ জন পাকিস্তানীর প্রাণদণ্ডাদেশ

রাওয়ালপিণ্ডি, ২৩ মে (এ,পি) বাংলাদেশের মুক্তিফৌজ যাত্রীবাহী স্টীমার রকেটটি আটক করেছে এবং গণআদালতে বিচার করে স্টীমারের অবাঙ্গালী যাত্রীদের ১৭ জনকে মৃত্যুদণ্ড দিয়েছে। গতকাল কূটনৈতিক মহলই খবর দিয়েছে।

তাঁরা বলেছেন, সেনাবাহিনী যদিও বলছেন সমস্ত প্রতিরোধ চূর্ণ করা হয়েছে তবু ওখানে যে এখনও প্রতিআক্রমণ চলছে এটাই তার বড় প্রমাণ।

ওই মহলেরই খবরঃ এই ধরনের ঘটনাগুলি ওখানে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছ। কোন রাজনীতিক সামরিক শাসনের সঙ্গে সহযোগিতা করছেন না এবং যেসব পশ্চিম পাকিস্তানী পূর্ববাংলায় অসামরিক কাজকর্মে লিপ্ত তাঁরা ও নিজেদের নিরাপত্তা সম্পর্কে চিন্তিত।

ওয়াকিবহাল মহলের খবরঃ মুক্তিবাহিনী মে মাসের গোড়ার দিকে স্টীমারটিকে আটক করে। স্টীমারটি ঢাকা ও খুলনার মধ্যে নিয়মিত যাতায়াত করত। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে, খুলনাই শেখের নিজস্ব অঞ্চল।

তাঁরা কালিয়া থানার জয়নগর হাইস্কুলে আয়োজিত গণআদালতে ১৭ জনকে বেছে নিয়ে বিচার করেন। একজন প্রতক্ষদর্শীর খবর, ১৭ জনের মধ্যে ১২ জনের প্রাণদণ্ডাদেশ কার্যকর হয়েছে।

-আনন্দবাজার পত্রিকা,২৪মে,১৯৭১

নারায়ণগঞ্জ শহরে মুক্তিফৌজ গেরিলা 'সক্রিয়'

আগরতলা ২৩ মে (পি টি আই)- সীমান্তের ওপার থেকে এখানে বিলম্বে প্রাপ্ত এক খবরে প্রকাশ, বাংলাদেশের নারায়ণগঞ্জ শহরে মুক্তিফৌজ গেরিলারা 'সক্রিয়' হয়ে উঠছে। জানা গেল, মুক্তিফৌজ গেরিলাদের হাতবোমায় সম্প্রতি ইনল্যাণ্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি টারমিনাল ক্ষতিগ্রস্ত হয়। ঢাকায় শাহজাহানপুর কমাণ্ডোরা পাকসেন্য বোঝাই ২টি জীপ উড়িয়ে দেয়।

আর এক মহল থেকে এই মর্মে খবর পাওয়া গিয়াছে সামরিক প্রশাসন কর্তৃপক্ষের অবাঙ্গালী তাঁবেদাররা সম্প্রতি নারায়ণগঞ্জে লক্ষীনারায়ণ কটন মিলের বহুসংখ্যক কর্মীকে খুন করেছে। মিলের ম্যানেজার ও মেডিক্যাল অপিসারও রেহাই পাননি।

-যুগান্তর, ২৪মে,১৯৭১

জীবন দিয়ে প্রতিশোধ গ্রহণ

মুজিবনগর, ২৪মে (পি টি আই)- ওরা পশ্চিম বাংলাদেশের রংপুর শহরের পাঁচজন ছাত্র। তাঁরা দেখেছেন, পাকসেন্যরা তাদের মা-বাবাকে হত্যা এবং নারীদের শ্লীলতাহানি করছে। তাঁরা সংকল্প করলেন, যেভাবেই হোক এই নারকীয় হত্যার প্রতিশোধ তাঁরা নেবেন। তাঁরা মরণপণ করে একটি কমাণ্ডো দল গঠন করলেন। শত্রুখতম করাই হল তাঁদের লক্ষ্য।

মুক্তিফৌজ থেকে তাঁরা স্বয়ংক্রিয় অস্ত্র ও হাতবোমা সংগ্রহ করলেন। অদিতমারি ও লালমনিরহাটের মধ্যবর্তী রেল লাইনের একাংশকে তারা উড়িয়ে দিলেন। ঠিক সে সময় পাকসৈন্যবাহী একটি ট্রেন পুরো বেগে ঐ লাইনে যাচ্ছিল।

ট্রেনটি লাইনচ্যুত হয় এবং বহু পাকিস্তানী সৈন্য নিহত কিংবা আহত হয়। কিন্তু দু'জন কমাণ্ডোকে গুলী করে হত্যা করে।

দু'জন সহকর্মীকে হারিয়ে বাকী তিনজন কমাণ্ডোর সংকল্প আরোও দৃঢ় হল। তাঁরা লালমনিরহাট বিমানঘাঁটির দিকে রওয়ানা হলেন। তাঁরা দেখলেন একটি পাকিস্তানী জেট বিমান নামছে। একজন হাল্কা মেশিনগান থেকে গুলি ছুড়লেন। বাকী দ'জন বিমানঘাটি লক্ষ করে বোমা নিক্ষপ করলেন। বিমানঘাঁটির বেশ ক্ষতি হয়েছে।

এবারও তাঁরা প্রাণ নিয়ে ফিরতে পারলেন না। পাকসৈন্যরা দ'জনকে গুলি করে মারল। আহত অবস্থায় আর একজন কোনও প্রকারে পালিয়ে একটি গ্রামে প্রবেশ করতে পেরেছিলেন। গ্রামের এক বৃদ্ধ আহতকে সেবা ও করেছিলেন, কিন্তু পরে তার মৃত্যু ঘটে।

-যুগান্তর,২৫মে,১৯৭১

খোদ ঢাকায় মুক্তিবাহিনীর হামলাঃ এক সপ্তাহে
আরো ৬ শত শত্রুসৈন্য খতম

গত এক সপ্তাহের সংগ্রামে মুক্তিবাহিনীর হাতে আরও ৬ শতাধিক শত্রুসৈন্য প্রাণ হারায়। মুক্তিবাহিনীর গেরিলারা ঢাকায় গভর্নর হাউস, দৈনিক পাকিস্তান, সেক্রেটারীয়েট ভবন ও নিউ মার্কেটের মুসলিম কমার্শিয়াল ব্যাংকে হাতবোমা দিয়ে আক্রমন চালায়।

কুমিল্লা- চট্টগ্রামের সংযোগকারী শুভপুর সেতু দখলের জন্য মুক্তিবাহিনীর সঙ্গে গত ১৪ ই ও ১৫ই মে-র লড়াইয়ে প্রায় দু'শ খানসেনা খতম হয়েছে। রাজশাহী শহরের কালীহাটায় পুলিশ লাইনে গেরিলারা দখলদার সৈন্যদের উপর হামলা চালায়। ১৬ই মে মুক্তিবহিনীর কমাণ্ডোরা বাংলাদেশের পূর্ব ও দক্ষিণ-পূর্ব অঞ্চলে বিভিন্ন সৈন্য ঘাঁটিতে হামলা চলিয়ে ৬টি স্থল ও জলযান দখল করে নিয়েছে। এছাড়া একটা ট্রাক ধ্বংস করে প্রায় ৮০ জন সৈন্যকে খতম করা হয়। কুমিল্লা জেলার কসবায় মুক্তিফৌজ ৩টি পাকিস্তানী সামরিক ট্রাক দখল করে নেয়। এই হামলায় একজন ক্যাপ্টেনসহ ১৮ জন সৈন্য খতম করা হয়। উত্তর-পশ্চিমে রংপুর অঞ্চলে মুক্তিবাহিনী রামনগর এলাকায় একটি পাক টহলদার বাহিনীর উপর আক্রমণ চালিয়ে একজন মেজরসহ কয়েকজন পাকফৌজ হতাহত করে।

মুক্তিবাহিনী চট্টগ্রাম ও ঢাকার মধ্যে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন করে রেখেছে। তাছাড়া সড়কের সেতুগুলোর ব্যাপক ক্ষতিসাধন করা হয়েছে। গত ১৭ই মে দিনাজপুর জেলার হাতীডাঙ্গায় মুক্তিবহিনীর চোরাগোপ্তা আক্রমণে ক্যাপ্টেন পদতুল্য একজন অফিসারসহ ৩৫জন পাকসৈন্য নিহত হয়েছে। মুক্তিবাহিনী পূর্বাঞ্চল সেক্টরের আখাউড়ায় এক আকস্মিক হামলা চালিয়ে গত ১৯শে মে ও ২০শে মে ৪০ জন শত্রুসেনাকে খতম করেছে। এছাড়া ঐদিন কুষ্টিয়ার মেহেরপুর মহকুমার ব্রাম্মণপাড়া ও জীবনগরে মুক্তিবাহিনী পাকসেনার মধ্যে প্রচণ্ড সংঘর্ষ হয়। মুক্তিবাহিনী দুটি সড়কের কালভার্ট উড়িয়ে দেয়। গত ১৯ শে মে কুষ্টিয়া জেলার কামদেবপুর গ্রামে ইছাখালী সীমান্ত ফাড়িটি দখল করে।

গত ১৮ই মে মুক্তিবাহিনীর কমাণ্ডোরা দক্ষিণে রেলপথ উড়িয়ে দেয়। গেরিলারা যশোরের একটি রেলসেতু ধ্বংস এবং খুলনার একটি রেল ষ্টেশনের ক্ষতি সাধন করেছে। ময়মনসিংহ সেক্টরে মুক্তিবহিনী তিলাকালীতে এক প্লাটুন পাক সৈন্যের ওপর হামলা চালায় এবং উত্ত এলকার একটি সেতু ধ্বংস করে। সিলেট

জেলার শমসেরনগরে মুক্তিবাহিনী আক্রমণ চালিয়ে পাকফৌজের কাছ থেকে বহু অস্ত্রশস্ত্র দখল করে নিয়েছে। সাতক্ষীরা মহকুমার ভোমরায় মুক্তিবাহিনীর হামলায় পাকফৌজ দিশেহারা ও সন্ত্রস্ত হয়ে পড়েছে। ঐখানে বেশকিছু সংখ্যক সৈন্য নিহত হয়েছে। গত ১৯শে মে বাংলাদেশের বিভিন্ন জায়গায় পাকসেনাদের গেরিলারা আকস্মিক হমলা চালিয়ে রংপুর ও সৈয়দপুরের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সড়কসেতু উড়িয়ে দেয়। বগুড়া জেলার জয়পুরহাটের কাছে মুক্তিবাহিণী ৩৪ জন পাকসেনাকে খতম করে। এছাড়া তারা অস্ত্রশস্ত্র বোঝাই ৩টি ট্রাক দখল করে।

-জয়বাংলা, ১মবর্ষ, ৩য় সংখ্যা, ২৬ মে, ১৯৭১

তামাবিল ঘাঁটি আবার মুক্তিফৌজের দখলে

ডাউকি (মেঘালয়), ২৬মে (ইউএনআই ও পি টি আই)- আজ ৬ঘন্টা তুমুল লড়াই-এর পর মুক্তিফৌজ পাকিস্তানী সেনাবাহিনীকে ভরতীয় সীমান্ত সংলগ্ন তামাবিল ঘাটি থেকে হটিয়ে দেয়। পাকিস্তানী সৈন্যরা হটে যাবার পর মুক্তিফৌজের সেনানীরা তামাবিল ঘাঁটির উপর বাংলাদেশের পতাকা তুলে দেন। এখান থেকে ঐ পতাকা দেখা যায়। প্রকাশ ঐ ঘাটি থেকে মুক্তিফৌজের সেনারা প্রচুর পরিমাণ অস্ত্রশস্ত্র পেয়েছেন। মুক্তিফৌজ মহলের খবরে জানা যায় তামাবিলের লড়াইয়ে পাকিস্তানে প্রচুর ক্ষয়ক্ষতি হয়েছে।

গতকাল মাঝরাত্রি থেকে লড়াই শুরু করে এবং আজ সকাল ৬টায় লড়াই শেষ হয়। গত ১৪মে পাকিস্তানী সেনার ঐ ঘাঁটিটি দখল করে নিয়েছিল। তামাবিল ঘাঁটি ছেড়ে পালাবার আগে পাকিস্তানী সেনারা তাদের পক্ষের নিহতদের মৃতদেহগুলি নিয় চলে যায়। প্রকাশ, পাকিস্তানী সেনারা পিছু হটে শ্রীপুর চা বাগানের দিকে চলে গেছে।

গত রাতে দিনাজপুরে মুক্তিফৌজের আক্রমণে ৩০ জন পাকসেনা নিহত হয়। পাকিস্তানী সেনারা যখন দুটি মিলিটারী ট্রাকে করে ফুলবাড়ি এলাকা যাচ্ছিল তখন মুক্তিফৌজ অতর্কিত তাদের ওপর আক্রমণ চালায়।

মুক্তিফৌজের সেনানীরা দিনাজপুরের ঠাকুরগাঁও এলাকায় সেতাবগঞ্জ ও পীরগঞ্জের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সেতু উড়িয়ে দিয়েছে। বাংলাদেশে অন্যান্য এলাকায় মুক্তিফৌজ তৎপরতা চালিয়ে যাচ্ছে। কুড়িগ্রাম এলাকার কুলাঘাটের কাছে গত রাত্রি থেকে মুক্তিফৌজ ও পাকিস্তানী বাহিনীর মধ্যে প্রচণ্ড লড়াই চলছে।

-আনন্দবাজার পত্রিকা,২৭শে মে,১৯৭১

বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে মুক্তিফৌজের সফল সংঘর্ষ

কলকাতা, ২৭শে মে (ইউ, এন, আই)- বাংলাদেশের বিভিন্ন রণক্ষেত্রে মুক্তিফৌজ তিনদিন ধরে পাক হনাদার বাহিনীর সঙ্গে সফল সংঘর্ষ চালাচ্ছে। সীমান্তের ওপার থেকে জানা গেছে, রাজশাহী খণ্ডে আহত পাকসেনা বোঝাই দুটি নৌকা আক্রমণ করে চারজন শত্রুসেনাকে খতম করেছে। মহেরপুর, বগুড়া, মোগলহাট এবং বরিশালেও সংঘর্ষ বাধে। পাকসেনা খতমের হিসাব এখনও পাওয়া যায়নি। খুলনা জেলায় পাকবাহিনীর তাঁবেদার লাগিয়ে ফসল কাটাচ্ছে । গ্রামে গ্রামে পাকসেনাদের অত্যাচার ও হত্যালীলা বৃদ্ধির পথে। সম্প্রতি ত্রিশ হাজার সাঁওতাল বাংলাদেশ ছেড়ে পালাতে বাধ্য হয়েছে।

বাংলাধেশের মুক্তিফৌজ আজ বিকালে শ্রীহট্টের শ্রীপুর চা-বাগান থেকে পশ্চিমা পাক হানাদার বাহিনীকে বিতাড়িত করছে। এই সংঘর্ষে বেশকিছু সংখ্যক পাক সেনা নিহত হয়। মুক্তিবাহিনী দুই ট্রাক ভর্তি অস্ত্রশস্ত্র দখল করেছে বলে বাংলাদেশের সূত্র জানা গেছে। শ্রীপুর চা বাগান বাংলাদেশের তামাবিলের চার কিলোমিটার দক্ষিণে। গতকাল মুক্তিফৌজ তামাবিল সীমান্ত ফাঁড়িটি দখল করার সময় বিপুল সংখ্যক পাক ফৌজ নিহত হয়।

শিলিগুড়ি নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন, গতকাল দিনাজপুর জেলার পঁচাগড় থানা এলাকার অমরখানা সীমান্ত চৌকির দিকে আগুয়ান একদল পাকসেনার ওপর মুক্তিফৌজের কমাণ্ডোরা পচণ্ড আক্রমণ চালায়।

ভরতীয় সীমান্তের গ্রাম চাউলহাটির বিপরীত দিকে এখান থেকে প্রায় পনের মাইল দূরে এই অমরখানা অবস্থিত। মুক্তিফৌজের আঘাতে চারজন পাকসেনা মারা পড়ে।

-যুগান্তর, ২৮ মে, ১৯৭১

GUERILLA ACTIONS INTENDIFIED
150 PAK TROOPSKILLED

MUJIBNAGAR (Bangladesh), May 28 – About 150 West Pakistani armymen were killed in a bitter fight with the Mukti Font on the Dharla river in th Rangpur sector early this week, reports PTI. reports available here said that tje Pakistani Army shelled Mukti Fouj position on the north bank of the Dharla river and tried to cross over to the other said. The Mukti Font offered stiff redidtance abd foiled the attempts of Pakistan Army to cross river, inflictibng heavy csualt on the enemy.

In another incident in the sylhet sector in May 26, the Mukti font ambushed a convoy killing 25 Pakistani troops and injuring 14 others. One truck and one jeep were damaged,.The Mukti Fouj also raided Rema tea estate in the same sector. Pakistani troops took their heels leaving two vehicles which were captured by the liberation forcer.

Two Pakistni solders were killed when the student – fighter of the mukti Fouj lobbed a grenad on them in sumbrum area of chittgong on the night of May 23. on the same night the Mukti Fouj destroyed a bridge on the Muhuri river near Chhagalnaiya.

In Mymensing, the Mukti Fouj attacked Pakistani army poisitionat at Bhotikhli and belew up a bridge at Joynaiapur in Sylhet sector.

In Comilla sector, the freedom fighters raided Bajitpur police station and took away all armd from the armony there.

There was heavy fighting between the Pakistani toorps and the Mukti Fouj in Pateswari Ghat in Rangpur. Casualty, if any, was not know.

Our shillong office adds ; the biggest bridge on the Dawk-Sylhet road, sari bridge, has been blown off yesterday by valian Mukti Fouj Commandos after a free fight with the pakistani troops.

Pak troops are now completely out off from the mainland of Sylhet, Official source said here that concentration of Pakistani troops were seen in Goalpara- an East Pakistan border.

Dhruba Majumdar at Dawki writes, Tamabil and Sripur, two strongholds of the Pakistani army were captured by the Multi Fouj after a heavy battle. Jayantapur about 18 miles from the international border also fell in the hands of the Mukti Fouj after a grim

fight today. the Mukti Fouj has began their attack on the Pakitani Army at Hairpur about 10 miles from the border.

The situation of the Libaration war in the Sylhet sector of Bangladwesh remaind very fluid on Friday.The Pak army were in the Sylhet sector of Bangladesh remained very fluid on Friday. The Pak army were losing grounds and the Mukti Fouj went on winning, but none of them could be sure about how of thge acquired territory they will be able to retain.

-Hindusthan standard, 29 May, 1971

মুক্তিফৌজের অতর্কিত আক্রমণে শত্রুসৈন্য অতিষ্ঠ

আগরতলা, ২৯ শে মে (পিটিআই)- মুক্তিফৌজের গেরিলা ও কমাণ্ডোরা ও শ্রীহট্ট, কুমিল্লা ও নোয়াখালী সেক্টরে পাকসেনাদের ঘাটিগুলির উপর প্রচণ্ড আঘাত হেনেছেন। আজ এখানে প্রাপ্ত খবরে জানা যায় যে, শ্রীহট্টে মুক্তিফৌজের আচমকা আক্রমণে ৪০ জন পাকসেনা খতম হয়, তিনটি মোটরযান বিধ্বস্ত হয় এবং প্রচুর অস্ত্রশস্ত্র গোলাবারুদ মুক্তিফৌজের হস্তগত হয়। প্রকাশ, দু'জন পাক অফিসার ও ৭০ জন পাকসৈন্য মারা গেছে।

মুক্তিফৌজের গেরিলারা গত ২৫ শে মে রাত্রিতে কুমিল্লা সেক্টরে সৈদামানিতে পাকসৈন্যদের ওপর আক্রমণ চালান এবং ২৫ জন পাকিস্তানীকে খতম করেন। এই আক্রমণে ১৪ জন পাকিস্তানী আহত হয় ও একটি পাকিস্তানী জীপ ও একটি ট্রাকবিধ্বস্ত হয় এবং ধর্মনগরে দুটি বিনষ্ট হয়।

নোয়াখালী জেলার ফেনী এলাকায় মুক্তিসেনারা পাকন্যৈদের তিনটি ঘাটির উপরও আক্রমণ চালায় । বহু পাকিস্তানী সৈন্য হতাহত হয়।

মুক্তিফৌজের কমাণ্ডোরা যশোর এলাকার উথালিতে দুটি রেলসেতু এবং রংপুর সেক্টরে হিলি ও সান্তাহারের মধ্যে ১ টি রেলসেতু উড়িয়ে দেন। রংপুর জেলার তাজপুরে পাকিস্তানীদের সঙ্গে মুক্তিসেনাদের সংঘর্ষ হয়।

মুজিবনগর থেকে ইউ-এন-আই জানাচ্ছেঃ মুক্তিফৌজের গেরিলা সৈন্যরা উত্তর ও পশ্চিম রণাঙ্গনে বিগত ৪ দিনে কযেকটি সড়কপথ বিচ্ছিন্ন করে দেওয়ায় কয়েকটি স্থানে পাকসৈন্যরা ছত্রভঙ্গ হয়ে পড়ে।

কয়েকবার আচমকা আক্রমণে তাঁর অন্ততপক্ষে ৮১ জন পাকসৈন্যকে খতম করেন।

মুক্তিসেনারা বিরল ও কাঞ্চনপাড়া স্টেশনের মধ্যে রেল-লাইন বিধ্বস্ত করে দেন। পশ্চিম রণাঙ্গনের তুলাই ও কিশোরীপুরের মধ্যেও তাঁরা রেলপথ অকেজো করে ফলেন। রংপুর সেক্টরে পাকসৈন্যবাহিনীর একখানি ট্রেন আক্রান্ত ও ক্ষতিগ্রস্ত হয়। ট্রেনখানি স্বর্ণমতির দিক যাচ্ছিল। এই ঘটনায় অন্তত ১০ জন পাকিস্তানী সৈন্য নিহত হয়।

-যুগান্তর, ৩০ মে, ১৯৭১

'আমরা ক্ষান্ত হব নাঃ গৌরকিশোর ঘোষ

বুধবার হঠাৎ যখন তাদের সঙ্গে দেখা হল, তখন বেলা সাড়ে চারটা; গরমে গলগল করে ঘামছি; ওরা, মুক্তিফৌজের শ্রান্ত সৈনিকেরা খোলা জীপ নিজেদের ঘাটিতে ফিরে আসছেন, সারারাত পাকিস্তানী সেনাবাহিনীকে নাজেহাল করে। আগের রাতে আমার পৌছতে দেরি হয়েছিল, তাই ওদের সঙ্গে নিতে পারিনি।

দেখে আশ্চর্য লাগে, পাকিস্তান সরকারের এত সোচ্চার প্রচারের পরও বেনাপোলে পাকিস্তানের ঘাঁটির শীর্ষে এখনও বাংলাদেশের জয়বাংলা পতাকা পতপত করে উড়ছে।

-দিনের বেলা এলে ছবি নিতে পারতেন। মুক্তিফৌজের ঘাঁটিতে একজন বললেন। বললেন, তাঁদের যারা মনে করছেন আমরা শেষ হয়ে গেছি, আমরা এখনও শেষ হইনি। মাতৃভূমির দখল নেবার আগে আমরা ক্ষান্ত হব না।

-আনন্দবাজার পত্রিকা, ৩১ মে, ১৯৭১

MUKTI FOUJ KILLS 100 PAKISTANI SOLDIERS

MAY 30- With its intrnsified cimmando activity, the Mukti Fouj continued to harass the Pakistani Army during the past 48 hours, At several places from feni in the south to Ashuganj in the north, the Mukti Fouj inflincted heavy casulties on Pakistani troops, according to the reports available acroos the border, Besides, 100 Pakistani sollders, including 40 officers, were ambushed and killed by Mukti Fouje.

The freedom fighters also blew up three rail and one road bridges, damaged railway engine, and destroyed two moptors and several vehicles.

Rail communication from Comilla to Ashuganj is still disrupted after the successful demolition of the rail bridge at several places.

-Hindusthan Standard, 31 May, 1971

ভারতীয় এলাকায় পাকসেনাদের গোলাবর্ষণ অব্যাহত

কলকাতা, ৩ জুন- পাকস্তানী সেনারা ভারতীয় এলাকার মধ্যে অসামরিক অঞ্চলসমূহ যথারীতি গোলাগুলি বর্ষণ চালিয়ে যাচ্ছে। ইউএনআই জানাচ্ছে গতকাল কোচবিহার জেলার সীমান্তবর্তী চারটি গ্রামে পাকসেনাদের গোলাবর্ষণে একজন গ্রামবাসী আহত হয়। গত চারদিন ধরেই পাকসেনারা এই গ্রামগুলিতে প্রচুর গোলাগুলি চালাচ্ছে। ফলে এক বিরাটসংখ্যক মানুষ গ্রাম ছেড়ে চলে গেছে।

আসামের গোয়ালপাড়া জেলার সোনাহাট ও তৎসন্নিহিত গ্রামগুলিতে গত রাতে পাকসেনারা কামান থেকে গোলা চালায়। সরকারী সূত্রের রিপোর্টে জানা যায় যে গতকাল সকাল সকাল ১১টা থেকেই পাকসেনারা ঐ অঞ্চলে মারাত্বকভাবে গুলি চালাতে শুরুকরে এবং আজ সকাল পর্যন্ত চালায়।

মুক্তিযোদ্ধাদের হাতে বহু পাকসৈন্য খতমঃ সীমান্তের ওপর থেকে জলপাইগুড়িতে প্রাপ্ত সংবাদে বলা হয় যে, গত ২৪ ঘন্টয় বাংলাদেশে মুক্তিবাহিনী উত্তর রনাঙ্গনে গেরিলা তৎপরতা বৃদ্ধি করেছে। কোচবিহারের অপর পারে ভুরুঙ্গামারির সীমান্ত চেকপোষ্ট থেকে তাঁরা ইয়াহিয়া বাহিনী উত্তর রণাঙ্গনে গেরিলা তৎপরতা বৃদ্ধি করেছে। কোচবিহারের অপর পারে ভুরুঙ্গামারির সীমান্ত চেকপোস্ট থেকে তাঁরা ইয়াহিয়া বাহিনীকে হটিয়ে দিয়েছে। এখানকার যুদ্ধে কমপক্ষে সাতজন খান সেনা নিহত হয়।

চিলাহাটি ও ডোমার ও এর মধ্যে তিস্তার উপর এবং কাকিনা ও ভূষিরবন্দর- এর মধ্যে সানায়াজনসন নদীর উপর মোট ৩ টি সেতু মুক্তিসেনারা ধ্বংস করে দেয়। ফলে লালমনিরহাটের দিকে পলায়নপর খানসেনাদের একটি দল বিচ্ছিন্ন হয়ে গেছে। দিনাজপুর জগদলে আগুয়ান পাক সেনাদলকে মুক্তিযোদ্ধারা বাধা দেয় এবং ঠাকুরগাঁ পাওয়ার হাউসটি্ ক্ষতিসাধন করে । এই আকস্মিক আক্রমণের ফলে বহু পাকসেনা নিহত হয়েছে। রংপুর জেলার ডিমলা ও বয়রাতে ইয়াহিয়ার সাতজন গুপ্তচরকে মুক্তিযোদ্ধারা খতম করে এরা মুসলিম লীগ ও জামাত-ই ইসলামী দলের লোক বলেও প্রকাশ।

-কালান্তর, ১জুন, ১৯৭১

চুকনগরে পাকসৈন্যের বেপরোয়া গুলি

হাকিমপুর ৩১ মে (সংবাদদাতা)- পাকিস্তানী সামরিক বর্বরতা অবশেষে সহ্যের সীমা পেরিয়ে গেছে। গত ২০ মে খুলনার বৈঠাঘাটা, ফকিরহাট, রামপাল, নকিপুর প্রভৃতি অঞ্চল থেকে প্রায় দেড় লক্ষের মত অসহায় মানুষ সীমান্ত পেরিয়ে ভারতে চলে আসার সময় চুকনগরে বর্বর বাহিনী তাঁদের ওপর মেশিনগান দিয়ে বেপরোয়া গুলিবর্ষণ করে। এর ফলে সেখানে বহুসংখ্যক নারী-পুরুষ-শিশু নিহত হয়।

ঘটনার বিবরণে প্রকাশ, খুলনার দক্ষিণাঞ্চল থেকে আনুমানিক দেড় লক্ষ মানুষ সামরিক বাহিনীর অত্যাচারে অতিষ্ঠ হয়ে গত ১৯মে কয়েক হাজার নৌকা নিয়ে বেরিয়ে পড়ে। চুকনগরের নিকটবর্তী নদীর ওপরে তাদের লক্ষ্য করে গুলি চালালে কয়েক হাজার নারী-পুরুষ ও শিশু বিচ্ছিন্ন হয়ে পড়ে এবং পদব্রজে রওয়ানা হয়ে যায়। চুকনগরে তারা মিলিটারীর সম্মুখীন হয়ে। সে সময় পিছনে যারা তাঁরা মেশিনগানের শব্দ শুনে ছত্রভঙ্গ হয়ে যায়। চুকনগরের বাজারের বিভিন্ন ঘরগুলোতে শরণার্থীরা আশ্রয় নিলে বর্বর বাহিনী সেখানে গিয়ে ঘর থেকে বের করে তাদের অনেককে হত্যা করে।

সীমান্ত অতিক্রম করার পর শতাধিক আহতকে হাকিমপুরে প্রাথমিক চিকিৎসা দিয়ে হাসপাতালে প্রেরণ করা হয়। ২২ তারিখে গুলিতে আহত শরণার্থীর সংখ্যা প্রায় দেড়শত বলে হাকিমপুরের মুক্তিফৌজের চিকিৎসক জানান।

বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে গেরিলা বাহিনীর তৎপরতা

আগরতলা, ১জুন (ইউএনআই)- মুক্তিফৌজ গেরিলা বাহিনী শ্রীহট্ট সেক্টরের তেলিপাড়া ও আখাউড়ার মধ্যে সংযোকারী রেল সেতুটি উড়িয়ে দিয়েছে। গেরিলা বাহিনী এই স্টেশন দ'টি দখলের জন্য পাকফৌজের ওপর আক্রমণ চালিয়েছে।

একটি পাকিস্তানী জীপগাড়ির ওপর গেরিলা বাহিনী অতর্কিতে আক্রমণ করে শত্রুপক্ষের ২ জনকে খতম করে। কুমিল্লা সেক্টরে গেরিলাবাহিনী রেল ইঞ্জিন ও ওয়াগনকে লাইনচ্যুত করে দিতে সক্ষম হয় বলে বাংলাদেশ মুক্তিযুদ্ধাদের সংবাদে প্রকাশ। ময়মনসিংহ সেক্টরে গেরিলা বাহিনী পাকফৌজের ওপর অতর্কিত আক্রমণ করে ৭ জন পাকসৈন্যকে সশস্ত্র অবস্থায় গ্রেফতার করে। পাক ঘাঁটির পাকিস্তানী পতাকা পুড়িয়ে দিয়ে গেরিলারা সেখানে বাংলাদেশের পতাকা উত্তোলন করেন।

-কালান্তর, ২, জুন১৯৭১

কমাণ্ডো আক্রমণে পাকসৈন্য মরছে

আগরতলা ৩রা জুন (ইউএন আই)- বিভিন্ন স্থানে পাকসৈন্যের ওপর মুক্তিফৌজের কমাণ্ডো আক্রমণে আবার জোরদার হয়ে উঠছে। গজারিয়া, চাঁদহাট, রাজানগর ও ফরিদপুর এলাকায় মক্তিফৌজের আক্রমণে পাকসৈন্য নাজেহাল হয়েছে।

বগুড়া অঞ্চলে পয়লা জুন মুক্তিফৌজ পাকসৈন্যের একটি সাঁজোয়া গাড়ী দখল করে নেন। ঐ গাড়ীতে তিনটি রেডিও সেট ও ছয়টি স্টেনগান ছিল। একজন কমাণ্ডারের গাড়ী ও মুক্তিফৌজ দখল করে নেন। পশ্চিম বগুড়ার আর একস্থানে আক্রমণ চালিয়ে তাঁরা কয়েকজন পাকসৈন্যকে খতম করেন। আর একটি সংঘর্ষে পাকিস্তানের টহলদার বাহিনীর সাতজন সৈন্য নিহত ও দুজন আহত হয়।

আসাম সংলগ্ন কানিরঘাটে মুক্তিফৌজের সঙ্গে প্রবল লড়াই চলছে। মুক্তিফৌজের এই শক্তঘাটিতে পাকিস্তানকে ব্যাটালিয়ন সৈন্য নিয়োগ করতে হয়েছে বাংলাদেশের উত্তরাঞ্চলে গত ২৪ঘন্টায়

মুক্তিফৌজের কমাণ্ডো আক্রমণ প্রবল হয়ে উঠছে। কোচবিহারের বিপরীত দিকে অবস্থিত ভূরুঙ্গামারী চৌকি থেকে পাকসৈন্যদের হটিয়ে দেওয়া হয়েছে।

চিলহাটি ও ডোমারের মধ্যবর্তী তিস্তাসেতু এবং কাকিনা ও ভূষিরবন্দরের মধ্যবর্তী সানিয়াজানা সেতুকে মুক্তিফৌজ উড়িয়ে দিয়েছেন। ফলে পাকিস্তানী সৈন্যরা কাকিনাতে আটক হয়ে পড়েছে। তাদের লারমনিরহাটে ফিরে যাবার পথ নেই।

দিনাজপুরের জগদলে গেরিলা বাহিনী পাকসৈন্যের ওপর অতর্কিত আক্রমণ চালান। প্রচুর পাকসৈন্য হতাহত হয়েছে। ঠাকুরগাঁয়ের একটি বিদ্যুৎ কেন্দ্রেও মুক্তিফৌজে নষ্ট করে দিয়েছেন। রংপুরজেলার ডিমলা ও বাউরাতে মুসলিম লীগের সাতজন পাকিস্তানী গুপ্তচরকে মুক্তিফৌজ খতম করেন।

হেমায়েউদ্দিন ছিলেন দ্বিতীয় ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের একজন হাবিলদার। ১৯৭১ সালের ২৬ শে মার্চের কালো রাত্রে হানাদার বাহিনী যখন ঢাকায় আক্রমণকারীর ভূমিকা গ্রহণ করে তখন তিনি জয়দেবপুর ছাউনিতে ছিলেন। এখানে অবস্থানরত ২য় ইষ্টবেঙ্গল রেজিমেন্ট তখনও সরকারী নিয়ন্ত্রণে ছিল। ২৭ শে মার্চ সর্বপ্রথম কালুরঘাট বেতার কেন্দ্র থেকে মেজর জিয়াউর রহমানের (বর্তমানে মহামান্য রাষ্টপতি) কণ্ঠস্বর ঘোষিত হলো, 'আমরা স্বাধীনতা ঘোষণা করেছি'। এই ঘোষণা শ্রুত হবার কিছুক্ষণ আগে বা পরে মেজর কে, এম, শফিউল্লাহ মর্টার প্লাটুন ও একটি কোম্পানী নিয়ে ব্যারাক থেকে বেরিয়ে পড়লেন। তিনি মেজর মঈনুল হোসেনকে একটি গোপন নির্দেশ দিয়ে গেলেন, যার ফলে অল্পক্ষণের মধ্যেই ছাউনির মধ্যস্থ সমস্ত বাঙ্গালী পরিবারকে গ্রামের দিকে পাঠিয়ে দেয়া শুরু হলো। হাবিলদার হেমায়েতউদ্দিন ও আব্দুল আজিজকে ৩৮ জন জোয়ান নিয়ে দক্ষিণের রথখোলার পেট্রোল ডিউটিতে পাঠানো হলো। তারা ডিউটিতে যাবার সময় অন্য কোন নির্দেশ পাননি। শুধু পরস্পর জানতে পেরেছিলেন যে, গভীর রাতে কয়েকটি গুলির আওয়াজ হলে সবাইকে পূর্বদিকের রানীর ঘাটে একত্রিত হতে হবে।

হঠাৎ রাত ১১ টায় গোলাগুলি শুরু হলো। অনর্গল গুলি হওয়ার ফলে অনেকে এটাকে বাইরের আক্রমণ বলে সন্দেহ করলো। হেমায়েত এবং আবদুল আজিজের মধ্যেও মতভেদ দেখা দিল। ফলে এই দলও ছত্রভঙ্গ হয়ে পড়লো। হেমায়েতউদ্দিন জোয়ান আইয়ুব ও আলমকে নিয়ে পার্শ্ববর্তী গ্রামে ঢুকে পড়লেন। তারা ভোর পাঁচটার

* ফরিদ থেকে প্রকাশিত মাসিক 'গণমন' (ডিসেম্ব, ১৯৭৭)-এর হেমায়েতউদ্দিন বীর বিক্রম' শীর্ষক প্রতিবেদন থেকে সংকলিত। হেমায়েতউদ্দিন লিখিত যুদ্ধকালীন ডায়েরী এবং সাক্ষাৎকারের ওপর ভিত্তি করে প্রতিবেদনটি লিখেছিলেন এম, এ, সামাদ।

দিকে বুকে হেঁটে (ক্রলিং করে) শিবিরের দিকে অগ্রসর হন। তারা লক্ষ্য করলেন যে, অভ্যন্তরে বঙ্গালী কাউকেই দেখা যাচ্ছে না। বরং কয়েকজন পাঞ্জাবী জোয়ান বাইরের সাহায্যের প্রতীক্ষায় তখনও পূর্বদিকের গেট পাহারা দিচ্ছে। সুযোগ বুঝে এরা তিনজন বালিকা বিদ্যালয়ের গা ঘেঁষে অগ্রসর হন এবং পাহারারত এই পাঁচজন পাঞ্জাবী সৈনিকের উপর ঝাঁপিয়ে পড়ে তাদের খতম করে দেন। অতঃপর ভেতরে প্রবেশ করে তারা আরও ৮ জনকে হত্যা করেন এবং আহতদের বেয়নেট দিয়ে শেষ করেন। দক্ষিণ পাশে অফিস সংলগ্ন অয়ারলেস সেন্টারের অপারেটরদের মধ্যে জীবিত দুজনকে তারা এস এম-জির ব্রাশ করে খতম করে ফেলেন। এই নিধনযজ্ঞ সমাপ্ত করে তারা আবার ছাউনিতে ফিরে এসে চতুর্দিক থেকে বাইরের লোক আহববান করেন। বাঙ্গালী কণ্ঠের আওয়াজ পেয়ে চারদিক থেকে লোকজন এসে পড়লো। এদের মধ্যে ই,পি, আই, ডিসির শ্রমিক নেতা আবদুল মোতালেব ও প্রচুর ছাত্র ও শ্রমিক ছিল। অল্পক্ষণের মধ্যেই শুরু হলো হেমায়েতের নেতৃত্বে অস্ত্র অপসারণ।

এখান থেকে হেমায়েতউদ্দিন শতাধিক অস্ত্র, প্রচুর গোলাবারুদ, ৩টি গাড়ী এবং কয়েকজন জোয়ান নিয়ে পূর্ব দিকে মাত্র হাইস্কুলে চলে যান। অবশ্য দু'দিনের মধ্যেই ২০ জন ছাড়া বাকী সকলেই অস্ত্র নিয়ে পালিয়ে যায়। অবস্থা দেখে ৩০শে মার্চ তিনি এই ২০ জন জোয়ানসহ কাপাসিয়া থানার দিকে অগ্রসর হন। সেখানে পৌঁছে তিনি জানতে পারলেন ২৭শে মার্চ রাত্রে জয়দেবপুর থেকে মেজর কে. এম শফিউল্লাহর নেতৃত্বে বেরিয়ে আসা বাহিনী এখান দিয়ে চলে গেছে। ইতিমধ্যেই পাকবাহিনীর নিয়ন্ত্রণ জোরদার হবার ফলে কাপাসিয়া অবস্থান নিরাপদ নয় দেখে হেমায়েতউদ্দিন তাঁর লোকজন নিয়ে একটা বিশেষ লঞ্চে বর্মী গমন করেন। যেখান থেকে পায়ে হেঁটে ঢাকা-ময়মনসিংহ সীমান্ত বরাবার 'কাওরাইদ' নামক স্থানে পৌঁছেন। ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সুবেদার আবুল বাশার ও নায়েব সুবেদার মীর মোশারফ হোসেনের নেতৃত্বে এখানে একটি প্রতিরোধ বাহিনী গড়ে উঠেছিল। হেমায়েত তাঁর ২০ জন সঙ্গীসহ এখানে তাদের সাথে যোগদান করেন। এই ক্যাম্প সেনাবাহিনীর লোকের চেয়ে আনসার ও মোজাহিদ বাহিনীর লোক বেশী থাকার ফলে তাদের কার্যকলাপে 'কাওরাইদ' ক্যাম্পে বিশৃংখলা দেখা দেয় এবং নিয়মিত বাহিনীর জোয়ানদের মন বিগড়ে যায়।

ফলে ৯ই এপ্রিল ফরিদপুর ও বরিশালের মাত্র ১১ জন সংগী নিয়ে হেমায়েত ফরিদপুর রওয়ানা হন। তার সাথে কাপাসিয়ার ইব্রাহিম নামক একটি যুবকও ছিল। এদের প্রত্যেকের সাথে ছিল ১টি করে চাইনিজ রাইফেল ও ৮০০ রাউন্ড গুলি। এ ছাড়া ২টি হালকা মেশিনগান, ৪টি চাইনিজ এস,এম,জি ও ৪০০০ গোলা-বারুদও তাদের সাথে ছিল। গ্রাম থেকে লোক ধরে এনে তাদের দিয়ে বোঝা টানিয়ে এবং পথ দেখিয়ে তারা অগ্রসর হচ্ছিলেন। গজারী বন পার হয়ে ঢাকা-মযমনসিংহ সড়কে পাকবাহিনীর একটি ইউনিটকে তারা আক্রমণ করেন। এই সংঘর্ষে হেমায়েতর ৪ জন সংগী শহীদ হয়ে যান। কিন্তু তারা পাক-বাহীনির ৫ খানা জীপসহ বিপুল ক্ষয়ক্ষতি সাধন করেন।

এভাবে কয়েকটি অপারেশন চালিয়ে অবশেষে ১৭ ই এপ্রিল অপরাহ্ন ২টায় এক জেলে নৌকায় পদ্মা পাড়ি দিয়ে হেমায়েত ও তার সঙ্গীরা নারারটেক চরে অবতরণ করেন। তারা ফরিদপুর পৌঁছে খন্দকার ওবায়দুর রহমান ও অন্যান্য আওয়ামী লীগ নেতার সাথে জেলা বোর্ডের কমলাপুরস্থ ডাকবাংলায় দেখা করেন এবং জেলা প্রশাসন ও পুলিশ সুপারের সাথে দেখা করে পুলিশ বাহিনী ও অস্ত্রশস্ত্র নিয়ন্ত্রণ হাতে পাবার দাবী করতে থাকেন।

ইতিমধ্যে ২১ শে এপ্রিল প্রত্যুষে পাকবাহিনী গোয়ালন্দে পৌঁছে যায় এবং ফরিদপুর শহরের দিকে অগ্রসর হতে থাকে। তাদের প্রতিহত করার কাজে সংশিষ্ট কারো সহযোগিতা না পাওয়ায় সঙ্গীদের নিয়ে তিনি ভাঙ্গা উপস্থিত হন। সেখানে কিছু প্রশিক্ষণহীন যুবক প্রতিরোধ রচনার চেষ্টা করছিল, কিন্তু তাদের মধ্যে দলাদলি দেখে হেমায়েতউদ্দিন নৌকাযোগে টেকেরহাট হয়ে 'বাঘিয়ার বিল' অতিক্রম করে ২৬শে এপ্রিল 'ফান্দি' নিজ গ্রামে বাড়ীতে উপস্থিত হন। তার গ্রামের নিরীহ জনসাধারণ ও আত্মীয়স্বজন ইতিমধ্যেই পাক-বাহিনীর অত্যাচারের

কথা শুনে এবং দুর্বৃত্তদের দৌরাত্ম্য দেখে সন্ত্রস্ত হয়ে পড়েছিল। হেমায়েত বাড়িতে যেতেই নিরীহ গ্রামবাসীর তাকে এ বিদ্রোহের পথ পরিত্যাগ করতে অনুরোধ করে, আর দালাল দুর্বৃত্তরা ভয় দেখাতে থাকে। এই ঘটনাকে কেন্দ্র করে হেমায়েতর স্ত্রী হাজেরা ৭ই মে এক দুর্ঘটনার মারা যায়। চান মিয়া নামক একজন মাতবর শ্রেণীর লোক দুর্ঘটনাকে কেন্দ্র করে দল পাকাতে শুরু করলে ৯ই মে তাকে গুলি করে হত্যা করা হয়। অতঃপর হেমায়েত বাড়ি থেকে লোকজনসহ পার্শ্ববর্তী 'পিঠা বাড়ী' গ্রামে চলে যান। অবশ্য তিনি তার সাথীদের আগেই বিদায় করে দিয়েছিলেন। ইব্রাহিম এবং সোলায়মান ছাড়া আর কেউ তার সাথে ছিলো না।

৯ই মে চাঁন মিয়ার হত্যার দিনই কোটালীপাড়া ও গোপালগঞ্জ থানা থেকে পুলিশ ও পাকবাহিনী এসে হেমায়েতের বাড়ি পুড়িয়ে তার শেষ আকর্ষণ নিশ্চিহ্ন করে দেয়। এরপর হেমায়েত বেপরোয়া হয়ে উঠেন এবং সত্যিকারভাবে নতুন করে সংগ্রামের জন্য মানসিক প্রস্তুতি গ্রহণ করতে থাকেন।

কয়েকদিন পর ১৪ ই মে ভোরবেলা হেমায়েত তাঁর সঙ্গী ইব্রাহিম ও সোলায়মানকে নিয়ে কোটালীপাড়া থানা আক্রমণ করে বসেন। তাদের আধুনিক অস্ত্রের মার এবং বেপরোয়া বীরত্বের কাছে মুহূর্তেই ৫৪ জন পুলিশ আত্মসমর্পণ করতে বাধ্য হয়। অভ্যন্তরীণভাবে শক্তি সঞ্চয় করে এ ধরনের সাফল্য গ্রাম বাংলায় এটাই প্রথম! এতে স্থানীয় জনসাধারণ বিপুলভাবে উৎসাহিত হল। হেমায়েত থানা থেকে ৫ মণ চাউল ও অন্যান্য রসদ নিয়ে বাঘিয়ার বিলের কলাবাড়ী গ্রামের চিত্ত গয়ানের বড়িতে চলে যান। পরে পীরের বাড়ীর আওয়ালী লীগ কর্মী লক্ষ্মীকান্ত বলের অনুরোধে হেমায়েত তার গ্রামে ঘাঁটি স্থাপন করেন। এ সময় গৌরনদী অঞ্চলের ১২ জন সশস্ত্র জোয়ান ও কিছু ছাত্র হেমায়েতের সাথে যোগ দেয়।

পাকবাহিনীর লোকেরা নদীপথে খোঁজাখুঁজি করলেও বিলের অভ্যন্তরে মোটেও প্রবেশ করত না । তবে এখানে দল সংগঠনে তেমন সুবিধা না হওয়ায় হেমায়েত গৌরনদী চলে যান এবং ২৯শে মে বরিশাল গৌরনদী থানার 'বাটরা বাজারে' আনুষ্ঠানিকভবে হেমায়েত বাহিনী উদ্বোধন করেন। এর আগে ২৬শে মে তারিখে এক সফল আক্রমণের ফলে এই বাটরা বাজার তাদের নিয়ন্ত্রণে আসে।

শীঘ্রই বিভিন্ন এলাকা থেকে বিপুলসংখ্যক মুক্তিযোদ্ধা এই বাহিনীতে যোগ দিতে আরম্ভ করে। স্থান সংকুলানে অসুবিধা হওয়ায় পশ্চিম দিকে পয়সার হাটের উত্তরে রাজাপুর নামক গ্রামে তিনি সদর দফতর স্থাপন করেন।

১লা জুন বরিশাল ও ফরিদপুরের এই অঞ্চলে স্বধীনতার পতাকা উত্তোলন করা হয়। দেশের এই অঞ্চলই সর্বপ্রথম মুক্ত অঞ্চল হিসেবে প্রতিষ্টা লাভ করে। মুজিবনগর বেতার কেন্দ্র থেকেও এ কথা প্রচার করা হয়।

৩রা জুন পাকবাহিনীর এক বিরাট দল কোটালীপাড়া থানায় উপস্থিত হয় এবং রাত্রে নৌকাযোগে কোটালীপাড়া ও পয়সার হাটের খাল বেয়ে মুক্তিবাহিনীর ঘাঁটি আক্রমণ করতে এগিয়ে য়ায়। এই দলে ১২ খানা নৌকায় পুলিশ, লাঠিয়াল ও পাকবাহিনীর প্রায় ৩০০ লোক ছিল। রাত দু'টায় হেমায়েত তার বাহিনী নিয়ে অগ্রবর্তী 'হন্যহাটি' নামক স্থানে উপস্থিত হয়ে খালের দু'পার থেকে এদের উপর আক্রমণ পরিচালনা করেন। পথে এই আক্রমণের জন্য পাকবাহিনীর প্রস্তুত ছিল না; তাই এই আতর্কিত আক্রমণে দিশেহারা হয়ে তারা ছত্রভঙ্গ হয়ে পড়ে। তবে হেমায়েত বাহিনীর ইব্রাহিম শাহাদাৎ বরণ করেন। এই আক্রমণের ফলে ২৪ জন পুলিশ ও লাঠিয়াল ধরা পড়ে।

এই নাজেহাল অবস্থায় প্রতিশোধ নেবার জন্য ৭ই জুন পুনরায় ৩খানা 'স্টীল বডি' লঞ্চ নিয়ে দক্ষিণ দিক থেকে পাকবাহিনী 'রাজাপুর' ঘাঁটি আক্রমণ করে। হেমায়েত কয়েকজন সঙ্গী নিয়ে লঞ্চগুলোকে পেছন দিক থেকে আক্রমণ করেন। অপর দিকে ঘাঁটির বাঙ্কার থেকে সামনের দিক গিয়ে গোলাবর্ষণ শুরু করা হয়। উপায়ন্তর না দেখে লঞ্চগুলো পালাতে শুরু করে এবং শাতলা গ্রামের বাঁক ঘুরে কোন রকমে পালিয়ে রক্ষা পায়।

এই দৃশ্যে জনসাধারণ বিপুলভাবে আনন্দিত হয়। তারা হেমায়েত বাহিনীর এই দলটিকে কাঁধে তুলে 'পয়সার হাঁটে' নিয়ে আসে। সেখানে তড়িঘড়ি এক জনসভা অনুষ্ঠিত হয়ে য়ায় এবং হেমায়েতকে জনসাধারণ 'মেজর' খেতাবে ভূষিত করে। এই যুদ্ধের ফলে প্রায় ২০ মাইল এলাকা মুক্ত অঞ্চলে পরিণত হয়। এই সময় শাতলা গ্রামে নদীর বাঁকে একটি অগ্রবর্তী ঘাঁটিও স্থাপন করা হয়।

এরপর রাজাপুর থেকে সরে গিয়ে জহরের কান্দি হাইস্কুলে ঘাঁটি স্থাপন করে সামরিক প্রশিক্ষণ ক্যাম্প খোলা হয়। দলে দলে যুবক-ছাত্র জনতা এসে প্রশিক্ষণ গ্রহণ করতে লাগল। পক্ষান্তরে এ সময় ভারত থেকে প্রশিক্ষণপ্রাপ্ত গেরিলারাও কিছু কিছু অস্ত্রশস্ত্র নিয়ে এসে দলে ভিড়তে লাগলো। অতঃপর, কালকিনি থানার চলবল গ্রামে অপারেশন ঘাঁটি সরিয়ে নেয়া হয়। ১১ই জুলাই টুঙ্গীপাড়া শেখ বাড়িতে দেড়শত পাঞ্জাবী সৈন্যের বিরুদ্ধে এক সফল আক্রমণ পরিচালনা করা হয়।

১৪ই জুলাই পাকবাহিনী মাদারীপুর, গোপালগঞ্জ ও টেকেরহাট-এই তিন দিক থেকে আবার চলবলের ঘাঁটির উপর হামলা চালায় এবং ক্যাম্পের কাছে রামশীল নামক গ্রামে ঢুকে পড়ে। হেমায়েতের সাথে তখন মাত্র ১৩ জন সঙ্গী ছিলো। এদের নিয়েই তিনি অগ্রসর হন এবং এই হামলা প্রতিহত করার প্রয়াস পান।

রামশীল গ্রামের মধ্যে দিয়ে একটি খাল গৌরনদী থানার বাসাইল গ্রামের দিকে চলে গেছে। গৌরনদী থেকে ঐ খাল বেয়ে হানাদার বাহিনী আসতে পারে ভেবে পূর্ব দিকে মুখ করে ৩ জন, দক্ষিণ দিকে মুখ দিয়ে ৩ জন এবং সংকেত দেবার জন্য বাইরে একজন বসানো হলো । অতঃপর হেমায়েত বাকী ৬জন পশ্চিমমুখী হয়ে বসলেন। কোটালী পাড়া বান্দাবাড়ী খালের মধ্যে দিয়ে হানাদার বাহিনী অগ্রসর হতে পারে মনে করেই তিনি এ জায়গায় অবস্থান নিলেন। কিছুক্ষণের মধ্যে এদিক থেকেই হানাদারদের অগ্রগামী বাহিনী দেখা গেল। তারা কাছাকাছি আসতেই হেমায়েত মেশিনগানের গুলি চালালেন। তুমুল গোলাগুলি শুরু হয়ে গেল। হঠাৎ শত্রুপক্ষের একটা বুলেট তার সহকর্মী মকবুলের মাথায় খুলি ভেদ করে চলে গেলে সে তৎক্ষণাৎ মারা যায়। মকবুলের লাশ টানতে যেতেই একটা শেলের টুকরো হেমায়েতের গালের বাঁ পাশ দিয়ে ঢুকে ডান পাশ দিয়ে বেরহয়ে গেল। এতে জিহবার খানিকটা কেটে গেল এবং কয়েকটা দাঁতও পড়ে গেল। তবুও তিনি কর্তব্যচ্যুত হলেন না। বরং অসীম সাহস আর প্রবল প্রতাপের সাথে পাল্টা আক্রমণ রচনা করে চললেন। এভাবে দীর্ঘ সময় তুমুল সংঘর্ষের পর হানাদার বাহিনী পিছু হটতে শুরু করলো। এই যুদ্ধে হানাদার বাহিনীর প্রচুর হতাহত হয়। যুদ্ধের পর হেমায়েত বুঝতে পারলেন যে আঘাত খুবই সাংঘাতিক, ফলে তাকে দীর্ঘদিন রাজ্যেশ্বর ডাক্তারের চিকিৎসায় থাকতে হয়।

একস্থানে বেশী দিন ঘাঁটি রাখা যায় না। কারণ, পাকবাহিনীর খোঁজ পেলেই সেখানে আক্রমণের আশংকা দেখা দেয়। তাই রামশীলের যুদ্ধের পর আর চলবল ঘাঁটি রাখা মোটেই নিরাপথ নয়। তাছাড়া যে কোন সময় বিমান আক্রমণ ও অসম্ভব নয়। তাই ঘাঁটি সরিয়ে গোপালগঞ্জের পূর্ব সীমান্তে বিলের উত্তর প্রান্তে 'রুথিয়ার পাড়ে' একটি পরিত্যক্ত বাড়িতে ছাউনি ফেলা হলো। এ বড়ির প্রায় সকলেই ভারতে চলে গিয়েছিল। পাঁচখানা দোতলা ঘর নিয়ে বেশ বড় বাড়ি। এখানেই জুলাই মাসের শেষ দিকে 'এসোসিয়েটেড প্রেসের' একজন সাংবাদিক হেমায়েতের সাক্ষাৎকার গ্রহণ করেন। এই সাক্ষাৎকরের বিবরণ 'দি সান' নামক পত্রিকার ৪ঠা আগষ্ঠ সংখ্যায় হেমায়েতের ছবিসহ প্রকাশিত হয়।

ওদিকে কোটালীপাড়া থানায় পুনরায় অস্ত্র, গোলাবারুদ ও খাদ্যশস্য মওজুদ করার খবর পাবার পর ১৫ই সেপ্টেম্বর তারা আবার কোটালী পাড়া থানা আক্রমণ করেন। ১৪ ঘণ্টা যুদ্ধ চলার পর থানা দখলে আসে। প্রচুর খাদ্যশস্য ও গোলাবারুদ হস্তগত হলো। অতঃপর হেমায়েত বাহিনী ৩রা ডিসেম্বর শেষবারের মত কোটালী পাড়া থানা দখল করেন।

কোটালীপাড়ায় আরও তিন জায়গায় পাকবাহিনীর ঘাঁটি ছিল- ঘাগোর গুদাম ঘর, কুরপালামূ কম্যুনিটি সেন্টার এবং গোপালগঞ্জ মাদ্রাসায়। ডিসেম্বর মাসের শুরুতেই চতুর্দিক থেকে আক্রমণ করে এই সব ঘাঁটি নাস্তানাবুদ করে দেয়া হয়। ৩ রা ডিসেম্বর যুদ্ধের ফলে চুড়ান্তভাবে এই থানা মুক্ত হয়ে গেল। এই যুদ্ধে জেলা অধিনায়ক ক্যাপ্টেন নুর মোহাম্মদ বাবলুও তার সাথে ছিল।

হেমায়েত বাহিনীর কর্মক্ষেত্র ছিল বরিশালের উজির পুর ও গৌরনদী থানা, ফরিদপুরের কালকিনি, মাদারীপুর, রাজৈর, গোপালগঞ্জ ও কোটালীপাড়া। মকসুদপুর, কাশিয়ানী এবং খুলনার মোল্লারহাট থানার অংশ বিশেষ ও তার কর্মক্ষেত্রের অন্তর্ভুক্ত ছিল।

সম্পূর্ণ অভ্যন্তরীণভাবে গড়ে উঠেছিল এই হেমায়েত বাহিনী। তার দলে মুক্তিযোদ্ধা ছিল ৫০৫৪ জন। তাদের মধ্যে নিয়মিত সশস্ত্র বাহিনী লোক ছিল ৩৪০ জন। এদের সাহায্যে তিন কোটালীপাড়া থানার জহরের কান্দি হাইস্কুলে সংক্ষিপ্ত প্রশিক্ষণ কেন্দ্র খোলেন এবং তিন মাসে প্রায় চার হাজার যুবককে প্রশিক্ষণ দান করা হয়। এদের মধ্যে দেড় হাজার গরীব শ্রেনীর মুক্তিযোদ্ধাকে মাসিক ৯৫.০০ টাকা হিসেবে বেতনও দেয়া হতো। কোটালীপাড়া, নারকেলবাড়ীর চার্চমিশনে একটি সংক্ষিপ্ত নার্সিং প্রশিক্ষণ কেন্দ্রেও খোলা হয়েছিল। সেখানে আহত মুক্তিযোদ্ধাদের জন্য একটি হাসপাতালও পরিচালনা করা হত।

আগেই বলা হয়েছে হেমায়েত বাহিনী ছিল সম্পূর্ণভাবে অভ্যন্তরীণভাবে গড়ে ওঠা একটা সংগঠন। এদের অস্ত্রশস্ত্রের বেশীর ভাগই ছিল পাকবাহিনীর কাছ থেকে কেড়ে নেয়া। তারা পাকবাহিনীর বিরুদ্ধে আঠারটি সফল আক্রমণ পরিচালনা করেন। এই বিরাট সাফল্য মূলতঃ হেমায়েতউদ্দিনের নিষ্ঠা এবং তার সঙ্গীদের দায়িত্ববোধ আন্তরিকতা ও আনুগত্যের ফলেই সম্ভব হয়েছে। দেশের স্বধীনতা যুদ্ধে এমন একক প্রচেষ্টায় অভ্যন্তরীণভাবে গড়ে উঠা প্রতিষ্ঠানের নজীর বিরল। বাংলাদেশের সরকার এই বীর যোদ্ধার কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরুপ তাঁকে 'বীর বিক্রম' খেতাবে ভূষিত করেন।

ঢাকায় গেরিলা অপারেশন-১

সাক্ষাৎকার* : মোফাজ্জল হোসেন চৌধুরী (মায়া) বীর বিক্রম

মুক্তিযুদ্ধের প্রথম দিকে অর্থাৎ মে মাসের শেষের দিকে আগরতলার এক ক্যাম্পে আমাদের 'কমান্ডো' আক্রমণের কলাকৌশল সম্পর্কে ক্লাশ নিচ্ছিলেন ক্যাপ্টেন হায়দার (পরবর্তীকালে কর্নেল) । ক্লাশ চলাকালে ক্যাম্প পরিদর্শনে এলেন ২নং সেক্টরের কমান্ডার মেজর খালেদ মোশাররফ (পরবর্তীকালে ব্রিগেডিয়ার)। সেখানে তিনি মুক্তিযোদ্ধাদের মনোবলকে দৃঢ় করার জন্য সংক্ষিপ্ত এক জ্বালাময়ী ভাষণ দেন। এরপর তিনি একটি 'সুইসাইড স্কোয়াড' গঠন করেন। সিদ্ধান্ত গ্রহণ করেন। এই স্কোয়াড পাঠানোর মূল উদ্দেশ্য ছিলো ঢাকা শহরে দখলদার সামরিক বাহিনীর মনে আতঙ্ক সৃষ্টি করা, সেই সঙ্গে বিদেশী সাংবাদিক এবং বিদেশী অর্থনৈতিক সাহায্যদাতা সংস্থার লোকজনের মধ্যে এই ধারণা দেয় যে, ঢাকা শহরের কেন্দ্রবিন্দুতেও মুক্তিযোদ্ধাদের তৎপরতা ও আক্রমণ অব্যাহত রয়েছে।

জুনের প্রথমে আমাদের ১৬ জনের দলটি ঢাকার দিকে রওয়ানা দেয়। আমাদের এই ১৬ জনের কাছে জনপ্রতি ৪টি করে গ্রেনেড এবং ২০ পাউন্ড করে বিস্ফারক ছাড়া অন্য কোন অস্ত্র ছিল না। ঢাকা আসার পথে

* 'রোববার' বিজয় দিবস সংখ্যা, ১৯৮১-এ প্রকাশিত জিল্লুর রহিম-রচিত 'ঢাকা শহরে মুক্তিযোদ্ধাদের প্রথম সকল অভিযান' শীষক প্রতিবেদন থেকে সংকলিত।

দলের ৪ জন সদস্য স্বেচ্ছায় বিচ্ছিন্ন হয়ে ফিরে যান। ৬ই জুন আমরা ঢাকা শহরে প্রবেশ করি। ঢাকায় এসে আমরা জানতে পারলাম যে ৯ই জুন হোটেল ইন্টারকন্টিনেন্টালে সামরিক জান্তা এক অনুষ্ঠানের আয়োজন করেছে। প্রিন্স সদরুদ্দিনসহ অর্থনৈতিক সাহায্যদাতা সংস্থার বেশকিছু প্রতিনিধি এবং বিদেশী সাংবাদিক এসেছিলেন। তারা হোটেল ইন্টারকনে ছিলেন। সামরিক জান্তা তাদের ভেতর প্রচার করেছিল যে ঢাকা শহর সম্পূর্ণ শান্ত। দেশের কোথাও মুক্তিযুদ্ধ হচ্ছে না, শুধু সীমান্ত এলাকায় সামান্য গোলমাল ছাড়া। আমরা সেই ধারণা পাল্টানোর জন্য প্রথমে ইন্টারকনে অপারেশন করার সিদ্ধান্ত গ্রহণ করি। অপারেশনের দিন ঠিক করা হয় ৯জুন। কারণ, ঐদিন রাত ৭-৩০ মিনিটে বিদেশী সাংবাদিক ও সাহায্যদাতা সংস্থার প্রতিনিধিদের সম্মানে সামরিক জান্তা নৈশভোজের আয়োজন করে।

অনুষ্ঠান চলাকালীন সময়ে অপারেশন করার সিদ্ধান্ত গ্রহন করে প্রথমে আমরা ইন্টারকনে 'রেকি' করি। আমরা সব সময় 'রেকির' ওপর বিশেষ গুরুত্ব দিতাম। কারণ, অভিযানের সাফল্য শতকরা ৯০ ভাগ নির্ভর করে সঠিক 'রেকি'র ওপর। রেকিতে আমার সঙ্গে ছিলো আলম ও জিয়া। রেকি করার দিন বিকেলবেলা একটি গাড়িতে করে স্বাভাবিক ভঙ্গিতেই আমরা হোটেলের সামনে নেমে ভেতরে যাই। প্রথম আমাদের কাজ ছিলো অপারেশনটা কিভাবে পরিচালনা করা যায় সে সম্পর্কে হোটেলের ভেতরের অবস্থান সম্পর্কে সঠিক ধারণা নেয়া। সিদ্ধান্ত মোতবেক রেষ্টুরেন্টে যাই এবং কিছু খাওয়া-দাওয়ার ছলে আমাদের প্রয়োজনীয় সময় ব্যয় করে ভেতরের সকল অবস্থান সম্পর্কে ওয়াকেবহাল হয়ে ফিরে আসি। শেলটারে ফিরে আমরা দলগতভাবে পুরো ব্যাপারটা নিয়ে পর্যালোচনা করার পর আক্রমণের কৌশল নির্ধারণ করি। আমরা শুধুমাত্র গ্রেনেড ছুড়ে আতঙ্ক সৃষ্টির জন্য ৬ জনের একটি দল যাওয়ার সিদ্ধান্ত নিলাম। অপারেশনের জন্য একান্তভাবে গাড়ির প্রয়োজন, কিন্তু আমাদের কোন গাড়ির ব্যবস্থা ছিলো না।

ইন্টারকনে যেদিন অপারেশন করেছিলাম সেইদিন সন্ধ্যা আনুমানিক ৬-৩০ মিনিটের পর গুলশান থেকে একজন অবাঙ্গালীর একটি গাড়ি জোরপূর্বক সংগ্রহ করা হয়। ঐ গাড়িতেই ৬ জনের 'অপারেশন গ্রুপ' নিয়ে আমরা রওয়ানা হই। বাদল মামা গাড়ি চালাচ্ছিলেন। গাড়ির সামনের সিটে ছিলেন চুলু ভাই ও স্বপন। পেছনে আমি জিয়া ও আলম। হোটেলের সামনের দিকে গাড়ি থামিয়ে আমরা তিনজন নেমে পড়লাম। তখন ইন্টারকনে সামনের দিকটায় উঁচু কয়েকটি গাছ ছিলো। গাড়ি থেকে নেমে সামনের দেয়াল টপকে আমরা ভেতরে প্রবেশের করে অবছা অন্ধকারে গাছের অড়ালে চলে যাই। ঘড়ির কাঁটার সাথে পাল্লা দিয়ে আমাদের সময় অতিবাহিত হচ্ছে। প্রতিটি মুহূর্তে আমরা তীক্ষ্মতার সঙ্গে লক্ষ্য করে হোটেলের মূল প্রবেশ পথে পরপর তিনটি গ্রনেড ছুড়ে ফেলি। গ্রেনেডগুলো বিস্ফোরিত না হওয়া পর্যন্ত আমরা গাছের আড়ালেই দাঁড়িয়ে থাকি। ইতিমধ্যে বিস্ফোরণের শব্দে লোকজনের ছুটোছুটি, চিৎকার শুরু হয়েছে। আমরা দেয়াল টপকে তড়িৎ গতিতে গাড়িতে উঠে পড়ি।

আগের সিদ্ধান্ত অনুযায়ী গাড়ি ঘুরিয়ে আমরা চলে যাই রমনা থানার কাছে জনৈক জামাত নেতার বাড়িতে। সেখানে তখন হানাদার বাহিনীর তাবেদার শান্তি কমিটির লোকজনের এক সম্মেলন চলছিলো। আকস্মিকভাবে আমরা গাড়ি নিয়েই ভেতরে ঢুকে পড়ে পরপর তিনটি গ্রেনেড নিক্ষেপ করে চোখের নিমেষে গাড়ি ঘুড়িয়ে অদৃশ্য হয়ে যাই। সেদিন আমাদের সিদ্ধান্ত ছিলো ইন্টারকনে অপারেশন সফল হলে ঢাকার কয়েকটি গুরুত্বপূর্ণ এলাকায় আক্রমণ করা। তাই রমনা থেকে সোজা চলে যাই 'দৈনিক পাকিস্তান' (দৈনিক বাংলা) ও 'মনিং নিউজ' সংবাদ-পত্র অফিসের সামনে। চলন্ত অবস্থায় সেখানে ২ টি গ্রেনেড নিক্ষেপ করে আমরা পুরানা পল্টনের গলিতে ঢুকে পড়ে সেখানে গাড়ি ফেলে নিরাপদে ফিরে যাই।

ঢাকা শহরের একই দিনে আমরা তিনটি সফল আক্রমণ পরিচালনা করেছিলাম। সেদিনের ঘটনা আজো আমার স্মৃতিতে ভাসে, কারণ, এই আক্রমণ ছিলো ঢাকা শহরের প্রথম সকল গেরিলা অভিযান।

ঢাকায় গেরিলা অপারেশন-২

সাক্ষাৎকার* : এ, মাসুদ (চুলু)

''আগস্টের প্রথম সপ্তাহে ফার্মগেটে আমরা সামরিক বাহিনীর ক্যাম্পে এক সফল গেরিলা আক্রমণ পরিচালনা করেছিলাম। এই অপারেশনের দিনটি আমার কাছে এই জন্য স্মরণীয় যে সেদিনের ঘটনার সবকিছু আজো চোখের সামনে ভাসে। তখন গুলশানে আমাদের 'শেলটার' ছিলো। ফার্মগেটে সামরিক বাহিনীর ক্যাম্প কিছু সিপাইসহ একজন ক্যাম্পেট র‍্যাংকের অফিসার থাকতো। ফার্মগেট দিয়ে চলাচলকারী সকল গাড়ী ও লোকজনকে তারা তল্লাশী করায় আমরা চলাচলে প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছিলাম। তাই এই ক্যাম্প আক্রমণের সিদ্ধান্ত নেয়া হয়। প্রথম রেকি করলাম আমি, মায়া, বদি ও কাজী। রেকির পর সিদ্ধান্ত হলো যে, ক্যাম্প আক্রমণ করতে আমরা সক্ষম হবো। ফার্মগেট আক্রমণের সিদ্ধান্ত নেবার পর দ্বিতীয় দফা রেকির জন্য পাঠানো হলো উলফত ও দুলালকে। প্রথম ও দ্বিতীয় রেকি থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আমরা আক্রমণের কৌশল নির্ধারণ করি।

সামাদ ভাইয়ের তৎকালীন মগবাজরের বাড়িতে আমাদের অপারেশন গ্রুপের অবস্থান ছিলো। অপারেশনের আগে ফার্মগেট সামরিক ক্যাম্পের খুব কাছে একটি বাড়ি থেকে দুলাল টেলিফোনে সামরিক ক্যাম্পের সর্বশেষ তৎপরতা এবং অবস্থান সম্পর্কে আমাদের অবহিত করছিলো। অপারেশনে আমারা দুটো গাড়ি ব্যবহার করেছিলাম। অপারেশনের গাড়িটি ছিলো সামাদ ভাইয়ের, চালাচ্ছিলেন সামাদ ভাই নিজেই। তাঁর সঙ্গে ছিলো আলম, কাজী, পুলু, উলফত ও বদি। সামাদ ভাইয়ের গাড়ি চালনার ভেতর সেদিন যেন যাদুর স্পর্শ ছিলো। সে এক অকল্পনীয় কৌশল। আমি পেছনে কভার গাড়িতে ছিলাম। আমার সঙ্গে ছিলো গাজী দস্তগীর, জিয়া ও আনু। এখন যেখানে ফার্মগেট ওভারব্রীজ সেখানে রাস্তার দু'পাশে সামরিক বাহিনীর কড়া পাহারা ছিলো। অপারেশনের জন্য আমরা ত্বরিত কৌশল গ্রহণ করেছিলাম।

সন্ধ্যা হয়ে আসছে, এমন সময় অপারেশন স্থলে পৌঁছে লক্ষ্য করলাম সেনাবাহিনীর কয়েকজন লোক টুলের ওপর বসে গল্প করছে ও কয়েকজন দাঁড়িয়ে রয়েছে। আমদের উদ্দেশ্য ছিলো, আকস্কিক আক্রমণ পরিচালনা করা যাতে হানাদার বাহিনীর মনোবল ভেঙ্গে পড়ে। প্রথমেই ২ টি এস-এমজি দিয়ে আলম ও পুলু দু'দিকে গার্ড দুজনকে বুলেটবিদ্ধ করে গাড়ি থেকে নেমে ক্যাম্পের ভেতর ব্রাশ ফায়ার শুরু করে। এই ত্বরিত আক্রমণে পাকসেনারা হতভম্ব হয়ে যায়। আতঙ্কে তাদের ছুটোছুটিতে এক বিশৃঙ্খলা অবস্থার সৃষ্টি হওয়ায় পাল্টা আক্রমণের সুযোগ নিতে তারা সক্ষম হয়নি। এরই ভেতর সামাদ ভাই গাড়িটাকে দাঁড়ানো অবস্থায় রাস্তার সেই স্বল্প পরিসর জায়গায় মুহূর্তের ভেতর এমনভবে ঘুরিয়ে নিলেন যা আমার কাছে আজো বিস্ময়কর- অলৌকিক মনে হয়। গাড়িটাকে তিনি এমনভাবে ঘুরিয়েছিলেন ঠিক যেন ডিগবাজির মতো। এই অস্বাভাবিক গাড়ি ঘুরানোর সাথে সাথেই আলম ও পুলু গাড়িতে উঠে পড়ে এবং গাড়ি থেকে পাকবাহিনীল প্রধান ক্যাম্প লক্ষ্য করে গ্রেনেড নিক্ষেপ করা হয়। সফল আক্রমণ পরিচালনা করে চোখের পলকে সামাদ ভাইয়ের গাড়ি অদৃশ্য হয়ে যায়। সামাদ ভাই নিরাপদে আগের সিদ্ধান্ত অনুযায়ী মতিঝিলের নাভানা ওয়ার্কশপে পৌঁছে জামান ভাই ও আনোয়ার ভাইয়ের হেফাজতে আর্মসসহ গাড়ি রেখে ফিরে যান বাড়িতে। কভার গাড়ি নিয়ে আমরা গুলশানের শেলটারে পৌঁছাই। পরে জানতে পেরেছিলাম এই অপারেশনে ১ জন অফিসারসহ ১৭ জন পাকসেনা নিহত হয়েছিলো।

ঢাকায় গেরিলা অপারেশন-৩

সাক্ষাৎকার* : আবদুস সামাদ, বিপি

একাত্তরের মার্চে আমার বাসা ছিল ৪১৫ নিউ ইস্কাটন রোড়ে, এখন চীনা দূতাবাস অবস্থিত ঠিক তার পাশে। ঢাকা নিওন সাইন নামে একটি ছোট লাইটিং কারখানা ছিল আমার। ঢাকার বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান,

---

* সূত্র পূর্বোক্ত।
* স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প কর্তৃক ৫-৬-৮৩ তারিখে গৃহীত।

ব্যাংক ইত্যাদিতে প্লাস্টিক সাইন সরবরাহ হতো আমার কারখানা থেকে। সে সময় যেহেতু ঢাকায় বড় বড় ব্যবসা প্রতিষ্ঠান, ব্যাংক প্রভৃতির কর্মকর্তাদের অধিকাংশই ছিল অবাঙ্গালী, সেহেতু তাদের সাথে আমার ব্যবসায়িক যোগাযোগের সুবাদে আমি পাঞ্জাবী ও উর্দু ভাষাটা ভালোই শিখেছিলাম। এটা ঢাকায় গেরিলাযুদ্ধ পরিচালনা কালে আমার পক্ষে অনুকূল হয়েছিল। অনর্গল উর্দু ও পাঞ্জাবী ভাষা বলতে পারার কারণে ঊর্ধ্বতন কর্মকর্তাস্থানীয় কোনও অবাঙ্গালী আমাকে ঢাকায় গেরিলাযুদ্ধের একজন সংগঠক বা সহায়তাকারীরূপে সন্দেহ করতে পারেনি।

যা হোক, ২৫ মার্চ সন্ধ্যে থেকে যখন সমস্ত শহরের পরিস্থিতি ক্রমেই থমথমে হয়ে উঠছিল এবং পাকিস্তানী সামরিক কার্যক্রমের আসন্নতা যখন ক্রমেই স্পষ্ট হয়ে উঠছিল তখন আমার কারখানার কিছুসংখ্যক কর্মী এবং আমার বাড়ির পার্শ্ববর্তী আলী ডেকরেটরের আরও কিছু লোকজন মিলে নিউ ইস্কাটন রোডের কিছু জায়পায় গর্ত করা শুরু করে এবং দিলুরোডসহ আশেপাশের এলাকায় বহু ঠেলাগাড়ি জমা করে ব্যারিকেড সৃষ্টি করে যেন পাকবাহিনী এই পথ দিয়ে অগ্রসর হতে না পারে। আমাদের আশংকা বাস্তবে রূপ নিতে বেশী দেরী হল না। রাতের মধ্যেই বাংলা মোটর (তৎকালীন পাকমোটর) হয়ে নিউ ইস্কাটন রোড ধরে পাকবাহিনীর সামরিক যানগুলি এগিয়ে এলো। মনে আছে, সামনের যে জীপগুলি ছিল, সেগুলির বাতি ছিল হলুদ রঙের। গাড়িগুলি আমাদের তৈরী ব্যারিকেডের সম্মুখীন হতেই প্রচন্ড ফায়ারিং শুরু হয়ে গেল। ফায়ারিংয়ের মুখে রাস্তাঘাট মুহূর্তেই ফাঁকা হয়ে গেল। আমরাও আত্মরক্ষার্থে বাসার ভেতরে আশ্রয় নিলাম। উন্মত্ত গাড়িগুলি ব্যারিকেড চুরমার করে মৌচাক হয়ে রাজারবাগের দিকে ছুটে যায়। রাজারবাগ পুলিশ লাইন আক্রমণ করতে পাকিস্তানী সামরিক যান এই নিউ ইস্কাটন রোডই ব্যবহার করেছিল।

ঢাকা শহর পাক কবলিত হওয়ার পর এপ্রিলের শেষের দিকে আমার বিশিষ্ট বন্ধু তৎকালীন পাকিস্তান বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট হামিদুল্লাহ খানের- যিনি পরে ১১নং সেক্টর অধিনায়ক কর্নেল তাহের আহত হওয়ার পর ঐ সেক্টরের দায়িত্ব নিয়েছিলেন, সাথে তাঁর ধানমন্ডির বাড়িতে একদিন দেখা হয়। তিনি তখন পাক বিমানবাহিনী থেকে ডিফেক্ট করার কথা ভাবছিলেন, কিন্তু ঠিক উপায় খুঁজে পাচ্ছিলেন না। আমি তার পরিবারের নিরাপত্তার দায়িত্ব গ্রহণে সম্মত হলে তিনি আগরতলা চলে গিয়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যোগ দেন। এ ব্যাপারে আমি যোগাযোগে সাহায্য করি।

এ সময় আমি বাংলাদেশের বিভিন্ন স্থানে গেরিলা ট্রেনিং চলার কথা শুনতে পাই, এবং কোনও গেরিলা দলের খোঁজ পাই কিনা তার জন্য অনুসন্ধান চালাতে থাকি। এই অবস্থার মধ্যে আমার বাড়ির নিকটের প্রতিবেশী পাকিস্তান রেডিও-এর একজন কর্মচারী হাফিজ ভাইয়ের বাসায় হঠাৎ একটি ছেলের মুখে মুজিবনগর এলাকায় জোর গেরিলা ট্রেনিং চলার কথা শুনতে পাই। আরও শুনতে পাই যে, অতি শীঘ্রই ভারত থেকে ঢাকা শহরের অভ্যন্তরে গেরিলা তৎপরতা চালানোর জন্য প্রশিক্ষণপ্রাপ্ত গেরিলা দল পাঠানো হবে। খবর শুনে আমি উৎফুল্ল হয়ে উঠি এবং সত্যি সত্যি এরূপ গেরিলা দল এলে আমি তাদের সর্মতোভাবে সাহায্য করার আগ্রহ প্রকাশ করি। ছেলেটি তার নিজের আইডেন্টিটি গোপন রেখে শীঘ্রই একজন গেরিলা যোদ্ধাকে আমার কাছে পাঠানোর প্রতিশ্রুতি দেয়। এর সপ্তাহ দু'য়েক পরেই হঠাৎ এক সকালে আমার বাড়ির পেছনের গেট দিয়ে একটি ছেলে এসে হাজির। সে এসে দ্বিধাজড়িত কণ্ঠে আমার খোঁজ করতেই আমি তার কাছে আমার পরিচয় দিলাম এবং তাকে নিয়ে এসে আমার ড্রয়িংরুমে বসালাম। আমি গেরিলাদের যুদ্ধে সাহায্যদানে ইচ্ছুক কিনা সরাসরি জানতে চাইলে আমি তাকে আমার পূর্ণ সম্মতি জ্ঞাপন করি। নিশ্চিন্ত হয়ে সে তখন গাজী দস্তগীর বলে নিজের পরিচয় দেয় এবং খুব শীঘ্রই সে এ ব্যাপারে যোগাযোগ করবে বলে আমাকে জানায়। ঢাকায় গেরিলাদলের সাথে এ ভাবেই আমার প্রাথমিক যোগাযোগ গড়ে ওঠে, এবং আমি তাদের কিভাবে সাহায্য-সহায়তা করতে পারি সেসর্ম্পকে চিন্তা করতে শুরু করি। আমার কিছু পূর্ব সামরিক জ্ঞান ছিল এবং বেশকিছু সামরিক অফিসারের সাথে আমার বন্ধুত্ব ছিল। ভেতরে দেশপ্রেম কাজ করছিল, তারই প্রেরণায় আধুনিক সমরাস্ত্র সজ্জিত একটি হৃদয়হীন শক্তির মুখে সামরিক ছাউনি পরিবেষ্টিত ঢাকা শহরের জনগোষ্ঠীর মধ্যে প্রতিরোধের শিখা জ্বালাতে আমি আমার

সামান্য সীমিত শক্তি নিয়োগে সংকল্পবদ্ধ হই। এটা সুবিদিত যে, গেরিলারা জনবিছিন্নভাবে কোনো কাজ করতে পারে না। গণসমর্থন তাদের কাজের অপরিহার্য প্রাথমিক শর্ত। সে জন্য আমি প্রথম যে কাজটি করেছিলাম সেটা ছিল ঢাকায় আগত প্রথম গেরিলাদের জন্য শেলটারের ব্যবস্থা করা।

গাজী দস্তগীরের সাথে আলাপের কয়েকদিন পরই সে কয়েকজন ছেলেকে নিয়ে আমার বাসায় চলে আসে। এরা ছিল ২ নং সেক্টরের মেলাঘর, নির্ভয়পুর প্রভৃতি স্থানে আধুনিক গেরিলা যুদ্ধের ট্রেনিংপ্রাপ্ত। এদের মধ্যে যাদের নাম এখনো আমার স্মৃতিপটে উজ্জ্বল তারা হচ্ছেন মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া (মায়া ক্র্যাক প্লাটুনের দায়িত্বপ্রাপ্ত), উলফত, জুয়েল এবং আরো দু'টি ছেলে যাদের নাম এখন আমার স্মরণে নেই। গাজী দস্তগীর এদের সবাইকে একে একে আমার সাথে পরিচয় করিয়ে দিয়ে জানায় যে, তারা বাংলাদেশের অভ্যন্তরে গেরিলা যুদ্ধের উপযোগী অস্ত্রশস্ত্র সঙ্গে করে এনেছে। তখন গেরিলাদের ঢাকা প্রবেশের রাস্তা ছিল দু'টি- একটি বিবিরবাজার-কুমিল্লা হয়ে, অপরটি মীরপুরের নদীপথে মালিবাগ পর্যন্ত। গেরিলারা আমাকে জানালো, যে অস্ত্রশস্ত্র আনা হয়েছে সেগুলি তারা মালিবাগের একটি বাসায় রেখে এসেছে, রাস্তায় রাস্তায় পাকবাহিনীর জোর তল্লাশী চলায় সেগুলো তারা আমার বাসা পর্যন্ত আনতে সাহস পায়নি। অস্ত্রগুলি দু'টি বস্তায় ভর্তি। একটিতে ছিল কয়েকটি স্টেনগান, চাইনিজ রাইফেল, বুলেট ইত্যাদি। অপরটিতে ছিল, যাকে বলা হয় প্লাস্টিক এক্সপ্লোসিভ, অনেকটা গোলানো ময়দার মতো দেখতে, প্লাস্টিকের থলিতে ভর্তি। এ ছাড়া ছিল বিস্ফোরণ ঘটানোর অন্যান্য যাবতীয় প্রয়োজনীয় সামগ্রী।

গেরিলারা অস্ত্রগুলি নিরাপদে রাখার ব্যাপারে স্বতঃই চিন্তিত হয়ে পড়েছিল। আমি তাদের এ ব্যাপারে আশ্বাস দিই, গাজী দস্তগীরের পরিচিত দু'টি ছেলেসহ আমার নিজের টয়োটা করোলা গাড়ি নিয়ে মালিবাগের সে বাসায় চলে যাই এবং বস্তাভর্তি অস্ত্রগুলি নিয়ে আসি এবং আমার অফিসের স্টীলের আলমারি খালি করে তাতে সেগুলি সংরক্ষণের ব্যবস্থা করি। দলে তখন আমরা ছিলাম মোট ৭ জন। আমাদের স্বাধীনতাকে ছিনিয়ে আনতেই হবে, এই ছিল প্রতিজ্ঞা।

এভাবেই প্রথমে প্রশিক্ষিত জনে ও অস্ত্রে গেরিলা অপারেশনোপযোগী তৎপরতার প্রাথমিক ভিত্তি রচিত হবার পরই ঢাকায় আলোড়ন সৃষ্টিকারী গেরিলা যুদ্ধের সূচনা ঘটে। গেরিলাদের আনা অস্ত্রগুলি সম্বন্ধে আমার পূর্বধারণা বিশেষ কিছু ছিল না। তাই আমার বাসায় নিয়ে আসার পর আমরা সেগুলির ব্যবহার সম্পর্কে প্রাথমিকভাবে প্রশিক্ষণ গ্রহণ করি। আমার কাছে সবচেয়ে মারাত্মক ঠেকেছিল এক্সপ্লোসিভগুলি, সেগুলি ছুঁয়ে দেখতে সাহসে কুলোচ্ছিল না, ছিল টাইম পেন্সিল বোম, ইগনেটিং অয়ার, ডেটোনেটর ইত্যাদি বিধ্বংসী ধরনের নানা ডিভাইস।

অস্ত্রগুলি আনার পরদিনও আমরা সেগুলি নানাভাবে পরীক্ষা-নিরীক্ষা করে দেখি। তারপর উলফত, মায়া, জুয়েল আমরা সবাই মিলে কিভাবে কোথায় অপারেশন চালানো যাবে এ নিয়ে পরিকল্পনা করি। মায়াকে ২ নং সেক্টর থেকে এই দলের দায়িত্ব দিয়ে পাঠানো হয়েছিল, এবং সেই জন্য তার দল পরিচিত ছিল মায়া ক্র্যাক প্লাটুন বলে। ঢাকা শহরে আমার বিশেষ অবস্থানগত কারণে- যা আমি পূর্বেই উল্লেখ করেছি, মায়া পরিকল্পিত অপারেশনগুলিতে স্থানীয়ভাবে আমার নেতৃত্ব ভূমিকা কামনা করে এবং আমি তার আগস্ট মাসে পাক সামরিক জান্তার হাতে ধরা পড়ার পূর্বমুহূর্তে পর্যন্ত সানন্দে পালন করেছিলাম। গেরিলাদের ঢাকায় নিজ বাসগৃহে থাকার সমূহ অসুবিধা ছিল। গেরিলা যুদ্ধের জন্য অত্যাবশ্যক গণভিত্তি হিসাবে আমি তাদের নিরাপদ শেলটারের ব্যবস্থা করেছিলাম, তাদের খাদ্য ও প্রয়োজনীয় পোশাক পরিচ্ছদ সরবরাহ করেছিলাম- সমস্তই এককভাবে এবং তাদের অপারেশন সংগঠন ও পরিচালনায় সাহায্য করেছিলাম প্রত্যক্ষভাবে।

২ নং সেক্টরের অধিনায়ক তৎকালীন মেজর খালেদ মোশাররফ এবং গেরিলা প্রশিক্ষক মেজর, এ, টি এম হায়দার প্রায়শঃই গোপনে কুরিয়ার মারফৎ আমাকে চিঠিপত্র পাঠাতেন ঢাকায় গেরিলা যুদ্ধ পরিচালনা এবং গেরিলাদের নিরাপত্তা বিধানের জন্য। এক পর্যায়ে মুজিবনগর থেকে জেনারেল এম, এ, জি ওসমানীরও নির্দেশ সম্বলিত চিঠি পেয়েছিলাম।

ঢাকায় পরিকল্পিত গেরিলা অপারেশন চলাকালীন সময়ে আমরা দ্বিতীয় দফা আরও কিছু অস্ত্রশস্ত্র পাই। এগুলো ছিল বিশেষ ধরনের এবং গেরিলাদের ভাষায় ছিল ঢাকা শহরকে কাঁপিয়ে তোলার মতো। অস্ত্রগুলি এসে পৌঁছেছিল স্বামীবাগের পুরনো একতলা একটি বাসায়, সেগুলি ছিল বয়স্কা এক মহিলার হেফাজতে। আমি দু'জন গেরিলা যোদ্ধাকে সঙ্গে নিয়ে অস্ত্রগুলো আনতে যাই। গেরিলা দু'জন উক্ত মহিলার পরিচিত থাকায় তিনি সন্দেহমুক্ত হয়ে দ্রুত অস্ত্রগুলো আমার হাতে তুলে দেন। একটি সুটকেসে ও একটি বস্তায় সেগুলি ভর্তি ছিল। অস্ত্রগুলো বেশ ভারী থাকায় সুটকেসের তলা ফেটে গিয়েছিল, এ নিয়ে মহিলা বেশ দুশ্চিন্তায় ছিলেন। অস্ত্রগুলি নিয়ে আমরা দ্বিতীয় দফা পরীক্ষা-নিরীক্ষা চালাই, এবং সেটি আমার অফিসেই। খোদ ঢাকা শহরই ছিল আমাদের এরিয়া অব গেরিলা অপারেশন, অস্ত্র প্রয়োগের কলাকৌশল রপ্ত করারও গোপন কেন্দ্র ছিল আমার প্লাস্টিক নিওন সাইন কারখানা ছোট্ট অফিসগৃহে- কারখানার ভারী ভারী হাতুড়ি, শাবল, কোদাল সমবায়ে লোহার কাজকর্মের দৈনন্দিন ধাতব শব্দরাজির আড়ালে। এসব নতুন পরীক্ষিত অস্ত্রগুলির মধ্যে ছিল বেশকিছু হ্যান্ড গ্রেনেড, ফসফরাস গ্রেনেড, এম-কে ১৪ মাইন, এম-কে ১৬ মাইন এবং ১৬ মাইনের ক্যাবলসহ একখানা রীল।

উল্লেখ্য, আমাদের গেরিলা তৎপরতার মান ক্রমশঃ যতই উন্নত হয়ে উঠছিল ততই আমরা সেক্টর কমান্ডারদের নির্দেশ সমেত অনেক নতুন নতুন অস্ত্রও পাচ্ছিলাম। এ প্রসঙ্গে একজন অত্যন্ত সাহসী গেরিলা- আবু বকরের নাম মনে পড়ছে, গুলশান ২য় মার্কেটের পেছনে তার বাসা ছিল। সে মাঝে মাঝেই প্রচুর অস্ত্রশস্ত্র নিয়ে আসতো এবং তার মারফত আরও কয়েকজন তরুণ গেরিলার সাথে আমার পরিচয় হয়েছিল, যাদের মধ্যে দু'জন স্বৈরাচারী আইয়ুব আমলের পূর্ব পাকিস্তানের গভর্নর আব্দুল মোনেম খানের সাড়াজাগানো হত্যাকান্ড সম্পন্ন করেছিল। এরা ছিল খুবই স্মার্ট এবং সুপ্রশিক্ষণপ্রাপ্ত। বিশেষ করে আবু বকরের পায়ের আড়ালে প্লাস্টিকে মোড়ানো ভাঁজ করা স্টেন বহনের কৌশল ছিল খুবই চমকপ্রদ। চেকিংয়ে দেহতল্লাশীর সময় তার হদিসই মিলত না। মাহবুব সালাম ও নীলুর গুলশানের বাসায়ও এক্সপ্লোসিভ রাখা হতো। নীলু ও শাহজাহান নামের একটি ছেলে দু'টো অপারেশন করেছিল, যদিও তা সফল হয়নি। এরা ছিল আমার রিক্রুট। এদের অপারেশনে আমি নিজেও জড়িত ছিলাম।

অপারেশনকালে আমাদের সাথে আরও কিছু ছেলে যোগ দেয়। তাদের মধ্যে মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) আমজাদ আহমেদ চৌধুরীর ছোট ভাই আনোয়ার চৌধুরী ছিল অন্যতম। মিঃ জামানের নাভানা ওয়ার্কশপে গোপনে তাদের সাথে আমার যোগাযোগ ঘটে। আনোয়ার চৌধুরী অপারেশনে বিশেষ করে গাড়ির ব্যবস্থা করার ব্যাপারে বিশেষভাবে সহায়তা করেছিল।

দেশে স্বাভাবিক অবস্থা বিরাজ করছে, বিশ্ববাসীর কাছে দখলদার বাহিনীর এই দাবী চূর্ণ করার উদ্দেশ্যে আমরা প্রথম প্রচেষ্টা নিই ঢাকা শহরে সন্ত্রাস সৃষ্টির। সংশ্লিষ্ট সেক্টর কমান্ডারদেরও নির্দেশ ছিল এটা। এ ব্যাপারে যা কিছু প্লান প্রোগ্রাম তার সবই হতো আমার বাসার ড্রয়িং রুমে। সন্ধ্যার অন্ধকার ছিল আমাদের অপারেশনগুলি উপযুক্ত সময়। অপারেশনগুলি ছিল কমান্ডার খালেদ মোশাররফের ভাষায়ঃ 'সিটি টেররাইজিং অপারেশনস' ।

মুক্তিবাহিনীর সুদৃপ্ত অস্তিত্ব ঘোষণার জন্য আমরা মোহাম্মদপুরের অবাঙ্গালী অধ্যুষিত এলাকা থেকেই প্রথম যাত্রা শুরু করি। বিশ্বস্ত বাহন আমার টয়োটা করোলা, দলে হাফিজ ভাই, উলফত, গাজী বাপী এবং আমি। আগস্টের দিকে ঘটনা। আমরা যখন আইয়ুব (বর্তমানে আসাদ) গেটের কাছাকাছি, তখন মীরপুরের দিক থেকে একটি আর্মি কনভয় আসছিল। আমরা সেটা লক্ষ্য করি। আমাদের সাথে কিছু এম-কে মাইন-১৪ ছিল। পেট্রোল নেবার ছল করে কাছের পেট্রোল পাম্পে গাড়ি থামাই, এরই মধ্যে উলফত রাস্তায় খুব দ্রুত ক'টি মাইন পেতে দিল, কনভয় এগিয়ে আসার আগেই। কনভয়ের প্রথম দুটো গাড়ি নির্বিবাদেই পার হয়ে গেল, পরের গাড়ির বেলায় ঘটল পরম আকাঙ্খিত বিস্ফোরণটি। মাইনের আঘাতে গাড়ির চাকা প্রচন্ড শব্দে বার্স্ট হয়ে গেল, চারিদিক নড়ে উঠল। আমরা ততোক্ষণে হাওয়া।

আসাদ গেটে সন্ত্রাসের কান্ডটি ঘটিয়ে ঐদিনই শিকার খুঁজতে টয়োটা করোলা চলে আসে হাইকোর্ট-ময়মনসিংহ রোড ক্রসিং-এর ট্রাফিক রাউন্ডে- এখন যেখানে স্বাধীনতা উত্তর শিল্পকীর্তি জোড়া দোয়েল ডানা বিস্তার করে আছে। সেখানে বাপী আর উলফতের পাতা মাইনের শিকার হয় অবাঙ্গালী যাত্রীবাহী এক ডবল ডেকার বাস। এর পরদিন নর্থ-সাউথ রোডের ওপর চাংওয়াতে অপারেশনের প্ল্যান নেওয়া হয়। কিন্তু হঠাৎ করে আর্মি চলে আসাতে অপারেশন হলো না। তবে রাস্তার উল্টো পাশে রাখা আর্মি অফিসারের জীপের চাকার নিচে এম-কে ১৪ মাইন রেখে আমরা দ্রুত সরে পড়ি। গাড়িতে ছিলাম আমরা মোট ৪ জন। স্টীয়ারিংয়ে আমি, বাকী ৩ জন ছিল উলফত, হাফিজ ও বাপী। আমরা সরে পড়ার আধ ঘন্টার মধ্যে প্লাস্টিক মাইন দারুণ আওয়াজে ফেটে গিয়ে জীপ দু'টির চাকা বিধ্বস্ত হয়।

এভাবে আরো বেশ কিছু গেরিলা অপারেশন আমরা করি। এগুলি ছিল গ্যানিজ ও ভোগ ফ্যাশন বিপনিকেন্দ্র অপারেশন, গ্রীন রোডের মোড়ে পেট্রোল পাম্প অপারেশন- যাতে সায়েন্স ল্যাবরেটরীর রাস্তায় হাফিজের (পরবর্তী কালে শহীদ) বসানো এম-কে ১৬ মাইনের তোড়ে খানসেনাসহ একটি মিলিটারী জীপ উড়ে গিয়েছিল, কমলাপুর স্টেশন অপারেশন, টয়েনবি সার্কুলার রোডস্থ গভর্নর হাউসের পার্শ্ববর্তী পি-এন-ও (পাকিস্তান ন্যাশনাল ওয়েল বা দাউদ পেট্রোলিয়াম লিঃ) পেট্রোল পাম্প অপারেশন ইত্যাদি। মায়া ক্র্যাক প্লাটুনের এসব অভিযানে অংশ নিয়েছিল (গ্যানিজ ও ভোগ-এর অপারেশনে) মায়া, মানু এবং গাজী দস্তগীর। এরা একটি ৯০ সিসি হোন্ডায় চেপে অপারেশনে যায়। সাথে ছিল একটি স্টেন, গোটা কয়েক গ্রেনেড-৩৬ ও ফসফরাস বোমা। কভারে ছিলাম টয়োটাতে চেপে আমি (সামাদ) উলফত ও জুয়েল (পরবর্তীকালে শহীদ)। পি-এনও পেট্রোল পাম্প অভিযানটি হয়েছিল একটু ভিন্ন কায়দায়। মুক্তিবাহিনীর গেরিলারা এখানে হানা দিয়েছিল কালো মুখোশ পরে, শুধু চোখ দুটো বের করে রেখে। মুখোশগুলো সেলাই করে দিয়েছিলেন আমার স্ত্রী শাহীন বানু। পাম্পের অবাঙ্গালী কর্মচারীর 'ফ্যান্টোমাস আগেয়া' বলে আর্ত চীৎকার করে পালিয়ে যায়। গেরিলা দল ১০ পাউন্ড পিকে চার্জ লাগিয়ে প্রচন্ড বিস্ফোরণ ঘটায় অপারেশনের স্টেন হাতে ছিল গাজী দস্তগীর ও টুলু। পাম্প অফিস ঘরের পাহারায় ছিল নীলু। বিস্ফোরক চার্জ বসিয়েছিল মায়া। গাড়ির ড্রাইভিংয়ে ছিলাম আমি। এই ভক্স ওয়াগান গাড়িটি ছিল এয়ার ভাইস-মার্শাল (তৎকালীন উইং কমান্ডার), কে, এম, আমিনুল ইসলামের। তিনি মুক্তিযুদ্ধে সীমান্ত অতিক্রমের পূর্বে এই গাড়ি ও তার নিজের পিস্তলটি আমাকে দিয়ে গিয়েছিলেন। এই গাড়িটি পাওয়ার স্টেশনসহ ঢাকার বিভিন্ন অপারেশনে আমাদের প্রভূত কাজে এসেছিল।

কমলাপুর রেল স্টেশনের অপারেশনটি ছিল আমার, মায়া, দস্তগীর- সম্মিলিতভাবে এই তিনজনের একটি গ্রেনেড থ্রো-এর অপারেশন। গ্রেনেড দুটি ছিল আমার গাড়ির ডেস্ক বোর্ডে দুটি বৈদ্যুতিক বাল্বের মোড়কে ঢাকা, যাতে চেকিংয়ে পড়লে খানসেনাদের দৃষ্টিকে তা সহজেই প্রতারিত করতে পারে। প্রয়োজনীয় কভার দেওয়ার জন্য আমার গাড়ির পেছনের বনেটে বানানো, ঠিক সীটের মতো দেখতে, একটি চোরা পকেটে রাখতাম সর্ব সময়ের দুটো স্টেনগান।

আমাদের এই অপারেশনগুলির উদ্দেশ্য ছিল হানাদার বাহিনী অধিকৃত খোদ ঢাকা নগরীতেই যে স্বাভাবিক অবস্থা আদৌ বিরাজ করছে না তা বিশ্বকে জানিয়ে দেয়া। আমরা এই প্রাথমিক উদ্দেশ্যে সফল হয়েছিলাম এবং আমাদের এই দুর্ধর্ষ অভিযানসমূহের প্রত্যক্ষ ফলশ্রুতিতে অপরাহ্নকাল অতিক্রান্ত হতে না হতেই ঢাকা শহর জনশূন্য হয়ে পড়া ছিল তখনকার দিনে প্রায় রোজকার অবস্থা। তবে আমাদের যা কিছু অপারেশন হয়েছিল, তা হয়েছিল নতুন ঢাকা এলাকাতেই, পুরনো ঢাকায় আমাদের কার্যক্রমকে সম্প্রসারিত করতে পারিনি।

অপারেশনের সমস্ত খবর আমি স্বহস্তে লিপিবদ্ধ করে সেক্টরে পাঠিয়ে দিতাম। আমাদের এই প্রাথমিক গেরিলা মিশনগুলি সাফল্যের পরবর্তী পর্যায়ে মেজর অপারেশন চালানোর নির্দেশ পেতে থাকি। এই সময় আমরা জেনারেল ওসমানীর একখানি চিঠি পাই। তাঁর চিঠিতে ছিল অপারেশনের জন্য রেকি করা, অবজেকটিভ বা টার্গেট স্থির করা, এসকেপ রুট ঠিক রাখা এবং বিভিন্ন স্থানে নিরাপদ আশ্রয়স্থল খুঁজে বের করা সংক্রান্ত মূল্যবান পরামর্শ।

প্রাথমিক অভিযানগুলির সাফল্য আমাদের আরবান গেরিলা কার্যক্রমকে আরও বিকশিত করে তুলতে থাকে এবং উন্নত ফায়ার পাওয়ারসজ্জিত একটি আধুনিক সেনাবাহিনীকে চ্যালেঞ্জ করার মতো অবস্থায় এনে দাঁড় করায়। আমাদের গেরিলা দলে ক্রমেই আরো নতুন প্রশিক্ষণপ্রাপ্ত ছেলেরা আসতে শুরু করে। এদের মধ্যে বদি (বদিউল আলম), আলম, স্বপনের কথা মনে পড়ছে। জন সমর্থনের ক্ষেত্রেও ক্রমশঃ প্রসারিত হতে শুরু করে। উলফতের চাচা সাংবাদিক আতাউস সামাদ, ফ্লাইট লেঃ হামিদুল্লাহকে সীমান্ত অতিক্রমে সাহায্যকারী পরিবারের টিকাটুলী হাটখোলার শাহাদাত চৌধুরী (বর্তমানে সাপ্তাহিক 'বিচিত্রার' ভারপ্রাপ্ত সম্পাদক) তার ছোট ভাই ফতে আলী, এবং তাদের কনিষ্ঠ আরেক ডাক্তার ভ্রাতা আমাদের সাহায্যে এগিয়ে আসেন। হাফিজ ভাইয়ের বাসায় আলতাফ মাহমুদের যাতায়াত ছিল, গেরিলা তৎপরতায় তাঁর সক্রিয় সমর্থন ছিল। সমস্ত অস্ত্রশস্ত্র এক জায়গায় থাকলে সহসা তা জানাজানির পর যদি পুরো সম্ভারই শত্রুদের হাতে পড়ে যায় এই আশংকায় আলতাফ মাহমুদ সেগুলি বিভিন্ন স্থানে রাখার পরামর্শ দেন এবং তাঁর নিজের বাসায়ও তার কিছু নিয়ে রাখেন। গেরিলাদের সাথে তাঁর এই সংযোগ ও তাঁর বাসায় রক্ষিত এই অস্ত্র পাওয়ার জন্য পাকবাহিনী তাকে ক্যান্টনমেন্টে ধরে নিয়ে যায় এবং অকথ্য নির্যাতন করে বাংলাদেশের এই প্রখ্যাত সুরকারকে হত্যা করে।

গেরিলা কর্মকান্ডের ক্রম বিস্তৃতিতের পরবর্তী ধাপে মায়া ক্র্যাক প্লাটুন যে অপারেশনগুলি পরিকল্পনা গ্রহণ করে বিশেষভাবে সেগুলি ছিল (১) ফার্মগেট অপারেশন (২) দুঃসাহসিক উলান পাওয়ার স্টেশন অপারেশন (৩) গুলবাগ পাওয়ার স্টেশন অপারেশন (৪) ওয়াপদা পাওয়ার হাউস রেইড (৫) কাঁটাবন মসজিদের উত্তর পার্শ্বস্থ বৈদ্যুতিক স্টেশনে হামলা (৬) হোটেল ইন্টারকনের বিস্ফোরণ ইত্যাদি।

এ ছাড়া, এনারগা রকটে যোগে এমপি হোস্টেল আক্রমণও ছিল এই পর্যায়ের একটি উল্লেখযোগ্য ঘটনা যাতে ব্রিগেডিয়ার বশরি, লেঃ কর্নেল হেজাজীর মতো পাকিস্তানী সামরিক অফিসাররাও ভয়ে আধমরা হয়ে গিয়েছিল। এম-কে ১৬ মাইন সংস্থাপন করে রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টির প্রয়াসও এই সময়ের ব্যাপর। এগুলি সবই ছিল জুলাই-আগষ্ট মাসের ঘটনা।

ফার্মগেট অপারেশন চালিয়েছিল মোট ৬ জন গেরিলা- আমি (ড্রাইভিংয়ে) জুয়েল, বদিউজ্জামান, আলম, পুলু ও স্বপন। অস্ত্রশস্ত্রের মধ্যে ছিল আলমের হাতে একটি চাইনীজ এস, এম জি, বাকী সবাইয়ের হাতে স্টেনগান। একটি ফসফরাস গ্রেনেড ও একটি গ্রেনেড-৩৬ জুয়েল ও পুলুর হাতে। অপারেশনটি মাত্র তিন মিনিটেরও কম সময়ের মধ্যে সম্পন্ন হয়। অবশ্য তার পূর্বে কয়েক দফা রেকি করে অভিযানের পরিকল্পনা স্থির করা হয়। এ অপারেশনে মারা গিয়েছিল হানাদার বাহিনীর ৫ জন মিলিটারী পুলিশ ও তাদের সহযোগী ৬ জন রাজাকার। ঢাকা সেনানিবাস, অপারেশন হেড কোয়ার্টার, এম পি এ হোস্টেল এবং তৎকালীন দ্বিতীয় রাজধানী (বর্তমানে শেরে-বাংলা নগর) এলাকার কাছাকাছি ফার্মগেটে খান সেনাদের একটি বড় ধরনের কড়া চেকপোষ্টের ওপর গেরিলাদের এই দুঃসাহসিক হামলা বিশেষ চাঞ্চল্যের সৃষ্টি করেছিল। উলান অপারেশনেও এমনি ইমপ্যাক্ট সৃষ্টি হয়েছিল। এটি ছিল জুলাইয়ের শেষ পক্ষের ঘটনা। অপারেশনটি সংঘটিত হয় গাজী দস্তগীরের নেতৃত্ব। দলে ছিল জিয়া, নীলু, হাফিজ এবং অন্যান্য আরো কয়েকজন। এরা ক্ষিপ্রতার সাথে পাওয়ার স্টেশনে পাহারারত পুলিশদের অতি সহজেই পরাভূত করে ট্রান্সফর্মারটির মারাত্মক ক্ষতি সাধনে সমর্থ হয়েছিল। একই সময় রাত্রি নয়টার দিকে গুলবাগ পাওয়ার স্টেশনটিও উড়িয়ে দেওয়া হয়। ক্র্যাক প্লাটুনের পুলু, সাইদ, জুয়েল, হানিফ ও বাশার আরেকটি দলে বিভক্ত হয়ে এই অপারেশন চালায়, নেতৃত্বে ছিল জুয়েল। গাড়ির ড্রাইভিংয়ে ছিলাম আমি। ওয়াপদা পাওয়ার হাউজ অপারেশন করি মায়া, আমি, উলফত এ কয়জনে মিলে। কাঁটাবনের উত্তর পার্শ্বস্থ কেন্দ্রের ওপর হামলাটি চালিয়েছিল আলম, জিয়া, বদি চুল্লুর গাড়িতে করে।

বিশেষভাবে ঢাকার পাওয়ার স্টেশনগুলি মায়া ক্র্যাক প্লাটুনের আক্রমণের লক্ষ্য ছিল এ উদ্দেশ্যে যে, এগুলিকে অকেজো করে দিতে পারলে শুধু ঢাকা নগরীই অন্ধকারে নিমজ্জিত থাকবে না, বন্ধ হয়ে যাবে দখলদার বাহিনীর রেডিও, টিভির সমস্ত প্রচার ও তাদের কর্মপ্রবাহ। এসব বৈদ্যুতিক ট্রান্সফর্মার সম্পর্কিত খুঁটিনাটি তথ্য জুগিয়েছিলেন দু'জন প্রকৌশলী। এদের একজন ছিলেন ওয়াপদার বিদ্যুৎ সরবরাহ বিভাগের নির্বাহী প্রকৌশলী

জনাব নজরুল ইসলাম (পরবর্তীতে শহীদ)। তারা ট্রান্সফর্মারগুলি কিভাবে ধ্বংস করতে হবে তার জন্য প্রয়োজনীয় ডায়াগ্রাম ইত্যাদি সরবরাহ করেছিলেন। একই সঙ্গে স্মরণ করতে হয় তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয়ের সিনিয়র সেকশন অফিসার জনাব ডাবলু আহমেদর কথা। তিনি বাংলাদেশের সমস্ত ব্রিজ আর কালভার্ট-এর ব্লুপ্রিন্ট তাঁর অফিস থেকে গোপনে মুজিবনগর সরকারের কাছে আমার মাধ্যমে সরবরাহ করেছিলেন, পরে তিনি পাকবাহিনী কর্তৃক ধৃত হয়ে ক্যান্টনমেন্টে অকথ্য নির্যাতনের শিকার হন। সেলিম নামের এক বোম্বাইয়া যুবকের কথাও প্রসঙ্গতঃ উল্লেখের দাবী রাখে। সে বার্মা থেকে এসে ঢাকায় স্থায়ীভাবে বসবাস করছিল এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রতি সহানুভূতিসম্পন্ন ছিল। পাঞ্জাবীদের সাথে তার যোগাযোগ থাকায় তার মারফত অনেক গুরুত্বপূর্ণ তথ্য পেতাম। সেগুলি আমাদের অপারেশনের পক্ষে সহায়ক হয়েছিল।

হোটেল ইন্টারকনের ওপর ১১ ই আগস্টের ২য় দফায় হামলা ছিল ক্র্যাক প্লাটুনের একটি মাস্টার পিস বিশেষ। এ অপারেশনের মূল নায়ক ছিলাম আমি এবং বাকের (পরে শহীদ)। উলফত, মায়া ও গাজী ছিল সাথে। হোটেল ইন্টারকনের ওপর জুন মাসের হামলার পর খানসেনারা কড়া পাহারা বসিয়েছিল। সেখানে প্রবেশ করা ছিল দুঃসাধ্য ব্যাপার। মিঃ জামান ও ওয়ারিস নামে জনৈক বিহারীর বদৌলতে হোটেলের প্রেমিসে অবস্থিত থাই ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সের নতুন অফিস কক্ষের জন্য গ্লো-সাইন তৈরীর অর্ডার সংগ্রহ করে সেই সুবাদে হোটেলে প্রবেশের সুযোগ করে নিই এবং কিভাবে অপারেশন করা যায় সে সম্বন্ধে রেকি করি। ব্যবসার নাম করে আমি সব সময় একটি ব্রীফকেস বহন করে নিয়ে যেতাম। গ্লো-সাইন তৈরীর কাজ শেষ হওয়ার পর দিনই ব্রীফকেসে ২৮ পাউন্ড পি-কে এবং ৫৫ মিনিট মেয়াদী 'টাইম পেন্সিল' ভরে বিকেলে গাড়ীতে চেপে রওয়ানা হলাম আমি, বাকের, মায়া ও গাজী। এদের মধ্যে শেষের দু'জন গাড়ীতে স্টেনগান নিয়ে অপেক্ষা করতে লাগলো। এরপর হেদায়েত হোসাইন মোরশেদ-রচিত 'বিচ্ছুদের নেপথ্য কাহিনী' শিরোনামে দৈনিক বাংলা, ১০ জানুয়ারী, ১৯৭২-এ প্রকাশিত সিরিজে* অপারেশনের অবশিষ্ট বর্ণনা হচ্ছেঃ হোটেলের লাউঞ্জে প্রবেশের জন্যে মূল দরজা দিয়ে না ঢুকে 'সুইস এয়ার'- এর অফিসকক্ষের দরজা দিয়ে ভেতরে ঢুকলো সামাদ ও বাকের। এ ব্যাপারে সহায়তা করলো ঐ অফিসেরই এক বন্ধু মোঃ শফি। প্রথমে সামাদ টয়লেট রুমে ঢুকলেন। খানিক পরে বাকের। ব্রীফকেস নিয়ে একবারে কোনার ল্যাট্রিনে ঢুকলো বাকের। বাক্স খুলে 'টাইম পেন্সিল' প্রেস করলো। এর আগেই ল্যাট্রিনের দরজার 'লক' করা হয়েছে, সামাদ সাহেব রয়েছেন টয়লেটের মূল দরজায় দাঁড়িয়ে 'কভার' হিসেবে। বাকের ব্রীফকেসটি রাখলো কমোডের পেছনে। তারপর দরজা তেমনি বন্ধ রেখে ল্যাট্রিনের উপর দিক দিয়ে দেয়াল টপকে বেরিয়ে এলো বাকের। তারপর প্রথমে সামাদ ও পরে বাকের হোটেল ছেড়ে বেরিয়ে গেল। ৫-৫৬ মিনিটে ঘটলো প্রচন্ড বিস্ফোরণ। হোটেল লাউঞ্জ, শপিং আর্কেড এবং আশেপাশের কক্ষের কাঁচ টুকরো টুকরো হয়ে ভেঙ্গে গেল, ছিটকে গেল কক্ষের দরজা, ভেঙ্গে পড়লো কক্ষের ভেতরকার এবং লাউঞ্জের লাগোয়া দেয়াল। আহত হলো বেশ কয়েকজন। বিশ্ব সংবাদপত্রসমূহে বাংলাদেশ মুক্তিবাহিনীর তৎপরতার আরেকটি রোমাঞ্চকর সচিত্র সংবাদ গুরুত্বের সাথে প্রকাশিত হলো। প্রকাশিত এরূপ একটি সংবাদের অংশবিশেষ এখনো আমার মনে আছে। এটা ছিল, " It shows that the guerillas can move at Dacca city at their will."

ঢাকায় গেরিলা অপারেশন-৪
সাক্ষাৎকার : নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু

২৫ এপ্রিল আমি সীমান্ত অতিক্রম করি। কাঠালিয়া হয়ে আগরতলা এসে পৌঁছি। সেখানে মেজর হায়দারের সাথে আমার দেখা হয়। মেজর হায়দারের সাথে আলাপ হলো। মেজর হায়দার আমাকে ঢাকা থেকে ছেলে

---

* পরবর্তীতে 'ঢাকায় গেরিলা অপারেশন' নামে গ্রন্থাকারে প্রকাশিত। ঢাকার গেরিলা অপারেশন সম্পর্কিত বিস্তারিত তথ্যাদির জন্য বইটি দ্রষ্টব্য।

** মানিক বাহিনী গেরিলা ইউনিট প্রধান রেজাউল করিম মানিক হানাদার বাহিনীর সাথে সংঘর্ষে শাহাদাৎ বরণের পর তিনি উক্ত ইউনিটের অধিনায়কত্ব করেন। সাক্ষাৎকারটি প্রকল্প কর্তৃক ১২-৭-৮৩ তারিখে গৃহীত।

সংগ্রহ করে নিয়ে আসতে বললেন। এরপর আমি ঢাকায় আসি। ঢাকায় এসে আমি কিছু ছেলে জোগাড় করি এবং পুনরায় ২২ মে ঢাকা ত্যাগ করি এবং মতিনগরে উপস্থিত হই। আমাদের সেখানে ট্রেনিং নিতে দেয়া হয়নি। এই সময় কামাল লোহানীর সাথে আমার দেখা হয়। তিনি আমাকে স্বাধীন বাংলা বেতারে নিয়ে যান। সেখানে আমি দুই সপ্তাহকাল অবস্থান করি। স্বাধীন বাংলা বেতারে আমি কিছু কবিতাও পাঠ করি। সেখানে নওগাঁর জলিল সাহেবের (এম-পি) সাথে আমার দেখা হয়। আমি সরাসরি যুদ্ধ করতে চাই এই ইচ্ছা প্রকাশ করলে আমাকে তিনি তাঁর দিনাজপুর ক্যাম্পে ট্রেনিং নিতে বলেন। আমি সাথে সাথে রাজী হয়ে যাই এবং ২৭ জন ছেলেসহ পশ্চিম দিনাজপুরের বালুরঘাট ট্রেনিং নিতে শুরু করি। আমার ছেলেদের মধ্যে ছিল আসাদ, ওমর, পনির, মঞ্জু, ইফতেখার, তৌফিক প্রমুখ ছাত্র। সেখানে ৪৫ দিনে আমাদের ট্রেনিং আমাদের ট্রেনিং সমাপ্ত হয়।

এর মধ্যে ট্রেনিং চলাকালে আমি কলকাতায় আসি। কলকাতায় মেজর খালেদ মোশাররফের সাথে আমার দেখা হয়। তিনি তখন ২নং সেক্টরের অধিনায়ক। ঢাকা যেহেতু ২নং সেক্টরের অধীনে ছিল, সেহেতু তিনি আমাদের ২৭ জনকেই দিনাজপুর থেকে আগরতলায় তাঁর অধীনে নিয়ে আসেন। এর প্রধান কারণ ছিল আমরা ছিলাম ঢাকার বাসিন্দা।

মেজর খালেদ মোশাররফের অধীনে পুনরায় আমাদের ১৫ দিনের একটি ব্রাশ-আপ ক্লাশ হয়। সেখানে তিনি আরো ২৫ জন ছেলেকে সঙ্গে দিয়ে মোট ৫২ জনের একটি টিম তৈরী করেন এবং সবাইকে ঢাকা উত্তরের দায়িত্ব বুঝিয়ে দেন। আমরা প্রথমে তিতাসের ভেতর দিয়ে ঢুকতে শুরু করি। আখাউড়া-ব্রাহ্মণবাড়িয়া সড়কের একটি ব্রিজের নিচ দিয়ে আমরা গভীর রাত্রিতে ঢুকতাম। এর পাশের গ্রামটি ছিল মনিহন। সেই সাথে আমরা প্রথম ঢুকি সেপ্টেম্বর মাসে।

পাকবাহিনী ঐ ব্রিজের ওপর মোতায়েন ছিল। একদিন পাকসেনারা ব্রীজের ওপর থেকে আমাদের উপর প্রচন্ড আক্রমণ চালায়। আমাদের সাথে ফরিদপুরের একটি দল সেই পথে অগ্রসর হচ্ছিল। এ আক্রমণে অগ্রগামী দলটির ১৪ জন ঘটনাস্থলে মারা যায়। ঐ ঘটনার দুই দিন পর আমরা সেখানে পেনিট্রেট করি এবং তিতাসে এসে পৌঁছি। সেখান থেকে আমরা ধামরাই থানার এক গ্রামে এসে উপস্থিত হই।

এই গ্রামে আসতে আমাদের সাত দিন সাত রাত লেগেছিল। সেই রাতগুলো ছিল ভীষণ ভয়াবহ। দু'দিন দু'রাত আমরা স্রেফ নদীর পানি খেয়ে কাটাই। কারণ, আমাদের রেশন ফুরিয়ে গিয়েছিল। নদীতে যে সমস্ত গয়নার নৌকা যাতায়াত করতো সে সমস্ত নৌকার মাঝিদের সহায়তায় পাটাতনে লুকিয়ে থেকে আমরা আমাদের গন্তব্যে পৌঁছতাম। এ ব্যাপারে মাঝিদের ভূমিকা ছিল খুবই নির্ভীক। বলতে গেলে এঁরা আমাদের সাথে মুক্তিযুদ্ধে সরাসরি জড়িত ছিল।

এবার আমরা রোহার একটি ছোট্ট বাজারে এসে উঠি এবং সেখানে যখন আমরা রাত্রিযাপন করছিলাম, তখনই হঠাৎ পাকবাহিনীর আক্রমণ শুরু হয়। আমরা যে সেখানে এসেছি এই কথা দালালেরা ইতিমধ্যে পৌঁছিয়ে দিয়েছিল। কিন্তু সেই আক্রমণ আমরা প্রতিহত করি। সেদিনের ঐ পাল্টা আক্রমণে আমাদের দলের আশরাফ নামে এক ছেলে (বি,ডি,আর সুবেদার) অত্যন্ত সাহসের সাথে যুদ্ধ করে। সেই যুদ্ধে আমরা ১৯ জন পাকসেনার প্রাণনাশ করি। পাকবাহিনী নিরুপায় হয়ে সেই স্থান ত্যাগ করে এবং ফিরে যাওয়ার পথে গ্রামের নিরীহ জনগণের উপর অত্যাচার চালায়, তাদের ঘরবাড়ি লুট ও অগ্নিসংযোগ করে।

এরপর রোহা ছেড়ে আমরা সিঙ্গাইর থানা এলাকার কাছাকাছি একটি গ্রামে ক্যাম্প করি। এখানে আমরা একটি অপারেশন করি। এই অপারেশনে ১৪ জন পাকসেনার একটি রেশনিং কোরকে আক্রমণ করি এবং সবকটা পাকসেনাকে খতম করি। এরপর আমরা সেই স্থান থেকে আমাদের ক্যাম্পকে নিরাপদ এলাকায় নিয়ে আসি। এই নতুন স্থানটির নাম ছিল শিমুলিয়া। এখানে এসে আমরা ট্রেনিং ক্যাম্প স্থাপন করি। এভাবে আমাদের আক্রমণের পরিধি ক্রমশঃ বিস্তার লাভ করতে থাকে এবং এক পর্যায়ে ২৩ জনের একটি সংঘবদ্ধ দল নিয়ে মূল

ঢাকা নগরীতে প্রবেশ করি। দলটি ঢাকা শহর এলাকায় বেশ কয়েকটি অপারেশন করে। এই দলটির মধ্যে ছিল রইসুল ইসলাম আসাদ, মুনীরউদ্দিন, ফেরদৌস, মাহাবুব আলী, জাহেদ, শফিকুল ইসলাম স্বপন, জন, ফিরোজ, মোহাম্মদ আলী, ওমর, আরিফ, রমজান এবং আরো বেশ কয়েকজন নির্ভীক যোদ্ধা।

আমাদের দল ছাড়া আরও একটি দলকে শাহাবুদ্দীনের (চিত্রশিল্পী) নেতৃত্বে ঢাকা দক্ষিণের কিছু এলাকায় গেরিলা তৎপরতা চালানোর জন্য পাঠানো হয়। এরা বুড়িগঙ্গা ও তার আশেপাশের এলাকা জুড়ে বিভিন্ন সময়ে শত্রুদের নাজেহাল করে। এই দলে ছিল কুতুব, ইমাম হোসেন, বজলু এবং আরো অনেকে।

গেরিলা কার্যক্রমের পাশাপাশি আমাদের দলকে আরো একটি দায়িত্ব দেয়া হয়। এটা ছিল ঢাকা শহরে গেরিলা তৎপরতার কথা প্রচার করা। এর উদ্দেশ্য ছিল ঢাকায় অবস্থানরত বিদেশীদেরকে বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাপারে অবহিত করা। এজন্য আমরা প্রথমে ঢাকার সেগুনবাগিচা হাই স্কুল থেকে একটি সাইক্লোস্টাইল মেশিন ছিনিয়ে এনে 'গেরিলা' নামে একটি পত্রিকা প্রকাশের সিদ্ধান্ত নিই। পত্রিকাটির ভাষা ছিল ইংরেজী । পত্রিকার মূল দায়িত্বে ছিল ফেরদৌস, ফিরোজ, জন, মোহাম্মদ আলী, জাহেদ, আরিফ এবং আরো বেশ কিছু মুক্তিকামী কর্মী। প্রতিমাসে পত্রিকাটির দু'টি করে পরপর সাতটি সংখ্যা বের হয়। এতে মূলতঃ যুদ্ধের খবরাখবর থাকতো। পত্রিকাগুলো আমরা ঢাকায় অবস্থানরত বিভিন্ন বিদেশী সংস্থায় পাঠিয়ে দিতাম।

ঢাকায় আমাদের মূল দায়িত্ব দেয়া হয়েছিল ঢাকার সাথে অন্যান্য অঞ্চলের যোগাযোগ বিছিন্ন করা। পাকসেনারা যাতে রসদ সরবরাহ করতে না পারে তার ব্যবস্থা করা এবং হত্যাযজ্ঞ চালানোর জন্য ঢাকা শহরে পাকসেনাদের যে সমস্ত ঘাঁটি ছিল সেগুলো ধ্বংস করা।

ঢাকায় আমাদের প্রথম অপারেশন হয় কাকরাইলের মোড়ে। কাকরাইলের মোড়ে যে পেট্রোল পাম্পটি ছিল সেটিকে আমরা প্রথমেই ধ্বংস করি। তারপর মাহবুব আলী এবং ফেরদৌসের নেতৃত্বে ঢাকা ডি,আই,টি, ভবনে অবস্থিত টেলিভিশন কেন্দ্রটি নষ্ট করে দেয়ার পরিকল্পনা করি। তখন মাহবুব আলী ডি,আই,টি, ভবনেই চাকুরী করতেন। সে অফিসে আসার সময় প্রতিদিন কিছু কিছু বিস্ফোরক শরীরের বিভিন্ন জায়গায় লুকিয়ে শত্রুর চোখ ফাঁকি দিয়ে ডি,আই,টি, ভবনেই গোপনে জমাতে শুরু করলো। প্রথমে আমাদের পরিকল্পনা ছিল ৮ পাউন্ড দিয়ে ডি,আই,টির চূড়া উড়িয়ে দেয়া। কিন্তু পাঁচ পাউন্ড সরানোর পর শত্রুবাহিনী সন্দেহ করতে শুরু করলো। তখন মাহবুব আলী তাড়াতাড়ি আমার কাছে ছুটে আসে। আমি তাকে ধরা পড়ার আগেই ওটা ফাটিয়ে দিতে বলি। মাহবুব আলী তার জীবনের ঝুঁকি নিয়ে ডি,আই,টি চূড়ার নীচে ওটা ফাটিয়ে দেয়। তবে বিস্ফোরকের পরিমাণ কম হওয়াতে চূড়াটি সম্পূর্ণরূপে ধ্বংস করা যায়নি। তবুও চূড়াটিতে চির ধরে যায়। ঢাকা শহরে আমাদের এই অপারেশনের ওপর বিদেশী পত্রিকায়ও রিপোর্ট প্রকাশিত হয়েছিল।

নভেম্বরের দিকে ঢাকা শহরে পাকবাহিনীর নির্যাতন আরো বেড়ে যায়। তাই আমরা ঢাকা শহরে পাকবাহিনীর ওপর সরাসরি আক্রমণের সিদ্ধান্ত নিই। এ ব্যাপারে আসাদকে দায়িত্ব দেয়া হয়। এর দু'একদিন পরেই আরিফ, ফেরদৌস ও জন একটি গাড়ি হাইজ্যাক করে বায়তুল মোকাররমে নিয়ে আসে। সেখানে পাকবাহিনীর দু'টি লরীর মাঝখানে আমাদের গাড়িটি রেখে বিস্ফোরকে অগ্নিসংযোগ করা হয়। কিন্তু প্রায় ১০ মিনিট চলে যাওয়ার পরও বিস্ফোরণ হচ্ছে না দেখে আসাদ পুনরায় গাড়িটির ভেতর ঢুকে অগ্নিসংযোগ করে। এই যাত্রায় আমরা সাফল্য লাভ করি। সেখানে ১৬ জন পাকসৈন্য মারা যায়। আমরা এই অপারেশন করি সাড়ে ১২টার দিকে এবং বিবিসি ৩টার সংবাদে এই ঘটনাটি প্রচার করা হয়।

অক্টোবরের দিকে আমরা মুসলিম কর্মাশিয়াল ব্যাংক অপারেশন করি। এই অপারেশনে নেতৃত্বে দিয়েছিল মুনির। ফিরোজ, আরিফ এবং আসাদও এর সাথে যুক্ত ছিল। মুনির অত্যন্ত সাহসের সাথে একটি মাত্র খেলনা পিস্তল দিয়ে এই ব্যাংক অপারেশন করেছিল। সেখান থেকে আমরা কিছু টাকা সংগ্রহ করি। এই অর্থ সংগ্রহ করা হয়েছিল শিমুলিয়া ট্রেনিং ক্যাম্পের জন্য।

এছাড়া নভেম্বরের দিকে ঢাকা শহরে আমরা আরো কয়েকটি অপারেশন করি। সেগুলি ছিল রেডিও বাংলাদেশ (শাহবাগ), মালিবাগ রেলক্রসিং, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভৃতি এলাকায় অপারেশন। মালিবাগ রেলক্রসিং-এর কাছে রেললাইন উড়িয়ে দিতে গিয়ে ভোর চারটা থেকে পাকবাহিনীর সাথে আমাদের প্রচন্ড সংঘর্ষ হয়। এতে তাদের একটি সেকশন পুরোপুরিভাবে বিনষ্ট হয়। একই মাসে আমরা বাংলাদেশ রেডিও (শাহবাগ) আক্রমণ করি এবং পাহারারত বহু পাকসেনাকে আঘাত হানি। এই অপারেশনে আমরা কিছু পাকসৈন্যকে খতম করে অন্যত্র সরে যাই।

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় আক্রমণের পরিকল্পনা করি অক্টোবরের দিকে। তখন দখলদার পাক সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাশ চালু করার চেষ্টা করছিল। আমরা এই সংবাদ পেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কিছু এক্সপ্লোসিভ বসাই। প্রথমে সাইকোলজি বিভাগে একটি এবং তিনতলা, চারতলাতেও কিছু এক্সপ্লোসিভ বসাই। এই অপারেশন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাশ চলা বন্ধ হয়ে যায়। এরপর আমাকে খোজাখুঁজি শুরু হয় এবং আমার বাড়ি তল্লাশী করে আমার পাঁচ ভাইকে ধরে নিয়ে যাওয়া হয়।

আমরা আরো একটি অপারেশন করি অক্টোবরের প্রথম দিকে, সাভারের রেডিও স্টেশনের সামনে। এই পথে আমরা তিনটি পাকিস্তানী লরী আক্রমণ করি এবং প্রায় ৩৭ জন পাকসৈন্য হত্যা করি। এরও আগে সেপ্টেম্বরের শেষের দিকে শেষের দিকে সাভারে আমরা একটি অপারেশন করেছিলাম। এটি হয়েছিল সাভার রেডিও স্টেশন থেকে মানিকগঞ্জের বড়াল ব্রীজ পর্যন্ত প্রায় ৩০ মাইল এলাকা জুড়ে। এই হাইওয়ে অপারেশনে আমরা একদিনে প্রায় চার'শ ছেলেকে কাজে লাগাই এবং ৩০ মাইলের মধ্যে আমরা ৩১৯ জন রাজাকারকে আত্মসমপর্ণে বাধ্য করি এবং তাদের কাছ থেকে অনেক অস্ত্রশস্ত্র কেড়ে নিই।

১৪ নভেম্বরের ভায়াডুবি ব্রীজ অপারেশন ছিল আমাদের আরেকটি উল্লেখযোগ্য গেরিলা অভিযান। এখানে আমরা প্রচন্ডে সংঘর্ষে লিপ্ত হই। শত্রুসেনারা সংখ্যায় ছিল ২০ জন। আমাদের আক্রমণ ভাগে ছিল ৪৪ জন। পাঁচ জনের ওপর দায়িত্ব ছিল ব্রীজ দখলের। সে ৫ জন ছিল মেজবাহউদ্দিন সাবু, সুবেদার আশরাফ, সুবেদার ওয়াজেদ হাকিম এবং আমি। আমরা সব শত্রুসেনাকে খতম করে অবশেষে ব্রীজটা দখল করতে সমর্থ হই। আমাদের অস্ত্রশস্ত্রের মধ্যে ছিল একটি এল-এমজি, একটি ২" মর্টার এবং একটি স্টেনগান। এ দিয়ে আমরা ব্রীজটা দখল করি। তবে আমরা বেশী সময় ব্রীজটা দখলে রাখতে পারিনি। কিছুক্ষণের মধ্যেই তা পুনরায় শত্রুর দখলে চলে যায়। তারা মানিকগঞ্জ থেকে তিন গাড়ি সৈন্যসহ (প্রায় ৭০০ জন) ব্রীজ অভিমুখে রওয়ানা হয়। রাত্রি তখন গভীর। তারা মানিকগঞ্জের দিক থেকে আমাদের উপর প্রচন্ড আক্রমণ চালায়। আমরা এক ভীষণ সংঘর্ষে লিপ্ত হই। এই যুদ্ধে আমাদের প্লাটুনের অধিনায়ক মানিক শহীদ হয় এবং বেশ কয়েকজন যোদ্ধা আহত হয়। আমরা সেখান থেকে পিছু হটে যাই। এর চারদিন পর ১৮ নভেম্বর পুনরায় ব্রীজটা আমরা দখল করি এবং পরবর্তীতে উড়িয়ে দেই। এরই মধ্যে ধামরাই এলাকাও আমরা পুরোপুরি মুক্ত করে ফেলি। ধামরাইতে ১৫০ জনের একটি কোম্পানী মোতায়েন রেলে মূল ক্যাম্প সাভারের জিরাবতে স্থানান্তরিত করি। এখান থেকেই আমার সাভারের মহাসড়ক নিয়ন্ত্রণে নিয়ে নিই এবং উত্তরবঙ্গ থেকে ঢাকাকে বিছিন্ন করে ফেলি। সাভারে তখন পাকিস্তানীদের বড় ধরনের ক্যাম্প ছিল। এই ক্যাম্পটি আমরা ঝটিকা আক্রমণের মাধ্যমে দখল করে ফেলি। আক্রমণটি চালানো হয় নভেম্বরের শেষ দিকে। এর পরপরই আমরা সাভার থানা দখল করি, ফলে পুরো সাভার এলাকাই আমাদের নিয়ন্ত্রণে চলে আসে।

১৩ ডিসেম্বর টাঙ্গাইল থেকে ৩৩ পাঞ্জাব রেজিমেন্ট মিত্র বাহিনীর চাপে পিছু হটে ঢাকার দিতে আসছিল। আমরা এই রেজিমেন্টকে সাভারের কাছে বাধা দিই এবং ফলে সেখানে একটি রক্তক্ষয়ী যুদ্ধ সংগঠিত হয়। এই যুদ্ধে আমরা পুরো শক্তি কাজে লাগাই এবং ৩৩ পাঞ্জাব রেজিমেন্টকে আত্মসমর্পণ করাই। এখানে শত্রুপক্ষের প্রায় শতাধিক সৈন্য নিহত হয় এবং একজন পাকিস্তানী সুবেদার মেজর আত্মসমর্পণ না করে আত্মহত্যা করে। আমাদের মুক্তির পূর্ব মুহূর্তের এ যুদ্ধই ছিল এ এলাকার সবচেয়ে বড় রক্তক্ষয়ী যুদ্ধ। এই যুদ্ধে আমরা টিটোকে

২। পশ্চিম সেক্টর : পদ্মার দক্ষিণ এবং পশ্চিম এলাকা নিয়ে গঠিত এই সেক্টরের জেলাগুলো হচ্ছে কুষ্টিয়া, ফরিদপুর, যশোর, খুলনা, বরিশাল এবং পটুয়াখালি। এই সেক্টরের মেজর জেনারেল এম এইচ আনসারীর নেতৃত্বে পাকিস্তানের ৯ পদাতিক ডিভিশন মোতায়ন করা হয়। এই সেক্টরের হেড কোয়ার্টার ছিল যশোরে।

পাকিস্তানী ৯ পদাতিক বাহিনীর মোকাবিলায় ভারতীয় পক্ষে ছিলো জেনারেল রায়না'র কমাণ্ডে নবগঠিত ২ কোর। এই কোরের আওতায় দুটি ডিভিশন ছিল মেজর জেনারেল দলবীর সিং-এর নেতৃত্বে ৯ পদাতিক ডিভিশন এবং মেজর জেনারেল মহিন্দর সিং বারার-এর নেতৃত্ব ৪ মাউন্টেন ডিভিশন। জেনারেল রায়নার সহায়তায় আরো ছিল দুটি ট্যাংক রেজিমেন্ট এবং ডিভিশনের সহায়ক গোলন্দাজ বাহিনী।

৩। উত্তর সেক্টর : এই সেক্টর গঠিত হয়েছিলো ময়মনসিংহ ও ঢাকা জেলার কিছু অংশ নিয়ে। পাকিস্তানীদের পক্ষে এই সেক্টরের দায়িত্ব ছিল ব্রিগেডিয়ার এ কাদেরের নেতৃত্বে ৯৩ ব্রিগেড এবং এর আওতায় ৩১ বালুচ ও ৩৩ পাঞ্জাব রেজিমেন্ট, আধা সামরিক বাহিনী (নবগঠিত ইপিসিএপি-এর দুটি উইং), কয়েকটি মুজাহিদ ইউনিট এবং একটি মর্টার ব্যাটারি। এই এলাকার উত্তরাংশ পাকিস্তানীদের প্রধান শক্তি ছিল লে. কর্নেল সুলতান মাহমুদের নেতৃত্বে ৩১ বালুচ রেজিমেন্ট। এদেরকে ময়মনসিংহের উত্তরাঞ্চলে মোতায়েন করা হয়েছিলো। উল্লেখ্য যে, সুলতান মাহমুদই ছিলো সবচাইতে বেশী সংখ্যক বাঙালীকে হত্যার প্রধান হোতা। কমলপুর-খকশীগঞ্জ-জামালপুর এবং হাতিবান্ধা শেরপুর জামালপুর বরাবর যে এলাকা রয়েছে তার প্রতিরক্ষার দায়িত্ব ছিলো এই রেজিমেন্টের ওপর। এছাড়া ডালু-হালুয়াঘাট-ময়মনসিংহ বরাবর এলাকার দায়িত্ব এরা পালন করতো।

এই সেক্টরের বিপরীতে ভারতীয় মেঘালয় এলাকায় ছিলো ১০১ কমুনিকেশন জোন। এই জোনের আওতাধীন ভারতীয় সৈন্যরা আসাম, ত্রিপুরা, মেঘালয়, অরুণাচল, নাগাল্যান্ড এবং মিজোরামে দায়িত্ব পালনরত সৈন্যদের চলাচল ও রক্ষাণাবেক্ষণ সংক্রান্ত সকল প্রকার সহযোগিতা প্রদান করতো। এই এলাকায় ভারতীয়দের যোগাযোগ ব্যবস্থা তেমন উন্নত না থাকায় বিরাট বাহিনীর পক্ষে এখানে দীর্ঘস্থায়ী তৎপরতার চালানো সম্ভব ছিল না। তাই এই সেক্টরে ভারতীয় সৈন্য সংখ্যা ছিলো সীমিত। এলাকাটি প্রতিরক্ষার দায়িত্বে ছিলেন ভারতীয় মেজর জেনারেল গুরবক্স সিং। তাঁর অধীনে ছিলো ব্রিগেডিরা হরদেব সিং ক্লেয়ার-এর নেতৃত্বে ৯৫ মাউন্টেন ব্রিগেড গ্রুপ এবং ২৩ পদাতিক ডিভিশন থেকে আনীত একটি পদাতিক ব্যাটালিয়ন। এখানে ভারতীয় বাহিনীকে সহযেগিতা করেছে কাদের সিদ্দিকীর নেতৃত্বে টাঙ্গাইল এলাকার সক্রিয় মুক্তিযোদ্ধারা।

৪। ইস্টার্ন সেক্টর : মেঘনায় পূর্ব পার্শ্বের এলাকা নিয়ে গঠিত এই সেক্টরের জেলাগুলো হচ্ছে সিলেট, কুমিল্লা, নোয়াখালী, চট্রগ্রাম ও পার্বত্য চট্রগ্রাম। পাকিস্তান এই সেক্টরে তাদের ১৪ ডিভিশন এবং ৩৯ অস্থায়ী ডিভিশন মোতায়েন করেছিলো। মেজর জেনারেল আবদুল মজিদের নেতৃত্বে ১৪ ডিভিশনের সৈন্যরা কুমিল্লা পর্যন্ত এলাকার দায়িত্বে ছিলো। ২০২ ব্রিগেড সিলেট, ২৭ ব্রিগেড ব্রাহ্মণবাড়িয়া ও আখাউড়া, ১১৭ ব্রিগেড কুমিল্লা, ৩১৩ ব্রিগেড ব্রাহ্মণবাড়িয়া উত্তরাঞ্চল ও মৌলভীবাজার এলাকার দায়িত্বে নিয়োজিত ছিলো। ৫৩ পদাতিক ব্রিগেড ছিলো লাকসাম ও ফেনীর দায়িত্বে।

চট্রগ্রাম ও কক্সবাজার এলাকার দায়িত্বে ছিল পাকিস্তানের ৩৯ পদাতিক ডিভিশন। কমাণ্ডার ছিলেন মেজর জেনারেল রহিম খান।

ভারতের পক্ষে এই সেক্টরের দায়িত্বে ছিলো লে. জেনারেল সগত সিং-এর নেতৃত্বাধীন ৪র্থ কোর। তার অধীনে ছিলো মেজর জেনারেল কৃষ্ণরাও- এর অধীনে ৮ম মাউন্টেন ডিভিশন, মেজর জেনারেল গনজালভেস-এর ৫৭ মাউন্টেন ডিভিশন এবং মেজর জেনারেল আর, ডি হিরার অধীনে ২৩ মাউন্টেন ডিভিশন। বাংলাদেশের ৮টি ব্যাটালিয়ন এবং আমাদের ১ থেকে ৫ নম্বর সেক্টরের সকল ট্রুপসকে সগত সিং-এর অধীনে ন্যস্ত করা হয়েছিল। অভিযান সংক্রান্ত দায়িত্ব ছাড়াও ৪র্থ কোরের ওপর আগরতলা শহর, বিমান ঘাঁটি এবং ঐ এলাকায় বিমান বাহিনীর সকল প্রতিষ্ঠান রক্ষার ভার ছিলো।

প্রাথমিক অবস্থায় বাংলাদেশ পাকিস্তানীদের ১৪ ডিভিশনের কেবল ৪টি পদাতিক ডিভিশন ছিলো। ২৮শে মার্চের মধ্যে ৯ এবং ১৬ ডিভিশন দুটি এখানে চলে আসে। এরপর বাংলাদেশে তারা আরো দুটি ডিভিশন গড়ে

তোলে। এই দুটি ছিলো ৩৬ এবং ৩৯ অস্থায়ী ডিভিশন। ১৯৭১-এর অক্টেবরের মধ্যে পাকিস্তান এখানকার সবগুলো ডিভিশনের পুনর্গঠন কাজ সম্পন্ন করে। ডিভিশনগুলোর সাথে অবিচ্ছেদ্য অংশ হিসাবে ছিলো গোলন্দাজ ও ভারী মর্টার বহর এবং ট্যাংক বহর। আমেরিকান শেফি ট্যাংক চিলো ৬০টি। বিমান বাহিনীতে ছিলো ২০ খানি এফ-৮৬ স্যাবর জেট এবং নৌবাহিনীতে ছিলো অজ্ঞাত সংখ্যাক গানবোট এবং অন্যান্য উপকূলীয় নৌযান।

এর মোকবিলায় ভারত তার ৭টি পদাতিক ডিভিশনকে এই এলাকায় যুদ্ধ করার জন্য নিয়োজিত করে। পশ্চিম পাকিস্তানের ফ্রন্টে আক্রমণাত্নক প্রতিরক্ষা ব্যবস্থা এবং চীন সীমান্তে সম্ভাব্য হামলা মোকবিলায় প্রয়োজনীয় সৈন্য নিয়োজিত করার পর বাংলাদেশে যুদ্ধ চালনার জন্য ভারতের হাতে এই ৭টি পদাতিক ডিভিশন ছাড়া আর কোনো নিয়মিত ফোর্স ছিলো না। এইগুলোর মধ্যে ৬টি ছিল পুর্ণাঙ্গ ডিভিশন এবং ২টি স্বতন্ত্র পদাতিক ব্রিগেড। ডিভিশনগুলোকে যুদ্ধে পূর্ণ সহায়তা দেয়ার জন্য ছিলো হালকা এবং মাঝারি পাল্লার গোলন্দাজ বহর, পিটি-৭৬ ধরনের উভচর ট্যাংকের দুইটি রেজিমেন্ট এবং টি-৫৪ ধরনের একটি ট্যাংক রেজিমেন্ট। এছাড়া ৩টি স্বতন্ত্র ট্যাংক স্কোয়াড্রন এবং দুটি দ্রুত চলাচলে সক্ষম (মেকানাইজড) ব্যাটালিয়নকে যুদ্ধের জন্য নিয়োজিত করা হয়।

ভারতীয় বিমান বাহিনীর ৭টি জঙ্গী বোমারু বিমানের স্কোয়াড্রন এই এলাকার জন্যে নিয়োজিত করা হয়। এছাড়া ছিলো সৈন্য পরিবহনের জন্য কিছু সংখ্যক হেলিকপ্টার। বিমানবাহিনী জাহাজ আই.এন,এস ভীক্রান্ত সহ ইস্টার্ন ফ্লীট ছিলো এই অঞ্চলের সমুদ্রে প্রায় অপ্রতিদ্বন্দ্বী শক্তি। বাংলাদেশের উপকূলের অদূরবর্তী সমগ্র সাগর এলাকা অবরোধের দায়িত্বে ছিলো এই ইস্টার্ন ফ্লীটের উপর ন্যস্ত। যুদ্ধ যদি শুরু হয় তাহলে পশ্চিম পাকিস্তান থেকে সমুদ্রপথে সৈন্য কিংবা সমসরঞ্জাম নিয়ে আসা নিয়াজীর পক্ষে আর কিছুতেই সম্ভব হবে না।

এটা সাধারণ মাপকাঠি হিসাবে মোটামুটি প্রতিষ্ঠিত যে কোনো আক্রমণ পরিচালনা করে সফলতা অর্জন করতে হলে প্রতিটি আত্মরক্ষাকারী সৈনিকের বিরুদ্ধে তিনজন আক্রমণকারী নিয়োগ করতে হবে। পূর্বাঞ্চলে ভারত কিন্তু সেই অনুপাতে পাকিস্তানের চাইতে শক্তিশালী ছিল না। অনুপাত যেখানে ৩:১ হওয়া দরকার, সেখানে ভারত ও পাকিস্তানের তুলনামূলক অনুপাত ছিলো ২:১। কিন্তু ইস্টার্ন কমান্ডার লে. জেনারেল অরোরা যে ৭টি ডিভিশন পেয়েছিলেন তার চাইতে বেশী সৈনিক পাওয়ার আর কোনো আশাই করতে পারতেন না এবং এই বাহিনী দিয়েই তাকে তার আরদ্ধ কাজ সমাধা করতে হবে। এটা তিনি বুঝতে পেরেছিলেন।

তবে জেনারেল অরোরার আস্থা ছিল জয়ী তিনি হবেনই। বাংলাদেশের সমগ্র বাহিনী তাঁর সহযোগিতায় প্রস্তুত ছিলো। এর মধ্যে নিয়মিত ব্রিগেডগুলো ছিলো কে ফোর্স, এস ফোর্স এবং জেড ফোর্স। ৯টি সেক্টরের ২০ হাজার বাঙালী সেক্টর ট্রপস অস্ত্র হাত প্রস্তুত। এক লাখ গেরিলা সর্বত্র শত্রুকে তখন তাড়িয়ে নিয়ে ফিরছিলো। সর্বশেষ এবং সবচাইতে গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ ভারত-বাংলাদেশ যৌথ বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য তৈরি হয়েছিলো। ইয়াহিয়া কিংবা নিয়াজীর জন্য তাদের অন্তরে করুণার লেশমাত্র অবশিষ্ট ছিলো না। যুদ্ধ শুরু হওয়ার অনেক আগেই বাঙালীদের এই ঘৃণা পাকিস্তানের পরাজয় এক রূপ নিশ্চিত করে রেখেছিলো।

জনসাধারণের সমর্থনের ওপর ভিত্তি করেই প্রধানত ভারতের বিজয় নিরূপণ করা হয়েছিলো। জনসাধারণের একটি বিরাট অংশ ততোদিনে রাইফেল, এলএমজি, স্টেনগান ইত্যাদি চালানো কিংবা গ্রেনেড নিক্ষেপের কায়দা কানুন শিখে ফেলেছিল। শত্রুপক্ষের খবরা খবর সংগ্রহ করা এবং প্রায় সকল ধরনের অস্ত্রের পরিচিতি সম্পর্কে তারা মোটামুটি অভিজ্ঞ হয়ে উঠেছিল। কোন অস্ত্রটি কোন দেশের তৈরী তাও অনেকে বলতে পারতো। আমার ২ নাম্বার সাবসেক্টরে আট বছরের একটি ছেলে প্রায় প্রতিটি টহলদের পার্টির সাথেই স্কাউট হিসেবে কাজ করতো। দিনের বেলা সে একাই চলে যেতো শত্রুর সব কিছু দেখে আসার জন্য। ফিল্ড ম্যাপের ওপর আঙুল দিয়ে সে

আমাদের বুঝাতো : এই হচ্ছে বল্লবপুর গ্রাম স্যার। আর এখানে আছে বড় একটা পুকুর। মেশিনগানটি বসানো আছে এখানে। এই এলাকায় মাইন লাগানো আছে। কিন্তু স্যার গরু বাছুর এখান দিয়ে হেঁটে যেতে দেখেছি কিছুই হয়নি। তাই ওটা নিশ্চয়ই ভুয়া মাইন ক্ষেত্র। এই যে এখানে একটি স্কুল বিল্ডিং, অফিসাররা এখানে থাকে। এই ভাবে যুদ্ধের এলাকার সব কিছু ছেলেটি আমাদের বুঝিয়ে দিতো।

বিভিন্ন অঞ্চলের ভু-প্রকৃতির বৈশিষ্ট্য বিবেচনা করে জেনারেল অরোরা তাঁর পরিকল্পনা চূড়ান্ত করেছিলেন। প্রধান লক্ষ্যে ছিলো, যতো তাড়াতাড়ি সম্ভব ঢাকা মুক্ত করা। শত্রুর শক্তিশালী প্রতিরক্ষা ঘাঁটিগুলো এড়িয়ে এবং যোগাযোগ ও সরবরাহ লাইন দখল করে দ্রুতগতিতে ঢাকা দখল করাই ছিল পরিকল্পনার মূল লক্ষ্য।

ঢাকা একবার মুক্ত হয়ে গেলেই শত্রুর বিচ্ছিন্ন অবস্থানগুলো আপনা-আপনি আত্মসমর্পণ করতে বাধ্য হবে। তাহলে অত্যন্ত ধীরে সুস্থে এই সব এড়িয়ে যাওয়া অবস্থানগুলোকে ধ্বংস করা যাবে।

প্রাকৃতিক প্রতিবন্ধকতাসমূহ যুদ্ধের লক্ষ্য নির্ধারণ করে। চূড়ান্ত বিজয় লাভ হলে এটা অপরিহার্য হয়ে পড়ে যে, ঢাকাকে আসল লক্ষ্যবস্তু হিসাবে যুদ্ধ চালাতে হবে এবং অন্যান্য লক্ষ্যবস্তু নির্ধারণ করতে হবে প্রাকৃতিক সেক্টর হিসাবে আলাদা ভাবে।

উত্তর-পশ্চিম সেক্টরের বগুড়া ছিলো প্রধান যোগাযোগ কেন্দ্র। সিদ্ধান্ত নেয়া হয় যে, এই সেক্টরের সকল জায়গার শত্রু সৈন্যদের উপর আক্রমণ চালিয়ে তাদেরকে শেষ করতে হবে তবে প্রধান অভিযান ঘোড়াঘাট ও গোবিন্দগঞ্জ হয়ে বগুড়া মুক্ত করার লক্ষ্যেই পরিচালিত হবে।

পশ্চিম সেক্টরে যশোর ছিল প্রধান যোগাযোগ কেন্দ্র। ঝিনাইদহ-মাগুরা-ফরিদপুর হয়ে ঢাকার সাথে এর সংযোগ। তাই ঝিনাইদহ এবং মাগুরা দখল করতে পারলে যশোরে পাকিস্তনীরা বিপাকে পড়বে এবং মিত্র বাহিনীর পক্ষে দ্রুত ঢাকা অভিমুখে যুদ্ধাভিযান চালানো সম্ভব হবে। তাই মূল হামলা ঝিনাইদহ-মাগুরা দখলের উদ্দেশ্য পরিচালনার সিদ্ধান্ত নেয়া হয়। তবে শত্রুকে বিভ্রান্ত করার জন্যে যশোরের দিকে একটা আক্রমণ চালাবারও সিদ্ধন্ত নেয়া হয়।

উত্তর সেক্টরে মিত্র বাহিনীর একটি ব্রিগেডকে জামালপুর-টাঙ্গাইল সড়ক হয়ে ঢাকা অভিমুখে অগ্রসর হওয়ার দায়িত্ব দেয়া হয়।

পূর্ব সেক্টরে লক্ষ্য রাখতে হবে, ঢাকা যেন চট্রগ্রাম কিংবা কুমিল্লা থেকে কোন সাহায্য না পেতে পারে। মেঘনা নদী বরাবর তিনটি গুরুত্বপূর্ণ স্থান অর্থাৎ চাঁদপুর, দাউদকান্দি এবং আশুগঞ্জ দখল করতে পারলেই এই উদ্দেশ্য হাসিল করা সম্ভব। প্রথম অবস্থায় কুমিল্লা, গ্যারিসন এড়িয়ে গেলেও চলবে।

ঢাকা মুক্ত করার লক্ষ্যে দাউদকান্দি থেকে ভৈরব পর্যন্ত মেঘনা নদীর উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা এবং এরপর জামালপুর-টাঙ্গাইল অক্ষ বরাবর অগ্রসররত দলটির সঙ্গে যোগাযোগ রক্ষা করে রাজধানী অভিমুখে যুদ্ধাভিযান পরিকল্পনার অপরিহার্য অঙ্গ হয়ে পড়ে।

পশ্চিম সেক্টরের অগ্রসরমান কলামের জন্য গোয়ালনন্দঘাট দিয়ে পদ্মা পার হওয়ার ব্যবস্থা থাকবে। বিশাল এই নদীটি পার হওয়ার পর্যাপ্ত ব্যবস্থা আগে থাকতেই করে রাখতে হবে।

চট্রগ্রাম অভিমুখে অগ্রসর হওয়ার সময় আমর সঙ্গে নিজস্ব এক ব্রিগেড সেক্টর ট্রুপস ছাড়াও ভারতীয় ২টি বাহিনীর ব্যাটালিয়ন এবং বেঙ্গল রেজিমেন্টর একটি ব্যাটালিয়ন ছিলো। এই সব সেনা নিয়ে গঠিত হয় বিচিত্র এক বাহিনী যার নাম দেয়া হলো 'কিলো ফোর্স'। আমাদের পথ ছিলো সবচাইতে দীর্ঘতম অথচ যানবহনের সংখ্যা ছিলো সবচাইতে কম। ফিল্ড আর্টিলারী আমাদের সহায়তায় ছিলো বটে, তবে কোন ট্যাংক কিংবা অন্য কোনো প্রকার সাহায্যকারী ইউনিট ছিল না। এই সেক্টরে আমি ইতিমধ্যেই শত্রুর পশ্চাৎভাগে দুটি নিয়মিত

কোম্পানীকে পাঠিয়ে দিয়েছিলাম। আমার একটি কোম্পানী মীরেশ্বরাই এলাকা এবং ফটিকছড়ি এলাকায় নিরাপদে ঘাঁটি স্থাপন করে বসেছিলো। সমগ্র বেলুনিয় অঞ্চল বেশ কয়েকদিন আগে কয়েকদিন আগে থেকেই শত্রুমুক্ত হয়েছিলো। ফেনী মুক্ত করার জন্য আমাদের প্রস্তুতি চূড়ান্ত। ১৯৭১-এর ২রা ডিসেম্বরের কথা বলছি। পরের দিন মিসেস গান্ধী কলকাতায় এক জনসভায় বক্তৃতা দেবেন। আমরা অনেকেই আশা করেছিলাম এই সভায় হয়তো তিনি বাংলাদেশকে স্বীকৃতি দেয়ার কথা ঘোষণা করবেন।

স্বাধীনতার চূড়ান্ত লড়াই

বেলুনিয়ায় আমার অগ্রবর্তী কমান্ড পোস্টের দিকে জিপ চালিয়ে এগিয়ে যাই। ধুলায় আচ্ছন্ন পথ। দুই পাশে ফসলের সোনালী মাঠ। ধান কাটা মৌসুম এসে গেছে।

অন্যান্য দিনের মতোই সূর্য ডুবে গেল। তারপর সমস্ত এলাকা পূর্ণ চাঁদের আলোয় ভরে ওঠে। পথের পাশে একটা টহলদার দলকে ব্রিফিং দেয়া হচ্ছিলো। অল্প দূরেই আমাদের মেশিনগানের আওয়াজ শোনা যায়। ফাঁকে ফাঁকে পাকিস্তানীদের মেশিন গান,.....কখনও বা আর্টিলারী শেলিং শুরু হয়। সব কিছু নিত্যনৈমিত্তিক ঘটনা.... বাংলাদেশের হয়তো সব ফ্রন্টেই তা ঘটেছিলো প্রতিদিন।

মিসেস ইন্দিরা গান্ধী সেদিন কলাকাতায় এক বিশাল জনসভায় ভাষন দিলেন। তাঁর নয়াদিল্লি ফিরে যাবার কোনো তাড়াহুড়োই ছিলো না।

জেনারেল অরোরার ইস্টার্ন কমাণ্ড হেড কোয়ার্টারে আর একটা কর্মব্যস্ত দিনের অবসান ঘটলো। যেহেতু প্রধানমন্ত্রী রাজধানীর বাইরে তাই ইস্টার্ন কমান্ডে কেউ কোনো গুরুরত্বপূর্ণ নির্দেশ বা সিদ্ধান্ত পাওয়ার আশা করছিলো না। ওদিকে ইয়াহিয়া খান তখন ইসলামাবাদে। দশ দিনের মধ্যে যুদ্ধ করার যে পূর্বাভাস তিনি দিয়েছিলেন তা শেষ হতে আরো দুই দিন বাকী।

ভারতের সমস্ত অগ্রবর্তী বিমান ঘাঁটিসমূহ যুদ্ধের প্রস্তুতি সম্পন্ন হয়েছিল। তবে বিমান ঘাঁটিগুলোতে যুদ্ধের সবগুলো বিমান তখন পর্যন্ত পৌছেনি। ভারতীয় নৌবাহিনীর ইস্টার্ন ফ্লীট এবং ওয়েস্টার্ন ফ্লীট তখন পর্যন্ত শান্তি কালীন ঘাঁটিতেই অবস্থান করছিলো।

পাকিস্তানের বহুল প্রচারিত সাবমেরিন ৩১১ ফুট দীর্ঘ পি-এন-এস গাজী এগিয়ে চললো ভারতের নৌ ঘাঁটি বিশাখাপত্তমের দিকে। উদ্দেশ্য ছিলো ভারতের বিমানবাহী যুদ্ধ জাহাজ 'ভিক্রান্ত' কে টর্পেডো মেরে ডুবিয়ে দেয়া। ৩রা ডিসেম্বর। শুক্রবার। ভারতীয় সময় বিকাল ৫টা ৪৭ মিনিটে পাকিস্তানী বিমান বাহিনী অতর্কিতে ভারতের ৭টি বিমান ঘাঁটিতে একযোগে হামলা চালায়। রাত সাড়ে আটটায় জম্মু এবং কাশ্মীরে দক্ষিণ-পশ্চিম ছাম্ব এবং পুঞ্চ সেক্টরে ব্যাপক আক্রমণ অভিযান শুরু করে।

এই ধরনের পরিস্থিতির জন্য ভারত পুরো প্রস্তুত ছিলো। মিসেস গান্ধী দ্রুত রাজধানীতে প্রত্যাবর্তন করলেন এবং ঐ রাতেই ১২টা ৩০ মিনিট জাতির উদ্দেশ্য প্রদত্ত বেতার ভাষণে সকলকে চরম ত্যাগ স্বীকারের জন্য তৈরী হওয়ার আহবান জানালেন। ততোক্ষণে জেনারেল অরোরাও আক্রমণের নির্দেশ পেয়ে যান। ভারতীয় নৌবাহিনী ইতিমধ্যেই সফল অভিযান শুরু করে দিয়েছিলো। বিশাখাপত্তম উপকূলের মাত্র কয়েক মাইল দূরে ভারতীয় ডেস্ট্রয়ার 'আইএনএস রাজপুত' পাকিস্তানী সাবমেরিন গাজীর সন্ধান পেয়ে যায়। কয়েক মুহূর্তের মধ্যেই 'রাজপুতের ডেপথ' চার্জে পাকিস্তানের সাবমেরিন গাজী টুকরো টুকরো হয়ে সাগর গর্ভে নিশ্চিহ্ন হয়ে যায়। একই সঙ্গে অন্যদিকে ভারতীয় সেনাবাহিনী এবং মুক্তিবাহিনী যৌথভাবে আন্তর্জাতিক সীমান্তরেখা অতিক্রম করে বাংলাদেশ প্রবেশ করলো। ইস্টার্ন ফ্লীটও দ্রুত লক্ষ্যস্থল অভিমুখে অগ্রসর হলো। ভারতীয় বিমানবাহিনী কিছুক্ষণ আগে থেকেই পশ্চিম পাকিস্তানের প্রায় সবগুলো বিমান ঘাঁটি এবং রাডার কেন্দ্রের উপর আঘাত হেনে

চলেছিলো। রাত ৩টায় ভারতীয় বিমানগুলো ঢাকা এবং কুর্মিটোলা বিমান ঘাঁটির উপর প্রথম হামলা শুরু করে । ইতিহাসের আর একটি মহান স্বাধীনতার চূড়ান্ত সংগ্রামের সূচনা হলো।

যুদ্ধের প্রথম দিনে সকল রণাঙ্গনে পাকিস্তানীরা মরণপণ শক্তিতে আক্রমণ প্রতিরোধ করার চেষ্টা করলো। বেলা ১০ টার মধ্যে ভীক্রান্ত তার নির্দিষ্ট গন্তব্যস্থলে পৌচে যায়। কিছুক্ষণের মধ্য ৬টি 'সী হক' বিমান চট্রগ্রাম এবং কক্সবাজারের গুরুত্বপূর্ণ লক্ষ্যস্থলগুলোতে আঘাত হানার জন্য ডেক থেকে উড়ে গেলো।

পূর্ব সেক্টরে অর্থাৎ মেঘনার পূর্ব দিকের অঞ্চলে পাকিস্তানী সৈন্যদের ধ্বংস করার দায়িত্ব ভারতীয় ৪র্থ কোরের ওপর ন্যাস্ত ছিলো। এই সেক্টরে প্রধান সড়কপথে রণকৌশলগত প্রতিবন্ধকতা ছিলো দুটি স্থানে ব্রাহ্মণবাড়িয়া এবং লাকসামে। ব্রাহ্মণবাড়িয়া দখল করতে পারলে পূর্ব সেক্টরের সকল পাকিস্তানী সৈন্য বিশেষ করে সিলেট ও মৌলভীবাজারের সৈন্যরা বিচ্ছিন্ন হয়ে পড়তে বাধ্য। একই সঙ্গে লাকসাম আমাদের দখলে এলে কুমিল্লা গ্যারিসন চট্রগ্রাম ও ঢাকা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়বে। চাঁদপুর ও ফেনী দখলের দায়িত্ব ছিল ৪র্থ কোরের উপর। যুদ্ধ শুরু হওয়ার ১০ দিনের মধ্যেই এই স্থান দখল করার পরিকল্পনা নেয়া হয়। একই সঙ্গে উত্তরে শমসেরনগর বিমান ঘাঁটি, মৌলভীবাজার এবং সিলেটও মুক্ত করার দায়িত্ব এই কোরের ওপর ছিলো। ৪র্থ কোরের প্রাথমিক পরিকল্পনায় ঢাকা মুক্ত করার পরিকল্পনা ছিলো না। সে অনুসারে কোর কমান্ডার সগত সিং ৮ নং মাউন্টেন ডিভিশনকে শমসেরনগর বিমান ঘাঁটি, মৌলভীবাজার এবং সিলেট শহর মুক্ত করার নির্দেশ দেন। করিমগঞ্জের নিকট সীমান্ত অতিক্রম করে ৮ম মাউন্টেন ডিভিশনের একটি কলাম সিলেটের দিকে এবং অন্য একটি মৌলভীবাজারের দিকে অগ্রসর হয়। শমসেরনগর বিমার ঘাঁটি মুক্ত হয় প্রথম দিনেই। পাকিস্তানীরা অবস্থা বেগতিক দেখে এই অঞ্চলের অধিকাংশ সীমান্ত ফাঁড়ি থেকে পশ্চাদপসরণ করতে থাকে।

এই কোরের ৫৭তম ডিভিশনকে আগরতলার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার পর আখাউড়া মুক্ত করে ব্রাহ্মণবাড়িয়া পথে অগ্রসর হওয়ার নির্দেশ দেয়া হয়। কুমিল্লা এবং ময়নামতি মুক্ত করার কাজে নিযুক্ত ২৩ মাউন্টেন ডিভিশনকে সাহায্য করাও ৫৭ ডিভিশনের দায়িত্ব ছিলো। তারপর মেঘনা নদীর তীরে গুরুত্বপূর্ণ যোগাযোগ কেন্দ্র চাঁদপুর এবং দাউদকান্দি করার লক্ষে যুদ্ধভিযান চালিয়ে যাওয়ার নির্দেশও এই ডিভিশনকে দেওয়া হয়।

এই সেক্টরে দক্ষিণে ফেনী শহর থেকে পাকিস্তানীরা এক সময় সন্তপর্ণে পালিয়ে যায়। সাথে সাথে আমার বাহিনী শহরটিতে প্রবেশ করে। ফেনী আমাদের হাতে চলে আসায় চট্রগ্রাম পাকিস্তানীদের সঙ্গে দেশের অন্যান্য স্থানের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। এসময় কুমিল্লা ও লাকসাম এলাকায় প্রচন্ড যুদ্ধ শুরু হয়।

আমার সেক্টরে ফেনী এবং বেলুনিয়া এলাকা সম্পুর্ণভাবে শত্রুমুক্ত হওয়ার পর পাকিস্তানীরা ব্যাপক ক্ষয়ক্ষতি স্বীকার করে লাকসামের দিকে পশ্চাদপসরণ করে। এটাই হচ্ছে একমাত্র এলাকা (অর্থাৎ চট্রগ্রাম সেক্টর) যেখানে ভারতীয় সেনাবাহিনীর কোন নিয়মিত পুরো ব্রিগেড যুদ্ধে নিয়োজিত হয়নি। এখানে অভিযান চলেছে প্রধানত আমার তিন ব্যাটালিয়ন সেক্টর ট্রপস (যার মধ্যে থেকে ২ কোম্পানী ইতিপূর্বেই চট্রগ্রামের অভ্যন্তরে প্রেরণ করা হয়েছিল) এবং ভারতীয় সেনাবাহিনীর দুটি ব্যাটালিয়নের শক্তির ওপর নির্ভর করে।

বেলুনিয়া ও ফেনীতে আমাদের হাতে চরম মার খাওয়ার পর ৫৩ ব্রিগেডসহ পাকিস্তানের ১৫ বালুচ রেজিমেন্ট ৬ই ডিসেম্বর লাকসামের দিকে পলায়ন করেছিলো। ৬ই ডিসেম্বর আমরা ফেনী মুক্ত করে চট্রগ্রামের পথে অগ্রসর হই। সামনে আমাদের ৬৫ মাইল পথ। শুভপুরের কয়েক মাইল দক্ষিণে ধুমঘাট রেল সেতুটি দখল করা এবং রক্ষা করার জন্য আমি সাথে সাথেই দুটি প্লাটুনকে পাঠিয়ে দেই ধুমঘাটের পথে। চট্রগ্রামের পথে অগ্রসরমান আমাদের মূল বাহিনীতে ছিলো আমার সেক্টরের তিনটি নিয়মিত এবং বাংলাদেশের একটি কামান বহর নাম ছিল মুজিব ব্যাটারী। (শেখ মুজিবর রহমানের নাম অনুসারে)। ভারতীয় বাহিনীতে ছিলো ২য় রাজপুত ব্যাটালিয়ন, বিএসএফ-এর একটি গোলন্দাজ রেজিমেন্ট। এই সেক্টরে বাংলাদেশ বাহিনীর কমান্ডার

হিসাবে আমি এবং ভারতীয় বাহিনীর কমান্ডার ব্রিগেডিয়ার আনন্দ স্বরূপ ঘনিষ্ঠ সান্নিধ্য করে চলছিলাম। আগেই বলা হয়েছে আমাদের এই যৌথ বাহিনীর নাম ছিলো 'কিলো ফোর্স'।

ফেনী থেকে রওনা হওয়ার পথে পাকিস্তানের ৩৯ অস্থায়ী ডিভিশনের সৈন্যদের মোকাবিলা হবে বলে আমরা জানতাম। পাকিস্তানী এই ডিভিশনের সঙ্গে কামান ও সাঁজোয়া বহরও ছিলো। আমার বা ভারতীয় বাহিনীর সাথে কোন ট্যাংক বিধ্বংসী অস্ত্র ছিলো না। এই কারণে ভারতীয় বাহিনী একটু সতর্কতার সঙ্গে অগ্রসর হচ্ছিলো। আমাদের মূল বাহিনী ঢাকা-চট্রগ্রাম মহাসড়ক পথে অগ্রসর হচ্ছিলো। একই সাথে একটি বাংলাদেশ ব্যাটালিয়নকে চট্রগ্রাম পাহাড়ের মধ্য দিয়ে পাঠানো হয় হাটহাজারী এবং চট্রগ্রাম ক্যান্টনমেন্টের মাঝামাঝি জায়গায় অবস্থান গ্রহণ করার জন্যে। এই জায়গাটি বন্দর নগরী চট্রগ্রামের কয়েক মাইল উত্তরে। আর আমরা মূল বাহিনী মহাসড়ক পথে চট্রগ্রামের পশ্চিম দিক দিয়ে এগিয়ে চললাম।

চট্রগ্রামের অগ্রাভিযান আমরা ছাগলনাইয়া মুক্ত করার পর ৭ই নভেম্বর ফেনী নদীর সেই স্মরণীয় শুভপুর সেতুর কাছে গিয়ে পৌছি। চট্রগ্রামের পথে আমাদের সামনে এটিই হচ্ছে সর্বশেষ প্রধান বাধা। অবশ্য এরপরও কয়েকটি ছোটখাটো সেতু রয়েছে। শুভপুর সেতুর কাছে গিয়ে দেখি পাকিস্তানীরা সুদীর্ঘ সেতুটির দুটি স্প্যান সম্পুর্ণ ধ্বংস করে রেখে গেছে। আমরা আরো খবর পাই যে তারা ৮ মাইল দুরে মিরেশ্বরাইতে গিয়ে প্রতিরক্ষা ব্যূহ গড়ে তুলেছে।

তৎক্ষণাৎ ভারতীয় ইঞ্জিনিয়ারিং কোরের সদস্যদের ডাকা হয়। তারা যৌথবাহিনীর যানবাহন ও ভারী অস্ত্রশস্ত্র পার করার জন্য ফেনী নদীতে একটি প্লাটুন ব্রিজ তৈরী করার কাজে লেগে যায়। কিন্তু নতুন সেতুর জন্যে অপেক্ষা না করে আমার সৈন্য দলের একটি অংশকে নিয়ে আমি ৮ই ডিসেম্বর বিকেলে নৌকাযোগে নদী পার হয়ে সামনের দিকে অগ্রসর হই। স্বল্পতম সময়ে করেরহাটে আমার সেক্টর হেড কোয়ার্টার স্থাপন করে আমরা জোরারগঞ্জ পর্যন্ত এলাকা শত্রুমুক্ত করি। ভারতের ব্রিগেড কমান্ডারও করেরহাট পৌছে যান। আমার এলাকায় যুদ্ধের জন্য রসদপত্র সংগ্রহই ছিল বড় সমস্যা। আমাদেরকে খাদ্য দ্রব্য এবং অন্যান্য জিনিসপত্রের জন্য পুরোপুরি ভারতীয় সৈন্যবাহিনীর ওপর নির্ভর করতে হচ্ছিলো। এগুলোর জন্য ভারতীয় সেনাবাহিনীকে আবার তাদের পেছনের ঘাঁটির ওপর নির্ভর করতে হতো। এই ঘাঁটি ছিলো শুভপুর থেকে প্রায় ৫০ মাইল দূরে। এই পথটুকুর অধিকাংশ স্থানই ছিলো আবার ভীষণ খারাপ। তাই আমাদের রসদ সরবরাহ ব্যবস্থায় একটা মারাত্বক সংকটের সৃষ্টি হয়েছিলো। হয়তো এই কারণেই আমার সঙ্গের ভারতীয় ব্যাটালিয়নগুলো সাবধানে এগুতে চাইছিলো। ভারতীয় কমাণ্ডার যুদ্ধের সরঞ্জাম এবং রসদের সরবরাহ সম্পর্কে নিশ্চিত না হওয়া পর্যন্ত বেশি দূর সামনে অগ্রসর হতে চাইছিলো না। এদিকে শত্রুরা শুভপুর সেতু ধ্বংস করে আমাদের সকলকে আরো সংকটে ফেলে দিয়েছিলো। এই প্রতিকূল অবস্থা সত্ত্বেও আমরা বেশিক্ষণ অপেক্ষা করতে পারছিলাম না। জাতিসংঘে আমাদের জন্য ক্ষতিকারক কোন সিদ্ধান্ত গ্রহণের এবং পাকিস্তানের অনুকূলে মার্কিন ৭ম নৌবহরের সরাসরি যুদ্ধে জড়িয়ে পড়ার পূর্বেই যত তাড়াতাড়ি পারা যায় আমাদের চট্রগ্রাম পৌছতে হবে।

ইতিপূর্বেই আমি মিরেশ্বরাইয়ের নিকট গেরিলা তৎপরতায় লিপ্ত আমার নিয়মিত কোম্পানী এবং মিরেশ্বরাই ও সীতাকুন্ডু এলাকার সকল গেরিলা গ্রুপকে নির্দেশ দিয়ে রেখেছিলাম যে, তারা যেন শত্রুর ওপর প্রচন্ড আক্রমণ শুরু করে। ৯ই ডিসেম্বর দিবাগত রাতে প্রতিটি গেরিলা দল মহাসড়ক অভিমুখে অগ্রসর হতে থাকে। গ্রাম গ্রামান্তর থেকে তারা গুলি ছুঁড়তে ছুঁড়তে সড়কের দিকে আসছিলো এবং এতে করে ২০ মাইল দীর্ঘ এবং ১০ মইল প্রস্থ জুড়ে এলাকায় এমন একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছিলো যে, মনে হচ্ছিলো মুক্তিবাহিনীর পুরো একটি কোরই বোধ হয় আক্রমণ চালিয়েছে। সেই রাতেই পাকিস্তনীরা পশ্চাদপসরণের আদেশের জন্য অপেক্ষা না করেই পেছনের দিকে পালিয়ে যায়।

এদিকে আমরা যখন একটি জাতি হিসেবে আমাদের অস্তিত্বকে টিকেয়ে রাখার জন্য লড়াই করছিলাম, আন্তর্জাতিক কূটনীতির ক্ষেত্রে তখন চলছিল আরেক খেলা, কিছু আমাদের সমর্থনে আবার কিছু ছিলো আমাদের

বিরূদ্ধে। ৫ই ডিসেম্বর নিরাত্তা পরিষদে পাকিস্তানের পক্ষে অবিলম্বে যুদ্ধ বিরতির জন্য যে প্রস্তাব পেশ করা হয়েছিল, সোভিয়েত ইউনিয়ন তাতে ভেটো দেয়। পাকিস্তান যখন হেরে যাচ্ছিলো সেই মুহূর্তে যুদ্ধবিরতি মানা হলে ইসলামাবাদেরই তাতে সুবিধা হতো, আর আমরা যেটুকু অর্জন করেছিলাম তাও হারাতাম।

এরপরের দিন অর্থাৎ ৬ই ডিসেম্বর ভারতের প্রধানমন্ত্রী মিসেস ইন্দিরা গান্ধী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে স্বীকৃতি দানের ঘোষণা করলে তা মুক্তিযোদ্ধাদের এবং বাংলাদেশের জনগণের মনোবলকে বহুগুণে বাড়িয়ে দেয়। পাকিস্তানের বন্দীশালায় আটক শেখ মুজিবুর রহমানের উচ্ছ্বসিত প্রশংসা করে সেদিন মিসেস গান্ধী বলেছিলেন, এই নবজাত রাষ্ট্রের যিনি জনক, বর্তমান মুহূর্তে আমাদের সমস্ত চিন্তা তাকেই কেন্দ্র করে।

৮ই ডিসেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদে সৈন্য প্রত্যাহারের একট প্রস্তাব সংখ্যাগরিষ্ঠ ভোটে পাস হয়েছিলো। প্রস্তাবটির উদ্যোক্তা ছিলেন মার্কিন সরকার। বৃহৎ শক্তিবর্গের মধ্যে যুক্তরাষ্ট্র এবং চীন পাকিস্তানকে ভরাডুবির হাত থেকে বাঁচানোর চন্য যুদ্ধবিরতির পক্ষে ভোট দিয়েছিলো। প্রস্তাবের বিপক্ষে ভোট পড়ে সোভিয়েত ইউনিয়নের। বৃটেন, ফ্রান্স এবং অন্য ৮টি দেশ ভোটদান থেকে বিরত থাকে।

সাধারণ পরিষদে মার্কিন প্রস্তাব গ্রহণের বিষয়টি আমাদের কাছে তেমন বিস্ময়ের কিছু ছিলো না। এতে এমন কিছুই ঘটেনি যা আমাদের লক্ষ্যচ্যুত করতে পারে। ভারত, পাকিস্তান কিংবা এই মহতী জাতি সংস্থার অন্যান্য সদস্য হয়তো এই প্রস্তাব মানতে বাধ্য। কিন্তু আমরা তখনো জাতিসংঘের সদস্য নই। এবং তাই এ প্রস্তাব মানতে বাধ্যও নই। আমরা যুদ্ধ করেছিলাম নির্যাতিত বাংলার লক্ষ লক্ষ মানুষকে মুক্ত করতে। আমাদের এই লক্ষ্যে ছিলো অত্যন্ত পবিত্র আর সেই লক্ষ্যে অর্জনের প্রায় চুড়ান্ত পর্যায়ে আমরা পৌছে গিয়েছিলাম। এমনকি এ সময় যদি ৭ম নৌ-বহর পাকিস্তানের সহায়তা করার জন্য যে কোনোভাবে যুদ্ধজড়িয়ে পড়তো তবুও আমরা এই মুক্তির সংগ্রাম চালিয়ে যেতাম। ৭ম নৌ-বহরের যুদ্ধে যোগদানের ফলে হয়তো বাংলার আরো অসংখ্য মানুষ প্রাণ হারাতো। কিন্তু মৃত্যু আর ধ্বংসযজ্ঞ এ দুটোর কোনটিই তখন এ দেশের মানুষের অজানা কিছু নয়। পাকিস্তানের জন্যে এই যুদ্ধ ছিল নিছক জয় এবং পরাজয়ের। কিন্তু আমাদের জন্যে এই যুদ্ধ ছিলো জাতি হিসেবে বেঁচে থাকার মরণপণ সংগ্রাম, অন্যথায় সম্পুর্ন নিশ্চিহ্ন হয় যাবার। এ যুদ্ধ আমাদের দেবে গৌরবময় জীবনের সন্ধান নতুবা মৃত্যু।

ভারতের চীফ অব আর্মি স্টাফ জেনারেল এসএইচএফ মানেকশ যুদ্ধের এক নতুন কৌশল অবলম্বন করলেন ৮ই ডিসেম্বর থেকে। যৌথবাহিনীর সাফল্যে সম্পূর্ণ সন্তুষ্ট হয়ে তিনি এক সময়োচিত মনস্তাত্ত্বিক যুদ্ধ (সাইকোলজিক্যাল ওয়ার) শুরু করেন। তার ভাষণ পর্যায়ক্রমে বেতারে প্রচারিত হতে থাকে। অন্যদিকে এই ভাষন প্রচারপত্রের মাধ্যমে বিমানের সহায়তায় পাকিস্তানী অবস্থানসমূহের ওপর বিলি করা হয়। বাংলাদেশে পাকিস্তানী সোনাবাহিনীর অফিসার ও জওয়ানদের উদ্দেশ্য মানেকশ তার বার্তায় সরাসরি বলেন, অস্ত্র সংবরণ করো, নইলে মৃত্যু অবধারিত। যৌথবাহিনী তোমাদের চারিদিক থেকে ঘিরে ফেলেছে। তোমাদের বিমান বাহিনী সম্পূর্ণ ধ্বংস ও নিয়ে আর কোনো সাহায্য পাবে না। বন্দরগুলোও এখন অবরুদ্ধ, তাই বাইরে থেকেও কোনো সাহায্য পাওয়ার আশা বৃথা। মুক্তিবাহিনী এবং জনগণ এখন প্রতিশোধ নিতে উদ্যত। তোমাদের ভাগ্য নির্ধারিত হয়ে গেছে। সেই সাথে তিনি তাদের এই আশ্বাসও দেন সময় থাকতে অস্ত্র সংবরণ করলে তোমাদের সৈনিকদের যোগ্য মর্যাদা দেয়া হবে।

মুক্তিযোদ্ধারা এবং ভারতীয় সেনাবাহিনী দীর্ঘদিন একত্রে থেকে কাজ করে আসছিলো। ১০ই ডিসেম্বর ভারতীয় সেনাবাহিনীর সিনিয়র কমান্ডারের অধীনে ভারত এবং বাংলাদেশ বাহিনীর এক যৌথ কমান্ড গড়ে তোলা হয়।

এই দিনই (১০ই ডিসেম্বর) ঢাকা রেডিওর ট্রান্সমিটারের ওপর সরাসরি এক বিমান হামলায় বেতার প্রচার বন্ধ হয়ে যায়। ভীক্রান্ত এর বিমান বহর তখন চট্রগ্রাম পোর্ট বিমানবন্দর ও সামরিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ অন্যান্য কেন্দ্রের ওপর সমানে আক্রমণ যাচ্ছিলো।

মার্কিন ৭ম নৌ-বহরের টাস্কফোর্স ইতিমধ্যেই মালাক্কা প্রণালী অতিক্রম করে দ্রুত বঙ্গোপসাগরের দিকে অগ্রসর হচ্ছিলো। মার্কিনী এই বহরে ছিল পারমাণবিক শক্তি চালিত বিশাল বিমানবাহী জাহাজ 'এন্টারপ্রইজ' এবং আরো ৬টি যুদ্ধ জাহাজ। এ ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের অজুহাত ছিলো বাংলাদেশে মার্কিন নাগরিকদের সরিয়ে নেয়ার জন্যই ৭ম নৌ-বহরকে এই অঞ্চলে আনা হচ্ছে। এই যুক্তি মার্কিন জনসাধারণের কাছেও গ্রহণযোগ্য ছিলো না, কারণ আমাদের যৌথ কমান্ড ১১ই ডিসেম্বর থেকে বিমান হামলা সাময়িকভাবে স্থগিত রেখে ঢাকা বিমানবন্দর মেরামতের সুযোগ করে দেয়। যাতে আন্তর্জাতিক পথের বিমানগুলোতে বিদেশী নাগরিকরা ঢাকা ত্যাগ করতে পারেন। কিন্তু মার্কিন নাগরিকদের মধ্যে এ সময়ে ঢাকা ত্যাগের তেমন কোনো লক্ষণ দেখা যায়নি।

ততক্ষণে যুদ্ধ সম্পর্কে সবাই স্পষ্ট ধারনা করতে পারছিলো। যৌথবাহিনী সাফল্যের সাথে মেঘনার ওপারে দৃঢ় অবস্থান গ্রহণের পর সামরিক বিশেষজ্ঞরা অভিমত প্রকাশ করেছিলেন সাত থেকে দশ দিনের মধ্যে ঢাকার পতন ঘটবে। নিয়াজী অবশ্য তখনো নিরাপদে ঢাকায় বসে হুংকার দিচ্ছিলেন, প্রতি ইঞ্চি জায়গার জন্য একটি প্রাণ বেচেঁ থাকা পর্যন্ত আমরা যুদ্ধ চালিয়ে যাবো। রাও ফরমান আলী কিন্তু ঠিকই বুঝেছিলেন খেলা শেষ। বাংলাদেশে পাকিস্তানীরা যে জঘন্য অপরাধ করেছিলো, অপারেশন জেনোসইডের অন্যতম স্তপতি ফরমান আলী সে বিষয়ে পুরো সচেতন হয়ে পড়েছিলেন। পরাজয় তখন অবশ্যম্ভাবী। মুক্তিবাহিনীর হাত থেকে রক্ষ পাবার উদ্দেশে ১১ই ডিসেম্বর তিনি যুদ্ধ বিরতির জন্য জাতিসংঘ সদর দফতরে এক আবেদন জানান। ফরমান আলী এখনকার সকল পাকিস্তনীকে অপসরণের ব্যবস্থা করারও অনুরোধ করেন। সঙ্গে সঙ্গে ইয়াহিয়া খান জাতিসংঘকে জানিয়ে দেন যে, ফরমান আলীর প্রস্তাব অনুমোদিত। ইয়াহিয়ার তখনো আশা, যুক্তরাষ্ট্র এবং চীন তাকে উদ্বার করতে নিশ্চয়ই এগিয়ে আসবে। নিয়াজীকে তিনি আরেকটু অপেক্ষা করার জন্য নির্দেশ দেন।

চীন বেধহয় একা অজুহাতের জন্যই অপেক্ষা করছিলো। আর ৪ঠা ডিসেম্বর মার্কিন ৭ম নৌবহর বঙ্গোপসাগরে প্রবেশ করে।

চট্রগ্রাম সেক্টরে আমাদের সকল সৈন্য ৯ই ডিসেম্বর বিকালের মধ্যে শুভপুর সেতু বরাবর ফেনী নদী পার হয়ে যায়। সামনে শত্রুরা কোথায় কি অবস্থায় আছে পর্যবেক্ষণের জন্য আমরা যথারীতি টহলদার দল আগেই পাঠিয়ে দিয়েছিলাম। পাকিস্তানীরা মিরেশ্বরাই ছেড়ে যাচ্ছে বলে ১০ই ডিসেম্বর একজন গেরিলা বেস কমান্ডার আমাকে খবর দেয়। মিরশ্বরাই থেকে ১৫ মাইল দূরে গিয়ে সীতাকুন্ডুতে তারা নাকি নতুনভাবে অবস্থান গ্রহণ করেছে। আমি সাথে সাথে মিরেশ্বরাই দখল করার জন্য একটি ব্যাটালিয়ন পাঠিয়ে দেই। তখনো আমাদের কোনো যানবাহন ফেনী নদী পার হতে পারেনি। ব্যাটালিয়নের সৈন্যদের তাই পায়ে হেঁটেই অগ্রসর হতে হচ্ছিলো। ভারী অস্ত্রশস্ত্র ও মালপত্র নেওয়ার জন্য কয়েকটি রিকশা ও গরুর গাড়ি জোগাড় করা হয়।

বিকেলে আমি পরিষদ সদস্য মোশাররফ হোসেনকে নিয়ে একখানি রিকশায় মিরেশ্বরাইয়ের দিকে যাত্রা শুরু করি। আমাদের ব্যাটালিয়নও তখন একই দিকে মার্চ করে যাচ্ছিলো। পথে তাদের পেছনে ফেলে আমরা এগিয়ে যাই। অবশ্য এই ভাবে একা সামনে এগিয়ে যাওয়া ছিলো খুবই ঝুঁকিপূর্ণ কাজ। পাকিস্তানীরা ঠিক কোথাও রয়েছে কিনা তখনো আমরা তা জানতাম না। তারা সকলেই মিরেশ্বরাই ত্যাগ করেছে কিনা তারও কোনো নিশ্চয়তা ছিলো না। তবু আমি ঝুঁকিনিয়ে মিরেশ্বরাই পৌছে দেখি একটু আগে শত্রুসেনারা সে স্থান ছেড়ে চলে গেছে। স্থানীয় কয়েকজন কর্মকর্তা মিরেশ্বাই হাইস্কুল ভবনে আমার সাথে একত্র হলেন। পাকিস্তানীরা আবার রাতে ফিরে আসতে পারে বলে তারা আশংকা করছিলেন। আমাদের তখন অত্যন্ত দ্রুত চট্রগ্রাম দখল করা দরকার। তাই মিরেশ্বরাইতে আমরা দ্রুত প্রতিরক্ষা অবস্থান গড়ে তুললাম। এপ্রিল ও মে মাসে এই

অঞ্চলেই আমরা যুদ্ধ করেছিলাম, তাই পুরো এলাকাটি আমার এবং আমার অধিকাংশ সৈন্যেও কাছে ছিলো সুপরিচিত। মিরেশ্বরাইতে আমরা বেসামরিক প্রশাসন চালু করি। করেরহাটে অবস্থানরত ভারতীয় ব্রিগেডিয়ার আনন্দ স্বরুপকে আমার নতুন অবস্থানের কথা জানিয়ে তাঁকে সত্বর এখানে চলে আসার অনুরোধ জানাই। চট্রগ্রামের পথে শত্রুসেনার সঠিক অবস্থান জানার জন্য একটি টহলদার দলকে পাঠিয়ে দেই মিরেশ্বারই থেকে সীতাকুন্ডের দিকে। ভোরেই আবার যাত্রা শুরু করতে হবে। তাই মিরেশ্বরাই হাই স্কুলে সে রাতটা কাটালাম।

পরের দিন স্বল্পকালীন সংঘের্ষের পারই সীতাকুন্ডে শত্রুদের প্রতিরোধ ব্যবস্থা ভেঙে পড়ে। সীতাকুন্ড অতিক্রম করার পর ১৩ই ডিসেম্বর কুমিরায় পৌছে আমরা পাকিস্তানীদের শক্তিশালী ঘাঁটির সম্মুখীন হই। ভূমি বৈশিষ্ট্যের কারণে এই জায়গাটি শত্রুদের খুবই অনুকূলে ছিলো। পশ্চিমে সাগর এবং পূর্বে উঁচু পাহাড়ের মধ্যবর্তী সরু এলাকা জুড়ে পাকিস্তানীদের সুদৃঢ় অবস্থান নিয়ে বসেছিলো। সড়কের এক স্থানে গভীর খালের ওপর সেতুটি ওরা ধ্বংস করে দিয়েছিলো। রাস্তার ওপর প্রতিরক্ষামূলক ব্যবস্থা ছাড়াও পার্শ্ববর্তী উঁচু পাহাড়ে যক্ষ্মা হসপাতালের কাছে ছিলো তাদের মূল প্রতিরক্ষা ঘাঁটি। পরবর্তী চবিবশ ঘন্টা উভয় পক্ষে তুমুল সংঘর্ষ হয়। আমাদের কয়েকজন সংঘর্ষে হতাহত হলেও পরদিন সকালের মধ্য আমরা পূর্বদিকে অগ্রসর হতে সক্ষম হই। বেসামরিক জনসাধারণ শত্রুসেনাদের অবস্থান সম্পর্কে আমাদের খরাখবর দিচ্ছিলো। সংবাদ অনুযায়ী সঠিক লক্ষ্যস্থলের ওপর কামান দেগে ওদের ঘায়েল করছিলাম। ১৪ই ডিসেম্বর ভোর রাত ৩টায় আমরা কুমিরা পুরোপুরি শত্রুমুক্ত করে ফেলি। চট্রগ্রাম এখন মাত্র ১২ মাইল দূরে। কুমিরা মুক্ত হওয়ার মাত্র ৩ ঘণ্টার মধ্যে আমাদের যানবাহন এবং কামানগুলো ভাঙা সেতু এড়িয়ে খাল পার হতে শুরু করে। কয়েক হাজার নারী, পুরুষ ও শিশু ভাঙা সেতুর কাছে জমায়েত হয়ে আমাদের সাহায্য করেছিলো। একদল খালের খাড়া পার কেটে ডাইবারসন রোডের ব্যবস্থা করছিলো। অন্য দল আবার গাছ, পাথর, মাটি যা কিছু পাচ্ছিলো তাইদিয়ে খাল ভরে ফেলার চেষ্টা করছিলো। আমি কিছুক্ষণ দাঁড়িয়ে দাঁড়িয়ে এই দৃশ্য দেখছিলাম। এই সময় এক বৃদ্ধা আমার কাঁধে হাত রেখে বললেন, বাবা, চিন্তা করো না। এ কাজ আমরাই পারবো। দ্যাকো তোমাদের মালপত্র আর গাড়ি-ঘোড়া কিভাবে পার করার বন্দোবস্ত করছি। দরকার হলে আমরা সবাইখালে শুয়ে পড়বো। আর তার ওপর দিয়ে তোমাদের গাড়ী পার করার ব্যবস্থা করবো। দেরি করো না বাবা। প্রত্যেক মুহূর্তে তারা আমাদের লোক মারছে। বৃদ্ধা একটু থামলেন। তার দুই চোখ পানিতে ভরে গেছে। বৃদ্ধা বলে চললেন, তোমরা জানো না, কিছুদিন আগে ঈদের সময় চাটগাঁওয়ে একটি লোকাল ট্রেন থামিয়ে তারা সকল বাঙালী যাত্রীকে খুন করেছে। প্রায় এক হাজার হবে। দা ছুরি এসব দিয়ে মেরেছে। আমার মেয়ে আর নাতি নাতনিও ছিলো আর বলতে পারবো না তোমরা এগিয়ে যাও, তাড়াতাড়ি এগিয়ে যাও। তিনি আমাকে প্রায় ঠেলে দিয়েই আবার কাজে ফিরে গেলেন। আমিও পাকিস্তানীদের এই নৃশংস হত্যাকান্ডের কথা শুনেছিলাম। তবে চট্রগ্রামের সর্বশেষ যে খবর আমি পেয়েছিলাম, তা ছিলো আরো ভয়াবহ। পাকিস্তানী সামরিক জান্তা এবং অবাঙালিরা সম্মিলিতভাবে পরিকল্পনা করেছিলো চট্রগ্রাম শহরের কয়েক হাজার বাঙালীকে নির্বিচারে হত্যা করতে। এটা ছিলো তাদের শেষ মরণ কামড়।

ততোক্ষণে বঙ্গোপসাগরে ৭ম নৌ-বহরের অনুপ্রবেশে পরিস্থিতি বেশ জটিল হয়ে উঠেছিলো। চট্রগ্রামের কোন সমুদ্র উপকূলে টাস্কফোর্স-এর মার্কিন বাহিনী অবতরণ করতে পারে বলে আশংকা করা হচ্ছিলো। তাই যতো তাড়াতাড়ি সম্ভব আমরা চট্রগ্রাম মুক্ত করার সিদ্ধান্ত নেই। সেই উদ্দেশ্য ভারতের ২৩ ডিভিশনের ৮৩ ব্রিগেড লাকসাম থেকে দ্রুত যাত্রা শুরু করে এবং কুমিরার কাছে আমাদের সাথে যোগ দেয়। অন্যদিকে ভারতের বিমানবাহিনী ও ইস্টার্ন ফ্লিট পাকিস্তানী অবস্থানগুলোর ওপর অবিরাম বোমাবর্ষণ করে চলেছিলো। এখানকার পাকবাহিনীকে ধ্বংস করা এবং পোর্ট অচল করে দেয়ার জন্যই এই আক্রমণ চলছিল। বোমার আঘাতে জ্বালানি তেলের ট্যাংকগুলো কয়েকদিন ধরে জ্বলছিল। ক্ষতিগ্রস্ত এবং নিমজ্জিত জাহাজের সংখ্যাও ছিল প্রচুর। ডুবন্ত চ্যানেল প্রায় পুরোপুরি বন্ধ। পোর্টের ক্ষয়ক্ষতির পরিমাণ ছিলো ব্যাপক। ৫০০ এবং ১০০ পাউন্ড বোমার গর্তগুলোর ভরাট এবং ধ্বংসস্তূপ পরিস্কার করতে পরে সময় লেগেছিলো এক বছরেরও বেশি।

মুক্তিযোদ্ধারা খবর নিয়ে এলো যে কিছু পাকস্তানী অফিসার ও সৈন্য কক্সবাজার হয়ে স্থলপথে পালাবার চেষ্টা করছে। কেউ কেউ আবার জাহাজে করে কেটে পড়বার চেষ্টা করছে। কয়েকটি পাকিস্তানী জাহাজকে বিদেশী জাহাজের মতো রং লাগিয়ে এবং বিদেশী পতাকা উড়িয়ে ছদ্মবেশে পালাবার জন্যে প্রস্তুত রাখা হয়েছে। এই খবর ভারতের ইস্টর্ন ফ্লিটকে পাঠালে ইস্টার্ন ফ্লিট সতর্ক হয়ে যায়। ছদ্মবেশে পালানোর চেষ্টা করতে গিয়ে বেশ কয়েকটি পাকিস্তানী জাহাজ ভীক্রান্ত-এর গোলায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বার্মা দিয়ে পাকিস্তানীদের পালাবার চেষ্টা বন্ধ করার জন্য এ সময়ে কক্সবাজারে একটি অভিযানের পরিকল্পনা নেয়া হয়। সেই উদ্দেশ্যে রোম ফোর্স নামে এক নতুন বাহিনী সৃষ্টি হয়। এই বাহিনীতে ছিলো ভারতের ১/২ গুর্খা রাইফেলস এবং ১১ বিহার রেজিমেন্টের দুটি কোম্পনী। মর্টার সজ্জিত এই বাহিনী ভারতের একখানি সওদাগরী জাহাজে ১৪ই ডিসেম্বর কক্সবাজারের উপকূলে গিয়ে পৌছে। সেখানে মুক্তিবাহিনীর সদস্যদের সহায়তায় রোম ফোর্স তীরে অবতরণ করে। কিন্তু ঐ এলাকায় কোনো পাকিস্তনীকে অবশ্য তারা পায়নি।

১৫ই ডিসেম্বর গভীর রাতে পাকিস্তানের চীফ অব আর্মি স্টাফের কাছ থেকে নিয়াজী শেষ নির্দেশ লাভ করেন। ভারতীয় সেনাবাহিনীর চীফ অব স্টাফ আত্মসমর্পণের যে শর্ত দিয়েছেন যুদ্ধ বিরতির জন্য তা গ্রহণ করা যেতে পারে বলে এত নিয়াজীকে পরামর্শ দেয়া হয়। এই রাতেই দুটার মধ্য বাংলাদেশের যে সব স্থানে পাকিস্তানী সোনাদল অবস্থান করেছিলো নিয়াজী তাদেরকে ওয়্যারলেস যোগে যুদ্ধ বিরতি পালন এবং যৌথ বাহিনীর নিকট আত্মসমর্পণ করা নির্দেশ জারি করে দেন।

রাত শেষ হয়ে আসে। ১৬ই ডিসেম্বর শেষ রাতের দিকে ভারতীয় ৯৫ মাউন্টেন ব্রিগেডের কমান্ডে নিয়োজিত ব্রিগেডিয়ার ক্রেয়ার নিয়াজীর হেড কোয়ার্টারের একটি অয়ারলেস মেসেজ ইন্টারসেপট করেন। এই বার্তায় ভোর ৫টা থেকে নিয়াজী তার সকল সেনাদলকে যুদ্ধ বিরতি পালন করতে বলেছিলেন। ক্লেয়ার সাথে সাথে এই অয়ারলেস বার্তার কথা জেরারেল নাগরাকে জানিয়ে দেন পরিস্থিতি পর্যালোচনার পর ব্রিগেড কমান্ডার এবং ডিভিশনাল কমান্ডার মিরপুর ব্রিজের কাছে দ্বিতীয় ছত্রী ব্যাটালিয়ন যেখানে অবস্থান করছিলো সেখানে পৌছান। সেখানে অবস্থানরত মুক্তিবাহিনী এবং ভারতীয় প্যারা ব্যাটালিয়ন থেকে তার জানতে পারলেন যে ভোর ৫টার পর ব্রিজের কাছে আর গেলাগুলি হয়নি। এরপর জেনারেল নাগরা তার একজন এডিসি এবং ভারতীয় ছত্রী ব্যাটালিয়নের একজন অফিসারকে শ্বেত পতাকাবাহী একটি জিপে করে ব্রিজের অপর পাড়ে পাঠিয়ে দেন। তখন বেলা ৯টা। জীপের আরোহীরা নিয়াজীর উদ্দেশে লেখা জেনারেল নাগরার একটি বার্তা বহন করছিলো। রণক্ষেত্রের করোতার পরিবর্তে বার্তাটিতে নাটকীয়তাই ছিলো একটু বেশী। জেনারেল আমীর আবদুল্লাহ খান নিয়াজী এবং জেনরেল নাগরা দুজন ছিলেন ব্যাক্তিগত জীবনে পরিচিত সম্ভবত তাই বার্তাটিতে ছিলো নরম সুর। প্রিয় আবদুল্লাহ আমি এসে পড়েছি। তোমার সব বাহাদুরী আর খেলা শেষ। আমার কাছে এখন আত্মসমর্পণ করবে, এই আমার উপদেশ। পাকিস্তানের জন্য সত্যই তখন সকল খেলা শেষ। নিজ বাহিনীর প্রতি যুদ্ধ বিরতি এবং আত্মসমর্পণ করার যে নির্দেশ নিয়াজি জারি করেছিলেন, ১৬ই ডিসেম্বর সকালেই তা ভারত সরকারকে জানিয়ে দেয়ার জন্য তিনি ঢাকাস্থ মার্কিন সামরিক এ্যাটচিকে অনুরোদ করেন। তার অনুরোধ যথারীতি ভারতে মার্কিন দুতাবাসের মাধ্যমে ভারত সরকারকে জানানো হয়।

চট্রগ্রাম এলাকায় আমরা তখন কুমিরার দক্ষিণে আরো কয়েকটি স্থান শত্রুমুক্ত করে ফেলেছি। আমাদের যাত্রা বিম্বিত করার উদ্দেশ্য এসব জায়গায় কিছুকিছু পাকিস্তানী সৈন্য অবস্থান করছিলো। পথের সকল বাধা পরাভূত করে ১৬ই ডিসেম্বরের মধ্যে আমরা ভাটিয়ারীর শক্তিশালী শত্রু ঘাঁটির সম্মুখীন হই। একান থেকে ফৌজদারহাট এলাকা পর্যন্ত পাকিস্তানীরা দুর্ভেদ্য প্রতিরক্ষামূলক ঘাঁটি গড়ে তুলেছিলো। এখানে তাদের অধিকাংশ সৈন্য এবং সমরাস্ত্র এনেও মোতায়েন করেছিলো। আমাদের লক্ষ্য ছিলো কিভাবে এই কমপ্লেক্স আমরা ধ্বংস করতে পারি। যুদ্ধ করতে করতে ওরা যদি চট্রগ্রাম শহরে মধ্য দিয়ে গিয়ে অবস্থান করতে পারে তাহলে

আমরা পড়বো বিপদে। বাড়িঘর অধ্যুষিত এলাকায় যুদ্ধ শুরু হয়ে গেলে প্রতিটি বাড়িই আত্মরক্ষাকারীর আড়াল হিসেবে কাজে লাগাতে পারবে। সেই পরিস্থিতিতে শহরের মধ্যে পা বাড়ানো আমাদের জন্য দুরূহ হয়ে পড়বে।

তাই ফৌজদারহাট এবং চট্রগ্রামের মাঝখানে শত্রুদের অবরোধ করার জন্য সিদ্ধান্ত নেই। উদ্দেশ্য ছিলো ভাটিয়ারী এবং ফৌজদারহাটে অবস্থান গ্রহণকারী সৈন্যরা যেন পেছনে গিয়ে শহরে প্রবেশ করতে না পারে। পরিকল্পনা অনুযায়ী শত্রু বাহিনীর পেছনে আমাদের সৈন্যরা তাদের পশ্চাদপসরণের পথ রুদ্ধ করে রাখবে এবং সামনে থেকে আমাদের অবশিষ্ট অংশ আক্রমণ চালাবে। অভিযানের এই পদ্ধতি কতটা ''ঘাড়ে ধরে মুখে আঘাত করার মতো'' বলা যেতে পারে। সেই অনুসারে ভারতের ৮৩ ব্রিগেডের দুটি ব্যাটালিয়ন ২ রাজপুত এবং ৩ ডোগরাকে পেছনের পথ বন্ধ করে দেয়ার জন্য পাঠানো হয়। ভারতের তৃতীয় আরেকটি ব্যাটালিয়ন সম্মুখে সমরে আমাদের মুক্তিযোদ্ধা ব্যাটালিয়নের সাথে যোগ দেয়। পূর্বোক্ত ব্যাটালিয়ন দুটি রাতের আঁধারে সড়ক থেকে প্রায় ১৫ মাইল পূর্ব দিক দিয়ে পাহাড়ী রাস্তা ধরে ফৌজদারহাটের কিছুটা দক্ষিণে গিয়ে আবার সড়কে উঠবে এবং সেখানে রাস্ত বন্ধ করে অবস্থান গ্রহণ করবে এই ছিলো তাদের প্রতি নির্দেশ। পাহাড়ের মধ্যে দিয়ে অগ্রসরমান এই দলের মালামাল বহনের জন্য প্রায় ১২০০ বেসামরিক লোক জোগাড় করা হয়। প্রয়োজনীয় সব জিনিসই এই বাহিনীর সাথে থাকবে যাতে তারা অন্তত ৪ দিন চলতে পারে। খাদ্যদ্রব্য, গোলাবারুদ, ট্যাংক বিধ্বংসী কামান, মর্টার, মাটি খোঁড়ার সরঞ্জাম, রান্নার উনুন এবং অন্যান্য তৈজসপত্র এ পুরো দুটি ব্যাটালিয়নের জন্য যা কিছু প্রয়োজন সবই বহন করতে হবে। এছাড়া বেসামরিক লোকজন যারা যাবে তাদের খাদ্য এবং কিছু জ্বালানি কাঠও সঙ্গে থাকবে।

১৫ ডিসেম্বর সন্ধ্যার কিছু আগেই ব্যাটালিয়ন দুটি পাহাড়ের ভেতর দিয়ে যাত্রা শুরু করে। স্থনীয় কিছু লোক আগে আগে যেতে থাকে গাইড হিসেবে। এই অভিযানের সাফল্যের উপরই চট্রগ্রামে আমাদের চুড়ান্ত লড়াইয়ের ফলাফল নির্ভর করছে।

ইতিমধ্যে আমার নির্দেশে মিরেশ্বরাই এবং সীতাকুন্ড এলাকার প্রায় ২০০০ গেরিলা একত্র হয়ে কয়েকটি নির্ধারিত স্থানে অবস্থান গ্রহণ করে। যথাসময়ে তাড়াও লড়াইয়ে যোগ দেবে। শহর এলাকা সম্পর্কে ভালো ভাবে জানে বলে রাস্তায় যুদ্ধ শুরু হয়ে গেলে তারা খুব কাজে লাগবে। তাই এদেরকে একত্রিত করে যুদ্ধের জন্য প্রস্তুত রাখলাম।

ভাটিয়ারীতে ১৫ই ডিসেম্বর সন্ধ্যায় আমরা পাকিস্তানীদের প্রথম রক্ষাব্যূহের ওপর আক্রমণ চালাই। দুটি কোম্পানীর এই আক্রমণ ওরা প্রহিত করে দেয়, আমাদের পক্ষে হতাহত হয় ২জন। ১৬ই ডিসেম্বর অগ্রবর্তী দলটি শত্রুর পেছনে ব্যারিকেড সৃষ্টি করার পরই আমাদের আসল আক্রমণ শুরু হবে। তাই আমরা পরের দিন প্রধান হামলা চালাবার জন্য ব্যাপক প্রস্তুতি শুরু করি।

ঢাকার অদূরে ভারতীয় জেঃ নাগরা যে দুজন অফিসার জেঃ নিয়াজীর কাছে পাঠিয়েছিলেন তার ২ ঘণ্টা পর ১১টার দিকে ফিরে আসেন। তাদের জীপের পেছনে পেছনে একখানি গাড়ীতে করে আসেন পাকিস্তানের ৩৬ ডিভিশনের কমান্ডার চেনারেল মোহাম্মদ জামসেদ। জেনারেল নিয়াজীর সরকারী প্রতিনিধি হিসেবে তিনি যৌথবাহিনীর কাছে আত্মসমর্পণের প্রস্তাব নিয়ে আসেন। এরপর নাগরা এবং আরো কয়েকজন অফিসারকে জামসেদের হেডকোয়ার্টারে যাওয়া হয় এবং সেখান থেকে তারা নিয়াজীর অফিসে যাওয়ার প্রাক্কলে নাগরা কলকাতাস্থ ইস্টার্ন কমান্ডের হেডকোয়ার্টার এবং ৪র্থ কোরের হেডকোয়ার্টারের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে যথারীতি খবর পাঠিয়ে দেন। এর আগে সকাল সাড়ে সাতটার দিকে নিয়াজী অয়্যারলেস যোগে মানেকশকে আত্মসমর্পণের সর্বশেষ মেয়াদ আরও ৬ ঘণ্টা বাড়িয়ে দেয়ার অনুরোধ করেছিলেন। একই সঙ্গে তিনি আরো অনুরোধ করেন যে, আত্মসমর্পণের শর্তাবলী নির্ধারণ করার জন্য তিনি যেন একজন সিনিয়র ভরতীয় সামরিক অফিসারকে ঢাকা পাঠিয়ে দেন।

এতসব ঘটনা সম্পর্কে আমরা কিছুই জানতাম না। আমরা ভাটিয়রীতে তখন যুদ্ধে লিপ্ত। আমাদের অগ্রবর্তী দল সাফল্যের সঙ্গে পাহাড়ী পথ ধরে এগিয়ে যাচ্ছিলো। কথা ছিলো ১৬ই ডিসেম্বর কোন এক সময়ে তারা শত্রুর পেছনের দিকে রাস্তা বন্ধ করে অয়্যারলেসে সে খবর আমাদেরকে জানিয়ে দেবে। আমরা সবাই তখন তাদের খবর শোনার জন্য রূদ্ধশ্বাসে অপেক্ষা করছিলাম।

নাগরার কাছ থেকে নিয়াজীর আত্মসমর্পণের ইচ্ছার কথা জানতে পেরে জেনারেল অরোরা তার চিফ অব স্টাফ মেজর জেনারেল জ্যাকবলকে বিমানযোগে ঢাকা পাঠিয়ে দেন। ততক্ষণ মিরপুর যৌথবাহিনী ব্রিজ পার হয়ে ঢাকয় প্রবেশ করতে শুরু করে। এ সময়ে নগরীর রাস্তাঘাট ছিলো জনমানবশূন্য।

মুক্তিবাহিনী এবং ভারতীয় সৈন্যদের রাজধানীতে প্রবেশের খবর দাবানলের মতো চতুর্দিকে ছড়িয়ে পড়ে। উল্লাসের জোয়ারে ঢাকার লক্ষ লক্ষ লোক নেমে আসে রাস্তায়। জনমানবহীন নিঃশব্দ নগরী মুহূর্তে ভরে উঠে মানুষের বিজয় উল্লাসে। ওরা এসেছে এই বাণী উচ্চারিত হতে থাকে মানুয়ের মুখে মুখে। আকাশ বাতাস কাঁপিয়ে ধ্বনি ওঠে জয় বাংলা সে এক অভূতপূর্ব দৃশ্য। যৌথ বাহিনীর জন্যে মানুষ এগিয়ে আসে ফুলের ডালি নিয়ে হৃদয়ের গভীর আর ভালোবাসা নিয়ে।

ঢাকায় সেদিন একদিকে চলছিলো মানুষের বিজয় মিছিল। তারই পাশাপাশি ছিলো পরাজিত পাকিস্তানীদের পলায়নের হাস্যকর দৃশ্য। কিন্তু মানুষ যে কতো জিঘাংসাপরায়ণ হতে পারে পাকিস্তানীরা তার এক নতুন নজীর সৃষ্টি করেছিলো। পালিয়ে যাবার সেই মুহূর্তেও পাকিস্তানীরা বিভিন্ন নিরীহ মানুষের ওপর এলোপাতাড়ি গুলি চালায়। ফলে বহু নিরীহ বাঙালী হতাহত হন।

আত্মসমর্পণের একটি খসড়া দলিল সহ মেজর জেনারেল জ্যাকব বেলা ১টায় জেনালে অরোরার হেডকোয়ার্টার থেকে ঢাকা এসে অবতরণ করলেন। বেলা ২টা ৫০ মিনিটে জেনারেল অরোরা তাঁর সৈনিক জীবনের সবচাইতে আকাঙ্ক্ষিত বার্তাটি পেয়ে গেলেন। জীবনে খুব কমসংখ্যক সেনানায়কই এমন বার্তা পেয়েছেন। বার্তাটি ছিলো, নিয়াজী তার সেনাবাহিনীর সকলকে নিয়ে আত্মসমর্পণে রাজী হয়েছেন এবং আত্মসমর্পণের দলিলেও স্বাক্ষর করেছেন। পশ্চিম সেক্টরে পাকিস্তানী ৯ ডিভিশনের জিওসি মেজর জেনারেল আনসারীর আত্মসমর্পণ পর্বর ততোক্ষণে সাঙ্গ হয়েছে। বিকাল ৩টার মধ্যে মুক্তিবাহিনীর শত শত তরুণ এবং ভারতীয় সেনাবাহিনীর একটি ব্রিগেড বিজয়ীর বেশে রাজধানী ঢাকায় প্রবেশ করে। আত্মসমর্পণ অনুষ্ঠানের জন্য জেলারেল অরোরা তার বিমান ও নৌবাহিনীর চীফ অব স্টাফকে নিয়ে একটু পরেই ঢাকায় অবতরণ করলেন।

আমার বিশ্বস্ত জেসিও সুবেদার আজিজ এবং ১৫ বছরের এক কিশোর মুক্তিযোদ্ধা এতসব ঘটনার কিছুই অবহিত ছিল না। দুজনাই তখন ভাটিয়ারীতে অন্যান্যের সঙ্গে শত্রুর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ। পাকিস্তানীদের একটি খালের অপর পারে হটিয়ে দিয়ে পুনরায় আক্রমণ পরিচালনার জন্য তারা অবস্থান গ্রহণ করেছিলো। অল্প বয়স্ক ছেলেটি কাছেরই এক গ্রামের। তাদের গ্রাম এর আগেই শত্রুমুক্ত হয়েছে। মা-বাবার সাথে দেখার করার জন্য ১৫ই ডিসেম্বর তাকে ১২ ঘণ্টার ছুটি দিয়েছিলাম। কিন্তু সে প্রত্যয়দীপ্ত কণ্ঠে জবাব দিয়েছিলো, না স্যার। চট্রগ্রাম মুক্ত করার পরই আমি বাড়ি ফিরবো। কয়েকদিন বা আর লাগবে। আত্মসমর্পণের জন্য নিয়াজীর নির্দেশ তখনো তার সকল সেনাদলের কাছে পৌছেনি। আমরা জানতাম না যে, বেলা ৪টা ৩১ মিনিটে ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) আত্মসমর্পণ অনুষ্ঠান সমাপ্ত হচ্ছে।

চট্রগ্রাম শহর থেকে মাত্র ৬ মাইল দূরে মহাসড়কের ওপর ভাটিয়ারী দখলের জন্য আমরা তখন লড়াই করছি। আক্রমণ চালাচ্ছে মুক্তিবাহিনীর একটি কোম্পানী। ঘড়িতে তখন বেলা ৪টা ৩০ মিনিট। ঢাকায় এবং অন্যান্য জায়গায় অস্ত্রের গর্জন থেমে গেছে। নিয়াজী এবং অরোরা হয়তো হাতে কলম নিয়ে আত্মসমর্পণের চুক্তিপত্রে স্বাক্ষর করছেন। নিয়তির নির্মম পরিহাস। ঠিক সেই মুহূর্তে ঢাকা ঢেকে ১৬০ মাইল দূরে পাকিস্তনীদের একটি কামানের গোলা আমার অধীনস্থ মুক্তিযোদ্ধা এই কোম্পানীর মাঝখানে এসে পড়লো।

সুবেদার আজিজ এবং ১৫ বছরের সেই ছেলেটি দুজনই গোলার আঘাতে আহত হলো। আস্তে আস্তে পশ্চিম আকাশে সূর্য ডুবে গেল, সেই সাথে বাতাসে মিলিয়ে গেলো তাদের শেষ নিঃশ্বাস। তখন সন্ধ্যার অন্ধকার ঘনিয়ে আসছে ধীরে ধীরে। একজন পাকিস্তানী মেজর ভাটিয়রীর ভাঙা ব্রিজের মুখে এসে দাঁড়ালো। হাতে তার শাদা পতাকা। তারা নিয়াজীর নির্দেশ পেয়ে গেছে, এখন আত্মসমর্পণ করতে চায়।

পরিশেষ

রণাঙ্গণে এবার নেমে আসে প্রশান্ত নীরবতা।

রাইফেল, মেশিনগান, মর্টার, কামানের গোলাগুলির শব্দ থেমে যায়। থেমে যায় আহতের কান্না, মুমূর্ষের করুণ আর্তনাদ। নতুন এই রাত্রির প্রহর আসে কোন এক হারানো অতীতের শান্তির স্বপ্ন নিয়ে। এমনি সুন্দরের স্বপ্নে আবহমানকাল ধরে মানুষের সংগ্রাম চলেছে।

ভাটিয়ারীতে মহাসড়কের ওপর সেতুটি পাকিস্তানীরা ধ্বংস করে দিয়েছিলো। হাজার হাজার মুক্তিযোদ্ধা আর স্বেচ্ছাসেবক ১৬ই ডিসেম্বর সারারাত কাজ করলো ভাটিয়ারীর খালের মধ্য দিয়ে একটা বিকল্প রাস্তা তৈরী করতে। রাতেই আমরা সমস্ত সৈন্য এবং গেরিলাদের চট্রগ্রাম শহরে এবং চট্রগ্রাম ও পার্বত্য চট্রগ্রামের অন্যান্য এলাকায় নিয়ন্ত্রনভার গ্রহণ করার দায়িত্ব বুঝিয়ে দেই। ফেনীর অংশবিশেষসহ শুভপুর পর্যন্ত এলাকার নিয়ন্ত্রণভার আমরা আগেই নিয়েছিলাম। আমার সম্পূর্ণ বাহিনীকে পর দিন খুব সকাল বেলায়ই চট্রগ্রাম শহরে প্রবেশ করে গুরুত্বপূর্ণ স্থানসমূহের নিয়ন্ত্রণভার গ্রহণের নির্দেশ দিলাম। একটি ব্যাটালিয়নকে অবশ্য রাতেই খাল পার হয়ে শহর অভিমুখে যতোদূর সম্ভব এগিয়ে অবস্থান গ্রহণ করতে পাঠিয়ে দেই।

শহরের কেন্দ্রস্থলে অবস্থিত সার্কিট হাউসকে আমার হেডকোয়ার্টার করার সিদ্ধান্ত নিয়েছিলাম। পাকিস্তানী সৈন্যদের নির্দেশ দেওয়া হলো পোর্ট এলাকায় নৌবাহিনীর হেড কোয়ার্টার এবং চট্রগ্রাম ক্যান্টনমেন্টে আত্মসমর্পণের জন্য জমায়েত হতে। পাকিস্তানী বন্দীদের দায়িত্ব ভারতীয় সেনাবহিনীর উপর ন্যস্ত হয়। চট্রগ্রামে পাকিস্তানী সেনাবহিনীর ১৬১ জন অফিসার, ৩০৫ জন জেসিও এবং নৌ ও বিমান বাহিনী সমপর্যায়ের লোক এবং তিন বাহিনীর ৮,৬১৮ জন সৈন্য আত্মসমর্পণ করে।

১৭ই ডিসেম্বর ভোর পর্যন্ত বিকল্প রাস্তার কাজ সম্পন্ন হলো না। ফলে তখন পর্যন্ত সে স্থান দিয়ে গাড়ী পার করাও সম্ভব ছিল না। আমি পুলের এপাড়ে গাড়ী থেকে নেমে পড়লাম একটা ছোট প্যাকেট হাতে নিয়ে। তারপর একটা লাঠিতে ভর দিয়ে খাল পার হয়ে ওপারে গিয়ে উঠলাম। দুদিন আগে কুমিরার যুদ্ধে আহত হওয়ায় আমাকে লাঠিতে ভর দিয়ে বেশ খুঁড়িয়ে চলতে হচ্ছিলো।

পাকিস্তানীদের আত্মসম্পর্ণের ব্যাপেরে লোকজন তখনো পুরোপুরি নিশ্চিত হতে পারেনি। তা সত্ত্বেও শহরের কিছু লোক আমাদের এগিয়ে নেয়ার জন্য ভাটিয়ারীর ভাঙা সেতু পর্যন্ত এগিয়ে এসেছিলাম। আমি আমার এক বন্ধুর গাড়ীতে উঠে বসলাম। গাড়ী ছুটে চললো সোজা সার্কিট হাউসের দিকে।

অগণিত নারী-পুরুষ রাস্তায় বেরিয়ে পড়েছে। পথের দুই ধারে দাঁড়িয়ে তারা হাত তুলে যৌথ বাহিনীর সৈন্যদের এবং মুক্তিযোদ্ধাদের অভিনন্দন জানাচ্ছিলো। জয় বাংলা ধ্বনিতে আকাশ বাতাস মুখরিত হয়ে ওঠে। কেউ কেউ বোধ হয় তখনো পুরো বিশ্বাস করতে পারেনি যে সত্যিই যুদ্ধ শেষ হয়ে গেছে। ভয়ে ভয়ে বাড়ির ভেতর থেকে উঁকি দিয়ে তারা সেই অবিশ্বাস্য দৃশ্য দেখছিল। পাকিস্তানীদের তখন অস্ত্র সংবরণের পালা। বাস ও ট্রাকে করে তারা দ্রুত ছুটে পালাচ্ছিলো নৌবাহিনীর হেডকোয়ার্টার এবং ক্যান্টনমেন্টের দিকে।

সার্কিট হাউস তখন বহু লোক জমা হয়ে গেছে। জনতার ভিড় ঠেলে আমি এগিয়ে যাই। যুদ্ধের এই কয় মাসে আবার দাড়ি বেশ বড় হয়ে যাওয়ায় অনেক বন্ধু এবং পরিচিতজনই আমাকে চিনতে পারলো না।

এমনি একটা সুন্দর মুহূর্তের জন্য সযত্নে এই প্যাকেটটি সাথে রেখেছি দীর্ঘ নয় মাস। এবার ওটাকে খুলে ফেললাম। সুন্দর করে ভাজ করা বাংলাদেশের পতাকাটি একটা কিশোর ছেলেরা হাতে দিয়ে তাকে পাঠিয়ে দিলাম সার্কিট হাউসের ছাদে। সেখানে তখনো পাকিস্তানের পতাকা উড়ছিলো। ছেলেটি পাকিস্তানের পতাকা নামিয়ে ছুড়ে ফেলে দেয় নিচে। সেখানে ওড়ানো হয় স্বাধীন বাংলাদেশের সার্বভৌমত্বেও প্রতীক জাতীয় পতাকা। সে সময় হাজার হাজার মানুষ দৌড়ে আসছে সার্কিট হাউসের দিকে। সমস্ত এলাকা ভরে গেছে মানুষের ভিড়ে। পতাকা উত্তোলনের সময় মুহূর্তের জন্য নিস্তব্ধ হয় উত্তাল জনসমুদ্র অবিস্মরণীয় সেই ঐতিহাসিক ঘটনা প্রত্যক্ষ করার জন্য। তারপর বাতাসের দোলা লাগে, উড়তে থাকে নতুন পতাকা। নিস্তব্ধ নতা উদ্বেলিত হয়ে ওঠে। আকাশ-বাতাস কাঁপিয়ে সেই জনসমুদ্রে ওঠে জয়ধ্বনি জয় বাংলা।

পাকিস্তানীদের হাতে বন্দী ধ্বংসের পথযাত্রী একটা জাতি পেয়ে গেল স্বাধীনতা। দুঃস্বপ্নের রাতের শেষে সেই পতাকার রক্তিম সূর্য বাংলার মানুষের জন্য নিয়ে এলো নতুন আশার বাণী। সমস্ত পৃথিবীতে সেই বিজয়ের বার্তা পৌছে দিতে যেন মানুষ এক যোগে মুহূর্মুহু স্লোগান দিতে থাকে জয় বাংলা। শহরের প্রতিটি প্রান্ত থেকে তেমনি আবেগে লক্ষ কণ্ঠ ধ্বনিত হতে লাগলো জয় বাংলা। খুলে গেল সমস্ত আবদ্ধ দুয়ার বাঁধভাঙা স্রোতের মত বেরিয়ে আসে সকল মানুষ। দীর্ঘ দিনের দুঃসহ যন্ত্রণার শেষে তারা উপভোগ করতে চাইলো উষ্ণ সূর্যালোক, মুক্ত বাতাস, সুন্দর সম্ভাবনাময় নতুন স্বাধীনতা। ভয়াবহ গণহত্যার মধ্য দিয়ে তারা বেঁচে থেকে স্বাধীনতার আনন্দ উপভোগ করতে পারছে এ কথা যেন কিছুতেই বিশ্বাস হচ্ছিলো না। তবুও সেই সব মানুষ বেঁচে আছে। মেঘমুক্ত নীল আকাশের নিচে সোনালী সূর্যের আলোকে মানুষ বিস্ময়ে চেয়ে থেকে বাংলার নতুন পতাকার দিকে। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের পতাকাকে অভিবাদন জানিয়ে আমি নিশ্চুপ দাঁড়িয়ে রইলাম কিছুক্ষণের জন্য, অবাক বিস্ময়ে। ভুলে গেলাম আমার চারপাশের উত্তাল জনসমুদ্রের কথা। তখন ৯টা ১৫ মিনিট, ১৭ই ডিসেম্বর, ১৯৭১সাল।

কিছুক্ষণের মধ্যেই প্রায় প্রতিটি ঘরে বিভিন্ন আকারের নতুন জাতীয় পতাকা শোভা পেতে লাগলো। শুধু ঘরের ছাদই নয়, গাছপালা, লাইটপোস্ট, দোকানপাট যেখানেই সম্ভব সেখানেই মানুষ উড়ালো নতুন পতাকা। উৎসবের সাড়া পড়ে গেলো সমস্ত শহরে। যুদ্ধের নয় মাস এমনি একটা সুন্দর মুহূর্তের জন্যে প্রায় প্রতিটি বাঙালীর ঘরেই লুকিয়ে রাখা হয়েছিলো বাংলাদেশের পতাকা। ধরা পড়ে অনেকে আবার পাকিস্তানীদের হাতে নির্মমভাবে নিহত হয়েছে।

দ্বিতীয় মহাযুদ্ধের পর পৃথিবীর সবচাইতে বেদনাময় ঘটনার পরিসমাপ্তি ঘটলো হয়তো বা সাময়িকভাবে। এই নিষ্ঠুর ঘটনা ছিল অবিশ্বাস্য, আর তাই হয়তো এখানে কান্নায় ভাষারও হারিয়ে গিয়েছিলো। বিকৃত বিকারগ্রস্ত রক্তলিপ্সু পাকিস্তানীরা নিরীহ নারী-পুরুষ এবং শিশু হত্যার নৃশংসতায় হিটলারের নাজী বাহিনীকেও হার মানিয়েছিলো। দ্বিতীয় মহাযুদ্ধে জার্মানির পক্ষ অবলম্বনকারী দুটি সরকার ছাড়া আর সমস্ত পৃথিবীর সরকার একযোগে রুখে দাঁড়িয়েছিলো হিটলারের গণহত্যার বিরুদ্ধে। অথচ বাংলাদেশের পাকিস্তনীরা যখন গণহত্যা চালালো তখন এইসব সরকারের কয়েকটি পাকিস্তনীদের বিরুদ্ধে না গিয়ে বরং ইয়াহিয়াকে গণহত্যায় সহায়তা করলো। একটা কঠিন সত্য পৃথিবীর মানুষের কাছে সুস্পষ্ট হয়ে উঠলো যে, দ্বিতীয় মহাযুদ্ধের পর ক্রমান্বয়ে বিশ্ব নেতৃবৃন্দের অনেকেরই নৈতিক মূল্যবোধের অবক্ষয় ঘটেছে। তাদের মুখে মানবতার বুলি আসলে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত।

বিজয়ের মধ্য দিয়ে নয় মাসের দুঃস্বপ্নের অবসান ঘটলো। বাংলার মানুষ আবার তার নিজের ভাগ্য নিয়ন্ত্রণের অধিকার অর্জন করলো। পথে-প্রান্তরে পর্বতাঞ্চলে নদনদী খালে বিলে বাংলার প্রতিটি অঞ্চলে বাঙালী আবার নির্ভয়ে ঘুরে বেড়াতে পারবে। ছায়ার মতো অনুসারী মৃত্যুর ভয়ে ভীতসন্ত্রস্ত হয়ে থাকতে হবে না আর। রাতের অন্ধকারে প্রতিটি অচেনা শব্দ মৃত্যুর অশুভ পদধ্বনি হয়ে আসবে না। চারদিকে আনন্দ আর উল্লাসের ঢেউ। ২৫শে মার্চের সেই ভয়াভহ রাতের পর এই প্রথম মহিলারা নির্ভয়ে বেরুতে পারলো। ঘরের বাইরে ছোট

ছোট ছেলেমেয়েরা দল বেঁধে ছুটে চলছে মুক্তিযোদ্ধাদের সাথে হাত মেলাতে। মার্চ করে চলছে মুক্তিবাহিনী। পথের দুই পাশে উচ্ছ্বসিত জনতা তাদের জানাচ্ছে প্রাণঢালা অভিনন্দন। সুখী মানুষের আনন্দ কোলাহলের সে এক অভূতপূর্ব সমাবেশ। মুক্তিযোদ্ধাদের ফুলের মালা পরিয়ে দিচ্ছে কেউ। অনেকে গাইছে গান। নির্মল হাসিতে যেন সমস্ত মানুষের রূপ উদ্ভাসিত। কারো চোখে ছিল সুখের অশ্রুজল। একজন আনন্দের আতিশয্যে বাঁধ ভাঙা চোখের জল সামলাতে গিয়ে শাড়ির আঁচল কামড়ে রেখেছেন দৃঢ়ভাবে। কাছেই কোথাও মাইকে বাজছিল অতি প্রিয় সেই গান ''মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি''। এমনি অনেক ফুলের মত জীবনকে হয়তো আমরা যুদ্ধ করে বাঁচাতে পেরেছি। আবার অনেকেই আমরা বাঁচাতে পারিনি। আমার মনে হলো সেই সব শহীদের কথা, যারা নিজ দেশে বন্দির মতো জীবন যাপন করছিলো। পাকিস্তানীরা এদেশকে পরিণত করেছিল বন্দীশালায়। যেখানে তার মৃত্যুদন্ডে দন্ডিত করে রেখেছিল বাংলার সাড়ে সাত কোটি মানুষকে। সেই বন্দিশালায় পাকিস্তানীদের হাতে নির্মমভাবে নিহত অসংখ্য মানুষের ত্যাগ আর গভীর জীবনবেদনা ছিল এতই মহান যে শ্রদ্ধায় নত হয়ে আমি অনুচ্চ স্বরে বললামঃ

'' ... এবং শান্তি, আর যুদ্ধ নয়-
তোমাদের বিদেহী আত্মার জন্য
চাই শুধু শান্তি, যুদ্ধ নয়।
এই বন্দীশালা, এখানেই ছিল
তোমাদের তীর্থের জীবন।''

ইতিহাসের এই মর্মান্তিক নাটকের যবনিকাপাত সে কি বিজয়ের আনন্দে উদ্ভাসিত নাকি শোকের বেদনায় আপ্লুত? অথবা সেখানে ঘটেছে বিজয় আর বেদনার অপূর্ব সংমিশ্রণ? এই নির্মম ও অচিন্তনীয় গণহত্যাকে কি পৃথিবীর মানুষ ইতিহাসের পালাবদলের অমোঘ বিধান বলেই সমস্ত দায়িত্ব এড়িয়ে যেতে পারবে ?

সার্কিট হাউসের সামনে সবুজলনে দাঁড়িয়ে আমি ভাবছিলাম সেই বিষাদময় সমস্ত ঘটনার কথা। যুদ্ধের নয় মাসের শহীদদের কথা আবার মনে পড়লো। পাকিস্তানীরা এদের হত্যা করেছিলো গ্রামে-গঞ্জে, নগরে-বন্দরে শহরে-মসজিদে-মন্দিরে। অনেককেই ধরে নিয়েছিলো আরো নিষ্ঠুরভাবে অশেষ যন্ত্রনা দিয়ে হত্যা করার জন্য। বাংলার এই অসহায় মানুষগুলো আর কোনো দিনই ফিরে আসবে না। কিন্তু পাকিস্তানীরা যখন এদেরকে বেঁধে নিয়ে যেতো হত্যা করার উদ্দেশ্যে সেই মুহূর্তে এই সব অসহায় মানুষ কি ভাবতো কে জানে? তাদের আপজনেরই বা কি গভীর মর্মবেদনায় ভেঙ্গে পড়তো চিরবিদায়ের সেই মুহূর্তে? এইসব মানুষকে যখন পাকিস্তানীরা লাইনে দাঁড় করিয়ে হত্যা করতো, রাস্তায় টেনে নিয়ে যেতো জীপের পেছনে বেঁধে, বেয়োনেট আর রাইফেলের আঘাতে ক্ষতবিক্ষত করে ফেলতো তখন মৃত্যুপথযাত্রী সেই সব মানুষ কি ভাবতো আমরা কোনো দিন তা জানবো না। নিষ্পাপ শিশু, অবলা নারী, অসহায় বৃদ্ধ এদের কেউই সেদিন রক্ষা পায়নি। পাকিস্তানীদের হাত থেকে।

সেই সব প্রাণের বিনিময়ে আজ আমরা স্বাধীন। আমার চিন্তায় বাধা পড়লো। একজন বৃদ্ধ এগিয়ে এলেন আমার দিকে। যুদ্ধে তার ছেলে হারিয়ে গেছে চিরদিনের জন্য। মুখে তাঁর হাসি নেই নেই অশ্রুজল। তিনি শান্ত, অতিশান্ত। আমাকে জড়িয়ে ধরে তিনি গভীর প্রশান্তিতে চোখ বুজে রইলেন কিছুক্ষণ।

মানব হৃদয়ের সেই অব্যক্ত বেদনা কেউ কোন দিন বুঝতে পারবে না।

১ নম্বর সেক্টরের কতিপয় গেরিলা অপারেশন

[মেজর (অবঃ) রফিক-উল-ইসলাম, বীর উত্তম-এর ২০ মার্চ ১৯৮৩ তারিখে গৃহীত সাক্ষাৎকার থেকে]

Of the numerous raids, ambushes and attacks in all the sectors, a number of actions have been enumerated in the following texts. These actions would depict a picture of the war and the gradual process of transformation of the inexperienced freedom fighters into an effective and cohesive fighting force through continuous actions against the Pakistanis all over the country.

No.1 Sector: A number of small guerilla groups comprising of 3 to 5 students, trained on the use of hand-grenades and small arms were being inducted into Bangladesh from as early as the first week of May. The attacks were primarily to kill leading collaborators as well as officers of the Pakistan Army. The first organized guerilla group with appropriate training on weapons and explosives was sent in No.1 Sector on June 4, through Baishnapur area in the afternoon. On June 10, one our fighting patrol laid an ambush near Hiaku on Ramgrh-karerhat road. In the subsequent encounter, 4 Pakistanis were killed. Our troops withdrew without suffering any casualty.

নোয়াখালী এবং বেলুনিয়াতে আমাদের সৈনিকরা এবং গেরিলা দল পাকসেনাদের নাজেহাল করে তুলেছিল। ২২শে আগস্ট পাকসেনাদের একটি দল সোনাগাজীর দিকে ট্রাকে অগ্রসর হচ্ছিল। আমাদের একটি দল রাস্তায় এন্টি-ট্যাঙ্ক মাইন পেতে ভোর ৫টায় পাকসেনাদে দলটিকে এ্যামবুশ করে। মাইনের আঘাতে পাকসেনাদের তিনটি প্রাক ধ্বংস হয় এবং সেই সঙ্গে তাদের ২০ জন সৈন্য নিহত হয়। এ ছাড়াও এ্যামবুশ পার্টির গুলিতে প্রায় ৪০ জন পাকসেনা এবং রাজাকার হতাহত হয়। প্রায় এক ঘণ্টা যুদ্ধের পর আমাদের দলটি অবস্থান পরিত্যাগ করে নিরাপদে ফিরে আসে। এই ঘটনার দুদিন পর চৌদ্দগ্রাম এবং লাকসাম সড়কের উপর আমাদের গেরিলারা মাইন পুঁতে রাখে। পাকসেনাদের একটি ডজ গাড়ি মাইনের আঘাতে বিধ্বস্ত হয়। গাড়িতে অবস্থানরত একজন অফিসার এবং একজন পাকসেনা নিহত হয়। একই সময় ফেনী থেক একটি ট্রাক পাকসেনাসহ চৌদ্দগ্রামের দিকে আসছিল। আমাদের একজন গেরিলা ট্রাকের ভিতর একটি গ্রেনেড নিক্ষেপ করে। প্রায় ২৫ জন পাকসেনা হতাহত হয়। অপর পক্ষে পাকসেনাদের গুলিতে আমাদের একজন মুক্তিযোদ্ধা কমাণ্ডার শাহজাহান শহীদ হয় এবং একজন আহত হয়। একজন মুক্তিযোদ্ধা পাকসেনার হাতে ধরা পড়ে। গেরিলারা ফেনীর কাছে গুমদন্ডী রেলওয়ে লাইন ডিমোলিশন দিয়ে উড়িয়ে দেয়। ফলে ফেনী এবং এবং কুমিল্লার মধ্যে ট্রেন যোগাযোগ সামরিকভাবে বিচ্ছিন্ন হয়ে যায়। ২১শে আগস্ট সকাল সাড়ে ৭টায় আমাদের একটি পেট্রোল পার্টি পাকসেনাদের একটি দলকে কুমিল্লার উত্তরে গাজীপুর রেলওয়ে সেতুর দিকে অগ্রসর হতে দেখে। আমাদের পেট্রোল পার্টিটি পুলের নিকট এ্যামবুশ পেতে পাকসেনাদের জন্য অপেক্ষা করতে থাকে। পাকসেনারা এ্যামবুশ অবস্থানটির মধ্যে এসে যায় এবং আমাদের মুক্তিযোদ্ধা দ্বারা অতর্কিতভাবে আক্রান্ত হয়। এই আক্রমণে একজন লেফটেন্যান্ট সহ ছ'জন পাকসেনা নিহত হয় এবং অবশিষ্ট পাকসেনারা পালিয়ে বাঁচে। বহু অস্ত্রশস্ত্র এবং ম্যাপ আমাদের দখলে আসে।

৪র্থ বেঙ্গলের 'সি' কোম্পানী আগস্ট মাসের শেষের দিকে কুমিল্লার উত্তরে মন্দভাগ এবং সি-এন্ড-বি সড়কের উপর তাদের কার্যকলাপ জোরদার করে তোলে। ২৩শে আগস্ট রাত ১টায় ক্যাপ্টে গাফফারের নেতৃত্বে দুটি প্লাটুন মন্দভাগ বাজরের উপর অতর্কিত আক্রমণ চালায়। আক্রমণের সময় আমাদের সৈনিকরা গ্রেনেড চার্জ করে পাকসেনাদের চারটি বাঙ্কার ধ্বংস করে দেয়। এই আক্রমণে পাকসেনাদের অন্তত ২৫ জন নিহত এবং ১২ জন আহত হয়। আমাদের পক্ষে দু'জন মারাত্মকভাবে আহত এবং একজন শহীদ হন। ১ ঘণ্টা যুদ্ধের পর আমাদের যোদ্ধার শত্রু অবস্থান পরিত্যাগ করে নিরাপদে ফিরে আসে। ২৫শে আগস্ট আমাদের একটি ডিমোলিশন পার্টি সি-এন্ড-বি সড়কের কালামোড়া সেতুতে প্রহরারহ পাকসেনাদের আক্রমণ করে। সেতুটিকে আমাদের দলটি উড়িয়ে দেয়। ঐদিন ভোর ৫টায় পাকসেনাদের একটি জীপ দ্রুতগতিতে বিধ্বস্ত হয় এবং ঐ জীপের আরোহী তিনজন পাকসেনা নিহত হয়। আমাদের আরেকটি দল সি-এন্ড-বি রাস্তার উপর একটি এ্যামবুশ পেতে রাখে।

২৫শে আগস্ট সকাল ৮টার সময় পাকসেনাদের একটি ডজ গাড়ি এ্যামবুশের আওতায় এলে গাড়িটি ধ্বংস করে দেয়া হয় এবং ডজের আরোহী চারজন পাকসেনাকে (একজন হাবিলদার ও নিজন সিপাই) বন্দি করা হয়। মুক্তিযোদ্ধারা এ যান থেকে ছ'টি রাইফেল, ২২৫ রাউন্ড গুলি, দুটি পিস্তল ও তিনটি গ্রেনেড হস্তগত করে। কুমিল্লার উত্তরে কামবাড়ি ও আম্রতলী এলাকায় পাকসেনারা প্রায়ই টহল দিতে আসত। পাকসেনাদের এই দলটিকে এ্যামবুশ করার জন্য পরিকল্পনা নেয়া হয়। ২৫শে আগস্ট তারিখে আমাদের একটি প্লাটুন ক্যাপ্টেন দিদারুল আলমের নেতৃত্বে বিকেল চারটায় মর্টারসহ পাকসেনাদের টহল দেয়া রাস্তার পাশে এ্যামবুশ পেতে বসে থাকে। সন্ধ্যা ছয়টার সময় পাকসেনাদের একটি কোম্পানী গোমতী পার হয়ে জামবাড়ির দিকে অগ্রসর হয়। এ্যামবুশের নিকট পৌঁছানোর সঙ্গে সঙ্গে তাদের উপর প্রবলভাবে মর্টারের গুলিবর্ষণ করা হয়। পাকসেনারা এই আকস্মিক আক্রমণে ছত্রভঙ্গ হয়ে পালাবার চেষ্টা করে। কিন্তু আমাদের এ্যামবুশ পার্টি পলায়নপর শত্রুসেনাদের উপর মেশিনগান এবং হালকা মেশিনগানের সাহায্যে তাদের প্রতি আক্রমণ চালায়। এই এ্যামবুশ ৩০ জন পাকসেনা নিহত এবং ১০ জন আহত হয়। অবশিষ্ট পাকসেনারা রাতের আঁধারে পালিয়ে যেতে সমর্থ হয়।

পাকসেনারা শালদা নদী এবং নয়নপুরে তাদের সরবরাহ নদীপথে পাঠাতো। তাদের এই নদীপথে বন্ধ করার জন্য প্রায়ই পাকসেনাদের অবস্থানের পেছনে আমাদের এ্যামবুশ পার্টি পাঠানো হতো। ২৩শে আগস্ট আমাদের এ্যামবুশ পার্টি সেনেরবাজারে অবস্থান নিয়েছিল। সকাল এগারটায় পাকসেনাদের একটা নৌকা সেনেরবাজারের পশ্চিম পাড় ঘেঁষে আসতে থাকে। আমাদের এ্যামবুশ পার্টি দ্রুত শত্রুর নৌকার উপর গুলিবর্ষণ শুরু করে। এতে ৭ জন পাকসেনা নিহত হয়, অবশিষ্ট সৈন্যরা নৌকাটিকে তাড়াতাড়ি পশ্চিম তীরে ভিড়িয়ে নৌকা থেমে নেমে গ্রামের দিকে পালিয়ে যায়। এই ঘটনার তিন দিন পর আমাদের আরেকটি চহলদার দল ব্রাহ্মণপাড়া গ্রামের নিকট পাকসেনাদের ছ'টি নৌকা নয়ানপুরের দিকে অগ্রসর হতে দেখে। প্রত্যেকটি নৌকায় ছয় থেকে আটজন করে পাকসেনা ছিল। টহলদার দলটি হাবিলদার সৈয়দ আলী আকবরের নেতৃত্বে সেনেরবাজারের নিকট নদীর পশ্চিম তীরে এ্যামবুশ পেতে বসে থাকে। নৌকাগুলি যখন এ্যামুবশের আওতায় আসে তখন আমাদের মুক্তিযোদ্ধারা নৌকাগুলোর উপর মেশিনগানের সাহায্যে গুলিবর্ষণ শুরু করে। প্রথম নৌকাটি গুলির আঘাতে উল্টে যায় এবং তিনজন পাকসেনা নিহত হয়। অবশিষ্ট তিনজন আরোহী পানিতে ঝাঁপ দিয়ে পালিয়ে যাবার চেষ্টা করে। আমাদের আরেকটি দল সুবেদার নজরুল ইসলামের নেতৃত্বে পলায়নপর পাকসেনাদেরকে নাগাইশ গ্রামের কাছে আক্রমণ করে এবং তাদের তিনটি নৌকা ডুবিয়ে দেয়। এতে আঠারজন পাকসেনা পানিতে ডুবে মারা যায়। শুধু দুটি নৌকা থেকে পাকসেনারা রক্ষা পায় এবং নয়ানপুরের দিকে পলায়ন করে। এই সংঘর্ষে আমাদের ছাত্র গেরিলা আবদুল মতিন বুলেটবিদ্ধ হয়ে শাহাদৎ বরণ করেন।

২৭শে আগস্ট সকালে পাকসেনারা নয়ানপুরের পশ্চিম পাশে শশীদল গ্রামের নিকট তাদের সৈন্য সমাবেশ করে সেনের বাজারের দিকে অগ্রসর হয়। পাকসেনাদের এই দলটি মর্টারের গোলার সাহায্যে সেনের বাজারের উপর প্রচন্ড আক্রমণ চালায়। সমস্ত দিন মুক্তিযোদ্ধাদের সঙ্গে প্রচন্ড গুলি বিনিময় হয়। সন্ধ্যা সাড়ে সাতটার সময় আমাদের সেনারা পাকসেনাদের আক্রমণকে প্রতিহত করে। পাকসেনারা অগ্রসর হতে ব্যর্থ হয়ে পিছু হটে যায়। পরে জানা যায় যে, এই সংঘর্ষে ১৫ জন পাকসেনা নিহত হয়।

২৮শে আগস্ট পাক-বাহিনী ব্রাক্ষণপাড়া থেকে পাঁচটি নৌকায় শালদা নদীর দিয়ে অগ্রসর হওয়ার পথে আবার আমাদের এ্যামবুশ পার্টি দ্বারা আক্রান্ত হয়। এই এ্যামবুশে আমাদের মুক্তিযোদ্ধারা শত্রুসেনাদের পাঁচটি নৌকা ডুবিয়ে দেয়। এখানে একজন ক্যাপ্টেনসহ প্রায় ৩০ জন পাকসেনা হতাহত হয়। এর ফলে পাকসেনাদের জন্য নদীপথে অগ্রবর্তী ঘাঁটিগুলোতে সরবরাহ পুরোপুরিভাবেই বন্ধ হয়ে যায়।

৪র্থ বেঙ্গল রেজিমেন্টের 'এ; কোম্পানীর একটি টহলদার দল মাধবপুর এলাকার নিকট ২৭শে আগস্ট তাদের গোপন বেইস গড়ে তোলে। এখান থেকে পাকসেনাদের বিরুদ্ধে কার্যকলাপ চালিয়ে যাবার জন্য সি-এন্ড-বি সড়কে তাদের লোক পাঠায়। ২৮ তারিখে সকাল সাতটায় খবর আসে যে, পাকসেনারা একটি জীপ ও ট্রাকে সি-এন্ড-বি সড়ক থেকে কাঁচা রাস্তায় মাধবপুরের দিকে ধ্বংসাত্মক কার্যকলাপ চালানোর জন্য এগিয়ে আসছে। আমাদের টহলদার দলটি এই সংবাদ পেয়ে মাধবপুর গ্রামের বাইরে কাঁচা রাস্তায় যে পথে পাকসেনারা অগ্রসর হচ্ছিলো সেখানে একটি এ্যামবুশ পেতে বসে থাকে। এগারটার সময় পাকসেনাদের জীপ এবং ট্রাকটি এ্যামবুশের আওতায় আসে। আমাদের এ্যামবুশ পার্টি আক্রমণ চালিয়ে গাড়ি দুটির মারাত্মক ক্ষতিসাধন করে। এই এ্যামবুশে ৯ জন পাকসেনা নিহত এবং ৬জন আহত হয়। কিছুসংখ্যক পাকসেনা পালিয়ে যেতে সমর্থ হয়।

আগস্ট মাসের শেষের দিকে কুমিল্লার দক্ষিণে আমাদের গেরিলারা তাদের কার্যকলাপ আরো জোরদার করে। ট্রেনিংপ্রাপ্ত একটি গেরিলা দল বরুরাতে তাদের বেইস-এ যাওয়ার পথে পাকসেনা এবং রাজাকার দ্বারা আকস্মিকভাবে আক্রান্ত হয়। এই সময় ফরিদগঞ্জ, হাজীগঞ্জ, দাউদকান্দি, চাগোরা প্রভৃতি জায়গায় পাকসেনাদের সঙ্গে গেরিলাদের সংঘর্ষে ১৬ জন পাকসেনা নিহত হয়। এসব সংঘর্ষে ২০টি রাইফেল এবং প্রচুর গোলাবরুদ আমাদের হস্তগত হয়। আগস্ট মাসে ২৯ তারিখে আমাদের মিয়ার বাজার সাব-সেক্টরে খবর আসে যে, পাকসেনারা লাকসাম থানার বুটচি গ্রামে সন্ধ্যা সাতটায় শান্তি কমিটির একটি সভা করার প্রস্তুতি নিয়েছে। এই সংবাদ পেয়ে ক্যাপ্টেন ইমামুজ্জামান সভাটি পন্ড করার জন্য এক প্লাটুন মুক্তিযোদ্ধা পাঠিয়ে দেয়। পাকসেনা এবং রাজাকাররা সভা শুরু করলে আমাদের প্লাটুনটি তাদের উপর অতর্কিত আক্রমণ চালায়। এই আক্রমণের ফলে ৮ জন পাকসেনা, ৯ জন পশ্চিম পাকিস্তানী পুলিশ এবং ২০ জন রাজাকার হতাহত হয়। শান্তি কমিটির সভাটি আর অনুষ্টিত হতে পারেনি। আমাদের মুক্তিযোদ্ধারা নিরাপদে নিজেদের আশ্রয়ে ফিরে আসে।

২৫শে আগস্ট সকাল ৯টার সময় পাকসেনাদের একটি প্লাটুনকে ব্রাক্ষণপাড়া থেকে ধানদইল গ্রামের দিকে অগ্রসর হতে দেখা যায়। আমাদের একটা পেট্রোল পার্টি দূর থেকে পাকসেনাদের অগ্রসর হতে দেখে ধানদাইল গ্রামে এ্যামবুশ পাতে।পাকসেনারা এ্যামবুশের ভিতর এসে গেলে তাদের উপর অতর্কিত আক্রমণ চালায়। এতে ১ জন ক্যাপ্টেনসহ ১০ জন পাকসেনা নিহত হয়। অবশিষ্ট সেনারা ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়। পরদিন আমাদের এই টহলদার দলটি উত্তর নাগাইশ এবং ছোট নাগাইশ গ্রামের মাঝে মালদা নদীর পাড়ে এ্যামবুশ পাতে। সকাল পাঁচটায় আমাদের এ্যামবুশ দল পাকসেনাদের একটি টহলদার দলকে শালদা নদীর পূর্ব তীর ঘেঁষে অগ্রসর হতে দেখে। পাকসেনাদের এই দলটি তাদের কয়েকটা সরবরাহকারী নৌকাকে নয়ানপুর থেকে মন্দভাগের দিকে পাহারা দিয়ে নিয়ে যাচ্ছিলো। এই দলটি আমাদের এ্যামবুশ পার্টির আওতায় আসার সঙ্গে সঙ্গে তাদের উপর আক্রমণ চালায়। সঙ্গে সঙ্গে দুটি নৌকা ধ্বংস এবং ১৪ জন লোক নিহত হয়। পাকসেনাদের অপর পাহারা দল আমাদের এ্যামবুশ পার্টির প্রতি পাল্টা গুলি চালায়। প্রায় এক ঘণ্টা উভয় পক্ষের মধ্যে গোলা বিনিময় চলতে

থাকে। নয়ানপুর থেকে আরো দুটি নৌকায় পাকসেনারা তাদের দলটিকে আরো শক্তিশালী করার জন্য অগ্রসর হয়। প্রথম নৌকাটি আমাদের গুলিতে ডুবে যায় এবং ৫ জন পাকসেনা নিহত হয়। অন্য উপায় না দেখে দ্বিতীয় নৌকার সৈন্যরা তীরে নেমে পালিয়ে যায়। এরপর পাকসেনারা সমস্ত দিন এবং রাত হরিমঙ্গল, শশীদল এবং সেনের বাজারের দক্ষিণ-পশ্চিম দিক থেকে আমাদের সেনের বাজার এবং গৌরাঙ্গল অবস্থানের উপর গোলাবর্ষণ করতে থাকে। পরের দিন সকাল ৯টায় ৩০ জন পাকসেনা দুটি নৌকায় সেনের বাজার অবস্থানের দিকে আক্রমণের জন্য অগ্রসর হয়। অগ্রসর হওয়ার পথে আমাদের মেশিনগানের গুলিতে দুটি নৌকাই ডুবে যায় এবং সকল পাকসেনাই নদীতে ডুবে মারা যায়।

আগস্ট মাসের শেষে ঢাকাতে আমাদের গেরিলাদের শক্তি ক্রমান্বয়ে বাড়তে থাকে। তারা পাকসেনাদের ঢাকায় ব্যতিব্যস্ত করে তোলে। পাকসেনারা প্রায়ই রাতে ঢাকা শহরে ট্রাকে করে টহল দিতে বেরুতো। টহল দেয়ার সময় অনেক ক্ষেত্রে শহরবাসীদের উপর জঘন্য অত্যাচার চালাতো।পাকসেনাদের রাতের এই তৎপরতা সীমিত করার জন্য আমাদের গেরিলারা সিদ্ধান্ত গ্রহণ করে। যেসব রাস্তায় সাধারণত পাকসেনারা টহল দিতে গেরিলারা সেসব রাস্তার ওপর বেশ কয়েকদিন লক্ষ্য রাখে। কোন রাস্তায় কতটার সময় কতগুলো গাড়ি কত গতিতে চলে, কত ব্যবধান দুই গাড়ির ভিতর বিরাজ করে প্রভৃতি তারা সংবাদ সংগ্রহ করে। ২৭শে আগস্ট রাত সাড়ে ১১টায় গ্রীন রোডের (স্টাফ কোয়ার্টারের বিপরীত দিকে) কতগুলো নির্মাণাধীন দোকানের ছাদে আমাদের গেরিলাদল এ্যামবুশ পেতে বসে থাকে। গেরিলারা রাস্তার উপর গাড়িবিধ্বংসী মাইন পেতে রাখে। এরপর এ্যামবুশ পার্টি পাকসেনাদের জন্য অপেক্ষা করতে থাকে। রাত প্রায় সাড়ে বারোটায় পাকসেনাদের ৪/৫টি বেডফোর্ড গাড়ী এবং জীপ তেজগাঁর দিক থেকে গ্রীন রোড হয়ে অগ্রসর হয়। প্রথম গাড়ীটি যখন এ্যামবুশ সাইট-এর শেষপ্রান্তে পৌঁছে তখন একটি মাইন-এর আঘাতে গাড়ীটি সম্পূর্ণভাবে ধ্বংস হয়। দ্বিতীয় গাড়ীটির চালক এই অবস্থা দেখে হকচকিয়ে পাশ কাটতে গিয়ে পার্শ্ববর্তী দালানের সঙ্গে ধাক্কা মারে, ফলে এই গাড়ীটিও ক্ষতিগ্রস্ত হয়। এর পেছনে পেছনে পাকসেনাদের আরেকটি জীপ ঘটনাস্থলে উপস্থিত হলে মাইনের আঘাতে সেটিও উল্টে যায়। যেসব পাকসেনা ক্ষতিগ্রস্ত গাড়ীগুলোতে অক্ষত অবস্থায় ছিল তারা গাড়ী থেকে বেরুবার চেষ্টা করে এবং গুলীবর্ষণ করতে থাকে। আমাদের এ্যামবুশ পার্টির গেরিলারা ছাদ থেকে তাদের উপর গ্রেনেড আক্রমণ চালায় এবং গুলি ছুড়তে থাকে। এর ফলে অধিকাংশ পাকসেনা হতাহত হয়। পেছন থেকে আরো একটি গাড়িতে পাকসেনারা ঘটনাস্থলের দিকে অগ্রসর হয়। এবং গাড়ী থেকে নেমে আমাদের গেরিলাদের উপর আক্রমণ চালাবার চেষ্টা করে। আমাদের গেরিলারাও তাদের উপর পাল্টা আক্রমণ চালায়। পাকসেনাদের হতাহতের সংখ্যা যখন বাড়তে থাকে তখন কোন উপায় না দেখে তারা ক্যান্টমেন্টের দিকে পালিয়ে যায়। গোলাগুলির শব্দে স্থানীয় জনসাধারণ তাদের বাড়ি থেকে বেরিয়ে আসে। তারা ২৪ জন পাকসেনার মৃতদেহ ও ৪১ জনকে আহত অবস্থায় এবং দুটি বিধ্বস্ত ট্রাক এবং একটি জীপ রাস্তায় পড়ে থাকতে দেখে। আমাদের পক্ষে দুজন সামান্য আহত হয়। আমাদের গেরিলারা কিছুসংখ্যক অস্ত্রশস্ত্র নিয়ে গ্রীন রোডের পিছনে দিকের নিচু জায়গা দিয়ে নিরাপদে চলে আসতে সক্ষম হয়। পরের দিন এউ খন্ডযুদ্ধ এবং পাকিস্তানীদের দুরবস্থার কাহিনী হাজার হাজার মানুষ প্রত্যক্ষদর্শীদের মুখে জানতে পারে। এই সংবাদ সমস্ত ঢাকায় মুহূতে ছড়িয়ে পড়ে। ফলে ঢাকা শহরের মুক্তিকামী জনগণের মনে আশার সঞ্চার হয়। দুদিন পরে ঢাকার গেরিলারা উচ্চ মাধ্যমিক পরীক্ষা বন্ধ করার জন্য নিউ মডেল ডিগ্রি কলেজে এবং আরো কয়েকটি কলেজে আক্রমণ চালায়। তারা পরীক্ষার খাতাপত্র জ্বালিয়ে দয়ে। টঙ্গী এবং জয়দেবপুরের মাঝে দুটি বিদ্যুতের পাইলনও তারা উড়িয়ে দেয়। ২রা সেপ্টেম্বর রাতে পাকিস্তানীদের একটি জীপ যখন গ্রীন রোড দিয়ে যাচ্ছিল তখন আমাদের কয়েকজন মুক্তিযোদ্ধা জীপটির ভিতর গ্রেনেড নিক্ষেপ করে চারজন পাকসেনাকে নিহত করে। গ্রেনেড নিক্ষেপে জীপটির আংশিক ক্ষতি হয়।

এছাড়া ঢাকার গেরিলা দল পশ্চিম পাকিস্তানী একটি পুলিশের দলকে কলাবাগানের কাছে অতর্কিত আক্রমণ চালিয়ে দশজনকে নিহত করে। কালিগঞ্জ-ডেমরা এবং কালিগঞ্জ-টঙ্গীর মধ্যস্থিত বিদ্যুৎ সরবরাহ লাইনের চারটি পাইলন উড়িয়ে দেয়। আমাদের আরেকটি গেরিলা দল রূপগঞ্জের নিকট নদীর পাড়ে পাকসেনাদের যাতায়াতের

রাস্তায় একটি এ্যামবুশ পেতে রাখে। ১লা সেপ্টেম্বর বিকেল ৫টায় কালিগঞ্জ থানার দারোগা, ৭০ জন পাকসেনা এবং ৭০ জন পশ্চিম পাকিস্তানী পুলিশ মুক্তিবাহিনীর সম্পর্কে তদন্তের জন্য ঢাকা থেকে কোন দূরবর্তী গ্রামে নৌকাযোগে যাচ্ছিলো। নৌকাটি যখন এ্যামবুশের আওতায় পৌঁছে তখন গেরিলারা নৌকার উপর হালকা মেশিনগান দ্বারা গুলি চালায়। গুলিতে নৌকার আরোহী পাকসেনা, পশ্চিম পাকিস্তানী এবং দারোগা নিহত হয় এবং নৌকাটি ডুবে যায়। ঢাকার আজিমপুরে গেরিলারা অতর্কিতে একটি রাজাকার দলের উপর আক্রমণ চালিয়ে চারজন রাজাকারকে নিহত এবং চারটি রাইফেল ও ৬০ রাউন্ড গুলি দখল করে। টঙ্গীতেও একটি রাজাকার ক্যাম্প আক্রমণ করে গেরিলারা কয়েকজন রাজাকারকে হত্যা করে চারটি রাইফেল দখল করে নেয়। ডেমরার নিকট আমাদের একটি গেরিলা দল ১৩ই আগস্ট বিকাল তিনটার সময় পাক বিমান বাহিনীর একটি জীপ এ্যামবুশ করে ধ্বংস করে দেয়। এ্যামবুশে ৪ জন বিমান বাহিনীর এবং সেনাবাহিনীর গোয়েন্দা সৈনিক নিহত হয়। তাদের কাছ থেকে অনেক কাগজপত্র, পরিচয়পত্র এবং কয়েকটি রিভলবার দখল করা হয়। দখলীকৃত কাগজপত্র আমাদের হেডকোয়ার্টার-এ গেরিলারা পাঠিয়ে দেয়।

আগস্ট মাসের শেষের দিকে পাকসেনাদের কোন গুপ্তচর আমাদের ঢাকার গেরিলাদের ধোলাই খাল ঘাঁটি পাকসেনাদের অবহিত করে। সংবাদ পেয়ে পাকসেনারা ২০/২৫টি ট্রাকে ধোলাই খালে আমাদের ঘাঁটিটি আক্রমণের জন্য আসে। পাকসেনাদের অতর্কিত আক্রমণে আমাদের গেরিলারা কোন উপায় না দেখে তাদের সঙ্গে সম্মুখসমরে লিপ্ত হয়। প্রায় ২ ঘণ্টা যুদ্ধ চলে। সংঘর্ষ পাকসেনাদের প্রায় ৪০-৪৫ জন হতাহত হয় বলে খবর পাওয়া যায়। অপরদিকে আমাদের দু'জন গেরিলা মারাত্মকভাবে আহত হয়। প্রবল চাপের মুখে টিকতে না পেরে আমাদের গেরিলারা সাঁতরিয়ে ধোলাইখাল পার হয়ে ধোলাইখাল অবস্থাটি পরিত্যাগ করে। পিছু হটার সময় একটি ২" মর্টার, ৩টি ম্যাগাজিন খালে ফেলে দিয়ে আসতে বাধ্য হয়। পরদিন পাকসেনারা সেগুলি উদ্ধার করে এবং তাদের প্রচারের কাজে ব্যবহার করে। এর পরদিন আমাদের গেরিলারা সূত্রাপুর থানার আক্রমণ চালিয়ে দুজন পাকসেনাকে নিহত করে। সূত্রাপুরের সার্কেল ইন্সপেক্টর এবং ওসি গুরুতরভাবে আহত হয়।

আগস্টের শেষের দিকে আমাদের ২/৩ জন গেরিলা এবজন মেজর ও দুইজন ক্যাপ্টেনকে(পাক গোলন্দাজ বাহিনীর) একটি জীপে করে আজিমপুরের নিকট এসে জীপ থেকেনেমে দূরে কোন এক বাড়িতে প্রবেশ করতে দেখে। কিছুক্ষণ পর সে বাড়ি থেকে চিৎকারের শব্দ শুনে আমাদের গেরিলারাও সেই বাড়িতে প্রবেশ করে। তারা বুঝতে পারে যে অফিসাররা ঐ বাড়ির মহিলাদের শ্লীলতাহানির চেষ্টা করছে। তৎক্ষণাৎ গেরিলারা অফিসারদেক লক্ষ্য করে গুলি চালিয়ে হত্যা করে। গেরিলারা পাক অফিসারদের মৃতদেহ দূরে অপেক্ষমাণ পাক জীপের মধ্যে রেখে দেয় এবং নিরাপদে সে স্থান পরিত্যাগ করে। পাক-পুলিশের একটি টহলদার দলকে আমাদের ধানমন্ডির গেরিলারা প্রতিদিন ধানমন্ডি সাত-মসজিদ রোড ও নিকটবর্তী রাস্তায় টহল দিতে দেখে। আমাদের গেরিলারা ২৫শে আগস্ট সন্ধ্যা সাড়ে সাতটায় ১৮ নং রোডের মোড়ে একটি চলন্ত গাড়ি থেকে স্টেনগানের গুলি দ্বারা ৯ জন পুলিশকে গুলি করে হত্যা করে। গুলির সংবাদ পেয়ে নিকটবর্তী টহলদারী পাকসেনারা জীপ নিয়ে গেরিলাদের পিছু ধাওয়া করে। গেরিলারা গাড়ী থেকে গুলি ছুড়ে জীপের ড্রাইভারকে নিহত করে। এ সময় দ্রুত গতিসম্পন্ন চলন্ত জীপটি আয়ত্তের বাইরে চলে যায় এবং পার্শ্ববর্তী দেয়ালে প্রচণ্ডভারে ধাক্কা খেয়ে বিধ্বস্ত হয়। এর ফলে গাড়ির আরোহী দুজন পাকসেনা নিহত এবং তিনজন আহত হয়। এই গেরিলাদের নেতৃত্ব দেয় রুমী (শহীদ, বীরবিক্রম)। পাকসেনারা পরে রুমীকে গ্রেফতার করতে সক্ষম হয় এবং তাঁকে নির্মমভাবে হত্যা করে। আগস্টের ২৯ তারিখে ছ'জনের একটি গেরিলা দল ঢাকার সৈয়দাবাদ সেতুটি এক্সপ্লোসিভ লাগিয়ে উড়িয়ে দেয়। এর ফলে ঐ সেতু দিয়ে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। এসময় গেরিলারা একটি বাসে দুশো মণ পাটসহ লতিফ বাওয়ানী জুটমিলে যাওয়ার পথে বাসটিকে ধ্বংস করে দেয়। বরাইদের নিকট আরো তিন শ' মণ পাট ফসফরাস বোমা ফেলে জ্বালিয়ে দেওয়া হয়। গেরিলারা নারায়ণগঞ্জের জিএমসি ঘাটে পাঁচ হাজার বেল বহনকারী কামচাম ফ্ল্যাটটি ডুবিয়ে দেয়। এর-সি-এম জুটমিলের শ্রমিক (আমাদের একজন গেরিলা) ফসফরাস ৮০ গ্রেনেড নিক্ষেপ করে আর-সি-এম মিলের গুদামস্থিত প্রায় ১ লাখ মণ পাট জ্বালিয়ে দেয়। পরে জানা যায় যে,

দমকল বাহিনীর সাতটি গাড়ি ৩/৪ ঘণ্টা চেষ্টা করেও সেই জ্বলন্ত পাটের অগ্নিনির্বাপণে ব্যর্থ হয়। ফলে সমস্তপাট পুড়ে যায়।

৩০শে আগস্ট আমাদের গেলিারা আড়াই হাজার থানা অতর্কিত আক্রমণ করে থানার দারোগাকে নিহত করে। গেরিলারা থানার সমস্ত অস্ত্রশস্ত্র নিয়ে আসে। এর পরদিন গেরিলারা একজন পাক দালালের দু'লাখ টাকা মূল্যের সুতাবাহী নৌকা ডুবিয়ে দেয়। তারা থানা থেকে ৮টি রাইফেল, ৫টি শর্টগান এবং ৪০ রাউন্ড গুলি দখল করে। এই খবর পেয়ে নরসিংদী থেকে পাকসেনাদের একটি কোম্পানী ঘটনাস্থলে দিকে অগ্রসর হয়। আমাদের গেরিলারা আগে থেকেই এর জন্য প্রস্তুত ছিল। পুটিয়রের নিকট আমাদের একটি গেরিলা দল পাকসেনাদেরকে আক্রমনের জন্য এ্যামবুশ পাতে। পাকসেনারা এ্যামবুশের ফাঁদে পড়লে গেরিলারা গুলি চালায়। চার ঘণ্টা সংঘর্ষের পর ৩৩টি মৃতদেহ ফেলে পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে নরসিংদীর দিকে পালিয়ে যায়। যুদ্ধে পাকসেনাদের পাঞ্জাব রেজিমেন্টের ক্যাপ্টেন সেলিমও নিহত হয়। মদৃদেহ থেকে পরিচয়পত্র অন্যান্য কাগজপত্র উদ্ধার এবং অনেক অস্ত্রশস্ত্র আমাদের গেরিলারা হস্তগত করে। গেরিলারা নরসিংদীর বিভিন্ন মিলে গ্রেনেড এবং মর্টারের সাহায্যে আক্রমণ চালিয়ে মিলের ভিতর সন্ত্রাসের সৃষ্টি করে। ফলে পাকসেনারা একে একে সব মিলগুলো বন্ধ করে দিতে বাধ্য হয়। পাকসেনাদের একটি দল ঝিনারদিতে (ঘোড়াশালের নিকট) তাদের ক্যাম্প স্থাপন করে। আগস্ট মাসের ১৩ তারিখে দুপুর আড়াইটায় আমাদের একটি গেরিলা দল পাকসেনাদের এই ক্যাম্পটি অতর্কিতে আক্রমণ করে। সাতজন পাকসেনা পালিয়ে যেতে সমর্থ হয়। গেরিলারা ঝিনারদি রেল স্টেশনটিকে ধ্বংস করে দেয়। স্টেশনের টেলিফোন যোগাযোগের সেটটিও তারা ধ্বংস করে দেয়। টিকিট ও অন্যান্য কাগজপত্রও তারা জ্বালিয়ে দেয়। ক্যাম্প থেকে আমাদের গেরিলারা একটি হালকা মেশিনগান, ১১টি রাইফেল, হালকা মেশিনগানের ৪,৫০০ গুলি, ১টি স্টেনগান, ১০০ রাইন্ড স্টেনগানের গুলি, ১৪টি বেল্ট, ২৬ জোড়া বুট, ১৭ ব্যাগ আটা, ১১ পেটি দুধের টিন এবং আরো অন্যান্য জিনিসপত্র দখল করে এবং কয়েকদিন পর পাকসেনারা গোপন সূত্রে খবর পেয়ে আমাদের গেরিলা ইউনিট হেডকোয়ার্টারে দু'দিক থেকে আক্রমণ করে। আমাদের গেরিলা দুর্জয় সাহসের সঙ্গে তাদের সে আক্রমণের মোকাবিলা করে এবং আক্রমণ প্রতিহত করে। দু ঘণ্টা যুদ্ধের পর পাকসেনারা পিছু হটে যেতে বাধ্য হয়। ১৪ই আগস্ট পাকসেনাদের একটি দল ঝিনারদি স্টেশনের কাছে একটি গ্রামে লুটতরাজের উদ্দেশ্যে আসে। এই খবর পেয়ে আমাদের একটি গেরিলা দল পাকসেনাদের উপর আকমণ চালায়। পাকসেনারা তিনঘণ্টা যুদ্ধের পর দুটি মৃতদেহ ও কয়েকটি আহত সেনাকে ফেলে নরসিংদী-তারাবো সড়কে পাঁচদোনার নিকট একটি গুরুত্বপূর্ণ সেতুতে প্রহরারত পাকসেনাদের একটি দলের উপর অতর্কিত আক্রমণ চালায়। এই আক্রমণ প্রায় এক ঘণ্টা চলে। আমাদের আক্রমণ প্রবল হওয়ায় আহত পাকসেনাদের বাঁচাও বাঁচাও চিৎকার শোনা যায়। এমন সময় চার ট্রাক পাকসেনা তাদের সাহায্যে সেখানে উপস্থিত হয়। পাকসেনারা ভারী অস্ত্রের সাহায্যে আমাদের গেরিলাদের আক্রমণ প্রতিহত করে। ভারী অস্ত্রের মোকাবিলা করতে না পেরে আমাদের গেরিলারা বাধ্য হয়ে পিছু হটে আসে। পাকসেনাদেরকে পাঁচটি মৃতদেহ উঠিয়ে নিয়ে যেতে দেখা যায়। পাকসেনারা নরসিংদীর নিকটস্থ আমাদের গেরিলা অবস্থানের খবর পেয়ে আগস্টের ২১ তারিখে প্রায় এক কোম্পানী শক্তি নিয়ে আমাদের অবস্থানের দিকে অগ্রসর হয়। অগ্রসর হওয়ার পর পথিমধ্যে আমাদের একটি গেরিলা দল তাদেরকে অতর্কিতে আক্রমণ করে। প্রায় এক ঘণ্টা গোলাগুলির পর পাকসেনারা তাদের গোলাগুলি পর পাকসেনারা তাদের গোলাগুলি বন্ধ করে আমাদের অবস্থানের ২/৩ মাইল দূরে থাকতেই আর অগ্রসর না হয়ে পিছু হটে যায়।

আমাদের বিদ্যুৎ সরবরাহ বন্ধ করার প্রচেষ্টা চলতে থাকে। কিন্তু পাকসেনারাও খুব দ্রুত বিদ্যুৎ সরবরাহের লাইনগুলো যথাসম্ভব তাড়াতাড়ি মেরামত করে ফেলে। এর ফলে কিছুদিন বন্ধ থাকার পর শিল্প প্রতিষ্ঠানগুলো

সীমিত পরিমাণে বিদ্যুৎ সরবরাহ পায়। পাকসেনাদের বিদ্যুৎ সরবরাহে আরো বিঘ্ন সৃষ্টির জন্য নতুন করে আরেকটি পরিকল্পনা নেয়া হয়। পরিকল্পনা অনুযায়ী তিতাস গ্যাসের পাইপলাইনের নকশা যোগাড় করি এবং পরীক্ষা করে সিদ্ধান্তে পৌঁছে যে, গ্যাসের পাইপ কেটে দিলে সিদ্ধিরগঞ্জ এবং ঘোড়াশালের বিদ্যুৎ সরবরাহ কেন্দ্রগুলো গ্যাসের অভাবে বন্ধ হয়ে যাবে। হানাদার কর্তৃপক্ষ এইসব বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র চালাবার ব্যবস্থা করলে তাদের তেলের সংকট দেখা দেবে। পাইপলাইন উড়িয়ে দেবার জন্য নরসিংদী এবং রূপগঞ্জের গেরিলাদের নির্দেশ দেই। আমার নির্দেশ অনুযায়ী ২০শে আগস্ট রাত ১টায় নরসিংদী গেরিলা ইউনিটের ডিমোলিষর পার্টি তিতাস গ্যাস লাইন বারুদ লাগিয়ে উড়িয়ে দেয়। এই অপারেশন পুরাপুরি সফল হয়। বিস্ফোসণের ফলে প্রজ্বলিত অগ্নিশিখা প্রায় ১০ মাইল দূর থেকে দেখা যায় এবং ৬/৭ মাইল দূর থেকে বিস্ফোরণের বিকট শব্দ শোনা যায়। ঘোড়াশালের উত্তরে সমস্ত এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। নরসিংদী, ঘোড়াশাল এবং পাঁচদোনাতে অবস্থানরত পাকসেনারা এই বিস্ফোরণের বিকট শ্বদ ভীষণভাবে ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে এবং অনেকেই তাদের অস্ত্রশস্ত্র এবং জিনিসপত্র ফেলে ঢাকার দিকে পালিয়ে যেতে চেষ্টা করে। পরে স্থানীয় লোকজনের মুখে শোনা যায় যে, পাকসেনারা ধারণা করছিল ভারতীয় বিমান বোমা ফেলেছে। এর পরদিন আশুগঞ্জের নিকট কয়েক জায়গাতে পাইপ লাইন উড়িয়ে দেয়া হয়। এই গ্যাসের পাইপলাইন মেরামত করতে বেশ ক'দিন সময় লাগে। ততদিন শিল্প-কারখানাগুলো বন্ধ থাকে।

রূপগঞ্জের একটি গেরিলা দল ২২শে আগস্ট রাতে নরসিংদী এবং ঝিনারদি রেলস্টেশনের মাঝে রেল লাইনের নীচে মাইন পুঁতে রাখে। রাতে একটি ট্রেন দুটি বগীসহ সেখানে দিয়ে চলে যায়। ট্রেন এবং বগী দুটি চলে যাবার সাথে সাথেই মাইনটি বিস্ফোরিত হয়। এতে ট্রেনটির ক্ষতি না হলেও রেল লাইনের অনেকখানি ধ্বংস হয়। আমাদের বৈদ্যেরবাজার থানার গেরিল-দল সোনারগাঁও এবং সি-এন্ড-বি রোডের অনেক জায়গায় মাইন পুঁতে রাখে। ১৬ই আগস্ট রাতে পাকসেনাদের একটি ট্রাক মাইনের আঘাতে ধ্বংস হয় এবং সাথে সাথে ১১ জন পাকসেনা ও তিনজন রাজাকার নিহত হয়। ঢাকা-কুমিল্লা রাস্তার বাতেরচরের নিকটস্থ সড়কসেতুতে অবস্থারত পাকিস্তানীদের ওপর আমাদের গেরিলারা ৩১শে আগস্ট অতর্কিত আক্রমণ চালায়। সংঘর্ষে কয়েকজন পাকসেনা এবং রাজাকার নিহত হয়। গেরিলারা সেতুটির ৬০ ফুট লম্বা স্প্যান উড়িয়ে দেয়। তার পরদিন রাতে ঢাকা-দাউদকান্দি সড়কে বারুনিয়া এবং ভবেরচর সেতু দুটিও বিস্ফোরক লাগিয়ে উড়িয়ে দেওয়া হয়। ফলে ঢাকা-কুমিল্লা রাস্তা সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়। পাকসেনারা ভবেরচর সেতুর যোগাযোগ ব্যবস্থা পুনরুদ্ধার করার জন্য ফেরীর বন্দোবস্ত করে। সেপ্টেম্বরের দু'তারিখে আমাদের গেরিলারা ফেরীঘাট আক্রমণ করে এবং ফেরীটি ধ্বংস করে দেয়। এই আক্রমণে ফেরী থেকে চারটি ব্যাটারী মুক্তিযোদ্ধারা দখল করে নেয়।

নারায়নগঞ্জ-দাউদকান্দী সড়কে গজারিয়াতে পাকসেনাদের একটি পোস্ট-চৌকী ছিল। সেপ্টেম্বরের ২ তারিখ রাত ৮টায় আমাদের গেরিলাদের একটি দল সেই চৌকি আক্রমণ করে। এক ঘন্টা যুদ্ধে তিনজন ইপিকাফ নিহত ও একজন বন্দী হয়। এখান থেকে ২০০ রাউন্ড গুলিসহ ১১ জন রাজাকার মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করে।

ঢাকার মুন্সীগঞ্জ এবং মানিকগঞ্জ মহকুমার গেরিলারাও তাদের তৎপরতা বাড়িয়ে দেয়। গেরিলাদের একটি দল হরিরামপুর থানার নিকট পাকসেনাদের একটি লঞ্চ আক্রমণ করে। লঞ্চে পাকসেনারা হরিরামপুর অবস্থান থেকে তাদের সৈনিকদের জন্য রসদ নিয়ে যাচ্ছিলো। এক ঘণ্টা গোলাগুলির পর ১১ জন পাকসেনা নিহত এবং আরো অনেকে আহত হয়। পাসেনারা আর অগ্রসর হতে না লঞ্চ নিয়ে ঢাকার দিকে পালিয়ে যেতে বাধ্য হয়। এর পরদিন হরিরামপুর থানার সেকেন্ড অফিসার এবং কয়েকজন পাকিস্তানী পুলিশ আমাদের গেরিলাদের দ্বারা আক্রান্ত হয়। পুলিশদের নিহত করে আমাদের গেরিলারা তিনটি রাইফেল দখল করে নেয়। ঘিওর থানাতেও পাকসেনারা একটি টহলদারী দলের উপর আমাদের গেরিলারা আক্রমণ চালিয়ে ৮ জন নিহত করে

এবং ৮টি রাইফেল দখল করে। সেপ্টেম্বর মাসের ১ তারিখে নওয়াবগঞ্জ থানা আমাদের গেরিলারা আক্রমণ করে। এই আক্রমণে সেখানকার সমস্ত অস্ত্রশস্ত্র গেরিলাদের হস্তগত হয়। আগস্ট মাসের শেষ সপ্তাহে আমাদের গেরিলারা লৌহজং, শিবালয়, সিরাজদীখান এবং শ্রীনগর থানাগুলিতে অতর্কিত আক্রমণ চালিয়ে পাক পুলিশ হত্যা করে এবং প্রচুর অস্ত্রশস্ত্র দখল করে। সেপ্টেম্বরের ১ম সপ্তাহে শিবালয় থানার গেরিলা দল পাকসেনাদের একটি প্লাটুনকে টহল দেয়ার সময় এ্যামবুশ করে। এই এ্যামবুশে ১৩ জন পাকসেনা নিহত এবং আরো অনেকে আহত হয়। পাকসেনারা ঢাকা থেকে আরো সৈন্য এনে শিবালয়ে আমাদের গেরিলা দলটির ঘাঁটিতে ১৭ই সেপ্টেম্বর আক্রমণ চালায়। কয়েক ঘণ্টা যুদ্ধের পর আমাদের গেরিলারা পাকসেনাদের পিছু হটিয়ে দিতে সক্ষম হয়। যুদ্ধে ১০ জন পাকসেনা এবং ১১ জন রাজাকার নিহত হয়।

১৯শে সেপ্টেম্বর আমাদের গেরিলারা মালোচিন বাজারে অবস্থানরত পাক পুলিশের একটি দলকে আক্রমণ করে ১৯ জন পাক পুলিশকে নিহত এবং তিনজনকে আহত করে। ঘোড়াশালের গেরিলা দল ৯ই আগস্ট রাতে আড়াইহাজার থানার নিকটে পুরিন্দা বিদ্যুৎ সরবরাহ সাবস্টেশনে আক্রমণ চালায়। এই ঘটনার দুই দিন পর সিদ্ধেশ্বরী-ঘোড়াশালের বিদ্যুৎ সরবরাহ লাইনের ক্ষতিসাধন করে। গেরিলা দল মাশরেকী জুট মিলস লিমিটেডের বিদ্যুৎ সরবরাহ সাবস্টেশনটিও ধ্বংস করে দেয়। ফলে ঐ এলাকার বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যাওয়ায় কলকারখানাগুলি সাময়িকভাবে বন্ধ হয়ে যায়। আমাদের গেরিলারা রূপগঞ্জের নিকট যে গ্যাসলাইন ধ্বংস করে দিয়েছিল পাকসেনারা পশ্চিম পাকিস্তানী প্রকৌশলীদের দ্বারা তা মেরামত করে নেয়। এই সংবাদ আমার হেডকোয়ার্টারে যথাসময়ে পৌঁছে। এই গ্যাসলাইনকে পুনরায় ধ্বংস করার জন্য একটি পরিকল্পনা গ্রহণ করি। পরিকল্পনা অনুযায়ী ঘোড়াশালের গেরিলাদেরকে গ্যাসলাইনটি মেঘনা নদীর মাঝে ক্ষতি করার জন্য নির্দেশ দেই। ঘোড়াশালের নিকট গ্যাসলাইনটি মেঘনা নদীর মাছ দিয়ে গেছে। নির্দেশ অনুযায়ী গেরিলারা লাইনটির পথ গোপনে অনুসন্ধান করে। ৯ই সেপ্টেম্বর রাতে নৌকার সাহায্যে নদীর মাঝামাঝি জায়গায় যায় এবং প্রায় ১৫/২০ ফুট পানির নীচে অবস্থিত গ্যাস পাইপে ডিমোলিশন দ্বারা 'ডিলে সুইচ' (বিলম্বে কার্যকরী সুইচ)-এর সাহায্যে পাইপটি উড়িয়ে দেয়। ফলে গ্যাস পাইপের ভিতর পানি ঢুকে যায়। এতে গ্যাস সরবরাহ অনেক দিনের জন্য বন্ধ হয়ে যায়। আড়াইহাজার থানার গেরিলারা জানতে পারে যে, পাকসেনারা কামানদি চরে তাদের একটি ঘাঁটি স্থাপন করেছে এবং স্থানীয় লোকদের উপর অত্যাচার চালিয়ে যাচ্ছে। তারা আরও জানতে পারে যে, পাকসেনারা নিকটস্থ গ্রাম থেকে মেয়েদের তাদের ক্যাম্পে ধরে নিয়ে অত্যাচার চালাচ্ছে। এই সংবাদ পেয়ে ২৯ জন গেরিলার একটি দল ১১ই সেপ্টেম্বর সন্ধ্যায় পাকসেনাদের ঘাঁটি আক্রমণ করে। ঘণ্টা যুদ্ধের পর পাঁচজন পাকসেনা এবং ৬ জন রাজাকার নিহত হয়। অবশিষ্ট পাকসেনারা ক্যাম্প ছেড়ে পালিয়ে যায়। গেরিলারা ক্যাম্প থেকে মেয়েদেরকে উদ্ধার করে তাদের স্ব স্ব বাড়িতে পৌঁছিয়ে দেয়।

পাকসেনারা সিরাজদীখান থানার আবদুস সালাম নামক আমাদের আকজন গেরিলাকে গ্রেফতার করে তালতলা ক্যাম্পে নিয়ে যায়। স্থানীয় প্রায় ৫০ জন গেরিলার একটি দল পরদিন রাত সাড়ে আটটায় এই ক্যাম্পটির উপর আক্রমণ চালায়। তারা প্রায় তিন ঘণ্টা যুদ্ধের পর একজন পাকিস্তানী সুবেদার-মেজরসহ কিছুসংখ্যক পাকসেনা, পাক পুলিশ ও রাজাকারকে হতাহত করে আবদুস সালামকে উদ্ধার করে আনে। এই ঘটনার এক দিন পর নওয়াবগঞ্জ থানার গেরিলারা একটি লঞ্চকে (এম এল পয়েন্টার) পাকসেনা বহন করে নওয়াবগঞ্জের দিকে অগ্রসর হতে দেখে। ২৪শে সেপ্টেম্বর সন্ধ্যা ছ'টার সময় লঞ্চটি যখন গালিমপুরের নিকট পৌঁছে তখন আমাদের গেরিলারা লঞ্চটির উপর আক্রমণ চালায়। এই আক্রমণের ফলে প্রথমেই পাকসেনাদের কিছু লোক হতাহত হয়। পাকসেনারা লঞ্চটিকে পিছু হটিয়ে পাড়ে অবতরণের চেষ্টা করে। আমাদের গেরিলারা আবার তাদের উপর আক্রমণ চালায়। যুদ্ধ ২৫ তারিখ দুপুর পর্যন্ত চলে। শেষ পর্যন্ত আমাদের গেলিলারা পাকসেনাদেরকে সম্পূর্ণরূপে পর্যুদস্ত করতে সক্ষম হয়। যুদ্ধে পিএসএস ৯১৩৩ ক্যাপ্টেন জাফর আলী খান, সুবেদার আবদুল্লা, ৪৪ জন পাকসেনা এবং একজন বাঙ্গালী পথপ্রদর্শক পুলিশ নিহত হয়। লঞ্চটিকে পরে ডুবিয়ে দেয়া হয়। আমাদের দু'জন গেরিলা আবদুর রহিম এবং মুহম্মদ আলী শহীদ হন। এই

খবর পেয়ে পাকসেনারা আরেকটি লঞ্চে করে বড় খাল দিয়ে নওয়াবগঞ্জের দিকে অগ্রসর হয়। আমাদের গেরিলাদের ৪০ জনের আরেকটি দল পাকসেনাদের লঞ্চটিকে ২৬ সেপ্টেম্বর সকাল ৭-৩০ টার সময় অতর্কিতে আক্রমণ করে। অতর্কিত আক্রমণের ফলে ৩ জন পাক সেনা নিহত এবং ৮ জন আহত হয়। পাকসেনারা লঞ্চটির দিক পরিবর্তন করে দ্রুত নাগালের বাইরে চলে যায়। ২৭ শে সেপ্টেম্বর দুপুর ১টায় পাকসেনাদের একটি শক্তিশালী দল নওয়াবগঞ্জের দিকে আবার অগ্রসর হওয়ার চেষ্টা করে। এই সংবাদ নওয়াবগঞ্জের গেরিলা হেডকোয়ার্টারে পৌঁছার সঙ্গে সঙ্গে আমাদের ৫০ জনের একটি শক্তিশালী দল গালিমপুরের নিকট পাকসেনাদের জন্য একটি এ্যামবুশ পেতে অপেক্ষা করতে থাকে। পাকসেনারা গালিমপুরে এ্যামবুশের আওতায় পড়ার সঙ্গে সঙ্গে গেরিলারা তাদের উপর আক্রমন চালায়। আক্রমণে একজন ক্যাপ্টেনসহ ৩৫ জন পাকসেনা নিহত এবং অনেকে আহত হয়। অবশিষ্ট পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে তাদের কিছু আহত লোককে নিয়ে পালিয়ে যায়।আমাদের গেরিলারা একটি এলএমজি, ৩টি স্টেনগান, প্রচুর গুলি ও বেশকিছু রাইফেল দখল করে। এর দু'দিন পর পাকসেনারা আরো শক্তিশালী হয়ে বড় খাল এবং আড়িয়াল বিল দিয়ে আবার অগ্রসর হবার চেষ্টা করলে আমাদের গেরিলারা অতর্কিত আক্রমণ করে। গেরিলারা তাদের এই চেষ্টাকেও ব্যর্থ করে দেয়। প্রায় তিনদিন ধরে পাকসেনারা অগ্রসরের চেষ্টা চালিয়ে যায়। তিনদিনের যুদ্ধে ২০ জন পাকসেনা নিহত এবং ৩০ জন আহত হয়। অপর পক্ষে আমাদের একজন শহীদ এবং কিছুসংখ্যক গেরিলা আহত হয়। অক্টোবরের প্রথম তারিখ পর্যন্ত নওয়াবগঞ্জের সম্পূর্ণ এলাকা শত্রুমুক্ত হয় এবং মুক্তিবাহিনীর সম্পূর্ণ আয়ত্তে আসে। দোহার থানার পাকসেনারাও আমাদের মুক্তিযোদ্ধাদের চাপে দুর্বল হয়ে পড়ে। ২৭ শে সেপ্টেম্বর পাকসেনাদের একটি দল মাগুলা বাজার থেকে তাদের রসদ নিয়ে দোহার থানার ক্যাম্পে যাবার পথে আমাদের গেরিলাদের দ্বারা আক্রান্ত হয়। আক্রমণে ১৪ জন পাক সেনা নিহত এবং ৮ জন আহত হয়। পাকসেনাদের সমস্ত রসদ মুক্তিবাহিনীর দখলে আসে। এরপর দোহার থানার পাকসেনাদের ক্যাম্পের সৈনিকরা ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে এবং ক্যাম্পের বাইরে আসা বন্ধ করে দেয়।

২৪ শে সেপ্টেম্বর লৌহজং থেকে নারায়ণগঞ্জগামী ১৮ হাজার মণ পাটবাহী একটি জাহাজ পদ্মা নদীতে ডুবিয়ে দেয়া হয়। অক্টোবর মাসে পাকিস্তানীরা আবার ঢাকাতে শান্তির পরিবেশ ফিরিয়ে আনার চেষ্টা করে এবং ঢাকা শহরের নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করে তোলে। পাক সামরিক জান্তা সঙ্গে সঙ্গে স্থানীয় জনসাধারণের মধ্যে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য বাণিজ্য এবং শিল্প ক্ষেত্রকে উৎসাহিত করে তোলার চেষ্টা করে। এ সময় আমরা ভবিষ্যতে ব্যাপক আক্রমণের জন্য প্রস্তুতি নিচ্ছিলাম। ফলে ঢাকা শহরে আমাদের গেরিলাদের কার্যকলাপও কিছুটা শিথিল করে দেয়া হয়েছিল। কিন্তু হানাদার বাহিনীর স্বাভাবিকীকরণের প্রচেষ্টার খবর পেয়ে আমরা আমাদের হেডকোয়ার্টার থেকে একটি গেরিলা দলকে একটি বিশেষ মিশনে প্রেরণ করি। আমাদের পরিকল্পনা অনুযায়ী গেরিলাদল একটি গাড়ীর পেছনে ২৫ পাউন্ড এক্সপ্লোসিভ নিয়ে গাড়ীটিকে তদানীন্তন ইপিআইডিসি এবং হাবিব ব্যাংকের সামনে পার্ক করে রাখে।

সে সময় এই ব্যাঙ্কে যথেষ্ট পরিমাণ পাকিস্তানী ব্যবসায়ীর আনাগোনা ছিল। এছাড়াও এই ব্যাঙ্কটি পাকিস্তানীদের বাংলাদেশ থেকে পাকিস্তানে অর্থ পাচারে সাহায্য করছিল। গেরিলারা দুপুর সাড়ে এগারটার দিকে গাড়িতে ভর্তি বিস্ফোরণের বিস্ফোরণ ঘটায়। ফলে এই গাড়ীর পার্শ্ববর্তী পার্ক করা ১০/২০ টি গাড়ি ধ্বংস হয় এবং হাবিব ব্যাঙ্কের বেশ ক্ষতি হয়। বিস্ফোরণে প্রায় ২৫ জন পাকিস্তানী ব্যবসায়ী আহত হয়। বিস্ফোরণের বিকট শব্দে এবং ধ্বংস দেখে মতিঝিল বাণিজ্যিক এলাকার সমস্ত জনতা ছুটে পালায় এবং সকল ব্যবসা কেন্দ্র বন্ধ হয়ে যায়। ফলে অল্প সময়ের মধ্যেই গোটা এলাকা জনশূণ্য হয়ে পড়ে। পাকিস্তানী ব্যবসায়ী মহলের মধ্যেও একটা আতঙ্কের সৃষ্টি হয়। পাকিস্তান রেডিও'র ঢাকা কেন্দ্র থেকে এই বিস্ফোরণের ঘটনা স্বীকার করা হয়। হেডকোয়ার্টার থেকে দুটি ৮১ এম-এম মর্টরসহ একটি ডিটাচমেন্ট ঢাকাতে পাঠানো হয়। এই ডিটাচমেন্টকে ঢাকা বিমান বন্দর এবং ক্যান্টনমেন্ট এলাকায় পাকসেনাদের ওপর এবং পাকিস্তানী বিমান বাহিনীর ঘাঁটির উপর রকেট নিক্ষেপ করার নির্দেশ দিয়ে পাঠানো হয়। আমাদের এই দলটি হেডকোয়ার্টার থেকে ঢাকার পূর্বে এসে

তাদের বেইস স্থাপন করে। এর পর একটি ছোট রেকি (অনুসন্ধানী) দল বিমান বন্দর ও ক্যান্টনমেন্টের চতুর্দিকে ৩/৪ দিন অনুসন্ধান চালায়। এই সময় পাকসেনারা বিমান বন্দর এবং ক্যান্টনমেন্টের নিরাপত্তার জন্য পার্শ্ববর্তী এলাকায় বাঙ্কার তৈরী করে এবং টহল দিয়ে আমাদেরকে দূরে রাখার চেষ্টা করে। যেহেতু মর্টারের রকেট চার হাজার গজ দূরত্বের বেশী নিক্ষেপ করা যায় না এবং মর্টার ফায়ার করার সময় ফ্লাশ দেখে এবং মর্টার পজিশন থেকে শব্দ শুনে পাকিস্তানী টহলদারী সৈনিকরা এর অবস্থান খুঁজে বের করতে পারে সেহেতু অনুসন্ধান চালাবার পর আমাদের দলটি বাড্ডার নিকট থেকে ৯ই অক্টোবর রাত ১টা ৪০মিনিটের সময় মর্টারের গোলা নিক্ষেপ শুর করে। ৬টি গোলা ঢাকা ক্যান্টনমেন্টের একটি লাইনের মধ্যে পড়ে। এতে ১৪ জন পাকসেনা নিহত হয়। কয়েকটি গোলা বিমান বন্দরে নিকটে পড়ে কিন্তু কোন এয়ারক্রাফট-এর ক্ষতি সাধিত হয়নি। আরো কয়েকটি গোলা পাক টোব্যাকো কোম্পানীর ফ্যাক্টোরীতে পড়ে।এতে ফ্যাক্টরীর বেশ ক্ষতি হয়।কয়েকটি গোলা মহাখালী হাসপাতালের নিকটে রাস্তায় পড়ে। এই অতর্কিত মর্টার আক্রমণের ফলে ঢাকা ক্যান্টনমেন্টে আতঙ্কের সৃষ্টি হয়। পরে আমাদের কাছে খবর পৌঁছে যে, পাকিস্তানীরা ভেবে ছিল মুক্তিবাহিনী ঢাকা ক্যান্টনমেন্ট আক্রমণ করেছে। সঙ্গে সঙ্গ ঢাকা ক্যান্টনমেন্টের সমস্ত পাকসেনারা চর্তুদিকে দ্রুত বেরিয়ে পড়ে- স্বয়ংক্রিয় অস্ত্র এবং ট্যাংসহ গুলশান এবং ক্যান্টনমেন্ট এলাকায় সমস্ত রাত পাগলের মত ছুটাছুটি করতে থাকে এবং সারারাত গোলাগুলি চালায়। আমাদের দলটি আরো কয়েকটি গোলা নিক্ষেপ করে পাকসেনাদেরকে আরো ব্যতিব্যস্ত করে সেখান থেকে সরে পড়ে।

১১ই অক্টোবর দুপুর ১২টায় আমাদের গেরিলারা তিতাস গ্যাস পাইপ লাইন আবার বিস্ফোরক দিয়ে উড়িয়ে দেয়। ফলে ঢাকার গ্যাস সরবরাহ পুনরায় বন্ধ হয়ে যায়।

পাকসেনাদের একটি শক্তিশালী দল পিলখানাতে অবস্থান করছিল। পিলখানার পাশের রাস্তা দিয়ে নিউ মার্কেটের দিকে পাকসেনাদের অনেক গাড়ি যাতায়াত করতো। আমাদের আজিমপুরের গেরিলা দল সেই রাস্তায় মাইন পুঁতে রাখে। ১৬ই অক্টোবর রাত সাড়ে ৯টায় পাকসেনাদের একটা জীপ এই রাস্তায় টহল দেবার সময় মাইনের আঘাতে সম্পূর্ণ ধ্বংস হয় এবং সঙ্গে সঙ্গে ৪ পাকসেনা নিহত এবং দুজন গুরুতররুপে আহত হয়। এর একদিন পর দুজন পাক পুলিশ মিরপুর রোডে টহল দেবার সময় ধানমন্ডির নিকট আমাদের গেরিলাদের হাতে নিহত হয়।

ঢাকার শহরে মুক্তিবাহিনীর তৎপরতা এবং পাকসেনাদের নাজুক অবস্থা বিদেশী সংবাদ সংস্থাগুলি থেকেও ব্যাপক প্রচার করা হয়। এছাড়া এসব খবর ভয়েস অব আমেরিকা এবং বিবিসি থেকেও প্রচারিত হয়। ফলে হানাদার অধিকৃত এলাকার জনগনের মনেও মুক্তিসংগ্রামের সাফল্য সম্পর্কে নতুন আশার সৃষ্টি হয়।

৩০শে আগস্ট পাকসেনাদের একটি শক্তিশালী দল শালদা নদীর দক্ষিণ প্রান্তে সমবেত হয় এবং বিধ্বস্ত রেলওয়ে সেতুর উপর বাঙ্কার তৈরী করার প্রস্তুতি নেয়। আমাদের একটি পেট্রোল পার্টি তাদের উপর গুলি চালিয়ে বেশকিছু পাকসেনাকে হতাহত করে। পাকসেনারা পিছু হটে যায়। পরদিন সকাল আটটায় পাকসেনারা অগ্রসর হয়ে আবার বাঙ্কার তৈরী করার চেষ্টা করে। আমাদের মুক্তিযোদ্ধারা তাদের ওপর পুনরায় আক্রমণ চালায়। আক্রমণে ৬ জন পাকসেনা নিহত এবং আরো অনেক হতাহত হয়। এরপর পাকসেনারা তাদের গোলন্দাজ বাহিনীর সহায়তায় পালিয়ে যেতে সমর্থ হয়। পাকসেনাদের ব্রাহ্মণপাড়ায় অবস্থিত কামানগুলি এরপর ৪র্থ বেঙ্গলের 'এ' কোম্পানীর অবস্থানের উপর ব্যাপকভাবে গোলাবর্ষণ করতে থাকে। এতে আমাদের একজন সৈনিক শহীদ এবং ২/৩জন আহত হয়। পাকসেনাদের ওপর চাপ সৃষ্টির জন্য কোনাবন থেকে ক্যাপ্টেন গাফফার ৪র্থ বেঙ্গলের 'সি' কোম্পানীকে চাঁদলাতে পাঠান। এই কোম্পানীটিও ৩০শে আগস্ট বিকাল ৪টায় পাকসেনাদের একটি দলের ওপর অতর্কিত আক্রমণ করে একজন ক্যাপ্টেনসহ ১৯জন পাকসেনা ও ২৪ জন রাজাকারকে নিহত করে। সংর্ঘষে অনেক পাকসেনা আহত হয়। পরে পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে ব্রাহ্মণপাড়ার দিকে পালিয়ে যায়। ফলে একটি হালকা মেশিনগান, ৩টি রাইফেলসহ অনেক গোলাবারুদ আমাদের সৈনিকরা

দখল করে। এর পর দিন আমাদের মুক্তিযোদ্ধারা পাকসেনাদের একটি দলকে মন্দভাগ বাজারের পূর্ব পাশে শালদা নদীতে আক্রমণ করে। পাকসেনাদের এই দলটি নৌকাযোগে মন্দভাগ বাজারের দিকে অগ্রসর হচ্ছিল। আক্রমণে একটি নৌকা ডুবে যায় এবং ২০জন পাকসেনা নিহত ও বেশ কিছু আহত হয়। পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়। পাকসেনারা মন্দভাগ, সেনেরহাট, চাঁদলা প্রভৃতি এলাকায় অবস্থিত আমাদের অবস্থানের ওপর তাদের চাপ ক্রমান্বয়ে বৃদ্ধি করতে থাকে। ৩০শে আগস্ট বিকাল ৪টার সময় পাকসেনারা চারটি নৌকা বোঝাই করে এসে ছোট চাঁদলার নিকট অগ্রসর হবার চেস্টা করে।আমাদের সৈনিকরা তাদের উপর আক্রমণ চালিয়ে ১৫ জন পাকসেনাকে নিহত করে। এরপর সেনারা আমাদের অবস্থানের ওপর ব্রাহ্মণপাড়া এবং শাকুটিতে অবস্থিত মর্টার এবং কামানের সহায়তায় চড়াও হবার চেস্টা করে। আমাদের সৈনিকরাও সাহসের সঙ্গে পাকসেনাদের এই আক্রমণ প্রতিহত করে। উল্লেখ্য যে, পাকসেনারা প্রায় তিন কোম্পানী সৈন্যশক্তি নিয়ে এই আক্রমণ পরিচালনা করে। সারা রাত ধরে আক্রমণ অব্যাহত থাকে। এই আক্রমণে একজন অফিসারসহ ৩০জন পাকসেনা নিহত এবং বেশ কিছু আহত হয়। পাকসেনারা পরে ছত্রভঙ্গ হয়ে পশ্চাদপসরণ করে। আমাদের দু'জন মুক্তিযোদ্ধা গুরুতর ভাবে এবং ৬ জন সামান্য আহত হয়। ৪ঠা সেপ্টেম্বর পাকসেনারা আমাদের চালনা ও শীতলা অবস্থানের ওপর দু'দিক থেকে আক্রমণ চালায়। সমস্ত দিন যুদ্ধের পর আমাদের সৈনিকরা পাকসেনাদের এই আক্রমণকে প্রতিহত করতে সমর্থ হয়। পাকসেনাদের পক্ষে অনেক হতাহত হয়- তবে সঠিক ক্ষতির পরিমান জানা সম্ভব হয়নি। পরাজয়ের গ্লানিতে পশ্চাদপসরণকারী পাকসেনারা মনের আক্রোশে ব্রাহ্মণপাড়া, ছোট চাঁদলা এবং পার্শ্ববতী গ্রামগুলো জ্বালিয়ে দেয় ও নিরীহ জনসাধারণকে হত্যা করে। দুই-তিন দিন বিরতির পর পাকসেনারা আবার আমাদের সেনেরহাট অবস্থানের দিকে অগ্রসর হবার চেষ্টা করে। সেনেরহাট অবস্থানটি দখল করে নেবার জন্য পাকসেনারা সেনেরহাট পশ্চিমে এবং শালদা নদী স্টেশনের পশ্চিমে বিপুল সংখ্যক সৈন্যের সমাবেশ ঘটায়। তারা দু'দিকে থেকে আক্রমণের জন্য প্রস্তুতি নেয়। পাকসেনাদের সমাবেশের কৌশল দেখে আমরা বুঝতে পারি যে, পাকসেনারা মন্দভাগের পশ্চিমে আশাবাড়ি পর্যন্ত আমাদের দখলকৃত সমস্ত এলাকা পুনরুদ্ধারের পরিকল্পনা নিয়েছে। এতে তাদের পক্ষে কসবা এবং মন্দভাগ পুনর্দখল করা সহজ হবে। পাকসেনাদের পরিকল্পনা বুঝতে পেরে আমরা সেনেরহাট অবস্থানকে আরো শক্তিশালী করে তুলি। ৮ই সেপ্টেম্বর সকালে পাকসেনারা তাদের নয়ঘরে অবস্থিত ১২০ এম এম মর্টার, ব্রাহ্মণপাড়ায় অবস্থিত কামান এবং শশীদলে অবস্থিত ৩ ইঞ্চি মর্টারের সাহায্যে আমাদের সেনেরহাট অবস্থানের ওপর প্রচন্ড গোলাবর্ষণ শুরু করে-সঙ্গে সঙ্গে পাকসেনারা সেনেরহাট অবস্থানের দিকে অগ্রসর হতে থাকে।পাকসেনাদের কামানের গোলায় আমাদের বেশকিছু লোক শহীদ ও আহত হয়। পাকসেনাদের রকেট লাঞ্চারের গোলায় আমাদের ৪টি বাঙ্কার ধ্বংস হয়ে যায়। পাকসেনারা আমাদের অবস্থানের দেড়শ গজ পর্যন্ত অগ্রসর হতে সক্ষম হয়।কিন্তু এতদসত্ত্বেও আমাদের সৈনিকরা এতটুকু মনোবল না হারিয়ে বরং দৃঢ়তার সঙ্গে পাকসেনাদের আক্রমণকে প্রতিহত করে। আমাদের সৈনিকদের গুলিতে অগ্রসরমান অনেক পাকসেনা হতাহত হয়। আমাদের মুজিব ব্যাটারী গোলন্দাজ বাহিনী পাকসেনাদের উপর গোলাবর্ষণ করে অনেক পাকসৈন্যকে হতাহত করে। পাকসেনারা সমস্ত দিন তাদের আক্রমন চালিয়ে আমাদের প্রতিরোধ ব্যূহ ভেদ করতে না পেরে এবং তাদের অনেক হতাহত হওয়াতে সন্ধ্যায় তাদের আক্রমণ বন্ধ করতে বাধ্য হয় এবং পিছু হটতে বাধ্য হয়। এর পরদিন পাকসেনারা আমাদের মন্দভাগ এবং মইনপুর অবস্থানের ওপরও আক্রমণ চালায়। সেই আক্রমনও একইভাবে প্রতিহত করা হয়। যাবার পথে পরাজয়ের আক্রোশে সকাল সাতটার সময় পাকসেনাদের প্রায় দুই কোম্পানী সৈন্য প্রবল কামানের গোলার সহায়তায় আমাদের মইনপুরের অবস্থানেরর ওপর আক্রমণ চালায়। প্রায় দু'ঘণ্টা যুদ্ধের পর পাকসেনাদের্প্রায় ৪০ জন সৈন্য হতাহত হয়। আমাদের সৈন্যরা অসীম সাহসিকতার সঙ্গে সেই আক্রমণকেও প্রতিহত করে। আমাদের পক্ষে আমাদের অবস্থানে অবস্থান করা অসম্ভব হয়ে ওঠে, ফলে বাধ্য হয়ে আমাদের সৈনিকরা সে অবস্থান পরিত্যাগ করে ৬০০ গজ পিছে বায়েকের নিকট জেলা বোর্ডের রাস্তায় নতুন অবস্থান গড়ে তোলে। পাকসেনারা এই অবস্থানের ওপরও আক্রমণ চালায়। তাদের সেই আক্রমণকে আমাদের সৈনিকরা দৃঢ়তার সঙ্গে

প্রতিহত করে। পাকসেনারা আর অগ্রসর হতে না পেরে পিছু হটে যেতে বাধ্য হয়। পাকসেনারা মনরা, বাগরা, নাগাইশ, দুশিয়া, আরাদুয়শিরা, ধান্দুহল, সিদলাই প্রভৃতি প্রায় একুশটিচ গ্রাম জ্বালিয়ে দেয় এবং নিরীহ জনসাধারণকে হত্যা করে। ৯ই সেপ্টেম্বর রাতে ক্যাপ্টেন গাফফার একটি শক্তিশালী রেইডিং পার্টি ৩" মর্টার ও ৬৫ এমএম আর আরসহ পাকসেনাদের অবস্থানের দিকে পাঠিয়ে দেন। এই দলটি শালদা নদীর উত্তর তীর দিয়ে লক্ষ্মীপুরস্থ পাকসেনাদের অবস্থানের পেছনে অনুপ্রবেশ করে এবং দু'দিন রেকি করার পর ১১ই সেপ্টেম্বর বিকাল পাঁচটার সময় পাকসেনাদের অবস্থানের অতি নিকটে পৌঁছে গোলা নিক্ষেপ শুরু করে। এতে শত্রুদের দুটি বাঙ্কার রকেটের গোলায় ধ্বংস হয়। গোলার আঘাতে ১১ জন শত্রুসৈন্য নিহত এবং ৭ জন আহত হয়। পাকসেনারা পার্শ্ববর্তী গ্রামগুলি জ্বালিয়ে দেয় এবং বিক্ষিপ্তভাবে গ্রামের মধ্যে কামানের গোলাবর্ষণ করে। এরপর আমাদের রেইডিং পার্টি ১৪ই সেপ্টেম্বর সকাল ৮টায় কায়েকপুরে পাকসেনাদের আরো দু'টি বাঙ্কার রকেটের সাহায্যে ধ্বংস করে। এতে ১৬ জন পাকসেনা নিহত এবং ৮ জন আহত হয়। ১৫ই সেপ্টেম্বর দুপুর ১২টার সময় আমাদের আরেকটি রেইডিং পার্টি লক্ষ্মীপুরের নিকট পাকসেনরাদের দুটি বাঙ্কার অতর্কিত আক্রমণ করে ধ্বংস করে দেয়। এতে ৩ জন পাকসেনা নিহত এবং ৮ন আহত হয়।১৯শে সেপ্টেম্বর সকাল ৬টায় লক্ষ্মীপুরস্থ পাকসেনাদের আরো দু'টি বাঙ্কার রকেটের গুলিতে উড়িয়ে দেওয়া হয়। এতে দু'জন পাকসেনা নিহত এবং একজন আহত হয়।

ফরিদপুরে আমাদের মুক্তিবাহিনীর গেরিলারা তাদের কর্মতৎপরতা অব্যাহত রাখে। ৩রা আগষ্ট বিকাল ৪টার সময় আমাদের গেরিলারা মাদারীপুরের ভাঙ্গা এবং মুহাফিজ সেতুগুলোতে পাহারারত শত্রুসেনাদের ওপর আক্রমণ চালায়। সে আক্রমণে তারা সেতুগুলো ধ্বংস করে দেয় ও ৭টি রাইফেল দখল করে। ১০ তারিখে মিঠাপুরের ডাকঘর এবং ইউসুফপুরের তহসীল অফিস জ্বালিয়ে দেয়। ১৪ তারিখ সকাল ৬টায় আমগ্রামের সমাদ্দার সেতু সম্পূর্ণরূপে ধ্বংস করে দেয়। ঐ দিনই গেরিলাদের আরেকটি দল পাকসেনাদের একটি গাড়ী মাদারীপুর-টেকেরহাট রাস্তায় গাটমাকির নিকট এ্যামবুশ করে। গাড়ীটি ক্ষতিগ্রস্ত হয়। এতে ৯ জন পাকসেনা আহত হয়।

২৭শে আগষ্ট আমাদের একটি টহলদার দল পরাশুরাম থানার নিকট পাকসেনাদের একটি টহলদারী দলকে এ্যামবুশ করে ৭ জন পাকসেনাকে নিহত করে। দুই ঘণ্টা সংঘর্ষের পর পাকসেনারা মর্টারের সাহায্যে আক্রমণ চালিয়ে আমাদের গেরিলাদের হাত থেকে রক্ষা পেয়ে পালাতে সক্ষম হয়। আরেকটি দল ফেনী-বেলুনিয়া সড়কের ওপর হাসানপুর সেতুটি ধ্বংস করে দেয়। শালদা নদীর নিকটে আমাদের একটি টহলদার দল দু'জন পাকসেনাকে রাতে টহল দিতে দেখে এ্যামবুশ করে। এই এ্যামবুশে দু'জন পাকসেনাই নিহত হয়। নিহত পাকসেনাদের পকেট থেকে পাওয়া কাজগপত্রে তাদের নাম পাওয়া যায়। এদের একজনের নাম হাবিলদার আবদুল আজিজ এবং অপরজনের নাম ছিল হাবিলদার রহমান গুল। ২০শে সেপ্টেম্বর বিকেল ৪টায় পাকসেনাদের একটি দল আমাদের শালদা নদী অবস্থানের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করে। ছোট পাহাড়ের উপর অবস্থিত আমাদের অবস্থানের দিকে অগ্রসর হওয়ার সময় আমাদের সৈনিকদের প্রচন্ড গোলাবর্ষণের ফলে তারা ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়। ক্যাপ্টেন গাফফার একটি শক্তিশালী রেইডিং পার্টি নিয়ে ১৯শে সেপ্টেম্বর কায়েমপুরে পাকসেনাদের অবস্থানের পিছনে অনুপ্রবেশ করে। পরদিন ভোরে রেকি করার পর সকাল ১০টায় পাকসেনাদের পেছন দিকের অবস্থানের উপর অতর্কিত আক্রমণ চালায়। আক্রমণের ফলে পাকসেনারা হতভম্ব হয়ে পড়ে এবং আতঙ্কিত হয়ে ছুটাছুটি করতে থাকে। আমাদের রেইডিং পার্টির গুলিতে ৩২ জন পাকসেনা নিহত এবং ৭ জন আহত হয়। এরপর আমাদের দলটি আক্রমণ প্রত্যাহার করে শত্রু অবস্থান থেকে নিরাপদ দূরত্বে চলে আসে। পাকসেনাদের একটি দল কায়েমপুরে তাদের অবস্থানের দিকে নৌকাযোগে অগ্রসর হবার পথে আমাদের এ্যামবুশ পার্টি তাদের ওপরও অতর্কিত আক্রমণ চালায়। দুটি নৌকা আক্রমণের ফলে ধ্বংস হয়ে যায় এবং এতে ১৫ জন পাকসেনা নিহত হয়।

আমাদের সৈন্যরা পাকসেনাদের ওপর তাদের হামলা চালিয়ে যেতে থাকে। পাকসেনাদের চাপও আমাদের ওপর থেকে ধীরে ধীরে কমে যায়। পাকসেনারা তাদের বিপর্যস্ত অবস্থানগুলো বাঁচানোর জন্য ভারী তোপের সাহায্যে আমাদের মন্দভাগ কোনাবন এবং শালদা নদীর অবস্থানের ওপর প্রচণ্ড গোলাবর্ষণ করে। এতে আমাদের ২ জন নন-কমিশণ্ড অফিসার ও ১ জন গোলন্দাজ বাহিনীর ও-পি শহীদ হয়। পাক সেনাদের একটি জঙ্গী বিমান ২৮শে সেপ্টেম্বর তাদের সেনাদের সাহায্যের জন্য দুপুর দুটো থেকে তিনটা পর্যন্ত আমাদের অবস্থানগুলোর ওপর ক্রমাগত আক্রমন চালায়। পাকসেনাদের অবস্থানগুলো আমাদের আক্রমণে অনেকটা দুর্বল হয়ে পড়েছে বলে আমরা বুঝতে পারি এবং তাদেরকে সম্পূর্ণভাবে এই এলাকা থেকে হটিয়ে দেয়ার জন্য ২৭ তারিখে একটি সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী ২৮ তারিখ সাড়ে ১০টার সময় ৪র্থ বেঙ্গলের একটা শক্তিশালী দল উত্তর দিক থেকে কায়েমপুরের শত্রুঅবস্থানের উপর প্রচণ্ড আক্রমণ চালায়। ৪ ঘন্টা স্থায়ী যুদ্ধের পর পাকসেনাদের ১৫ জন নিহত এবং ৩০ জন আহত হয়। আমাদের কিছুসংখ্যক যোদ্ধাও শহীদ এবং আহত হয়। আমাদের সৈন্যদের প্রচণ্ড আক্রমণের মুখে টিকতে না পেরে পাকসেনারা তাদের কায়েমপুর ঘাঁটি ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়। আমাদের সৈন্যরা তাদের পরিত্যক্ত অবস্থান থেকে মেশিনগান, মর্টার ও অন্যান্য অস্ত্রশস্ত্র এবং প্রচুর গোলাবারুদ দখল করে নেয়। এখানে উল্লেখযোগ্য যে, সেপ্টেম্বর মাসের ৯ তারিখে আমাদের সৈন্যরা এইসব অবস্থানগুলো থেকে শত্রুর প্রবল চাপের মুখে পর্যাপ্ত পরিমাণ অস্ত্রশস্ত্রের অভাবে পিছু হটে আসতে বাধ্য হয়। ফলে শত্রুরা এইসব জায়গা দখল করে নেয়। এর এক সপ্তাহ পরেই আমরা পুনরায় পাল্টা আক্রমণ চালাই। এই পাল্টা আক্রমণের ফলে প্রায় ২০১ জন পাকসেনা নিহত এবং ৮৩ জন আহত হয়, ৭০টি বাঙ্কার ধ্বংস করা হয় এবং অসংখ্য অস্ত্রশস্ত্র আমাদের দখলে আসে। আমাদের ক্ষয়ক্ষতি সে তুলনায় ছিল অতি অল্প-১০ জন শহীদ এবং ৬ জন আহত হয়। আমাদের সৈনিকরা পাকসেনাদের দখলকৃত কায়েমপুরা, শ্রীপুর, মইনপুর, কামালপুর, লক্ষ্মীপুর প্রভৃতি জায়গা পুনরুদ্ধার করে। এরপর সেপ্টেম্বর মাসের শেষ পর্যন্ত দাউসসহ মন্দভাগের পশ্চিমের বিস্তীর্ণ এলাকা সম্পূর্ণরূপে শত্রুমুক্ত করা হয়। এর ফলে পাকসেনাদের মন্দভাগ রেলওয়ে স্টেশন এবং তার পশ্চিমে আশাবাড়ি পর্যন্ত আমাদের দখলে থাকা এলাকা পুনরুদ্ধারের সমস্ত আশা ও পরিকল্পনা সম্পূণরূপে ব্যর্থ হয়ে পড়ে এবং তারা হতাশ হয়ে পড়ে।

কসবার পশ্চিমে টি. আলীর বাড়ির নিকট অবস্থিত পাকসেনাদের অবস্থানগুলোর ওপর আমাদের সৈনিকরা ক্রমাগত চাপ বাড়িয়ে যাচ্ছিলো। ২৮শে আগস্ট ক্যাপ্টেন আইনউদ্দিন ৪র্থ বেঙ্গলের 'ডি' কোম্পানী থেকে একটা প্লাটুন পাক অবস্থানের পিছনে পাঠিয়ে দেয়। আমাদের কাছে খবর ছিল পাকসেনারা তাদের অগ্রবর্তী অবস্থানগুলোতে নৌকার সাহায্যে সরবরাহ কাজ চালাচ্ছে। এই প্লাটুনটিকে পাকসেনাদের সরবরাহকারী নৌকাগুলো এ্যামবুশ করার দায়িত্ব দেয়া হয়। প্লাটুনটি ২৯ তারিখ সকালে পাকসেনাদের পেছনে জলপথের ওপরে এ্যামবুশ লাগিয়ে বসে থাকে। বেলা ২-৪০ মিঃ পাকসেনাদের দুটি নৌকা সেদিকে অগ্রসর হয়। এ্যামবুশের আওতায় আসার সঙ্গে সঙ্গে আমাদের সৈনিকরা তাদের ওপর আক্রমণ চালায়। প্রচণ্ড গোলাগুলির পর তাদের দু'টি নৌকাই ডুবিয়ে দেয়া হয় এবং সেই সঙ্গে ৩০ জন পাকসেনাই নিহত হয়। আমাদের একজন সৈনিক শহীদ হয়। ৪র্থ বেঙ্গলের 'ডি' কোম্পানীর আরও দুটি প্লাটুন সেপ্টেম্বর মাসের ৫ তারিখ থেকে ১০ তারিখ পর্যন্ত লাটুমুড়া, তাজিশ্বর, ফতেহপুর, চারনল বগাবাড়ি প্রভৃতি স্থানে পাকসেনাদের অতর্কিত আক্রমণ করে ৩৬ জন খানসেনা ও ১৭ রাজাকারকে নিহত ও আহত করে। পাকসেনারা এই এলাকায় আমাদের সৈনিকদের আক্রমণাত্মক কার্যকলাপে অতিষ্ঠ হয়ে একটি শক্তিশালী দল তাজিশ্বর ও বগাবাড়ির দিকে ১১ই সেপ্টেম্বর অগ্রসর হয়। পাকসেনাদের এই দলটির অগ্রসরের খবর আমাদের কাছে আগেই পৌঁছে যায়। 'ডি' কোম্পানীর দুটি প্লাটুন বাগাবাড়ির নিকট পাকসেনাদের পথে এ্যামবুশ পেতে বসে থাকে। ১১ তারিখ সকাল ৬টার সময় অগ্রগামী পাকসেনা দলটি আমাদের এ্যামবুশের আওতায় পড়ে যায়। আমাদের সৈনিকরা তাদের অতর্কিত আক্রমণ করে। প্রবল আক্রমণের মুখে পাকসেনারা টিকতে না পেরে আবার পশ্চাদপসরণ করে। এই যুদ্ধের ফলে ১৫ জন পাকসেনা নিহত এবং ২ জন আহত হয়। পাকসেনাদের এই এলাকায় বিপর্যস্ত অবস্থায় তাদের সাহায্যের জন্য ১৩ তারিখে পাকসেনাদের পাঁচটি জঙ্গী বিমান বিকেল পাঁচটার সময় আমাদের

অবস্থানগুলোর ওপর এক ঘণ্টাব্যাপী প্রচন্ড বোমাবর্ষণ করে। পাকসেনাদের বিমান হামলা আমাদের সৈনিকদের মনোবল ভাঙ্গতে পারেনি। তারা তাদের অবস্থান শত্রুর চাপের মুখেও অটল থাকে। পাকসেনাদের সংঘর্ষ উপরোল্লিখিত এলাকায় এর পরেও অব্যাহত থাকে।

পাকসেনারা এই সেক্টরে আরও সৈন্য সমাবেশ করতে থাকে। তাদের অবস্থানগুলোর দিকে পাকসেনাদের অগ্রসর হওয়ার পথে বাধা দেওয়ার জন্য ৪র্থ বেঙ্গলের 'ডি' কোম্পানী ১৬ই সেপ্টম্বর শত্রু অবস্থানের পেছন ভাগে মেহারী গ্রামে একটি এ্যামবুশ পেতে বসে থাকে। ১৭ তারিখ সকাল ৭টায় পাকসেনাদের একটি শক্তিশালী দল পশ্চিম দিক থেকে অগ্রসর হয়ে আমাদের আক্রমণের জন্য মেহারীতে আমাদের এ্যামবুশ-এর নিকট সম্মিলিত হয়। পাকসেনারা সমবেত হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের এ্যামবুশ পার্টি তাদের ওপর অতর্কিত আক্রমণ করে। নিজেদের অবস্থানের এত কাছে তারা আক্রান্ত হবে তা তারা ভাবতেও পারেনি। ফলে এই আকস্মিক আক্রমণে তারা দিকবিদিক হারিয়ে ফেলে এবং ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়।পাক গোলন্দাজ বাহিনী কামানের গোলাতে তাদেরকে পালাতে সহায়তা করে। কিন্তু দুর্ভাগ্যবশত তাদের অনেক সৈন্য হতাহত হয়। এই অ্যামবুশে পাক সেনাদের ২১ জন নিহত এবং ৪৩ জন আহত হয়। আমাদের সৈনিকরা নিরাপদে পিছু হটে আসতে সক্ষম হয়। ঐ দিন রাত্রে আমাদের এই দলটি সায়েদাবাদের নিকট পাকসেনাদের একটা ঘাটিতে অতর্কিত আক্রমণ চালিয়ে দুটো জীপ ও ১ টি ৩ টন গাড়ী ধ্বংস করে দেয়। এর পরদিন আমাদের রেইডিং পার্টি চারগাছা বাজারের নিকট পাকসেনাদের একটা টহলদার দলকে এ্যামবুশ করে ২০ জন পাকসেনাকে হতাহত করে। পাকসেনারা এই সংবাদ পেয়ে তাদের টহলদার দলের সাহায্যার্থে একটি শক্তিশালী দল তিন নৌকা বোঝাই করে চারগাছের দিকে অগ্রসর হয়। কিন্তু পৌঁছার আগেই আমাদের সৈনিকরা তাদেরকে শিমরাইলের নিকটে এ্যামবুশ করে দুটি নৌকা ডুবিয়ে দেয় এবং সঙ্গে সঙ্গে দু' নৌকা ভর্তি পাকসেনাদের সবাই নিহত হয়। এই সংঘর্ষে আমাদের ১ জন সৈনিক শহীদ হন। আমাদের সৈনিকদের জন্য এই এলাকার পাকসেনাদের এহেন বিপর্যয়ের ফলে তারা পুনরায় আরো ব্যাপক ভাবে এই এলাকায় সৈন্য সমাবেশ ঘটায় এবং চাপ বৃদ্ধি করতে থাকে। এতে আমরা আরেক অসুবিধার সম্মুখীন হই। ঢাকাতে এবং ফরিদপুরে যেসব গেরিলাদের পাঠানো হতো তারা এই এলাকার ভিতর দিয়ে যাতায়াত করতো। পাকসেনাদের তৎপরতার জন্য সমস্ত অনুপ্রবেশ পথগুলো প্রায় বন্ধ হয়ে যাবার উপক্রম হয়। ২২শে সেপ্টম্বর আমাদের ৬০ জন গেরিলার একটি দল চারটি নৌকায় অনুপ্রবেশের পথে পাকসেনাদের দ্বারা আক্রান্ত হয়। ফলে দু' টি নৌকা ডুবে যায়। চারজন মুক্তিযোদ্ধা শহীদ হয় এবং একজন আহত হয়। তিনটি স্টেনগান, চারটি রাইফেল এবং কিছু টাকা ও ১০০০ গুলি পানিতে পড়ে হারিয়ে যায়। গেরিলারা আহত ও শহীদদের নিয়ে আমাদের অবস্থানে ফিরে আসে। এই রাস্তা বন্ধ হয়ে যাওয়ায় আমার পক্ষে মুক্তিযোদ্ধদের বিভিন্ন জায়গায় পাঠানো বিপজ্জনক হয়ে পড়ে। এমতাবস্থায় আমি মেজর আইনুদ্দিনকে যে কোন উপায়ে এই এলাকাকে পুনঃমুক্ত করার জন্য নির্দেশ দেই। তাকে আরেকটি অতিরিক্ত দল দিয়ে তার শক্তি বৃদ্ধি করে কসবা থেকে নবীনগর পর্যন্ত আমাদের তৎপরতা বাড়িয়ে নেয়ার জন্য নির্দেশ দিই। তাকে আরেকটি অতিরিক্ত দল দিয়ে তার শক্তি বৃদ্ধি করে কসবা থেকে নবীনগর পর্যন্ত আমাদের তঃপরতা বাড়িয়ে নেয়ার জন্য নির্দেশ দিই। পাকসেনাদের বিভিন্ন ঘাঁটির উপর বার বার আক্রমণ করে তাদেরকে এই এলাকা থেকে বিতারিত করার জন্য সকল ব্যবস্থা নেয়া হয়। শক্তি বৃদ্ধি পাওয়াতে মেজর আইনুদ্দীন তার তৎপরতা বাড়িয়ে দেয়। ১০/১২টির মক্তিশালী রেইডিং পার্টি কসবা, সাইদাবাদ, চরগাছা প্রভৃত এলাকাতে পাঠিয়ে দেয়। এই রেইডিং পার্টিগুলো বিভিন্ন স্থানে পাকসেনাদের উপ অতর্কিতে আক্রমণ চালিয়ে ২৫ জন পাকসেনা নিহত এবং ৩০ জনকে আহত করে ও ১টি গাড়ী ধ্বংস করে। আমাদের পুনঃ পুনঃ আক্রমণের ফলে পাকসেনারা ব্যতিব্যস্ত হয়ে পড়ে। আস্তে আস্তে সমস্ত এলাকাতে আমাদের সৈন্যরা পাকসেনাদের মনে ত্রাসের সৃষ্টি করে। ২৪শ সেপ্টেম্বর সকাল ৭-৩০টার সময় পাকসেনাদের একটি শক্তিশালী দল ১৭টি নৌকায় আমতাদের একটা রেইডিং পার্টিকে আক্রমণ করার জন্য নবীনগরের দিকে অগ্রসর হয়। পাকসেনাদের নৌকাগুলো যখন বিদাকোর্ট গ্রামের নিকট পৌছায় তখন আমাদের সৈনিকরা তাদেরকে অতর্কিতে আক্রমণ করে। এই আক্রমণে পাঁচটি নৌকা ডুবে যায় এবং অন্তত ২৫ জন পাকসেনা নিহত এবং পঁয়ত্রিশজন আহত হয়। মুক্তিযোদ্ধাদের এই সকল আক্রমণে সে এলাকার সমস্ত জনসাধারণ স্বস্তির নিঃশ্বাস ফেলে এবং বিপুল আনন্দে

মুক্তিযোদ্ধাদেরকে অভিনন্দিত করে। এর কয়েকদিন পর ৩রা অক্টোবর পাকসেনাদের একটি লঞ্চ, গোলাবারুদ ও রসদ নিয়ে সাইদাবাদ যাবার পথে আমাদের মুক্তিযোদ্ধাদের দ্বারা মলুগ্রামে আক্রান্ত হয়। আক্রমণের ফলে লঞ্চটির গোলাবারুদ আগুন লেগে ডুবে যায়। সেই সঙ্গে ১০ জন পাকসেনা নিহত ও আহত হয়। আমাদের চারজন মুক্তিযোদ্ধা শহীদ হয় এবং দু'জন আহত হয়। এই খবর পেয়ে পাকসেনাদের একটি শক্তিশালী দল আরেকটি লঞ্চযোগে আমাদের অবস্থানের দিকে অগ্রসর হয়। অগ্রসর হওয়ার পথে আমাদের মুক্তিযোদ্ধারা তাদেরকে পরগাছার নিকট আক্রমণ করে। প্রায় ২-৩ ঘন্ট যুদ্ধের পর অনেক পাকসেনা লঞ্চ থেকে ঝাঁপিয়ে পালাবার চেষ্টা করে এবং ডুবে যায়। পাকসেনাদের ৭০/৮০ জন নিহত ও আরো অনেক আহত হয়। লঞ্চটিরও বেশ ক্ষতি হয় এবং বহু কষ্টে বাকী সৈন্যদের নিয়ে লঞ্চটি সেখান থেকে পালিয়ে যেতে সমর্থ হয়। ঐদিনই বিকেল ৫টার সময় পাকসেনাদের ২০টি নৌকা ও ৩টি স্পীডবোট আমাদের মুক্তিযোদ্ধাদের দ্বারা কসবার নিকট আক্রান্ত হয়। ফলে ৩য় পাঞ্জাবী রেজিমেন্টের কমাণ্ডিং অফিসার লেঃ কর্ণেল জামান ও একজন ক্যাপ্টেন সহ ১২ জন পাকসেনা নিহত হয় এবং তিনটি স্পীড বোট ও কয়েকটি নৌকা ডুবে যায়।

সেপ্টেম্বরের শেষ সপ্তাহে থেকে অক্টোবরের প্রথম সপ্তাহ এই এলাকায় চোট এ্যামবুশ এবং ছোট ছোট আক্রমণের ফলে পাকসেনারা ব্যতিব্যস্ত হয়ে পড়ে। ৩রা ও ৪ঠা অক্টোবরে চারগাছা, মলুগ্রাম, কসবা প্রভৃতি জায়গায় পাকসেনারদের অন্তত ২৫০ থেকে ৩০০ সৈনিক নিহত হয়। একটি লঞ্চ, তিনটি স্পীডবোট, ১০টি নৌকা ডুবে যায় এবং অন্য আরেকটি লঞ্চ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। প্রায় লক্ষাধিক পরিমাণের গোলাবারুদ পানিতে ডুবে যায় কিংবা আমাদের দখলে আসে। একজন লেঃ কর্ণেলসহ বেশ ক'জন অফিসার নিহত হয়। এর ফলে এই এলাকায় পাকসেনাদের তৎপরতা সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায় এবং তারা অনেক পিছু হটে যেতে বাধ্য হয়।

সৌভাগ্য খানদের। পেছনের ট্রাক প্রায় ১৫০ গজ ব্যবধানে এলো এবং এ্যামবুশের এলাকায় এক ইঞ্চি ঢোকা মাত্র ক্যাপ্টেনের শিস সাথে ফায়ার। বজ্র কড় কড় আওয়াজের মত ভেংগে পড়লো মুক্তিবাহিনী হানাদারদের ওপর। এমন হাতের মুঠোয় বহুদিন পায়নি খানদের। সম্পূর্ণ নিরাপদে দাঁড়িয়ে অকস্মাৎ বজ্রপাতের মত ঝাঁপিয়ে পড়লো মুক্তিবাহিনীর জোয়ানরা। পেছনের ট্রাক, সামনের ট্রাক-দুই ট্রাকের ওপরেই চলছে বৃষ্টির মত থ্রি-নট-থ্রি আর এল-এম-জি'র ফায়ার। সম্বিত ফিরে পাবার আগেই পেছনের ট্রাক শেষ, এ্যামবুশের যেখানে ঢুকেছিল, সেখানেই দাঁড়িয়ে। খুনী ৩২ জন হানাদারদের ছিন্নভিন্ন দেহ সেখানেই লুটিয়ে। কোনটা ট্রাকের ওপর। বাকীগুলি পাশে, রাস্তায়, নীচের খানায়। কিন্তু না, সামনের ট্রাককে ততখানি কাবু করা গেল না। মাত্র দুটো ডেডবডি পেছনে ফেলে ট্রাকটি গোঁ গোঁ করতে করতে ছুটে বেরিয়ে গেল ক্যাপ্টেন ইদ্রিসের কব্জা থেকে- যদিও ট্রাকটি পালাবার আগেই গাছের ওপর থেকে মুক্তিবাহিনীর ছেলেরা ফায়ার করে কয়েকজনকে আহত ও নিহত করে। পাওয়া যায় বহু গোলাবারুদ, এক ইঞ্চি মর্টার, কয়েকটি এল-এম-জি, দুই ইঞ্চি মর্টার এবং চায়নিজ অটোমেটিক রাইফেল কিছু। ৩রা অক্টোবর সেই সাফল্যের পর এ্যামবুশে হানাদারকে খতম করার পরিকল্পনা ক্যাপ্টেন ইদ্রিস বাড়িয়ে দেন এবং বহু এভাবে খানসেনারা ঐ সেক্টরে হতাহত হতে থাকে এবং গেরিলা যুদ্ধের এই কৌশলের ও সাফল্যের প্রোগ্রাম সকল সেক্টরে জানিয়ে দেয়া হয়। এর ফলে সব স্থানে অনুপ্রেরণার সৃষ্টি হতে থাকে। ৪ঠা অক্টোবর সেই আম-জাম-বাঁশঝাড়ে ঢাকা স্কুলপাড়া দেখতে যায় হামজাপুরের সকল মুক্তিযোদ্ধা। খানদের চরমভাবে পরাজিত ও খতম করে দেয়ার সেই পবিত্র ভূমিতে গিয়ে মুক্তিযোদ্ধারা স্কুলপাড়ার মাটি কপালে ছুঁইয়ে যাত্রা করে ফ্রন্টের দিকে। ১৪ই ডিসেম্বর যুদ্ধে লেঃ সাইদুল্লাহ'র একটা হাতের সমস্ত মাংস কাঁধের নীচ থেকে উড়ে যায়। শত্রুর ব্রাশ ফায়ারে। কিন্তু হাড় ভাঙ্গেনি। দিনাজপুরের রণাঙ্গনে যে বীর বহুবার পাঞ্জা লড়েছে হানাদারদের সাথে বিজয়ের দু'দিন আগে তিনি আহত হন। দুর্ধর্ষ ক্যাপ্টেন ইদ্রিসও আহত হন অন্য যুদ্ধে এবং তার কোমরের নীচ দিয়ে ব্রাশ ফায়ার লেগে হিপের মাংস ধসে যায়।

৭নং সেক্টর আওতাধীন বগুড়া জেলায় মুক্তিবাহিনীর তৎপরতা*

পশ্চিমবঙ্গ হইতে সামরিক ট্রেনিং লইয়া সাইফুল ইসলাম বগুড়া জেলার পূর্বাঞ্চলে ফিরিয়া আসে। সাইফুলের নেতৃত্বে পরিচালিত গেরিলা দল জুলাই মাসে ধুনট থানা আক্রমণ করে। থানাতে বেশ কিছুসংখ্যক পাঞ্জাবী পুলিশ ছিল। এই অতর্কিত হামলায় ৭ জন পাঞ্জাবী পুলিশ নিহত হয় এবং গেরিলা দল পূর্ব বগুড়ার কয়েকটি সামরিক কনভয় এবং হানাদার সৈন্য বোঝাই ট্রেনের উপর আক্রমণ চালায়।

জুলাই মাসে গেরিলা বাহিনীর কমাণ্ডার হারুনুর রশিদের দল ভেলুরপাড়া রেল স্টেশনে সিচারপাড়ার উত্তর ধারে মাইন বিস্ফোরণ ঘটাইয়া একটি মিলিটারী স্পেশাল ট্রেন বিধ্বস্ত করার ফলে চারজন অফিসারসহ সাতাশ জন পাকসৈন্য নিহত হয়।

৭ই আগস্ট সকাল ৮টা ৩০ মিনিটের সময় ৭ নম্বর সেক্টরের গেরিলা প্রধান আহসান হাবিব (ওয়ালেস)-এর নেতৃত্বে তাহার দল সাবগ্রামে একটি মাইন বিস্ফোরণ ঘটাইয়া একটি মিলিটারী লরী সম্পূর্ণরুপে বিধ্বস্ত করে। ঘটনাস্থলেই তিনজন পাকসৈন্য নিহত ও একজন আহত হয়। পুনরায় ৯ই আগস্ট তারিখে বেলা ১১ টার সময় পাকসৈন্যরা বিধ্বস্ত লরীটি উদ্ধার করিতে যায়। ঐ দিনই মাইন বিস্ফোরণের ফলে ৫ জন পাকসৈন্য নিহত ও ৬ জন আহত হয়।

বগুড়া শহরের ওয়াপদা পাওয়ার হাউস সাব-সেকশন উড়াইয়া দেওয়ার অভিপ্রায়ে সাইফুল ইসলাম মত্র দুইজন সঙ্গী লইয়া ১১ই আগস্ট হাটসেরপুর হইতে বগুড়া শহরের দিকে রওনা দেয়। তাহারা ৯ ঘটিকায়

* এ, জে এম শামসুদ্দিন তরফদার-রচিত 'দুই শতাব্দির বুকে' বগুড়া, ১৯৭৬ থেকে সংকলিত।

মাদলার ঘাটে আসিয়া পৌঁছে। তখন কোন নৌকা না থাকায় কলাগাছের ভেলা তৈয়ারী করিয়া ৩ জন সূর্যসৈনিক করতোয়া নদী পার হয়। পরিকল্পিত পথে মালগ্রামের ভিতর রাতের অন্ধকারে অগ্রসর হইতে থাকে। হানাদার বাহিনী প্রহরীরা তাহাদিকে চিনিয়া ফেলে। আত্মরক্ষার কোন পথ নাই জানিয়া সাইফুলেরা হানাদার বাহিনীর দিকে গ্রেনেড ছুড়িয়া মারে। হানাদারদের রাইফেল তখন গর্জিয়া ওঠে। তিনজনই অন্ধকারের মধ্যে তিনদিকে দৌড় দেয়। খানসেনাদের এলোপাতাড়ি গুলি আসিয়া সাইফুলের মাথায় লাগে। সাইফুল তৎক্ষণাৎ মাটিতে লুটাইয়া পড়ে। অর্ধমৃত অবস্থায় হানাদার বাহিনী সাইফুলকে ধরিয়া ফেলে।

আগস্ট মাসের মধ্যভাগে একদিন রাত্রি তিন ঘটিকার সময় গেরিলা বাহিনী কর্তৃক বগুড়া- সারিয়াকান্দি রাস্তায় লাঠিমাররঘোন গ্রামের নিকটবর্তী ব্রীজটি ডিনামাইট দ্বারা উড়াইয়া দেয় এবং ব্রীজের দুই ধারে ৫০/৬০ গজ দূরে মাইন মাটির নীচে পুঁতিয়া রাখিয়া তাহারা চলিয়া যায়। পরের দিন সকালে ব্রীজের দুই ধারে পশ্চিম দিকের মাইনটি পাকসেনারা সন্ধান পাইয়া তুলিয়া নিয়ে যায় কিন্তু পূর্ব দিকের মাইনটির সন্ধান পায় নাই। তার পরের দিন ভোরে কয়েকটি গরুর গাড়ী পাট লইয়া গাবতলী বন্দরে যাইতেছিল। একটি গরুর গাড়ীর চাপ মাইনের উপর পড়িলে মাইনটি বিস্ফোরণ ঘটে। ফলে গাড়ীটি ছিন্নভিন্ন হইয়া উড়িয়া যায়। একজন গাড়োয়ান সঙ্গে সঙ্গে মৃত্যবরণ করে। আর একজন গুরুতররুপে আহত হয়। এর পরের দিন সারিয়াকান্দি ক্যাম্প হইতে পাকসেনারা আসিয়া ব্রীজের অবস্থাদৃষ্টে লাঠিমাররঘোন গ্রামে প্রবেশ করিয়া গ্রামের লোদিগকে অমানুষিকভাবে মারপিট করে এবং কয়েকটি বাড়িতে আগুন লাগাইয়া পোড়াইয়া ফেলে। তৎপর তাহারা কালূডাঙ্গা, শাহবাজপুর এবং সাতটিকরি গ্রামে প্রবেশ করিয়া কতকগুলি বাড়ি আগুন লাগাইয়া ভস্মীভূত করে। এই ব্রিজ ভাঙ্গাকে কেন্দ্র করিয়া বর্বর পাক বাহিনী লাঠিমারঘোন গ্রামে পর পর তিনবার প্রবেশ করিয়া বাড়িঘর লুটপাট করে।

১৬ই আগস্ট সৈয়দ ফজলুর আহসান দিপুর দল সারিয়াকান্দি থানার নিকটবর্তী রামচন্দ্রপুর গ্রামে পাক বাহিনীর সহিত এক ভীষণ সংগ্রামে লিপ্ত হয়। প্রচুর গোলাগুলির পর ময়নুল হক নামে সারিয়াকান্দি থানার এক দারোগা, ৫ জন পাকসৈন্য ও কয়েকজন রাজাকার নিহত হয়।

আগস্ট মাসের মধ্যভাগে কমাণ্ডার আবুল হোসেন (বালুরঘাট), মোস্তফা রেজানুর (দিনাজপুর), এস, এম, ফারুক (বগুড়া), প্রভৃতির দ্বারা হিলিতে ট্রেন অপারেশন হয়। ইহার ফলে বহুসংখ্যক এবং কিছুসংখ্যক অবাঙ্গালী নিহত হয়। লাইন অপারেশনের সময় আবুল হোসেন নামে একজন মুক্তিযোদ্ধা আহত হয়।

আগস্ট মাসের তৃতীয় সপ্তাহে মীর মঞ্জুরুল হক সুফীর নেতৃত্বে গেরিলা দল বগুড়া-সারিয়াকান্দি রাস্তার একটি ব্রীজে এক্সপ্লোসিভ লাগাইয়া সম্পূর্ণ ধ্বংস করে এবং ব্রীজের এক মাইল দূরে রাস্তায় মাইন পুঁতিয়া রাখে। পরে মাইন বিস্ফোরণে একটি মিলিটারী জীপগাড়ী ধ্বংস হওয়ার ফলে একজন অফিসারসহ ৬ জন পাকসৈন্য নিহত হয়।

২০শে আগস্ট মাসুদ হোসেন আলমগীর নবেলের দল সারিয়াকান্দি থানার আওলাকান্দী গ্রামের পূর্বে যমুনা নদীতে একটি মিলিটারী লঞ্চ রকেট দ্বারা বিধ্বস্ত করে।

২রা সেপ্টেম্বর বর্বর পাকবাহিনী গাবতলী থানার জাত হলিদা গ্রামে অতর্কিত আক্রমণ করে। তখন সৈয়দ আহসান হাবিব দিপুর দল পাল্টা গুলিবর্ষণ করার ফলে একজন পাকসৈন্য নিহত হয়। পাকসৈন্যরা নিরীহ ৫ জন গ্রামবাসীকে হত্যা করে। পরে সমস্ত গ্রামটাই আগুন জ্বালাইয়া পোড়াইয়া দেয়।

৪ঠা সেপ্টেম্বর ৬ জন পাক পুলিশ খাদ্য লইয়া বগুড়া হইতে সারিয়াকান্দি যাইতেছিল। পথে পাক পুলিশেরা যখন ফুলবাড়ি ঘাটে খেয়া নৌকায় উঠে তখন মুজিববাহিনীর মোফাজ্জল হোসেন (লাঠিমারঘোন), গোলাম জাকেরিয়া রেজা (ধাওয়া), সাইদুল ইসলাম, (বাইগুলি), মন্টু (হুমাকুয়া) এবং গেরিলাবাহিনীর সৈয়দ আহসান

হাবিব দিপুর নেতৃত্বে নৌকা মাঝনদীতে পৌঁছার সঙ্গে সঙ্গে তাহারা রাইফেল, মেশিনগান দ্বারা গুলিবর্ষণ করিতে থাকে। ফলে দুইজন পুলিশ নিহত হয়। আর ৪ জন জীবন্ত অবস্থায় দৌড়াইয়া পালাইয়া যাইবার কালে ধরা পড়ে। জনগণ তাহাদিগকে লাঠিসোটার দ্বারা পিটাইয়া হত্যা করে। পাক পুলিশদের রাইফেল ও কিছু খাদ্যসামগ্রী মুক্তিযোদ্ধাদের হস্তগত হয়।

গেরিলা বাহিনী কমাণ্ডার মীর মঞ্জুরুল হক সুফীর নেতৃত্বে সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে ৭ নং সেক্টর হেডকোয়ার্টার থেকে অস্ত্র গোলাবারুদ নৌকা পথে আনিবার কালে বাহাদুরাবাদ ঘাটের নিকট সশস্ত্র সংঘর্ষে শত্রুদের একটি টহলদার গানবোট সম্পূর্ণ ধ্বংস করিয়া দেয়।

১৮ই সেপ্টেম্বর ই-পি-আর কমাণ্ডার সালেক (বগুড়া), বেঙ্গল রেজিমেন্টের মান্নান, ঢাকা পুলিশের হাবিলদার রজব আলী এবং ছাত্র রঞ্জিত কুমার মহন্ত, প্রদীপ কুমার কর (গোবিন্দগঞ্জ) প্রভৃতির নেতৃত্বে হিলির পাশ্ববর্তী স্থানে পাকবাহিনীর সহিত ভীষণ সংঘর্ষ বাধে। এই সংঘর্ষে পাকবাহিনীর বহু সৈন্য হতাহত হয়। ঘোড়াঘাটের ফিলিপস-এর (সাঁওতালী) নেতৃত্বে মাইন বিস্ফোরণে পাকসেনাদের একটি বেডফোর্ড মটর কার ভীষণভবে ধ্বংস হয়।

গেরিলা বাহিনীর কমাণ্ডার মীর মঞ্জুরুল হক সুফীর নেতৃত্বে ১৯শে সেপ্টেম্বর সারিয়াকান্দি থানার তাজুরপাড়া গ্রামে অনুপ্রবেশকারী একদল পাকবাহিনীকে ঘেরাও করা হয়। প্রচণ্ড গোলাগুলির পর ঘটনাস্থলে শত্রুপক্ষের কতক সেনা নিহত ও বাকী সেনা পলায়ন করিতে বাধ্য হয়।

২৪শে সেপ্টেম্বর আহসান হাবিব ওয়ালেসের নেতৃত্বে বেলা দুপুর সাড়ে বারোটার সময় হ্যাণ্ড গ্রেনেড নিক্ষেপ করিলে সুখানপুকুর রেলস্টেশন গৃহে আগুন ধরিয়া যায় এবং তাহাতে টেলিফোন লাইন নষ্ট হয়। একটি রাইফেল ও কিছু গুলি, সাত জোড়া পাকসেনার পোশাক উদ্ধার করা হয়। কিছু সৈন্য ও রাজাকার পালাইতে সক্ষম হয়।

২৭শে সেপ্টেম্বর কমাণ্ডার মোত্তালিব এবং কমাণ্ডার এস, এম ফারুকের নেতৃত্বে হিলিতে পাকবাহিনীর সহিত প্রচণ্ড যুদ্ধ সংঘটিত হয়। আড়াই ঘন্টা যাবৎ যুদ্ধ চলিতে থাকে। কমাণ্ডার মোত্তালির মর্টারের গুলিতে আহত হয় এবং ৪ জন পাকসৈন্য নিহত হয়। ঐ সময় বগুড়ার একটি ১৪ বৎসরের অসমসাহসী ছেলে সাইদুর রহমান (চুটকু) হিলি স্টেশনে রেললাইনের মাইন বিস্ফোরণ ধ্বংস করিয়া দেয়। সেইদিন রেল চলাচল সম্পূর্নরুপে বন্ধ হইয়া যায়। এই ঘটনায় একজন মুক্তিযোদ্ধা আহত হয়। এই যুদ্ধে অংশগ্রহণ করেন আসাম রেজিমেন্ট ও বর্ডার সিকিউরিটি ফোর্স।

সেপ্টেম্বর মাসের শেষভাগে মুক্তিবাহিনী নশরতপুর রেলস্টেশনের পশ্চিম ধারে একটি এন্টি-ট্যাঙ্ক মাইন পুঁতিয়া রাখে। তাহার বিস্ফোরণে একটি মিলিটারী ট্রেন আক্রান্ত হয়। ফলে হানাদার পাকবাহিনী ক্ষিপ্ত হইয়া লাইনের ধারের লক্ষীপুর, পূর্ব ডালম্বা, কোটকুরী ও শিতলাই গ্রামে আক্রমণ চালায় এবং কফিরউদ্দিন মিস্ত্রী, আবেদ আকন্দ, আজিজ প্রাং (লক্ষীপুর), মহীরউদ্দিন প্রাং (পূর্ব ডালম্বা) ভোলা প্রাং, কোরবান আলী (কোচকুরী) শরিফউদ্দিন সরকার (শিতলাই) প্রভৃতি লোকদিগকে লাইন করিয়া গুলি করিয়া হত্যা করে।

অক্টোবর মাসের প্রথম ভাগে গাবতলী থানার শিহিপুর গ্রামে সরকার-বাড়িতে মুক্তিবাহিনী ঘাঁটি ছিল। মুক্তিবাহিনী রাত্রি নয় ঘটিকায় সরকার বাড়ির পিছনে রেললাইনে একটি মাইন পুঁতিয়া রাখে। কারণ মুক্তিবাহিনী জানিতে পারে যে সৈয়দপুর হইতে বোনারপাড়া জংশন হইয়া একটি সৈন্যবাহী ট্রেন আসিতেছে। সেই ট্রেনটি ধ্বংসই তাহাদের লক্ষ্য ছিল কিন্তু ১৫ মিনিট পূর্বেই মাইনটির বিস্ফোরণ ঘটে। সেই সৈন্যবাহী ট্রেনটি ঐদিন আর আসে না।

পরের দিন রাত্রি ১১টার সময় সৈন্যবাহী ট্রেনটি সুখানপুকুর ষ্টেশন অতিক্রম করিবে জানিতে পারিয়া মুক্তিবাহিনী সরকার-বাড়ির অর্ধ মাইল দক্ষিণে মাইন পুঁতিয়া রাখে। মাইন বিস্ফোরণে সৈন্যবাহী ট্রেনটি ধ্বংসপ্রাপ্ত হয়। ফলে ৪ জন পাক ইঞ্জিনিয়ারসহ ১৪৬ জন পাকসেনা নিহত হয়।

অক্টোবর মাসের মধ্যভাগে ওয়াপদার নিকট কৈচোর রেললাইনের ব্রীজের দুই পাশে মাসুদ হোসেন আলমগীর (নবেল) মাত্র ৬ জন সঙ্গী লইয়া পাকবাহিনীর উপর আক্রমণ চালায়। বহু গুলি বিনিময়ের পর ৬ জন খানসেনা ও ১০ জন রাজাকার নিহত হয় এবং কতকগুলি পাকসৈন্য অস্ত্রশস্ত্র ফেলিয়া কাহালুর দিকে পালাইতে বাধ্য হয়।

অক্টোবর মাসের মধ্যভাগে মুক্তিবাহিনীর দল গাবতলী থানার জয়ভোগা গ্রামের নিকটস্থ সারিয়াকান্দি রোডের উপর মাইন পুঁতিয়া রাখিয়া যায়। পরে তাহা বিস্ফোরণ ঘটিয়া ৫ জন পাকসৈন্যের মধ্যে ৩ জন নিহত ও ২ জন আহত হয়।

১৮ই অক্টোবর বগুড়া শহরের পশু ডাক্তার থানার নিকটস্থ ট্রান্সমিটারটি গ্রেনেড দ্বারা ধ্বংস করিবার জন্য গ্রেনেড নিক্ষেপ করা হয়। ফলে ট্রান্সমিটার ক্ষতিগ্রস্ত হয়। পার্শবর্তী দোকানদার মুন্সী নজরুল ইসলামকে বর্বর হানাদারবাহিনী ধরিয়া ক্যাম্পে লইয়া যায়। ৪ দিন অমানুষিক নির্যাতন করার পর মুক্তি দেয়।

২০শে অক্টোবর নারচী ও পার্শববর্তী গণকপাড়া গ্রামে পাকসৈন্যদের সহিত গেরিলা বাহিনীর চারটি দলের এক ভীষণ যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধে সকাল ৭টা হইতে পরের দিন সকাল ৭ পর্যন্ত চলে। এইসব দলের মধ্যে তোফাজ্জল হোসেন মকবুল (চরহরিন), সৈয়দ ফজলুল আহসান দিপু, শোকরানা (রানা), আবদুস সালাম (বুলবুল), রেজাউল বাকী, গোলাম মোস্তফা (গাবতলী), কামাল পাশা (বৃন্দাবনপাড়া), রিজাউল হক মঞ্জু (ধাওয়া), স্বপন এবং হুয়াকুয়ার রেজাউল করিম মন্টু, আখতার হোসেন বুলু, আতোয়ার হোসেন গামা, আবদুর রাজ্জাক হানজু, আবদুল বারী ও আরও অন্যান্য গেরিলাদের সহিত পাকবাহিনীর প্রচণ্ড গোলাগুলি বিনিময় হয়। সেই সময় গ্রামের নারী-পুরুষ নির্বিশেষে জীবনের ভয়ে উর্ধ্বশ্বাসে গ্রাম ছাড়িয়া পালাইতে থাকে, তখন এলোপাতাড়ি গুলি চলিতে থাকে। পাকসেনার দল দিপুর দলকে ঘিরিয়া ফেলে। উপায়ান্তর না দেখিয়া দিপুর দল গ্রেনেড নিক্ষেপ করিয়া ধূম্রজাল সৃষ্টি করিতে বাধ্য হয়। তৎপর গণকপাড়া ঈদগাহ মাঠে গেরিলাবাহিনী পজিশন লইয়া তুমুল গোলাগুলি বর্ষণ করিতে থাকে। পাকসৈন্যরা আধুনিক যুদ্ধাস্ত্র দ্বারা প্রবল আক্রমণ চালায়। এই আক্রমণে গেরিলা বাহিনী টিকতে না পারিয়া অবস্থান পরিবর্তন করিতে বাধ্য হয়। এমতাবস্থায় বহু বাড়ি জ্বালাইয়া-পোড়াইয়া দেয়। এদিকে শোকরানা রানার দল ও অন্যান্য দলের ৫০/৬০ জন গেরিলা যোদ্ধা টিউরপাড়া গ্রামের দিকে অগ্রসর হইয়া পজিশন নেয়। হানাদারবাহিনীর সহিত গেরিলাবাহিনীর পাল্টা গোলাগুলি চলিতে থাকে। ঐ সময় হানাদারবাহিনীর টিউরপাড়া গ্রামের ১২ জন গ্রামবাসীকে গুলি করিয়া হত্যা করে। গেরিলাবাহিনীর গোলাগুলিতে পাকবাহিনীর একজন ক্যাপ্টেনসহ ৯ জন নিহত হয়। তৎপর সারা রাত্রি পাকবাহিনীর সহিত গেরিলাবাহিনী বাঁশগাড়ি ও নারচীতে প্রচণ্ড গোলাগুলি চলার পর ভোরবেলা পাকবাহিনী ছত্রভঙ্গ হইয়া পলায়ন করে। এই ঘটনার দুই দিন পরে তিন দিক হইতে পাকসেনা নারচী গ্রামে প্রবেশ করিয়া গ্রামের বহু বাড়িঘর পুড়িয়া ভস্মীভূত করে।

১০ই নভেম্বর নারচীর আবদুল হাসিম বাবলুর দল বগুড়া সারিয়াকান্দি রোডের বাইগুনী গ্রামে মাইন বিস্ফোরণ ঘটাইয়া কর্নেলসহ ৫ জন পাকসৈন্য নিহত করে। ঐ দিন গেরিলাবাহিনীর কমাণ্ডার মীর মঞ্জুরুল হক সূফীর নেতৃত্বে বগুড়া শহরের নিশিন্দারায় ১১ হাজার কিলোওয়াট ভোল্টের ট্রান্সমিটার ধ্বংস করা হয়।

১২ই নভেম্বর ইন্ডিয়ান মারহাট্টা রেজিমেন্ট, আসাম রেজিমেন্ট ও মুক্তিযোদ্ধারা হিলি সীমান্তে পাকবাহিনীর সহিত মোকাবিলা করার জন্য উপস্থিত হয়। হিলিতে পাকবাহিনী তখন ঘোড়াঘাট হইতে ফ্রন্টিয়ার ফোর্স আনিয়া।

পাল্টা আক্রমণ করিবার প্রস্তুতি নেয়। তখন ৬নং আসাম রেজিমেন্টের ক্যাপ্টেন রায়সিং ডোগরা ও মুক্তিযোদ্ধাদের এস, এম ফারুক (বগুড়া), আবুল কাশেম (জয়পুরহাট), মোজাহার (গাবতলী), মোস্তফা রেজানুর (দিনাজপুর) দলের নেতৃত্বে পাকবাহিনীর সহিত প্রবল যুদ্ধ সংগঠিত হয়। এই যুদ্ধে বহু পাকসৈন্য ও কিছুসংখ্যক মুক্তিযোদ্ধা নিহত হয়। পাকসৈন্যদের সঙ্গে মেশিনগান, ভারী কামান, ট্যাঙ্ক এবং বিমানবিধ্বংসী কামান ছিল। মুক্তিযোদ্ধাদের সঙ্গে স্টেনগান টমিগান, রাইফেল প্রভৃতির দ্বারা যুদ্ধ চলে। ঐ দিন বিমান হইতে প্রচণ্ড বোমাবর্ষণ হয়।

১৩ই নভেম্বর মহিমাগঞ্জের দুলুর নেতৃত্বে ও সিহিপুরের বাবলু, খালেক, হামিদ, খলিল, নূরুল, শুকু ফিনু, জগলু, হাল্লু, লিন্টু ও আরও অনেকের সহযোগিতায় সুখানপুকুর রেল স্টেশনের ধারে শিহিপুরের নিকট একটি পাকসৈন্যবাহী স্পেশাল ট্রেন ডিনামাইট দ্বারা ধ্বংস করিয়া দেয়। ফলে প্রায় দেড়শত পাকসৈন্য মৃত্যুবরণ করে।

১৫ই নভেম্বর গেরিলা বাহিনী কমাণ্ডার মীর মঞ্জুরুল হক সুফীর নেতৃত্বে সুখানপুকুর রেলস্টেশনে শত্রুদের খাদ্যবাহী একটি ট্রেন মাইন বিস্ফোরণ ঘটাইয়া ধ্বংস করে।

২৫শে নভেম্বর গাবতলীর নিকটস্থ জয়ভোগ গ্রামের রেলওয়ে ব্রীজ পাকবাহিনীর নিকট হইতে দখল করিবার জন্য একদল মুক্তিযোদ্ধা পাকসৈন্যদিগকে আক্রমণ করিয়া গুলি বিনিময় করিতে থাকে। ফলে পাকসৈন্যরা গাবতলী থানাস্থ ক্যাম্পের দিকে পলায়ন করিতে বাধ্য হয়। দুই ঘন্টা পর পাকসৈন্য বোঝাই একটি ট্রেন গাবতলী স্টেশনে থামিলে পাকসৈন্যরা ট্রেন হইতে নামিয়া জয়ভোগা ও বইগুনী গ্রামের দিকে গুলীবর্ষণ করিতে করিতে অগ্রসর হয়। ফলে বাইগুনী গ্রামের আবুল হোসেনসহ কয়েকজন গ্রামবাসী গুলির আঘাতে নিহত হয়। পরে নেপালতলী গ্রামের দিক হইতে গেরিলাবাহিনীর একটি দল আসিয়া পাল্টা আক্রমণ করিবার ফলে পাকসৈন্যরা গাবতলী ক্যাম্পে ফিরিয়া যাইতে বাধ্য হয়।

২৮শে নভেম্বর সারিকান্দি থানা আক্রমণ করা হয়। এই আক্রমণের নেতৃত্ব দেয় নারচীর আবদুল হাসিম বাবলু, আবদুর রশিদ, চরহরিণার তোফাজ্জেল হোসেন মকবুল, হুয়াকুয়ার আবদুর রাজ্জাক, রামচন্দ্রপুরের মহসিন। মৌরের চরের সরুজ্জামান। ৭নং সেক্টরে মুক্তিযোদ্ধা দল ও গেরিলাবাহিনী প্রবল গোলাবর্ষণ করে। পাকবাহিনী পাল্টা আক্রমণ চালাইবার ফলে দুইজন পাকসৈন্য নিহত হয়। গেরিলাবাহিনী অদম্য সাহসে মাতৃভূমির পবিত্র মাটি থেকে বর্বর পাকবাহিনীকে নিশ্চিহ্ন করার দৃপ্ত পণ লইয়া যুদ্ধ করিতে থাকে। বেলা ১১টার সময় ব্রাশফায়ারে কয়েকজন পাকসৈন্য মাটিতে পড়িয়া যায়।

পরের দিন সকাল ৮টায় গেরিলা বাহিনী সারিয়াকান্দী থানা পুনঃ আক্রমণ করিয়া ৪৪ জন রাজাকারকে নিহত করে। থানার অফিসার ইনচার্জসহ ১৮জন পাকসৈন্য নিহত হয়। এই প্রচণ্ড গোলাগুলির ফলে গেরিলা বাহিনীর ৩ জন মুক্তিযোদ্ধা শহীদ হয়। সমস্ত দিবারাত্রি প্রচণ্ড গোলাগুলি চলিতে থাকে।

গেরিলা বাহিনীর খাদ্য ও পানীয় সরবরাহে কোন অসুবিধা হয় নাই। পার্শ্ববর্তী গ্রামের জনসাধারণ স্বতঃর্ফূত হইয়া খাদ্যদি সরবরাহ করিতে থাকে। পরিশেষে রাজাকার ও পুলিশেরা আত্মসমর্পন করে। কিছুসংখ্যক পুলিশ অন্ধকারে গ্রামের দিকে পলাইয়া প্রাণ রক্ষা করে। গেরিলা বাহিনীর যে ৩ জন শহীদ হয় তাহারা হইতেছেন বালিয়ার তাইরের মমতাজ উদ্দীন, সাত বেকীর মোজাম্মেল হক ও আর একজন। এই প্রচণ্ড যুদ্ধে সারিয়াকান্দি থানা দখল হয়। গেরিলা বাহিনী কর্তৃক ৫৩ জন রাজাকার ও ১৯ জন পুলিশ বন্দী হয়। ১৯জন রাজাকারকে গুলী করিয়া হত্যা করে। গেরিলা বাহিনী ১১৮ টি রাইফেল, ৪২টি এলএমজি, ১টি রিভলবার, ১টি গ্রেনেড ও বিপুল পরিমাণ গোলাবারুদ উদ্ধার করে। ঐদিন বিমান আক্রমণ হয়, তাহার ফলে কয়েকজন জনসাধারণ নিহত হয়। জেলা ছাত্রলীগের সভাপতি মমতাজ উদ্দীনের দল এই সংগ্রামে অংশগ্রহণ করে।

নভেম্বর মাসের শেষভাগে পাকসৈন্যরা ভেরুরপাড়া রেলস্টেশনে যাইবার কালে পথিমধ্যে ট্রেন থামাইয়া জোড়গাছা গ্রামের কতকগুলি বাড়ীতে আগুন জ্বালাইয়া দেয়। সংবাদ পাইয়া পার্শ্ববর্তী গ্রাম হইতে মুক্তিযোদ্ধা দল আসিয়া হানাদার বাহিনীকে ঘিরিয়া ফেলিয়া গোলাগুলিবর্ষণ করিতে থাকে। পাক সৈন্যরা ভীতসন্ত্রস্ত হইয়া দৌড়াইয়া ভেলুরপাড়া স্টেশনে বাঙ্কার আশ্রয় লয়। মুক্তিযোদ্ধাগণ সেখানেও তাহাদিগকে ঘিরিয়া ফেলিয়া গুলিবর্ষণ করিতে থাকে। ফলে ৪ জন পাক সৈন্য নিহত হয়।

পরের দিন মুক্তিবাহিনীর কমাণ্ডার হুয়াকুয়ার রেজাউল করিম মন্টুর নেতৃত্বে আব্দুস সালাম, আতোয়ার হোসেন প্রভৃতি এবং স্থানীয় গেরিলা বাহিনী ও জনসাধারণ রেল স্টেশনটি পোড়াইয়া দেয়। পরে চকচকে ব্রীজে সম্পূর্ণরুপে ধ্বংস করিয়া ফেলে। তৎপর রেলওয়ে স্লিপার উঠাইয়া রেল যোগাযোগ বিচ্ছিন্ন করিয়া দেয়।

ডিসেম্বর মাসের প্রথমভাগে রংপুর পলাশ বাড়ী হইতে পলাতক একদল শত্রুসৈন্য গাবতলী থানার রামেশ্বরপুর গ্রামে প্রবেশ করিয়া গ্রামবাসীর উপর অত্যাচার শুরু করে। পার্শ্ববর্তী গ্রাম জাগুলির প্রাক্তন সৈনিক গোলাম ছারওয়ার খানের নেতৃত্বে তাহার দল প্রতিরোধ আক্রমণ চালায়। ইহাতে প্রচুর গোলাগুলির বিনিময় হয়। ফলে ২ জন শত্রুসৈন্য নিহত, ২ জন শত্রুসৈন্য আহত ও ১২ জন পাক সৈন্য আত্মসমর্পণ করিতে বাধ্য হয়। এই ঘটনার পূর্ব দিন সকাল বেলা পীরগাছা মিলিটারী ক্যাম্প হইতে একটি সৈনিক প্রাণের ভয়ে পালাইয়া আসিলে লস্করী পাড়ার নিকটস্থ জেলা বোর্ডের রাস্তার ব্রীজের নিকট শফিউল আলম স্টেনগানের গুলীতে তাহাকে নিহত করে। ঐদিন মহাস্থান হইতে ৫ জন হানাদার সৈন্য পালাইয়া আসিবার কালে গাবতলী থানার কদমতলী গ্রামে প্রবেশ করিবার সময় ৭ জন গ্রামবাসীকে গুলি করিয়া হত্যা করে। ঐ সময় চরহরিণার তোফাজ্জল হোসেন মকবুল ও তাহার দল ৫ জন পাক সৈন্যকে ধরিয়া ঘটনাস্থলেই গুলি করিয়া হত্যা করে।

৪ঠা ডিসেম্বর মুক্তিবাহিনীর কমাণ্ডার জাহেদুর রহমান (বাদল) ও আরও অনেকে রংপুর জেলার ভরতখালি বাঁধের পার্শ্বে পাকসৈন্যদের সহিত এক সংঘর্ষে লিপ্ত হয়। ফলে রাজাকারসহ ৭ জন পাকসেনা নিহত হয়। মুক্তিযোদ্ধাদের মধ্যে জাহেদুর রহমানসহ ৫ জন শহীদ হয়। এই ৫ জনের লাশ ভরতখালী স্কুল প্রাঙ্গণে কবরস্থ করা হয়।

৬ই ডিসেম্বর মুক্তিবাহিনীর কামণ্ডার আবুল হোসেন (কলসা)-এর নেতৃত্বে তাহার দল পাকহানাদার বাহিনীকে পর্যুদস্ত করে। তুমুল লড়াইয়ের পর পাক সৈন্যরা নঁওগা অভিমুখে পশ্চাদপসরণ করে। কিছুসংখ্যক পাকসৈন্য হতাহত হয়।

১০ই ডিসেম্বর মিত্রবাহিনী সম্মিলিত বিমান আক্রমণে সান্তাহার রেলওয়ে জংশন পাওয়ার হাউস মেকানিক্যাল ওয়ার্কস ও রেলওয়ে জংশন লোকোশেডের উপর বোমাবর্ষণ করে। ফলে কিছু পাকসৈন্য হতাহত হয়। মুক্তিবাহিনীর আনসার আলী নামে একজন বিমান কর্মচারী আহত হন।

১২ই ডিসেম্বর ভারতীয় মিত্রবাহিনী রংপুরের পলাশবাড়ী অতিক্রম করার পর পাকসৈন্য ভীতসন্ত্রস্ত হইয়া দিগ্বিদিক জ্ঞানশূন্য হইয়া পড়ে। তাহারা বগুড়া শহরের এতিমখানা হইতে অনবরত শেলবর্ষণ করিতে থাকে। তাহার ফলে পার্শ্ববর্তী গ্রামসমূহের বহু লোক হতাহত হয়। উপর হইতে ভারতীয় বিমান বাহিনী ঘন ঘন বোমাবর্ষণ করিতে থাকে। তখন পাক সৈন্যরা বাঙ্কারে লুকাইয়া পড়ে। কিছু পাকসৈন্য পালাইয়া গ্রামের দিকে ধাবিত হয়। গ্রামবাসী তাহাদিগকে ধরিয়া যে যেখানে পারে হত্যা করে।

১৩ই ডিসেম্বর কিছুসংখ্যক সৈন্য জয়পুরহাট হইতে পালাইয়া আসিয়া সদর থানার সরলপুর গ্রামের পাঁচ পীরের দরগায় আশ্রয় নেয়। মুক্তিফৌজের কমাণ্ডার আবদুস সোবহান খান বাবুল ও তাহার দল জানিতে পারিয়া তাহাদিগকে ঘেরাও করিয়া ফেলে। মুক্তিফৌজের সহিত প্রচণ্ড গোলাগুলিতে দুইজন মুক্তিসেনা ঘটনাস্থলে শহীদ হন। তন্মধ্যে ছিলেন মুক্তিফৌজের কমাণ্ডার আবদুস সোবহান খান বাবুল। পার্শ্ববর্তী গ্রামের লোকজন দা, কুড়াল খন্তা প্রভৃতি অস্ত্র লইয়া আসিয়া পাক বাহিনীর সমস্ত সৈন্যকে হত্যা করে।

ঐদিন গাবতলী থানার কদমতলী গ্রামে পীরগাছা মিলিটারী ক্যাম্প হইতে কয়েকজন পাকসৈন্য পালাইয়া আসিবার সময় কদমতলী গ্রামের রহিমউদ্দিন প্রামানিক নামে একজন লোক ভিটার মধ্যে মিলিটারীর ভয়ে হামাগুড়ি দিয়া লুকাইয়া থাকে। তখন একজন মিলিটারী তাহার পিঠে গুলি করে। তাহার পাশেই গোবর্ধন রবিদাস নামে একজন মুচিকে গুলি করিয়া হত্যা করে। নিকটস্থ গেরিলা বাহিনী আসিয়া তাহাদিগকে ঘিরিয়া ফেলে।

প্রচণ্ড গোলাগুলি হওয়ার পর পাকসৈন্যদের একজন নিহত হয়। বাকী পাক সৈন্যরা একটি গর্তের মধ্যে লুকাইয়া পড়ে। পরে তাহারা সন্ধ্যার পর পালাইয়া যায়। ঘটনাস্থলে সারিয়াকান্দি থানার বোহালী গ্রামের রফিক নামে একজন মুক্তিসেনা শহীদ হন। এই প্রচণ্ড লড়াইয়ে হাট ফুলবাড়ী, জাতহলিদা, বাইগুলি ও নারচী গ্রামের গেরিলা বাহিনী অংশ নেয়। পাক সেনারা মৃতদেহটি পরে নারচীর গেরিলা দল মহিষের গাড়ী করিয়া লইয়া যাইয়া নারচীর সমুখস্থ বাঙ্গালী নদীতে ফেলিয়া দেয়। দীঘলকান্দির চান্দ কশাই ও চরকাধিকার একজন গ্রামবাসী পাক বাহিনীর গুলিতে মৃত্যবরণ করে।

১৩ই ডিসেম্বর বর্বর পাক বাহিনীর সহিত মিত্রবাহিনী এবং মুক্তিবাহিনীর সহিত হিলি সীমান্তে এক তুমুল যুদ্ধ সংঘটিত হয। মিত্রবাহিনীর সঙ্গে ছিল মেশিনগান, ভারী কামান, ট্যাঙ্ক এবং বিমানবিধ্বংসী কামান ও বোমা। আমাদের বাংলাদেশের কতকগুলি দামাল ছেলের সঙ্গে ছিল, সামান্য স্টেনগান এসএলআর রাইফেল, এলএমজি আর পাক হানাদার বাহিনীর সঙ্গে ছিল কতকগুলি মানব হত্যার মারণাস্ত্র।

এই যুদ্ধে মিত্রবাহিনীর সঙ্গে মিলিত হইয়াছিল আলম বাহিনী, সেলিম বাহিনী এবং এবাদ বাহিনী। প্রথম মিত্রবাহিনী পাকসৈন্যদের উপর বিমান থেকে গুলি বর্ষণ করিতে থাকে। তারপর শুরু হয় এক ঐতিহাসিক তুমুল যুদ্ধ। পৃথিবী থাকিবে, বাংলাদেশ থাকিবে, তাহার সহিত এই হিলির যুদ্ধ চিরদিন বাংলার ইতিহাসের পাতায় লিখা থাকিবে। এই রক্তক্ষয়ী যুদ্ধে পাকহানাদার বাহিনীর সাতশত সৈন্য নিহত এবং কতকগুলি অস্ত্রশস্ত্র, ট্যাঙ্ক, মেশিনগানসহ আড়াইশত পাক সৈন্য আত্মসমর্পণ করে। মিত্র ও মুক্তিবাহিনীর অল্পসংখ্যক যোদ্ধা হতাহত হয়। হিলি দখল করার পর বিবরঘাঁটি থেকে তিনশত নির্যাতিত নারীকে উদ্ধার করা হয়।

ঐদিন বগুড়ার পুলিশ লাইন হইতে অহরহ শেলবর্ষণ হইতে থাকে। শহরের এবং কলোনীর বিহারীরা ভীত সন্ত্রস্ত হইয়া যেখানে পারে নিরাপদ আশ্রয় গ্রহণ করে। পাকসৈন্যরা পরাজিত মনে করিয়া তাহারা করতোয়া রেলওয়ে ব্রীজ ও ফতেআলী ব্রীজ ধ্বংস করিবার উদ্দেশ্য ডিনামাইট পুঁতিয়া রাখে। ঐদিন মিত্র বাহিনীর একশত সাতাশটি ভারতীয় ট্যাঙ্ক ত্রিমুখী সাঁড়াশী আক্রমণ করিবার জন্য গাবতলী হইয়া মাদলার পথে এবং মহাস্থান ও দুপচাচিয়া হইয়া বগুড়া শহরের উপকণ্ঠে আসিয়া পৌঁছে। তুমুল ট্যাঙ্ক যুদ্ধ ও বোমা বিস্ফোরণে সমস্ত শহর প্রকম্পিত হয় এবং আগুনের লেলিহান শিখা দৃষ্ট হইতে থাকে। দুই একটি বোমার আঘাতে পার্শ্ববর্তী গ্রামের কিছুসংখ্যক লোক হত ও বাড়ীঘর বিধ্বস্ত হয়।

১৪ই ডিসেম্বর বগুড়া শহর হইতে পলাতক দুইজন পাকসৈন্য সদর থানার সাবরুল ইস্কুলের মাঠ দিয়া পালাইয়া যাইতেছিল। ঐ সময় গেরিলা বাহিনীর আনোয়ার হোসেন, রফিক ও আরও অনেকে এবং গ্রামবাসী লাঠিসোটা এবং বর্শা প্রভৃতি লইয়া তাহাদিগকে আক্রমণ করে। তাহাদিগকে ধরিয়া মারপিট করিয়া হত্যা করে।

১৫ই ডিসেম্বর পলাতক পাকবাহিনী ও কিছু অবাঙ্গালী বগুড়া শহর হইতে পালাইয়া যাইবার সময় গোলাগুলি বর্ষণ করিতে থাকে। তাহারা শহর হইতে একটি লরী লইয়া যাইতেছিল। লরীটি বিকল হইয়া গেলে তাহারা মার্চ করিতে পদব্রজে অগ্রসর হইতে থাকে। ইতিমধ্যে বিভিন্ন গ্রাম হইতে মুক্তিবাহিনীর দল আসিয়া পাল্টা গুলিবর্ষণ করিতে থাকে। ফলে মুক্তিবাহিনীর একজন শহীদ ও দুইজন আহত হয়। জানা যায়। ঘটনার কয়েকদিন পূর্বে পাকসৈন্যরা ডেমাজানী আসিয়া আকস্মিক গুলিবর্ষণ করিতে থাকে। ফলে কমলরাজভর নামে একজন নিহত

হয়। পরে পাকসেনারা ফিরিয়া যাইবার পথে আড়িয়ার বাজারে ডঃ ফনিন্দ্রনাথ দেব, সুরেশচন্দ্র পাল, শিরিষচন্দ্র পাল, খোকা বৈরাগী, তপেন্দ্রনাথ পাল ও আরও কয়েকজনকে গুলি করে।

ঐদিন বৈকালে আনুমানিক ৪ ঘটিকার সময় ডিনামাইট বিস্ফোরণে করতোয়া রেলওয়ে ব্রীজ ও ফতেআলী ব্রীজ ধ্বংস হইয়া যায়। ঐদিন মিত্রবাহিনীর সহিত পাকসৈন্যদের তুমুল যুদ্ধ চলিতে থাকে। ফলে বহুসংখ্যাক পাকসেনা হতাহত হয়। ঐ সময় ভারতীয় বিমান হইতে কয়েকটি ভারী বোমাবর্ষণ হলে এতিমখানার নিকটস্থ স্থানের ঘরবাড়ি ধ্বংসপ্রাপ্ত হয় এবং দুটি বৃহদাকার গর্তের সৃষ্টি হয়। পরের দিন ১৬ই ডিসেম্বর আনুমানিক তিন হাজার পাকসেনাসহ উচ্চপদস্থ অফিসারেরা মিত্রবাহিনীর নিকট আত্মসমর্পণ করিতে বাধ্য হয়।

OPERATION AVOYA BRIDGE: MR. BADIUZZAMAN*

The successful operation at Rajshahi-Nawabgonj road in the night of 14/15 August has really put up the morale of freedom fighters so high that they have been too much excited to go for another operation around that area. Under the leadership of Maj. Gyas everyone at the camp was very keen to go for another operation. On the night of 14/15 August one of the most strategic bridge named as Haripur Bridge of 120 ft. length over capturing 12 mixed guards of Rajakars and Pak army personnel. This had already snapped the communication link between Rajshahi- Nawabgonj highways. In the same night another group of crack morter detachment went within shell range of Nawabgonj town with 3" morter and for good one hour shelled the town thus disrupting and sheltering the celebration of Independence Day and that of morale of Pak army and local collaborators.

After returning from the above mentioned operation Maj. Gays took one day to overcome the fatigue of that operation and started preparing for another another operation. I was his Staff Officer working very closely with him. He only told me to prepare 6 persons out of informer group to go inside the enemy defence and bring back some information. We had some freedom fighters trained for this purpose. He briefed each and everyone separately and after their return by 20 August collected enough information. What I found out from him on 20 August that he was preparing for an operation at `Avoya bridge' one of the most strategic bridge on road leading from Sonamasjid-Nawabgonj-Rajshahi. The reason he told me that after demolition of Haripur Bridge they could not yet build that bridge. If we can demolish Avoya bridge the 2 battalion worth of regular and para-military forces who are located around Nawabgonj town will be isolated. An area of approx. 50 miles from Rajshahi town will remain under command of FF. Incidentally already an area of approx. 200 squire miles around river Mahananda and Padilla was under command domuration of freedom fighters commanded by Maj. Gyas

He selected 45 persons from amongst the freedom fighters and regular forces and in his own technique and style on 22 August made them sit around a big model of cloth, after making sketch of whole area. Amongst the group I was one of the fortunate one to

* বিবরণটি প্রকল্প সংগৃহীত দলিলপত্র থেকে সংকলিত। ১৯৭১ সালে মেজর গিয়াস উদ্দীন চৌধুরী (পরবর্তীতে ব্রিগেডিয়ার)-এর অধীনে স্টাফ অফিসার হিসাবে কর্মরত ছিলেন।

be selected. Dr. Alam, a final year student of Rajshahi Medical College was also amongst those. We were given a thorough briefing by Maj. Gyas about his plan of operation. Those were the days of heavy flood around Rajshahi-Nawabgonj area. The strategic bridge was located 19 miles away from Rajshahi Town. We set out in 3 large carrier boats (meant for carrying paddy) for out target by 11.00 a.m. in 3 groups. Major weapon we carried were one 2"x Vicar machine guns, 2x2" morters, 8 LMGs, 8 stens, 20 rifles, one grenade with each one of us also with us we also with us we had 450 kg of explosive. As we had paucity of explosives our leaders carried 250 kg of Gelatine explosives and 20 numbers of anti-tank mines of 10 1bs of explosives each one of them having Haripur bridge was demolished a week before with similar type of combination in explosives.

The R V from where we started was Faridpur BOP of Ex BDR which remained throughout in possession of regular forces of Bangladesh Niamita Bahini under Maj. Gyas. We also had 6 more BOPs under our command throughout the war of liberation all along river Padma and Mahananda. We expected to reach the destination although in rowing sail boats in 12 hours time. We carried with us haversack lunch. When we reached near our target we lost our direction as the area was totally submerged with flood water and dark. However we managed to get the direction with the help of a local person and reached to our assembly area of the target at 0010 hrs approx 2 hours later than schedule time. We got ourselves unboarded approx. 1000 yards away from boat. We started making in diamond head information. When we moved about 200 yds we found that the road was submerged which was leading towards Avoya bridge. We continued to move very slowly in a keen -deep water. We came slowly upto 100 yds, and we could see the high bridge in the twilight of the sky, and it was already 0100 hrs almost 50 minutes after we got down from the boat. We kept on moving, and the morale of out boys were very high. When we came within 40-50 yds from the bridge suddenly 5/6 LMGs opened fire on us. A big shower of bullets flew over our head. We all were perplexed and never expected such a surprise. Suddenly I heard Maj. Gyas shouting at the top of his voice `get dispersed and take position.' Most of our people tried to get off the main road but they could not go much further from the knee-deep water. Most of the freedom fighters got into neck-deep water and around some submerged houses. For about 4/5 minutes there was complete confusion as the machine gun fire was showering over our head. I found Major Gyas standing in the middle of the road and I was next to him and during that period of first 2 minutes immediately after shouting for position, he opened up with his favorite Chinese sub-machine gun which he always carried during the operations. He exhausted 2 more magazines. Meanwhile the Vicar machine guns which were mounted up at the enemy position.

Now the exchange of fire from both the sides continued. I saw our leader moving towards the ambush site and whole lot of freedom fighters started following him blindly shouting. In knee to neck-deep water we continued fighting and tried to capture the bridge. Enemy also continued with their resistance to retain the bridge and gave a stiff resistance. After about 3 hrs of fighting we saw enemy getting out of the bridge by 3 boats tied on the side of the bridge. Later we realised that the road on the other side of the

bridge was submerged and no vehicle could come there and they had to resort to boat for their withdrawal.

Finding them escaping we continued to fire with automatic weapons at those people on the boats. The firing from the bridge site was almost diminishing except one LMG which kept on firing. When our LMGs and MGs were at the boat we could hear the shouting of some people saying 'Bachao' 'Bachao' with the reflection of starlight we could see one of the boats going down onto water due to impact of firing. When we captured the bridge it was 4-30 a.m. We ran short of ammunition and whole lot of freedom fighters were totally exhausted although their morale was sky high. Now the question of demolition of bridge camp up. But should we take a risk at this stage as in the morning we expected some re-inforcement from enemy. We decided to pull block to our camp. As the preparation of deep mine charges which could be used for placing there on the embankment after digging hole, at least would need 2 hours time. Moreover our chordite, tonators meant for making ring man circuit were spoiled during fighting. More, we lost one of our valiant fighter L/Nk Mohar Ali who had a bullet in his chest and 2 of the FFs got seriously injured, who needed immediate surgery to save their lives.

I must say the mission was partially successful. Although we could not demolish the bridge but we killed 2 Pak army soldier and 6 Rajakars. Their dead bodies were recovered from the river water 2 days later. We confirmed later that more than a dozen of Pak army and Rajakars were seriously injured in that operation. This action has really put the morale of Pak army down to their knee.

Two successful operation during the month of August did ensure the movement of troops confined only during the day time in minimum of 2 vehicles with adequate strength. More regular troops were deployed for guarding the bridges and culverts thus depleting the finishing strength. A large body of trained personal i.e. regular army was used for patrolling in the main line of communication i.e. road Rajshahi-Nawabgonj which could have been done entirely by paramilitia. This particular operation really opened my eyes about the need of leadership during any army operation as to how a body of armed personnel could be led successfully even against the odds.

শিরোনাম	সূত্র	তারিখ
১৫। ৮নং সেক্টরে সংঘটিত যুদ্ধের বিবরণ	বাংলা একাডেমীর দলিলপত্র	মে-ডিসেম্বর ১৯৭১

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল এম এ ওসমান চৌধুরী*
৩১-১-৭৪

খুলনা ও যশোরের ছিন্নমূল ও বিক্ষিপ্ত অনেক ইপিআর এবং কিছুসংখ্যক নিয়মিত বাহিনীর সৈন্য এবং পুলিশ আমার সাথে যোগদান করে। আমি আমার সমস্ত বাহিনীকে পুনঃসংগঠিত করে ৭টি কোম্পানীতে বিভক্ত করে ৭ জায়গায় ৭ জন কোম্পানী কমাণ্ডারের অধীনে ৭ টি বিভিন্ন সীমান্তবর্তী এলাকায় নিয়োগ করিঃ (১) প্রথম কোম্পানী উত্তরে মহেশকুণ্ড বিওপি এলাকায় লেফ্টন্যান্ট জাহাঙ্গীরের (বর্তমানে ক্যাপ্টেন) অধীনে। (২) দ্বিতীয় কোম্পানী তার দক্ষিণে জীবননগর বিওপি এলাকায় ক্যাপ্টেন মুস্তাফিজুর রহমানের অধীনে। (৪) ৪র্থ কোম্পানী কাশিপুর/মুকুন্দপুর বিওপি এলাকায় ক্যাপ্টেন খন্দকার নজমুল হুদার (বর্তমানে লেঃ কর্নেল) অধীনে। (৫) ৫ম কোম্পানী বেনাপোল কাস্টম চেকপোষ্ট এলাকায় ক্যাপ্টেন আবদুল হালিমের অধীনে। (অবশ্য এই কোম্পানীর কমাণ্ডার কয়েকবার পরিবর্তিত হয়। ক্যাপ্টেন তৌফিকও কিছুকাল এই কোম্পানীর কমাণ্ডার ছিলেন।) (৬) ৬ষ্ঠ কোম্পানী আরও দক্ষিণে বাকশা/কাকডাঙ্গা বেনাপোল থানাধীন এলাকায় ক্যাপ্টেন শফিউল্লার অধীনে (৭) ৭ম কোম্পানী ভোমরা এলাকায় ক্যাপ্টেন (বর্তমান মেজর) সালাউদ্দিনের অধীনে। মে মাসের শেষদিকে ক্যাপ্টেন সালাউদ্দিন হেডকোয়ার্টার 'মুজিবনগরে' বদলি হলে ক্যাপ্টেন মাহবুবউদ্দিনকে এই কোম্পানীর ভার দেয়া হয়।

আমার বাহিনীর পুনঃসংগঠিত হওয়ার পর আমি সম্মুখসমর পরিহার করে যথাসম্ভব গেরিলা পদ্ধতিতে শত্রুর মোকাবিলা করার জন্য নির্দেশ দেই। মে মাসের প্রথমার্ধে মুজিবনগরে বাংলাদেশ ফোর্সেস হেডকোয়ার্টার সংগঠিত হয়। ঐ মাসেরই শেষার্ধে গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করার পুরাপুরি সিদ্ধান্ত নেয়া এবং পুঙ্খানুপুঙ্খ নিয়ম সহকারে সমস্ত সেক্টরে নির্দেশ প্রচার করা হয়। আমার সেক্টর হেডকোয়ার্টার স্থাপন করি বেনাপোলের সীমান্তবর্তী এলাকায়। ওখান থেকে সময়ে সময়ে যেসব বিদেশী গুরুত্বপূর্ণ লোকজন অথবা সাংবাদিক ও টেলিভিশন রিপোর্টাররা যুদ্ধের প্রত্যক্ষ রিপোর্ট নিতে আসতেন, তাঁদেরকে বাংলাদেশের ভিতরে নিয়ে যেতাম। মে মাসের শেষার্ধে খবর আসল যে, ইংল্যান্ড থেকে মাননীয় জন স্টোনহাউস এমপি ও মিঃ চেসওয়ার্থ মুক্তিবাহিনীর দ্বারা মুক্ত এলাকা সত্যি বাংলাদেশের এলাকা কিনা, সেই তথ্য পর্যবেক্ষণ করতে বাংলাদেশে আসবেন। আমার নির্দেশমত ব্যবস্থা হল ভারতের বয়রা এলাকা দিয়ে তাঁরা বাংলাদেশে ঢুববেন। সব ব্যবস্থা করে আমি সীমান্তের একটা সীমান্ত খুঁটির কাছে মহামান্য অতিথিদের অপেক্ষায় রইলাম। অতিথিদের আগমনের সাথে সাথেই আমি তাঁদেরকে সীমান্ত খুঁটি দেখিয়ে বললাম-`This is the border survey-post and the moment you have crossed this post, you are on the Bangladesh soil. Sir let us have a photograph here as a mark of identification between the two lands." ওখানে ফটো তোলার জন্য তাঁদেরকে ভিতরে নিয়ে গেলাম। গাছের উপর, বাড়ির ছাদে তাঁরা বাংলাদেশের পতাকা জন্য দেখতে পেলেন। পরিদর্শন করলেন আমার সেখানকার কোম্পানী হেডকোয়ার্টার। দেখতে পেলেন মুক্তিবাহিনীর আনাগোনা, কর্তব্য পালন, পাহারা ও ডিউটি পরিবর্তন ইত্যাদি। খুশী হলেন, আমাদের সাথে মোরগের মাংস দিয়ে দুপুরের খাওয়া খেলেন। আমাদের অধিকৃত চীনা হাতিয়ার হাতে নিয়ে বাংলাদেশের পতাকাকে পিছনে রেখে ছবি তুললেন। মুক্ত এলাকা পরিদর্শন

* ১৯৭১ সালে মেজর পদে কর্মরত ছিলেন।

করলেন। সবশেষে বিদায় নেবার পূর্বে মাননীয় স্টোনহাউসের আন্তর্জাতিক পাসপোর্ট আমি আমার স্বাক্ষর ও সেক্টর হেডকোয়ার্টার মোহর দিয়ে লিখে দিলাম- ''Admitted into Bangladesh and allowed to visit liberal area."

১৫ই মে থেকে নিয়মিতভাবে প্রত্যেক কোম্পানীকে সাপ্তাহিক অপারেশনাল ট্যাস্ক দিতে থাকলাম এবং সেগুলোর বাস্তবায়ন সিচুয়েশন রিপোর্ট নিয়মিতভাবে বিডিএফ হেডকোয়ার্টারে পাঠাতে থাকলাম। সেক্টর কমাণ্ডার হিসাবে আমি প্রতিনিয়তই কোম্পানী থেকে কোম্পানী এলাকা ভ্রমণ, পরিদর্শন ও অপারেশনাল কাজকর্মগুলো সমন্বয় করতে থাকলাম।

একটা কথা বলতে ভুলে গেছি যে, মে মাসের প্রথম সপ্তাহে প্রাক্তন ফ্লাইট লেফটেন্যান্ট জামালুদ্দিন চৌধুরী এমপি-এ ও ক্যাপ্টেন আবদুল ওহাব এবং লেফটেন্যান্ট ইনামুল হক (বর্তমান ক্যাপ্টেন ও প্রেসিডেন্ট এডিসি) আমার হেডকোয়ার্টারে যোগদান করেন। ফ্লাইট লেফটেন্যান্ট জামালুদ্দিন চৌধূরীকে আমার সেক্টর সদর দপ্তরে স্টাফ ক্যাপ্টেন পদে নিয়োগ করি। সমস্ত অপারেশনের পরিকল্পনা নিয়ন্ত্রণ ও নির্দেশনার ভার ছিল তার উপর, যা তিনি অতি সুষ্ঠু সমর পরিচালকের মত সম্পন্ন করেন।

প্রায় প্রত্যেক অপারেশন টাস্ক সম্পূর্ণ করতে গিয়ে কিছু না কিছু পাকসেনা হতাহত এবং অস্ত্রশস্ত্র হস্তগত করা হত। মাঝে মাঝে শত্রুসেনা বন্দীও করা হত। রাজাকার আত্মসমর্পণ, দালাল নিধন ইত্যাদি ছিল প্রায় নিত্য-নৈমিত্তিক ঘটনা। তন্মধ্যে উল্লেখযোগ্য যুদ্ধ হয় ৭ম কোম্পানী এলাকায় ক্যাপ্টেন সালাউদ্দিনের অধীনে। সেদিন ছিল ২৭শে মে, ১৯৭১ সাল। আমাদের অবস্থান ছিল সীমান্তবর্তী একটা বাঁধের উপরে ও তার পিছনটায়। আমাদেরই এই উঁচু পজিশনের জন্য পাকিস্তানীরা কাছে ঘেঁষতে পারত না। দূর থেকেই তাদের আমরা তাড়িয়ে দিতে পারতাম। এই পজিশনটাকে ভাইটাল মনে করে পাকিস্তানীরা ২৭শে মে ভোর ৪টার দিকে ২ কোম্পানী সৈন্য দিয়ে আমাদেরকে আক্রমণ করে। তীব্র যুদ্ধের পর তাদের ঐ আক্রমণ প্রতিহত করা হয়। ২ ঘন্টা পর আবার তারা ২ কোম্পানী সৈন্য নিয়ে আমাদের অবস্থানকে আক্রমণ করে। এবারও তাদের আক্রমণ ব্যর্থ করা হয়। এভাবে পর পর ৬ বার তারা ২ কোম্পানী এবং ১ ব্যাটালিয়ান দিয়ে আলাদা আলাদাভাবে আমাদের উপর আক্রমণ চালায় কিন্তু প্রত্যেকবারেই ক্ষয়ক্ষতির পর তারা পিছপা হতে বাধ্য হয়। এই যুদ্ধ ১৪ ঘন্টাকাল স্থায়ী হয় এবং তাদের আনুমানিক ৩০০ সৈন্য হতাহত হয়। এর মধ্যে তাদের ব্যাটালিয়ান কমাণ্ডার আহত হয় এবং ব্যাটালিয়নের ২য় কমাণ্ডার ও ১ জন ক্যাপ্টেন মারা যায়। উৎসাহভরে এই ক্যাপ্টেনের লাশ নিজ এলাকায় দ্বিতীয়বারের চেষ্টায় ঐ ক্যাপ্টেনের লাশ আনতে সক্ষম হয়। ঐ চেষ্টায় প্রথমত ১ জন জওয়ান মারা যায়। দ্বিতীয়বারের চেষ্টায় ঐ ক্যাপ্টেনের লাশ আনতে সক্ষম হয়। এছাড়া আরও ৫ টি পাকসেনার লাশ উদ্ধার করে অপর বাংলায় জনসাধারণকে দেখানোর জন্য পাঠান হয়। ভারতীয় জনসাধারণ বাঙ্গালীদের বীরত্বের ভূয়সী প্রশংসা করে। এভাবে চলতে থাকে আমাদের দৈনন্দিন মুক্তিযুদ্ধ এবং শত্রুহনন অভিযান। হিসাব করে দেখা গেছে এই সেক্টরে গড়ে প্রতিমাসে ৭০০ শত্রুসেনা নিধন হয়েছে।

প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, ১৯৭১ সনের জুন অথবা জুলাই মাসে বাংলাদেশের সেনাপতি ও ভারতের পূর্বাঞ্চলীয় কমান্ডের কধ্যে একটা সিদ্ধান্ত নেওয়া হয় যে, বাংলাদেশের সেক্টরগুলিতে কিছুসংখ্যক ভারী ও হালকা হাতিয়ার বন্ধুরাষ্ট্র ভারত আমাদেরকে দেবে। সেই অনুযায়ী আমি বারবার ভারতীয় কমাণ্ডারদের কাছ থেকে চেয়েও ঐ হাতিয়ার গুলি পাইনি। সময়মত ঐ অস্ত্রশস্ত্র না পাওয়ায় আমাদের যুদ্ধ চালাতে যথেষ্ট অসুবিধা হয়।

১৯৭১ সনের জুলাই মাসের প্রথম সপ্তাহে বাংলাদেশ ফোর্সেস হেডকোয়ার্টার মুজিবনগরে সেক্টর কমাণ্ডারদের কনফারেন্স অনুষ্ঠিত হয়। এই কনফারেন্সের উদ্বোধনী দিনে সাধারণভাবে বাংলাদেশ বাহিনীর সেনাপতি কর্নেল ওসমানীরই ভাষণ দেবার কথা, কিন্তু উদ্বোধনী ভাষণ শুরু করলেন তৎকালীন প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী মাননীয় তাজউদ্দীন আহমদ। ব্যবস্থানুযায়ী তা যদিওবা হ'ল তবুও কর্নেল ওসমানীর উপস্থিতি সেখানে ছিল অপরিহার্য। কিন্তু তিনি নেই দেখেই ব্যাপারটা অস্বাভাবিক মনে হল। যাই হোক লম্বা-চওড়া উদ্বোধনী বক্তৃতার পর প্রধানমন্ত্রী

সাহেব যা বললেন তার অর্থ হল- এই যে সেক্টর কমাণ্ডারদের অনাস্থাবশতঃ কর্নেল ওসমানী পদত্যাগপত্র দাখিল করেছেন। তিনি অনুরোধ করলেন যে, ঐ সঙ্কট মুহূর্তে সেনাপতির পরিবর্তন আন্তর্জাতিক দৃষ্টিতে আমাদের মুক্তিযুদ্ধের অগভীরতা ও অনৈক্যেরই পরিচালক হবে। ব্যাপারটার গুরুত্ব উপলব্ধি করে আমরা সমস্ত সেক্টর কমাণ্ডারই কর্নেল ওসমানীর সেনাপতিত্বে আস্থা প্রকাশ করি।

প্রাসঙ্গিকভাবে একটা কথা বলতে চাই যে, কর্নেল ওসমানীর আদেশক্রমে আমার সেক্টর-এর ইপিআর বাহিনী থেকে ভাল ভাল যুবক সৈনিকদের একএক করে ছিন্নমূল প্রথম ইস্ট বেঙ্গল রেজিমেন্টকে পুনঃসংগঠিত করি এবং আমরাই পাকসেনাদের কাছ থেকে দখলকৃত ভারী ও হালকা অস্ত্রশস্ত্র গোলাবারুদ দিয়ে ওদেরকে সম্পূর্ণরুপে সজ্জিত করি। মে মাসের শেষদিকে এই পুনঃসংগঠিত ব্যাটালিয়নকে উত্তর-পূর্ব রণাঙ্গনে নিয়ে যাওয়া হয়। সেনাপতির কাছে নিবেদন করেছিলাম যে, আমার বাহিনীর 'ক্রিম অব সোলজারস' নিয়ে গেলে আমার সেক্টর- এর সমর ক্ষমতা বহুলাংশে কমে যাবে। তিনি বলেছিলেন যে, আমাকে নতুন নতুন প্রশিক্ষণপ্রাপ্ত সৈন্য দেওয়া হবে। নতুন নতুন প্রশিক্ষিত সৈন্য আমি ঠিকই পেয়েছিলাম কিন্তু তারা ছিল গেরিলা ট্রেনিংপ্রাপ্ত অনিয়মিত বাহিনীর সদস্য-যাদেরকে ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত করে অস্ত্রশস্ত্র- গোলাবারুদ ও সামান্য টাকা-পয়সা দিয়ে ভিতরে পাঠিয়ে দিতে হয়েছে। আমার সেক্টর নিয়মিত বাহিনীর যে 'ক্রিম অব সোলজারস' চলে গেল, তার আর কোনদিন রিপ্লেসমেন্ট হয়নি। সময়ে সময়ে পাকিস্তান থেকে যেসব নিয়মিত বাহিনীর সৈন্যরা এসেছিল, তাদেরকেও উত্তর-পূর্ব রণাঙ্গনেই পাঠিয়ে দেওয়া হয়েছিল। এতদসত্ত্বেও এই সেক্টরের সাফল্য প্রথম থেকে শেষ পর্যন্ত অন্য কোন সেক্টর-এর তুলনায় যে কম ছিল না, আন্তর্জাতিক দৈনিক, সাপ্তাহিক, মাসিক পত্রিকা এবং টেলিভিশন ও রেডিও রীলগুলি স্টাডি করলেই বোঝা যাবে।

সপ্তাহকাল কোম্পানী এলাকাগুলো পরিভ্রমণ ও পরিদর্শনের পর ১৫ই আগস্ট বিকেল ৬টায় আমার সেক্টর সদর দপ্তরে পৌঁছে দেখতে পেলাম ইস্টবেঙ্গল রেজিমেন্টের মেজর এম এ মঞ্জুর (বর্তমানে কর্নেল) আমার অফিসে বসে আছেন। জিজ্ঞেস করে জানতে পারলাম যে, তিনি 'প্রপার মুভমেন্ট' অর্ডার নিয়ে আমার থেকে সেক্টর-এর কর্মভার গ্রহণ করার জন্য এসেছেন। শুনে অবশ্য আশ্চার্যবোধ করলাম যে, আমাকে না জানিয়ে এটা কেমন করে সম্ভব! টেলিফোন করে জানতে পারলাম যে, মুক্তিবাহিনীর সদর দপ্তর মুজিবনগরে এসিস্ট্যান্ট চীফ অব স্টাফ (লজিস্টিকস) এই দপ্তরের সংগঠন ও দায়িত্ব পরিচালনার জন্য আমার ওখানে যাওয়া একান্ত প্রয়োজন। এই সংবাদে সেক্টর-এর নিয়মিত বাহিনী অত্যন্ত বিক্ষুদ্ধ হয়ে পড়ে। আমিও কমাণ্ড পরিবর্তনকে আমার উপর ইনসালট বলে মনে করি। এতদত্ত্বেও সেনাপতির প্রতি আনুগত্য দেখিয়ে ১৮ই আগস্ট বিকেলে সেক্টর- এর কর্মভার হস্তান্তর করে আমি মুক্তিবাহিনীর সদর দপ্তরে হাজির হই।

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল এম এ মঞ্জুর *
২৯-৩-১৯৭৩

মানসিক দিক থেকে প্রস্তুতি নিচ্ছিলাম মুক্তিযুদ্ধে যোগ দেবার জন্যে। পালাবার পথ খুঁজেছিলাম। অবশেষে সে সুযোগ হয় ২৬শে জুলাই। ইতিপূর্বে আলাপ-আলোচনা, পরিকল্পনা করেই রেখেছিলাম। মেজর জিয়াউদ্দিন, মেজর তাহের, ক্যাপ্টেন পাটোয়ারী, আমার পরিবার এবং আরদালীসহ বাংলাদেশের উদ্দেশ্যে বেরিয়ে পড়ি। আরও আগে বেরোবার চেষ্টা করেছি কিন্তু সুযোগ হয়নি, তাছাড়া আমার শিশুসন্তান তখন মাত্র কয়েকদিন ছিল।

অনেক পথ পেরিয়ে ৭ই আগস্ট আমি কলকাতা আসি। তারপর ১১ই আগস্ট আমাকে ৮নং সেক্টরের দায়িত্ব দেওয়া হয়। ৯ নং সেক্টরের কমাণ্ডার ছিলেন মেজর এম এ জলিল। তবুও যুদ্ধ সংক্রান্ত ব্যাপারে এই সেক্টরের দায়িত্বও আমাকে দেওয়া হয়েছিল।

---

* মেজর হিসাবে কর্মরত অবস্থায় মুক্তিযুদ্ধে যোগদান করেন। পরবর্তীতে মেজর জেনারেল পদে উন্নীত হন।

আসার পর পরই আমি পেট্রাপোলে আমার এলাকা পরিদর্শনের জন্যে যাই। সেখানে শুনলাম ছয়জন রাজাকারকে গণবাহিনীরা ধরে নিয়ে এসেছে এবং মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসাবাদ করে তাদেরকে মুক্তি দেই এবং গ্রামে ফিরে গিয়ে দেশের জন্য কাজ করতে বলি। পরে শুনেছিলাম দুইজন অনুশোচনায় অপ্রকৃতিস্থ হয়ে গেছে, অপর চারজন বাংলাদেশের জন্য মরণপণ লড়াই করেছে। ফিরে এসে এ বিষয়ে গভীরভাবে ভাবতে থাকি এবং কতকগুলি অবস্থা লক্ষ্য করলাম।

গণবাহিনী নিয়মিত বাহিনী থেকে সম্পূর্ণভাবে পৃথক। তারা অন্য কমান্ডের আওতায় কাজে-চিন্তায় নিয়মিত বাহিনী থেকে আলাদা। বস্তুতঃ পক্ষে গণবাহিনী এবং নিয়মিত বাহিনী পৃথক রাজ্যে বাস করতো।

গণবাহিনী বাংলাদেশের অভ্যন্তরে মাঝে মাঝে গেলেও পাকবাহিনী আসছে শুনলে সে গ্রাম বা গৃহ থেকে পালিয়ে যেত। এতে কোন মুক্তিবাহিনীর প্রতি জনসাধারণের আস্থা ক্রমশঃ হারাতে থাকে। অপরদিকে নিয়মিত বাহিনী ভারতীয় সীমান্তের কাছাকাছি বিভিন্ন 'পকেটে' থাকতো। তারা বিস্তৃত পরিসবে ঘুরতো না। বস্তুতঃ তাদের কাজ অত্যন্ত সীমাবদ্ধ ছিল। আরও দেখলাম, গণবাহিনীর প্রধানতঃ কাজ ছিল রাজাকারদের বিরুদ্ধে। গণবাহিনী কোন কোন সময় জোর করেও কোন কোন বাড়িতে থেকেছে, এতেও বিরুপ প্রতিক্রিয়া লক্ষ্য করলাম। 'আঘাত কর এবং পালাও' এই নীতির ফলে পরে পাকবাহিনী এসে গ্রামকে গ্রাম জ্বালিয়ে দিত, হত্যা করতো লুণ্ঠন সন্ত্রাসও বাদ যেত না। অপরদিকে যেসব রাজাকারদের ধরে সবদিক বিচার না করে হত্যা করতো সেইসব পরিবারের গোটা লোককে পাকিস্তানের পক্ষে কাজ করতে দেখলাম। এমনিভাবে তারা বাংলার মানুষের সহযোগিতা হারাতে বসেছিল। এছাড়া গণবাহিনী মাঝেঁ মাঝে দেশের অভ্যন্তরে বিশৃঙ্খলা সৃষ্টি করতো। অপরদিকে একজন নিয়মিত সৈনিক হিসাবে তাদের কাছে যা পাওয়া উচিত তার প্রায় কিছুই পাওয়া যাচ্ছিল না। আমি বুঝলাম গণবাহিনীকে যদি আমার অধীনে নিয়ে আসতে না পারি তাহলে কাজ করা কঠিন হয়ে পড়বে। শুধু কতকগুলি সিদ্ধান্ত নেই। (১) সেক্টরটিকে পুরাপুরি পুনঃগঠিত করি। এবং পুনরায় প্রশিক্ষণের ব্যবস্থা করি। (২) গণবাহিনীকে সম্পূর্ণ আমার আওতায় নিয়ে আসি। (৩) আমার এলাকাকে বিভিন্নস্থানে বিশেষ বিশেষ এলাকায় ভাগ করি এবং সেখানকার জন্য একজন কমাণ্ডার নিযুক্ত করি। সবাই দেশের অভ্যন্তরে থাকবে, যাবতীয় সরবরাহ আমরা করবো-এ সিদ্ধান্তও নিই। (৪) গণবাহিনীর মধ্যে শৃঙ্খলা, দেশপ্রেমে উদ্বুদ্ধ করবার জন্যে রাজনৈতিক উপদেষ্টা পাঠাই। (৫) রাজাকারদের প্রশ্নেও বিশেষ নির্দেশ দিয়েছিলাম।

আমি আসার পর গণবাহিনীতে ভর্তি বাড়িয়ে দেই। ট্রেনিং-এর সময় কমিয়ে তিন সপ্তাহ করি। প্রতিমাসে তিন হাজর করে গণবাহিনী তৈরী করে দেশের অভ্যন্তরে পাঠাবার ব্যবস্থা করি। ভিতরে পাঠাবার সময় প্রত্যেকের খাওয়া-দাওয়া ইত্যাদি বাবদ রাহাখরচ ৮০টাকা করে দেবার ব্যবস্থা করেছিলাম। এর আরেকটি দিক ছিল তা হলো দেশের ভিতরে এইভাবে সবাই টাকা ব্যয় করলে অন্যেরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উপকৃত হলে আমাদের প্রতি সহানুভূতি সৃষ্টি হবে।

গণবাহিনী ভিতরে পাঠাবার পর প্রত্যেক গ্রুপের মাত্র একজন সীমান্ত নিকটবর্তী অথবা তার যে কোন নিকটবর্তী আমাদের স্থায়ী 'পকেটে' এসে সবার জন্য টাকা, অস্ত্র এবং অন্যান্য জিনিস নিয়ে যাবার ব্যবস্থা করি। সেপ্টেম্বরের মধ্যে পুনর্গঠনের কাজ হয়ে যায়।

পরবর্তী পর্যায়ে নিয়মিত বাহিনীও ভিতরে এগিয়ে যায়। মোটামুটিভাবে নিয়মিত বাহিনী এবং গণবাহিনীকে একটি বিশেষ 'চেইনে' নিয়ে আসি। এতে করে ভাল ফল হতে লাগলো। এই বাহিনী ভিতরে প্রবেশ করলে আমি এদেরকে 'ট্রাঙ্ক' দেই-যেমন রেললাইন উড়িয়ে দেওয়া, সেতু ধ্বংস করা, বিদ্যুৎ ব্যবস্থা ধ্বংস করা ইত্যাদি। এসব শুরু হলে পাকবাহিনী ভীষণ বিপদের মুখে পড়ে যায়। আমরা সাফল্যের পথে এগিয়ে যাই। শুধু তাই নয়,

আওতাভুক্ত এলাকাতে যাতে প্রশাসনযন্ত্র চালু হয় এবং সুষ্ঠুভাবে চলে তার নির্দেশ দেই। এতে করে ভাল ফল পাওয়া গেল। ত্বরিত যোগাযোগের জন্য বিভিন্ন স্থানে অয়ারলেস সেট পাঠাই এবং এ বিষয়ে একটি দলকে প্রশিক্ষণ দানের ব্যবস্থা করি। দেশের ভিতরে গিয়ে বুদ্ধিমান এবং সাহসী ছেলে বেছে এনে 'ইনটেলিজেন্স' বিভাগ খুলি। এর ফলে যাবতীয় খবরাখবর আমরা অতি সহজে পেতে লাগলাম। আমাদের অগ্রগতি এগিয়ে চলে।

অপরদিকে আমি লক্ষ্য করেছিলাম যে শুধুমাত্র পাকবাহিনীকে হত্যা বা তাড়ানোর ব্যবস্থা করলেই চলবে না, তাতে করে পুরা প্রশাসন ভেঙ্গে পড়ে সেদিকেও নজর দিতে হবে। এ কাজের প্রাথমিক দিক হিসাবে আমি প্রথমে পুলিশ থানাগুলি দখল করতে বলি। অপরদিকে চালনা এবং মঙ্গলা পোর্ট যাতে অকেজো হয়ে যায় তার নির্দেশ দেই। সঙ্গে সঙ্গে কাজ হয়-নৌবাহিনীর একটি দল বিশেষ কৃতিত্বের পরিচয় দেয়।

এইভাবে কাজ করে যেতে আমরা একের পর এক জয়ের পথে এগিয়ে গেলাম। গণবাহিনী ও নিয়মিত বাহিনী অত্যন্ত দক্ষতার সাথে কাজ করতে লাগলো। মুক্তিযুদ্ধের সবচাইতে যেটি প্রয়োজন, জনসাধারণের সমর্থন, তা পেতে লাগলাম। আমরা সাফল্যের পথে এগিয়ে গেলাম।

এরপর নভেম্বরের ২০ তারিখে থেকে মিত্রবাহিনী আমাদের সাথে আসে। এবং মিত্রবাহিনী ও আমাদের বাহিনী মিলিতভাবে শত্রুদের উপর আক্রমণ চালিয়ে একের পর এক এলাকা জয় করে চললো। অবশেষে ১৬ই ডিসেম্বর সম্পূর্ণভাবে বাংলাদেশ মুক্ত হয়।

আলবদর বা আলশামসদের ক্ষেত্রে অন্য কথা হলেও রাজাকার প্রশ্নে বলা যায় যে, তারা সবাই সমান ছিল না। এদের অনেকেই আমাদের পক্ষে কাজ করেছে, যদিও মানুষ এদের ঘৃণা করতো।

সত্যিকার অর্থে যশোর সেনানিবাসটাকেই গণকবরস্থান বলা যেতে পারে। কারণ বিভিন্ন স্থানে ঘটনা বিক্ষিপ্তভাবে যা পাওয়া গেছে, শোনা গেছে, দেখা গেছে, তা অবর্ণনীয়। যাবার পথে পাকবাহিনী সেনানিবাসের বহু ব্যারাক ও স্টোরে আগুন লাগিয়ে দিয়ে গেছে। সেনানিবাসের ভিতরে মডেল প্রাইমারী বিদ্যালয়, দাউদ বিদ্যালয় ইত্যাদি স্থান ছিল চাপ চাপ রক্তে ভরা। অনেক মানুষকে রশি দিয়ে গাছে টাঙ্গিয়ে হত্যা করা হতো। আরও শুনলাম কিভাবে মেয়েদের উপর অত্যাচার করা হয়েছে। হাজার হাজার মানুষকে হত্যা করেছে নৃশংসভাবে, তার পরিচয় পাওয়া গেল।

ডিসেম্বর পুরামাত্রায় যুদ্ধ বেধে গেলে বাংলার মানুষ আনন্দিত হয়ে উঠে। তারা উন্মুখ হয়ে থাকে মিত্র আর মুক্তিবাহিনীর অপেক্ষায়।

মুক্তিবাহিনী এবং মিত্রবাহিনীকে বাংলার মানুষ প্রাণঢালা সংবর্ধনা জানায়। শিশু, বৃদ্ধ, যুবক, নারী, সবাই যে যা পেয়েছে তাই দিয়ে অভ্যর্থনা জানিয়েছে। স্বাধীনতার পর জনমনে সাড়া পড়ে যায়। বাংলার আকাশ বাতাস মুখরিত হয়ে উঠে 'জয় বাংলা' ধ্বনিতে।

স্বাক্ষরঃ মঞ্জুর
২৯-৩-৭৩

শিরোনাম	সূত্র	তারিখ
১৬। ৮নং সেক্টরে সংঘটিত যুদ্ধ সম্পর্কে অন্যান্যের বিবরণ	বাংলা একাডেমির দলিলপত্র	মে-ডিসেম্বর ১৯৭১

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল মোস্তাফিজুর রহমান*
৬-১০-১৯৭৩

বেতাই, বানপুর, বয়রা, বনগাঁ, গোজাডাঙ্গা ইত্যাদি স্থানে মুক্তিবাহিনীর ক্যাম্প করা হয়ঃ ১। বেতাই ক্যাম্পের কোম্পানী কমাণ্ডার ছিলেন ক্যাপ্টেন আজম চৌধুরী। ২। বানপুরে ছিলেন ক্যাপ্টেন মোস্তাফিজুর রহমান। ৩। বয়রায় ছিলেন ক্রাপ্টেন কে, এন, হুদা ৪। বনগাঁয় ছিলেন ক্যাপ্টেন তৌফিক-ই-এলাহী চৌধুরী। ৫। গোজাডাঙ্গায় ছিলেন ক্যাপ্টেন সালাউদ্দিন এবং পরে ক্যাপ্টেন মাহবুব উদ্দিন।

আমাকে বানপুর ক্যাম্পে রাখার উদ্দেশ্য ছিল, আমি ছিলাম প্রকৌশলী অফিসার। যশোর, ঈশ্বরদী, কুষ্টিয়াতে যে সমস্ত রেল চলাচল করত কৌশলে যাতে ঐ সমস্ত রেল চলাচল ব্যাহত করতে পারা যায় তার জন্য বিশেষভাবে আমাকে ক্যাম্পে নিয়োগ করা হয়।

মে মাসঃ মে মাসের ১২/১৩ তারিখে কুষ্টিয়া জেলার জীবননগর বিওপিতে এ্যামবুশ করে পাক আর্মিদের কাছ থেকে একটি জীপ দখল করা হয়। পাক আর্মি মাঝে মাঝে বিওপিতে আসত। তারা মুক্তিবাহিনীর হামলায় জীপটি রেখে চলে যায়। মুক্তিবাহিনী সর্বপ্রথম ঐ জীপটি পাকবাহিনী থেকে উদ্ধার করে। ঐ জীপের ভিতর থেকে পাক আর্মির চারখানা ব্যাক্তিগত চিঠি উদ্ধার করা হয়। চিঠিগুলির মধ্যে একটিতে উর্দুতে এক সৈন্য তার বাবার কাছে লিখছে যে, "তৎকালীন পূর্ব পাকিস্তানে যে সমস্ত ঘটনা ঘটছে পশ্চিম পাকিস্তানে বসে শুনছেন, তার চেয়ে বহুগুণ সব ঘটছে।" ২য় পত্রে জনৈক সৈনিক তার বন্ধুর কাছে লিখছেঃ 'একটি কমান্ডো ব্যাটালিয়নের চট্টগ্রাম যুদ্ধে আমরা ৪/৫ জন ছাড়া আর সবাই মারা গেছে। আমাদের অন্য ব্যাটালিয়নের সাথে থেকে যুদ্ধ করতে হচ্ছে।

এভাবে যুদ্ধ করতে করতে মে মাস কেটে গেল। মে মাসের ২১/২২ তারিখে দর্শনা ও জীবননগরের রাস্তার মাঝামাঝি স্থানে শিয়ালমারী নামে একটি জায়গা আছে। ঐ রাস্তায় মুক্তিযোদ্ধারা ৪ খানা ট্যাঙ্ক বিধ্বংসী মাইন লাগায়। সেখানে ব্রীজ না থাকার জন্য একটি ডাইভারশন সড়ক ছিল। এই মাইন লাগানোর ফলে পাকবাহিনীর একটি ট্রাক উল্টে যায়। এর ফলে ৮/১০ জন পাকসেনা মারা যায় এবং কিছু আহত হয়। মাইন বিস্ফোরণের সময় পাকবাহিনী বুঝতে পারেনি যে মাইন ফেটেছে। তারা মনে করেছিল মুক্তিযোদ্ধারা আক্রমণ করেছে। ঐ রাস্তা দিয়ে একই সঙ্গে দুটি ট্রাক ও একটি জীপ যাচ্ছিল। প্রথমে জীপটি রাস্তা পার হয়ে চলে যায়। পরে ট্রাকটি ধ্বংস হয় এবং সবার পিছনের ট্রাকটি রক্ষা পায়। পাকবাহিনী ওখানে ২/৪ গ্রামবাসীকে গুলি করে হত্যা করে ও এলোপাতাড়ি গুলি ছুঁড়তে থাকে।

মে মাসের ১৫ তারিখের দিকে নায়েক বাশার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের (অনার্স) একজন ছাত্র বাবলু ও অপর তিনজন মুক্তিযোদ্ধাকে এক্সপ্লোসিভ দিয়ে দর্শনা থেকে ২ মাইল উত্তরে দুতপাতিলা নামক স্থানে রেলব্রীজ উড়িয়ে দেয়ার জন্য পাঠান হয়। তাদের কাজ ছিল, ঐ দিন রাত্রিতে যে ট্রেনটি আসবে এবং তা যখন ব্রীজের উপর দিয়ে যাবে তখন তাকে এক্সপ্লোসিভ দিয়ে উড়িয়ে দেওয়া। দুঃখের বিষয়, ঐ দিন সারারাত আর কোন ট্রেন আসেনি। মুক্তিযোদ্ধারা এক্সপ্লোসিভ তার নিয়ে পাশের আখক্ষেতে অপেক্ষা করছিল। ভোরবেলায় একজন

* ১৯৭১ সালে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন।

কৃষক জমি চাষ করার জন্য ঐ পথ দিয়ে আসছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের ছাত্র মনে করেছিল যদি কৃষকের লাঙ্গলে এক্সপ্লোসিভের তার লাগে তবে তারটি উপরের দিকে উঠে যাবে। তাই ভেবে, কৃষকটি তারের কাছে আসার পূর্বেই, সে এক্সপ্লোসিভ ফাটিয়ে দেয়, এর ফলে প্রচণ্ড আওয়াজ করে ব্রীজটি ধ্বংস হয়। এ আওয়াজ পেয়ে গ্রামবাসীরা যার যার ঘর থেকে বের হয়ে আসে। ঐ মুক্তিযোদ্ধারা আখক্ষেতে থেকে পালিয়ে যাওয়ার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র বাবুল ও নায়েক বাশার গ্রামবাসীর হাতে ধরা পড়ে যায়। কিন্তু গ্রামের মুসলিম লীগ দালালের খপ্পরে পড়ার ফলে মুসলিম লীগের দালালরা তাদেরকে দর্শনা পাকফৌজ ক্যাম্পে চালান করে দেয়। এরপর তাদের দুজনকে যশোর ও পরে ঢাকা নিয়ে যাওয়া হয়। ঢাকা বেতার থেকে তাদের বিবরণী প্রচার করা হয়েছিল। তাদের প্রহার করে কিছু কিছু গোপন সংবাদও তাদের মুখ থেকে বের করা হয়েছিল।

জুন মাসে তেমন কোন অপারেশন হয়নি। বিভিন্ন জায়গায় মাইন পোঁতা হয়েছিল, কিন্তু তাতে কোন কাজ হয়নি। বিভিন্ন স্থানে মুক্তিযোদ্ধাদেরকে গ্রেনেড দিয়ে পাঠানো হয়েছিল, কিন্তু মুক্তিযোদ্ধারাও কোন অপারেশন করতে পারে নাই।

জুলাই ১৯৭১: ১৩ই জুলাই দর্শনা পাকবাহিনীর ক্যাম্পে ভারতীয় বাহিনীর সাথে মুক্তিযোদ্ধারা যৌথ উদ্যোগে রেইড করার ফলে ১২/১৪ জন পাকসেনা মারা যায়।

দর্শনা-ঝিনাইদহ রাস্তার ডিঙ্গাসহ ও জালসুক ব্রীজ দুটি এক্সপ্লোসিভ দিয়ে উড়িয়ে দেয়া হয়। এর ফলে পাকবাহিনীর চলাচলে বিঘ্ন ঘটে।

যাহোক, এ সমস্যাটা গেরিলা যুদ্বের অগ্রগতিকে কোনক্রমেই ব্যহত করতে পারলো না। একজন বা দ'জন ছাড়া আমার সাথে কোন অভিজ্ঞ গেরিলা নেতা ছিলনা। যে দু'একজন ছিল তারা কাজকর্ম ভালই জানতো। প্রশিক্ষণপ্রাপ্ত গেরিলারা, যারা সময় সময় আমার ক্যাম্পে আসতো-তাদের ভিতর দিয়ে দলের নেতা হবার যোগ্যতা যাদের আছে- তাদেরকেই বেছে নিতে হলো। আমার পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন জেলার মধ্যে পারস্পরিক সমন্বয় সাধন ও যুদ্ধ পরিচালনার জন্য চারটি জেলায় চারজন সামরিক অফিসার পাঠানো প্রয়োজন হয়ে পড়েছিল। আগে থেকেই মুক্তিবাহিনীকে নির্দেশ দেবার জন্য খুলনা-বরিশালে ক্যাপ্টেন জিয়া এবং পটুয়াখালীতে লেঃ মেহদী ছিল। কিন্তু ফরিদপুরে কেউ না থাকায় মিঃ নুর মোহাম্মাদ নামে একজন অভিজ্ঞ নৌবাহিনীর গেরিলা শিক্ষককে সেখানে পাঠিয়ে দিলাম। চারটি জেলার জন্য চারজন সামরিক অফিসার পাওয়া যাওয়ায় তাদের নির্দেশ দিলাম সৎ লোকদের ভেতর দিয়ে কমান্ডার নির্বাচন করে প্রতিটি অঞ্চল ও থানায় পাঠিয়ে দিতে। পাকিস্তানী সামরিক তৎপরতার পর থেকেই যারা নিজেদের উৎসাহে ও উদ্যোগে বাংলাদেশের ভিতরে শত্রুহননের কাজে নিয়জিত আছে-তাদের সাথে যাতে করে কোন মতবিরোধ না হয়, সেদিকে লক্ষ্য রাখার জন্য ওদের আমি প্রয়োজনীয় নির্দেশ দিলাম।

জুলাই থেকে নভেম্বর পর্যন্ত সর্বাত্মক গেরিলা আক্রমণ চালানো হয়। আক্রমণ পরিচলনার জন্য আমি তিনটি জায়গা ঠিক করেছিলাম, পশ্চিম বঙ্গের উত্তর দিকের বনগাঁর নিকট বাগদাতে একটা হাসনাবাদের দক্ষিনে শমসের নগরে একটা এবং আর একটা টাকিতে। এই তিনটি ঘাঁটির ভিতর বাগদাই সবচেয়ে ব্যস্ততম। এর কারন মুক্তিযোদ্ধারা এই পথেই সীমান্ত অতিক্রম করে ভারতে আসতো এবং এই দিকের পথ-ঘাট ওদের ভাল জানা ছিল। শমসেরনগর ঘাঁটি থেকে বরিশাল, পটুয়াখালী ও ভোলায় গেরিলাদের পরিচালনা ও নির্দেশ দেওয়া হতো। খুলনা জেলার গেরিলারা নদীপথে টাকির সাথে যোগাযোগ রেখে কাজ করত। শত্রুপক্ষের অবস্থানের পরিবর্তনের সাথে আক্রমনের গতিপদ্ধতিও পরিবর্তিত হত। পাঁচ মাসে, অর্থ্যাৎ জুলাই থেকে নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সরকারী হিসাবমতে আট হাজার গেরিলা আমার সেক্টর থেকে হাল্কা অস্ত্রপাতি ও বিস্ফোরক দ্রব্যসহ বাংলাদেশের অভ্যন্তরে পাঠিয়েছিলাম। শতকরা পঞ্চাশজন গেরিলাকে অস্ত্র দেওয়া সম্ভব হয়েছিল। বাকী সবাই

কেউ গোলাবারুদ, কেউ অন্যান্য জিনিসপত্র নিয়ে যেত। সেপ্টেম্বর মাসে অবস্থার পরিবর্তন হল। তখন থেকেই সবাই হাতে অস্ত্র পেল। তাছাড়াও রাজাকার, পুলিশ ও পাক হানাদারদের কাছ থেকে ছিনিয়ে আনা অস্ত্রপাতি দিয়ে বেশী সংখ্যায় মুক্তিযোদ্ধা ভেতরে পাঠিয়ে দিলাম। এমন একটা সময় এলো যখন আমার সেক্টরে মুক্তিযোদ্ধার সংখ্যা দাড়ালো প্রায় বিশ হাজার। মুক্তাঞ্চলে স্থানীয় অধিনায়কেরা প্রশিক্ষনের ব্যবস্থা করায় মুক্তিযোদ্ধার সংখ্যা আরো বাড়তে লাগলো। আমার মতে, এতে ছেলেদের কষ্ট অনেকটা লাঘব হতো। কেননা, বিপদসংকুল দীর্ঘ পথ অতিক্রম করে ভারতে আসার কষ্ট থেকে ওরা বেঁচে যেত। মুক্তিযোদ্ধার সংখ্যা দিন দিন বাড়তে থাকলেও সফলতার পরিমাণ আশানুরুপভাবে বৃদ্ধি পায়নি। সময়ে সময়ে বাহকের মারফৎ যেসব খবর পেতাম, তা থেকে এটা পরিস্কার হয়ে উঠলো যে, মুক্তিযোদ্ধারা প্রধানতঃ রাজাকার ও পুলিশদের উপর আক্রমণ চালিয়ে সফলতা অর্জন করছে-পাক সৈন্যর বিরুদ্ধে খুব কমসংখ্যক আক্রমণই পরিচালিত হতো। এর কারন, গেরিলারা যে পাক-হানাদারদের ভয় করত তা নয়। অল্প সময়ের প্রশিক্ষণে ওরা শুধু আক্রমণ করে শত্রুকে কিভাবে খতম করতে হয়, তাই শিখেছিল। আক্রমণ করে কিভাবে পলায়ন করতে হয়, সে কৌশল ওদের ভাল করে জানা ছিল না। যদিও গেরিলা যুদ্ধের নীতি- 'আঘাত করো ও পালিয়ে যাও' এ সম্বন্ধে তাদের একটা মোটামুটি ধারনাও ছিল, তবুও আমার কাছে মনে হল, ওরা যেন কম আঘাত করে বেশী করে পালিয়ে আসতো। আমার এ ধারনা অনেকাংশে সত্যি। তা না হলে যদি গেরিলারা নির্দেশ মোতাবেক তাদের দায়িত্ব পুরাপুরি পালন করতো, তাহলে বাংলাদেশ সশস্ত্রবাহিনীর সেক্টর থেকে যে পরিমাণ গেরিলা ভিতরে পাঠিয়ে দেওয়া হয়, তাতে পাক সামরিক যন্ত্রটাকে মাত্র দ'মাসের ভেতরেই বিকল করে দেওয়া সম্ভব হতো।

খুলনা জেলার তেরখাদা, মোল্লারহাট, মোড়লগঞ্জ, বাগেরহাট, সুন্দরবন, পাইকগাছা এবং ভোলা, পটুয়াখালী ও বরিশাল শত্রুপক্ষের সাথে অবিরাম সংঘর্ষের ফলে উত্তেজনায় সর্বদা উত্তপ্ত থাকতো। বস্তুতপক্ষে গতিশীল নেতৃত্বের জন্যই উপরোক্ত জায়গা গুলি মুক্তিসংগ্রামে ভাল অবদান রাখতে পেরেছিল। দেশের ভিতরের এতসব ঘটনার কথা আমাদের কাছে পৌঁছতো না। কারন বাহকের মাধ্যমে সংবাদ আদান-প্রদান করা ছাড়া আর কোন ব্যবস্থা ছিল না। অনেক বাহক আমাদের সদর দফতর পর্যন্ত পৌঁছতে পারতো না। পথেই কঠিন মৃত্যুর কোলে ঘুমিয়ে পড়তো। যখন দেশের আনাচে-কানাচে হানাদারেরা জাল পেতে বসে আছে, তখন বাহকের কাজটা খুব আরামদায়ক নয়। বর্ষাকালে রাত্রের অন্ধকারে বুক পরিমাণ জলের ভিতর দিয়ে হেঁটে সংবাদ নিয়ে আসাটা কতটা কষ্টসাধ্য তা সহজেই অনুমেয়। মনে পড়ছে পনের বছর বয়স্ক পাতলা গড়ন প্রবেশিকা পরিক্ষার্থী আলমের কাছ থেকে শোনা একটা লোমহর্ষক কাহিনীর কথা। বরিশাল জেলার গৌরনদী থানার একজন অবসরপ্রাপ্ত পুলিশ অফিসারের ছেলে আলম। শত শত গেরিলাকে পথ দেখিয়ে সে বাংলাদেশের অভ্যন্তরে নিয়ে গেছে। শুধু তাই নয়, বরিশাল থেকে সুদূর পশ্চিম বঙ্গ পর্যন্ত সংবাদ নিয়ে ফিরে আসে। একজন পথপ্রদর্শক ও সংবাদ বাহক হিসাবে আলম নিজেকে যোগ্য ব্যক্তি হিসেবে প্রমানিত করেছিল। দেখতে খুবই বেমানান এই ছেলেটি, জলন্ত দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শত শত গেরিলাকে শুধু পথ দেখিয়েই ভিতরে নিয়ে যায়নি, ভিতর থেকে শত শত অদক্ষ যুবককে ভারতে প্রশিক্ষনের জন্য নিয়ে এসেছে। এই ছেলেটি চতুর ও বুদ্ধিদীপ্ত। অনেকবার সে পাক হানাদারদের হাতে ধরা পড়েছে। তার চেহারার ভিতর একটা সরল মাধুর্য আছে। সে এত ভাল উর্দু বলতে পারতো যে, মাথাভারী দেহসর্বস্ব পাকিস্তানী সৈন্যরা তাকে বিহারী মুসলমান বলে ভূল করে ছেড়ে দিয়েছে। জুলাই মাসে সীমান্তবর্তী বাগদা থেকে আলমই সর্বপ্রথম গেরিলাদের বরিশাল ও ফরিদপুর নিয়ে আসে।

জুলাই ও আগষ্ট মাসের সেই বর্ষণমুখর রাতগুলোর কথা আজো আমার মনে পড়ছে। প্রতি রাত্রে বর্ষা মাথায় করে বাংলার অতন্দ্র প্রহরী এই গেরিলারা বাগদার সীমান্ত অতিক্রম করে ভিতরে চলে যেত। প্রমত্তা ইছামতি ছুটে চলেছে। দ'কুল তার বহু দুর পর্যন্ত প্লাবিত। এরই ভিতর কত রাত দেখেছি বাংলার এই অগ্নিসন্তান গেরিলারা ভয়কে দূরে ছুড়ে ফেলে দিয়ে কোন রকম ওজর আপত্তি না করে অন্ধকারে অস্ত্র হাতে নিয়ে পানি কাদার মধ্যে শান্তভাবে হেঁটে যাচ্ছে। শুধু সামনের দিকে এগিয়ে যাচ্ছে। কারো মুখে কোন কথা নেই। রাইফেলটায় যাতে পানির স্পর্শ না লাগে, সে জন্য ওটাকে উপর দিকে তুলে ধরতো। কি অভূতপুর্ব দেশপ্রেম।

নিজেকে অভিশাপ দিতাম, কেন ওদের সাথী না হয়ে অধিনায়ক হলাম। কেন ওদের পাশে থেকে যুদ্ধ করে ওদের মুখের হাসিকে বাঁচিয়ে রাখতে পারলাম না। ওদের রক্তের সাগরে দাড়িয়ে মুক্তির আনন্দকে আজ বড্ড বিস্বাদ লাগলো।

কিছুক্ষণের 'জয় বাংলা' তোমার নেতা আমার নেতা শেখ মুজিব-শেখ মুজিব' এই ধ্বনিই তো ওদের অনুপ্রানিত করেছিল অনিশ্চয়তার আধার ও চরম বিপদের মাঝে ঝাঁপিয়ে পড়তে। কোন পুরস্কার বা প্রতিশ্রুতির লোভে ওরা এ কাজ করেনি। দেশ ও নেতার প্রতি অপরিসীম ভালবাসা ওদের যাদুমন্ত্রে ওদের উদ্দীপ্ত করেছিল- এই মৃত্যু ভয় কে জয় করতে। আত্মোৎসর্গের কঠিন ব্রতে দীক্ষা নিয়ে বাংলার এই গেরিলারা স্বাধীনতার জন্য অবিরাম সংগ্রাম করে চলছে। বর্ষার ঔদ্ধত্যকে সংকল্পের দৃঢ়তায় ছিন্নভিন্ন করে ওরা এগিয়ে চললো। অন্ধকারের মাঝে ওদের এগিয়ে যাওয়া আমি নিরীক্ষণ করতে লাগলাম। দিব্য দৃষ্টিতে দেখতে পেলাম, যুদ্ধ না করেই বজ্রকঠিন শপথের আগুনে জ্বালিয়ে পুড়িয়ে হানাদারদের কব্জা থেকে মুক্তির আলো একদিন এই সুর্যসন্তানেরা ছিনিয়ে আনবেই। ঘটেছিলও তাই। পাক-হানাদাররা ক্রমাগত থানা ছেড়ে দিয়ে পিছিয়ে যেতে লাগলো। গ্রামে যেখানেই গেরিলাদের সাথে ওদের মোকাবেলা হয়েছে, সেখানেই ওরা পুনর্বার যাওয়া বন্ধ করে দিয়েছে। এরপর হানাদাররা থানা ছেড়ে জমা হতে থাকে সামরিক ছাউনিতে এবং রাজাকারদের ওরা পুরো সুযোগ দিতে লাগলো গ্রামের উপর প্রভুত্ব চালাতে। দুর্জয় গেরিলাদের হাতে চরম মার খেয়ে রাজাকাররা তাদের রাজত্ব চালাতে চরম অসুবিধায় পড়েছিল। ওদের জঘন্য কার্যকলাপের জন্য গেরিলারা নির্মমভাবে রাজাকারদের নিশ্চিহ্ন করে দিত। আমার কাছে খবর আসলো যে, গেরিলারা পুরোদমে আক্রমণ চলিয়ে শত শত রাজাকার খতম করছে। এতে সুফল হলো-যারা একদিন রাজাকারদের বর্বরতার শিকার হয়েছিল, সেই নিঃস্ব গ্রামবাসী আবার মনোবল ফিরে পেল। বাঙালী রাজাকারদের হত্যা করাটা আমি যেন পছন্দ করতে পারলাম না-কারন, আমি জানতাম যে এই হত্যার দ্বারা শুধু অনাথ ও বিধবার সংখ্যাই বেড়ে গিয়ে দেশের সমস্যা আরো জটিল করে তুলবে। একবার আমি নির্দেশও পাঠিয়েছিলাম যে, রাজাকারদের মধ্যে মানসিক পরিবর্তন এনে অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পন করতে বাধ্য করতে হবে। এই মর্মে কিছু প্রচারপত্র বিলি করা হলো। দেখা গেছে, এর ফলে অনেক রাজাকার অস্ত্রশস্ত্রসহ স্বেচ্ছায় আত্মসমর্পন করেছে। গেরিলা পদ্বতির প্রবর্তনের ফলে দুটো সুফল পাওয়া গেল। প্রথমতঃ গ্রামবাসী রাজাকার ও পাক-বর্বরদের অত্যাচারের হাত থেকে অনেকটাই রেহাই পেল। দ্বিতীয়তঃ হানাদাররা নিজেদের প্রাণ বাঁচানোর জন্য গোপন আস্তানায় ঢুকে আত্মসমর্পন করতে লাগলো। তাছাড়াও রাজাকারদের ভিতর অর্ন্তদ্বন্ধ , অসন্তোস ও বিভেদ সৃষ্টি করতে সফল হলাম। এর ফলে হানাদারদের পরিকল্পনায় সহজেই ফাটল ধরলো।

আর কোন পথ খোলা না দেখে পাক-বর্বররা গানবোটের সাহয্যে আক্রমনের মাত্রা বাড়িয়ে দিল। রাজাকার ও পাকিস্তানী সৈন্যরা গানবোটে চেপে নদীর পথ ধরে চলতে থাকলো, আর মেশিনগান ও রকেট দিয়ে নির্বিচারে গোলাবর্ষণ করে নদীর তীরবর্তী গ্রামগুলো জ্বালিয়ে-পুড়িয়ে দিতে লাগলো। পাকিস্তানী গান-বোট গুলোর এরুপ আকস্মিক হামলায় ক্ষেতখামারে কর্মরত শত-শত কৃষক, জেলে মর্মান্তিকভাবে মৃত্যুবরণ করলো। বাংলাদেশের নদীপথ দিয়ে গান-বোট গুলো চালিয়ে নেওয়ার সময় হানাদারেরা যাদেরই সামনে পেত- তাদের উপরই পৈশাচিক উল্লাসে মেশিন গানের গুলি ছুড়তে থাকতো। মনের অবস্থা যখন ভাল থাকতো না তখন হানাদাররা নদীর তীরে কোন গ্রামের কাছে গান-বোট ভিড়িয়ে অসভ্য তাতারের মত গ্রাম থেকে সুন্দরী যুবতী মেয়েদের ছিনিয়ে আনতো। যারা আপত্তি করতো, তাদের খতম করে দিত।

যদিও আমাদের গেরিলারা প্রাণপণ চেষ্টা করছে এই গানবোট গুলো কাবু করার জন্য, কিন্তু ওদের কাছে নিম্নমানের অস্ত্রপাতি থাকায় গানবোটগুলোর মোকাবেলায় পেরে উঠতো না। এভাবে নৃশংস অত্যাচার চালিয়ে গানবোটগুলো গ্রামের লোকদের ভিতরে সন্ত্রাসের রাজত্ব কায়েম করলো। গানবোট কাবু করার জন্য ভারী অস্ত্রপাতি চেয়ে গেরিলারা আমার কাছে খবর পাঠালো। আমরা যদি জনগণকে এই অত্যাচারের হাত থেকে রক্ষা করতে না পারি, তাহলে যত রকমের সফলতাই আমরা অর্জন করিনা কেন, জনগন অচিরেই তা ভূলে

গিয়ে আমাদের প্রতি সহযোগীতার হাত বন্ধ করে দিবে। বিশেষ করে আমার ৯ নং সেক্টর নদীনালায় ভর্তি। পাকবাহিনী গোপালগঞ্জ , বরিশাল, পটুয়াখালী ও খুলনার হাজার হাজার গ্রাম জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করে দিতে লাগলো। বাংলাদেশের অভ্যন্তরে আসলে যে কি ঘটছে-আমি জানতাম। গানবোট ধ্বংস করার উপায়ও আমার জানা ছিল। কিন্তু আমার কাছ থেকে বারবার তাগিদ যাওয়া সত্ত্বেও প্রবাসী বাংলাদেশ সরকার সেসব নতুন অস্ত্র শস্ত্র যোগাবার জন্য কোন আন্তরীক প্রচেষ্টাই করেনি। গানবোট কাবু করতে সামনে কয়েকটা রকেট লাঞ্চারই যথেষ্ট। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমরা সেগুলোও পাইনি। বস্তুতপক্ষেঃ , গানবাট কাবু করতে যায় এ সম্বন্ধে আমি একটা রিপোর্ট তদানীন্তন অস্থায়ী রাষ্টপ্রধান সৈয়দ নজরুল ইসলাম ও প্রধানমন্ত্রী মিঃ তাজউদ্দীন আহমদকে দেখিয়েছিলাম। তখন তাঁরা ব্যাপারটার গুরুত্ব বুঝতে পেরেছিলেন। কিন্তু তাদের আশ্বাস সত্ত্বেও এ রকম একটা গুরুত্বপূর্ন ব্যাপার অর্ধমীমাংসিতই রয়ে গেল । তাদের এই নির্লিপ্ততায় আমি খুব ব্যথা পেলাম; পাগলের মত ছুটে গেলাম চার্লি সেক্টরের অধিনায়কের কাছে । তিনি তাঁর নিজের প্রচেষ্টায় আমাকে গোটা দুয়েক রকেট লাঞ্চার যুগিয়ে দিলেন। কিন্তু প্রয়োজনের তুলনায় ও গুলো খুবই অপর্যাপ্ত। যাহোক, সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে চার্লি সেক্টরের অধিনায়ক ব্রিগেডিয়ার এন, এ সালিক মংলা পোর্টের কাছাকাছি একটা গেরিলা ঘাঁটি স্থাপন করতে ও কিছু পথপ্রদর্শক প্রস্তুত রাখতে বললেন। তার কথামত পঞ্চাশজন মুক্তিযোদ্ধাসহ আফজাল নামক ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একজন হাবিলদারকে সেখানে পাঠিয়ে দিলাম। এ ছাড়াও আগে থেকেই মিঃ খিজিরের অধীনে সেখানে একশ' গেরিলা ছিল। মিঃ খিজির খুলনার একজন মেকানিক। হাবিলদার আফজালের যোগ্যতা ও শক্তির পরিচয় পেয়ে মিঃ খিজির উদ্দীপনা পেল এবং 'বানীশান্ত' নামক একটি জায়গায় আর একটি ঘাঁটি স্থাপন করলো। এখান থেকেই মংলা বন্দরে হানাদারদের গতিবিধি, সামরিক, শক্তি, জাহাজগুলোকে রক্ষা করার জন্য ওর কতটা সতর্কতা অবলম্বন করেছে ইত্যাদি বিষয়ে আমাদের কাছে খবরাখবর এসে পৌঁছতে লাগলো।

এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হলো 'ফ্রগম্যান' পাঠানো । আগষ্টের শেষ সপ্তাহে লেঃ জিয়া ছ'খানা নৌকা নিয়ে অস্ত্রশস্ত্র- গোলাবারুদ সংগ্রহের আশায় ভারতে এসে পৌঁছালো। সুন্দরবনের একটা বৃহত্তম গেরিলা ঘাঁটির অধিনায়ক লেঃ জিয়া। তার কাছে যেসব অস্ত্রপাতি ও গোলাবারুদ ছিল, তা খুবই অপ্রতুল। বাংলাদেশের অভ্যন্তরের খবরাখবর সে সবিস্তারে আমার কাছে খুলে বললো। কথার মাঝখানে বারবার সে গানবোট ধবংসকারী অস্ত্রশস্ত্রের প্রয়োজনীয়তার উপর জোর দিতে লাগলো। সে জানালো যে পাক হানাদারদের মনোবল একদম ভেঙ্গে গিয়েছে। এখন একমাত্র গানবোটের সাহায্যেই আক্রমণ অব্যাহত রাখছে। আগস্টের দ্বিতীয় সপ্তাহে ক্যাপ্টেন শাহাজাহানকে বরিশাল জেলায় আক্রমণ পরিচালনা করার জন্য পাঠিয়েছিলাম। তার উপর বিশ্বাস রেখে জিয়া জানালো যে, শাজাহান ভাল কাজই করছে। ক্যাপ্টেন ওমর-এই ছদ্মনামে শাহজাহনকে ডাকতাম। ক্যাপ্টেন শাজাহান পাকিস্তান সশস্ত্র বাহিনীর সিগনাল ব্রাঞ্চের একজন অফিসার। সে দুঃসাহস করে পাকিস্তান থেকে পালিয়ে রাজস্থানের মরুভূমি পার হয়ে একশো মাইল পথ পায়ে হেঁটে বাংলাদেশে আসে। সে আমার সেক্টরে যোগ দেয়ার আগে সে গেরিলা বাহিনীতে দীর্ঘ ছ'মাস প্রশিক্ষণ নিয়েছে। ভালই হলো। একটা গেরিলা বাহিনী তার অধীনে পাঠিয়ে দিলাম। জিয়ার কাছে থেকে এসব খবর পেয়ে আংশিকভাবে খুশী হলাম। পরিচয় করিয়ে দেয়ার জন্য তাকে আমাদের সর্বাধিনায়কের সদর দফতরে নিয়ে গেলাম। কিন্তু আশ্চর্যের ব্যাপার, ওর সাক্ষাৎকার গ্রহণ করার জন্য সর্বাধিনায়ক সাহেব কোন ঔৎসুক্যই দেখালেন না। যা হোক, কোনরকম বুঝিয়ে-সুঝিয়ে সর্বাধিনায়ক সাহেবকে জিয়ার সাথে একটিবার দেখা করার জন্য কতকটা বাধ্য করলাম।

ভয়ানকভাবে সমস্যা- পীড়িত সর্বাধিনায়ক সাহেব শেষ পর্যন্ত অনেক নিয়ম-কানুন পালনের পর জিয়াকে ডেকে পাঠালেন। অসংখ্য ধন্যবাদ- কয়েক মিনিটের মধ্যেই এ সাক্ষাৎ পর্ব শেষ হলো। এরপর ব্রিগেডিয়ার এন, এ, সালিকের সাথে পরিচয় করিয়ে দেয়ার জন্য জিয়াকে নিয়ে আমি ব্যারাকপুর গেলাম। এটা সেপ্টম্বরের প্রথম সপ্তাহ। ব্রিগেডিয়ার সাকিল খুব ধৈর্য সহকারে লেঃ জিয়ার কথাবার্তা শুনলেন এবং তাকে আশ্বাস দিলেন যে,

ভারতীয় ৯ নং ডিভিশনের অধিনায়কের আলাপ-আলোচনা করে তিনি শিগগিরই যতটা সম্ভব রকেট লাঞ্চার ও অন্যান্য ভারী অস্ত্রপাতি সরবরাহ করবার চেষ্টা করবেন।

'ফ্রগম্যানদের সম্বন্ধে একটা কথা বলে রাখছি। এই ফ্রগম্যানদের দেশের বাইরে থেকে আমদানী করা হয়নি। তারা দেশেরই সরল নিরীহ যুব সম্প্রদায়। বেশীর ভাগই ছাত্র। জুনের শেষ সপ্তাহে বিভিন্ন যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে ওদের যোগাড় করা হয় এবং নবাব সিরাজুদৌল্লার ঐতিহাসিক মুর্শিদাবাদের পলাশী নগরে ভারতীয় নৌ-বাহিনীর তত্ত্বাবধানে এইসব ছেলেকে প্রশিক্ষণ দেওয়া হয়। ভারতীয় নৌবাহিনীর লেঃ কমান্ডার মার্টিস ও লেঃ দাসির সহযোগিতায় প্রশংসনীয়ভাবে মাত্র দু'মাসের ভেতর এ সমস্ত কচি গ্রাম্য ছেলেরা দক্ষ ফ্রগম্যানশীপ ট্রেনিং নিয়ে বেরিয়ে আসে। যে কোন মূল্যায়নে মিঃ মার্টিন ও মিঃ দাসের এই আন্তরিক প্রচেষ্টা প্রশংসার যোগ্য।

আর একদল লোক পলাশীতে এই ফ্রগম্যানশীপ প্রশিক্ষণের উন্নতির জন্য যথাসাধ্য সাহায্য করেছিল। তারা পাকিস্তান নৌবাহিনীর সাবমেরিনে কাজ করতো। ফ্রান্সে যখন একটি বিশেষ কাজে ওদের পাঠানো হয়, তখন সেখান থেকে মুক্তিসংগ্রামের প্রাক্কালে ওর পালিয়ে লন্ডনে আসে। সেখান থেকে ভারতীয় হাইকমিশনের সহয়তায় দিল্লী পৌঁছে। সংখ্যায় তারা আটজন। খুলনা জেলার অধিবাসী মিঃ রহমতউল্লাহ ওদের অধিনায়ক হয়ে নিয়ে আসে। সত্যিকারভাবে রহমতউল্লহ একজন দেশপ্রেমিক। ফ্রগম্যানশীপের কলাকৌশল সম্বন্ধে সে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ দিয়ে গড়ে তুলেছে।

৯ই সেপ্টম্বর। পারিকল্পনা মাফিক বাংলার ফ্রগম্যানরা সবাই যখন, তখন নৌকাগুলো কি আর পিছনে পড়ে থাকতে পারে। ত্রিকোনা আক্রমণ করার জন্য লেঃ জিয়ার আটজন ফ্রগম্যানসহ আগেই যাত্রা করার কথা। তাকে দুটো রকেট লাঞ্চার, কিন্তু এলএমজি এবং অভ্যন্তরের মুক্তিবাহনীর জন্য প্রচুর পরিমাণ গোলাবারুদ ও অস্ত্রশস্ত্র দেয়া হরো। নির্ধারিত তারিখমত লেঃ জিয়া কোলকাতার উত্তর-পশ্চিম দিকে বাসন্তী নামক একটা বন্দরনগরী থেকে রওনা হলো।

বর্ষার মাতামাতি। আবহাওয়া ভয়ানক বিক্ষুব্ধ। নধীগুলো যেন এক-একটা দৈত্যের মত রাগে ফুলছে। বুকে তার পচন্ড আক্রোশে ফেটে-পড়া বিদ্রোহী তরংগমালা। ফ্রগম্যানদের গোপন ঘাঁটি থেকে নৌকায় করে শমসেরনগর পৌঁছতে হবে। ফ্রান্স থেকে পালিয়ে আসা মিঃ আসাদুল্লাহর নেতৃত্বে তিনটি নৌকায় ত্রিশজন ফ্রগম্যান 'লিম্পেট মাইন' নিয়ে ১৫ই সেপ্টেম্বর মংলা এবং চালনা বন্দরের পাকিস্তানী বাণিজ্যিক ও নৌবাহিনীর জাহাজগুলো আক্রমণ করার জন্য প্রস্তুত হয়ে ছিল। ওদের বিদায় দেবার জন্য ১০ই সেপ্টম্বর লেঃ কমান্ডার মার্টিস, মেজর রায় চৌধুরী এবং আমি বাংলাদেশ নৌবাহিনীর একটা লঞ্চে করে শমসেরনগর পৌঁছে একটা বাঁকের কাছে অপেক্ষা করতে লাগলাম। এখানে হয়েই জিয়ার নৌকাগুলো যাওয়ার কথা।

সকাল বেলা- ভয়ানক ঝড়, উথাল পাতাল ঢেউয়ের বুক চিরে নৌকা চালানো খুবই কষ্টকর। বেলা তিনটা পর্যন্ত আমরা অপেক্ষা করলাম। কিন্তু ওদের আসার কোন হদিস পেলাম না। দেরী হবার অবশ্য অনিবার্য কারণ ছিল, কিন্তু ওদের পৌঁছতে বিলম্ব দেখে আমরা খুবই চিন্তিত ও অধৈর্য হয়ে উঠলাম। বিকাল প্রায় সাড়ে চারটার সময় প্রথম নৌকা এসে বাঁকের কাছে পৌঁছলো। কেউ তাদের শিক্ষিত বা মুক্তিবাহিনীর লোক বলে চিনতে পারলো না। কেননা, ওরা বুদ্ধিমত্তার সাথে সাধারণ মাঝি ও জেলের বেশ ধরে আত্মগোপন করে ছিল। পরনে ছিল লুংগী ও ছেঁড়া শার্ট। বৃষ্টির জলে ওদের জামাকাপড় সব ভিজে গিয়েছিল। কেউ কেউ চা বা অন্যকিছু গরম করার জন্য আগুন জ্বালাতে খুব চেষ্টা করতে লাগলো। যা হোক আমাদের অপেক্ষা করতে দেখে ওরা খুবই উল্লসিত হলো। ইতিমধ্যে দেখা গেল, আরো দুটো নৌকা বিক্ষুব্ধ ঢেউগুলোর সাথে যুদ্ধ করতে করতে আমাদের দিকে দ্রুত এগিয়ে আসছে। নৌকাগুলো সব এক জায়গায় হলে,মুক্তিযোদ্বাদের সবাইকে আমাদের লঞ্চে এনে গরম চায়ে আপ্যায়িত করলাম।ছেলেদের মনোবল খুবই উঁচু বলে মনে হলো।

একজন লিডার নিয়ে চারজনসহ এক একটা দল। লিডারদের আমরা ক্যাবিনের ভিতর ডেকে নিয়ে প্রয়োজনীয় নির্দেশ ও কিছু টাকা পয়সা দিলাম- যেন পথে ওরা খাদ্যের জন্য কষ্ট না পায়। সবই প্রস্তুত। কিন্তু ঝড়ের দাপট প্রশমিত হবার কোন লক্ষণ দেখা গেল না। এই ঝড়ের মধ্যে ওদের কে পাঠানো আমি সমীচীন মনে করলাম না। কাজেই কাজটা রাত্রের মত স্থগিত রইল এবং ১১ তারিখ খুব ভোরে ওদের যাত্রা করতে দিলাম। এই মোশাররফ পথ দেখিয়ে আমাকে ভারতে পৌঁছে দেয়। সে সুন্দরবন এলাকার মুন্সিগঞ্জের স্থায়ী বাসিন্দা। সবার মুখেই হাসি। সবাই খুশী। শেষ বারের মত সবাইকে উপদেশ দিয়ে এবং ওদের মংগল কামনা করে ওই রাত্রেই আমরা হাসনাবাদ রওনা হলাম। আল্লাহকে অসংখ্য ধন্যবাদ, ঠিক তিনদিন পরেই অর্থাৎ ১৪ই সেপ্টেম্বর ভোরে ওরা নিরাপদে ঠিকমত জায়গায় পৌঁছে গেল।

১৫ই সেপ্টেম্বর সামনে। শত্রুর উপর চরম আঘাত হানার মাহেন্দ্রক্ষণ। যে জায়গা থেকে আক্রমণ পরিচালনা করা হবে তার সাথে সংযোগ সাধন, আক্রমণের পর যেখানে গিয়ে সবাই জমা হতে হবে সেখানে গেরিলাদের ঠিকমত জায়গায় রাখা, উদ্দেশ্য সমাধা করার পর সবাইকে নিয়ে নিরাপদ জায়গায় রাখা, উদ্দেশ্যে সমাধা করার পর সবাইকে নিয়ে নিরাপদ জায়গায় সরে পড়া- ইত্যাদি প্রাথমিক কাজকর্ম সম্পন্ন করার জন্য হাতে খুব কম সময়ই আছে। ১৪ তারিখ ভোর থেকে ১৫ তারিখ সন্ধ্যা পর্যন্ত ওদের প্রস্তুতি নিতে কেটে গেল। হাবিলদার আফজাল ও খিজিরের স্থল- গেরিলারা ওদের যথেষ্ট সাহায্য করেছিল। মুক্তিযোদ্ধারা লোভাতুর চোখে চেয়ে দেখলো আটটি বানিজ্যিক জাহাজ চালনা বন্দরে দাঁড়িয়ে আছে। পশুর নদীর মাঝখানে সবগুলো নোংগর করা। ঠিক হলো 'জোড়া পদ্ধতিতে' আক্রমণ চালাতে হবে- অথাৎ দু'জন ফ্রগম্যান এক-একটি জাহাজকে আঘাত করার জন্য এক-একজন ফ্রগম্যানের কাছে চারটি করে, দু'জনার কাছে মোট আটটি লিম্পেট মাইন' থাকবে। লিম্পেট মাইন পানিতে ভাসে। সুতরাং ওদের পক্ষে এতগুলো মাইন এক সংগে বয়ে নিয়ে যাওয়া খুব সহজ হলো। ঘাঁটি থেকে প্রায় পনেরশ' গজ দূরে জাহাজগুলো এলোমেলো অবস্থায় নোংগর করা। ১৫ই সেপ্টেম্বরের সারাটা দিন কেটে গেল ওদের সবকিছু বুঝিয়ে দিতে। এক-একটা জাহাজ আক্রমণ করার ভার এক একটা দলের উপর ন্যস্ত করা হলো।

ষোলজন ফ্রগম্যান নিয়ে আটটি দল। ওরা আক্রমণ করার জন্য সম্পূর্ণ প্রস্তুত। প্রথম অভিযান ব্যর্থ হলে বাকী চৌদ্দজনকে পরবর্তী পর্যায়ে আক্রমণ পরিচালনা করার জন্য রিজার্ভ রাখা হলো। আঘাত করার সময় নির্ধারিত হলো রাত সাড়ে চারটা। সাধারণতঃ এই সময়েই পাক হানাদাররা বিরক্তি ও ক্লান্তিতে ঝিমিয়ে পড়ে। আর যারা ঘুমিয়ে থাকে, একই সঙ্গে তারা আরও বেঘোরে ঘুমাতে থাকে। স্থির হলো একই সংগে আটটি জাহাজের উপর হামলা চালাতে হবে।

রাত আড়াইটা। খুব আন্ধকার। বাইরে ঝড়ের দাপাদাপি। দমকা বাতাসের চাবুক খেয়ে পিছন দিকের অরণ্যটা আর্তনাদ করে উঠলো। অধিনায়ক মিঃ আসাদুল্লাহ ছেলেদের কানে কানে বললো, আঘাত করার এইতো উপযুক্ত সময়। সতর্কতার সাথে শেষবারের মত আবার সে সবাইকে পরীক্ষা করে নিলো। এখন থেকে মাত্র দু'ঘন্টা পরে সমস্ত নদীর বুক জুড়ে তরংগায়িত হবে বলে টকটকে উত্তপ্ত রক্তস্রোত। নদীর অপর পাড়ে শত্রুপক্ষ নিশ্চিন্ত। কেননা ওরা ভাবতেই পারেনি অলস বাঙ্গালীরা ওদের পায়ের তলায় কোনদিন আঘাত হানতে পারবে। নদীতে হিংস্র জীবজন্তু আছে জেনেও দুর্যোগময় এই ঝড়ের মাঝরাতে প্রমত্তা নদীর বুকে ঝাঁপিয়ে পড়া খুব একটা সহজ কাজ নয়। মৃত্যুভয়কে দূরে ঠেলে দেশপ্রেমের জলন্ত বহ্নিশিখা বুকে নিয়ে ওরা ষোলজন সবাই একসংগে দুটো পঁয়ত্রিশ মিনিটের সময় নদীর বুকে ঝাঁপিয়ে পড়লো। মুখে লেশমাত্র ভীতির চিহ্ন নেই। আত্মপ্রত্যয়ের মহান আদর্শে উদ্ভাসিত। বেয়াড়া প্রকৃতির রক্তচক্ষুকে ভয় না করে মুক্তিযোদ্ধারা নদীর বুক চিরে আস্তে আস্তে এগিয়ে চললো লক্ষ্যবস্তুর দিকে। ওদের কোমল ডানাগুলো ক্লান্তিতে ঝিমিয়ে পড়লো। কিন্তু জলের উপর ভেসে ভেসে ঢেউয়ের কোলে মাথা রেখে ওরা লক্ষ্যবস্তুতে গিয়ে পৌঁছলো। সাড়ে চারটা বাজতে এখনও পাঁচ মিনিট বাকি।

অর্ধ- আবৃত তারপলিনের নীচে আবছা আলোতে ওরা সন্ত্রাসীদের দেখতে পেলো। হঠাৎ আকাশটা কান্নায় ভেঙ্গে পড়লো। ভয়ানক বৃষ্টি। আঘাত করার সময় এসে গেল। ঠিক চারটা ত্রিশ মিনিট। যথেষ্ট সতর্কতা অবলম্বন করে ওরা লিম্পেট মাইনগুলো জাহাজের তলায় লাগিয়ে দিল। এই মাইনগুলোর উপরের দিকে চুম্বক লাগানো। লোহার সংস্পর্শে এলে গায়ে লেগে থাকে। তারপর ওরা সাঁতরিয়ে ঘাঁটির দিকে ফিরে চললো। এই সময় ওরা খুব তাড়াতড়ি সাঁতরাতে লাগলো। ওরা জানতো যে, মাইন লাগানোর এক ঘন্টা পরে, এই সুন্দর জাহাজগুলো বিকট শব্দে বিদীর্ণ হয়ে প্রজ্বলিত অগ্নিশিখার বহ্ন্যুৎসবে দাউ দাউ করে জ্বলতে থাকবে। মাইনগুলো বিস্ফোরণের জন্য 'ফিউজে' একঘন্টা সময় বেধেঁ দেয়া হয়েছিল- যেন ওরা নিরাপদ ঘাঁটিতে ফিরে আসতে পারে। আবেগ ও উত্তেজনায় উদ্বেলিত হয়ে দ্বিগুণ উৎসাহে ওরা ষোলজন সবাই তীরে ফিরলো। যারা তীরে সাগ্রহে প্রতিক্ষায় ছিল, তারা সবাই ওদেরকে বুকে জড়িয়ে ধরে আনন্দে চুমু খেতে লাগলো। শুয়ে পড়ে মুক্তিযোদ্ধারা অধীর আগ্রহে জাহাজগুলোর দিকে চেয়ে রইল- কখন সাড়ে পাঁচটা বাজবে। হ্যাঁ, চরম লগ্নটি এলো। সমস্ত পৃথিবীটাকে প্রচন্ডভাবে নাড়া দিয়ে বিকট শব্দে মাইনগুলো বিস্ফোরিত হলো। আটটি জাহাজের মধ্যে সাতটি ডুবে গেল। আমাদের উদ্দেশ্য সার্থক ও সফল হলো। এই ঘটনার পর বন্দরের শ্রমিকরা কাজ ছেড়ে দিয়ে যে যেদিকে পারলো পালিয়ে গেল। বেশ কিছুদিনের জন্য চালনা ও মংলা বন্দর জনশূন্য হয়ে পড়ে রইল।

শমসেরনগরে ফিরে আসার সময় মৃত্যুঞ্জয়ী মুক্তিসেনারা একটা ফরেস্ট অফিসে হামলা চালিয়ে প্রচুর অস্ত্রশস্ত্র, গোলাবারুদ ও অন্যান্য মুল্যবান জিনিসপত্র অধিকার করে। এর মধ্যে 'বনবালা' ও 'বনমৃগী' এই দুটো লঞ্চও ছিল। এই লঞ্চে চেপে বিজয়ের উত্তেজনায় আত্মহারা মুক্তিযোদ্ধারা শমসেরনগরে ফিরে এলো। পাকিস্তানী ঘাঁটির অবস্থানের অনিশ্চয়তার জন্য লেঃ জিয়ার ত্রিকোণা অভিযান স্থগিত রাখা হলো। তাছাড়া আবহাওয়াও খুব অনুকুলে ছিল না। সব রকমের সতর্কতামুলক ব্যবস্থা থাকা সত্ত্বেও গেরিলাদের ভেতর আসা বন্ধ করতে না পারায় পাক- হানাদাররা ভয়ানকভাবে ক্ষেপে গিয়েছিল। সুতরাং ওরা সেপ্টেম্বরের শেষ সপ্তাহে চালনা পোতাশ্রয়ের বিপরীত দিকে সুন্দরবনে আগুন ধরিয়ে দিল এবং গানবোট নিয়ে পাহারায় বেরিয়ে সন্দরবনের সমস্ত পথঘাট একদম বন্ধ করে দেয়ার জন্য প্রাণপণ চেষ্টা করতে লাগলো।

সেপ্টেম্বরের শেষদিকে হানাদাররা শ্যামনগর ঘাঁটির গুরুত্ব উপলব্ধি করতে পারলো। আমাদের হাতেই কিছুদিন আগে এই ঘাঁটির পতন ঘটে। এবার শ্যামনগর ঘাঁটি পুনরুদ্ধার করার জন্য হানাদাররা গানবোট ও পদাতিক বাহিনী নিয়ে ভীষণভাবে আমদেরকে আক্রমণ করলো। তিনদিন তীব্র যুদ্ধ চালাবার পর, হানাদারদের চরম ক্ষতি করে, সমর-কৌশলের দিক দিয়ে খুঁব গুরুত্বপূর্ন এরকম অন্য একটা অন্য একটা জায়গায় আমরা সরে গেলাম। এই যুদ্ধে আমরা পাঁচজন মুক্তিযোদ্ধকে হারিয়েছিলাম। এর মধ্যে সুবেদার মোহাম্মদ ইলিয়াস মেশিনগানের গুলিতে ঘটনাস্থলেই মারা যায়। আর চারজন নতুন- ভর্তি মুক্তিযোদ্ধাকে হানাদাররা বন্দী করে। শ্যামনগর পুনরুদ্ধার করে ও হানাদাররা গেরিলাদের ভেতরে যাওয়া বন্ধ করতে পারলো না।

এক মাস পরে ঠিক একই উপায়ে ফ্রগম্যানরা আবার মংলা ও চালনা বন্দর আক্রমণ করলো। ১৬ই অক্টোবর আলম নামে পাক-নৌবাহিনী থেকে পালিয়ে আসা একজন সৈন্যের অধীনে দ্বিতীয় দলটি শ্যামনগরের অনেক দক্ষিণ দিক দিয়ে হেঁটে ভেতরে গেল। এবারেও আমরা সফল হলাম। এই আক্রমণে শত্রুপক্ষে চারটি জাহাজ ডুবে গিয়েছিল। একটির নাম 'লাইটনিং' এবং অপরটার নাম 'আল-মুরতজা'। অন্যগুলো চীনা জাহাজ বলে শনাক্ত করা হয়। আমাদের এই দ্বিতীয়বারের আক্রমণ চালনা ও মংলা বন্দরকে সম্পুর্ণ অকেজো করে দিল। এর উপরও নভেম্বর মাসে রহমতউল্লাহর নেতৃত্বে খুলনায় আক্রমণ চালিয়ে সাফল্য অর্জন করা হয়। বাংলাদেশ সশস্ত্র-বাহিনীর অন্যান্য সেক্টরের নির্দেশ অনুযায়ী চট্টগ্রাম, নারায়ণগঞ্জ এবং চাঁদপুরেও শত্রু জাহাজের উপর আক্রমণ চালানো হয়।

এই আক্রমণের মোটামুটি ফল হলো- এইসব জায়গায় শ্রমিকরা সবাই পালিয়ে জান বাঁচলো। ডিসেম্বরে দেশ মুক্ত হবার আগ পর্যন্ত ওরা আর ফিরে এলোনা । এই ঘটনার পর,এমনকি কোন বিদেশী জাহাজও বন্দরে নোংগর করতে রাজী হতো না। আমরা এটাই চেয়েছিলাম ।

বিজয় অভিযান

বিজয় অভিযানে মুক্তিযোদ্ধারা শুধুমাত্র নীরব দর্শকই ছিল না। তাদের একটা নির্দিষ্ট ও উদ্দেশ্যমূলক তৎপরতা অবলম্বন করতে হয়েছিল। এই তৎপরতা নভেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত অব্যাহত থাকে। এরপর টাকি থেকে একশো পঞ্চাশ মাইল দূরে কৃষ্ণনগরে চার্লি সেক্টরে একটা কনফারেন্সে যোগদান করার জন্য আমাকে ডাকা হয়। চার্লি সেক্টর এই সময় ব্যারাকপুর থেকে কৃষ্ণনগরে স্থানান্তরিত করা হয়েছিল। ব্রিগেডিয়ার এন, এ,সাকিলও ওই সম্মেলনে উস্থিত ছিলেন। ভারত জরুরী অবস্থা ঘোষণা করলে কিভাবে আমাকে সামনে অগ্রসর হতে হবে, এ ব্যাপারে তিনি মোটামুটি একটা ধারণা দিলেন। মিত্রবাহিনীর পরিকল্পনার কথা গোপন রেখে সাতক্ষীরা- দৌলতপুর রোডে এবং আরও দক্ষিণে আমার লোকজন নিয়ে যে - কোন সময় আগ্রসর হবার জন্য তিনি আমাকে প্রস্তুত ও সতর্ক থাকতে বললেন। পরিকল্পনার কথা আমাকে না জানালেও আমি অনুমান করলাম যে, সাতক্ষীরার বাঁ দিক থেকে একটা সৈন্যবাহিনী পাঠিয়ে সাতক্ষীরা-দৌলতপুর বরাবর শত্রুঘাঁটিগুলো নিশ্চিহ্ন করার জন্য যশোরের উত্তর দিক থেকে প্রধান আক্রমণ পরিচালনা করা হবে। তাছাড়া, আমারা মুক্তিযোদ্ধারা পাক-বাহিনী ও মিত্রবাহিনীর গোলাবর্ষণের মাঝখানে পড়ে যাতে বিপর্যস্ত না হয়, সেই জন্য মিত্রবাহিনীর আগে আমার সৈন্যবাহিনী পাঠাতে বারন করা হলো। আমাকে জানানো হলো যে, মিত্রবাহিনী বাংলাদেশে প্রবেশ করার পর মুক্তিবাহিনীর উদ্দেশ্য হবে এইরূপঃ প্রথমত, সময়মত মিত্রবাহিনীকে পথ দেখিয়ে নিয়ে যাবার জন্য প্রয়োজনীয় লোকজন দেয়া। দ্বিতীয়ত,বাংলাদেশে প্রবেশ করার পর মিত্রবাহিনী কোন প্রশাসনিক অসুবিধার সম্মুখীন হলে তা দূর করার জন্য তাদের সাহায্যে এগিয়ে আসা। তৃতীয়ত, ঘনিষ্ঠভাবে মিত্রবাহিনীকে অনুসরণ করা এবং তাদের সংস্পর্শে থাকা। আমাকে বলা হলো যে, যেহেতু 'বাংলা অঞ্চল'(বেঙ্গল এরিয়া-ভারতীয় সেনাবাহিনীর ঘাঁটি) আমার নিকটবর্তী, সেই জন্য আমার সেক্টর এখন থেকে বাংলা অঞ্চলের প্রশাসনিক আওতাধীনে নিয়ে যাওয়া হয়েছে। তাছাড়া দক্ষিণ সুন্দরবন এলাকার সম্পূর্ণ জলপথ বাংলা অঞ্চলের অধীনে এনে,এর দায়িত্ব ন্যস্ত করা হয় জেনারেল পি, কে,রায় চৌধুরীর উপর।

সেক্টরে ফিরে আমি আমার নিজস্ব পরিকল্পনা তৈরী করলাম। আবার দুই হাজার গেরিলা সৈন্য ছিল। কিন্তু অস্ত্রশস্ত্র খুবই অপ্রতুল। তবুও আমি মনে করলাম যে, বাংলাদেশের অভ্যন্তরে গেরিলাদের উপস্থিতিই অনেকটা প্রভাব কিস্তার করবে। কেননা, বিজয় অভিযানের সময় সম্ভাব্য রাহাজানি, ধর্ষণ ও অন্যান্য অপ্রীতিকর ঘটনা যাতে ঘটতে না পারে সেদিকে আমার লোকজন সতর্ক দৃষ্টি রাখতে পারবে। কাজেই, পরপর দুরাত্রিতে আঠারোশো গেরিলা সৈন্যকে বাংলাদেশের অভ্যন্তরে পাঠিয়ে দেয়া হলো। বাদবাকী গেরিলাদের বিজয় অভিযানের সময় অগ্রসর হওয়ার জন্য অস্ত্রশস্ত্র সজ্জিত করে রাখা হলো। সদর দপ্তরে ও আমার সেক্টরের অন্যান্য জায়গায় আমার নিয়ন্ত্রণাধীনে যেসব সৈন্য মোতায়েন ছিল, তাদের সদা সতর্ক থাকতে বলেছিলাম। আমার সেক্টর সদর দপ্তরের বিস্তৃতি অনেক দূর পর্যন্ত । অল্প সময়ের নোটিশে এটা গুটিয়ে আনা সম্ভব নয়। আমি ফ্লাইট সার্জেন্ট ফজলুল হককে বুঝিয়ে বললাম যে , যে সমস্ত আর্মিরা নির্ধারিত সময়ের পূর্বে হাজির হতে পারবে না, তারা যেন দেশ মুক্ত হওয়ার পরই খুলনায় আমার সাথে মিলিত হয়। হিসাবপত্র ঠিক রাখা এবং মুক্তিদ্ধোদের প্রতি যত্ন নেয়ার জন্যও সার্জেন্ট ফজলুল হককে নির্দেশ দিলাম। কেননা, আমরা চলে গেলে যেসব মুক্তিযোদ্ধা ও প্রশিক্ষণপ্রাপ্ত অন্যান্য যুবক এখানে এসে হাজির হবে তারা নিতান্ত অসুবিধায় পড়বে।

সৌভাগ্যক্রমে দ্বিতীয়বারের মত লেঃ জিয়া এসে গেল। সুন্দরবন এলাকায় সে পাকিস্তানী গানবোটের সামনে শত্রপক্ষের সাথে প্রচন্ড যুদ্ধ করে তার অঞ্চলকে সম্পুর্ণরূপে মুক্ত করেছে হানাদাররা নদী বরাবর তাদের

ঘাঁটিগুলো ছেড়ে দিয়ে খুলনার দিকে হেঁটে গিয়ে জড়ো হয়েছে। আমি স্থির করলাম যেসব গেরিলা খুলনার সীমান্ত বরাবর শত্রুহননে লিপ্ত, তাদেরকে খুলনা শহরের চারিদিকে সমাবেশ করে হানাদারদের পিছু হটার রাস্তা সম্পূর্ণরূপে বন্ধ করে দেব। মিত্র-বাহিনীর সার্বিক পরিকল্পনা মনে রেখে মাসের ১৫ তারিখে সাব-এরিয়া কমান্ডারদের নিয়ে আমাদের দপ্তরে একটা সম্মেলনে মিলিত হয়ে তাদের নিজ নিজ দায়িত্ব সম্বন্ধে প্রয়োজনীয় নির্দেশ দিলাম। খুলনা শহরের নিকট রূপসা নদীর পশ্চিম তীরে। আক্রমণব্যূহ তৈরী করার জন্য লেঃ জিয়াকে সুন্দরবন অঞ্চল থেকে ঘাঁটি গুটিয়ে ফেলার জন্য প্রয়োজনীয় আদেশ দিলাম। বাগেরহাটে সুবেদার তাজুল ইসলামের অধীনে যে সমস্ত সৈন্য ছিল তাদেরও লেঃ জিয়ার নিয়ন্ত্রণে কাজ করার জন্য নির্দেশ দিলাম। শত্রুপক্ষ যাতে নৌ- পথে ব্যবহার করতে না পারে, সে জন্য জৈনক মিঃ নোমানউল্লাহকে তেরখাদা ও মোল্লাহাটে যে সমস্ত মুক্তিযোদ্ধা ছিল, তাঁদের সাথে সমন্বয় স্থাপন করে খুলনার উত্তর-পূর্ব দিক থেকে এসে এক জায়গায় জড়ো হয়ে পরিস্থিতি মোকাবেলা করার জন্য সতর্ক থাকতে বললাম। আরও যেন পরবর্তী নির্দেশের অপেক্ষায় সর্বদা প্রস্তুত থাকে। খুলনার দক্ষিণে পাইকগাছা, তালা ও আশাশুনি অঞ্চলে সেকেন্ড লেঃ আরেফিন গেরিলাদের হিসাবে কর্মরত ছিল। তাকে বললাম, সে যেন গেরিলাদের সঙ্গে নিয়ে সামনের দিকে এগিয়ে খুলনা শহরের কাছাকাছি কোথাও প্রস্তুত হয়ে থাকে।

ক্যাপ্টেন হুদার অধীনে দুই ব্যাটালিয়নের বেশী যোদ্ধা ছিল। তাকেও সামনের দিকে অগ্রসর হওয়ার নির্দেশ দিলাম। বসন্তপুরে শত্রুপক্ষের অবস্থান খুবই সুদৃঢ়। বসন্তপুর আমাদের খুবই নিকটে। একান থেকে হানাদারদের বিতাড়িত করে গুরুত্বপূর্ণ সাতক্ষীরা-দৌলতপর সড়কে শত্রুমুক্ত করে আধিপত্য বিস্তার করার জন্য ক্যাপ্টেন হুদাকে দায়িত্ব দিলাম। খুলনা শহরের চারিদিকে মুক্তিযোদ্ধাদের জড়ো করে রাখার প্রধান উদ্দেশ্য হলো, দকরদার আমলে বিহারীরা বাঙালী মুসলমানদের উপর যে অমানুষিক নির্যাতন চালিয়েছিল তারই প্রতিহিংসা নিতে গিয়ে অনিবার্য পরিণতি স্বরূপ ব্যাপক হারে বিহারী নিধন আরম্ভ হবে এবং সারাদেশ জুড়ে নেমে আসবে বিশৃংখলা। এই আশংকা করেই উপরোক্ত সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়েছিল। উল্লিখিত পরিকল্পনা ছাড়াও আমি দুটো দলকে প্রস্তুত করে বেগের নেতৃত্বাদননে বরিশালের দিকে নৌকায় পাঠিয়ে নিলাম। প্রথম দলটি ক্যাপ্টেন ওমরের সাথে সংযোগ স্থাপন করে বরিশালের উদ্ভূত পরিস্থিতির মোকাবেলা করবে আর দ্বিতীয় দলটিকে সেকেন্ড লেঃ মুয়িনের নেতৃত্বে পটুয়াখালী পৌঁছানো হলো । কথা প্রসংগে বলতে হয় সেকেন্ড লেঃ মুয়িন মিত্র বাহিনীর অধননে বিহার প্রবেশের 'মুর্তিহতে বাংলাদেশের ক্রাম ট্রেনিং কোর্স সমাপ্ত করে আরও চারজন তরুণ অফিসারসহ প্রথম দলে অক্টোবর মাসে আমার কাছে আসে। তারা তিনমাসের ক্রাশ ট্রেনিং প্রোগ্রাম অনুযায়ী শিক্ষা গ্রহণ করে। এই তিনজন অফিসার হলো- সেকেন্ড লেঃ মোহাম্মদ অলি, আহসানউল্লাহ এবং শচীন্দ্র। তাদের সবাইকে ক্যাপ্টেন হুদার বাহিনীতে কাজ করার জন্য দেয়া হলো। বয়সে সবাই নবীন, কর্মক্ষম ও কষ্টসহিষ্ণু। যাহোক, নির্দেশ মোতাবেক লেঃ জিয়া, নোমান ও আরেফিন স্ব-স্ব গন্তব্যস্থলের দিকে রওনা হয়ে গেল। বসন্তপুরের উপর যে কোন সময় আঘাত হানার জন্য ক্যাপ্টেন হুদা প্রস্তুত হয়ে রইল।এই সময়ে লেঃ জিয়াকে একটা বেতারযন্ত্র যোগাড় করে দিলাম। ওদের সবাইকে পাঠিয়ে দিয়ে মনের গভীরে একটা প্রশ্ন উকি দিলে নিজেই বিস্মিত হলাম- এইবার কি সত্যিই আমরা খুলনা যাচ্ছি?

ওদের যে সমস্ত আদেশ দিয়েছিলাম তা আমরা কানে অবিশ্বাস্য রকমের প্রতিধ্বনি হতে লাগলো। স্বপ্নাবিষ্টের মত মনে হলো, ওগুলো যেন আমাকেই উল্টে পরিহাস করছে। কেননা, দালালও হানাদার পরিবেষ্টিত খুলনার মত বিপজ্জনক শহরে এত শীগগীর প্রবেশ করতে পারবো- একথা কল্পনাও করতে পারিনি। যদিও স্থানীয় প্রশিক্ষনপ্রাপ্ত অনেক মুক্তিযোদ্ধা ছাড়াও কমপক্ষে পাঁচ হাজার গেরিলা খুলনা শহরকে চারদিক থেকে ঘিরে রেখেছিল, তবুও হানাদারদের প্রকৃত শক্তি সম্পর্কে আমরা ছিলাম সন্দিহান।

সমস্ত শংকা, সমস্ত ভয় উবে গেল। চরম লগ্নটি সমাগত। পবিত্র ঈদের দিন সকালবেলা, ১৯৭১ সালের ২০শে নভেম্বর-ক্রিং ক্রিং করে টেলিফোনে কয়েকবার শব্দ হতেই রিসিভারটা কানের কাছে নিলামঃ অত্যন্ত সুখবর। প্রসংশনীয় তৎপরতা। অবস্থান মজবুত করে টিকিয়ে রাখো । কুত্তাগুলোকে পিছু পিছু ধাওয়া করো।'

আনন্দ-উত্তেজনায় এক নিঃশ্বাসে কথাগুলো বলে ফেললাম। ক্যাপ্টেন হুদা মুক্তিযোদ্ধদের নিয়ে বসন্তপুর, কালিগঞ্জ ও নাজিমগঞ্জে শত্রুর অবস্থানের উপর চরম আঘাত হেনে এই ঘঁটিগুলো আমাদের কব্জায় এনেছে। কি ভয়ংকর উত্তেজনা। ক্যাপ্টেন হুদা কথা বলতে পারছিল না। তার বাক রুদ্ধ হয়ে এলো। উত্তেজনা ও চাঞ্চল্যের অফুরন্ত আনন্দে আমরা সবই বিস্ময়াভিভূত, হতবাক। হুদা ও তার সাথের মুক্তিসেনাদের প্রাণঢালা অভিনন্দন জানালাম। বললাম যে, শত্রুর উপর আঘাতের ক্ষিপ্রতা ও তার গতিবেগ যেন পুরোপুরি রক্ষা করা হয়। আনন্দ ও উত্তেজনায় এতটা আত্মহারা যে কি করবো ভেবে পাচ্ছিলাম না। এই পবিত্র দিনটিতে বহু প্রতীক্ষিত বিজয় অভিযান শুরু হলো। স্কুল শিক্ষক মিঃ শাহজাহানকে পারুলিয়া রোডের দিকে অগ্রসর হওয়ার জন্য নির্দেশ দিলাম। কেননা বসন্তপুর ও কালিগঞ্জ ঘাঁটি থেকে শত্রুবাহিনীকে এই পথ দিয়েই পালাতে হবে এবং এটাই একমাত্র পাকা রাস্তা। একই সংগে মিঃ চৌধুরীর নেতৃত্বে ষাটজন মুক্তিযোদ্ধার একটি দলকে পারুলিয়া ব্রীজটা অক্ষত অবস্থায় অধিকার করার জন্য পাঠিয়ে দিলাম। মিঃ চৌধুরী পাকিস্তান নৌবাহিনীর একজন অভিজ্ঞ নাবিক। বেশ হাসিখুশী। কঠোর প্রকৃতির এই মানুষটি আমার পরিকল্পনায় খুশী হয়ে যাত্রার জন্য প্রস্তুতি নিলো।

প্রয়োজনীয় নির্দেশ দেয়ার পর আমি মোস্তফাকে নিয়ে স্থানটা স্বচক্ষে দেখার জন্য বসন্তপুরের দিকে রওনা হলাম। দীর্ঘ ন'মাস যাবৎ ইছামতির ওপার থেকে বসন্তপুর আমাদের কতবার ইশারায় আহবান জানিয়েছে। এক ঘন্টা পরে হিংগলগঞ্জে পৌঁছে দু'জন স্পীডবোট নদী পার হয়ে তীরে নামলাম। কিন্তু আশ্চর্যের ব্যাপার আজ কোন মেশিনগান গর্জে উঠলো না। আগে অবশ্যই কোন অতিথির পদার্পণ মাত্র মেশিনগানগুলো মুহুর্তে এক ঝলক আগুন ছুড়ে গর্জে উঠতো।

রক্তলাল সূর্যটাকে বুকে নিয়ে বাংলাদেশের স্বাধীন পতাকা যখন পত্ পত্ করে উড্ডীন দেখলাম, তখন কি যে উত্তেজনা! ওই সূর্যটাকে স্বাগত জানাতে কত না রক্ত ঢালতে হয়েছে এই ইছামতির তীরে। সমুন্নত পতাকার নিচে দু'থেকে তিনজন মুক্তিযোদ্ধা নীরবে দন্ডায়মান। শত্রুর কোন চিহ্ন নেই। বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র, গোলাবারুদ, রেশন এবং চারিদিকে কুৎসিৎ ধবংসাবশেষ রেখে হানাদাররা পালিয়েছে।

স্বাধীন বাংলার পতাকা উড়াবার জন্য আত্মাহুতি দিতে হয়েছিল অনেক মুক্তিপাগল তরুণকে। ওদের মহান আত্মত্যাগের জন্যই আজ স্বাধীন বাংলার পতাকা সমুন্নত শিরে উড্ডীন রয়েছে। পরিত্যক্ত অস্ত্রশস্ত্র দেখে আজ আর আমি উত্তেজিত হই না। আগে মাত্র একটা রাইফেল দেখে চঞ্চল হয়ে উঠতাম। এখন এটা আমার কাছে অস্বস্তিকর লাগলো।

বসন্তপুর অধিকার করে আনন্দ ও উত্তেজনার পরিবর্তে মন আমার বেদনাভরাক্রান্ত হয়ে উঠলো। নভেম্বরের শীতল বাতাসে উচুঁ বাঁধটার উপর দাঁড়িয়ে মানুষের এই বীভৎস কংকাল গুলোর দিকে একদৃষ্টিতে চেয়ে রইলাম। কি মর্মান্তিক! ওরা রক্ত দিয়েছে, আমরা ও রক্ত দিয়েছি। সাক্ষী রয়েছে ওদের কংকালগুলো। স্বাধীনতা-পাগল আমার মুক্তিযোদ্ধাদের কংকালও ছড়িয়ে-ছিটিয়ে আছে এখানে-ওখানে।

এই মিশ্র অনুভূতি সম্বল করে কালিগঞ্জ ও নাজিমগঞ্জ পরিদর্শন করলাম। এই জায়গাগুলো কিছু ভাল বলে মনে হলো। কিছুটা প্রাণের স্পন্দন এখনও যেন বেঁচে আছে।

এখানে কিছু লোকজন দেখলাম। অনেক বাড়িঘর ধবংস্তুপের মধ্যে মুখ থুবড়ে পড়ে আছে। আবার অনেকগুলো নারকীয় অগ্ন্যুৎসবের বিকলাংগ চেহারা নিয়ে বীভৎসতার সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে। এত দুঃখের মাঝেও যে ক'জন লোক আমরা এখানে পেয়েছিলাম, তারা আমাদের স্বাগত জানাতে কার্পণ্য করলো না। স্থানীয় লোকজন বললো, গত রাত থেকেই হানাদাররা সাততাড়াতাড়িতে পালাতে শুরু করেছিল পলায়নপর হানাদারদের স্থানীয় লোকজন যখন জিজ্ঞেস করেছে' আপনারা কোথায় যাচ্ছেন? তখন ওরা কম্পিত স্বরে জবাব দিয়েছিল, মুক্তিরা আমাদের চারদিক থেকে ঘিরে ফেলেছে, ওপরওয়ালাদের হুকুমমত তাড়াতাড়ি চলে যাচ্ছি।'

ভীতসন্ত্রস্ত হয়ে হানাদাররা যে ভাবে পালিয়ে গিয়েছিল, তার বর্ণনা দিতে গিয়ে স্থানীয় লোকজন হাসিতে ফেটে পড়লো। অনেক দামী ও লোভনীয় জিনিস রেখে যাওয়া ছাড়াও হানাদাররা প্রচুর অস্ত্রশস্ত্র, গোলাবারুদ। অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র নদীতে ফেলে দেয়।

ক্যাপ্টেন হুদা রাতে বসন্তপুরের উপর আক্রমণ চালায়। জবাবে সারা রাত ধরে হানাদাররাও প্রচন্ড গোলাবর্ষণ করে। আর এই গোলাবর্ষণের আড়ালে রাতের আধাঁরে গা-ঢাকা দিয়ে শত্রুরা পালিয়ে যায়। ভোরে অবস্থা অত্যন্ত শান্ত ভাব ধারণ করায় হুদা, মুক্তিযোদ্বার একটি ছোট দলকে গ্রামের অভ্যন্তরে পাঠিয়ে, যারা আমদের গোপনে সংবাদ সরবরাহ করতো, তাদের কাছ থেকে প্রথমে জানতে পারলো যে, হানাদাররা পালিয়ে গেছে।

সংবাদ পেয়ে হুদা এক কোম্পানী সৈন্য নিয়ে কালিগঞ্জ-সাতক্ষীরা রাস্তা ধরে একরকম দৌঁড়ে বসন্ত পুরের দিকে অগ্রসর হতে লাগলো। একটা ভাঙ্গা জীপ ছাড়া তার সাথে আর কোন যানবাহন ছিল না। জীপটা কিছুদিন আগে হানাদারদের কাছ থেকে অধিকার করা হয়। হানাদাররা তখনও পালাচ্ছিল। প্রশংসনীয় উদ্যম ও মনোবল নিয়ে ক্যাপ্টন হুদা দীর্ঘ বারো মাইল পথ হেঁটে তার বাহিনীসহ মিঃ শাজাহানের লোকদের কাছে পৌঁছে হানাদারদের সম্মুখ থেকে আঘাত হানলো, তখন ওরা দিশেহারা হয়ে পারুলিয়ার দিকে পালাতে শুরু করে। ওদিকে মিঃ শাজাহানের নেতৃত্বে টাকি থেকে যে সৈন্যদলটি এসেছিল, তারা পলায়নপর হানাদার বাহিনীর একটি দলকে মাঝপথে অবরোধ করে ফেললো। এদিকে হুদা জানতে পারলো যে, হানাদাররা পারুলিয়া সেতু উড়িয়ে দিয়ে ওপারে আত্মরক্ষামূলক ব্যবস্থা নিয়েছে। সেতুর চার মাইল দুরে অবস্থান নিয়ে ক্যাপ্টেন হুদা দ্রুত মিঃ চৌধুরী ও শাজাহানের নেতৃত্বাধীন মুক্তিবাহিনীকে তার লোক জনদের একত্র করে পুনর্বিন্যাস করলো।

সমস্ত মুক্তিযোদ্ধাকে আটটি কোম্পানীতে বিভক্ত করে লেঃ মোহাম্মদ আলী, লে আহসানউল্লাহ, লেঃ শচীন্দ্র ও মিঃ চৌধুরীকে দায়িত্ব দিয়ে রাতের অন্ধকারে ব্রীজের দিকে অগ্রসর হতে লাগলো। হানাদাররা পালাবার আগেই ব্রীজের ওপারে তাদের অবস্থান সুদৃঢ় করে নিয়েছিল তাছাড়াও ব্রীজের চার মাইল পিছনে আলিপুর নামক একটি জায়গায় তাদের একটি শক্তিশালী আর্টিলারী রেজিমেন্ট ছিল।

ওই রাতেই আমি অগ্রবর্তী এলাকা পরিদর্শন করলাম। তখন পাক-হানাদার ও আমাদের মধ্যে প্রচন্ড গুলি বিনিময় হচ্ছিল। আমাদের বাঁ- দিকে মিঃ মাহবুবের নেতৃত্বাধীন ৮নং সেক্টরের সৈন্যদের নিয়োগ করা হয়েছিল। মিঃমাহবুব একজন পি-এস-পি অফিসার। কর্মদক্ষতার জন্য তাকে মেজর পদে উন্নীত করা হয়। তিনি সাহসী ও বুদ্ধিমান। আঘাততের পর আঘাত হেনে শত্রুপক্ষকে সর্বদা ব্যস্ত রাখতেন। উল্লেখ করা যেতে পারে যে, মিত্রবাহিনীর তরফ থেকে আমরা কোন সাহায্যকারী সৈন্য পাইনি।

৭২নং সীমান্ত নিরাপত্তা বাহিনীর সৈন্যরা আমাদের অধিকৃত জায়গাগুলো, যেমন বসন্তপুর ও কালিগঞ্জের উপরে তাদারকী করতো। আর তাদের সাহায্য করতো পিছনে আবস্থানরত আমাদের মুক্তিবাহিনী। সুবেদার মেজর এ. জলিল ও লস্করের অধীনে মুক্তিবাহিনী এখানে কাজ করেছে। আমাদের সাথে মর্টার সজ্জিত মুক্তিবাহিনীর একটি দল ছিল। তারা শুধু হানাদারদের গোলাবর্ষণের জবাবে পাল্টা গুলি ছুড়তো। সুবেদার গফুর নামে একজন আভিজ্ঞ মর্টার শিক্ষক পাক-হানাদারদের গুলির জবাবে দক্ষতার সাথে পাল্টা গোলাবর্ষণ করে প্রত্যেকবারই শত্রুদের প্রভুত ক্ষতি সাধন করতো। ভয়ানকভাবে কোণঠাসা হয়ে হানাদারদের মেশিনগানগুলো সব সময় গর্জন করতে লাগলো। যেহেতু আমাদের অবস্থানের চতুর্দিক হানাদারদের দৃষ্টির আওতায় সেজন্য রাত্রে বা দিনে পাহারায় বেরুনোর খুবই কষ্টকর ছিল। কিছুক্ষণর জন্য যুদ্ধ দানবটা দম নিয়ে পুর্নবার আক্রমণ করার জন্য। প্রস্তুতি নিতো।

২৩শে নভেম্বর পারুলিয়া থেকে চার মাইল দূরে আর একটা ব্রীজের পেছনে হানাদাররা সরে গেল। সরে যাবার আগে ওরাই এবার নৃশংসতার স্বাক্ষর রেখে গেল। এদিকে আমাদের সৈন্যরা সামনের দিকে আগ্রসর হতে

লাগলো। স্পষ্ট বোঝা গেল যে হানাদাররা প্রথমে সাতক্ষীরায় ও পরে খুলনার দিকে পালাবার জন্য যুদ্ধে দীর্ঘসূত্রতার কৌশল অবলম্বন করেছে। এই ব্রীজের কাছ এসে উভয় পক্ষই মাঝে-মধ্যে মেশিনগানের ব্রাশ ফায়ার করে গুলি বিনিময় করতো। এখানে মূর্তজা নামে একজন মুক্তিযোদ্ধ কে হারাতে হয়। সে অত্যন্ত সাহসী এবং অনেক যুদ্ধে সক্রিয় অংশ নিয়েছিল। মাথায় বুলেটের আঘাত লাগার পর তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু ওকে বাঁচানো সম্ভব হয়নি। কেননা, বুলেটের আঘাতে ওর মগজ বের হয়ে গিয়েচিল। যাহোক, আমরা সব সময় আত্মরক্ষামুলক আবস্থান থেকে শত্রুর প্রতিটি গতিবিধির প্রতি সতর্ক দৃষ্টি রাখতাম।

হানাদাররা যে সমস্ত জায়গা ছেড়ে পালিয়ে গেছে, তার খবরটা কোলকাতার জনগণের কাছ খুব দ্রুত পৌঁছে গেল। মুক্তাঞ্চল পরিদর্শন করার জন্য সাংবাদিক,টিভি ক্যামরাম্যান এবং আরও অনেক সম্মানিত ব্যক্তি আসতে লাগলেন।ইছামতীর পশ্চিম তীর লোকে লোকারণ্য, মনে হলো কোন জনাকীর্ণ মেলা। পরিদর্শনকারী দু'একটি দলকে জিজ্ঞেস করলাম, 'আপনারা এখানে ঘোরাঘুরি করছেন কেন? উত্তর এলো, মুক্তির আনন্দ, মেজর সাহেব- মুক্তির আনন্দ'।

মুক্তির আনন্দই যেন বৈধ পাসপোর্ট। শিগগিরই মুক্ত-অঞ্চল লোকের আগমনে সরগরম হয়ে উঠলো। কোলকাতা থেকে শরণার্থীরা দলে দলে তাদের পরিত্যক্ত বাড়িঘরে ফিরে আসতে লাগলো। আবার নতুন করে ঘর বাঁধার প্রবল ইচ্ছা।

এবার সর্বাধিনায়ক কর্নেল ওসমানী সাহেব মুক্তাঞ্চল সফর করতে এলেন। তাঁকে আমি রণাঙ্গনের অগ্রবর্তী এলাকায় নিয়ে গেলাম। কতকগুলো অসুবিধার জন্য সাতক্ষীরা থেকে আট মাইল দূরে আমাদের থামতে হয়েছিল।কি করে এই অসুবিধাগুলো দূর করা যায়, তাঁকে বুঝিয়ে বললাম। আমার পরিকল্পনা ছিল, সাতক্ষীরার পিছনে দু'দিক থেকে সৈন্য পঠিয়ে হানাদারদের পালানোর পথ বন্ধ করে দেয়া এবং যাতে নতুন সৈন্য আমদানী করে শক্তি বৃদ্ধিকরতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখা। দু'টো প্রধান রাস্তা দিয়ে সাতক্ষীরার সাথে চলাচল ব্যবস্থার সংযোগ সাধন করা হতো। একটা হলো, যশোর থেকে কদমতলা হয়ে- অপরটা হলো কালিগঞ্জ থেকে যে পথ ধরে আমরা অগ্রসর হচ্ছিলাম, সেই পথ। এ রাস্তাটা সাতক্ষীরার ভেতর দিয়ে দৌলতপুর-খুলনা পৌঁছেছে। স্থির করলাম, প্রত্যেকটি রাস্তায় বাধা সৃষ্টি করবো।

২৯শে নভেম্বর, হাবিলদার আফজালের নেতৃত্বে দু'শো মুক্তিযোদ্ধার একটি দল সাতক্ষীরার পথে পাঠিয়ে দিলাম। কিন্তু যেভাবে তাকে নির্দেশ দিয়েছিলাম সেইমত কাজ করতে ব্যর্থ হলো। তারপর লেঃ আহসানউল্লাহর সেতৃত্বে দু'শো মুক্তিযোদ্ধার একটি দলকে ওই একই পথে পাঠানো হলো। আহসানইল্লাহ অত্যন্ত সাহসী যুবক। তার যোগ্যতা ও সামর্থ্য সম্বন্ধে আমি নিশ্চিত ছিলাম। এগিয়ে যাবার প্রচন্ড শক্তি তার মধ্যে। ডানদিক থেকে একশো মুক্তিযোদ্ধার আর একটি দলকে মিঃ শাজাহানের নেতৃত্বে সাতক্ষীরা-দৌলতপুর রাস্তায় ওঁৎ পেতে শত্রুকে আঘাত করার জন্য পাঠিয়ে দিলাম। ক্যাপ্টেন হুদাকে বললাম যে, রাতের বেলায় আক্রমণাত্মক পাহারা দিয়ে শত্রুদের উপর চাপ সৃষ্টি করে যত তাড়াতাড়ি সম্ভব সাতক্ষীরা অধিকার এবং সৈন্যদের দ্রুত পুনর্গঠিত করে পলায়নের পর শত্রুদের পিছু ধাওয়া করতে হবে।

ইতিমধ্যে প্রশাসনিক ব্যবস্থার বৃহদাংশ নদীর ওপার থেকে দেবহাটায় স্থানান্তরিত করা হয়েছে। এখানে ভূতপূর্ব সি-এস-পি অফিসার মিঃ আতাউর রহমানের তত্বাবধানে পাঁচশো তরুণ যুবক নিয়ে একটা ট্রেনিং ক্যাম্প খুলে দিলাম। মিঃ আতাউর রহমান যুবক, কর্তব্যপরায়ণ। মুক্তিযুদ্ধে তিনি সর্বান্তকরণে সক্রিয় অংশগ্রহণ করেন। এই যুদ্ধে তার দান অপরিসীম। শীগগীরই ক্যাম্পের কার্যাকলাপ সাংবাদিক ও চলচ্চিত্র প্রযোজকদের দৃষ্টি আকর্ষণ করলো। সব মতাদর্শের রাজনৈতিক নেতৃবৃন্দ ক্যাম্প পরিদর্শনে আসতে লাগলেন। অনেক গণ্যমান্য লোকজন সাথে নিয়ে ও পুনর্বাসন মন্ত্রী মেঃ কামরুজ্জামান এই ক্যাম্প পরিদর্শন করে অত্যন্ত খুশী হলেন। ছেলেরা' জয় বাংলা' ধ্বনি তুলে মন্ত্রী মহোদয়কে স্বাগত জানালে তিনি অভিভূত হয়ে পড়লেন। কিন্তু এই সৌজন্যমুলক

পরিদর্শনে আমি খুশী হতে পারিনি। কেননা, সামনে এখনও অনেক দুস্তর পথ আমাদের অতিক্রম করতে হবে। ২রা ডিসেম্বর পর্যন্ত লেঃ আহসানইল্লাহর কাছ থেকে কোন ফলপ্রসূ খবর পাইনি। রাস্তায় ট্যাংকবিধবংসী মাইন পুঁতে শত্রুদের একটিমাত্র জীপ সে উড়িয়ে দিয়েছিল। রাস্তার ধার দিয়ে একটা সুদৃঢ় বাংকার তৈরী করে শত্রুপক্ষ অবস্থান নেয়ায় আহসানউল্লাহ ওদের কাছ ঘেঁষতে পারেনি। শত্রুদের অবস্থান থেকে দু'দিকে প্রায় দু'শো গজ পর্যন্ত উন্মুক্ত ধানক্ষেতও জলাশয়। সবকিছুই ভালভাবে দুষ্টিগোচর হতো না। ডানদিকে মিঃ শাজাহনের বেলায় সঠিক একই অসুবিধা। তাছাড়াও, রাজাকারদের কাছ থেকে তাকে তীব্র প্রতিরোধের সম্মুখীন হতে হয়েছিল।

অবস্থার কোন উন্নতি হলো না। যেমন ছিল তেমনই রয়ে গেল। শত্রুদের পরিকল্পনা ছিল রাজাকার দ্বারা প্রতিরোধ তৈরী করে রাতের অন্ধকারে আস্তে আস্তে সরে পড়া । সাতক্ষীরা ও তার পার্শ্ববর্তী এলাকার প্রায় শতকরা পঁচাশি জন লোক সামরিক চক্রের দালাল হিসাবে হানাদারদের সক্রিয় মদত যুগিয়েছে। তার ফলে সবকিছুই মন্থর গতিতে চলতে থাকে। কিন্তু ইতিহাসের ক্রমবিকাশ ও চিরন্তন গতিকে কে রুখতে পারে? পুর্ব রণাঙ্গনেই শুধু পাকিস্তানী জেনরেলরা বিভ্রান্ত ও দিশেহারা হলো না, পশ্চিম রণাঙ্গনেও রীতিমত হিমশিম খেয়ে উঠলো। ১৯৬৭ সালে ইসরাইল যে রকম ব্লীসৎক্রীগ' কায়দায় আরবদের উপর অতর্কিতে ঝাঁপিয়ে পড়ে, ঠিক একই কয়দায় পাক- সামরিক জান্তা তাদের বিমান বাহিনীর মিরেজ ও মিগ নিয়ে ডিসেম্বর মাসের ৩ তারিখ রাত্রে ভারতের উপর হহামলা চালায়। ভারতের প্রধানমন্ত্রী মিসেস ইন্দ্রিরা গান্ধীও খুব সতর্ক ছিলেন। তিনি ওই রাত্রেই জরুরী অবস্থা ঘোষণা করে পাক হামলার সমীচীন জবাব দিলেন। সুরায় বিভোর জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খান মনে করেছিল রাজনীতি সচেতন বাঙালীকে চিরদিনের জন্য দাবিয়ে রাখতে পারবে এবং এই হীন উদ্দেশ্যেই সে ভারত আক্রমণ করে সমস্যাটার উপর আন্তর্জাতিক রং চাপিয়ে ভারতের সাথে একটা রাজনৈতিক মীমাংসায় আসতে চেয়েছিল। কিন্তু সে চরমভাবে ব্যর্থ হলো।

৬ই ডিসেম্বর। বেলা ১১টার সময় 'অল ইন্ডিয়া রেডিও' মারফত ঘোষণা করা হলো যে, ভারত বাংলাদেশকে সার্বভৌম রাষ্ট্র বলে স্বীকৃতি দিয়েছে। দীর্ঘ ন'মাস যাবৎ সাড়ে সাত কোটি বাঙালী অধীর আগ্রহে দিনটির জন্য প্রতীক্ষায় ছিল। সংবাদটা শুনে মন থেকে চিন্তা ও উত্তেজনা দূরীভূত হলো। হঠাৎ স্বীকৃতির এই ঘোষণা শুনে সাড়ে সাত কোটি বাঙালীর এই বিধস্ত অন্তর গর্বে ফুলে উঠলো। স্বীকৃতি শুধু ফাইলের ভেতরেই সীমাবদ্ধ রইল না বা বাতাসে মিলিয়ে গেল না। মিত্রবাহিনী মুক্তিবাহিনীর কাঁদে কাঁদ মিলিয়ে প্রথম তিনদিনেই যশোর ক্যান্টনমেন্ট অধিকার করে নিলো। সুদৃঢ় অবস্থান ছেড়ে দিয়ে পাক হানাদাররা উর্ধ্বশ্বাসে পালাতে শুরু করলো। প্রত্যেকেই আশা করেছিল যে, পাক বাহিনী যশোরে আমাদের প্রচন্ড বাধা দেবে। কেননা, যশোর ক্যান্টনমেন্ট দুর্ভেদ্য বলে মনে করা হতো । কিন্তু হানাদাররা তেমন কোন বাধা দিতে না পারায় মিত্রবাহিনী ও আমরা নিরাশ হয়ে পড়লাম। অথচ মিত্রবাহিনীর কমান্ডাররা প্রথমে, মনে করেছিল যে, পাকিস্তানীদের উৎখাত করতে কমপক্ষে ১৫দিন সময় লাগবে।

অপর দিকে আমদের মুক্তিবাহিনী ডিসেম্বর মাসের ৩ তারিখে সাতক্ষীরা অধিকার করে সাতক্ষীরা দৌলতপুর রোড ধরে অগ্রসর হতে লাগলো। সাতক্ষীরা অধিকার করে যে পরিমান অস্ত্রশস্ত্র, গোলাবারুদ, জ্বালানী তেল, রেশন ও অন্যান্য মুল্যবান জিনিসপত্র আমাদের হাতে এসেছিল, তা দিয়ে পুরো এক বছর যুদ্ধ করা যেতো। কিন্তু এই সময় অধিকৃত জিনিসপত্রের প্রতি আমাদের কোন মোহ ছিল না। আমাদের একমাত্র মোহ, একমাত্র উত্তেজনা শুধু সামনের দিকে অগ্রসর হওয়া। ফেছনে মুক্তিবাহিনীর উপর ওইসব পরিত্যক্ত জিনিসের হেফাজতের ভার দিয়ে ক্যাপ্টেন হুদা তার বাহিনীর লোকজন নিয়ে মাইলের পর মাইল পায়ে হেঁটে অগ্রসর হতে লাগলো।

হানাদাররা পালাবার সময় প্রধান সেতুগুলো ধ্বংস করে দিয়েছিলো। এর ফলে আমরা খুবই অসুবিধার সম্মুখীন হলাম। দু'একটা জীপ ছাড়া আমাদের কাছে কোন যানবাহন ছিল না। এই জীপগুলো নানা উপায়ে পার

করা হতো। মিঃ ফজলুল হক ও সুলতানউদ্দীন আহমেদ যথাক্রমে সদর দপ্তর ও গেরিলা ক্যাম্পের সামরিক দায়িত্বে নিযুক্ত ছিল। তাদের শেষ নির্দেশ দেয়ার জন্য আমি ফিরে গেলাম।

চার্লি সেক্টর থেকে সর্বশেষ যে নির্দেশ পেলাম, তা হলো-অস্ত্রপাতি ছাড়া মুক্তিযোদ্ধদের বিদায় দিতে। সবচেয়ে মজার ব্যাপার হলো, বিভিন্ন যুবকেন্দ্রের ম্যানেজাররা এম সি এ'রা স্বাধীনতার উল্লাসে আত্মহারা হয়ে ছেলেদের ফেলে রেখে যে যার মত আগেই চলে যায়। আর ছেলেরা পড়ে মহাসংকটে। বাংলাদেশে ফিরে যাবার মত কোন সম্বলই ছিল না তাদের। তারা আমার হেডকোয়ার্টরের চারিদিকে এসে ভীড় করলো এবং অনুরোধ জানালো যে তাদের জন্য যেন কোন বন্দোবস্ত করে দেই। আমার এক বন্ধুর সাথে যোগাযোগ করে ছেলেদের যাবার বন্দোবস্ত করার জন্য সুলতান ও হককে বলে দিলাম।

দিনটা ডিসেম্বরের ৯ তারিখ। সবকিছুই এলোমেলো। কারুর দিকে কারুর দৃষ্টি নেই। কাজকর্ম ফেলে রেখে সবই বাংলাদেশের ভেতরে চলে যেতে চায়। আমি তাদের মানসিক অবস্থা উপলব্ধি করতে পারি। কিন্তু পিছনের কাজকর্ম গুছিয়ে দেয়ার জন্য কাউকে অন্ততঃ এখানে থাকতে হবে। পরিকল্পনা মোতাবেক বেগকে তার দলবলসহ গণ-পরিষদ সদস্য মিঃ নূরুল ইসলাম মঞ্জুর সাথে বরিশালে পাঠিয়ে দিলাম।

টাকি ও হাসনাবাদের দিকে চেয়ে মনটা কেঁদে উঠলো। মনে হলো, ওরা আজ বড্ড শূন্য, বড্ড নিঃসংগ। দীর্ঘ ন'মাস যাবৎ অসংখ্য মুক্তিযেদ্ধা ও শরণার্থীর ভীড়ে কর্মচঞ্চল হাসনাবাদ ও টাকি আজ নীরব। যেন ফুঁপিয়ে ফুপিয়ে কাঁদছে আমি ভয়ানক অন্তজ্বালা অনুভব করলাম। শেষবারের মত ইছামতী ও আমার হেডকোয়ার্টারের দিকে অশ্রুসজল চোখ দুটো বুলিয়ে মোস্তফাকে আমার জীপে উঠতে বললাম। অন্যমনস্কভাবে কিছুক্ষন তাকিয়ে রইলাম, হক ও অন্যান্য সাথীদের দিকে। পরে খুলনায় এসে আমার সাথে যোগ দেয়ার জন্য ওদের নির্দেশ দিলাম এবং আমাদের অগ্রবর্তী বাহিনীর সাথে যোগ দেয়ার জন্য আমি এগিয়ে চললাম। পিছনে পড়ে রইল স্মৃতিবিজড়িত হামসাবাদ, টাকি-চেনা-অচেনা মুখ ও হাসিকান্নার অনেক গল্প।

বিজয়ের আনন্দে আমার গাড়ী চাকাগুলো অসম্ভব দ্রুতবেগে ঘুরতে লাগলো। আমি দৌলতপুর থেকে ১০ মাইল দূরে একটি স্কুলের কাছে আমার লোকজনদের সংগে মিলিত হলাম। এই জায়গাটার নাম শাহপুর। এখান থেকে একটি রাস্তা বের হয়ে যশোরর- খুলনার বড় রাস্তার সাথে ফুলতলার কাছে এসে মিশেছে।

ডিসেম্বরের ৯ তারিখের রাত। স্কুল থেকে অগবর্তী এলাকায় মিত্রবাহিনী ও মুক্তিবাহিনী মাত্র এক মাইল দূরে। শত্রুপক্ষের অবস্থানের হাজার গজের মধ্যে মিলে এক কোম্পানী সৈন্য মোতায়েন করা হয়েছিল। ৯ তারিখ রাত্রেই আমি ওদের কাছে যেতে চাইলাম। কিন্তু ওদের কাছে, পৌছানো দুঃসাধ্য ছিল। কেননা, ওরা তখন সামনের দিকে এগিয়ে যাচ্ছিল। সুতরাং স্থির করলাম, ১০ তারিখে ভোরে ওদের সাথে মিলিত হবো। রাতটা ভয়ানক রকমের অশান্ত। সারারাত ধরে দ'পক্ষের কামানগুলো অবিশ্রান্ত গর্জন করছিল। স্কুলের ছাদে উঠে আমি, মোস্তফা, ডাঃ শাজাহান ও হুদা দেখতে পেলাম সারা আকাশটা লালে লাল। কামানের গর্জনে স্কুলের ছাদটা থরথর করে কাঁপছে। খুবই উত্তেজক সন্দেহ নেই। কিন্তু বড় করুণ, বড় নির্মম। কেননা, শত্রু মিত্র অনেক মানুষের জীবন প্রদীপ নিভে গেছে হিংস্র কামানের গোলায়। সমস্ত রাত শুধু কামানের গর্জন আর গর্জন।

১০ই ডিসেম্বর থেকে ১৭ই ডিসেম্বর পর্যন্ত সময়টা অতিবাহিত হলো অহেতুক উদ্দীপনা, উত্তেজনা ও এক রকম বিশ্রামের মধ্য দিয়ে। মুক্তিসংগ্রামের শেষ পর্ব। দুঃখ ও আনন্দে আবহাওয়া ভারাক্রান্ত। স্থানীয় লোকজন বিজয়ের আনন্দে আত্মহারা। নানাভাবে আতিথ্য দেখিয়ে জনগণ আমাদের মুগ্ধ করলো। যেন আমরা সবাই একই সংসারের লোক, একই সুখ দুঃখের ভাগী। রাস্তার পার্শ্বে সেই স্কুলটায় যে সপ্তাহটা কাটিয়েছিলাম, তার পূর্ণাংগ চিত্র তুলে ধরার জন্য রণাংগনের ডাইরীর কিয়দংশ তুলে ধরছিঃ

১০ই ডিসেম্বর,১৯৭১ সালঃ গত রাতে ঘুমাতে পারিনি। কামানগুলো ঝিমিয়ে পড়েছে। গুহায় আহত সিংহের মত কামানগুলো তবুও মাঝে মাঝে গোঙাতে লাগলো। ভোরে ঘুম থেকে উঠে এক মগ চা দিয়ে গলাটা ভিজিয়ে অগ্রবর্তী ঘাটিতে যুদ্ধরত সৈন্যদের কাছে গেলাম। এটা আমাদের দ্বিতীয় অবস্থান। সাতক্ষীরা দৌলতপুর রাস্তায় প্রায় একহাজার গজ সামনে মেজর ঠাকুরের নেতৃত্ব ১৩নং 'ডোগরা' পদাতিক বাহিনী অবস্থান নিয়েছিল। অগ্রবর্তীদলের মর্টার সজ্জিত সৈন্য দলটিও এখানে অবস্থান নেয়। রাস্তার দু'দিকে খোলা জলাশয়, সব কিছুই চোখে পড়ে। রাস্তায় কোন রকম চলাচল করলেই শত্রুপক্ষের মেশিনগানগুলি গর্জে ওঠে। রাস্তাটা খুব উঁচু। খুলনায় অয়ারলেস স্টেশনের টাওয়ার ও দৌলতপুর পানির ট্যাংক ভালভাবে দেখা যায়। এত কাছে তবু সোজাসুজি যেতে পারছি না। খুলনাকে দেখে আমি খুবই তৃষ্ণার্ত ও উত্তেজিত হয়ে উঠলাম। যেহেতু পিছন দিক থেকে অনেকটা পথ ঘুরে আসতে হয়, সেজন্য আমাদের সৈন্যরা দু'দিক থেকে অগ্রসর হতে লাগলো। তাছাড়া মিত্রবাহিনীর আগে আমাদের যাবার কথা নয়। কাজেই আমাদের পিছনে থেকে যুদ্ধের গতিবিধি লক্ষ্য করা ছাড়া কোন উপায় ছিল না। মুক্তিযোদ্ধাদের সাথে কথা বললাম। ওদের অধিকাংশই খুলনার লোক। দেখলাম, ওদের মনোবল খুবই উঁচু। ওদের ঘরদোরের করুন দৃশ্য চোখের সামনে ভেসে উঠলো। স্কুলে ফিরে এসে আমাদের যা কিছু আছে সব একত্র করার জন্য হুদাকে বললাম।সম্ভাব্য বিপদের হাত থেকে রক্ষা পাবার জন্য ট্রেঞ্চ খনন করে তার ভেতরে আমরা আশ্রয় নিলাম। কেননা, এই জায়গায় শত্রুপক্ষের কামানোর আওতায়। স্বস্তির নিঃশ্বাস ফেলে সতর্ক হয়ে প্রস্তুত রইলাম। আকাঙ্ক্ষিত চরম লক্ষ্যবস্তুর কত কাছে আমরা-তবু কত দূরে।

১১ই ডিসেম্বর,১৯৭১ সালঃ যে দৃশ্য দেখেছি, তা জীবনের অন্যতম স্মরণীয় ঘটনা হয়ে থাকবে। দেখলাম, সাতক্ষীরা-দৌলতপুর রোড লোকে লোকারণ্য। বিভিন্ন যুবকেন্দ্র থেকে ওরা দলে দলে ফিরে আসছে। যতদূর চোখ যায় শুধু লোক আর লোক। কাঁধে ছোট ছোট বোঝা। রিক্ত, নিঃস্ব, সম্বলহীন। ক্লান্ত পায়ে এগিয়ে আসছে মানুষের কাফেলা। আল্লাহর অসীম অনুগ্রহ, আমরা ওই রাস্তার উপরই ছিলাম, নইলে ওই রিক্ত মানুষগুলো হিংস্র শত্রুদের খপ্পরে পড়ে যেতো। সামনে অগ্রসর হতে বারণ ওদের থামিয়ে দিলাম।

একটা দোতলা দালান থাকার জন্য ঠিক করা হলো। ওদের খাওয়া-দাওয়ার বন্দোবস্ত করতে হবে। ভয়ানক চিন্তায় পড়ে গেলাম। ওরা প্রত্যেকেই এসে অভিযোগের সুরে বললো, 'স্যার, আমাদের সাথে কোন টাকা-পয়সা নেই। এম-এন-এ, এম-পি-এ'রা আমাদের ফেলে পালিয়ে গেছে।' মুখগুলো শুষ্ক, কুঞ্চিত। কেননা, পঞ্চাশ মাইল পথ ওদের পায়ে হেঁটে আসতে হয়েছে। মনটা আমার কেঁদে উঠলো। ওদের সান্ত্বনা দিয়ে একটা বড় লংগরখানা খোলার জন্য চৌধুরীকে বললাম। খুলনা মুক্ত না হওয়া পর্যন্ত মুক্তিযোদ্ধাদের এখানেই থাকতে নির্দেশ দিলাম। চৌধুরীকে লংগরখানা দেখাশুনার ভার দিয়ে আমি হেডকোয়ার্টারের দিকে রওনা হয়ে গেলাম এবং ফুলতলা পৌঁছে ৯নং পদাতিক ডিভিশনের হেডকোয়ার্টারের সাথে যোগাযোগ করলাম। মেজর জেনারেল দলবীর সিং এই ডিভিশনের কমান্ডার।

ফুলতলা থেকে কিছু সামনে খুলনার দিকে যে রাস্তাটা গিয়েছে তার ডানপাশে একটি কৃষি কলেজের মধ্যে হেডকোয়ার্টারের অফিসাদি। মেজর জেনারেল সিং-এর দেখা না পেয়ে তাঁর স্টাফ অফিসারের সংগে দেখা করলাম। এই ডিভিশনের একটি ব্রিগেড হেডকোয়ার্টার থেকে তিন মাইল সামনে অবস্থান নিয়েছিল।

পাক হানাদাররা এখানে তীব্র প্রতিরোধ দিয়ে খুলনা-যশোর উপর মিত্রবাহিনী অগ্রগতি বন্ধ করে দিল। অবিরাম গোলাবর্ষণ চলতে লাগলো। মনে হলো, খুলনার শত্রুপক্ষ সুদৃঢ় ঘাঁটি গেড়েছে। সীমান্ত ও যশোর ক্যান্টনমেন্ট ছেড়ে পাকিস্তানী সৈন্যরা জড়ো হয়েছে খুলনায়। কেননা, মুক্তিবাহিনী চতুর্দিক থেকে ওদের ঘিরে রেখেছে। হানাদাররা মিত্রবাহিনীর চাইতে মুক্তিযোদ্ধাদের বেশী ভয় করতো ।

১৩ই ডিসেম্বর,১৯৭১ সালঃ আমাদের আত্মরক্ষামূলক অবস্থানের সামনে শত্রুঘাঁটির উপর বিমান হামলা পর্যবেক্ষণ করার জন্য আমি, ৯নং ডিভিশনের স্টাফ অফিসার মেজর ভট্টাচার্য, ভারতীয় বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট দত্ত আমাদের দ্বিতীয় অবস্থানে বসে সারা দিন অপেক্ষা করলাম। মিঃ দত্তের নির্দেশে এই বিমান

হামলা পরিচালিত হচ্ছিল। বায়ুস্তর ভেদ করে বিমানগুলো উড়ে আসতেই মিঃ দত্ত বেতার যন্ত্র মারফত পাইলটদের সাথে যোগাযোগ করলেন এবং সঠিক লক্ষ্যস্থলের বর্ণনা দিয়ে আঘাত হানার নির্দেশ দিলেন। পাইলটদের ঠিকমত নির্ভূলভাবে লক্ষ্যবস্তু চিনে বারবার বিমান নিয়ে 'ড্রাইভ' দিতে লাগলো। হানাদারদের কোন বিমান বা বিমানধ্বংসী কামান না থাকায় তারা এই বিমান আক্রমণের কোন প্রত্যুত্তর দিতে পারল না। অসহায়ের মত শুধু মার খেতে লাগলো।

১৪ই ডিসেম্বর, ১৯৭১ সালঃ মেজর জেনারেল দলবীর সিং-সাথে তাঁর হেডকোয়ার্টারে সাক্ষাৎ করলাম। দেখলাম গাড়ীর ভেতর তিনি একটি ম্যাপ দেখছেন এবং খুবই ব্যস্ত। তাঁকে ভয়ানক বিরক্ত ও রাগান্বিত মনে হলো। কেননা, প্রচন্ড গোলাবর্ষণ করার পরও তিনি এগুতে পারছিলেন না। তার অগ্রগতি থেমে গিয়েছেল।

ভারতের সর্বাধিনায়ক জেনারেল মানেকশ' অল ইন্ডিয়া রেডিও মারফত ঘোষণা করলেন যে, আত্মসমর্পনকারী সৈন্যদের জীবনের নিরাপত্তা দেয়া হবে। তৎসত্ত্বেও শত্রুপক্ষের আত্মসমর্পণ করার কোন লক্ষণ দেখা গেল না।

জেনারেল দলবীর সিং তাঁর একটি বাহিনীকে পথ দেখিয়ে নিয়ে যাবার কাছে আমার কাছে কয়েকজন দক্ষ লোক চাইলেন। উদ্দেশ্য, শত্রুদের বাঁদিক থেকে আক্রমণ করে বিভ্রান্ত করে ফেলা। তাড়াতাড়ি হেডকোয়ার্টারে ফিরে গিয়ে খুলনার পথ-ঘাট যাদের ভাল জানা আছে এ-রকম পাঁচজন আমি নির্বাচিত করলাম।

১৪ই সেপ্টেম্বর মুক্তিযোদ্ধারা পাগলা দেওয়ানহাট এলাকায় ৬ জন খানসেনা খতম করেন। কাড়িয়া এলাকায় স্বাধীনতা সংগ্রামীদের ব্যাপক পুঁতিয়া রাখা মাইন বিস্ফোরণে ৪ জন খান সেনা এবং ৮ জন রাজাকার খতম হয়।

ইহা ছাড়া, মুক্তিযোদ্ধারা ঠাকুরগাঁও-সেতাবগঞ্জের মধ্যে তার যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণরূপে ধ্বংস করিয়া দিয়াছেন। এই অঞ্চলে মুক্তিযোদ্ধাদের ব্যাপক তৎপরতা বৃদ্ধি পাওয়ায় খান সেনারা নদীপথেও চলাচল করিতে সাহস পায় না।

গত ১৭ই সেপ্টেম্বর মুক্তিযোদ্ধারা রাজশাহী-নাটোরের মধ্যে দুইটি বড় মাইন চার্জ করিয়া একটি মালবাহী ট্রেনের ১২টি ওয়াগন লাইনচ্যুত করিয়া দেন। মালবাহী ট্রেন ওয়াগনে খানসেনারাও ছিল। ইহাদের মধ্যে প্রায় ৫০ জন খতম এবং ৩০ জন আহত হয়।

বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে খান সেনাদের সহিত মুক্তিযোদ্ধাদের তুমুল লড়াই চলিতেছে বলিয়া সর্বশেষ প্রাপ্ত খবরে জানা গিয়াছে।

বিলম্বে প্রাপ্ত খবরে প্রকাশ, মুক্তিযোদ্ধারা ঢাকা শহর এবং উহার আশেপাশে গেরিলা তৎপরতা জোরদার করিয়াছেন। গত মাসের শেষ সপ্তাহে হানাদার পাকিস্তানী সেনারা ঢাকার ইস্কাটন এলাকার একটি বাড়ীতে আকস্মিক হানা দেয় এবং গৃহকর্তাকে মুক্তিযোদ্ধাদের সন্ধান দিতে নির্দেশ দেয়। এমন সময় কয়েকজন দুর্ধর্ষ মুক্তিযোদ্ধা ঘটনাস্থলে আসিয়া উপস্থিত হন। তাঁহারা সকলকে বিস্মিত করিয়া দিয়া হানাদার খান সেনাদের উপর ঝাঁপাইয়া পড়িয়া তাহাদের নিকট হইতে স্টেনগান ছিনাইয়া নেন। এই ঘটনায় ৪ জন হানাদার সেনা খতম হয়। অতঃপর মুক্তিযোদ্ধারা ঘটনাস্থল ত্যাগ করেন। প্রকাশ, সম্প্রতি হোটেল ইন্টারকন্টিনেন্টাল আক্রমণের সহিত জড়িত মুক্তিযোদ্ধাদের অনুসন্ধানে খান সেনারা ইস্কাটনের এই বাড়ীটিতে হানা দেয়।

চলতি মাসের দ্বিতীয় সপ্তাহে বাসাবো এলাকায় খান সেনাদের একটি ক্যাম্পে সুঃসাহসিক মুক্তিযোদ্ধারা প্রকাশ্য দিবালোকে আক্রমণ চালাইয়া খান সেনা ও পশ্চিম পাকিস্তানী পুলিশসহ ১৪ জন শত্রু খতম করেন। প্রকাশ, ঘটনার দিন খান সেনারা যখন দ্বিপ্রাহরিক ভোজে লিপ্ত, তখন দুর্ধর্ষ মুক্তিযোদ্ধারা ক্যাম্পের জানালা দিয়া মেশিনগানের সাহায্যে গোলাবর্ষণ করেন। মাত্র সপ্তাহের ব্যবধানে খানসেনাদের সুরক্ষিত সদর দফতর ঢাকা নগরীতে মুক্তিযোদ্ধাদের হাতে ১৮ জন শত্রুসেনা নিহত হওয়ায় ইসলামাবাদের ঢাকাস্থ অসুরপুরীতে মহাআতঙ্কের সঞ্চার হইয়াছে। স্মরণ থাকিতে পারে যে, আগষ্ট মাসের প্রথম দিকে সেগুনবাগিচাস্থ মিউজিক কলেজে খানসেনাদের ক্যাম্পে অতর্কিত আক্রমণ চালাইয়া ৬ জন হানাদার সৈন্য খতম করেন।

চলতি মাসের প্রথম সপ্তাহে মুক্তিযোদ্ধারা নরসিংদীর নিকট পাক বোঝাই একটি কার্গো বার্জ ডুবাইয়া দেন। ৮ই সেপ্টেম্বর মুক্তিযোদ্ধারা ময়মনসিংহ জেলার মোহনগঞ্জ এলাকায় নদীপথে পাকসেনাদের উপর প্রচন্ড আক্রমণ চালান। প্রচুর অস্ত্রশস্ত্র বোঝাই তিনটি নৌকা ফেলিয়াই কাপুরুষ পাকিস্তানী সেনারা পলায়ন করে। মুক্তিযোদ্ধারা এই সকল অস্ত্রশস্ত্র এবং নৌকা দখল করেন। ৫ই সেপ্টেম্বর সিলেট-ময়মনসিংহ সীমান্তে ধর্মপাশা এলাকায় খানসেনাবাহী কয়েকটি নৌকার উপর আকস্মিক আক্রমণ চালাইয়া প্রায় ৬২ জন খানসেনা নিহত হয়। ইহাদের মধ্যে একজন মেজরও রহিয়াছে।

সর্বশেষ খবরে জানা যায়, গত পাঁচদিনে কুমিল্লা, নোয়াখালী ও কুষ্টিয়ায় প্রায় চারশো জন হানাদার দস্যু খতম হয়েছে।

সেপ্টেম্বর ১৪ তারিখে একমাত্র কুষ্টিয়া শহরের মুক্তিযোদ্ধারা খতম করিয়াছেন ১৩০ জন হানাদার দুশমনকে। ইহার পর হানাদারদের সাহার্য্যার্থে নতুন পাকিস্তানী সৈন্য আসিলে মুক্তিযোদ্ধারা তাহাদের উপর প্রচন্ডভাবে আক্রমণ চালান। প্রচুর ক্ষয়ক্ষতি স্বীকার করিয়া শত্রুসৈন্যরা পশ্চাদপসারণ করিতে বাধ্য হয়। অতঃপর পাকিস্তানী বিমান বাহিনী তাহাদের সাহায্যে আগাইয়া আসিয়া নির্বিচারে বোমা বর্ষণ করে।

মুক্তিবাহনীর দুর্ধর্ষ গেরিলা যোদ্ধারা গত আগষ্ট মাসের শেষ সপ্তাহ হইতে ঢাকা শহর ও শহরতলী এলাকায় ব্যাপক গেরিলা আক্রমণ চালাইয়া যাইতেছেন। বাসাবো এলাকার একটি পাকিস্তানী ঘাঁটির উপর গেরিলারা অতর্কিত আক্রমণ চালান এই মাসের দ্বিতীয় সপ্তাহে। ইস্কাটন এলাকায় গেরিলারা এই সময়ে আরেকটি আক্রমণ চালান। এই দুইটি আক্রমণে প্রায় ২০ জন শত্রুসৈন্য প্রাণ হারায়।

ইহা ছাড়া গেরিলারা চট্টগ্রামে একটি পাকিস্তানী মালবাহী বার্জ ডুবাইয়া দেন এবং বার্জের চালককে বন্দী করেন।

মক্তিযোদ্ধারা কুমিল্লা, নোয়াখালী, যশোর, খুলনা, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলে ব্যাপক আক্রমণ চালাইয়া শত্রুসৈন্যদের নাজেহাল করেন।

-বাংলার বাণী, ২১ শে সেপ্টেম্বর, ১৯৭১

*　　*　　*　　*　　*

রণাঙ্গনে

মুক্তিযোদ্ধাদের আক্রমণে সিলেটে ২টি শত্রুসৈন্যবাহী লঞ্চ নিমজ্জিতঃ
৪ শত খান সেনা নিহত

আমাদের যোদ্ধারা গত সপ্তাহে সবচেয়ে বেশী সাফল্য অর্জন করেন সুনামগঞ্জ অঞ্চলে। ছাতক ও সুনামগঞ্জের মধ্যবর্তী একটি এলাকায় গেরিলা যোদ্ধারা শত্রু সৈন্যবাহী ৪টি লঞ্চের একটি কনভয়ের উপর প্রচন্ড চোরাগোপ্তা হামলা চালিয়ে ২টি লঞ্চ ডুবিয়ে দিয়েছেণ। এই আক্রমণে কমপক্ষে ৪ শত পাকিস্তানী সৈন্য নিহত হয়েছে। এছাড়া কয়েকদিন আগে তারা ছাতকের উত্তর দিকে শত্রু অবস্থানের উপর প্রচন্ড আক্রমণ চালান। এই আক্রমণে শত্রুপক্ষের হতাহতের সংখ্যা নির্ণয় না করা গেলেও রেডক্রসের গাড়ীতে করে খান সেনাদের লাশ সরাতে দেখা যায়। নীলপর গ্রামের নিকট মুক্তিসেনাদের পোঁতা মাইনে অস্ত্রশস্ত্র বোঝাই একটি পাক সামরিক যান বিধ্বস্ত হয়।

জলিলপুরে মুক্তিবাহিনী ও পাক ফৌজের সাথে গোলাগুলি বিনিময়ের ফলে ৬ জন খান সেনা নিহত ও আরও ৭ জন আহত হয়।

খুলনায় দুইজন পাক সেনা খতম

গত ১৩ই সেপ্টেম্বর খুলনা জেলার হরিনগরে গেরিলা যোদ্ধারা একটি পাকিস্তানী গানবোটের ওপর হাতবোমা নিক্ষেপ করে ২ জন পাক সৈন্যকে হত্যা করেছেন। গানবোটটি পানিতে ডুবে যায়।

বানারীপাড়ায় ২৮ জন পাক সৈন্য নিহত

বিলম্বে প্রাপ্ত খবরে প্রকাশ, বরিশাল জেলার বানারীপাড়া থানায় এক সংঘর্ষে মুক্তিবাহিনী গত ৯ই সেপ্টেম্বর ২৮ জন পাকসৈন্য ও রাজাকারকে হত্যা করেছেন।

প্রকাশ বাংলাদেশের গেরিলা যোদ্ধারা থানা সংলগ্ন একটি পুকুর সাঁতার কেটে পার হয়ে বোমা ও আগ্নেয়াস্ত্রসহ শত্রুসৈন্যদের আক্রমণ করেন এবং ট্রেঞ্চ ও প্রাচীর ধ্বংস করে তাদের হত্যা করেন।

দিনাজপুরে ৪২ জন শত্রুসৈন্য ও রাজাকার খতম

গত ১৫ই সেপ্টেম্বর রাত্রে দিনাজপুরের বুড়িমারী গ্রামে মুক্তিযোদ্ধারা একজন ক্যাপ্টেনসহ ১৩ জন হানাদার সেনাকে খম করেছেন। ঐ রাত্রেই মুক্তিযোদ্ধারা আরেকটি সফল আক্রমণ চালিয়ে হেমকুমারীতে ৯ জন রাজাকারকে হত্যা করেন।

গত ১৭ই সেপ্টেম্বর জলপাইগুড়ি জেলার চাউলহাটি সীমান্তের নিকটে, দিনাজপুরের পঁচাগড়, দেবীগঞ্জ ও ঠাকুরগাঁও খণ্ডে মুক্তিবাহিনীর সঙ্গে পাক ফৌজের প্রচন্ড সংঘর্ষ হয়। কিছুদিন আগে অত্র এলাকায় মুক্তিবাহিনী কমপক্ষে ২০ জন পাকসৈন্যকে খতম করেন।

স্বাধীনতাকামীরা পার্বতীপুর ও সান্তাহারের মধ্যে টেলিফোন যোগাযোগ নষ্ট করে দিয়েছেন।

রংপুরে ১২ জন খতম

গত ১৩ই সেপ্টেম্বর রংপুরের ডিমলা এলাকায় গেরিলা যোদ্ধারা মাইন দিয়ে একটি ট্রাক উড়িয়ে দেন। ফলে ১২ জন হানাদার সৈন্য নিশ্চিহ্ন হয়। গেরিলা যোদ্ধারা আলিনগর এলাকায় কয়েকজন তাঁবেদারের বাড়ী আক্রমণ করে বহু অস্ত্র উদ্ধার করেছেন।

মুক্তিযোদ্ধারা চিলমারীতে একটি পাক টহলদার দলের উপর হামলা করলে কয়েকজন দস্যু সৈন্য হতাহত হয়।

গেরিলা যোদ্ধারা ১৩ ও ১৪ই সেপ্টেম্বর রাণীশঙ্কের ও ভূরুঙ্গামারী অঞ্চলে কয়েকজন সামরিক ও তাবেদার বেসামরিক সশস্ত্র লোককে হতাহত করেন।

রাজশাহীতে ৮০ জন খান সেনা হতাহত

স্বাধীনতাকামীরা গত ১৭ই সেপ্টেম্বর ভোরে রাজশাহী ও নাটোরের মধ্যে দুটি বড় মাইন চার্জ করে একটি মালবাহী ট্রেনের ১২টি ওয়াগন লাইনচ্যুত করে। ফলে প্রায় ৫০ জন পাকিস্তানী সৈন্য নিহত ও আরও ৩০ জন আহত হয়।

চট্টগ্রামে টাগবোট ক্ষতিগ্রস্ত

চট্টগ্রামে গেরিলা যোদ্ধারা ১১ই সেপ্টেম্বর শত্রুবাহিনীর একটি টাগবোট আক্রমণ করেন। তাঁরা বোটের পাইলটকে অপহরণ করে নিয়ে যান। বোটটি ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়।

নোয়াখালীতে ৮৪ জন শত্রুসৈন্য নিহত

গত ১৩ই সেপ্টেম্বর আমাদের দুঃসাহসিক যোদ্ধারা নোয়াখালীর একটি এলাকায় শত্রু অবস্তানের ওপর এক অতর্কিত অভিযান চালিয়ে কমপক্ষে ১০৯ জনকে খতম ও ১৬ জনকে গুরুতর রূপে আহত করেছেন।

সম্প্রতি ফেনীতে ৬ ঘণ্টাব্যাপী সংঘর্ষে একজন মেজরসমেত ৫৮ জন পাক সেনা মুক্তিযোদ্ধাদের হাতে খতম হয়েছে।

কুমিল্লা সেক্টরে ৭২ জন পাক সেনা নিহত

গত ১৩ই ও ১৪ই সেপ্টেম্বর বিভিন্ন এলাকায় মুক্তিবাহিনীর গেরিলা যোদ্ধারা সফল আক্রমণ চালিয়ে ৬০ জন পাক সৈন্য নিহত ও ২৪ জনকে গুরুতররূপে আহত করেন। কুমিল্লার সালদার, কায়েমপুর, লক্ষ্মীপুর, মীর্জানগর, রঘুরামপুর ও জগন্নাথদীঘিতে শত্রুসেনার উপরোক্ত ক্ষয়ক্ষতি হয়।

গত ১২ই সেপ্টেম্বর আখাউড়ার উত্তর-পূর্ব মুকুন্দপুরে মুক্তিবাহিনী শত্রু সেনাবাহী একটি ট্রেন আক্রমণ করে বিধ্বস্ত করে দিয়েছেন। এতে ট্রেনের যাত্রী, একজন পাকিস্তানী সামরিক অফিসার, ইঞ্জিন ড্রাইভার ও এক ডজনেরও বেশি রাজাকার নিহত হয়েছে।

চলতি মাসের দ্বিতীয় সপ্তাহের গোড়ার দিকে মুক্তিবাহিনীর সাথে হানাদার সেনাদের কয়েকটি বিচ্ছিন্ন্ সংঘর্ষে রাজাকারসহ প্রায় দু'শ পাকিস্তানী সৈন্য খতম হয়েছে।

মুক্তিযোদ্ধারা কুমিল্লা অঞ্চলে শত্রুপক্ষের ৫টি গুরুত্বপূর্ণ বাঙ্কার উড়িয়ে দেন এবং প্রচুর পরিমাণ অস্ত্রশস্ত্র ও গোলাগুলী উদ্ধার করেন। মুক্তিবাহিনী গ্রামাঞ্চলে সৈন্যবাহিনীর সরবরাহ লাইনটি সাফল্যের সঙ্গে বানচাল করে দিয়েছেন।

রাজাকারেরা দলে দলে ধরা দিচ্ছে

হানাদার খান সেনারা মুক্তিবাহিনীর ব্যাপক তঃপরতা প্রতিহত করার জন্য লুটপাটের লোভ দেখিয়ে মাত্র দু'সপ্তাহের ট্রেনিং দিয়ে যে রাজাকার দল গঠন করেছিল তারা এখন প্রতিদিন দলবদ্ধভাবে আমাদের মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পণ করছে।

গত ১৬ই সেপ্টেম্বর কুষ্টিয়ার বাবলাচড়া ইউনিয়ন শান্তি কমিটির চেয়ারম্যান তার অধীনে ২২ জন রাজাকারকে সঙ্গে নিয়ে মুক্তিবাহিনীর হাতে আত্মসমর্পণ করেছে। সেই সঙ্গে উক্ত দলটি তাদের কাছে রক্ষিত সমস্ত রসদসহ রাইফেল, হাল্কা মেশিনগান, শটগান, স্টেনগান প্রভৃতি বিপুল অস্ত্রশস্ত্রও মুক্তিবাহিনীর হাতে তুলে দেয়।

এ ধরনের বেশ কয়েকটি রাজাকার দল মুক্তিবাহিনীর হাতে ধরা দিয়েছে। একমাত্র খুলনা জেলাতেই এ ধরনের দলত্যাগীর সংখ্যা ৬০। তারা তাদের সব অস্ত্রশস্ত্রসমেত মুক্তিবাহিনীতে গিয়ে আত্মসমর্পণ করেছে।

-জয়বাংলা, ২৪ সেপ্টেম্বর, ১৯৭১

* * * * *

রণাঙ্গন থেকে

মুক্তিবাহিনীর সদর দপ্তর হইতে প্রচারিত বুলেটিনে প্রকাশ, গত দুই সপ্তাহে বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে কয়েকশত হানাদার সৈন্য খতম হইয়াছে। বিশেষত সিলেট, ময়মনসিংহ, ঢাকা নোয়াখালী ও চট্টগ্রামে গেরিলাদের অবিরাম তৎপরতায় হানাদারদের নাভিশ্বাস উঠিয়াছে।

গত সপ্তাহে মুক্তিবাহিনীর গেরিলারা মাইনের সাহায্যে বুড়িচং-এর কাছে ৩০ জন শত্রুসৈন্যকে খম করে।

চট্টগ্রামে মুক্তিবাহিনী গত ২৭শে সেপ্টেম্বর রাঙামাটি থানা ও জলবিদ্যুৎ কেন্দ্র আক্রমণ করে ও থানার অস্ত্রশস্ত্র দখল করে।

সিলেট রণাঙ্গনে গত সপ্তাহে মুক্তিবাহিনী সুরমা নদীতে শত্রুপক্ষের দুইটি স্পীডবোট ধ্বংস করে। মুক্তি বাহিনী মাইনের সাহায্যে সিলেট শহরে একটি পাওয়ার সাব স্টেশন উড়াইয়া দেয় ও কয়েকটি সামরিক গাড়ি ধ্বংস করে। রাধানগর, জয়ন্তিয়াপুর, জাফলং, নুমাগহজ ও সুরমা নদীপতে কয়েকটি তৎপরতায় গেরিলারা কমপক্ষে ৪০ জন পাক সেনা ও রাজাকারকে হত্যা করে।

গত সপ্তাহে ময়মনসিংহ জেলার বিরিসিরি, বিজয়পুর, বন্দর কাটা ও শেরপুর এলাকায় ৯ জন শত্রু সৈন্য খতম হয়।

মুক্তিবাহিনী এই জেলায় ব্রহ্মপুত্রের পূর্ব পাড়ে রাহুমারি ও মীরগঞ্জ এলাকায় নিজেদের দৃঢ় কর্তৃত্ব স্থাপন করিয়াছে।

গত দুই সপ্তাহে বিভিন্ন অভিযানে মুক্তিবাহিনী নোয়াখালীর ছাগলনাইয়ায় ৫ জন, মনোহরপুর আজমপুর ও জামবাড়িতে ২০ জন, কোটেশ্বরে ৩ জন ও ছদিয়া গ্রামে ১২ জনসহ বহুসংখ্যক শত্রু সৈন্যকে খতম ও আহত করিয়াছে।

গত ২৮ শে সেপ্টেম্বর কুমিল্লার ক সবার কাছে কাইউমপুরে শত্রু ঘাঁটির উপর মর্টার দ্বারা আক্রমণ চালাইয়া মুক্তিবাহিনী ৩৫ জন শত্রুসৈন্যকে খম ও ১৫ জনকে আহত করে। কিছু অস্ত্রপাতি দখল করে। এই সংঘর্ষে মাত্র একজন গেরিলা আহত হন।

সাবাস!

ঢাকা শহরের বুকের উপর প্রকাশ্য দিবালোকে শত্রু হনন চলিতেছে। গত ৯ই সেপ্টেম্বর ঢাকা শহরের বাসাবো এলাকায় শত্রুদের একটি চেকপোস্টে ১১ জন পাঞ্জাবী পুলিশ ও কয়েকজন রাজাকারকে হত্যা করিয়া মুক্তিবাহিনীর একদল তরুণ যোদ্ধা চমকপ্রদ গেরিলা কৌশলের নজির স্থাপন করিয়াছে।

ঢাকা শহরে মুক্তিযোদ্ধাদের অনুপ্রবেশ ও গেরিলাআক্রমণ ঠেকাইবার জন্য পাকিস্তানী হানাদার বাহিনী শহরের বিভিন্ন স্থানে অনেকগুলি ক্যাম্প ও চেকপোস্ট বসাইয়াছে। বাসাবো এলাকায় এইরূপ একটি ক্যাম্পে একদল পাঞ্জাবী পুলিশ ও রাজাকার পাহারায় ছিল। গেরিলাদের কয়েকজন সাধারণ বেশে 'ভাল মানুষের মত' প্রতিদিন ইহাদের সঙ্গে আলাপ করিতে করিতে বেশ ভাব জমাইয়া ফেলে।

ঘটনার দিন ঐরূপ পাঁচজন আলাপী গেরিলা বেলা দুইটায় পুলিশ ও রাজাকারদের সহিত দ্বিপ্রাহরিক বিশ্রামালাপ জুড়িয়া দেয় এবং সুযোগ বুঝিয়া হঠাৎ এক সময় শত্রুদের অস্ত্র কাড়িয়া লইয়া গুলি চালাইতে শুরু করে। আশেপাশে লুকাইয়া তাকা গেরিলারাও এইবার শত্রুর উপর ঝাঁপাইয়া পড়ে। এই সংঘর্ষে ১১ জন পশ্চিম পাকিস্তাণী পুলিশ ও কয়েকজন রাজাকার খতম হয় ও বাকীরা ক্যাম্প ছাড়িয়া চম্পট দেয়।

-মুক্তিযুদ্ধ, ২৬ সেপ্টেম্বর, ১৯৭১

* * * * *

ঢাকায় বোমা বিস্ফোরণ : ইয়াহিয়ার নুরুল হুদা খতম

(নিজস্ব সংবাদদাতা)

ঢাকা, ২৫শে সেপ্টেম্বরন্ড বাংলাদেশ মুক্তিবাহিনীর হাতে জঙ্গীশাহীর সমর্থক ও দালাল মুসলিম লীগ নেতা নুরুল হুদা খতম হয়েছে। নুরুল হুদা বাংলাদেশ আইন সভার প্রাক্তন মুসলিম লীগ সদস্য। তার নিজ গ্রামে মুক্তিযোদ্ধাদের মেশিনগানের গুলিতে এই শান্তিকমিটির বড় দালাল 'এন্তেকাল ফরমাইয়াছে।'

ইয়াহিয়ার নবনিযুক্ত দালাল স্থানীয় স্বায়ত্তশাসন মন্ত্রী মৌলানা মহম্মদ ইসহাক আজ ঢাকায় নিজ মটরে একটি টাইম বোমা বিস্ফোরণে গুরুতরভাবে আহত হয়েছে।

একটি সভা থেকে ফেরবার পথে এই বিস্ফোরণ ঘটে বলে জানা যায়। আহত অবস্থায় মোটরের চালক এবং ইসহাককে ঢাকা হাসপাতালে ভর্তি করা হয়।

-সাপ্তাহিক বাংলা, ২৬ সেপ্টেম্বর, ১৯৭১

* * * * *

মুক্তিবাহিনীর সাফল্য অব্যাহত

২৫শে সেপ্টেম্বর মুক্তিবাহিনী গত ক'দিনে পাক হানাদারদের উপর বেশ কতকগুলো উল্লেখযোগ্য আক্রমণ পরিচালনা করেন।

রংপুর, দিনাজপুর ও রাজশাহী সেক্টরে মুক্তিবাহিনী তাদের গেরিলা আক্রমণ আরো তীব্রতর করেছেন। রংপুর ক্যান্টনমেন্ট এবং রেলওয়ে স্টেশনে প্রবল আক্রমণ চালিয়ে মুক্তিযোদ্ধারা পাক বাহিনীকে ব্যতিব্যস্ত করে তুলেছেন। গত ১৬ই সেপ্টেম্বর মুক্তিবাহিনীর একটি দল রংপুরের একটি দোকানে গ্রেনেড ছুড়ে মারে। ঐ

দোকানের মালিক পাক বাহিনীকে তাদের বর্বর হামলার সবসময়ই মদদ যোগাতো। মুক্তিবাহিনী ঐ দোকানের প্রচুর ক্ষতি সাধন করেন এবং বহু রাজাকরকে হত্যা করেন।

গত ১৯ সেপ্টেম্বর রাজশাহী জেলার চক্রমারী এলাকায় পাক হানাদার ও মুক্তিবাহিনীর মধ্যে প্রচুর গোলা বিনিময় হয়। তাতে ৫ জন পাক সৈন্য নিহত হয়।

ঐ একই দিনে বাওল্লী এলাকায় পাক হানাদারদের সঙ্গে অন্য এক সংঘর্ষে মুক্তিযোদ্ধারা আরও ছয়জন শত্রুসৈন্য খতম করেন।

১৮ই সেপ্টেম্বর শত্রুকবলিত ফারসীপাড়া এলাকায় গুলি বিনিময়ের সময় আরও ছ''জন পাক সৈন্য নিহত হয়। ঐ একই দিনে লাহিড়ি এলাকায় শত্রুসেনাদের উপর সাঁড়াশি আক্রমন চালানো হয়। ঐ আক্রমণে আরো দু'জন পাক সৈন্য নিহত হয়। ১৯শে সেপ্টেম্বর মুক্তিবাহিনী দিবর এলাকায় শত্রুদের ঘিরে ফেলেন ও বিপুলসংখ্যক পাক সৈন্যকে খতম করেন। খান্দখাই এলাকায়ও মুক্তিবাহিনী পাকফৌজের উপর প্রবল আক্রমণ চালান। এই আক্রমণে তিনজন শত্রুসেনা আহত হয় বলে জানা যায়।

১৯শে সেপ্টেম্বর রংপুর জেলার নাগেশ্বরী ও ভোতিমারি এলাকায়া বেশ কয়েকটি সফল আক্রমণ চালিয়ে মুক্তিযোদ্ধারা রেলপথ, সেতু ও কালভার্ট উড়িয়ে দিয়ে ঐ এলাকার রেল যোগাযোগ সম্পূর্ণরুপে বিচ্ছিন্ন করে দিয়েছেন।

তাছাড়া মুক্তি বাহিনী রংপুর জেলার ভুরুঙ্গামারী, মহেন্দ্রনগর, নাগেশ্বরী ও লালমনিরহাট এলাকায় ব্যাপক গেরিরা তৎপরতা চালিয়েছেন।

ঢাকা কুমিল্লা ও চট্টগ্রাম সেক্টর থেকে যুদ্ধের যে খবর পাওয়া গেছে তাতে জানা যায়, গত ১৩ই সেপ্টেম্বর মুক্তিবাহিনী কুমিল্লার আড়িয়া বাড়িতে দু'জন পাক সৈন্যকে হত্যা করেছে। পরদিন অর্থাৎ ১৪ই সেপ্টেম্বর মুক্তিবাহিনী কসবায় শত্রুসৈন্যের অবস্থানের উপর প্রবল গোলাবর্ষণ করে আরো ২ জন শত্রুসৈন্য খতম করেন। ১৬ই সেপ্টেম্বর মুক্তিযোদ্ধারা পানচারায় দ'জন হানাদার সৈন্যকে হত্যা করেন।

১৭ই সেপ্টেম্বর মুক্তিবাহিনী বেশ কতকগুলো আক্রমন পরিচালনা করেন। লোহইমারি ও যদিসার এলাকায় পাকফৌজের সংঘর্ষে মুক্তিবাহিনী তিনজন শত্রু সৈন্য খতম করেছেন। তাছাড়া ঐ একই দিনে মুক্তিবাহিনী কুমিল্লার মোটেশ্বর, হাশমঙ্গল ও চলন এলাকায় পাক বাহিনীর অবস্থানকে সম্পূর্ন ঘিরে ফেলে প্রচুর গোলাবর্ষন করেন। এতে ৬ জন শত্রুসৈন্য নিহত হয় বলে জানা যায়।

ময়মনসিংহ সেক্টরে মুক্তিবাহিনী গত ১৫ই সেপ্টেম্বর সিলেটের শ্রীমঙ্গলে একটি পাকিস্তানি সামরিক জীপকে উড়িয়ে দিয়েছেন। মাইন বিস্ফোরনের দরুনই জীপটি সম্পূর্ণরুপে ধ্বংস হয়ে যায়। গত ১৭ই সেপ্টেম্বর মুক্তি বাহিনী নওকুচি এলাকায় মাইন পুঁতে রাখলে সেটি বিস্ফোরণের ফলে একজন পাক সৈন্য নিহত এবং অপর একজন আহত হয়। ২০ সেপ্টেম্বর সিলেটের ছড়িপাড়া এবং বেয়িগাঁও এলাকায় অসমসাহসী আক্রমণ চালিয়ে মুক্তিবাহিনী ২০ জন শত্রুকে খতম করেছেন।

নির্ভরযোগ্য সূত্র থেকে পাওয়া এক খবরে প্রকাশ প্রায় ৪০ জন কানকাটা রাজাকারকে ময়মনসিংহ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শত্রু সৈন্যকে সাহায্য ও সহোযোগিতা করার জন্যে গ্রাম বাংলার জনগণ রাজাকারদের এই দিয়েছেন।

কুষ্টিয়া যশোর খুলনা সেক্টর থেকে পাওয়া এক খবরে জানা যায় যে, মুক্তিবাহিনী গত ১৯ শে সেপ্টেম্বর যশোরের কামদেবপুর এলাকায় একজন পাক সৈন্যকে খতম করেছেন। তাছাড়া ২০ শে সেপ্টেম্বর মানিকনগর এলাকায় প্রায় দুই কোম্পানী শত্রু সৈন্যের সাথে গোলা বিনিময়ের সময় মুক্তিবাহিনী আরো দু'জন শত্রু সৈন্যকেও খতম করেছেন।

-দাবানল, ২৬ সেপ্টেম্বর, ১৯৭১

রণাঙ্গনের খবর

(রণবার্তা পরিবেশক)

বাংলাদেশের অগ্নিসন্তান মুক্তিযোদ্ধারা হানাদার ইসলামবাদী জানোয়ার বাহিনীর বিরুদ্ধে বিভিন্ন রণাঙ্গনে প্রচন্ড আঘাত হানিয় চলিয়াছেন। গত শনিবার বাংলাদেশের মুক্তিযুদ্ধের সাফল্যজনক ৬ মাস অতিক্রান্ত হয়।

এদিকে বিভিন্ন রণাঙ্গন হইতে প্রাপ্ত খবরে জানা যায় যে, গত এক সপ্তাহে মুক্তিযোদ্ধারা ৫ শতাধির হানাদার সৈন্য খতম করিয়াছেন। গত সপ্তাহে দুঃসাহসিক মুক্তিযোদ্ধারা বেপরোয়া আক্রমণ চালাইয়া মঙ্গলা বন্দরে ইউএসএম লাইটনিং নামক একটি মার্কিন জাহাজ সম্পূর্ন ধ্বংস করিয়া দেন। তাঁহারা বন্দরের অপর একটি বিদেশী জহাজেরও ক্ষতি সাধন করেন।

ইহা ছাড়া মুক্তিযোদ্ধারা গেরিলা অভিযান চালাইয়া খান সেনাবাহী দুইটি নৌযানও দখল করেন।

যমের ভয়ে ভীত কাপুরুষ খান সেনাদের নিরাপত্তার আবরণ রাজাকাররা মুক্তিযোদ্ধাদের হাতে কচুকাটা হইতে হইতে আতঙ্কগ্রস্ত হইয়া পড়িয়াছে। বিভিন্ন রণাঙ্গনে রাজাকাররা মুক্তিযোদ্ধাদের নিকট অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পন করিতেছে। গত সপ্তাহে কুমিল্লা এলাকায়ই একদিনে ৬৩ জন রাজাকার মুক্তিযোদ্ধাদের নিকট আত্মসমর্পন করে।

কুমিল্লা জেলার মেহারী নামক স্থানে মুক্তিযোদ্ধাদের হাতে ৬৫ জন হানাদার সেনা খতম হয়া।

বাংলাদেশের উত্তর রণাঙ্গন হইতে প্রাপ্ত এক খবরে জানা যায় দিনাজপুর জেলার ঠাকুরগাঁও এবং রংপুর ক্যান্টনমেন্ট এলাকায় মুক্তিযোদ্ধাদের গেরিলা অভিযানের ব্যাপক তৎপরতা বৃদ্ধি পাইয়াছে।

২০ শে সেপ্টেম্বর ঠাকুরগাঁও শহরের উত্তরে মুক্তিযোদ্ধাদের অতর্কিত আক্রমনে ৬ জন খানসেনা নিহত হয়।

কুমিল্লা জেরার নবীনগর এবং কসবা এলাকায় জল্লাদ খান সেনারা নতুনভাবে গণহত্যা এবং লুটতরাজ শুরু করিয়াছে বলিয়া খবর পাওয়া গিয়াছে। জানা যায়, চলতি মাসের প্রথম পক্ষে এই সকল এলাকায় খান সেনারা ৫শত ঘরবাড়ি আগুন দিয়া ভস্মীভূত করিয়া দেয়। খানসেনাদের হাতে এইসব এলাকায় ৩০ জন গ্রামবাসী নিহত হন।

নবীনগর থানার মীরপুর এলাকায় জল্লাদ সেনারা লুটতরাজ চালায়। বাংলার অতন্দ্র প্রহরী মুক্তিযোদ্ধারা ইহাদিগকে উপযুক্ত জবাব দেন। তাঁহারা শত্রুবাহিনীর উপর ঝাঁপাইয়া পড়িযা গ্রামবাসীদের সহায়তায় ৩১ জন খানসেনা খতম করেন। ইহার পর লঞ্জযোগে আরও একদল খানসেনা ঘটনাস্থলে আগমন করিয়া গ্রামে আক্রমণ করে। ইহাছাড়া, দাফুনিয়া বিদ্যাকোট প্রভৃতি গ্রামেও জল্লাদসেনারা আক্রমন করে।

কসবা থানার চরগরা এলাকার খানসেনারা আড়াইশত ঘরবাড়ি আগুন দিয়া পোড়াইয়া দেয়। ইহারা এই এলাকা হইতে গরুবাছুর ছিনাইয়া লইয়া যায়। ইহা ছাড়া, বাইওনা গ্রামে ৩শ বাড়ি পোড়াইয়া দেয়। খান সেনারা কসবা থানার সিমরাইল গ্রামেও হালা চালায়। বীর মুক্তিযোদ্ধারাও ইহার প্রতিরোধ গ্রহণ করিতে শুরু করিলে খান সেনারা এই এলাকা ছাড়িয়ে যাইতে বাধ্য হয়।

একই দিনে মুক্তিযোদ্ধরা এই এলাকায় প্রায় ১ শত খানসেন হত্যা করেন। ইহার নৌকাযোগে এই এলাকায় আসিয়াছিল। মুক্তিযোদ্ধারা ইহাদের নৌকাগুলি ডুবাইয়া দেন।

খুলনা জেলার চালনা হইতে প্রাপ্ত খবরে জানা যায়, চালনা বন্দরে মুক্তিযোদ্ধারা একটি বৃটিশ জাহাজের ক্ষতি সাধন করিয়াছেন। জাহাজটিতে পাট বোঝাই ছিল বলিয়া জানা য়ায়।

ইহা ছাড়া, সকল রণাঙ্গনেই মুক্তিযোদ্ধারা তাঁহাদের গেরিরা তৎপরতা জোরদার করিয়াছেন।

বাংলাদেশের সীমান্ত এলাকার মোট ২২৮ টি চেকপোস্টের মধ্যে ১৭৫টি চেকপোস্টই এখন মুক্তিযোদ্ধাদের দখলে। দিন দিন মুক্তিযোদ্ধাদের সংগঠন ও আক্রমন সুসংহত হওয়ার মুখে জল্লাদ খানসেনাদের মনোবল দরুণভাবে ভাঙিয়া পড়িয়াছে। তাই ইহারা সম্প্রতি বিভিন্ন স্থানে বিমান হামলা চালাইতেছে। এবং নিরীহত নিরস্ত্র জনসাধারণ হত্যা ও তাঁহাদের বাড়ীঘর জ্বালাইয়া দিতেছে।

সম্প্রতি করাচী হইতে এক জাহাজ বোঝাই খানসেনাকে চট্টগ্রাম লইয়া আসার পর ইহারা ভয়ে জাহাজ হইতে নীচে নামে নাই। পরে তাহাদিগকে সামরিক কর্তৃপক্ষ পুনরায় করাচী পাঠাইয়া দিতে বাধ্য হয়।

কর্নেল ওসমানী

গত ছয় মাসের সাফল্য পর্যালোচনা করিয়া প্রধান সেনাপতি কর্নেন ওসমানী বলেন যে, গত ৬ মাসে বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধারা কম করিয়া হইলেও ২৫ হাজার ইসলামাবাদী পশু সেনা খতম করিয়াছেন। তিনি বলেন যে, মার্কিন যুক্তরাষ্ট্র এবং গণচীন প্রদত্ত সর্বাধুনিক অস্ত্রশস্ত্র সজ্জিত এবং সংখ্যার দিক দিয়া অধিক পাকিস্তানী সেনা ও মুক্তিযোদ্দাদের মধ্যে নিহতের গড়পড়তা অনুপাতের হার প্রতি একজন মুক্তিযোদ্ধার বিনিময়ে ৪০ জন হানাদার সেনা।

দুর্ধর্ষ মুক্তিযোদ্ধারা জলে স্থলে অপরিমিত বিক্রমের সহিত হানাদার খানসেনাদের মোকাবিলা করিয়া চলিয়াছেন বলিয়া উল্লেখ করিয়া তিনি বলেন যে, এ পর্যন্ত বাংলার সিংহশাবক মুক্তিযোদ্ধারা বাংলাদেশের দখলকৃত এলাকার বিভিন্ন বন্দরে হানরাদার বাহিনীর সাহায্যের জন্য আনীত অস্ত্রশস্ত্র এবং অন্যান্য সামগ্রী বোঝাই ১৫টি বিদেশী জাহাজ নিমজ্জিত অথবা ক্ষতি সাধন করিয়াছেন। ইহা ছাড়া শত্রু সেনাদের চলাচল সরবরাহ ব্যবস্থা পঙ্গু করিয়া দেওয়ার উদ্দেশ্যে মুক্তিযোদ্ধারা প্রথম সুযোগেই দখলীকৃত এলাকার গুরুত্বপূর্ণ সড়ক ও রেল সেতু ধ্বংস করিয়া দিয়াছেন

-বাংলার বাণী, ২৮ সেপ্টেম্বর, ১৯৭১

রণাঙ্গনের খবর

(রণবার্তা পরিবেশক)

ঢাকা হইতে প্রাপ্ত খবরে জানা যায়, বাংলাদেশের দখলকৃত এলাকায় ইসলামাবাদের অসুরবাহিনীর সুরক্ষিত সদর দফতর বলিয়া কথিত খোদ ঢাকা নগরীসহ উহার চার পার্শ্বে এবং ঢাকা জেলার বিভিন্ন স্থানে ব্যাপক গেরিলা আক্রমণ চলিতেছে। মুক্তিযোদ্ধারা ঢাকা হইতে শত্রুসেনা বাহির হওয়ার সব কয়টি গুরুত্বপূর্ণ রেল, সড়ক এবং জলপথে ব্যাপক তৎপরতা বৃদ্ধি করিয়াছেন। ঢাকা নগরীর সহিত স্থলপথে রেল ও সড়ক ওযাগাওযাগ সম্পূর্ণ বিচ্ছিন্ন করিয়া দিয়া দুঃসাহসিক মুক্তিযোদ্ধারা শত্রুসেনাদের অবাধ গতিবিধি এবং রসদ সরবরাহ ব্যাহত করিয়া চালিয়াছেল। ঢাকা নগরীতেও খন্ড খন্ড সংঘর্ষের মাধ্যমে তাঁহারা খানসেনাদের ব্যস্ত রাখিয়া নাস্তানাবুদ করিতেছেন।

ঢাকা হইতে আমাদের প্রতিনিধি জানান, সেদিন খোদ ঢাকা নগরীতেই প্রকাশ্য দিবালোকে চলন্ত মোটর হইতে মেসিনগানের সাহায্যে গুলি করিয়া মুক্তিযোদ্ধার ৫ জন খান সেনা খতম করেন। মুক্তিযোদ্ধারা একটি

প্রাইভেট ট্যাক্সিযোগে শহরের কোন একটি এলাকায় ঘুরাফেরার সময় টহলরত খান সেনারা মুক্তিফৌজ সন্দেহে তাঁহাদের অনুসরণ করে। খান সেনারা জীপ হইতে গর্জন করিয়া মোটরটিকে থামিতে নির্দেশ দেওয়ার মাত্রই ইহাদের সম্মুখে ট্যাক্সির পিছনের কাচ ভাঙিয়া মুক্তিযোদ্ধাদের মেসিনগান গর্জিয়া ওঠে। হতভম্ব খান সেনাদের হাতের মোসিনগানের ট্রিগারে আঙ্গুল স্পর্শ লাগিবার পূর্বেই তাহাদের রক্তাক্ত দেহ লুটাইয়া পড়ে ঢাকার পীচ ঢালা কারো রাস্তায়। সম্মুখে গাড়িটি ততক্ষণে নিরুদ্দেশ হইয়া যায়।

এইতো সেই দিন, খান সেনাদের কঠোর প্রহরাধীনে একখানি ট্রেন ঢাকা হইতে ময়মনসিংহ যাইতেছিল। কিন্তু ঢাকা নগরী হইতে প্রায় ৩০ মাইল উত্তরে ঢাকা জেলার সীমান্ত কাওরাইদ অতিক্রম করার পূর্বেই ট্রেনের ইঞ্জিনটি একটি প্রচন্ড বিস্ফোরণের সঙ্গে সঙ্গে খান হইয়া যায়। ট্রেনের বগী কয়টি উল্টাইয়া পড়ে। ব্যাপার বুঝিবার পূর্বেই খান সেনাদের বুক ঝাঁঝরা হইয়া যায় মেসিনগান আর রাইফেলের গুলিতে।

সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে খান সেনারা লঞ্চযোগে যাইতেছিল নবাবগঞ্জ ও দোহার থানা দখল করার জন্য। ঢাকা হইতে বুড়িগঙ্গা দিয়া বাহির হইয়া ইছামতীকুলের বান্দুরায় লঞ্চটি পৌছিলে মুক্তিযোদ্ধারা ইহাদের উপর প্রচন্ড গোলাগুলি বর্ষণ করেন ফলে ৩৪ জন খান সেনা মারা যায়। অন্যান্যদের আহত অবস্থায় উদ্ধার করা হয়। লঞ্চটি ক্ষতিগ্রস্থ হয়।

এই দিনই নবাবগঞ্জের নিকট মুক্তিযোদ্ধারা খান সেনাদের অপর একটি লঞ্চের উপর আক্রমকণ চালাইয়া প্রায় ২৫ জন শত্রুসেনা খতম করেন। ইহাদের লঞ্চটিরও ক্ষতি সাধন করা হয়।

গত মাসের শেষ সপ্তাহে মুক্তিযোদ্ধারা খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার অন্তর্গত কাকডাঙ্গা, মাদ্রা এবং বোয়ালিয়া এলাকায় প্রায় এক ব্রিগেড শত্রুসেনাদের একটানা তিন দিন ব্যাপী যুদ্ধে লিপ্ত রাখেন।

এই খন্ডে মুক্তিযোদ্ধাদের হাতে প্রায় ৪ শত খানসেনা খতম হয় বলিয়া প্রত্যক্ষদর্শী গ্রামবাসীর নিকট হইতে জানা যায়। মুক্তিযোদ্ধারা এই রনাঙ্গন হইতে ৬ জন শত্রুসেনা গ্রেফতার করেন। ইহা ছাড়া প্রচুর অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ দখল করেন। প্রায় ৪ শত খান সেনা নিহত হওয়ার পর অন্যান্য খান সেনারা পলায়ন করে।

রংপুর ও সাতক্ষীরায় সাড়ে ৬ শত শত্রুসৈন্য খতম

জঙ্গী হানাদার বাহিনীর সঙ্গে তীব্র লড়াই চালাইয়া মুক্তিযোদ্ধারা রংপুর জেলার বক্সীগঞ্জ থানা পুনর্দখল করিয়াছেন। বলিয়া জানা গিয়াছে। গত ২৩শে সেপ্টেম্বর মুক্তিযোদ্ধারা কোদার কাটিতে পাক জঙ্গীশাহীর তীব্র আক্রমণ প্রতিরোধ করিয়া অন্ততঃ সাড়ে তিন শত পাক সৈন্য খতম করিয়াছেন। বাংলাদেশের বীর গেরিলারা রংপুর জেলায় গত সপ্তাহে বর্বর ইয়াহিয়া বহিনীর ৩টি জলযান ডুবাইয়া দিয়াছেন।

মুজিবনগরে প্রাপ্ত খবরে প্রকাশ , খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার কোন এক স্থানে সম্প্রতি মুক্তিযোদ্ধাদের সঙ্গে সংঘর্ষে ৩০০ জন পাক সৈন্য নিহত হইয়াছে। ৬ জন খান সেনাকে ধরিয়া আনা হইয়াছে।

বাংলাদেশ মুক্তিযোদ্ধাদের সদর দপ্তর হইতে প্রচারিত এক বুলেটিনে বলা হইয়াছে যে, সম্প্রতি ঢাকা, কুমিল্লা ও চট্টগ্রাম অঞ্চলে মুক্তিযোদ্ধারা মহরীতে অবস্থিত পাক সৈন্যদের উপর অতর্কিত আক্রমণ চালান। ইহাতে ৫ জন শত্রুসৈন্য নিহত ও ৩ জন আহত হইয়াছে।

মুক্তিযোদ্ধারা গত শনিবার ময়মনসিংহ শ্রীহট্ট অঞ্চলের দেয়ানী বাজারে শত্রু সেনাদের উপর তীব্র আক্রমণ চালান। ফলে ২০ জন পাক সেনা হতাহত হইয়াছে। ঐদিন জয়মত্মীপুরে মুক্তিযোদ্ধাদের মর্টার আক্রমণের ৩ জন শত্রুসেনা খতম হইয়াছে।

মুক্তিযোদ্ধারা উত্তর-পশ্চিমাঞ্চলে মাইন বিস্ফোরণে ঘটাইয়া পাক সৈন্যের একটি সামরিক জীপ উড়াইয়া দেয়। এখানে ২ জন পাকসেনা নিহত হইয়াছে। ঐ এলাকায় শত্রুদের একটি ঘাঁটি আক্রমণ করিয়া ৫ জন শত্রুসেনাকে খতম করিয়াছে।

-বাংলার বাণী, ৫ অক্টোবর, ১৯৭১

খান সেনা ও মুক্তিফৌজের মধ্যে কামানের লড়াই

কৃষ্ণনগর, ৫ ই অক্টোবর গত ১লা অক্টোবর সন্ধ্যার দিকে বাংলাদেশের খুলনা সেক্টরের সাতক্ষীরার অধীনে উকসাতে খান সেনা মুক্তিফৌজের মধ্যে প্রচন্ড কামানের লড়াই হয়। ঘন ঘন কামানের শব্দ ভারতীয় সীমারন্ত এলাকা থেকেও শোনা যায়।

মুক্তিফৌজের সূত্রে প্রাপ্ত বিশদ বিবরণে জানা গেছে যে এক ব্রিগেড খান সেনা (সংখ্যায় প্রায় ৬০০ জন) ২৩ ট্রাবে করে সাতক্ষীরা থেকে উক্ত মহকুমার কালিগঞ্জ থানার অন্তর্গত উকসায় মুক্তিফৌজের ঘাঁটি আক্রমণ করার জন্য অগ্রসর হয়।এবং ভারী কামান থেকে গোলাবর্ষণ শুরু করে। মুক্তিবহিনীও তাদের মর্টার থেকে গোলাবর্ষণ করে তার উপযুক্ত জবাব দেয়। মুহুর্মূহু কামানের গোলাবর্ষণের শব্দে ভারতীয় সীমান্ত এলাকাও কেঁপে উঠতে থাকে।

মুক্তিফৌজের প্রচন্ড প্রতিরোধের মুখে টিকতে না পেরে খান সেনারা উকসার কিছু দূরে পিছিয়ে যায় এবং সেই খানেই অবস্থানরত থাকে। এই লড়াইয়ের ক্ষয়ক্ষতির বিশদ বিবরণ এখনও না পাওয়া গেলেও কয়েকজন খান সেনা নিহত হয়েছে এবং একজন মুক্তিফৌজ আহত হয়েছে বলে জানা গেছে।

অপর এক সংবাদে জানা গেছে যে, গত ২৮ সেপ্টেম্বর সাতক্ষীরায় শ্যামনগরের কাছে একস্থানে একটি পাকিস্থনী গানবোট মুক্তিফৌজের একটি ঘাটির ওপর গোলাবর্ষণ করলে উভয়পক্ষে প্রচন্ড গুলি বিনিময়ের পর পাক গানবোট পশ্চাদপসরন করে। পাক সৈন্যদের ক্ষয়ক্ষতির সংবাদ জানা যায়নি। মুক্তিফৌজের পক্ষে তিনজন অল্পবিস্তর আহত হয়।

খুলনা সেক্টরে ৫০০ খান সেনা নিহত

মুক্তিফৌজের হিসাবে দেখা গেছে যে, গত দু'মাসে মুক্তিফৌজের হাতে খুলনা সেক্টরে বিভিন্ন স্থানে লাড়াইয়ে ৫০০ খানসেনা ও ২০০ রাজাকার নিহত হয়েছে। তাছাড়া ৬০০ টি পাক রাইফেল দখল করা হয়েছে এবং ৬০ জন রাজাকার মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পণ করেছে।

পঞ্জাবী পুলিশ (বাংলাদেশে এখন পাঞ্জাবী পুলিশ আমদানি করা হয়েছে) ও ৮ জন খান পুলিশ নিহত হয়েছে। তাছাড়া ৬৬টি খান সেনাদের রাইফেল মুক্তিফৌজের হস্তগত হয়েছে। মুক্তিফৌজ খান সেনাদের ২টি লঞ্চ ও একটি গানবোট ধ্বংস করেছে ও একটি লঞ্চ হস্তগত করেছে।

বরিশালের বিভিন্ন স্থানে লড়াই চলছে

মুজিবনগরে আগত খুলনা সেক্টরের বরিশালে লড়াইরত মুক্তিফৌজের জনৈক মুখপাত্রের কাছ থেকে জানা গেছে যে, বরিশালের বিভিন্ন স্থানে বিশেষ করে দোয়ারিকা, রহমৎপুর, উজিরপুর, হবিবপুর, বানারীপাড়া, মুলাদী প্রভৃতি স্থানে খন্ড খন্ড ভাবে গেরিলা লড়াই চলছে।

-আনন্দবাজার পত্রিকা, ৬ অক্টোবর, ১৯৭১

মুক্তিবাহিনীর দুর্বার অভিযান অব্যাহত

(নিজস্ব সংবাদাদাতা)

পালংয়ে শত্রুঘাঁটি বিধ্বস্ত

গত মাসে ফরিদপুরে একটি দুঃসাহসিক অভিযানে মুক্তিযোদ্ধারা উল্লেখযোগ্য সাফল্যলাভ করিয়াছে। মাদারীপুরের পালং থানায় পাকিস্থানী মিলিটারি পুলিশ ও রাজাকারদের একটি শত্রু ঘাঁটি মুক্তিযোদ্ধাদের আক্রমণে বিধ্বস্ত হয়।

ঐ ঘাটিতে ৭০ জন পশ্চিম পাকিস্তানী পুলিশ ও কিছুসংখ্যক রাজাকার ছিল। মধ্য রাত্রিতে মুক্তিযোদ্ধারা তিন দিক হইতে থানাটি আক্রমণ করে এবং আট ঘন্টা তুমুল লড়াইয়ের পর শত্রুরা প্রায় সম্পূর্ণ নিশ্চিহ্ন হয়। ৬৮ জন পশ্চিম পাকিস্তানী পুলিশ ও রাজাকার খতম হয়। মুক্তিযোদ্ধারা থানাটি ভাঙিয়া পুনরায় ঘাটি স্থাপনের অযোগ্য করিয়া ফেলে। মুক্তিযোদ্ধারা এখানে ৫টি চীনা অটোমেটিকসহ ৬০ টি রাইফেল ও প্রচুর গোলাবারুদ উদ্ধার করে। এই বীরত্বপূর্ণ সংগ্রামে দুই জন তরুণ মুক্তিযোদ্ধা শহীদ হইয়াছেন।

আর একটি খবরে প্রকাশ, গোপালগঞ্জের কোটালিপাড়ার কাছে দুইটি পাট বোঝাই ফ্ল্যাট মুক্তিবাহিনী দখল করিয়াছে। ইহার প্রতিশোধ গ্রহনের জন্য বর্বর হানাদার বাহিনী ৯টি লঞ্চের এক বহর লইয়া কোটালিপাড়া বিলে যায় এবং ডহরপাড়া, মদনপাড়, পশ্চিমপাড়, প্রভৃতি গ্রামে আগুন লাগায়। কলাবাড়ী গ্রামে জল্লাদরা ২২ জন গ্রামবাসীকে হত্যা করে।

মুক্তি বাহিনী সম্প্রতি মানিকদহ গ্রামের দালাল আসাদ বিশ্বাসকে খতম করিয়াছে।

মানিকগঞ্জে বিরাট সাফল্য

গত ২৩শে সেপ্টেম্বর মানিকগঞ্জের দৌলতপুর থানায় এক অভিযান চালাইয়া মুক্তিযোদ্ধারা ৭৫ জন পুলিশ ও রাজাকারকে বন্দী ও বিপুল পরিমান অস্ত্র দখল করিয়াছে। কিছুদিন যাবত্এই থানার ঘাটি হইতে পুলিশ ও রাজাকাররা পার্শ্ববর্তী গ্রামগুলির উপর নির্যাতন চালাইয়া আসিতেছিল।

ঘটনার দিন মধ্য রাত্রিতে দুই দিক হইতে থানাটির উপর আক্রমণ করিলে শত্রুপক্ষ কিছুক্ষণ গোলাগুলি ছোড়ে। কিন্তু অল্পক্ষণের মধ্যে পুলিশদের অনেকে চম্পট দিয়া আত্মরক্ষা করে আর যুদ্ধক্ষেত্রে নাবালক রাজাকাররা প্রায় সকলেই ধরা পড়ে।

এখানে মুক্তিবাহিনী প্রায় শ'খানেক রাইফেল, ৫টি অটোমেটিক চীনা রাইফেল ও ১০ হাজার রাউন্ড গুলি দখল করিয়াছে।

গত ২১শে সেপ্টেম্বর হানাদার পাকিস্তানী সৈন্যরা হরিরামপুর থানার বল্লা গ্রামে লুটপাট করিতে আসিলে মুক্তিবাহিনীর হাতে দুইজন খতম হয়। কিন্তু হানাদার বর্বরেরা কাপুষের মত ইহার প্রতিশোধ নেয় নিরস্ত্র গ্রামবাসীদের উপর। বল্লা, মাচাইন ও পাশ্ববর্তী গ্রামে ইহারা ১৬ জন গ্রামবাসীকে হত্যা করে।

মুক্তিবাহিনী এই এলাকার কুখ্যাত দালাল মুসলিম লীগের আহমদ খাঁকে খতম করিয়াছে।

নারায়নগঞ্জ

বিলম্বে প্রাপ্ত খবরে জানা গিয়াছে, মুক্তিযোদ্ধারা ঢাকা-নারায়নগঞ্জ সড়কের নলখালি ব্রীজ মাইন দিয়া উড়াইয়া দিয়াছে।

রূপগঞ্জ থানার দড়িপাড়ায় পাক দখলদার বাহিনীর ক্যাম্পে গ্রেনেড চার্জ করিয়া মুক্তিবাহিনী ৪ জন শত্রুসেনা খতম করিয়াছে।

উভয় স্থানেই হানাদার বহিনী নিরস্ত্র গ্রামবাসীদের উপর হামলা করিয়া মুক্তিবাহিনীর তৎপরতার জবাব দেওয়ার চেষ্টা করে।

চট্টগ্রাম

গত ১২ই সেপ্টেম্বর চট্টগ্রাম জেলার আনোয়ারা থানার উসখাইল গ্রামে মুক্তিবাহিনী এক অভিনব কৌশল করিয়া মুসলিম লীগের একজন কুখ্যাত দালালকে প্রকাশ্য দিবালোকে হত্যা করে। আব্দুল হাকিম নাম উক্ত দালালটি ইউনিয়ন কাউন্সিলের এবং কথাকথিত শান্তি কমিটির একজন সদস্য ছিল। গত ১২ই সেপ্টেম্বর উক্ত দালালটির মেয়ের বিবাহের তারিখ স্থির করার অনুষ্ঠান হওয়ার কথা ছিল। মুক্তিবাহিনী বর পক্ষের ছদ্মবেশে মিষ্টির হাঁড়িসহ তাহার বাড়ীতে হাজির হয়। দালালটি বর পক্ষের অভ্যর্থনা করিতে ঘর হইতে বাহির হইয়া আসিলে মুক্তি সেনাগণ তাহাকে গুলি করিয়া হত্যা করে।

গত ১৫ই সেপ্টেম্বর মুক্তিবিহিনী সকাল ৮টায় পাটিয়া থানার অন্তর্গত কালার পোল পুলিশ ফাঁড়ি আক্রমন করিয়া একজন পুলিশ ও একজন রাজাকারকে হত্যা করে। গত ১০ই সেপ্টেম্বর মুক্তিবাহিনী পটিয়া থানার মালিয়া পাড়া গ্রামে ১১ জন মুসলীম লীগ দালালকে হত্যা করিতে সমর্থ হয়।

কুমিল্লা

১০ ই সেপ্টেম্বর হাজীগঞ্জে একটি গেরিলা দলের সঙ্গে পাক বাহিনীর সংঘর্ষ হয়। গেরিলা বাহিনী পাক হানাদারদের হঠাৎ দুই দিক হইতে আক্রমণ করিয়া বিপর্যস্ত করিয়া দেয় ও আনুমানিক ৩০ জন পাক সৈন্যকে হত্যা করে। গেরিলা বাহিনীর আক্রমণের মুখে পাকা দস্যু বাহিনী টিকিতে না পারিয়া নিহতদের ফেলিয়া পালাইয়া যায়। গেরিলারা হানাদারদের ফেলিয়া যাওয়া প্রচুর অস্ত্রশস্ত্র এবং গোলাবারুদ দখল করে।

৭ই সেপ্টেম্বর নবীনগর থানার রাইতলা গ্রামের কাছে মুক্তিবাহিনীর হাতে ৪ জন পাক দস্যু নিহত হয়। দস্যুদের এই দলটি নৌকাযোগে রাইতলা দিয়া যাইতেছিল। এমন সময় মুক্তিবাহিনীর গেরিলারা উহাদের আক্রমণ করিয়া নিহত করে।

ঢাকা

১১ই সেপ্টেম্বর রায়পুরা অঞ্চলে গেরিলা যোদ্ধারা জয়নগরে তিতাস গ্যাস লাইন উড়াইয়া দেয় এবং তিনটি পাওয়ার লাইন ধ্বংস করে।

-মুক্তিযুদ্ধ, ১০ অক্টোবর, ১৯৭১

* * * * *

মেজর মঞ্জুরের ৯ নং সেক্টর সফর

সম্প্রতি ৮ নং সেক্টর কমান্ডার মেজর মঞ্জুর ৯নং সেক্টর সফর করে মুক্তিবাহিনীর কর্মতৎপরতা দেখে মুগ্ধ হন। তিনি মুক্তিযোদ্ধাদের উদ্দেশ্যে বলেন, আপনাদের বীরত্বে অতি শীঘ্রই বাংলাদেশ থেকে হানাদার বর্বররা বিতাড়িত হবে।

মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক ওসমানীর ওণাঙ্গন সফর

২রা অক্টোবর, বাংলাদেশ মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কর্নেল এমএজি ওসমানি পূর্ব রণাঙ্গনের অগ্রবর্তী অঞ্চল, বিভিন্ন হাসপাতাল ও মুক্তিসেনাদের শিবির পরিদর্শন করে বিপুল প্রতিকূল আবহাওয়ার মধ্যে ৫ দিনব্যাপী সফরের পর আজ মুজিবনগরের মুক্তি বাহিনীর সদর দফতরে ফিরে আসেন। তিনি রণাঙ্গনের মুক্তিযোদ্ধাদের উদ্দেশ্যে বিভিন্ন সাথানে ভাষণ দেন।

মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি মুক্তিসেনাদের কঠের মনোবল, অসমসাহস, দুর্জয় আত্মবিশ্বাস এবং আত্মোৎসর্গের বিপুল প্রেরণা দেখে গর্ববোধ করেন। তিনি তাদেরকে আরও তৎপর হতে এবং ত্যাগ স্বীকারের জন্য আহবান জানান। তিনি ভাষনদান কালে মুক্তিযোদ্ধাদের অসমসাহসিকতা ও দোশাত্মবোধের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। সমগ্র জাতি তাঁদের এই দুঃসাহসী অভিযানের জন্য গর্বিত বলে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন যে, আপনারা এই মুক্তিসংগ্রামের ভেতর দিয়ে একটি নতুন ইতিহাস সৃষ্টি করে চবলেছেন। প্রধান সেনাপতি তাঁদেরকে একথা স্মরণ করিয়ে দেন, বাঙালিরা নাকি যোদ্ধা জাতি নয়, এই ভ্রান্ত ধারণা আপনারা একদম পাল্টে দিয়েছেন। তিনি তাঁর ভাষণে আরও বলেন যে, ছয় মাসের যুদ্ধে মুক্তিযোদ্ধারা যে সাহসিকতা দেখিয়েছেন তাতে করে আমাদের জনসাধারণের আত্মবিশ্বাস আরও বেড়ে গেছে।

শ্যামনগর-কালিগঞ্জ দুর্জয় ঘাঁটি কিন্তু.....

-মিন্টু বসু

শারদীয় ছুটি অতএব হাতে প্রচুর সময়। কেননা এবার তো আর পুজোর ব্যাবস্থা নেই। তাই ভেবেচিন্তে ঠিক করলাম, মুক্তিবাহিনীর ঘাঁটি পরিদর্শন করতে যাব। ২৭শে সেপ্টেম্বর বৈকাল চারটায় আমরা চারজন বেরিয়ে পড়লাম। সম্পাদক নুরুল আলম ফরিদ, কর্মাধ্যক্ষ মোহাম্মদ ইউসুফ, একজন মুক্তিযোদ্ধা ফিরোজ বাঙালি এবং আমি। কিছুদুর এগুতেই শেলিং- এর শব্দ শুনতে পেরাম। গ্রামের লোকমুলে শুনলাম, মুক্তিবাহিনী বসন্তপুরের পাক ছাউনি আক্রমণ করেছে। মনে হল ঐ বিকটাকার শব্দগুলো যেন আমাদেরকে সাদর সম্ভাষন জানাচ্ছে- দ্রুত এগিয়ে চললাম। রাত তখন আটটা। ঘাঁটির কাছাকাছি এসে পৌছলাম। এবার আমাদেরকে অতি সন্তর্পনে এগুতে হবে। কেননা দু'পক্ষেই গোলাগুলি হচ্ছে অতএব এবার আমরা ক্রলিং করে এগুলে লাগলাম। এমনভাবে কিছুদুরে এগুনোর পর ঘাটিতে এস পৌছলাম।

এর কিছুক্ষণ বাদেই গোলাগুলি থেমে গেল। আরো পরে ক্যাপ্টেন হুদা এবং এগারজন মুক্তিযোদ্ধা সমস্ত গায়ে কাঁদামাখা অবস্থায় ক্যাম্পে ফিরে এলেন, তার মুখেই শুনলাম বসন্তপুরে তিনি এবং তার দল স্বাধীন বাংলার পতাকা তুলতে সক্ষম হয়েছেন, দুঃসাহসী ক্যাপ্টেন এবং তার সেনাদের প্রতি শ্রদ্ধায় স্বভাবতঃই মাথাটা নুয়ে এল। মনে মনে বললাম , বাংলাদেশ আজ আর দুর্বল নয়। বাংলার এই দুর্জয় শক্তি আমার জননী জন্মভূমিকে মুক্ত করবেই।

কয়েকশত মুক্তিযোদ্ধাদের সঙ্গে লাইনে বসে আহার পর্ব সমাধা করে তাঁবুর নীচে রাতের মত আশ্রয় নিলাম।

ভোরের ঘুম ভাঙল আবার সেই শব্দে। শুনলাম শ্যামনগর ও কালিগঞ্জ দখল করার জন্য পাক সৈন্যরা আমাদের উপর আক্রমণ করেছে। মুখ-হাত ধুয়ে আসতেই ক্যাপ্টেন সাহেবের চায়ের টেবিলে ডাক পড়ল আমাদের। সবে গিয়ে বসেছি ঠিক তখনই সংবাদ এল পাক সৈন্যরা পিরোজপুরের বাঙ্কার দখল করে নিয়েছে, তাই ৫০ জন মুক্তিযোদ্ধা এবং গোলাবারুদ পাঠাতে হবে। দেখলাম মুহূর্ত মধ্যে ৫০ জন মুক্তিযোদ্ধা নিয়ে ক্যাপ্টেন সাহেব যাবার জন্য প্রস্তুত হয়েছেন।

হঠাৎ আমরা স্থির করলাম এ যুদ্ধে অংশগ্রহন করব। ক্যাপ্টেন সাহেবেকে বলায় তিনি সব ব্যবস্থা করে দিলেন।

বেলা দশটায় গিয়ে পৌঁছলাম শ্যামনগর থানার পিরোজপুরে। আমাদের যেখানে ডিফেন্স ছিল তার থেকে দু'শ গজ দুরে শত্রুসৈন্য। দাঁড়িয়ে দেখরাম দু'শ গজ দূরে আমাদের বাঙ্কারের মধ্যে খান সেনারা। দু'পক্ষেই সমানে গোলাগুলি চলছে। শুনলাম এর মধ্যেই প্রায় ৫০/৬০ জন রাজাকারসহ শত্রুসৈন্য খতম হয়েছে আমাদের অসমসাহসী মুক্তিযোদ্ধাদের কাছে।

ক্যাপ্টেনের নির্দেশে আমরা পাঁচশ'গজ পিছনে সরে এলাম ঠিক চৌমাথার ওখানে। সেখান থেকেই থ্রি ইঞ্চি মর্টার থোকে শেলিং শুরু করলেন ক্যাপ্টেন সাহেব। সমস্ত দিনটা সেখানেই কেটে গেল।

সবচেয়ে আশ্চর্যের যে, দু'পক্ষে সমানে গোলাগুলি চলছে আর তার মধ্যেও গ্রামের জনগণ বিপুল উৎসাহ উদ্দীপনা নিয়ে মুক্তবাহিনীকে সহায্য করে চলেছে। কেউ গোলাবারুদ মাথায় বয়ে নিয়ে যাচ্ছে, কেউ মুক্তিবাহিনীর খাবার তৈরী করছে, আবার কেউ ডিফেন্স থেকে সংবাদ এনে দিচ্ছে। প্রতিটি জনগনের দৃঢ় বিশ্বাস মুক্তিবাহিনীকে হানাদারদের বিতাড়িত করতে সক্ষম হবে।

হঠাৎ দেখলাম জনৈক মুক্তিযোদ্ধা কালিগঞ্জের দিক থেকে ছুটে আসছেন। কাছে আসতে জানতে পারলাম, কালিগঞ্জে ৪ জন পাক সেনা খতম হয়েছে। ক্যাপ্টেন হুদা ধন্যবাদ জানালেন এই সময় সহসী মুক্তিযোদ্ধাকে।

এক বৃদ্ধ এলেন কয়েকটি ডাব নিয়ে। এই বৃদ্ধের একমাত্র ছেলে ডিফেন্সে যুদ্ধ করছে। ছেলেকে না পেয়ে ডাবগুলো সব আমাদের মধ্যে বিতরণ করে দিলেন। ছেলের জন্য একটা রাখতে বলায় তিনি বললেন, 'আপনারাও তো আমার ছেলে'। বৃদ্ধের দৃঢ় এই মনোবল সবাইকে মুদ্ধ করল।

একজন তরুন মুক্তিসেনা আহত হয়েছে তাড়াতাড়ি পৌছে দিতে হবে তাকে হাসপাতালে। ভার পড়ল আমাদের তিনজনের উপর। অনিচ্ছা সত্ত্বেও আহত সৈনিককে নিয়ে ফিরে চললাম দুর্জয় ঘাঁটি শ্যামনগর পরিত্যাগ করে-

হে দুর্জয় ঘাঁটি শ্যামনগর তোমায় অভিনন্দন- অভিনন্দন বাংলার শক্তিকে, যারা শ্যামনগর মুক্ত রাখার জন্য জীবনপণ যুদ্ধ করে চলেছে- বাংলার স্বাধীনতার লাল সূর্যকে-

কয়েকদিন পর জনৈক মুক্তিযোদ্ধা দুঃসংবাদ বহন করে নিয়ে এলেন, শ্যামনগর কালিগঞ্জ হানাদাররা দখল করেছে। শোনার সঙ্গে সঙ্গে পাথরের মত স্তব্ধ হয়ে গিয়েছিলাম। আমার সোনার বাংলা কি তবে দখলদারদের থেকে মুক্ত হবে না? ভাবনার অবসান করলেন মুক্তিযোদ্ধাই, 'ভাবছেন কেন, এ ত সাময়িক পরাজয়, দেখবেন কয়েকদিনের মধ্যেই আমরা হানাদারদের বিতাড়িত করতে সক্ষম হব। তাছাড়া গেরিলা যুদ্ধের নিয়মই তো এমনি'।

এরপর শ্যামনগর, কালিগঞ্জ থেকে কি কারণে মুক্তিযোদ্ধারা সরে এলেন সে সম্পর্কে জানতে চাইলাম- উত্তরে বললেন, 'আমাদের সবচেয়ে অস্ত্রের অভাব, যার জন্য এই সাময়িক পরাজয়। আমাদের কাছে অস্ত্র বলতে রাইফেল, এলএমজি ও দু'একটা থ্রি-ইঞ্চ মর্টার আর ওরা আধুনিক অস্ত্রে, সজ্জিত, কাজেই ওদের মত যদি আমাদের আধুনিক অস্ত্র থাকত তো বুঝিয়ে দিতাম মুক্তিযোদ্ধারা কত দুর্বার।'

-বিপ্লবী বাংলাদেশ, ১০ অক্টোবর, ১৯৭১

* * * * *

রণাঙ্গনের খবর

(রনবার্তা পরিবেশক)

বাংলাদেশের মুক্তি যুদ্ধ এক তাৎপর্যপূর্ণ পর্যায়ে উপনীত হইয়াছে। দখলকৃত এলাকার সকল স্থানে সকল স্তরে মুক্তিযোদ্ধারা তাহাদের অবস্থান দিন দিন সুদৃঢ় করিয়া চলিয়াছেন।

দখলীকৃত এলাকার প্রতিটি জেলা সদর দপ্তরসহ জেলার সর্বত্র তাঁহারা বিপুলসংখ্যায় ছড়াইয়া পড়িয়া দিকে দিকে শত্রুবাহিনীর বিরুদ্ধে প্রতিরোধ গড়িয়া শত্রুদের খতম , জখম এবং হয়রান করিয়া চলিয়াছেন।

সর্বত্রই তাহারা অসম সহসিকতার দৃষ্টান্ত স্থাপন করিয়া হানাদার সৈন্যদের মনোবল ভাঙিয়া দিয়া তাহাদের চরম হতাশ করিয়া চলিয়াছেন।

শত্রুবাহিনীর চরম হতাশা এবং তাহাদের মধ্যকার বেলুচ পাঠান সিন্ধি এবং পঞ্জাবীদের মধ্যে ক্রমবর্ধমান পারস্পরিক অন্তর্বিরোধ, মতোবিরোধ, অবিশ্বাস এবং হিংসা প্রতিহিংসা বিদ্বেষের মুখে মুক্তিযোদ্ধাদের শক্তি দিন দিনই বৃদ্ধি পাইয়া চলিয়াছে। বর্বর হানাদার বাহিনীর প্রায় এক ডিভিশন সৈন্য বাংলাদেশে দখলকৃত এলাকা ছাড়িয়া চোরের মত ইসলামাবাদের পলায়নের মুখে গত শনিবার মুক্তিযোদ্ধাদের সদ্য ট্রেনিং সমাপ্ত অফিসারদের প্রথম দলটি বিভিন্ন রণাঙ্গনে ছড়াইয়া পড়েন। এদিকে নৌবাহিনীর ইউনিটও দিন দিন জোরদার হইয়া উঠিতেছে।

বাংলাদেশে মুক্তিযোদ্ধাদের ব্যাপক প্রস্তুতি ও প্রচন্ড আঘাতের মুখে শত্রুরা দিশাহারা হইয়া শেষ পর্যায়ে নিরাপদে পলায়নের পথ সুরক্ষিত করার দিকে সর্বশক্তি নিয়াগ করিয়াছে বলিয়া খবর পাওয়া যাইতেছে।

বাংলাদেশ হইতে সঙ্কটকালে বিমানে জল্লাদ সেনাদের পলায়নের সম্ভাবনা না দেখিয়া জঙ্গীচক্র ঢাকা হইতে চট্টগ্রাম ও চালনা পর্যন্ত বিস্তৃত নৌপথের উপর দখল জোরদার করিতেছে বলিয়া জানা গিয়াছে।

এদিকে বিভিন্ন রনাঙ্গণ হইতে প্রাপ্ত খবরে জানা যায় যে, স্থল, ও নৌপথে বাংলার দুর্জয় অগ্নিসন্তান মুক্তিযোদ্ধাদের সামনে তিষ্টিতে না পারিয়া বর্বর খান সেনারা বিমানের সাহায্য গ্রহণ করিতেছে এবং প্রায়ই পোড়া মাটি নীতি অবলম্বন করিয়া বেসামরিক নিরস্ত্র জনসাধারনকে হত্যা করিয়া চলিয়াছে।

দখলীকৃত এলাকায় উহাদের সদর দফতর মায় ঢাকা শহর হইতে শুরু করিয়া প্রতিটি জেলা শহর মুক্তিযোদ্ধাদের গোলাগুলি এবং তাঁহাদের দৃপ্ত পদভারে থর থর করিয়া কাঁপিতেছে। জেলার সর্বত্র হানাদার বাহিনী ও উহাদের দালালদের তাঁহারা উৎখাত করিয়া চলিয়াছেন। পরিস্থিতির ভয়াবহতা ও প্রচন্ডতা আচ করিতে পারিয়া ইসলামাবাদের জঙ্গীশাহী বাংলাদেরশের দখলীকৃত এলাকায় তথাকথিত উপনির্বাচনেন পরিকল্পনা আরও পিছইয়া দিয়াছে।

রণাঙ্গন হইতে প্রাপ্ত খবরে জানা যায়, দুর্ধর্ষ মুক্তিযোদ্ধাদের অগ্রাভিযান সর্বত্র অব্যাহত রহিয়াছে। দখলীকৃত এলাকার নোয়াখালী জেলার ফেনী, পরশুরাম, অনন্তপুর, বেলুনিয়া এবং টাঙ্গাইলে হানাদার বাহিনী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রচন্ড সংঘর্ষ চলিতেছে।

ঢাকা ময়মনসিংহের মধ্যে স্থানে স্থানে রেলপথ উঠাইয়া ফেলায় এবং গুরুত্বপূর্ণ রেলসেতুগুলি মুক্তিযোদ্ধারা মাইনের সাহায়ে সম্পূর্ণ ধ্বংস করিয়া দেওয়ায় ঢাকা ময়মনসসীংহের মধ্যে ট্রেন চলাচল ব্যাহত হইয়া পড়িয়াছে।

টাঙ্গাইল এলাকায় বর্তমানে প্রচন্ড লাড়াই চলিতেছে। হানাদার সৈন্যরা এই স্থানে জঙ্গী বিমানের সাহায্য গ্রহণ করিতেছে বলিয়া খবর পাওয়া গিয়াছে। অবশ্য ইতিমধ্যেই মুক্তিযোদ্ধারা টাঙ্গাইল শহরের উপকন্ঠে কাগমারীতে ৫ জন খানসেনাকে খতম করিয়াছেন।

নোয়াখালী জেলায় ও ফেনী বেলুনিয়া এলাকায় ঢাকা চট্টগ্রাম রোড নিরাপদ করার জন্য হানাদার বাহিনী মরিয়া হইয়া প্রচেষ্টা চালাইতেছে। কিন্তু বীর মুক্তিযোদ্ধারা আঘাতের পর আঘাত হানিয়া উহাদের সকল প্রচেষ্টা ধুলিস্মাৎ করিয়া দিয়া অগ্রসর হইয়া চলিয়াছেন।

ফেনী হইতে প্রাপ্ত খবরে জানা যায় এ মাসের প্রথম দিকে মুক্তিযোদ্ধারা মুহুরী নদী অতিক্রম করিয়া পরশুরাম এবং অনন্তপুরে শক্তিশালী প্রতিরোধ সৃষ্টি করেন। খান সেনারা মরিয়া প্রচেষ্টা চালাইতেছে। কিন্তু বীর মুক্তিযোদ্ধারা আঘাতের পর আঘাত হানিয়া ইহাদের সকল প্রচেষ্টা ধুলিস্মাৎ করিয়া দিয়া অগ্রসর হইয়া চলিয়াছেন।

ফেনী হইতে প্রাপ্ত খবরে জানা যায়, এ মাসের প্রথম দিকে মুক্তিযোদ্ধারা মুহুরী নদী অতিক্রম করিয়া পরশুরাম এবং অনন্তপুরে শক্তিশালী প্রতিরোধ সৃষ্টি করেন। খান সেনারা মরিয়া হইয়া যুদ্ধ করিয়া উহাদের ১৯ জনকে মুক্তিযোদ্ধাদের হাতে হারাইয়া পিছনে হটিয়া যাইতে বাধ্য হয়। মুক্তিযোদ্ধারা খান সেনাদের পিছু ধাওয়া করিয়া ৪০ জনকে খতম করেন।

অনন্তপুরে অষ্টাদশ পাঞ্জাব রেজিমেন্টের ৩০ জন খান সেনা মুক্তিযোদ্ধাদের হাতে খতম হয়। বেলুনিয়া এলাকায় সংঘর্ষে খান সেনাদের একজন অফিসারসহ ২৭ জন মুক্তিযোদ্ধাদের হাতে গত সপ্তাহে খতম হয়।

কুমিল্লা রণাঙ্গন হইতে প্রাপ্ত খবরে জানা যায়, তৃতীয় পাঞ্জাব রেজিমেন্টের সৈন্য বোঝাই একটি লঞ্চ গত ৪ঠা অক্টোবর মুক্তিযোদ্ধারা কসবা এলাকায় নৌপথে ডুবাইয়া দেন। ইহাতে ২ শত খান সেনা খতম হয় এবং লঞ্চ বোঝাই অস্ত্রশস্ত্র নিমজ্জিত হইয়া যায়। ইহার আগের দিন মুক্তিযোদ্ধারা বাঞ্ছারামপুর এলাকায় আরও একটি লঞ্চ ডুবাইয়া দিয়া ১০ জন হানাদার সৈন্য খতম করেন। এই এলাকাতেই মুক্তিযোদ্ধারা খান সেনাদের তিনটি স্পীডবোট এবং ১০ টি নৌকা ডুবাইয়া দিয়া একজন লেফটেন্যান্ট কর্নেল ও একজন ক্যাপ্টেনসহ মোট ১৪ জনতে হত্যা করেন।

উত্তর রণাঙ্গনে ভূরুঙ্গামরী, মোঘলাহাট, নওয়াবগঞ্জ, খঞ্জনপুর এলাকায় মুক্তিযোদ্ধারা খান সেনাদের উপর বিভিন্ন আঘাত হানিয়া প্রায় ৬০ জনকে খতম করেন গত এক সপ্তাহে।

ঢাকা হইতে সর্বশেষ প্রাপ্ত খবরে জানা যায়, ঢাকা ও আশেপাশের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বিপর্যস্ত করিকয়া ফেলিয়াছেন।

বঙ্গবন্ধু নৌবহর উদ্বোধন

(রণবার্তা পরিবেশক)

গত শুক্রবার বাংলাদেশের কোন এক মুক্ত এলাকার নৌঘাঁটিতে বাংলাদেশ মুক্তিযোদ্ধাদের নৌবিভাগের একটি নৌবহরের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। স্বাধীন সার্বভৌম পণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের নামে এই নৌবহরের নামকরন করা হইয়াছে বঙ্গবন্ধু নৌবহর এক। উল্লেখযোগ্য যে, মুক্তিযোদ্ধাদের নৌ ইউনিটের দুর্ধর্ষ গেরিলারা বাংলাদেশের দক্ষিণাঞ্চলে দখলীকৃত জল এলাকা হইতে যে ৫টি লঞ্চ হানাদার সৈন্যদের কবল হইতে দখল করেন সেই ৫টি লঞ্চকে লইয়া প্রাথমিক পর্যায়ে আনুষ্ঠানিকভাবে এই নৌবহরটি গঠন করা হয়।

মুক্তিযোদ্ধাদের কুচকাওয়াজ অনুষ্ঠানে সৈয়দ নজরুলের ভাষণ

(রাজনৈতিক সংবাদদাতা)

গত শনিবার বাংলাদেশের মুক্তাঞ্চলের কোন এক স্থানে মুক্তিযোদ্ধাদের অফিসার ট্রেনিং কোর্সের প্রথম দলের আনুষ্ঠানিক অভিষেক (পাসিং আউট সিরিমনি) উৎসবে বক্তৃতাকালে গণগ্রজাতন্ত্রী বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলাম এই মন্তব্য করেন যে, 'স্বাধীন বাংলার জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজ শত্রুর কারাগারে। যেদিন তিনি শত্রুমুক্ত ঢাকার রেসকোর্স ময়দানে বাংলাদেশ্পনাদের অভিবাদন গ্রহণ করিতে পারিবেন সেই দিনই অর্জিত হইবে মুক্তি সংগ্রামের চূড়ান্ত সাফল্য'। তিনি এবং প্রধান সেনাপতি কর্নেল এমএজি ওসমানী এই অনুষ্টানে ট্রেনিংপ্রাপ্ত তরুণ অফিসারদের অভিবাদন গ্রহণ এবং তাঁহাদের কুচকাওয়াজ পরিদর্শন করেন।

অস্থায়ী রাষ্ট্রপতি অফিসারদের কুচকাওয়াজ পরিদর্শন ও তাঁহাদের উদ্দেশ্যে অনলবর্ষী ভাষায় ভাষণ দান করেন। এই ভাষণে তিনি হানাদার বাহিনীর কবল হইতে দেশমাতৃকার মুক্তির ব্যাপারে তাঁহাদের গুরুদায়িত্ব ও

কর্তব্যের কথা স্মরণ করাইয়া দেন। এই প্রসঙ্গে তিনি পশ্চিম পাকিস্তানের ঔপনিবেশিক শসকগোষ্ঠি কর্তৃক বাংলাদেশের মানুষকে পাকিস্তানের নামে ধোঁকা দেওয়ার এবং স্বাধীনতার নামে নিষ্ঠুর শোষন ও নির্যাতন নিপীড়নের মর্মন্তুদ কাহিনী তুলিয়া ধরেন। তিনি বাংলাদেশে হানাদার সৈন্যদের ঘৃণ্যতম গণহত্যার বর্ণনা দিতে গিয়া হত্যাকারীদের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়ার জন্য অফিসারদের প্রতি আহবান জানান।

অস্থায়ী রাষ্ট্রপতি বাঙালির শৌর্যবীর্য ও বীরত্বের উচ্ছসিত প্রশংসা কারিতে গিয়া বলেন, মুক্তিযোদ্ধাদের উপর মুক্তিকারী সাত কোটি মানুষের অটল আস্থা ও সর্মথন রহিয়াছে। পূর্বাহ্নে প্রধান সেনাপতি কর্নেল এমএজি ওসমানি অফিসারদের উদ্দেশ্যে ভাষনদান কালে তাহাদিগকে শৃঙ্খলা ও ন্যায়ের প্রতি শ্রদ্ধাশীল থাকার আহবান জানান।

বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমেদ, জাতীয় ও প্রাদেশিক পরিষদের বহুসংখ্যক সদস্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের উচ্চপদস্থ বহু সামরিক ও বেসামরিক কর্মচারী এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ মুক্তিযোদ্ধাদের অফিসার পদে ট্রেনিং প্রাপ্তদের আনুষ্ঠানিক অভিষেক উৎসব এবং গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ হইতে তাঁহাদিগকে সনদ প্রদান অনুষ্ঠান ইহাই প্রথম।

অভিষেক অনুষ্ঠান উপলক্ষে নির্মিত মনোরম মঞ্চে প্রধান সেনাপতি কর্নেল এমএজি ওসমানী এবং সামরিক একাডেমীর অধ্যক্ষ অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলামকে অভ্যর্থনা জ্ঞাপন করেন।

-বাংলার বাণী, ১২ অক্টোবর, ১৯৭১

* * * * *

ঢাকা-চাটগাঁ রোডের গুরুত্বপূর্ণ সেতু ধ্বংস

গত এক পক্ষকালে স্বাধীনতাকারী বীর যোদ্ধারা ময়মনসিংহ সেক্টরের জগন্নাথগঞ্জ ঘাটের নিকট একটি গ্রামে প্রায় একশ রাজাকারকে খতম করেছেন। এই আক্রমণে রয়েকজন ভীতবিহবল রাজাকার অস্ত্রশস্ত্রসমেত মুক্তি বাহিনীর হাতে আত্মসমর্পণ করে।

নোয়াখালী

নোয়াখালীতে ফেনী অঞ্চলে এ মাসের গোড়ার দিকে মুক্তিবাহিনীর গেরিলা যোদ্ধারা নতুন কৌশল অবলম্বন করে শত্রুসৈন্যর ওপর মারাত্মক হামলা চালান। গত ৩রা অক্টোবর মুক্তিবাহিনীর দুঃসাহসী যোদ্ধারা ফেনীর কাছে মুহুরী নদী পেরিয়ে পরশুরাম ও অনন্তপুরে ছাউনি ফেলেন। পাকিস্তানীরা এ অবস্থায় মরিয়া হয়ে নিকট থেকে মুক্তিবাহিনীর ওপর আক্রমণের দুঃসাহস দেখায়। গেরিলা যোদ্ধারা অত্যন্ত ক্ষিপ্রতার সাথে নিজেদের মধ্যে আশ্চর্য সমন্বয় সাধন করে বীর মুক্তি সেনানীরা মর্টারসহ ছোট ভারী অস্ত্র নিয়ে প্রবল আক্রমণ হানে। প্রচন্ড লড়াইয়ের পর ১৯ জন শত্রুসেনা খতম হয়।

নোয়াখালীর অনন্তপুরে মুক্তিবাহিনীর ৩টি ঘাঁটিতে হানাদার সৈন্যরা আক্রমণের দুঃসাহস দেখালে আমাদের অসমসাহসী বীর যোদ্ধারা তা প্রতিহত করতে এগিয়ে গেলে দু'পক্ষের মধ্যে প্রচন্ড সংঘর্ষ বাধে পরে এ আক্রমণে শত্রুপক্ষের ৩০ জন সৈন্য খতম হয়।

কুষ্টিয়ার উভয় পক্ষের মধ্যে মুখোমুখি এক সংঘর্ষ

গত ২২শে সেপ্টেম্বর দুই কোম্পানি পাকফৌজ তেতুলবাড়ীয়া গ্রামের আওয়ামী লীগ দলীয়া চেয়ারম্যানের বাড়িতে আগুন ধরিয়ে দিলে মুক্তিবাহিনী তাদের ঘিরে ফেলেন। মুখোমুখি এক সংঘর্ষে হানাদার বাহিনীর ৩ জন

সৈন্য খতম হয় এবং ৫ জন গুরুতররূপে আহত হয়। ভীত সন্ত্রস্ত খান সেনারা মুক্তিবাহিনীর হাতে মার খেয়ে পলায়নকালে প্রচুর অস্ত্রশস্ত্র ও তাহাদের পোশাকাদি ফেলেই কেটে পড়ে।

উক্ত দিন মুক্তিবাহিনীর দুঃসাহসি যোদ্ধারা দস্যু সৈন্যদের ওপর আরো একটি আক্রমণ চালান। ফলে ৩ জন সৈন্য নিহত ও ১৩ জন আহত হয়।

কুষ্টিয়া জেলার টংটর কাছে বেলগাছিয়া গ্রামে পাকিস্তানী সৈন্যরা হামলা চালায়। ফলে ১০ জন নিরীহ নাগরিক নির্মমভাবে নিহত হন।

মুক্তিবাহিনী ঘটনাস্থলে উপস্থিত হন এবং ৫ জন খান সেনাকে খতম করেন।

যশোর-খুলনা: পাজিঘাট, কারমার, যশোহর-খুলনা খন্ডের পশ্চিমবাগ ও শ্যামপুকুর গ্রামের পাকিস্তানী ঘাঁটির ওপর মুক্তিযোদ্ধারা প্রচন্ড আক্রমণ চালান। এই আক্রমণে মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা হাল্কা মেশিনগান ও ভারী মর্টার ব্যবহার করেন। ফলে একুশ জন খান সেনা নিহত হয়। মুক্তিবাহিনীর মর্টারে ৩টি বাঙ্কার ধ্বংস হয়।

রংপুর খন্ডে প্রচন্ড সংঘর্ষ

মুক্তি বাহিনীর অসম সাহসী যোদ্ধারা দুর্বার গতিতে পাকিস্তানী সামরিক ঘাঁটিগুলোর ওপর আক্রমণ চালিয়ে যাচ্ছেন। গত ৩০শে সেপ্টেম্বর রংপুর-দিনাজপুর-রাজশাহী অঞ্চলে ভুতমারীতে গেরিলা যোদ্ধার স্বয়ংক্রিয় অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হয়ে খান সেনাদের ওপর আক্রমন চালিয়ে ৪ জনকে হত্যা করেছেন।

গত সপ্তাহে গেরিলা যোদ্ধার রউমারী এলাকায় ব্যাপক আক্রমন চলালে দখলদার ১০০ সৈন্য ও রাজাকার নিহত হয়। এছাড়া ২ শত রাজাকার গুরুতররূপে আহত হয়।

প্রধান সেনাপতির পূর্ব রণাঙ্গন সফর

গত সপ্তাহে বাংলাদেশ মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কর্নেল এমএজি ওসমানী পূর্ব রণাঙ্গনের অগ্রবর্তী অঞ্চল বিভিন্ন হাসপাতাল ও মুক্তি সেনাদের শিবির পরিদর্শন করেন। তিনি রণাঙ্গনে মুক্তিযোদ্ধাদের উদ্দেশ্যে বিভিন্ন স্থান ভাষণ দেন।

মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি মুক্তি সেনাদের কঠোর মনোবল, অমিত সাহস, দুর্জয় আত্মবিশ্বাস এবং আত্মোৎসর্গের বিপুল প্রেরনা দেখে গর্ববোধ করেন। তিনি তাঁহাদেরকে আরও তৎপর হতে এবং ত্যাগ স্বীকারের জন্য আহবান জানান। তিনি ভাষনদানকালে মুক্তিযোদ্ধাদের অসম সাহসিকতা ও দেশাত্ববোধের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। সমগ্র জাতি তাদের এই দুঃসাহসী অভিযানের জন্য গর্বিত বলে তিনি উল্লেখ করেন। তিনি তার ভাষণে আরও বলেন যে, ছয় মাসের যুদ্ধে মুক্তিযোদ্ধারা যে সাহসিকতা দেখিয়েছেন তাতে করে আমাদের জনসাধারণের আত্মবিস্বাস আরও বেড়ে গেছে। মুক্তিযোদ্ধাদের অপূর্ব গেরিলা রণকৌশলের প্রশংসা করে তিনি এ কথা বরেন, 'আপনারা একটি জাতি হিসেবে বেঁচে থাকার প্রশ্নেই আজ এ লড়াইয়ে অবতীর্ণ হয়েছেন।' কঠোর আত্মপ্রত্যয় ও সাহসিকতা নিয়ে প্রচন্ড দুর্যোগের মুখে দাড়িয়য়ে আপনার রণক্ষেত্র এক নজীর বিহীন সাফল্য অর্জন করেছেন। এই প্রসঙ্গে তিনি আরও বলেন যে, আপনারা যদি শৃঙ্খলার সঙ্গে এভাবে লড়ে যান তাহলে সারা পৃথিবীতে একটি অন্যতম শ্রেষ্ঠ 'সৈন্যবাহিনী' হিসেবে নিজেদেররক চিহ্নিত করতে পারবেন। কর্নেল ওসমানী অগ্রবর্তী হাসপাতালগুলো পরিদর্শনকালে রোগীদের শয্যাপাশে গিয়ে প্রাণ খোলা কথাবার্তা বলেন। তিনি কর্মরত চিকিৎসক ও নার্সদেরকে হাসপাতালের কর্মতৎপরতা ও রোগীদের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসাবাদ করেন। তিনি তাদেরকে স্বাধীনতার কাজে তাদের নিঃস্বার্থ সেবা ও ত্যাগ স্বীকারের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এখানে উল্লেখ করা যেতে পারে যে অগ্রবর্তী হাসপাতালগুলোর চিকিৎসক ও নার্সগণ সকলেই বিশ্ববিদ্যালয় ও কলেজের ছাত্র-ছাত্রী।

-জয় বাংলা, ১৫ অক্টোবর, ১৯৭১

* * * * *

রণাঙ্গন থেকে বলছি

গত ছয় মাসে স্বাধীনতাকামী মুক্তিবাহিনীর গেরিলাদের তৎপরতা দিনের পর দিন সাফল্যের সিংহ দ্বারে গিয়ে পৌছতে আরম্ভ করেছে। সাম্প্রতি পাক বাহিনী তহাদের বহু ঘাঁটি থেকে পালিয়ে যেতে বাধ্য হচ্ছে।

কুমিল্লা: মুক্তিবাহিনীর গেরিরারা কুমিল্লা শহরের বিভিন্ন অঞ্চলে সাফল্যজনক তৎপরতা চালিয়ে যাচ্ছে। সম্প্রতি কুমিল্লা জেলা স্কুল ও কান্দির পাড়ে গ্রেনেড চার্জ করে ও দখলদার বাহিনীর ক্ষতি সাধন করে।

অপর একটি সংবাদে প্রকাশ মুক্তিবাহিনীর গেরিলারা জালুয়ার পাড়ায় একজন পাক মেজর ও তার ৬ সঙ্গীকে খতম করে ও তাদের অস্ত্রাদি নিয়ে আসে।

কুমিল্লায় রেল যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে। কুমিল্লা খন্ডে ফেনী ও বেলোনিয়ার মধ্যবর্তী ফুলগাজি রেল সেতুটি মুক্তিবাহিনীর গেরিলাদের হাতে বিধ্বস্ত হয়। এ সপ্তাহের গোড়াতেই এ ঘটনা ঘটেছে বলে বাংলাদেশ বাহিনীর হেড কোয়র্টার থেকে প্রকাশিত যুদ্ধ বুলেটিন বলা হয়েছে।

ফেনী ও বিলোনিয়াতে এখনও পর্যন্ত পাক জল্লাদদের সঙ্গে মুক্তিবাহিনীর গেরিলাদের প্রচন্ড লড়াই চলছে।

গত ৪ঠা অক্টোবর কুমিল্লা জেলার কসবার কাছে তৃতীয় পাঞ্জাব রেজিমেন্টের একটি লঞ্চ গেরিলারা ডুবিয়ে দেয়। এত বহু পাক সেনা খতম হয়।

বাঞ্ছারামপুরে আরেকটি লঞ্চ গেরিলারা ডুবিয়ে দেয়। এতে দশজন পাক সেনা মারা যায়।

ওই রিপোর্টে আরও বলা হয়েছে যে ওই একই অঞ্চলে গেরিলারা তিনটি দ্রুতগামী স্টিমার ডুবিয়ে দিয়েছে। এছাড়া পাক সেনারা দশটি নৌকারও ক্ষতি করেছে।

গত সপ্তাহে কুমিল্লা জেলার কসবার কাছে মুক্তিবাহিনী অতর্কিত একটি পাক সৈন্যবাহী লঞ্চ আক্রমণ করে দুইশ জন পাঞ্জাবী সৈন্য খতম করে। বাঞ্ছারামপুরেও পাক বাহিনীর আর একটি লঞ্চ ডুবিয়ে দিয়ে দশজন ও ঐ এলাকায় অপর এক আক্রমণে ৩টি গানবোট ডুবিয়ে ও ১০ টি নৌকা ক্ষতি সাধন করে একজন লেফটেনেন্ট কর্নেল ও একজন ক্যাপ্টেনসহ ১৪ জন শত্রুসৈন্য খতম করে। আমড়াতলীতে নয়নপুরে রেলস্টেশনের কাছে ৩ জক পাক হানাদারকে খতম করে।

নোয়াখালীতে: ফেনী অঞ্চলে মুক্তিবাহিনী পাক সেনাদের উপর দুর্বর আক্রমনের জন্য পরশুরাম ও অনন্তপুরে ঘাটি করে। নিজেদের মধ্যে সমন্বয় সাধন করে মুক্তি সেনারা মর্টারসহ ছোট ও ভারি অস্ত্র নিয়ে প্রবল আক্রমণের পর ১৯ জন জাক সেনা খতম করে। তাতে পাক সেনারা পিছনে হটতে থাকলে মুক্তিবাহিনীর বীরেরা এগিয়ে সরাসরি আক্রমণে লিপ্ত হয়ে আরও ৪০ জনকে খতম করে। এরপর অনন্তপুরে মুক্তিবাহিনীর ঘাটি আক্রমন করলে বীর মুক্তিযোদ্ধারা ৩০ জন সৈন্যকে ঘায়েল করে। গেরিরা রণকৌশল অনুযায়ী মুক্তিযোদ্ধারা সাময়িকভাবে পিছিয়ে যায়। কিন্তু কয়েক ঘন্টার মধ্যেই নতুন উদ্যম নিয়ে আবার অধিকতর শক্তিতে আক্রমন করলে অষ্টাদশ পাঞ্জাব রেজিমেন্টের ৩০ জন সৈন্য খতম হয়। আবার পুনরায় নিজেদের ঘাঁটি দখল করে।

বর্তমান খবর অনুসারে ফেনী এবং বিলোনিয়ার গেরিরা ও পাক হানাদারদের মধ্যে প্রবল যুদ্ধ চলাকালে একজন জেসিওসহ ২৭ জন শত্রু সৈন্য খতম হয় এবং গেরিলারা ফেনী ও বিলোনিয়ার সংযোগ রক্ষকারী ফুলগাজী রেল সেতুটি উড়িয়ে দেয়।

রাজশাহী: এ মাসের প্রথম সপ্তাহে রাজশাহী ও নবাবগঞ্জের মধ্যবর্তী রেল পথে গেরিলারা এক দুর্ধর্ষ আক্রমন চালিয়ে একটি সৈন্যবাহী ট্রেন বিধ্বস্ত করার ফলে ২৩ জন পাক সেনা খতম হয়।

খঞ্জলপুর ও শিবরামপুরে গেরিলারা পাক সেনাদের উপর ঝটিকা আক্রমন করে আরও ২১ জন সেনাকে খতম করেন।

রংপুর: এই জেলার পশ্চিম ভুরুঙ্গামারীতে পাক সেনারা যখন পরিখা খনন করছিল তখন মুক্তিবাহিনী তাদের উপর ঝটিকা আক্রমন করে। এবং এই সময় তাদের ২টি গাড়িও বিধ্বস্ত করে।

দিনাজপুর: এ মাসের প্রথম সপ্তাহে মোগলহাটিতে মুক্তিবাহিনী ও পাক সেনাদের মধ্যে গুলি বিনিময় হয়; ফলে ৭ জন পাক সেনা হতাহত হয়। এই সংঘর্ষে মুক্তিযোদ্ধাদের ৭ জন সামান্য আঘাত পায়।

চট্টগ্রাম: ৬ই অক্টোবর ঢাকা-চট্টগ্রাম এর মধ্যবর্তী পথে যখন পাক বাহিনীর সৈন্যরা একটি গাড়িতে মাল বোঝাই করছিল, তখন মুক্তিবাহিনীর গেরিলারা তাদের উপর হ্যান্ড গ্রেনেড নিক্ষেপ করে। ফলে ৩ জন পাক সেনার মৃত্যু ঘটে।

সিলেট: গত ৭ই অক্টোবর রাত্রে মুক্তিবাহিনীর গেরিলারা কামদেবপুরে পাক সেনাদের চারিদিক হতে অবরোধ করে ফেলে এবং তাদের ১ জন মেজরসহ ২৫ জন পাক সেনাকে খতম করে।

চম্পকনগরে মুক্তিবাহিনী পাক সেনাদের বিব্রত করে তোলে এবং ৩ জনকে খতম করে।

করই বাজার পাক ঘাঁটির উপর মুক্তিবাহিনী আক্রমন চালিয়ে ৫ জনকে খতম করে।

টাঙ্গাইল: গত ৮ই অক্টোবর কাগমারী অঞ্চলে মুক্তিবহিনী পাক সেনাদের উপর সজোরে আক্রমণ চালিয়ে ৫ জন সেনাকে খতম করে এবং টাঙ্গাইল এর এক বিস্তীর্ণ এলাকায় পাক হানাদার ও মুক্তি বাহিনীর গেরিলাদের সঙ্গে প্রচন্ড লড়াই চলছে।

-সাপ্তাহিক বাংলাদেশ, ১৫ অক্টোবর, ১৯৭১

* * * * *

গেরিলাদের অব্যর্থ গুলিতে মোনেম খাঁ খতম

(নিজস্ব সংবাদ দাতা পরিবেশক)

জল্লাদ ইয়াহিয়ার পূর্বসূরি আইয়ুবের কুখ্যাত সহচর মোনায়েম খাঁ মুক্তিযোদ্ধাদের অব্যর্থ গুলিতে খতম হইয়াছে।

গত ১৩ ই অক্টোবর মোনায়েম খাঁ ঢাকায় গুলিবিদ্ধ হয়। পরে তাকে হাসপাতালে স্থানান্তরিত করা হইলে সেখানেই তাহার মৃত্যু ঘটে।

মোনায়েম খাঁ ১৯৬৪ সাল হইতে ১৯৬৯ সালের মার্চ মাস পর্যন্ত তদানীন্তন পূর্ব পাকিস্তানের গভর্নর হিসাবে আয়ূবের সকল দুস্কর্মের সাথী ছিল। ফলে সে বাঙালিদের তীব্র ঘৃণার পাত্রে পরিণত হয়। গভর্ণরের পদ হইতে অপসারিত হওয়ার পরও মোনায়েম খাঁর পক্ষে প্রকাশ্যে চলাফেরা কিম্বা জনসমাজে মেলামেশা করা সম্ভব ছিল না। ইয়াহিয়া খাঁর আমলে সে পুনরায় মাথাচাড়া দিয়ে ওঠার চেষ্টা করে।

২৫শে মার্চের পর সে জল্লাদ ইয়াহিয়া চক্রের দালালিতে আত্মনিয়োগ করিয়াছিল। কিন্তু বাংলাদেশের বীর স্বাধীনতা সংগ্রামীরা তাহার মীরজাফরীর উচিত সাজা দিয়াছে।

-মুক্তিযুদ্ধ, ১৭ অক্টোবর, ১৯৭১

* * * * *

শ্রীহট্টে ছাতক শহরে স্বাধীন বাংলাদেশের পতাকা উড্ডীন

১৬ই অক্টোবর- মুক্তিবাহিনী ছাতক সিমেন্ট কারখান ও শহরের ওপর বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেছে। শ্রীহট্ট জেলার সুরমা নদীর উত্তর তীরে এই শিল্পনগরীটিকে পুনরায় অধিকার করার পর এই পতাকা উত্তোলন করা হয়।

দক্ষিণ তীরে ছাতক বাজারের জন্য তুমুল যুদ্ধ চলছে। সীমান্তের ওপার থেকে এই খবর এসে পৌছেছে।

মুক্তিবাহিনী ছাতক ও জেলা সদর কার্যালয় শহর শ্রীহট্ট টাউনের মধ্যে রেল ও সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে। ছাতক বাজার মুক্তিবাহনীই দখল করবে বলে মনে হচ্ছে।

মুজিবনগর থেকে ইউএনআই এর খবরে প্রকাশ, চলতি মাসের প্রথম সপ্তাহে মুক্তিবাহিনীর গেরিলারা চট্টগ্রামের আগ্রাবাদ, মাদিরবাড়ী, মাদিনঘাট, চাঁদপুরে চারটি পাওয়ার সাবস্টেশন ধ্বংস করে দিয়েছে, ফলে টাউন ও পার্শ্ববর্তী অঞ্চল অন্ধকারে ঢেকে দিয়েছে। এখানে বাংলাদেশ বাহিনীর সদর কার্যালয়ে এক যুদ্ধ বুলেটিনে এ খবর জানা গেছে।

৭ই অক্টোবর চট্টগ্রামের কাপতাই লাইনে গেরিলাবাহিনী বৈদুতিক লাইন ধ্বংস করে দিয়েছে।

১২ ই অক্টোবর পাক বাহিনীর সঙ্গে এক সংঘর্ষে মুক্তিফৌজ তিনজন পাক সেনাকে খতম করে। গুথুমা ও পূর্ব দেবপুরে পাক সৈন্যরা ওপর দু'টি পৃথক আক্রমনে দু'জনকে খতম করে ও আটজনকে জখম করে।

নোয়াখালী জেলার ছাগলনাইয়া থানায় হানা দিয়ে মুক্তিবাহিনী চারজন জন পাক সৈন্যকে খতম করেছে। গত সপ্তাহে ঢাকা জেলায় হরিরামপুর ও মালুচিম বাজারে তারা ২৫ জন পাক সৈন্যকে হত্যা করে।

মুক্তিবাহিনী মারমুখী: নিজস্ব নৌবহর তৈরি, বৈমানিকরা সংগঠিত

কৃষ্ণনগর, ১৬ অক্টোবর- বাংলাদেশ মুক্তিবাহিনী এখন মারমুখী। আর শুধু গেরিলা লড়াই নয়, অ্যামবুশ বা চোরাগোপ্তা গুলি চালানো নয়, তারা এনকাউনটার বা সম্মুখ সমরের জন্য তৈরি। প্রমাণ? প্রমাণ পশ্চিম সেক্টরে দু'জায়গায় তাঁরা চবিবশ গন্টায় ৬৬ জন পাকিস্তানী সেপাইকে নিহত করেছেন। ঢাকাতে এক জায়গায় ২৫ জন পাক ফৌজ তাঁদের হাতে প্রাণ হারিয়েছে।

কুমিল্লা-চট্টগ্রাম সেক্টরেও মুক্তিবাহিনী দারুণ সক্রিয়। পাকিস্তানীরা মরছে তাদের হাতে। এই অঞ্চলে তাদের মৃত্যুর হার এখনও খুচরো ধরনের। কোথাও দুই, কোথাও চার। জখম হচ্ছে অনেক।

নৌবহর, বৈমানিক সমিতি। মুজিবনগর থেকে দু'টি তাৎপর্যপূর্ণ খবর এসেছে। একটি হল: বাংলাদেশের কোন এক জায়গায় মুক্তিবাহিনীর নিজস্ব নৌবহর সংগটিত হয়েছে। বঙ্গবন্ধুর নামে এই নৌবহরের নাম দেওয়া হয়েছে। আপাতত এতে আছে পাঁচটি মোটরবোট সব কয়টি পাক ফৌজের কাছ থেকে ছিনিয়ে নেওয়া।

দ্বিতীয় সংবাদটি হল: বাংলাদেশের বিমানকর্মী ও বৈমানিকরা মিলিত হয়ে একটি সংস্থা গঠন করেছেন। তার কো-অরডিনেটার হয়েছেন শ্রী এসএ হোসেন। এর আগে পাক বিমান বহর ও পাকিস্তান ইনটারন্যাশনাল এয়ারওয়েজের সঙ্গে যুক্ত ছিলেন।

উপরের সব খবর পিটিআই ও ইউএনআই-এর সুত্রে পাওয়া।

-আনন্দবাজার পত্রিকা, ১৭ অক্টোবর, ১৯৭১

* * * * *

রনাঙ্গন থেকে

(নিজস্ব প্রতিনিধি)

গত ২০শে সেপ্টেম্বর রংপুর জেলার ডিমলা থানার অন্তর্গত সুটিবাড়ী হটের পশ্চিমে জোড়জিগা গ্রামে মুক্তিবাহিনীর অতর্কিত আক্রমণে ৯ জন পাক সেনা নিহত হয় এবং কয়েকজন উক্ত অঞ্চল হইতে অস্ত্রশস্ত্র রাখিয়া কোন রকমে পলায়ন করে।

উক্ত থানার বালাপড়া গ্রামে মুক্তিবাহিনী কর্তৃক রক্ষিত মাইন বিস্ফোরণে ৬ জন পাক ফৌজ নিহত হইয়াছে। প্রকাশ, মুক্তিবাহিনী রাস্তায় মাইন পুঁতিয়া রাখিয়াছিল এবং সকালে মহিষের গাড়িতে চড়িয়া ৬ জন পাক ফৌজ যাওয়ার সময় মাইন বিস্ফোরিত হয় এবং গাড়োয়ান সমেত ৭ জন নিহত হয়। পরবর্তীকালে বর্বর পাকবাহিনী বালাপাড়া গ্রামকে সম্পূর্ণভাবে জ্বালাইয়া দেয়।

গত ২১শে সেপ্টেম্বর বর্বর পাকফৌজ ডিমলা থানার অন্তর্গত খড়িবাড়ী গ্রামের টুনিরহাট জ্বালাইয়া দেয়। ফলে স্থানীয় অনেক ব্যবসায়ীর বহু সম্পত্তি বিনষ্ট হয়। উক্ত এলাকায় মুক্তিবাহিনীর তৎপরতা বৃদ্ধি পাইয়াছে।

গত ২৮ তারিখ রাত্রে ছাতনাই গ্রামে ৭০ বৎসরের এক বৃদ্ধাকে হানাদার পিচাশাচরা নির্মমভাবে হত্যা করিয়াছে। জানা গিয়াছে যে, উক্ত বৃদ্ধার পুত্র মকবুল হোসেনকে মারার জন্য সেদিন রাত্রে জানালা দিয়া মকবুল হোসকে গুলি করে, কিন্তু মকবুল হোসেন সেই ঘরে না থাকায় তাহার বৃদ্ধা মাতা গুলিবিদ্ধ হইয় মৃত্যুবরণ করেন।

দিনাজপুর: গত ২৬শে সেপ্টেম্বর রবিবার দিনাজপুরের বোদা থানার অন্তর্গত মাড়েয়া গ্রামে একদল পাকফৌজ ও রাজাকার বাহিনী স্থানীয় ন্যাপ ও আওয়ামী লীগের কর্মীদের একটি পাড়া পোড়াইয়া দেয়। সেই সময় মুক্তিবাহিনীর জওয়ানরা তাহাদের কমান্ডার মাহবুবের নেতৃত্বে উক্ত পাক বাহিনীকে পাল্টা আক্রমণ করে এবং একজন রাজাকরকে জীবিত অবস্থায় অস্ত্রসহ গ্রেফতার করিতে সক্ষম হয়। আরো প্রকাশ যে, উক্ত গ্রামে ঠাকুগাঁও মহকুমা ন্যাপের যুগ্ম সম্পাদক সফিকুল আলম চৌধুরী ও বোদা থানা ন্যাপের সম্পাদক আবদুর রউফকে জীবিত অবস্থায় তাহাদের হাত হইতে উদ্ধার করে।

১লা অক্টোবর বোদা থানার অন্তর্গত পাকফৌজ অধকৃত নয়াদীঘিতে অতর্কিত আক্রমণ চালাইয়া পাকফৌজের ঘাঁটি ও ইউনিয়ন কাউন্সিল অফিস সম্পূর্ণরুপে বিধ্বস্ত করিয়া দেয়। নয়াদীঘি ও বোদার মধ্যে সংযোগকারী ৪০ ফুট দীর্ঘ একটি পুল মুক্তিবাহিনী সম্পূর্ণরূপে ধ্বংস করিয়া ফেলে। ফলে ভীতসন্ত্রস্ত পাক হানাদারেরা উক্ত এলাকা থেকে পশ্চাদপসরণ করিতে বাধ্য হয়। নয়াদিঘি বর্তমানে মুক্তিবাহিনীর পূর্ণ দখলে।

বিলম্বে প্রাপ্ত খবরে জানা যায়, গত মাসের প্রথম দিকে মুক্তিবাহিনীর বীর গেরিলারা ঢাকা জেলার রায়পুরা থানায় কয়েটি অভিযানে শতাধিক শত্রুসেনা খতম করিয়াছে।

গত ৩রা সেপ্টেম্বর রায়পুরা থানার টিডি সেক্টরি অবস্থিত শত্রুঘাঁটিটি গেরিলারা গভীর রাত্রে চতুরদিক হইতে ঘিরিয়া ফেলে। উভয়পক্ষে ছয় ঘন্টা তুমুল সংঘর্ষে ৫০ জন পাকিস্তানী নৈ্য ও ৬০/৭০ জন রাজাকার নিহত হয়। প্রায় ৩৪ জন দালাল অবাঙালি ইপিআর ও রাজাকার আত্মসমর্পণ করে। এই সংঘর্ষে ৭ জন মুক্তিযোদ্ধা শহীদ হইয়াছেন।

গত ২৪শে সেপ্টেম্বর রায়পুরার আমিরগঞ্জে রেলস্টেশনের কাছে মাইনের সাহায্যে মুক্তিবাহিনী দুইটি রেলসেতু উড়াইয়া দিয়াছে।

চট্টগ্রাম: গত মাসে চট্টগ্রামের তিনজন কুখ্যাত দালাল খতম হইয়াছে। ইহাদের মধ্যে ফ, কা চৌধুরীর ঘনিষ্ট সহচর তাজুল ইসলাম প্রকাশ্য দিবালোকে আদালতে সাক্ষ্য দিতে আসিলে জনৈক গেরিলার বোমার আঘাতে নিহত হয়। অপর দুইজন হইতেছে পাটিয়া থানার কুসুমপুরের শান্তি কমিটির হোতা মুসলিম লীগের দালাল আবদুল হাফিজ ও নূরুল হক।

-মুক্তিযুদ্ধ, ১৭ অক্টোবর, ১৯৭১

* * * * *

পাক সরকারের স্বীকারোক্তি

বাংলাদেশের জনজীবন স্বাভাবিক ও সাবলীলভাবে চলছে বলে পাক সরকারের বিভ্রান্তিকর মিথ্যে প্রচার কার্য্য বাংলাদেশ তথা বিশ্ববাসীকে কিভাবে ধাপ্পা দিচ্ছে নিম্নে প্রদত্ত পাক সরকারের কয়েকটি গোপনীয় 'সারকুলার' তা ফাঁস করে দিয়েছেঃ

অনুলিপিঃ

No. 842 (158)ভPoll/5 (1) Govt. of East Padistan Home (Political) Deptt. Fortnightly Secret Report on the situation in East Padistan for the First half of Aug. 1971.

১৭ নং

কুমিল্লা, রাজশাহী, যশোহর বোর্ড কর্তৃক অনুষ্টিত স্কুল ফাইন্যাল ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা গত ৫-৮-৭১ তরিখে এবং ঢাকা বোর্ডের পরীক্ষা ১২-৮-৭১ তারিখে অনুষ্ঠিত হয়েছে কিন্তু উপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা খুবই কম।

১৯ নং

পূর্ব পাকিস্তানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজগুলো গত ২-৮-৭১ তারিখ হতে খোলা হয়েছে কিন্তু ছাত্র-ছাত্রীর উপস্থিতি নেই বললেই চলে। ধারণা করা হচ্ছে অধিকাংশ ছাত্র ও আওয়ামী লীগের বিগত অসহযোগ আন্দোলনে অংশগ্রহণ করেছিল এবং কর্তৃপক্ষ কর্তৃক তাঁরা কারারুদ্ধ হয়েছে।

বিবিধ

বিভিন্ন জেলায় বিপ্লবীদের এক পক্ষকালের ক্ষয়ক্ষতির খতিয়ানঃ

(ii) খুলনার পারুলিয়া অঞ্চলে 'হাইওয়ে-ব্রিজ' পাহরারত একজন এ-এস-আই এবং দুইজন কনষ্টেবল মুক্তিবাহিনীর আক্রমণে নিহত হন

(iv) গত ৬-৮-৭১ তারিখ রাত তিন ঘটিকায় ৪০ জন মুক্তিবাহিনী যশোহরের শৈলকুপা থানা আক্রমণ করে সি-ও, এস আই এবং কয়েকজন কনষ্টেবলকে ধরে নিয়ে যায় এবং থানার প্রভৃতি ক্ষতি সাধন করে।

(xv) গত ১০-৮-৭১ তারিখ আনুমানিক ১২-১৫ মিনিটের সময় মুক্তিবাহিনীর এক অতর্কিত আক্রমণে ৯১ নং বৈদ্যুতিক টাওয়ার সম্পূর্ণ ধ্বংস করে দেয়। ইহা ছাড়া ঢাকার অন্তর্গত জয়দেবপুর সড়কের উপরিস্থিত কয়েকটি বৈদ্যুতিক পোল বিনষ্ট করে দেয়।

যথাক্রমে ২-৮-৭১, ৬-৮-৭১ এবং ১১-৮-৭১ তারিখে ঢাকার জিন্না এভিনিউ, নিউ মার্কেট বাস ষ্ট্যান্ড এবং হোটেল ইন্টারকন্টিনেন্টাল মুক্তিবাহিনীর হাতবোমা ও গ্রেনেড আক্রমণে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

-বিপ্লবী বাংলাদেশ, ১৭ অক্টোবর, ১৯৭১

*　　*　　*　　*　　*

খুলনা সেক্টরে ৫০০ খান সেনা নিহত

মুক্তিফৌজের হিসাবে দেখা গেছে যে, গত দুমাসে মুক্তিফৌজের হাতে খুলনা সেক্টরে বিভিন্ন স্থানের লড়াইয়ে ৫০০ খান সেনা ও ২০০ রাজাকার নিহত হয়েছে। তাছাড়া ৬০০টি পাক রাইফেল দখল করা হয়েছে এবং ৬০ জন রাজাকার মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পণ করেছে।

কুমিল্লা জেলার কসবা এলাকায় তিন ঘন্টাব্যাপী এক তুমুল সংঘর্ষে ৩৫ জন পাক সৈন্য নিহত এবং প্রায় ১৫ জন আহত হয়েছে।

সংবাদে প্রকাশ, মর্টার ও মেশিনগানে সজ্জিত বাংলাদেশ গেরিলাদের অতর্কিত আক্রমণে বহু পাক সৈন্য হতাহত হয়েছে। মুক্তবাহিনী পাঁচটি বেয়নেট ও ২৫০ রাউন্ড চীনা বুলে দখল করে নিয়েছে। মুক্তিবাহিনীর একজন কমান্ডো আহত হয়েছে বলে ঐ সংবাদে বলা হয়েছে।

অন্য এক সংবাদে জানা গেছে, গত ২৮ শে সেপ্টেম্বর মুক্তিফৌজ মর্টার ও হাতবোমা নিয়ে আঁধারমানিক এলাকায় পাক ঘাঁটিতে আঘাত হানে। ময়মনসিংহ অঞ্চলে মুক্তিফৌজ বাহাদুরাবাদে পাক সৈন্যদের একটি লঞ্চ ধ্বংস করায় ২০ জন সৈন্য হতাহত হয়েছে।

মুক্তিফৌজে যোগদান

খুলনা সেক্টরের মুক্তিফৌজ সুত্রে প্রাপ্ত সংবাদে জানা গেছে যে, বাংলাদেশে দলেদলে লোক মুক্তিবাহিনীতে যোগদান করার জন্য এগিয়ে আসছেন। তাছাড়ার অনেক অসামারিক ব্যক্তি মুক্তিফৌজকে নানাভাবে সাহায্য করছেন। বরিশালের ওয়াজিরপুরে বাংলাদেশের জনৈক নাগরিক মুক্তিফৌজকে একলক্ষ টাকা নগদ দিতে চাইলে মুক্তিফৌজ তা গ্রহণ না করে ঐ টাকার পরিবর্তে খাদ্য সামগ্রী দেবার জন্য অনুরোধ করেন।

মুক্তিফৌজে যোগদানেচ্ছু ব্যাক্তিদের মধ্যে অধিকাংশই ছাত্র ও প্রাক্তন সৈন্য বিভিাগের লোক।

৮টি মালবাহী জাহাজ নিমজ্জিত

চট্টগ্রাম ও মঙ্গলা বন্দরে সম্প্রতি যে আটটি মালবাহী জাহাজ ডুবিয়ে দেওয়া হয়েছে সে সম্পর্কে আরও বিস্তারিত সংবাদ জানা গেছে। নিমজ্জিত ৮টি জাহাজের মধ্যে ৬টি বিদেশী এবং ২টি পাকিস্তানী জাহাজ ছিল।

মুক্তিবাহিনীর জনৈক মুখপাত্র বলেন যে, মঙ্গলা বন্দরে মুক্তিবাহিনীর তৎপরতায় সমুদ্রগামী ২টি মার্কিন , ২টি চীনা , ১টি পাকিস্তানী ও একটি জাপানী জাহাজ নিমজ্জিত হয়েছে।

১০ কোটি টাকার পাক জাহাজ নষ্ট

চট্টগ্রাম বন্দরে মুক্তিবাহিনীর তৎপরতায় ১০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ১৫ হাজার টন ওজনের পাকিস্তানী জাহাজ আল আববাস জলে ডুবে গেছে। পাকিস্তানের তদানিন্তন প্রেসিডেন্ট ফিল্ড মার্শাল আয়ূব খাঁ ১৯৬৮ সালে এই জাহাজটির যাত্রার উদ্বোধন করেছিলেন।

মালবাহী একটি লঞ্চসহ ১৫ হাজার টন ওজন বাহী জাহাজ ফরমোজা ও ১৫/১৬ই আগষ্টের গেরিলা আক্রমণের ফলে জলে ডুবে গেছে।

মাতৃভূমি বাংলাদেশের রণাঙ্গনে-

মুজিবনগর, ৬ই অক্টোবর- পাকিস্তান সামরিক বাহিনীর ২২ জন অফিসার ও চার হাজারেরও বেশী সৈন্য, রাজাকার ও বদর বাহিনীর লোক নিহত হয়েছে। বীর মুক্তিযোদ্ধারা বিভিন্ন রণাঙ্গনে প্রায় আড়াই হাজার কমান্ডো আক্রমনে উক্ত শত্রুদের খতম করেছে। অন্যদিরক রসদ ও অস্ত্রের অভাবে অগ্রবর্তী ঘাটিতে পাক সৈন্যদের মনোবল উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। আগরতলা থেকে সীমান্তের ওপারের খবরে এ কথা জানা যায়।

-সংগ্রামী বাংলা, ১৮ অক্টোবর, ১৯৭১

* * * * *

দিশেহারা জঙ্গীশাহীর জেট বিমান ব্যবহার

মুজিবনগর, ১৮ অক্টোবর- গতকাল এবং পরশুদিন দিনাজপুর ও বগুড়া জেলায় কয়েকটি অভিযান চালিয়ে মুক্তিফৌজ বাহিনী ৩২ জন পাক সেনাকে খতম করেছেন বলে খবর পাওয়া গিয়েছে। এছাড়া মুক্তিবাহিনী একটি রেল লাইনও উড়িয়ে দিয়েছে।

বাংলাদেশ বাহিনীর হেডকোয়ার্টারে পাওয়া সংবাদে জানা গিয়েছে, গত পরশু বগুড়া জেলার হিলি ও পাঁচবিবির মাঝখানে একটি রেল লাইন উড়িয়ে দিয়ে ফেরার পথে পাক সেনার সঙ্গে এক মুখোমুখি সংঘর্ষে ১ জন ক্যাপ্টেনসহ ৫ জন পাক সেনাকে খতম করেন। এই দিন রাত্রেই দিনাজপুরের ভোয়ালগঞ্জের কাছে মর্টার চালিয়ে মুক্তিবাহিনী আরও ১৭ জন পাক সেনাকে খতম করেন।

কৃষ্ণনগর থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন, মুক্তিফৌজের হাতে সীমান্তের নিকটবর্তী অঞ্চলে আরও ৭ জন পাক সেনা খতম হয়েছে।

দিনাজপুরের কাছে অস্ত্রসহ রাজাকারদের আত্মসমর্পণের খবর পাওয়া গিয়েছে।

শিলং থেকে পাওয়া খবরে জানা গিয়েছে, ছাতকের আশেপাশে মুক্তিবাহিনী ও পাক সেনাবাহিনীর সঙ্গে জোর লড়াই চলছে।

মুক্তিবাহিনী সূত্রে বলা হয়েছে, এ লড়াইয়ে আহত একজন পাক ব্রিগেডিয়ারকে হেলিকপ্টারে অন্যত্র সরিয়ে নেওয়া হয়েছে। আহতদের মধ্যে একজন মেজর ও সুবেদারও আছেন। দুদিনের লড়াইয়ে মোট পঞ্চাশজন পাক সেনা খতম হয়েছে। ডুবে যাওয়া পাক মোটর লঞ্চের সংখ্যা তিন।

-পি টি আই, ইউ এন আই

পাক বাহিনীর স্যাবর জেট ব্যবহার

গতকাল শ্রীহট্ট জেলার সিমেন্ট শিল্প নগরী ছাতকের কাছে মুক্তিবাহিনীর অপ্রতিহত গতিরোধের উদ্দেশ্যে পাক জঙ্গীশাহী স্যাবর পেট বিমান ব্যবহার করেছে। ছাতক শহরকে কেন্দ্রকরে মুক্তিযোদ্ধা ও পাক সেনার মধ্যে প্রচন্ড লড়াই ছলছে।

-আনন্দবাজার প্রত্রিকা, ১৯ অক্টোবর, ১৯৭১

* * * * *

রনাঙ্গন সংবাদঃ চিলমারী রণাঙ্গন (রংপুর)

রৌমারী ১৮ অক্টোবর- আমাদের বিশেষ প্রতিনিধির পরিবেশিত সংবাদে প্রকাশ ,গত ১৬ই অক্টোবর অতি প্রত্যুষে বাংলার কৃতী সন্তান, মাতৃভূমির নিঃসার্থ সেবক ও অন্যতম ত্রাণকর্তা মেজর আবু তাহেরের নেতৃত্বে বঙ্গমাতার মুক্তি পাগল সন্তানেরা ছোট্ট একটি দল অতি সামান্য কিছু অস্ত্রশস্ত্র সহকারে চিলমারী গমন করে এবং সেখানে গিয়ে আরো ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভিক্ত হয়ে চীলমারী বাজার, রসনা, থানারহাট ও বালাবাড়ী হাটে অবস্তিত দস্যু পাক বাহিনীর বর্বর ঘাঁটিগুলি আক্রমন করে এবং ৭২জন পাক সেনা (সি, এ, এফ) ও ১৬ জন রাজাকারকে নিহত করে। তারপর ৬৩ জন রাজাকারকে বন্দী করে ৫৩ টি রাইফেল, দুইটি ষ্টেনগান ও প্রায় ছয়শত গুলি হস্তগত করে। এই সব মুক্তাঞ্চলে স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করার সঙ্গে সঙ্গে হাজার হাজার লোক মুক্তিফৌজের নিকট ছুটে আসে এবং জয় বাংলা, জয় শেখ মুজিব ধ্বনি দিতে থাকে।

বন্দী রাজাকারগণকে ও তাদের প্রধান পরিলক কুখ্যাত পাক দালাল ও অত্যাচারী ওয়ালী মোহাম্মদকে এই অভিযানে প্রাপ্ত অস্ত্রশস্ত্রসহ মুক্তিফৌজের আঞ্চলিক সদর দফতর রৌমারিতে বেলা ১১ ঘটিকার সময় আনয়ন করা হলে হাজার হাজার লোক ছুটে আসে ও বাংলার এই সব বৈরী সন্তানদেরকে দেখার জন্য ঘিরে ফেলে। ওয়ালী মোহাম্মদের অত্যাচার ও কুকীর্তির আলোচনা করতে দর্শকজনতা কিছুক্ষণের মধ্যে মারমুখো হয়ে ওঠে। অবস্থা বেগতিক বুঝঝে কর্তৃপক্ষ তাকে ও অন্যান্য রাজাকারদের জনতার অগোচরে প্রেরণ করেন।

একই দিনে নজরুল ইসলামের নেতৃত্বে আর একদল মুক্তিফৌজ রাজার ভিটায় আক্রমন চালিয়ে তিনজন পাক সেনাকে (সি, এ, এফ) ও ১৫ তজন রাজাকারকে খতম করে এবং কুখ্যাত পাক দালাল পঞ্চুমিয়াসহ ছাবিবশ জন রাজাকারকে গ্রেপ্তার করে। এই অভিযানে ৩৫ টি রাইফেল ও তিন সহস্রাধিক গুলিবারুদ মুক্তিবাহিনীর হস্তগত হয়।

সংবাদে আরও প্রকাশ অদ্র দুপুরবেলা অন্য একজন রাজাকার চিলমারীর অন্য এক শত্রুঘাঁটি থেকে ছয়টি রাইফেলসহ পরায়ন করে এবং সন্ধ্যার কিছু পূর্বেই মুক্তিফৌজ অধিনায়কের নিকট আত্মসমর্পণ করে।

ময়মনসিংহ রণাঙ্গন

(হারুন হাবিব প্রদত্ত)

আনন্দবাড়ী, ১৭ ই অক্টোবর- মুক্তিফৌজ গেরিলাগণ গত ১২ই অক্টোবর মোমেনশাহী জেলার ইসলামপুর জুট ট্রেডিং কর্পোরেশন গুদামে অগ্নিসংযোগ করে ৭৫ হাজার মণ পাট পুড়িয়ে দেয়। প্রকাশ থাকে যে, যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে দেয়ার ফলে বহুদিন যাবত পাট গুদামজাত ছিল।

এই তারিখে জামালপুরের উত্তারংশের ধানুয়ার মুক্ত অঞ্চলের দিকে পাক সেনারা রাতের অন্ধাকারে অগ্রসর হলে প্রহরারত স্বাধীনতা যোদ্ধাদের গুলিতে ২৭ জন পাক দস্যু নিহত হয় এবং বেশ কিছুসংখ্যক অস্ত্রশস্ত্র মুক্তিফৌজের হাতে আসে। গত ১৪ই অক্টোবর গেরিলারা বাহাদুরাবাদ ঘাটের পাক ঘাঁটিতে অতর্কিত আক্রমণ চালিয়ে ১০ জন দস্যু সেনা ও ১৩ জন রাজাকারকে হত্যা করে। এই আক্রমণে পাক সেনাদের বহুসংখ্যক ওগালাবারুদ মুক্তি সেনারা ধ্বংস করে দেয়।

অপরদিকে নেত্রকোনা মহকুমার কলমাকান্দা, মদন, বারহারী এবং গফরগাঁও রেলওয়ে স্টেশনে অতর্কিত আক্রমন চালিয়ে কমপক্ষে ৫০ জন পাক সেনা এবং দালালকে হত্যা করে।

(জয়নাল আবেদীন প্রদত্ত)

মোল্লার চর, ১৭ ই অক্টোবর- পাক জল্লাদ বাহিনীর ১৯ টি বিরাট নৌকা আনুমানিক এক লক্ষ বিশ হাজার টাকা মূল্যের রসদপত্র নিয়ে ঢাকার সাভার থেকে রওয়ানা দিয়ে ফূলছড়ি ঘাটের কাছাকাছি পৌছিলে

আমাদের জলপথের অতন্দ্র প্রহরারত মুক্তিবাহিনীর বীর সেনাগণ ক্যাপ্টেন আঃ হামিদের নেতৃত্বে উক্ত রসদ বোঝাই নৌকাগুলিতে অবরোধ করে এবং মুক্ত অঞ্চলের প্রশাসকের নিকট অর্পন করেছে বলে প্রকাশ।

-অগ্রদূত, ২০ অক্টোবর, ১৯৭১

* * * * *

হিসাব

(বিশেষ প্রতিনিধি)

গত মাসে পাক-সামরিক বাহিনীর ২২ জন অফিসার ও চার হাজারের বেশী সৈন্য, রাজাকার ও বদর বাহিনীর লোক নিহত হয়েছে। বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধরা বিভিন্ন রনাঙ্গনে প্রায় আড়াই হাজার কমান্ডো আক্রমনে উক্ত শত্রুদের খতম করেছেন।

প্রাথমিক খবরে জানা যায় যে, গেরিরা যোদ্ধারা ঐ সময়ের মধ্যে ৯৩টি গুরুত্বপূর্ণ সড়ক ও রেল সেতু উড়িয়ে দিয়েছেন এবং ৪৯ টি প্রাক ও জীপ ধ্বংস অথবা অকেজো করে দিয়েছেন। বিভিন্ন স্থানে ৯টি সৈন্যবাহী ট্রেন লাইনচ্যুত করেছেন।

চট্টগ্রাম ও চালনা বন্দরে মুক্তিবাহিনী গেরিলার ৩টি বড় জাহাজ ও ১টি ট্যাঙ্কার হয় ডুবিয়ে দিয়েছেন অথবা ক্ষতি করেছেন। সৈন্যবাহী ১টি বড় ষ্টীমার, ১১টি লঞ্চ ও কয়েকটি গানবোটের ক্ষতি করা হয়েছে অথবা অকেজো করে দেয়া হয়েছে। এই সব অপারেশনের সময় মুক্তিবাহিনী ৯১৮টি রাইফেলসহ প্রচুর পরিমাণে গোলাবারুদ হানাদার বাহিনীর কাছ থেকে দখল করতে সক্ষম হয়েছেন।

মুক্ত অঞ্চলের মুক্ত কথা

\পর্যটক\

পাক হানাদারদের মনোবল হিমাঙ্কে নেমে এসেছে- রংপুর জেলার কোন একটি মুক্তাঞ্চলে মুক্তিবাহিনীর কমান্ডান্ট জানান। তিনি আরও বলেন, ওদের মনোবল যতই ভেঙ্গে পড়েছে আমাদের মনোবল ততই উদ্দীপ্ত হচ্ছে। দলে দলে বাংলাদেশের যুবকরা মুক্তিবাহিনীতে যোগদান করছে। প্রয়োজনানুসারে ব্যাপকভাবে প্রশিক্ষণ শিবির স্থাপন করতে না পারায় কয়েক হাজার শিক্ষণ গ্রহণেচ্ছু যুবককে ওয়েটিং লিষ্টে অন্তভুক্ত করে রাখা হয়েছে।

গেরিলা প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিবাহিনীর সৈনিকদের তৎপর আক্রমণের ফলে রংপুর সেক্টরে বিভিন্ন সংঘর্ষে খানসেনা ও মুক্তিবাহিনী সদস্যদের তুলনামূলক আহত ও নিহতের হার যথাক্রমে ১০০-৫ জন। বাউরা ও পাটগ্রামের মুক্তাঞ্চলে কয়েকটি চিকিৎসা কেন্দ্র খোলা হয়েছে। এই সব চিকিৎসা কেন্দ্রে সর্বাপেক্ষ অভাব রয়েছে উপযুক্ত ঔষধপত্রের। মুক্তিবাহিনীর আহত সৈনিকদের প্রয়োজানানুসারে যে রক্তের প্রয়োজন তারও অভাব দেখলাম। জনৈক নেতৃস্থানীয় ব্যক্তি বলেন বাংলাদেশ তথা তার নিপীড়িত নাগরিকদের প্রতি সহানুভূতিশীল রাষ্ট্র চিকিৎসায় একটি মুক্তিবাহিনীর সৈনিকের মৃত্যু দশজন খান সেনার নিরাপত্তা লাভের কারণ হবে। কারন দশজন খান সেনার মোকাবিলা একজন মুক্তিবাহিনীর সদস্য আজ নিতে পারে। স্বাধীন দেশের সেচ্ছাসেবী প্রতিটি সৈনিকের মনোবল ভাড়াটে খান সেনাদের মনোবল থেকে অনেক বেশী।

রংপুর জেলার কয়েকশত বর্গমাইল মুক্ত এলাকায় অসামরিক প্রশাসকগন বিশেষ যোগ্যতার সাথে প্রশাসন ব্যবস্থাকে জোরদার করে তুলেছেন। থানা শহর পাটগ্রাম ও রেলবন্দর বাউড়ার দোকানপাট যথারীতি খোলা দেখলাম। পূর্ব নির্দিষ্টবারে পাটগ্রাম, বাউড়া ও বুড়িমারীতে সপ্তাহে দুবার করে হাট বসছে। ঐ সহ হাটে বাজারে ভারতীয় মুদ্রা অবাধে চলছে। এমন বহু দোকানদার দেখলাম যারা পাক মুদ্রা গ্রহণ করতে চাইছে না।

বুড়িমারী, ধবলসূতী, বাউড়ায় বাংলাদেশ সরকার কাষ্টম চেকপোষ্ট স্থাপন করে আমদানী ও রপ্তানী দ্রব্যের উপর কাষ্টম চার্জ নিচ্ছে। কয়েক মাসের হিসাবে দেখরাম। এই সব চেকপোষ্টে মাসে গড়ে প্রায় ৬ হাজার টাকা পর্যন্ত বাংলাদেশ সরকার আমদানী ও রপ্তানী কর হিসাবে পাচ্ছে। ধবলসূতী ক্যাম্প ইনচার্জ প্রাক্তন পাক-একসাইজ অফিসার- জনৈক হিন্দু ধর্মালম্বী মিঃ সরকার জানালেন যে আর কিছু ছোট ছোট চেক পোষ্ট স্থাপন করলে ও আরও তৎপর হলে ট্যাক্স আদায় অনেক গুণ বেড়ে যাবে।

বর্তমানে তামাকের উপর মণ প্রতি ট্যাক্স দশ টাকা, হাঁস-মুরগী প্রভৃতির উপর ঐ সবের বাজার দরের দুই শতাংশ ট্যাক্স হিসাবে গ্রহণ করা হয়ে থাকে। বর্তমানে দেখলাম ৩২ টি আইটেমের উপর ট্যাক্স নির্দিষ্ট করে দেওয়া হয়েছে।

-স্বদেশ, ২১ অক্টোবর, ১৯৭১

* * * * *

ময়মনসিংহের উত্তরাঞ্চলে মুক্তিফৌজের বীরত্বপূর্ণ লড়াই

(বিশেষ সংবাদদাতা)

ময়মনসিংহ রণাঙ্গনে অবস্থিত বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টির লিয়াজোঁ অফিস হইতে ময়মনসিংহের উত্তরাঞ্চলের কলমাকান্দা, হালুয়াঘাট, নলিতাবাড়ী, নখলা প্রভৃতি থানার বীর মুক্তিযোদ্ধাদের বীরত্বপূর্ণ লাড়াইয়ের কয়েকটি খবর আমাদের নিকট আসিয়া পোঁছিয়াছে। এইসব থানায় উপর্যুপরি মুক্তিফৌজের আক্রমণে পাক বাহিনী বিপর্যস্ত হইয়া পড়িয়াছে। প্রায় দুইশত পাক সৈন্য ও রাজাকার খতম এবং বহু অস্ত্র ছিনাইয়া লওয়া হইয়াছে।

মোশিনগান, রাইফেল ও গ্রেনেড সজ্জিত হইয়া মুক্তিফৌজের ৭০ জনের একটি দল এক অভিযানে ঠাকুরাকানার একটি পুল উড়াইয়া দিয়াছে। একই দিনে বেরাইলে একটি পুলিশ বাহনীর উপর আক্রমণ চালাইয়া থানার দারোগা, আনসার এডজুটেন্ট প্রভৃতিকে গেপ্তার ও ৬টি রাইফেল হস্তগত করা হয়। বৈকাল বেলায় অতর্কিত আক্রমণ চালাইয়া ১৭ জন পাক সেনা খতম করা হয়।

কমলাকান্দা থানা

মুক্তিফৌজের উপরোক্ত দলটি কমলাকান্দা থানা আক্রমন করিয়া ৪টি রাইফেল ১০ হাজার টাকার ঔষধ পত্র, নগদ ১৩৬৫ টাকা দখল করে। সংঘর্ষে ৫ জন রাজাকার নিহত ও থানার ছোট দারোগা আত্মসমর্পণ করে। থানা আক্রমণের পর নাজিরপুর যাওয়ার পথে পাক সৈন্যরা তাহাদের আক্রমণ করে। সংঘর্ষে পাক বাহিনীর ১ জন মেজর সহ ১৭ জন সৈন্য ও রাজাকার খতম হয়।

পাক সেনারা কমলাকান্দা থানা পুনরায় দখল করিলে মুক্তিফৌজ সাঁড়াশী আক্রমণ চালায়। কয়েক ঘন্টা স্থায়ী সংঘর্ষে ১ জন কর্নেলসহ ২৭ জন পাক সেনা খতম হয়। একই দিন মুক্তিফৌজ নাজিরপুরে পাক সেনাদের ঘাঁটিতে আক্রমণ চালাইয়া ১৯ জন পাক সেনা ও রাজাকার খতম করে্ মুক্তিযোদ্ধাদের হাতে প্রচন্ড মার খাইয়া পাক সৈন্যরা আরও শক্তি বৃদ্ধি করিয়া ঝাঁপাইয়া পড়ে। তীব্র সংঘর্ষে আবার ১৪ জন পাক সেনাকে জীবন দিতে হয়। অপরপক্ষে মুক্তিবাহিনীর বীর (১) নুরুজ্জামান, (২) ভবেশদাস, (৩) দ্বিজেন্দ্রচন্দ্র বিশ্বাস, (৪) জামালুদ্দিন, (৫) ইয়ার মাহমুদ, (৬) ফজলুল হক ও (৭) ডাঃ আজিজুর হক শহীদ হন।

আটপাড়া থানা

মুক্তিযোদ্ধারা আটপাড়া থানা আক্রমন করিলে পুলিশ আত্মসমর্পণ করে এবং স্থানীয় জনসাধারণের সহযোগিতায় ৯ জন রাজাকার নিধন ও ১৭ টি রাইফেল দখল করা হয়।

পাক সেনারা মুক্তিফৌজকে জব্দ করার জন্য রামপুর বাজারে ওঁৎ পাতিয়া থাকে। কিন্তু জনসাধারন মুক্তিফৌজকে এই খবর জানাইয়া দেয়। ফলে, মুক্তিফৌজ উল্টা পাক সৈন্যদের উপর আক্রমণ করিয়া ৭ জন সেনা ও ১৬ জন রাজাকার খতম করে।

পাক বাহিনী তাহাদের লেঙ্গরা বাজার ঘাঁটি সুরক্ষিত রাখার উদ্দেশ্যে রামপুর, গৌরীপুর, ও রাজনগরে মুক্তিযোদ্ধাদের ঘাঁটিগুলির উপর আক্রমণ চালাইলে কয়েক ঘন্টাব্যাপী তুমুল যুদ্ধের পর ২৬ জন পাক সেনা ও রাজাকার খতম হয়। ইহার পর মুক্তিফৌজ পাক সেনাদের ঐ ঘাঁটিটির উপরেই আক্রমণ চালায় এবং ৩৫ জনকে খতম ও ৩ জনকে আহত করে। এই যুদ্ধে মুক্তিফৌজের (১) আব্দুল আজিজ, (২) রিয়াজুদ্দীন, (৩) আবুল হোসেন, (৪) আব্দুল হাকিম মোল্লা, (৫) পরিমল দে ও (৬) আব্দুস সালাম শহীদ হন এবং ৬ জন আহত হন।

মুক্তিযোদ্ধারা বাসাই তোলার পুলটি উড়াইয়া দিয়াছে। রাজাকাররা বাধা দেওয়ার চেষ্টা করিলে মুক্তিফৌজের ঠেলায় একজন অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পণ করে। বাকীরা শ্রীচরন ভরসা করিয়া পালাইয়া যায়।

নলিতাবাড়ী-হালূয়া ঘাট

৩০ জন মুক্তিযোদ্ধার একটি দল নলিতাবাড়ী ও হালুয়াঘাটের সংযোগ রক্ষাকারী একটি ৩০ ফুট লম্বা ব্রীজ ধ্বংস করিয়া দিয়াছে। রাজাকাররা বাধা দিলে মুক্তিফৌজ একটি গুলিও খরচ না করিয়া ১টি রাইফেলসহ ৩ জনকে পাকড়াও করে।

মুক্তিফৌজের অপর একটি দল গামাইরতলা, চেতাখালী ও চিরইভাসিনীর ব্রিজগুলি উড়াইয়া দিয়াছে।

রণাঙ্গনঃ হাজারো আঘাতেও ঢাকা মাথা নোয়াবার নয়

(রণাঙ্গন প্রতিনিধি)

জল্লাদ বাহিনীর কড়া প্রহরা ও নিয়ন্ত্রণকে উপেক্ষা করিয়া দেশ প্রেমের অগ্নিমন্ত্রে উজ্জীবিত বীর মুক্তিযোদ্ধারা ও দেশপ্রেমিক জনগণ ঢাকার সর্বাংশে তথা ঢাকা শহর, নারায়ণগঞ্জে ও ডেমরা শিল্পাঞ্চল এবং বিস্তীর্ণ গ্রামঞ্চলে সাহাসিকতাপূর্ণ অভিযান চালাইয়া যাইতেছে। হাজারো আঘাতে ক্ষতবিক্ষত ঢাকা মাথা নত করে নাই।

ঢাকা শহর

গত ২৩ শে সেপ্টম্বর মুক্তিবাহিনীর অসমসাহসী একটি দল ঢাকা শহরের কেন্দ্রস্থলে পলাশী ব্যারাকে অবস্থিত পাক সেনাদের ক্যাম্পে আকস্মিক আক্রমণ চালাইয়া ২৯ জন পাক সেনাকে খতম করে। বাদ-বাকী সেনারা প্রানভয়ে পালাইয়া যায়। পূর্ব রাণঙ্গনে অবস্থিত বাংলাদেশ ন্যাপের লিয়াজো অফিস এই খবর সরবরাহ করিয়াছে।

গোদনাইল

সম্প্রতি গোদনাইল শিল্প এলাকায় এক অসমসাহসী করুণ গ্রেনেড চার্জ করিয়া ২ জন শত্রুসেনাকে খতম ২টি রাইফেল ও গোলাবারুদ দখল করে। পরদিন দখলদার বাহিনী গোদানাইল বাজারটি পুড়াইয়া ছারখার করিয়া তাহাদের ‘‘বীরত্বের’’ পরিচয় দেয়।

বাবুরাইল

২২শে সেপ্টেম্বর বাবুরাইলে এক অভিযানে মুক্তিফৌজ ৪ জন রাজাকার খতম করে। ইহা ছাড়া, ঢাকা-নারায়নগঞ্জের নলখারী ব্রীজটি মুক্তিফৌজ উড়াইয়া দিয়াছে। প্রতিশোধে পাক বাহিনী একই নিয়মে পার্শ্ববর্তী গ্রাম আইলখালী ও সস্তাখালী সম্পূর্ণরূপে পুড়াইয়া ‘‘বীরত্ব’’ প্রদর্শন করে। তাহারা শতাধিক গ্রামবাসীকে গুলি করিয়া এবং ১৫ হইতে ২০ যুবতীকে পাশবিক নির্যাতন চালাইয়া হত্যা করে ও এইভাবে ‘‘ইসলামী জেহাদ’’ পরিচালনার পরিচয় দেয়।

রূপসী

১৫ সেপ্টেম্বর মুক্তিফৌজ রূপসী বাজারের পাশ দিয়া গানবোট যোগে অগ্রসরমান ১৫ জন পাক সেনার প্রতি আক্রমণ চালাইলে পাক সেনারা পিছু হটিয়া পলায়ন করে । পরে আসিয়া তাহারা রূপসী বাজারে লুটতরাজ চালায়। এখানেই শেষ নয়, পরদিন তাহারা নোয়াপাড়া ও রূপসী গ্রামে অনেক বাড়ীঘর ভস্মীভূত, সম্পত্তি লূট, নারী ধর্ষণ চালায়।

মনোহরদী

সম্প্রতি মনোহরদী কাছারী হইতে চালাকচরে আসার পথে প্রায় ১ শত পাক সৈন্যের একটি দলের সহিত মুক্তিফৌজের তীব্র সংঘর্ষ হয়। মুক্তিফৌজ তাহাদের আগমনের খবর পূর্বেই জানিতে পারিয়া 'পজিশন' লইয়া বসিয়া থাকে। এই খবরটি আবার দালালরা পাক বাহিনীকে জানায়। ফলে. পাক বাহিনী ২ ভাগে বিভক্ত হইয়া অগ্রসর হইতে থাকে। কিন্তু মুক্তিফৌজ এই চালাকীও ধরিয়া ফেলে। তাহারা আরও দূরে চালাকচরের নিকটে গিয়া 'পজিশন' নেয়। ফলে মুক্তিফৌজকে ঘেরাও করার জন্যরা যে বূহ্য রচনা করে, পাক সৈনরা উল্টা সেই ফাঁদেই পড়ে। ৭ জন পাক সেনা ঘটনাস্থলেই নিহত হয়, ৪ জন আহত হয়। ইহা ছাড়া, ১০/১২ জন গ্রামবাসীও শহীদ হয়।

মুক্তিফৌজ ঐ এলাকার কুখ্যাত দালাল হাছেন গুন্ডাকেও খতম করিয়াছে। তাহাকে হত্যা করায় স্থানীয় জনমনে স্বস্তি ফিরিয়া আসিয়াছে।

-নতুন বাংলা, ২১ অক্টোবর, ১৯৭১

*　　*　　*　　*　　*

প্রচন্ড যুদ্ধের পর পাক সেনাদের ছাতক শহর ত্যাগ

মুজিবনগর, ২১ শে অক্টোবর (পিটিআই)ন্ড বাংলাদেশের শ্রীহট্টে ও রংপুর অঞ্চলে মুক্তিযুদ্ধাদের তৎপরতা আরো বৃদ্ধি পেয়েছে। সীমান্তের ওপার থেকে এ খবর পাওয়া গেছে।

মুক্তি বাহিনীর প্রচন্ড আক্রমণের মুখে টিকতে না পেরে পাক সামরিক কর্তৃপক্ষ এখন অধিকসংখ্যক বিমান কাজে লাগাচ্ছে। পাক জঙ্গী বিমানগুলি ব্যাপকভাবে মুক্তিবাহিনীর ঘাঁটিগুলির ওপর বোমা বর্ষণ করছে।

রংপুর খন্ডে মুক্তিযোদ্ধারা গত ১৭ ই অক্টোবর চিলমারী এলাকায় পাক ঘাঁটিগুলির ওপর প্রবল আক্রমণ চালালে পাক সৈন্যরা চিলমারী থেকে সরে যেতে বাধ্য হয়। গেরিলারা সান্তাহার ও পার্বতীপুরের মধ্যে রেল লাইন উড়িয়ে দেয়। গত ১৬ই ও ১৮ই অক্টোবর মুক্তিবাহিনীর ভূরুঙ্গামারী এলাকায় পাক ঘাঁটির ওপরও প্রবল আক্রমণ চালায়।

শ্রীহট্টে্ খন্ডে মুক্তিবাহিনীর সঙ্গে প্রচন্ড যুদ্ধের পর পাক সৈন্য ও রাজাকাররা ছাতক শহর থেকে সরে যেতে বাধ্য হয়। এই যুদ্ধে পঞ্চাশেরও বেশি পাক সৈন্য ও ৬০ জন রাজাকার নিহত হয়েছে বলে সংবাদ পাওয়া গেছে। এখানে কয়েকজন নাগরিক ও মুক্তিযোদ্ধাও প্রাণ হারিয়েছে বলে জানা গেছে। অপর একটি সংবাদে প্রকাশ, মুক্তিযোদ্ধাদের একটি দল সুনামগঞ্জের ৬০ কিলোমিটার উত্তরে এগিয়ে গেছে। মৌলভীবাজারের ৪০ কিলোমিটার উত্তর-পশ্চিম মুক্ত হয়েছে বলেও খবর এসেছে।

চট্টগ্রাম খন্ডঃ এখানে মুক্তিযোদ্ধারা প্রবল চাপ সৃষ্টি করে পাক অসামরিক বাহিনীকে নাজেহাল করে তুলেছেন। গত ১৭ ই অক্টোবর গেরিলারা পাক অসামরিক বাহিনীর একটি ইউনিকে ঘিরে ফেলে। এই সংঘর্ষে বহু পাক সেনা হতাহত হয়।

কসবায় আরও এলাকা উদ্ধার

মুক্তিবাহিনীর কেন্দ্রীয় কার্যালয় থেকে জানা গেছে যে, মুক্তিফৌজ কুমিল্লা জেলর কসবা খন্ডে আরও এলাকা খান সেনাদের কবলমুক্ত করেছে।

এই জেলার সালদা নদী এলাকার সাম্প্রতিক যুদ্ধ সম্পর্কে আরও খবরে জানা যায় যে, মুক্তিবাহিনীর কেন্দ্র আক্রমণের যুদ্ধে পাক-সেনাপতিরা সমগ্র ৩৩ নং বালুচ রেজিমেন্ট এবং গোলন্দাজ বাহিনী ও বিমানবাহিনী ব্যবহার করেছিল। কিন্তু দুর্দমসাহসী বাংলাদেশ গেরিলা বাহিনী সাফল্যের সঙ্গে খানসেনাদের আক্রমণের মোকাবিলা করে এবং প্রতি আক্রমণ চালিয়ে পাক-বাহিনীর ৭০ জনকে খতম করে।

আঘাতের ফলে পাক বাহিনী প্রচুর অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ ফেলে পিছিয়ে যায়। মুক্তিবাহিনী ছ'টি মেশিনগানও দখল করে।

পাক লেফটেন্যান্ট পারভেজ এবং দু'জন সেনা মুক্তিবাহিনীরা কাছে আত্মসমর্পণ করেছে।

শেষ সংবাদে প্রকাশ, পাক বিমান বহর ছাতক শহরের ওপর বোমা বর্ষণ করেছে।

মেহেরপুর শহরের কাছে প্রচন্ড লড়াই

কৃষ্ণনগর, ২১ শে অক্টোবর (পি, টি, আই)- কুষ্টিয়া জেলার মেহেরপুর শহরের বাইরে কাথুলি থেকে কামদেবপুর পর্যন্ত এলাকা জুড়ে আজ সন্ধ্যা পৌনে সাতটায় মুক্তিবাহিনীর সঙ্গে খান সেনাদের প্রচন্ড লড়াই শুরু হয়েছে।

নির্ভরযোগ্য সুত্রে জানা গেছে, এখান থেকে প্রায় ৭৫ কিলোমিটার দূরে সীমান্তের ওপারে প্রচন্ড গোলাগুলী, গ্রেনেড কমেশিনগান চলার শব্দ পাওয়া যাচ্ছে।

লড়াইয়ের বিস্তারিত বিবরণ পাওয়া না গেলেও জানা গেছে যে মুক্তিবাহিনী এগিয়ে চলেছে।

ঢাকায় গেরিলা তৎপরতা

ঢাকা, ২১ শে অক্টোবর-একদল সশস্ত্র ব্যক্তি সম্ভবতঃ মুক্তিবাহিনীর গেরিলা দল- মঙ্গলবার রাত্রে পূর্ব বঙ্গের বৃহত্তম মোড়কের কারখানাটিতে অগ্নিসংযোগ করে সম্পূর্ণ ভূস্মীভূত করেন।

পুলিশ এই সংবাদ দিয়ে জানায় যে, প্রাক্তন পররাষ্ট্র মন্ত্রী হামিদুল হক চৌধুরীর মালিকানাধীন এই কারখানা আক্রমণ করে পুড়িয়ে শেষ করে দেয়।

হামিদুল হক চৌধুরী বর্তমানে জেনেভায় সপরিবারে বাস করেছেন বলে জানা গেছে।

-যুগান্তর, ২২ অক্টোবর, ১৯৭১

* * * * *

রাজশাহী রণাঙ্গনের একটি রক্তাক্ত অধ্যায়

পাকফৌজ যখন সীমান্তের যুদ্ধপ্রস্তুতিতে ব্যস্ত, তখন বাংলাদেশের অভ্যন্তর ভাগে প্রধানতঃ রাজাকাররাই মুক্তিযোদ্ধাদের সঙ্গে লড়াই করছে, আগুন লাগাচ্ছে, লুট করছে এবং পাক ফৌজের সঙ্গে থেকে জায়গায় জায়গায়

দেশবাসীর উপরে নৃশংস অত্যাচার করে তাদের মনোবল ভাঙতে চেষ্টা করেছে। মুক্তিফৌজের আশ্রয়দাতাদের সন্ধানে তারা গ্রামে গ্রামে হন্যে কুকুরের মত ঘুরে বেড়াচ্ছে এবং যে সব গ্রাম মুক্তিফৌজের ঘাঁটি সেগুলিকে তারা জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করে দিচ্ছে।

সম্প্রতি রাজশাহীর মীরগঞ্জ, আলাইপুর, চরঘাট, বাঘা প্রভৃতি অঞ্চলগুলিতে রাজাকাররা পাকফৌজের সাহায়তায় আগুন লাগিয়েছে। গত সপ্তাহে আড়ানী, বাওসা, রুস্তমপুর বাজার, কালুহাটি, বাকরা প্রভৃতি অঞ্চলগুলিতে তারা আগুন লাগিয়েছে, খুন করেছে এবং মেয়েদেও ওপরে অমানুষিক অত্যাচার করেছে। সেই অত্যাচাররের খবর মুক্তিযোদ্ধাদের কাছে গিয়ে পৌছেছিল, আর সেই সঙ্গে তাঁরা আরও জেনেছিলেন যে, ডাঃ আইনুদ্দিন, নোহির চেয়ারম্যান, ডাঃ নইমুদ্দিন, এহিয়া, মাসুদ মিয়া এবং আবুল হোসেন এই কয়েকটি পাক-দালালের সংবাদের ভিত্তি করেই তারা এই সব এলাকা বেছে নিয়েছে। মুক্তিফৌজ এই সব অত্যাচারের প্রতিশোধ নেওয়ার জন্য সুযোগের অপেক্ষায় ছিলেন। তাঁরা ঘাঁটি গেড়েছিলেন আড়ানী কলেজের এক মাইলের মধ্যে। একদিন সকালে তারা দেখতে পেলেন, তাদেরই আশ্রয়দাতাদের বেঁধে নিয়ে চলেছে। পরে তাদেরকে হত্যা করার সংবাদ পেয়েও মুক্তিফৌজের কম্যান্ডো কিছু করেননি, তাঁরা সুযোগের অপেক্ষায় ছিলেন।

মুক্তিফৌজের গুপ্তচরেরা খবর নিয়ে এলেন, পরের দিন রাজাকার এবং খান সেনারা বাকরা গ্রামে খানা তল্লাসী চালাবে। মুক্তিফৌজ সেই রাত্রিরেই বাকরা গ্রামের কাছাকাছি একটি গ্রামে ঘাঁটি গাড়লেন। পরের দিন দেখা গেল দুপুরে সাড়ে বারোটার সময় হঠাৎ পাকফৌজ এবং রাজাকাররা তাদের পূর্ব-পরিকল্পনা মত বাকরা বাজর আক্রমণ করল। মুক্তিফৌজও প্রস্তুত ছিল, তাঁরা চক্ষের নিমেষে শত্রুবাহিনীকে চতুর্দিক থেকে ঘিরে ফেলল। সেদিনের সেই রক্তাক্ত সংগ্রাম হয়েছিল মাত্র চল্লিশ-পঞ্চশ গজ দূর থেকে। দিনের আলোয়, বাংলাদেশের সমতলভূমিতে শত্রুর সঙ্গে মুক্তিফৌজের এই সংগ্রাম চিরস্মরণীয় হয়ে থাকবে। মুক্তিফৌজ যখন বীর বিক্রমে শত্রু নিধন করে চলেছে তখন একজন খবর পাঠালেন যে, সারদা থেকে ট্রেনযোগে আরও পঁচিশজন পাক পাঞ্জাবী ফৌজ আড়ানী রেলব্রীজের কাছে এসে হাজির হয়েছে। কিন্তু সেদিনের সেই সংগ্রামের অলেখা ইতিহাস বলছে, মুক্তিফৌজের গুলি বৃষ্টির মধ্যে খান সেনারা গুলী ছুড়তে ছুড়তে সারদার দিকে পিছু হটে চলে যায়। সন্ধ্যার তরল অন্ধকারে দেখা গেল রণক্ষেত্রর প্রায় আধ মাইল জায়গা শত্রুসৈন্যের রক্ত আর শবদেহে সমাকীর্ণ। যে সব মৃতদেহগুলি সনাক্ত করা সম্ভব হয়েছিল, তাদর মধ্যে পনেরজন ছিল রাজাকার, একজন পুলিশের বিহারী সুবেদার, ফ্রন্টিয়ার ফোর্স ও পাঞ্জাব রেজিমেন্টের পাঁচজন এবং আরও বাইশ জনের মৃতদেহ বিক্ষিপ্তভাবে আখের জমিতে বাঁশবনে, আমবাগানে পড়ে ছিল। তার কিছুদূরে যে মৃতদেহটি পড়ে ছিল সেটি ছিল রাজশাহীর সর্বজনপরিচিত পাক দালাল গোচর আড়ানীর চেয়ারম্যান আবুল হোসেনের লাশ। একটি জীবনও না খুইয়ে মুখোমুখি এত বড় সংগ্রামে বিজয়ী মুক্তিফৌজ সেদিন যেমন উৎসাহিত হয়েছিলেন, শত্রু মনোবল তেমনি হারিয়ে ফেলেছিল।

মুক্তিফৌজের সৈনিকেরা রাত্রি শেষ হওয়ার আগেই তাঁদের মুক্তি অঞ্চলে চলে গিয়েছিলেন, আর পাক ফৌজ পরের দিন তাদের এই পরাজয়ের উসুল তুলতে বাকরা ও পাল্লা পাড়ায় আগুন লাগিয়েছিল।

মুক্তিফৌজ ২টি সামরিক ট্রেন উড়িয়ে দিয়েছে

মুজিবনগর, ২৩ শে অক্টোবর (ইউ, এন, আই)- মুক্তিবাহিনী পূর্বের সংবাদে প্রকাশ, গত পাঁচ দিনে মুক্তিবাহিনী কুষ্টিয়া জেলায় ডিনামাইট এবং মাইনের সাহায্যে দুটি সামরিক স্পেশাল ট্রেন এবং একটি গাড়ী উড়িয়ে দিয়েছে এবং অন্ততঃ ৮৩ জন পাক সৈন্য নিহত এবং অপর কয়েকজন আহত হয়েছে।

গত ২১শে অক্টোবর মেহেরপুরের নিকট কামেদপুর এবং কালাচাঁদপুরে মুক্তিবাহিনীর সঙ্গে সংঘর্ষে একজন ক্যাপ্টেনসহ ছ'জন পাকিস্থানী সৈন্য নিহত হয়েছে।

মুক্তিবাহিনী গেরিলারা কুষ্টিয়া জেলায় জীবননগর এবং গনজারি এলাকায় তার সরিয়ে এবং খাম্বা তুলে ফেলে টেলিযোগাযোগ বিপর্যস্ত করে দিয়েছে। ২১ শে আক্টোবর কুষ্টিয়া টেলিফোন এক্সচেঞ্জে বোমা বিস্ফোরণের ফলে কুষ্টিয়া এবং ঢাকার মধ্যে টেলিফোন সংযোগ প্রায় আধাঘন্টা বিচ্ছিন্ন থাকে এবং এক্সচেঞ্জেরও বিশেষ ক্ষতি হয়েছে।

শান্তি কমিটির সভাপতি নিহত

করিমগঞ্জ, ২৩শে অক্টোবর- আজ সীমান্তের ওপার থেকে প্রাপ্ত সংবাদে প্রকাশ,মুক্তিবাহিনী ২১শে অক্টোবর রাতে বাংলাদেশের সুলতানপুরে তথাকথিত শান্তি কমিটির সভাপতি আব্দুল ওয়াহিদগ চৌধুরীকে হত্যা করেছে।

প্রকাশ, মিঃ চৌধুরী করিমগঞ্জ সীমান্তের পাক নাশকতাকারীদের পরিচালিত করছিলেন এবং গুপ্তচরদের শিক্ষণের ব্যবস্থা করছিলেন।

গত ২০ শে অক্টোবর পাকিস্তানী সৈন্যরা যখন ডিগবাইল সারি নদী পার হচ্ছিল, তখন মুক্তিফৌজ অতর্কিত আক্রমণ করে গানবোটটা ডুবিয়ে দেয়। ফলে পাঁচজন পাক সৈন্য মারা যায়। ১৮ই অক্টোবর দক্ষিণ ছাতক এলাকায় মুক্তিফৌজ তিনটি লঞ্চ এবং তিনটি স্পীড বোট ডুবিয়ে দেয় এবং বহু পাক সৈন্য হতাহত হয়।

ঢাকা-কুমিল্লা-চট্টগ্রাম সেক্টরে মুক্তিফৌজ গেরিলারা মীরপুর এলাকায় অতর্কিতে একটি সামরিক টহলদার দলকে আক্রমণ করে এবং দুজন সৈন্যকে হত্যা করে। মাতুয়া এলাকায় হানা দিয়েও তারা দুজন পাক সৈন্যকে খতম করে । গত ১৬ই অক্টোবর নোয়াখালী জেলার ছাগলনাইয়ায় সাতজন পাক সেনা নিহত এবং অপর সাত জন আহত হয়।

রংপুর-দিনাজপুর-রাজশাহী এলাকায় মুক্তিফৌজ গেরিলারা অমরখানা এলাকায় চারজন পাক সেনাকে হত্যা করে। যশোরের শিমলা এলাকায় দুজন পাক সৈন্য নিহত এবং দুটি রাইফেল উদ্ধার করা হয়েছে।

-যুগান্তর, ২৪ অক্টোবর, ১৯৭১

* * * * *

ফেনী এলাকা মুক্তিবাহিনীর দখলে, কুমিল্লা কয়েকটি অঞ্চল মুক্ত

মুজিবনগর, ২৪শে অক্টোবর- এখানে প্রাপ্ত সংবাদে জানা যায় যে, মুক্তিবাহিনী পাকিস্তানী সৈন্যদের মধ্যে মুক্তিবাহিনী বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে পাক ঘাঁটিতে হানা দিয়ে প্রায় ৮০ জন পাক সৈন্যকে খতম করেছেন। এছাড়া মুক্তিবাহিনী কুষ্টিয়া, দর্শনা, চুয়াডাঙ্গা এবং ভেড়ামারা অঞ্চলে কয়েকটি আক্রমণ চালিয়ে পাক বাহিনীর সরবরাহ ব্যবস্থার ওপর গুরুতর আঘাত হেনেছে। সীমান্তের ওপার থেকে পাওয়া সংবাদে জানা যায় যে, মুক্তিবাহিনীর আক্রমনের ফলে এই সব অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা এবং নতুন সৈন্য পাঠানোর ব্যবস্থা বানচাল হয়ে গেছে। পদ্মা এবং মাথা ভাঙ্গা নদী দিয়ে সরবরাহ ব্যবস্থা আটুট রাখার চেষ্টায় গত কয়েক দিনে পাক বাহিনীর বহু সৈন্য হতাহত হয়েছে। মুক্তিবাহিনীর গেরিলা সৈন্যরা কৃষ্ণনগর থেকে ১৫০ কিলোমিটার দূরে ভেড়ামারায় সামরিক অস্ত্রশস্ত্র ও গোলাবারুদবাহী দুটি স্পীড বোট আক্রমণ করে ডুবিয়ে দেয়। ১০ জন খান সেনা নিহত হয়েছে। মুক্তিবাহিনী চুয়াডাঙ্গায় একটি রেল লাইন উড়িয়ে দেয়, ফলে পাক সৈন্যদের জন্যে খাদ্যবাহী একটি মালগাড়ী লাইনচ্যুত হয়। পাক সেনারা বেপরোয়া গুলী চালায়, ফলে কিছু সংখ্যক বাঙ্গালী কুলী নিহত হয়। মুক্তিবাহিণী কুষ্টিয়া এবং দর্শনার মধ্যে টেলিফোন লাইন নষ্ট করে দিয়েছে।

কুমিল্লা রণাঙ্গনে

আগরতলা, ২৪শে অক্টোবরঙবাংলাদেশের মুক্তিবাহিনী কুমিল্লা জেলার মান্দাবাগ অঞ্চলের ব্যাপক এলাকা মুক্ত করেছে। মুক্তিবাহিনী কসবা খণ্ডে আড়াইবাড়ী দখল করেছে বলে সীমান্তের ওপারে মুক্তিবাহিনীর সদরে প্রাপ্ত খবরে জানা গেছে।

মুক্তিবাহিনী কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়ার মধ্যে সংযোগ রক্ষাকারী সড়কটি অতিক্রম করেছে এবং মুক্ত করেছে। এই সার্থক অভিযান কুমিল্লার উত্তর ও দক্ষিণ অঞ্চলকে বিচ্ছিন্ন করে দিয়েছে।

মুক্তিযোদ্ধাদের আক্রমণে পাক বাহিনীর বহু নিয়মিত সৈন্য হতাহত হয়েছে। হানাদাররা সড়ক ত্যাগের পূর্বে ১২টি মৃতদেহ ফেলে গেছে।

মুক্তিবাহিনীর সঙ্গে পাক সৈন্যের প্রচন্ড সংঘর্ষ

বাংলাদেশের নোয়াখালী জেলার ফেনী মহকুমায় গত এক মাসে মুক্তিবাহিনীর সঙ্গে একজন মেজর, একজন ক্যাপ্টেন ও একজন লেফটেন্যান্টসহ ছ'শোর বেশী পাক-সৈন্য প্রচন্ড সংঘর্ষের মুখোমুখি হয়েছে।

এই মহকুমায় একটি বিরাট অঞ্চল এখন মুক্তিবাহিনীর নিয়ন্ত্রণে রয়েছে। মুক্তিবাহিনী গত এক মাস ধরে পাকফৌজকে বার বার তাড়াতে পেরেছে বলে সীমান্তের ওপার থেকে পাওয়া কর্তৃপক্ষ মহলের খবর থেকে জানা গেছে।

মুক্তিবাহিনীর হিসাব অনুযায়ী এই মহকুমার পশুরাম, চিতোলিয়া ও সালালারে একজন জুনিয়র কমিশনড অফিসারসহ অন্ততঃ ৮৪ জন পাক সৈন্য ও রাজাকার নিহত হয়েছে।

-যুগান্তর, ২৫ শে অক্টোবর, ১৯৭১

*　　*　　*　　*　　*

নাগরপুর থানা আক্রমণঃ রাজাকারসহ ২৭ জন পাক সেনা নিহত

গত ১৬ই অক্টোবর মুক্তিবাহিনী ভোর ৪টায় নাগরপুর থানা আক্রমণ করেন। এই আক্রমনের ফলে রাজাকাররা শুধু ভীতসন্ত্রস্তই হয়নি, দলে দলে আত্মসমর্পণ করা শুরু করেছে। অপরপক্ষে জনমত এত শক্তিশালী হয়েছে যে, রাজাকাররা এখন আর গ্রামে প্রবেশ করে ধন-সম্পদ লুট করে নেবার সাহস পায় না। এই সাফল্যজনক আক্রমণে রাজাকার সহ কমপক্ষে ২৭ জন পাক সেনা নিহত হয়। আহতদের সঠিক সংখ্যা এখনও জানা যায়নি। যুদ্ধ চলাকালী নগারপুর থানা এলাকার উত্তর দিকের বিস্তীর্ণ ধানক্ষেতের মধ্য দিয়ে রাজাকারদের পালিয়ে যেতে দেখা যায়। পলায়নপর রাজাকাররা মুক্তি বাহিনীর নিকট আত্মসমর্পণ করেছে বলে জানা গেছে।

হানাদারদের শ্মশানঃ ৪২ জন নিহত

বিগত ২৩শে অক্টোবর কালিহাতী থানার চারানে মিলিশিয়াসহ রাজাকার এবং মুক্তিবাহিনীর মধ্যে এক তুমুল যুদ্ধ সংঘটিত হয়। প্রতি সপ্তাহে রাজাকারদের এক ঘাঁটি থেকে অন্য ঘাঁটিতে বদলি করা হয়। বল্লা শত্রু ঘাঁটি থেকে রাজাকারদের এমনি বদলির সময় এই যুদ্ধ সংঘটিত হয়। মুক্তি বাহিনী এই আকস্মাৎ আক্রমণে মিলিশিয়া এবং রাজাকারার দিশেহারা হয়ে পড়ে। মুক্তিবাহিনীর এই সাফল্যজনক আক্রমণাত্মক যুদ্ধে ৩৯ জন রাজাকার এবং তিনজন মিলিশিয়া নিহত হয়। মুক্তিবাহিনীর কেউ হতাহত হয়নি।

পাথরঘাটায় মর্টার আক্রমণ

অক্টোবরের দ্বিতীয় সপ্তাহে মুক্তিবাহিণীর মর্টার দল মির্জাপুর থানার পাথরকাটায় ৩" মর্টার থেকে দশ রাউন্ড গুলি বর্ষণ করে। ঘাঁটির শত্রুসেনা পালিয়ে জীবন বাঁচায়। মুক্তিবাহিনী পাথরকাটা থেকে ৬টি রাইফেল এবং ৮০০রাউন্ড গুলী উদ্ধার করে।

এলাসিন ঘাটে ৬ জন হানাদার সেনা নিহত

সম্প্রতি নাগরপুর থানার এলাসিনে ১১ জন পাঞ্জাবী সেনার সঙ্গে মুক্তিবাহিনীর এক সম্মুখযুদ্ধ হয়। জামাতে ইসলামের একজন কাঠমোল্লা পাঞ্জাবীদের পথ দেখিয়ে নিয়ে আসে। মুক্তিবাহিনী প্রথমে এই কাঠমোল্লাকে নিশান করে গুলীবর্ষণ করেন। এই যুদ্ধে কাঠমোল্লাসহ ৬জন পাঞ্জাবী হানাদার দস্যু নিহত হয়। এবং পিছনে হঠতে বাধ্য হয়। মুক্তিবাহিনী তাদের অনেক দূরে পিছু ধাওয়া করে।

সিঙ্গুরিয়ায় রাজাকার নিহতঃ ৪ জন গুরুতর আহত

সম্প্রতি কদ্দুসনগর (ভূয়াপুর) থানার সিঙ্গুরিয়ায় মুক্তি বাহিনীর শক্তিশালী গেরিলা স্কোয়াড একদল রাজাকারকে আক্রমণ করে। আকস্মিক আক্রমণের ফলে রাজাকারদের মধ্যে ১১ জন নিহত হয় এবং ৪ জন গুরুতরভাবে আহত হয়।

রতনগঞ্জ ঘোনাবাড়ীতে বেয়নেটহীন যুদ্ধ

গত ২২শে আক্টোবর কালিহাতী থানার রতনগঞ্জ ঘোনাবাড়ীতে মুক্তিবাহিনী এবং বর্বর পাক দস্যু সেনাদের মধ্যে এক তুমুল যুদ্ধ সংঘটিত হয়। ২১শে অক্টোবর সারারাত্রি পাহারারত থাকার পর ভোর রাতে মুক্তিবাহিনী ঘোনাবাড়ীর একটি পরিত্যক্ত বাড়ীতে ঘুমিয়ে পড়েন। প্রকাশ, ঘোনাবাড়ীর একজন চোর রাজাকারে ভর্তি হয়েছিল। তারই এক নিকট আত্মীয় এই সংবাদ বল্লার শত্রুঘাঁটিতে পৌছে দেয়। রাজাকারসহ দেড়শো মিলিশিয়া ঘোনাবাড়ীতে মুক্তিবাহিনীর ৩০ জন জোয়ানকে ঘেরাও করে। সকাল ন'টা থেকে এই যুদ্ধ শুরু হয় এবং বিকেল চারটে পর্যন্ত স্থায়ী হয়। এই আশ্চর্যজনক যুদ্ধ শেষ পর্যন্ত হাতাহাতি যুদ্ধে পরিণত হয়। উভয় পক্ষের গুলী ফুড়িয়ে গেলেই এই হাতাহাতি যুদ্ধের শুরুহয়। সম্মুখযুদ্ধ এবং পরে হাতাহাতি যুদ্ধে রাজাকারসহ কমপক্ষে ৪০ জন মিলিশিয়া নিহত হয়। বীরত্বের সঙ্গে যুদ্ধ করে মুক্তিবাহিনীর ২জন অসম সাহসী জোয়ান শাহাদাত বরণ করেন। হাতাহাতি যুদ্ধে আমাদের মুক্তিবাহিনীর সি , আই নামক একজন অসমসাহসী যোদ্ধা দুইজন মিলিশিয়াকে রাইফেলের বাঁট দিয়ে পিটিয়ে হত্যা করেন । উল্লেখযোগ্য যে, উভয়পক্ষের কারও রাইফেলেই কোন বেয়নেট ছিল না।

হানাদার সেনাদের রসদবাহী তিনটি নৌকা করতলগত

গত ১৯ মে আক্টোবর ভোর ৫টায় জল্লাদ সেনাদের রসদবাহী তিনটি নৌকা মুক্তিবাহিনীর কজাগত হয়। এই নৌকা তিনটিতে তিন হাজার তিনশত এক মণ গম ছিল। ঢাকা থেকে ধলেশ্বরী নদী দিয়ে টাঙ্গাইলের চারাবাড়ী এই গম অপসারণের কথা ছিল।

সিরাজগঞ্জ পাক ছাউনিতে আক্রমণঃ ৪ জন নিহত

গত ২৪শে আক্টোবর মুক্তিবাহিনীর একটি গেরিলা স্কোয়াড সিরাজগঞ্জের পাক হানাদার দস্যু সেনাদের ছাউনিতে আকস্মাৎ আক্রমণ চালিয়ে ৪ জন হানাদারকে নিহত এবং ৬ জনকে আহত করে। পরে স্কোয়াডটি নিরাপদে ঘাঁটিতে প্রত্যাবর্তন করে।

-রণাঙ্গন, ২৪ আক্টোবর, ১৯৭১

* * * * *

বিজয় বার্তাঃ কুষ্টিয়া-যশোহর ও খুলনা রণাঙ্গনঃ

২৪শে আক্টোবর, দুঃসাহসিক মুক্তিযোদ্ধারা খুলনার ''চাউলাহাসানের'' বিউটি অফ খুলনা'' লঞ্চখানা কোন এক গ্রাম থেকে হাইজ্যাক করে মুক্তাঞ্চলের মুক্তিবাহিনীর ঘাঁটিতে নিয়ে আসতে সক্ষম হয়েছেন। এছাড়া খুলনার দু'জন কুখ্যাত মুসলিম লীগ দালালকে বন্দী করে নিয়েএসেছেন। উক্ত দালাল দু'জন বন্দী হওয়ায় স্থানীয় গ্রামের জনগণ এতদিনের নির্যাতন থেকে মুক্তি পেল। এজন্য জনগণ মুক্তিবাহিনীর অভিনন্দন জানিয়েছেন।

ঘটনার বিবরণে প্রকাশ, উক্ত দালাল দু'জন লঞ্চযোগে খুলনা যাচ্ছিল রাজাকার এবং পাক সেনা নিয়ে আসেত, এই সংবাদ পেয়ে একদল মুক্তিবাহিনী অতর্কিত আক্রমণ চালিয়ে এই সাফল্য অর্জন করে।

৯ই আক্টোবর খূলনা জেলার অন্তর্গত বাগেরহাট মহকুমায় পাক আক্রমণকারীরা মুক্তিবাহিনীর দ্বারা আকস্মিকভাবে আক্রান্ত হয় এবং এই বীরত্বপূর্ণ আক্রমণে একজন অফিসারসহ ১০ জন পাক আক্রমণকারী শত্রুসৈন্য নিহত ও অনেকে গুরুতররূপে আহত হয়। মুক্তি বাহিনী এখান থেকে অনেক অস্ত্রশস্ত্র দখল করেন।

বঙ্গবন্ধু নৌবহরে আলোচনা সভা

২৩শে আক্টোবর , বাংলাদেশের ৯নং সেক্টরের কোন এক স্থানে বঙ্গবন্ধু নৌবহর নং -১ এ একটি নৌযানে এক আলোচনা সভার আয়োজন করেন। এই আলোচনায় বাংলাদেশের প্রতিনিধিগণ, সরকারের উচ্চতম পদের কর্মচারীগণ এবং মুক্তিবাহিনীর অধিনায়কগন অংশগ্রহন করেন, অতিথীগণ বঙ্গবন্ধু নৌবহর নং ১ পরিদর্শন করেন।

প্রকাশ থাকে যে এই সকল নৌযান ৯নং সেক্টরের মুক্তিযোদ্ধারা বিভিন্ন সময়ে বিভিন্ন অঞ্চল হতে পাক হানাদারদের কাছ থেকে ছিনিয়ে এসেছে। এখানে উল্লেখ প্রয়োজন যে চলতি মাসের তৃতীয় সপ্তাহের শেষদিকে মুক্তিযোদ্ধারা একখানা বৃহৎ নৌযান হানাদারদের কাছ থেকে ছিনিয়ে এনে বঙ্গবন্ধু নৌবহরের সাথে যোগ করেছে।

রেল যোগাযোগ বিচ্ছিন্নঃ ময়মনসিংহ ও শ্রীহট্ট রণাঙ্গন

ময়মনসিংহ জেলার হাতিবাগান অঞ্চলে পাক সৈন্যের উপর মুক্তিবাহিনীর এক প্রবল আক্রমণে ২০ জন শত্রুসেনা নিহত হয়। মুক্তিবাহিনী এই অঞ্চলে কিশোরগঞ্জ ও ময়মনসিংহের মধ্যকার টেলিযোগাযোগ ব্যবস্থাও বিচ্ছিন্ন করে দেন। মুক্তিবাহিনীর কৌশলী গেরিলারা ১৩ই অক্টোবর গৌরীপুর থানা আক্রমণ করে বেশ কিছু আগ্নেয়াস্ত্র দখল করেন। বিলম্বে প্রাপ্ত অপর এক খবরে জানা যায় টাঙ্গাইল জেলার মুক্তিবাহিনীর তৎপরতা বিশেষভাবে বৃদ্ধি পায়। গোপালপুর থানায় মুক্তিবাহিনীর প্রবল আক্রমণে ২৫ জন হানাদার পাকসেনা নিহত হয়। ঢাকায় কালিয়াকৈর অঞ্চলের রাজাকারদের ঘাঁটি মুক্তিবাহিনীর আক্রমণে সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়। ময়মনসিংহের সরিষাবাড়ী হতে ৬০ জন রাজাকার মুক্তিবাহিনীর কাছে তাঁদের অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পন করতে বাধ্য হয়। ঢাকা ও টাঙ্গাইল সড়ক পথের মধ্যকার অনেকগুলো সেতু মুক্তিবাহিনীর গেরিলারা ধ্বংস করে দেন এবং এর ফলে উপরিউক্ত সড়কের যাতায়াত ব্যবস্থা বন্ধ হয়ে যায়।

বিস্তারিত খবরে প্রকাশ বরিশালের বিভিন্ন অঞ্চলে সমবেত মুক্তিবাহিনী শহরের সন্নিকটে কোন এক ময়দানে সমবেত হন এবং সন্ধ্যাবেলায় প্রায় এক সহস্র মুক্তিবাহিনীর সশস্ত্র সেনানী পাক বিরোধী বিভিন্ন ধ্বনি সহকারে শহরের কয়েকটি প্রধান সড়ক প্রদক্ষিণ করেন। হানাদার বাহিনী ভীত সন্ত্রস্ত হয়ে এ সময়ে ছাউনিতে আশ্রয় গ্রহণ করে। শহরের কোন এক সড়কে পাহারারত ৭ জন হানাদার শত্রুসৈন্য মুক্তিবাহিনীর হাতে খতম হয়।

বিলম্বে প্রাপ্ত এক খবরে জানা গেছে যে চলতি মাসের প্রথম সপ্তাহে মুক্তিবাহিনী বরিশাল জেলার মেহেদীগঞ্জ নামক পাক সেনাদের দুখানা লঞ্চ ডুবিয়ে দেয়। এ সংঘর্ষে ১৯ জন পাক সেনা খতম হয়। এখানে

উল্লেখযোগ্য যে মেহেদী গঞ্জ থানার প্রায় সকল রাজাকার ও পাক দালাল বহু পূর্বেই খতম করা হয়েছে- মেহেদীগঞ্জ থানার সমুদয় অঞ্চল মুক্তিবাহিনীর দখলে।

রাজাকার কমান্ডারের আত্মসমর্পণঃ রংপুর-দিনাজপুর-রাজশাহী রণাঙ্গন

৯ই অক্টোবর পুলিশগাঁও অঞ্চলে মুক্তিবাহিনীর অতর্কিত আক্রমণে ৩ জন পাকসেনা খতম হয়। অদিতমারীর উত্তরাঞ্চলে ভূতেশপুর পাক ঘাঁটি মুক্তিবাহিনী দ্বারা আক্রান্ত হয় এবং এই আক্রমণে তিনজন পাকসেনা নিহত ও পাঁচজন গুরুতর ভাবে আহত হয়। ৯ই অক্টোবর গাইবান্ধা অঞ্চলে মুক্তিবাহিনীর কাছে বিপুলসংখ্যক রাজাকার আত্মসমর্পন করে। এছাড়া রংপুর জেলার হলিদাবাড়ি অঞ্চলের রাজাকার কমান্ডার হাবিবুর রহমান মুক্তিবাহিনীর কাছে আনেক অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পণ করতে বাধ্য হয়। ১৬ই আক্টোবর মুক্তিবাহিনীর মর্টার আক্রমণে দিনাজপুর জেলার ভাওয়ালগঞ্জ অঞ্চলের পাক ঘাঁটির বিপুল ক্ষতিসাধিত হয়- এই আক্রমণে ১৭ জন শত্রুসৈন্য নিহত হয়।

-বিপন্নবী বাংলাদেশ, ২৪ অক্টোবর, ১৯৭১

****

মুক্তিবাহিনীর জোর প্রস্তুতি

ঢাকা, ২১শে আক্টোবরঙপবিত্র রমজান মাসের প্রাক্কালে প্রদত্ত এক বানীতে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদ বলেছেন যে, মুক্তিবাহিনী এখন শত্রুর ওপর কঠোরতম আক্রমণ অভিযানের প্রস্তুতি চালাচ্ছে।

তিনি বলেছেন, মাতৃভূমিকে শত্রুমুক্ত করার লক্ষের দিকে আমরা এখন দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছি। মুক্তিবাহিনী অচিরেই হানাদারদের নির্মূল করতে পারবে বরে তিনি আশা প্রকাশ করেছেন।

মন্দাভাগ অঞ্চলে মুক্তিফৌজের বিরাট সাফল্য

ঢাকা, ১৯শে আক্টোবর-গতকাল রাত্রি ৩টায় মুক্তিফৌজ এক দুঃসাহসিক আক্রমণ চালিয়ে কুমিল্লা সেক্টরের মন্দাভাগ অঞ্চলের হানাদারদের একটি প্রচন্ড শক্তিশালী ঘাঁটি দখল করে নিয়েছে বলে বিশ্বস্ত সূত্রে খবর পাওয়া গিয়েছে।

প্রকাশ,এর পূর্ব্বদিন মুক্তিফৌজের টহলদার বাহিনী ৫জন রাজাকারকে গ্রেপ্তার করে। তাদের কাছ থেকে খবর পেয়ে সাঁজোয়া বাহিনীসহ ঐ ঘাঁটির দুই পাশ থেকে প্রচন্ড বিক্রমে আক্রমণ চালায়। তীব্র সংঘর্ষের পর ঘাঁটিটি মুক্তিফৌজ অধিকার করে নেয়। বাঙ্কারের মধ্যে তখণ ১৬৫ জন হানাদারদের মৃতদেহ, আর ৫জন আহতাবস্থায় কাতরাচ্ছে। বিপুল পরিমাণ অস্ত্র শস্ত্রও মুক্তিফৌজ সেখানে পায়।

মৃতদেহ, ৫জন ধৃত হানাদার এবং অস্ত্রশস্ত্র মুক্তিফৌজ তাদের হেডকোয়াটারে নিয়ে আসে। এই ঘাঁটিটি দখল করার ফলে কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়ার মধ্যবর্তী বিস্তীর্ণ ভূখন্ড হানাদার মুক্ত হয়েছে।

এই ঘাঁটির পতনের সংবাদ পেয়ে আজ বেলা ৩ টায় পাক জঙ্গী বিমানগুলো উন্মাদের মত ঐ ঘাঁটি লক্ষ করে নাকি বোমা বর্ষণ করে। কিন্তু বিমান আক্রমণের আভাস পেয়ে মুক্তিফৌজের জওয়ানরা ঘাঁটির পার্শ্বস্থ একটি নিরাপদ আশ্রয়ে সরে যায়। ফলে সরাসরি বোমাবর্ষণ সত্ত্বেও মুক্তিফৌজের অদৌ কোন ক্ষতি হয়নি। পার্শ্বস্থ একটি গ্রামে বোমা পড়ায় ৩ জন শিশু এবং ২ জন বে-সামরিক ব্যাক্তি নিহত হয়েছে বলে জানা গিয়েছে।

দালাল হত্যা

নির্ভরযোগ্য সূত্রে পাওয়া সংবাদে জানা যায় কুমিল্লা জেলার চান্দিনা থানার অন্তর্গত জোর পুকুরিয়া গ্রামের ইয়াহিয়া বিশিষ্ট কুখ্যাত দালাল আব্দুর রহমানকে মুক্তিফৌজ গেরিলারা চলন্ত বাস হতে নামিয়ে প্রকাশ্যে হত্যা করতে সমর্থ হয়।

পাক অস্ত্রবাহী দুটি জাহাজ বাংলাদেশ নৌবাহিনী ডুবিয়ে দিয়েছে

ঢাকা, ২০শে আক্টোবর- এখানে বিলম্বে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, গত ৮ই আক্টোবর বাংলাদেশ নৌ বাহিনী চট্টগ্রামের নিকট পাক সেনার জন্যে অস্ত্রশস্ত্র বহনকারী দুটি বড় জাহাজ ডুবিয়ে দিয়েছে। এই জাহাজের মধ্যে একটি পাকিস্তানী জাহাজ, নাম ‘‘নাসিম’’ । এতে দুটি ট্যাঙ্ক ও অন্যান্য অস্ত্রশস্ত্র ছিল। অপর জাহাজটি গ্রীসের নাম ‘‘এলভোস’’।

-সাপ্তাহিক বাংলাদেশ, ২৫ অক্টোবর, ১৯৭১

রণাঙ্গন থেকে লিখছি

স্বাধীনতা রক্ষার অতন্দ্র প্রহরী দুঃসাহসী তরুণ মুক্তিযোদ্ধাগণের (মনোহরদি ও কাপাসিয়া থানার) চতুর্মখী আক্রমণে মনোহরদিস্থিত পাক বিবর ঘাঁটিটি গত ২১শে অক্টোবর সম্পূর্ণ ধ্বংস এবং ঘটনাস্থলে ২১ জন হানাদার সৈন্য নিহত হয়। মনোহরদি ও কাপাসিয়ার মুক্তিযোদ্ধাগণ ঘটনাস্থল হইতে যথাক্রমে ২জন ও ৩ জন দস্যু সেনাকে বন্দী করেন এবং বহু অস্ত্র ও গোলাবারুদ হস্তগত করেন। বাকী পলায়নরত ইয়াহিয়া সেনাগণের মধ্যে বীর মুক্তিযোদ্ধাগণ বিভিন্ন খন্ড যুদ্ধে ১১ জনকে হত্যা করেন ও ৬ জন জনাসাধারণের হাতে ধৃত হয়। এখন তাহারা মুক্তিবাহিনীর হাতে বন্দী রহিয়াছে।

কাপাসিয়া থানায়ঃ- গোসিঙ্গাস্থিত শত্রুঘাঁটিতে বীর মুক্তিযোদ্ধাগণের আচমকা হামলায় ৭ জন পাক সেনা নিহত হয়। ১৯শে অক্টোবরের এই ঘটনার দিনেই শত্রুরা ছাউনী ছাড়িয়া দিতে বাধ্য হয়।

রায়পুর থানাঃ -১৮ই অক্টোবর হাটুভাঙ্গাতে মুক্তিবাহিনীর প্রচন্ড আক্রমণে ৩৫ জন পাক সেনা নিহত ও ৩৮ জন আহত হয়।

কালীগঞ্জ, জয়দেবপুর, শ্রীপুর ও শিবপুরের তরুণ মুক্তিযোদ্ধাগণ শত্রুর উপর প্রচন্ড চাপ অব্যাহত রাখিয়াছেন।

-মুক্ত বাংলা, ২৫ অক্টোবর, ১৯৭১

****

রণাঙ্গন সংবাদ

(মুক্তিফৌজ সূত্র)

চিলমারী রণাঙ্গনে গত এক সপ্তাহের মধ্যে বর্বর পাক সেনারা মর্টারের সাহায্যে আমাদের মুক্তিবাহিনীর আগ্রবর্তী ঘাঁটিগুলির উপর গুলিবর্ষণ করে- কিন্তু আমাদের মুক্তিবাহিনীর জোয়ানরা সাহসের সঙ্গে অনুরূপগুলির দ্বারা উত্তরদান করে তাদের নিস্তব্ধ করে দেন।

রউমারী দখলে অসমর্থ ও বিপর্যস্ত পাক সেনারা এখন চিলমারী থানার অধিকৃত অঞ্চলে তাদের অত্যাচার ও পোড়াও নীতিকে জোরদার করেছে।

আর এক সংবাদে প্রকাশ, গত ২৪শে অক্টোবর আমাদের মুক্তিবাহিনী নির্ভিক জোয়ানগণ ময়মনসিংহ জেলার কামালপুর অঞ্চলে আক্রমণ পরিচালনা করে ৬৭ জন পাক সেনাদের খতম করে এবং বহুসংখ্যক পাক সেনাকে আহত করে বেশ কিছু অস্ত্র ও গোলা-বারুদ হস্তগত করে। মুক্তিফৌজের সাফল্যজনক এই অভিযান পরিচালনা করেন মুক্তিফৌজের অধিনায়ক মেজর আবু তাহের।

বিলম্বে পাওয়া এক সংবাদে প্রকশ গত ১৭ ও ১৮ই অক্টোবর আমাদের দুঃসাহসিক গেরিলা বাহিনী পৃথক পৃথক দুইটি অভিযানে ময়মনসিংহ-ঢাকা রেল পথ ও তার যোগাযোগ সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে যায়।

-অগ্রদূত, ২৭ অক্টোবর, ১৯৭১

****

মুনাফেকীর পরিণাম

ফুলবাড়িয়া, ২৫শে অক্টোবর, ভফুলবাড়িয়া থানার কালীগঞ্জ বাজারে আমাদের বীর জোয়ানরা রাজাকার ঘাঁটি আক্রমণ করে ত্রিশজন রাজাকারকে হত্যা ও পঁচিশজনকে আহত করেন।

ঘটনার বিবরণে প্রকাশ, রাজাকাররা আত্মসমর্পণ করবে এই মর্মে এক খবর মুক্তিবাহিনীর ঘাঁটিতে প্রেরণ করে। আমাদের মহান মুক্তিযোদ্ধারা তাদের কথায় বিশ্বাস করে ঘাঁটিতে আসতে অনুমতি দেন। সন্ধ্যার সময় মুক্তিযোদ্ধারা যখন ঘাঁটির ভিতরে ইফতার করতে ব্যস্ত ঠিখ সেই সুযোগে প্রায় পঞ্চাশজন রাজাকার অতর্কিতে আক্রমণ করে তিনজন মুক্তিযোদ্ধাকে ধরে নিয়ে যায়। এই সংবাদ ভালুকা শাখা মুক্তিবাহিনীর অধিনায়ক জনাব আফসার সাহেব পাওয়া মাত্রই কালীগঞ্জে গিয়ে রাজাকার ঘাঁটিতে আক্রমণ চালান এবং ঐ তিনজন মুক্তি সেনাকে উদ্ধার করে ত্রিশজন রাজাকারকে গ্রেপ্তার করেন। মুক্তিবাহিনীর বীর জোয়ানরা শত্রু ঘাঁটিটি সম্পূর্ণ ধ্বংস করে দেন এবং ঘাঁটির পঁচিশটি রাইফেলসহ বহু গোলাবারুদ হস্তগত করেন। এ যুদ্ধে স্থানীয় জনসাধারণ বিরাট সাহসিকতার পরিচয় দেন, তাঁরা পলায়নরত রাজাকারদের উপর দা, বল্লম, লাঠি-সড়কী নিয়ে আক্রমণ করেন। ফলে দু'জন রাজাকার ঘটনাস্থলেই মারা যায় এবং আটজন আত্মসমর্পণ করে।

কাদেরের নেতৃত্বেঃ কালিহাতী

টাঙ্গাইল জেলার কালিহাতী থানার রতনগঞ্জে গত ৪ঠা কার্তিক পাক বাহিনীর সাথে মুক্তিবাহিনীর ১৬ ঘণ্টাব্যাপী এক প্রচন্ড সম্মুখযুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধে ৪০ জন পাক সেনা খতম হয় এবং অনেকে আহত হয়। আমাদের মুক্তিবাহিনীর তিনজন শহাদাতবরণ করেন (ইন্নালিল্লাহে.....রাজিউন)

১৫ দিনে গেরিলান্ড

বর্তমান মাসের গত ১৫ দিনে আমাদের দুঃসাহসী গেরিলারা ১০৩৪ টি স্থানে হামলা করে ১০৯০ জন শত্রুসৈন্য খতম করেছেন। এখানে উল্লেখযোগ্য যে এ সময়ে বাংলার কুখ্যাত মীরজাফর মোনায়েম খাঁসহ আরও নয়শত জন দালালকে আমাদের আমাদের মুক্তিবাহিনীরা হত্যা করেছেন।

ডিনামাইট দিয়ে পুল উড়িয়ে দেয়ায় ঢাকা-ময়মনসিংহ ট্রেন চলাচল ব্যাহত

গফারগাঁও,-গত ২৮শে আশ্বিন, শুক্রবার রাত ১২টায় দুঃসাহসী গেরিলারা মুশাখালী ষ্টেশনের অগ্রবর্তী ২৫ হাত লম্বা হুরচুংগীর পুর ডিনামাইট দিয়ে উড়িয়ে দিয়েছেন। ঐ রাতেই গেরিলারা লাইন পাহারারত শত্রুবাহী একটি ট্রেন অতর্কিত আক্রমণ করেন। এতে উনিশজন শত্রুসেনা নিহত হয় এবং প্রচন্ড আক্রমণে টিকতে না

পেরে ২৮ জন রাজাকার অস্ত্রসহ গেরিলাদের কাছে আত্মসমর্পন করে। গেরিলারা ট্রেনের সমস্ত অস্ত্রশস্ত্র হস্তগত করে ট্রেনটিকেও বিধ্বস্ত করে ফেলেন। পুলটি বিধ্বস্ত হওয়ায় ঢাকা ময়মনসিংহ ট্রেন চলাচল সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে লড়েছে।

গ্রেনেড বিস্ফোরণ

ময়মনসিংহ,-গত ৯ই কার্তিক ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র গ্রেনেড নিক্ষেপ করে কয়েকজন পশ্চিম পাকিস্তানী হানাদার খতম করেছেন।

আমাদের ঢাকাস্থ প্রতিনিধি জানিয়েছেন গত ২৬শে আশ্বিন ঢাকা বিশ্ববিদ্যালয় অঙ্গনে একজন দুঃসাহসী মুক্তিসেনা গ্রেনেড নিক্ষেপ করেন। প্রচন্ড শব্দে গ্রেনেডটি বিস্ফোরিত হওয়ায় ক্লাসে যোগদানরত ছাত্রদের মনে দারুণ ভীতির সঞ্চার হয়েছে।

কিশোরগঞ্জের বিভিন্ন থানায় মুক্তিযোদ্ধাদের সাফল্য

কিশোরগঞ্জের বিস্তীর্ণ এলাকা মুক্ত

গত ২২ শে আশ্বিন শনিবার থেকে ২৭শে আশ্বিন বৃহস্পতিবার পর্যন্ত কিশোরগঞ্জের চারিদিকে আবিরাম যুদ্ধ করে বীর মুক্তিযোদ্ধারা এক বিস্তীর্ণ এলাকা মুক্ত করেছেন। শুধুমাত্র কিশোরগঞ্জ শহর ব্যতীত মহকুমার অন্যসব জায়গাই স্বাধীন বাংলাদেশের পতাকা উড়তে দেখা যায়। মুক্তিযোদ্ধারা শহরের নিকটবর্তী মৌলানা আব্দুল হালিমের বাড়ীতে ক্যাম্প করে খোলাখুলি চলাফেরা করছেন।

দ্রুত পলায়ন

কালিয়াকৈর থানার ফুলবাড়ীয়া থেকে অধিনায়ক আফছার ও বীর কাদেরের আগমন সংবাদ শুনে পাক দস্যুর দলটি দ্রুত পলায়ন করে। ফুলবাড়ীয়া এখন আবার মুক্ত হল।

পুল বিধ্বস্ত

২৯ শে অক্টোবর মুক্তিবাহিনীর দুর্ধর্ষ বীর গেরিলাগণ কালিয়াকৈর থানার ফুলবাড়ীয়ার পূর্ব-উত্তর কোনার হাঁটুভাঙ্গার লোহার পুলটা ডিনামাইট দিয়ে উড়িয়ে দেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, ঐ দিন দস্যু হানাদার বাহিনী শ্রীপুর হতে ঐ রাস্তা ধরে ফুলবাড়ীয়ায় আসছিল।

-জাগ্রত বাংলা, ৩০ আক্টোবর, ১৯৭১

****

সাবাস!

১২ই অক্টোবর। নীলফামারী হইতে একটি ট্রেন সৈয়দপুরের দিকে যাইতেছে। ট্রেনের একটি কামরায় তিনজন বন্দী গেরিলা, হাতে ও কোমরে শক্ত দড়ি দিয়ে বাঁধা, প্রহরায় দুইজন হানাদার পাক সেনা।

মুক্তিসংগ্রামী গেরিলা তিনজন একদিন পূর্বে ডিমলা থানায় শত্রুর হাতে ধরা পড়িয়াছেন। প্রাতমিক নিপীড়নের পর তাঁহাদিগকে সৈয়দপুর ক্যান্টনমেন্টে লইয়া যাওয়া হইতেছিল। চলন্ত ট্রেন। যাত্রীরা নির্বাক।

হঠাৎ যাত্রীদের মধ্য হইতে কয়েকজন প্রহরারত পাক সেনাদের উপর ঝাঁপাইয়া পড়িয়া তাহাদের অস্ত্র কাড়িয়া নেয়। গেরিলারা হাতের বাঁধন খুলিয়া দেয়।

গেরিলাদের সফল অভিযান অব্যাহত

নাবাবগঞ্জঃ গত ২৯শে অক্টোবর আমাদের মুক্তিবাহিনীর আটজন দুর্ধর্ষ গেরিলা নবাবগঞ্জ থানায় এক আক্রমণ চালিয়ে পাক হানাদার বদর বাহিনীর ৫২ জনকে হত্যা করে এবং ২৮ জন রাজাকারকে অস্ত্রশস্ত্রসহ বন্দী করে। এ সংঘর্ষে আমাদের মুক্তিবাহিনীর একজন বীরযোদ্ধা শহীদ এবং অপর একজন সদস্য আহত।

লৌহজং : গত ২৬শে অক্টোবর শত্রুসৈন্যবাহী দু'টি স্পীড বোট শ্রীনগর থেকে যাত্রা করলে আমাদের বীর গেরিলারা পথিমধ্যে গোয়ালিনী মান্দ্রা বাজারের নিকট এক প্রবল আক্রমণে ৩৬ জন হানাদার সৈন্যকে নিহত এবং ৮ জনকে বন্দী করে। নিহতদের মধ্যে সুবেদার কোরবান আলী এবং ল্যান্স নায়েক মোনসের খানও রয়েছে। এ সংঘর্ষে দু'টি হালকা মেশিনগান ও ৩৪ টি রাইফেলসহ বেশ কিছু গোলবারুদ মুক্তিবাহিনীর হস্তগত হয়।

শ্রীনগরঃ গত ২৪শে অক্টোবর শ্রীনগর থানার কামারখোলা গ্রামে আমাদের মুক্তিবাহিনীর গেরিলারা পাক সেনা ও রাজাকারদের একটি দলের উপর অতর্কিত হামলা চালিয়ে ৪ জনকে হত্যা করে।

ছদ্মবেশী রাজাকার ধৃত ও নিহত

গত ২৫শে অক্টোবর আমাদের গেরিলারা শেখেরনগরে একটি স্পীড বোটে তল্লাশী চালিয়ে চদ্মবেশী দু'জন বিহারী রাজাকার গ্রেফতার করে এবং জিজ্ঞাসাবাদের পর তাদের হত্যা করা হয়। সংবাদে প্রকাশ কয়েকদিন আগে গোয়েন্দাগিরি করতে এসে আরেকজন রাজাকার চুরাইনের জাগ্রত জনতার হাতে ধরা পড়ে প্রাণ দেয়।

দালাল নিধনঃ গত ১৫ই অক্টোবর আমাদের মুক্তিবাহিনীর হাতে হানাদার বাহিনীর দিশারী কুখ্যাত দালাল মাওলানা আহমদ উল্লাহ ও তাঁর ছেলে বাহরুল ধরা পড়লে তাদেরকে গণআদালতে উপস্থিত করা হয়। দেশমাতৃকার প্রতি চরম বিশ্বাসঘাতকতা ও বেঈমানীল প্রায়শ্চিত্তস্বরুপ তাদেরকে মৃত্যুদন্ড দেয়া হয়।

রাজাকারদের আত্মসমর্পণ

জয়পাড়া থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেনন্ড গত ২৬শে অক্টোবর কিনাই মোল্লার ছেলেসহ ১২ জন রাজাকার অস্ত্রশস্ত্রসহ মুক্তিবাহিনীর হাতে আত্মসমর্পণ করে।

-বাংলাদেশ, ৩১ অক্টোবর, ১৯৭১

*　　*　　*　　*　　*

রাজধানীতেও পাক বাহিনী কোণঠাসা

ঢাকা, ৩১শে অক্টোবরন্ড মুক্তিবাহিনীর গেরিলারা ঢাকা শহরে খুবই সক্রিয় হওয়ায় পাক সৈন্যবাহিনী কোণঠাসা হয়ে পড়েছে বলে লন্ডনের 'সানডে টাইমস' এ এক সংবাদ প্রকাশিত হয়েছে।

সানডে টাইমসের বাংলাদেশস্থ সংবাদদাতা জানিয়েছেন যে, প্রায় আট শতাধিক গেরিলা সম্প্রতি ঢাকা শহরের কর্ম্মব্যস্ত অঞ্চলে একের পর এক আক্রমণ চালিয়েছে। গেরিলাদের আক্রমণের ফলে পাক বাহিনীর বিমানঘাঁটি যাওয়ার পথে পিল বক্স তৈরী করেছে এবং পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারওয়েজের বিমানগুলি ওঠানামার পদ্ধতিও বদলে গেছে। এতদিন পর্যন্ত বোয়িং বিমানগুলি সব আলো জ্বেলে ঢাকা বিমানঘাঁটিতে অবতরণ করতো। কিন্তু এখন বিমানগুলি যথাসম্ভব বিনা আলোয় জলের ওপর দিয়ে উড়ে গিয়ে বিমানঘাঁটিতে অবতরণ করছে।

মুক্তিবাহিনী আবার জাহাজ ডুবিয়েছেনঃ পাক সৈন্যরা মরছে

ঢাকা, ২৮শে অক্টোবরঃ পাকিস্তান সরকার উপকূলবাহী একটি নতুন জাহাজ সংগ্রহ করেছিল। গত সপ্তাহে মুক্তিবাহিনী এ জাহাজটিকে ডুবিয়ে দিয়েছেন। জাহাজটির নাম এস, এস, সপ্তডিঙ্গা। অত্যাবশ্যক সামগ্রী বোঝাই করা এই জাহাজটি বরিশাল-খুলনা রুটে ছিল।

সাপ্তাহিক বাংলাদেশ, ১ নভেম্বর, ১৯৭১

* * * * *

মাদারীপুর বরিশাল খুলনায় মুক্তিযোদ্ধাদের হাতে হানাদার বাহিনী নাস্তানাবুদ

**\ ভ্রাম্যমাণ প্রতিনিধি **

বাংলার অগ্নিসন্তান মুক্তিযোদ্ধারা বাংলাদেশের জেলা অঞ্চল ফরিদপুর, বরিশাল এবং খুলনা জেলার বিভিন্ন এলাকায় তাঁহাদের গেরিলা তৎপরতা জোরদার করিয়াছেন। ইতিমধ্যেই মুক্তিযোদ্ধারা গোপালগঞ্জের নিকট মধুমতী নদীতে এবং ভাটিয়াপাড়া এলাকায় দস্যুবাহিনীর প্রহরাধীনে পাট বোঝাই কয়েকটি বার্জ এবং হানাদার সৈন্যবাহী কয়েকটি লঞ্চ ডুবাইয় দিয়া জঙ্গিশাহীর হৃৎকম্পনের কারন ঘটাইয়াছেন। ইদানীং জঙ্গীসেনারা এই পথে লঞ্চ কিংবা মাঝারী আকৃতির ষ্টিমার দিয়াও চলাচল করিতে সাহস পাইতেছে না। এই অঞ্চলের নদী পথে খানসেনাদের লঞ্চ ডুবাইয়া দেওয়া, আক্রমণ করা কিংবা মুক্তিযোদ্ধাগণ কর্তৃক দখল করিয়া লওয়ার তৎপরতা ব্যাপকভাবে বৃদ্ধি পাইয়াছে। চলতি মাসের গোড়ার দিকে গোপালগঞ্জ মহকুমার অন্তর্গত ভাটিয়াপাড়ার নিকট স্বাধীনতা সংগ্রামীদের হাতে প্রচন্ড মার খাইয়া হানাদার বাহিনী বোমারু বিমানের সাহায্যে ভাটিয়াপাড়া এলাকায় নিরীহ নিরস্ত্র গ্রামবাসীকে হত্যা এবং কয়েকটি গ্রাম পোড়াইয়া দিয়াও এই গুরুত্বপূর্ণ জলপথটি ইহাদের সম্পূর্ণ আয়ত্বে আনিতে পারে নাই।

গত ১৭ই অক্টোবর মুক্তিযোদ্ধারা খুলনা জেলার বয়রা এলাকায় লালসিয়া নামক একটি বড় জাহাজ এবং একখানি বার্জ ডুবাইয়া দিয়া জঙ্গি শাসকদের মনে আতঙ্কের সৃষ্টি করিয়াছেন। এই জাহাজটি খুলনা নিউজপ্রিন্ট কারখানার জন্য সুন্দরবন এলাকা হইতে সরবরাহের কাজে ব্যবহৃত হইত। ইদানিং ইহাকে খান সেনাদের চলাচলের জন্যও ব্যবহার করা উচিত বলিয়া জানা যায়।

স্বাধীনতা সংগ্রামীদের নৌ ইউনিটের দুঃসাহসী কমান্ডোরা চলতি মাসের গোড়ার দিকে মাদারীপুর মহকুমার অন্তর্গত টেকেরহাট এলাকায়ও দুইখানি লঞ্চ ডুবাইয়া দিয়া খানসেনাদের চলাচল ব্যাহত করিয়া দেন। উল্লেখযোগ্য যে, এই সময়ে বরিশাল জেলার গৌরনদী এলাকায়ও খানসেনাদের একটি লঞ্চ পুড়াইয়া দেন এবং বরিশাল সদর উত্তর মহকুমার তথাকিত প্রশাসক, পুলিমকর্তা এবং পাঞ্জাবী পুলিশকে হত্যা করেন।

এইসব জলাঞ্চলের স্থল এলাকার থানা দফতরগুলিতে হানাদার বাহিনীর যে সব ঘাঁটি স্থাপিত হইয়াছে, স্বাধীনতা গেরিলা তৎপরতা এখন এইসব ঘাঁটির উপর বৃদ্ধি পাইয়া চলিয়াছে। মৃত্যু ভয়াল পদ্মা, যমুনা, মেঘনা ধলেশ্বরী আর মধুমতীর উত্তাল তরঙ্গমালার মধ্যে লালিত পালিত দুর্জয় মুক্তি সেনারা আধুনিক ভারী অস্ত্রশস্ত্র ছাড়াই আধুনিক অস্ত্রসজ্জিত হানাদার সৈন্যদের পানিতে ডুবাইয়া মারিয়া ময়লা আবর্জনার মত ভাসাইয়া দিতেছেন।

চলতি মাসের প্রথম সপ্তাহে স্বাধীনতা সংগ্রামীরা মাদারীপুর মহকুমার ভেদরগঞ্জে হানাদার সৈন্যদের ঘাঁটিতে অতর্কিত আক্রমণ চালাইয়া অসমসাহসিকতার দৃষ্টান্ত স্থাপন করেন। ভেদরগঞ্জে মুক্তিযোদ্ধারা বিপুল সংখ্যক খানসেনাদের সহিত এক দীর্ঘ সংঘর্ষে লিপ্ত হইয়া পৌনে দুইশত খানসেনা খতম করেন। অবস্থা বেগতিক দেখিয়া জীবিতদের মধ্যে ৯ জন খানসেনা স্বাধীনতা সংগ্রামীদের নিকট অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পণ করে

এবং অবশিষ্ট খানসেনারা পালাইয়া প্রাণ বাঁচায়। মুক্তিযোদ্ধারা কাপুরুষ খানসেনাদের নিকট হইতে প্রায় দুইশত চীনা রাইফেল. কয়েকটি মাঝারী মেশিনগান এবং প্রচুর পরিমাণ গোলাবারুদ দখল করে।

এই সময় মুক্তিযোদ্ধারা বরিশাল জেলার কাউখালী এলাকায়ও হানাদার বাহিনীকে সমুচিন শিক্ষা দেন। কয়েক ঘণ্টাব্যাপী দীর্ঘ সংঘর্ষে ৩৭ জন খানসেনা স্বাধীনতা সংগ্রামীদের হাতে খতম হয়।

অবশিষ্ট খানসেনারা অস্ত্রশস্ত্র পানিতে ফেলিয়া প্রাণ লইয়া পলায়ন করে। মুক্তিযোদ্ধারা ৮টি রাইফেল, কয়েকটি মাঝারি মেশিনগান এবং প্রচুর পরিমাণ গোলবারুদ দখল করিতে সক্ষম হন।

গত ২৩শে অক্টোবর স্বাধীনতা সংগ্রামীরা খুলনা জেলার আশাশুনি এলাকায় একটি রাজাকার ক্যাম্পে আক্রমণ চালাইয়া ৬৪ জন রাজাকার খতম এবং প্রায় ৪০ জনকে মারাত্মকভাবে জখম করেন। এই সময় তাহারা ৫টি রাইফেলও দখল করেন।একই দিনে তাহারা খুলনা জেলার পাটকেলঘাটায় হানাদার বাহিনীর উপর অতর্কিত আক্রমণ চালাইয়া ১৫ জন খানসেনা হত্যা করেন। ইহাছাড়া তাঁহারা খুলনার শ্যামলনগর এবং ভাটশালা এলাকায় খানসেনাদের উপর পৃথক আক্রমণ চালাইয়া ১১ জন দস্যুসেনাকে খতম করেন।

-বাংলার বাণী, ২ নভেম্বর, ১৯৭১

Mukti Bahini claims heavy toll of Pak troops

AGARTALA, NOV.3-The Bangladesh liberation forces claimed heavy tool of Pakistani troops 376 dead and about 100 injured in a series of engagements in Dacca, Comilla and Noakhali districts last week, reports PTI.

According to reports reaching here today from across the border, the Mukti Bahini captured huge quantities of arms and ammunition and took prisoner three Pathan soldiers and 53 Razakars.

In a guerilla attack on a Pakistani Army detachment at the Hasirampur police station in Dacca last week, the Mukti Bahini killed 86 Pakistani troops in a battle lasting several hours. Arms and ammunition captured in this egagement included a machine-gun, two LMG's and 38 light weapons, besides huge stock of ammunition. The Pakistani wireless centre attached to the station was destroyed.

In another encounter in the same area, Bangladesh guerillas killed 27 Pak trops.

Continuing their attacks on the Pakistanis forward positions around Comilla town the Mukti Bahini repeatedly pierced the Pakistani posts off Kotbari in a series of encounters on October 28. Altogether 147 Pakistani troops were killed and a considerable quantity of arms and ammunition were left behind by the retreating Pakistani Army.

In the Feni area of Noakhali district, the Mukti Bahini consolidated their defence line up 16 Malibil captured Wilakhi on October 26 after several engagements with the Pakistani forces who left 125 dead on the battle-field. While another 400 were injured.

The Mukti Bahini has virtually besieged Kishorgonj, a subডdivisional town in Mymensingh district and occupied Pakundia, Hosinpur, Kattadi, Itna, Austagram,

Karimganj and Nikli Police station in Kishorgonj sub-division, according to reports received at Liberation Army headquarters at Mujibnagar today, reports PTI.

Twenty-four enemy troops were killed in commando attacks by the freedom fighters on Pakundia and Hosainpur police stations during the said period.

The guerillas also disrupted the railway link between Kishorganj and Mymensingh by demolishing a number of Railway bridge and culverts in between Kishorganj and Gauripur. Railway services between Kishorganj and Bhairab Bazar were put out of commission. The liberation forces also destroyed a road bridge connecting Kishorganj with Mymensingh town.

The reports said the sub-divisional headquarters of Kishoreganj was virtually besieged and the Pakistani Army was getting its supply only through helicopters.

At least 100 Pak troops and Razakars were annihilated in fierce encounters with the Mukti Bahini at Kataldangi, Bhaturia and Jadurani in Ranisandoil police station of Dinajpur during the past three days, according to reports received from across the border.

Seventeen Pakistani soldiers were killed on the spot and 30 others wounded in a fierce fighting with Mukti Fouj in Radhanagar area of Sylhet district during the last 24 hours.

-Hindusthan Standard, 5 Nov. 71

****

বিজয় বার্তা

ঢাকা-কুমিল্লা-চট্টগ্রাম রণাঙ্গনঃ ২৭শে অক্টোবর কুমিল্লার নয়নপুরে মুক্তিবাহিনী মর্টারের সাহায্যে পাক বাহিনীর উপর আক্রমণ চালিয়ে পাঁচজন শত্রু সৈন্যকে হত্যা করেন। ঐদিন গিলাতলা এলাকায় মুক্তিবাহিনীর বীর গেরিলারা অতর্কিত আক্রমণ করে তিনজন পাক সৈন্যকে নিহত করেন।জয়নগরে অন্য একটি আক্রমণ চালিয়ে দুইজন পাক সৈন্যকে হত্যা ও তিন জনকে খতম করতে তাঁরা সমর্থ হন।

২৬শে অক্টোবর, ছাগলনাইয়া মুক্তিবাহিনী মাইনের সাহায্যে একটি পাকিস্তানী ট্রাক ধ্বংস করে। ঐ আক্রমণ পাক বাহিনীর সাতজন নিয়মিত সৈন্য ও পাঁচজন অনিয়মিত সৈন্যকে হত্যা করতে সমর্থ হয়। ঐ একই দিন আবুরকান্ট এলাকায় মুক্তিবাহিনীর সঙ্গে পাক বাহিনীর মারাত্মক সংঘর্ষ হয়। মুক্তি বাহিনীর প্রচন্ড আক্রমণে দিশেহারা হয়ে পাকিস্তানী সৈন্যরা পিছু হটে যেতে বাধ্য হয়। খবরে প্রকাশ, উক্ত এলাকায় বেশ কয়েকদিন ধরে মুক্তিবাহিনীর তৎপরতা অব্যাহত থাকে।

এয়মনসিংহ-সিলেট রণাঙ্গনঃ অক্টোবর মাসের শেষ সপ্তাহে মুক্তিবাহিনীর গেরিলারা ময়মনসিংহ জেলার নোকলা, নলিতাবাড়ী, পূর্বধলা এবং দুর্গাপুর থানায় কয়েকটি উপর্যুপরি আক্রমণ চালিয়ে ১০ জন অনিয়মিত শত্রুসৈন্য খতম করেন এবং বেশ কিছুসংখ্যক অস্ত্রশস্ত্র উদ্ধার করেন। ২৯শে অক্টোবর ঠাকুরকোনার নিকটে পাক টহলদার সৈন্যদলের উপর অতর্কিত আক্রমণ চালিয়ে মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা ২জন নিয়মিত, ৪জন অনিয়মিত শত্রুসৈন্য হত্যা করতে সমর্থ হন। ওই দিন মুক্তিবাহিনী জামালপুর ও বাহাদুরাবাদ ঘাট-এর মধ্যবর্তী এলাকায় রেললাইন উড়িয়ে দিতে সমর্থ হন। তাঁরা ঐ সময় পাহারারত ২ জন রাজাকারকে জীবিত অবস্থায়

আত্মসমর্পণ করতে বাধ্য করেন। ২৮শে অক্টোবর মুক্তিসেনারা ধলাই চা বাগানে অবস্থানরত সৈন্যর উপর আক্রমণ পরিচালনা করেন। দীর্ঘ কয়েক ঘন্টার যুদ্ধে ১ জন ক্যাপ্টেনসহ ২১ জন শত্রুসৈন্য নিহত হয় এবং তদুপরি আরো বহু অনিয়মিত সৈন্য নিহত হয়। এই যুদ্ধে আমাদের ৩ জন বীর যোদ্ধা যুদ্ধ করতে করতে শহীদ হন। তাছাড়া মুক্তিসেনারা বারলেখা এবং কাটলিমারার মধ্যবর্তী রেল যোগাযোগ ব্যবস্থা অচল করে দিয়ে পাক সেনাদের দারুণ অসুবিধার সৃষ্টি করেন।

অক্টোবরের শেষ সপ্তাহ নাগাদ আমুরা এলাকায় মুক্তিবাযোদ্ধারা রাজাকার ও নিয়মিত সৈন্যের সমস্বয়ে গঠিত পাক বাহিনীর উপর আক্রমণ চালিয়ে ২ জন হানাদার শত্রুকে নিহত করেন। ত্রিমোহিনীতে পাক সৈন্যদের সঙ্গে আরেকটি মারাত্মক যুদ্ধে অবতীর্ণ হয়ে মুক্তি যোদ্ধারা ১২ জন পাক সৈন্যকে খতম করেন। এই যুদ্ধে বাংলাদেশের একজন তরুণ যোদ্ধা শহীদ হন।

রংপুর-রাজশাহী রণাঙ্গনঃ ২৭শে অক্টোবর জগৎপুর এলাকায় মুক্তিযোদ্ধারা পাকিস্তানী সৈনদের একটি মিশ্র টহলদার দলের উপর অতর্কিত আক্রমণ করে ৯ জন শত্রুসেনা খতম ও ৪ জনকে আহত করেন। এর আগে ২৪শে অক্টোবর একই এলাকার মুক্তিবাহিনীর হাতে ৫ জন অনিয়মিত শত্রুসেনা খতম হয়।

কুষ্টিয়া-যশোহর-খুলনা রণাঙ্গনঃ মুক্তিবাহিনী বীর যোদ্ধাগণ গোয়ালহাটের সন্নিকটে দু'জন এবং কোস্তনিয়ার নিকটে পাঁচজন পাক সেনাকে হত্যা করে। এছাড়া যশোহর জেলার গদখালী ও নাভারন এর মাঝামাঝি এক জায়গায় রেল লাইন উড়িয়ে দিয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে দেয়। মুক্তিযোদ্ধারা চুনামকাঠির কোন এক জায়গায় ১৪টি রাইফেলসহ ১৮ জন রাজাকারকে আটক করতে সমর্থ হয়। খুলনা জেলার খাজুরা, হামিদপুর, লেবুতলা, ওসমানপুর প্রভৃতি এলাকায় হানাদার পাক বাহিনী আক্রমণ চালালে বীর আক্রমন চালিয়ে মুক্তি বাহিনী ৪ জন খান সেনাকে হত্যা করে।

বালাদেশ নৌ-বাহিনীর সাফল্য

বাংলাদেশ নেভাল ফোর্স ৯ নং সেক্টরে বেশ সাফল্যের সাথে মঙ্গলা ও চালনায় পাক সেনাদের কয়েকটি জাহাজ ডুবিয়ে দিতে সক্ষম হয়। নৌবাহিনীর ডুবুরিরা এ সকল আক্রমণ চালায়। এচাড়া নৌ-বাহিনী কয়েকটি নদী বন্দরে পাক সেনাদের বেশ কয়েকখানা লঞ্চ ও ষ্টিমার ডুবিয়ে দিতে সক্ষম হয়।

আমাদের রণাঙ্গন প্রতিনিধি সম্প্রতি একটি নৌ-যান পরিদর্শনে গেলে নেভাল লেফটেন্যান্ট মোহাম্মদ খুরশীদ (তথাকথিত আগরতলা মামলার আসামী)-এর সাথে এক সাক্ষাৎকার ঘটে। তিনি আমাদের প্রতিনিধিকে জানান যে এই নৌ-বাহিনী পাক সেনাদের যে কোন শক্তির সাথে মোকাবিলা করতে সক্ষম। তিনি আরও বলেন যে এই সেক্টরের নেভাল বাহিনীর শক্তি বৃদ্ধি করার পিছনে সকল অফিসার ও কমান্ডারদের দান অপরিসীম।

''মাহতাব জাবেদ'' নিমজ্জিতঃ ৪ঠা নভেম্বর, খবর পাওয়া গেছে, চট্টগ্রাম বন্দরে 'মাহতাব জাবেদ' নামের একটি বিরাট তৈলবাহী জাহাজের উপর মুক্তিবাহিনীর একটি দল বিস্ফোরণ ঘটিয়ে জাহাজটিকে ডুবিয়ে দিতে সক্ষম হয়েছে। এর ফলে ফায়ারম্যানসহ ৭ জন নাবিক হয় ডুবে মারা গেছে, নয়ত প্রাণ নিয়ে পালিয়েছে। কেননা এদের কোন সংবাদ পাওয়া যাচ্ছে না বলে জাহাজ কর্তৃপক্ষ জানিয়েছে। এ ছাড়া ১০ জন খালাসী গুরুতর আহত হয়েছে বলে জানা গেছে।

কিশোরগঞ্জ হানাদার মুক্ত

৩রা নভেম্বর, অসমসাহসী মুক্তিসেনারা ময়মনসিংহের কিশোরগঞ্জ শহরটিকে হানাদারমুক্ত করতে সক্ষম হয়েছে। এছাড়া এই মহকমার পাকুন্দিয়া, হোসেনপুর, কটিয়াদী, অষ্টগ্রাম, করিমগঞ্জ, ইটনা ও নিকলি থানাগুলি পূর্বেই মুক্তিবাহিনীর দখলে এসেছে।

গেরিলাবাহিনী কিশোরগঞ্জ-গৌরীপুরের মধ্যে একধিক সেতু ও কালভার্ট ধ্বংস করে দিয়ে ময়মনসিংহন্ড কিশোরগঞ্জের রেল যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে। কিশোরগঞ্জ ভৈরববাজারের মধ্যে ট্রেন যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে।

বর্তমানে কিশোরগঞ্জ শহরটি মুক্তিবাহিনীর পূর্ণ নিয়ন্ত্রণে । কিশোরগঞ্জে কয়েক দিনের সম্মুখ যুদ্ধে প্রায় ২০ জন হানাদার সেনা নিহত এবং বহু সংখ্যক আহত হয়েছে বলে জানা গেছে।

-বিপ্লবী বাংলাদেশ, ৭ নভেম্বর, ১৯৭১

* * * * *

ঢাকা আজ এক বিচ্ছিন্ন নগরী

ঢাকা হইতে ডেইলি টেলিগ্রাফের সংবাদদাতা জানাইয়াছেন, গত ৩রা নভেম্বর তিনজন মুক্তিযোদ্ধা পশ্চিম পাকিস্তানী সৈন্যদের পোষাক পরিধান করিয়া ঢাকার প্রধান পাওয়ার ষ্টেশনের ভিতরে ঢুকিয়া পড়েন কয়েক দিন পূর্বে তিনজন ইঞ্জিনিয়ারের নিহত হওয়া সম্পর্কে তদন্ত করিতে আসিয়াছেন বলিয়া তাহারা প্রহরীদের জানান। অতঃপর মুক্তিযোদ্ধারা উক্ত পাওয়ার ষ্টেশনের চারটি জেনারেটর এর মধ্যে তিনটি উড়াইয়া দেন এবং প্রহরীদের চোখে ধূলা দিয়া সেখান হইতে সরিয়া পড়েন।

মুক্তিযোদ্ধাদের জোর তৎপরতার ফলে ঢাকার আশেপাশে ত্রিশ মাইল এলাকাব্যাপী সকল শিল্প প্রতিষ্ঠান বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। ঢাকা পাওয়ার ষ্টেশনের ইঞ্জিনীয়াররা জানান আগামী কয়েকদিন ঢাকা ক্যান্টনমেন্ট, ইন্টরকন্টিনেন্টাল হোটেল, এবং বৈদেশিক কূটনীতিকদের আবাসস্থল ছাড়া অন্য কোথাও আলো জ্বলিবে না।

অন্যান্য সূত্র হইতে পাওয়া খবরে জানা যায়, ঢাকা বাংলাদেশের অন্যান্য অঞ্চল হইতে প্রায় বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। ঢাকা হইতে বিভিন্ন অঞ্চলের সঙ্গে যোগাযোগ রক্ষাকারী সড়কসমূহ ত্রিশ মাইলের ভিতর নষ্ট করিয়া দিয়াছেন এবং প্রধান সড়কগুলির উপর মাইন সংস্থাপন করিয়া রাখিয়াছেন।

আমেরিকান সংবাদ সরবরাহ সংস্থা এ্যাসোসিয়েটেড প্রেস জানাইয়াছেন,মুক্তিযোদ্ধারা দুইটি বাণিজ্যিক ব্যাঙ্ক অবরোধ করিয়া বেশ কিছু অর্থ উদ্ধার করেন।

ঢাকা পুলিশ সূত্র হইতে জানা গিয়াছে তিনজন যুবক ষ্টেনগান হাতে ব্যাঙ্কে ঢুকিয়া পড়েন। ঘটনাস্থল পরিত্যাগের পূর্বে তাহাদের সহযোগিতাদানের জন্য মুক্তিযোদ্ধারা ব্যাঙ্ক কর্মচারীদের ধন্যবাদ জানান।

গত অক্টোবর মাসের ১৮ তারিখে পিলখানা এলাকায় মুক্তিযোদ্ধাদের পুঁতিয়া রাখামাইনের আঘাতে পশ্চিম পাকিস্তানী সৈন্য বোঝাই এবটি লরি বিধ্বস্ত হয়। ৯ই অক্টোবর ঢাকা ক্যান্টনমেন্টের বাহিরে মুক্তিযোদ্ধাদের মর্টার আক্রমণে বেশ কিছুসংখ্যক হানাদার সৈন্য খতম হয়। তাহারা নরসিংদীর কাছে তিতাস গ্যাস পাইপলাইনও উড়াইয়া দেন।

৪ঠা নভেম্বর মুক্তিযোদ্ধারা নৌবহিনীর জনৈক প্রাক্তন অফিসারের চারিজন পুত্রকে খতম করেন। তাহারা লুট এবং বাঙ্গালী হত্যায় হানাদার বাহিনীকে সহায়তা করিতেছিলেন। ঐদিন রাত্রে বীর গেরিলারা সবুর খাঁর বাড়ীতে বোমা বিস্ফোরণ ঘটান।

তেজগাঁ এলাকায় মুক্তিযোদ্ধারা নৌকায় করিয়া টহলদানরত একদল পাঞ্জাবী সেনার বিরুদ্ধে আক্রমণ পরিচালনা করেন। উক্ত সংঘর্ষে ৫ জন জানোয়ার নিহত হয়।

নভেম্বরের তিন তারিখে বাগডাঙ্গা এলাকায় স্বাধীনতা সংগ্রামীরা টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করিয়া দেন এবং বিভিন্ন টেলিফোন স্তম্ভ উড়াইয়া দেন।

-বাংলার বাণী, ৯ নভেম্বর, ১৯৭১

* * * * *

Battle for Sylhet stepped up

Karimganj, Nov. 9- The fight for the liberation of Bangladesh has been stepped up in Sylhet district.

According to one Mukti Fouj official whom I met on the Bangladesh border yesterday told me that the liberation of the whole of Sylhet district was now a matter of a month or so.

So far three-fourth parts of Habiganj and Sunamganj subdivisions and half of North Sylhet are under the control of Mukti Fouj and now fight continues in Goainghat, Shari, Shalutikar, Kanaighat, Srimangal, Shamshernagar and other sectors within Sylhet district.

Besides Mukti Fouj guerillas, 10,000 freedom fighters are now engage in the fight against the Pakistan troops within Sylhet. The Bengal Regiment is fighting within Sylhet with Chinese arms which they had captured earlier.

-Hindusthan Standard, 10 Nov. 71

****

সিলেট রণাঙ্গনে মুক্তিবাহিনীর বিজয় অভিযান অব্যাহত

দুটি থানা দখলঃ ৬টি নৌযান ধ্বংস

সিলেট ও ময়মনসিংহ রণাঙ্গনের বিভিন্ন এলাকায় মুক্তিবাহিনীর প্রচন্ড আক্রমণে পাকিস্তানী হানাদার বাহিনী সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে পড়েছে এবং তাদের অবস্থা দাঁড়িয়েছে খাঁচায় আটকা পড়া জানোয়ারের মত।

মুক্তিবাহিনীর দেশপ্রেমিক বীর যোদ্ধারা রাধানগর, সারিঘাট একং সানাইঘাটে পাক বাহিনীকে এমন ব্যতিব্যস্ত করে রেখেছে যে তাদের পক্ষে অন্যান্য চৌকির সাহায্য যাওয়া কিম্বা চলাফেরা সম্পূর্ণ বন্ধ হয়ে গিয়েছে। অপরদিকে পাকিস্তানী বিমান বাহিনীর সালুটিকড় বিমান বন্দরের কাছাকাছি কোম্পানীগঞ্জের নিকটে মুক্তি সেনারা পাক হানাদারদের ওপর প্রচন্ড আক্রমণ চালাচ্ছে।

দিশেহারা পাক সেনারা মুক্তিবাহিনীর অগ্রগতি রোধ করতে না পেরে পাকিস্তানী বিমান বাহিনীর সাহায্য গ্রহণ করেছে এবং পাকিস্তানী বিমান থেকে উক্ত এলাকায় অসামরিক অধিবাসীদের উপরে নির্বিচারে গুলিবর্ষণ করা হয়েছে।

গত মঙ্গলবারে সিলেটের উত্তরন্ডপূর্বে অবস্থিত রাধানগরে মুক্তিবাহিনীর প্রচন্ড আক্রমণে পাক সেনারা ছত্রভঙ্গ হয়ে পড়েছে। এই যুদ্ধে ১৭ জন পাক সেনা নিহতে এবং ৩০ জন আহত হয়েছে। রাধানগরে বিপর্যস্ত পাক সেনাদের সাহায্যের জন্যে সারিঘাট থেকে একদল সৈন্য পাঠানো হয়েছিল কিন্তু মুক্তি যোদ্ধাদের প্রচন্ড আকমণের মুখে তারা নিজেদের প্রাণ নিয়ে পালিয়ে যেতে বাধ্য হয়। এই রিপোর্ট লেখা পর্যন্ত রাধানগরে যুদ্ধ চলছে বলে খবর পাওয়া গিয়াছে।

কয়েকদিন পুর্বে মুক্তিবাহিনী সিলেটের বানিয়াচঙ এবং ধর্মপাশা থানা দুটি মুক্ত করেছিল। এখন ঐ দুটি এলাকায় আমাদের বীর মুক্তিযোদ্ধারা তাদের শক্তি আরও দৃঢ় করেছে।

মুক্তিবাহিনীর প্রচন্ড শেল ও মেশিনগানের গুলীবর্ষণের মুখে পাকিস্তানী সেনারা তাদের পূর্বতন অবস্থান থেকে ক্রমাগত পেছনে হটে যেতে বাধ্য হচ্ছে।

মুক্তিবাহিনীর প্রবল গোলবর্ষণে ঢাকা-আজমিরীগঞ্জ, শেরপুর নৌপথ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে যায়। সিলেটের সরবরাহ প্রধানতঃ এই নৌ পথটি বিচ্ছিন্ন হয়ে যাবার ফলে সিলেট সেক্টরে পাক বাহিনীর জরুরী সরবরাহ সম্পূর্ণ অনিশ্চিত হয়ে পড়েছে। গত এক পক্ষকালে মুক্তিবাহিনীর আক্রমণের ফলে এই নদী পথে ছ'টি জলযান ডুবে যায়। এই জলযানগুলো ঢাকা থেকে সিলেটে জরুরী সরবরাহ নিয়ে যাচ্ছিল।

পাক সেনা নিহত

জয়ন্তিপুর ও সারিঘাট এলাকায় মুক্তিযোদ্ধাদের তৎপরতা বৃদ্ধি পেয়েছে এবং এত সোমবার মুক্তিবাহিনীর আক্রমণে আটজন পাক সেনা নিহত হয়েছে। মুক্তিবাহিনীর গেরিলারা খুমারঘাট বিধ্বস্ত করেছে এবং সিলেট শহরের দু'টি বিদ্যুৎ পাইলন ধ্বংস করেছে।

ঢাকা ক্যান্টনমেন্টে দিনরাত কাফন তৈরী হচ্ছে

মুক্তিবাহিনীর গেরিলারা ঢাকায় বর্তমানে খুবই সক্রিয়। গেরিলাদের তৎপরতার ফলে পাক সেনারা কোণঠাসা হয়ে পড়েছে। প্রতিদিন গড়ে ১৮৯ জন পাকিস্তানী সেন নিহত হচ্ছে। ছুতাদের মৃত অফিসারদের কফিন তৈরী করার জন্য ক্যান্টনমেন্টে দিনরাত কাজ করেছে। কবরস্থ করার জন্য পাক সৈন্যদের লাশ এই সব কফিনে পশ্চিম পাকিস্তানে পাঠানো হয়।

সম্প্রতি লন্ডনের 'সানডে টাইমস' প্রত্রিকায় প্রকাশিত রিপোর্টে একথা বলা হয়েছে।

বাংলাদেশ থেকে 'সানডে টাইমস'-এর সংবাদদাতা তাঁর রিপোর্টে সম্প্রতি ঢাকায় একাধিক সরকারী ভবনের উপর আটশরও বেশী গেরিলার ধারাবাহিক আক্রমনের কথা জানিয়েছেন। এর মধ্যে কয়েকটি সরকারী বাড়ী শহরের প্রধান ব্যবসা কেন্দ্রে অবস্থিত।

. উক্ত রিপোর্টে আরো বলা হয় যে, গেরিলা আক্রমণের ফলে পাক বাহিনী বিমান বন্দর সুরক্ষিত রাখার জন্য বিমান বন্দর পর্যন্ত প্রধান সড়কের দু'পাশে 'পিল বক্স' স্থাপন করতে বাধ্য হয়েছে।

-জয় বাংলা, ১২ নভেম্বর, ১৯৭১

* * * * *

চৌগাছায় তুমুল লড়াই

বনগাঁ সীমান্ত, ২৭শে নভেম্বর- যশোর থেকে অসামরিক লোকদের অপসারণের নির্দেশ দেওয়া হয়েছে। এক অসমর্থিত সংবাদে জানা গেছে যে, যশোর শহরের কিছু লোক ভারতের ২৪ পরগনা সীমান্তে সীমান্তরক্ষী বাহিনীর কাছে আশ্রয় চেয়েছে।

রেডিও পাকিস্তান আজ স্বীকার করেছে যে, যশোরের চৌগাছায় তুমুল লড়াই চলেছে। চৌগাছা যশোর ক্যান্টনমেন্ট থেকে প্রায় ১২ মাইল পশ্চিমে। যশোর ক্যান্টনমেন্টের লড়াইয়ে পাকিস্তানী ফৌজের জয়লাভের জন্য রেডিও পাকিস্তান মসজিদে মসজিদে প্রার্থনা করতে অনুরোধ জানিয়েছে। যশোর রক্ষার জন্য প্রতিটি সৈন্য ও প্রতিটি লোককে সর্বপ্রকার ত্যাগ স্বীকার করতে বলা হয়েছে।

উত্তর পূর্ব রণাঙ্গনে মুক্তিবাহিনী নোয়াখালী জেলায় উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। গত রাত্রে মুক্তিবাহিনী বিলোনিয়া দখল করে ঐ জেলার সদর ফেনী অভিমুখে অভিযান করে আজ ছাগলনাইয়া দখল করেছে। ছাগলনাইয়া ফেনী শহর থেকে মাত্র চার মাইল উত্তরে।

যশোর শহর থেকে প্রায় আঠার মাইল পশ্চিমে ঝিনাইদহ পাঁচমাথার মোড় দখল করে মুক্তিবাহিনী সেখানে তাদের ঘাঁটি শক্তিশালী করেছে। ঝিকরগাছায় আজও যুদ্ধ চলছে। কপোতাক্ষের উপরকার গুরুত্বপূর্ণ ব্রিজটি এখনও পাকিস্তানীদের দখল। পশ্চিম রণাঙ্গনে দিনাজপুর জেলার পঁচাগড় পুনরুদ্ধারের জন্য পাকিস্তানী ফৌজ আজ সেখানে আরও শক্তি নিয়ে আক্রমণ চালাচ্ছে।

-আনন্দবাজার পত্রিকা, ১২ নভেম্বর, ১৯৭১

* * * * *

Guerillas Blast US ship

According to a Dacca report US AID officials said on Saturday that the guerillas for the first time blasted an American ship carrying relief food grains with a limpet mine. The ship had UN markings.

The officials said the possibility of further attacks by the guerillas had complicated a massive relief programme already beset with widespread spoilage of food costing at least US dollar 5 million and by delays at, overcrowded ports.

-Hindustan Standard, 14 Nov. 71

* * * * *

বৃটিশ জাহাজ খতম

বাংলাদেশের গেরিলারা চলনা বন্দরে একখানা বৃটিশ জাহাজের উপর গুলীবর্ষণ করলে জাহাজটি চালনা ছেড়ে পালিয়ে কোলকাতায় আশ্রয় নিয়েছে বলে জানা গেছে। জাহাজটি প্রচুর ক্ষতি হয়েছে।

জাহাজটির নাম "সিটি অব সেন্ট আলবানস'। জাহাজটি গত বুধবার দিন কোলকাতা খোক খুলনার চালনা বন্দরে এসেছিল পাট নিয়ে বিদেশে যাবে বলে।

খবরে আরো জানা গেছে, জাহাজটি চলনা বন্দর ছেড়ে কোলকাতায় আশ্রয় নিলে সেখানকার অবস্থানরত অন্যান্য বিদেশী জাহাজগুলি বাংলাদেশে আসতে অস্বীকৃতি জানিয়েছে।

পাঞ্জবী পুলিশরা পালাই পালাই করছে

১২ই নভেম্বর, বাংলাদেশে মুক্তিফৌজ দমনে জঙ্গী ইয়াহিয়া পশ্চিম পাকিস্তান থেকে ৬ হাজার পাঞ্জাবী পুলিশ পাঠিয়েছিল। কিন্তু মুক্তিফৌজ দমন তো দূরের কথা এখন এইসব পাঞ্জাবী পুলিশরাই পালাই পালাই করছে বলে ডেইলি টেলিগ্রাফের ঢাকাস্থ সংবাদদাতা জানিয়েছেন। তিনি আরো জানিয়েছেন, এই সব পাঞ্জাবী পুলিশদের সেপ্টেম্বরের মধ্যে স্বদেশে ফিরিয়ে নেওয়া হবে এই প্রতিশ্রুতি দিয়ে আনা হয়েছিল। এই সব পুলিশদের মনোবল ভেঙ্গে পড়েছে বলেও তিনি জানিয়েছেন। তারা এখন দাবী তুলেছে তাদের ফেরার ব্যাপারে একটা সঠিক তারিখে দিতে হবে।

টাঙ্গাইল

আমাদের রণাঙ্গন প্রতিনিধি জানিয়েছেন যে মুক্তিবাহিনী টাঙ্গাইল জেলা থেকে পাক সেনাদের হটিয়ে দিয়েছে। পাবনা জেলার রায়গঞ্জ থানা পর্যন্ত টাঙ্গাইলের মুক্তাঞ্চল সম্প্রসারিত হয়েছে এবং দক্ষিণে সম্প্রসারিত হয়েছে ঢাকা জেলার মানিকগঞ্জ থানা পর্যন্ত। ঢাকা ও টাঙ্গাইলের মধ্যে রেল সংযোগও সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়েছে।

ফরিদপুর

ফরিদপুর জেলার ভাটিয়াপাড়া এলাকায় মুক্তিবাহিনী এক আক্রমণ চালিয়ে ১৭ জন পাঞ্জাবী পুলিশ হত্যা করে। ভেদরগঞ্জ থানায় এক আক্রমণ চালিয়ে বীর মুক্তিযোদ্ধারা পাঞ্জাবী পুলিশ ও পাক দালালসহ ৮৫ ব্যক্তিকে হত্যা করে। ডুমুরিয়া থানায় এক আক্রমণ চালিয়ে একজন মেজর ও একজন ক্যাপটেনসহ ৭২ জন পাঞ্জাবী পুলিশ খতম করে। মোকসেদপুর থানায় অপর এক আক্রমণে একজন ক্যাপ্টেন সহ ৭২ জন পাক সেনা নিহত হয় এবং এছাড়া ১৭ জন রাজাকার খতম হয়। গোপালগঞ্জ মহকুমা ফাকুরা নামক স্থানে মুক্তিবাহিনী এক আক্রমণ চালিয়ে ৮৩ জন পাঞ্জাবী সেনা খতম করে এবং এ ছাড়া বহু পাঞ্জাবী সেনা জখম হয়। এই সংঘর্ষে ১৫ জন রাজাকারও নিহত হয়।

বরিশাল : নভেম্বর মাসের প্রথম সপ্তাহে বীর মুক্তিযোদ্ধারা হিজলা থানা আক্রমণ করে, ফলে ৭ পাঞ্জাবী পুলিশ ও ৮ জন রাজাকার নিহত হয়। মুক্তিযোদ্ধারা হিজলা থানা থেকে ৩০টি রাইফেল উদ্ধার করে। ঐ একই দিনে মুলাদী থানা আক্রমণ করা হলে থানার কর্মচারীরা মুক্তিবাহিনীর কাছে ৪০ টি রাইফেল এবং ২১ শত রাউন্ড গুলিসহ আত্মসমর্পণ করে। মুলাদী থানার ৩ জন রাজাকারকে গ্রামবাসীগণ পিটিয়ে হত্যা করে। আমাদের রণাঙ্গন প্রতিনিধি জানিয়েছেন যে বরিশাল জেলার প্রতিটি মুক্ত এলাকায় স্বাধীন বাংলার পতাকা উড্ডীন আছে।

অক্টোবর মাসের মাঝামাঝি ক্যাপ্টেন জিয়ার নেতৃত্বে তুষখালী থানায় আক্রমণ চালিয়ে বেশ কয়েকজন পুলিশ ও রাজাকারকে বন্দী করা হয়। থানা থেকে বেশ কিছুসংখ্যক অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়। মুক্তিযোদ্ধারা এখানকার সরকারী গুদাম থেকে খাদ্যশস্য উদ্ধার করে জনসাধারণের মধ্যে বিতরন করে দেয়।

রংপুর : রংপুর রণাঙ্গনের ডিমলা, নিলফামারী এবং ডোমার এলাকায় মুক্তিবাহিনীর তৎপরতা বৃদ্ধি পেয়েছে। বসুরা এবং ফুলছড়ি ঘাটের মধ্যে মুক্তিবাহিনী একটি সামরিক ট্রেন উল্টে দিতে সমর্থ হয়, ফলে ৫০ জন পাক সেনা নিহত হয়। ডিমলায় এক গেরিলা আক্রমণে ১০ জন পাকসেনা এবং কিছু রাজাকার নিহত হয়েছে।

যশোর : নভেম্বরের প্রথম সপ্তাহে মুক্তিবাহিনী যশোরের সাচানাঙ্গা এলাকায় অতর্কিত আক্রমণ চালান। এই আক্রমণকে পাকিস্তানী সৈন্যদল মর্টার আক্রমণের মাধ্যমে প্রতিহত করতে ব্যর্থ হয়। পরে হানাদার বাহিনী পলায়ন করতে বাধ্য হয়। এই যুদ্ধে ৩ জন পশ্চিমা সৈন্য নিহত হয় এবং বেশ কয়েকজন আহত হয়। মুক্তিবাহিনী এখানে গোলবারুদসহ ৩ টি চীনা রাইফেল হস্তগত করে। মুক্তিবাহিনী বাগডাঙ্গা এলাকায় টেলিফোন তার ও খুঁটি বিনষ্ট করে যোগাযোগ বিচ্ছিন্ন করে।

খুলনা : শ্যামনগর থানার কৈখালী নামক স্থানে মুক্তিযোদ্ধাদের সাথে পাকসেনাদের এক সংঘর্ষ ঘটলে ২ জন পাকসেনাসহ ৬ জন রাজাকার নিহত হয় এবং বেশ কিছুসংখ্যক পাকসেনা জখম হয়। মোল্লারহাট থানার চারকুলিয়া গ্রামের সন্নিকটে মুক্তিবাহিনী আক্রমণ চালালে ক্যাপ্টেন সেলিমসহ ১২ জন হানাদার নিহত হয়।

কুমিল্লা : সিমপুরের কাছে মাইন বিস্ফোরণ ঘটিয়ে মুক্তিযোদ্ধারা ২ জন শত্রুসেনাকে খতম করে এবং আরও ১৪ জনকে জখম করতে সমর্থ হয়। কোতওয়ালী কোটেশ্বর এলাকায় শত্রু ছাউনির উপর মর্টার আক্রমণ চালিয়ে ২ জন পাকসেনাকে খতম করা হয় এবং আরও তিনজনকে আহত করা হয়।

সিলেট : বিলম্বে প্রাপ্ত খবরে জানা গেছে যে সিলেট জেলার গোয়াইন এলাকায় মুক্তিযোদ্ধারা আক্রমণ চালিয়ে ২৩ জন পাকসেনাকে হত্যা করে এবং বহু পাকসেনাকে জখম করে।

চট্টগ্রাম : হাতিয়া এবং সন্দ্বীপ থানা মুক্তিবাহিনীর দখলে এবং এ ছাড়া চট্টগ্রাম শহরে গেরিলা তৎপরতা আরও জোরদার করা হয়েছে। গেরিলারা শহর ও শহরতলীর বিপুল সংখ্যক পাক দালালকে খতম করতে সামর্থ হয়। পাক সেনারা মুক্তিযোদ্ধাদের ভয়ে ছাউনিতে আশ্রয় গ্রহণ করেছে।

-বিপ্লবী বাংলাদেশ, ১৪ নভেম্বর, ১৯৭১

* * * * *

ফেনীতে মুক্তিফৌজের বিরাট সাফল্য

ঢাকা, ১৩ নভেম্বর : প্রচন্ড সংগ্রামের পর মুক্তিফৌজের বীর জওয়ানরা নোয়াখালী জেলার ফেনী অঞ্চলের বিরাট এলাকা সম্পূর্ণভাবে হানাদার মুক্ত করেছেন বলে খবর পাওয়া গিয়েছে। ঐ লড়াইয়ে ৩৯ জন পাক সৈন্য ও ১০ রাজাকার মুক্তিফৌজের কাছে আত্মসমর্পণ করেছে। বহু অস্ত্র-শস্ত্র ও মূল্যবান যন্ত্রপাতি মুক্তিফৌজ হস্তগত করেছে। বলে খবর পাওয়া গিয়েছে।

বাংলাদেশ সরকারের জনৈক মুখপাত্র জানান- এলাকাটি সামরিক গুরুত্ব অত্যাধিক এবং এটা মুক্তিফৌজের পক্ষে একটা বিরাট সাফল্য।

বিলোনিয়া রেলস্টেশন মুক্তিবাহিনীর দখলে : সাতদিন ধরে প্রচন্ড লড়াইয়ের পর মুক্তিবাহিনীর অসমসাহসী যোদ্ধারা আজ পূর্ববঙ্গের বিলোনিয়া রেল স্টেশনটি দখল করেছে। দখলদার সেনারা এই অঞ্চল ত্যাগের পর রেল স্টেশনে বাংলাদেশের জাতীয় পতাকা ওড়ান হয়।

মুক্তিফৌজ কর্তৃক কসবায় বহু লক্ষ টাকার অস্ত্র ও গোলাবারুদ দখল : ঢাকা, ১৫ই নভেম্বর : মুক্তিফৌজ কসবার মুক্তাঞ্চলের যুদ্ধে কমপক্ষে কয়েক লক্ষ টাকার হানাদার শত্রুদের গোলা-বারুদ দখল করে নিয়েছে। হানাদার বাহিনী পালিয়ে যাবার আগে সবকিছু ধ্বংস করে যেতে পারেনি। এখন মুক্তিফৌজ সেগুলি নিজেদের হেফাজতে নিয়ে নিচ্ছে। কসবা এলাকায় মুক্তিফৌজের হাতে হানাদারদের মৃত্যুসংখ্যা এখনও সঠিকভাবে জানা যায়নি। কারণ মৃত দেহগুলি এখনও বাঙ্কার থেকে বের করা হচ্ছে।

এই অঞ্চলে হানাদার বাহিনীর ক্ষতি মারাত্মক হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানান।

-সাপ্তাহিক বাংলাদেশ, ১৫ নভেম্বর, ১৯৭১

* * * * *

Daring Guerrilla Operation in Dacca

The heavily fortified city of Dacca has been the scene of daring guerilla operations in the past weeks. Over a dozen public buildings in the Motijheel area alone have been damaged by recent bomb explosions. Motijheel is the most important commercial district in Dacca.

A heavy explosion shock the heart of Dacca on November 11 when a bomb exploded near the main entrance to the General Post Office. Eyewitness saw three people killed, 21 injured and six cars destroyed. Another explosion ripped through Baitul Mukarram- one of the largest shopping centers in the city killing several persons and injuring 40 others, seven of them seriously, Dacca police reported on November 11.

The Mukti Bahini blew up the power station in Narayanganj- the most important industrial centre outside Dacca. Quating local police sources AFP reported last week that high-powered explosives placed inside the station by the guerillas demolished the entire building, dmaging the machinery.

The angency report also said that the Bengalli guerilas made a daring attack on Gandaria railway station in the outskirts of Dacca on November 9, taking the station staff as prisoners and setting the building on fire.

Occupation Army suffered in 2 Weeks

During the first half of October, the Mukti Bahini launched 1,134 guerilla operations in Bangladesh and killed 1,090 West Pakistani soldiers. Bengali freedom fighters liquidated 900 West Paramilitary, police, armed collaborators and quislings. During this same period, 450 colloborators also surrendered to the Mukti Bahini.

-Bangaldesh, 19 November, 197

রণাঙ্গন থেকে লিখছি

বাংলার বীর সন্তান তরুন মুক্তিযোদ্ধাগণ কাপাসিয়া থানায় ১৪-১১-৭১ তারিখে রানীগঞ্জে ১৭ জন হানাদার পশুকে হত্যা করেন। ১৭-১১-৭১ তারিখে বরমিতে ৪ জন, ১৮-১১-৭১ তারিখে গোরসিংগাতে বেশ কিছু সংখ্যক, ১৯-১১-৭১ তারিখে ঈদ করিবার ইচ্ছায় লুট করিয়া খাসী, ছাগল, মুরগী নিয়া নদী পার হইবার সময় ৯ জন হানাদার গুন্ডাকে হত্যা করেন। মনোহরদি, টঙ্গিবাড়ী, আড়াইহাজার, মুন্সিগঞ্জ থানাসহ ঢাকা জেলার বিস্তীর্ণ এলাকা মুক্ত এবং পুরোদমে স্বাধীন বাংলাদেশ সরকারের প্রশাসনিক ব্যবস্থা চলিতেছে। মুক্তিযোদ্ধাগণ নব- পদ্ধতিতে বিবর ঘাঁটি ধ্বংসে লিপ্ত রহিয়াছেন।

-মুক্ত বাংলা, নভেম্বর, ১৯৭১

* * * * *

ধলাপাড়ায় হানাদারদের বিপর্যয় : মেজরসহ ৯ জন নিহত

ঘাটাইল, গত ৭ই নভেম্বর ঘাটাইল থানার অন্তর্গত ধলাপাড়ায় প্রায় পাঁচশত পাক সৈন্যর সাথে আমাদের বীর মুক্তিবাহিনীর ভোর সাড়ে চারটে থেকে শুরু করে ৬ ঘন্টাব্যাপী এক মরণক্ষয়ী সংঘর্ষ হয়। এই সংঘর্ষে মুক্তিবাহিনীর একজন মেজরসহ ৬ জন পশ্চিমা কুকুর এবং ৩ জন রাজাকারকে হত্যা করেছে। খবরে প্রকাশ, ভোর রাতে দারুণ কুয়াশার আড়াল নিয়ে বর্বর কুকুরের মুক্তিবাহিনীকে আক্রমণ করে । আমাদের জোয়ানরা এই আক্রমণ সাহাসিকতার সঙ্গে ব্যাহত করে দেয়।

রাজাকার সংবাদ

গত ৫ই নভেম্বর থেকে ১৮ই নভেম্বর পর্যন্ত টাঙ্গাইল জেলার বিভিন্ন এলাকা এবং ঢাকা-টাঙ্গাইল ও টাঙ্গাইল-ময়মনসিংহ রোড থেকে মোট ১৪৯ জন রাজাকার মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পণ করেছে। এদের অনেকেই হাতিয়ার নিয়ে এসেছে এবং তাদের কাছ থেকে পাঁচ হাজারেরও বেশী গুলি পাওয়া গেছে। সবচেয়ে চাঞ্চল্যকর খবর হলো রাজাকাররা প্রতিদিনই ক্রমবর্ধমান হারে আত্মসমর্পণ করতে আসছে। এদের মনোবল হারিয়ে গেছে এবং হানাদারদের পদলেহন করতে করতে এরা বিরক্ত হয়ে গেছে। আত্ম সমর্পণ করলে

ক্ষমা করা হবে এই মর্মে মাননীয় সি-ইন-সি মহোদয়ের ক্ষমা ঘোষণা করার পরই এরা আত্মসমর্পণ করতে শুরু করেছে।

মর্টার শেলিং : ১৪ জন দস্যু নিহত

ফুলবাড়িয়া, গত ৫ই নভেম্বর- ফুলবাড়িয়া থানার আছিম পোড়াবাড়ীতে হানাদার কুকুর সেনাদের সঙ্গে মুক্তি বাহিনীর একটি শক্তিশালী স্কোয়াডের ৬ ঘন্টা স্থায়ী এক প্রচন্ড সংঘর্ষ হয়। আমাদের অগ্রবর্তী বাহিনীর সাফল্যজনক আক্রমণ অব্যাহত থাকার সময় পেছন থেকে গোলন্দাজ বাহিনী নিখুঁতভাবে মর্টার চালায়। এই সাফল্যজনক আক্রমণের ফলে ১৪ জন হানাদার কুকুর নিহত হয় এবং ৬ জন আহত হয়। মুক্তিবাহিনীর প্রচন্ড আক্রমণে টিকতে না পেরে হানাদাররা বিপুল ক্ষয়ক্ষতি স্বীকার করে পিছনে হটে যেতে বাধ্য হয়।

মেজরসহ ৬১ জন হানাদার নিহত

গত ৩১ শে অক্টোবর মির্জাপুর থানার পাথরঘাটায় দেশপ্রেমিক মুক্তিবাহিনীর সঙ্গে ইয়াহিয়ার লেলিয়ে দেয়া হানাদার সৈন্যদের সঙ্গে এক সম্মুখযুদ্ধ সংঘটিত হয়। খবরে প্রকাশ, ছয় থেকে সাত ঘন্টা স্থায়ী এই যুদ্ধে মুক্তিবাহিনীর কয়েকজন গেরিলা কমাণ্ডো অতর্কিতে এক আত্মঘাতী আক্রমণ চালায়। সম্মুখসমর চলাকালীন গেরিলা কমান্ডো ক'জন পেছন থেকে হানাদার দস্যুদের ট্রেঞ্চ ও বাঙ্কারে প্রবেশ করে। বাঙ্কারে পাঁচ গজ দূর থেকে একজন কমাণ্ডো একজন পাঞ্জাবী মেজরকে গুলিতে ঝাঁঝরা করে দেয়া অন্যান্যরা বাঙ্কারে অতর্কিত আক্রমণ চালিয়ে মোট ১৮ জন পাঞ্জাবীকে হত্যা করে। আমাদের দুজন সৈন্য এখানে শহীদ হন। এছাড়া সম্মুখযুদ্ধে মোট ২৯ জন হানাদার বর্বর সৈন্যসহ ১৪ জন রাজাকার নিহত হয়। যুদ্ধ শেষে আমাদের বীর জোয়ান দল নিরাপদে ঘঁটিতে ফিরে আসে।

৯৭ জন রাজাকার বন্দী

ফুলবাড়িয়া থানার পোড়াবাড়িতে মুক্তিবাহিনীর গেরিলা মার খেয়ে হানাদাররা পালিয়ে গেলে মুক্তিবাহিনী রাজাকারদের ঘেরাও করে ৯৭ টি রাইফেল এবং ২৫০২ টি গুলি সহ বন্দী করে।

গেরিলাদের মহড়া

টাঙ্গাইল : গত ৫ই নভেম্বর টাঙ্গাইলে সন্ধ্যে সাতটা থেকে নিষ্প্রদীপ মহড়া চলাকালীন মুক্তিবাহিনীর গেরিলা কমাণ্ডোরা তাদের গ্রেনেড ছোড়ার মহড়া চালায়। গেরিলারা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে প্রায় ৫০টি গ্রেনেড ছোড়ে। ফলে হানাদারদের কয়েকজন হতাহত হয়। টাঙ্গাইলের প্রধান ডাকঘরের পেছনে অবস্থানরত রাজাকারদের উপর কয়েকটি গ্রেনেড বিস্ফোরণ ঘটিয়ে কমান্ডোরা ৩ জনকে হত্যা করে এবং ৪ জনকে গুরুতর আহত করে।

বটতলায় যুদ্ধ

গত ১১ই নভেম্বর মুক্তাগাছার বটতলায় মুক্তিবাহিনী এক যুদ্ধে ৩ জন পাঞ্জাবী হনাদার সেনাসহ ৩ জন রাজাকারকে হত্যা করেন এবং ৭ জন রাজাকারকে গ্রেফতার করে।

-রণাঙ্গন, ২১ নভেম্বর, ১৯৭১

* * * * *

বিজয় বার্তা

সিলেট : তুকার বাজারের কাছে পাক সেনা ও গেরিলাদের মধ্যে এক প্রচন্ড লড়াই হয়। ফলে ৮ জন পাক সৈন্য ও রাজাকার নিহত হয়।

ঢাকা-কুমিল্লা-চট্টগ্রাম রণাঙ্গন

গত ১৫ই নভেম্বর নোয়াখালী জেলার ছাগলনাইয়ায় পাক সেনাদের উপর মুক্তিবহিনীর গেরিলারা অতর্কিত আক্রমণ চালায় এবং ৫ জন পাক সেনা নিহত হয়।

ঢাকা শহরে ও উপকণ্ঠে গেরিলাদের প্রচন্ড আক্রমণের ফলে পাক সামরিক কর্তৃপক্ষ বেসামাল হয়ে পড়ে এবং ১৭ই নভেম্বর সকাল ৫ টা থেকে ঢাকা শহরে আস্মিকভাবে কার্ফ্যু জারী করে এবং প্রতি বাড়ি বাড়ি তল্লাসী চালায়। মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা ঢাকার বিভিন্ন স্থানে পাক সেনার বিরুদ্ধে সফল প্রতিরোধ গড়ে তোলে।

রংপুর-দিনাজপুর-রাজশাহী রণাঙ্গান : গত ১৬ই নভেম্বর মুক্তিবাহিনীর গেরিলা যোদ্ধারা রাজশাহী জিলার গোদাগারি এলাকায় পাক সেনাদের ঘাঁটি অবরোধ করে এবং প্রচন্ডভাবে আক্রমণ চালায়। ফলে ৬জন পাক সেনা নিহত ও ৪ জন আহত হয়। দক্ষিণ খোটকিবাড়িতে গেরিলারা ৩ জন শত্রু সৈন্য খতম করে। জাতিবাঙ্গা ও পাবেলিয়ার মধ্যবর্তী স্থানে গেরিলারা রেল লাইন ধ্বংস করে ও শত্রু সৈন্যের চলাচল ব্যবস্থা বানচাল করে দেয়।

রংপুর জেলার আটটি থানা সম্পূর্ণ পাক হানাদারমুক্ত। প্রায় ১২ হাজার বর্গমাইলব্যাপী এলাকায় সাত লাখ জনতা স্বাভাবিকভাবে জীবনযাপন করছে। এইসব এলাকায় বাংলাদেশ সরকার ইউনিয়ন পর্যায় থেকে থানা পর্যায় পর্যন্ত প্রাশাসনিক কার্য পরিচালনা করছে।

বিস্তীর্ণ এলাকা মুক্ত : আমাদের বিশেষ প্রতিনিধি প্রেরিত এক সংবাদে জানা গেছে, রাজশাহী জেলার দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বিস্তীর্ণ এলাকা এখন সম্পূর্ণ মুক্ত। এই এলাকার ফরিদপুর. আলাগলি, হাকিমপুর, বাকরআলি, রাধাকান্তপুর, পাংকা ,পিরোজপুর, পোলাডাঙ্গা, চিলমারী, সাহেবনগর প্রভৃতি সীমান্ত চৌকি থেকে মুক্তি বাহিনী পাকিস্তানী সেনাদের সম্পূর্ণরূপে হটিয়ে দিয়েছে। সেগুলি এখন মুক্তিযোদ্ধাদের দুর্ভেদ্য ঘাঁটিতে পরিণত হয়েছে।

এছাড়াও নবাবগঞ্জ শহরের উপকণ্ঠে ইসলামপুর, বারমারিয়ায উপর বাগডাঙ্গা, সুন্দরপুর, ছোটকলকাতা, ইলশামারী, দেবনগর প্রভৃতি গ্রামগুলিতে ১৩ই নভেম্বর মুক্তিবাহিনীর সঙ্গে রাজাকার ও খান সেনাদের প্রচন্ড সংঘর্ষ হয়। এই সংঘর্ষে ঐ অঞ্চলের গ্রামবাসীরা মুক্তিবাহিনীকে সক্রিয়ভাবে সাহায্য করেনে। মুক্তিবাহিনী এখানে ৫টি ৩০৩ রাইফেল দখল করেন ও পাঁচজন রাজাকারকে বন্দী করেন।

গেরিলাদের ব্যাপক আক্রমণ

ময়মনসিংহ : ময়মনসিংহের ঘোষগাঁও এলাকা থেকে হানাদারদের বিতারিত করে মুক্তিবাহিনী তাদের দখল কায়েম করেছে।

উত্তরবঙ্গ ও পূর্ববঙ্গে অন্যতম সংযোগস্থল দেওয়ানগঞ্জের বিস্তীর্ণ এলাকাতেও মুক্তিবাহিনী পূর্ণ অধিকার প্রতিষ্ঠিত করেছে। এই এলাকাগুলোর মধ্যে আছে ডাংচর, চররামপুর, গামখাওয়া, হাতিবস্থা ইত্যাদি। এখানে বেসামরিক প্রশাসন ব্যবস্থাও চালু করা হয়েছে।

ময়মনসিংহ জেলার আর ও একটি গুরুত্বপূর্ণ এলাকা থেকেও মুক্তিবাহিনী আক্রমণের মুখে টিকতে না পেরে হানাদার বাহিনী পশ্চাদবরণ করতে বাধ্য হয়। এই জেলার তেলিখালিতে পাক সেনাদের একটি শক্ত ঘাঁটিতে গেরিলারা প্রবল আক্রমণ চালায়। এখানে ৬৯ জন পাক সেনা নিহত হয় এবং ১ জন গেরিলাদের হাতে বন্দী হয়। গত ১৪ই নভেম্বর ময়মনসিংহের অন্য আর একটি অঞ্চলে গেরিলা সেনারা অতর্কিত আক্রমণে জনৈক জুনিয়র কমিশন সামরিক অফিসারসহ ৯ জন পাক সেনাকে খতম করে।

গত কয়েক সপ্তাহের সংবাদে জানা যায় এই জেলায় গেরিলাদের ব্যাপক আক্রমণে দুই শতাধিক পাক সেনা ও রাজাকার হতাহত হয়েছে।

পাক জঙ্গী বিমান বিধ্বস্ত : ১৮ই নভেম্বর, চট্টগ্রাম। খবর পাওয়া গেছে মুক্তিযোদ্ধারা কক্সবাজারের নিকট একখানা পাক জঙ্গী বিমান গুলি করে ভূপাতিত করেছে।

ঘটনার বিবরণে প্রকাশ বাংলাদেশের অসমসাহসী মুক্তিযোদ্ধারা শহরটি দখলের চেষ্টা করলে হানাদাররা বাধা দেয়। ফলে সামনা সামনি তুমুল যুদ্ধ শুরু হয়। মুক্তিবাহিনী প্রচন্ড মারের মুখে পাক হানাদার টিকতে না পেরে পিছু হটছে তখন এই জঙ্গী বিমানের সাহায্য নেওয়া হয়।

এ বৎসরেই ঢাকায় স্বাধীন বাংলার পতাকা উড়বে : কর্নেল ওসমানী

অতি সম্প্রতি একটি প্রভাবশালী ইংরেজী সাপ্তাহিক পত্রিকার এক সাংবাদিকের সঙ্গে সাক্ষাৎকারে বাংলাদেশ মুক্তিবাহিনীর প্রধান অত্যন্ত জোরের সঙ্গে বলেন যে, আমাদের মুক্তিবাহিনী এখন এত দ্রুততার সঙ্গে দেশকে মুক্ত করার সংগ্রামে অগ্রসর হচ্ছেন যে, আশা করা যায় এ বৎসর শেষ হওয়ার আগেই ঢাকার বুকে স্বাধীন বাংলাদেশের গৌরবোজ্জ্বল পতাকা উড্ডীন হবে।

তিনি বলেন, মুক্তিবাহিনী এখন স্থল, নৌ এবং বিমান বহিনী দ্বারা সজ্জিত এবং ইতিমধ্যে নৌ বাহিনীর ডুবুরী গেরিলারা অসাধারণ সাফল্য অর্জন করেছেন। এখন বাংলাদেশের টাঙ্গাইল, যশোর, খুলনার সুন্দরবন, নোয়াখালী ,কুমিল্লা, সিলেট, রংপুর ইত্যাদি অঞ্চলে ২৫,০০ বর্গমাইল এলাকা মুক্তিবাহিনীর অসমসাহসী যোদ্ধারা মুক্ত করেছেন এবং এ সমস্ত অঞ্চলে বেসামরিক শাসনব্যবস্থা কায়েম হয়েছে।

-বিল্পবী বাংলাদেশ, ২১ নভেম্বর, ১৯৭১

মুক্তিবাহিনী গেরিলাদের বিরাট কর্ম্মতৎপরতা

নবিনগর : ঢাকায় প্রাপ্ত সংবাদে জানা যায় যে, মুক্তিযোদ্ধারা এই থানার বিভিন্ন স্থানে পাক হানাদার বাহিনীর সাথে সংঘর্ষে কমপক্ষে ৬০ জন হানাদারকে নিহত এবং দ্বিগুণসংখ্যক হানাদারকে আহত ও বন্দী করেছে। মুক্তিযোদ্ধারা বাঞ্ছারামপুর গোডাউন থেকে চার হাজার মণ চাউল উদ্ধার করে তা গ্রামবাসীদের মধ্যে বিলিয়ে দেন।

বিক্রমপুর : বিলম্বে প্রাপ্ত খবরে প্রকাশ, ঢাকা জেলার লৌহজং থানাধীন বিক্রমপুর এলাকায় মুক্তিবাহিনীর বীর গেরিলারা পর পর কয়েকটি সংঘর্ষে খান সেনাদের ব্যাপক ক্ষয়ক্ষতি ও প্রচুর সমরাস্ত্র হস্তগত করেছে। ২০ অক্টোবর তারিখে মাত্র কয়েকজন গেরিলা একটি শত্রুবাহী নৌকা অতর্কিতে আক্রমণ করে একজন পাঞ্জাবী সেনা ও দুইজন রাজাকারকে নিহত ও ২ জনকে বন্দী করে পরে কান কেটে ছেড়ে দেয়।

পরের দিন অপর এক আক্রমণে মুক্তিবাহিনীর গেরিলারা লুণ্ঠন ও অগ্নিসংযোগে রত ২৮ জন পাকসেনা ও রাজাকারকে ঘটনাস্থলেই হত্যা করে। তৃতীয় দিবসে দু'টি লঞ্চবাহী ৪৬ জন মিলিটারী গ্রামে প্রবেশ করে লুটতরাজ, নারীধর্ষণ ও অগ্নিসংযোগ আরম্ভ করে । এই সময় ওঁৎ পেতে বসে থাকা গেরিলারা সম্মুখসমরে অবতীর্ণ হয়। সুদীর্ঘ ১৮ ঘণ্টা মুখোমুখি লড়াই করে গেরিলারা সবকটি খান সেনাকে খতম করে দেয়। এই সংঘর্ষে প্রচুর গোলাবারুদ ও অস্ত্রশস্ত্র গেরিলাদের হস্তগত হয়। এই একই থানায় নদীবক্ষে প্রায় একলক্ষ টাকার পাটবাহী একটি নৌকা আমাদের বীর গেরিলারা ডুবিয়ে দেয়।

মুকুন্দপুর : সংবাদে প্রকাশ আমাদের মুক্তিযোদ্ধারা অসমসাহসিকতার সহিত এখানে হানাদার পাক দস্যুদের মোকাবিলা করেন। সামনাসামনি সংঘর্ষের পর মুক্তিবাহিনী মুকুন্দপুর দখল করে নিতে সক্ষম হন। পলাতক হানাদার বাহিনীর ক্ষয়ক্ষতি এখনও জানা যায়নি। তবে অনুমান করা যাচ্ছে এখানে কমপক্ষে ৪৫ জন হানাদার পাক সৈন্য নিহত আর ৮ জন জীবন্ত ধরা পড়ে।

আমাদের পাওয়া সংবাদে আরও প্রকাশ কুমিল্লা জেলার ব্রাহ্মনবাড়িয়া শহর খুব সহসাই হানাদার কবলমুক্ত হবে বলে আশা করা যাচ্ছে। পাক বহিনী এখন চতুর্দিক হতে কুমিল্লা জেলার বিভিন্ন স্থানে আক্রমণের সম্মুখীন হতে চলেছ।

অপর এক সংবাদে প্রোশ কুমিল্লা জেলার লক্ষীপুর এলাকাতেও হানাদার বাহিনী মুক্তিযোদ্ধাদের হাতে প্রচন্ড মার খেয়ে পিছু হঠতে বাধ্য হয়েছে।

-সাপ্তাহিক বাংলাদেশ, ২২ নভেম্বর, ১৯৭১

রণাঙ্গন সংবাদ

কুড়িগ্রাম, ২১ শে নভেম্বর : আমাদের কুড়িগ্রাম প্রতিনিধি পরিবেশিত সংবাদে প্রকশ মুক্তি সেনাদের প্রবল চাপের মুখে ভুরুঙ্গামারীতে পাক সেনারা তাদের অবস্থান ধরে রাখতে অসমর্থ হয় এবং বিপুল ক্ষয়ক্ষতির পর তারা নাগেশ্বরীতে হটে আসে। আমাদের মুক্তিবাহিনীর বীর জোয়ানগণ নাগেশ্বরী শত্রু অবস্থানগুলিতে সাঁড়াশী অভিযান পরিচালনা করে এবং বহুসংখ্যককে আহত করে।

এই অঞ্চলের পাক সেনারা এত ভীত হয়ে পড়েছে যে তারা স্বাভাবিক নিয়মে ঈদের নামাজ পড়তেও ভীত। কাজেই কুড়িগ্রামে অবস্থানরত পাক সেনারা জনাসাধারণের জামাতের পূর্বেই পাহারা মোতায়েন করে নিজেরা ঈদের নামাজ সমাধা করবে বলে সিদ্ধান্ত গ্রহণ করে। তাদের এই সিদ্ধান্ত কুড়িগ্রাম মহকুমার শান্তি কমিটির চেয়ারম্যান আঃ হাফেজ মাইকের সাহায্যে প্রচার করে।

পাক সেনার ট্যাংক ব্যবহার

গত ২১ শে নভেম্বর যশোহর, চিটাগাং ও সিলেট রণাঙ্গনে মুক্তিফৌজ ও পাক সেনাদের মধ্যে ভয়াবহ সম্মুখযুদ্ধ সংঘটিত হয় এবং এই যুদ্ধে পাক সেনারা ট্যাঙ্ক ব্যবহার করে। কিন্তু মুক্তিবাহিনীর বেপরোয়া আক্রমণের মুখে তারা টিকটে না পেরে পশ্চাদপসরণ করতে বাধ্য হয়। মুক্তিবাহিনীর দাবী অনুসারে এই সব রণাঙ্গন থেকে তাঁরা পাঁজটি ট্যাঙ্ক দখল করে নেয়। এর মধ্যে দুইটি একদম অকেজো হয়ে যায় এবং তিনটিকে আস্ত অবস্থায় পাওয়া যায়। পাক সাঁজোয়া বাহিনীর এই বিপর্য্যয়ের ফলে পাক সামরিক জান্তার মনে শেষ বিজয়ের আশার প্রদীপের শিখাটিও যেন আস্তে আস্তে ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে আসছে।

-অগ্রদূত, ২৪ নভেম্বর, ১৯৭১

* * * * *

যশোর, কিশোরগঞ্জ, মেহেরপুর, শ্রীহট্ট অবরুদ্ধ। মুন্সীগঞ্জ মুক্ত। চট্টগ্রামে বোমাবর্ষণ

মুজিবনগর, ২৪ নভেম্বর- যশোর, খুলনা, কুষ্টিয়া ও ফরিদপুর- বাংলাদেশের এই চার জেলার ৮০ ভাগ এলাকাই আজ মুক্তিবাহিনীর দখলে এসেছে। মুক্তিবাহিনী গুরুত্বপূর্ণ কিশোরগঞ্জ, শ্রীহট্ট ও যশোর শহরে 'শত্রুসেনাদের' ঘিরে ফেলেছে। যশোর ক্যান্টনমেন্টের জন্য প্রচন্ড লড়াই হচ্ছে। উত্তর, পশ্চিম ও দক্ষিণ দিক থেকে মুক্তিবাহিনী যশোর শহরকে ঘিরে ফেলেছে। কুষ্টিয়া জেলার গুরুত্বপূর্ণ মেহেরপুর শহরটির চারিদিকে এখন মুক্তিবাহিনীর গেরিলারা। হটে যাবার মুখে পাক সৈন্যরা গোলাবর্ষণ করছে। ঢাকা থেকে সর্বশেষ যা খবর এসেছে, তা হল, সামরিক দিক থেকে গুরুত্বপূর্ণ মুন্সীগঞ্জ শহর ও সন্নিহিত এলাকা এখন মুক্ত।

যশোহর শহর ও ক্যান্টনমেন্ট থেকে নগদ টাকা, নোট ও সোনাদানা সরানো শুরু হয়ে গিয়েছে। পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারওয়েজের বিমানে কারে ঢাকায় এসব জিনিস নিয়ে যাওয়া হচ্ছে। এ পর্যন্ত ১৫০০ পাকিস্তানী সৈন্য মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পন করেছে।

বি বি সি-র খবর, আজ চট্টগ্রাম বন্দরের উপর মুক্তিবাহিনীর বিমান থেকে বোমাবর্ষণ করা হয়েছে। উপরন্তু একটি গানবোট, দুটি তৈলবাহী জাহাজ, ৪টি খাদ্যবাহী জলযান বাংলাদেশ নৌবহর ডুবিয়ে দেয়েছে।

-আনন্দবাজার পত্রিকা, ২৫ নভেম্বর, ১৯৭১

* * * * *

ঝিকরগাছা দখল। দশটি জেলা সাত দিনে মুক্ত করার সংকল্প

২৫ নভেম্বর- আজ সন্ধ্যায় মুক্তিবাহিনী ঝিকরগাছা থেকে পশ্চিম পাকিস্তানী সৈণ্যদের তাড়িয়ে দিয়ে ওদের ঘাঁটিগুলি দখল করেছে। এখন ঝিকগাছার সব জায়গায় বাংলাদেশের পতাকা উড়ছে। শত্রু পালিয়ে যাওয়ার সময় বহু অস্ত্রশস্ত্র ফেলে গিয়েছে। মুক্তিবাহিনীর একটি বড় দল এখন যশোর শহরের ৪ মাইল উত্তর-পশ্চিমে গিয়ে চাপ দিতে শুরু করেছে।

মুক্তিবাহিনী বাংলাদেশের রংপুর থেকে খুলনা-এই বিস্তৃত এলাকার অন্তত দশটি জেলা অর্থাৎ রংপুর, দিনাজপুর, বগুড়া, রাজশাহী, পাবনা , কুষ্টিয়া, যশোর, খুলনা ইত্যাদি সাত দিনের মধ্যে মুক্ত করার সংকল্প নিয়ে দুর্বার গতিতে এগিয়ে চলেছে।

বাংলাদেশ সরকারের সূত্র থেকে এই দিন রাত্রে জানা যায়, ইতিমধ্যে গত এক সপ্তাহ প্রচন্ড যুদ্ধ চলার পর রংপুর এবং দিনাজপুর জেলার প্রায় ৪৫০ বর্গকিলোমিটার এলাকা মুক্তিবাহিনীর দখল করে নিয়েছে।

মুক্তিবাহিনীর একজন মুখপাত্র বলেন, আমাদের এই এলাকা মুক্ত করে শত্রুকে নিশ্চিহ্ন করার এক কর্মসূচি নেওয়া হয়েছে। প্রতিটি সেক্টরে আমাদের যোদ্ধারা শত্রুবাহিনীকে কোণঠাসা করে এনেছে।

এই মুখপাত্র আরও আশা প্রকাশ করেন, যশোর দুর্গ শত্রুকবলমুক্ত করতে আর ৭২ ঘন্টার বেশী সময় লাগা উচিৎ নয়। তিনি অবশ্য বিস্তারিত কিছু বলতে অস্বীকার করেন।

মুক্তিবাহিনীর সূত্রে ঘোষণা করা হয় : সাতক্ষীরা মহকুমার প্রতিটি থানা মুক্ত হয়েছে। মুক্তিবাহিনী এখন খুলনার দিকে অগ্রসর হচ্ছে।

মেহেরপুর শহর দখল নিয়ে জোর লড়াই চলছে।

দিনাজপুর শহরের আমবাগান ছেড়ে পাক বাহিনী সৈয়দপুরের দিকে পালিয়ে যাচ্ছে।

রাঙ্গামাটিতে লড়াই, গ্রামের পর গ্রাম মুক্তিফৌজের দখলে : সামনে ফেনী

২৫ নভেম্বর- মরণপণ লড়াই করে মুক্তিবাহিনী ছিনিয়ে নিয়েছে ফুলগাজি, আনন্দপুর আর চাঁদগাজি বাজার। এখন হাত বাড়ালেই ফেনী- মাত্র তিন মাইল দূর। এছাড়া, পরশুরাম থানা এলাকায় মুক্তিবাহিনীর পূর্ণ কর্তৃত্ব। গত ১১ নভেম্বর ওই এলাকাটি মুক্ত করা হয়।

লড়াই চলছে রাঙামাটিতেও। লড়াই চলেছে মুখোমুখি। সেখানে তেরজন রাজাকার রাইফেল গোলবারুদ নিয়ে আত্মসমর্পণ করেছে।

এদিকে খানসেনা কুমিল্লার পশ্চিমে দাউদকান্দিতেও একটি নতুন ছাউনি খুলতে বাধ্য হল। স্পষ্টতই বোঝা যাচ্ছে যে, ওরা নাজেহাল। এখন ওদের কাছে বড় সমস্যা এই গুরত্বপূর্ণ অঞ্চলটিকে মুক্তিবাহিনীর দুর্বার গতিপথ থেকে দুরে রাখা। তাই এখন ওরা শুধু কুমিল্লার ওপর ভরসা করতে পারছে না। তাই এই নতুন ছাউনি।

ইতিমধ্যে চান্দিনা থানাও মুক্তিবাহিনীর দখলে এসেছে। চান্দিনা দাউদকান্দির আরও পশ্চিমে। থানার পুলিশরা পালিয়েছে। মেঘনার তীরে চান্দিনা জলপথে ঢাকার সঙ্গে কুমিল্লার সংযোগ রক্ষা করে থাকে।

-আনন্দবাজার পত্রিকা, ২৬ নভেম্বর, ১৯৭১

*　　*　　*　　*　　*

খুলনা শহরের দিকে মুক্তি সেনারা অগ্রগতি

সাতক্ষীরা ঝিকরগাছা হতে খানেরা বিতাড়িত

(ষ্টাফ রিপোর্টার)

বনগাঁ সীমান্ত, ২৫ শে নভেম্বর-মুক্তিবাহিনী ঝিকরগাছা বাজার থেকে পাকিস্তানী সৈন্যদের হটিয়ে যশোর সেক্টরে আজ একটি নতুন ফ্রণ্ট খুলেছে। এই ঝিগরগাছা গত ৮ই এপ্রিল মুক্তিবাহিনী আজ সারা সাতক্ষীরা মহকুমা থেকে পাক সৈন্যদের বিতারিত করেছে। সাতক্ষীরা থেকে মুক্তিবাহিনীর এ্কটি কলাম খুলনা শহরের দিকে অভিযান করেছে।

যশোর ক্যান্টনমেন্টের চারপাশে মুক্তিবাহিনী আজ আক্রমণের তীব্রতা আরও বৃদ্ধি করেছে।

চৌগাছা থেকে কপোতাক্ষ নদী অতিক্রম করে মুক্তিবহিনীর একটি নতুন কলাম যশোর শহরের ৪ মাইল উত্তর-পশ্চিমে গিয়ে পৌঁছেছে।

কৃষ্ণনগর থেকে 'যুগান্তর' এর সংবাদদাতা জানিয়েছেন যে, গত রাতে ঝিনাইদহ শহরে অভিযান চালিয়ে ঝিনাইদহে অবস্থিত পাকিস্তানী সৈন্যদের একটি ব্রিগেডকে যশোর ক্যান্টনমেন্ট থেকে বিচ্ছিন্ন করেছে। কুষ্টিয়ার মহেশপুর ও দর্শনা সম্পূর্ণভাবে মুক্তিবাহিনীর দখলে এসেছে। ফলে খুলনা-দর্শনা ট্রেন সার্ভিস বাতিল হয়ে গেছে।

রংপুরঙদিনাজপুরে

শিলিগুড়ি থেকে প্রাপ্ত সংবাদে জানা গেছে যে, মুক্তিবাহিনী রংপুর ও দিনাজপুরের প্রায় সাড়ে চার'শ বর্গমাইল এলকায় মুক্ত করেছে।

কুষ্টিয়া জেলায় মহেশপুর দখল করে মুক্তিবাহিনী চিত্রা নদীর দক্ষিণ তীরে অগ্রবর্তী ঘাঁটি স্থাপন করেছে। কৃষ্ণনগর থেকে সংবাদদাতা জানিয়েছেন যে, মুক্তিবহিনী খুলনা-কুষ্টিয়া রেল লাইনের কাছাকাছি কতগুলি অঞ্চল থেকে পাকিস্তানী সৈন্যদরে বিতাড়িত করলে বাংলাদেশের এই অঞ্চলের মধ্যে ট্রেন সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। কুষ্টিয়া জেলার বিভিন্ন অংশে মুক্তিবাহিনী সাফল্য লাভ করে চিত্রা নদীর দক্ষিণ তীরে গিয়ে পৌঁছেছে। ফলে চুয়াডাঙ্গার ৯টি গ্রাম সম্পূর্ণভাবে পাক সৈন্য কবলমুক্ত হয়েছে। এখন মুক্তিবাহিনী মেহেরপুরের উপর প্রবল চাপ সৃষ্টি করায় পাকিস্তানী ফৌজ চাঁদবিল গ্রামের দিকে পিছিয়ে যাবার চেষ্টা করছে।

মুজিবনগর থেকে ইউ এন আই জানাচ্ছেন : বাংলাদেশ সরকারের জনৈক মুখপাত্র বলেছেন যে, মুক্তিবাহিনী ১২০০০ বর্গকিলোমিটার এলাকায় অসামরিক প্রশাসন প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে।

-যুগান্তর, ২৬ নভেম্বর, ১৯৭১

*　　*　　*　　*　　*

যশোর দুর্গের পতন আসন্ন : বসন্তপুর ও পঁচাগড় অধিকৃত : ঝিনাইদহে দর্শনায় লড়াই

টুঙ্গি (নদীয়া) সীমান্ত, ২৬শে নভেম্বরঙকুষ্টিয়ার দর্শনা রেল ষ্টেশন এলাকায় প্রচন্ড লড়াই এখনও চলছে। দিনাজপুর জেলার পচাড়র এবং খুলনা জেলার বসন্তপুরের পতন ঘটেছে মুক্তিবাহিনীর কাছে। ঝিনাইদহ পাঁচ মাথার মোড়ে (ফাইভ পয়েন্ট ক্রসিং) মুক্তিবাহিনী আধিপত্য প্রতিষ্ঠা করায় যশোর ক্যান্টনমেন্টের সঙ্গে পাক ফৌজের যোগাযোগ ব্যবস্থা এখন বিচ্ছিন্ন ।যশোর দূর্গের পতনও এখন আসন্ন। ঢাকায় মুক্তিফৌজের আক্রমণ প্রচন্ড রূপ নিয়েছে, গ্রেনেড আর গুলির শব্দে পাক সেনাদের প্রধান শিবির ঢাকা এখন কম্পমান। বাংলাদেশে মুক্তিবাহিনীর বিভিন্ন রণাঙ্গনে এইসব দুর্বার অগ্রগতির সংবাদ আজ পাওয়া গেছে।

এদিকে যশোর শহর থেকে ১২ মাইল উত্তরে ঝিনাইদহ পাঁচমাথার মোড়ে (ফাইভ পয়েন্ট ক্রসিং) মুক্তিবাহিনী আধিপত্য প্রতিপত্য প্রতিষ্ঠা করায় দর্শনার পাকিস্তানী ফৌজের সঙ্গে যশোর ক্যান্টনমেন্টে ফৌজদের সংযোগ বিচ্ছিন্ন হয়েছে।

ঝিনাইদহ পাঁচ মাথার মোড় সামরিক দিক দিয়ে অত্যান্ত গুরুত্বপূর্ণ। কারণ এই মোড় থেকে কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, যশোর-খুলনা, মাগুড়া ও ঢাকা যাবার রাস্তা। সুতরাং পাকিস্তানী ফৌজ ঝিনইদহ পাঁচ মাথার মোড় পুনরুদ্ধারের জন্য একটা মরণপণ লড়াই করবে বলে মনে হচ্ছে।

এখন মুক্তিবাহিনী ঝিনাইদহ পাঁচ মাথার মোড়ে কুষ্টিয়া-চুয়াডাঙ্গার রাস্তায় বিরাট ব্যারিকেড গড়ে তোলায় ঝিনাইদহ থেকে পাক সৈন্যরা যশোরের দিকে যেতে পারছে না। ঝিনাইদহে পাকিস্তান যদি অতিরিক্ত ফৌজ প্যারাসূটে নামাতে না পারে, তাহলে ঝিনাইদহ থেকে তাদের পশ্চাদপসরণ ছাড়া আর কোন পথ নেই।

জানা গেছে যে, ঝিকরগাছা থেকে এখনও সম্পূর্ণ পশ্চাদপসরণ করেনি। ঝিকরগাছা শহরটি কপোতাক্ষ নদের দ্বারা দু ভাগে বিভক্ত। শহরের যে অংশ কপোতাক্ষ নদের উপর অবস্থিত ব্রিজের পূর্ব দিকে সেখানে এখনও যুদ্ধ চলছে এবং কপোতাক্ষ নদে উপরকার ব্রিজটি এখন পর্যন্ত বিধ্বস্ত হয়নি।

-যুগান্তর, ২৭ নভেম্বর, ১৯৭১

*　　*　　*　　*　　*

কুষ্টিয়ায় পাক সৈন্যরা পোড়ামাটি নীতি পিছু নিয়ে পিছু হটছে

শুক্রবার বানপুর সীমান্ত ঘুরে এসে ষ্টাফ রিপোর্টার জানাচ্ছেন, পাক দখলদার বাহিনী বাংলাদেশে পোড়ামাটি নীতি অবলম্বন করেছে। এক একটি ঘাঁটি ছেড়ে পালানোর আগে তারা গ্রামকে গ্রাম জ্বালিয়ে দিয়ে যাচ্ছে। কুষ্টিয়া জেলার বাহিশটির মধ্যে বিশটি সীমান্ত ঘাঁটি থেকেই মুক্তিফৌজের তাড়া খেয়ে পাক সৈন্যরা পালিয়েছে।

দামুরহুদা থানাও মুক্তিফৌজ বৃহস্পতিবার দখল করে নেন। থানায় এখন বাংলাদেশ পতাকা উড়ছে। থানার ও,সি, তার স্ত্রী কন্যা, সেকেন্ড অফিসার, দুজন এস আই এবং ৭ জন পুলিশ মোট ১৩ জনকে মুক্তিবাহিনী বন্দী করে মুক্তাঞ্চলে নিয়ে আসেন।

চুয়াডাঙ্গা ছাড়া এই মহকুমার দুটি থানাই (দামুরহুদা ও জীবননগর) এখন মুক্তিফৌজের দখলে। চুয়াডঙ্গার ভিতরও গেরিলা তৎপরতা বাড়ছে। মোজাম্মেল পেট্রল পাম্প তাঁরা জ্বালিয়ে দিয়েছেন, বিজলি লাইন ধ্বংস করেছেন।

কুষ্টিয়া জেলার চরিদিক থেকে পাক বাহিনী এখন মাগুরার দিকে যেতে চাইছে। লক্ষ্য রাজবাড়ী গোয়ালনন্দ ঘাট হয়ে চাঁদপুরের দিকে পালানো। গোয়ালন্দে তারা সেজন্য ষোলটি ষ্টীমার তৈরি রেখেছে।

একটির পর একটি এলাকা ছেড়ে পাক সেনারা পালাচ্ছে আর মুক্ত গ্রামগুলিতে মুক্তিবাহিনী ঢুকছেন বিরাট অভ্যর্থনা ও অভিনন্দনের মধ্যে। ঘরন্ডবাড়ি শস্য জ্বলে যাক তবু মুক্তির আনন্দে ওঁরা এসে মুক্তিবাহিনীকে ঘিরে ধরেন। ওরই মধ্যে রুটি, মাংস ডাব যা পারেন যতটা পারেন। তাই নিয়ে বিজয়ীদের অভ্যর্থনার জন্য এগিয়ে আসেন। দামুরহুদায় মুক্তিফৌজের জন্য খালেবলিয়া থেকে দর্শনা সীমান্ত পর্যন্ত রাস্তাও তাঁরা বানিয়ে দিয়েছেন।

-আনন্দবাজার পত্রিকা, ২৭শে নভেম্বর, ১৯৭১

বিজয় বার্তা

ময়মনসিংহ : কিশোরগঞ্জের ৭টি থানা মুক্তিযোদ্ধারা দখল করে নিতে সমর্থ হয়েছেন। এছাড়া বীর মুক্তিযোদ্ধারা আরো ৬টি পুলিশ ঘাঁটি অবরুদ্ধ করে রেখেছেন। তাজাস এলাকায় মুক্তিবাহিনীর প্রবল আক্রমণে এক প্লাটুন পাক সেনা খতম হয়েছে। নিহতদের মধ্যে ২ জন অফিসার আছে। মুক্তিবাহিনী এখানে একটি ভারী মেশিনগান ১টি ১৬ মিলিমিটার ও কয়েকটি স্বয়ংক্রিয় রাইফেল দখল করে নিয়েছেন।

শ্রীহট্ট : ২৬ নভেম্বর। হাকিমগঞ্জে মুক্তিবাহিনী দুই কোম্পানী পাক সেনাকে অপসারিত করে দিয়েছেন। একজন ক্যাপ্টেন, একজন জে-সি-ওসহ ২৫ জন পাক হানাদারকে মুক্তিফৌজ আটক করেছেন। উত্তর শ্রীহট্টের জয়ন্তীপুরে এক তীব্র লড়াইয়ে ৩০ জন দখলদারী হানাদার নিহত হয়েছে। কয়েকটি সামরিক ট্রাক ভর্তি করে পাক বাহিনী হতাহত হানাদারদের নিয়ে যায়। এখন ডিগ্রাউ পূর্ণ শত্রুকবলমুক্ত।

রংপুর : রংপুর জেলায় মুক্তিবাহিনীর দুর্নিবার গতির সামনে পাক হানাদাররা বে সামাল হয়ে পড়েছে। হানাদারদের ঘাঁটি পারুলিয়া ধ্বংস করে মুক্তিফৌজ হাতী বাঁধা থানাটি সম্পূর্ণভাবে দখল করে নিয়েছেন। পাক বাহিনীর সিমোরা ঘাঁটিটিও মুক্তিফৌজ ধ্বংস করে দিয়েছে। রংপুরের রৌমারী, পাটগ্রাম, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী ও আরো অনেক মুক্ত এলকায় স্বাধীন বাংলার পতাকা পতপত করে উড়ছে।

যশোর :মুজিবনগর, ২৬ নভেম্বর। খুলনা, কুষ্টিয়া, রংপুর, দিনাজপুর, কুমিল্লা প্রভৃতি রণাঙ্গনে পাক বাহিনী যেরূপ মুক্তিফৌজের হাতে নাজেহাল হয়ে পড়েছে ঠিক একই ভাবে যশোরের উপকণ্ঠেও তারা বেসামাল। চারদিন ধরে প্রচন্ড লড়াইয়ের পর মুক্তিফৌজ পটাশ নদীর তীরবর্তী চৌগাছা দখল করে নিয়েছে। যশোর ক্যান্টনমেন্টমূখী মুক্তিবাহিনীর দুর্বার গতি ক্রমান্বয়ে সাফল্যের দিকে এগিয়ে চলেছে। আজকের ভোরে বীর মুক্তিযোদ্ধারা যশোর ক্যান্টেনমেন্টের অদুরবর্তী সিংহজুলি দখল করে নিয়েছেন।

দিনাজপুর : ২৬ নভেম্বর। সফলতার পর সফলতা অর্জন করে মুক্তিসেনারা পূর্ব দিনাজপুর জেলার মগকুমা শহর পচাগড়ের পাক দুশমনদের শক্ত ঘাঁটি চূর্ণ-বিচূর্ণ করে দখল করে নিয়েছে। হানাদাররা মার খেয়ে ঠাকুরগাঁওর দিকে পালাতে শুরু করেছে। মুক্তিফৌজ ওদের পিছু ধাওয়া করে এগিয়ে চলেছে। ঠাকুরগাঁও সড়কে ময়দান দিঘিতে পাক হানাদাররা ঘাঁটি স্থাপন করেছে। মুক্তিফৌজ চতুর্দিক দিয়ে প্রবলভাবে আক্রমণ করে আজ ভোরে পচাগড় মুক্ত করে নিয়েছেন। পাক সৈন্যের কাছ থেকে মুক্তিবাহিনী প্রচুর অস্ত্র-শস্ত্র দখল করে নিয়েছেন। সরকারী ও বেসরকারী ভবনে এখন স্বাধীন বাংলার পতাকা উড়ছে।

পাবনা : ঈশ্বরদীর টেলিফোন এক্সচেঞ্জ মুক্তিযোদ্ধারা সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছেন। থানা আক্রমণ করে অনেক অস্ত্রশস্ত্র মুক্তিযোদ্ধারা দখল করে নিয়েছেন। রেল লাইন ক্ষতিগ্রস্ত করায় ট্রেন চলাচল বন্ধ হয়ে গেছে।

রাজশাহী : নবাবগঞ্জ থেকে তিন মাইল দূরে ইসলামপুর ও চাটইডুবিতে অবস্থিত পাকফৌজের শত্রু ঘাঁটির উপর মুক্তিবাহিনীর বীর সেনানীরা মর্টার ও মেশিনগান নিয়ে প্রবলভাবে আক্রমণ পরিচলনা করেন। নবাবগঞ্জের উপকণ্ঠে এই ঘাঁটিটির পতন হলে রাজশাহী-নবাবগঞ্জ সড়ক যোগাযোগ সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন হয়ে যাবে। এই অঞ্চলে আক্রমণের প্রথম পর্যায়ে হানাদার বাহিনী রাজাকার দালালদের প্রথম এগিয়ে দেয় কিন্তু মুক্তিবাহিনীর আক্রমণে প্রায় সবগুলি দালার খতম হয়। তারপর শুর হয় পাক-আক্রমণকারীদের সাথে মুখোমুখি সংগ্রাম।

হানাদার বাহিনী একেই সংঘর্ষে ভারী 'মেশিনগান' '৮১ এম এম মর্টারের গোলা এবং ২৫ পাউন্ড ওজনের কামানের গোলা ব্যবহার করে। কিন্তু কোন মতেই মুক্তিবাহিনীর সাথে লড়াইয়ে দাঁড়াতে পারছে না। এখন পর্যন্ত ১২৫ জন পাক সেনা ও ২৫০ জন রাজাকার মুক্তিবাহিনীর হাতে খতম এবং ১৫টি বাংকার সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। মুক্তিফৌজের নায়েক- কাসেম, মোহর আলী এই যুদ্ধে অভূতপূর্ব পারদর্শিতার পরিচয় দিয়েছেন। মুক্তিবাহিনী এখানে ১৪ জন রাজাকার ও দুজন পাক সেনাকে আটক করেছেন এবং ২০টি রাইফেল ও অনেক গোলাগুলি দখল করেছেন। রাজশাহী ১০০ বর্গমাইল এখন মুক্তিবাহিনীর পূর্ণ দখলে এবং সেখানে স্বাধীন বাংলার প্রশাসন ব্যবস্থা চলছে। মারমূখী লড়াই এখনো চলছে। নবাবগঞ্জ শহরটি তিন দিক দিয়ে অবরুদ্ধ। পতন প্রায় আসন্ন।

হিলিতে প্রচন্ড যুদ্ধ : পাক ট্যাংক ধ্বংস : হিলি রক্ষার মরণপণ যুদ্ধে লিপ্ত হয়েও পাক বাহিনীকে আরও ট্যাঙ্ক হারাতে হয়েছে বলে আজ এক বিশ্বস্ত সূত্রের খবরে জানা গেছে। হিলি পাক সেনাদের গুরুত্বপূর্ণ ঘাঁটি। হিলির পতন হলে রংপুর ক্যান্টনমেন্ট থেকে উত্তর বাংলাদেশ বিচ্ছিন্ন হয়ে পড়বে তাই পাক সেনারা এখানে মরিয়া হয়ে উঠেছে।

মুক্তি সেনারা হিলিকে তিন দিক থেকে আক্রমণ করেছে। এতে বেসামাল পাক সেনারা ভারতের বালুরঘাটের দিকে অগ্রসর হলে ভারতীয় বীর সেনারা পাল্টা আক্রমণ করে। কয়েকখানা ট্যাঙ্ক এবং ৮০ জন পাকসেনা খতম হয়েছে।

জানা গেছে হিলিতে ৮ হাজার সৈন্য ট্যাঙ্ক ও দূরপাল্লার ভারী কামান নিয়েও মুক্তিবাহিনীর অগ্রসরকে প্রতিহত করতে পারছে না।

-বিল্পবী বাংলাদেশ, ২৮ নভেম্বর, ১৯৭১

*　　*　　*　　*　　*

রণাঙ্গন থেকে লিখছি

দেশমাতৃকার অতন্দ্র প্রহরী বীর মুক্তিযোদ্ধাগণ বাংলাদেশের প্রায় তিন-চতুর্থাংশ স্থান শত্রুমুক্ত করে বাংলাদেশের পতাকা বিজয়ের স্তম্ভ হিসাবে ইস্পাতদৃঢ় মনোবল নিয়ে উড্ডীন করেছেন। শ্রীপুর, কাপাসিয়া, শিবপুর, রায়পুরা ও মনোহরদী থানাসহ কিশোরগঞ্জ মহকুমা সম্পূর্ণ শত্রুমুক্ত করেছেন। অত্র এলাকার বহু রাজাকার ও বাঙ্গালী সৈন্য প্রচুর গোলাবারুদসহ মুক্তিযোদ্ধাদের নিকট আত্মসমর্পণ করেছে। কালিগঞ্জ ও জয়দেবপুর থানার শিল্প এলাকাসহ বিস্তীর্ণাঞ্চলই মুক্ত। উক্ত এলাকার শত্রু ঘাঁটিতে আজ দুদিন যাবৎ মুক্তিবাহিনীর সাথে তুমুল সংঘর্ষ চলছে।

-মুক্ত বাংলা, ২৯ নভেম্বর, ১৯৭১

*　　*　　*　　*　　*

পাক সেনাদের হিলি থেকে পলায়নঃ মুক্তিবাহিনীর দখলে জয়পুরহাট

হিলি সীমান্ত, ২৮ নভেম্বর- আজ ভারতীয় সীমান্ত বাহিনী পাকিস্তানী গোলন্দাজ বাহিনীকে বাংলাদেশের হিলি থেকে পিছু হটিয়ে দেন। ওদিকে মুক্তিবাহিনী তুমুল লড়াই-এর পর হিলির দশ মাইল ভিতরে জয়পুরহাট শহরটিও মুক্ত করে দিয়েছেন। মুক্তিবাহিনীর হাতে সেখানে চারটি পাক ট্যাংক ঘায়েল হয়েছে।

রাত্রে এই সীমান্তে আরও সংবাদঃ এই জয়পুরহাটে উত্তরবঙ্গের সবচেয়ে বগ চিনির কলটি এখন মুক্তিবাহিনীর দখলে। জয়পুরহাট দখলের আগে পাক বাহিনীর সঙ্গে মুক্তিবাহিনীর লড়াইয়ে পাকিস্তানের প্রায়

৪৫০ জন সৈন্য নিহত হয়েছে। আহত হয়েছে প্রচুর। কয়েকজন অফিসারসহ বেশ কিছুসংখ্যক দখলদারী সৈন্য মুক্তিবাহিনীর হাতে বন্দী হয়েছে। একটি ট্যাংক ঘায়েল হয়েছে।

জয়পুরহাট শহরটি হল দিনাজপুর জেলার এবং বগুড়া জেলার মাঝামাঝি স্থানে। হিলি থেকে জয়পুরহাটের দূরত্ব মাত্র ১০ মাইল।

জয়পুরহাটের ওই চিনি কারখানার উপর থেকে পাকবাহিনী ক্রমাগত ভারতের হিলির উপর গোলবর্ষণ করছিল । সন্ধ্যার আগেই পাকিস্তান বাহিনী তাদের শেফি ট্যাঙ্ক নিয়ে পালাবার চেষ্টা করলে মুক্তিবাহিনী বগুড়া সড়কের দুদিক ঘিরে অক্রমণ শুরু করে। সংঘর্ষের সময় পাকবাহিনী ট্যাংক, ভারীকামান থেকে প্রচুর গোলাবর্ষন করে। রবিবার মুক্তিবাহিনী ওই সেক্টরে মোট চারটি ট্যাংক ঘায়েল করেছে।

-আনন্দবাজার পত্রিকা, ২৯ নভেম্বর, ১৯৭১

*　　*　　*　　*　　*

মুক্তিফৌজের নিয়ন্ত্রণে ফেনীঃ শ্রীহট্টের ১৫ মাইল দূরে তুমুল যুদ্ধ

ফেনী সহর সোমবার মুক্তিবাহিনীর নিয়ন্ত্রণে এসেছে। কিন্তু শহরের আশপাশ থেকে পাকিস্তানী সৈন্যদের নিশ্চিহ্ন না করা পর্যন্ত মুক্তিবাহিনী সরকারীভাবে ফেনী দখলের সংবাদ ঘোষণা করছেন না। আজ সকালে রেডিও পাকিস্তান ফেনী শহরের বুকে তুমুল লড়াইর কথা স্বীকার করেছে।

ফেনী দখলের ফলে উত্তরে লাকসাম থেকে দক্ষিণে চট্টগ্রাম পর্যন্ত রেল সংযোগ বিচ্ছিন্ন হতে চলেছে। ফেনী থেকে লাকসামের রেল দূরত্ব ২৪ মাইল ও চট্টগ্রামের রেল দূরত্ব ৪০ মাইল। ফেনী শহরের কাছে সিলুনিয়া নদীর আশেপাশে এলকাগুলি গতকাল মুক্তিবাহিনী দখল করে।

মুক্তিবাহিনী এই সেক্টরে আজ আর একটি উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে শ্রীহট্টে। আজ সন্ধ্যায় মুক্তিবাহিনী শ্রীহট্ট শহর থেকে পনের মাইল দূরে এসে পৌঁছেছে এবং সেখানে শাহবাগে তুমুল যুদ্ধ চলছে।

যশোর ক্যান্টেনমেন্টে মুক্তিবাহিনীর অবরোধ আরও তীব্র হয়েছে। জানা গেছে, যে, যশোর সেক্টরে কয়েকটি বিক্ষিপ্ত এলাকা থেকে পাকিস্তানী ফৌজদের সরিয়ে ক্যান্টনমেন্টে আনা হয়েছে। ঝিকরগাছায় এখনও বিক্ষিপ্ত যুদ্ধ চলছে।

টাঙ্গাইল সম্পূর্ণ মুক্ত হয়েছে এবং কিশোরগঞ্জ মহকুমা শহরকে মুক্তিবাহিনী চার দিকে থেকে অবরোধ করেছে।

কুষ্টিয়া সেক্টরে মুক্তিবাহিনী গতকাল পাকিস্তানীদের কয়েকটি বাংকার দখল করে ২০ জন পাকিস্তানী সৈন্য ও একজন মেজরকে বন্দী করেছে।

কুষ্টিয়ার জীবননগর থেকে যশোরের চৌগাছা পর্যন্ত প্রায় ২২ মাইল এলাকা থেকে মুক্তিবাহিনী পাকিস্তানী সৈন্যদের হটিয়ে দিয়েছে।

মুক্তিবাহিনী পূর্বে শ্রীহট্ট ও ময়মনসিংহ জেলা এবং পশ্চিমে যশোর ও খুলনা জেলার বিস্তীর্ণ এলাকা মুক্ত করেছে। বিভিন্ন রণাঙ্গনে শত্রুসেনার ওপর মুক্তিবাহিনী সর্বাত্বক আক্রমণ চলছে। কয়েক স্থানে নতুন করে শত্রুর ওপর আক্রমণ করা হয়েছে।

শ্রীহট্ট জেলায় গতকাল জয়মন্ত্রীপুরের দক্ষিণে ছোট খেল এলাকা মুক্ত হয়েছে। কানাইঘাটে পাক আক্রমণ প্রতিহত করা হয়েছে।

উত্তর রণাঙ্গন

বাংলাদেশের উত্তর রণাঙ্গনে মুক্তিবাহিনী পনের শত বর্গমাইলব্যাপী এলাকার ওপর তাদের নিয়ন্ত্রণ জোরদার করেছেন। তিনটি মহকুমা এই এলাকায় অন্তর্ভূক্ত।

সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার মহকুমার ব্যানিয়াচুল, আজমীরগঞ্জ, নবীগঞ্জ ও জগন্নাথপুর এলাকা এখন মুক্তিবাহিনীর পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।

শ্রীহট্টের তাহেরপুর থানা অবরুদ্ধ। সুছনা ঘাঁটি মুক্তিবাহিনী ঘিরে রেখেছে। কোম্পানীগঞ্জ সালুতিকর এলাকায় মুক্তিবাহিনীর প্রচন্ড আক্রমণে পাক সেনারা শ্রীহট্ট শহরে আশ্রয় নিতে বাধ্য হচ্ছে। শ্রীহট্ট ও সুনামগঞ্জের মধ্যে সকল প্রকার যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে।

ময়মনসিংহ জেলার কামালপুর ঘাঁটির চারপাশে প্রচন্ড লড়াই চলছে। টাঙ্গাইল এলাকায় মুক্তিবাহিনীর অগ্রগতি অব্যাহত আছে।

বাহাদুরাবাদঘাট এলাকায় অস্ত্রশস্ত্রবাহী তিনশত ফুট দীর্ঘ একটি পাকিস্তানী বজরা মুক্তিবাহিনী কয়েকদিন পূর্বে ডুবিয়ে দিয়েছেন।

ঢাকা থেকে বিলম্বে প্রাপ্ত খবরে প্রকাশ, কোদালিয়াতে মুক্তিবাহিনী একটি গুরুত্বপূর্ণ সেতু ধ্বংস করে দিয়েছেন। ঢাকা ও টাঙ্গাইলের মধ্যে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন। মুক্তিবাহিনী কুষ্টিয়া ও গোয়ালন্দের মধ্যে দুটি কালভার্ট উড়িয়ে দিয়েছেন।

-যুগান্তর, ৩০ নভেম্বর, ১৯৭১

* * * * *

মুক্তিবাহিনীর হাতে পাকসেনা নাজেহাল

(বিশেষ প্রতিনিধি)

মুক্তিযোদ্ধার হাতে পাক সেনারা পদে পদে মার খাচ্ছে বলে বিভিন্ন রণাঙ্গন থেকে খবরে পাওয়া যাচ্ছে। কদিন আগে কাটুলিয়ায় মুক্তিযোদ্ধা গেরিলা বাহিনী ও পাকসেনার মধ্যে এক তুমুল লড়াইয়ে মুক্তিযোদ্ধার মেশিনগান ও রাইফেলের গুলিবর্ষণের মুখে পাক সেনারা নাজেহাল হয়ে পিছু হটে যায়। এ সংঘর্ষে পাঁচজন পাকসেনা খতম হয়েছে বলে জানা গেছে। কুষ্টিয়ার নিকটে মুন্সীগঞ্জ ও আলমডাঙ্গা রেলস্টেশনের মধ্যে মুক্তিসেনারা মাইন বিস্ফোরণে একটি বোঝাই পাক সৈন্যবাহী ট্রেন সম্পূর্ণভাবে বিধ্বস্ত করে দিয়েছে। বহু শত্রুসেনা হতাহত হয়েছে।

সিলেটের ছাতক শহরে মুক্তিবাহিনী ও পাকসেনাদের মধ্যে প্রচন্ড সংঘর্ষে পঞ্চশের বেশি খানসেনা নিহত হয়েছে বলে প্রকাশ। পাকসেনাদের পক্ষে এই পাপযুদ্ধে লিপ্ত ৬৫ জন রাজাকারও খতম হয়েছে। মুক্তিযোদ্ধারা সুনামগঞ্জ, মৌলভীবাজার মুক্ত করে আরো সামনে এগিয়ে চলছে।

চট্টগ্রাম সেক্টরে মুক্তিযোদ্ধারা প্রবল চাপ সৃষ্টি করার দরুন পাকবাহিনীর নাভিশ্বাস দেখা দিয়েছে। পাকসেনা হতাহতের খবর প্রতিদিনই আসছে।

বীর মুক্তিযোদ্ধারা কুমিল্লা জিলার কসবা রণাঙ্গনে বিশেষ সাফল্য অর্জন করেছেন। এক বিশাল এলাকা এখন মুক্তিযোদ্ধাদের কবলে রয়েছে। খবরে আরো প্রকাশঃ সালদানদী অঞ্চলের যুদ্ধে মুক্তিবাহিনীর গেরিলাদের ইস্পাতকঠিন আক্রমণ প্রতিহত করতে সর্বশক্তি প্রয়োগ করেও পাকবাহিনী প্রচন্ড মার খেয়েছে। এই যুদ্ধে ৬০ জনেরও বেশি পাক সেনা প্রাণ হারিয়েছে।

রংপুর জেলার সীমান্ত এলাকা চিলমারী ভুরুঙ্গামারীতে বাংলার গেলি বাহিনী বিশেষ তৎপরতা চালিয়ে পাকসৈন্য ঘাঁটিগুলি নিশ্চিহ্ন করে দিয়েছে। বহু খানসেনা খতম হয়েছে।

গেরিলারা শান্তাহার ও পারবতীপুরের মধ্যবর্তী রেলসেতুটি ডিনামাইট বিস্ফোরণে উড়িয়ে দিয়েছেন।

রণাঙ্গন সংবাদ

বাংলার মুক্তি সংগ্রামের সূদীর্ঘ আট মাসের ইতিহাসে গত এক সপ্তাহের মধ্যে প্রত্যেকটি রণাঙ্গন থেকে আমাদের বীর মুক্তিবাহিনীর অভূতপূর্ব অগ্রগতি ও সাফল্যের সংবাদ বিভিন্ন বেতার কেন্দ্র ও নির্ভরযোগ্য সূত্রে পাওয়া গিয়েছে তা যেমনি উৎসাহব্যঞ্জক ও মহিমামন্ডিত তেমনি বাংলার স্বাধীনতা সূর্য্যের উদয়নের নিশ্চিত সংকেতসূচক।

গত এক সপ্তাহে রংপুর, দিনাজপুর, বগুড়া, কুষ্টিয়া, যশোর, খুলনা, পটুয়াখালী, চিটাগাং, সিলেট, ময়মনসিংহ, কুমিল্লা, টাঙ্গাইল ও নোয়াখালী প্রভৃতি জিলার রণাঙ্গগুলিতে আমাদের দুর্বার সাহসী মুক্তিযোদ্ধারা অভূতপূর্ব বীরত্বের সঙ্গে যুদ্ধ করে দস্যু পাক বাহিনীর বিপুল ক্ষতিসাধন করে তাদের সুরক্ষিত ঘাঁটিগুলি থেকে হটিয়ে দিয়ে প্রত্যেকটি জিলার বিস্তীর্ণ অঞ্চল মুক্ত করেছে এবং উক্ত মুক্ত অঞ্চলে স্বাধীন বাংলা সরাকারের বেসামরিক শাসন ব্যবস্থা চালু করা হয়েছে। বর্তমানে মুক্তি সেনারা সদ্য মুক্ত অঞ্চলগুলিতে নিজেদের অবস্থানগুলি সুদৃঢ়করত আরও অগ্রগতির জন্য শত্রুসেনার উপর প্রবল চাপের সৃষ্টি করে চলেছে।

এই সপ্তাহের মুক্ত অঞ্চলগুলির মধ্যে রংপুরে নাগেশ্বরী থানা, দিনাজপুরের পচাগড় মহকুমা, টাঙ্গাইল জেলার অবশিষ্টাংশ ,সিলেট জেলার শমসের নগর, শহর নোয়াখালীর পরশুরাম থানা, ছাগলনাইয়া প্রভৃতি স্থাপন দখল অত্যন্ত উল্লেখযোগ্য। এছাড়াও শত্রুপক্ষের গুরুত্বপূর্ণ অবস্থান যশোর দুর্গ, ফেনী শহর, সুনামগঞ্জের উত্তরাঞ্চল, দর্শনা এখন মুক্তিফৌজের দ্বারা সম্পূর্ণভাবে অবরুদ্ধ এবং এসব অঞ্চলে শত্রুপক্ষের সঙ্গে আমাদের মুক্তিবাহিনীর তুমুল লড়াই চলছে।

এ সপ্তাহে আমাদের বীর মুক্তিবাহিনীর নৌবাহিনীর গেরিলাদের অত্যন্ত তৎপর দেখা দিয়েছে। তাদের তৎপরতার ফলে শত্রুসেনাদের ৪টি জলযান ধ্বংস সাধন ও ২টি আমাদের করতলগত হয়েছে।

শত্রুপক্ষের মোট তিনটি বিমান ও সতেরটি ট্যাঙ্কের ধ্বংস সাধন এ সপ্তাহের বিশেষ উল্লেখযোগ্য ঘটনা।

কালির বাজার অভিযান

রৌমারী। ২৯ শে নভেম্বর। আমাদের নিজস্ব প্রতিনিধি পরিবেশিত সংবাদে প্রকাশ, গত ২৯ শে নভেম্বর মুক্তিবাহিনীর দুর্বার সাহসী জোয়নগণ গাইবান্ধা মহকুমার কালির বাজারে এক অভিযান পরিচলনা করে ৬ জন পাক পুলিশ ও রাজাকারকে গ্রেফতার করে এবং নয়টি রাইফেলসহ প্রায় চারশত গুলি হস্তগত করে।এই অভিযানে আমাদের একজন মুক্তিসেনা শাহাদাৎ বরণ করে।

অন্য আর একটি অভিযানে কুড়িগ্রামের মোগলপুর অঞ্চলের অদূরে রাজাকারদের অবস্থান থেকে আমাদের দুঃসাহসী মুক্তিযোদ্ধারা পাঁচটি রাইফেল ও প্রায় দুইশত গুলি অধিকার করে নেয়।

নাগেশ্বরী অভিযানে মুক্তিফৌজের বিরাট সাফল্য

কুড়িগ্রাম। ৩০ নভেম্বর। আমাদের কুড়িগ্রাম প্রতিনিধি পরিবেশিত সংবাদে প্রকাশ যে, গত দুই সপ্তাহ পূর্বে যুদ্ধে বিপুল ক্ষয়ক্ষতির পর দস্যু পাকসেনারা বাধ্য হয়ে ভূরুঙ্গামারী ছেড়ে নাগেশ্বরীতে তাদের অবস্থান গড়ে তোলে এবং আমাদের মুক্তিবাহিনীর বীর জোয়ানরা তিন দিক থেকে তাদের ঘিরে ফেলে এবং প্রায় দশদিন যাবত

তাদের সমস্ত যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়। অবশেষে গত ২৯শে নভেম্বর মুক্তিফৌজের প্রবল চাপের মুখে পাক সেনারা আর টিকতে না পের বিপুল ক্ষতি স্বীকার করে নাগেশ্বরী থেকে পৃষ্ঠ প্রদর্শন করে।

সংবাদে আরও প্রকাশ যে, বিভ্রান্ত পাক সেনাদের অনেকে মুক্তিবাহিনীর প্রবল চাপের মুখে ছত্রভঙ্গ হয়ে পড়ে এবং তাদের ইউনিফর্ম ত্যাগ করে সাদা পোশাকে কুড়িগ্রামের দিকে ছুটে পালায়। এই অভিযানে আমাদের মুক্তিবাহিনীর বহুসংখ্যক অস্ত্র ও গোলাবারুদ হস্তগত করে।

-অগ্রদূত, ১ ডিসেম্বর, ১৯৭১

* * * * *

রণাঙ্গন থেকে লিখছি

স্বাধীনতা সংগ্রামী বীর মুক্তিযোদ্ধাগণ কালিগঞ্জ থানায়, কালিগঞ্জ ও ঘোড়াশালে হানাদার বাহিনীকে চারিদিক দিয়ে ঘেরাও পূর্বক মারণাঘাত হানিয়া প্রতি মুহূর্তেই রক্তে রঞ্জিত পশুর মৃতদেহগুলি দেখিবার গর্বিত আশায় উদগ্রীব হইয়া আছেন। এ পর্যন্ত ১৭ জন পঞ্জাবী দস্যু নিহত ও বহুসংখ্যক আহত হয়। শ্রীপুর ও নরসিংদীতেও হানাদার বাহিনীকে মুক্তিযোদ্ধাগণ ঘেরাও করিয়া প্রচন্ড চাপ সৃষ্টি করিয়াছে।

-মুক্তবাংলা, ২ ডিসেম্বর, ১৯৭১

* * * * *

এখনই চরম আঘাত হানতে হবেন্ড ওসমানী

মুজিবনগর, ২৯শে নভেম্বর- আমার ছেলেরা এখন সম্পূর্ণ প্রস্তুত। মাত্র কয়েক মাসেই তারা পৃথিবীর যে কোন সুশিক্ষিত সেনাবাহিনীর সাথে পাল্লা দেবার মতো দুর্ধর্ষ হয়ে উঠেছে। আর দেরী নয়, এখনই চরম আঘাত হানতে হবে- বাংলাদেশ মুক্তিবাহিনী প্রধান কর্নেল ওসমানী সম্প্রতি মুজিবনগরে এই কথাগুলো বলেন।

মুক্তিযুদ্ধের বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ করতে গিয়ে তিনি বলেন, শত্রুরা এখন তাদের শিবিরগুলোতে বন্দী হয়ে আছে। আমাদের গেরিলারা তাদের প্রতি পদে পদে বিপদের জাল পেতে রেখেছে। মুক্ত এলাকার কাছাকাছি আসতে গেলেই তাদের রক্তাক্ত নাক নিয়ে ফিরতে হচ্ছে।

জনাব ওসমানী বলেন, মার্সিনারী সৈন্যবাহিনী আর জাতীয় মুক্তিবাহিনীতে তফাৎ অনেক। এখানে গোটা দেশ এক হয়ে লড়ছে। আমার ছেলেরা চাকুরী করার মন নিয়ে মুক্তিবাহিনীতে যোগ দেয়নি। তারা প্রতিরোধ নেবার শপথ নিয়ে সব কিছু পেছনে ফেলে বন্দুক কাঁধে নিয়েছে।

মুক্তিবাহিনীর শক্তি সম্পর্কে দৃঢ় আস্থা নিয়ে কর্নেল ওসমানী দৃপ্ত কণ্ঠে বলেন, আমরা এগিয়ে চলেছি। শত্রুরা বড় জোর আগামী মার্চ মাস পর্যন্ত টিকে থাকতে পারবে। আমার ছেলেরা তাদের নিশ্চিহ্ন করে দেবেই।

মুক্তিযোদ্ধারা সিলেট জেলা তোলপাড় করে তুলেছেন

মুজিবনগর, ২৮ শে নভেম্বর- শ্রীহট্টের রণাঙ্গনে মুক্তিবাহিনীর ব্যাপক আক্রমণে পাক সেনারা ছিন্নভিন্ন ও ছন্নছাড়া হয়ে ছুটে পালাচ্ছে। এই মেজর রাধানগর শহরটি মুক্তিবাহিনীর দখলে ও নিয়ন্ত্রণে আনতে আর বিশেষ বাকী নেই। এই শহরটি মুক্তিবাহিনীর হাতে এলে করিমগঞ্জ সীমান্ত থেকে শালুটিকর পর্যন্ত মুক্ত এলাকায় পরিণত হবে।

এদিকে সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার মহকুমা মিঘাউন, ইটনা, নিকলি, অষ্টগ্রাম, কানিয়াচুল, আজমীরগঞ্জ, নবীগঞ্জ ও জগন্নাথপুর এলাকা মুক্তিবাহিনীর পূর্ণ নিয়ন্ত্রনে রয়েছে।

এই জেলার তাহের পুর থানা ও সুছানাঘাঁটি মুক্তিবাহিনী সম্পূর্ণ ঘিরে রেখেছে। মুক্তিবাহিনীর প্রচন্ড আক্রমণের মুখে পাকসেনারা শ্রীহট্টে শহরের ভিতর ঢুকে নিরাপদ আশ্রয় নিতে বাধ্য হচ্ছে। শ্রীহট্টে ও সুনামগঞ্জের মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। মুক্তিবাহিনীর নৌকমান্ডোদের ভয়ে পাক জাহাজ বাংলাদেশে ভিড়তে পারছে না।

মুজিবনগর, ২৮ নভেম্বর- বাংলাদেশের বীর গেরিলারা বর্তমানে নৌ বন্দরে ও নদীপথে তাদের প্রচন্ড প্রতিরোধ অব্যাহত রেখেছে। এদের দুর্বার আক্রমণে ভীতসন্ত্রস্ত পাক নৌযানগুলো বাংলার অকূল সাগরে দিশেহারা হয়ে পড়েছে।

খবরে প্রকাশ, গত ২৬শে নভেম্বর বীর মুক্তিযোদ্ধারা বাংলাদেশের নদীপথে দুটি জাহাজ ও ছটি নৌযান ডুবিয়ে দিয়েছে। তন্মধ্যে নাকি আবার চীনের একটা বাণিজ্যিক জাহাজও ছিল। ফলে অবস্থা বেগতিক দেখে পাক কর্তৃপক্ষ করাচি বন্দরেও রাত্রিবেলায় জাহাজ নোঙ্গর করা নিষিদ্ধ করে দিয়েছেন। এমন কি করাচী বন্দরের ১২০ কিলোমিটরের মধ্যে নিজেদের দায়িত্ব ছাড়া কোন জাহাজকে প্রবেশ করতে বারন করা হয়েছে। কারণ, বলা তো যায় না, কখন আবার বন্ধু রাষ্ট্রের জাহাজগুলোর অবস্থাও বেগতিক হয়ে গেছে।

আমাদের মুক্তিবাহিনীর সদর দফতর জানচ্ছে যে, চট্টগ্রাম বন্দর এলাকায় এক হাজার টনের একটি তৈলবাহী জাহাজ, মেঘনা নদীতে চীনের একটি বানিজ্যিক জাহাজ, চাঁদপুরের কাছে চারটি বড় স্টিমার ও পাক নৌবহরের একটি গানবোট মুক্তিযোদ্ধাদের নৌ আক্রমণে নিমজ্জিত হয়ে গেছে।

উল্লেখ্য, থাকে যে, ডুবে যাওয়া ওই সব জলযানে খাদ্যসামগ্রী ও বাণিজ্যিক পণ্য বোঝাই ছিল। মুক্তিবাহিনীর নৌবহরের এইরুপ দুর্বার আক্রমণে চাঁদপুরের জলপথে এখন জাহাজ চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে।

এবার বাঁচাও

(স্টাফ রিপোর্টার)

মুজিবনগর, ২৯শে নভেম্বর- বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধারা দিকে দিকে জঙ্গীশাহীর মৃত্যু ভেরী বাজিয়ে এগিয়ে যাচ্ছে। আর হানাদার পাক দস্যুরা অবরুদ্ধ হয়ে সমস্বরে আর্তনাদ করছে, এবার বাঁচাও মোদের।

গত ২৮শে নভেম্বর সকালে মুক্তিবাহিনী পাক সামরিক জান্তাদের ব্যূহ ভেদ করে যশোর দুর্গের দিকে এগোতে থাকে। হানাদার বাহিনী মরিয়া হয়ে মুক্তিযোদ্ধাদের অগ্রগতি রোধের চেষ্টা করে। মুক্তিযোদ্ধারা তখন ভৈরব নদীর তীরে একটি পাকসেনাদের ইউনিট পর্যুদস্ত করে। বহু পাকসেনা প্রাণ হারায়।

সন্ধ্যা হতে না হতেই মুক্তিযোদ্ধাদের আক্রমণ আরো তীব্র হয়ে ওঠে। অনন্যোপায় পাক সেনারা তাদের সদর দফতরের উদ্দেশে জরুরী বেতার সংকেত তৎক্ষণাৎ সাহায্য পাঠাবার জন্য আর্ত আবেদন জানায়। কিন্তু মুক্তিযোদ্ধাদের শক্তিশালী বেতার যন্ত্রে পাক জান্তাদের উক্ত জরুরী সঙ্কেত ধরা পড়ে যায়। সদাসতর্ক বেঙ্গল রেজিমেন্টের অফিসারগণ সঙ্কেতের অর্থ বুঝতে পারেন।

মুক্তিযোদ্ধাদের তীব্র আক্রমণে পাকিস্তানী সৈন্যদের প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ছে। তাই আত্মরক্ষার জন্য তারা এখন দ্বিতীয় ফ্রন্ট খোলার প্রস্তুতি নিচ্ছে।এই সকল ফ্রন্ট থেকে তারা শেবারের মতো মরণ কামড় দেবার চেষ্টা চালাতে পারে।

পাক সেনারা এখন পালাবার পথ রক্ষার চেষ্টা পাচ্ছে

(নিজস্ব প্রতিনিধি)

পূর্ব বাংলায় এখন পাক সামরিক কর্তৃপক্ষের পলায়নপর্ব শুরু হয়েছে। মুক্তিবাহিনীর প্রচন্ড পাল্টা আক্রমণের সামনে দাঁড়াতে না পেরে এখন তারা দুটো পন্থা নিয়েছে। সমগ্র পূর্ব বাংলায় চার-পাঁচটা ক্যান্টনমেন্ট শহর বেছে

নিয়ে সেগুলিকে সর্বশক্তি দিয়ে ঘাঁটি তৈরী করেছে। যাতে কিছু দিনও আত্মরক্ষা করা যায়। এবং বাংলাদেশ থেকে যথাসম্ভব বিশিষ্ট ব্যক্তিদের ও কতকগুলি সামরিক সাজসরঞ্জাম সরিয়ে পশ্চিম পাকিস্তানে নিয়ে যাচ্ছে। পাকিস্তান প্রধান ঘাঁটিটা করেছে ঢাকায়। এবং ঢাকার বিমানবন্দরকে রক্ষা করার জন্য সমস্ত শক্তি দিয়ে ব্যবস্থা করেছে। যশোর, সিলেট, দিনাজপুর শহর থেকে সাফল্যজনকভাবে পিছু হটার ব্যবস্থা নিয়েছে। যে চার পাঁচটি ঘাঁটি পাকিস্তানীরা বাংলাদেশে তৈরি করতে চাইছে, তার প্রত্যেকটিতে দু'তিন ব্রিগেড করে সৈন্য রাখার পরিকল্পনা করেছে। ঢাকায় অবশ্য প্রায় দু'ডিভিশন সৈন্য রাখা হয়েছে।

এই চার-পাঁচটি ঘাঁটি থেকে বিমানে করে যথাসম্ভব নিজেদের লোকজন নিরাপত্তার জন্য পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হচ্ছে। পাকিস্তান বুঝেছে জলপথে তারা সুবিধা করতে পারেনা। চালনা এবং মঙ্গলা বন্দরের দিকে এগোলেই মুশকিল, চট্টগ্রাম বন্দরকে বলা যায় প্রায় অকেজো। প্রত্যেকটা বন্দরে প্রতিপক্ষের কামান ওৎ পেতে আছে।

পাকিস্তান ইতিমধ্যেই তাদের বিমান বাহিনীর বাংলাদেশ থেকে পশ্চিম পাকিস্তানে পাঠিয়েছে। বাংলাদেশে তাদের স্থান নাই দেখে তারা বিমানগুলি পশ্চিম পাকিস্তানে নিয়ে যাচ্ছে। এবং এইভাবে পশ্চিম পাকিস্তানে বিমান বাহিনীর শক্তি আরও বাড়াচ্ছে। ঢাকা ও পশ্চিম পাকিস্তানের মধ্যে পি আইএ স্বাভাবিক যাত্রা বন্ধ করে তাদের নিজেদের বিশিষ্ট ব্যক্তি ও তাদের পরিবারবর্গকে সরিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেছে। সর্বদা এই বিমান যাতায়াত করছে। পাক কর্তৃপক্ষের কিছুটা সময়ের দরকার কারণ যাতে তারা এই পলায়ন পর্বটা ভালোভাবে সম্পূর্ণ করতে পারে। তারা বুঝতে পেরেছে স্থল ও জলপথে যাওয়া তাদের বিপদ। পলায়ন পথে যাতে তাদের কোন বিপদ না থাকে তার জন্য ভাল বিমান বন্দর দরকার। এদিকে আবার শক্ত ঘাঁটি যশোর বিমানবন্দর ও ক্যান্টনমেন্ট। কিন্তু তাদের অসুবিধা হয়েছে যশোর ক্যান্টনমেন্টের পাশের বিমানবন্দরটি প্রচন্ড ক্ষতিগ্রস্ত। কামানের আঘাতে গোলার আঘাতে বিধ্বস্ত ওই বিমান ঘাঁটি থেকে বড় জেট বিমান ওড়ানো এখন প্রায় অসম্ভব। তাই তাদের যশোর ক্যান্টনমেন্টেও ছাড়তে হচ্ছে।

পাকিস্তানী কর্তৃপক্ষের পালাবার জন্য অন্তত ৩-৪ সপ্তাহ সময়ের দরকার। ওই সময়টুকুর জন্য তারা প্রাণপণ চেষ্টা করবে। কতগুলি ছোট ছোট ঘাঁটি করছে, সেগুলি হচ্ছে মূল ঘাঁটির চতুর্দিকেও কামানের পাল্লার বাহার (অন্তত বিশ মাইল), প্রথম ধাক্কাটা সামলাতে ওই ছোট ঘাঁটি সাধারণ সৈন্যদের জীবন দিতে হবে। কারণ বিশিষ্ট ব্যক্তিদের জীবন রক্ষা করার জন্য।

ঢাকার উপকণ্ঠ জ্বলছে

মুজিবনগর, ১লা ডিসেম্বর- মুক্তিবাহিনীর কমান্ডোদের আচমকা অক্রমণে ভীতসন্ত্রস্ত পাকবাহিনী গতকাল ঢাকা শহরের চারপাশে বহুদূর পর্যন্ত মুক্ত রাখার জন্য শহরোপকণ্ঠস্থ বহু গ্রামের বাড়ীঘর জ্বালিয়ে-পুড়িয়ে নিশ্চিহ্ন করে ফেলেছে এবং প্রায় তিনশত লোককে হত্যা করেছে বলে খবরে প্রকাশ।

এপির জনৈক ফটোগ্রাফার গতকাল ঢাকার প্রায় ৯ মাইল উত্তরে গ্রাম দেখে এসেছেন। তিনি জানান যে, খড়ের চালাঘর, বাঁশের বেড়ার ঘরের অধিকাংশই পাক সৈন্যরা পুড়িয়ে দিয়েছে। তিনি বলেন, পাক সৈন্যরা তাকে অন্য গ্রামগুলোতে যেতে বাধা দেয়। ঐ সব গ্রামের সমস্ত বাড়ীঘর নাকি ধ্বংস করা হয়েছে।

আগুনে পোড়া তিনটি গ্রামে সামান্য যে কয়জন গ্রামবাসী রয়েছেন, তারা বলেন, প্রায় পাঁচশ' সৈন্য বৃহস্পতিবার রাত থেকে মোট তিনবার গ্রামগুলোতে ঢুকেছিল। তারা আরো জানান যে, পাক সৈন্যরা সেই সকল অঞ্চলের ঘরবাড়ীর উপর হ্যান্ড গ্রেনেড নিক্ষেপ করে। যারা বোমা বিস্ফোরণের পরেও বেঁচে ছিলেন, তারা বন্দুকের গুলিতে অথবা জ্বলন্ত গৃহের মধ্যে আটক থেকে প্রাণ হারিয়েছেন। উক্ত ফটোগ্রাফার জানান যে, তিনি ঘাস, লতাপাতা ও কাদামাটি দিয়ে ঢাকা বহু মৃতদেহ দেখেছেন।

স্বাধীনতা যোদ্ধার মরণোত্তর সম্মানঃ সিলেট, ২৬শে নভেম্বর- বাংলাদেশ মুক্তিবাহিনীর হাই কমান্ড কাম্যাণ্ডো লীডার শ্রীজগৎজ্যোতি দাসকে বীরত্বের জন্য মরণোত্তর সম্মান দানের সিদ্ধান্ত নিয়েছেন। জগৎজ্যোতিকে গেরিলা যোদ্ধা বলেও বর্ণনা করা হয়। তিনি শত্রুর বুলেটে নিহত হবার আগে ১৭ জন পাক সেনাকে খতম করেছেন। এবং কিছু অস্ত্র দখল করেছেন।

এই সংঘর্ষ শ্রীহট্টের দক্ষিণ পশ্চিমে আজমীর গঞ্জে হয়েছে। তার সঙ্গী দেশপ্রেমিক গেরিলারা শত্রুর চেষ্টা ব্যর্থ করে নিহত শ্রীদাসের মৃতদেহ নিয়ে সামরিক মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন করে।

বালুরঘাট হিলি এলাকায় পাকিস্তানের আরও চারখানা ট্যাঙ্ক ধ্বংস

মুজিবনগর, ২৯শে নভেম্বর- সপ্তাহখানেক যাবৎ বালুরঘাট-হিলি এলাকায় দারুণ উত্তপ্ত হাওয়া বয়ে চলেছে। ভারতীয় সৈন্যরা প্রতিরক্ষামূলক ব্যবস্থা নিতে গিয়ে এই এলাকায় গত সপ্তাহে ৪ খানা পাকিস্তানী ট্যাংক ধ্বংস করে দেন। উল্লেখ্য যে, ইতিপূর্বেও এই এলাকায় আর একখানা পাক ট্যাঙ্ক বিধ্বস্ত করে দেয়া হয়।

গত শুক্রবারে বয়রা সেক্টরে ১৩ খানা পাকিস্তানী শাফি ট্যাঙ্ক সম্পূর্ণ ধ্বংস করে দেয়া হয়েছিল।

এই নিয়ে গত সপ্তায় পাকিস্তান মোট ১৮ খানা ট্যাঙ্ক হারালো। বয়রা এলাকায় পাকিস্তানী শেলের আঘাতে ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনীর একজন জোয়ান নিহত হন এবং অপর দু'জন আহত হন। এখানে পাকিস্তানের একখানা সামরিক গাড়ীও ধ্বংস হয়।

পতনের মুখে যশোর ক্যান্টনমেন্টঃ বরিশালে পাকসেনাদের নতুন ঘাঁটি স্থাপনের উদ্যোগ

(রণাঙ্গন প্রতিনিধি)

মুজিবনগর, ৩০শে নভেম্বর-বাংলাদেশের পশ্চিমাঞ্চলে যশোহর ক্যান্টনমেন্টই হচ্ছে পাক সেনাদের সর্ববৃহৎ ও সর্বাপেক্ষা শক্তিশালী ঘাঁটি। কিন্তু এখানে গত কয়েক সপ্তাহ ধরে খানসেনারা মুক্তিবাহিনীর হাতে মার খাচ্ছে। তাদের বহু সৈন্য হতাহত হয়েছে। কয়েকখানি ট্যাঙ্ক ও সামরিক গাড়ী ধ্বংস হয়ে গেছে। সর্বোপরি ক্যান্টনমেন্টসহ সমগ্র যশোর শহরটিই মুক্তিযোদ্ধারা অবরোধ করে রেখেছেন।

মুক্তিযোদ্ধাদের ধারণা, যশোর ক্যান্টনমেন্টের পতন অতি আসন্ন। এ এলাকার পাক সেনারা ত্রাহি ত্রাহি রবে আকাশ ফাটাচ্ছে।

অতএব দস্যুবহিনী এখন মরিয়া হয়ে একটা নতুন আশ্রয়স্থল বা ঘাঁটি স্থাপনের স্বপ্ন দেখছে। তাদের এই স্বপ্নের ঘাঁটি হিসেবে তারা বরিশাল শহরকেই বেছে নিয়েছে। ইতিমধ্যেই তারা বরিশাল শহরের চতুর্দিকে প্রচুর গান বোট, স্পীড বোট ও নৌসেনাদের দিয়ে কড়া বেষ্টনী গঠন করে ফেলেছে। কিছুকাল আত্মরক্ষার জন্য এবং মুক্তিবাহিনীর অপ্রতিরোধ্য আক্রমণ প্রতিরোধের দুরাকাঙক্ষা নিয়েই তারা বরিশাল শহরে একটি শক্তিশালী ঘাঁটি স্থাপনের প্রয়াস পাচ্ছে।

-সাপ্তাহিক বাংলা, ২ ডিসেম্বর, ১৯৭১

বিভিন্ন রণঙ্গনে পাকবাহিনীর লোটা কম্বল গুটানো শুরু

মুক্তিবাহিনীর মারের চোটে বিভিন্ন এলাকা থেকে পাকবাহিনীর লোটা কম্বাল গুটানোর সংবাদ পাওয়া যাচ্ছে। বিভিন্ন রণাঙ্গনে একের পর এক পাকবাহিনীর ঘাঁটিগুলি পতন ঘটে চলেছে। খান সেনারা মুক্তিযোদ্ধাদের বহুমুখি আক্রমণের সম্মুখে পর্যুদস্ত হয়ে একের পর এক এলাকা ছেড়ে দিয়ে পিছু হটতে বাধ্য হচ্ছে। যশোর রণাঙ্গনে মুক্তিযোদ্ধাদের অগ্রাভিযান অব্যাহত রয়েছে। তারা যশোর শহরে শত্রুশিবিরের উপর অবিরাম গোলাবর্ষণ করে চলেছে। মুক্তিবাহিনীর দুর্বার অভিযানে দিনাজপুরের পচাগড় শহরটি তাদের পূর্ণ দখলে আসে। ময়মনসিংহ

রণাঙ্গণে কয়েকদিন তুমুল ষংঘর্ষের পর আমাদের মুক্তিযোদ্ধারা শত্রুসেনাদের শক্তিশালী ঘাঁটি কামালপুর দখল করে নিয়েছে। হানাদার বাহিনী বিপুল হতাহত ও ক্ষয়ক্ষতি স্বীকার করে পিছু হটছে আর মুক্তিবাহিনী দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে। রংপুর ও দিনাজপুরে মুক্তিবাহিনী ২৫০০ বর্গমাইল এলাকা মুক্ত করে নিয়েছে। রংপুর জেলার আর একটি শহর মুক্তিবাহিনীর দখলে এসেছে। সিলেট জেলার শমসের নগর বিমান ঘাঁটিটি মুক্তিবাহিনী অবরোধ করে রেখেছে। সেখানে মুক্তিযোদ্ধাদের প্রবল আক্রমণ অব্যহত রয়েছে। বালুঘাটে তুমুল যুদ্ধ চলছে। অপর এক সংঘর্ষে মুক্তিবাহিনী সুনামগঞ্জের তাহেরপুর এলাকা মুক্ত করে নিয়েছে। নোয়াখালী রণাঙ্গনে মুক্তিযোদ্ধাদের অগ্রাভিযান অব্যাহত রয়েছে। তারা শত্রুসেনাদেরকে কোণঠাসা করে ফেনী শহরটি অবরোধ করে রেখেছে। ফেনী শহর দখল করার জন্য মুক্তিযোদ্ধারা হানাদার বাহিনীর উপ্র প্রবল আক্রমণ চালিয়ে যাচ্ছে। সেখানে এখন তুমুল সংঘর্ষ চলছে। সংবাদে আরো প্রকাশ যে, বাংলাদেশের অধিকৃত অঞ্চলের বিভিন্ন থানা হতে পাকসেনারা বয়ে আতঙ্কগ্রস্ত হয়ে পালিয়ে যাচ্ছে এবং বাংলাদেশ ছেড়ে চলে যাওয়ার জন্য ব্যাকুল হয়ে পড়েছে।

মুক্তিযোদ্ধাদের ডায়েরী থেকে

মা,

তুমি আজ কোথায় জানি না। তোমার মত শত শত মায়ের চোখের জল মুছে ফেলার জন্য বাংলার বুকে জন্ম নিয়েছে লক্ষ লক্ষ মুক্তিযোদ্ধা। আমি যদি মরে যাই তুমি দুঃখ করো না মা। তোমার জন্য আমার যোদ্ধাজীবনের ডায়েরী রেখে গেলাম আর রেখে গেলাম লক্ষ লক্ষ মুক্তিযোদ্ধা। তারা সবাই তোমার ছেলে। আজ হাসপাতালে শুয়ে তোমার স্নেহমাখা মুখখানি বারবার মনে পড়ছে। আমার ডায়েরীটা তোমার হাতে গেলে তোমার সকল দুঃখ দূর হয়ে যাবে। দেখবে তোমার ছেলে শত্রুকে পেছনে রেখে কোনদিন পালায়নি। যেদিন তুমি আমাকে বিদায় দিয়েছিলে আর বলেছিলে শত্রু দেখে কোনদিন পেছনে আসিসনি বাবা। তুমি বিশ্বাস কর মা শত্রু দেখে আমি কোনদিন পালাইনি। শত্রুর বুলেট যেদিন আমার বুকের বাঁদিকে বিঁধলো সেদিনও তোমার কথা স্মরণে রেখেছিলাম। মা, আমার সবচেয়ে আনন্দ কোথায় জান? আজ থেকে চারদিন পূর্বে একটি গ্রামের পাশ দিয়ে যাচ্ছি হঠাৎ বেদনাক্লিষ্ট একটি নারীকণ্ঠ ভেসে আসলো। কালবিলম্ব না করে সেদিকে দৌড়ে গেলাম। একটা গুলি আমার মাথার উপর দিয়ে চলে গেল- আবার একটা। আবার বুঝলাম শত্রুরা আমাকে লক্ষ্য করেই গুলি ছুড়ছে তবু আমি এগিয়ে চলেছি। বাড়ীটার পিছনে একটা বাঁশঝাড়ের আড়ালে পজিশন নিলাম। দেখলাম বিবস্ত্রা একটি নারীদেহ নিয়ে কয়েকজন শত্রু পৈশাচিক খেলায় মেতে উঠেছে। আমি আর স্থির থাকতে পারলাম না মা। মনে পড়ে গেল বাংলার লক্ষ লক্ষ মায়ের কথা। শত্রুকে লক্ষ্য করে গুলি ছুড়লাম। ওরাও অনবরত গুলীবর্ষন শুরু করলো। জ্ঞান ফিরে দেখি আমি হাসপাতালে। জানতে পারলাম আমার গুলিতে ৫ জন নরখাদক পৃথিবী থেকে বিদায় নিয়েছে। দোয় করা মা। ভাল হয়ে আবার যেন তোমার শত শত সন্তানদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে শত্রুর উপর ঝাঁপিয়ে পড়ে মায়ের অপমানের প্রতিশোধ নিতে পারি।

ইতি-

তোমার ছেলে

-বাংলাদেশ, ৩ ডিসেম্বর, ১৯৭১

ফেনী, টাঙ্গাইল, জাকিগঞ্জ দখলেঃ সাতক্ষীরা, কিশোরগঞ্জ মুক্তিবাহিনী পূর্ণ নিয়ন্ত্রণে

(জন্মভূমির রনাঙ্গন প্রতিনিধি)

বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধারা ক্রমাগত পশ্চিম পাকিস্তানী হানাদার শত্রুদের উপর আক্রমণ চালিয়ে বাংলাদেশের পবিত্র মাটি থেকে আস্তে আস্তে জঙ্গীশাহীর ভাড়াটিয়া সৈন্যদের সরিয়ে দিয়ে একের পর এক জয়গা গেরিলা যোদ্ধারা দখল করে নিয়ে যাচ্ছে। গত সপ্তাহে মুক্তিবাহিনীর টাঙ্গাইল ও কিশোরগঞ্জ মহকুমা এবং

সিলেটের জকিগঞ্জ সম্পূর্ণভাবে পাকিস্তানী সৈন্যমুক্তি করেছে। খুলনা জেলার সাতক্ষীরা ও নোয়াখালীর ফেনী মহকুমা মুক্তিবাহিনীর পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।

ফেনী দখলের ফলে উত্তরে লাকসাম থেকে দক্ষিণে চট্টগ্রাম পর্যন্ত রেল সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। মহকুমা শহরকে চারিদিক থেকে অবরোধ করেছে। জননী বাংলার কমান্ডোরা সাতক্ষীরা মহকুমার দেবহাটা, কালিগঞ্জ প্রভৃতি থানা ও টাঙ্গাইল জেলা এবং সিলেটের জকিগঞ্জ থানাকে সম্পূর্ণ শত্রুমুক্ত করে কিশোরগঞ্জ ও সাতক্ষীরা শহরের আশেপাশে যুদ্ধ চালিয়ে যাচ্ছে। অচিরেই এই সমস্ত মহকুমা থেকে হানাদার শত্রুদের হটিয়ে দিতে সক্ষম হবে বলে মুক্তিবাহিনীর সদর দফতরের খবরে জানা গেছে।

বরিশাল,ফরিদপুর ও কুমিল্লা অবরোধঃ সংগ্রামী বাংলার মুক্তিযোদ্ধারা জঙ্গীশাহীর সামরিক বাহিনীর সম্পূর্ণ যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়ায় একমাত্র জেলা সদর ছাড়া সারা ফরিদপুর ও বরিশাল জেলা থেকে পাকিস্তানী হানাদার বাহিনী ভাড়টিয়া সৈন্যদের প্রত্যাহার করে নিতে বাধ্য হয়েছে। যশোর জেলার গুরুত্বপূর্ণ বাণিজ্য কেন্দ্র চৌগাছা মুক্ত হওয়ার পর মঙ্গলবার থেকে সেখানে স্বাভাবিক অবস্থা ফিরে আসছে।

সামগ্রিকভাবে বরিশাল ও ফরিদপুরের তিন-চতুর্থাংশের বেশী এলাকা জনপথের উপর নির্ভরশীল। কিন্তু মুক্তিবাহিনী স্টিমার ও লঞ্চগুলির উপর আক্রমণ চালাবার ফলে ঐগুলির চলাচল বন্ধ হয়েছে। গেরিলারা উত্তর রণাঙ্গনের রাধানগরে একমাস যুদ্ধ করে ঐ এলাকাটি দখল করে নিয়েছে।

বিয়ানীবাজার, আখাউরা, কুলাউড়া, ব্রহ্মণবাড়িয়া, দর্শনা দখলেঃ

সিলেট, যশোর, কুমিল্লা, নোয়াখালীর পতন আসন্ন

বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে ভারতীয় সৈন্য ও মুক্তিবাহিনী কয়েকটি উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। তারা বিয়ানীবাজার, কুলাউড়া, লাকসাম, আখাউড়া, দর্শনা, লালমনিরহাট, মিয়াবাজার, কোটচাঁদপুর দখল করেছে। ভারতীয় সৈন্য ও মুক্তিবাহিনী এসব এলাকা দখল করে বর্তমানে সিলেট, যশোর, কুমিল্লার শহর দখলের জন্য যুদ্ধ করেছে। শীঘ্রই তিনটি জেলা পাক ভাড়াটিয়া সৈন্য মুক্ত হবে বলে আমাদের রণাঙ্গন প্রতিনিধিরা জানিয়েছে।

সিলেটে প্রচন্ড যুদ্ধঃ মুক্তিযোদ্ধাদের সঙ্গে সিলেটের ১০ মাইল দূরে শাহিবাগে শত্রু বাহিনীর হানাদারদের সঙ্গে প্রচন্ড লড়াই চলছে। সিলেট জেলার সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার মহকুমার মিটাউন, ইটনা, নিকলি, অষ্টগ্রাম, বানিয়াচঙ্গ, আজমীরিগঞ্জ, নবীগঞ্জ ও জগন্নাথপুর এলাকা এখন সংগ্রামী গেরিলাদের পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।

তাহেরপুর থানা অবরুদ্ধ। কোম্পানীগঞ্জ ও সালুটিকর এলকায় মুক্তিবাহিনীর সাথে পাক শত্রু সেনাদের যুদ্ধ চলছে। সিলেট ও সুনামগঞ্জের মধ্যে সম্পূর্ণ যোগাযোগ বিচ্ছিন্ন। শ্রীমঙ্গল মুক্তিযোদ্ধাদের দখলে।

বাংলাদেশে পাক বিমান বহর খতম

মুজিবনগর, ৬ই ডিসেম্বর তিন দিনের যুদ্ধে ভারত দখলীকৃত বাংলাদেশে এহিয়া বাহিনীর প্রায় সমস্ত বিমান বহর নিশ্চিহ্ন করে দিয়েছে। শনিবার ১৭০ বার ও রবিবার ২৭০ বার ভারতীয় বিমান বাহিনী পাকিস্তানের বিভিন্ন জায়গায় আক্রমণ করে ৪৭ খানি জঙ্গী বিমানকে ধ্বংস করেছে। ঢাকা, লাহোর, পেশোয়ার, চট্টগ্রাম, সারগোদা, করাচীসহ বহু স্থানে বোমাবর্ষণ করেছে। ভারতীয় সূত্রে জানা গেছে গতকাল রবিবারে ও সোমবারে বাংলাদেশের আকাশে স্বাধীনভাবে ভারতীয় জঙ্গী বিমানাগুলি বিনা বাধায় উড়ে যায় ও কুর্মিটোলাসহ দখলীকৃত বাংলাদেশে জঙ্গীশাহীর বিভিন্ন সামরিক বিমান ঘাঁটিতে আক্রমণ করেছে। বাংলাদেশে জঙ্গী এহিয়ার বর্তমানে কোন বিমান আর নেই। ভারতীয় বিমান বাহিনী সবগুলি নিশ্চিহ্ন করে দিয়েছে।

চট্টগ্রামে পাঁচটি বিদ্যুৎ কেন্দ্র বিধ্বস্ত

করাচী থেকে এসোসিয়েটেড প্রেস অব পাকিস্তান জানিয়েছে, গত বৃহস্পতিবার তিন সকাল বেলার পর পর কয়েকটি বিস্ফোরণের মধ্যে মুক্তিবাহিনী চট্টগ্রামে পাঁচটি বিদ্যুৎ কেন্দ্র এবং কয়েকটি পেট্রোল পাম্প বিধ্বস্ত ও ক্ষতিগ্রস্ত করেছে।

শমসেরনগর ও ঠাকুরগাঁও বিমানঘাঁটি দখলে

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে অনুপ্রাণিত জননী বাংলার বীর মুক্তিযোদ্ধারা বীর বিক্রমে পশ্চিম পাকিস্তানী হানাদার ভাড়াটিয়া সৈন্যদেরকে আঘাতের পর আঘাত হেনে বাংলাদেশের পবিত্র মাটি থেকে চিরতরে সমূলে বিনাশ করছে। মুক্তিবাহিনী গত শুক্রবার সিলেটের শমসেরনগর বিমান ঘাঁটি এলাকার চার দিক থেকে ক্রমাগত আক্রমণ চালিয়ে শত্রুবাহিনীর সাথে প্রচন্ড লড়াই করে শমসেরনগর বিমানঘাঁটি দখল করে নেয় মুক্তিবাহিনী ঐ দিনই ঠাকুরগাঁও শহর ও বিমানঘাঁটি দখল করে এবং বিজয় গৌরবে গুরুত্বপূর্ণ রেলশহর সৈয়দপুরের দিকে অগ্রসর হয়ে শত্রুবাহিনীর উপর আক্রমণ অব্যাহত রেখেছে।

চারটি কামান দখলে

কুমিল্লার গঙ্গাসাগরে মুক্তিবাহিনী পাকিস্তানী হানাদার সেনাদের পরাস্ত করে তাদের অগ্রবর্তী ঘাঁটিতে ফেলে যাওয়া ৪ টি বড় কামান দখল করেছে।

-জন্মভূমি, ৬ ডিসেম্বর, ১৯৭৪১

* * * * *

দশদিগন্তে মুক্তিযোদ্ধাদের জয়জয়কার

\ রণবার্তা পরিবেশক \

বাংলাদেশের সকল রণাঙ্গণে মুক্তিযোদ্ধাদের অপ্রতিহত অগ্রযাত্রা অব্যাহত রহিয়াছে। দখলীকৃত এলাকার অভ্যন্তরেও দুর্ধর্ষ মুক্তিযোদ্ধারা জলে স্থলে খান সেনাদের উপর অতর্কিত হামলা চালাইয়া তাদের খতম এবং আহত কারিয়া চলিয়াছেন।

ইতিমধ্যেই মুক্তিযোদ্ধারা সিলেটের উত্তরাঞ্চলের টেংড়াটিলা, গড়া, সিমুলতানা, কার্নী, আলীরগাঁও, পিরিজপুর, সুলতানপুর এবং উত্তরে রংপুর জেলার নাগেশ্বরী মুক্ত করিয়া স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করিয়াছেন। ময়মনসিংহ জেলার গুরুত্বপূর্ণ কামালপুর এলাকারও বিস্তৃত পূর্বঞ্চল হইতে হানাদার বাহিনীকে বিতাড়িত করা হইয়াছে।

ফরিদপুর এবং বরিশাল পটুয়াখালী জেলার বহু এলাকা হইতে হানাদার বাহিনী সরিয়া পড়িয়াছে। এই রিপোর্ট লেখা পর্যন্ত (বৃহস্পতিবার) নোয়াখালী জেলার ফেনী, যশোর শহর, ঝিকরগাছা, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, দর্শনা, কিশোরগঞ্জ, সিলেট, শমসেরনগর আখাউড়া প্রভৃতি স্থানে প্রচন্ড লড়াইয়ের খবর পাওয়া যায়। সকল রণাঙ্গনেই মুক্তিযোদ্ধাদের হাতে প্রচন্ড মার খাইয়া হতাশাগ্রস্ত এবং মনোবলহারা হানাদার বাহিনী পিছু হটিয়া যাইতেছে। মুক্ত অঞ্চলসমূহ দ্রুত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেসামরিক এবং সামরিক প্রশাসন ব্যবস্থা চালু করা হইতেছে। সঙ্গে সঙ্গে দ্রুত লোকজনের ত্রাণকার্য পুনর্বাসন কার্য শুরু হইতেছে।

গত মাসের দ্বিতীয় সপ্তাহে ময়মনসিংহ জেলার নেত্রকোনা এবং ত্রিশালে মুক্তি সংগ্রামীরা ২টি অফিস স্থাপন করেন। খানসেনা কর্তৃক গঠিত রাজাকার, বদর এবং সমাজবিরোধী ব্যক্তিরা এইসব অফিসে আসিয়া স্বেচ্ছায় আত্মসমর্পণ করিতেছে।

ময়মনসিংহের দেওয়ানগঞ্জ হইতে আমাদের প্রতিনিধি লিখিয়াছেন যে, বীর মুক্তিযোদ্ধারা গত ১৪ই নভেম্বর জামালপুর মহকুমার কামালপুরে হানাদার বাহিনীর সহিত ৩৬ ঘণ্টা স্থায়ী এক সংঘর্ষে শতাধিক দুশমনকে হতাহত করেন। উল্লেখযোগ্য যে, কামালপুর খানসেনাদের একটি শক্তিশালী ঘাঁটি। এই যুদ্ধে মুক্তিযোদ্ধারা ভারী মেশিনগান, মর্টারসহ বহু চীনা এবং মার্কিন অস্ত্র হস্তগত করেন। এই দিনই বক্সীগঞ্জ মাদ্রা সড়কে খানসেনাদের উপর অতর্কিত হামলা চালাইয়া তাহারা অর্ধশত খান সেনা খতম করেন। ১৯শে নভেম্বর দেওয়ানগঞ্জ থানার উঠান পাড়ায় অতর্কিত হামলা চালাইয়া স্বাধীনতা সংগ্রামীরা আরও ১৯ জন হানাদার সৈন্যকে হতাহত করেন। ইহার পর বর্বর পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনী সূর্যনগর, উঠানপাড়া এবং মাসীর গ্রাম জ্বালাইয়া দেয়।

গত ২১শে নভেম্বর মুক্তিযোদ্ধারা বাহাদুরাবাদ ঘাটে জঙ্গী সেনাদের রসদ ও অস্ত্রশস্ত্রবাহী দুইটি স্টিমার এবং একটি লঞ্চ ধ্বংস করিয়া দেন। এখানে কয়েকজন পাঞ্জাবী সৈন্যেরও সলিল সমাধি হয়।

১৭ই নভেম্বর সিরাজগঞ্জের নিকট খানসেনাদের উপর অতর্কিত হামলা চালাইয়া স্বাধীনতা সংগ্রামীরা ৭টি দুই ইঞ্চি মর্টার, একটি ভারী মেশিনগান এবং অন্যান্য বহু অস্ত্রশস্ত্র হস্তগত করেন। এই আক্রমণের সময় দুর্ধর্ষ মুক্তিযোদ্ধারা পাকিস্তানী সৈন্যদের আকস্মিকভাবে ঘিরিয়া ফেলিলে বেলুচ রেজিমেন্টের ক্যাপ্টেন শাহ তাহার ১২ জন সঙ্গীসহ আত্মসমর্পণ করে।

বরিশাল হইতে বিলম্বে প্রাপ্ত এক খবরে জানা যায়, দুর্ধর্ষ মুক্তিযোদ্ধারা উজীরপুর, মুলাদী থানা দপ্তর, ভোলা মহকুমার লালমোহন চরফ্যাশন, বোরহানউদ্দিন এবং পিরোজপুর মহকুমার স্বরূপকাঠি এবং বানারীপাড়া থানায় হামলা চালাইয়া মোট ২১ জন হানাদার সৈন্য এবং উহাদের অনিয়মিত বাহিনীর ১১৫ জনকে খতম করেন। এই সকল সংঘর্ষের সময় মুক্তিযোদ্ধারা ৬০টি রাইফেলসহ অস্ত্রশস্ত্র, শত্রুবাহিনীর ৩টি লঞ্চ, কয়েকটি গানবোট এবং ২টি বার্জ দখল করিয়া নেয়।

দেশে হাজার হাজার খান সেনা অবরুদ্ধ

**\ রণবার্তা পরিবেশ **

বাংলাদেশে দুর্ধর্ষ মুক্তিযোদ্ধা এবং ভারতীয় মিত্রবাহিনীর চতুমূর্খী দুর্বার অগ্রযাত্রার মুখে হাজার হাজার হানাদার পাকিস্তানী কাপুরুষ সৈন্যরা বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে অবরুদ্ধ হইয়া পড়িয়াছে। শুধু বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনেই কেন, গোটা বাংলাদেশেই ইহারা এখন অবরুদ্ধ। পলায়নের সকল পথ ইহাদের রুদ্ধ। তাই রণাঙ্গনেই ইহারা মুক্তিযোদ্ধা ও মিত্রবাহিনীর নিকট অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পণ করিতেছে দলে দলে।

বাংলাদেশে হানাদার সৈন্যদের দখলীকৃত সব কয়টি বিমানবন্দরে মিত্রবাহিনীর বিমানগুলো বোমাবর্ষণ করিয়া দেওয়ায় সকল বিমানঘাঁটিই বিধ্বস্ত হইয়া গিয়াছে। বাংলাদেশে শত্রুর সকল বিমানঘাঁটি এখন অকেজো হইয়া রহিয়াছে। উল্লেখ করা যাইতে পারে যে, মুক্তিযোদ্ধারা ইতিমধ্যেই দিনাজপুরের ঠাকুরগাঁও এবং সিলেটের শমসের নগর বিমানঘাঁটি দখল করিয়া লইয়াছেন। ফলে বাংলাদেশের হানাদার পাকিস্তানী সৈন্যদের আকাশ পথে চলাচল কিংবা পলায়নের সকল সুযোগ ও সম্ভাবনা বন্ধ হইয়া গিয়াছে। চতুর্দিক হইতেই হানাদাররা আজ অবরুদ্ধ।

স্থলভাগেও মুক্তিযোদ্ধারা গুরুত্বপূর্ণ সড়ক এবং রেলসেতুগুলি উড়াইয়া দেওয়ায় খানসেনাদের ঘাঁটি হইতে বাহির হইবারও কোন পথ নাই। মুক্তিযোদ্ধারা খুলনা জেলায় সাতক্ষীরা-খুলনার মধ্যে সড়ক সেতু উড়াইয়া দেওয়ায় এবং সাতক্ষীরা-যশোর ও খুলনা-সাতক্ষীরা রাস্তার গুরুত্বপূর্ণ অংশ দখল করিয়া রাখায় সাতক্ষীরা অবস্থান হইতে খানসেনারা হাঁটিয়া যাইতেও পারিতেছে না। যশোর-কুষ্টিয়া সেক্টরে খানসেনাদের অপারেশনাল হেড কোয়ার্টার ঝিনাইদহের মধ্যে রাস্তার গুরুত্বপূর্ণ অংশ মুক্তিসেনারা দখল করায় খান সেনাদের যশোর-ঝিনাইদহ যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। ফলে ইহারা এখন যশোর হইতে ঢাকা অভিমুখে পলায়নের পথ পাইতেছে না। কুষ্টিয়ার রেল জংশনটিও মুক্তিযোদ্ধাদের দখলে আসায় ইহারা আর কুষ্টিয়া হইতেও বাহরি হইতে পারিবে না।

কুমিল্লা-নোয়াখালী-চট্টগ্রাম গুরুত্বপূর্ণ আখাউড়া রেল জংশন কখল করিয়া লওয়ায় সিলেট-কুমিল্লা-চট্টগ্রাম এবং ঢাকার সহিত ইহাদের যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া গিয়াছে। কুমিল্লা হইতে সড়কপথে ঢাকায় ফিরিয়া যাওয়ার পথে দাউদকান্দি ফেরিঘাট তথা গোটা দাউদকান্দি এলাকা এখন মুক্তিযোদ্ধাদের দখলে।

কুমিল্লা-ফেনী-চট্টগ্রামের মধ্যে গুরুত্বপূর্ণ রেল মুক্তিযোদ্ধাদের দখলে চলিয়া আসায় কুমিল্লার সহিত ফেনীর এবং ফেনীর সহিত চট্টগ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া গিয়াছে। চট্টগ্রাম হইতে কিংবা কুমিল্লা হইতে খানসেনারা ফেনীতে আর রসদ কিংবা সৈন্য সরবরাহ করিতে পারিবে না। এদিকে সিলেটেও আকাশ, সড়ক এবং রেলপথ বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। জলপথে সিলেটের গুরুত্বপূর্ণ লঞ্চঘাট আজমিরীগঞ্জ, অষ্টগ্রাম চাতলপার মুক্তিযোদ্ধাদের নিয়ন্ত্রণে রহিয়াছে। জলপথে চট্টগ্রাম, বরিশাল, খুলনা হইতে ঢাকায় যাওয়ার পথও বন্ধ হইতে চলিয়াছে। লাকসাম দখলের পর মুক্তিযোদ্ধারা ও মিত্রবাহিনী নদীপথের গরুত্বপূর্ণ জংশন চাঁদপুরের দিকে অগ্রসর হইয়া চলিয়াছেন। চাদপুর পতনের পর জলপথে বরিশাল, ফরিদপুর, খুলনার মধ্যে খানসেনাদের চলাচলের সকল সম্ভাবনা বন্ধ হইয়া যাইবে। ময়মনসিংহ সেক্টরে জামালপুর রেলওয়ে জংশনও দুই-একদিনের মধ্যেই স্বাধীনতা সংগ্রামীদের হাতে পতন ঘটিলে রেলপথে উত্তর বাংলা-ময়মনসিংহ যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হইয়া পড়িবে।

উল্লেখযোগ্য যে, ঢাকা বিমান বন্দরটিও সম্পূর্ণ অচল হইয়া পড়ায় বাংলাদেশ হইতে খানসেনাদের আকাশপথে পলায়নের পথ রুদ্ধ হইয়া পড়িল। সমুদ্রপথে বাংলাদেশের সীমানা বরাবর বঙ্গোপসাগরে মুক্তিযোদ্ধাদের মিত্র ভারতীয় নৌবহর কঠোর ব্যূহ রচনা করায় চট্টগ্রাম দিয়াও খানসেনারা সমুদ্রপথে পশ্চিম পাকিস্তানে পলায়নের পথ পাইবে না।

সাবাস!

এ্যাসোসিয়েটেড প্রেসের এক সংবাদে প্রকাশ, মুক্তিযোদ্ধারা গত ১লা ডিসেম্বর ঢাকার দুইজন মুসলিম লীগ দলীয় কর্মীকে সাবাড় করিয়াছে।

হাসপাতাল সূত্রে জানা গিয়াছে যে, আরো দুইজনকে বুলেটবিদ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হইয়াছে। তাহাদের অবস্থাও গুরুতর।

পুলিশ জানাইয়াছে যে, নিহত শাহজাহান এবং আশেক নসরুল্লাহ যখন শান্তিবাগের এক রেস্টুরেন্টে বসিয়া ছিল তখন মুক্তি

যোদ্ধারা তাহাদের উদ্দেশ্যে স্টেনগান হইতে গুলিবর্ষণ করে। গেরিলাদের কাহাকেও গ্রেফতার করা সম্ভব হয় নাই।

এএফপির এক খবরে প্রকাশ, ঢাকায় পিপলস পার্টির অফিস এক বোমা বিস্ফোরণের ফলে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এই অফিসটি জুলফিকার আলী ভুট্টো গত দুই মাস পূর্বে উদ্বোধন করেন।

অফিসের আসপবাবপত্র সম্পূর্ণভাবে বিনষ্ট হয়। বিস্ফোরণের সময় অফিসে কোন কর্মকর্তা উপস্থিত ছিল না।

গেরিলা মুক্তিযোদ্ধাদের আর এক অভিযানে একজন ব্যাঙ্ক প্রহরী এবং একজন ব্যাঙ্ক কর্মচারী আহত হয়।

মুক্তিযোদ্ধাদের গেরিলা তৎপরতায় দিশাহারা

হানাদার বর্বর বাহিনীর পোড়ামাটি নীতি অবলম্বন

বাংলাদেশের অভ্যন্তরে গেরিলা তৎপরতা বৃদ্ধি পাওয়ার ফলে পশ্চিম পাকিস্তানী সামরিক জান্তাদের নির্দেশে সামরিক বাহিনীর লোকরো পুনরায় গ্রামবাসীদের হত্যা এবং বাড়ী ঘর জ্বালাইয়া দেওয়ার এক বর্বর অভিযান শুরু করিয়াছে।

গেরিলা সন্দেহে জিঞ্জিরা কতজন যুবককে সারিবদ্ধভাবে দাঁড় করাইয়া হত্যা করা হইয়াছে তাহার এক চাঞ্চল্যকর রিপোর্ট গত ১লা ডিসেম্বরের নিউ ইয়র্ক টাইমস পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

এই রিপোর্টে বলা হইয়াছে যে বুড়িগঙ্গার অপর পাড়ের এই গ্রামটিতে অন্ততঃ ৮৭ জনকে সামরিক বাহিনীর লোকেরা হত্যা করিয়াছে। ইহাদের অধিকাংশই যুবক। নারী এবং শিশুরাও তাহাদের হাত হইতে রক্ষা পায় নাই।

ঢাকায় এই মর্মে খবর ছড়াইয়াছে যে এই সকল এলাকায় মুক্তিযোদ্ধারা চরম আঘাত হানার জন্য প্রস্তুতি গ্রহণ করিতেছে। গত সপ্তাহে একজন সামরিক অফিসার স্বীকার করিয়াছে যে, মুক্তিযোদ্ধারা তাহাদের তৎপরতা বৃদ্ধি করিয়াছে।

এই সামরিক অফিসারটি তাহাদের এই অভিযানকে মুক্তিযোদ্ধাদের 'ঠান্ডা' করার অভিযান বরিয়া বর্ণনা করে এবং বলে কয়দিন অপেক্ষা করুন।

জিঞ্জিরা হইতে চার্চ এবং রিলিফ কর্মীদের বক্তব্য উদ্ধৃত করিয়া এক রিপোর্টে বলা ইহয়াছে যে ঢাকার উত্তরে ১০ মাইল এলাকা ব্যাপিয়া হানাদার বাহিনী গণহত্যা এবং গণনির্যাতন চালাইয়া যাইতেছে।

রাঙামাটি ব্যাপটিষ্ট মিশনে হানাদার বাহিনী কর্তৃক আক্রান্ত হইয়া চার্লস আর, হাউজার নামক একজন ধর্মযাজক এবং বহু বাঙালি 'নান' নিহত হন।

-বাংলার বাণী, ৭ ডিসেম্বর, ১৯৭১

* * * * *

বিভিন্ন ঘাঁটি হইতে পাকবাহিনীর পশ্চাদপসরণ

(নিজস্ব সংবাদদাতা)

আমাদের দুর্ধর্ষ মুক্তিবাহিনী ভারতীয় মিত্রবাহিনীর সাথে কাঁধে কাঁধ মিলিয়ে বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে শত্রু সেনাদের উপর চূড়ান্ত আঘাত হেনে চলেছেন। মুক্তিবাহিনী আর মিত্রবাহিনীর সম্মিলিত চরম আঘাতে নাজেহাল হয়ে পাকবাহিনী একরের পর এক তাদের ঘাঁটিগুলি ছেড়ে দিয়ে পিছু হটতে বাধ্য হচ্ছে। শত্রুসেনারা এখন কয়েকটি ক্যান্টনমেন্টে অবরুদ্ধ হয়ে পড়েছে। মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী তাদেরকে সর্বদিক থেকে ঘিরে ফেলেছে। তাদের পালাবার আর কোন পথ নেই। যশোর রণাঙ্গনে মুক্তিবাহিনী মিত্রবাহিনীর সহেযাগিতায় দুর্ভেদ্য যশোর ক্যান্টনমেন্ট দখল করে নিয়েছেন। যশোর বিমান বন্দর সম্পূর্ণ শত্রুমুক্ত করে আর এক তুমুল সংঘর্ষের পর ঝিনাইদহ শহরটি মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী দখল করে নেয়। যশোর এখন সম্পূর্ণ শত্রুমুক্ত। রংপুরের লালমনিরহাট বিমানবন্দরে আমাদের মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী দখলে এসেছে। দিনাজপুর শহর দখল করার জন্য মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী শত্রুছাউনির উপর প্রবল আক্রমণ চালিয়েছে। সেখানে এখন তুমুল যুদ্ধ চলছে। কুমিল্লা রণাঙ্গনে আমাদের মুক্তিযোদ্ধার মিত্রবাহিনীর সহেযাগিতায় কুমিল্লা বিমান বন্দর ও কুমিল্লা শহর দখল করে নিয়েছেন। মননামতি ক্যান্টনমেন্ট এখন সম্পূর্ণ অবরুদ্ধ। মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী পাকসেনাদের সমস্ত যোগাযোগ বিচ্ছিন্ন করে তাদেরকে চারিদিক থেকে ঘিরে ফেলেছে। মোমেনশাহী জেলায় কিশোরগঞ্জ, শেরপুর ও জামালপুর শত্রুকবল থেকে মুক্ত করে মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর বীর সোনারা মোমেনশাহী শহর ও ক্যান্টনমেন্টের দিকে এগিয়ে যাচ্ছেন। লাকসাম ও আখাউড়া আমাদের বীরসেনা ও মিত্রবাহিনীর পূর্ণ দখলে। আখাউড়া ও কুমিল্লার সংঘর্ষে ৭ শতাধিক খানসেনা নিহত হয়েছে। ছাতক ও শ্রীহট্ট শহর সম্পূর্ণ শত্রুমুক্ত হয়েছে। ঢাকা জেলার মানিকগঞ্জ ও মুন্সিগঞ্জ মহকুমমা শত্রুকবল থেকে মুক্ত। চারিদিক থেকে মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী ঢাকার দিকে দ্রুত গতিতে এগিয়ে আসছে। নারায়নগঞ্জ থেকে মাত্র ১২ মাইল দূরে মেঘনার তীরে দাউদকান্দি পর্যন্ত আমাদের বীরসেনারা ও মিত্রবাহিনী এসে পৌঁছেছেন। তাদের সুবিশাল দৃষ্টি এখন ঢাকার দিকে।

তোমরা মরবে কেন? অস্ত্র ছেড়ে দাও- জেঃ ম্যানেকশ

ভারতীয় সেনাবাহিনীর প্রধান জেনালে ম্যানেকশ বাংলাদেশে হানাদার পাকিস্তানী সৈন্যদের প্রতি উদ্দেশ করে বলেন, ভারতীয় বাহিনী বাংলাদেশে প্রবেশ করেছে, তোমরা যদি বাঁচতে চাও ভারতীয় বাহিনীর সামনে অস্ত্র

ছেড়ে দিয়ে আত্মসমর্পণ কর। তোমাদের বিমান বাহিনী সম্পূর্ণ নিশ্চিহ্ন হয়ে গেছে। ভারতীয় বাহিনী ও মুক্তিবাহিনী তোমাদেরকে সবদিক থেকে ঘিরে ফেলেছে, তোমাদের যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন। তোমাদের আকাশপথ অবরুদ্ধ। জলপথেও তোমরা যোগাযোগ করতে পারবে না। চট্টগ্রাম, খুলনা ও চালনা সকল নদীবন্দরগুলো ভারতীয় নৌবাহিনী ও মুক্তিবাহিনীর হাতে অবরুদ্ধ। বাংলাদেশে তোমরা যে বর্বরতা ও নৃশংসতা চালিয়েছ মুক্তিবাহিনী তার প্রতিশোধ নিতে প্রস্তুত, আর সময় নেই- তোমরা যদি বাঁচতে চাও অস্ত্র ছেড়ে দিয়ে আত্মসমর্পণ কর নতুবা তোমাদেরকে নির্মমবাবে হত্যা করা হবে। তোমরা একটি সুসুজ্জিত বাহিনীর সম্মুখীন হয়েছ। তোমরা জান অস্ত্র ছেড়ে দেয়া সৈনিকের পক্ষে গ্লানিকর কিছু নয়। ভারতীয় বাহিনী তোমাদের নিরাপত্তার নিশ্চয়তা দেবে। তোমরা মরবে কেন, ভারতীয় বাহিনীর সামনে অস্ত্র ছেড়ে দিয়ে দেশে ফিরে গিয়ে আত্মীয়স্বজন ও পরিবারের সাথে পুনর্মিলিত হও।

-বাংলাদেশ, ১০ ডিসেম্বর ১৯৭১

* * * * *

আফসারের নেতৃত্বে

নয়নপুরে ১৪ জন নিহত

১২ই নভেম্বর। হাবিলদার আবদুল হাকিম সাহেব ঢাকা জেলার জয়দেবপুর থানার নয়নপুরে পাকসেনাদের সাথে এক সংঘর্ষে লিপ্ত হন। উক্ত সংঘর্ষে ১৪ জন হানাদার দস্যুসেনা নিহত হয়।

অস্ত্রসহ আত্মসমর্পণ : ১৯শে নভেম্বর। ভালুকা ঘাঁটি হতে পলায়ন করে আবদুল হাকিম নামে একজন রাজাকার রাইফেলসহ মুক্তিবাহিনীর শিবিরে আত্মসমর্পণ করে।

কালিয়াকৈরে সাফল্য : ২০শে নভেম্বর। ঢাকা জেলার কালিয়াকৈর থানার অনতিদূরে ঢাকা-টাঙ্গাইল রাস্তার লতিফুর ব্রীজে দুঃসাহসী হাবিলদার আবদুল হাকিম সাহেবের নেতৃত্বে প্রায় দু'ঘণ্টা যুদ্ধ চলে। উক্ত ব্রীজে পশ্চিমা ছ'জন রেঞ্জার পুলিশ নিহত হয়। নিকটস্থ ধানক্ষেতে রাইফেল ফেলে দিয়ে বাকি রেঞ্জার পুলিশ ও রাজাকার পালিয়ে যায়।

পরপরই পাশের আরেকটি কালভার্টে আক্রমণ করে ছ'জন রাজাকারকে গ্রেফতার করা হয় আর তিনজন রাজাকারকে গুলি করা হয়। এখানে ৮টি রাইফেল উদ্ধার করা হয়, রাইফলের সাথে ৩০০ রাউন্ড গুলিও ছিল।

ধান কাটার সাজা : ৩রা ডিসেম্বর। শুক্রবার বেলা ৩টার সময় যখন রাজাকারদের একটি গ্রুপ ধামশুর গ্রামে ধান কাটার জন্য আসে তখন মুসলেহ উদ্দীনের নেতৃত্বে ২নং প্লাটুন কমান্ডার নাজিম উদ্দীনের সেকশনটি আক্রমণ চালায়। আক্রমণের প্রথমেই দু'জন রেঞ্জার ও ৪ জন রাজাকার নিহত হয় বাকি কিছুসংখ্যক রাজাকার এক বাড়ীতে আশ্রয় নেয়। তখন মর্টারের সাহায্যে গোলাবর্ষণ দ্বারা বাড়ীটি একেবারে ধ্বংস করে দেয়া হয়।

বাড়ীটির ধ্বংস্তূপের নীচে ৩ জন রাজাকারের মৃতদেহ পাওয়া যায়, বাকি সব রাজাকার শুধু অস্ত্র নিয়ে লাশগুলো ফেলেই পালিয়ে যায়।

হানাদার খতম : ২রা ডিসেম্বর। কমান্ডার মোসলেহ উদ্দিনের নেতৃত্বে বৃহস্পতিবার বেলা দুটোর সময় ভালুকা থেকে পশ্চিমা হানাদারসহ একদল রাজাকার কাঁঠালী গ্রামে বাড়ীঘর লুট ও অগ্নিসংযোগ করতে আসে। আমাদরে মুক্তিবাহিনীর সেকশন সম্যান্ডার গিয়াস উদ্দিন এবং ৩নং সেকশন কমান্ডার আবদুল ওয়োহেদের নেতৃত্বে পরিচালিত বাহিনীর অতর্কিত আক্রমণে ৩ জন পাক হানাদার ও ৭ জন রাজাকার নিহত এবং ৭ জন গুরুতরলুপে আহত হয়। পরে হানাদারেরা মৃত লাশগুলো নিয়ে পালিয়ে যায়।

কারগো ধ্বংস : ৬ই ডিসেম্বর। কালিয়াখের থানার অন্তর্গত ঢাকা-টাঙ্গাইল রাস্তার উপর কালিয়াকৈর হতে ছ'টি আড়াই টনি কারগো ভর্তি পশ্চিমা রেঞ্জার পুলিশ ঢাকার দিকে যাচ্ছিল। হাবলিদার হাকিম সাহেবের নেতৃত্বে

একদল সুদক্ষ মুক্তিযোদ্ধা এক অতর্কিত আক্রমণ চালায়। এ আক্রমণের ফলে ৩টি আড়াই টনী কারগো ধ্বংস হয়ে যায়। এখানে ২৭ জন রেঞ্জার পুলিশ নিহত ও ১৩ জন রেঞ্জার পুলিশ আহত হয়।

কাঁঠালীতে সংঘর্ষ : ২৩শে নভেম্বর। সেকশন কমান্ডার এমদাদুল হক (দুলু) ও নাজিম উদ্দিন তাদের সেকশন নিয়ে সম্মিলিতভাবে কাঁঠালী গ্রামের ধূপজান কালের উত্তর পাশে পাকসেনাদের উপর আক্রমণ করে ৯ জন রেঞ্জার পুলিশ ও ৩৪ জন রাজাকার খতম করেন। এখানে ৪ জন রাজাকার আহত হয়।

ধূপজানে সংঘর্ষ : ২৬শে নভেম্বর। ভালুকা থানার কাঁঠালী গ্রামে ঢাকা ময়মনসিংহ সিএন্ডবি রোডের ধূপজান খালের পাড়ে মুক্তিবাহিনীর বীর জোয়ানরা এক প্রচন্ড আক্রমণ চালিয়ে ৩জন পাকসেনা ও ৪ জন রাজাকার নিহত করেন।

ভাওলিয়াবাজুতে প্রচন্ড যুদ্ধ : ৩০শে নভেম্বর। কমান্ডার হালিমের নেতৃত্বে মুক্তিবাহিনীর বীর জোয়ানরা বাওলিয়াবাজুতে পাক রেঞ্জার ও রাজাকারের উপর এক প্রচন্ড আক্রমণ চালায়। এ আক্রমণে ২৭ জন রাজাকার নিহত ও বহুসংখ্যক আহত হয়। এই দিন একজন স্বদেশপ্রেমিক রাজাকার, তার কমান্ডারকে হত্যা করে ৩টি রাইফেল নিয়ে মুক্তিবাহিনীর ক্যাম্পে চলে আসে।

ধামশুরে ৪ জন পাকসেনা ও ১৩ জন রাজাকার নিহত : ধামশুর ২রা ডিসেম্বর। প্লাটুন কমান্ডার নাজিম উদ্দিন, দুলু ও সুবেদার মোসলেহ উদ্দিনের নেতৃত্বে কাঁঠালী গ্রামের বড় রাস্তায় পাকদস্যু ও রাজাকারের এক বিরাট দলের সাথে এক প্রচন্ড সংঘর্ষে লিপ্ত হয়। এ সংঘর্ষে ৪ জন পাকসেনা ও ১৩ জন রাজাকার নিহত হয়।

রাইফেল উদ্ধার : গত ২৮শে নভেম্বর বিকেল ৪ ঘটিকার সময় হবিবাড়ী ইউনিয়নের রক্ষীবাহিনী কুখ্যাত চালাল আবুল হাসেমের বাড়ীতে তল্লাসী চালিয়ে মোরগের খোয়াড়ে ৯০ রাউন্ড গুলিসহ ১টি ৩০৩ রাইফেল উদ্ধার করে।

গোলাঘাট সেতু ধ্বংস : সম্প্রতি কাওরাইদ ও সাতখামারের মাঝে অবস্থিত গোলাঘাট রেল সেতুটি মক্তিক্তযোদ্ধাদের এক দুর্ধর্ষ গেরিলা পার্টি ডিনামাইট দিয়ে উড়িয়ে দেন। উল্লেখ করা যেতে পারে এই ৪০ হাত লম্বা সেতুটি বহুদিন যাবত পাকদস্যুদের দ্বারা সুরিক্ষত অবস্থায় ছিল। বর্তমানে ঢাকা ময়মনসিংহ রেল যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত।

খা খা খা বক্ষীলারে খা, পাকসোনারে খা : ১লা ডিসেম্বর। কালিয়াকৈর থানার এক পরিত্যক্ত বাঙ্কারে ডিফেন্স নেওয়ার জন্য ৫জন খানসেনা প্রবেশ করে। বাঙ্কারের মধ্যে কবে অলক্ষ্যে এক বিষধর সাপ শীতকালীন ঘুমের প্রয়োজনে আশ্রয় নিয়েছিল, খানসেনারা তা জানত না। কিন্তু উত্ত্যক্ত সাপটি সকল সমরায়োজনকে তুচ্ছ করে নিজের উপস্থিতির চিহ্ন বসিয়ে দেয় বলিষ্ঠ পাঁচ-পাঁচটি শরীরের উপর। পরে এদেরকে মৃত অবস্থায় পাওয়া যায় বাংকারটিতে। বিচ্ছিন্নতাবাদী সাপটিকে অবশ্য সেখানে আর দেখতে পাওয়া যায়নি।

চাপড়বাড়ীতে তিনজন রাজাকার নিহত : ৪ঠা ডিসেম্বর। ভালুকা থানার চাপড়বাড়ীতে বাংলাদেশের দুঃসাহসী মুক্তিযোদ্ধারা পাকসেনাদের সাথে এক যুদ্ধে লিপ্ত হন। ফলে ৩ জন রাজাকার নিহত হয়।

তল্পিতল্পাসহ পিঁয়াজীর পশ্চিম-যাত্রা : ৬ই ডিসেম্বর শ্রুত গায়েবী বেতারের এক ঘোষণায় জানা যায় বাংলাদেশ থেকে ওয়ার্ল্ডের বেস্ট সোলজারদের নায়ক আয় মেরা জান, আসমানকে চাঁন, আঁখোকে তারা, পেয়ারে দামান, লেঃ জেঃ এ এ কে নিয়াজী তমঘায়ে পাকিস্তান যৌথ বাহিনীর সাঁড়াশী আক্রমণের সামনে বেকায়দা বুঝে তল্পিতল্পাসহ পশ্চিমে পাড়ি জমিয়েছে।

এদিকে বাংলাদেশের কেঁদায় তার মুছোয়াগুলোর সামনে চরম পত্র দাখিল করেছেন মিত্রবাহিনীর চীফ-অব-স্টাফ। বলা হয়েছে, তারা যদি জীবনের মায়া রাখে তাহলে যেন অবিলম্বে আত্মসমর্পণ করে।

ভাওলিয়াবাজুতে ৫জন পাকসে না ও ৩জন রাজাকার নিহত : বিলম্বে প্রাপ্ত সংবাদে জানা গেছে যে বাওয়া গ্রামে পাকদস্যাদের সাথে মুক্তিযোদ্ধাদের এক সংঘর্ষ হয়; এ সংঘর্ষে ৫জন খানসেনা ও ৩ জন রাজাকার নিহত হয়।

খবরে প্রকাশ গত ১১ই নভেম্বর সে, ক, নুরুল ইসলামের নেতৃত্বে মুষ্টিমেয় কয়েকজন মুক্তিযোদ্ধা পাকদস্যুদের একটি বিরাট দলের সাথে সংঘর্ষে লিপ্ত হন। সুদীর্ঘ সময় ধরে সেখানে গোলাগুলি বিনিময় হয়। শেষে, বিশেষ কৌশল অবলম্বন করে মুক্তিযোদ্ধারা সরে পড়েন।

উল্লেখ করা যেতে পারে এ যুদ্ধে আমাদের ৬ জন মুক্তিযোদ্ধা শহীদ হন।

রণাঙ্গন সংবাদ : ১০ই ডিসেম্বর, ভালুকা। এখানে প্রাপ্ত সংবাদে প্রকাশ মেজর আফসারের বাহিনী ৭ই ডিসেম্বর হতে ভালুকা থানা তিন দিক তেকে ঘেরাও করে শত্রুসৈন্যদের উপর প্রচন্ড আক্রমণ চালাতে থাকে। শত্রুরা ৮ তারিখ দিবাগত রাত আড়াইটার দিকে ওখান থেকে সামনে একটি মাত্র পথ খোলা থাকায় সেটি ধরে পালিয়ে যাওয়া শুরু করে। মুক্তিবাহিনীর ডিফেন্স তা টের পেয়ে শত্রুদের পিছনে ধাওয়া করে। রাস্তায় গুলি বিনিময় হওয়ার ফলে ২৫/৩০ জন রাজাকার নিহত হয় এবং ৫৫ জন রাজাকার ৫৫টি রাইফেল, ৪০০০ রাউন্ড গুলি ও কিছু নগদ অর্থসহ আত্মসমর্পণ করে।

উক্ত দুদিনের লড়াইয়ে মোট ৬০ জন রাজাকার নিহত ও প্রচুরসংখ্যক আহত হয়। মুক্তিযোদ্ধাদের একজন সামান্য আহত হন। এ অভিযানে যারা সক্রিয় অংশগ্রওহণ করেন তারা হলেন কমান্ডার আবুল কাশেম, কমান্ডার ফয়েজ উদ্দিন, কমান্ডার খলিলুর রহমান, কমান্ডার চানমিয়া, সুবেদার মোসলেহ উদ্দিন ও আরও অনেকে।

-জাগ্রত বাংলা, ১১ই ডেসেম্বর, ১৯৭১

* * * * *

যশোর ক্যান্টনমেন্ট দখল : কুমিল্লা ও রংপুর অবরুদ্ধ

যশোর ক্যান্টনমেন্টের পতন হইয়াছে। বাংলাদেশের শত্রুর এই শক্ত দুর্গ আর অন্যতম বৃহৎ সেনাছাউনি এখন মুক্তিসেনা ও ভারতীয় সৈন্যের মিলিত বাহিনীর করায়ত্ত। গত ৭ই ডিসেম্বর মঙ্গলবার বৈকালে ভারতীয় সেনাবাহিনী ও মুক্তিবাহিনী যশোর ক্যান্টনমেন্টে প্রবেশ করে। মিত্র বাহিনী ক্যান্টনমেন্টের নিকটবর্তী হওয়ার পূর্বেই সকল পাকসেনা দুর্গ খালি করিয়া পলায়ন করে।

যশোর ক্যান্টনমেন্টের পতনের সাথে সাথে পদ্মার পশ্চিমে বাংলাদেশের প্রায় অর্ধাংশে শত্রু রক্ষ্যাব্যবস্থা সম্পূর্ণ ভাঙ্গিয়া পড়িল।

মঙ্গলবার ভোরে ভারতীয় বাহিনী যশোর বিমান বন্দরের কাছে পৌঁছানোর সাথেই দখলদার পাক বাহিনী ক্যান্টনমেন্ট ছাড়িয়া চম্পট দেয়। অসংখ্য বিবর ঘাঁটি পাকা বাঙ্কার আর কংক্রিটের প্রাকারে ঘেরা এই দুর্ভেদ্য দুর্গ ছাড়িয়া পাক বাহিনী পড়ি কি মরি খুলনার পথে পলায়ন করে।

মিত্রবাহিনী ও মুক্তিবাহিনী সরাসরি পশ্চিম দিক হইতে যশোর আক্রমণ না করিয়া নিপূণ রণকৌশলের আশ্রয় লইয়া উত্তর-পশ্চিমে চৌগাছা হইতে আকরি ও চূড়ামণকাঠি হইয়া উত্তর ও পূর্বদিক হইতে ক্যান্টনমেন্ট ঘিরিয়া ফেলিলে পাক বাহিনী প্রতিরোধ না করিয়া এইভাবে দুর্গ ছাড়িয়ে দেয়।

পলায়নের সময় পাক বাহিনী ক্যান্টনমেন্টের বিপুল অস্ত্রশস্ত্র, নিজেদের বিছানাপত্র, রেশন এমনকি কনট্রোল রুমের দেওয়ালজোড়া সামরিক মানচিত্রটিও অক্ষত অবস্থায় ফেলিয়া রাখিয়া যায়।

ক্যান্টনমেন্ট দখলের পর মিত্রবাহিনী ও মুক্তিবাহিনী যশোর শহরে প্রবেশ করে। শহর ছিল তখন জনমানবশূন্য, পরিত্যক্ত। মিত্র বাহিনী ও মুক্তিবাহিনীর আগমণের সাথে সাথে হাজার হাজার মানুষ যাহারা বর্বর পাক বাহিনীর অত্যাচারে গ্রাম গ্রামান্তরে চলিয়া গিয়াছিল তাহারা শহরে ফিরিয়া আসতে থাকে। মুক্ত যশোরের পথে পথে জনতা আনন্দ উল্লাসে মাতিয়া মিত্র বাহিনী ও মুক্তি বাহিনীকে প্রাণঢালা সংবর্ধনা জানায়। পরিত্যক্ত বাড়ীঘরে ক্রমেই সকলে ফিরিয়া আসিতেছে ও হাট বাজার চালু হইয়াছে।

দখলদার শত্রুরা পলায়নের পথে যেসব সড়ক ও রেলসেতু ধ্বংস করিয়া গিয়াছিল সেগুলি মেরামত করিয়া যোগাযোগ ব্যবস্থা চালুর কাজ শুরু হইয়াছে। ভারতীয় সেনাবাহিনীর জওয়ান ও মুক্তিবাহিনীর সাথে জনগণ এইসব কাজে হাত লাগাইয়াছে।

সিলেট ও কুমিল্লা দখল

যশোর ক্যান্টনমেন্ট পতনের দিনেই পূর্ব রণাঙ্গনে মিত্র বাহিনী ও মুক্তিবাহিনী সিলেট ও কুমিল্লা শহর শত্রুমুক্ত করে। মিত্র বাহিনী হেলিকপ্টারে সিলেট অবতরণ করে এবং পাক বাহিনীকে শহর হইতে বিতাড়িত করিয়া শালুটিকর বিমানক্ষেত্র অবরোধ করিয়া রাখিয়াছে।

কুমিল্লার ময়নামতি ক্যান্টনমেন্টে কিছুসংখ্যক পাক বাহিনী অবরুদ্ধ হইয়া আছে। উহাদের পালানোর পথ নাই। এদিকে মিত্র বাহিনী দাউদকান্দি পর্যন্ত চলিয়া আসিয়াছে। ব্রাহ্মণবাড়িয়া শত্রুমুক্ত করিয়া আশুগঞ্জ হইতে মেঘনা পার হইয়া ভৈরবে উপনীত হইয়াছে মিত্র বাহিনী ও মুক্তিবাহিনী।

দিনাজপুর-রংপুর

বাংলাদেশের উত্তর-পশ্চিমে ঠাকুরগাঁও, পীরগঞ্জসহ সদর মহর ছাড়া দিনাজপুর জেলার সবটাই মুক্ত হইয়াছে। সদর শহর দখলের জন্য এই রিপোর্ট লেখার সময় পর্যন্ত লড়াই চলিতেছে।

রংপুরের বিস্তীর্ণ অঞ্চল মুক্ত হওয়ার পর সৈয়দপুরের সাব-ক্যান্টনমেন্টে শত্রুরা অবরুদ্ধ হইয়া আছে।

-মুক্তিযুদ্ধ, ১২ ডিসেম্বর, ১৯৭১

* * * * *

টাঙ্গাইলসহ বিভিন্ন জেলা সদর মুক্ত : ঢাকার পতন আসন্ন

১২ই ডিসেম্বর। টাঙ্গাইল জেলা শহর মুক্ত করার জন্য স্থানীয় মুক্তিবাহিনী পূর্ব হতে বিভিন্ন দিক থেকে শত্রুর উপর আঘাত হানতে থাকেন, বিশেষ করে তাঁরা টাঙ্গাইল-ঢাকা রাস্তার বহু গুরুত্বপূর্ণ সেতু ধ্বংস করে দেন এবং বাসাইল মুক্ত করেন। ১২ই ডিসেম্বর ভারতীয় মিত্রবাহিনী ও আমাদের সম্মিলিত আক্রমণ পরিচালনা করেন। এর আগে বহুসংখ্যক ভারতীয় ছত্রিসেনা টাঙ্গাইল শহরের আশেপাশে অবতরণ করেছিলেন। অবস্থা সংকটজনক দেখে পাকবাহিনী ঢাকার দিকে পালিয়ে যেতে শুরু করে। ফলে বিনা রক্তপাতে টাঙ্গাইল মুক্ত হয়। ১২ই ডিসেম্বর সকাল ১০টার সময় মিলিতবাহিনী শহরে প্রবেশ করেন।

টাঙ্গাইল ১৪৭২ জন রাজাকার, ৫০০ পাকসেনা ও ২৯৪ জন মিলিশিয়াকে বন্দী করা হয়েছে। এছাড়া কিছুসংখ্যক দালাও ধরা পড়েছে।

ইতিপূর্বে ময়মনসিংহ, যশোর, সিলেট ও কুমিল্লাসহ বহু গুরুত্বপূর্ণ শহর মুক্ত হয়ে গেছে। ঢাকা নগরী চারদিক থেকে ঘেরাও করা হয়েছে। খন্ড খন্ড লড়াই চলছে। মিত্র বাহিনীর বিমান আক্রমণ ঠেকাবার কোন ক্ষমতাই পাকজঙ্গীবাহিনীর নেই। ফলে ঢাকার পতন আসন্ন ও অবধারিত হয়ে উঠেছে।

মিত্র বাহিনীর চীফ-অব-স্টাফ জেনারেল ম্যানেকশ অধিকৃত বাংলাদেশের পাক সামরিক প্রধান লেঃ জেনারেল নিয়াজীকে তার লোকজন ও অস্ত্রশস্ত্রসহ আত্মসমর্পণ করার জন্য আহবান জানাচ্ছেন। বলা হচ্ছে, অনিবার্য মৃত্যুর হাত হতে রক্ষা পাওয়ার জন্যে আত্মসমর্পণই সর্বোত্তম পথ।

লড়াই এখনও চলছে : ১৪ ডিসেম্বর। ময়মনসিংহ থেকে পলাতক পাকসেনাদের একটি দল জামালপুর হয়ে মধুপুর গড়ে প্রবেশ করে এবং টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলার মধ্যবর্তী বন এলাকা দিয়ে ঢাকার দিকে অগ্রসর হতে তাকে। কালিহাতী থানার কালিয়া ইউনিয়নের রক্ষীবাহিনী খবর পেয়ে দলটিকে অনুসরণ করে। কচুয়ার দক্ষিণ পূর্বে একটি বনে এদের গতিরোধ করার প্রচেষ্টা চালানো হয়। মেজর আফসারের ফৌজেরা সিগন্যাল মারফত সংবাদ পেয়ে পাকসেনাদের ঘিরে ফেলেন ও তাদের আত্মসমর্পণ করাতে চেষ্টা করেন। কিন্তু বর্বরদের দলটি তা না করে দক্ষিণ দিকে যেতে থাকে। সেদিকে অবরুদ্ধ হলে তারা পূর্বদিকে মোড় নেয়, এবং সুবিধাজনক জায়গা পেলেই গুলি ছুড়তে থাকে। ১৫ তারিখ এ খবর লেখা পর্যন্ত তারা একই পন্থা অবলম্বন করে চলছে। এ পর্যন্ত নিহতের সংখ্যা ৪৮ জন ও ধরা পড়েছে ৩ জন- বন্দীদের মধ্যে কয়েকজন গুরুত্তরূপে আহত। এরা সকলেই পাঞ্জাব রেজিমেন্টের সৈন্য।

আমাদেরও ৫ জন মুক্তিযোদ্ধা আহত হয়েছেন। এদের মধ্যে রয়েছেন মেজর আফসারের তৃতীয় পুত্র নাজিম উদ্দীন আহমেদ। অন্যান্যরা হলেন নাজিম উদ্দীন, আবদুল খালেক, আবুল কাসেম ও বসির উদ্দিন। এছাড়াও রক্ষীবাহিনীর একজন আহত ও ৩ জন নিরীহ গ্রামবাসী নিহত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য যে, ১৫ তারিখ থেকে মেজর আফসার নিজে এ যুদ্ধ পরিচালনা করেছেন। পাকসেনাদের প্রতি বারবার আত্মসমর্পণের নির্দেশ দেয়া সত্ত্বেও তারা এখনও অস্ত্র চালিয়ে যাচ্ছে।

কালিয়াকৈর সংঘর্ষ : ১৪ই ডিসেম্বর, কালিয়াকৈর। টাঙ্গাইল মুক্ত করার পর যখন মিত্রবাহিনী ও মুক্তিবাহিনী ঢাকা অভিমুখে তাদের ত্রিমুখী অভিযান শুরু করেন, ঠিক তখনই প্রায় ৬০০ জন হানাদার পাকসেনা ঢাকার সেনানিবাস হতে বেরিয়ে এসে কালিয়াকৈর বন এলাকায় ঢুকে পড়ে। টের পেয়ে আমাদের মুক্তিবাহিনীর হাবিলদার হাকিমের নেতৃত্বে মুক্তিযোদ্ধারা এদের সাথে এক প্রচন্ড সংঘর্ষে লিপ্ত হয়। শত্রুরা এ সংঘর্ষের সামনে টিকতে না পেরে বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে।মুক্তিযোদ্ধারা সুযোগ মত চরম আঘাত হানার জন্য হানাদারদের অনুসারণ করে চলেছে।

ঢাকার পথে : ১৫ই ডিসেম্বর। মেজর আফসারের এক দল বীর গেরিলা যোদ্ধা ঢাকা আক্রমণ অভিযানে অংশগ্রহণ করার জন্য গতকাল ঢাকার পথে যাত্রা শুরু করেছেন।

নিয়াজীর আর্তনাদ : ১৫ই ডিসেম্বর। ঢাকা শহরকে উত্তর, উত্তর-পূর্ব ও পশ্চিম দিক থেকে মিত্র ও মুক্তিবাহিনীর বীরযোদ্ধারা অক্টোপাশের ন্যায় আষ্টেপৃষ্ঠে বেঁধে ফেলেছেন। জানা গেছে যে, তাঁরা ভারী অস্ত্রশস্ত্রে অতি সুসজ্জিত, এবং ঢাকা শহরের সামরিক লক্ষ্যস্থলসমূহ তাঁদের কামানের আওতায় এসে গেছে।

এ পরিপ্রেক্ষিতে পাকসেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় শাখার প্রধান লেঃ জেঃ এ এ কে নিয়াজী ত্রাহি ডাক ছেড়েছেন। নির্বিচারে গণহত্যার এ পুরোহিতটি ভারতীয় বাহিনীর চীফ-অব-স্টাফকে অনুরোধ জানিয়েছেন। যুদ্ধবিরতির জন্যে। জেনারেল ম্যানেকশ' তার আবেদন মঞ্জুর করে কাল সকাল সাড়ে ন'টা নাগাদ যুদ্ধ বিরতি দিয়েছেন। এ মেয়াদ শেষ হওয়ার আগেই নিয়াজীকে জানাতে হবে তিনি তার লোকজনসহ আত্মসমর্পণ করতে সম্মত কি-না। অন্যথায় উক্ত সময় অতিক্রম করার সাথে সাথেই ... ।

-জাগ্রত বাংলা, ১৬ ডিসেম্বর, ১৯৭১

* * * * *

দিন খাদ্য দিতে পারিনি, এই খবর আমার কাছে আছে। এবং আরও অনেক ঘটনা আছে। আমি আজকে এই প্রস্তাব সমর্থন করে একথা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকারের কাছে যে চাপ দেওয়ার কথা উঠেছে, তাতে যেন এই দাবী থাকে যে, অবিলম্বে অর্থের সংস্থান করুন যাতে কোন অবস্থায়ই কোন দ্বিধা বা সংকটে না পড়াতে হয়। এই যে স্রোতের মত লোক আসছে তাদের জন্য কতকগুলি ব্যবস্থা যদি না করতে পারি তাহলে অন্যায় হবে, পাপ করা হবে, যে আশ্বাস দেওয়া হয়েছে, তা থেকে দূরে আসা হবে। এটা একটা গণতান্ত্রিক আন্দোলন অহিংস পথে হচ্ছে। আমাদের সুবোধবাবু একটা কথা উল্লেখ করেছিলেন। সেদিন ভারতবর্ষে যে স্বাধীনতার সংগ্রাম করেছিলেন তাঁরা অধিকাংশই হচ্ছে রাজনৈতিক কর্মী।

আমার মনে হয় অনেক দিনের কথা বলে সুবোধবাবু হয়ত ভুলে গেছেন। সেদিন অসংখ্য কৃষক এই লড়াইয়ে সামিল হয়েছে এবং কৃষক রমণী মাতঙ্গিনী হাজরা মৃত্যুমুখে পতিত হয়েছেন। এ রকম অনেক উদাহরণ থাকলেও আজকে সেখানকার লড়াইয়ে তারা যে ত্যাগ, শৌর্য, বীর্যের উদাহরণ দেখিয়েছেন সেটা সত্যিই ভারববর্ষে মিলিবে না। আমি একদিন স্বাধীনতা সংগ্রামের ক্ষুদ্র সৈনিক ছিলাম এবং মাতঙ্গিনী হাজরা আমার কাছে প্রণম্য। কিন্তু রোসেনারা বেগম শৌর্যে, বীর্যে মাতঙ্গিনী হাজরাকেও ছাড়িয়ে গেছে বলে আমি তাঁকে শ্রদ্ধা জানাচ্ছি। জহরব্রতের কথা হয়েছে। ৫০টি ছাত্রী বিশ্ববিদ্যালয়ের হোস্টেল থেকে লাফিয়ে পড়ে যেভাবে মরেছে তা অতুলনীয়। কাজেই আমি মনে করি সেখানে তাঁরা জহরব্রতের চেয়ে বড় ব্রত উদযাপন করেছেন। আমি তাদের নেতৃবর্গের কাছে শুনেছি এ রকম হাজার হাজার সুইসাইডিয়াল স্কোয়াড তৈরি হয়ে রয়েছে যারা জীবন দিতে পারবে। কাজেই আজকে তাদের মদদ দিতে হবে। আজকে যারা এসছে তারা অস্ত্র শস্ত্র চেয়েছে, তারা কেউ খেতে চায়নি। আমরা যদি খাদ্য দিতে চাই সেটা আমরা পৌঁছে দিতে পারব না। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, আমি তাদের কাছ থেকে নিজে শুনেছি একটি ডাব খেয়ে দুই দিন লড়াই করেছে, এতখানা আখ খেয়ে তিন দিন লড়াই করেছে এবং এর জন্য তারা তৈরি। তারা চায় অস্ত্র শস্ত্র, যুদ্ধের সরঞ্জাম। মুক্তিফৌজের জন্য যা প্রয়োজন তা যদি আমরা তাদের দিতে না পারি, তাদের যদি রিকগনিসন না দিতে পারি তাহলে কোন ফল হচ্ছে না এবং ঐগুলি পৌঁছান যাচ্ছে না। আমি মনে করি, ভারত সরকার এই ব্যাপারে সতর্কতা অবলম্বন করেছেন এবং এতে কোন ফল হনে না। আমি আশা করি না আমাদের কেন্দ্রীয় সরকার, যাঁরা জাতীয় সরকার বলে পরিচিত, তারা আর একটি জাতীয় সংগ্রামের জন্য পিছপা হবেন। ঝুঁকি আছে জানি। কিন্তু সেটা না নিয়ে অন্য দেশের অনুকরণ করা উচিত নয়। আমি কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করছি আমাদের পথ অন্যান্য দেশ অনুসরণ করুন এবং সেটা করাতে হলে অবিলম্বে তাদের স্বীকৃতি দেওয়া দরকার এবং তার সঙ্গে সঙ্গে যা কিছু প্রয়োজন তা পৌঁছে দেওয়া দরকার। এক প্রাণ, এক জাতি তারা গঠন করতে পেরেছি। সেটা আমরা পারিনি। তারা ভাষা আন্দোলন করেছিল এবং বাংলাদেশের মাটিকে, বাংলাদেশের গানকে জাতীয়কে তারা যেভাবে গ্রহন করেছে আমরা তা পারিনি। আমাদের সরকারী দপ্তরে আজকেও বাংলা ভাষা ব্যাপকভাবে প্রচলিত হয়নি। আমরা বিধানসভায় সিদ্ধান্ত করেছিলাম , কিন্তু তা পারিনি। কিন্তু ওখানে গাড়ির নম্বর ইংরেজী বা উর্দু ভাষার নয়, বাংলায় লেখা। কাজেই দেখা হচ্ছে ওঁরা যা পেরেছেন আমরা তা পারিনি। ওখানকার মানুষ হিন্দু-মুসলমান, বৌদ্ধ, খৃষ্টান প্রভৃতি সাম্প্রদায়িক ভেদাভেদের ঊর্ধ্বে চলে গেছে। কিন্তু এখানে দেখছি এখনও সাম্প্রদায়িকতার বিষাক্ত নিঃশ্বাস ফেলা হচ্ছে। যা হোক, স্বাধীন সার্বভৌম বাংলাদেশকে স্বীকৃতি দেবার জন্য এবং সর্বপ্রকার সাহায্য করবার যে পথ আমরা নিতে চলেছি এই প্রস্তাবের মধ্য দিয়ে তাকে অভিন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্যামাচরণ মূর্মূঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুখ্যমন্ত্রী মহাশয় পূর্ববাংলা সম্বন্ধে যে প্রস্তাব এনেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে হাউসে যে সমস্ত আলোচনা হল তা আমি সবই শুনলাম। আমি আজকে সমস্ত সদস্যের কাছে আবেদন জানাচ্ছি আমরা আমাদের নিজেদের সমস্ত রাজনীতি ভুলে গিয়ে পূর্ব পাকিস্তানের অর্থাৎ বাংলাদেশের মানুষরা খেয়ে পরে বাঁচার জন্য জঙ্গীশাহীর সঙ্গে যে লড়াই করছে তাতে তাদের সাহায্য করবার জন্য আমাদের প্রত্যক্ষভাবে নামতে হবে। এখন যদি আমরা কোন রকম

রাজনৈতিক কারচুপি নিয়ে খেলা করি তাহলে ভুল করা হবে। বড় বড় বক্তৃতার মাধ্যমে কোন কাজ হয় না। একতাবদ্ধ হয়ে আমাদের কাজ করে যেতে হবে। আজকে যে সেখান হাজার হাজার মানুষ মরছে সে সম্বন্ধে শুধু বক্তৃতা দিলেই হনে না। তাই আমি পশ্চিম বাংলা সরকার তথা ভারত সরকারকে অনুরোধ জানাচ্ছি এই সমস্ত মানুষের মানুষের মত বেঁচে থাকার জন্য যা কিছু সাজ-সরঞ্জাম প্রয়োজন তা দিকে হবে। পশ্চিম বাংলার অধিবাসীরা এবং পূর্ব বাংলার অধিবাসীদের এক সময়ে ভারতবর্ষের মধ্যেই ছিলেন। মাহাত্মা গান্ধী এবং জিন্নার ভুল বোঝাবুঝি জন্য হিন্দুস্তান এবং পাকিস্তানের সৃষ্টি হয়। হয়ত মুসলমানরা ভেবেছিলেন পাকিস্তানের মধ্যে গেলে কত সুখ শান্তি উপভোগ করব। কিন্তু ২২/২৩ বছর পর তাঁরা দেখলেন জঙ্গীশাহীর লোকেরা এখান থেকে সমস্ত জিনিস নিয়ে যাচ্ছে। এবারে তাঁরা মুজিবুরের নেতৃত্বে গণতন্ত্রের জয়লাভ করলেন কিন্তু সঙ্গে সঙ্গে দেখা গেল জঙ্গীবাহিনীর কায়েমী সরকার তাদের বিলোপ সাধনের জন্য চেষ্টা করছেন। শেষ পর্যন্ত মুজিবুর বাধ্য হল যুদ্ধ ঘোষণা করতে। আমি হয়তো খুব বেশি বলতে পারছি না এই কথা বলেই আমি তাঁদের পূর্ণ সমর্থন জানাচ্ছি। আর একটা কথা হচ্ছে ঐ যে পূর্ব বাংলায় যে সমস্ত মানুষ লড়াই করছে কি হিন্দু কি মুসলমান কি আদিবাসী কি সাঁওতাল-সমস্ত শ্রেণীর লোক আজ এক প্রাণ এক জাতি হয়ে লড়াই করছে। কাজেই আমাদের এখানে কর্তব্য সমস্ত রকম বিদ্বেষ ভুলে গিয়ে সর্বান্তঃকরণে সাহায্য করা- এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র মন্ডলঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি মুসলিম লীগ পার্টির চীফ হুইপের তরফ থেকে বলছি। আমি

(গোলমাল)

স্যার, ও'রা আমাকে যেভাবে সন্দেহ করছেন সেটা ঠিক নয়। তা ছাড়া আমাদের দলকে সাম্প্রদায়িক দল বলে যা বলছেন সেটাও ঠিক নয়, এসব সম্পূর্ণ অসত্য কথা। কেননা আমি কেরলের অনুকরণে মুসলিম লীগে এসেছি.....

(গোলমাল)

স্যার, নাগাল না পেলে আংগুর টক হয়ে যায়। এরা এখন মুসলমানকে সাম্প্রদায়িক বলছেন। কিন্তু এর আগে গোর্খা লীগকে বলেননি। তাছাড়া বর্তমানে ঝড়খণ্ড দলকেও সাম্প্রদায়িক দল বলে করছেন না। তবে আপনার যাই বলুন, আমি আশা রাখি আগামী দিনে নির্বাচনোত্তর কেরলের মত আপনাদের উল্টো প্রোমশন হবে।.....

(গোলমাল)

শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়ঃ অন এ পয়েন্ট অব অর্ডার স্যার.....

মিঃ ডেপুটি স্পীকারঃ হোয়াট ইজ ইওর পয়েন্ট অব অর্ডার?

শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হল, আজকে বাংলাদেশের সমর্থনে একটা পার্টিকুলার রেজুলিউসানের উপর বির্তক হচ্ছে। কিন্তু মাননীয় সদস্য যা বলেছেন তার সঙ্গে এর কোন সম্পর্কে নেই। ওর যদি এর উপর কিছু বলার না থাকে তাহলে উনি বসে পড়ুন।

মিঃ ডেপুটি স্পীকারঃ ইট ইজ নো পয়েন্ট অব অর্ডার। লেট হিম স্পিক ইন হিজ ওন ওয়ে।

শ্রী গোবিন্দচন্দ্র মণ্ডলঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে এ্যাসেমব্লীতে কোয়ালিশন গভর্নমেন্টের মুখ্যমন্ত্রী মহাশয় বাংলাদেশে সম্পর্কে যে প্রস্তাব এনেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

শ্রী দেবী প্রসাদ বসুঃ স্যার, যারা ইয়াহিয়ার সেই দাড়িওয়ালা মুসলমানকে বলতে বলুন।

(গোলমাল)

শ্রী সুব্রত মুখার্জিঃ স্যার, আমি অবজেকশন দিচ্ছি। মাননীয় সদস্যকে এটা উইথড্র করতে হবে। আপনি উইথড্র করতে বলুন।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকারঃ নো মেম্বার সুড মেক এনি স্টেটমেন্ট হুইচ এ্যাফেক্টস দি সেন্টিমেন্ট অব আদার্স।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার। আপনি জানেন মুসলমানদের কিছু অবশ্য কর্তব্য আছে এবং আজকে যে উক্তি করলেন এবং বিরোধী দলের মাননীয় নেতা, উপনেতা এরা বসে আছেন, একটা ধর্মের উপর আঘাত করা হয় যেটা আমাদের ধর্ম বলে মনে করছি এবং সেটা গর্হিত বলে মনে করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে গুরুতর বিষয় আলোচনার অবতারণা করা হয়েছে, এটার এত বেশি গুরুত্ব যে, আজকে এই টীকা-টিপ্পনিতে মনোযোগ দেবার অবকাশ নেই। কিন্তু যে বক্তব্য উনি রেখেছেন, এটা গর্হিত বক্তব্য এবং এটা এখানে চলে না। আমি আপনাকে অনুরোধ করবো যে, উনি যদি এই উক্তি প্রত্যাহার না করেন তাহলে এটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করে দেবেন। এইটুকুই আমার সাবমিশন।

মিঃ ডেপুটি স্পীকারঃ কোন সেনটেন্স-এ যদি অপর পক্ষের কারো সেন্টিমেন্টে কোথাও আঘাত লাগে এবং মনকষ্ট হয় তাহলে আমার মনে হয় এটা করা উচিত নয়। যদি করা হয়ে থাকে তাহলে উইথড্র করা উচিত।

শ্রী মনসুর হবিবুলস্নাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে এখানে আলোচনা হবে কি? কার কিসে আঘাত লাগে, কে পার্টির নাম মুসলিম রাখে, কে হিন্দুমহাসভা করেন, তখন তার সেটা মনে রাখা উচিত পরে এটা নিয়ে সমালোচনা করা চলে না।

(গোলমাল)

তখন তাকে বুঝতে হবে, তখন মনে রাখা উচিত। কাজেই এখানে ঐ প্রসঙ্গে আলোচনা হবে না রেজলিউশন-এ আলোচনা হবে, এটা আগে ঠিক করুন। .....

শ্রীমতি গীতা মুখার্জিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিষয় এখানে আলোচনা হচ্ছে তার গুরুত্ব সমধিক নয়, হিন্দু-মুসলমানের দৃঢ়তম ঐক্যের ভিত্তিতে একমাত্র এখানে জয় সম্ভব। সেজন্য আশা করবো সকল পক্ষ থেকে যেন এই আলোচনার মধ্যে আর এই ধরনের কোন কথা না হয় এবং এ প্রস্তাবের উপযুক্ত মর্যাদা থাকে।

শ্রী দেবীপ্রসাদ বসুঃ স্যার, আমি মুসলীম লীগ সম্বন্ধে গভীর শ্রদ্ধা পোষণ করে থাকি। তার কারণ, আমাদের ভিতরে প্রচুর মুসলমান সদস্য আছেন, কংগ্রেসের মধ্যে আছেন, অন্য দলের মধ্যে আছেন। কারো সমন্ধে কোন মুহূর্তে আমি কটাক্ষপাত করিনি কোন ধর্ম সম্বন্ধে, এটা মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন মহাশয় জানেন। আমি যেটি বলতে চেয়েছিলাম সেটা হচ্ছে গোবিন্দ মণ্ডল মহাশয়কে দিয়ে মুসলিম লীগের বক্তব্য না রেখে মুসলিম লীগের একজন দায়িত্বজ্ঞানসম্পন্ন সদস্য তিনি এই বক্তব্য রাখুন। তাতে নাম বলতে না পেরে তাড়াতাড়িতে আমি বললাম যে, যার মুখে দাঁড়ি রয়েছে তিনি উঠে বলুন। এতে যদি কেউ আঘাত পেয়ে থাকেন তাহলে আমি এই কথা প্রত্যাহার করে নিচ্ছি।

শ্রী রাধাগোবিন্দ বিশালঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সরকার পক্ষ থেকে বাংলাদেশের মুক্তি সংগ্রামের সমর্থনে এবং স্বাধীনতার সমর্থনে তাঁদের সাহায্য দেওয়ার সমর্থনে সরকার পক্ষ থেকে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। আমরা যারা এই প্রস্তাব সমর্থন করতে উঠেছি তাঁদের বক্তৃতার মধ্যে কেউ এই আন্তরিকতা সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন, আবার অনেক সাম্প্রদায়িকতার উক্তিও হচ্ছে, আবার পশ্চিম বাংলায় কেন্দ্রীয় সরকারের ঠিক অনুরূপভাবে জেহাদ

করার কথা কেউ কেউ বলেছেন। আমি এইসবের মধ্যে না গিয়ে এই কথা বলতে চাই যে, বৃহত্তর স্বার্থের জন্য, মহৎ আদর্শ পালনের জন্য সীমান্তের ওপারে আমাদেরই ভাইবোন যারা আত্মত্যাগ করছেন, যারা সংগ্রাম চালিয়ে যাচ্ছেন, তাদের কাছ থেকে আমাদের অনেক কিছু শেখবার আছে। যেদিন আমাদের নেতাজী সুভাষচন্দ্র বসু পূর্বভারতীয় দ্বীপপুঞ্জে আজাদ, হিন্দ ফৌজ গঠন করেছিলেন সেদিন এমনিভাবে এই বাংলাদেশের মত সাম্প্রদায়িকতা, বর্ণ, ধর্ম, ভাষা ইত্যাদি সমস্ত কিছু বিভেদ অতিক্রম করে একটি মহত্ত্বের ঐক্য গড়ে উঠেছিল, আজকেও পূর্ববাংলায় অর্থাৎ বাংলাদেশে তা সম্ভব হয়েছে। আমরা আজকে যুদ্ধক্ষেত্রে থেকে নিরাপদ দূরত্বে বসে অনেক তর্ক করতে পারি, অনেক উৎসাহ দিতে পারি, অনেক রকম আলোচনা করতে পারি, কিন্তু এই কথা মনে রাখতে হবে যে, প্রতিটি মুহূর্তে সেখানে জীবন যাচ্ছে, প্রতিটি মুহূর্তে সেখানে জীবন কোরবানি হয়ে যাচ্ছে। সুতরাং আমাদের আর এইসব তর্ক, বিতর্কের কোন অবকাশ নেই। যে সমস্ত মাননীয় সদস্য সর্বপ্রকার সাহায্য দেবার কথা বলেছেন, আমি তাঁদের সেই বক্তব্যকে অভিনন্দিত করি। আমাদের স্বেচ্ছাসেবক সংগ্রহ করেই হোক, যেমন করেই হোক অর্থ, রসদ, অস্ত্র-শস্ত্র ইত্যাদি দেবার দাবী যেমন সরকারের কাছে দেব তেমনি বেসরকারীভাবে আমাদের যা কিছু করণীয় আছে তাই আমরা করবো। আমাদের পক্ষ আজকে এটা সৌভাগ্যের বিষয় এবং গর্বের বিষয় যে, স্বাধীনতা সংগ্রামী, স্বাধীনতাকামী, শান্তিপ্রিয় মানুষদের সমর্থনের বিষয়ে আমাদের বক্তব্য আমরা রাখছি এবং যতটা করা দরকার ততটা করার চেষ্টা করছি। ভারত সরকারের কাছে আমাদের অনুরোধ যে, এই প্রস্তাব নিশ্চয়ই কার্যকরী করতে হবে এবং যাতে তারা আন্তর্জাতিক স্বীকৃতি সত্বর লাভ করতে পারে এবং বাংলাদেশের এই নূতন সরকার আন্তর্জাতিক কূটনৈতিক মর্যাদা লাভ করতে পারে নিশ্চয়ই আমাদের সেই ব্যবস্থা করতে হবে। সাহায্য দিয়ে, ত্রাণের ব্যবস্থা করে, আশ্রয়ের ব্যবস্থা করে সক্রিয়ভাবে যে ব্যবস্থা আমরা করতে যাচ্ছি সেটা কতদিন এই রকম চালিয়ে যেতে পারি তাই আমাদের লক্ষ্য হওয়া উচিত এবং যত শীঘ্র সম্ভব বাংলাদেশের সরকার স্বীকৃতি লাভ করে আবার এই সমস্ত ঘরের মানুষ ঘরে ফিরে যেতে পারবেন তার ব্যবস্থা হতে পারে, সেই জন্যই আমাদের অবিলম্বে তাদের স্বীকৃতি দেওয়া উচিত।

সেইজন্য আমাদের অবিলম্বে স্বীকৃতি দেওয়া উচিত এবং এদের যুদ্ধে যাতে দ্রুত তারা সাফল্য লাভ করতে পারে, জয়যুক্ত হতে পারে তার জন্য প্রয়োজন হ'লে আমাদের যুদ্ধের মধ্যে যেতে হবে। আমরা যতই বৈষয়িক সমস্যায় জর্জরিত হই না কেন, এই সমস্যাকে আমরা কিছুতেই অবহেলা করতে পারি না বা ফেলে দিতে পারি না এবং দেখেও না দেখার ভান করতে পারি না। বাইরের অন্যান্য বৈদেশিক রাষ্ট্র বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিতে দেরী করতে পারে কিন্তু আমাদের মোটেই দেরী করা উচিত হবে না বাংলাদেশকে স্বীকৃতি দিতে। আমরা বৈষয়িক স্বার্থের কথা, রাজনৈতিক স্বার্থের কথা ভাবতে পারি। কিন্তু আমাদের বোঝা উচিত এই রাষ্ট্র একদিন আমাদেরই অঙ্গ ছিল। আমরা যারা ১৯৪৬ সালের প্রত্যক্ষ সংগ্রামের দিনগুলি দেখেছি তা কখনো ভোলা যায় না। সেই দিনগুলি ছিল কি ভয়ংকর! কি রকম রক্তাক্ত অবস্থার মধ্যে পাকিস্তানের সৃষ্টি হয়েছিল। আজকে কালের করাল প্রবাহে দ্বিজাতিতত্ত্ব যে কত অসার ও অর্থহীন তা প্রমাণিত হয়ে গিয়েছে। মানুষকে মানুষের ভাষার ঐক্য সামাজিক ঐক্য, সাংস্কৃতিক ঐক্যই ঐক্যবদ্ধ রাখতে পারে। সীমান্তের ওপারে আমাদের ভাইবোনেরা নিরস্ত্র হয়ে যে বীরত্বপূর্ণ সংগ্রাম করছে সশস্ত্র এক পাশবিক শক্তির বিরুদ্ধে তা তুলনাবিহীন। আমরা তাদের সেই যুদ্ধে সমর্থন জানাচ্ছি, আগেও জানিয়েছি, আজকে এই সভায় সরকার যে প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি। এই প্রস্তাবকে কার্যকারী করবার জন্য যা যা করা প্রয়োজন, তার সহায়তা করতে থাকবো। এই প্রস্তাব গ্রহণ করতে গিয়ে সাম্প্রদায়িকতার ধুয়া ধরে যে কথা কাটাকাটি হ'ল তা বাস্তবিকই খুব দুঃখজনক। মাননীয় সুবোধবাবু যে কথা বলেছিলেন তা অতি মর্মস্পর্শী। তিনি বহুদিনের সভ্য, লেজিসলেচারের ব্যাপারে তাঁর প্রচুর অভিজ্ঞতা ও দক্ষতা রয়েছে। আমরা যারা নতুন নির্বাচিত হয়ে এসেছি, আমাদেরও এই হাউসের কাজকর্ম ভালভাবে দেখা দরকার, শেখা দরকার। সমস্ত প্রস্তাবটি যাতে যথোচিতভাবে গুরুত্ব পায়, তাও দেখা দরকার। আমরা যারা জনগণের দ্বারা প্রতিনিধি হিসেবে নির্বাচিত হয়ে এসেছি, আমাদের উপর জনগণ গুরুতর দায়িত্ব দিয়েছে। সেই দায়িত্ব সম্পর্কে আমরা যেন সচেতন থাকি। জয় বাংলা।

শ্রী হরেকৃষ্ণ কোনারঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, বাংলাদেশের মানুষ লড়ছে। তারা তাদের বুকের রক্ত ঝরাচ্ছে। আমাদের কর্তব্য হল একে শুধু সমর্থন করা নয়, একে আমরা কি করে শক্তিশালী করতে পারি, তাদের জয়ের পথকে কিভাবে সুগম করে তুলতে পারি, তার ব্যবস্থা করা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানের খবরের কাগজগুলি পড়লে মনে হয় বাংলাদেশের মানুষের জন্য আমাদের এখানে প্রায় চোখের জলের এক প্রতিযোগিতা চলেছে। তাঁর দাম আছে। যে মানুষ লড়ছে তার জন্য কিছু করতে না পেরেও যদি কাঁদতে পারা যায় তারও মূল্য আছে। কিন্তু আমাদের সীমান্তের ওপারে আমাদের ঘরের কাছে মানুষ যখন রক্ত দিচ্ছে তখন শুধু কান্নার প্রতিযোগিতা করে বাংলাদেশের মানুষের প্রতি কর্তব্য পালন করা ডাবে না। সেজন্য আমাদের কয়েকটি কর্তব্য আছে। সেই কর্তব্য দু'রকম- এক রকম বাংলাদেশের মানুষের লড়াইকে ভেঙ্গে চুরমার করে দেবার অজুহাত হিসাবে পাকিস্তানের শাসকচক্র শুধু মিথ্যা প্রচার করে চলেছে। এ কথা বললে ভুল হবে, নিজের মনকে ভুল বোঝান হবে- যদি মনে করি যে, পৃথিবীর কোথাও কোন মানুষকে তারা ভুল বোঝাতে পারছে না- এ কথা আমাদের বোঝা দরকার। একটা দেশের মানুষ লড়ছে, তাদের এই লড়াই-এর দাবী যুক্তিসংগত, এছাড়া তাদের পথ ছিল না, এটা যদি দুনিয়ার মানুষকে বোঝান যায়, তাদের সমর্থন যদি টানা যায়, তাহলে অনেক কাজ হবে। শুধু আমাদের মানুষের সমর্থন নয়- পশ্চিম পাকিস্তান বলে যে জায়গা আছে, সেখানে যে মানুষ আছে, যদি সেখানকার মানুষের সমর্থন আদায় না করা যায়, তা'হলে বাংলাদেশের মানুষের পক্ষে লড়াই করা আর একটু কষ্টকর হবে। তারা পারবে না আমি সে কথা বলছি না। কিন্তু যদি পশ্চিম পাকিস্তানের সাধারণ মানুষদেরও বোঝানো যায় এবং তাদের সমর্থন পাওয়া যায় তাহলে পাকিস্তানের সামরিক শাসকচক্রকে আরও বেকায়দায় ফেলা যায় এবং তার ফলে বাংলাদেশের জনগণের সাহায্য হয়। যেমন করে ভিয়েতনামের লড়াইকে আমেরিকার অভ্যন্তরে সেখানকার ছাত্ররা এবং যুবকরা যুদ্ধের বিরুদ্ধে বিক্ষোভ দেখায়, তারা ভিয়েতনামের মানুষদের এইভাবে সাহায্য করে। তাই বারে বারে ভিয়েতনামের জনগণের নেতা কমরেড হোচিমিন আমেরিকার জনগণকে অভিনন্দন জানিয়েছেন, তাদের যারা ভিয়েতনামের সমর্থনে আমেরিকার সরকারের বিরুদ্ধে চাপ সৃষ্টি করেছেন। এমনিভাবে বাংলাদেশের পক্ষেও প্রয়োজন আছে যাতে পাকিস্তানের সামরিক চক্র সাধারণ মানুষকে ভুল বোঝাতে না পারে। তা ছাড়া পৃথিবীর অন্যান্য দেশও আছে, সেখানের জনগণেরও সমর্থন প্রয়োজন। সেই জন্য আমাদের একটা কর্তব্য হচ্ছে এই যে, বাংলাদেশের সংগ্রামের তাৎপর্য সাধারণ মানুষের কাছে তুলে ধরা। আমরা ভারতবর্ষের মানুষ কেন সমর্থন করছি সে সম্বন্ধেও স্পষ্ট ধারণা থাকা দরকার। কারণ পাকিস্তানের সামরিক শাসনচক্র দুনিয়াকে ভুল বোঝাবার চেষ্টা করছে যে, আমাদের যে সমর্থন এটা বাংলাদেশের মানুষ যার জন্য লড়ছে, অর্থাৎ তাদের স্বাধীনতা এবং গণতন্ত্র-আমাদের দরদ তার জন্য নয় এরা ভারতবর্ষের লোক পাকিস্তান বিরোধী মনোভাব থেকে সমর্থন করছে, পাকিস্তান ভেঙ্গে গেলে ভারতের সুবিধা হতে পারে, এই রকম একটা মনোভাব থেকে সমর্থন করছে। এটা কিন্তু বোঝাবার চেষ্টা করা হচ্ছে। এটা যদি পাক সামরিক চক্র বোঝাতে পারে তাহলে স্বভাবতই পৃথিবীর বিভিন্ন দেশের লোক কিছুটা বিভ্রান্ত হতে পারে এই ভেবে যে, একটা দেশ টুকরো টুকরো হয়ে যাবে, আলাদা হয়ে যাবে, এবং তার গভর্নমেন্টের পক্ষে তা মেনে নেওয়া মুশকিল। শুধু তাই নয়, আমাদের ভারতবর্ষের মধ্যেও বহু জাতির মানুষ আছে, বহু ধর্মের মানুষ আছে এবং তাদের সকলের ঐক্যেরও প্রয়োজন আছে। যদি পাকিস্তানের সামরিক চক্র এই কথা ভালভাবে প্রচার করতে পারে যে, একটা দেশকে টুকরো টুকরো করে দেবার জন্য বাংলাদেশের এই লড়াই তাহলে কি আমরা জোর করে বলতে পারি যে, আমাদের ভারতবর্ষের কোন অংশের মানুষের মনে কোন বিভ্রান্তির সৃষ্টি করতে পারে না? যদি তারা বোঝাতে পারে যে, এই সংগ্রাম পশ্চিম পাকিস্তানের মানুষের বিরুদ্ধে বাঙ্গালীদের আধিপত্য প্রতিষ্ঠার সংগ্রাম ,এই বোঝাতে পারে ,ভুল বোঝাতে পারে, তাহলে কি ওদের সংগ্রামকে দুর্বল করতে পারা যায় না? আমি এই কথাটার উপর জোর দিতে চাই যে, বাংলাদেশের মানুষেরা পাকিস্তানকে ভেঙ্গে দেবার জন্য লড়াই শুরু করেনি। তারা চেয়েছিল গণতন্ত্র ও স্বায়ত্তশাসন। এই প্রসঙ্গে বলতে পারি যে, যদি কোন দেশের রাষ্ট্রশক্তি ইতিহাসে এক বিশেষ শিক্ষাকে গ্রহণ না করেন তাহলে তিনি নিজে ভুল করবেন। বক্তৃতা দিয়ে অন্য কিছু করা যায় না। সেই শিক্ষা হল যে, যদি কোন

দেশ বহুজাতিভিত্তিক হয়, বহু জাতির সমন্বয়ে গঠিত হয়, সেই দেশের কেন্দ্রীয় সরকার যদি সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করে সমস্ত রাজ্যগুলির ওপর একেবারে একাধিপত্যের ও শোষণের রথ চালিয়ে যান, তাহলে সেই দেশ কালক্রমে ভাঙ্গতে বাধ্য। সেইসব দেশে বিভিন্ন জাতির ভিত্তিতে যে এক-একটি রাজ্য, সেই রাজ্যগুলিতে ব্যাপক স্বায়ত্ত্বশাসন-এর অধিকার দেওয়া প্রয়োজন; এ না হলে দেশের ঐক্যকে রক্ষা করা যায় না। বাংলাদেশের মানুষ এই স্বায়ত্ত্বশাসন চেয়েছিল। এ না হলে দেশের ঐক্যকে রক্ষা করা যায় না। বাংলাদেশের মানুষ এই স্বায়ত্ত্বশাসন চেয়েছিল। সেখানে ১৩ বছর ধরে মিলিটারি বুটের দাপট পাক সরকার চালান, গণতান্ত্রিক অধিকার তাদের জনগণের কেড়ে নেওয়া হয়েছিল। তবুও তারা মরেনি। ৫০ হাজার কি ৭০ হাজার মিলিটারি জনগণের বুকের উপর যদি বছরের পর বছর ধরে চাপিয়ে দেওয়া যায় তাতে কেউ যদি মনে করেন সেই দেশের প্রাণশক্তি ভেঙ্গে দেওয়া যায় তাহলে তারা মূর্খের স্বর্গে বাস করছেন, যেমনভাকে পাক সামরিক চক্র মূর্খেস্বর্গে বাস করেছিলের ১৩ বছর ধরে। ২৫ শে মার্চের আগে মিলিটারি মেশিনগান চালিয়ে গণহতা শুরু করেনি; ১৩ বছর ধরে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বুকের উপর তারা চেপে বসেছে; এই তারা করেছে। জনগণ চেয়েছিল তার থেকে বাঁচতে। তাদের ৬-দফা দাবি ছিল; এখন কাগজ পড়লে ৬-দফা দাবি আর পাবেন না, সব গুলিয়ে যাচ্ছে। তাদের কথা ছিল এই যে, পাকিস্তানের কেন্দ্রীয় গভর্নমেন্টের হাতে দেশরক্ষার মত সাধারণ কয়েকটি জিনিস থাকবে, বাকি সমস্ত ক্ষমতা বাংলাদেশের রাজ্যের হাতে থাকবে এবং এই দাবি শুধু বাংলাদেশের জন্য ছিল না, পাকিস্তানের প্রত্যেকটি রাজ্যের অধিকারের কথা তারা বলেছিলেন। এতে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের অন্তরে সাড়া জেগেছিল। ওরা লড়াই চায়নি, ওরা চেয়েছিল ভোটের মাধ্যমে স্বায়ত্ত্বশাসন। পাকিস্তানের সামরিক চক্র তার জবাব দিলেন আক্রমণ করে। তারা মিলিটারিকে অর্ডার দিলেন- যে মিলিটারি ১৩ বছর ধরে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বুকের উপর চেপে বসেছিল- তাদের অর্ডার দেওয়া হল, বাংলাদেশের উপর তোমরা গণহত্যা অভিযান শুরু করে দাও। শুধু কম্বিং করলে চলবে না, 'এনসার্কিলিং' করলে চলবে না, একেবারে নিশ্চিহ্ন করার অভিযান চালাও। ওখানে হচ্ছে তাই। দেড় মাসের মধ্যে যদি ১-২ লক্ষ লোক খুন হয়ে থাকে তাহলে এটা গণহত্যা ছাড়া আর কি? তারা স্বায়ত্ত্বশাসন, গণতন্ত্র চেয়েছিল শান্তিপূর্ণভাবে ভোটের ভেতর দিয়ে, তার জবাব এল মিলিটারীতে, মেশিনগানের গুলিতে। কি করতে পারত বাংলাদেশের মানুষ?- যদি তাদের মনুষ্যবোধ থাকে তাহলে তার একমাত্র উত্তর ছিল অস্ত্রের ঝঞ্চনার উত্তর অস্ত্রের ঝঞ্চণায়। তাই হয়েছে তাই তো স্বাধীনতার দাবি এল। এই বিষয় আমাদের তুলে ধরা উচিত। এইটুকু যদি তুলে ধরতে পারি তাহলে পৃথিবীর গণতান্ত্রিক মানুষের সমর্থন পাওয়া যাবে। কিন্তু এই সমর্থন একদিনে পাওয়া যাবে না- ভিয়েতনামের পক্ষে সমর্থন একদিনে পাওয়া যায়নি, সময় লাগবে। সেজন্য এটা নিয়মিত প্রচার করার দরকার আছে যে, বাংলাদেশের মানুষ পাকিস্তানকে ভেঙ্গে দিতে চায়নি, তারা চেয়েছিল মানুষের মত মর্যাদা নিয়ে, গণতান্ত্রিক অধিকার নিয়ে বাঁচতে। তাদের খুন করে বাধ্য করা হল লড়তে। তাদের সামনে স্বাধীনতা ছাড়া বাঁচার কোন পথ থাকল না। এটা দুনিয়ার সামনে তুলে ধরার প্রয়োজন আছে। পাকিস্তানের সামরিক চক্র প্রতিনিয়ত আর একটি বিরুদ্ধ প্রচার করছে এবং বাংলাদেশের ভেতরে কিছু দালাল সংগ্রহের চেষ্টা করছে। তাদের দু'একটি নাম আপনাদের কাছে এসেছে। যেসব ভাইরা এখানে এসেছে, যেসব ভাইরা এখানে এসেছেন তাঁদের কাছ থেকে খবর পাচ্ছি যে, সেখানকার কিছু কিছু মানুষকে ভুল বোঝাবার চেষ্টা হচ্ছে যে, ভারতবর্ষের যারা সমর্থক তারা পাকিস্তানকে দুর্বল করতে চাইছে; বাংলাদেশ যদি স্বাধীন হয় তাহলে বাংলাদেশ ভারতবর্ষের একটা অনুগত দেশ হবে। আমি আপনাদের বলছি, বাংলাদেশের প্রতি আমাদের সমর্থনের কদর্য করে পাক সামরিক চক্র আমার এখানে বিভ্রান্তি সৃষ্টি করবে এটা যেন না হয়। পাকিস্তানের সামরিক চক্রকে এই কথা বলতে চাই যে, একটা দেশের সাড়ে ৭ কোটি মানুষ যদি একবার অস্ত্র হাতে নিয়ে পাকিস্তানের আধুনিক অস্ত্রে সাজ্জিত সামরিক বাহিনীকে পর্যদুস্ত করতে পারে তাহলে আত্নমর্যাদাসম্পন্ন সে জাতি অন্য কোন জাতি বা অন্য কোন গভর্নমেন্টের কাছে, তা সে যত চেষ্টাই করুক না কেন, যার মনে যতই আশা থাক না কেন, সে জাতি কোনদিন কারো কাছেমাথা নোওয়াতে পারে না। এইভাবে যদি পাকিস্তানের মিথ্যা প্রচার ব্যর্থ করতে পারি, তাহলে আমরা গোটা দেশকে ঐক্যবদ্ধ করে বাংলাদেশের পাশে দাঁড়াতে পারবো।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার যা তৃতীয় বক্তব্য তা এবার আমি বলবো। তবে তার আগে বলি কংগ্রেস বেঞ্চের সদস্যরা হয়ত মনে করবেন এটা আমি রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করছি। কিন্তু আমি তার জন্য বলছি না। এখানে শাসকগোষ্ঠীর সন্তানের বিরুদ্ধে আমরা সংগ্রাম করতে জানি। ভারতবর্ষের সঙ্গে চীনার লড়াই চল, আর আমাদের জেল পুরে দেওয়া হল। পাকিস্তানের সঙ্গে ভারতের লড়াই হল, আমাদের জেলে পুরে দেওয়া হল। আমরা মার্কবাদীরা শান্তিপূর্ণ মীমাংসা চেয়েছিলাম বলে। আমরা আমাদের নিজেদের সংগ্রাম করতে জানি। তার জন্য বাংলাদেশের কোটি কোটি মানুষের সংগ্রামকে ব্যবহার করার কোন প্রয়োজন নেই। আমরা জানি পশ্চিম বাংলায় সন্ত্রাসের বিরুদ্ধে কিভাবে লড়াই করতে হয়। সি আর পি মিলিটারি দিয়ে, পিভিএ বা পিডি দিয়ে আমাদের দাবান যায় না। তার জন্য আমাদের কারো উপর নির্ভর করতে হয় না। যদি আমাদের নিজেদের সংগঠনের ক্ষমতা থাকে, যদি পশ্চিম বাংলার সাড়ে চার কোটি মানুষকে ঐক্যবদ্ধ করতে পারি তাহলে এই সন্ত্রাসমূলক আক্রমণের বিরুদ্ধে লড়াই করতে পারি। আপনারা ভুল বুঝবেন না। আমি অন্য কোন উদ্দেশ্যে বলছি না। ধরুন, আপনারা সন্ত্রাসমূলক আক্রমণের সাফাই দিচ্ছেন শান্তি-শৃঙ্খলার কথা বলে। পাকিস্তানের শাসক ইয়াহিয়া খাঁ বলেছেন, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় মিলিটারি দিয়ে অত্যাচার চালান হচ্ছে। এটা কিন্তু আমাদের জন্য বলছে না। ওরা বলছে বাংলাদেশের যে মানুষ লড়ছে তাদের ভুল বোঝাবার জন্য। তোমরা বাংলাদেশে মিলিটারির বিরোধিতা করছে, তাহলে পশ্চিম বাংলায় শান্তির সময় কেন মিলিটারি আছে? তাহলে কি এই পশ্চিম বাংলা ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে? আভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলার জন্য তো পুলিশ আছে। কিন্তু কেন চার ডিভিশন, তার মানে প্রায় ৫০ হাজার মিলিটারি আছে? বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের বিরুদ্ধে পাক সেনারা ব্যবহার করছে ৭০ হাজার। মিলিটারি, এখন হয়ত এক লক্ষ হবে। কিন্তু পশ্চিম বাংলায় সাড়ে চার কোটি মানুষের বিরুদ্ধে প্রায় ৫০ হাজার। এখানে চার ডিভিশন মিলিটারি আছে, এই চার ডিভিসন মানে ৫০ হাজার। এই প্রচার যদি ওরা করে? তাহলে পশ্চিমবঙ্গে সিআরপি ব্যবহার দ্বারা কি ইয়াহিয়ার হাতকে শক্তিশালী করা হচ্ছে না? আপনারা ভুল বুঝবেন না। ৫০ হাজার মিলিটারি সাড়ে চার কোটি মানুষের বিরুদ্ধে ব্যবহার করে পাক সামরিক চক্রের আক্রমণের পক্ষে যুক্তি দেওয়া হচ্ছে। বাংলাদেশকে কিছু রাইফেলের সাহায্য দেওয়ার চেয়ে যথেষ্ট গুরুত্বপূর্ণ হবে যদি আমরা দেখাতে পারি, ইয়াহিয়ার কেনা কুৎসা করার সুযোগ নেই। এখানে সবাই জানেন, বিশেষ করে যাঁরা মন্ত্রী হয়েছেন তাঁরা জানেন, আমার মার্কবাদীরা সরকারের আক্রমণ হতে রক্ষার জন্য ওইসবের উপর নির্ভর করি না, নিজেদের ক্ষমতার উপর নির্ভর করি। ক্ষমতা থাকলে লড়াই করবো একথা জানি কিন্তু পাকিস্তানের শাসকচক্র যখন লোককে বোঝায় যে, ভারতবর্ষের সমর্থন হল একটা চালাকি, বাংলাদেশকে ভারতের একটা অনুগত রাষ্ট্রে পরিণত করার চেষ্টা-তখন এর কি জবাব দেবেন এটা বিপজ্জনক। মিলিটারি পশ্চিমবঙ্গে থাকলে আমি আতঙ্কিত নই। মানুষের অভ্যাস হওয়া ভাল। ১৩ বছর ধরে পূর্ববাংলার লোকেদের মিলিটারি দেখতে দেখতে অভ্যেস হয়ে গেছে, এবং তার জন্য তারা মিলিটারির বিরুদ্ধে রাইফেল ধরতে শিখেছে। সেজন্য দেখবেন, কোন দেশের যারা বুদ্ধিমান গভর্নমেন্ট তারা সাধারণ অবস্থায় মিলিটারি ব্যবহার করে না। আমাদের ভারতবর্ষের শাসকরা কেন তা বুঝছেন না, তা জানি না। আমি বলছি পশ্চিমবঙ্গে মিলিটারির ব্যবহার বাংলাদেশের লড়াইকে কি দুর্বল করে না? আমি যে দৃষ্টিভঙ্গী থেকে বলছি সেটা বোঝার প্রয়োজন আছে। জ্যোতিবাবু তাই বলছিলেন আনাদের দরদ কোথায় আছে? কথায় বলে যে, 'আপনি আচরি ধর্ম পরেরে শেখাও'। পূর্ববাংলার মানুষ স্বায়ত্ত্বশাসন চেয়েছিল বলে ইয়াহিয়া তার জবা বুলেটে দিয়েছেন। ভারতবর্ষের বহু জাতির দেশ। এখানে ''স্বায়ত্ত্বশাসন'' শব্দটি এখনও ওঠেনি। শুধু এইটুকু দাবী করা হয়েছিল যে, রাজ্যগুলির আরও অধিকার পাওয়া উচিত। কিন্তু তার জবাবে প্রধানমন্ত্রী বললেন যে, রাজ্যগুলির অধিকতর ক্ষমতার দাবীর মানে হল কেন্দ্রকে দুর্বল করা এবং কেন্দ্র দুর্বল হওয়া মানে দেশ দুর্বল হওয়া। কিন্তু যখন ইয়াহিয়া খাঁন বলেন যে, রাজ্যগুলির স্বায়ত্ত্বশাসন চাওয়া-বিশেষ করে ২ হাজার মাইল দূরের একটা রাজ্যের স্বায়ত্ত্বশাসন চাওয়া মানে পাকিস্তানকে দুর্বল করা, তখন শুনতে খারাপ লাগে। মাদ্রাজের মুখ্যমন্ত্রী- আমাদের দলের লোক নন, নির্বাচনে কংগ্রেসের সঙ্গে ছিলেন-যখন রাজ্যের ক্ষমতার কথা বলেন তখন কি তিনি তাহলে দেশদ্রোহী? আমি হিন্দু ইত্যাদি পত্রিকায় বড় বড় হেড লাইন-এ দেখেছি, তিনি বলেছেন যে, যদি

রাজ্যগুলিকে অধিকতর অধিকার না দেওয়া হয় তাহলে ইফ নট ইন দিস জেনারেশন পরবর্তী জেনারেশন-এ সমস্ত দেশ ছিন্নভিন্ন হয়ে যাবে। আমরা বললে আপনার বলতেন দেশদ্রোহী, কিন্তু যেহেতু তিনি কংগ্রেসকে ১০টি সিট পার্লামেন্ট-এ দিয়েছেন, অতএব তিনি তা নন। এদিন ঐ ইয়াহিয়া খাঁন, আয়ুব সাহেব স্বায়ত্তশাসন দাবী শুনে হেসেছিলেন, কিন্তু সেটা থাকে নি। তাঁরা ভেবেছিলেন এখানে স্বায়ত্তশাসনের দরকার নেই, শুধু রাজ্যগুলি তাদের প্রয়োজনে ইসলামাবাদের কাছে হাতজোড় করে দাঁড়িয়ে থাকবেন। এটাই ছিল ওদের যুক্তি, যে যুক্তি আমাদের এখানেও দেখান হয়। আমাদের বন্ধুস্থানীয় জনৈক সদস্যের পার্টির একটি পত্রিকায় লেখা হয়েছে যে, পাকিস্তানের কেন্দ্রীয় সেক্রেটারীয়েট পশ্চিম পাকিস্তানের ৬৯২ জন অফিসার আর পূর্ববাংলার মাত্র ৫২ জন। সেই তুলনামূলক হিসাব যদি সম্প্রদায় হিসাবে রাইটার্স বিল্ডিংস অফিসারের বেলায় ধরা হয় তাহলে এর দ্বারা খারাপ ফল হবে। উই উইল প্লে ওনলি ইন্টু দি হ্যান্ডস অফ আদার্স। তাই এ রকম যুক্তি ঠিক নয়। কিন্তু আমি যখন বলব যে, পাক শাসকচক্রের দ্বারা বাংলাদেশের মানুষকে লুট করা হচ্ছে তখন আমি কেন ভুলে যাব যে, পশ্চিম বাংলার মতন একটা সমস্যাসংকুল রাজ্যে চতুর্থ পরিকল্পনার ৫ বছরে ভারতে কেন্দ্রীয় সরকার হতে আমরা পাব মাত্র ২২১ কোটি টাকা, অথচ প্রতি বছর আমাদের এখান হতে সেন্টারল ট্যাক্স কেন্দ্রে যাবে ৫০০ কোটি টাকার বেশি। এগুলি কি পাকিস্তান গভর্নমেন্ট দেখছে না? পাকিস্তানের ক্ষেত্রে এক যুক্তি, আর ভারতের ক্ষেত্রে উল্টা যুক্তি হতে পারে না। জ্যোতিবাবু ঐ অর্থে বলেছিলেন ইফ ইউ আর সিনসিয়ার, যদি সত্যিই বাংলাদেশের মানুষের সংগ্রামকে আমরা সমর্থন করি, যদি সেটো পাকবিরোধী মনোভাব থেকে নয়, এই মনোভাব থেকে হয় যে, তারা এমন একটা নীতির জন্য লড়ছে যার জন্য মানুষের প্রাণ দেয়া উচিত, তাহলে সেই নীতিকে ভারতেও প্রয়োগ করা উচিত। এবং যদি না হয় তাহলে পাকিস্তানের সামরিক শাসকচক্রের হাত শক্তিশালী করব। তাদের দাবী যদি সত্যিই গুরুত্বপূর্ণ হয় তাহলে পশ্চিম বাংলায়ও তো সেই দাবীকে মূল্য দেয়া উচিত আমাদের। ওখানে গণতন্ত্রের জন্য মানুষের লড়াইকে যদি শ্রদ্ধা জানাই তাহলে পশ্চিম বাংলাও গণতন্ত্রের জন্য সংগ্রামের আমরা বিরোধিতা করতে পারি না, তাকেও শ্রদ্ধা জানাতে হবে। ওখানে মানুষের যদি আত্মনিয়ন্ত্রণের অধিকার আমরা সেলাম জানাই তাহলে আমাদের এখানে অন্ততঃ রাজ্যগুলির একটু অধিকতর অধিকার থাকা উচিত। এগুলি হওয়া উচিত। এ যদি না হয় তাহলে ভুল কার হবে। দ্বিতীয় যেটা বলতে চাচ্ছি সেটা একটু ভেবে দেখুন। আমাদের এখানে পশ্চিম বাংলায় ৫০ হাজার মিলিটারি যদি মাসের পর মাস থাকে, যদি মাসের পর মাস সিআরপি এখানে থেকে আমাদের উপর উৎপীড়ন চালায় তাহলে কি একথা বলা চলে যে, আমরা সত্যিকারের বাংলাদেশের মানুষকে আন্তরিকতার সঙ্গে সমর্থন করছি? আমি এ কথা বলতে চাই এ জন্য, কারণ পশ্চিম বাংলার হিন্দু, মুসলমান বাঙ্গালী, অবাঙ্গালী সমস্ত মানুষের ঐক্য নির্ভর করছে আমাদের এখানকার গণতান্ত্রিক অধিকার রক্ষার উপর।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলব। বাংলাদেশের মানুষ দেড় মাস ধরে লড়ছে। এটা আপনিও জানেন, আমরাও জানি যে, এই লড়াই-এ যোদ্ধা বাহিনীর পিছনে কি ছিল। এর পেছনে ছিল জনগণের অপূর্ব সমর্থন কিন্তু প্রধানতঃ যারা হাতিয়ার ধরে লড়েছে তারা হল পূর্ববাংলার পুলিশ, আনসার বাহিনী, বেঙ্গলী রেজিমেন্ট ইত্যাদি। এরা কিছু অস্ত্র পেয়েছিল, কিন্তু তারা সোজাসুজি লড়তে জানত, স্বভাবতঃই তারা গেরিলা যুদ্ধের সব কায়দা জানে না। পাকিস্তানী মিলিটারির বিরুদ্ধে তারা এলোপাতাড়ি গুলি খরচ করল, ফলে অস্ত্রের অভাব পড়ল, অস্ত্রের খোরাকের অভাব পড়ল। তখন তাদের জরুরী কি প্রয়োজন ছিল? প্রয়োজন ছিল চোখের জল নয়, ঐ সীমান্তে কিছু চিঁড়ে, গুড় দেয়া নয় বা ট্রিপল অ্যান্টিজেন ইনজেকসন দেয়া নয়। কেউ কেউ বলেছিল ভলান্টিয়ার দিতে রাজী আছি। ওরা ভলান্টিয়ার চায়নি-সাড়ে ৭ কোটি মানুষ প্রাণ দেবার জন্য প্রস্তুতই, তারা ভারতবর্ষের কাছে ভলান্টিয়ার চাচ্ছি না; তারা চেয়েছে রাইফেল, মর্টার, অ্যান্টি- এয়ারক্রাফট গান, যা নিয়ে তারা লড়তে পারে। কিন্তু দেড় মাস দেরী হয়ে গেল, আর কত দেরী হবে? সেখানে কি গেছে না গেছে , তারা কি পেয়েছে বা না পেয়েছে তা আমরা জানি না; কিন্তু গত দেড় মাস ধরে আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত একটা আর্মির বিরুদ্ধে তারা লড়েছে, মরেছে, সেখানে অনেক জায়গা আর্মি দখল করে নিয়েছে। ওরা সেখানে থাকতে পারেনি।

ওদের অসুবিধা গ্রামগুলি এখনও সংগ্রামের ঘাঁটি হিসাবে তৈরী হয়নি। অবশ্য বাংলাদেশের মানুষের লড়াই কিভাবে চলবে না চলবে সেই বিষয়ে উপদেশ দেবার স্পর্ধা আমার নেই; কারণ ওরা লড়ছে মরছে- কাজেই তাদের উপদেশ দেয়া উচিত নয়। তবে আমি এ কথা বলব যে, এদের লড়াই দীর্ঘস্থায়ী হতে পারে, অর্থাৎ কৃষক ওদের বাহিনীর ভিত্তি হয়ে দাঁড়াবে। এটা তারা শিখবে তাদের অভিজ্ঞতা থেকে। এটা লেলিনের কথা যে,শান্তির সময় যে অভিজ্ঞতা অর্জন করতে এক বছর সময় লাগে একটা সংগ্রামের মাঝখানে সেই অভিজ্ঞতা পাঁচ দিনে এসে যায়। ওরা নিজেদের প্রয়োজনেই শিখবে। আমার স্টেটসম্যান এবং অন্যান্য কাগজে দেখেছি তারা কি লিখেছে। তারা লিখেছে এই লড়াই যদি দীর্ঘস্থায়ী, এই লড়াই যদি গ্রামে ছড়িয়ে পড়ে তাহলে ''একট্রিমিস্টস আর ওয়েটিং বিহাইন্ড দি স্ক্রীন'' অর্থাৎ উগ্রবাদীরা পর্দার আড়ালে অপেক্ষা করছে; নেতৃত্ব চলে আসবে। এতে আমাদের বিচলিত হবার কি আছে? ওদের নেতৃত্বে কে থাকবে তা আমরা কেন বিচার করব? এ ব্যাপারে আমরা মাস্টারী না-ই করলাম। আমরা সবাই জানি যে, আজকের বিধানসভায় এই প্রস্তাব কেমন করে রচিত হয়েছে। প্রস্তাবে এই কথাটা দেয়া হয়েছে যে, প্রতিকূল অবস্থা যা-ই হোক না কেন বাংলাদেশের মানুষ শেষ পর্যন্ত জয়লাভ করবেনই। যারা লড়ছে তারা লড়বে, মরবে, জয়লাভ করবে কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে আমরা ওদের কার্যকরী কিছুই দিচ্ছি না। দেড় মাস দেরী হয়ে গেল, এখনও যদি দেরী করি তাহলে সর্বনাশ হয়ে যাবে। স্বীকৃতি তো এমন কিছুই নয় যে, শুধু তা ধুয়ে ধুয়ে তারা জল খাবে এবং তাতে তাদের পেট ভরে যাবে। স্বীকৃতির এই জন্য প্রয়োজন যে, তাহলে তাদের অস্ত্র দিতে পারেন, অস্ত্র বিক্রি করতে পারেন, আধুনিক অস্ত্রশস্ত্র তাদের দিতে পারেন। কাজেই এই শব্দটা এই প্রস্তাবে আমার জন্য আমরা খুবই আনন্দিত এবং এরই জন্য আমরা একমত হতে পেরেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছু কিছু বন্ধু কাটক্ষ করবার জন্য জ্যোতিবাবুকে বলেছেন তার ''বন্ধুদেশ'' চীনতে বোঝাতে। আমি পার্টির একজন দায়িত্বশীল কর্মী হিসাবে এই কথা বলতে পারি যে আমাদের বলায় যদি কাজ হত তাহলে বাংলাদেশের লড়াইকে বাঁচাবার জন্য ও তাকে সমর্থন করবার জন্য যা কিছু করবার প্রয়োজন তা করার জন্য আমরা প্রস্তুত ছিলাম। একথা সবাই জানেন এবং যিনি বলেছেন তিনিও জানেন, জয়নাল আবেদীন সাহেবও জানেন যে, সোভিয়েট বা চীনের প্রশ্ন তোলা ঠিক নয়। আমরা কারো গুড বুকে নই। উভয়েই আমাদের সমালোচনা করেন- একদল বলেন আমরা বিভেদকামী, আর একদল বলেন আমরা নয়া সংশোধনবাদী। কিন্তু আমি বলি আমরা নিজেদের পায়ে দাঁড়াতে শিখেছি এবং আমদের মাথাটাকে কারো কাছে বন্ধক দিইনি। আমরা সব দেশকে শ্রদ্ধা করি। আর একজন সদস্য বললেন চীনকে বলুন না। ওরা কি জানেন না যে, চীন আমাদের কি চোখে দেখেন? আসলে এই সুযোগে একটু চীনবিরোধী রাজনীতি করছেন ওরা- এটা যদি বলি তাহলে কি অন্যায় চোখে বলা হবে? কই একবারও তো বললেন না আমেরিকার ট্যাঙ্কের কথা-শ্রীমতি গান্ধী নিকসন সাহেবকে একটু কম সেলাম করুন। আগে নিজেরা রেকগনিসন দিন, তারপর তো অন্য কথা বলবেন। কই, বললেন না তো দক্ষিণ ভিয়েতনামে সাহায্য পাঠান বন্ধ করে দিন। কাজেই আমি বলব আপনারা চীনবিরোধী রাজনীতি করছেন; বাংলাদেশকে আপনারা কার্যতঃ সমর্থন করছেন না। তা যদি করতেন তাহলে আপনারা আমেরিকার ট্যাঙ্কের কথা বলতেন, সাত সমুদ্র তের নদী পার হয়ে ভিয়েতনামে যে মিলিটারী যাচ্ছে তার কথা বলতেন, বলতেন ভারতবর্ষ থেকে কেন ট্রাক যাবে, জিনিসপত্র যাবে হত্যাকারীদের সাহায্যে জন্য? পূর্ব জার্মানির স্বীকৃতির কথা বলতেন। আমি সেজন্য বলছি এই যে, বাংলাদেশের লড়াই সত্যই একটা গুরুত্বপূর্ণ লড়াই। এর সমর্থনের জন্য যে প্রস্তাব তাতে ভারতের আভ্যন্তরীণ ব্যাপার আমি জানতে চাই না এবং আমরা প্রথমে যে ড্রাফট তৈরী করেছিলাম তাতেও আভ্যন্তরীণ ব্যাপারের কথা ছিল না। আমি শুধু বলতে চাই যে, বাংলাদেশের লড়াইকে বাঁচাতে গেলে শুধু ইয়াহিয়া চক্রের কথা বলে লাভ নেই, কাজে সাহায্য করতে হবে। আমাদের পার্টির তরফ তেকে আমি একথা বলতে চাই যে, আমাদের সমর্থন শুধু মহানুভবতার জন্য নয়, তাদের জন্য শুধু আমাদের প্রাণ কাঁদার জন্য নয়। আজকে বাংলাদেশের মানুষ যদি এগিয়ে যায় তাহলে ভারতবর্ষের মানুষও এগিয়ে যাবে, তারা যদি মাথা তুলে দাঁড়াতে পারে তাহলে আমাদের গণতন্ত্রের শক্তি বেড়ে যাবে এবং

সেজন্য আমরা আছি, সমস্ত শক্তি দিয়ে আমরাও এগিয়ে যাব এবং সাহায্য করব। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ জয়নাল আবেদীনঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, হঠাৎ বন্ধুরা চঞ্চল হয়ে উঠলেন কেন বুঝি না। আমি শুধু অত্যন্ত বিনয়ের সঙ্গে তাদের স্মরণ করিয়ে দিতে চাই আজকে এই বিতর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে হচ্ছে। এই বিতর্ক, আলোচনার সঙ্গে আমাদের জীবন-মরণ সমস্যা জড়িত; শুধু ওপার বাংলার মানুষের নয়, আমাদেরও। তাই আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই যে, আজকে গভর্নরের এ্যাড্রেসের উপর আলোচনা হচ্ছে না।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকের এই এসেম্বলীর একটা শুভদিন। অন্ততঃ একটা বিষয়ে এই দুর্দিনে, এই দুর্দিন শুধু সীমান্তের ওপারেই সীমাবদ্ধ নয়, যে ধারায় এই সংগ্রাম পরিচালিত হচ্ছে, তার যে সম্ভাব্য পরিণতি তাতে আমরাও বিপদমুক্ত এ কথা বলতে পারি না। এই জন্য শুভদিন বলছি, বিরোধী পক্ষের বন্ধুরা একদিনের জন্য এই গরমিল নিয়েই আলোচনার সূত্রপাত করতে চাই। বাংলাদেশের সংগ্রাম প্রাথমিক পর্যায়ে অহিংস এবং অসহযোগ আন্দোলনই ছিল। জ্যোতিবাবু বলে গিয়েছেন দ্বিজাতিতত্ত্ব ধুয়ে মুছে গেছে। অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই এই ভুল থিওরী দ্বারা যে একটা সংকট সৃষ্টি করা হয়েছিল তাতে যে পক্ষ ছিল সে পক্ষ স্বার্থান্বেষী পক্ষ ছিল। নিশ্চয়ই তারা মুছে গেছে। আমরাও গর্বিত। এই আন্দোলনের যারা বিরোধিতা করেছিল সেই কংগ্রেস এই দ্বিজাতিতত্ত্ব বিশ্বাস করেনি বলেই, হিন্দু মুসলিম এই ভেদে বিশ্বাস করেনি বলেই আজকে কংগ্রেস দ্বিগুণ বলে বলীয়ান হয়ে এসেছে সর্বত্র; এ কথাটা তিনি বলে গেলেন না। কংগ্রেস আজকে এই তত্ত্বে বিশ্বাস করেনি বলেই এক দিকে মুছার নিশানা আর এক দিকে বিপুল শক্তির সূচনা। এটার স্বীকৃতি দিলে খুশি হতাম।

এখন যে-কথা বলছিলাম, এই সশস্ত্র সংগ্রাম বাংলাদেশের মানুষের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে এই সংগ্রাম অসহযোগ এবং ঐতিহাসিক পর্যায়ই রেখেছিল। হাইকোর্টের জজ, সুপ্রীম কোর্টের জজ গভর্নরের শপথ গ্রহণ করায়নি। সেজন্যই একদিন গান্ধীজী মন্ত্র দিয়েছিলেন আন্দোলন অসহযোগের দ্বারা, হিংসার দ্বারা নয়। কিন্তু আমাদের বিরোধী দলের বন্ধুরা হিংসা ছাড়া কোন সমস্যার সমাধান খুঁজে পান না। মাহাত্মা গান্ধী যে বাণী দিয়ে গেছেন তা হল অহিংস অসহযোগ-এর পথই একমাত্র পথ, এই পথে পৃথিবীর সমস্যার সমাধান সম্ভবপর। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, জোর করেই হোক যে রকম উপায়েই হোক এই সংগ্রাম সশস্ত্র পর্যায়ে চলে গিয়েছে। এর সম্ভাব্য পরিণতি কি হতে পারে? এই সংগ্রাম দীর্ঘস্থায়ী হতে পারে, মুক্তিফৌজের সংগ্রাম দীর্ঘস্থায়ী হতে পারে। ইয়াহিয়া খাঁর বাহিনী একবার দখল করতে পারে, আবার মুক্তিফৌজ পাল্টা দখল করতে পারে। এই যে সংঘবদ্ধ অসম সংগ্রাম সাধারণ নাগরিক কৃষকমজুর সংঘবদ্ধ হয়ে আধুনিক অস্ত্র-শস্ত্রে সজ্জিত সেনাবাহিনীকে পরাজিত করতে দেরী লাগতে পারে, এই সংগ্রাম ছড়িয়ে যাচ্ছে, তাতে সংগ্রাম দীর্ঘস্থায়ী হবার পথেই যাচ্ছে। এর আর একটা পরিনতি হতে পারে। বাংলাদেশের মানুষের বিরুদ্ধে দালাল লাগিয়ে, মুসলিম লীগের লোকদের হাত করে বা নুরুল আমিনপন্থী যারা আছে তাদের হাত করে বা ওই জাতীয় এজেন্ট যারা আছে তাদের হাত করে দেশের আন্দোলনকে নষ্ট করে দিতে পারে এবং বেয়নেট দিয়ে, প্রলোভন দিয়ে, ইয়াহিয়া বাহিনী সমস্ত দেশ দখল করতে পারে এবং তার ফলে আন্দোলন স্তব্ধ হয়ে যেতে পারে। আমরা দেখছি আজকের এই যুদ্ধে মা এবং মেয়েরাও সামিল হয়েছেন। এইভাবে যদি তাঁরাও সামিল হন অর্থাৎ স্বাধীনতা যুদ্ধের সামিল হন তাহলে এটা বাস্তব সত্য যে, এটা একটা পরিপূর্ণ রূপ নেবে। আজকে একটা জিনিস দেখছি আন্তর্জাতিক বৃহৎ শক্তিগুলি নির্বাক দর্শক হয়ে রয়েছে-কেউ কোন কথা বলছেন না এবং যদি বা কেউ কিছু বলেন তাহলে খুব সতর্কতার সঙ্গে বলছেন। আর একটা জিনিস দেখছি ওপারে যারা নিজেদের মহাশক্তি বলে বলছেন সেই মহাচীন এতে মদদ দিচ্ছেন এবং তাঁরা চাচ্ছেন এটাকে ডোর-স্টেপ ফর ইন্ডিয়া করতে। আজকে মহাচীনের কথা বলাতে হরেকৃষ্ণ বাবু আপত্তি করেছেন। কিন্তু এর সম্ভাব্য পরিণতি অস্বীকার করবেন কি করে?

আজকে ইয়াহিয়া খাঁনের যে পরোক্ষভাবে চীনেরই শক্তি সে কথা কি করে অস্বীকার করবেন? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমেরিকার প্রশস্তি গাইছি না। আমেরিকানরা ব্রিটিশ ইম্পিরিয়ালিজম-এর বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলন করে স্বাধীন হোল অথচ আজকে যখন ওখানকার মানুষরা সেই একইভাবে সংগ্রাম করছে তখন তাদের মুখে টুঁ শব্দটি নেই। তারা যখন এইভাবে অস্ত্র-শস্ত্র নিয়ে যুদ্ধ করছে তখন তোমাদের কি বিবেক! মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যে সম্ভাব্য পরিণতির কথা বলছিলুম সেই প্রসঙ্গে আর একটা কথা হচ্ছে আন্তর্জাতিক শক্তিগুলি চেষ্টা করবে এই যুদ্ধে দীর্ঘস্থায়ী হোক যাতে করে এখান থেকে স্বার্থ লুট করা যায়। কিন্তু প্রতিবেশী রাষ্ট্র হিসেবে, ভারতীয় হিসেবে আমাদের প্রথান কর্তব্য হবে বাংলাদেশের লোক শক্তিশালী হয়ে ইয়াহিয়া বাহিনীর বিরুদ্ধে এগিয়ে যাক এবং এই যুদ্ধের পরিসমাপ্তি ঘটুক। আজকে এই জন্যেই প্রয়োজন আমাদের যে-কোন প্রকার সুযোগ-সুবিধা দেওয়া। যদি প্রয়োজন হয়, অস্ত্র-শস্ত্র দিয়ে নয়- অস্ত্রশস্ত্র ব্যতিরেকে শুধু স্বীকৃতি দিয়ে নয়, যে যে কার্যকরী পন্থা নিলে বাংলাদেশ জয়যুক্ত হয়, তা করা উচিত। আজকে এদের নিশ্চিত করুন এবং এটা ভারত সরকারের কর্তব্য। এ কথাও টিক, এ বিষয়ে ভারত সরকারের দায়িত্ব রহিয়াছে। বিরোধী দলের নেতা শ্রী জ্যোতি বসু বলেছেন যে, কাগজের প্রস্তাব না হয়ে দাঁড়ায়। নিশ্চয়ই আমরা স্বীকার করেছি এবং প্রতম দিন যেদিন স্বীকৃতি দেবার দাবী এই বিধানসভায় সর্বসম্মতিক্রমে তোলা হয়েছে আমাদের মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এনেছেন, তাতে আমরা সকলে একমত হয়েছি। শুধু মুখ্যমন্ত্রীই নয়, শুধু পশ্চিম বাংলা নয়, বাংরাদেশের আশেপাশে যারা রয়েছেন তাঁদেরও এ বিষয়ে দেখা দরকার এবং ভারতবর্ষের মধ্যে আর যে রাষ্ট্রগুলি রয়েছে সেখানকার মুখ্যমন্ত্রীরা একজোট হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী তোলা উচিত যে, বাংলাদেশের সংগ্রামকে এইভাবে শক্তিশালী মদদ করা উচিত যাতে বাংলাদেশবাসী জয়ী হয়।কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমরা অহিংসা নীতিতে বিশ্বাস করি। সেইজন্যে আমাদের প্রয়োজন কূটনৈতিক তৎপরতা বৃদ্ধি করে আন্তর্জাতিক শক্তিগুলির শুভ উদ্রেগ করা। আমরা এই প্রশ্নকে যেন রাজনৈতিক দিক তেকে বিচার না করি, এটা সামরিক প্রশ্ন। সুতরাং, এত বড় একটা ঝুঁকি নেবার আগে নিশ্চয়ই ভারত সরকারের কর্তব্য রয়েছে আন্তর্জাতিক ক্ষেত্রে কূটনৈতিক তৎপরতা চালিয়ে বৃহৎ শক্তি এবং ক্ষুদ্র শক্তির শুভ বুদ্ধিকে জাগ্রত করা। এই কাজ করলেই বাংলাদেশকে সাহায্য করা হবে যাতে করে তারা ঐ বর্বরতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারে এবং সেই তৎপরতা ভারত সরকার চালিয়ে যাচ্ছে নানা প্রচেষ্টায় এবং আমরা মনে করি ভারত সরকার তার দায়িত্ব পালন করে চলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আজকে বাংলাদেশবাসী কি দুর্দশায়, দুর্গতি ও লুণ্ঠনের সম্মুখীন হয়েছে। এই অবস্থায় বিরোধী দলের বন্ধুরা সেখানে কিছু রাজনৈতিক স্বার্থ আদায় করার চেষ্টা করে চলেছে ।আজকে হরেকৃষ্ণবাবু বলেই গেলেন ভারতের এই সাহায্য করা প্রথম দায়িত্ব এবং কর্তব্য। কিন্তু আসল কথার কাছাকাছি যেতে চাইলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দাবী আজকের দাবী নয়। এই দাবী বিগত নির্বাচনের আগের দাবী এতে শুধু কংগ্রেসের দায়িত্ব আছে বলে আমরা মনে করি না। তিনি কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে যে কথা বলেছেন তার বেশি তাঁর আর কিছু বলার নেই, কারণ দেশের জনগণ কেন্দ্রীয় সরকারের সিলেন্ডার মেজরিটি দিয়ে দিয়েছেন- দুই-তৃতীয়াংশ মেজরিটি দিয়ে তাঁরা দিল্লীর পার্লামেন্ট করে দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা মাঠে ঘাটে এই কথা বলেছিলেন যে, ইন্দিরা হঠাও। কিন্তু আজকে ওদের নাগলে বাহিরে চলে গেছে- ভারতবর্ষের মানুষ ইন্দিরাজীকে যে সংখ্যায় বসিয়ে দিল, তা এখন ওদের নাগালের বাহিরে। কিছুতেই নড়ান যায় না। ওদের কিছু উষ্মা হয়েছে। সি আর পি, মিলিটারি কেন এখানে আছে-সম্পূর্ণ নিরাপদজনক অবস্থা। কিন্তু এ কথা কি ঠিক? পশ্চিম বাংলা সীমান্তবর্তী রাজ্য।

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলা যে সীমান্তবর্তী রাজ্য একথা অস্বীকার করলে চলবে না। এর অপর প্রান্তে রয়েছে চীন। এই কিছুদিন আগে চীনের রেসিয়াজিলম এমন কি তব্বতকে গ্রাস করে নিল। আজকে বাংলাদেশের জন্য যে বন্ধুরা চোখের জল ফেলছেন , আমি তাদের সাধুবাদ জানাচ্ছি। কিন্তু এই তিব্বতকে চীন

যখন গ্রাস করল তখন তো একটি প্রতিবাদও ওঠেনি। পরোক্ষে তাদের সমর্থন জানিয়েছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সীমান্তবর্তী রাজ্য হিসাবে ভারতের কথা পশ্চিম বাংলার নিরাপত্তার জন্য এবং আর একটা শক্তির কাছ থেকে জনসাধারণকে রক্ষা করার জন্য এখানে মিলিটারির প্রয়োজন আছে। একথা কি ও'রা অস্বীকার করতে পারেন? টু রেক দি কনস্টিটিউশন ফ্রম উইদিন একথা ওরা একাধিক বার বললেন গণতন্ত্রের কথা কিন্তু আজকে সেইজন্যই মিলিটারি ও সি আর পি-র প্রয়োজন আছে।

(গোলমাল)

আজকে দেখেছি ওদের রক্ষা করার জন্য সি আর পি বিপুল বাহিনীর প্রয়োজন হয়েছিল। বিরোধী দলের নেতাকে রক্ষা করার জন্য দু'হাজার টাকা ব্যয় হয় বলে জানা গেছে। শেষ কথা, এই প্রস্তাবে সরকারের আন্তরিকতা আছে কিনা, বিরোধী দলের নেতা তা বার বার বলেছেন। আমরা মুখে এক, আর মনে আর এক কথা বলি না- আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। আমরা সুবিধাবাদী, সুযোগসন্ধানী নই। আমাদের গোবিন্দ ভাই (এম এল এ) বার বার সে কথা বলার চেষ্টা এবং আলোকপাত করার চেষ্টা করেছেন। মাননীয় নাম্বুদ্রিপাদ সাহেব মুসলিম লীগের পিছনে ছুটে নাগাল পাচ্ছে না, এ কথা আমরা এখানে বলতে চাই না। আমি বলতে চাচ্ছি মাননীয় জ্যোতিবাবুর দল ঐ হারুন অল রসিদের পেছনে ঘোরাঘুরি করে হয়রান হয়ে গেলেন। এই আঙ্গুর কখন টক হল? তারপরে আমি ওকে জিজ্ঞাসা করি গণতন্ত্রের প্রতি অবিচল আস্থা থাকে তাহলে কোন সাহসে কোন ধৃষ্ঠতায়, কোন কৌশলে বা কি মনে করে ২৭৭ জনের হাউসে ১২৩ জনকে নিয়ে সরকার গঠনের দাবী করেন? আর এম এল এ-দের পণ্যের মত কেনা বেচার সংকল্প করেন-মুসলিম লীগের এম এল এ-কে দলে টানার চেষ্টা করেনই বা কি করে? কাজেই স্যার, আমি এই কথাই বলতে চাই যে, এ সমালোচনা জ্যোতিবাবুর সাজে না। মাননীয় সভাপাল মহাশয়, কার্যকরী ব্যবস্থার কথা সুবোধবাবু বলেছেন। সেই একই সুরে আমি বলতে চাই যে পশ্চিম বাংলার এই অবস্থা কেন করলেন আপনারা? আজকে তাদের ট্রেনিং দেওয়া যাচ্ছে না। কারণ বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের যেখানে ট্রেনিং দেওয়া হবে সেখানে জ্যোতিবাবুর দলের লোকরা শিখে এসে গুলিটা চালাবে জয়নালের বুকে, নইলে গোবিন্দর বুকে কিম্বা দেশের নিরীহ মানুষের বুকে। স্যার, এ নজীর আপনি কি পাননি? আমি তাই আজকে জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করি কেন এই অবস্থার সৃষ্টি আপনারা করলেন? সীমান্তে যেকানে আমাদের ভাইবোনেরা পড়ে রয়েছে সেখানে ত্রাণের জন্য ছুটে যাওয়া যাচ্ছে না। কারণ যাবার সময় ভাবতে হচ্ছে ঐ দমদম দিয়ে যেতে হবে যেটা জ্যোতিবারুর এলাকা, সেখানে দিয়ে যাওয়া যাবে না। এখানে গেলেই পাইপ গানের গুলি বা অন্য কিছু লাগতে পারে। কাজেই এই যে আভ্যন্তরীণ অরাজকতার সৃষ্টি আপনারা করেছেন তার চরম মূল্য আমাদের এই সংকটের সময় দিতে হচ্ছে। তবুও বলি স্যার, শুভ বুদ্ধির উদ্রেক হোক। স্যার, এই প্রসঙ্গে ওদের বলি, এই যে হানাহানির শিক্ষা বা প্রচলন যাতে আপনারা মনে করছেন লাভবান হবেন, আজকে দিন এসেছে জ্যোতিবাবু খতিয়ে দেখুন লোকসানের হিসাবটা কি? তা না হ'লে আপনারা এদিকে ছিলেন আমরা ওদিকে ছিলুম, আজকে গণতন্ত্র সেটা প্রমাণ করেছে বলেই আপনারা ওদিকে গিয়েছেন, আমরা এদিকে এসেছি। এই হুঁশিয়ারী বা সতর্কতা দিয়ে আপনাদের স্মরণ করিয়ে দিয়ে বলছি, গণতন্ত্রের নামাবলি গায়ে দিয়ে ভন্ডামী চলে না তার বিচার করেছে জনসাধারণ। একটা জাতি আজকে যেখানে বিপদে বা সংকটে পড়েছে সেখানে সমস্ত কপটতা ভুলে গিয়ে সমস্ত ভন্ডামীর ঊর্ধ্বে উঠে আসুন নিজেদের সংশোধন করে নিয়ে আমরা এগিয়ে যাই। ইতিহাসের শিক্ষা আপনারা স্মরণ করুন। আজকে সাহায্যের হাত বাড়িয়ে দিন যাতে ঐ সমস্ত ভাইবোনের সংগ্রাম জয়যুক্ত হয়। আপনার এগিয়ে আসুন, আমাদের তরফে কোন কপটতা নেই, আপনারাও আপনাদের কপটতা বর্জন করুন। আর তা করে বাংলাদেশের সংগ্রামকে জয়যুক্ত করুন, অনুরোধ জ্যোতিবাবু, এ থেকে আপনারা অতিরিক্ত মুনাফা লোটবার চেষ্টা করবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার শেষ কথা হ'ল,

আজকে শুধু সাহায্য বা স্বীকৃতি নয়, আজকে এই আন্দোলন যাতে জয়যুক্ত হয় ভারত যেন সেই কার্যক্রম গ্রহণ করেন এবং সেটা করবার জন্য আমরা এই সরকার পক্ষে যতজন আছি, আমরা ঐক্যবদ্ধ, দৃঢ়বদ্ধ মত পোষণ করি যে, আমরা এটা সমর্থন করি। এটা জয়যুক্ত হবে বলেই আমরা বিশ্বাস করি এবং তাই শুধু ওদেতর জীবনপণ নয়, আমাদেরও জীবনপণ করে আমরা সকলেই একে সমর্থন জানাচ্ছি। জয় হিন্দু।

শ্রী সব্রত মুখোপাধ্যায়: মাননীয় ডিপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমে মুখ্যমন্ত্রী কর্তৃক আনীত যে প্রস্তাব সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি আরও যাঁরা এখানে তাঁদের বক্তব্য রেখেছেন তাদের মধ্যে বিরোধী দলের অন্য সকলকে বাদ দিলেও সুবোধ বাবুর কিছু কিছু অ্যানালিসিসকে। যদিও তার সমস্ত বক্তব্যের সঙ্গে একমত হতে পারিনি তবুও তার বক্তব্য অন্যান্য বিরোধী দলের প্রবীণ অভিজ্ঞ নেতার চেয়ে অনেক দৃঢ় এবং প্রস্তাবের স্বপক্ষে অনেক কার্যকরী সহায়তা হবে এবং অনেকটা সহযোগিতা করেছে। আমি অবাক হয়ে দেখেছি যে, এই ঐতিহাসিক মুহূর্তে যখন আমাদের সদস্যদের একটা প্রচন্ড দায়িত্ব রয়েছে অত্যন্ত গভীরভাবে এটা চিন্তা করার, সেই মুহূর্তে আমরা অনেক জায়গায় সেটাকে লাইট করে দিয়েছি। অনেক জায়গায় প্রবীণ অভিজ্ঞ সদস্য হওয়া সত্ত্বেও তারা সেটাকে দলীয় স্বার্থে ব্যবহার করার অপচেষ্টা করেছেন, সেটা অস্বীকার করে লাভ নেই। অনেক বক্তব্য প্রস্তাবের স্পিরিটকে শক্তিশালী করার চেয়ে তাদের দলের স্বার্থে ব্যবহার করার অপচেষ্টা করেছেন, সেটা অস্বীকার করে লাভ নেই। অনেক বক্তব্য প্রস্তাবের স্পিরিটকে শক্তিশালী করার চেয়ে তাদরে দলের স্বার্থে ব্যবহার করার চেষ্টা করেছেন, বা জয়নাল আবেদীন মহাশয় তার বক্তৃতায় বলেছেন। সেটা অত্যন্ত দুঃখের ব্যাপার। আপনারা অনেকে প্রস্তাবকে অভিনন্দন জানিয়েছেন। দলগত নির্বিশেষে এই প্রস্তাবকে গ্রহণ করার জন্য আমি বিরোধী এবং অন্যান্য সকল সদস্যকে অভিনন্দন জানাই আর অভিনন্দন জানাই শ্রীমতি ইন্দিরা গান্ধীর বাংলাদেশ সম্পর্কিত এ যাবত সমস্ত কার্যাবলীকে এবং বাংলাদেশ সম্পর্কে সমস্ত ব্যবস্থা গ্রহণে তিনি যে দূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন তার জন্য। এটা আমার মুখের কথা নয়। হয়ত আমাদের দাবি আছে অনেক, অনেক আমাদের বক্তব্য আছে। আমাদের দাবি আদায়ের জন্য হয়ত কোন কোন জায়গায় একটু চাপ সৃষ্টি করতে হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এটাও সত্যি কথা, সীমান্তে গিয়ে দেখে আসুন যে, পূর্ব বাংলার একটা বিশেষ একটা অংশ একদিন সেখান থেকে বিতাড়িত হয়ে আসা সত্ত্বেও আজকে তারা শ্রীমতি ইন্দিরা গান্ধীর নামে জয়ধ্বনি করছে যখন ইন্দিরা গান্ধীর সাহায্য ওপার বাংলায় যাচ্ছে। আমি সীমান্তে গিয়েছি। যারা সেখানে গিয়েছেন তারাও নিশ্চয়ই দেখেছেন। অবশ্য সকলে গিয়েছেন কিনা আমি জানি না। তবে গেলে দেখবেন যে, এপারের বহু নরনারী শ্রীমতি ইন্দিরা গান্ধীর দেশ থেকে যে সাহায্য যাচ্ছে তাকে দু'হাত নেড়ে তাদের অভিনন্দন জানাচ্ছে। সবচেয়ে আশ্চর্যের কথা হচ্ছে যে, প্রস্তাবের সমস্ত অংশটাকে বাদ দিয়ে 'অস্ত্র' এবং 'ইন্দিরা গান্ধী' এই দুটো শব্দকে প্রাধান্য দিয়েছেন বিরোধীরা। কিসের জন্য বাংলাদেশের এই প্রস্তাবের স্পিরিটকে আপনারা নিতে পারলেন না? নিলেন শুধুমাত্র দলীয় স্বার্থকে বড় করে দেখবার জন্য। আজকে 'ইন্দিরা গান্ধী' এবং 'অস্ত্র' এই দুটো কথা বাংলাদেশের বুকে খবরের কাগজে বড় করে দেখাবার প্রচেষ্টা করলেন। আমরা চেয়েছিলাম নেচার অফ দি মুভমেন্ট তাকে অ্যানালিসিস করা হবে।আমি বিরোধী দলের সদস্যদের কাছে চেয়েছিলাম যখন সর্বসম্মতিক্রমে প্রস্তাবটা নেওয়া হয়েছে, আপনারা অ্যানালিসিস করুন, আপনারা প্রবীণ সদস্য আপনাদের অ্যানালিসিস থেকে আমরা কিছু গ্রহণ করব। আমরা ট্রেজারি বেঞ্চ-এর সদস্য বলে অপরাধ করিনি। অন্ততপক্ষে ঐতিহাসিক রেজিলিউশন-এ একটা সুযোগ চেয়েছিলাম যেটা আমরা পাইনি। আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে লক্ষ্য করেছি যে,বিভিন্ন জায়গায় জোর করে কংগ্রেসদল এবং ইন্দিরা গান্ধীর সমালোচনার চেষ্টা হয়েছে আমি তার দু-একটা কথা এখানে বলতে চাই। যেভাবে ওখানে ইয়াহিয়ার দ্বারা মানুষ অত্যাচারিত হয়েছে সেকথা করোর অজানা কথা নয়। সেই মুক্তি সংগ্রামীরা কেমন সাংঘাতিকভাবে লড়াই করছে সেটা আমাদের অ্যানালিসিস করে দেখতে হবে। শুধু মুজিবর জিন্দাবাদই নয়। শুধুমাত্র বিরাট বিরাট প্রস্তাব ইত্যাদি বাংলাদেশের মানুষের সামনে তুলে দেওয়া নয়, সঙ্গে সঙ্গে এটাও সি পি এম সমর্থকরা চিন্তা করুন- জাতীয়তাবাদী শব্দটি ব্যঙ্গ করেছেন-বুর্জোয়াদের শোষণ করার শব্দ বলে অ্যানালিসিস করে বারবার বক্তৃতায় বলেছেন, ময়দানে আলোড়ন সৃষ্টি করেছেন। সেই শব্দের যে কত জোর অ্যানালিসিস করে দেখুন। মুখ্যমন্ত্রী, আমাদের তদানীন্তন মুখ্যমন্ত্রী তখনকার গণতান্ত্রিক অধিকার নিয়ে এই

কার্জন পার্কে জাতীয়তাবাদী মন্ত্রে উদ্বুদ্ধ হয়ে গণতান্ত্রিক অধিকারে অনশন করেছিলেন। তখন আমি জানি সি পি এম-বহু সদস্য প্রস্রাব গায়ে দেবার চেষ্টা করেছিলেন। এ কথা অস্বীকার করতে পারেন? এখন আবার গণতন্ত্রের কথা বলছেন? আমরা বন্দে মাতরম বলি বলে এই অপরাধে স্কুলে যেতে পারন না, আমাদের মায়ের কোল থেকে ছিনিয়ে নিয়ে এসে প্রকাশ্য দিবালোকে হত্যা করা হবে, আমাদের বাড়ি সাঁই পরিবারে পরিণত হবে। এর পরও কি মাননীয় সি পি এম সদস্যদের কাছ থেকে গণতন্ত্রের মত বড় বড় কথা শুনতে হবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানব অভুত্থানের স্রষ্টা হিসাবে পৃথিবীর ইতিহাসে যে ক'টা নাম স্বর্ণাক্ষরে লিখিত আছে তার মধ্যে একটি হচ্ছে মহাত্মা গান্ধী এবং মহাত্মাজীর পরে আর একটি নাম যোগ করুন, তিনি হচ্ছেন জাতীয়তাবাদী মহান নেতা মুজিবুর রহমান। দুটোকে এক সঙ্গে দেখিয়ে আমরা বলেছি গণ-অভ্যুত্থানের ব্যাপারে মহাত্মা গান্ধী পৌঁছতে পারেননি, সেখানে মুজিবুর রহমান কোন কোন জায়গায় পৌঁছে দিয়েছেন। আমরা মুজিবুর রহমানের সংগ্রামকে শ্রদ্ধা করি, কিন্তু তার চেয়ে বড় শ্রদ্ধা করি এই সংগ্রামের ক্যারেক্টারকে এবং নেচারকে। আমরা দেখেছিলাম ভিয়েতনামে লড়াই হচ্ছে। আজকে আপনারা চেঁচাচ্ছেন ভিয়েতনামে লড়াই হচ্ছে বলে। কিন্তু আপনারা বুকে হাত দিয়ে বলুন তো ভিয়েতনামের মুক্তি সংগ্রামের প্রতিই যদি আপনাদের সমর্থন হয় এবং সেই সমর্থনে সেদিন যে সুর আপনাদের কাছ থেকে শুনেছিলাম-আপনারা ভাতের হাঁড়ির কাছ পর্যন্ত, বাচ্চা ছেলের কানের কাছে ভিয়েতনাম, ভিয়েতনাম গান পৌঁছে দিয়েছিলেন এবং আপনাদের সমস্ত ক্রেডিট সেদিন ছিল, আমি আজকে তা অস্বীকার করছি না। সেদিন মুক্তি সংগ্রামীদের সমর্থনে হাজার হাজার মিছিল বেরিয়েছিল ব্রিগেড ময়দানে এবং কত লক্ষ টাকা খরচ করে তোরণ গেট নির্মাণ করা হয়েছিল এবং বহুবার ব্রিগেড ময়দানে মিটিং হয়েছিল। আজকে বাংলাদেশে শুধু একটি ভিয়েতনামবাসীর মত নয়, শত শত মুক্তি সংগ্রামী এগিয়ে আসছে দেখছি, তখন তো আপনাদের একটাও গেট দেখিনি, বাংলাদেশের স্বার্থে একটি শ্লোগানও তো দেখিনি, যে, মিছিল ভিয়েতনামের মুক্তিযোদ্ধাদের সমর্থনে দেখেছিলাম, বিরোধী দলের নেতারা তো এখানে বসে আছেন, আপনারা বলুন ভিয়েতনামের জন্য ব্রিগেডে যে ক'টা মিটিং করেছিলেন সেই হিসাব আজকে মিলিয়ে নিতে চাই। মুক্তি সংগ্রামই বড় কথা, না ইডিওলজি অ্যান্ড ইজম বড় কথা সেটা আপনারা পরিষ্কার করে বলুন। যদি ইডিওলজি অ্যান্ড ইজম বড় কথা হয় তাহলে আর আপনারা লোকদের ভাঁওতা দেবেন না। আর যদি মুক্তিযোদ্ধাদের কথা বড় কথা হয় তাহলে আমাদের সুরে সুর মিলিয়ে বলুন যে, ভিয়েতনাম যেমন যোগ্য সম্মান পাবে, বাংলাদেশের মুজিবরের মুক্তিযোদ্ধা ও যুদ্ধও তেমনি যোগ্য পাবে। অনেক আন্তরিকতার অভাব দেখলাম, যে আন্তরিকতা তারা অনেক জায়গায় দেখিয়েছেন। তারা চাপ সৃষ্টি করবার কথা বলেছেন। তারা বলেছেন ইন্দিরা গান্ধীর কাছে চাপ সৃষ্টি করতে হবে। ডেফিনিটলি সৃষ্টি করতে হবে। কিন্তু চাপ সৃষ্টি করার মানে এই নয় যে, আগামী দিনে ট্রাম, বাস পুড়িয়ে আপনাদের মসনদ ফিরিয়ে দেবার জন্য-এইরকম চাপ সৃষ্টি যেন না হয় সেদিকে একটু লক্ষ্য রাখবেন। এবং এদিকে লক্ষ্য রেখে সেইভাবে চাপ সৃষ্টি করবেন। আমি জানি এখানে মিলিটারির কথা আগে উঠেছিল। মাননীয় জ্যোতিবাবু তখন পুলিশমন্ত্রী। বিরোধী পক্ষ একবার মিলিটারি, সি আর পি-র কথা তুলেছিলেন। তখন তিনি বলেছিলেন যে মিলিটারি সি আর পি আমাদের পয়সায় পোষা হচ্ছে এবং প্রয়োজনে তারা আমাদের সার্ভিস দেবে। আমি বহু মাননীয় বিরোধী দলের নেতা, মাননীয় সদস্যদের জানি- বহু বাড়ি জানি- যেখানে শুধুমাত্র তাদের স্ত্রী-পুত্রদের সি আর পি পাহারা দেয়নি, তাদের স্ত্রী-পুত্রের পুতুলকে পর্যন্ত সি আর পি পাহারা দেয়। কলকাতা মহানগরীর বুকের উপর এমন বহু বিরোধী দলের নেতা আছেন, যাদের বাড়ি সি আর পি-তে পাহারা দিচ্ছে আপনারা নিজেই গিয়ে দেখে আসবেন। আপনাদের নেতারা বলেছেন, ''সি আর পি হঠাও, একটা বড় জুতো'' একটি দেওয়ালে লেখা আছে। সঙ্গে সঙ্গে আর একটি দেওয়ালে দেখবেন সেখানে আমাদের মানে লেখা আছে ''সি আর পি-র কোলে জ্যোতিবাবু দোলে'' এবং সেখানে দুটি লেখার মানে সত্যিকারে মিলিয়ে নেবেন। তাই আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি যে, আপনারা ইয়াহিয়ার সাথে আমাদের প্রধানমন্ত্রীকে এক করে দেখবেন না এবং এখানে অনেকে এক করে দেখবার চেষ্টা করেছেন।

(গোলমাল)

চীৎকার করে আমাকে বসাতে পারবেন না। আপনারা যদি আমাকে বলতে না দেন তাহলে জ্যোতিবাবুকে আমি কোনদিনও বরতে দেব না। তাই আমি অনুরোধ করছি যে, ইয়াহিয়ার সাথে আমাদের প্রধানমন্ত্রীকে এক করে দেখবেন না। আমি আপনাদের কাছে উদাহরণ দিয়ে বলছি যে, ইয়াহিয়া মুজিবর রহমানের সমস্ত গণতান্ত্রিক অধিকার এবং ব্যক্তি-স্বাধীনতা ছিনিয়ে নিয়েছে। মুজিবুর রহমান মানুষের দ্বারা নির্বাচিত ইলেক্টেড প্রতিনিধি হওয়া অ্যাসেম্বলি বসিয়ে তাদের বক্তব্য রাখবার যে অধিকার সেদিন ইয়াহিয়া দেয়নি। কিন্তু আপনাদের প্রধানমন্ত্রী, আপনাদের সরকার সে অধিকার ছিনিয়ে নেয়নি। তাহলে আপনারা কি করে বললেন যে, আপনাদের প্রধানমন্ত্রী আর ইয়াহিয়া এক? আজকে মুজিব যেভাবে বঞ্চিত হচ্ছেন, আপনারা কি সেইভাবে বঞ্চিত হচ্ছেন? সুতরাং আমি আর অধিক কথা বলব না। আমি শুধু একটি কধা বলছি যে, ইতিহাসের সন্ধিক্ষণে সমস্ত ব্যক্তিস্বার্থের দলীয় স্বার্থের সমস্ত রকম রাজনৈতিক স্বার্থের ঊর্ধ্বে উঠে আসুন দলে দলে তীর্থযাত্রীর মত সত্যিকারের সক্রিয় সহযোগিতা নিয়ে, একটি শব্দ বা দুটি শব্দ বড় করে না দেখে 'অর্থ', 'ইন্দিরা গান্ধী' অন্য জায়গায় দেখব, প্রয়োজনে সমালোচনা করব। আজকে অন্তত আমরা একটি প্ল্যাটফর্মে সকলে এক হয়ে একে সমর্থন জানাই।

existing between the Soviet Union and India. The conclusion of the Treaty reaffirms that Soviet-Indian friendship is based not on any transient factors, but on long-term vital interests of the peoples of both countries and their desire to develop to the utmost many- sided co-operation with each other for the purpose of economic and social progress, for safeguarding peace as well as the security of both countries.

Both sides declared their firm determination to be guided by the letter and spirit of the Treaty in regard to the further development of Soviet-Indian relations.

They noted with satisfaction the successful development of mutually beneficial economic and technical co-operation between the two countries and emphasized the fact that there are favorable prospects for the further expansion and deepening of such co- operation, particularly in the fields of iron and steel industry, including special steel alloys and non-ferrous metallurgy, survey, exploration and refining of oil and natural gas and in the field of petro-chemical industry.

The two sides expressed satisfaction at the recent steps taken by them to identify new forms of mutual co-operation in the economic and technical fields including such spheres as space research, utilization of nuclear energy for peaceful purposes productive co- operation between industrial enterprises of both countries, etc. They consider it necessary to identify additional new fields in which such mutual co-operation could be expanded.

In this connection, agreement was reached that experts of both countries would meet and work out specific proposals on the above-mentioned questions.

The two sides decided to set up an inter-Governmental Commission on economic, scientific and technical co-operation.

Both sides recognized the need, in accordance with the Treaty, to develop contracts and ties at different levels, to enlarge and to make more comprehensive the exchange of views between the Governments of the U.S.S.R. and India in major international problems.

They expressed their satisfaction at the fact that the Treaty has met with the full and unreserved support of the peoples of the Soviet Union and India and has been widely welcomed throughout the world.

The Soviet side expressed its respect for India's policy of non-alignment aimed at lessening tensions in Asia and throughout the world and for strengthening peace and international co-operation.

The Indian side expressed its respect for the Soviet Union's peaceful foreign policy aimed at strengthening peace, friendship and international co-operation.

The exchange of views on current international problems revealed identity or proximity of the stands of the U.S.S.R. and India in regard to them.

The two sides paid primary attention to the development of the situation in Asia, to the hotbeds of tensions and military conflicts existing there, to the discussion of ways to stop and prevent the acts of aggression and to consolidate the foundations of peace on the Asian continent.

The two sides expressed their concern over the grave situation when has arisen on the Indian sub-continent as a result of the recent events in East Bengal and declared their determination to continue efforts aimed at the preservation of peace in that region.

The Prime Minister of India informed the Soviet side that the presence in India of over nine million refugees from East Bengal had engendered serious social and political tensions and economic strains in India. This has caused a considerable setback to the socio-economic programmes of India.

The Soviet side highly appreciated India's humane approach to the problems created by the influx of these refugees from East Bengal and expressed its understanding of the difficulties confronting friendly India in connection with the mass inflow of refugees.

The Soviet side took into account the statement by the Prime Minister that the Government of India is fully determined to take all necessary measures to stop the inflow of refugees from East Bengal to India and to ensure that those refugees who are already in India return to their homeland without delay.

The Soviet side reaffirmed its position regarding the problem of refugees and other questions which have arisen as a result of the events in East Bengal as laid down in the appeal of the Chairman of the Presidium of the U.S.S.R. Supreme Soviet, N. V. Podgorny to the President of Pakistan, Yahya Khan, on the 2nd of April, 1971.

Taking note of the developments in East Bengal since 25th March, 1971, both sides consider that the interests of the preservation of peace demand that urgent measures should be taken to reach a political solution of the problems which have arisen there paying regard to the wishes, the inalienable rights and lawful interests of the people of East Bengal as well as for the speediest and safe return of the refugees to their homeland in conditions safeguarding their honor and dignity.

Taking into account the seriousness of the situation which has developed in the Indian sub-continent, the two sides agreed to maintain further mutual contacts and to continue to exchange views on the questions arising in this connection.

The two sides expressed their profound concern over the situation in South-East Asia and pronounced themselves in favor of the necessity to withdraw all foreign troops from Indo-China in order to ensure peace and security for the peoples of that region, the realization of their legitimate rights to shape their own future in accordance with their national interests and without any foreign interference.

They welcomed the recent 7-point proposal by the Provisional Revolutionary Government of South Vietnam as an important step towards the creation of basis for a peaceful political settlement and declared their support for these proposals.

The two sides expressed their serious concern over the tense situation in the Middle East. They stressed the need for all states concerned to make efforts with a view to achieve a lasting, stable and just peace on the basis of the full implementation of the U.N. Security Council Resolution of 22nd November, 1967.

Desirous of contributing to the improvement of the international situation, the Government of India highly appreciates the proposal to convene an All-European

Conference on the questions of security and co-operation as an important step aimed at the relaxation of tensions not only on the European continent but throughout the world.

Both sides believe that the cessation of the arms race and the achievement of general and complete disarmament, covering both nuclear and conventional types of weapons, under strict and effective international control, are of primary importance for the preservation and strengthening of peace and security. In the opinion of the two sides, the convening of a World Disarmament Conference with the participation of all countries for achieving practicable and generally acceptable ways for solving pressing disarmament problems could be of great importance. The two sides consider it important to achieve in the near future an agreement on the prohibition of the development, production and stockpiling of biological weapons and toxins and on their destruction, as the first step on the way to the complete prohibition of chemical and biological methods of warfare.

The Prime Minister of India reaffirmed that the Indian Ocean area should be made a zone of peace. The Soviet side expressed its readiness to study this question and to solve it together with other powers on an equal basis.

The Soviet Union and India call for the speedy and complete elimination of the vestiges of colonialism, and an unqualified implementation of the U.N. Declaration on the Granting of Independence to Colonial countries and Peoples. They unequivocally condemn racism and apartheid in all forms and manifestations.

The two sides reaffirmed their adherence to the principles of peaceful co-existence among Slates with different social systems and pronounced themselves in favor of all questions at issue in relations between countries being solved by peaceful means.

The Soviet Union and India attach great importance to the United Nations. Both sides confirmed their determination to seek the strengthening of the U.N. and the enhancing of its effectiveness in maintaining universal peace and security in accordance with the U. N. Charter.

Both sides expressed their confidence that the visit of the Prime Minister of India to the Soviet Union and the talks and discussions which were held with Soviet leaders during the visit, will promote the further development of friendly co-operation between the two countries and the strengthening of peace and international security.

The Prime Minister of India extended a cordial invitation to the General Secretary of the Central Committee of the C.P.S.U., L.I. Brezhnev, and the Chairman of the Council of Ministers of the U.S.S.R., A. N .Kosygin, to visit India. The invitations were accepted with thanks.

শিরোনাম	সূত্র	তারিখ
নয়াদিল্লীতে রাষ্ট্রপতি ভি, ভি, গিরি কর্তৃক আয়োজিত ভোজসভায় সোভিয়েত জাতিসংঘের সর্বোচ্চ সোভিয়েতের সভাপতিমন্ডলীর সভাপতি এন, ভি, পদগোর্নির ভাষণ	সোভিয়েত তথ্য বিভাগ প্রচারিত পুস্তিকা	১ অক্টোবর, ১৯৭১

১৯৭১, ১ অক্টোবর তারিখে নয়াদিল্লীতে রাষ্ট্রপতি ভি. ভি. গিরি কর্তৃক আয়োজিত ভোজসভায় সোভিয়েত জাতিসংঘের সর্বোচ্চ সোভিয়েতের সভাপতিমন্ডলীর সভাপতি এন. ভি. পদগোর্নির ভাষণ থেকে

"... সোভিয়েত জনগণ হিন্দুস্থান উপমহাদেশে কঠিন ও বিপজ্জনক পরিস্থিতিকে ঘনিষ্ঠভাবে লক্ষ্য করছেন। আমরা মনে করি যে সামরিক সংঘর্ষের দিকে পরিস্থিতি আরও গড়িয়ে যাওয়াকে অবশ্যই ঠেকাতে হবে এবং সেই অঞ্চলের জনসাধারণের ন্যায়সঙ্গত অধিকার ও স্বার্থকে যথোপযুক্ত বিবেচনার মধ্যে রেখে একটি ন্যায়সঙ্গত রাজনৈতিক মীমাংসার মাধ্যমে সেখানে উত্তেজনাকে অপসারিত করতে হবে। সোভিয়েত ইউনিয়ন তার দিক থেকে ভারতের সঙ্গে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্কের চেতনায় এরূপ একটি মীমাংসায় উপনীত হবার ব্যাপারে সম্ভাব্য সর্বপ্রকার সহায়তা দান করতে চায়...।"

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তানের অবস্থা সম্পর্কে সোভিয়েত নারী কমিটির বিবৃতি	প্রাভদা। উদ্ধৃতি : বাংলাদেশ ডকুমেন্টস	৪ অক্টোবর, ১৯৭১

The Soviet Women's Committee has made a statement expressing deep concern and alarm over the developments on Pakistan:

Reprisals, suppression of human rights and violation of elementary principles of democracy forced nine million people in East Pakistan to leave their country. Huge masses of refugees, homeless and having no means of subsistence, are driven to despair in face of the danger of dying from starvation and epidemics. Reprisals are taken against many progressives in East Pakistan.

Soviet women appeal to the Pakistani authorities to hearken to the voice of millions of people in different countries and end reprisals against the Chairman of the All Pakistan People s League, M. Rahman, and other progressives in Pakistan, and take urgent steps to achieve a political settlement of the problems that have arisen, with due account taken of the will, rights and legitimate interest of the people of East Pakistan, as well as to relate conditions for the earliest return of the refugees to their homeland.

(PRAVDA, Moscow-October 4, 1971)

শিরোনাম	সূত্র	তারিখ
সোভিয়েত ইউনিয়নে অনুষ্ঠিত প্রতিবাদ সভার উপর সাংবাদিক প্রতিবেদন	বাংলাদেশ টুডে	১৫ অক্টোবর, ১৯৭১

PROTEST MEETINGS IN SOVIET UNION
Growing Press Criticism of Yahya's Repression

The Soviet Press sharpened its attacks on Pakistan and reported, widespread protest meetings in the Soviet Union against "the wholesale repression launched by the Pakistani authorities against the civilian population and political and public leaders of East Pakistan."

The official Soviet news agency Tass reported that protest meetings had been held in Moscow, Leningrad.

Minsk, Riga and other cities.

There has been a marked increase in Soviet press criticism of Pakistan since last months visit to Moscow by the Indian Premier, Mrs. Indira Gandhi.

On September 29 the Soviet Union and India issued a joint appeal for urgent steps to promote a political solution in East Pakistan to protest the "inalienable rights" of the East Bengalis.

The Soviet Communist Party newspaper, "Pravda," today called on Pakistan to take immediate measures to permit the return of refugees from India.

The newspaper said the Soviet Government would give refugee aid, and added that "millions of refugees from East Pakistan are experiencing a real drama."

"The tragic lot of these people cannot but cause the concern of the progressive world public," it said.

"The actions of the Pakistani authorities, compelling millions of civilians to leave their property and seek refuge in a neighboring country evoke universal indignation."

শিরোনাম	সূত্র	তারিখ
উপমহাদেশীয় অবস্থা সম্পর্কে 'তাস'-এর বিবৃতি	সোভিয়েত তথ্য বিভাগ প্রচারিত পুস্তিকা	৫ ডিসেম্বর, ১৯৭১

তাস-এর বিবৃতি

হিন্দুস্থান উপদ্বীপে পরিস্থিতি সম্পর্কে তাস-প্রচারিত বিবৃতির পূর্ণ পাঠ নিচে দেওয়া হল : হিন্দুস্থান উপদ্বীপে পরিস্থিতির গুরুতর অবনতির খবর আসছে। ৩রা ডিসেম্বর উত্তর-পশ্চিম ভারতের অনেকগুলো শহরে পাকিস্তানী বিমানবহর বোমা ফেলে ও গোলাবর্ষণ করে। ভারত-পাকিস্তানের সীমান্তে সশস্ত্র সংঘর্ষ চলছে।

এটা সকলেরই জানা আছে যে, পাকিস্তান সরকার কর্তৃক পূর্ব পাকিস্তানের জনগণের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করায় উক্ত অঞ্চলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে সেই পরিস্থিতিই সম্প্রতি পাকিস্তান ও ভারতের মধ্যে সম্পর্কের ক্ষেত্রে উত্তেজনা সৃষ্টির প্রধান কারণ।

সম্প্রতিকালে স্বশাসন, প্রাথমিক নাগরিক অধিকার এবং স্বাধীনতার জন্য পূর্ব পাকিস্তানে এক গণআন্দোলন দানা বেঁধে ওঠে। ১৯৭০ সালে আইন-সভার যে নির্বাচন অনুষ্ঠিত হয় সেই নির্বাচনে মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ পূর্ব পাকিস্তানের জনগণের অকুণ্ঠ সমর্থন লাভ করে। নির্বাচনের পর পূর্ব পাকিস্তানে স্বশাসনের বিষয় বিবেচনার জন্য ভবিষ্যতে রাষ্ট্র ব্যবস্থার প্রশ্নে পাকিস্তানের প্রেসিডেন্ট এবং আওয়ামী লীগের নেতাদের মধ্যে আলাপ-আলোচনা শুরু হয়।

কিন্তু কোনরকম ফয়সালা করার আগ্রহ না দেখিয়ে পাকিস্তান সরকার হঠাৎ ১৯৭১ সালের ২৫শে মার্চ, সমস্ত আলাপ-আলোচনা ভেঙে দেন। মুজিবুর রহমান এবং আওয়ামী লীগের অন্যান্য নেতাদের বন্দী করা হয় এবং তাদের কারাগারে প্রেরণ করা হয়। তারপরই শুরু হয় জনগণের ওপর নিষ্ঠুর পীড়ন। হাজার হাজার মানুষকে হত্যা করা হয় এবং পূর্ব পাকিস্তানের লক্ষ লক্ষ নাগরিক প্রাণভয়ে প্রতিবেশী দেশ ভারতে পালিয়ে আসেন। পূর্ব পাকিস্তানে ব্যাপক সন্ত্রাস ও অরাজকতার রাজত্ব শুরু হয়।

ব্যাপক সন্ত্রাস ও উৎপীড়নের বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের মানুষের প্রতিরোধ যখন ক্রমশ দৃঢ় হয়ে উঠল তখন পাকিস্তান সরকার এই অবস্থার জন্য ভারতের কাঁধে দোষ চাপাল এবং ভারতের সঙ্গে সম্পর্কের অবনতি ঘটাল।

শান্তি রক্ষার জন্য উদ্বিগ্ন হয়ে সোভিয়েত সরকার বার বার পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খান এবং পাকিস্তান সরকারের কাছে হিন্দুস্থান উপদ্বীপের পরিস্থিতির জন্য এবং পূর্ব পাকিস্তানের ঘটনাবলী সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছে। রাজনৈতিক সমস্যা সমাধানে অত্যাচার ও উৎপীড়নের নীতি গ্রহণের জন্য নিন্দা করে পূর্ব পাকিস্তানে একটি রাজনৈতিক সমাধানের প্রয়োজনীয়তা সম্পর্কে পাকিস্তান সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়। সোভিয়েত পক্ষ থেকে এ কথা জানানো হয় সোভিয়েত সরকারের স্থির বিশ্বাস যে উৎপীড়নের নীতি ত্যাগ করে, মুজিবুর রহমানকে মুক্তি দিয়ে, এবং ১৯৭০ সালে অনুষ্ঠিত নির্বাচনে পূর্ব পাকিস্তানের জনগণের প্রকাশিত মনোভাবের সঙ্গে সঙ্গতি রেখে একটি সমাধানের জন্য অবিলম্বে আলাপ-আলোচনা আবার শুরু করা উচিত। এর ফলে পূর্ব পাকিস্তান থেকে ভারত আগত লক্ষ লক্ষ শরণার্থীর দেশে ফিরে যাওয়ার উপযোগী পরিবেশ সৃষ্টি হবে।

এই সব বিচার বিবেচনার জন্য পাকিস্তান সরকারকে অনুরোধ জানিয়ে সোভিয়েত সরকার মানবিক নীতি অনুযায়ী কাজ করেছে এবং দেশে যে জটিল সমস্যার সৃষ্টি হয়েছে গণতান্ত্রিক পদ্ধতিতে সেই সমস্যার সমাধানে পাকিস্তানের জনগণের সাফল্য কামনা করেছে।

যেহেতু পাকিস্তান সরকার পূর্ব পাকিস্তানের সমস্যা সমাধানে কোনো উদ্যোগ গ্রহণ করল না, এবং ভারতের বিরুদ্ধে সামরিক প্রস্তুতি চালিয়ে গেল, সেইজন্য সোভিয়েত নেতৃবৃন্দ প্রেসিডেন্ট ইয়াহিয়া খানকে জানিয়ে দেন যে, যে কোনো অজুহাতে ভারতের উপর পাকিস্তানের সশস্ত্র আক্রমণকে সোভিয়েত ইউনিয়ন কঠোরভাবে নিন্দা করবে।

এই সমস্ত ঘটনাবলীর প্রতি সোভিয়েত ইউনিয়ন উদাসীন থাকতে পারে না কারণে এই সব ঘটনা ঘটছে সোভিয়েত সীমান্তের নিকটবর্তী এক অঞ্চলে এবং সেই জন্য তার নিরাপত্তার স্বার্থ জড়িয়ে।

হিন্দুস্থান উপদ্বীপে শান্তি রক্ষার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে সোভিয়েত সরকার পাকিস্তানের নেতৃবৃন্দকে সুস্পষ্টভাবে তাদের এই বিপজ্জনক পথে চলার গুরুদায়িত্ব সম্পর্কে অবহিত করে দেওয়া প্রয়োজন মনে করে।

বর্তমানে হিন্দুস্থানে যে সামরিক বিপদ দেখা দিয়েছে- যে সামরিক বিপদের দিকে কোন শান্তিকামী দেশই উদাসীন থাকতে পারে না- সেই বিপদের মুখে সোভিয়েত ইউনিয়ন অবিলম্বে এই রক্তক্ষয় বন্ধের জন্য, এবং আইনসঙ্গত অধিকারের ভিত্তিতে এবং সে দেশের জনগণের স্বার্থে পূর্ব পাকিস্তান সমস্যার একটি রাজনৈতিক সমাধানের জন্য আহবান জানিয়েছে।

সোভিয়েত সরকার এ কথাও বিশ্বাস করে যে, পৃথিবীর সব দেশের সরকারেরই এই বিরোধের সঙ্গে কোনো না কোনো ভাবে জড়িত হওয়া থেকে- যা হিন্দুস্থান উপদ্বীপের পরিস্থিতির আরো অবনতি ঘটাবে- বিরত থাকা উচিত।

শিরোনাম	সূত্র	তারিখ
পাক-ভারত সংঘাতের শান্তিপূর্ণ সমাধানের আহবান: পোলিশ কমিউনিস্ট পার্টি ষষ্ঠ কংগ্রেসে সোভিয়েত নেতা লিওনিদ ব্রেজনেভের বক্তৃতা	টাইমস অফ ইন্ডিয়া	৮ ডিসেম্বর, ১৯৭১

Mr. LEONID BREZHNEV'S SPEECH TO THE SIXTH CONGRESS OF THE POLISH COMMUNIST PARTY, WARSAW
December 7, 1971

The Societ party leader, Mr .Leonid Brezhnev, today (December 7) called for a peaceful settlement of the Indo-Pakistani Conflict "without any intervention of external forces," reports Reuter.

Mr. Brezhnev made the call in a prepared speech to the Sixth Congress of the Polish Communist Party.

"The Soviet Union firmly speaks in favor of ceasing the bloodshed, a peaceful settlement of the existing problems with respect for just rights of the nations without any intervention of external forces, in favor of creating conditions for a lasting and just peace in this region, he said.

Mr. Brezhnev said: "We received with deep regret, like all the supporters of peace and freedom of nations, the news of the 'Awas' which broke out a few days ago between two neighboring States in Asia" adds AP.

He said the 'Awas' a result of the 'bloody' suppression of the basic rights and clearly expressed will of the population of East Pakistan and the tragedy of millions of refugees....

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের সংগ্রাম জাতীয় মুক্তি আন্দোলন : সোভিয়েত ইউনিয়নের প্রথম প্রকাশ্য ঘোষণা	আনন্দবাজার পত্রিকা	১০ ডিসেম্বর, ১৯৭১

রাশিয়ার প্রথম প্রকাশ্য ঘোষণা
বাংলাদেশের সংগ্রাম জাতীয় মুক্তি আন্দোলন
(দিল্লী অফিস থেকে)

৯ই নভেম্বর- ভারত সফররত সোভিয়েত সংসদীয় প্রতিনিধিদলের নেতা শ্রী ভি কুদরিয়াভেৎসেভ আজ এখানে বলেন, বাংলাদেশে যে সংগ্রাম চলছে তা জাতীয় মুক্তি আন্দোলন এবং তার মধ্যে গৃহযুদ্ধের উপাদান রয়েছে।...

শ্রী কুদরিয়াভেৎসেভ সোভিয়েত যুক্তরাষ্ট্রের সুপ্রিম সোভিয়েতের আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক সংসদীয় কমিটির সাধারণ সম্পাদক।

শ্রী কুদরিয়াভেৎসেভের উক্তিতেই প্রথম একজন সোভিয়েত নেতার কাছ থেকে বাংলাদেশের আন্দোলন জাতীয় মুক্তি সংগ্রাম বলে প্রকাশ্য স্বীকৃতি লাভ করল। শ্রী কুদরিয়াভেৎসেভের মন্তব্য এই কারণে আরও বেশি তাৎপর্যপূর্ণ যে, তিনি শুধু একজন সফররত সংসদীয় হিসেবে এ কথা বলেননি, বলেছেন সোভিয়েত যুক্তরাষ্ট্র ও তার সরকারের প্রতিনিধি হিসেবে।

শ্রী কুদরিয়াভেৎসেভ বাংলাদেশের জনগণের নির্বাচিত প্রতিনিধিদের কাছে গ্রহণযোগ্য হলে পাকিস্তানের কাঠামোর মধ্যে কোনো সমাধানের সম্ভাবনা বাতিল করে দেননি। তিনি জোর দিয়ে বলেন, যে সমাধানই নির্ণয় করা হোক না কেন তা করতে হবে জনগণের ইচ্ছা, তাদের আইনসঙ্গত অধিকার ও জাতীয় আশা-আকাঙ্ক্ষার ভিত্তিতে।

তাঁর ধারণা, এই উপমহাদেশের ঘটনাবলীর প্রতি চীন এক অযৌক্তিক মনোভাব গ্রহণ করেছে। তবে চীন-সোভিয়েত সম্পর্ক বিষয়ে তিনি আশা করেন, চীন রাষ্ট্রসংঘের সদস্য হওয়ায় এই সম্পর্ক এখন স্বাভাবিক হবে।

শ্রী কুদরিয়াভেৎসেভ তাঁর পূর্ব মন্তব্য সত্ত্বেও আশা করেন যে, ভারত-পাকিস্তান সীমান্তের উত্তেজনাপূর্ণ ঘটনাবলী দু'দেশের মধ্যে কোনো সশস্ত্র সংঘর্ষ ডেকে আনবে না। তবে সংঘর্ষ হবে কি না তা তিনি বলতে পারেন না। তাঁর মতে, ভিয়েতনাম আর মধ্যপ্রাচ্যের অবস্থা এখনও বিস্ফোরণের মুখে থাকায় পৃথিবী তৃতীয় একটা সংঘর্ষের বিলাসিতায় মাততে পারে না। তার চেয়েও বড় কথা, একবার সংঘর্ষ শুরু হলে অধিক থেকে অধিকতর দেশ তাতে জড়িয়ে পড়তে চায়। তাঁর এই মন্তব্য চীনকে উপলক্ষ করে কিনা তা তিনি ব্যাখ্যা করেননি।

শ্রী কুদরিয়াভেৎসেভ আশা করেন, পাকিস্তান বাস্তব অবস্থা উপলব্ধি করবে এবং একটা সমাধানে উপনীত হবে ও সম্পর্ক স্বাভাবিক করবে, যাতে উদ্বাস্তুরা আস্থা অর্জন করে স্বদেশে ফিরে যেতে পারে। তবে কী সেটা করা যেতে পারে তা তিনি বলিতে পারেন না। সোভিয়েত যুক্তরাষ্ট্র অথবা অন্য কোনো দেশের পক্ষে তা সম্ভব নয়। সমাধান নির্ণয় করতে হবে পশ্চিম পাকিস্তানের শাসকগোষ্ঠী আর বাংলাদেশের নেতাদের।

তিনি স্বীকার করেন যে, যদিও সোভিয়েত যুক্তরাষ্ট্র পাকিস্তানের সমস্ত রকম সামরিক সাহায্য দেওয়া বন্ধ করেছে, তবু তার সঙ্গে বৈষয়িক সম্পর্ক বজায় আছে। পাকিস্তানের সঙ্গে সোভিয়েত যুক্তরাষ্ট্রের বাণিজ্য বৃদ্ধি না পেলেও চলছে। ...

তিনি আরও বলেন, কথায় কিছু যায় আসে না, আসল জিনিস হচ্ছে কাজ।

শ্রী কুদরিয়াভেৎসেভ ভারতের জনগণকে স্মরণ করিয়ে দেন যে, তাদের শান্তির জন্য চেষ্টা করতে হবে, কিন্তু তাই বলে দেশের প্রতিরক্ষা ব্যবস্থা অবহেলা করা ঠিক হবে না। সকল অবস্থাতেই প্রতিরক্ষা জোরদার করতে হবে।

আগ্রা থেকে ইউ এন আই জানাচ্ছেন : শ্রী কুদরিয়াভেৎসেভ গতকাল সেখানে ভারত সোভিয়েত সাংস্কৃতিক সমিতির উদ্যোগে আয়োজিত এক সভায় বলেন যে, ভারত যদি আক্রান্ত হয় তাহলে তাঁর দেশ তাকে সাহায্য করবে।

তিনি আরও বলেন, তাঁর দেশ ভারতের প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করতে চান।

তিনি এই বলে সতর্ক করে দেন যে, 'সাম্রাজ্যবাদী শক্তিগুলি', যতো ভারত ও সোভিয়েত যুক্তরাষ্ট্রের বর্তমান বন্ধুত্বে ভীত হয়ে পড়েছে, তারা সম্প্রতি স্বাক্ষরিত ভারত-সোভিয়েত চুক্তির বিরুদ্ধে প্রচারকার্যে লিপ্ত হয়েছে। তিনি বলেন, পাকিস্তানী শাসকদের যুদ্ধংদেহি মনোভাবের দরুন ভারতের অখন্ডতা যখন বিপন্ন হয়ে পড়ে তখনই এই চুক্তি স্বাক্ষরিত হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
সংঘাত নিরসনে কার্যকরী রাজনৈতিক ব্যবস্থা গ্রহণের আগ্রহ প্রকাশ : আফগানিস্তানের রাজার সম্মানার্থে প্রদত্ত ভোজসভায় সর্বোচ্চ সোভিয়েতের সভাপতিমন্ডলীর সভাপতি নিকোলাই পদগোর্নির বক্তৃতা	সোভিয়েত তথ্য বিভাগ প্রচারিত পুস্তিকা	১৪ ডিসেম্বর, ১৯৭১

১৯৭১, ১৪ ডিসেম্বর মস্কোতে আফগানিস্তানের রাজা মহম্মদ জহীর শাহ-এর সম্মানে আয়োজিত ভোজসভায় সোভিয়েত জাতিসংঘের সর্বোচ্চ সোভিয়েতের সভাপতিমন্ডলীর সভাপতি এন. ভি. পদগোর্নির ভাষণ থেকে

''এশীয় উপমহাদেশে সম্প্রতি পরিস্থিতির অবনতি ঘটায় জনসাধারণ অতিমাত্রায় আতঙ্কিত। পাকিস্তানী কর্তৃপক্ষ কর্তৃক নির্মমভাবে পূর্ব পাকিস্তানের জনসমষ্টির মৌল অধিকারসমূহের ও সুস্পষ্টভাবে ব্যক্ত ইচ্ছার দমন দেশের সেই অংশে পরিস্থিতির চরম অবনতি ঘটিয়েছে। প্রায় এক কোটি শরণার্থীকে ভারতে পালিয়ে আসতে হয়েছে। এশিয়ার দু'টি প্রতিবেশী দেশের মধ্যে সংঘর্ষ দানা বেঁধে উঠেছে।''

''সোভিয়েত ইউনিয়নে আমরা অবিচলভাবে দাঁড়িয়েছি রক্তপাত বন্ধ করার পক্ষে, বাইরের শক্তিগুলির কোনোরূপ হস্তক্ষেপ ছাড়াই জনসাধারণের আইনসম্মত অধিকারসমূহ বিবেচনার মধ্যে রেখে শান্তিপূর্ণ রাজনৈতিক মীমাংসার পক্ষে। সেই এলাকায় স্থায়ী ও ন্যায়সঙ্গত শান্তি প্রতিষ্ঠার উপযোগী অবস্থা সৃষ্টির জন্য সোভিয়েত ইউনিয়ন চাপ দিচ্ছে।''

''আমাদের দৃঢ় বিশ্বাস, যুদ্ধবিরতির প্রশ্নটিকে যে সব কারণ হিন্দুস্থান উপমহাদেশে পরিস্থিতির অবনতি ঘটিয়েছে সেগুলি দূর করার বৈপ্লবিক উপায় হিসাবে পূর্ব পাকিস্তানে রাজনৈতিক প্রশ্ন থেকে বিচ্ছিন্ন করা চলে না।''

পদগোর্নি বলেন : ''আমাদের গতকালের কথাবার্তা দেখিয়ে দিচ্ছে যে বর্তমান সংঘর্ষের এলাকার একেবারে সন্নিকটবর্তী হওয়ায় সোভিয়েত ইউনিয়ন ও আফগানিস্তান এই সংঘর্ষের মূলোচ্ছেদের সবচেয়ে কার্যকরী রাজনৈতিক ব্যবস্থাদি গ্রহণে গভীরভাবে আগ্রহী।

পদগোর্নি বলেন : ''জটিল আন্তর্জাতিক প্রশ্নসমূহের সমাধানের প্রতি আফগানিস্তান কান্ডজ্ঞানপূর্ণ ও যুক্তিপূর্ণ মনোভাব দেখিয়েছে বলে, এশিয়া মহাদেশে উদ্ভূত সমস্যাদির শান্তিপূর্ণ মীমাংসার কামনা দেখিয়েছে বলে আমরা আনন্দিত।''

শিরোনাম	সূত্র	তারিখ
উপমহাদেশে শান্তি পুনঃস্থাপনে সোভিয়েত ইউনিয়নের ভূমিকা : ১৮ ডিসেম্বর তারিখে পররাষ্ট্র বিভাগের বিবৃতি	সোভিয়েত তথ্য বিভাগ প্রচারিত পুস্তিকা	১৮ ডিসেম্বর, ১৯৭১

১৯৭১, ১৮ ডিসেম্বর তারিখে প্রচারিত সোভিয়েত পররাষ্ট্র বিভাগের বিবৃতি

হিন্দুস্থান উপদ্বীপে বিদ্যমান বর্তমান পরিস্থিতি সম্পর্কে সোভিয়েত ইউনিয়নের পররাষ্ট্র বিভাগকে নিম্নলিখিত বিবৃতিটি প্রচারের অনুমতি দেওয়া হয়েছে :

অন্যান্য শান্তিকামী দেশের মতো সোভিয়েত ইউনিয়নও পাক-ভারত উপমহাদেশে সশস্ত্র সংঘর্ষের জন্য গভীর উদ্বেগ প্রকাশ করছে। সোভিয়েত ইউনিয়ন এই সংঘর্ষের কারণ সম্পর্কে তার মূল্যায়ন ও মত স্পষ্টভাবে ব্যক্ত করেছে। বিভিন্ন দেশের জনগণের মধ্যে নিরাপত্তা ও শান্তি বিধানের উদ্দেশ্যে যে পররাষ্ট্র নীতি পাকিস্তানের ঘটনাবলীর জন্য পাক-ভারত উপমহাদেশে যে জটিল সমস্যার সৃষ্টি হয়েছে, সেই জটিল সমস্যার সমাধানকল্পে নিষ্ঠার সঙ্গে এবং দৃঢ়ভাবে ১৯৭০ সারের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত নির্বাচনে ব্যক্ত পূর্ব পাকিস্তানের মানুষের ইচ্ছা ও অভিলাষ অনুযায়ী একটি শান্তিপূর্ণ রাজনৈতিক সমাধানের জন্য প্রাণপণ চেষ্টা করছে।

এই পরিস্থিতিতে যে সংঘর্ষ ও রক্তপাত শুরু হল সেই সংঘর্ষ ও রক্তপাত বন্ধের জন্য, জনগণের ন্যায়সঙ্গত অধিকারের ভিত্তিতে অবিলম্বে শান্তি স্থাপনের জন্য সোভিয়েত ইউনিয়ন প্রাণপণ চেষ্টা করছে। এই নীতি ও মনোভাবের সঙ্গে সঙ্গতি রেখে সে অন্যান্য দেশের সঙ্গে যোগাযোগ রক্ষা করছে এবং জাতিসংঘের সংগঠন মারফত যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করছে। শান্তি স্থাপনের এই প্রচেষ্টায় নিরাপত্তা পরিষদে কয়েকটি দেশের বিরোধিতার সম্মুখীন হয়েও সোভিয়েত ইউনিযন নিষ্ঠার সঙ্গে তার অবস্থানের প্রতি অবিচল থেকেছে যা পরিস্থিতির বাস্তব মূল্যায়ন করতে সক্ষম এবং যা ন্যায়সঙ্গত এবং কার্যকরভাবে অবিলম্বে এই সংঘর্ষের অবসান ঘটানো সম্ভব করে তুলবে।

তথাপি শান্তির দিক থেকে বিচার করে সোভিয়েত ইউনিয়ন জনগণের ন্যায়সঙ্গত স্বার্থ রক্ষা করে এই সমস্যা সমাধানের প্রচেষ্টা চালাতে কোনোরকম শৈথিল্য দেখায়নি। বর্তমানে এই বিপজ্জনক পরিস্থিতিতে উত্তেজনা হ্রাসের দিকে একটা পরিবর্তনের লক্ষণ দেখা যাচ্ছে। এ বছর ডিসেম্বর মাসের ১৬ তারিখে পূর্ব পাকিস্তানে সামরিক সংঘর্ষের সমাপ্তি ঘটে। তার ফলে ন্যায়সঙ্গতভাবে পূর্ব পাকিস্তানের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের স্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি হয়েছে। সেইদিনই ভারত এবং পশ্চিম পাকিস্তানের সীমান্তে এবং ১৯৬৫ সালে নির্ধারিত কাশ্মীরের যুদ্ধবিরতি সীমান্তে একতরফাভাবে যুদ্ধবিরতি ঘোষণার সিদ্ধান্ত ভারত সরকার গ্রহণ করে। সেই সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী ঘোষণা করেন যে অন্য দেশের ভূখন্ড অধিকার করার কোনো অভিপ্রায় ভারতের নেই। শান্তিপূর্ণ অভিপ্রায় ব্যক্ত করে ভারত যে তাৎপর্যপূর্ণ উদ্যোগ গ্রহণ করেছে, সোভিয়েত ইউনিয়ন তাকে স্বাগত জানায়। ভারতের গঠনমূলক এই উদ্যোগে সাড়া দিয়ে পাকিস্তান সরকার ১৭ই ডিসেম্বর পশ্চিম সীমান্তে যুদ্ধবিরতির যে সিদ্ধান্ত গ্রহণ করেছে তাতেও সন্তোষ প্রকাশ করা হয়।

এভাবে পাক-ভারত উপমহাদেশে সশস্ত্র সংঘর্ষ সম্পূর্ণভাবে বন্ধের এবং যে সমস্যাকে কেন্দ্র করে এই সংঘর্ষ সৃষ্টি হয়েছে সেই সংঘর্ষের সমস্যার একটা রাজনৈতিক সমাধান উপযোগী পরিবেশ ধীরে ধীরে সৃষ্টি হচ্ছে। পাক-ভারত উপমহাদেশে যুদ্ধ বন্ধ হলে সেই অঞ্চলের জনগণের মূল স্বার্থ রক্ষিত হবে, তার ফলে জাতীয়

বিকাশের এবং অগ্রগতির পথে তাদের এগিয়ে যডাওয়ার প্রয়োজনীয় অবস্থা সৃষ্টি হবে এবং চরম উত্তেজনার যে স্থানটিতে সকলের দৃষ্টি নিবন্ধ তা দূরীভূত হবে।

পাক-ভারত উপমহাদেশে যত তাড়াতাড়ি সম্ভব শান্তি পুনঃস্থাপনের জন্য বিশ্বের সমস্ত দেশকে সর্বপ্রকার সহায়তা করতে এবং পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পক্ষে ক্ষতিকর, এমন কোনো ব্যবস্থা গ্রহণ করা থেকে বিরত থাকতে সোভিয়েত ইউনিয়ন আহবান জানিয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
সোভিয়েত গণসংগঠনসমূহের বিবৃতি	সোভিয়েত তথ্য বিভাগ প্রচারিত পুস্তিকা	...

(১) সোভিয়েত শান্তি কমিটির বিবৃতি

পাকিস্তানের বিখ্যাত প্রগতিশীল নেতা ও আওয়ামী লীগের নেতা শেখ মুজিবুর রহমানের বিচার ও মৃত্যুদন্ডের আশঙ্কা সম্পর্কে সোভিয়েত শান্তি-সংগ্রামীরা গুরুতর উদ্বেগ পোষণ করেন। এই আওয়ামী লীগই সাধারণ নির্বাচনে পাকিস্তানের জাতীয় পরিষদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছিল। এই নির্বাচনের অনতিকাল পরেই, পূর্ব পাকিস্তানের ঘটনাবলীর ব্যাপারে মুজিবুর রহমানকে গ্রেফতার করা হয় এবং এখন তিনি সামরিক আদালতের রুদ্ধদ্বার কক্ষের অধিবেশনে বিচারাধীন।

মুজিবুর রহমানের বিরুদ্ধে অন্যায় ও নিষ্ঠুর ব্যবস্থায় এবং পূর্ব পাকিস্তানের অন্যান্য প্রগতিশীল নেতাদের উপর নির্যাতনে সোভিয়েত জনগণ ক্ষুব্ধ। পৃথিবীর সংবাদপত্রের খবরে জানা যায়, মুজিবুর রহামনের সামনে এখন মৃত্যুদন্ডের বিপদ উপস্থিত। পাকিস্তানী কর্তৃপক্ষের কাজকর্মকে পূর্ব পাকিস্তানের জনসাধারণের আইনসঙ্গত মানবিক অধিকারের উপর হস্তক্ষেপ এবং পাকিস্তানী জনগণের সুস্পষ্টভাবে ব্যক্ত ইচ্ছাকে অস্বীকার করা বলেই গণ্য করা যায়।

পাকিস্তানী কর্তৃপক্ষের তরফ থেকে পূর্ব পাকিস্তানের রাজনৈতিক নেতা ও জননেতাদের নির্যাতন এবং জনসাধারণের উপর নিপীড়নের ফলে লক্ষ লক্ষ শান্তিপ্রিয় মানুষ নিজেদের দেশ ছেড়ে ভারতে আশ্রয় গ্রহণ করতে বাধ্য হয়েছেন। পূর্ব পাকিস্তান থেকে শরণার্থীদের বিরাট স্রোত পূর্ব পাকিস্তানের পরিস্থিতির ক্রমাবনতি ঘটাচ্ছে: আর এই শরণার্থীদের মধ্যে দেখা দিয়েছে অনাহার আর মহামারীর প্রকোপ।

সোভিয়েত শান্তি কমিটি ঘোষণা করছেন যে এশিয়ার শান্তিরক্ষার স্বার্থে, পূর্ব পাকিস্তানের জনগণের ইচ্ছা, আইনসঙ্গত অধিকার ও স্বার্থকে যথাযোগ্য মর্যাদা দিয়ে পূর্ব পাকিস্তানে উদ্ভূত সমস্যাবলীর রাজনৈতিক সমাধান অর্জনের জন্য জরুরী ব্যবস্থা গ্রহণ অত্যাবশ্যক। লক্ষ লক্ষ সোভিয়েত জনগণের পক্ষ থেকে আমরা পাকিস্তানী কর্তৃপক্ষের কাছে আবেদন জানাই, তাঁরা যেন মুজিবুর রহমানের বিরুদ্ধে এবং পূর্ব পাকিস্তানের অন্যান্য জননেতার বিরুদ্ধে হিংসাত্মক ব্যবস্থা বন্ধ করেন এবং এমন ব্যবস্থা পালন করেন যা এই অঞ্চলে শান্তিকে শক্তিশালী করবে।

(২) সোভিয়েত ট্রেড ইউনিয়নসমূহের বিবৃতি

সোভিয়েত ট্রেড ইউনিয়নসমূহ কর্তৃক প্রচারিত এক বিবৃতিতে বলা হয়েছে, ‘সোভিয়েত ইউনিয়ন ট্রেড ইউনিয়নসমূহ এবং কারখানা ও অফিস কর্মীরা অধুনা নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা শেখ মুজিবুর রহমানের বিচারের ঘটনা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছেন! এই আওয়ামী লীগই সাধারণ নির্বাচনে জাতীয় এসেম্বলিতে এবং পূর্ব পাকিস্তানের এসেম্বলিতে সংখ্যাগরিষ্ঠ আসন লাভ করেছিল। পূর্ব পাকিস্তানের শ্রমজীবী জনগণের সমর্থনপুষ্ট মুজিবুর রহমান পাকিস্তানী জনগণের আইনসঙ্গত নির্বাচিত নেতা হিসাবে, নাগরিক অধিকার ও স্বাধীনতার যোদ্ধা হিসাবে সুপরিচিত। মুজিবুর রহমানের বিচার এবং তাঁর বিরুদ্ধে প্রতিহিংসা গ্রহণের যে প্রস্তুতি চলেছে, তা কেবলমাত্র দেশের উক্ত অংশের এবং তার সীমান্তের পরিস্থিতিই জটিল করে তুলবে।

''পাকিস্তানের শ্রমজীবী জনগণের গুরুত্বপূর্ণ অধিকারসমূহের জন্য, উপনিবেশবাদীদের জোয়ালের বিরুদ্ধে, গণতন্ত্রের বিকাশের জন্য এবং সমাজ প্রগতির জন্য তাদের সংগ্রামের আন্তর্জাতিক সংহতির প্রতি বিশ্বস্ত সোভিয়েত ইউনিয়নের ট্রেড ইউনিয়নসমূহ সর্বদাই পাকিস্তানের শ্রমজীবী জনগণের পক্ষ নিয়েছেন।''

বিবৃতিতে বলা হয়েছে, 'পূর্ব পাকিস্তানের জনগণের এবং নেতৃবৃন্দের বিরুদ্ধে ব্যাপক প্রতিহিংসামূলক উৎপীড়নের অবসান ঘটানোর, এবং শরণার্থীদের তাদের স্বদেশে প্রত্যাবর্তনের পরিস্থিতি সৃষ্টির দাবি সোভিয়েত শ্রমজীবী জনগণ জানাচ্ছে।''

(৩) সোভিয়েত আফ্রো-এশীয় সংহতি কমিটির বিবৃতি

সোভিয়েত আফ্রো-এশীয় সংহতি কমিটি প্রদত্ত এক বিবৃতিতে বলা হয়েছে, ''পূর্ব পাকিস্তানের শান্তিপূর্ণ অধিবাসীদের বিরুদ্ধে প্রতিহিংসামূলক উৎপীড়নের এবং প্রগতিশীল রাজনৈতিক নেতৃবৃন্দের উপর নির্যাতনের অবসান ঘটানোর, মুজিবুর রহমানের বিরুদ্ধে বিচাপরের প্রহসন বন্ধ করার এবং শরণার্থীদের তাদের স্বদেশে ফিরিয়ে দেওয়ার পরিস্থিতি সৃষ্টির ও তাদের পূর্ণ নিরাপত্তার এবং শান্তিতে জীবনযাপনের ও কাজ করার গ্যারান্টির ব্যবস্থা করার দাবি আমরা জানাচ্ছি।''

বিবৃতিতে পাকিস্তানী কর্তৃপক্ষের কাছে দাবি জানান হয়েছে যে, ''বিশ্ব জনমতের প্রতি কর্ণপাত করার এবং পূর্ব পাকিস্তান জনগণের ইচ্ছা, অধিকার ও আকাঙ্ক্ষার কথা বিবেচনায় নিয়ে রাজনৈতিক উপায়ে সমস্যাটির একটি ন্যায্য সমাধানের সম্ভাবনা খুঁজে বার করতে হবে, আর সেটাই হবে আফ্রো-এশীয় সংহতির উদ্দেশ্য ও নীতির সঙ্গে সঙ্গতিপূর্ণ।''

বিবৃতিতে কমিটি জোর দিয়ে বলেছে যে, ''যে সব জাতি ঔপনিবেশিক জোয়াল ছুঁড়ে ফেলে দিয়েছে এবং শান্তি ও প্রগতির পরিস্থিতির মধ্যে উন্নততর জীবনযাত্রার জন্য সংগ্রাম করছে, সোভিয়েত জনগণ সর্বদাই তাদের বিশ্বস্ত বন্ধু ছিল ও থাকবে।''

(৪) সোভিয়েত সাংবাদিকদের ইউনিয়নের বিবৃতি

সোভিয়েত সাংবাদিকদের ইউনিয়নও পাকিস্তানী কর্তৃপক্ষের কাছে ''পূর্ব পাকিস্তানের জনগণের বিরুদ্ধে ব্যাপক প্রতিহিংসামূলক উৎপীড়নের অবসান ঘটানোর এবং মুজিবুর রহমানকে বিচারের নামে হত্যা থেকে নিবৃত্ত হওয়ার'' দাবি জানিয়েছেন।

(৫) সোভিয়েত রেডক্রসের বিবৃতি

সোভিয়েত ইউনিয়নের রেড ক্রস ও রেড ক্রিসেন্ট সমিতিসমূহের ইউনিয়নের কার্যনির্বাহক কমিটি পূর্ব পাকিস্তানের মর্মান্তিক ঘটনাবলী সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করে এক বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে বলা হয়েছে, সোভিয়েত রেডক্রস মানবিক নীতিসমূহ অনুসরণ করে ক্রমাগত উৎপীড়নের বিরুদ্ধে এবং মানবাধিকার সংক্রান্ত ঘোষণা ও মানবিক নৈতিকতার সর্বজনস্বীকৃত মানগুলিকে নগ্নভাবে লংঘন করার জন্য ক্ষুব্ধ ঘৃণা প্রকাশ করছে। সোভিয়েত ইউনিয়নের রেডক্রস ও রেড ক্রিসেন্ট সমিতিসমূহের লক্ষ লক্ষ সদস্যের পক্ষ থেকে কার্যনির্বাহক কমিটি দৃঢ়ভাবে এই দাবি করছেন যে দেশের প্রগতিশীল ব্যক্তিদের ক্ষেত্রে উৎপীড়ন ও প্রতিহিংসা পাকিস্তানী কর্তৃপক্ষ বন্ধ করুন, রাষ্ট্রসংঘ কর্তৃক ঘোষিত মানবাধিকার ও আইনানুগতা পুনঃপ্রতিষ্ঠিত করুন এবং পূর্ব পাকিস্তানের অসামরিক জনসমষ্টির কষ্ট লাঘব করুন।

(৬) সোভিয়েত যুব ও ছাত্র সংগঠনগুলির বিবৃতি

সোভিয়েত জাতিসংঘের যুব সংগঠনগুলির কমিটি এবং ছাত্র পরিষদ এক বিবৃতিতে বলেছেন, সোভিয়েত যুব ও ছাত্রসমাজ আশঙ্কা ও উদ্বেগের সঙ্গে পূর্ব পাকিস্তানের ঘটনাবলী লক্ষ্য করে যাচ্ছে।

পাকিস্তানী কর্তৃপক্ষ সন্ত্রাস ও হিংসার পরিবেশে জনগণের আইনসম্মতভাবে নির্বাচিত প্রতিনিধি ও নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা মুজিবুর রহমানকে শেষ করে দিতে চাইছে।

পূর্ব পাকিস্তানের জনগণের স্বীকৃত নেতা, সমগ্র পাকিস্তানী জনগণের অতি জরুরী স্বার্থ ও গণতান্ত্রিক অধিকারের জন্য সংগ্রামরত যোদ্ধা মুজিবুর রহমানের লজ্জাজনক বিচার পূর্ব পাকিস্তান সমস্যার রাজনৈতিক মীমাংসার উপর আঘাত হানছে, দক্ষিণ এশিয়ায় উত্তেজনাকে আরও ঘোরালো করে তুলছে এবং পূর্ব পাকিস্তানী শরণার্থীদের স্বদেশে প্রত্যাবর্তনের সমস্যার সমাধানের পথে ও দেশে পরিস্থিতি স্বাভাবিক করার পক্ষে অতিরিক্ত অসুবিধাসমূহের সৃষ্টি করছে।

পূর্ব পাকিস্তানের জনগণ ও যুবসমাজের বিরুদ্ধে সন্ত্রাস ও হিংসার এইসব কাজ সম্পর্কে সোভিয়েত যুব ও ছাত্রসমাজ ক্রোধ প্রকাশ করছে।

বিবৃতিতে বলা হয়েছে, সমগ্র পৃথিবীর প্রগতিকামী জনগণের, বিশ্ব গণতান্ত্রিক যুব ও ছাত্র আন্দোলনের সঙ্গে একযোগে আমরা দাবি করছি, মুজিবুর রহমানের বিচার বন্ধ করা হোক, পূর্ব পাকিস্তানী দেশভক্তদের মুক্তি দেওয়া হোক ও তাদের উপরনির্যাতন বন্ধ করা হোক এবং শরণার্থীদের স্বদেশে প্রত্যাবর্তনের উপযোগী অবস্থা সৃষ্টি করা হোক।

আইনসম্মত অধিকার সুনিশ্চিত করার জন্য গণতন্ত্রের জন্য সংগ্রামে পূর্ব পাকিস্তানের জনগণের ও যুবসমাজের সঙ্গে আমরা সংহতি জ্ঞাপন করছি।

(৭) সোভিয়েত রাষ্ট্রসংঘ সমিতির বিবৃতি

পূর্ব পাকিস্তানের বিশিষ্ট রাজনৈতিক ও জননেতা, আওয়ামী লীগ নেতা মুজিবুর রহমানকে এবং পূর্ব পাকিস্তানের জনগণের পক্ষ সমর্থনকারী ও তাঁদের ন্যায়সঙ্গত অধিকারের প্রবক্তা অন্যান্য প্রগতিশীল নেতাকে কারারুদ্ধ করায় সোভিয়েত জাতিসংঘের রাষ্ট্রসংঘ বিষয়ক সমিতি গভীর উৎকণ্ঠা প্রকাশ করছে।

মানবাধিকার সম্পর্কিত রাষ্ট্রসংঘের ঘোষণাপত্রের মানবিক মূলনীতি দ্বারা চালিত হয়ে সোভিয়েত জাতিসংঘের রাষ্ট্রসংঘ বিষয়ক সমিতি পাকিস্তানী কর্তৃপক্ষ কর্তৃক এই ঘোষণাপত্রের মূলনীতিগুরির স্থূল লংঘনের তীব্র প্রতিবাদ করছে এবং দাবি করছে যে মুজিবুর রহমানের ও পূর্ব পাকিস্তানের অন্যান্য প্রগতিশীল নেতার বিচার বন্ধ করা হোক এবং পূর্ব পাকিস্তানের জনগণের ইচ্ছা, অলংঘনীয় অধিকার ও আইনসম্মত স্বার্থগুলি বিবেচনার মধ্যে রেখে বিদ্যমান সমস্যাদির রাজনৈতিক সমাধান বের করার জন্য এবং পূর্ব পাকিস্তানী শরণার্থীদের দ্রুত ও নিরাপদ স্বদেশে প্রত্যাবর্তনের উপযোগী অবস্থা সুনিশ্চিত করার জন্য ব্যবস্থাদি গ্রহণ করা হোক।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের জনগণের উপর নির্যাতন বন্ধ করার জন্য সোভিয়েত শ্রমিকদের দাবি	সোভিয়েত তথ্য বিভাগ প্রচারিত পুস্তিকা	...

দমন-পীড়নের অবসানের জন্য সোভিয়েত শ্রমিকদের দাবি

পূর্ব পাকিস্তানের জনগণের বিরুদ্ধে ঢালাও উৎপীড়নে সোভিয়েত জনগণ গভীরভাবে উদ্বিগ্ন। পাকিস্তানী কর্তৃপক্ষকে তাঁরা যুক্তির প্রতি কর্ণপাত করার এবং পূর্ব পাকিস্তানের দেশপ্রেমিকদের উপর নির্যাতন বন্ধ করার আহবান জানিয়েছেন।

মস্কো বৈদ্যুতিক যন্ত্রনির্মাণ কারখানা 'ডায়নামো'র শ্রমিকদের এক সভায় ফিটার আলেকজান্দার কারিশেভ বলেন, ''আমরা পাকিস্তানী কর্তৃপক্ষের কাছে দাবি করছি, তাঁরা যেন পৃথিবীর বিভিন্ন দেশের লক্ষ লক্ষ মানুষের কণ্ঠস্বর কর্ণপাত করে দেশে স্বেচ্ছাচারিতা বন্ধ করেন, পূর্ব পাকিস্তানের জনগণের আইনসঙ্গত স্বার্থকে যথাযোগ্য মর্যাদা দিয়ে সমস্যার রাজনৈতিক সমাধান অর্জনের জন্য ব্যবস্থা গ্রহণ করেন।''

সভায় গৃহীত প্রস্তাবে বলা হয়েছে : ''পাকিস্তানী কর্তৃপক্ষের কাজকে আমরা পূর্ব পাকিস্তানের জনসাধারণের মৌলিক মানবিক অধিকারের উপর নগ্ন হস্তক্ষেপ বলে মনে করি।'' সভায় অংশগ্রহণকারীরা পূর্ব পাকিস্তানে ঢালাও উৎপীড়নের অবসান দাবি করেন এবং শরণার্থীদের যথাশীঘ্র সম্ভব স্বদেশে ফেরার মতো অবস্থা সৃষ্টি করতে বলেন।

মস্কোর লিখাচেভ অটো ওয়ার্কসে এক জনসভা অনুষ্ঠিত হয়। ফিটার বোরিস কোরনেভ উপস্থিত সকলের মনোভাব প্রকাশ করেন। তিনি বলেন, ''আমরা গভীর দুঃখের সঙ্গে পূর্ব পাকিস্তানের প্রগতিশীল রাজনৈতিক নেতা ও জননেতাদের উপর নির্যাতনের খবর জেনেছি। আমরা জানতে পেরেছি যে সামরিক ট্রাইব্যুনাল আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমানের বিচারের আয়োজন করছেন। এই বিশিষ্ট প্রগতিশীল নেতা পাকিস্তানী জনগণ কর্তৃক আইনসঙ্গতভাবে নির্বাচিত হয়েছিল। তিনি যে আওয়ামী লীগের সভাপতি, গত বছরের ডিসেম্বরে অনুষ্ঠিত নির্বাচনে সেই আওয়ামী লীগই দেশের জাতীয় পরিষদে এবং পূর্ব পাকিস্তানের বিধান পরিষদে সংখ্যাগরিষ্ঠ আসন দখল করেছিল।

তরুণ শ্রমিক ভিকতর ফাদেয়েভ বলেন যে পূর্ব পাকিস্তানের লক্ষ লক্ষ মানুষকে স্বদেশ ছেড়ে বিদেশে আশ্রয় গ্রহণ করতে হয়েছে।

সভায় বিভিন্ন বক্তা বলেন, ''পূর্ব পাকিস্তানের শান্তিপ্রিয় জনসাধারণের উপর ঢালাও উৎপীড়নের বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানাই। দেশে উদ্ভূত সমস্যাবলী সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন এবং সমস্ত শরণার্থী যাতে স্বগৃহে প্রত্যাবর্তন করতে পারেন সে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।''

সোভিয়েত ইউনিয়নের সমবায় সমিতিগুরির ৬ কোটি সদস্যের পক্ষ থেকে কেন্দ্রীয় ইউনিয়নের পর্ষদ পাকিস্তানী কর্তৃপক্ষের কাছে আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমানের লজ্জাজনক বিচার বন্ধ করার দাবি করেছেন।

বিবৃতিতে বলা হয়েছে যে সমবায় সমিতিগুরির সদস্যরা পৃথিবীর মানুষের উদ্দেশ্যে আহবান জানাচ্ছেন, তাঁরা যেন পাকিস্তানী কর্তৃপক্ষের স্বেচ্ছাচারিতা ও উচ্ছৃঙ্খলতার নিন্দা করেন এবং পূর্ব পাকিস্তানের জনগণ সমবায় সমিতিগুলোর সদস্যদের অধিকার রক্ষার সপক্ষে এগিয়ে আসেন।

মস্কোর তিউরুপ ময়দা কলের শত শত শ্রমিক-কর্মচারী এক সভায় রিপেয়ার শপের শ্রমিক এ. ভি. দুদোভ বলেন : ''আমরা সোভিয়েত জনগণ উদ্বেগের সঙ্গে পাকিস্তানের বিয়োগান্তক ঘটনাবলী লক্ষ্য করছি। সেদেশে পাইকারী পীড়ন, গণতন্ত্রের প্রাথমিক নীতিগুলি লঙ্ঘন পূর্ব পাকিস্তানের নিযুক্ত মানুষকে ভারতে পালিয়ে যেতে বাধ্য করেছে। আমরা দাবি করছি অবস্থা স্বাভাবিক করা হোক। পূর্ব পাকিস্তানের প্রগতিশীল নেতাদের বিরুদ্ধে দমন পীড়ন বন্ধ করা হোক।''

লেনিনগ্রাদ ক্রাসলেগভার্দেয়েৎস ফার্মের শ্রমিকদের এক সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত এক প্রস্তাবে বলা হয়েছে : ''আমরা দাবি করছি যে পাকিস্তান সরকার অবিলম্বে শান্তিপূর্ণ জনসমষ্টির উপর দমন-পীড়ন বন্ধ করুক, নিযুত নিযুত শরণার্থীর স্বদেশে প্রত্যাবর্তনের প্রয়োজনীয় অবস্থা সৃষ্টি করুক।''

শান্তিপূর্ণ জনসমষ্টির উপর পাকিস্তানী কর্তৃপক্ষের নির্মম মনোভাবের বিরুদ্ধে, প্রগতিশীল রাজনৈতিক নেতাদের উপর নির্যাতনের বিরুদ্ধে ক্রুদ্ধ প্রতিবাদ জানান সমাজতান্ত্রিক শ্রমবীর দলনেতা ভি. ভি. পেদ্রোভ, ফিটার ভি. এ. বুকানোভ, ফার্মের কমসোমল কমিটিরসদস্য আনাতোলি উসানস্কিক, এসেম্বলী শপের ভি. ভি. বিস্ত্রোভা ও ইঞ্জিনিয়ার ভি. এ. মিখাইলোভা।

ভোইকভ ঢালাই লোহা ফাউন্ড্রির প্রতিটি শপ, বিভাগ ও সার্ভিসের প্রতিনিধিদের এক সভায় পূর্ব পাকিস্তানে গণপীড়নের বিরুদ্ধে প্রতিবাদ জানানো হয়। সভার উদ্বোধন করেন ট্রেড ইউনিয়ন কমিটির সভাপতি এ. বেস্পালোভ। ফিটার এস. গুমেনি, টেকনিক্যাল রেটিং ব্যুরোর প্রধান আই. পোরপেল্কিন, ইলেট্রিক্যাল শপের শ্রমিক ও যুব কমিউনিস্ট লীগের কমিটির সদস্য জি. জাইৎসেভা প্রমুখ বক্তারা পূর্ব পাকিস্তানে সন্ত্রাস ও দমন-পীড়ন বন্ধ করার এবং উদ্ভূত সমস্যার রাজনৈতিক মীমাংসা অর্জনের প্রয়োজনীয়তার উপর জোর দেন।

তাশখন্দের অক্টোবর বিপ্লব আশঙ্কিত ডিজেল ইঞ্জিন ও গাড়ি সারাই কারখানায় এক বিরাট সভায় শ্রমিকরা পূর্ব পাকিস্তানে শান্তিপূর্ণ জনসমষ্টির উপর পাইকারী দমনপীড়নে এবং দেশ ভক্তদের উপর নির্যাতনে গভীর আশঙ্কা ও উদ্বেগ প্রকাশ করেছেন।

মিনস্ক মোটর কারখানায় শ্রমিকদের এক সভায় গৃহীত প্রস্তাবে পাকিস্তানী কর্তৃপক্ষের কাছে বিভিন্ন দেশের জনগণের দাবিতে কর্ণপাত করতে এবং পূর্ব পাকিস্তানের জনগণের ইচ্ছা, অধিকার ও আইনসম্মত স্বার্থকে যথোপযুক্ত বিবেচনার মধ্যে রেখে সমস্যার রাজনৈতিক মীমাংসা অর্জনের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে আহবান জানানো হয়েছে।

কুইবিশেভে চতুর্থ কেয়ারিং কারখানায় অনুষ্ঠিত এক বিরাট সভায় দমন পীড়ন বন্ধ করার জন্য এবং পাকিস্তান প্রগতিশীল নেতাদের উপর নির্যাতন বন্ধ করার জন্য পাকিস্তান সরকারের কাছে দাবি জানান হয়।

আলসা আতা ফাউন্ড্রি ও মেশিন শপের এক সভায় শ্রমিকরা পাকিস্তানের ঘটনাবলী সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেন। প্রস্তাবে আশা প্রকাশ করা হয়েছে যে দেশে ন্যায় বিচার পুনঃপ্র তিষ্ঠার জন্য পাকিস্তানী কর্তৃপক্ষ জরুরী ব্যবস্থাদি গ্রহণ করবেন।

চীন

সরকারী দলিলপত্র

স্বাধীন বাংলাদেশের সংগ্রামে
চীন সরকারের ভূমিকা

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীন বাংলাদেশের সংগ্রামে ভারতীয় ভূমিকা সম্পর্কে পিপলস ডেইলীর ভাষ্য	পিপলস ডেইলি উদ্ধৃতি : চায়না, পাকিস্তান এ্যান্ড বাংলাদেশ- আর.কে. জৈন	১১ এপ্রিল, ১৯৭১

"WHAT ARK INDIAN EXPANSIONISTS TRYING TO DO?"
ARTICLE BY *People's Daily* Commentator, 11 April, 1971

Of late, the Indian Government has redoubled its efforts to interfere in Pakistan's internal affairs in disregard of the repeated stern protests of the Pakistan Government. This overbearing action of the Indian Government cannot but arouse the indignation of all justice-upholding countries.

The relevant measures taken by President Yahya khan in connection with the present situation in Pakistan are internal affairs of Pakistan, in which no country should or has the right to interfere. But the Indian reactionaries came forward in a great hurry to openly interfere in the internal affairs of Pakistan certain bigwigs in the Indian government ranging from the Prime Minister, the Minister of External Affairs, to members of Parliament and chief ministers of states raised a hue and cry for fanatic interference in Pakistan's internal affairs. The Indian Parliament and the Indian National Congress openly discussed and adopted resolutions interfering in the internal affairs of Pakistan. The Indian Government was busily plotting for international intervention in league with the two superpowers. Meanwhile, the Indian reactionaries have set their entire propaganda machine in motion to fan up anti-Pakistan chauvinist sentiments. All these frenzied acts are a new exposure of the expansionist features of the Indian reactionaries.

To create pretexts for meddling in the internal affairs of a neighboring country, the Indian reactionaries insisted that changes in the internal situation of Pakistan "cannot but prejudice India's own security." It may be asked: Is it Pakistan that "threatens" India's security, or is it the Indian expansionists that threaten Pakistan's security. While the Indian reactionaries were making inflammatory remarks over the Pakistan situation, the Indian Government massed troops along the East Pakistan border, and even instigated armed plainclothes men to infiltrate into Pakistan territory for disruption and harassment. Does this flagrant threat of force not seriously prejudice the security of Pakistan?

The Indian reactionaries also claimed that "geography makes it impossible" for India to "view" the situation in Pakistan "as simply an internal matter for Pakistan," Such argument is extremely preposterous. With a definite place in geography, every country has neighbors. If this "theory" of the Indian expansionists can stand, then countries with expansionist and aggressive ambitions may willfully interfere in the internal affairs of their neighboring countries for geographical reasons. Under such circumstances, what normal relations can there be between nations?

It is worth noting that the two superpowers, working in close co-ordination with the Indian reactionaries, crudely interfere in the internal affairs of Pakistan. The U. S. State Department issued a statement in an effort to poke its nose in to Pakistan's internal affairs, while the Soviet Government acted more blatantly. In his message to President Yahya Khan, President of the Presidium of the Supreme Soviet of the U. S. S. R. Podgorny made no mention of the Indian reactionary's threat to Pakistan, but on the contrary impudently criticized the Pakistan Government. They posed themselves as "friends" and hypocritically expressed concern for "the interests of the people of Pakistan." As known to all, if the independence, sovereignty, unification and territorial integrity of a country are encroached upon, then what is left of the interests of the people? Judging by what had been done by the Soviet Union in Czechoslovakia, it is not hard to see what the Soviet leadership supports, what it opposes, and on whose side after all it stands.

The great leader Chairman Mao has pointed out: "We firmly maintain that all nations should practice the well-known Five Principles of mutual respect for sovereignty and territorial integrity, non-aggression, non-interference in each other's internal affairs, equality and mutual benefit and peaceful coexistence." This is the criterion for handling relations among nations. Anyone who interferes in the internal affairs of other countries in an attempt to achieve one's ulterior motives will never come to a good end.

The Pakistan people have the revolutionary tradition of opposing imperialism and colonialism and have waged unyielding struggles against aggressors and interventionists from outside. The Chinese Government and people will, as always, resolutely support the Pakistan Government and people in their just struggle for safeguarding national independence and state sovereignty and against foreign aggression and interference.

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের অখন্ডতা রক্ষায় চীনা সমর্থনের আশ্বাস : প্রেসিডেন্ট ইয়াহিয়া খান-এর কাছে প্রেরিত প্রধানমন্ত্রী চৌ-এন লাই-এর বার্তা	পাকিস্তান হরাইজন। উদ্ধৃতি : সাউথ এশিয়ান ক্রাইসিস-রবার্ট জ্যাকসন	১৩ এপ্রিল, ১৯৭১

CHOU EN-LAI's MESSAGE TO YAHYA KHAN, 12 APRIL 1971

I have read Your Excellency's letter and Ambassador Chang Tung's report on your Excellency's conversation with him. I am grateful to Your Excellency for your trust in the Chinese Government.

China and Pakistan are friendly neighbors. The Chinese Government and people are following with close concern the development of the present situation of Pakistan. Your Excellency and leaders of various quarters in Pakistan have done a lot of useful work to uphold the unification of Pakistan and to prevent it from moving towards a split.

We believe that through the wise consultations and efforts of Your Excellency and leaders of various quarters in Pakistan, the situation in Pakistan will certainly be restored to normal.

In our opinion, the unification of Pakistan and the unity of the people of East and West Pakistan are the basic guarantees for Pakistan to attain prosperity and strength.

Here it is most important to differentiate the broad masses of the people from a handful of persons who want to sabotage the unification of Pakistan.

As a genuine friend of Pakistan, we would like to present these views for Your Excellency's reference.

At the same time, we have noted that of late the Indian Government has been carrying out gross interference in the internal affairs of Pakistan by exploiting the internal problems of your country. And the Soviet Union and the United States are doing the same one after the other.

The Chinese Press is carrying reports to expose such unreasonable interference and has published Your Excellency's letter of reply to Podgorny.

The Chinese Government holds that what is happening in Pakistan at present is purely the internal affair of Pakistan, which can only be settled by the Pakistan people themselves and which brooks no foreign interference whatsoever.

Your Excellency may rest assured that should the Indian expansionists dare to launch aggression against Pakistan the Chinese Government and people will, as always, firmly support the Pakistan Government and people in their just struggle to safeguard state sovereignty and national independence.

-Pakistan Horizon,

XXIV No.2, pp 153-54

শিরোনাম	সূত্র	তারিখ
রাষ্ট্রীয় সার্বভৌমত্ব ও জাতীয় স্বাধীনতা রক্ষার সংগ্রামে পাকিস্তানের প্রতি সংহতি প্রকাশ : ভূট্টোর সম্মানে প্রদত্ত ভোজসভার গণচীনের ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী চি পেং ফি'র বক্তৃতা	পাকিস্তানস হরাইজন উদ্ধৃতি : সাউথ এশিয়ান ক্রাইসিস- রবার্ট জ্যাকসন	৯ নভেম্বর, ১৯৭১

CHI PENG-FEI'S SPEECH AT THE BANQUET GIVEN IN HONOUR OF BHUTTO, 7 NOVEMBER, 1971

In order to defend their state sovereignty, territorial integrity and national independence, they the Pakistani people have waged unremitting struggles against foreign aggressors, interventionists and domestic secessionists. The Pakistan Government has adhered to its foreign policy of independence and contributed to the defense of peace in Asia and the promotion of Afro-Asian solidarity.

Of late, the Indian Government has crudely interfered in Pakistan's internal affairs, carried out subversive activities and military threats against Pakistan by continuing to exploit the East Pakistan question. The Chinese Government and people are greatly concerned over the present tension in the Subcontinent. We maintain that the internal affairs of any country must be handled by its own people. The East Pakistan question is the internal affair of Pakistan and a reasonable settlement should be sought by the Pakistan people themselves, and it is absolutely impermissible for any foreign country to any out interference and subversion under any pretext. Consistently abiding by the Five Principles of Peaceful Coexistence, the Chinese Government never interferes in the internal affairs of other countries and firmly opposes any country interfering in the internal affairs of other country. This is our firm and unshakable stand. We believe that the broad masses of the Pakistan people are patriotic and they want to safeguard national unity and unification of the country, oppose internal split and outside interference. It is our hope that the Pakistan people will strengthen their unity and make joint efforts to overcome difficulties and solve their own problems. We have noted that certain persons are truculently exerting pressure on Pakistan by exploiting tension in the Subcontinent, in a wild attempt to realize their ulterior motives. The Chinese Government and people have always held that disputes between states should be settled by the two sides concerned through consultations and not by resorting to force. The reasonable proposal put forward recently by President Yahya Khan for the armed forces of India and Pakistan to withdraw from the border respectively and disengage is helpful to easing tension in the Subcontinent and should be received with welcome. Our Pakistan friends may rest assured that should Pakistan be subjected to foreign aggression, the Chinese Government and people will, as always, resolutely support the Pakistan Government and people in their just struggle to defend their state sovereignty and national independence.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ প্রশ্নে চীন 'ন্যায়সঙ্গত সমাধান' চায়	স্টেটসম্যান	৭ নভেম্বর, ১৯৭১

Bangladesh Issue
CHINA URGES 'REASONABLE SETTLEMENT'
Indo-Pak Talks On Border Suggested

Peking, Nov. 7-China today appalled to India and Pakistan to hold consultations to reduce tension on their borders. It has also asked Pakistan to seek a "reasonable settlement" on the Bangladesh Issue, say AFP and Reuter.

Mr. Cheng Peng-fei, Acting Chinese Foreign Minister, addressing a banquet in honor of the top-level Pakistani delegation now in Peking, urged Islamabad to resolve the Bangladesh problem on its own. He said this could be done within the framework of Pakistan, keeping in view the solidarity and integrity of the country.

Mr. Cheng came out in support of what he called the "reasonable proposal" of President Yahya Khan for troop withdrawals to a "reasonable distance" from their borders. "The dispute between the States should be settled by the two sides concerned through consultations and not by resorting to loree" he said.

Radio Pakistan reporting the speech claimed however, that China had reiterated its support to Pakistan in the event of "any foreign invasion" adds UNI from Delhi.

The war in Bangladesh is over a month old now. President Yahya who had reportedly boasted that he would be able to crush the movement in 48 hours must be wondering at the continuance of a struggle, in which militarily the odds are definitely against the other side. Financially the Pakistan Government is feeling the pinch as is evident from its agreeing to devalue the currency. On the other hand thousands of refugees continue to cross into Indian territory and even if a fraction of what they say is true, then it is not a Sonar Bangla they have left behind. The towns are almost empty and the vast countryside, for the most part, lies ravaged.

Yet the fighting goes on. There is yet no evidence of the Mukti Fouj deciding to call it a day. And with the choice generally being between dying fighting and simply dying it is going to be a protracted war, the first phase of which seem to be drawing to a close. As a Dacca journalist, who has crossed over, observe red recently, soon there will be a period of lull which will be the period of regrouping. And that according to all accounts, will be an interesting period to watch.

For there cannot be a protracted war without political leadership. The Mukti Fouj, as constituted at present, is an odd assortment of paramilitary forces and other elements. So far its main task has been to resist as best as possible the onslaught in which it has not been as successful as is made out in euphoric Press reports. Which, in the context of a general lack of preparedness is understandable. But now that the Army has been able to find a footing in Bangladesh the job will be to get it out. And with a negotiated settlement seemingly out of the way the search for the political leadership which can take the protracted struggle to successful end, has already begun in Bangladesh.

The December elections brought the Awami League into the foreground and the Pakistani authorities' disregard for democratic principles further added to its prestige in the subsequent days. Mujib thundering away at Paltan Maidan and elsewhere was the man to be looked forward, to. Bengali nationalism had reached a new height. Than the Army struck. And today, with a number of Awami League leaders sojourning on this d side of the border, .a fact which has disappointed many on the other' side and the Joy *Bangla spirit* not as fresh as before, the time has come to question whether the AL still has a dominant role to play in Bangladesh.

The Awami League, as is well known, is at best a bourgeois democratic party and has always sought to do what in the ultimate analysis can be termed replacement of the non

Bengali ruling class with the Bengali. His only, aim being to gain greater economic rights for the Bengali bourgeoisie, Mujib had till the last refrained from demanding an independent Bangladesh; when he did so it was more at the pressure of some younger elements within the party than anything else. But all the time he was hoping to have an agreement with Yahya. As the talks dragged on it was a sad Mujib who remarked in desperation that if the Army continued to be intransigent than ultimately the Communists would take over the leadership of the movement. His anti-communism is well known. A practical politician, he knew that his party was neither organizationally nor ideologically prepared for a long-drawn struggle. Perhaps he was also able to realize that a national liberation struggle could not sucked without active participation by the Communists. And today, accounts from Bangladesh suggest, his fears are about to come true.

Mujib's fears are also shared by the Indian Government which explains its hesitation in supplying the much sought for arms to the Mukti Fouz Delhi must have known by now that the Awami League on its own will not be able to deliver the goods in Bangladesh. And Mrs. Gandhi and her supporters are in no hurry to see arms falling into the hands of "undesirable elements" and maybe later finding their way back on this side of the border. The Government is in no position to take any action in Bangladesh without considering the possible impact in West Bengal. On the other hand Delhi, because of its relations with Islamabad cannot hope to mediate for a peaceful settlement and see the Awami League in power in Bangladesh. It is also doubtful whether Delhi is entirely comfortable in a situation where an anti-centre slogan has been raised with such force. Like Mujib, Indira also seems to be in a fix.

Meanwhile the Communists in Bangladesh are active. The underground. Purba Bangla Communist Party, led by Abdul Motin, Alauddin Ahmad, Tipu Biswas and others, which is somewhat akin to the CPI (M) in West Bengal, is conducting guerrilla war in Bogra, Rajshahi Chittagong, Mymensingh, Comilla and Pabna. It had considerable influence among the working class and the peasantry; proof of this is the magnificent resistance to the Pakistani forces by about 40,000 dock workers in Chittagong. The PBCP has a close ally the Co-ordination Committee of Zaffar Menon and others who are very active among the militant students. The National Awami Party led by Maulana Bhasani is also working on similar lines in Mymensingh, Rangpur, Sylhet, Rajshahi and elsewhere. A disadvantage at present felt by the Communists is the campaign against them which the Awami League had carried on for many years now; the EPR, the East Bengal Police and the East Bengal Regiment people also have little love lost for them. However, in a protracted struggle it is the people who ultimately count and there is little chance of the Communists losing their support.

The Purba Pakistan Communist Party (ML), led by Mohammed Toaha, the former general secretary of the pro-Bhasani NAP and now a Maoist, enjoys a strong base in Jessore and Khulna; even conservative estimates put the party's committed supporters at 10,000. The Maoists are, however, lying low at the moment. For one thing they are not prepared to expose their trained fighters at this stage of the movement. But the possibility of their joining hands with the PBCP in forming a National Liberation Front is not entirely ruled out by competent political observers in Bangladesh. A redeeming feature is

That the difference between the PBCP and the PPCP (ML) is essentially on the ideological plane and has not degenerated into personal hatred. And this difference certainty cannot stand in the way of united action against a common enemy.

This being the situation it is clear which direction the political leadership of the movement will take in future. This is not to say that the Awami League will be done away for good. There are militant elements in the party, particularly among the lower cadres, whose continued participation in the future struggle seems certain. As for the gentlemen in Calcutta and Mujibnagar, for an practical purposes they seem to have done their bit.

শিরোনাম	সূত্র	তারিখ
২৮৪। চট্টগ্রামে পাক বর্বরতা	অমৃত বাজার পত্রিকা	১২ মে, ১৯৭১

AM RITA BAZAR PATRIKA, MAY 12 1971

CHITTAGONG SEEN WITH HER STAINS AND SCARS

Chittagong, May 11. Newsmen were yesterday shown massive shell and fire damage and evidence of a sweeping massacre of civilians by the Pak Army in this crippled key port of East Bengal, reports A. P.

The Army is well in control here but troops occupied the important town of Cox's Bazar, 110 km to the south only five days ago and patrols are still encountering the Mukti Fauj elsewhere in southern areas, officers said.

Chittagong's port remains largely undamaged but is severely choked with cargo for lack of labor force and the means to tranship inland.

Chittagong industrialists say it will take many months, possibly years to restore the economy and activity here. At the Ispahani Jute Mills only 20 of 7,500 workers returned to their posts and the Manager said "it will take six weeks just to see where everything is".

At Chittagong port a skeleton crew of dockers loaded jute bailed in December. Shippers estimate that 400,000 tons of cargo was backed up in the port which normally can handle only 300,000 tons per month. The river is the only means to move goods in and out of the interior, though it normally handles only 25 per cent of traffic.

No plans have yet been formulated to augment inland shipping capacity, shippers added.

Evidence of a brutal war is everywhere in this pleasant gardened city built around picturesque hills.

Chittagong was the last stop on a four-day tour by six foreign newsmen, the first allowed in since newsmen were expelled on March 26. It fitted the general pattern of dozens of cities and towns in East Bengal. Newsmen also saw Comilla where damage was far less but the atmosphere was still tense.

Comilla, like most population centers along the Indian border was heavily patrolled by soldiers with automatic weapons.

শিরোনাম	সূত্র	তারিখ
২৮৫। দূতাবাস কর্মচারী বিনিময়ে সুইস মধ্যস্থতায় পাক-ভারত সম্মতি	অমৃত বাজার পত্রিকা	১২ মে, ১৯৭১

AM RITA BA7AR PATRIKA, MAY 12,1971

MISSION STAFF EXCHANGE

INDIA, PAKISTAN ACCEPT SWISS MEDIATION

From Our Special Representative

New Delhi, May 11.- The week-old diplomatic deadlock between India and Pakistan over the question of repatriation of the personnel of their respective closed missions in Dacca and Calcutta is being sought to be resolved through Swiss good offices.

It transpires, according to the spokesman of the External Affairs Ministry, after unsuccessful attempts by Russia and Iran to offer third party assistance, Pakistan made an approach to the Swiss Government to take a hand in resolving the problem of repatriation of the Deputy High Commissions of India and Pakistan in Dacca and Calcutta. The Swiss agreed to consult India and lend their good offices.

The Swiss Ambassador in New Delhi, Dr. Fritz Real met Mr. S. K. Banerjee, Secretary, External Affairs, this afternoon and discussed the proposal, which was accepted by India.

Shortly after that the Pakistan High Commissioner Mr. Sajjad Hyder, met Mr. S. K. Banerjee in the External Affairs Ministry, who conveyed India's acceptance of the good offices of Switzerland.

Main hitch

The main hitch in the evacuation of the Dacca Mission staff arose over Pakistan's insistence that their Deputy High Commissioner, Mr. Mahdi Masud should be afforded all facilities by the Government of India to meet individually all members of their Calcutta mission who had declared their allegiance to Bangladesh and defected from Pakistan.

Since Mr. Hosain Ali and other members of the Calcutta mission did not agree to meet Mr. Masud individually except in a group, Pakistan created a stalemate and stalled the repatriation of our Dacca mission staff.

The stand of India was that it was a matter between Mr. Masud and members of the Pakistan Deputy High Commission to settle and India did not come into the picture, nor could India force any member of the Pakistan mission to meet Mr. Masud. Yet the External Affairs Ministry had requested Mr. Hosain Ali to meet Mr. Masud, but when Mr. Rosain Ali went to meet Mr. Masud with other members of the Calcutta mission, who had declared their allegiance to Bangladesh, Mr. Masud insisted that they should sec him individually. Thereupon, Mr. Hosain Ali and other members of the group walked away.

Modalities

It is not known what would be the modalities of the Swiss good offices in resolving the hitch. So far as India is concerned, the External Affairs Ministry seems to have taken the line that it is now for the Swiss and Pakistan to resolve the issue. India has made it clear to Pakistan earlier that the repatriation of the Dacca and Calcutta missions would be on a reciprocal basis, but reciprocity in this matter is not connected with numerical criterion. The entire staff of our Dacca mission, who are all desirous of coming back to India should be allowed facilities to be repatriated. India would offer facilities to all those members of the Calcutta mission, who are so willing to be repatriated to Pakistan, but could not force anyone to go to Pakistan.

It would seem the Swiss will for the present be making their efforts in Calcutta in trying to ascertain the will of the staff of the Pakistan Mission. The Swiss has no mission in Dacca. Whether the Swiss would themselves meet the Calcutta mission staff individually or collectively, or they would try to arrange individual or collective meeting between the Calcutta mission staff and Mr. Masud, these are matters left to the Swiss good offices.

India is primarily concerned about the repatriation of their entire staff from Dacca, and would not interfere in the repatriation of the Pakistan mission staff who may be so willing.

The Swiss efforts at resolving the repatriation problem and the main hurdle holding it up will be a waited with keen interest. The Dacca and Calcutta missions were closed on April 16 last following Pakistan's unilateral decision to close down their Deputy High Commission and asking India to close the Dacca mission.

Since then the repatriation of the personnel of respective mission has been held up because of the hurdle created by Pakistan trying to implicate India in what is purely an internal mission affair of Pakistan.

	শিরোনাম	সূত্র	তারিখ
২৮৬।	শরনার্থী শিবিরে শ্রীমতি গান্ধী	আনন্দবাজার পত্রিকা	১৪ মে, ১৯৭১

শরনার্থী শিবিরে শ্রীমতি গান্ধী

পূর্বাঞ্চলের শরনার্থী শিবিরগুলো ঘুরে ঘুরে দেখবেন প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী। রবিবার আসবেন তিনি বনগাঁয়। এই শিবিরগুলোতে ইতিমধ্যেই তিরিশ লক্ষ আতঙ্কিত মানুষ জড়ো হয়েছেন। আরও আসছেন হাজারে হাজারে। জলের মত টাকা খরচ হচ্ছে। বাইরের সাহায্য বড় একটা পাওয়া যাচ্ছে না। এপারে এসে দুর্ভাগাদের সোয়াস্তি নেই। মাঝে মাঝে তাদের উপর পড়ছে পাক-কামানের গোলা। এই পর্বত প্রমাণ বোঝা বহনের জন্য প্রস্তুত ছিলেন না কেন্দ্রীয় সরকার। অথচ এর সম্ভাবনা দেখা দিয়েছিল অনেক আগেই। প্রশাসকদের অদূরদর্শিতা জটিল করে তুলেছে গোটা পরিস্থিতি। শরনার্থীর ভারে নুইয়ে পড়ছে পশ্চিম বাংলা। নয়াদিল্লী ধীরে ধীরে বুঝতে পারছেন বাস্তব অবস্থা। পাল্টাচ্ছে তাদের ত্রাণ পরিকল্পনা। আত্মবঞ্চনা করে লাভ নেই। ইয়াহিয়ার চালের হারে হেরে গেছে ভারত। গণহত্যা এবং মানুষ-খেদার অভিযান সম্পূর্ণ হলে বহাল তবিয়তে ঘর গুছাবেন ইয়াহিয়া খান। আর তার দুষ্কার্যের ভারবাহী হয়ে থাকবে ভারত। মুক্তিযোদ্ধারা লড়বেন। তাঁদের সর্বাত্মক বিজয় কবে সম্ভব হবে তা জানবেন না কেউ। অন্তত এইটুকু সত্য আজ স্পষ্ট হয়ে উঠেছে যে, অনির্দিষ্ট সময়ের জন্য শরনার্থীরা থাকবেন ভারতে। অনেকে হয়ত আর ফিরে যেতেই চাইবেন না। ইসলামাবাদের ফাঁদে পা দিয়েছেন নয়াদিল্লী। এ ফাঁদ থেকে বেরিয়ে আসার পথ একে একে বন্ধ হয়ে যাচ্ছে।

শরনার্থী শিবিরগুলোতে দেশী-বিদেশী অনেক মহামান্যের পদধূলি পড়েছে। তাতে হতভাগ্যদের ভাগ্যের কোন পরিবর্তন ঘটেনি। বাংলাদেশের পাক-অত্যাচার বন্ধ হয়নি। শ্রীমতি গান্ধীর আগমনে লক্ষ লক্ষ মানুষের দীর্ঘশ্বাসের গরম হাওয়া ঠান্ডা হবার নয়। ওরা ভারতে আশ্রয় নিয়েছেন। স্বদেশে অনুকূল পরিবেশ সৃষ্টি হলেই অধিকাংশই হয়ত ফিরে যাবেন। এই পরিবেশ সৃষ্টিতে যত দেরী হবে অনেকের ফিরে যাবার পথও তত কণ্টকিত হয়ে উঠবে। শেষ পর্যন্ত ক'লক্ষ নরনারীর হয়ত ফিরে যাওয়াই হবে না। স্বাধীন বাংলাদেশ সরকার ছাড়া আর কেউ শরনার্থীমুক্ত করতে পারবেন না ভারতকে। তার জন্য দরকার মুক্তি যোদ্ধাদের সামরিক অগ্রগতি এবং মুক্ত অঞ্চলের পরিধির বিস্তার। স্বাধীন বাংলাদেশ সরকার পাননি কারও কূটনৈতিক স্বীকৃতি। তাদের ভাগ্যে জুটছে না প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র। ইয়াহিয়ার সুসজ্জিত বাহিনীর সঙ্গে তাঁরা লড়াই করবেন কিসের জোরে? বাংলাদেশে সাহায্য পাঠাবার অনুমতির জন্য ইসলামাবাদের কাছে আর্তি জানাচ্ছেন রাষ্ট্রসঙ্ঘ। আমেরিকা পিছন থেকে ঠেকা দিচ্ছে ভারতকে। ইয়াহিয়া শুধু বলছেন- এখনও সময় আসেনি। বাংলাদেশকে একেবারে পর্যুদস্ত না করা পর্যন্ত ইসলামাবাদের বাঞ্ছিত সময় আসবে না। দুর্ভিক্ষের কবলে পড়বেন বাঙ্গালী জনতা। এপারে শরনার্থীদের ঘিরে দানা বাঁধবে বিভিন্ন ধরনের সমস্যা। কৃতজ্ঞতার বদলে দেখা দেবে ভারতের প্রতি বিতৃষ্ণা। ঠিক এই মুহূর্তেই আসবে ইয়াহিয়ার অনুকূল সময়। রাষ্ট্রসঙ্ঘের সাহায্য তিনি নিতে চাইবেন নিজের হাতে। তাতে হয়ত আপত্তি করবেন না বিশ্বসভার মানবদরদীরা। পাক-ঘাতকেরা নামবে আর্ত-ত্রাণে। লাভের ব্যবসা ফাঁদবেন ইসলামাবাদ। বৈদেশিক সাহায্যের ছিটেফোঁটা যাবে বাংলাদেশে। পরের ধনে দল ভারী করবে কুচক্রী দল। ক্ষুধার অন্ন যে তুলে দেবে আর্তের মুখে জনতা তাদেরই জানাবেন সেলাম। ভুলে যাবেন অতীতের নারকীয় ঘটনা। দুনিয়ার এই সাধারণ নিয়মের ব্যতিক্রম ঘটবে না বাংলাদেশে। মুক্তিযোদ্ধারা সহজে ছাড়বেন না। ভারত সীমান্ত থেকে ওঁরা চালাবেন গেরিলা তৎপরতা। অসহায় নয়াদিল্লী চেয়ে চেয়ে দেখবেন। পাক-বেতার শুরু করবে উল্টো প্রচার। পূর্ববাংলা শান্ত। তাকে অশান্ত করছে ভারতাশ্রিত গেরিলারা। আর্ত ত্রাণে ব্যাঘাত ঘটাচ্ছে পদে পদে। আন্তর্জাতিক বিজ্ঞের দল তখন বলবেন-কথাটি ফেল না নয়।

শরনার্থী শিবিরগুলো দেখতে এসে শ্রীমতি গান্ধী ভালই করবেন। তিনি বুঝতে পারবেন 'দেখি কি হয় নীতির পরিণাম'। সাড়ে সাত কোটি মানুষের একটা বিরাট অঞ্চলকে ছারখার করছে প্রায় দেড় হাজার মাইল দূরের একটা হানাদার বাহিনী। বিশ্ববিবেকের মাথায় দিনের পর দিন লাথি মারছেন ইয়াহিয়া খান। বৃহৎ রাষ্ট্রগুলো অত্যাচারিতের সেবার জন্য লোক দেখানো কলরব তুলছে। ঘাতকের বিরুদ্ধে যারা লড়াই করছেন তাঁদের জন্য কারও মাথাব্যাথা নেই। ওঁদের সরকার পাচ্ছেন না কূটনৈতিক স্বীকৃতি। মুক্তিযোদ্ধাদের হাতে আসছে না অস্ত্রশস্ত্র। এই রাষ্ট্রগুলোর মুখ চেয়ে বসে আছেন নয়াদিল্লী। ঘরের পাশে একটা পশু শক্তির বিরুদ্ধে সক্রিয় ব্যবস্থা নিতে পারল না ভারত। তার এই দুর্বলতার জের চলবে দীর্ঘদিন। বাইরের ক্ষুদ্র রাষ্ট্রগুলোর কোন আস্থা থাকবে না নয়াদিল্লীর উপর। তাদের শক্তির আড়ম্বর দাগ কাটবে না কারও মনে। আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের মর্যাদাহানির পরিপূরণ করতে পারবে না নিষ্ক্রিয় নৈতিক বাক্যবিন্যাসে। শ্রীমতি গান্ধীর জন্য অপেক্ষা করছে শরনার্থীদের বুক ফাটা কান্না। চোখের সামনে যারা নিহত হতে দেখেছেন প্রিয়জনদের, কি দিয়ে তিনি তাঁদের দেবেন সান্ত্বনা। প্রতিশোধের জন্য বাংলাদেশের সাচ্চা তরুণ-তরুণী পাগল। তাদের সামনে কি দৃষ্টান্ত রেখেছেন নয়াদিল্লী ? ভারতীয় অঞ্চলে পড়ছে পাক-কামানের গোলা। মরছেন ভারতীয় নাগরিক। সীমান্ত রক্ষীদের অপহরণ করছে পাক-হানাদাররা। শুধুমাত্র কড়া নোটে পাঠিয়েই কর্তব্য বোধ করছেন কেন্দ্রীয় সরকার। শক্তিমানের শক্তির আস্ফলনের বাস্তব প্রয়োগ নেই যেখানে, সেখানে সে হতে পারে না অন্যের শক্তির প্রেরণা। এই বাস্তব অভিজ্ঞতা সঞ্চয়ের প্রয়োজন ছিল শ্রীমতি গান্ধীর। হয়ত তিনি পারবেন তা শরনার্থী শিবিরগুলিতে।

নয়াদিল্লির হাতে আছে বৃহৎ রাষ্ট্রগুলোর সার্টিফিকেট। অমানুষিক সংযমের পরিচয় দিয়েছেন তাঁরা। শত শত জনপদ নিশ্চিহ্ন হয়ে গেছে বাংলাদেশে। দশ লক্ষ নরনারীর রক্তে ভেসে গেছে পথঘাট। এবং কুকুরের দল গলিত শব নিয়ে করছে টানাটানি। কোটি কোটি টাকা এবং রাশি রাশি সোনা রুপা পাচার হয়েছে পাকিস্তানে। হাজার হাজার নারী ধর্ষিতা। তিরিশ লক্ষ শরনার্থী বোঝা নিয়ে ধুঁকছে পূর্বাঞ্চলের রাজ্যগুলো। ভারতের আকাশসীমা এবং সীমান্তরেখা লঙ্ঘিত হচ্ছে বার বার। ঢাকায় রয়েছেন ভারতীয় কূটনৈতিক কর্মীরা আটক। তা সত্ত্বেও ধৈর্যের বাঁধ ভাঙ্গেনি নয়াদিল্লির। ধরিত্রীর মত এই সর্বংসহা আচরণের অসংখ্য সাধুবাদ দিয়েছে বৃটেন, সোভিয়েট রাশিয়া এবং আমেরিকা। নিজেদের ঘাড়ে যখন এসে পড়ে নিরাপত্তার সমস্যা তখন তাদের মধ্যে দেখা যায় না বহু প্রশংসিত এই সংযম। তার প্রমাণ, কিউবায় মার্কিন অবরোধ, হাঙ্গেরী এবং চেকোশ্লোভাকিয়ায় সোভিয়েট প্রতিরোধ এবং ১৯৫৬ সালে বৃটেনের সুয়েজ অভিযান। বাংলাদেশের ঘটনাবলীর সঙ্গে এগুলোর তুলনা চলে না। এ অঞ্চলের সংগ্রাম গণতন্ত্রের সংগ্রাম এবং সংখ্যালঘু ফ্যাসিস্ট শক্তির বিরুদ্ধে সংখ্যাগরিষ্ঠদের লড়াই। ভারতের উপর চলছে তার প্রত্যক্ষ জের। প্রধানমন্ত্রী শ্রীমতি গান্ধী ভেবে দেখুন- তিনি বৃহৎ শক্তিগুলোর দেওয়া সার্টিফিকেট সোনার ফ্রেমে বাধিয়ে রাখবেন, না তা ছুড়ে ফেলে দিয়ে আত্মশক্তিতে বাস্তব অবস্থার মোকাবিলা করবেন ?

শিরোনাম	সূত্র	তারিখ
২৮৭। দূতাবাস কর্মচারী বিনিময়ে সুইস প্রস্তাব প্রত্যাখাত	দি স্টেটসম্যান	১৫ মে, ১৯৭১

THE STATESMAN, MAY 15, 1971

PINDI SHIFTS STAND AGAIN

SWISS MEDIATION OFFER REJECTED

From Our Special Representative

New Delhi, May 14. -The rejection by Pakistan of the Swiss offer of good offices to help resolve the dispute with India over the repatriation of diplomatic personnel from Dacca and Calcutta has taken Government sources here by surprise. Islamabad's move of rejection came late last night.

Coming within a day of the acceptance by the Pakistan Government of the proposal that Mr. Mahdi Masud, the former Deputy High Commissioner at Calcutta, meet Mr. Hossain Ali and the East Bengali staff in the presence of a Swiss representative, the latest turnabout is seen as further evidence of the off-again on-again diplomacy being pursued by that country.

The contradiction between the two statements made by the Pakistan Government spokesman, one accepting the principle of meetings between Mr. Masud and his Bengali staff in a Swiss representative's presence and the other rejecting the proposition in to is too obvious to need any elucidation, it is pointed out.

What is, however, causing surprise is that Pakistan, which initially sought Swiss intervention should have gone back on its word so soon. The obvious intention appears to keep the diplomatic tussle alive so that international attention is diverted from the reign of terror let loose by the Pakistani Army in Bangladesh as also from the vast multitude of East Bengalis seeking refuge in India.

Official sources here seemed extremely reluctant to get embroiled in the latest Pakistani manoeuvre. Having got the Swiss involved in the matter, it was for them and the Swiss to sort their affairs out. India, for her part, would be prepared to cooperate with any constructive moves made by the Swiss in consultation with the Pakistanis.

This was also borne out by India's readiness to continue to talk to Mr. Fritz Real, the Swiss Ambassador, when he called at the Foreign Office today for talks with Mr. S. K Banerjee, Secretary' (East). The meeting took place after the Pakistani rejection of Swiss good offices had been announced.

Delicate Issue

What is causing concern, however, is that Pakistan should "play ducks and drakes" with such a delicate and potentially explosive issue. To begin with. Pakistan had shown

Interest in the Russian offer to evacuate the diplomats of the two countries from Dacca and Calcutta. Then the Iranians were brought into the picture with the Government of India agreeing to provide facilities to an Iranian plane to land at Calcutta. Finally. Pakistan had on its own approached the Swiss to intervene. Now that the Swiss Ambassador here and other Swiss Government sources elsewhere have moved in the matter, Pakistan has subverted the whole thing by going back on its word.

The Pakistani rejection of the Swiss offer to mediate between Mr. Masud and Mr. Hossain Ali, who declared his allegiance to the Bangladesh Government, was announced by a Foreign Office spokesman at Islamabad.

In a statement, the spokesman charged India with attempting to shift its responsibilities on the dispute over the Calcutta Mission to the Swiss.

The spokesman said India was committed to arranging a meeting between Mr. Masud and the ex High Commissioner, Mr. Hossain Ali, to ascertain the wishes of Mr. Ali's staff regarding repatriation.

Oddly, the spokesman, ignoring his previous statement on the matter, added that "there is no need for mediation by Switzerland or any third party to bring about this meeting.

	শিরোনাম	সূত্র	তারিখ
২৮৮।	ইয়াহিয়া'র সীমাহীন বর্বরতার বিরুদ্ধে প্রতিরোধের আবেদন	কালান্তর	১৫ মে, ১৯৭১

ইয়াহিয়া''র সীমাহীন বর্বরতার বিরুদ্ধে প্রতিরোধের আবেদন
পশ্চিম পাকিস্তানের জনগণের উদ্দেশ্যে ডাঃ গণির বেতার ভাষণ

সম্প্রতি কমিউনিস্ট নেতা ডাঃ এ, এম, ও, গণি উর্দু ভাষাভাষি জনগণের কাছে বাংলাদেশের ঘটনাবলী বিশ্লেষণ করে বর্তমানে পাকিস্তান সরকারের ''''সীমাহীন বর্বরতার''''-র চিত্র তুলে ধরে উর্দু ভাষায় একটি বেতার ভাষণ দিয়েছেন এবং সেটি ''আকাশবাণী'' থেকে প্রচারিত হয়েছে। এই ভাষণে পশ্চিম পাকিস্তানের জনগণকে এই বর্বরতার অবিলম্বে বন্ধ করার জন্য সচেষ্ট হওয়ার আন্তরিক আবেদন জানানো হয়েছে।

ডাঃ গণি বলেছেন, ''ওদেশে যে ঘটনা ঘটছে তা যে-কোন জাতি এবং যে কোন দেশের লজ্জার বিষয়। রটনার সামান্যতম অংশকে সত্য বলে মেনে নিলেও দেখা যায় পাকিস্তানের বর্তমান নীতি মানবতাবিরোধী। এমন প্রশ্ন থেকে যায় এতে পাকিস্তান সরকারের লাভ কি ? অফুরন্ত প্রাণসম্পদ হানির পর এবং পরস্পরের প্রতি ঘৃণা ও বিদ্বেষের পাহাড়ের পর বসেও কি পাকিস্তানের অখন্ডতা বজায় থাকবে ? আমরা জানি, কোন জাতি বা দেশকে সামরিক শাসনের দাপটে দাবিয়ে রাখার দিন আজ বিগত। যদি তাই-ই সম্ভব হত, তাহলে কেন শক্তিধর আমেরিকা গত দশ বছর ধরে ভিয়েতনামকে দাবিয়ে রাখতে পারছে না অথচ এ সব সত্ত্বেও পাকিস্তান তার ক্ষুদ্র শক্তির ভিত্তিতে এই হত্যালীলা চালিয়ে যাচ্ছে।

''''একথা প্রায়ই শোনা যায়- যা ঘটছে তা নাকি পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার এবং এর উপর অপরের হস্তক্ষেপের অধিকার নেই- এই ভিত্তিতেই ভারতকে হুমকি দেওয়া হয়েছে। জার্মানীতে ইহুদীদের উপর হিটলারের অত্যাচারও তো আভ্যন্তরীণ ব্যাপার তবু কেন সারা বিশ্ব এর বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছিল। পাকিস্তানের ক্ষেত্রে ঘটনাবলী আরও সুস্পষ্টরূপে প্রতীয়মান, এখানে হত্যা ও ধ্বংসলীলা খোলাখুলিভাবে ঘটছে। পশ্চিম পাকিস্তান, একটি সম্পূর্ণ পৃথক জাতি অপর এক ভিন্ন জাতি বাংলাদেশের জনগণের উপর শোষণ ও অত্যাচার চালিয়ে যাচ্ছে এবং পাইকারী হারে নরহত্যা করছে। অর্থনীতিক দৃষ্টিভঙ্গিতে দেখা যায়, ঐ দুই খন্ডের মধ্যে কোন সামঞ্জস্য নেই। পশ্চিম পাকিস্তানের দিকে তাকালে চোখে পড়ে প্রাচুর্য ও ঐশ্বর্য এবং বাংলাদেশের জনগণ যদি এই অমানুষিকতাকে ''ঔপনিবেশিক'' আখ্যা দিয়ে তা থেকে মুক্ত হতে চায় তবে দোষ কোথায়।

''''ওখানে সকলে একমত হয়ে বাংলাদেশ গড়ে তুলতে চাইছেন। ওঁদের বাইরে থেকে বাধা দিয়ে ওঁদের অধিকার না মানাকে নিছক আভ্যন্তরীণ ব্যাপার বলে গ্রহণ করা যায়? অস্ত্রবলে কোন একটা জাতিকে নিজের অধীনস্থ করা এবং অস্ত্রের অপপ্রয়োগ করে নরনারী ও শিশু হত্যাকে কি সমর্থন করা যায়? বিশ্ব-বিবেক কি আজ সুপ্ত। এই নিপীড়ন থেকে নির্লিপ্তভাবে দূরে থাকা এবং অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ না করা কোন দেশের ন্যায় বিচার।

''''যে কোন রাষ্ট্র কর্তৃক অপর এক রাষ্ট্রকে স্বীকৃতিদানের অধিকার আন্তর্জাতিক নিয়মের আওতায় পড়ে। চীন তো বিগত বাইশ বছর হল একটি স্বাধীন সরকার গঠন করেছে কিন্তু বহু দেশের স্বীকৃতি না পাওয়ার দরুন কি চীনের অস্তিত্ব বিলুপ্ত হয়েছে? যারা স্বীকৃতি দেয়নি তাদের স্পর্ধা ও অন্ধকার মূর্ত প্রমাণস্বরূপ আজও চীন বিরাজমান। বাংলাদেশের আমাদের স্বীকৃতি দিতে হবে কারণ এটাই আপামর জনসাধারণের অভিমত এবং বারবার একথা প্রকাশিত হয়েছে। কোন সত্যানুসন্ধানী ব্যক্তি এটা অস্বীকার করতে পারেন না। এই স্বীকৃতি দানে

যতই বিলম্ব ততই লক্ষ লক্ষ লোকের প্রাণ বিনষ্ট হবে, তাই বিশ্ববাসীকে এ ব্যাপারে অগ্রণী হতে হবে যাতে, ঐ পরিণতি রোধ করা যায়।

''আজ বাংলাদেশের দিকে তাকালে দেখবেন ইসলাম ধর্ম ও মানবতাবোধ রক্তাক্তভাবে নিষ্পেষিত। তা'' না হলে কেন ওখানে লক্ষ লক্ষ দরিদ্র, নির্দোষ, নিরস্ত্র মুসলমানের উপর অপর মুসলমানেরা নির্মম হত্যালীলা চালাচ্ছে ?''

ডাঃ গণি বাংলাদেশের দুর্দশাগ্রস্ত জনসাধারণের সহায়তায় প্রেরিত আন্তর্জাতিক রেডক্রস সোসাইটি''র বিমানটিকে পাক সরকার যেভাবে করাচী থেকে ফেরৎ পাঠিয়েছেন তার প্রতি তীব্র ধিক্কার জানিয়ে বলেছেন ''ব্যাপারটি সন্দেহজনক এবং নিশ্চয়ই এমন কিছু আছে যার ফলে বিদেশী সাংবাদিকদের তাড়াহুড়ো করে প্রথম দিনেই বিতাড়িত করা হল। পাক সরকার জানেন না, যে রক্ত ঝরেছে সেই রক্তই একদিন তার স্বরে চীৎকার করে উঠবে। পশ্চিম পাকিস্তানের জনগণের নিকট আমার আন্তরিক আবেদন পাক সরকারের সীমাহীন বর্বরতা বন্ধ করুন যা আপনাদের বিশ্বের নিকট নিন্দনীয় করে তুলছে।''''

শিরোনাম	সূত্র	তারিখ
২৮৯। স্বীকৃতির সময় এখনো আসেনি- প্রধানমন্ত্রী	দি স্টেটসম্যান	১৭ মে, ১৯৭১

WE STATESMAN, MAY 17, 1971

NO RECOGNITION AT WRONG TIME: MP
STRESS ON REFUGEE RELIEF PROBLEM

By Our Special Representative

The Prime Minister, Mrs. Indira Gandhi, made it clear at a brief meeting with reporters at Dum Dum airport on Sunday that the much talked about issue of giving recognition to the Bangladesh Government was not as much an immediate problem with the Union Government as one might think.

She said the main consideration was whether such recognition by the Union Government would help the Bangladesh people. "I think it will not help them much and recognition should not be given at the wrong time", she added.

The Prime Minister was apparently annoyed when a reporter asked her if she was waiting for some other countries to recognize the Bangladesh Government. She said such questions had been put to her several times before. She had always maintained that India had an independent policy and did not depend on others in formulating her stand on various issues.

"We happen to be an independent country with an independent policy, with very strong views on many subjects under the sun and we are not dependent on what others say or do" she added.

Immediately on her arrival at that airport by an Air Force helicopter after her visit to two refugee camps and a hospital at Bongaon, the Prime Minister held a closed-door meeting with the Chief Minister and the Deputy Chief Minister of West Bengal, Mr. Ajoy Mukherji and Mr. Bijay Singh Nahar. Mr. Siddhartha Sankar Ray, the Union Education Minister who travelled with the Prime Minister, was also present at the meeting, which lasted more than half an hour.

Mrs. Gandhi flew from Assam to Haldibari in the morning and then to Dum Dum airport where she touched down at about 2:15 p.m. Her party included Mr. Ray and Miss padmaja Naidu. who is the head of the Bangladesh Sahayak Samiti. From Dum Dum the Prime Minister and her party West to Bangaon by a helicopter. Another helicopter carried the West Bengal Ministers. They came back to Dum Dum a little after 5-30 p.m.

The prime Minister wore a blue sari and a full-sleeve blouse and she looked tired. As she came on the first floor of the new airport lounge, she asked her attendants to arrange a ground floor room for an immediate conference with Mr. Ajoy Mukherji and Mr. Nahar. Press reporters were asked to wait on the first floor lounge. After some time. Miss

Padmaja Naidu was called in at the conference when it discussed relief problems.

At her meeting with Mr. Ajoy Mukherji and Mr. Nahar, where Mr. Siddhartha Ray was also present, problems relating to West Bengal came up for discussion. Contacted later. Mr. Nahar said some serious problems were discussed but he refused to disclose what transpired at the meeting.

Huge Problem

About her impression regarding the refugee problem, she told reporters: "It is a huge problem and we are finding it difficult to deal with it. We have a shortage of commodities and in the circumstances the Government has done good work"

She was aware that many were still without shelter and "it takes time for articles to come" when asked if any help was expected from abroad, she said that one might hope for it, "But nothing much has come so far from other countries" she added. She felt that if outside assistance in relief material came, India would know what was coming and from which agencies.

In reply to a question, the Prime Minister said evacuees would have to leave as soon as possible, but "how soon that will be possible, I do not know". She thought that international bodies might create conditions for the evacuees to go back to their homeland.

Commenting on Pakistans claim that normality had returned in Bangladesh as far as the Pakistan Government was concerned, Mrs. Gandhi said that it is a very convenient way of achieving normality by removing the people and this to my mind is not normality.

The Union Government was considering proposals for dispersal of evacuees from the border areas. Such dispersal, the Prime Minister said, would pose a great problem for Tripura. which was a very small State. She said arrangements for given shelter to the evacuees in other parts of the country were being considered. She was not however, sure if that would be possible.

Asked to comment on the demands by different sections of the people as well as by many political party for arms aid to freedom fighters in Bangladesh. Mrs. Gandhi said that she had "no comment, no reaction."

Regarding repatriation of the Indian diplomats from Dacca, she agreed with the suggestion that the issue was deadlocked because of the refusal by the Pakistan Government to accept any proposal.

Mrs. Gandhi said newspapers required to be very cautious in publishing news and views. It was possible that enemy agents were around. Care should be taken so that the evacuee problem, which should be treated as a national concern, might not be turned into a communal issue.

She said there had been cases of the Pakistan Army resorting to firing across the border into India. In such cases some steps were taken. "It might not always be possible however to take action", the Prime Minister added.

At Bongaon

Our staff Correspondent adds: Earlier, addressing the Bangladesh refugees at Bongaon this afternoon the Prime Minister said it was a pity that certain elements in East Bengal were now trying to give a communal color to the liberation war in Bangladesh. Such attempts would only weaken the cause of this country, she added.

In the afternoon, Mrs. Gandhi visited two refugee relief centers at petrapole and Itkhola. She also visited the sub divisional hospital at Bongaon and talked to the evacuee patients from Bangladesh who had been shot at by Pakistani troops.

She told the refugees that the liberation war in East Bengal was a "war against all kinds of repression and wrongs. Remember your fight is our fight"

While fighting against injustice and repression, the people of Bangladesh had been forced to take shelter in India. "We know that despite all our good wishes, you might have to face difficulties here because we are not a rich country" she said.

Mrs. Gandhi expressed the hope that the refugees would not have to suffer long and they would be able to return home soon. She said India was a democratic country. Here there was no ill feeling among the Hindus, Muslims, Christians and other communities. She hoped that the people of East Bengal would also maintain communal harmony and jointly fight their war of liberation.

At the Petrapole camp, where more than 8,000 refugees were living Mrs. Gandhi gave food to a small girl. She was reported to have lost many of her relatives. A 10-year- old boy who had been carrying his small sister on his shoulder burst into tears while narrating his story. She also talked to a woman whose husband had been shot dead by Pakistani troops.

According to a spokesman of the Bharat Sevasram, Muslims constituted about 40 percent of the population at the Petrapole camp. Boys and girls below the age of eight numbered 2,200.

Demanding immediate recognition of Bangladesh a demonstration was organized by the supporters of the Democratic Students' Organization and the Democratic Youth Organization when Mrs. Gandhi landed at Calcutta airport. The demonstrators protested against the Union Government's attitude towards Bangladesh.

Mr. J.C. De; chairman of the West Bengal branch of the Indian Red Cross Society, explained to the Prime Minister, and the chairman of the Indian Red Cross Society, Miss Padmaja Naidu, what the State unit of the Society was doing in Petrapole and many other centers.

At Haldibari

Our Staff Correspondent at Haldibari adds: Referring to repeated Pakistani intrusions into Indian territory, the Prime Minister said people living near the border "will have in face some risks". She said those living close to the border in Punjab and Jammu and Kashmir had to face similar situations even during peace-time.

Mrs. Gandhi addressing two meeting at the evacuee camps in the Haldibari Girls schools and Dewanganj. She said Pakistan was deliberately reducing the population of East Bengal by expelling the people who had voted for Mr. Mujibur Rahman in the last election.

The local units of the SUC and Forward Bloc and another organization submitted memoranda to Mrs. Gandhi demanding immediate recognition for Bangladesh.

SUC supporters also staged demonstrations near the helipad and the PWD Bunglow, where she met the party representatives.

UNI adds: Mrs. Gandhi invited two West Bengal Ministers to New Delhi to discuss relief measures. She Sounded the State Health Minister Mr. Jainal Abedin, and the PWD Minister. Mr. Santosh Roy, about such a discussion. They are expected to leave for New Delhi 011 Thursday.

	শিরোনাম	সূত্র	তারিখ
২৯০।	শরনার্থীদের ৬ মাস সাহায্য দিতে লাগবে ২০০ কোটি টাকা	আনন্দবাজার পত্রিকা	১৮ মে, ১৯৭১

শরনার্থীদের ৬ মাস সাহায্য দিতে লাগবে ২০০ কোটি টাকা
রাষ্ট্রপুঞ্জ দল সমীপে ভারত

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লী, ১৭ মে-শ্রী চারলস মেস এর নেতৃত্বে রাষ্ট্রপুঞ্জ দলটি পূর্বাঞ্চলে ''ব্যাপক সফর'' করে বাংলাদেশ থেকে আগত শরণার্থী সমস্যা সম্পর্কে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করে এসেছেন। আগামীকাল তাঁরা ভারত সরকারের সঙ্গে আলোচনায় বসবনে। বুধবার তাঁরা জেনিভার উদ্দেশ্যে যাত্রা করবেন এবং সেখানে পৌঁছে যত তাড়াতাড়ি সম্ভব যথাস্থানে তাঁদের রির্পোট পেশ করবেন।

আজ সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে শ্রী মেস জানান যে, ভারত সরকার জানিয়েছেন, বাংলাদেশ থেকে আগত শরনার্থীদের (সংখ্যা আপাত তিরিশ লক্ষ ধরে নিয়ে) ছয় মাস ধরে সাহায্য দিতে খরচ পড়বে দু''শ কোটি টাকা। ভারত সরকার মনে করেন যে, এই সমস্যা ''অস্থায়ী''। ছয় মাসের মধ্যে বাংলাদেশ পরিস্থিতি স্বাভাবিক হবে এবং এই শরনার্থীরা সকলেই স্বস্থানে প্রত্যাবর্তন করতে পারবেন।

শ্রী মেস বলেন, ''শরণার্থীরা নিজের নিজের বাড়িতে ফিরে যাবেন-ভারতের প্রধানমন্ত্রীর এই আশার আমরাও অংশীদার।'

দলের অন্যতম সদস্য শ্রী টমাস জামিসন বলেন যে, ভারত সরকার ঠিক ছ''মাসের জন্য সাহায্য চেয়েছেন। ওই মেয়াদের বাইরে কোন আলোচনায় যেতেই ভারত অনাগ্রহী। ভারত সরকার বিশ্বাস করেন যে, ছ''মাসের মধ্যে এমন পরিস্থিতি সৃষ্টি হবে যাতে শরণার্থীরা নিজেদের দেশে ফিরে যেতে চাইবেন। 'আমরা এই আশাবাদ সমর্থন করি।'

দলের সদস্যরা ''বাংলাদেশ'' বা ''পূর্ব পাকিস্তান'' দুটি শব্দই এড়িয়ে চলেন বেশ সতর্কতার সঙ্গেই। শরণার্থীদের প্রসঙ্গে তাঁরা ''বাড়ি'', ''দেশ'', ''নিজেদের জায়গা'' প্রভৃতি শব্দ ব্যবহার করেন। ফিরে গিয়ে কি সুপারিশ তাঁরা করবেন তার কোন আভাস দলটি দেননি। তবে শ্রী মেস বলেন যে, সমস্যাটি ''বিরাট'' এবং ভারত সরকার ''মানবিক কারণেই'' শরণার্থীদের সাহায্য করছেন এবং এটা প্রশংসনীয়।

কেন্দ্রীয় শ্রমমন্ত্রী শ্রী আর কে খাদিলকর এই বৈঠকে উপস্থিত ছিলেন। তিনি বলেন যে, সরকার ছ''মাসের জন্য সাহায্য চেয়েছেন। তবে কেন ছ''মাসের ভিত্তিতে সমস্যাটি মোকাবিলার কথা ভাবা হচ্ছে তা তিনি ব্যাখ্যা করেননি।

	শিরোনাম	সূত্র	তারিখ
২৯১।	সীমান্ত দেখতে প্রতিরক্ষামন্ত্রী, উদ্বাস্তুমন্ত্রী আসছেন	আনন্দবাজার পত্রিকা	২০ মে, ১৯৭১

সীমান্ত দেখতে প্রতিরক্ষামন্ত্রী, উদ্বাস্তুমন্ত্রী আসছেন

স্টাফ রিপোর্টার

বাংলাদেশে দখলদার পাক ফৌজ ইদানীং পশ্চিমবঙ্গ ও পূর্বাঞ্চলের অপর কয়েকটি রাজ্যের সীমান্ত লঙ্ঘন করে গুলিগোলা চালানোয় ভারত সরকার বিশেষ উদ্বিগ্ন হয়ে পড়েছেন। কেন্দ্রীয় সরকারের মনোভাব এ ব্যাপারে কঠোরতর হচ্ছে। ওই সীমান্ত এলাকার প্রকৃত অবস্থা পরিদর্শনের জন্য ভারতের প্রতিরক্ষামন্ত্রী শ্রী জগজীবন রাম তাই নিজে আগামী শনিবার দুই দিনের জন্য পশ্চিমবঙ্গে আসছেন। তিনি আসামের কয়েকটি সীমান্ত অঞ্চলও পরিদর্শন করতে চান।

শ্রী রাম ছাড়া কেন্দ্রীয় পূনর্বাসনমন্ত্রী শ্রী আর কে খাদিলকরও শনিবার রাত্রে কলকাতায় আসছেন। কেন্দ্রীয় মন্ত্রীসভা সংক্রান্ত অতিরিক্ত সচিব শ্রী আর এন চোপড়া বুধবার কলকাতায় এসেছেন।

প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর আসাম ও পশ্চিমবঙ্গ পরিদর্শনের এক সপ্তাহের মধ্যেই কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী ও উদ্বাস্তু পুনর্বাসনমন্ত্রী সীমান্ত সফর বিশেষ তৎপর্যপূর্ণ বলে রাজনৈতিক মহল মনে করছেন। হানাদার ফৌজের বারবার ভারত সীমান্তে হানা প্রতিরোধ ভারত সরকার কতদূর অগ্রসর হবেন এবং শরনার্থীদের সম্পর্কেই বা কী ধরনের ব্যবস্থা অবলম্বন করবেন শ্রী রাম ও শ্রীখাদিলকরের সফরের পর তা চূড়ান্ত নির্ধারিত হতে পারে বলেও তথ্যাভিজ্ঞমহলে মনে করা হচ্ছে।

এই সম্পর্কে আলোচনাকালে একজন সরকারী মুখপাত্র বুধবারও পাকফৌজ কর্তৃক পেটরাপোল সীমান্তে এবং সুন্দরবন এলাকার খোজডাঙ্গায় গোলাগুলি বর্ষণের উল্লেখ করেন। সঙ্গে সঙ্গে প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী এর আগে পাক ফৌজের সীমান্ত লঙ্ঘন ভারত সরকার বরদাস্ত করবেন না বলে যে মন্তব্য করছেন তিনি তারও উল্লেখ করেন।

বুধবার কলকাতায় রাজ্য সরকারের সূত্রে এই দু''জন কেন্দ্রীয় মন্ত্রীর আসার খবর পাওয়া যায়।

জানা গিয়াছে, শনিবার সকালে প্রতিরক্ষামন্ত্রী শ্রী রাম সরাসরি বাগডোগরায় আসছেন। সেখান থেকে তিনি কোচবিহারের হলদিবাড়ি ও সুরতি এলাকায় যাবেন। এরপর আসাম সীমান্ত ঘুরে সন্ধ্যায় কলকাতায় আসবেন ও রাত্রে এখানে থাকবেন। পরদিন রবিবার সকালে তিনি চাকুলিয়া ও বনগাঁয় যাবেন। কয়েকটি শরনার্থী শিবির পরিদর্শন করবেন। অপরাহ্নে দমদম বিমান ঘাঁটিতে ফিরে এসে দিল্লী প্রত্যাবর্তন করবেন।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী খাদিলকর শনিবার রাত্রে এখানে আসবেন এবং রবিবার বনগাঁ সীমান্ত এলাকা ও শিবির পরিদর্শন করবেন।

রাজ্যমন্ত্রীদের দিল্লি যাত্রা

এদিকে বাংলাদেশের শরনার্থীদের ত্রাণ ব্যবস্থা নিয়ে আলোচনার জন্য বুধবার সন্ধ্যায় তিনজন মন্ত্রী শ্রী সন্তোষ রায়, ডাঃ জয়নাল আবেদিন এবং শ্রী তরুণকান্তি ঘোষ দিল্লি গিয়েছেন। উপ-মুখ্যমন্ত্রী শ্রী বিজয় সিংহে নাহার এদিন সকালেই দিল্লি রও'না হন।

শরনার্থীদের ত্রাণ বাবদ ২৪০ কোটি একটি কর্মসূচী এদিন রাজ্য মন্ত্রীসভার অনুমোদন করা হয়। এই কর্মসূচী অনুযায়ীই ওই চারজন মন্ত্রী কেন্দ্রের কাছে ২৪০ কোটি টাকা চাইবেন। রাজ্য মন্ত্রীবৃন্দ প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী, স্বাস্থ্যমন্ত্রী এবং পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন।

শিরোনাম	সূত্র	তারিখ
২৯২। ক্ষমতার ভারসাম্য	স্টেটসম্যান	২২ মে, ১৯৭১

THE STATESMAN, MAY 22, 1971

Editorial

THE BALANCE OF POWER

India's diplomatic drive to make the world realize the world political implications of the events in East Bengal cannot be said to have had much success as yet. The massive movement of refugees should have made it clear that even in a narrow technical sense the East Bengal upheaval could not be regarded as a purely internal matter for Pakistan. Yet, until a few days ago, it was only the humanitarian aspect of the refugee problem that draw international attention India has lately been emphasizing the political implications, some directly affecting India's security. But other Powers seem still to think that the problem is no more than one of human suffering and its alleviation: and the notion persists that the problem can be solved only in cooperation with the Pakistan Government. Islamabad's envoys in Washington London have been talking of a political solution; and there is no reason to believe that the Pakistani diplomatic offensive has been wholly unproductive. Indeed, both Washington and London have given at least some consideration to Islamabad's plea for assistance, as a means of not merely rehabilitating Pakistan's economy but also providing immediate relief for the suffering millions in East Bengal.

Different countries may have different reasons for treating the Pakistan case with greater sympathy than it deserves, but New Delhi should have been more energetic from the beginning in emphasizing the dangerous political implications which it has now started talking about. Although the restraint that marked New Delhi's initial reaction to the East Bengal crisis was widely appreciated, there is now reason to suspect that the cautious response was at least partly due to the absence of any clear thinking. Perhaps there was some wishful thinking that the people of East Bengal would win a quick victory, or, if the worst came to the worst, the military administration would quickly restore order; either way. there would be no long-term problem directly affecting India's own interests. The consequences of protracted struggle, whatever its spread or effectiveness, do not seem to have been anticipated until they became a terrifying reality. Even after the refugee influx began, the Indian authorities were initially concerned almost exclusively with the problem of temporary relief: it is only during the past days that the long-term consequences have started attracting serious attention. But it is still not clear whether a policy has been formulated.

This is not to suggest that it is easy to decide upon a course of action. Any effective action to safeguard India's specific interests in the eastern region could spark off a major conflict, possibly involving other Powers, at least in an indirect manner. But a difficult decision could be avoided only if the bigger Powers forced Islamabad to let the people of

East Bengal decide their own future; the fact had better be faced that no political compromise can work after what has happened in East Bengal during the past two months. Yet the big Powers seem still to think that some kind of accommodation is possible, perhaps because they are not prepared to accept the alternative to a political settlement. Apparently, they fear the prospect of West Pakistan moving closer to China, as if Western and Russian help to Islamabad has done anything so far to discourage such movement.

Apparently it is also being argued that disintegration of Pakistan would upset the balance of power on the subcontinent and promote instability in the eastern region. Much mischief has been done in the name of maintaining an artificial balance of power; the tragic events in East Bengal are a direct consequence of the support which West Pakistan has received over the years for maintaining t his balance. And the argument that a free, and presumably weak, West Bengal would encourage subversive activity over a wide region is superficial. The scope for such activity would be much greater if the East Bengal freedom movement turned into an underground guerilla struggle for an indefinite period. Even if the West Pakistani military administration is able to re-establish full authority in East Bengal, pockets of guerrilla resistance will remain; the greater will be the chance of both their leadership and their objectives undergoing a radical change. Should such a situation develop, the Chinese might not remains a anxious to see Pakistan's territorial integrity preserved as they seem now; whatever its recent statements may seem to imply. Peking has not really closed its long term options.

শিরোনাম	সূত্র	তারিখ
২৯৩। করিমগঞ্জ সীমান্তে পাকিস্তানী সৈন্য সমাবেশ	হিন্দুস্থান স্ট্যান্ডার্ড	২২ মে, ১৯৭১

HINDUSTAN STANDARD, MAY 22, 1971

PAK BUILD-UP ALONG KARIMGANJ BORDER

Shillong, May 21.-The Assam Chief Minister Mr. Mahcndra Mohan Choudhury is likely to discuss with the Union Defense Minister Mr. Jagjivan Ram at Karimganj tomorrow the question of overall security of the Assam-East Bengal border in the light of Pakistani build-up in the Karimganj sector reports PTI.

The Chief Minister told the State Legislative Assembly today that Pakistani troops had come close to the Assam border in this sector.

Replying to a discussion raised on the subject the Chief Minister told the House that this Government was aware of the Pakistani buildup opposite Karimganj where they had built bunkers behind an embankment on the East Bengal side of the Kasuria river.

The Chief Minister said that he would apprise the Defense Minister of the feelings of member of the House regarding Pakistani preparations across the Karimganj border.

Earlier members belonging to both sides of the House expressed concern over reports of Pakistani troops concentration at Jakiganj in East Bengal across the Karimganj border town of Assam.

UNI adds: More than 7,000 refugees from Chittagong Hill Tract of Bangladesh crossed over to Assem's Mizo Hills district on Wednesday through Parva official reports said today. This is the first report of large-scale influx into Mizo Hills since war began in Bangladesh on March 25. The evacuees are being shifted and sheltered in a camps at Pachang.

	শিরোনাম	সূত্র	তারিখ
২৯৪।	জঙ্গীশাহীর হাতে অন্ততঃ দশ লাখ নিহত	আনন্দবাজার পত্রিকা	২৩ মে, ১৯৭১

জঙ্গীশাহীর হাতে অন্ততঃ দশ লাখ নিহত

বাংলাদেশের ভ্রাম্যমাণ দূতের বিবৃতি

বিশেষ সংবাদাতা

নয়াদিল্লী, ২২মে- বাংলাদেশের ভ্রাম্যমাণ রাষ্ট্রদূত ডঃ মোখলেসুর রহমান কাল রাতে দিল্লীতে এক বিবৃতিতে বলেন যে, জেনারেল ইয়াহিয়া খানের আদেশে গত ২৫ মার্চ বাংলাদেশ জঙ্গী আক্রমণ শুরুর পর নারী ও শিশুসমেত অন্ততঃ দশ লাখ নিরস্ত্র ও অসহায় বাঙালী নিহত হয়েছে।

তিনি বলেন, জেনারেল ইয়াহিয়া খানের অনুগত সঙ্গী প্রশাসক লেঃ জেঃ টিক্কা খান এখনও বাংলাদেশের সর্বত্র ব্যাপক হারে নরহত্যা চালিয়ে যাচ্ছে। আমেরিকা, রাশিয়া ও চীনের আধুনিক অস্ত্রশস্ত্রে সুসজ্জিত পশ্চিম পাকিস্তানী সৈন্যরা বাংলাদেশের সমস্ত অসহায় মানুষের বিরুদ্ধে পুরোদস্তুর যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছে। অগ্নিবর্ষী ট্যাংক, কামান, মর্টার ও মেশিনগানের গোলায় তাদের নির্বিচারে হত্যা করা হচ্ছে। গ্রাম ও শহরগুলির ওপর ব্যাপকভাবে বোমা ফেলা হচ্ছে।

কেমব্রিজের ইতিহাসের পি এইচ ডি, ডঃ রহমান গত ২ মে বাংলাদেশ ত্যাগ করেন। প্রত্যক্ষদর্শীর করুণ বিবরণ দিয়ে তিনি বলেন, রাজশাহীর কয়েকজন গ্রামবাসী আমাকে একটি গ্রামে নিয়ে যান। সেই গ্রামের ১২০০ থেকে ১৪০০ লোককে নৃশংসভাবে খুন করা হয়েছে।

বাংলাদেশে যে উৎপীড়নের কথা প্রচারিত হয়েছে, তা অতিরঞ্জিত-এই মিথ্যা প্রচারের জন্য ইয়াহিয়া খান সরকার বিশ্বের বিভিন্ন দেশে দূত পাঠিয়েছেন। শ্রী রহমান জিজ্ঞাসা করেন, তাই যদি হয় তাহলে কেন বিদেশী সাংবাদিকদের সেখানে যা ঘটছে, তা দেখতে দেওয়া হচ্ছে না?

শ্রী রহমান বলেন যে, মানবতার নামে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের পক্ষে আমরা দাবি করছে যে, বাংলাদেশে এই ব্যাপক হত্যাকান্ডের জন্য আন্তর্জাতিক বিচারালয়ের উচিত অবিলম্বে জেনারেল ইয়াহিয়া খান ও টিক্কা খানের বিচারে উদ্যোগী হওয়া।

তিনি বিদেশী বন্ধুদের এই কথা মনে রাখতে বলেন যে, জঙ্গীশাহীকে কোন রকম অর্থনৈতিক সাহায্য দেওয়া হলে তা বাংলাদেশের মানুষের বিরুদ্ধেই কাজে লাগানো হবে।

	শিরোনাম	সূত্র	তারিখ
২৯৫।	একটি নির্ভীক কণ্ঠ	কালান্তর	২৪ মে, ১৯৭১

একটি নির্ভীক কণ্ঠ

এবার একটি নির্ভীক কণ্ঠ সোচ্চার। শেখ মুজিবরই পাকিস্তানের অখন্ডতার শত্রুইয়াহিয়া খান ও তাঁর জঙ্গী চক্রের এই অপপ্রচার ধূলিসাৎ করে দিয়েছেন স্পষ্টবক্তা বাদশা খান। তিনি বলেছেন, মুজিব সাহেব পাকিস্তান ধ্বংস করতে চান নি, পাকিস্তান যদি ধ্বংস হয়ে থাকে তবে তার জন্য দায়ী পাকিস্তানের পিপলস পার্টির নেতা ভুট্টো ও মুসলিম লীগ নেতা কাইয়ুম। বাঙালীরা খাঁটি মুসলমান নয়- এমন প্রচার করতেও শয়তানরা ছাড়েনি। তার জবাবে বাদশা খান বলছেন, বাঙালীরা খাঁটি মুসলমান এবং পাকিস্তানের প্রতি আনুগত্য অন্য যে কারো চাইতে তাদের বেশী। দেশ ভাগের আগে একমাত্র বাংলাদেশেই মুসলিম লীগ সরকারের অস্তিত্ব ছিল-বেলুচিস্তান, সীমান্ত প্রদেশ, সিন্ধু বা পাঞ্জাবে তা ছিল না। বাঙালীদের চেষ্টায়ই পাকিস্তানের জন্ম হয়েছে। অতএব পাকিস্তানের প্রতি বাঙালীদের আনুগত্য ছিল না, একথা অবিশ্বাস্য।

বাদশা খানও সেই একই প্রশ্ন তুলেছেন, সংখ্যাগরিষ্ঠ অংশ সংখ্যাগরিষ্ঠ অংশ থেকে বিছিন্ন হতে চাইবে কেন? বাঙালীরা পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ অংশ। সেই সংখ্যাগরিষ্ঠ অংশকে দাবিয়ে রাখার জন্যই সামরিক আইন জারি করে বাংলাদেশে ট্যাঙ্ক, মেশিনগান ও বোমা চালিয়ে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করা হয়েছে। এটা পাকিস্তানের অখন্ডতা রক্ষার পথ নয়। আসলে পাঞ্জাবের পুঁজিপাতি গোষ্ঠী ও সামরিক প্রভুদের ক্ষমতা কায়েম রাখার জন্যই সংখ্যাগরিষ্ঠ অংশের উপর এই বলপ্রয়োগ। বাদশা খান তাঁর স্বভাবসিদ্ধ ভাষায় বলেছেন, হতভাগ্য বাঙালীদের একমাত্র অপরাধ যে, তাঁরা নির্বাচনের মাধ্যমে গোটা পাকিস্তানের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। আওয়ামী লীগের ছয় দফা দাবিকেই যদি ইয়াহিয়া খান পাকিস্তানের সর্বনাশের কারণ বলে মনে করেন তবে সেই ছয় দফা দাবির বিরোধিতা গোড়া থেকেই তিনি করলেন না কেন? প্রায় এক বছর ধরে এই ছয় দফা দাবিতে আওয়ামী লীগ প্রচার এবং সেই দাবির ভিত্তিতেই সে নির্বাচনে জয়ী হয়। বাদশা খান প্রশ্ন করেন, তখন তা বন্ধ করে দেবার কথা সামরিক রাষ্ট্রপতির মাথায় ঢোকেনি কেন? বাংলাদেশে গিয়ে তিনি কেনই বা বললেন যে, শেখ মুজিবুর রহমানই পাকিস্তানের ভাবী প্রধানমন্ত্রী? মুসলিম লীগ নেতা কাইয়ুম সাহেবও তো বলছিলেন, ছয় দফা দাবি পূর্ণ পাকিস্তানের পক্ষে প্রযোজ্য। ভুট্টো সাহেবও তো আওয়ামী লীগের ছয় দফার মধ্যে পাঁচ দফা দাবি মেনে নিয়েছিলেন।

advice to party men

The Maulana said that he had advised his party men and all Leftist forces in Bangladesh to form all-party "action committees" in villages to mobilize people for the protracted struggle against Pakistan. One of the tasks before these committees would be to urge people not to pay taxes to the Pakistan Government. The second most important task would be to counter anti-Indian propaganda by the Pakistani Army.

However, after his bitter experience of multi-party coalitions or platforms since the days of partition Maulana Bhasani pointed out he would not advocate the formation of anything like a national liberation front or a national government at this stage; more so because of his awareness of the possibility of quarrels over leadership.

But his more serious point of concern appeared to be not to weaken in any way what was being done by the people of Bangladesh. In this respect the Awami League or any other leadership was acceptable to him. Nothing should be done to provide an opportunity to the Pakistan Government to divide and rule the people of Bangladesh.

The Maulana would not give a direct reply to the question" as to whether he felt that a protracted struggle for the freedom of Bangladesh might give the extremists an opportunity to seize leadership. But his comments in this context, like "a tiger never forgets the taste of human blood", "there are 1.3 million" educated unemployed in Bangladesh and "possession of arms transforms a man's attitude and behavior" were eloquent.

শিরোনাম	সূত্র	তারিখ
৩০৮। বাংলাদেশ প্রশ্নে বিশ্বের হস্তক্ষেপ চাই	অতৃতবাজার পত্রিকা	২ জুন, ১৯৭১

AM RITA BAZAR PATRIKA JUNE 2, 1971

'GET WORLD INVOLVED IN BANGLADESH'

Dinesh Singh M.P.

(Former Minister of External Affairs)

The heroic struggle of the people of Bangladesh has to be seen in the context of the developments in the Indian sub-continent. The elections in India. Pakistan and also Ceylon have established beyond doubt the people's choice in favour of democracy, change and stability. In selecting their leaders and parties people have, unmistakably, expressed their desire for rule by the people even in the face of military domination. They have equally opted for rapid transformation of their societies peacefully and have given their over-whelming support to those who they thought would be able to realize their aspirations.

It was against this background that India lent full support to the Government of Ceylon, when it felt that an attempt was being made to thwart the expressed will of the people. Therefore it was only natural that when a similar situation was created in Pakistan, India should have taken the same stand. Our Parliament's pledge to extend sympathy and support to Bangladesh was based on the same considerations. The will of the people had to be respected. A society governed by democracy has no other option. Prime Minister Indira Gandhi's bold statement in the Lok Sabha on May 24, 1971 was a continuation of the sympathy and support resolved by Parliament and it should be welcomed.

Bangladesh is, therefore, not an exercise in isolation but a manifestation of the aspirations of the people living in this part of the world. It is a reflection of the struggle of the people 0 f Pakistan to throw off the yoke of military domination. It is a movement for the establishment of democracy and fundamental human rights. This is clear from the results of the elections held in Pakistan not long ago under the martial law administration. Out of 313 seats in the National Assembly (169 in East and 144 in West Pakistan). Sheikh Mujibur Rahman's Awami League and its supporters were expected to command the allegiance of 702 members. A clear majority in the Assembly.

Their six-point plan was certainly not a recipe for secession either. Why should a majority want to break away from the minority? And President Yahya Khan had acknowledged Sheikh Mujibur Rahman as the future Prime Minister of Pakistan. Besides, in the six-point programme presented by Sheikh Mujibur Rahman a Federation of Pakistan was the first point. It was the sudden, unwarranted and ruthless attack by the West Pakistani armed forces in Bangladesh against defenseless civilians that split Pakistan.

Upsurge

Therefore, it is a case of the upsurge of the people of Pakistan against military dictatorship established by colonialist intrigue. It is a question of our lending support not to a secessionist move as Pakistan is trying to make out. but to the upsurge of the people of Pakistan to establish a democratic society.

This has been our traditional approach in foreign affairs. Should we not extend help to those across our borders when they are fighting for the same values we have supported in international forums? when we raise our voice against apartheid in South Africa. When we support armed intervention against the minority regime in Southern Rhodesia, when we press for the liberation of peoples under Portuguese domination, can we be mute spectators to the unprecedented atrocities across our borders? Can we shut our eyes to the ruthless repression, the wanton killings in Bangladesh? Are they not entitled to fundamental human rights? Will not millions of refugees come to India if this carnage is not stopped? Should we not help them? Never since independence have our national interests and our ideals converged so closely as they have done in Bangladesh.

We have the refugees now. Four million today; seven million tomorrow and ten million the day after. Nobody knows how many will come; how much we shall have to spend on them; and for how long.

How can this be Pakistan's internal affair? When large numbers of people are forced out of a country's borders into another country it is no longer an internal affair. It is a form of aggression, occupation of the territory of another country. If people can be forced out of a country into another without firing a shot to ease economic pressures and to find solutions to political problems, why go to war? Pakistan cannot be permitted to balance the problem of numbers between East and West Pakistan this way. Bangladesh is an international issue today. A case of genocide, trampling of fundamental human rights and the violation of the frontiers of a neighbouring country.

But we are losing time. We have already missed the critical first three weeks in the euphoria (hat got built up. It should have been assessed that Pakistani repression would sent a flood of refugees to India. If we could have assisted the Mukti Fauz to consolidate its position in the liberated areas, the refugees may not have been forced to come to India. And, even if they had come to India, they could have been sent to the liberated areas. The Government of Bangladesh could have sought international support and the pressure would have been on Pakistan to settle the matter. The pressure today is on us. There are no refugees in Pakis tan.

Recognition

The question of formal recognition of Bangladesh and the timing of it must be left to the Government to decide. Of course, recognition will give strength to the freedom fighters and there are no legal or constitutional barriers. The question now is of future action.

If the Mukti Fauz could give protection to people over a substantial area against attacks of Pakistani army, the refugees from India could still be moved to Bangladesh. Alternatively, a determined effort will have to be made to involve the international

community in sending the refugees back. They will not want to go back unless their security can be guaranteed-unless they can be protected from the atrocities of the Pakistani army.

The approach to the world community has to be a positive one. We can certainly ask for more funds. But the response to the appeal of the U.N. Secretary General has been disappointing. May be, we shall get some more money. But that will not solve the problem. Pakistan must be made responsible by United Nations to reimburse us in full the expenditure we incur on the refugees. The international community must assume the responsibility of ensuring the safety of the refugees.

Refugee camps should be established in East Bengal under U.N. supervision to house the refugees now in India, and others that may come later, till a settlement is reached to establish Bangladesh on any basis freely acceptable to the people of East Bengal.

The military junta of Pakistan is desperately trying to cover up its ignominious action by creating an impression of Indo-Pakistan issue or even conflict. We must not allow this to happen. The matter has to be settled between the military Government of Pakistan and the Government of Bangladesh with international good offices as necessary. We must, therefore, give every support to the Government of Bangladesh. There is equally a danger of Pakistan fanning communal feelings. This must be firmly resisted. That is why the refugees must be sent quickly to camps to be established by U.N. in East Bengal.

Pakistan's diplomacy has succeeded so far in preventing intervention by India; they have successfully kept up China as a counterpoise and they have maneuvered to keep the United Nations and the big powers out. We need to take a vigorous international initiative to demolish the house of lies built by Pakistan, and simultaneously present specific proposals for international action. We must get the world involved in Bangladesh quickly.

No matter how long it takes-whether a couple of weeks, a couple of months or a couple of years, the people of Pakistan are bound to wrest their freedom from military domination and the people of Bangladesh are bound to win their independence or make any other arrangement they choose. We must wish them every success. -(INFA).

শিরোনাম	সূত্র	তারিখ
৩০৯। আশা ও বিভ্রান্তির মাঝখানে	হিন্দুস্থান স্ট্যান্ডার্ড	৪ জুন, ১৯৭১

HINDUSTAN STANDARD, JUNE 4, 1971

BETWEEN HOPES AND ILLUSIONS

By Pran Chopra

Like people who must settle down patiently to the long days of the loo, the refugees from Bangladesh must settle down to the six-months wait Mrs. Gandhi has been talking about. But after the heat of the loo comes a pleasant monsoon. What lies at the end of the six months' wait?

Mrs. Gandhi's speech in the Lok Sabha on May 24 is in some ways an advance upon her previous speeches. The fact that for the first time she spoke about Bangladesh, not East Bengal, would have signified little by itself. But it was heavily underscored by the tone of her speech which was altogether more serious more loaded with warnings about the consequences which may follow if no one pays heed to the plight of Bangladesh and the burden which Pakistan has thrown upon India. But she gave away very little about how much heed she thinks anyone is going to pay. The ominous note in her speech has been interpreted in two ways; that Yahya Khan is softening up under the pressure of events and a little thunder in her speeches will bring India some credit for what is likely to happen anyhow, or alternatively that the world is indeed taking "unconscionably long" to wake up to realities and she must prepare India which might follow. But the most likely interpretation is the least unlikable of the three: that while concern about the emerging realities is certainly growing within the Government variable rhetoric is the only answer we have found as yet. So far, we have not squarely faced the possibility that neither the foreseeable internal nor external pressure may prove sufficient for (he gentlemen in Islamabad and to ensure India's security it can become necessary for the Government to take "all measures" about which Mrs. Gandhi spoke.

The pressure which India would like to see international sources apply upon Islamabad is mainly economic. It is firmly believed in New Delhi that West Pakistan will have to come to a political settlement with East Bengal or else give it up, if it is not allowed to defer its international repayment obligations and, beyond what was already on the way at the end of March is not given any further aid for the next six months or so. In that event, it is thought West Pakistan will not be able to wage even the limited scale operations which would still be needed to cope with such fighting capability as the Mukti Fauj is still able to muster the rest will be seen to by differences within the military junta in Islamabad and between the army and aspiring politicians who will want more power than embattled army commanders are usually willing to transfer to political hands.

This prescription is correct. But one does not see any pharmacy which is willing to dispense it. As far as India is formally aware and officially the only economic denial to which the aid giving countries find themselves committed is that all the foreign aided products in East Bengal have come to a halt and there is little likelihood of their being resumed for several months perhaps for two or three years. But this is less proof the

displeasure of aid giving countries with West Pakistan than a physical consequences of the chaos prevailing in East Bengal. As soon as the army's conflict with the Awami League began, life became too insecure for foreign governments to be sure about the safety of their nation's working on these projects. All foreign staff were therefore gradually pulled out and it is believed unlikely that they will feel sale enough to go back there for some time to come. In the meantime, the aid meant for these projects will remain suspended. Beyond that and despite the whispered assurance dropped into waiting Indian ears there is no known denial of foreign aid yet; in fact soon after the fighting the Russians made it known that they were sticking to their agreement to build a steel mill near Karachi.

The picture may become a little clearer when the aid consortium for Pakistan meets in August; before that here might be only a glimpse of their attitude when the same countries meet as the aid India consortium, in July. But one obvious thing can be safely said: that by and large the other members of the consortium will take their cue in this matter from Britain and the United States and if the current political attitude of these two countries is any indication of what their future economic policy will be, then India should not expect too much in that quarter. The public and the authorities in both countries have been fully exposed to the gruesomeness of what has happened in East Bengal. The British and American Press has been remarkably frank; even those correspondents have been who were taken on a conducted tour through whitewashed scenes of the recent savagery. Their coverage has won praise from people in New Delhi who are not normally given to paying compliments to the Western Press. But even then official comment in Washington as well as London remains careful not to hurt anyone's feelings in Islamabad, which only shows how hard they are on their idea that an anchorage in Pakistan, which mostly means West Pakistan to them, is very important for them, in their own interests.

The best example of the contemporary Anglo-American attitude was provided by the British Government on May 25, While it was stated in the House of Commons that day that a special envoy of President Yahya Khan had been told of Britain's concern over the "East Bengal situation" (whether the situation means the refugee exodus or the military terror or the suppression of the popular will was left carefully vague) it was also slated that Britain had welcomed the envoy's emphasis upon President Yahya Khan's "determination to seek an early political solution to Pakistan's internal political difficulties". In other words President Yahya Khan can decide for himself what would be the best "solution" for what his envoy euphemistically described as "internal difficulties.

Only a few days earlier Yahya Khan himself had made it abundantly clear that in his solution there would be no room for the Awami League though it had proved itself to be synonymous with the people of East Bengal. One of Yahya Khan's resounding declarations was that we will deal "with Mujibur Rahman as we see fairly another that there would never be any negotiations with the Awami League; and yet another that he was determined to punish those Awami League leaders who had "committed crimes" and since he also said that Mujib had plotted to arrest him, the President of the country, he clearly implied that Mujib could also be treated as having committed a crime and dealt with accordingly. He did hold out the carrot that Awami League members of the National Assembly would be treated as having been elected as individuals, not as candidates of the League: therefore the ban on the League would not necessarily be extended to them as well and those who were considered to have been sufficiently reformed by their experiences since March 25 might be accommodated in the "political solution." But other

West Pakistani leaders have explained what the accommodation would be: by holding fresh elections in the light of "the changed political realities in East Pakistan" the status of a minority would be conferred upon the majority. With so much in common between them and Yahya Khan, and between Yahya Khan and the hard line generals who constitute the bulk of the military junta, hope should not be invested in an internal break up in West Pakistan unless difficulties arise in the wake of denial of foreign aid to the barbaric oligarchy.

Foreign governments have shown much greater understanding of the refugee problem on the Indian side of the border than for the political problem on the other side. Their response can be described as generous. So generous in fact that Indian-fears of the purely economic aspects of the burden begin to seem unrealistic; after all, as against the three and half million refugees who have come already or the five million who may. We normally add fifteen million people to our population every year, and that without gelling any promises of any special assistance for keeping them alive. Given moderate efficiency in relief management the refugees can be confidently hopeful that they will still be alive at the end of six months or even as many years. But whether they will ever cease to be refugees is much less certain. From relief they must go either towards rehabilitation or repatriation; but prospects about one journey are as unsure as about the other and will remain unsure unless either the big powers change their policy towards Pakistan or India decides to act independently of them. In fact the more people talk about the problem on the Indian side of the border rather than the one on the East Bengal side, the less likely does it become that the refugees will ever be able to go back to their homes.

No matter how hard India presses for "credible guarantees" for the refugee when he goes back home, they will never be credible in his eyes if their implementation is left in the hands of Yahya Khan or any puppet-regime that he may yet be able to contrive in Dacca. This is especially true of the two million Hindus who have been driven out and those who may yet be; their sources of livelihood, especially land; which has already been seized and distributed by members of the Muslim League, will never be restored to them by a government which is hostile to the Awami League. That is, if they are able to go back in the first place. During the long and laborious process which Yahya Khan will be able to insist upon for shifting the refugee from the "Indian destitute," the world will lose all interest in the problem and then only a thin trickle will be allowed to cross back into East Bengal. And yet it is happening every day that the political problem is King pushed into the back ground as everyone talks more and more about the economic and human problem of refugee relief; the contrast between Senator Kennedy's latest statement, contained in his letter to Secretary of State Rogers, and his earlier statements is a warning light. If it is ignored, the political problem will remain unsolved in the end and therefore the human and economic problem as well. It is an enormous illusion that the latter can be solved while the former is forgotten. Either India must act in the contexi of the political problem or the aid giving countries must show much greater awareness an purposefulness than they are showing at present if the triple problem is not to become a permanent legacy for Bangladesh and India.

শিরোনাম	সূত্র	তারিখ
৩১০। পাকিস্তানের সঙ্গে সমঝোতার কোন অবকাশ নাই- তাজউদ্দীন	হিন্দুস্তান স্টান্ডার্ড	৪ জুন, ১৯৭১

HINDUSTAN STANDARD, JUNE 4, 1971

NO ROOM FOR COMPROMISE WITH PAKISTAN: TAJUDDIN

New Delhi, June 3. - The Prime Minister of Bangladesh, Mr. Tajuddin Ahmed, categorically declared in Mujibnagar yesterday that "there is no room for compromise (with West Pakistan) within the framework of Pakistan," says UNI.

"Bangladesh is sovereign and independent and we shall defend its separate and free- entity at any cost", he said.

In an interview with All India Radio, Mr. Ahmed reiterated - "our irrevocable commitment to a policy of friendship for all, especially our neighbors ... irrespective of variations in the response of world powers to our present difficulties."

"Beyond this it is not possible to define too rigidly the foreign policy of a two-month- State, Mr. Tajuddin said in reply to a question".

He added: "There are encouraging developments and no final judgment need be made on the long-term developments".

Asked about the Pakistan Government claim that Sheikh Mujibur Rahman had been taken to Dacca and that he had urged the people to cooperate with the Army, Mr. Ahmed said: "We do not know where exactly Sheikh Sahib has been detained by the Pakistan Government. But the claim that he has urged the people to co-operate with the Army of Pakistan should be rejected with utmost contempt." The claim is preposterous."

Mr. Ahmed said his Government was not aware if the Pakistan Government had approached the United States for intervening for a political settlement and to grant the Awami League's six points within the framework of Pakistan.

Asked what was his Government's feeling about the silence or ambivalence of Big Powers, especially the USA, the UK and the Soviet Union. Mr. Ahmed replied: "Our friendship for a policy shall continue to guide our foreign policy irrespective of the variations in the response of world powers to our present difficulties".

He said the work of the emissaries sent by his Government abroad was bearing fruit in creating favorably lobbies in these areas and in organizing public opinion in favor of Bangladesh.

Asked about the present functioning of his Government, Mr. Tajuddin said, it never lost contact with the vast rural areas of Bangladesh and "we are in contact with cities and towns in occupied areas through our local leadership cadres."

"We have set up an administrative machinery for the areas within our control as well as a centralized command for all operations aimed at driving the enemy out".

Questioned about the reported activities of the leftist forces in Bangladesh, Mr. Ahmed said as far as Bangladesh was concerned "We not know of any problem of leftist forces. Only the other day a nation-wide election has been held and the people of Bangladesh rose as one man in support of their demands. And today also all people irrespective of their political opinions, all patriotic elements are rallying together to give their unstinted support for the cause of the independence of Bangladesh."

He said, "Maulana Bhashani of the National Awami Party and other patriotic leaders and elements had already held out their unqualified support to the struggling people and the Bangladesh Government demanded its recognition by other countries."

PTI adds: Asked if he visualized the possibility of the Martial Law administration trying to set up a puppet government in Dacca, Mr. Tajuddin said that any such attempt, if made "would certainly be abortive for no collaboration between the killers and the quislings would be tolerated by the people of his country who are struggling for securing and protecting their independence."

শিরোনাম	সূত্র	তারিখ
৩১১। স্টেটসম্যান পত্রিকার একটি সম্পাদকীয়	দি স্টেটসম্যান	৫ জুন, ১৯৭১

THE STATESMAN, JUNE 5, 1971

KEEPING IT COOL

When New Delhi decided that it had no alternative but to open India's borders to refugees from Bangladesh it did so on humanitarian grounds. This is a policy with which there can be no quarrel, especially since intractable circumstances dictated it. Yet such an indulgence in political generosity surely did not absolve it of the responsibility, in cooperation with the State Governments, of preparing for all foreseeable contingencies. The extent of the refugee influx, the hazards to health and security, the exploitation of these unfortunates by political parties, the limited capacity of the West Bengal administration, the strains on the economy both local and national, the dangers of communal tension and" the refugee invasion of Calcutta city-all these are matters that have not emerged overnight; they were and are inherent in the decision to throw open the borders and consequently could have been anticipated. On the question of whether or not the refugees should be dispersed outside the border States there has been a great deal of equivocation and a total absence, it would seem, of any coordination between the Centre and the West Bengal Government. All the circumstances combine to indicate that there is no alternative to dispersal but here again there is little evidence of a clear policy and a willingness to implement it. New Delhi's apparent reluctance to endorse dispersal is a reflection of its failure to persuade the States to extend the necessary hospitality. Thus we have in the border areas the ingredients of an explosive situation) with the West Bengal administration seemingly at the end of its short tether.

A declaration of its own inadequacy is presumably to be the main theme of its discussions with the Prime Minister today; and that is a point which few will be inclined to dispute. The crisis with ramifications that are national and international is properly the concern of New Delhi. There is little prospect of the flow of refugees abating, the logistical problems of dispersal are becoming daily more complicated and tensions can be expected to multiply. The case for direct Central supervision is compelling as also for a policy of containing an explosive situation for which immediate solutions are not available. The primary concern is to avoid the worst consequences of an unavoidable situation. The myth of an early settlement in the region of six months hence should be seen as what it is: a species of wishful thinking highly damaging in a context where the worst should be foreseen and insured against in good time. On the level of all that is implied by relief nothing more can be done beyond what resources permit and this is a point which India's envoys, have doubtless been making with all the force at their command. It is on the political level, where the frustrations bred by the present dilemma become more demanding, that there is a danger of New Delhi being pressurized into actions that may win popular acclaim or satisfy emotional needs or take the wind out of some parties' political sails but could be disastrous to the national interest. Whatever the

pressures and tensions generated by the refugee influx New Delhi owes it to the nation not to lose the cool it has so far admirably maintained. Islamabad is under increasing pressures of its own and although these will not yield early results they will ultimately be more fruitful than any overt move by India.

President Yahya Khan's admission that Pakistan's economy "is so bad that I cannot tell you" is the single decisive irrefutable truth in a barrage of falsehood and distortion. Mr. Swaran Singh's mission abroad will presumably be to persuade world opinion to increase economic1 pressure while clarifying his view, expressed recently in the Rajya Sabha, that the crisis in East Bengal is "essentially" a matter to be settled between the people of Bangladesh and West Pakistan. The point here is that the major powers need to be convinced that New Delhi has no intention of further complicating a situation which is already complex enough; and that in its view any intervention will be counterproductive in the larger context as well in the interests of Bangladesh. Already the scrupulous restraint with which New Delhi has conducted itself has begun to pay dividends. Pakistan's frantic attempts to cast India in the role of prime instigator have completely misfired is also its claims that normal conditions have been restored in East Bengal. The deep skepticism with which Islamabad's claims and statements are now internationally received can yet result in pressures which President Yahya will find irresistible. There can be no short cut to a solution and meanwhile New-Delhi's concern must be to preserve what stability it can in the border areas without surrendering to the irresponsible demands for "strong action".

শিরোনাম	সূত্র	তারিখ
৩১২। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভি,সি, কর্তৃক যুব শিবির উদ্বোধন	অমৃত বাজার পত্রিকা	৫ জুন, ১৯৭১

AM RITA BAZAR PATR1KA, JUNE 5, 1971

Bangladesh Students

CHITTAGONG VC OPENS CAMP

A two-week camp of Bangladesh students and youths was inaugurated in Calcutta on Wednesday last by the Vice Chancellor of the Chittagong University Dr. Azizur Rahman Mallick. Sixty two young boys and girls mostly from rural parts of Bangladesh would receive intensive training for two weeks in ideological and practical courses of democratic and secular living. Mr. Justice S.P. Mitra presided over the inaugural meeting of the camp which has been organized by Gandhi Peace Foundation.

The first of its kind the camp were the distinctiveness of the youth character of Bangladesh in pictorial representation of the repression and merciless exploitation of their homeland by Yahya Khan's military rule and a stainless camp life. Mr. Kshitish Roy Chowddhury, Chairman of the Foundation's West Bengal Committee extended a warm welcome to the campers while Mr. Sisir Sanyal, the Convener of the camp explained the objectives which were the boosting up of the morale and the background and practical knowledge for a free society from the grassroots.

an achievement

Earlier addressing the campers in their first orientation course Mr. R. R. Diwakar. Chairman of the Foundation remarked that the very togetherness of the Bangladesh youths to assess their struggle and formulate forward looking programmes for socio-economic reconstruction was an achievement.

Mr. Mallick trenchantly criticized the diabolical murders committed on the Bangladesh people by the West Pakistan rulers. We had splendidly followed Mahatma Gandhi but it was Yahya Khan who forced war on us and we had to accept the challenge in a way befitting an uncivilized Administration. Our cause is Truth and Justice, hence our victory is inevitable he said. Mr. Mitra advised the campers to work amongst the evacuees so that they possessed the requisite moral stamina to return to their homeland at the appropriate time.

The meeting ended by chorus singing of [4]Amar Sonar Bangla' the National song of Bangladesh - (SPS).

শিরোনাম	সূত্র	তারিখ
৩১৩। স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দিন	যুগান্তর	৫ জুন, ১৯৭১

স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দিন

আজ শনিবার পাঁচই জুন। প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী আসবেন কলকাতায়। কি দেখবেন তিনি? সীমান্তে নেই তিল ধারণের স্থান। উপকণ্ঠে এসে পৌঁছেছে শরণার্থীর ঢেউ। পাক লুটেরা রাস্তায় কেড়ে নিয়েছে তাদের সর্বস্ব। প্রাণে মরেছে অনেকে। নিখোঁজ হয়েছে স্ত্রী-কন্যা। এপারে এসেও স্বস্তি নেই। মহামারীরূপে দেখা দিয়েছে কলেরা। রাজ্য সরকার দিশাহারা। শরণার্থীর সংখ্যা চার লক্ষ ছাপিয়ে উঠেছে। অন্যান্য রাজ্যে না পাঠালে বাঁচবে না এই হতভাগ্যের দল। দু'মাস অপেক্ষা করেছেন কেন্দ্রীয় সরকার। কি পেয়েছেন তাঁরা? বৃহৎ রাষ্ট্রগুলির চরম ঔদাসীন্য এবং রাষ্ট্রসঙ্ঘের অসহনীয় নীরবতা। ইয়াহিয়া আগের চেয়ে বেশী বেপরোয়া। বাংলাদেশে জ্বালাচ্ছেন তিনি সাম্প্রদায়িকতার আগুন। পুড়ছে অনেকে। যারা কোনমতে বেঁচেছে তারা আশ্রয় নিচ্ছে ভারতে। যত দিন যাবে শরণার্থীর সংখ্যা তত বাড়বে। ওদের ফেরার পথ বন্ধ। বন্দুক উঁচিয়ে আছে ইয়াহিয়ার বাহিনী। তাদের ইন্ধন জোগাচ্ছে স্থানীয় ধর্মান্ধের দল। গোড়ার দিকে বাংলাদেশ সরকারকে যদি স্বীকৃতি দিতেন নয়াদিল্লী তবে ঘটত না অবস্থার এমনিতর অবনতি। মুক্তিযোদ্ধারা পেতেন দ্বিগুণ মানসিক বল। বাড়ত সংগ্রামের তীব্রতা। গ্রামাঞ্চলে গড়ে উঠত প্রতিরোধ ব্যূহ। সাম্প্রদায়িক নেতাদের মধ্যে দেখা দিত সন্ত্রাস। কমত লুটপাটের ব্যাপকতা। বিপুল সংখ্যায় শরণার্থীরা হয়তো ভিড় করত না ভারতের সীমান্ত অঞ্চলগুলোতে। কেন্দ্রীয় সরকারের ''দেখি কি হয় নীতি'' এনেছে নৈরাশ্য। বাড়িয়েছে ইয়াহিয়ার স্পর্ধা এবং ভারতকে নিয়েছে আর্থিক সঙ্কটের মুখে।

বন্ধ হবে না শরণার্থীর স্রোত। পূর্ব বাংলায় থাকতে পারবে না অসাম্প্রদায়িক সাধারণ মানুষ। কিসের আশায় দিন গুনছেন প্রধানমন্ত্রী? বৃহৎ শক্তিগুলো কি লক্ষ লক্ষ শরণার্থীর হাত ধরে তাদের নিজেদের বাড়ীঘরে বসিয়ে দিয়ে আসবে? তারা কি এদের নিরাপত্তার গ্যারান্টি দেবে? আর্থিক চাপে ইয়াহিয়ার নাকে খত আদায় করবে? গত দুমাসের আমত্মর্জাতিক প্রতিক্রিয়ায় তিনি কি বুঝতে পারেননি জল কোথায় গড়াচ্ছে? জিইয়ে রাখবে তারা ইসলামাবাদকে। শক্তিসাম্য ভাঙতে দেবে না এশিয়ার এ অঞ্চলে। কিন্তু স্বাধীন বাংলাদেশ বাস্তব । অখন্ড পাকিস্থানের অপমৃত্যু ঘটেছে। পূর্ব এবং পশ্চিমের বোঝাপড়া অসম্ভব। স্বাধীন বাংলাদেশ ছাড়া শরণার্থীরা ফিরতে পারবে না নিজেদের বাড়ীঘরে। এই সহজ সত্য মেনে নিতে কর্তৃপক্ষের দ্বিধাগ্রস্ত মনোভাবই সৃষ্টি করছে যত জটিলতা। শ্রীমতি গান্ধী আশায় আশায় অনর্থক সময় কাটাচ্ছেন। এখন যে অবস্থা চলছে তার ব্যতিক্রম না ঘটলে ছ মাস কেন ছ বছরেও শরণার্থীরা ছাড়বে না ভারতের মাটি। পূর্ব বাংলায় শক্তি সংহত করবেন ইসলামাবাদ। মুক্তিসংগ্রামীরা পাবেন প্রচন্ড বাধ। আর ক্রমবর্ধমান শরণার্থীর বোঝা নিয়ে ভারত খাবে হাবুডুবু। সমূহ বিপদ সামনে দেখেও মন স্থির করতে পারছেন না কেন্দ্রীয় সরকার। গোটা জাতিকে কোন অন্ধকার গুহায় টেনে নিচ্ছেন তারা?

বিভিন্ন রাজ্যে শরণার্থীদের অবিলম্বে সরিয়ে দেওয়া খুবই দরকার- সন্দেহ নেই। এ ব্যবস্থা অবশ্যই সাময়িক। তাতে পাওয়া যাবে না সমস্যার স্থায়ী সামাধান। গোঁজামিল দিয়ে সয় কাটাবার পালার শেষ হয়েছে। দেশবাসীর ধৈর্যের সীমা ছাড়িয়ে যাচ্ছে। জবাব দিন নয়াদিল্লী- শরণার্থীদের নিয়ে তাঁরা কি করবেন? কি করে থামাবেন বন্যার স্রোত? কিভাবে পাঠাবেন তাঁদের বাংলাদেশে? বৃহৎ রাষ্ট্রগুলির কাছে নয়াদিল্লীর আকুতি-মিনতি ব্যর্থ। প্রধানমন্ত্রীর ব্যক্তিগত পত্রে এবং কূটনৈতিক তৎপরতায় যাদের টনক নড়েনি পররাষ্ট্রমন্ত্রী স্বরণ সিংয়ের সম্ভাব্য সফরে তাদের ঘুমের নেশা কাটবে না। লক্ষ লক্ষ শরণার্থীকে বুকে ধরে অনন্তকাল বসে থাকতে পারে না ভারত। নিরাপত্তা এবং বাঁচার তাগিদেই কেন্দ্রীয় সরকারকে নিতে হবে নিজস্ব পরিকল্পনা। এই পরিকল্পনার

প্রাথমিক অঙ্গ-স্বাধীন বাংলাদেশকে কূটনৈতিক স্বীকৃতি দান। বাড়ান দরকার তাদের সংগ্রামী শক্তি । ওঁদের জয় ত্বরান্বিত হলেই স্বদেশে ফিরবেন শরণার্থীরা। নইলে তাঁরা থাকবেন ভারতে। এ কথা সত্য, কোন শান্তিবাদী রাষ্ট্র সহজে বলপ্রয়োগ করতে চান না। ইয়াহিয়া খান নয়াদিল্লীর ইচ্ছা-অনিচ্ছার উপর নির্ভর করছেন না। বাংলাদেশের সমস্যার সঙ্গে ভারতকে তিনি জড়িয়ে ফেলেছেন। চারদিকে দেখা যাচ্ছে অশান্তির দুর্লক্ষণ। মুখ বুঁজে থাকলেই বিপদ এড়ান যাবে না। বাস্তব অবস্থার মোকাবিলা করুণ কর্তৃপক্ষ। অবিলম্বে স্বীকৃতি দিন স্বাধীন বাংলাদেশকে। প্রশস্ত করুন ইয়াহিয়ার চরম পরাজয়ের পথ। এতেই আসবে পূর্ব বাংলার ভবিষ্যৎ শান্তি। শরণার্থীরা পাবেন স্বদেশে প্রত্যাবর্তনের প্রেরণা।

শিরোনাম	সূত্র	তারিখ
৩১৪। মেহদী মাসুদের ওপর বিধিনিষেধ আরোপঃ ভারত সরকারের কড়া ব্যবস্থা	কালান্তর	৬ জুন, ১৯৭১

মেহদী মাসুদের ওপর বিধিনিষেধ আরোপ ভারত সরকারের কড়া ব্যবস্থা

নয়াদিল্লী, ৫ জুন (ইউএনআই) - কলকাতার পাকিস্তান ডেপুটি হাইকমিশনার মেহদী মাসুদ ও হাইকমিশনের অন্যান্য পশ্চিম পাকিস্তানী কর্মচারীর গতিবিধির ওপর ভারত সরকার বিধিনিষেধ আরোপ করেছেন। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য, ১ মে থেকে ঢাকার ভারতীয় কূটনৈতিক কর্মচারীদের ওপর পাকিস্তান সরকার অনরূপ বিধিনিষেধ চাপিয়েছিলেন।

ভারতীয় সরকারী সূত্র থেকে বলা হয়েছে, ভিয়েনা সনদে প্রতিষ্ঠিত কূটনেতিক সম্পর্কের রীতিনীতি ও মর্মবস্তু অগ্রাহ্য করে পাকিস্তান সরকার ঢাকায় অবস্থানকারী ভারতীয় ডেপুটি হাইকমিশনার শ্রী কিরণ চন্দ্র সেনগুপ্তকে অন্তরীণ করে এক অভূতপূর্ব নজির সৃষ্টি করেছেন। পাকিস্তান সরকার এই অবাঞ্ছিত বিধিনিষেধ প্রত্যাহার করে নিলে ভারত সরকারও কলাকাতায় অবস্থানকারী পাকিস্তানী কূটনৈতিক কর্মীদের ক্ষেত্রেও অনুরূপ ব্যবস্থা অবলম্বন করবেন।

পাকিস্তান সরকার ঢাকার ভারতীয় কূটনৈতিক কর্মীদের বিনা অনুমতিতে নিজেদের মধ্যে বা বাইরের কারোর সঙ্গে যোগাযোগ রক্ষা করতে দেয়নি। শুধুমাত্র একটি ব্যবিতক্রমঃ শ্রী সেনগুপ্ত দিনে এক বা দু'বার ইসলামাবাদে ভারতীয় হাইকমিশনারকে টেলিফোনে যোগাযোগ করতে পারেন । ঢাকার প্রত্যেক ভারতীয় কূটনৈতিক কর্মীর বাসভবনের বাইরে সশস্ত্র মিলিটারী প্রহরা মোতায়েন আছে।

বিধিনিষেধ জারি হবার পর দু'দেশের মধ্যে দূত বিনিময় করার জন্য কয়েকটি বন্ধু রাষ্ট্র প্রচেষ্টা চালিয়েছিল। কিন্তু পাকিস্তান সরকার কোন পরামর্শতেই কান দেননি। ভারতীয় সরকারী মহল থেকে বলা হয়েছে, এই পরিপ্রেক্ষিতে ভারত কলকাতায় অবস্থানকারী পাক কূটনৈতিক কর্মীদের গমনাগমনের ওপর বিধিনিষেধ চাপাতে বাধ্য হল।

প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য লোকসভায় ও রাজ্যসভায় কমিউনিস্ট সদস্যরা বলেছিলেন, যেখানে ঢাকায় ভারতীয় কূটনৈতিক কর্মীদের অসম্মান ও অপমানের বোঝা মাথায় নিয়ে অন্তরীণ থাকতে হয়েছে সেখানে কলকাতার পাক কূটনৈতিক কর্মীদের 'রাজার হালে' কোন যুক্তি নেই।

শিরোনাম	সূত্র	তারিখ
৩১৫। বার্মিংহামে পাক ক্রিকেট দলের বিরুদ্ধে বৃহত্তম বিক্ষোভ সমাবেশ	কালান্তর	৬ জুন, ১৯৭১

বার্মিংহামে পাক ক্রিকেট দলের বিরুদ্ধে বৃহত্তম বিক্ষোভ সমাবেশ

বার্মিংহাম (ইংল্যান্ড-), ৫জুন (এপি)- ইংল্যান্ড--পাকিস্তান প্রথম টেষ্টের ৩য় দিনে আজ ৩০০০ বাংলাদেশ সমর্থক বিক্ষোভ প্রদর্শন করে।

পাকিস্তানী ক্রিকেট দলকে চলতি সফরে এত বড়ো বিক্ষোভ মিছিলের সম্মুখীন হতে হয়নি। মিছিলে ৫০ জন পঙ্গু মহিলা পেরাম্বুলেটরে চড়ে যোগ দেন।

মিছিলকারীরা এজবাস্টন মাঠের প্রধান প্রবেশ পথে রক্তাক্ত কুশপুত্তলিকা ও পূর্ববঙ্গে ইয়াহিয়া বাহিনীর গণহত্যার বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন পোষ্টার নিয়ে শান্তিপূর্ণ বিক্ষোভ দেখান। বার্মিংহাম বাংলাদেশ সংগ্রাম সহায়ক কমিটির সভাপতি জগলাল পাশা বলেন, পাকিস্তানী ক্রিকেট দলের বর্তমান সফর বাতিল করাই মিছিলে অংশগ্রহণকারীদের দাবি।

উল্লেখযোগ্য, পাঁচ সপ্তাহ পূর্বে পাক-ক্রিকেট দল ইংল্যান্ড- সফরে এলে প্রায় সমস্ত জায়গাতেই তাদের বাংলাদেশ সমর্থকদের বিক্ষোভরে সম্মুখীন হতে হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
৩১৬। দায়িত্ব পালনে কেন্দ্রের গড়িমসি	কালান্তর	৬ জুন, ১৯৭১

দায়িত্ব পালনে কেন্দ্রের গড়িমসি

লোকসভায় প্রতিরক্ষা মন্ত্রী শ্রী জগজীবন রাম বলেছেন যে, বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের পূর্ণ দায়িত্ব কেন্দ্রের এবং সে দায়িত্ব তারা অস্বীকার করছেন না। কিন্তু দায়িত্ব স্বীকার ও দায়িত্ব পালন এক কথা নয়। শরণার্থীদের যে প্রবল চাপ পশ্চিমবঙ্গের উপর পড়েছে তার গুরুত্ব উপলব্ধি এ যাবত কেন্দ্রীয় সরকার করতে পেরেছেন বলে মনে হয় না। যদি উপলব্ধি করতেন তবে তাঁরা সমস্যাটা জরুরী বিবেচনায় সমাধানের পথে আরো দ্রুত অগ্রসর হতেন। আসলে গোড়ায় গলদ। কেন্দ্রীয় সরকরের চুড়ামণিরা হয়তো ভেবেছিলেন দু'চার দশ লক্ষ শরণার্থী আসবে এবং তাদের সীমান্তবর্তী এলাকায় রেখে দিয়েই আবার স্বল্পকালের মধ্যে বাংলাদেশে ফিরিয়ে দেয়া যাবে। সমস্যাটা যে তার চেয়ে অনেক বেশী গুরুতর এবং দীর্ঘস্থায়ী হয়ে উঠতে পারে এমন দূরদৃষ্টি তাদের ছিল না বলেই মনে হয়।

কিন্তু অবিরাম শরণার্থীর স্রোতে পশ্চিমবঙ্গ প্লাবিত হতে চলেছে। বন্যার জল বিপদসীমা অতিক্রম করেছে। যে কোন সময় বাঁধ ভেঙ্গে প্লাবনের মত এই জলস্রোত পশ্চিমবঙ্গের চরম বিপর্যয় ঘটাতে পারে। তাই রাজ্য সরকার বিষম উদ্বিগ্ন হয়ে পড়েছেন। চল্লিশ লক্ষ শরণার্থীর মধ্যে অনুমান উনিশ লক্ষ ছাদের তলায় কোনরকমে মাথা গুঁজবার ঠাঁই পেয়েছে আর পাঁচ লক্ষাধিক শরণার্থী তাড়াহুড়ো করে তোলা চালায় আশ্রয় নিয়েছে। বাকী সব উন্মুক্ত আকাশ বা গাছের তলায়। প্রতিদিন জনস্রোতের মতো শরণার্থীর দল চলে আসছে এপারে। বর্ষা নেমেছে। নিচে জল-কাদা, উপরে বর্ষার ধারা। এই ছত্রহীন লক্ষ লক্ষ শরণার্থীর কী দশা হবে এখন? মাথা গুঁজবার জন্যে তারা কোথায় যাবে? নাম তালিকাভূক্ত হবার পর চার দিনের মতো রেশন পায় তারা । সপ্তাহের বাকী ক'দিন কী দিয়ে উদরের জ্বালা নিবৃত্তি হবে তাদের?

তার উপর মহামারীর আকারে কলেরার প্রাদুর্ভাব। সর্বস্বান্ত হয়ে সূদুর পথ অতিক্রম করে যারা আসছে পথেই তারা প্রায় অর্ধমৃত হয়ে পড়ে। কোন প্রকারে মুমূর্ষ অবস্থায় এসে পৌঁছাবার পরেও যদি আবার তাদের চরম প্রতিকূল অবস্থারই মধ্যে পড়তে হয় তবে অবশিষ্ট প্রাণশক্তিটুকুও নিঃশেষ হতে দেরি হয় না। হচ্ছেও তাই। কলেরা রোগে আক্রান্ত হয়েই অনেকে আসছে এপারে; কিন্তু প্রয়োজনের তুলনায় চিকিৎসা ব্যবস্থা এতই অপ্রতুল যে তাদের মধ্যে অনেকেই প্রথমিক চিকিৎসা পাবার আগেই চোখ বুঁজে শেষ নিঃশ্বাস ত্যাগ করে। উপযুক্তসংখ্যক চিকিৎসক এবং শুশ্রূষাকারীরাও যেমন নেই তেমনি প্রয়োজনীয় ঔষধপত্রেরও অভাব।

এমন একটা গুরুতর পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের তৎপরতার নমুনা দেখে অবাক হতে হয়। এ যাবৎ ত্রাণ কার্যের জন্য কেন্দ্রের কাছ থেকে এসেছে মাত্র ৩ কোটি ৫৭ লক্ষ টাকা। স্বাস্থ্য ও চিকিৎসা বাবদ চাওয়া হয়েছে ২ কোটি ৬০ লক্ষ টাকা; কিন্তু তা এখনো পর্যন্ত পৌঁছায়নি। আশ্রয়স্থল নির্মাণের জন্য ৩ কোটি টাকা চেয়ে পাওয়া গেছে মাত্র ১ কোটি টাকা । কলেরা মহামারী আকারে দেখা দেওয়ায় কলেরা ইনজেকশান ও স্যালাইন বোতল চেয়ে যা পাওয়া গেছে তা সমুদ্রে বারিবিন্দুবৎ । সুতরাং দায়িত্ব পালনে কেন্দ্রীয় সরকর এ যাবত যে কৃতিত্ব দেখিয়েছে তাতে কৃতার্থ না হয়ে পারা যায় না।

মুখে শরণার্থীদের জন্য দরদের অন্ত নেই। কিন্তু কেন্দ্রীয় সরকারের অমার্জনীয় ঔদাসীন্যের ফলে হতভাগ্য শরণার্থী ও পশ্চিমবঙ্গের নিরুপায় মানুষ উভয় কুলই যে ডুবতে বসেছে সেদিকে নজর আছে কার? কানে জল ঢুকলে টাকা হয়তো তারা কিছু দেবেন। কিন্তু টাকা দিলেই জিনিস মিলবে এমন নিশ্চয়তা কোথায়? রেশন দিলেও তো তা রেঁধে খেতে হবে। শরণার্থীরা জ্বালানীর জন্য কার কাছে যাবে? সীমান্তবর্তী এলাকার যেসব

শিক্ষায়তনে শরণার্থীদের ঠাঁই দেয়া হয়েছে দেয়া হয়েছে দু'তিন সপ্তাহ বাদে গ্রীস্মের ছুটি অন্তে যখন বিদ্যালয় খুলবে তখন এরা যাবে কোথায়? অন্যত্র না সরালে জেলার বহু ছাত্র-ছাত্রীর পড়াশুনা বন্ধ হয়ে যাবে। সুতরাং তাদের জন্যও নতুন আশ্রয় শিবির নির্মাণ করা দরকার। তাছাড়া যে বহু লক্ষ শরণার্থী বাতাবরণহীন অবস্থায় দিন কাটাচ্ছে অবিলম্বে তাদের জন্য তাঁবুর ছাউনী না করলে দারুণ বর্ষায় কী করে বাঁচবে তারা? সুতরাং আশ্রয় শিবির নির্মাণের জন্য চাই তাঁবু, করোগেটের শীট, অ্যাসেবেস্টেস শীট, খুঁটি, নাটবলটু, দড়ি-দড়া ইত্যাদি।

আমলাতান্ত্রিক পদ্ধতিতে ঢিলেঢালাভাবে করার কাজ নয় এটা। জরুরী প্রয়োজন বোধে যুদ্ধকলীন তৎপরতায় অতি দ্রুত সারতে হবে এসব কাজ। তার জন্যে চাই একটি সার্বিক পরিকল্পনা ও সেই পরিকল্পনা তড়িৎগতিতে রূপায়ণের জন্যে চাই একটা উপযুক্ত পরিচালনাযন্ত্র। বর্তমান অবস্থায় ত্রাণকার্যে সামরিক ব্যাপৃত রাখ হয়তো সঙ্গত হবে না, কিন্তু সে ধরনের দক্ষতাসম্পন্ন একটা বিশেষ 'কোর' গঠন করে এই জরুরী কাজ দ্রুত নিষ্পন্ন না করলে রাজ্য সরকারের একার পক্ষে সম্ভব নয় এত বড়ো দায়িত্ব বহন করা। অতএব কেবল অর্থ দিয়ে সাহায্য করলেই চলবে না, প্রয়োজনীয় সামগ্রীও কেন্দ্রীয় সরকারকেই সরবরাহ করতে হবে এবং শরণার্থীদের রক্ষণাবেক্ষণের দায়িত্বও মূরত তাকেই নিতে হবে।

সম্পাদকীয়ঃ কালান্তর, ৬ জুন, ১৯৭১

শিরোনাম	সূত্র	তারিখ
৩১৭। বাংলাদেশের ব্যাপারে শুধু বিশ্ববিবেক নয় দেশের বিবেকও জাগাতে হবে	যুগান্তর	৬ জুন, ১৯৭১

বাংলাদেশের ব্যাপারে শুধু বিশ্ববিবেক নয়, দেশের বিবেকও জাগাতে হবে

গত সোমবার কল্যাণসুন্দরম লোকসভায় মন্তব্য করেন- ভারত সরকার পাকিস্তানকে তুষ্ট করে চলেছে। এ কথায় শ্রীমতি গান্ধী খুবই মর্মাহত হয়েছেন। একজন সিপিআই নেতা চেমবারলিনের কুখ্যাত মিউনিখ নীতির সঙ্গে ভারত সরকারের পাকিস্থান নীতির তুলনা টানবেন- এমন কথা প্রধানমন্ত্রী বোধহয় কল্পনাও করেননি। তিনি খুব জোরের সঙ্গে এই মারাত্মক অভিযোগ অস্বীকার করেছেন। তবে, ''আমরা বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে বিশ্বের দৃষ্টি আকর্ষণে তৎপর রয়েছি''- এর চেয়ে বড় কোন আশ্বাসও প্রধানমন্ত্রী সেদিন দিতে পারেননি।

মে মাসের মাঝামাঝি প্রধানমন্ত্রী ঘোষনা করেছিলেন- নীতি সংক্রান্ত ব্যাপারে ভারত অন্যান্য দেশের মনোভাবের উপর নির্ভরশীল নয়; সে নিজেই নিজের নীতি স্থির করে থাকে। কিন্তু তবু বাংলাদেশে ইয়াহিয়ার বর্বর অত্যাচার শুরু হওয়ার পর থেকে আমাদের সরকার যে কূটনীতিক স্তরে খুবই তৎপর হয়ে ওঠেনি- এমন কথা কেউ বলতে পারবেন না। বিভিন্ন দেশের রাজধানীর সঙ্গে নয়াদিল্লী নিয়ত সংযোগ রক্ষা করে চলেছে। অন্যান্য দেশের সরকারের সঙ্গে 'নোট' বিনিময় করাও হয়েছে। ইয়াহিয়া ভারতের উপর কী বিপুল সমস্যা চাপিয়ে দিয়েছেন, তার ফল কী দারুণ বিপজ্জনক হয়ে দাঁড়াতে পারে- আমরা ঐ সব দেশকে সে কথা বোঝাবার চেষ্টা করেছি।

আমরা আমাদের পররাষ্ট্রমন্ত্রীকে বিদেশে পাঠিয়েছি। তিনি কয়েকটি দেশে গিয়ে বাংলাদেশের সমস্যা বুঝিয়ে বলবেন। শিল্পোন্নয়ন মন্ত্রী শ্রী মঈনুল হক চৌধুরী ইতিপূর্বেই ঐ কাজ কিছুটা সেরে এসেছেন। একই কাজে আত্মনিয়োগ করেছেন শ্রম ও পুনর্বাসন মন্ত্রী শ্রী খাদিলকর। কূটনীতিক কাজে তিনি এত ব্যস্ত যে শরণার্থীদের দেখাশোনার কাজটা তিনি তার অধস্তনদের হাতেই ছেড়ে দিয়েছেন। বাংলাদেশের বিষয়ে নয়াদিল্লীর বক্তব্য দক্ষিণ পূর্ব এশিয়ার দেশগুলিকে বুঝিয়ে দিয়ে তাদের আমাদের পক্ষে নিয়ে আসার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছেন শিক্ষামন্ত্রী শ্রী সিদ্ধার্থ শংকর রায়।

বাংলাদেশ নিয়ে আমরা যে প্রবল কুটনীতিক অভিযান শুরু করেছি, তা আগে আর কখনো দেখা যায়নি। যে সব দেশে আমাদের প্রতিনিধিরা যাচ্ছেন, তাদের প্রত্যেকের সঙ্গেই পাকিস্থান কুটনীতিক সম্পর্ক আছে। তাদের নিজস্ব গোয়েন্দা বিভাগও আছে; এবং আছে, তাদের নিজস্ব অর্থ। আড়াই মাস ওদের লোকেরাও ইয়াহিয়ার রক্ত ক্ষুধার তান্ডব স্বচক্ষে দেখেছেন। তবু আমাদের সরকার অতি আশায় বোধ হয় ভাবছেন- ভারত গিয়ে ওদের ব্যাপারটা ঠিকমত বুঝিয়ে দিলেই ওদের বিবেক একেবারে পরিষ্কার হয়ে যাবে এবং ওরা ভারতের পক্ষে চলে আসবে।

ফল যা-ই দাঁড়াক বিশ্ব-বিবেক জাগ্রত করার এই প্রয়াসের জন্য ভারত সরকারের সাধুবাদ অবশ্য প্রাপ্য। কিন্তু ভারতের যে সব রাজ্য সরাসরি শরণার্থী সমস্যা দ্বারা পীড়িত হচ্ছে না, তাদের বিবেক জাগানোর চেষ্টা যথেষ্ট রকম হয়েছি কি? শ্রীমতি গান্ধী তার সহযোগী মন্ত্রীদের কিংবা সর্বশক্তিমান রাজনীতি বিষয়ক কমিটির বিবেকই কি জাগাতে পেরেছিন?

শরণার্থীদের ঠাঁই দেওয়ার ব্যাপারে অধিকাংশ রাজ্যের যা মনোভাব তাতে মনে হয় বিদেশে দূত না পাঠিয়ে ভারতের বিভিন্ন রাজ্যের বিবেক জাগ্রত করা এবং পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা ও মেঘালয় রাজ্যে লক্ষ লক্ষ উদ্বাস্তুর সমাবেশ ভারতের পক্ষে কী সংকট ডেকে এনেছে তা বুঝিয়ে বলার জন্য বিভিন্ন রাজ্যে দূত পাঠালেই ভাল হতো।

এপ্রিলের প্রথম সপ্তাহে নয়াদিল্লী যখন সিদ্ধান্ত নেয় যে শরণার্থীদের সীমান্তের কাছাকাছিই রেখে দেওয়া হবে, তখন তাছাড়া অন্য তেমন কিছু করারও ছিলনা। পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের যত্ন-আত্তি করার জন্য গড়ে তোলা কেন্দ্রীয় পুনর্বাসন দফতর পূর্বাঞ্চলের উদ্বাস্তু সমস্যার প্রকৃত অবস্থা পরিমাপ করে তদনুযায়ী পরিকল্পনা তৈরি করবে- এমন আশাও দূরাশা। সীমান্তের দূরবর্তী কোন রাজ্যকে একজন শরণার্থীকে ঠাঁই দেওয়ার জন্যও রাজি করানো যায়নি। শরণার্থীদের অন্যত্র নিয়ে যাওয়া সম্পর্কে কলকাতায় বসে প্রধানমন্ত্রীর দ্বিধাগ্রস্ত ঘোষনা থেকেই বোঝা যায় যে, তিনি অন্যান্য রাজ্যের মনোভাব পাল্টাতে সক্ষম হননি।

পশ্চিমবঙ্গের প্রাণান্তকর সমস্যা সম্পর্কে ভারত সরকার কী করতে চান- গত সপ্তাহে রাজনীতি বিষয়ক কমিটির একজন সদস্যকে এ প্রশ্ন করেছিলাম। উনি বললেন, কিসের সমস্যা? ভারত সরকার তো উদ্বাস্তুদের সব ব্যয় বহন করছে, সুতরাং পশ্চিমবঙ্গের কোন অভিযোগ থাকার কথা নয়। মোট শরণার্থীর মাত্র এক-তৃতীয়াংশ সরকারী সাহায্য নিচ্ছে, অন্যেরা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের গলগ্রহ হতে বাধ্য হয়েছে- এ কথা তিনি মানতে নারাজ। উনি বললেন- পশ্চিমবঙ্গ যদি মনে করে যে বোঝা খুব ভারী হয়ে পড়ছে, তাহলে সীমান্ত পুনরায় বন্ধ করে দেয়া যেতে পারে; কিন্তু পশ্চিমবঙ্গ কি তা মেনে নেবে? ওঁর কথায় মনে হয়, সমস্যা যেন পশ্চিমবঙ্গেরই। ওঁর বক্তব্যের সঙ্গে ভারত সরকার যে 'স্টান্ড' নিয়েছেন তার সঙ্গতি আছে কিনা সেটা তিনি তলিয়ে দেখেননি। রাজনীতি বিষয়ক কমিটিতে এ বিষয়ে শুধু ওঁর একারই মনোভাব নয়।

এই উপমহাদেশে রাজীনিতিক মন্থনের ফলে অমৃত এবং বিষ- দুইই উঠছে; পশ্চিমবঙ্গের ভাগ্যে শুধু বিষটাই জুটছে। সামাজিক ও আর্থিক বিপর্যয়েও রাজ্য ক্ষয়ের মুখে; হাঁড় পাঁজরা যে কখানা আছে তা বোধ হয় মহামারীর জন্যই রেখে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ একেবারে নিঃশেষ হয়ে গিয়ে বিদেশে চা-পাট পাঠানো বন্ধ করে দেশের জন্য বিদেশী মুদ্রা নিয়ে আসা বন্ধ না করা পর্যন্ত বোধ হয় কেন্দ্র বা স্বচ্ছল রাজ্যগুলির হুঁস হবে না।

শরণার্থী সমস্যা নিয়ে যেসব রাজ্যের গায়ে আঁচড় লাগছে না তাদের বড় চিন্তা পশ্চিমবঙ্গের ভরাডুবির নয়; তাদের চিন্তা শরণার্থীদের জন্য অনেক টাকা খরচ করতে হলে চতুর্থ যোজনার কাজ বানচাল হবে এবং তার ফরে তাদের উন্নতি শ্লথ হয়ে পড়বে। আন্তর্জাতিক সমস্যাদির ব্যাপারে প্রত্যেক রাষ্ট্রই নিজস্ব স্বার্থের দিকটি বজায় রেখে অগ্রসর হয়ঃ তেমনি বাংলাদেশের সমস্যার মত অবস্থায় ভারতের রাজ্যগুলিও নিজেদের স্বার্থের কথাটাই আগে ভাবছে। শ্রী সিদ্ধার্থশংকর রায় কেন্দ্রীয় মন্ত্রিসভায় পশ্চিমবঙ্গের প্রতিনিধি। তিনি বোধ হয় বাংলাদেশের ব্যাপারে বিদেশে না গিয়ে ভারতের বিভিন্ন রাজধানীতে একবার ঘুরে এলে ভালো করতেন। তিনি মন্ত্রিসভায় তাঁর সহকর্মীদের সঙ্গে আলোচনায়ও তাঁর সময়টা কাজে লাগাতে পারতেন। স্বদেশে অনেকের মত পাল্টাবার প্রয়োজন রয়েছে।

বাংলাদেশের রাজনীতি সমস্যার ব্যাপারেও আমরা বোধ হয় উলটপুরাণ গাইছি। শ্রীমতি গান্ধী কলকাতায় বলেছেন, পাকিস্তান ভেঙ্গে যাক ভারত তা চায় না। ২৫ মার্চের আগে পর্যন্ত এটাই ছিল ভারতের মনোভাব। কারণ বাংলাদেশ বিচ্ছিন্ন হলে ভারতের ছদ্মসামন্ততান্ত্রিক ব্যবস্থাপনায় গভীর প্রতিক্রিয়া দেখা দিতে পারে বলে ভারত ভীত ছিল। যাই হোক, ইয়াহিয়া আক্রমণ শুরু করার পর ভারতের মনোভাবে মৌলিক পরিবর্তন এসেছে বলে মনে হয়েছিল। বাংলাদেশের সংগ্রামের যথার্থতা অন্যদের বুঝিয়ে দেওয়ার পরিবর্তে যাদের উপর আমরা নির্ভর করে চলি আমরা কি তাদেরই চিন্তাভঙ্গি গ্রহণ করে বসে আছি?

ভারত সরকারের বিশ্বাস আর মাস তিনেকের মধ্যে পাকিস্থান আপনা থেকে ধসে পড়বে। এক দিকে যুদ্ধের বিপুল ব্যয়, অন্যদিকে বাংলাদেশের পাট-চা বিক্রি করে বিদেশী মুদ্রা ঘরে আনা বন্ধ- এই দুইয়ে মিলেই পাকিস্থানের ধ্বংস অনিবার্য করে তুলবে বলে বলা হচ্ছে। তা যদি হয়, তাহলে ভারতকেও শুধু দেখতে হবে যে পাকিস্থান যেন বিদেশী সাহায্যের দ্বারা আর্থিক সংকট কাটিয়ে উঠতে না পারে। ভারতের দূরদেশ বিদেশ পরিক্রমার সেটাও অন্যতম লক্ষ্য।

নিরাপদে শরণার্থীদের বাংলাদেশে ফেরৎ পাঠাবার ব্যাপারে ভারত কী করতে পারবে তা বোঝা যাচ্ছে না। বাংলাদেশের মুখপাত্রদের বক্তব্যঃ আগামী মাস তিনেকের মধ্যে পাকিস্তানী সৈন্যদের বাংলাদেশ থেকে হটিয়ে দিতে না পারলে ওদের বোধ হয় আর কখনোই হটানো যাবে না। তার অর্থ-শরণার্থীদেরও ঘরে ফেরা হবে না।

এটা হয়ত মুক্তি ফৌজের অনেকের সাময়িক আশাভঙ্গ জনিত বক্তব্য; কিন্তু তবু এ বক্তব্যের দিকে ভারতকে কান দিতেই হবে।

তাছাড়া নয়াদিল্লীকে হয়ত পশ্চিমবঙ্গের ধ্বংস দেখতে হবে। তা যদি হয়, তাহলে দেশের অর্থনীতিতে তার ধাক্কা পড়বে প্রচন্ডভাবেই। শ্রী অজয় মুখোপাধ্যায় ওয়ারনিং দিয়েছেন যে, তিনি হয়ত পদত্যাগ করতে বাধ্য হবেন। তিনি যাতে তাড়াহুড়ো করে কিছু না করে বসেন সে ব্যাপারে ভারত সরকার কী করেন বা না করেন, তার উপরেই পশ্চিমবঙ্গ সরকার শেষ পর্যন্ত কী করবেন বা না করবেন তা নির্ভর করবে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩১৮। সোয়েলের কাছে বাংলাদেশের স্বীকৃতি প্রশ্নটি ভাবাবেগজাতঃ সংখ্যালঘুদের জাতীয় কনভেনশনে বাংলাদেশ প্রসঙ্গ।	কালান্তর	৬ জুন, ১৯৭১

সোয়েলের কাছে বাংলাদেশের স্বীকৃতি প্রশ্নটি ভাবাবেগজাত সংখ্যালঘুদের জাতীয় কনভেনশনে বাংলাদেশ প্রসঙ্গ।

লক্ষৌ, ৬ জুন (ইউএনআই) - কাওয়াস বাগ বারাদরীতে বাংলাদেশ প্রসঙ্গে ভারতের সংখ্যালঘু সম্প্রদায়গুলির জাতীয় কনভেনশনের আজ সকালে উদ্বোধন হয়। লোকসভার সহকারী অধ্যক্ষ জি এস সোয়েল বলেন, বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেওয়াটাই শেষ কথা নয়। যদিও সম্মেলনের উদ্যোক্তাদের অন্যতম দাবি হলো অবিলম্বে স্বীকৃতি দান।

কনভেনশনের কাছে যারা শুভেচ্ছা বাণী পাঠিয়েছেন, প্রধানমন্ত্রী তাদের অন্যতম। তিনি ঐ প্রশ্নের সরাসরি জবাব এড়িয়ে বাংলাদেশ সম্পর্কে ভারত সরকারের সিদ্ধান্তগুলি সমর্থন করে সরকারের হাত শক্ত করার আহবান জানিয়েছেন।

সহকারী অধ্যক্ষ শ্রী সোয়েল অবশ্য এ রকম একটা আভাস দিয়েছেন যে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী শরণ সিং-এর প্রত্যাবর্তনের পর বাংলাদেশের স্বীকৃতি দান সম্পর্কে একটা সিদ্ধান্ত হতে পারে। শ্রী সিং বিশ্বের বিভিন্ন রাজধানীতে ভারতের অভিমত জানাতে ও জানতে গেছেন।

বক্তৃতা প্রসঙ্গে সোয়েল বলেছেন বাংলাদেশ সরকারের স্বীকৃতির প্রশ্নটি একটি ভাবাবেগজাত। তার ধারণা এর দ্বারা ভারত পশ্চিম পাকিস্তনের সামরিক জুন্টার ফাঁদে পা দেবে। কারণ পশ্চিম পাকিস্তান সমগ্র বিষয়টি সাম্প্রদায়িক রূপ দিতে চায়। সে জন্য শ্রী সোয়েঠের পরামর্শ হলো ''বাংলাদেশের স্বীকৃতি'' যা আদৌ শেষ কথা নয় তার জন্য উন্মুখ হয়ে না থেকে চরম লক্ষত সার্বভৌমতা, শান্তি ও সমৃদ্ধি কিভাবে অর্জন করা যায় সেজন্য কাজ করা।

কনভেনশনের উদ্বোধন করে কেন্দ্রীয় খাদ্য ও কৃষিমন্ত্রী ফখরুদ্দিন আলী আমেদ বাংলাদেশ সম্পর্কে ভারত সরকারের নীতি ব্যাখ্যা করে বলেন, এ লাড়াই অবাঙ্গালী বা অমুসলমানদের বিরুদ্ধে সংগ্রাম নয়। একটা সামরিক রাজত্বের বিরুদ্ধে সমগ্র জনতার সংগ্রাম।

শিরোনাম	সূত্র	তারিখ
৩১৯। রাজনৈতিক সামাধানের জন্য বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপ্রধানের চাদফা পূর্বশর্ত	কালান্তর	৬ জুন, ১৯৭১

রাজনৈতিক সামাধানের জন্য বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপ্রধানের চাদফা পূর্বশর্ত

॥স্টাফ রিপোর্টার॥

কলকাতা, ৬ জুন- আজ স্বাধীন বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্র প্রধান সৈয়দ নজরুল ইসলাম চার দফা নূন্যতম পূর্বশর্ত উপস্থাপিত করে জানিয়েছেন, ইয়াহিয়া সরকার ঐ শর্তাবলী মেনে নিলেই বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সামাধান সম্ভব।

এই শর্তগুলি হলঃ (১) বাংলাদেশের অবিসংবাদিত নেতা শেখ মুজিবুর রহমান এবং কারান্তরালে নির্বাসিত অপরাপর গণপ্রতিনিধিদের বিনাশর্তে মুক্তিদান; (২) অবিলম্বে পাক হানাদার বাহিনীর বাংলাদেশ ত্যাগ; (৩) বাংলাদেশের স্বাধীন, গণপ্রজাতন্ত্রী সরকারের স্বীকৃতি; (৪) বাংলাদেশে সামরিক তান্ডবের ফলে লুণ্ঠিত সম্পদ ও ক্ষয়ক্ষতির পরিমাণ কোন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক নিরুপণ করে উপযুক্ত ক্ষতিপূরণ দান।

আজ 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' কর্তৃক প্রচারিত সৈয়দ নজরুল ইসলামের দেশবাসীর উদ্দেশ্যে এক বেতার ভাষণে ঐ শর্তগুলি তুলে ধরা হয়েছে।

সৈয়দ ইসলাম পুনরায় ঘোষণা করেন, যদি কেউ রাজনৈতিক সমাধান বলতে ঐক্যবদ্ধ পাকিস্থানের পুনর্জীবনের কথা মনে করেন তাহলে তিনি মূর্খের স্বর্গে বাস করেন। ''লাখো শহীদের রক্তে ঐক্যবদ্ধ পাকিস্থান মরে গেছে, তাকে আর বাঁচানো যাবে না। সাড়ে সাত কোটি বাঙ্গালী কোন গোঁজামিলের সমস্যা সমাধান মেনে নেবে না।''

সাম্প্রদায়িকতা আর মাথাচাড়া দিয়ে শঠতে পারবে না

তিনি বাংলাদেশের জনগনকে সতর্ক করে দিয়ে বলেন, ''যে অস্ত্রকে সম্বল করে পশ্চিমা শাসকরা আপনাদের ২৩ বছর ধরে শোষণ করেছে, সেই সাম্প্রদায়িকতার অস্ত্র তারা আবার শাণাচ্ছে।

তিনি দৃপ্তকণ্ঠে ঘোষণা করেন, ''বাংলাদেশে সাম্প্রদায়িকতা আর মাথাচাড়া দিয়ে উঠতে পারবে না।''

তিনি জানান, ২৩ বছর ধরে আমরা বাংলাদেশের হিন্দু-মুসলমান-খৃষ্টান, বৌদ্ধ একসঙ্গে শোষিত হয়েছি আবার এখন একসঙ্গে লড়াই করছি। ''জঙ্গীশাহী মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা ধ্বংস করেছে, খুন করেছে ডঃ গোবিন্দ চন্দ্র দেবকে, ডাঃ ফজলুর রহামনকে, ক্যাথলিক ফাদার তিনজনকে, বৌদ্ধ ভিক্ষুদের।:

'একশ্রেণীর ভাড়াটিয়া দালাল' বাংলাদেশে যে সাম্প্রদায়িকতার বিষ ছড়াচ্ছে তার উল্লেখ করে তিনি দৃঢ়ভাবে জানান, ''কোন দৃষ্কৃতকারী যদি মানুষে মানুষে বিভেদ ও শান্তিপ্রিয় জনগণের প্রাণ বিপন্ন করে তাহলে তখনই খবর দেবেন- আমাদের মুক্তিবাহিনীর ছেলেরা যথোপযুক্ত ব্যবস্থা নেবেন, ঐ সকল দুষ্কৃতকারীদের দেখামাত্র কঠোর সাজা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।''

ভারত ও ব্রহ্মদেশ সরকারকে অভিনন্দন

বাংলাদেশের ৪০ লক্ষ শরণার্থীকে ভারতে এবং ৫০,০০০ শরণার্থীকে ব্রহ্মদেশে আশ্রয়দানের জন্য তিনি ভারতের ‘‘জনগণ, রাজনৈতিক জনগণ ও সরকারকে’’ এবং ব্রহ্মদেশ সরকারকে অভিনন্দন জানান।

তিনি বাস্তুচ্যুত শরণার্থীদের প্রতি ঐকান্তিক সমবেদনা জানিয়ে বলেন, হানাদারদের হটিয়ে দিয়ে বাংলাদেশ সরকার সসম্মানে দেশত্যাগী বাস্তুহারাদের ফিরিয়ে আনতে দৃঢ়প্রতিজ্ঞ। ‘‘আপনারা বাংলাদেশের স্বাধীন নাগরিক হিসেবে আপনাদের বাড়ি-ঘর সম্পত্তি ফিরে পাবেন।’’

শিরোনাম	সূত্র	তারিখ
৩২০। অনাহারে পথশ্রমে অবসন্ন মৃতপ্রায় শরণার্থী দল	আনন্দবাজার পত্রিকা	৮ জুন, ১৯৭১

অনাহারে পথশ্রমে অবসন্ন মৃতপ্রায় শরণার্থী দল

(বিশেষ প্রতিনিধি)

- স্যার, একবার বলে দিন, এই স্লিপ নিয়ে কোথায় গেলে রেশন পাব?

কলকাতা থেকে টাকি, টাকি থেকে হাসনাবাদ, হাসনাবাদ থেকে বসিরহাট, বরিসরহাট থেকে বারাসাত, বারাসাত থেকে দমদম, তার পর লবণ হ্রদ, তারপর-? শত শত লোক, বৃদ্ধা বৃদ্ধা, যুবক যুবতী, কিশোর কিশোরী এবং শিশু এই একটি প্রশ্ন মুখে নিয়ে পায়ে পায়ে ঘুরে বেড়াচ্ছে। বিভিন্ন শিবিরে এরা যাচ্ছে, প্রত্যাখ্যাত হচ্ছে, আবার হাঁটছে, হাটছে মাইলের পর মাইল, হাঁটছে দিন রাত। তারপর অনাহারে পথশ্রম, যারা অপেক্ষাকৃত দুর্বল, অবসন্ন তারা বসে পড়ছে পথের ধারে। মরছে।

কলকাতার প্রবেশদ্বারেই, সাহারা আশ্রয় শিবিরের সামনে অস্থিচর্মসার এক বৃদ্ধ একটি ভাঙ্গা বাড়ির হাড় পাঁজর বের করা দেওয়ালে হেলান দিয়ে নিষ্পলক চেয়ে আছেন আশ্রয় শিবিরের দিকে। না, এখন তার কোনও চাহিদা নেই, কারণ তিনি মৃত।

রবিবার কলকাতা ন্যাশনাল মেডিকেল কলেজের কয়েকজন চিকিৎসক ডেকে আমাকে দৃশ্যটা দেখালেন। জানা গেল, ওই বৃদ্ধার পদযাত্রা শুরু হয়েছিল খুলনার এক গ্রাম থেকে, আর যাত্রা শেষ হল এই সাহারায়, কলকাতার দ্বারপ্রান্তে।

এ দৃশ্য আজ পশ্চিমবঙ্গের কোথায় নয়? এরা, এই আর্ত, ক্ষুধিত, সাজানো সংসার থেকে উন্মুলিত লোকগুলো এইরকম দিশাহীন ঘুরছে কেন? মাড়োয়ারি রিলিফ সোসাইটির একজন মুখপাত্র বললেন, কী করব? আমাদের শিবিরগুলোর আর কাউকে আশ্রয় দেবার সামর্থ্য নেই। আমরা তাই নতুন লোককে ফিরিয়ে দিতে বাধ্য হচ্ছি। আবার ঠিক কোথায় পাঠালে যে ওরা আশ্রয় পাবে, তাও জানিনে। তাই আমরা কোথাও পাঠাতেও পারছিনে।

মাড়োয়ারি রিলিফ সোসাইটি বসিরহাট মহকুমার দশটা আশ্রয় শিবির পরিচালনা করেছেন। রবিবার এই দশটা শিবিরে আশ্রয়প্রার্থীর মোট সংখ্যা দাঁড়িয়েছে ২ লক্ষ ৮৮ হাজার ৭৩ জন।

ওঁরা যা হিসেব দিলেন তাতে জানা গেল, হাসনাবাদ শিবিরে ৩৫ হাজার, টাকি সৈন্যের বাগানে ৩০ হাজার, গোলপুকুরে ২৫ হাজার, বসিরহাট মেলাখোলায় ১৫ হাজার, মৈত্র বাগানে ৩৫ হাজার, মোগলপাড়ায় ১৫ হাজার, স্বরূপনগরে ৫০ হাজার, নির্মানে ১৬ হাজার, তেঁতুলিয়ায় ১০ হাজার, কাটিয়াহাটে ১৫ হাজার। একুনে আড়াই লক্ষ। এর উপর আরও ৩৮ হাজার আশ্রয়প্রার্থীর ভার এদের নিতে হয়েছে সরকারের অনুরোধে।

ওঁরা জানালেন, ওঁদের উপর এত চাপ পড়েছে যে, ওদের ব্যবস্থা চাপের চোটে ভেঙ্গে পড়ার উপক্রম হযেছে। ওরা বেশ চিন্তিত। মড়োয়ারি রিলিফ সোসাইটি কয়েকটা নির্ধারিত কেন্দ্র থেকে আশ্রয়প্রার্থীদের মধ্যে সরকারী বরাদ্ধ অনুসারে রেশন বিলি করেন। সরকারের বরাদ্দ দৈনিক মাথাপিছু ৪০০ গ্রাম চাল, ১০০ গ্রাম ডাল, ১৫০ গ্রাম আলু, ১৫০ গ্রাম পিয়াজ, ১৫০ গ্রাম লবণ। আশ্রয়প্রার্থীদের সপ্তাহে ছয় দিনের রেশন দেওয়া হয়। বিতরণের সুবিধার জন্য সোসাইটি নিয়ম করেছেন সপ্তাহে একদিন নির্দিষ্ট এলাকার আশ্রয়প্রার্থীর মধ্যে রেশন দেওয়া হবে। এতে বিশৃঙ্খলা কমেছে কিন্তু মানুষের দুর্দশা কমানো যায়নি। টাকির এক রেশন বিতরণ কেন্দ্রে বিকালের মুখে গিয়ে দেখি হাজার হাজার লোক রেশনের লাইনে দাঁড়িয়ে বৃষ্টিতে ভিজছেন।

মাড়োয়ারি রিলিফ সেসাইটির পক্ষ থেকে এ পর্যন্ত ৫ হাজার পরিবারকে বাসনপত্র দেওয়া হয়েছে এবং এছাড়া অনেককে কাপড় জামা ইত্যাদি। এছাড়া ওরা সীমান্ত অঞ্চলে ৫০ বেডের একটা হাসপাতালও খুলবেন।

বর্ষা শুরু হওয়ার সঙ্গে সঙ্গে তিনটি সমস্যা প্রকট হয়েছে। যথাঃ (১) জ্বালানী, (২) শৌচাগার এবং (৩) পানীয় জল।

সরকার রেশন দেবার মালিক, জ্বালানি দেবার কেউ নয়। ফলে এতদিন আশ্রয়প্রার্থীরা নিজেরাই এপাশ ওপাশ থেকে তা সংগ্রহ করে নিচ্ছিলেন। এদিকে জঙ্গল নেই। অতএব স্থানীয় গৃহস্থদের জিনিসেই হাত পড়ছিল। এবং পশ্চিমবঙ্গের লোক শত অসুবিধা সহ্য করেও শরণার্থীদের সাহায্য করে অতিথিবৎসলতার প্রশংসনীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন। কিন্তু এখন, এই বর্ষায় কী হবে? গৃহস্থরা নিজেরাই তো জ্বালানীর অভিযোগে ভুগবেন। এই অবস্থার পরিপ্রেক্ষিতে সরকারের উচিত অবিলম্বে শরণার্থীদের জন্য জ্বালানীর ব্যবস্থা করা। নাহলে ক্রমে জ্বালানীর অভাবে শরণার্থীদের হাঁড়িই যে চড়বে না, তাই নয়, আইন-শৃঙ্খলাগত শোচনীয় অবস্থারও সৃষ্টি হবে।

রবিবার শিবিরের পর শিবির গিয়ে দেখেছি, ন্যূতম স্বাস্থ্যরক্ষার কোনও ব্যবস্থাই নেই। একে এইসব শিবিরে লোক সংখ্যার তুলনায় পায়খানার সংখ্যা শোচনীয়ভাবে কম, (আবরু রক্ষার প্রশ্ন তুলছিই না) তারপর উপর বৃষ্টির জলে সেগুলো এখন থৈ থৈ, একেবারে অব্যবহার্য হয়ে উঠেছে। মাঠগুলোও ভেসে উঠছে, জেগে আছে শুধু পাকা সড়ক। অতএব কিছুদিন পরে অবস্থা কী দাঁড়াবে, তা সহজেই অনুমেয়। এর পরে দুর্গন্ধে ওদিকে তিষ্ঠানো যাবে না।

এরই সঙ্গে যুক্ত হয়েছে পানীয় জল সরবরাহের সংকট। এমন শিবিরও আছে যার লোকসংখ্যা ১৫ হাজারেরও উপর, কিন্তু মাত্র একটি টিউবওয়েল কাজ করছে। বাকিগুলো বিকল। পরিশ্রুত পানীয় জলের অভাব, শিবিরে সাধারণ স্বাস্থ্যবিধি রক্ষার অব্যবস্থা মারাত্মক সব রোগের সৃষ্টি করতে এবং সকলের জীবন বিপন্ন করে তুলবে।

ন্যাশনাল মেডিকেল কলেজের কয়েকজন চিকিৎসক গত কয়েকদিন ধরে যাহারা শিবিরে দল বেঁধে আসছেন এবং প্রাণপণে চেষ্টা করছেন। সেবা করতে দেখে ভাল লাগল। ওদের মধ্যে দু'জন, ডঃ বিমল বসু এবং ডঃ নন্দ সরকার জানালেন। সাহারা শিবিরে (কাশী বিশ্বনাথ সেবা সমিতি শিবির পরিচালনা করছেন) গত সপ্তাহ থেকে তারা মহামারীর আকারে যে উদরাময়, চোখের রোগ, ব্রংকাইটিস, বসন্ত, হাম, এমনকি যক্ষ্মা রোগ দেখা দিয়েছে, তার চিকিৎসা করছেন। তারা রেডক্রস, ক্যালকাটা কেমিক্যালস, হাওড়া লায়নস ক্লাব, দেজ মেডিক্যাল, ষ্ট্যাডমেড, ইস্ট ইনডিয়া ফারমাসিউটিক্যালস প্রভৃতি সংস্থার কাছ থেকে কিছু ওষুধপত্র পেয়েছেন তবে তাতে প্রয়োজন মিটছে না। সরকারের কাছে আবেদন নিবেদন করেও এ পর্যন্ত তারা কোনও সাহায্য পাননি। সময়মত সাহায্য পেলে তারা অনেক জীবন বাঁচাতে পারতেন।

বর্ষা শুরু হতে না হতেই সমস্যার তীব্রতা এবং ব্যাপকতা এইভাবে বেড়ে চলেছে। যার পরিণতি লক্ষ লক্ষ ঘরছাড়া শরণার্থীদের ঠেলে নিয়ে চলেছে একটি মাত্র লক্ষে মৃত্যুর দুয়ারে।

এর বিকল্প কী? বিভিন্ন শরণার্থীকে সারাদিন ধরে জিজ্ঞাসা করেছি। ওরা বলেছে দেশে ফিরে যাওয়া। ওরা বলেছে, আমরা ঘরে ফিরতে প্রস্তুত, আপনারা আমাদের নিরাপত্তার ব্যবস্থা করে দিন।

নিরাপত্তার ব্যবস্থা বলতে কী বোঝতে চান? কী চান আপনারা? রামপালের ছাত্র কালিদাস রায়, শিক্ষক বিকাশ চন্দ্র সরদার, গ্রামের মাতববর বিজয়কৃষ্ণ মন্ডল- সারাদিন তারা রেশন নেয়ার জন্য লাইনে দাঁড়িয়ে আছেন, সারাদিন ধরে বৃষ্টিতে ভিজছেন, ক্লান্ত তারা, অবসন্ন একবাক্যে বললেন, মুজিবের সরকার, একমাত্র মুজিবের সরকার হলেই বাংলাদেশ স্বাধীন হলেই আমরা নিরাপদ হব। ঘরে ফিরে যাব।''

এর জন্য প্রয়োজেন তারা অস্ত্র ধরবেন। যদি তাদের এ কাজে লাগানো হয়, তবে এই দন্ডেই তারা রেশনের লাইন ছেড়ে চলে যাবেন। প্রাণ বলি দিতে তারা প্রস্তুত।

প্রশ্ন এই, এ ব্যবস্থা কে করবেন? আগে করা হবে কি? হলে এই তো সময়, কেননা জীবণীশক্তি কিছু এখনও অবশিষ্ট আছে। যত দেরি হবে, মৃতের স্তূপে ভারত ততই ভরে যাবে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩২১। চিকিৎসা সামগ্রী প্রেরণের জন্য জরুরি বিমান	হিন্দুস্তান স্টান্ডার্ড	৮ জুন, ১৯৭১

"HINDUSTAN STANDARD, JUNE 8, 1971

EMERGENCY AIRLIFE OE MEDICAL SUPPLIES

Geneva: June 7. - The world Health Organization (WHO) announced today an emergency airlift of medical supplies t6 India to, help fight the cholera epidemic among refugees from East Bengal, " report foreign and Indian news agencies.

An initial load of 2-i tons of vaccine and other supplies left Geneva at the weekend, WHO said. The total airlift schedule is for 30 to 40 tons of material a week for the next 8 to 10 weeks, it said.

According to the BBC, WHO has, in a statement' from Geneva says that "3,000 East Pakistani refugees in India have died so far of cholera and gastroenteritis". The report adds that 10,000 refugees have been affected.

The Director General of the U.N. Food and Agriculture organization said today the 121-nation body could not fully meet requests for emergency food aid for Pakistan and India. Mr. Addeke H. Boerma of the Netherlands said the requests were "beyond the resources of FAO.

Britain, today began organizing a massive airlift of medicine and food supplies for the East Bengal cholera victims in India. RAF planes will be leaving immediately with free supplies of cholera vaccine syringes and other material, to combat the cholera epidemic raging among the East Bengal refugees.

The Foreign' Office said this was in addition to the £1 million already contributed to the U.N. appeal fund and 750,000 worth of food aid announced yesterday.

The first of four RAF planes is due to arrive in Calcutta early on Tuesday bringing these supplies Equipment from War on Want for a mobile hospital will be flown in on Tuesday together with 6 tons of medical supplies from OXFAM. Charities personnel and doctors and nurses are expected on Wednesday.

The Japanese Government tonight decided to contribute $3 million in aid for the relief of East Bengal refugees In India. The amount would be used for purchasing rice from Japan. The Japanese gesture is in response to an appeal by the Prime Minister Mrs. Indira Gandhi.

President Ferdinand Marcos said today the Philippine Foreign Ministry was studying a letter from Mrs. Gandhi on the problem of millions of East Bengal refugees in India.

The West German Red Cross said today it is sending a relief consignment of 1.000 tents, 15 tons of baby food, medical supplies and eating utensils valued at 13,000 marks (about £35,630) to Calcutta by air tomorrow for the East Pakistan refugees.

Air India today brought in Calcutta 236 packages of relief materials containing

Cholera vaccines, syringes medicines and powder milk for the Bangladesh evacuees. The consignment, of milk powder came Australia while the other materials were from the USA it is learnt.

A UNICEF chartered Boeing 707 flight from Copenhagen will arrive tomorrow afternoon at Calcutta airport with 32 tons of emergency medical supplies for East Bengal refugees. The medical supplies include drugs, adhesive plaster, gauze bandages, syringes and needles.

শিরোনাম	সূত্র	তারিখ
৩২২। আই,পি, আই বৈঠকে বাংলাদেশ প্রশ্ন উঠতে পারে	হিন্দুস্তান স্টান্ডার্ড	৮ জুন, ১৯৭১

HINDUSTAN STANDARD, JUNE 8. 1971

BANG LA ISSUE MAY COME UP BEFORE IPI ASSEMBLY

From Tarapadu Basil

Helsinki, June 7. - Though it appears that the Singapore Press affair will dominate the 20th International Press Institute's General Assembly, which started this morning, there is no doubt that Indo-Pakistani relations over the present situation in East Bengal will also come up as they have already been talked about informally by delegates and others after the long dispatches with distressing pictures published in the Sunday Times yesterday and the arrival here of Indian and Pakistani delegations.

The opening ceremony denoted the significance of this annual gathering of publishers and others, which provides exchange of views and takes notes on the present situation of mass media outside the Communist countries. The Prime Minister, Mr. Alui Karjalaninen of Finland, who is also the acting President of the country gave the opening speech.

Prime Minister Lee Kuan Yew of Singapore is due to speak on June 9 on "the mass media as seen by the world policy makers" and animated discussions arc expected as a large section of delegates is already critical of his action.

Mr. Asoke Kumar Sarkar and other Indian delegates have been repeatedly asked in informal talks of the present state of affairs of Indo-Pakistani relations and Bangladesh.

IPI circles generally seem convinced on two points; (1) that a reign of terror exists in East Bengal forcing refugees to take shelters in India, and (2) they will not return to East Bengal so long she remains in control of the Pakistani armed forces.

It is gathered that some Pakistani delegates are planning to charge the Indian Press alleging that they have been largely responsible for the present situation in East Bengal. Such an attempt will not go unchallenged not only by the Indian Press delegates but also by others who like the reporters of the Sunday Times have no doubt that the Yahya Khan military regime is solely responsible for what has happened.

Reports on Foreign Ministers, Mr. Swaran Singh's arrival yesterday in Moscow and his proposed visits to Bonn, Paris, Ottawa, Washington and London have been published here and mentioned on television programme in Helsinki and other Scandinavian capitals. The seriousness of the situation in East Bengal is gradually realized abroad. So the likely attempt by some Pakistani Press representatives at the IPI General Assembly is obviously intended to mislead the world Press and divert their attention from Fast Bengal. Some delegates have already been poisoned by Pakistani propaganda Some members of the Pakistani Press have also privately admitted that their attempt here may prove abortive. If the private talks do not convince the Pakistanis not to make such an attempt they will be responsible for the consequences at the General Assembly.

শিরোনাম	সূত্র	তারিখ
৩২০। বাংলাদেশের রাজনৈতিক সমাধান	কালান্তর	৮ জুন, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশের রাজনৈতিক সমাধান

বাংলাদেশের সমস্যার একটা সমাধান রাজনীতিক সমাধান হোক এ ইচ্ছা পৃথিবীর কোন কোন রাষ্ট্র এবং রাষ্ট্রনায়করা প্রকাশ করেছেন। ভারতের প্রধানমন্ত্রীও বিভিন্ন বক্তৃতায় এর একটা শান্তিপূর্ণ সমাধানের কামনা ব্যক্ত করেছেন। সীমান্ত গান্ধী খান আবদুল গফফার খান মীমাংসায় পৌঁছানোর জন্য পশ্চিম পকিস্তানের জঙ্গীশাহী ও বাংলাদেশের নেতাদের মধ্যে মধ্যস্থতার প্রস্তাবও করেছিলেন। পকিস্তানের জঙ্গীশাহী মেনে না নেওয়ার ঐ প্রস্তাবের অপমৃত্যু ঘটেছে । তা সত্ত্বেও পকিস্থানের নজীরবিহীন ঘটনার কোন রাজনীতিক সমাধান সম্ভব কিনা এ নিয়ে বিভিন্ন মহলে আজও গবেষণার শেষ নেই। রবিবার স্বাধীন বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলাম এক বেতার ভাষণে এই সমাধানের ভিত্তি সম্পর্কে ঐ সরকারের মনোভাব ব্যক্ত করেছেন।

এ পর্যন্ত যারাই রাজনীতিক সমাধানের কথা ভেবেছেন তারা প্রত্যেকেই পাকিস্তানের ঐক্য অক্ষুণ্ণ রেখে সমাধানের কথা হয়ত চিন্তা করছিলেন। বাঙ্গালাদেশের অস্থায়ী রাষ্ট্রপ্রধান তাদের এই চিন্তাকে অবান্তর এবং ভ্রান্ত বলে উল্লেখ করেছেন। ‘‘লাখো শহীদের রক্তে ঐক্যবদ্ধ পাকিস্তান মরে গেছে, তাকে আর বাঁচানো যাবে না’’। সৈয়দ নজরুল ইসলামের এই মর্মান্তিক উক্তির মধ্যে থেকে ভাবপ্রবণতার প্রাবল্য থাকতে পারে কিন্তু এটাই আজ বাংলাদেশের কাছে বস্তব ঘটনা । একই রাষ্টের মধ্যে থেকে যে পূর্ববাংলা ভৌগোলিক দিক থেকে বিচ্ছিন্ন ছিল জঙ্গী রাষ্ট্র নায়করা শহীদের রক্তের নদী সৃষ্টি করে সবদিক থেকে তাকেই আজ সম্পূর্ণ পৃথক করে দিয়েছে। একে গোঁজামিল দিয়ে ঐক্যবদ্ধ রাখার কোন প্রয়াসই আর সফল হতে পারে না। অস্থায়ী রাষ্ট্রপ্রধান অত্যান্ত দৃঢ়তার সঙ্গে এবং সুস্পষ্ট ভাষায় সেই ঘোষণা করেছেন।

স্বাধীন বাংলাদেশকে ভিত্তি করে সৈয়দ নজরুল ইসলাম সমস্যার সমাধানের যে চারটি পূর্ব শর্ত দিয়েছেন তার কোন একটিকে বাদ দিয়ে বাংলাদেশের সমস্যার সমাধান করা যায় না। মুজিবুর রহমান সমেত অন্যান্য গণপ্রতিনিধিদের মুক্তি , হানাদার বাহিনীর বাংলাদেশ ত্যাগ, স্বাধীন, গনপ্রজাতন্ত্রী সরকারের স্বীকৃতি এবং বাংলাদেশের ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ ছাড়া বাংলাদেশে কোন শান্তি প্রতিষ্ঠার চিন্তা প্রকৃতই অবাস্তব।

এই উপমহাদেশে বাংলাদেশের মুক্তিযোদ্ধারা এবং সংগ্রামী জনসাধারণ স্বাধিকারও স্বায়ত্বশাসনের জন্যে যে আন্দোলন শুরু করেছিলেন পশ্চিম পাকিস্তানের একচেটিয়া পুঁজি, সামন্ততান্ত্রিক স্বার্থ এবং সামরিক জুণ্টার মিলিত আক্রমণ তাকে রক্তের বন্যায় ডুবিয়ে দিতে চেয়েছিলো। বর্ষার প্রবল জলরাশিকে শুধু বাঁধ দিয়ে ঠেকানো যায় না। তার অবাধ প্রবাহের পথ করে না দিলে সে বাঁধ ভাঙ্গে। ইয়হিয়ার বর্বর সৈন্যদের নিষ্ঠুরতা সেই বাঁধ আজ বাংলাদেশের জনতা ভেঙ্গে গুঁড়িয়ে এগিয়ে চলেছে। স্বাধিকার থেকে স্বাধীনতা, স্বায়ত্ত শাসন থেকে সার্বভৌমত্ব, পশ্চিমী পুঁজির নাগ পাশের বাঁধন শিথিল নয়; একেবারে ছিন্ন করার শপথে বাংলাদেশের জনতা আজ সোচ্চার হয়ে উঠেছেন। জনতার সেই দুরন্ত আবেগকেই সমাধানের শর্তরূপে বিশ্বের রাষ্ট্রনায়কদের কাছে হাজির করেছেন বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপ্রধান।

বাংলাদেশের সমস্যা অনেকদিন আগেই পাকিস্তান রাষ্টের ‘‘অভ্যন্তরীণ বিষয়’’- এর গন্ডী ছাড়িয়েছে। একটা সামরিক চক্রকে সামনে রেখে বাঙালী জাতিকে (ধর্মের ভিত্তিতে নয়) এবং বাংলাদেশকে পশ্চিম পাকিস্থানের ঐ একচেটিয়া পুঁজির ঔপনিবেশিক শোষণের ক্ষেত্র হিসেবে ব্যবহার করার নীতি যেদিন থেকে গ্রহণ করা হয়েছে সেদিন থেকেই বাঙ্গলী জাতির স্বাধিকার ও আত্মনিয়ন্ত্রণের সংগ্রাম ঘরোয়া আন্দোলনের সীমা অতিক্রম করেছে।

আজ বাংলাদেশের স্বাধীনতা রক্ষার সংগ্রামের সঙ্গে পরাধীন জাতিগুলির মুক্তির আন্দোলন প্রায় একাকার হয়ে গেছে। বাঙলাদেশের কোন সামাধানের কথা যারা চিন্তা করছেন তাদের দৃষ্টি যেন বাঙ্গালী জাতির মুক্তি আন্দোলনের এই দিকটা থেকে সরে না যায়-সৈয়দ নজরুল ইসলাম সেই জন্যই তাঁর সরাকারের পক্ষ থেকে ঐ পূর্ব শর্তগুলি আরোপ করেছেন।

একটা স্থায়ী রাজনীতিক সমাধানের জন্য বাংলাদেশের বাঙালীরা ত প্রয়োজনের তুলনায় অনে বেশি দাম দিয়েছেন। চার পাঁচ লক্ষ বাঙালী রক্ত ঢেলেছেন, অর্থ কোটি নর-নারী-শিশু সর্বস্ব ত্যাগ করে দেশের মাটির বাইরে দাঁড়িয়ে শত্রুকে ধিক্কার দিচ্ছেন -যদি প্রয়োজন হয় আরও মূল্য দিতে তাঁরা প্রস্তুত কিন্তু বিনিময়ে তাঁরা চান মুক্তি, স্বাধীনতা। বাংলাদেশের স্থায়ী রাজনীতিক সমাধান মাত্র ঐ একটিই। বাংলাদেশ সরকার অবিচল নিষ্ঠার সঙ্গে একমাত্র শর্তই আরোপ করেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩২৪। কলকাতার দূতাবাসগুলিতে বদলী ও নতুন নিয়োগের হিড়িক, কারণ রাজনৈতিক?	দর্পণ	১১ জুন, ১৯৭১

কলকাতার দূতাবাসগুলিতে বদলী ও নতুন নিয়োগের হিড়িক কারণ রাজনৈতিক?

(দর্পণ সংবাদদাতা)

হঠাৎ কি যেন একটা ঘটেছে বা ঘটতে যাচ্ছে। মার্কিন রাষ্ট্রদূত ছুটে কলকাতা এলেন। দূতাবাসে দূতাবাসে গুঞ্জন,ফিসফিসানী। বাংলাদেশ? ভারত -পাকিস্তান যুদ্ধ? পঞ্চাশ লক্ষ নবাগত শরণার্থীর চাপ? পশ্চিমবঙ্গে ধূমায়িত অসন্তোষ?

এলেন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধি। " যুদ্ধ না শান্তি- প্রধান প্রশ্ন প্রধানমন্ত্রীকে?

খবর নয়, খবর তৈরী করার চেষ্টাও আনন্দবাজারের কল্যাণে খবর হয়ে উঠলো। খবরের কাগজ পুরোপরি "দাবীদিবসের" হ্যান্ডবিল হয়ে উঠেছে।

তাই বোধ হয় দূতাবাসের অফিসগুলোতে বদলীর পালা চলেছে। সোভিয়েত, মার্কিন, পশ্চিম জার্মানী, পূর্ব জার্মানী, উত্তর কোরিয়া, ইন্দোনেশিয়া, ফ্রান্স এবং মধ্য এশিয়ার কয়েকটি দেশ নিয়ে প্রায় সবকটি দেশের কলাকাতা দূতাবাসে নতুন নতুন লোকের আমদানী হচ্ছে।

সবাই জানেন (সেলার ও কানের সোভিয়েতবিরোধী চক্রান্তের ইতিহাস, রবিন্স, সিডনী রিলিদের পরিচয় আজ অনেকেরই অজানা নেই) যে বৈদেশিক দূতাবাসে সংস্কৃতি , বার্তা বিভাগ, সাহায্য বিনিময় বিভাগ ও রেডক্রস জাতীয় প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত কর্মচারীদের অনেকেই স্ব স্ব দেশের রাজনৈতিক গুপ্তচরের কাজ নিয়ে আসেন।

সুতরাং হঠাৎ কলকাতার দূতাবাসগুলির এই সব বিভাগের প্রধানদের পাইকারী বদলী এবং নতুন লোকের আগমন ওয়াকিবহাল মহলে বিস্ময় ও ঔৎসুক্যের সৃষ্টি করেছে।

পশ্চিমবঙ্গে হত্যা খুনোখুনির রাজনীতি আমদানী এবং তা অবলীলাক্রমে বিনা বাধায় চালিয়ে যাওয়ার পেছনে বৈদেশিক যে গুপ্তচর চক্র সক্রিয় তার মধ্যে পৃথিবীর দুটি বৃহত্তম শক্তি নাকি অবতীর্ণ। আটষট্টি সাল মার্কিন গুপ্তচর বিভাগের বড় কর্তারা লালবাজারে পর্যন্ত ঘুরে গিয়েছেন।....

তাই এবার ছোট ছোট রাজনৈতিক দল এবং বিচ্ছিন্ন , হাতাশাগ্রস্ত রাজনৈতিক সম্পর্কযুক্ত লোক দিয়ে ঘটনাগুলোর নতুন আবরণ সৃষ্টি করা দরকার। আমরা দেখেছি উনিশশো আঠারো-তেইশ সালের সোভিয়েত দেশেও বিভিন্ন বিপ্লব বিরোধী ও প্রতিবিপ্লবী ছোট ছোট রাজনৈতিক দলগুলিকে বৃটিশ, ফ্রান্স, মার্কিন গোয়েন্দা চক্র শিশু সোভিয়েত রাষ্ট্র ও প্রায় অনভিজ্ঞ বলশেভিক পার্টির ধ্বংস করার চক্রান্তে নিযুক্ত করতে পেরেছিল।

ভারতবর্ষের ওপর সোভিয়েত এবং মার্কিন খবরদারী প্রায় সমান। বর্তমান সোভিয়েত রাষ্ট্রও পুরোপুরি রেনিনের স্তালিনের আদর্শ মেনে চলে না। বরং দুনিয়ার ভাগবাটোয়ারায় তারা মার্কিনীদের প্রতিদ্বন্দ্বী এবং বোঝাপড়ায় আগ্রহী মিত্রও বটে।

ইন্দিরা সরকারের প্রতি সোভিয়েত মার্কিন যতখানি অনাগ্রহশীল, পাকিস্তানের ইয়াহিয়া খানের প্রাতিও তাঁরা অন্তত: ততখানিই সদয়। বৃটেন, ফ্রান্স পশ্চিম ও পূর্ব জার্মানী, কোরিয়া প্রভৃতি কমবেশী এই দুটি বৃহত্তম শক্তিরই অনুসরণকারী মাত্র যদিও তাদের নিজ নিজ দেশের বিশেষ স্বার্থও তারা দেখেন।.....

পশ্চিমবঙ্গে বিভিন্ন দেশের কূটনীতিক তৎপরতা বড় বেশি রকম দৃষ্টিকটুভাবে শুরু হয়েছে। এই কলকাতা শহরে আনাগোনা, ব্যস্ততা, সংবাদ চয়নেন নানা অলিগলিতে ভীড় জমে উঠেছে। ছোট ছোট রাজনৈতিকদের, দলছুট রাজনৈতিক ব্যাক্তি ও খবরের কাগজের লোকদের দিকে নজর রাখলেই ডালহৌসী আর লালবাজার থেকে উড ষ্ট্রিট হ্যারিংটন ষ্ট্রিটের আনাগোনা ব্যস্ততা চোখে পড়বে। চোখ কান খোলা রাখলে সুতারকিনী-মার্কিনী এবং বাগবাজারের দু'চারটে বৈষ্ণব বাবাজীর দেখাও এখানে মিলে যাবে।

তাতেই অপনার মনে হবে কি যেন ঘটছে বা ঘটতে যাচ্ছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩২৫। সাহায্যদাতাদের প্রতি বাংলাদেশের আবেদন	টাইমস অফ ইন্ডিয়া	১২ জুন, ১৯৭১

THE TIMES OF INDIA, JUNE 12, 1971

BANGLADESH PLEA TO THOSE GIVING RELIEF

"The Times of India" News Service

New Delhi, June 11. Mr. M.A. Samad roving ambassador of Bangladesh today urged the world community to ensure that the relief it was providing for the suffering millions in Bangladesh reached the people rather than the West Pakistani war machine. In a statement here he said that the only effective way of doing this was to channelize the relief supplies through the Bangladesh Government which commands the full confidence and unqualified allegiance of the people.

If this course of action was not acceptable to the relief-givers supplies should be distributed by international organizations themselves or by neutral countries. Mr. Samad again appealed to U Thant, the U.N. Secretary General to allow the Bangladesh representatives to place their case before the U.N., particularly the Security Council.

He was concerned over the failure of the international community to do anything particular for the people inside Bangladesh who were being ruthlessly massacred, maimed and uprooted from their hearths and homes by the occupation force of Gen. Yahya Khan. "The world should not sit idle when democracy is chained and throttled in Bangladesh."

All Governments and the U.N. should use sanctions against Islamabad to end genocide and planned starvation of the people of Bangladesh, secure immediate withdrawal of the occupation army from Bangladesh and bring about the release of Sheikh Mujibur Rahman.

Mr. Samad, who recently attended the Budapest peace conference and visited several European capitals, said that according to the information with his Government people in Bangladesh were dying in large numbers of famine and epidemics. The monsoon was adding to their misery as the occupation army had made many of them homeless. The bulk of relief supplies the Islamabad Government had received for the victims of the cyclone of November last are being used by the West Pakistani army to massacre the innocent and unarmed people of Bangladesh."

The West Pakistani troops must be withdrawn from cantonments to ensure effective distribution of relief.

Mr. Samad was confident that the international community which was aware of Islamabad's perfidy would compel Gen. Yahya Khan to allow proper distribution of relief.

শিরোনাম	সূত্র	তারিখ
৩২৬। ভারত ডুবতে বসেছে	কম্পাস	১২ জুন, ১৯৭১

সম্পাদকীয়

ভারত ডুবতে বসেছে

কত দ্রুত গতিতে ভারতের অর্থনীতি সমাজ ও রাজনীতি গভীর সঙ্কটের মধ্যে ঢুকে যাচ্ছে। পাকিস্তান ও বাংলাদেশের সমস্যা নিয়ে, তা আজও কূপমুন্ডূক ভারতীয়দের চেতনাতে আসেনি। ভারত সরকারের সত্যিই কোন নীতি আছে কি না সন্দেহ। অবস্থার চাপে পড়ে ব্যবস্থা করা যাবে, এর চেয়ে পরিস্কার কোন দৃষ্টি তাদের ছিল না। কিন্তু অবস্থা যা ঘনিয়ে উঠেছে তাদের এখন এই নেতৃত্ব হাবুডুবু খাবে মাত্র। নেতৃত্ব হাবুডুবু খাক বা যাক সেটা সবচেয়ে বড় কথা নয়, সবচেয়ে ভাবনার বিষয় হলো এই যে এবারে বুঝি ভারতই (এঁদেরই হাতে অবশ্য) ডুবতে বসেছে।

বাংলাদেশে অনতিবিলম্বে ইয়াহিয়া বর্ষার জলকাদায় ও অর্থনৈতিক বিপর্যয়ে ডুবে যাবে, এ জাতীয় অতি সরল হিসেবে মূর্খতার সাফাল্য থেকেই অমন সহজাত স্ট্রাটেজী রূপে এদেশে চালু হয়েছে। দিতে পাকিস্তানের এক কোটি করে নাকি টাকা খরচ হচ্ছে, কিন্তু এক শরণার্থীদের ভাত কাপড় দিতেই কি ভারতের সৈনিক দুই কোটি টাকার ব্যবস্থা করতে হবে না? এখন স্বীকার করা হচ্ছে যে ইতিমধ্যেই শরণার্থীর সংখ্যা পঞ্চাশ লক্ষ্যে দাঁড়িয়েছে। আর শরণার্থীর আগমনী স্রোত সহসা দ্বিগুণ বেগে বৃদ্ধি পাচ্ছে। মাঝখানে কয়েকদিনের জন্য এই স্রোতটা কিছু কম ছিল। অমনি কর্তৃপক্ষ যেন একটু আশ্বস্ত বোধ করছিল। কিনউত হায় আজ কয়েকদিন ধরে এই দৈনিক গড়ের হার লক্ষাধিক হয়েছে। কেউ বলেছেন এক লক্ষ, কেউ বলেছেন এক লক্ষ বিশ হাজার করে দৈনিক এই আমদানী।

আসলে এই জনস্রোতের বৃদ্ধিটা বুঝতে হবে বাংলাদেশের ভিতরকার অবস্থা থেকে। পাকবাহিনীর আক্রমণের মুখে শহর বন্দর ছেড়ে বহু লোক প্রথমেই ভারতের দিকে ছুটে আসেনি, তারা দূর দূর গ্রামে গিয়ে আশ্রয় নেয়। এদিকে মুক্তিফৌজ পাকসামরিক বাহিনীর আক্রমণের উত্তরোত্তর বৃদ্ধির সাথে সাথে ভারতের সীমান্তের দিকে চলে আসতে বাধ্য হয়, ভিতরকার প্রতিরোধ ভেঙ্গে পড়ে, জনসাধারণের উপর নির্মম অত্যাচার ও হত্যার বিভীষিকা ও তান্ডব সৃষ্টি করা হয়, রাস্তার ধারে ধারে গ্রামগুলি জ্বালিয়ে পুড়িয়ে দেওয়া হয়। সীমান্ত বরাবর পাক বাহিনীর অগ্রগতির ফলে প্রথমটায় সীমান্ত বরাবর জেলাগুলি থেকেই ভারতে লক্ষ লক্ষ শরণার্থী প্রাণ ভয়ে এক বস্ত্রে চলে আসতে থাকে- রাত্রির অন্ধকারে সীমান্ত পার হতে থাকে। কিন্তু বাংলাদেশের ভিতরকার জেলাগুলি থেকে প্রথমে অত শরণার্থীর স্রোত সৃষ্টি হয়নি। তারা অপেক্ষা করছিল দেখতে শেষ পর্যন্ত কী হয়। শেষ পর্যন্ত কিছুই হলো না, ভারত প্রত্যক্ষভাবে হস্তক্ষেপ করলোই না, বলে মৌখিক আশ্বাস দিতে ছাড়ে না। এদিক পাক নির্যাতন উৎপীড়ন ও নিধন যন্ত্রের নিষ্পেষণ পূর্ববাংলার দূরতম পল্লীতেও গুন্ডাশ্রেণীর লোকদের সহায়তায় বিস্তৃত হলে লাগলো। এখন তো আর থাকা যায় না, এই প্রত্যয় ও ভয় দৃঢ় হবার সাথে যে যেখান থেকে পারে, যত দূর থেকেই হোক, সীমান্তের দিকেচলতে শুরু করলে। গোটা বাংলাদেশ দেশত্যাগ করতে শুরু করেছে এবার।

এবার বরিশাল, ফরিদপুর, ঢাকা প্রভৃতি দূরবর্তী জেলার গ্রাম থেকে লক্ষ লক্ষ নরনারী, শিশু ভারতের দিকে ক্রমবর্ধমান স্রোত ধারায় আসছে। দৈনিক গড় তাই লক্ষাধিক হয়েছে।

প্রথমে যারা নিকটবর্তী অঞ্চল থেকে এসেছিল, তারা অন্তত শক্ত সমর্থন দেহগুলি হেঁটে হোক, ট্রাকে, গাড়ীতে, নৌকাতে, রিক্সাতে এসে পৌঁছতে পেরেছিল, এবং যতটা আশ্রয় শিবির তৈরী ছিল তাতে এসে মাথা গুঁজতে পেরেছিল। আজ যারা আসছে, বহু দূর দূর প্রান্ত থেকে ২/৩ সপ্তাহ ধরে পায়ে হেঁটে অর্ধভূক্ত অভক্ষ্যদ্রব্য খেতে খেতে, ক্লান্ত শ্রান্ত অবসন্নন দেহে এসে পড়েছে, তাদের ক্লিন্ন, অবসন্ন, শূন্যদৃষ্টি চেহারাগুলি দেখতে পারা

যায় না, মন বিষন্ন হয়ে যায়। তাদের পশুবৎ জীবন অবর্ণনীয় দুঃখে শোকে ভয়ে ক্লান্তিতে একদম ভেঙ্গে পড়েছে। কে তাদের আজ মনে বল দেয়, কে তাদের আজ বোঝাতে পারে যে তাদের ভবিষ্যৎ আছে, দেশ আছে কোথাও? 'বাংলাদেশ'- সে আজ কোথায় কতদূরে? বুঝি মৃত্যুর অপর পারে।

এদিকে কলেরা মহামারীরূপে উপস্থিত! হাজার করেক প্রাণ ইতিমধ্যেই তার শিকার হয়েছে। হু হু করে এর সংক্রমণ আগুণের মত ছড়িয়ে পড়ছে। সমস্ত শরণার্থী ও পার্শ্ববর্তী গ্রাম ও জনপদবাসীরা ভায়ানক এক আতঙ্কগ্রস্ত -এই শীতল মৃত্যু গুলীগোলার মৃত্যুর চেয়ে অনেক বেশী ভয়াবহ ত্রাস সৃষ্টি করছে। কলেরা নিয়েই অনেক শরণার্থী ঢুকছে, কেননা অভুক্ত অবস্থায় যা তা খেয়েছে, বিষাক্ত জল পান করেছে, নদী নালা বিলে মৃতদেহগুলি পচছে, ভাসছে- সেই জলই খেতে হয়েছে। আর এপারেও যে স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনা, বিশুদ্ধ পানীয় ও খাদ্য মিলছে, তাও তো খুবই কম ছিল। এখানেও কলেরা মাহামারী, বসন্ত প্রভৃতি রোগের ক্ষেত্র তৈরী ছিল। আজ মৃতদেহ এখানেও সৎকারের কোন ব্যবস্থা নেই, এমনকি মাটিতে কবর দেবার জন্য যথেষ্ট কোদাল পর্যন্ত নেই। জীবিতদের দায়িত্বই কেউ নিতে নই, মৃতদেহের দায়িত্ব নেবে কে, বিশেষ করে সংক্রামক রোগে মৃত ব্যাক্তিদের? ফলে এখানেও নদীতে মৃতদেহ নিক্ষেপ করা ছাড়া উপায় নেই।

সীমান্ত- বিশেষ করে ২৪ পরগণা, নদীয়া, মুর্শিদাবাদে যে সব শিবির করা হয়েছিল সেগুলির স্থান নির্ণয়ে কোন দূরদৃষ্টি ছিল না, মনে করা হয়েছিল দুদিনের তো ব্যাপার, বাংলাদেশ শীঘ্রই মুক্ত হয়ে যাচ্ছে, ভারত সরকার নিশ্চয়ই শেষ পর্যন্ত হাত লাগাবে (নইলে এত সৈন্য সামন্ত এধার ওধার করছে কেন! আসবে সৈন্যরা নিস্ক্রিয় নয়, এমনি একটি ভয় দেখাতে ভাণ করছিল মাত্র কিন্তু ইয়াহিয়া খান আমাদের এই ভানটা ধরে ফেলে- তার যা করার তা করেই যাচ্ছে। কোন দিকে ভ্রূক্ষেপ না করে)। তাই যেখানে সেখানে শিবির করা হয়, যার প্রায় সবগুলিই খোলা মাঠের নীচু জমিতে। এদিকে বর্ষা এসে গেছে। ক্যাম্পগুলির অধিকাংশই জলে ডুবে যাবে শীঘ্রই! কী বীভৎস নোংরা অমানুষিক অবস্থায় পড়বে এই হতভাগ্য মানুষগুলি! মহামারী ও মৃত্যুর মহা ভোজ উপস্থিত।

এদিকে নতুন করে লক্ষ লক্ষ শরণার্থী আসতে শুরু করেছে। সীমান্তের শিবিরে মাথা গুঁজবার কোন ঠাঁই নেই। তাদের সংখ্যা গুনবার জন্যও কোন লোক নেই। পশ্চিম বঙ্গের পুনর্বাসন ব্যবস্থা শক্তির বাইরে চলে গেছে। সমগ্র প্রশাসন ব্যাবস্থা ভেঙ্গে পড়েছে। ডাক্তার নেই, সেবক নেই, নার্স নেই, এত স্বেচ্ছাসেবক নেই কোন স্বেচ্ছাসেবক সংস্থার এর কোন কূল কিনারা করতে পারে। শরণার্থীরা ক্ষুধায়, অনাহারে, মহামারীর ভয়ে হাজারে হাজারে কোলকাতার দিকে অগ্রসর হচ্ছে। এ এক অদ্ভুত মার্চ, পৃথিবীতে যা কেউ কোথাও দেখেনি। প্রাণ ভয়ে ভীত লক্ষ পশুবৎ মানুষের মার্চ। কোকাতাবাসীরা এবারে আতঙ্কিত, তাদের সুখের নীড় (যদি কিছু সেখানে আজও থেকে থাকে) বুঝি এই আর্ত মানুষদের বন্যায় ও সামাজিক ঝড়ে ভেঙ্গেচুরে যায়। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও অন্য কেউ কেউ সন্দেহ প্রকাশ করছেন বুঝি তা তাদের মন্ত্রীত্ব খতম করার জন্য কোন রাজনৈতিক মতলববাজ দল শরণার্থীদের কোলকাতায় আসতে পথ দেখিয়েছে। কী অদ্ভুত আত্নপ্রতারণা। তাদের মন্ত্রীত্ব তারা এমনিতেই রাখতে পারবেন আর কতদিন সে সন্দেহ তাদের নিজেদেরই আছে। কেন আবার একটা মিথ্যা অভিসন্ধি আরোপ করা! অন্যরা এই শরণার্থীদের ক্রমবর্ধমান স্রোতকে নিজেদের রাজনীতির স্বার্থে লাগাচ্ছে, না এঁরাই লাগাতে চাইছে ! কিন্তু হায়, এতে কোন দলেরই কোন রাজনীতি হবে না, কোন লাভ হবে না- গোটা দেশের সব রাজনীতিই এই আর্তজনপ্লাবনে ডুবে যাবে, যাচ্ছেও।

পাকিস্তানের সঙ্গে গোপন ষড়যন্ত্রে লিপ্ত সন্দেহে কতিপয় নেতৃস্থানীয় লোকদের ধরা হয়েছে। জানি না এই অভিযোগ কতটা সত্য। পাকিস্তানী চর গুপ্তাভাবে নানাদিকে কাজ করছে, করবে এতে আর আশ্চর্য কি, তার জন্য যাকে পাও, দোষী বলে জানো ধরো, বিচার করো। কিন্তু আজ তো পাকিস্তান শুধু গোপন ষড়যন্ত্র করছে না, খোলা ষড়যন্ত্র করে কোটিখানেক লোক বারতের ঘাড়ে ফেলে দিচ্ছে- এই অঘোষিত যুদ্ধের জন্য ভারত সরকার অথবা রাজ্যসরকারগুলি কী করছেন? পাকিস্তানের গায়ে হাত দিতে ভয় লাগছে, তাই নয়?

আজ ভারত সরকারকে পৃথিবীর কাছে এস ও এস বা রক্ষা কোর রক্ষা কেরা বলে আর্তনাদ করতে বাকী। বাংলাদেশকে রক্ষা করো এই আবেদন আজ তার কাছ থেকে শোনার কোন তাৎপর্য নেই। বাংলাদেশের জন্য

আর উকীল মোক্তার রাষ্ট্রদূত পৃথিবীর দুয়ারে পাঠাতে হবে না, নিজেকে রক্ষা কেমন করে করবে সে কথাই ভাবুক!

আহা পৃথিবীর বিবেক! পৃথিবীর বিবেকের রক্ষাকর্ত্তা যারা তাদের একটি হলো আমেরিকা - জাপানে হিরোসিমা ও নাগাসাকীতে পারমানবিক বোমা অকারনেই নিক্ষেপ করে লক্ষ লক্ষ প্রান যারা মূহুর্তে ধ্বংস করেছিল। ভিয়েতনামে তার কীর্তি তো ঐতিহাসিক। ব্রিটেন আর এক ঐতিহাসিক বিবেকের মূর্ত্তি- আহা কী তার ইতিহাস ও ঐতিহ্য। এসব বৃহৎ শক্তির ঘরের খবর কি; ইতিহাস কি? আজ উ থান্ট বলছেন পৃথিবীর ইতিহাসে পূর্ববঙ্গে যা হয়েছে সে জাতীয় ট্রাজেডী নাকি বিরল ! আহা কত দেরীতে এই পরপদলেহী মোটা বেতনভুক্ত কর্মচারীটির ঐতিহাসিক বিবেকজ্ঞান উপস্থিত হলো ! কয়েক কোটি টাকার আশ্বাস পাওয়া গেছে- পৃথিবীর রাজ দরবারগুলো থেকে- ভারত তাই আকাশবাণী মারফৎ এদেশ ও বাংলাদেশের লোককে শুনাচ্ছে। এই কয়েক কোটি টাকার সাহায্য, আসলে ভস্মে ঘি ঢাকার মতও হবে না, উপরন্তু এর বিনিময়ে সাহায্যদাতারা ভারত যাতে কোন কারণেই পাকিস্তানের ''অভ্যন্তরীণ ব্যাপারে'' হস্তক্ষেপ না করে সে মুচলেকা বা বাধ্যবাধকতা আদায় করে নিচ্ছে।

এদিকে ভারতের প্রতিরক্ষা দফতরের ভণিতার অন্ত নেই। ভি সি শুক্লা জানাচ্ছেন, ভারত শীঘ্রই চার দফায় ক্রিয় ক্ষেপণাস্ত্র (ফোর স্টেজ রকেট) তৈরী করতে যাচ্ছে- ভারতের আকাশের উপর দিয়ে ভারত মহাসাগরে ! এই সময়ে এই তথ্যটি পরিবেশন করার একটা মতলব আছে। পাছে ভারতবাসীরা বাংলাদেশের জন্য পাকিস্তানী বর্বতার বিরুদ্ধে হস্তক্ষেপ করতে বলে, দরকার মত যুদ্ধের দায়িত্ব নেবার দাবী করে- যে দাবী উত্তরোত্তর বৃদ্ধি পেতে বাধ্য। সেই জন্যই আমাদের ভোলাবার চেষ্টা করা হচ্ছে এই বলে যে আসল শত্রুতো চীন, তার সঙ্গে যুদ্ধের কথাটা না ভেবে কি পাকিস্তানের সঙ্গে যুদ্ধ করতে যাবো ? পাকিস্তান থেকে দেশের দৃষ্টি অন্যত্র ঘুরিয়ে দেবার জন্যই পার্লামেন্টে এই বীরত্বব্যঞ্জক ঘোষনা রকেট বানাবার (পারমানবিক বোমার রকেট নয়- সাধারন বোমাই) ইচ্ছা প্রকাশ করা হয়। ভারত সরকার আমাদের সত্যিই আহাম্মক মনে করেন।

এদিকে প্রতিরক্ষা বাজেটের বরাদ্দ ১১৫০ কোটি টাকা থেকে ১২৫০ কোটিতে টেনে আনা হলো। এত টাকা খরচ করা হচ্ছে কেন, যদি আজ পাকিস্তানের এমন বর্বর আক্রমনের জবাব দিতেও না যাই? আমাদের নাকি বহু অস্ত্রসস্ত্র ও বহু সৈন্যসামন্ত হয়েছে, এমনকি একসঙ্গে ২/৩টি দেশের বিরুদ্ধেও যুদ্ধ করতে পারি বলে মাঝে মাঝে বলা হতো। এখন আর ওসব উচ্চারণও হয় না। ভারত আজ সত্যিই নার্ভাস। যদি এমন দিনেও আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা কোন কাজে না আসে, তবে এত খরচ করা কেন? সৈন্যবাহিনীকে দিয়ে যখন যুদ্ধ করানো হচ্ছে না, তখন শরণার্থীদের রক্ষণাবেক্ষণের ভারটাই তাদের তাদর দেওয়া হোক না কেন? তারপর ভারতকে একটি 'খোলাদেশ' বা 'ওপেন কান্ট্রি' বলেই ঘোষনা করা হোক না কেন? ভারতের চতুর্দিকে যে সব বৃহৎ শক্তি আছে- রুশ, চীন, আমেরিকা, প্রভৃতি তারাই আমাদের ডিফেন্সের ভার নিন, তারা ভাগাভাগি করে নিজেদের শক্তি সাম্যের খাতিরেই হয়তো ভারতকে রক্ষা করে যাবে- যদিও ভারতের তাতে কোন স্বাধীনতা থাকবে না ইজ্জতও থাকবে না, বৃহৎ শক্তিগুলির দাস হয়ে বেশ ''সুখের সংসার'' নিরাপদে চালাতে থাকবে। হায় জয় হিন্দু, হায় জয় ভারত।

কিন্তু আমরা এভাবে পরিপূর্ণ স্বাধীনতার বদলে পরিপূর্ণ আত্নসমর্পণের পথও বোধ হয় গ্রহণ করতে পারবো না। ছোট বড় নানা অহঙ্কারও তো আছে। আপাতত আমরা অর্থনৈতিক সামাজিক সাম্প্রদায়িক রাজনৈতিক সব রকমের এক নারকীয় দুর্গতির মধ্যে প্রবেশ করতে যাচ্ছে। এত বড় দেশের মালিক হতে চাই, অথচ এক ফোঁটা সাহস আমাদের নেই। এই নির্লজ্জ ভীরুতাকে ঐতিহাসিক বিজ্ঞতা বলে দার্শনিক আত্নপ্রতারণায় নিমগ্ন আছি। ভারতের ইতিহাসে এতবড় লজ্জা ও এত বড় ট্রাজেডী পূর্বে কখনো ঘটেনি। আমরা ডুবে যাচ্ছি।

সম্পাদকীয়- কম্পাসঃ ১২ জুন, ১৯৭১

শিরোনাম	সূত্র	তারিখ
৩২৭। শরণার্থীদের চিকিৎসায় সরকারী ও বেসরকারী সংস্থার সমন্বয় দরকার	কালান্তর	১৩ জুন, ১৯৭১

শরণার্থীদের চিকিৎসায় সরকারী ও বেসরকারী সংস্থার সমন্বয় দরকারঃ চিকিৎসক সমিতির অভিমত

(স্টাফ রিপোর্ট)

কলকাতা ১২ জুন- বাংলাদেশ থেকে আগত শরনার্থীদের মধ্যে চিকিৎসা সংক্রান্ত ত্রাণের কাজে অবিলম্বে সমন্বয় দরকার।

বিশেষভাবে বেসরকারী সংস্থাগুলির সঙ্গে ৮১৩ সরকারী কাজের সমন্বয়ের অভাবে ও বেসরকারী সংস্থাগুলির ওষুধপত্রের অভাবে শরণার্থীদের চিকিৎসা ভীষণভাবে ব্যাহত হচ্ছে।

আজ এক সাংবাদিক সম্মেলনে আইএম-এর পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক ডাঃ দেবেন ঘোষ এ কথা বলেন। এই সাংবাদিক সম্মেলনে সর্বশ্রী এ কে রায়, শিশির সেনগুপ্ত, নরেশ ব্যানার্জী, মৃণাল নন্দী ও সমর রায় চৌধুরী প্রমুখ বেঙ্গল মেডিকেল রিলিফ কমিটির ডাক্তারগণ উপস্থিত ছিলেন।

আই এস-এর কাজে সরকারী সহযোগিতা সম্পর্কে তারা বলেন- আইএসএ চেষ্টা করেও রাজ্য সরকারের কাছ থেকে কোন প্রকার সাহায্য বা সহযোগিতা পায়নি। পক্ষান্তরে নদীয়া জেলা শাসকের অনুরোধে চিকিৎসক দল নদীয়ায় গিয়ে সহযোগিতার অভাবে ফিরে আসতে বাধ্য হয়েছেন।

গত ৮ জুন রাজ্য স্বাস্থ্যমন্ত্রী আইএম-এর সহযোগিতা চেয়ে চিঠি দিয়েছেন । আইএম-এ মনে করে রাজ্য সরকার চিকিৎসা সংক্রান্ত প্রশ্নে আইএম-এর আগের প্রস্তাব মত কাজে সমন্বয় ও যোগ্যতার ভিত্তিতে সরকারী বেসরকারী সংস্থার দায়িত্ব বন্টনের নীতি গ্রহন না করলে সহযোগিতা হতে পারে না।

আ্ইএমএ নিজেদের সদস্য ও শাখাগুলি ছাড়াও বহুসংখ্যক সংস্থার কাছ থেকে ছোট বড় দান পেয়েছে। কিন্তু তা প্রয়োজনের তুলনায় নিতান্তই কম। বাংলাদেশ মুক্তি সংগ্রাম সহায়ক সমিতির (সভাপতি অজয় কুমার মুখার্জী) কাছ থেকে ১০ হাজার টাকা সাহায্য পেয়েছে। ডাঃ ত্রিগুণা সেনের সভাপতিত্বে গঠিত কমিটির সাহায্য করেছে। শ্রী জ্যোতি বসুর সভাপতিত্বে গঠিত কমিটি কোন সাহায্য করেছে কিনা জানতে চাইলে তারা বলেন, সংবাদপত্রের সাধারন আবেদন ছাড়া বিশেষভাবে কোন সাহায্য করিনি । ঐ সংস্থার কাছে সাহায্য করার জন্য আবেদন করা হবে কিনা তা এখনও সিদ্ধান্ত করা হয়নি।

ডাক্তারগণ কলেরার প্রকোপের সঙ্গে সঙ্গে ডিপথেরিয়া আক্রমণের আশঙ্কা প্রকাশ করেন। মহামারী প্রতিরোধে সামরিক বাহিনীর সাহায্য গ্রহণ করার জন্যও তারা দাবি করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৩২৮। বাংলাদেশের মুক্তি আন্দোলনকে সমর্থন করুন। ভারতীয় মুসলমান ভাইদের প্রতি বাংলাদেশ সংসদীয় প্রতিনিধিদের আহবান	কালান্তর	১৫ জুন, ১৯৭১

বাংলাদেশের মুক্তি আন্দোলনকে সমর্থন করুন ভারতীয় মুসলমান ভাইদের প্রতি বাংলাদেশ সংসদীয় প্রতিনিধিদের আহবান

বোম্বাই ১৪ জুন (ইউএনআই)- শ্রী ফণী মজুমদারের নেতৃত্বে ৪ জন সদস্যবিশিষ্ট বাংলাদেশ সংসদীয় প্রতিনিধিদল আজ এখানে ভারতের মুসলমান সম্প্রদায়ের প্রতি বাংলাদেশের মুক্তি আন্দোলনকে সমর্থন দানের আহবান জানান।

বোম্বাই প্রদেশ ইন্দিরা কংগ্রেস কমিটির আয়োজিত এক সম্বর্ধনা সভায় তারা বলেন যে, পাক ফৌজ মসজিদগুলি ধ্বংস করে এবং পবিত্র কোরান পুড়িয়ে ইয়াহিয়া সরকার বিশ্বের সমস্ত মুসলমানদের কাছে চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে।

প্রতিনিধিদলের সদস্য শ্রী ও রেহমান বলেন যে, তিনি ইয়াহিয়া সরকারের গণহত্যা ও বর্বরতার প্রমাণ দেওয়ার জন্য যে কোন ভারতীয় মুসলমান ভাইকে পাকিস্তানে নিয়ে যেতে প্রস্তুত আছেন।

অন্যান্য সদস্যরা শ্রী ফণী মজুমদার, শ্রী শাহ মোয়াজ্জেম হোসেন ও শ্রীমতী নূরজাহান মুরশেদ প্রমুখ সভায় ভাষণ দেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৩২৯। ভারত সরকারের অনুরোধে বাংলাদেশের শরণার্থীদের জন্য সেভিয়েত বিমানের আগমন	কালান্তর	১৫ জুন, ১৯৭১

ভারত সরকারের অনুরোধে বাংলাদেশের শরণার্থীদের জন্য সোভিয়েত বিমানের আগমন

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ১৪ জুন- সোভিয়েত সরকার বাংলাদেশের শরণার্থীদের স্থানান্তর করার কাজে সাহায্যের জন্য ভারত সরকারের অনুরোধে আজ দু'টি বৃহদাকার এ এন ১২ পরিবহন বিমান পাঠিয়ে দিয়েছেন।

বিমান দু'টি আজ বিকালে মস্কো থেকে দিল্লী হয়ে দমদম বিমান বন্দরে পৌঁছায়। মঙ্গলবার সকালে ঐ বিমান শরণার্থীদের নিয়ে নানা শিবিরে রওয়ানা হবে।

স্মরণযোগ্য যে, পাক জঙ্গীচক্রের বর্বরতম ফৌজী আক্রমণের ফলে লক্ষ লক্ষ শরণার্থী বাংলাদেশ থেকে সীমান্ত পেরিয়ে নিরাপত্তা ও আশ্রয়ের জন্য পশ্চিমবঙ্গ ও সংলগ্ন ভারতের রাজ্যসমূহে চলে আসেন। সীমান্ত রাজ্যগুলি থেকে অত্যাধিক শরণার্থী চাপ সরাতে তাদের অধিকতর সুষ্ঠু আশ্রয় ব্যবস্থার জন্যে ভারতের অন্যত্র উদ্ধাস্ত্ত শিবিরে স্থানান্তরিত করার পরিকল্পনা নিয়ে ভারত সরকার এই কাজে সাহায্যের জন্য সোভিয়েত সরকারকে অনুরোধ জানান। সেই অনুরোধে সাড়া দিয়ে সোভিয়েত সরকার প্রথম দফায় এই ২টি বৃহৎ পরিবহন বিমান পাঠালেন।

এ এন ১২ প্রথম বিমানটির বৈমানিক দলটিকে বিমান বন্দরে অভ্যর্থনা করেন সোভিয়েত দূতস্থানের কূটনীতিবিদ এবং পশ্চিম বঙ্গ ও ভারত সরকারের উদ্ধাস্ত্ত ত্রাণ বিভাগের উচ্চপদস্থ কর্মচারীরা। দিল্লী থেকে বিমানে তাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের ত্রাণ বিভাগের অফিসার শ্রী ভিপি বাইদাকোভ কলকাতায় আসেন।

বিমানবন্দরে স্বাগত জ্ঞাপনকারীদের মধ্যে ছিলেন কলকাতাস্থ সোভিয়েত কন্সাল শ্রী ভি দিউলিনসহ কন্সাল শ্রী ভি গুর্গেনভ, সোভিয়েত এয়ারোফ্লাতেস্ক ক্যাপ্টেন সেজকুলোভ এবং পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ ও পুনর্বাসন দফতরের জয়েন্ট সেক্রেটারী শ্রী এস সি রায় ও অন্যান্য কর্মকর্তারা।

সোভিয়েত ঔষধ ও অন্যান্য সাহায্য নিয়ে আরও বিমান দু'এক দিনের মধ্যে এসে পৌঁছবে বলে আশা করা হচ্ছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩০। ইসলামী দেশ বিপন্ন বলে বাংলাদেশে জাতি হত্যা চাপা দেয়া যাবে না।	কালান্তর	১৬ জুন, ১৯৭১

ঐশ্লামিক দেশ বিপন্ন বলে বাংলাদেশে জাতি হত্যা চাপা দেওয়া যাবে না
ইয়াহিয়া সামরিক সরকারের ঘৃণ্য অপরাধের প্রতিবাদে
আরবের ৫টি যুব সংস্থার বিবৃতি

(বিশেষ প্রতিনিধি)

বার্লিন, ১৫ জুন- পাক সামরিক চক্র বাংলাদেশে জাতি হত্যার ঘৃণ্য অপরাধ চাপা দেওয়ার জন্য ঐশ্লামিক দেশ বিপন্ন বলে যে ধুয়ো তুলেছে তা আরব দেশের জনগণকে প্রতারিত করতে পারবে না বলে এখানে আরব দেশের ৫টি যুব সংস্থা এক যুক্ত বিবৃতি প্রচার করেছে।

আরব দুনিয়া থেকে বাংলাদেশের জনগণের ওপর ইয়াহিয়া আক্রমণের প্রতিবাদে এই প্রথম বিবৃতি।

নির্বাচনে আওয়ামী লীগের চমকপ্রদ জয় বর্ণনা করে বিবৃতিতে বলা হয়েছে যে, নির্বাচিত প্রতিনিধিদের হাতে প্রশাসনিক দায়িত্ব তুলে দেবার এবং জনগণের রায়ের প্রতি সম্মান প্রদর্শনের পরিবর্তে পশ্চিম পাকিস্তানের একচেটিয়া পুঁজিপতিদের অনুরোধে ইয়াহিয়া বাংলাদেশের ওপর জাতি হত্যা শুরু করেছে। বাংলাদেশের জনগণের ওপর গণহত্যা এবং ইয়াহিয়া ফৌজের সামরিক বর্বরতা দেশের ঐক্যর ওপর প্রচন্ড আঘাত হেনেছে।

বিবৃতিতে পূর্ব পাকিস্তানের সংগ্রামরত যুবকদরে প্রতি সমর্থন জানানোর জন্য সংহতিমূলক প্রচার সংগঠিত করার এবং সামরিক শাসকের জাতি হত্যার মুখোশ খুলে দেওয়ার উদ্দেশে আরব দেশের যুবকদের প্রতি আহবান জানানো হয়েছে। পূর্ববঙ্গের নির্বাচিত প্রতিনিধিদের হাতে প্রশাসনিক দায়িত্ব অর্পণ করার জন্য আন্তর্জাতিক ক্ষেত্রে চাপ সৃষ্টি করতে হবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

বিবৃতিতে সিরিয়ার ডেমোক্রেটিক ইয়ুথ ইউনিয়ন, ইরাকের ডেমোক্রেটিক ইয়ুথ ইউনিয়ন, ইয়েমেন গণতান্ত্রিক প্রজাতন্ত্রের আসসালাফি যুব আন্দোলন, সুদানের যুব ইউনিয়ন, লেবানন ডেমোক্রেটিক ইয়ুথ ইউনিয়নের নেতৃবৃন্দ স্বাক্ষর করেছেন। জানা গেছে যে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের যুব সংস্থার সম্প্রতি অনুষ্ঠিত কংগ্রেসে যোগদানের উদ্দেশে আগত উপরোক্ত আরব যুব সংস্থার নেতৃবৃন্দের সঙ্গে ভারতীয় যব ফেডারেশন ও যুব কংগ্রেসের সর্বশ্রী যোগিন্দর সিং দয়াল ও জনার্দন সিং আলোচনার ফলশ্রুতি হিসেবেই বাংলাদেশ সম্পর্কে আরব দেশের যুব সমাজের পক্ষ থেকে ঐ মর্মে বিবৃতি দেওয়া হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩১। হিন্দুস্তান স্টান্ডার্ড পত্রিকার একটি সম্পাদকীয়	হিন্দুস্তান স্টান্ডার্ড	১৬ জুন, ১৯৭১

HINDUSTAN STANDARD, JUNE 16, 1971

Editorial

THE TRAGEDY OF ITALL

Days roll by, weeks pass. And with time mounts the plight of the peace and freedom- loving people of. Bangladesh. The distress of those who have taken refuge in India to escape the barbarous hordes of General Yahya Khan is indeed too deep for words. Yet, the Prime Minister of the Bangladesh Government, Mr. Tajuddin Ahmed, has sought for the umpteenth time to bring home to the Big Powers and not so big powers, the tragic truth about the refugees. In the course of his recent broadcast to the world, he spoke feelingly about the problems facing the uprooted masses arid their host country. He also underlined the sad fact that the so-called world conscience seemed to have taken a holiday.

The Prime Minister of Bangladesh has thanked India for standing by his people in times of great calamity. This, India has of course done -this, one might say, was expected of this country with its policy of friendship and understanding and solid opposition 10 forces of tyranny. The influx of refugees no doubt has put a tremendous strain 011 India's limited resources. Still the guests from the other side of the border have been received as guests. With no immediate promise that other nations would share the bill or that the refugees would soon safely return from where they bad originated. It is indeed a great pity that the Arab countries for whom India had always spoken up, have not thought it fil to utter one word of condemnation. Their ominous silence gives Islamabad the benefit of which certainly is not in doubt.

What is more painful is that the great powers of the world are quite reluctant 10 condemn openly and unequivocally the brutalities perpetrated by Islamabad which, in the first place, destroyed so many homes and lives. They have not yet told Yahya that no arms or economic aid could be given him, for the simple reason that any such would inevitably be converted into instruments of persecution. Mr. Ahmed knows from experience how cruel this could be. And he is fully eligible to hold that any country which now will come to the aid of the tottering regime of Yahya Khan will forfeit the right to make pious noises in the name of democracy, peace, human rights and the like. Those who will extend helping hands towards Islamabad's military clique are to he dubbed for what they are-accessories to genocide.

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩২। ১৯ জুন 'বাংলাদেশ' দিবস পালন করুন	কালান্তর	১৭ জুন, ১৯৭১

১৯ জুন 'বাংলাদেশ' দিবস পালন করুন

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ১৬ জুন- পশ্চিম পাকিস্তানের একনায়কতন্ত্র ও সামরিক বর্বরতার বিরুদ্ধে গণতন্ত্র এবং সার্বভৌমত্বের জন্য যারা লড়াই করছে সেই 'বাংলাদেশের' জনগণের প্রতি সংহতি জানানোর জন্য ১৯ জুন এই রাজ্যের শ্রমজীবী মানুষ 'বাংলাদেশ' দিবস পালন করবেন। আজ শ্রী শিশির কুমার গাঙ্গুলী (আইএনইউসি), শ্রী মাখন চ্যাটার্জী (এইচ এম এস), শ্রী যতীন চক্রবর্তী (ইউটিএউসি) এবং শ্রী ফটিক ঘোষ (ইউটিইউসি) আজ এক বিবৃতিতে বলেছেন, বাংলাদেশের সংহতির জন্য ভারতীয় ট্রেড ইউনিয়নসমূহের জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ১৯ জুন 'বাংলাদেশের' জন্য সর্বত্র সভা সমাবেশ হবে।

বিবৃতিতে বল হয়েছে, ট্রেড ইউনিয়ন প্রতিনিধিদের নিয়ে ১৯ জুন কেন্দ্রীয়ভাবে ভারত সভা হলে সমাবেশ অনুষ্ঠিত হবে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩৩। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সমর্থনে বনগাঁও সুবৃহৎ সমাবেশ	কালান্তর	১৭ জুন, ১৯৭১

মহিলা ফেডারেশন ও মহিলা সমিতির উদ্যেগে বাংলাদেশ মুক্তিযুদ্ধের সমর্থনে বনগাঁও সুবৃহৎ সমাবেশ

বনগাঁ, ১৬ জুন (সংবাদদাতা)- বাংলাদেশ মুক্তিযুদ্ধের সমর্থনে ভারতীয় মহিলা ফেডারেশন ও পশ্চিমবঙ্গ মহিলা সমিতির আহবানে বনগাঁর রেল স্কুল ময়দানে গত ১৪ জুন দশ হাজার মানুষের একটি সভা অনুষ্ঠিত হয়। উল্লেখযোগ্য, বনগাঁয় আশ্রিত বাংলাদেশ শরণার্থীদের একাংশ এই সভায় যোগদান করেন।

সভায় সভাপতিত্ব করেন শ্রীমতী রেণু চক্রবর্তী, সর্বভারতীয় বিশিষ্ট মহিলা নেত্রীরা ভাষণ দেন। স্থানীয় জননেতা শ্রী অজিত গাঙ্গুলী এম এল এ মহিলা নেত্রীদের স্বাগত জানিয়ে ভাষণ দেন। শ্রী গাঙ্গুলী বলেন, সমস্যাজর্জরিত সীমান্ত শহর বনগাঁ লক্ষাধিক শরণার্থীকে সাহায্যের জন্য এগিয়ে এসেছে এবং এগিয়েই থাকবে।

বিশিষ্ট মহিলা নেত্রী শ্রীমতি বিমলা ফারুকী বলেন, জঙ্গীনায়ক ইয়াহিয়া বাংলাদেশের মানুষের উপর নিষ্ঠুরতম সন্ত্রাস চাপিয়ে দিয়েছে। যার ফলে লাখো লাখো মানুষ এ দেশে চলে আসতে বাধ্য হয়েছেন।

তিনি বলেন, শুধুমাত্র মানবিক কর্তব্য সম্পাদনের জন্যই আমরা তাদের আশ্রয় দিচ্ছি না, তাদের স্বাধীনতা ও গণতন্ত্রের সংগ্রামকে সাহায্য করাও আমাদের উদ্দেশ্য, কারণ আমরাও গণতন্ত্রে বিশ্বাসী।

তিনি জানান যে, বাংলাদেশ থেকে আগত ভাই-বোনদের সাহায্য এবং মুক্তিযুদ্ধের সমর্থনে জনমত সৃষ্টির জন্য জাতীয় ফেডারেশন ভারতজুড়ে প্রচারাভিযান চালাবার সিদ্ধান্ত করেছে।

বাংলাদেশ মহিলা পরিষদের নেত্রী মালেকা বেগম এপার বাংলার মানুষের কাছে বক্তব্য রাখার সুযোগ দেবার জন্য অভিনন্দন জানান। তিনি বলেন, অনেক কষ্টে ও দুর্ভোগে আমরা এ দেশে আশ্রয় নিয়েছি। অন্য দেশে চিরকাল আমরা থাকব না। আমরা এখানে নিজেদের সংগঠিত করে সংগ্রাম তীব্রতর করার প্রস্তুতি নিচ্ছি।

শ্রীমতি বেগম বলেন, ২৩ বছরেও বাংলার মানুষ স্বাধীনতা ও গণতন্ত্রের স্বাদ পায়নি। তাই তারা আজ স্বাধীনতা অর্জনের লাড়াইয়ে নেমেছে।

তিনি ইয়াহিয়ার ক্রুরতা হিটলারকে হার মানিয়েছে বলে মন্তব্য করেন। শেষত: তিনি ঘোষণা করেন, জঙ্গীশাহীর অত্যাচারে আর নিষ্ঠুরতায় আমাদের চোখের পানি শুকিয়েছে, কিন্তু মনের আগুন নেভেনি। এই অত্যাচারের বিরুদ্ধে হিন্দু-মুসলমানকে এক হয়ে লড়তে হবে।

জননেত্রী শ্রীমতি অরুণা আসফ আলী বলেন, পৃথিবীর অন্যান্য দেশও এখন বুঝতে পারছে, এটা গৃহযুদ্ধ নয়। ভিয়েতনামের মুক্তিযুদ্ধের পাশে আমরা দাঁড়িয়েছি, বাংলাদেশের পাশেও দাঁড়াতে হবে।

তিনি বলেন, বাংলাদেশকে স্বাধীন করার দায়িত্ব শরণার্থীদেরও আছে, আমরা তাদের সাহায্য করব।

পশ্চিম বাংলার জননেত্রী শ্রীমতি গীতা মুখার্জি ইয়াহিয়ার চক্রান্তের স্বরূপ বিশ্লেষণ করেন। তিনি বলেন, ইয়াহিয়া এক বেয়নেট দিয়ে মুক্তিকামী বাঙ্গালী তরুণদের হত্যা করছে আর এক বেয়নেট দিয়ে হিন্দুদের এ বাংলায় তাড়িয়ে দিচ্ছে। বাংলাদেশের সব সম্প্রদায়ের মিলিত সংগ্রাম এই চক্রান্তকে ব্যর্থ করাতে পারে বলে তিনি মন্তব্য করেন।

সভাপতি শ্রীমতি রেণু চক্রবর্তী বলেন, তিন মাস চেষ্টা করেও ইয়াহিয়া বাংলাদেশে একটা কাঠের পুতুল সরকারকে দাঁড় করাতে পারেনি। পশ্চিম পাকিস্তানের জঙ্গী চক্রের বিরুদ্ধে বাঙ্গালী জাতিকে হয়ে স্বাধীনতার লাড়াই চালাচ্ছে।

তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে চুড়ান্ত বিজয় অর্জনের জন্য হিন্দু মুসলমান শরণার্থীদেরও হাতিয়ার তুলে নিতে হবে।

সভায় সঙ্গীত পরিবেশন করেন শ্রী দেবনাথ চক্রবর্তী ও ওপার বাংলার শিল্পীরা।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩৪। মুক্তির দূত মুক্তিফৌজ	কালান্তর	১৭ জুন, ১৯৭১

মুক্তির দূত মুক্তিফৌজ

বাংলাদেশ থেকে লক্ষ লক্ষ শরণার্থী ভারতে এসেছেন, আজও আসছেন। তারা পীড়িত, আর্ত, অসহায়, আশ্রয়প্রার্থী। অতিশয় স্পষ্ট ও অত্যান্ত প্রকাশ্য এই ঘটনা, ফলে সাদা চোখেই মানুষ তা দেখেন। কিন্তু সাধারণের দৃষ্টির অগোচরে বাংলাদেশের যৌবন। বিভিন্ন শিক্ষা-শিবিরে স্বদেশের পীড়া, দুঃসময় ও অসহায়তার সঙ্গে মোকাবিলার জন্য যে মুক্তিফৌজের অঙ্কুরের মধ্যে জমেছে এবং ইয়াহিয়ার ফৌজের সঙ্গে লড়াই করে ঐ অঙ্কুর যে চাড়াগাছ হয়ে উঠেছে, তা কজনে দেখেছেন? এই পত্রিকার বুধবারের সংখ্যায় কমিউনিষ্ট নেতা শ্রী বর্ধনের দেখা ঐ রূপ কয়েকটি শিবিরের বর্ণনা রয়েছে। হিন্দু ও মুসলমান ছেলেরা একত্রে হাতেনাতে লড়াই-এর শিক্ষা নিচ্ছেণ । শিক্ষার্থীদের মধ্যে রয়েছে ১৩ বছরের কিশোর। শিক্ষকদের মধ্যে রয়েছেন ফৌজী ক্রিয়াকর্মে অভিজ্ঞ ৫০ বছরের প্রৌঢ় শত্রুকে ঘায়েল করার বহু সাফল্যে মুক্তিফৌজের রেকর্ডও তাৎপর্যপূর্ণ।

এই মুক্তিফৌজই হল বাংলাদেশের ভবিষ্যৎ। ভারতে আগত অসহায় শরণার্থী এবং বাংলাদেশের ভিতরেও অসহায় কোটি কোটি মানুষের মধ্যে যোগসূত্র হলে এই মুক্তিফৌজ। ভারতে আগত ছিন্নমূল যারা, শুধু তারাই ছিন্নমূল নন; বাংলাদেশের ভিতর যারা আছেন তাঁরাও ছিন্নমূল। বাংলাদেশের ভিতরে কোন একটি কল কিংবা কারখানায় আজ ধোঁয় ওড়ে না। ৪০ লক্ষ শ্রমিক একটানা ধর্মঘটে লিপ্ত। সেখানেও সমাজের চাকা স্তব্ধ। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের, তারা ভারতে রয়েছেন কিংবা বাংলাদেশে আছেন, সকলেই পুনর্বাসন চাই। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের সমাজ ও সভ্যতাকেই ইয়াহিয়া খাঁ চুরমার করেছে। তাদের এক সপ্তমাংশ যদি ভারতে উৎক্ষিপ্ত, তবে ছয়-সপ্তমাংশ বাংলাদেশেই আছেন। মুক্তিফৌজ হল কারিগর, যারা এই ভাঙ্গা মানুষকে জোড়া দেবে, ভাঙ্গা দেশকে পুনরায় গড়বে।

বাংলদেশের মুক্তিবাহিনীর এই খবরই বিশ্ব বিবেককে চাঙ্গা করে তুলছে এবং তুলবে। পাঁচটি আরব রাজ্যের যুবসংস্থাগুলির একটি যৌথ ঘোষণা হল তারাই চিহ্ন। ইস্রায়েলের দস্যু আক্রমণে প্যালেস্টাইনের ছিন্নমূল শরণার্থীদের জন্য বিশ্ব সমাজতন্ত্র ও গণতন্ত্রের সাহায্যের মানে যারা বোঝেন, কতদিন তারা বাংলাদেশের ছিন্নমূলদের প্রতি নিজেদের আন্তর্জাতিক দায়িত্বের কথা ভুলে থাকতে পারেন? বয়োবৃদ্ধ রাজনীতিক ও রাষ্ট্রনীতিকদের দৃষ্টির ঘোর কাটার জন্য কিছু বেশী সময় লাগতে পারে। কিন্তু আরব দেশগুলির যুব সংস্থাগুলির যৌথ ঘোষণাই হল প্রমাণ যে, অঙ্কুর ওখানেও ডালপাড়া মেলতে শুরু করেছে।

ভারতে আগন্তুক শরণার্থীদের কাছে, বিশেষ করে শরণার্থী শিবিরের যুবকদের কাছে আজ মাত্র একটি ডাক- তোমরা মুক্তিফৌজে যোগ দাও। স্বদেশের মুক্তির জন্য তোমাদের সংগ্রাম বিশ্ব মানবতাকে তোমাদের পাশে দাঁড় করিয়ে দিচ্ছে এবং দেবে। তোমাদের সংগ্রামই বাংলাদেশ থেকে ভারতে আগমনকারী ছিন্নমূলদের যেমন একমাত্র ভরসা, তেমনই বাংলাদেশের ভিতরে অবস্থানকারী ছিন্নমূলদেরও পুনর্বাসন ও পুনর্জীবনের একমাত্র সহায়। বাংলাদেশের মুক্তি অর্জন এবং স্বাধীনতাই হল একমাত্র ধ্রব লক্ষ্য। সেই লক্ষ্য থেকে বিচ্যুত করার জন্যে এ দেশেরও কোন কোন দল ও ব্যাক্তি, যারা ভারতেই শরণার্থীদরে পুনর্বাসন চাই বলে প্রচার করছে, তারা জ্ঞাতসারে কিংবা অজ্ঞাতসারে ইয়াহিয়ার চর।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩৫। বাংলাদেশের শরণার্থীদের জন্য 'মাষ্টার প্ল্যান' চাই	কম্পাস	১৭ জুন, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশ শরণার্থীদের জন্য 'মাষ্টার প্ল্যান' চাই

বাংলাদেশ সরকার কর্তৃক এ রকম একটি জাতীয় গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের দায়িত্ব আমাদেরকে অর্পন করায় আমরা গৌরবান্বিত। এরই ভিত্তিতে গ্রন্থাবলীর বিষয়সূচি সম্পূর্ণ অপরিবর্তিত রেখে নতুন আঙ্গিকে নির্ভুলভাবে পুনর্মুদ্রণের আপ্রাণ চেষ্টা করেছি। আশা করি, পুনর্মুদ্রিত গ্রন্থাবলী পাঠক-গবেষকদের চাহিদা মেটাতে সক্ষম হবে।

বিশাল এই কর্মকাণ্ডে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন, আমরা তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

০৭ ডিসেম্বর ২০০৩

(গোলাম মোস্তফা)
সত্ত্বাধিকারী
হাক্কানী পাবলিশার্স

প্রাক কথন

১৯৭৭-৭৮ থেকে শুরু করে সুদীর্ঘ আট বছরকাল একদল গবেষকের অক্লান্ত পরিশ্রমের ফসল হচ্ছে প্রথম পর্যায়ে ১৫ খণ্ডে মুদ্রিত 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধঃ দলিলপত্র' এই পর্যায়ে প্রকল্পটির সমাপ্তিকাল হচ্ছে ১৯৮৫ সালের ৩০শে জুন। এরপরও এই প্রকল্পের সমাপ্তিকরণ সংক্রান্ত কাজের জন্য আরও কয়েক মাস সময়ের প্রয়োজন হয়েছে। অবশেষে প্রথম পর্যায়ে ১৫ খণ্ডে মুদ্রিত স্বাধীনতা যুদ্ধের দলিলভিত্তিক এই বইগুলো গবেষক ও পাঠকদের সমীপে উপস্থাপনা করতে পেরে আমরা আজ গর্ব অনুভব করছি।

'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধঃ দলিলপত্র'- এই নামকরণ থেকেই আমরা একটা কথা স্পষ্টভাবে বলতে চাই যে, আমাদের এই প্রচেষ্টা ও উদ্যম কোন দিক থেকেই স্বাধীনতা যুদ্ধের ইতিহাস লেখার জন্য নয়। আমরা যেটুকু করেছি, তা হচ্ছে ভবিষ্যতে গবেষক ও ইতিহাসবিদরা যাতে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বস্তুনিষ্ঠ ইতিহাস প্রণয়ন করতে সক্ষম হন, সেই লক্ষ্যে যুদ্ধসংক্রান্ত সংগৃহীত দলিলপত্র এবং সংশ্লিষ্ট বহুসংখ্যক ব্যক্তির সাক্ষাৎকারগুলো সন্নিবেশিত করা। এক কথায় বলতে গেলে আমাদের সংগৃহীত দলিলপত্র এবং বিশিষ্ট ব্যক্তিবর্গের সাক্ষাৎকার ও বিবৃতিগুলো স্বাধীনতা যুদ্ধের প্রকৃত ইতিহাস রচনার জন্য কেবলমাত্র একটা রূপরেখা হিসেবে বিবেচিত হলে আমাদের পরিশ্রম সার্থক মনে করবো।

বিশেষ গুরুত্বপূর্ণ বিধায় এখানে আরও একটি বিষয়ের অবতারণা করা বাঞ্ছনীয় হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট শিক্ষক ও ইতিহাসবিদ অধ্যাপক মফিজুল্লাহ কবীরের নেতৃত্বে ৯ সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি কঠোর পরিশ্রম করে প্রতিটি দলিল, সাক্ষাৎকার ও বিবৃতি অনুমোদন করার পর আমরা সেসব এই ১৫ খণ্ডে সন্নিবেশিত করেছি। অর্থাৎ প্রামাণ্যকরণ কমিটির অনুমোদন ছাড়া কোন দলিল, সাক্ষাৎকার কিংবা বিবৃতি এর অন্তর্ভুক্ত হয়নি।

সংক্ষেপে এই প্রকল্পের কথা বলতে গেলে, বাংলাদেশ স্বাধীন হওয়ার প্রায় ছয় বছর পর সরকার এ ব্যাপারে তৎপর হলে ১৯৭৭-৭৮ সালে তথ্য মন্ত্রণালয়ের আওতায় স্বাধীনতা যুদ্ধ ইতিহাস প্রকল্পের সূচনা হয়। বাংলাদেশের বিশিষ্ট সাহিত্যিক ও সাংবাদিক কবি হাসান হাফিজুর রহমানের পরিচালনায় এই প্রকল্পের গবেষক ও কর্মীরা সীমিত সুযোগ-সুবিধা সত্ত্বেও অমানুষিক পরিশ্রম করে একাত্তরের স্বাধীনতা যুদ্ধের প্রামাণ্য দলিলপত্র, আলোকচিত্র, পত্র-পত্রিকা, প্রচার-পুস্তিকা, সংবাদপত্রের কাটিং, গুরুত্বপূর্ণ চিঠিপত্র, স্মারকলিপি, সাক্ষাৎকার, বিবৃতি এবং সংশ্লিষ্ট নথিপত্র সংগ্রহে লিপ্ত হন। এরপর শুরু হয় নথিপত্রের সংরক্ষণ, বাছাই এবং গ্রন্থনার কাজ।

এখানে দুঃখভারাক্রান্ত হৃদয়ে বলতে হচ্ছে যে, প্রকল্পের কাজ সামগ্রিকভাবে সমাপ্ত হওয়ার পূর্বেই দুরারোগ্য ব্যাধিতে পরিচালক কবি হাসান হাফিজুর রহমানের মতো প্রতিভাবান ব্যক্তিত্ব ইহজগত থেকে চিরবিদায় গ্রহণ করেন। কিন্তু মৃত্যুর পূর্বে তিনি যে শুধু কয়েকটি খণ্ডের মুদ্রণ সমাপ্ত করেছেন তাই-ই নয়, প্রস্তাবিত ১৫ খণ্ডের সমস্ত পান্ডুলিপি তৈরী ও অনুমোদন করানো (১৫ নং খন্ড ব্যতীত) ছাড়াও তিনি এসব মুদ্রণের প্রারম্ভিক ব্যবস্থা পর্যন্ত করে গেছেন। তাই স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই ১৫ খন্ডই হচ্ছে কবি হাসান হাফিজুর রহমানের স্মৃতিবিজড়িত এবং তিনিই হচ্ছেন এসবের মূল কৃতিত্বের দাবীদার।

এরপর একটা অন্তর্বর্তীকালীন ব্যবস্থা অব্যাহত থাকায় প্রকল্পের কাজ কিছুটা স্তিমিত হয়ে পড়ে। উপরন্তু সরকারী মুদ্রণালয়ের মাধ্যমে চুক্তিবদ্ধ ছাপাখানাও মুদ্রণ ও বাঁধাই কাজে নানা অজুহাতে শৈথিল্য প্রদর্শন করে। অবশেষে সরকারের সক্রিয় সহযোগিতায় নানা ঘাত-পতিঘাতের মাঝ দিয়ে স্বাধীনতা যুদ্ধ ইতিহাস প্রকল্প (প্রথম পর্যায়) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে সমাপ্তি ঘোষণা করা হয়। এ সময় আরও ৭৩টি ফর্মা মুদ্রণ ছাড়াও শতকরা প্রায় ৯০ ভাগ কপি বাঁধাই-এর কাজ অসম্পূর্ণ ছিলো। এ ছাড়াও ছিলো গুদামজাতকরণ এবং বিক্রয় ও বিতরণ সংক্রান্ত দুরূহ কাজ। এজন্য স্বাভাবিকভাবেই আরও কয়েক মাস সময়ের প্রয়োজন হয়েছে।

এখানে বিভিন্ন খন্ডে মুদ্রিত তারিখ সংক্রান্ত জটিলতার কথা উল্লেখ নিতান্ত অপরিহার্য বলে মনে হয়। আগেই বলা হয়েছে যে, সুদীর্ঘ ৮ বছরকাল ধরে প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ অব্যাহত ছিল। ফলে ১ নং থেকে ৬ নং এবং ১২ নং ও ১৩ নং খন্ডে মুদ্রণের সময়কাল নভেম্বর ১৯৮২ রয়েছে। প্রকৃতপক্ষে উল্লিখিত সময়ে এসবের পান্ডুলিপি অনুমোদনের পর মুদ্রণের কাজ অনেকাংশে সমাপ্ত হলেও আবারও উল্লেখ করতে হচ্ছে যে, ১৫ নং খন্ডসহ বাকি অংশ মুদ্রণ এবং শতকরা প্রায় ৯০ ভাগ বাঁধাই এর কাজ অসম্পূর্ণ ছিলো। এই সমস্ত কাজই অত্র প্রকল্পের সমাপ্তিকরণ পর্যায়ে করা হয়েছে। এজন্যই সমস্ত কর্মকাণ্ড শেষ হওয়ার পর সর্বসাধারণের মধ্যে খন্ডগুলো বিক্রয় শুরু করার তারিখ ডিসেম্বর ১৯৮৫-কেই আনুষ্ঠানিকভাবে প্রকাশের সময়কাল হিসেবে গ্রহণ করা সমীচীন হবে।

তবুও এক কথায় বলতে গেলে স্বাধীনতা যুদ্ধ ইতিহাস প্রকল্পের গবেষক ও কর্মীরা সুদীর্ঘ আট বছরকাল (১৯৭৭-৭৮ থেকে ১৯৮৪-৮৫) একনিষ্ঠভাবে যে অক্লান্ত পরিশ্রম করেছেন এবং নানা প্রতিষ্ঠান ও বিশিষ্ট ব্যক্তিবর্গ যেভাবে সহযোগিতা করেছেন তারই ফসল হচ্ছে আজকের এই "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধঃ দলিলপত্র"। তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এজন্য সরকারের সর্বমোট ব্যয় হয়েছে ৭২ লাখ ৪৪ হাজার টাকা।

সমাপ্তিকালীন পর্যালোচনায় দেখা গেছে যে প্রকল্পের পক্ষ থেকে প্রচেষ্টা সত্ত্বেও অনেক বিশিষ্ট ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণ করা সম্ভব হয়নি। এ ছাড়া স্বাধীনতা যুদ্ধের দিনগুলিতে শত্রুকবলিত বাংলাদেশের অভ্যন্তরে শ্বাসরুদ্ধকর অবস্থার পূর্ণাঙ্গ বিবরণও সন্তোষজনকভাবে উপস্থাপিত করা যায়নি। এরই পাশাপাশি সে সময় দুর্বিষহ অবস্থায় পাকিস্তানে বসাবাসকারী বাঙালীদের সম্পর্কেও উল্লেখযোগ্য তথ্য এই ১৫ খন্ডে সন্নিবেশ করা সম্ভব হয়ে উঠেনি। বলা দরকার, দলিল ও তথ্যের অভাবই এই অপূর্ণতার কারণ।

প্রসঙ্গত আরও একটা বিষয়ের উল্লেখ প্রয়োজন বলে মনে হয়। ১৯৭১ সালে বাংলাদেশের মাটিতে আমাদের বীর মুক্তিযোদ্ধারা পাকিস্তানের তৎকালীন হানাদার বাহিনীর বিরুদ্ধে বিভিন্ন এলাকায় যেসব উল্লেখযোগ্য যুদ্ধে মোকাবেলা করেছেন, সেগুলির দিন, তারিখ এবং বিস্তারিত বিবরণ ও ধারাবাহিক তালিকা আরও ব্যাপকভিত্তিক হওয়া দরকার বলে বিবেচিত হয়েছে।

এই প্রেক্ষিতে স্বাধীনতা যুদ্ধ ইতিহাস প্রকল্প, দ্বিতীয় পর্যায়ে, নতুন কয়েকটি খন্ডে এসব অন্তর্ভূক্তি লক্ষ্যে কাজে হাত দেয়া হয়েছে। একই সঙ্গে দ্বিতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধের আলোকচিত্র সংবলিত বিরাটাকার ফটো এ্যালবাম প্রকাশের উদ্যোগও গ্রহণ করা হয়েছে। এই কারণে প্রথম পর্যায়ে পরিকল্পিত ষোড়শ খণ্ডটির মুদ্রণের কাজ স্থগিত রাখা হয়েছে। দুই পর্যায়ে মুদ্রিত মকল খণ্ডের নির্ঘণ্ট এবং কালপঞ্জি ও গ্রন্থপঞ্জিসহ এই খণ্ডটি প্রকাশিত হবে দ্বিতীয় পর্যায়ের সর্বশেষ খণ্ড হিসেবে। তথ্য মন্ত্রণালয়ের আওতায় দ্বিতীয় পর্যায়ের জন্য বাংলাদেশ সরকার ৪২ লক্ষ টাকা বরাদ্দ করেছে। আশা করা যায় ১৯৮৬-৮৭ সাল নাগাদ দ্বিতীয় পর্যায়ের কাজ সম্পূর্ণ হবে।

পরিশেষে বলতে চাই যে, আমাদের যেটুকু ত্রুটি রয়েছে তা' আমরা অকপটচিত্তে স্বীকার করলেও আমাদের ক্ষুদ্র একদল গবেষক ও কর্মী সুদীর্ঘ আট বছর অক্লান্ত পরিশ্রম করে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল সফরের পর যে তিন লক্ষাধিক দলিলপত্র ও সাক্ষাৎকার সংগ্রহ করেছেন, সেটাও তো কম কথা নয়। এসবের কথা চিন্তা করে ত্রুটিগুলো ক্ষমাসুন্দর দৃষ্টিতে নিরীক্ষা করার অনুরোধ করতে সাহসী হচ্ছি। ভবিষ্যতে গবেষক ও ইতিহাসবিদরা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রণয়নকালে আলোচ্য ১৫ খন্ডে সন্নিবেশিত দলিলপত্র ও সাক্ষাৎকারগুলোকে তথ্য নির্দেশিকা হিসেবে ব্যবহারের সক্ষম হলে পরিশ্রম সার্থক বলে বিবেচিত হবে।

এম আর আখতার
পরিচালক
স্বাধীনতা যুদ্ধ ইতিহাস প্রকল্প (২য় পর্যায়)

বিজয় দিবস, ১৯৮৫

মুখবন্ধ

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের নয় সদস্যবিশিষ্ট প্রামাণ্যকরণ কমিটির তরফ থেকে এই দলিল সংগ্রহের প্রকাশনা সম্পর্কে দুটি কথা নিবেদন করছি। এ প্রকল্পের উৎপত্তি ও গঠন, এর মূল উদ্দেশ্য ও কার্যপদ্ধতি সম্পর্কে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব হাসান হাফিজুর রহমান বিস্তারিত বলবেন।

বিপুলায়তন ও সংগৃহীত উপাত্ত থেকে প্রকাশিতব্য দলিলসমূহ নির্বাচনে কমিটির সদস্যবৃন্দ নিরপেক্ষ ভূমিকা পালনে য়থাসাধ্য চেষ্টা করেছেন। তাঁরা ঘন্টার পর ঘন্টা ধরে দলিলাদির পাণ্ডুলিপি ধৈর্য্য ধরে পরীক্ষা করেছেন। বিস্তারিত আলোচনা-সমালোচনার মাধ্যমে সংযোজন ও সংশোধনের জন্য মূল্যবান উপদেশ দিয়ে প্রকল্প বাস্তবায়নে সহায়তা করেছেন। অমাদের কোন মন্তব্য ছাড়াই দলিলগুলো সরাসরি পাঠক ও গবেষকদের কাছে উপস্থিত হচ্ছে। দলিলপত্র যথাসম্ভব মূলসূত্র থেকে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। প্রকাশিত দলিলগুলো প্রামাণ্যকরণ কমিটি অনুমোদন করে দিয়েছেন।

প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠাব্যাপী দলিল থেকে প্রাথমিক নির্বাচনের গুরুদ্বায়িত্ব পালন করেছেন প্রকল্পে নিয়োজিত বিভিন্ন গবেষকবৃন্দ। তারা প্রথমে জনাব হাসান হাফিজুর রহমানের নেতৃত্বে এ দায়িত্ব যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সংগে পালন করেছেন।

প্রামাণ্যকরণ কমিটির সকল সদস্যকে এবং প্রকল্পের গবেষকবৃন্দকে তাঁদের প্রশংসনীয় ভূমিকার জন্য আমি অশেষ ধন্যবাদ জানাই। সেই সঙ্গে প্রকল্পের প্রধান বাংলাদেশের বিশিষ্ট কবি ও সাংবাদিক জনাব হাসান হাফিজুর রহমানকে নিরলস ও অকাতর কর্মপ্রচেষ্টার জন্য জানাই প্রাণঢালা অভিনন্দন।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সুবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলো থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমুদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদঘাটিত ও অনাবিষ্কৃত দলিলগুলো ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলো মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলো পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে অমাদের শ্রম সার্থক বলে মনে করব।

১৪ই সেপ্টেম্বর,
১৯৮২

মফিজুল্লাহ কবীর
চেয়ারম্যান
প্রামাণ্যকরণ কমিটি,
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প

ভূমিকা

বাংলাদশের স্বাধীনতা যুদ্ধের সময়সীমা ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই সময়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংগে সম্পর্কিত সারা বিশ্বে যা কিছু ঘটেছে তার তথ্য ও দলিলপত্র সংগ্রহ এবং সেসবের ওপর ভিত্তি করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা ও মুদ্রণের দায়িত্ব অর্পিত হয় মুক্তিযুদ্ধ ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পের উপর । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনে এই প্রকল্পটি প্রতিষ্ঠিত হয় এবং এর কাজ শুরু হয় ১৯৭৮ সালের জানুয়ারী থেকে (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ইতিহাস রচনার দায়িত্বপ্রাপ্ত হলেও এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। এর কারণ, সময়কালীন কোন ঘটনার বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মতো একটি যুগান্তকারী ঘটনার ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা এবং বিকৃতির সম্ভাবনা এড়িয়ে যাওয়া বস্তুত অত্যন্ত দুরূহ। এ জন্যই আমরা ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিক গুরুত্বপূর্ণ মনে করেছি। এর ফলে দলিল ও তথ্যাদিই কথা বলবে, ঘটনার বিকাশ ও ধারাবাহিকতা রক্ষা করবে, ঘটনা পরম্পরার সংগতি রক্ষা করবে।

এই লক্ষ্য সামনে রেখেই কয়েকটি খণ্ডে সংগৃহীত দলিলসমূহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে প্রকল্পের সামনে একটি বিশেষ বিবেচ্য বিষয় দেখা দেয় এই যে, দলিলপত্র সংগ্রহের সময়সীমা স্বাধীনতা যুদ্ধকেন্দ্রীক হওয়া সত্ত্বে এ সত্যও সমান গুরুত্বপূর্ণ যে, স্বাধীনতা যুদ্ধের পশ্চাতে বিরাট পটভূমি রয়েছে। স্বাধীনতা যুদ্ধকে এই পটভূমি থেকে বিচ্ছিন্ন কওে দেখা যায় না। এই পটভূমির ঘটনাবলী- যাকে মুক্তিসংগ্রাম বলে অভিহিত করা যায়- তার অনিবার্য পরিণতিই স্বাধীনতা যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তোলে। তাই মুক্তিসংগ্রামের স্বরূপ জানা ছাড়া স্বাধীনতা যুদ্ধকে তুলে ধরা সম্ভবই নয়। এই পরিস্থিতিতে স্বাধীনতা যুদ্ধের দলিল প্রকাশের সংগে এর পটভূমি সংক্রান্ত দু'খন্ড দলিলসংগ্রহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এর ফলে প্রকল্পের দলিল প্রকাশের পরিকল্পনা নিম্নরুপ দাঁড়ায়:

প্রথম খন্ডঃ	পটভূমি (১৯০৫-১৯৫৮)
দ্বিতীয় খন্ডঃ	পটভূমি (১৯৫৮-১৯৭১)
তৃতীয় খন্ডঃ	মুজিবনগর : প্রশাসন
চতুর্থ খন্ডঃ	মুজিবনগর : প্রবাসী বাঙালীদের তৎপরতা
পঞ্চম খন্ডঃ	মুজিবনগর : গণমাধ্যম
ষষ্ঠ খন্ডঃ	পকিস্তানী দলিলপত্র :সরকারী ও বেসরকারী
অষ্টম খন্ডঃ	গণহত্যা, শরণার্থী শিবির ও প্রাসংগিক ঘটনা
নবম খন্ডঃ	সশস্ত্র সংগ্রাম (১)
দশম খন্ডঃ	সশস্ত্র সংগ্রাম (২)
একাদশ খন্ডঃ	সশস্ত্র সংগ্রাম (৩)
দ্বাদশ খন্ডঃ	বিদেশী প্রতিক্রিয়া : ভারত
ত্রয়োদশ খন্ডঃ	বিদেশী প্রতিক্রিয়া : জাতিসংঘ ও বিভিন্ন রাষ্ট্র
চতুর্দশ খন্ডঃ	বিশ্বজনমত
পঞ্চদশ খন্ডঃ	সাক্ষাতকার
ষোড়শ খন্ডঃ	কালপঞ্জী, গ্রহপঞ্জী ও নির্ঘণ্ট

মূল পরিকল্পনায় ৭২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খণ্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভঙ্গী অবলম্বন করি। আমরা শুধু সেইসব তথ্য ও দলিলই পটভূমি খণ্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই, যা বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা আকাঙ্ক্ষার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকারণ, এই ভূখণ্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত কবেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খণ্ডে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটতে বহু দুর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রান্ত দলিল-তথ্যাদির সন্নিবেশন শুরু করি। আমরা মনে করি, বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরুর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ ও যুক্তিগ্রাহ্য।

১৯০৫ এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খণ্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভুখণ্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অন্তর্ভূক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্ত্বারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরু জনগোষ্ঠীর অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিল্লী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্রীয় রূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয় । এরই পরিণতিতে পরবর্তীকালে জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খন্ডে বিভক্ত। প্রথম খন্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ূব খানের ক্ষমতা দখলের সময়সীমায়। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খণ্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে- কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলি হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যাক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যাক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধসংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্ব জনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভূক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্বসাধারনের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণসহযোগিতার প্রতিস্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খণ্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হযেছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা বক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলির যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অঙ্গুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা- বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল- তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুন্ন না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারনই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ হয়ে ওঠে, কেবল তখনই জনগণের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বেও অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভূক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তবু একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতা চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহুক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি- এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খণ্ডে একইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যার দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরগাঁথা, বহু ত্যাগ বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে, শেষ সীমায় পৌছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাবনার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি তাতে স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে এ কথা বলা যায় ।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যাক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানূরূপ সাড়া না পাবার কারণ হিসাবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা

সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ায় আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সত্যতা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা

যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যেগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশঙ্কা, তা আমাদের দলিল খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাত ছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরোনো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি-অর্থাৎ তাঁর হতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতা সংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহনের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হচ্ছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্র প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত তাহলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুন্ন হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পারে। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :
ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।
ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।
ডঃ কে, এম, করিম.পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।
ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ শামসুলক হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
জনাব হাসান হাফিজুর রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভূল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত

সিদ্ধান্তনুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভূক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদিও কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষেও জন্য নেহাৎ জরুরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময় হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খন্ডের জন্য আমরা প্রমাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞাপ্তিটি উদ্ধৃতি করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদুর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তুপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। অনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খন্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খন্ডে গ্রথিত হচ্ছে সকল খন্ডের নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খণ্ডে কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামান্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায়ে আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলন স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী্র ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জণ্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছে যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এ ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলির ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণর উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যেও অন্তর্ভূক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলির ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষ মন্ত্রাণলয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল- দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিরপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহিরউদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহীম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিরপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য- সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমেদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলির দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলির, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলির ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকন্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলির সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদিও উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদির সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদিও সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স- এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খণ্ডগুলির পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরি দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাঝ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ ও নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মাহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে

প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

দলিল প্রসঙ্গঃ সাক্ষাৎকার

বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধের মুদ্রিত দলিলপত্র-খণ্ডসমূহের সম্পূরক হিসেবে এই খন্ডটির পরিকল্পনা করা হয়েছে। স্বাধীনতা লাভের প্রায় একদশক পরে স্বাধীনতাযুদ্ধের ইতিহাস সংকলনের গুরুদায়িত্বে এই প্রকল্পের সামনে একটি প্রধান সমস্যা ছিল পর্যাপ্ত দলিল ও তথ্য হাতে পাওয়া। এ প্রসঙ্গে ভূমিকায় বিশদভাবে বলা হয়েছে। বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ সম্পর্কিত বিপুল সংখ্যক দলিলপত্র প্রকল্পে সংগৃহীত হয়েছে এবং সেগুলো থেকে পর্যাপ্ত পরিমাণ প্রথম থেকে চতুর্দশ খন্ডে মুদ্রিত হয়েছে। তা সত্ত্বেও এমন অনেক বিষয় রয়েছে এবং সেগুলোর কোন লিখিত দলিল নেই। আবার প্রাপ্ত দলিল ও তথ্যাদি কোন কোন ঘটনার ব্যাখ্যার অপর্যাপ্ত রয়ে গেছে সেসব ক্ষেত্রে ঐ সমস্ত ঘটনার সঙ্গে যাঁরা সংশ্লিষ্ট ছিলেন কিংবা যাঁরা সে সম্পর্কে ওয়াকিফহাল তাঁদের মৌখিক বিবরণই সম্যক ধারণা দিতে পারে। এছাড়া নেতৃস্থানীয় ব্যক্তিত্ব- যাঁরা স্বাধীনতাসংগ্রামে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তাঁদের তৎপরতার নানা কথা একমাত্র সাক্ষাৎকারের মাধ্যমেই পাওয়া সম্ভব। অতএব এই খণ্ডটি স্বাভাবিকভাবেই প্রকল্পের দলিলপত্র খন্ডসমূহের অন্তর্ভূক্ত হয়।

প্রকল্প সংগৃহীত সাক্ষাৎকারসমূহ মোটামুটিভাবে দলিলপত্র খন্ডসমূহের তিনটি পর্যায়ে সন্নিবেশিত হয়েছে। জনসাধারণের কাছ থেকে নেয়া গণহত্যা ও নির্যাতনের বিবরণ অষ্টম খণ্ডে; সশস্ত্র বাহিনী ও মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার 'সশস্ত্র সংগ্রাম' ৯ম ও ১০ম খন্ডে এবং রাজনৈতিক নেতা, প্রাশাসনিক কর্মকর্তা, দূত ও কূটনীতিক, শিক্ষাবিদ, সাংবাদিক, বিশিষ্ট ব্যক্তি ও জন প্রতিনিধিদের সাক্ষাৎকার নিয়ে এই খণ্ডটি প্রস্তুত করা হয়েছে।

প্রকল্পের সাক্ষাৎকার গ্রহণের তালিকায় গুরুত্বপূর্ণ সম্ভাব্য সকলেরই নাম ছিল। কিন্তু সাক্ষাৎকার গ্রহণের কাজটি দীর্ঘ প্রক্রিয়া সাপেক্ষ। প্রকল্পের সীমিত সময়সীমা ও গবেষকদের স্বল্পতার দরুণ অনেকের সাক্ষাৎকার গ্রহণ করা সম্ভব হয়নি। অন্যদিকে, সাক্ষাৎকারদাতাগনের পক্ষ থেকে প্রকল্পের সাফল্য ও নিরপেক্ষতা সম্পর্কে সংশয় এবং একদশক আগের স্বাধীনতাযুদ্ধকালের ঘটনাবলী যথাযথভাবে বলবার বা লিখবার জন্য উপযুক্ত সময় ও প্রস্তুতির অভাবে অনেকে সাক্ষাৎকার দিতে সমর্থ হননি। আবার অনেকে প্রকল্প কর্মীদের আশ্বাস দিয়ে ও অনেকদিন ঘুরিয়ে অবশেষে প্রতিশ্রুতি রক্ষা করতে ব্যর্থ হয়েছেন। এতদসত্ত্বেও কয়েকজনের কাছ থেকে আমরা অত্যন্ত পরিশ্রমলব্ধ সুদীর্ঘ বিবরণ পেয়েছি এবং সেগুলো এখানে মুদ্রিত হয়েছে। এগুলোর অধিকাংশই অন্যান্য খণ্ডে মুদ্রিত দলিলপত্র দ্বারা সমর্থিত।

প্রকল্পের গৃহীত সময়সীমার মধ্যে সাক্ষাৎকারদাতার মূল বক্তব্য আমরা ছাপাবার প্রয়াস পেয়েছি। প্রত্যেকটি বিবরণের শেষে তারিখ ও মুদ্রিত হয়েছে। সাক্ষাৎকার গ্রহণের সময় বিবরণদাতাকে প্রকল্পের সাধারণ কিংবা বিশেষ প্রশ্নমালা দেয়া হয়েছিল। তিনি কখনো সেটি পুরোপরিভাবে অনুসরণ করেছেন কখনো আংশিকভাবে কয়েকটি বিবরণ তাঁরা নিজেরাই লিখে দিয়েছেন কোন প্রশ্নমালা ছাড়া। এই সবগুলোর মধ্যে সামঞ্জস্য রক্ষার জন্য প্রশ্নসমূহ বাদ দিয়ে শুধু বক্তব্য মুদ্রিত করা হয়েছে।

সাক্ষাৎকার সমূহের ক্রমবিন্যাস বিবরণদাতার নামের আদ্যাক্ষর অনুসারে করা হয়েছে। এসবের মধ্যে সংসদ সদস্যদের সাক্ষাৎকারসমূহ বাংলা একাডেমী কর্তৃক স্বাধীনতালাভের অনতিপরে (১৯৭৩-৭৪) গৃহীত হয়েছিল। তথ্যাদিও স্বল্পতা সত্ত্বেও স্থানীয় এলাকার প্রতিনিধিত্বশীল হিসেবে এগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে। এগুলি বাছাই করা হয়েছে বিবরণীতে উল্লেখিত তথ্য ও ঘটনাদির গুরুত্বের দিকে লক্ষ্য রেখে।

উল্লেখ্য যে, সাক্ষাৎকার গ্রহণ ও মুদ্রণের কাজ যুগপতভাবে করতে হয়েছে এবং এ কারণেই অপেক্ষাকৃত পরে গৃহীত একটি সাক্ষাৎকার সবশেষে সন্নিবেশিত হয়েছে আদ্যাক্ষর ক্রম ব্যতিক্রমে।

এই খণ্ডে মুদ্রিত সাক্ষাৎকারসমূহ বিশ্বব্যাপী বাংলাদেশ আন্দোলনের অনেক গুরুত্বপূর্ণ বিষয় ও তথ্য উদঘাটিত করবে বলে আমরা আশা করি।

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1. 1977, Page 503
Ministry of Information & Broadcasting.

* * * * * * * * *

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং- তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট
[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No.51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute an Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1. Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University.
2. Professor salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3. Dr Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4. Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5. Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University.
6. Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University.
7.Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University.
8. Dr. Anisuzzaman	Professor, Deptt. of Benglali, Chittagong University.
9. Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project.

The following shall be terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer

পরিশিষ্ট

[তিন]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No.51/2/78-Dev/10493/(25) Dated 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute an Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh war of Liberation" with the following members:

1. Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University.	Chairman
2. Prof. Salahuddin Ahmed Chairman, Deptt. of History, Jahangirnagar University.	Member
3. Dr. Anisuzzaman Prof. Deptt. of Benglali, Chittagong University.	Member
4. Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies, Rajshahi.	Member
5. Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6. Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University.	Member
7. Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University.	Member
8. Dr. K. M. Karim, Director, National Library and Archives, Dacca.	Member
9. Mr. Hasan Hafizur Rahman O.S.D., History of Bangladesh War of Liberation Project.	Member-Secratary

2. The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents are required for the committee.

M.A. Salam Khan
Section Officer.

সূচীপত্র

ক্রমিক	নাম	পৃষ্ঠা
১	আজিজুর রহমান মল্লিক, অধ্যাপক উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়; বহির্বিশ্বে বাংলাদেশ আন্দোলনের অন্যতম নেতা	১
২	আফসার আলী আহমদ আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্য, রংপুর	১৪
৩	আব্দুর রাজ্জাক মুকুল আওয়ামী লীগ দলীয় জাতীয় সংসদ সদস্য (১৯৭৩)	১৫
৪	আব্দুল করিম খন্দকার পাকিস্তান সশস্ত্র বাহিনীর জ্যেষ্ঠতম বাঙ্গালী অফিসার; বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ডেপুটি চীফ অব স্টাফ	১৭
৫	আব্দুল খালেক সারদা পুলিশ একাডেমির প্রিন্সিপাল; গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র সচিব ও আইজিপি	২৫
৬	আব্দুল বাসেত সিদ্দিকী আওয়ামী লীগ দলীয় প্রাদেশিক পরিষদ সদস্য, টাঙ্গাইল	৩৫
৭	আব্দুল মালেক উকিল আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্য, নোয়াখালী; অস্থায়ী রাষ্ট্রপতি বিশেষ প্রতিনিধি	৩৬
৮	আবু সাঈদ চৌধুরী, বিচারপতি উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়; বহির্বিশ্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিনিধি এবং লন্ডনে বাংলাদেশ সরকারের আন্দোলনের নেতা	৪২

ক্রমিক	নাম	পৃষ্ঠা
৯	আমিরুল ইসলাম, ব্যারিষ্টার আওয়ামী লীগ দলীয় নেতা; গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর অন্যতম উপদেষ্টা	৫১
১০	আসাবুল হক, মৌলভী গেরিলা মুক্তিযোদ্ধা, চট্টগ্রাম	১১০
১১	এ এম এ মুহিত অর্থনৈতিক কাউন্সিলর, পাকিস্তান দূতাবাস, ওয়াশিংটন; আনুগত্য প্রকাশকারী কূটনীতিক ও যুক্তরাষ্ট্রের বাংলাদেশ আন্দোলনের অন্যতম নেতা	১১৩
১২	এম আর সিদ্দিকী আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্য, চট্টগ্রাম; প্রসাশনিক পরিষদ প্রধান, ইস্টার্ণ জোন; বাংলাদেশ মিশন প্রধান, যুক্তরাষ্ট ও কানাডা	১২১
১৩	এম এ হান্নান আওয়ামী লীগ নেতা, চট্টগ্রাম; লিয়াজোঁ অফিসার, পূর্বাঞ্চলীয় জোন	১২৭
১৪	ওয়াহিদুল হক সাংবাদিক	১৩০
১৫	কণিক বিশ্বাস আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্যা, ফরিদপুর (সংরক্ষিত আসন)	১৩৩
১৬	কাজী জাফর আহমদ সভাপতি, বাংলা শ্রমিক ফেডারশন (ভাসানীপন্থী ন্যাপ নেতা)	১৩৪
১৭	কামাল সিদ্দিকী, ডক্টর মহকুমা প্রশাসক, নড়াইল; ব্যক্তিগত সচিব, পররাষ্ট্রমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বংলাদেশ সরকার	১৩৯

পনের

ক্রমিক	নাম	পৃষ্ঠা
১৮	কামাল হোসেন, ডক্টর আওয়ামী লীগ নেতা	১৪৩
১৯	খন্দকার আসাদুজ্জামান যুগ্মসচিব, অর্থ, পূর্ব- পাক প্রাদেশিক সরকার; অর্থ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	১৯৩
২০	জয় গোবিন্দ ভৌমিক জেলা ও দায়রা জজ, ঢাকা; রিলিফ কমিশনার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	১৯৮
২১	দেওয়ান ফরিদ গাজী আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্য; প্রশাসনিক পরিষদ প্রধান, উত্তর- পূর্ব জোন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	২০৪
২২	দেবব্রত দত্ত গুপ্ত অধ্যাপক, চৌমুহনী কলেজ; উপ-পরিচালক ও প্রশিক্ষণ সমন্বয়কারী ইয়ুথ ক্যাম্প ডাইরেক্টরেট, পূর্বাঞ্চলীয় জোন	২০৫
২৩	মনি সিং সভাপতি, বাংলাদেশের কমিউনিষ্ট পার্টি	২১৩
২৪	মনসুর আলী আওয়ামী লীগ দলীয় প্রাদেশিক পরিষদ সদস্য, খুলনা	২২৩
২৫	মমতাজ বেগম আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্যা (মহিলা আসন), কুমিল্লা	২২৪
২৬	মোশাররফ হোসেন আওয়ামী লীগ দলীয় প্রাদেশিক পরিষদ সদস্য, চট্টগ্রাম	২২৫
২৭	মোহম্মদ আজিজুর রহমান আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্য, দিনাজপুর	২২৭

ক্রমিক	নাম	পৃষ্ঠা
২৮	মোহাম্মদ আজিজুর রহমান আওয়ামী লীগ দলীয় প্রাদেশিক পরিষদ সদস্য, সিলেট	২২৯
২৯	মোহাম্মদ আব্দুর রব, মেজর জেনারেল (অবঃ) আওয়ামী লীগ দলীয় প্রাদেশিক পরিষদ সদস্য, সিলেট বাংলাদেশ সশস্ত্র বাহিনীর চীফ অব জেনারেল স্টাফ	২৩২
৩০	মোহাম্মদ ইউসুফ আলী, অধ্যাপক আওয়ামী লীগের কেন্দীয় নেতা; মুজিবনগরে মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠানে স্বাধীনতার ঘোষণাপত্রের পাঠক	২৩২
৩১	মোহম্মদ বয়তুল্লাহ আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্য, রাজশাহী	২৪৪
৩২	মোহাম্মদ শামসুল হক চৌধুরী আওয়ামী লীগ দলীয় প্রাদেশিক পরিষদ সদস্য, রংপুর	২৪৫
৩৩	মোহাম্মদ শামসুল হক, অধ্যাপক পদার্থবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	২৪৮
৩৪	মোহাম্মদ হুমায়ুন খালিদ, অধ্যক্ষ আওয়ামী লীগ দলীয় জাতীয় পরিষদ সদস্য, টাঙ্গাইল	২৫১
৩৫	মোহম্মদ রহমতউল্লাহ দৈনিক ‘জয়বাংলা’ সম্পাদক নওগাঁ থেকে প্রকাশিত (মার্চ-এপ্রিল ’৭১)	২৫২
৩৬	রেহমান সোবহান, অধ্যাপক পাকিস্তান আমলে পূর্বাঞ্চলীয় পৃথক অর্থনীতিতে অন্যতম প্রবক্তা ও বহির্বিশ্বে বাংলাদেশ আন্দোলনের অন্যতম নেতা	২৬৩

ক্রমিক	নাম	পৃষ্ঠা
৩৭	শাহ জাহাঙ্গীর কবীর আওয়ামী লীগ দলীয় জাতীয় সংসদ সদস্য (১৯৭৩)	২৯৩
৩৮	সাঈদ-উর-রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র; যুবশিবির 'পলিটিক্যাল মটিভেটর'	২৯৪
৩৯	সারওয়ার মুর্শিদ, অধ্যাপক ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা কমিশনের সদস্য	২৯৮
৪০	সিরাজুর রহমান অনুষ্ঠান কর্মকর্তা, বাংলা বিভাগ, বিবিসি, লন্ডন	৩০২
৪১	সৈয়দ আলী আহসান, অধ্যাপক সভাপতি বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়; সভাপতি বংলাদেশ আর্কাইভস	৩০৫
৪২	অজয় রায়, ডক্টর রীডার, পদার্থবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; বাংলাদেশ শিক্ষক সমিতির সম্পাদক (জুলাই ৭১ হতে)	৩১৩
৪৩	নির্ঘন্ট	৩৩৭

অধ্যাপক আজিজুর রহমান মল্লিক

১৯৭১ সালের মার্চ মাসে সমগ্র দেশবাসীর মতো চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কর্মচারীরা অসহযোগ আন্দোলনে যোগ দেয়। ই মার্চে প্রদত্ত বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ বেতার মারফত আমাদের শোনার সুযোগ হয় ৮ই মার্চ সকালে। ঐদিনই আমার পরামর্শ অনুসারে শিক্ষকেরা এতটি সভায় মিলিত হয়ে স্বাধীনতার জন্য সংগ্রাম করবেন বলে অঙ্গীকার করেন। এই সভায় অন্যান্যদের মধ্যে অধ্যাপক সৈয়দ আলী আহসান, অধ্যাপক আব্দুল করিম, অধ্যাপক মুহাম্মদ রশিদুল হক, ডঃ আনিসুজ্জামান ও জনাব ফজলী হোসেন প্রমুখ বক্তৃতা করেন।

তখন থেকে ২২শে মার্চ পর্যন্ত স্বাধীনতা-সংগ্রামের জন্য আমরা এক ধরনের প্রস্তুতি নিই। চট্টগ্রাম সেনানিবাসের সন্নিহিত স্থানে অবস্থিত Council of Scientific & Industrial; Research-এর ডক্টর আব্দুল হাইয়ের সংগে অধ্যাপক রশিদুল হক ও অধ্যাপক শামসুল হককে যোগাযোগ করতে নির্দেশ দেই। কারণ তিনিও আমাদের মতই প্রস্তুতি নিচ্ছিলেন বলে আমার জানা ছিল। আমাদের বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরীতে হাতবোমা, গ্রেনেড ইত্যাদি তৈরী করা যায় কিনা সে বিষয়ে Experiment করতে অধ্যাপক শামসুল হককে গোপনীয় মৌখিক নের্দেশ দেই। কিছু কিছু ছাত্রকে সামরিক ট্রেনিং দেবার চেষ্টা করা হয় ডঃ হাইয়ের উদ্যেগে। ইউ, ও, টি, সি-র ভারপ্রাপ্ত শিক্ষক ডক্টর এস,এম, আতাহারকে আমি নির্দেশ দেই UOTC-র রাইফেলগুলো সক্রিয় করার চেষ্টা করতে। চট্টগ্রাম শহরে আয়োজিত সংস্কৃতিকর্মীদের প্রতিবাদ-সভা ও বিক্ষোভ-মিছিলে অন্যান্য অনেকের মধ্যে অধ্যাপক সৈয়দ আলী আহসান ও ডঃ আনিসুজ্জামান সক্রিয় ভূমিকা গ্রহণ করেন। আরো আগে চট্টগ্রাম শহরে অবস্থিত বাঙ্গালী-অবাঙ্গালী সংঘর্ষে আহতদের জন্য আমার সঙ্গে শিক্ষক-ছাত্ররা রক্ত দান করেন।

২৩ শে মার্চ সকালে চট্টগ্রাম বেতার কেন্দ্র থেকে ঘোষণা করা হয় যে, ঐদিন বিকেলে চট্টগ্রাম শহরে সকল পর্যায়ের শিক্ষক ছাত্র ও জনসাধারণের প্রতিবাদ মিছিল বের হবে এবং তারপরে প্যারেড গ্রাউন্ডে আমার সভাপতিত্বে শিক্ষক-জনতার সভা হবে। যদিও এ সম্পর্কে আমি আগে কিছু জানতাম না, তবু এই মিছিল ও সভায় আমি শিক্ষক ছাত্রসহ যোগদিই। মিছিল বেশ বড় হয়, সভায় জনসমাবেশও হয় প্রচুর। পলো গ্রাউন্ডের এই জনসভায় তিল ধারণের স্থান ছিল না তাছাড়া মাঠের চারদিকে বাড়ীর ছাদেও অনেক নারী পুরুষ জড়ো হয়। এই সভায় আমি জনতার সংগ্রামের সঙ্গে আমারা একাত্মতা ঘোষণা করি। বাঙ্গালীর ন্যায্য অধিকার অর্জন করা পর্যন্ত সংগ্রামের সঙ্গে সক্রিয়ভাবে জড়িত থাকবো সে অঙ্গীকারও করি। এ সভায় অন্যান্যদের মধ্যে বক্তৃতা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অব্দুল করিম, অধ্যাপক আর আই চৌধুরী ও স্থানীয় নেতা মরহুম জহুর আহমদ চৌধুরী। উল্লেখ্য যে এই সভা অনুষ্ঠানের ব্যাপারে যাঁরা উদ্যোগ গ্রহণ করেছিলেন তাঁদের মধ্যে ছিলেন আমার প্রাক্তন ছাত্র এবং তৎকালে চট্টগ্রাম সরকারী কলেজের অধ্যাপক মমতাজউদ্দীন আহমদ। সভা চলাকালে সংবাদ আসে যে অস্ত্র বোঝাই 'সোয়াত' জাহাজ থেকে অস্ত্র নামাতে বাধা দেবার জন্য প্রায় ১০/১৫ হাজার মানুষ বন্দর এলাকায় বেষ্টনী সৃষ্টি করেছে এবং শহরের বিভিন্ন স্থানে ব্যারিকেড স্থাপন করা হচ্ছে। সভায় উত্তেজনা বাড়ে। এমত অবস্থায় সভা মুলতবী করে আমরা বিশ্ববিদ্যালয়ে প্রত্যাবর্তনের চেষ্টা করি। কিন্তু ক্যান্টনমেন্টের কাছে ব্যারিকেড দেখে আবার ফিরে আসি এবং রাঙ্গুনিয়া হয়ে গ্রাম্য পথ ধরে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ফিরি অনেক রাতে। অচিরেই যে পাকিস্তানী সেনাবাহিনীর সঙ্গে নিরস্ত্র জনসাধারণের মুখোমুখি সংঘর্ষ হতে যাচ্ছে, সে সম্পর্কে তখন আর আমার ও আমার সহকর্মীদের মনে কোন সংশয় থাকে না।

এই পরিস্থিতিতে প্রতিরোধের একটা পরিকল্পনা গ্রহণ করা আশু প্রয়োজনীয় হয়ে ওঠে। ২৪শে মার্চ সকালে UBL**-এর অঞ্চলিখ ম্যানেজার জনাব কাদের এবং চট্টগ্রামের পুলিশ সুপার জনাব শামসুল হকের*** সঙ্গে টেলিফোনে আমার কথাবার্তা হয়। সেই আলাপের ভিত্তিতে হাটহাজারী ও রাউজান থানার সঙ্গে আমি

---

*তখন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

** তৎকালীন ইউনাইটেড ব্যাংক লিমিটেড।

*** উভয়েই মুক্তিযুদ্ধের সূচনায় শহীদ হন

টেলিযোগাযোগ স্থাপনের ব্যবস্থা করি এবং শত্রুসৈন্য পথে বেরিয়ে পড়লে স্থানীয় জনসাধারণের সাহায্যে যাতে তাদের প্রতিরোধ করতে পারি তার জন্যও পরিকল্পনা প্রস্তুত করার পদক্ষেপ গ্রহণ করি।

২৫শে মার্চ সারাদিন খুব উদ্বেগের মধ্যে কাটে। শহরের বিভিন্ন স্থানে সংগ্রাম পরিষদের নেতৃত্বে ব্যক্তিগত প্রচেষ্টায় প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা হচ্ছে, এসব খবর টেলিফোনে পাই। যেমন, আমাদের বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ জনাব ইউ, এন, সিদ্দিকীর বাড়ীতে এসে কিছু লোক তাঁর আগ্নেয়াস্ত্র চাইলে তিনি আমাকে ফোন করেন পরামর্শের জন্য। আমি তাকে অস্ত্র দিয়ে দিতে বলি। বিরাজমান অস্থিরতা ও উত্তেজনার ঢেউ বিশ্ববিদ্যালয়েও এসে লাগে। বিশ্ববিদ্যালয়ের রেজিষ্টার ও শিক্ষকদের নিয়ে আমার অফিসঘরে বসে আমরা পরিস্থিতি পর্যালোচনা করি।

২৫শে মার্চ রাত দশটার পরে আমার বাসায় টেলিফোন করে ঢাকা থেকে খবর দেন যে, পাকিস্তানী সেনাবাহিনীর ট্যাংক ঢাকার পথে বেরিয়ে গেছে, সম্ভবতঃ সান্ধ্য আইন জারি হয়েছে এবং শেখ মুজিবকে গ্রেপ্তার করা হয়েছে। এই খবর পেয়েই আমি শিক্ষকদের কয়েকজনকে আমার অফিসে আসতে বলি। এদের মধ্যে অধ্যাপক সৈয়দ আলী আহসান, ডঃ আর,আই, চৌধূরী, অধ্যাপক করিম, অধ্যাপক মুহম্মদ আলী, ডঃ আনিসুজ্জামান, জনাব মাহবুব তালুকদার, ওসমান জামাল ও রেজিষ্ট্রার খলিলুর রহমান ছিলেন। আমরা প্রথমে চট্টগ্রামের সাংবাদিকদের কাছে পরিস্থিতি সম্পর্কে খোঁজ নিই। তাঁরা কিছুই বলতে পারলেন না। এই সময় আমার অত্মীয় কুমিল্লার ডি.সি, শামসুল হক খান-এর সঙ্গে ফোনে কথা হয়। তিনি জানান, যেকোন মুহূর্তে তাঁর জীবন বিপন্ন হতে পারে। কারণ তিনি বঙ্গবন্ধুর ডাকে ক্যান্টনমেন্টে গাড়ীর জ্বালানী সরবরাহ আগেই বন্ধ করে দিয়েছিলেন। আমি তাঁকে অবিলম্বে কুমিল্লা সার্কিট হাউস থেকে সরে গিয়ে গ্রামের দিকে আশ্রয় নিতে বলি। এর পর তাঁর সঙ্গে আমার আর কোন যোগাযোগ হয়নি। তাকে সামরিক বাহিনী ধরে নিয়ে হত্যা করেছিল সে খবর অনেক দিন পরে পাই।

কুমিল্লার যোগাযোগ ছিন্ন হয়ে যাওয়ার পর অনেক চেষ্টায় ঢাকার 'পূর্বদেশ' ও 'ইত্তেফাক; অফিসে এবং আমার আত্মীয় ঢাকাস্থ নরউইচ ইউনিয়ন ইনসিওরেন্স-এর তৎকালীন প্রধান কর্মকর্তা জনাব আব্দুল মান্নান খানের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করতে সক্ষম হই। কেউ কেউ সেখান থেকে বললেন যে, একটা কিছু ঘটেছে, কেউ কেউ বললেন কোন মারাত্মক ঘটনার খবর তাঁদের জানা নেই। তবে শহরে কারফিউ ঘোষণা করা হয়েছে এবং ট্যাঙ্ক ও সিপাহীরা রাস্তায় টহল দিচ্ছে। এ সময় চট্টগ্রামের একজন সাংবাদিক জানান যে, শেখ মুজিব আত্মগোপন করেছেন বলে শোনা যাচ্ছে। আমরা যখন ঢাকায় কথা বলছি, তখন ঢাকার সঙ্গে টেলিফোন সংযোগ হঠাৎ ছিন্ন হয়ে যায় অনুমান রাত এগারোটার দিকে। আমরা আরো দু-তিন ঘন্টা বসে থেকে আলাপ-আলোচনা করি এবং সংবাদ সংগ্রহের চেষ্টা করে ব্যর্থ হই। ঢাকাতে সাংঘাতিক কিছু ঘটতে পারে এই যুক্তির ওপর আমি বার বার জোর দিই। এর প্রেক্ষিতে আমাদের প্রস্তুতি জোরদার করার সিদ্ধান্ত নেই এবং সেই রাত থেকেই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলরের অফিস আমাদের স্থানীয় সংগ্রাম প্রচেষ্টার সদর দপ্তরে পরিণত হয়। নেতৃত্বের দায়িত্ব স্বাভাবিক ভাবেই আমার ওপরে বর্তায়। সারা রাত অফিসে কাটিয়ে ভোর সাড়ে চারটায় বাসায় ফিরে এসে সবেমাত্র গোছল করতে বাথরুমে গিয়েছি তখন চট্টগ্রাম শহর থেকে কোষাধ্যক্ষ সিদ্দিকী সাহেবের ফোন পাই। তিনি জানান যে তাঁর বাড়ীতে কয়েকজন তদানীন্তন ই বি আর-যুবক অস্ত্রসহ উপস্থিত হয়েছে। তারা এই বাড়ীতে ঘাঁটি স্থাপন করবে শত্রু পক্ষের মোকাবেলার জন্য। আমি ফোনে সেই উত্তেজিত যুবকদের সাথে কথা বলে জানতে পারি যে তারা জীবন নিয়ে ক্যান্টনমেন্ট থেকে অস্ত্রসহ বেরিয়ে এসেছে এবং আরও দল বের হয়ে গেছে। তাদের সঙ্গে অস্ত্র ও গুলিগোলা আছে। তারা সিদ্দিকী সাহেবের বাড়ী থেকে ক্যান্টনমেন্ট-এর সঙ্গে যুক্ত শহরের রাস্তার ওপর নজর রাখবে এবং পাকিস্তানী সৈন্য রাস্তায় বের হলেই তাদের সঙ্গে যুদ্ধ করবে। এ বাড়ী তাই তাদের দরকার। আমি সিদ্দিকী সাহেবকে পরিবারের সবাইকে নিয়ে বাড়ী ছেড়ে কাছাকাছি অন্য বাড়ীতে যেতে বলি এবং এদের খাবার দাবারের ব্যবস্থা করতে বলি। তখন শহরে স্থানে স্থানে খণ্ডযুদ্ধ শুরু হয়ে গেছে। টেলিফোনে গোলাগুলির আওয়াজ পাচ্ছিলাম এবং ছেলেরাও জানাল তাদের দক্ষিণ

দিকের একটা বাড়ী থেকে এ বাড়ী লক্ষ্য করে গোলা ছোড়া হচ্ছে এবং বিদ্যুতের খুঁটিতে আঘাত লেগে বিদ্যুত বিচ্ছিন্ন হয়েছে। পরে আমরা জানতে পারি দক্ষিণের ঐ অবাঙ্গালী বাড়ীতে আগেই প্রস্তুতি হিসেবে শত্রুসৈন্য মোতায়েন ছিল।

২৬শে মার্চ সকালে এ খবর আসার পর আওয়ামী লীগের জনাব এম, আর, সিদ্দিকী ও জনাব এম,এ, হান্নানের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করে ঢাকা ও চট্টগ্রামের পরিস্থিতি সম্বন্ধে আরও খবর জানতে পারি। কিছুসংখ্যক সৈন্য নিয়ে ক্যাপ্টেন রফিক সি, আর, বির টিলায় অবস্থান নিয়েছিলেন। আনিসুজ্জামানের সঙ্গে তাঁর টেলিফোনে কথা হয় এবং পারস্পরিক এলাকার সংবাদ বিনিময় হয়। চট্টগ্রাম ডাকবাংলোতে অথবা রেলওয়ে রেষ্ট হাউসে সংগ্রাম পরিষদের একটি অফিস কাজ করছিল। সেখান থেকে একজন টেলিফোন করে আনিসুজ্জামানকে বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণা পাঠ করে শোনান এবং তা লিখে নিয়ে সাবাইকে জানাতে বলেন। এরপর চট্টগ্রামের বেতার তরঙ্গে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ঘোষণা শুনতে পাই। জনাব এম,এ, হান্নান বঙ্গবন্ধুর ঘোষণা পাঠ করেন এবং পরে সকলকে অস্ত্রশস্ত্র নিয়ে লালদীঘি ময়দানে জমায়েত হতে নির্দেশ দেন। আমি টেলিফোন করে কালুরঘাটে এবং ডাকবাংলোতে বলি যে, এই ঘোষণা অবিলম্বে প্রত্যাহার করা দরকার কেননা, ওরকম জমায়েতের ওপর বিমান থেকে আক্রমণের সম্ভাবনা আছে। পরে তাঁরা এই সমাবেশ বাতিল করার ঘোষণা দেন। এ ব্যাপারে আমার যে আশঙ্কা ছিল পরবর্তী সময়ে তা সত্যে পরিণত হয়। পাকিস্তানের কয়েকটি জঙ্গী বিমান চট্টগ্রাম শহর প্রদক্ষিণ করার পর কালুরঘাটে বোমা বর্ষণ করে।

২৬শে মার্চ সন্ধ্যায় রাঙ্গামাটি থেকে জিলা প্রশাসক জনাব হাসান তৌফিক ইমাম টেলিফোনে আমাকে জানান যে, পার্বত্য চট্টগ্রাম এবং উত্তর চট্টগ্রাম থেকে ইপিআর-এর জওয়ানদের বিশ্ববিদ্যালয় এলাকায় এসে জমায়েত হতে নির্দেশ দেয়া হয়েছে আমি যেন তাদের দায়িত্ব নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করি। রাতে প্রায় আড়াইশ জওয়ান ক্যাম্পাসে এসে পৌঁছান। আমরা তাদের দায়িত্ব গ্রহণ করি। আলাওল হল ও এ, এফ, রহমান হলে তাদের থাকবার ও খাওয়ার ব্যবস্থা করা হয়। তখন থেকে বিভিন্ন কাজের দায়িত্ব আমরা শিক্ষক ও অফিসারদের মধ্যে ভাগ করে দেই। যেমন, কেউ খাবারের তত্ত্বাবধান করেন, যানবাহনের দায়িত্ব নেন কেউ, পেট্রোলের জন্য পাম্পে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্লিপ দেবার দায়িত্ব দেয়া হয় কাউকে, ছাত্রদের স্বেচ্ছাসেবার নেতৃত্ব নেন কেউ। আমি অফিসে থাকি এবং আমাকে সর্বক্ষণ সহায়তার ভার দেয়া হয় আনিসুজ্জামানকে।

ই,পি,আর-এর জওয়ানদের প্রতিরোধ কার্যক্রমে তাৎক্ষণিকভাবে নেতৃত্ব দেবার জন্য পেয়েছিলাম সুবেদার আব্দুল গণিকে। সেই রাতেই আমার অফিস থেকে সি,এস, আই, আর-এ ডঃ হাইকে ফোন করে ক্যান্টনমেন্টের যতটুকু খবর আচঁ করা সম্ভব, তা জেনে নিই, এবং ই,পি,আর-এর জওয়ানদের দিয়ে ক্যান্টনমেন্টের উত্তরাঞ্চলে ছিল পাহড় ও জংগল এবং সামান্য জনগোষ্ঠীর বাস। বিশ্ববিদ্যালয়ে ট্যাপগ্রাফিক ম্যাপ ছিল। আমার অফিসে বসে ম্যাপ দেখে ট্রেঞ্চ কাটার জায়গা নির্দিষ্ট হয় এবং ক্যাম্পাসে কনট্রাকটরদের শ্রমিক দিয়ে রাত্রেই পরিখা খনন করা হয়। পরদিন জওয়ানদের নির্দিষ্ট জায়গায় পাঠিয়ে দেয়া হয় এবং তাদের প্রত্যেককে প্যাকেট লাঞ্চ দেয়া হয়। এ ব্যাপারে গ্রাম্য জনসাধারণ আমাদের আবেদনে সাড়া দেন এবং যথেষ্ট সাহায্য করেন। তাঁরা সাধ্যমত চাল-ডাল-তরকারী, আটা, ময়দা, গরু, ছাগল, মুরগী আমাদের কাছে পৌঁছে দেন দান হিসেবে। তবে তাঁদের কাছ থেকে কোন অর্থ আমরা গ্রহণ করিনি। সৈন্যদের পথ দেখানোর কাজেও তাঁরা যথেষ্ট সাহায্য করেন। উল্লেখ্য যে, ই, পি, আর-দের সাহায্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের এক মাইল দূরে রেল লাইনের পূর্ব দিকে বিভিন্ন জায়গায় যোগাযোগের জন্য ওয়ারলেস সেট স্থাপন করা হয়েছিল।

২৭শে মার্চ বেতারে মেজর জিয়ার প্রথম ঘোষণা প্রচারিত হয়। তা শুনেই আমি হান্নান সাহেবকে টেলিফোনে বলি যে, ঘোষণায় বঙ্গবন্ধুর নাম যোগ করা আবশ্যক। নইলে আন্তর্জাতিক স্বীকৃতির বিষয় বিবেচিত হবে না। মেজর জিয়া পরবর্তী ঘোষণা করেন বঙ্গবন্ধুর নাম করে, তাঁর পক্ষ থেকে।

২৭শে মার্চ ও ২৮শে মার্চ ই, পি, আর-এর আরও কিছু জওয়ান এবং চট্টগ্রাম সেনানিবাস থেকে আত্মরক্ষা করে ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের কিছু সৈন্য বিশ্ববিদ্যালয়ে চলে আসে। সব মিলিয়ে শেষ পর্যন্ত এদের সংখ্যা দাঁড়ায় চারশ'র বেশী। কিন্তু ই,পি,আর ও ই,বি,আর-এর জওয়ানদের একসঙ্গে কাজ করার ক্ষেত্রে অসুবিধা দেখা দেয়। এস,পি, শামছুল হক, মেজর জিয়া ও ক্যাপ্টেন ভূঁইয়ার সঙ্গে আমার টেলিফোনে যোগযোগ ছিল। পরস্পরের কাছে পরিচিত হবার জন্য আমরা ভিন্ন কিন্তু নির্দিষ্ট নাম ব্যবহার করতাম। আমাকে দেয়া নাম ছিল 'ডানিয়েল'। যোগাযোগ করা ক্রমশঃ কঠিন হয়ে উঠেছিল, কেননা ক্রমেই তাঁদের অবস্থান এমন জায়গায় হচ্ছিল যেখানে টেলিফোনে কথা বলা যাচ্ছিল না। যাহোক, বিশ্ববিদ্যালয় এলাকায় অবস্থানরত জওয়ানদের যুদ্ধ ব্যাপারে নেতৃত্ব দেবার জন্য আমি সেনাবাহিনীর একজন অফিসার ক্যাপ্টেন রফিক-এর মারফত চেয়ে পাঠাই। তাঁরা পাঠান একজনকে। (পরে দেখি তিনি আমার পূর্ব পরিচিত ও আমার বড় ছেলের বন্ধু)। তাকে নিয়ে একটা ভূল বুঝা-বুঝি হয়। তিনি সরাসরি আমার অফিসে এসে জওয়ানদের দায়িত্ব গ্রহণ না করে, ক্যাম্পাসে আমার সংগৃহীত অস্ত্রশস্ত্র দেখে আরো অস্ত্র সংগ্রহের জন্য বর্ডারে যাবার কথা বলেন এবং এ ব্যাপারে কর্তব্যরত অধ্যাপকের কাছে একটি গাড়ী চান। অধ্যাপক একথা আমাকে ফোনে জানান। ক্যাপ্টেন ভূঁইয়া কিংবা মেজর জিয়া যে তাকে পাঠিয়েছেন তা তিনি জানালেও আমরা সরাসরি কোন খবর কালুরঘাট থেকে পাইনি বলে উক্ত অফিসার সম্বন্ধে আমাদের সন্দেহের উদ্রেক হয়। তখন তাকে আমি আমার অফিসে ডেকে পাঠাই এবং জিজ্ঞাসাবাদ করি। তাতেও সন্দেহ নিরসন না হওয়াতে ই,পি,আর-এর নায়েক এবং দুই সিপাহীর সাহায্যে তাকে এবং তার দু'জন সহচর ছাত্রকে নিরস্ত্র করি এবং ভাইস চ্যান্সেলরের ভিজিটরস রুমে পাহারাধীন রাখি। তাদের উদ্দেশে আমি বলি যে দেশ এক সংকটময় পরিস্থিতিতে জীবন-মরণ সংগ্রামে লিপ্ত। এ অবস্থায় কারও চালচলনে সন্দেহের উদ্রেক হলে তাকে নজর বন্দী রাখতে হয়। মেজর জিয়ার ক্যাম্প থেকে তাদের সম্পর্কে সংবাদ সংগ্রহ করে তারপর সিদ্ধান্ত নেব। ক্যাপ্টেন ভূঁইয়াকে ফোনে যোগাযোগ করি। তিনি বলেন যে, উক্ত অফিসারকে দু'জন ছাত্রসহ পাঠিয়েছি। আমার বক্তব্য, তাই যদি হয়, তবে আমার সংগে দেখা না করে এখানকার দায়িত্ব না নিয়ে চলে যাচ্ছিল কেন। যাহোক, তখন ঐ অফিসারকে মুক্ত করে আমি জিয়ার ক্যাম্পে পাঠিয়ে দেই এবং অন্য কোন সিনিয়র অফিসার পাঠাতে অনুরোধ করি। সঙ্গের দু'জন ছাত্রকেও তার সঙ্গে পাঠাই কারণ এটা প্রমাণিত হয় যে, তারা প্রতিরোধ সংগ্রামে স্বেচ্ছাসেবক হিসেবে যোগ দিতে মেজর জিয়ার ক্যাম্পে গিয়েছিল। ক্যাপ্টেন ভূঁইয়ার নির্দেশে অফিসারকে নিয়ে আমাদের এখানে আসে। তারা পরস্পর পরস্পরের সঙ্গে পরিচিত নয়। ছাত্রদের পরিচিতি সম্বন্ধে স্থানীয় নেতাদের কাছ থেকে* খবর নিয়ে জানতে পারি যে, তাদের বক্তব্য সত্য। তখন ঐ দুটি ছাত্রকে দিয়ে উক্ত অফিসারকে কালুরঘাট পাঠানো হয় ক্যাপ্টেন রফিকের নিকট। ছাত্র দুটি যখন ফিরে আসছিল তখন তারা পাক বাহিনীর গুলিতে নিহত হয়। প্রসংগত উল্লেখ্য যে, ক্যাম্পাস থেকে সংগ্রাম পরিচালনার সময় আমাদের ছাত্র স্বেচ্ছাসেবক বাহিনীর দুইজন সদস্য আব্দুর রব (তৎকালীন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের সাধারণ সম্পাদক) এবং ফরহাদ কাপ্তাই রোডের ওপর এক গেরিলা অপারেশনে মৃত্যুবরণ করে।

২৯শে মার্চ সেনাবাহিনী ও পুলিশের অফিসারদের সঙ্গে আমাদের যোগাযোগ ছিন্ন হয়ে যায়। মনে হয় তারা অবস্থান পাল্টেছেন, কিন্তু আমাদের খবর দেবার সময় পাননি।

পক্ষান্তরে আমরা চট্টগ্রাম শহরের পতনের সংবাদ পাই। ইতিমধ্যে শত্রুর গুলিতে পরিখায় অবস্থানরত আমাদের কয়েকজন জওয়ান আহত হয়। এমতাবস্থায় প্রতিরোধ এখান থেকে জোরদার করা সম্ভব নয় বলে জওয়ানদের পক্ষ থেকে আরও উত্তরে চলে যাবার প্রস্তাব আসে। আমরা একমত হই। তারা নাজিরহাটে যাবে সিদ্ধান্ত হয়। পরিকল্পনা অনুযায়ী আমাদের সঙ্গে অবস্থানকারী জওয়ানরা গন্তব্যস্থলের দিকে রওয়ানা হয়ে যান। বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রে ডাঃ আবুল বাশার ও ডাঃ আখতারুজ্জামানের চিকিৎসাধীন কয়েকজন আহত যোদ্ধা ছাড়া তখন আর প্রায় কোন যোদ্ধাই আমাদের হাতে রইল না। এর পরে শহর থেকে গ্রাম্য পথ ঘুরে যোদ্ধৃবেশে

---

* জনাব আখতারুজ্জামান তাদের মধ্যে একজন।

কিছু আওয়ামী লীগ কর্মী ও নেতা এবং ইউ, ও, টি, সির কিছু প্রশিক্ষণরত ছাত্র ও অফিসার বিশ্ববিদ্যালয় এলাকায় পৌঁছান, কিন্তু ক্যান্টনমেন্ট অবরোধ করে রাখা অসম্ভব দেখে তারাও অন্যত্র চলে যান। এদিকে ক্যাম্পাস থেকে উত্তর চট্টগ্রাম বা রাঙ্গামাটির রাস্তায়ও স্থানীয় জনসাধারণ ব্যারিকেড স্থাপন করতে শুরু করে। এই অবস্থায় আমরা স্থির করি যে ৩০শে মার্চ ক্যাম্পাস থেকে সকল শিশু, বৃদ্ধ ও নারীকে স্থানান্তরিত করা হবে। কয়েকটি বাসে করে কিছু পরিবার নাজিরহাটে পাঠিয়ে দেয়া হয়, অন্যেরা গিয়ে আশ্রয় নেন কুন্ডেশ্বরী বালিকা বিদ্যালয়ের হষ্টেলে। বিশ্ববিদ্যালয় কর্মচারীদের বেতন বন্ধ ছিল কারণ হাতে টাকা ছিল না এবং ব্যাংক বন্ধ ছিল। কিছু কর্মচারী ব্যাংকের দরজা ভেঙ্গে টাকা নেয়ার প্রস্তাব করে। আমি তাদের উদ্দেশ্যে বক্তৃতা দিই এবং ব্যাংক লুট করা চলবে না বলে দিই। আমার বাসায় যে ব্যাক্তিগত টাকা ছিল* সেখান থেকে চার হাজার টাকা নিয়ে নিম্ন শ্রেণীর কর্মচারীদের বাড়ী যাবার ভাড়া তাৎক্ষণিকভাবে দিয়ে দিই এবং তাদের যার যার বাড়ীতে চলে যেতে বলে তাদের কাছ থেকে আমি বিদায় নিই। ৩১শে মার্চ রাতে ক্যাম্পাস প্রায় খালি হয়ে যায়। ডাক্তার দু'জনের হাতে চিকিৎসাধীন চার পাঁচজন যোদ্ধাকে রেখে ১লা এপ্রিল সন্ধ্যায় আমার পরিবার, রেজিষ্টারের পরিবার এবং আনিসুজ্জমানকে** নিয়ে ক্যাম্পাস ত্যাগ করলাম। আমি সপরিবারে রাউজানে আশ্রয় নিলাম। ক্যাম্পাসে ভি, সির বাসগৃহ ছেড়ে বেরিয়ে আসার সময় আমার সেক্রেটারী ইনস্যুরেন্স পলিসি, শেয়ার সার্টিফিকেট ইত্যাদির কিছু কাগজপত্রের ক্যক্তিগত ফাইল আমার পাসপোর্টসহ আমার সামনে এনে হাজির করে সঙ্গে নেবার জন্য। আমি ওই পাসপোর্ট সবার সামনে ছিঁড়ে ফেলেছিলাম কারণ, তখন আমি আর পাকিস্তানী নই, তাই পাকিস্তানী পরিচয়ে কোন পাসপোর্ট সঙ্গে রাখতে চাইনি। অন্যান্য কাগজপত্রের ফাইলটিও ছুড়ে ফেলে দিয়েছিলাম। আমার মনে হচ্ছিল, যতক্ষণ না দেশ স্বাধীন হচ্ছে ততক্ষণ কোন বীমা, কোন শেয়ার সার্টিফিকেটের দরকার নেই। পরবর্তীকালে দেশ স্বাধীন হবার পর আমার সেক্রেটারী ঐ ছুড়ে দেয়া ফাইলটি আমার ড্রাইভারকে দিয়ে আমাকে ফিরিয়ে দিয়েছিল।

রাউজানে আমি সপ্তাহখানেক ছিলাম। ইতিমধ্যে সার্বিক পরিস্থিতি আমাদের প্রতিকূলে চলে যায়। সকলেই নিরাপদ আশ্রয়ের সন্ধান করতে থাকে। কুণ্ডেশ্বরীতে যারা আশ্রয় নিয়েছিলেন, তারা ছড়িয়ে-ছিটিয়ে পড়েন। সেখানে আশ্রয় দাতা নূতনচন্দ্র সিংহের পরিবারও স্থান ত্যাগ করেন। নূতন বাবু শূন্য গৃহে রয়ে যাবার সিদ্ধান্তে অটল থাকেন। পরে ১৩ই এপ্রিল হানাদার বাহিনী তাকে হত্যা করে।

সম্ভবত ৮ই এপ্রিল আমি রাউজান থেকে নাজিরহাটে চলে যাই। ওখানে তখন আমাদের সহযোগী জওয়ানরা ছিলেন। সেখানে এক রাত তাদের সঙ্গে থেকে রামগড়ের পথে রওয়ানা হই। সপরিবারে অধ্যাপক সৈয়দ আলী আহসান, অধ্যাপক রশিদুল হক ও ডঃ মাহমূদ শাহ কোরেশী আমার সঙ্গে আসেন। উল্লেখ্য নাজিরহাট থেকে আমার সঙ্গে যায় মুক্তিযোদ্ধা কয়েকজন, তাদের সঙ্গে কালুরাঘাট থেকে সরিয়ে আনা ট্রান্সমিটার সেট ছিল। এদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র-মুক্তিযোদ্ধাও ছিল।

১০ই এপ্রিলে হানাদার বাহিনী বিশ্ববিদ্যালয় এলাকা দখল করে। ১১ই থেকে ১৪ই এপ্রিলের মধ্যে রামগড়ে সপরিবারে এসে পৌঁছান অধ্যাপক শামসুল হক, ডঃ আনিসুজ্জমান, ওসমান জামাল; অন্য শিক্ষকদের মধ্যে 'ষরিৎকুমার সাহা, নূরুল ইসলাম খোন্দকার প্রভৃতি এবং বেশ কিছু ছাত্র। ছাত্রেরা অনেকেই সাবরুম হয়ে ভারতে প্রবেশ করে এবং এদের মধ্যে কেউ কেউ দু'চার দিনের সামরিক প্রশিক্ষণ নিয়ে দেশে ফিরে এসে শত্রুর মোকাবিলা করে। আমাদের ছাত্র শহীদ ইফতিখার ছিল তেমন একজন।

রামগড়ে এসে মেজর জিয়ার সঙ্গে সম্পর্ক পুনারায় স্থাপিত হয়। সেখানে থেকেই তিনি যুদ্ধ পরিচালনা করছিলেন। তাঁর সঙ্গে ছিলেন মেজর শামসুদ্দীন (ই পি আর), ক্যাপ্টেন রফিক, ক্যাপ্টেন আফতাব (গোলন্দাজ

---

* উল্লেখ্য, আমার ব্যক্তিগত গাড়ী বিক্রয়ের দশ হাজার টাকা ব্যাংক বন্ধ থাকায় বাসায় ছিল।

** তার পরিবার আগেই কুণ্ডেশ্বরীতে স্থানান্তরিত হয়েছিল।

বাহিনী), ক্যাপ্টেন ভূঁইয়া প্রমুখ। রাঙ্গামাটি থেকে হাসান তৌফিক ইমাম ও এস, পি বজলুর রহমান আমাদের আগেই এখানে এসে যোগ দিয়েছিলেন। আওয়ামী লীগের কিছু নেতৃস্থানীয় কর্মী তাদের কাজের সঙ্গে জড়িত ছিলেন। ঢাকা থেকে সাদেক খানও সেখানে এসে পৌঁছান। রামগড়ে মুক্তিযোদ্ধের কাজে এবং আমাদের ব্যক্তিগত প্রয়োজনে সর্বাত্মক সাহায্য করেন সেখানকার চা বাগানের ম্যানেজার জনাব আব্দুল আউয়াল। রামগড় অবস্থানের শেষ দিন ভোরে ক্যাপ্টেন কাদের আমার সঙ্গে দেখা করে তাঁর উপর জিয়া কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করতে যান পার্বত্য চট্টগ্রামে। তিনি এই অপারেশনে নিহত হন।

এপ্রিলের মাঝামাঝি রমগড় থেকে আগরতলায় গিয়ে পৌঁছাই। দেশের মাটি ছাড়ার সময় আমরা যারা চলে যাচ্ছিলাম এবং আমাদের যেসব বন্ধু তখনও দেশে রয়ে গেলেন, সকলেরই চোখ অশ্রুভারাক্রান্ত হয়ে উঠেছিল। আমি আনিসুজ্জামানকে তখন বলেছিলাম, মন খারাপ করো না, এই বছর শেষ হবার আগেই আমরা স্বদেশে ফিরে আসব। আমি জানিনা সেই দুরবস্থার সময়ে এ প্রত্যয় কি করে আমার মনে জন্মেছিল। তবে মুক্তিযোদ্ধের পুরো সময়টাতে একথা আমি বহুজনকে বহুবার বলেছিলাম। এমনকি জুন মাসেই সিদ্ধার্থ সঙ্কর রায়কে বড়দিন উপলক্ষে চট্টগ্রামে আসার পর অগ্রিম নিমন্ত্রণ জানিয়েছিলাম।

আগরতলায় একটি পরিত্যক্ত বাসগৃহে আমার ও পরিবারের থাকার ব্যবস্থা হয়েছিল। অদূরে শিক্ষক-প্রশিক্ষণ কলেজের একটি পরিত্যক্ত হোষ্টেলে সৈয়দ আলী আহসান, রশিদুল হক ও কোরেশীর স্থান হয়। পরে এই হোষ্টলেই আমাদের বিশ্ববিদ্যালয়ের শামসুল হক, আনিসুজ্জামান, ওসমান জামাল, চা বাগানের অব্দুল আউয়াল এবং মেজর শামসুদ্দীন, মেজর শওকত ও মেজর শফিউল্লার পরিবার আশ্রয় লাভ করেন। এক-একটি কক্ষে এক-একটি পরিবার থাকার ব্যবস্থা করা হয়।

আগরতলায় আমার অনেক আগেই এসে পৌঁছেছিলেন জনাব এম, আর, সিদ্দিকী ও জনাব জহুর আহমেদ চৌধুরী। তাঁদের সঙ্গে আলাপ করে কর্মপন্থা স্থির করার চেষ্টা করি। কিন্তু তাৎক্ষণিক কিছু করার ছিল না। তখন আমরা সকলেই স্বাধীন বাংলাদেশ সরকার প্রতিষ্ঠিত হবার অপেক্ষা করছি। স্রোতের মতো শরণার্থী আসছে। ঢাকা থেকেও অনেক বন্ধু, পরিচিত, স্বজন সেখানে এসে পৌঁছাচ্ছেন। এখানে একদিনের দুপুরের খাবারের কথা আমার মনে পড়ে। অবস্থার পরিপেক্ষিতে খাবারের আয়োজন ছিল বেশ উন্নতমানের। আমরা খেতে বসেছিলাম। এই কদিন আমাদের সঙ্গে যেসব ছেলে কাজ করছিল তাদের যে দুরবস্থা আমি দেখেছি তা ভেবে আমার বিবেক নাড়া দিল, আমি খেতে পারলাম না। সৈয়দ আলী আহসান ও অন্যান্য সহযোগীদের বলে আমি উঠে এলাম এবং একটি সস্তা হোটেলে গিয়ে রুটি ও নিরামিষ খেলাম। প্রতিরোধ যুদ্ধে পিছু হটলেও সীমান্তের কাছাকাছি তখনও যুদ্ধ চলছে। মেজর খালেদ মোশারফ এসে ২/৩ রাত আমাকে যুদ্ধ ক্ষেত্রের কাছে নিয়ে যান। অচিরেই তাঁকে সদলে পিছু হটতে হয়। সঙ্গী অফিসারদের নিয়ে মেজর খালেদ মোশারফ ও মেজর জিয়া আগরতলা চলে আসেন। কর্নেল ওসমানীর সঙ্গে আমার আগরতলায় পরিচয় হয়। ট্রান্সমিটার সমেত স্বাধীন বাংলা বেতারকেন্দ্রেও উঠে আসে আগরতলায়। কিন্তু এর প্রচার শক্তি এত সীমাবদ্ধ ছিল যে, কর্মীদের আপ্রাণ প্রচেষ্টার ফল ঘরে ঘরে পৌঁছতে পারেনি। পরে ডঃ ত্রিগুনা সেন যখন আগরতলা সফরে আসেন, তখন তাঁকে আমরা অনুরোধ জানিয়েছিলাম আমাদের বেতারের জন্য শক্তিশালী ট্রান্সমিটার সরবরাহ করতে।

আগরতলায় থাকতে একদিন দৈনিক 'ষ্টেটসম্যান' পত্রিকায় খবর দেখলাম যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে পাওয়া যাচ্ছেনা। ব্যাপারটা ছিল এই যে, এপ্রিল মে মাসে কাঠমুন্ডু বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তন উৎসবে আমার প্রধান অতিথি হিসেবে ভাষণ দেবার কথা ছিল। নেপালী কর্তৃপক্ষ তাই পাকিস্তান সরকারকে আমার বিষয়ে লিখেন। পাকিস্তান সরকার জানান যে, আমাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। কাঠমুন্ডুর কর্তৃপক্ষীয় সূত্রে খবরটা ঐভাবে প্রকাশ পায়। পরে পাকিস্তান সরকার অনেক শরণার্থী সম্পর্কে ভারত সরকারকে লিখেছিলেন যে, দুষ্কৃতকারীরা তাঁদের ধরে ভারতে নিয়ে গেছে, এসব ব্যক্তিদের খুঁজে বের করে পাকিস্তান সরকারের কাছে ফিরিয়ে দেয়া হোক। এই তালিকায় অবশ্য আমার নাম ছিল না।

মে মাসের প্রথম দিকে জনাব আব্দুল মালেক উকিল কলকাতা থেকে এক সন্ধ্যায় আগরতলায় আমার বাসায় আসেন। তিনি বললেন, প্রধানমন্ত্রী তাজউদ্দীন আমাকে ডেকে পাঠিয়েছেন, তাঁর সঙ্গে দিল্লী যাবার জন্য। উকিল সাহেব আমার কলকাতা যাবার বিমানের টিকিটও নিয়ে এসেছিলেন। পারিবারিক ব্যবস্থা সাঙ্গ করে কলকাতায় পৌঁছতে আমার দুই দিন বিলম্ব হল। তাজউদ্দীন সাহেব দিল্লী চলে গিয়েছিলেন, আমার আর তখন যাওয়া হল না। এখানে উল্লেখ করতে চাই, মুক্তিযুদ্ধের সময় ভারতে অবস্থানকালে সপরিবারে আমার ব্যয় নির্বাহের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আমাকে আর্থিক সাহায্য প্রদান করতে প্রস্তুত ছিলেন কিন্তু আমি তা গ্রহণ করিনি। দেশের বাইরে অবস্থানরত আত্মীয়স্বজন, ছাত্র-ছাত্রী ও বন্ধুবান্ধবের নিকট হতে প্রাপ্ত সাহায্যসামগ্রী দিয়েই আমি সংগ্রামের দিনগুলি কাটিয়েছি।

কলকাতা পৌঁছে বাংলাদেশ মিশন অফিসে আমাকে নেয়া হয়। হোসেন আলী তখন বাংলাদেশ সরকারের আনুগত্য প্রকাশ করে এই মিশনের অস্থায়ী প্রধানের দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি আমাকে বললেন, বিদেশে অবস্থানরত বিচারপতি আবু সায়ীদ চৌধুরীকে টেলিফোনে বাংলাদেশ সরকারের পক্ষে কাজে যোগদানের অনুরোধ জানাতে। কলকাতায় তাঁদের ধারণা ছিল, বিচারপতি চৌধুরী এখনো দ্বিধাদ্বন্দ্বের মধ্যে আছেন। টেলিফোন বুক করা হল। কিন্তু লাইন পাওয়া গেল না। শেষে তাঁর কাছে পাঠানোর জন্য আমি ম্যাসেজ রেখে গেলাম যে, আমি এসে গেছি উনি যেন বাংলাদেশের সমর্থনে কাজ করতে নেমে যান।

কলকাতায় এসে আমার প্রথম কাজ হয় Bangladesh Liberation Council of Intelligentsia গঠন করা। দেশের যেসব বুদ্ধিজীবী, শিল্পী ও অন্যান্য সংস্কৃতিকর্মী ততদিনে কলকাতায় শরণার্থী হয়েছেন, তাঁদের সংগঠিত করে মুক্তি সংগ্রামের পক্ষে কাজ করা ছিল এর উদ্দেশ্য। আমি সভাপতি নির্বাচিত হই, জহির রায়হান নির্বাচিত হন সাধারণ সম্পাদক। সৈয়দ আলী আহসান, সারওয়ার মুর্শিদ, ব্রজেন দাশ, ফয়েজ আহমদ, কামরুল হাসান প্রমুখ এই কমিটিতে ছিলেন। প্রথম দিকে এই কমিটির কর্মকর্তাদের কয়েকটি সভা অনুষ্ঠিত হয় আমার প্রাক্তন ছাত্রী, সেসময়ে লরেটো কলেজের অধ্যাপিকা ডঃ পি সি ঘোষ এর বাসভবনে। তিনি এবং তাঁর স্বামী কমল ঘোষ ব্যক্তিগতভাবেই কমিটির কর্মকর্তাদের আপ্যায়ন এবং সভার অন্যান্য আনুসংগিক খরচাদির ব্যয়ভার বহন করতেন। এই বুদ্ধিজীবী সংগ্রাম পরিষদের উদ্দ্যোগে নেতাজী রিসার্চ ইনস্টিটিউটে বাংলাদেশ সম্পর্কে তথ্য সংগ্রহের কাজ শুরু হয়। এখানে আমার দুই মেয়ে এমি ও রানা তথ্য সংগ্রহের ব্যাপারে স্বেচ্ছাসেবিকা হিসেবে কাজ করে। বাংলাদেশের রাজনৈতিক পটভূমি, মুক্তিযুদ্ধের গতি, শরণার্থীদের অবস্থা প্রভৃতি বিষয়ে তথ্য সংগৃহীত হয়। অরুপ চৌধুরীর অফিসও এই পরিষদের কাজে এবং পরবর্তিতে স্থাপিত শিক্ষক সমিতির কাজে ব্যবহার করা হয়। পরে বাংলাদেশের শিল্পীদের দিয়ে বিভিন্ন স্থানে সংগীতানুষ্ঠান ও প্রচারমূলক বক্তৃতাদানের ব্যবস্থাও হয় পরিষদের উদ্দ্যোগে। এর কাজে কলকাতার মৈত্রেয়ী দেবী, গৌরী আইয়ূব, বিচারপতি মাসুদ এবং অধ্যাপক আব্দুল ওয়াহেদ মাহমুদ খুব সাহায্য করেছিলেন।

ইতিমধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক সত্যেন্দ্রনাথ সেনকে সভাপতি করে ও দিলীপ চক্রবর্তীকে সাধারণ সম্পাদক করে গঠিত হয় কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতি। এঁদের উদ্দেশ্য ছিল বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রত্যক্ষভাবে সহায়তা করা এবং বাংলাদেশের শরণার্থী শিক্ষকদের নানাভাবে সাহায্য করা। আমি কলকাতা এলে এঁদের সঙ্গে আমার যোগাযোগ হয়। আলাপক্রমে স্থির হয় যে বাংলাদেশের শিক্ষকদের একটা সংগঠন থাকলে উভয় পক্ষেই কাজের সুবিধা হবে। আমি তখন এই কাজের উদ্যোগ নিই। আনিসুজ্জামানকে আগরতলা থেকে ডেকে পাঠাই এবং কয়েক দিনের প্রস্তুতির পর দ্বারভাঙ্গা হলে বাংলাদেশের সকল পর্যায়ের শিক্ষকদের এক সভা আহবান করি। কয়েক হাজার শিক্ষক এই সভায় যোগদান করেন। সভায় অন্যান্যদের মধ্যে জনাব কামরুজ্জামানও বক্তৃতা দেন। সভার সভাপতিরূপে আমি যে ভাষণ দিয়েছিলাম তা পরে কলকাতা বেতার থেকে প্রচারিত হয়। এই সভায় আমাকে সভাপতি ও আনিসুজ্জামানকে সাধারণ সম্পাদক করে বাংলাদেশ শিক্ষক সমিতি গঠিত হয়। সহ-সভাপতিদের মধ্যে ছিলেন সৈয়দ আলী আহসান, সারওয়ার মুর্শিদ ও জনাব কামরুজ্জামান (এমপি)।

'লিবারেশন কাউন্সিল অব ইনটেলিজেন্টসিয়া' গঠন করা নিয়ে বংলাদেশ সরকারের সঙ্গে একটু ভূল বোঝাবুঝি হয়েছিল। কেউ কেউ সরকারকে এমন ধারণা দিয়েছিলেন যে সরকারী যে উদ্যোগের বাইরে যেভাবে আমরা এই পরিষদ গঠন করেছি তাতে সরকারের সঙ্গে অসহযোগের সম্ভাবনাই বেশী থাকবে। আমাদের মধ্যে আবার কেউ কেউ এমন ধারণা করেছিলেন যে সরকার এক ধরনের দলীয় নিয়ন্ত্রণ আমাদের ওপরে আরোপ করতে যাচ্ছেন। শিক্ষক সমিতি গঠনের পূর্বমুহূর্তেও আবার এ ধরনের একটা ভাবের সৃষ্টি হয়। ব্যারিষ্টার আমিরুল ইসলাম এমপি ও জনাব কামরুজ্জামান এমপি'র মাধ্যমে প্রধানমন্ত্রী তাজউদ্দীন এক সন্ধ্যায় আমাকে ও আনিসুজ্জামানকে ডেকে পাঠান। তিনি বলেন যে, আনিসুজ্জামান প্রধানমন্ত্রীর সচিবালয়ে যুক্ত থাকলে তাঁর কাজে সুবিধা হবে অতএব তাঁকে যেন শিক্ষক সমিতিতে বড় দায়িত্ব না দেয়া হয়। আমিরুল ইসলামও এই বক্তব্য সমর্থন করেন। কিন্তু আমরা আগে থেকে যেভাবে ভেবে এসেছিলাম তার ফলে এই প্রস্তাবে সম্মত হইনি। পরবর্তীকালে বাংলাদেশ সরকার পরিকল্পনা সেল গঠন করলে ডঃ মুজাফফর আহমদ, ডঃ সারওয়ার মুর্শিদ, ডঃ মোশাররফ হোসেন ও ডঃ স্বদেশ বসুর সঙ্গে ডঃ আনিসুজ্জামানকে তার সদস্য করা হয় তখন আনিসুজ্জামান শিক্ষক সমিতির সাধারণ সম্পাদকের দায়িত্ব ত্যাগ করেন এবং সেই ভার অর্পিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডঃ অজয় রায়ের ওপরে।

শিক্ষক সমিতির কাজ ছিল কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতির সঙ্গে মিলে বাংলাদেশের শরণার্থী শিক্ষকদের সাহায্য করা, শরণার্থী শিবিরে প্রাথমিক পর্যায়ে বিদ্যালয় চালানো, প্রচার পুস্তিকা প্রণয়ন করা, পৃথিবীর বিভিন্ন দেশে শিক্ষকদের কাছে বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রতি সমর্থন চেয়ে পত্র লেখা ও পুস্তিকা প্রেরণ করা এবং ভারতের বিভিন্ন স্থানে মুক্তিযুদ্ধের প্রতি প্রচারাভিযান চালানো। বহু শিক্ষককে আমরা সহায়ক সমিতির তহবিল থেকে সাহয্য করতে পেরেছিলাম, শরণার্থী শিবিরে কিছু কিছু বিদ্যালয় খুলে বালক-বালিকাদের মধ্যে একট শৃঙ্খলা রাখার ও শিক্ষকদের কর্মসংস্থানের ব্যবস্থা করা গিয়েছিল। কয়েকটি পুস্তিকা আমরা প্রকাশ করেছিলাম ইংরেজিতে তার মধ্যে 'পাকিস্তানবাদ ও বাংলাদেশ' সম্পর্কে ওসমান জামালের লেখা একটি পুস্তিকা এবং বাংলাদেশে গণহত্যা সম্পর্কে একটি সচিত্র পুস্তিকা উল্লেখযোগ্য। পৃথিবীর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রবীণ শিক্ষকদের কাছে বংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে আমরা চিঠি লিখি এবং আশাব্যঞ্জক ও সমর্থনসূচক উত্তর পাই। অষ্ট্রেলিয়া ন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এ এল বাসামকে লেখা আমার চিঠি, তিনি আমার অনুমতি নিয়ে সাইক্লোষ্টাইল করে সে দেশের প্রধান মন্ত্রী ম্যালকম ফ্রেজারসহ অনেক নেতাকে পাঠান এবং আমাদের অস্থায়ী সরকারকে স্বীকৃতি দিতে অনুরোধ করেন। আমেরিকা ও লণ্ডন বিশ্ববিদ্যালয়ের অনেক পরিচিত অধ্যাপকের কাছে লিখা আমার চিঠি মোটামুটি একই ভাবে ব্যবহার করা হয়।

ভারতে আমরা যে প্রচারাভিযান চালাই, তার প্রথম পর্বেও সম্পূর্ন উদ্যোগ ছিল কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতির। এই সমিতির দিলীপ চক্রবর্তী, সৌরেন্দ্রনাথ ভট্টাচার্য, অনিল সরকার* ডঃ অনিরুদ্ধ রায় ও বিষ্ণুকান্ত শাস্ত্রীকে নিয়ে আমি ও আনিসুজ্জামান এলাহাবাদ, আলীগড়, লক্ষ্নৌ, আগ্রা ও দিল্লী সফর করি। এসব শহরের বিশ্ববিদ্যালয় অংগন ছাড়াও আমরা বিভিন্ন জনসভায় বাংলাদেশের মুক্তি সংগ্রামের ওপর বক্তৃতা দেই। আমাদের সংগে সুবিদ আলী (এম,পি,এ) যোগ দেন। তিনি প্রয়োজনমতো উর্দুতে আমার ইংরেজী বক্তৃতার অনুবাদ জনসমাবেশে পেশ করতেন। বিষ্ণুকান্ত বলতেন হিন্দীতে। আনিসও আমার মতো ইংরেজীতেই বলতেন। আলীগড় বিশ্ববিদ্যালয়ে শুধু আমাকে বক্তৃতা করতে দেয়া হয়। সেখানকার পরিবেশ বাংলাদেশের মুক্তিযুদ্ধের অনুকূল ছিল না। বক্তৃতা করতে ওঠার আগে সে সম্পর্কে আমি সচেতন ছিলাম। আমার বক্তৃতার পরে শ্রোতাদের অনেকেই কেঁদে ফেলেছিলেন। বক্তৃতা নাকি মর্মস্পর্শী হয়েছিল, একথা অনেকে বলেছেন।

---

* বাংলাদেশের মুক্তি সংগ্রামের সাহায্য-সহায়তা অনিলের গভীর আবেগ নিয়ে জড়িয়ে পড়ার একটি উদাহারণ আমি এখানে উল্লেখ করতে চাই। এক পর্যায়ে শরণার্থী শিক্ষকরা যখন আর কোথাও আশ্রয়ের স্থান পাচ্ছেন না তখন তিনি নিজ বাসগৃহ তাঁদের থাকার জন্য ছেড়ে দিয়ে শ্বশুরবাড়ীতে গিয়ে ওঠেন এবং তাঁর স্ত্রী প্রতিদিন ভোরে ওই বাড়ীতে এসে রান্নাবান্না ও তাঁদের খাওয়ানোর কাজ সেরে রাত ন'টার পর তাঁর পিতার বাসায় ফিরতেন।

দিল্লীতে সাহিত্য একাডেমির প্রাংগনে অধ্যাপক সুনীতিকুমার চট্টোপধ্যায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত একটি সভায় ভাষণ দিই এবং বাংলাদেশের সাহিত্য সম্পর্কে আনিসুজ্জামান বক্তৃতা দেন।

বক্তৃতা দেয়া ছাড়াও দিল্লীতে আমরা বেশ কয়েকটি ঘরোয়া আলোচনায় যোগ দেই। কলকাতায় আসার পরে ডক্টর বরুণ দের মাধ্যমে সিদ্ধার্থ রায়ের সঙ্গে বাংলাদেশের মুক্তিসংগ্রাম সম্পর্কে আলোচনা হয়। আমার মনে হয়েছিল, তিনি তখনও আমদের সংগ্রামের তীব্রতা অনুভব করতে পারেননি। দিল্লীতে আবার তাঁর সঙ্গে এবং শিক্ষামন্ত্রী ডঃ নূরুল হাসানের সঙ্গে শুধূ আমার সাক্ষাৎ হয়। তাছাড়া আমরা অশোক মিত্র (আই, সি,এস), ডঃ আশোক মিত্র পি, এন, ধর ও পি, এন হাকসারের সঙ্গে আলাপ করি। বাংলাদেশের সকল রাজনৈতিক দলের প্রতিনিধি নিয়ে মুক্তিসংগ্রামের পক্ষে একটি কমিটি গঠন করার প্রয়োজনীয়তা সম্পর্কে আমাদের বিবেচনা করা উচিত, একথা হাকসার বেশ জোর দিয়ে বলেছিলেন। তাঁর কথা পরে আমরা আমাদের অস্থায়ী রাষ্টপতি ও প্রধানমন্ত্রীকে জানিয়েছিলাম।

দিল্লীতে আমরা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সংগে সাক্ষাৎ করি। তিনি ধৈর্য্য সহকারে বাংলাদেশ সম্পর্কে আমার বক্তব্য শোনেন এবং ভারতীয় সরকার ও জনগণের সঙ্গে কিভাবে যোগাযোগ রক্ষা করে আমরা মুক্তিসংগ্রামকে এগিয়ে নিতে পারি সে সম্পর্কে তার ব্যক্তিগত মত বিনিময় করেন। পরে মিসেস গান্ধী ও শিক্ষামন্ত্রী ডঃ নূরুল হাসানের সঙ্গে এ ব্যাপারে আমার বিস্তারিত আলাপ-আলোচনা হয়। এরপরে প্রতিমন্ত্রী কে, আর গণেশ আমাদের এক নৈশ্যভোজে আপ্যায়িত করেন। সেখানে ব্রহ্মানন্দ রেড্ডী ও নন্দিনী শতপথীর মতো রাজনীতিবিদরা ছিলেন অনেক সাংবাদিকও ছিলেন। প্রধানতঃ সাংবাদিকরাই মুক্তিযুদ্ধ সম্পর্কে বহুবিধ প্রশ্ন করেন, রাজনীতিবিদেরাও কিছু কিছু প্রশ্ন করেছিলেন। আমার উত্তর দেয়া শেষ হলে আমি কিছু প্রশ্ন করার সুযোগ পাই। আমার প্রশ্ন ছিল ক্ষমতাসীন রাজনৈতিক নেতাদের উদ্দেশ্যে, তবে আমি তা সাধারণভাবে উত্থাপন করেছিলাম। ঐ আলোচনা থেকে আমি নিশ্চিত হয়েছিলাম যে, মুক্তিযুদ্ধের সাফল্য ছাড়া শরণার্থী সমস্যার সমাধানের যে কোন সম্ভবনা নেই একথা ভারতীয় নেতারা বোঝেন। তবে তাঁরা আন্তর্জাতিক পরিস্থিতি সম্পর্কে ভাবছেন। চীন যে পাকিস্থানের হয়ে যুদ্ধ করবেনা, এ ধারণাও তাঁদের হয়েছে। মনে হল তবুও তারা ঐ মুহূর্তে ঝুঁকি নিতে চান না এ বিষয়ে। মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা কি হবে, এ সম্পর্কে তাঁরা খুবই সন্দিহান। সুতরাং ভালো করে আটঘাট না বেঁধে তাঁরা বাংলাদেশকে স্বীকৃতি দিতে কিংবা বাংলাদেশের পক্ষে বড় রকম সংঘর্ষে লিপ্ত হতে চায় না।

সমস্ত পরিস্থিতি সম্বন্ধে আমার এবং আমাদের এসব সাক্ষাৎকারের ফলাফল ও আমার নিজের ধারণা আমি প্রধানমন্ত্রী তাজউদ্দীনকে কলকাতা ফিরে এসেই জানাই। এরপর আমি পাটনা, বোম্বাই, নাসিক, পুনা, কেরালা, জয়পুর, আজমীর ও হায়দারাবাদে জনসভায় বক্তৃতা দিতে যাই। পাটনায় যে বিশাল জনসভায় বক্তৃতা দিতে যাই সে সভায় সভাপতিত্ব করেন জয় প্রকাশ নারায়ণ, এবং অন্যান্যর মধ্যে বক্ততা দেন বিহার প্রদেশের গভর্নর ডঃ বড়ুয়া।

বোম্বের বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনেও আমি ছাত্র শিক্ষকদের সমাবেশে বক্তৃতা দিই। ঐ সভায় সভাপতিত্ব করেন বোম্বে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর। এখানে বাংলাদেশের দুর্গত শরণার্থীদের সাহায্যে আনুমানিক ষাট/সত্তর হাজার টাকার চেক প্রদান করা হয়। এই সাহায্য এবং একইভাবে ভারতের বিভিন্ন জনসভায় সংগৃহীত অর্থ আমরা দাতাদের পক্ষ থেকে সরাসরি কলকাতা বিশ্ববিদ্যালয় বংলাদেশ সহায়ক সমিতির তহবিলে জমা দেবার ব্যবস্থা করি। কোন অর্থ আমরা নিজ হাতে গ্রহণ করিনি। বিহারে আমাদের মুক্তিসংগ্রামের পক্ষে জনসমর্থন যোগানোর ব্যাপারে তৎকালীন বিহার সরকারের বিরোধীদলের নেতা কর্পোরী ঠাকুর* আমাদের সংগে বিশেষভাবে সহযোগিতা করেন। এখানে উল্লেখ্য যে, ভারতের সকল রাজনৈতিক দল বাংলাদেশের ব্যাপারে আমাদের সংগে ও তাদের সরকারের সংগে সহযোগিতা করেছে। প্রধানমন্ত্রী সবচে' কট্টর বিরোধী নেতা রাজ

* পরবর্তীকালে ইনি মূখ্যমন্ত্রী হন।

নারায়ণও আমাদের সমর্থনে বিশেষ ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন। আমার এলাহাবাদ সফরকালে তিনি তাঁর রাজনৈতিক দলের পক্ষ থেকে এক বিরাট জনসমাবেশের আয়োজন করেন এবং সমাবেশের তোরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিরাট এক প্রতিকৃতি স্থাপন করেন। দলের কর্মকর্তা ও কর্মীদের আগ্রহে আমি ওই সমাবেশে তাদের উদ্দেশ্যে একটি ভাষণ দিই। সে সময় ভারতে বাংলাদেশের সমর্থনে এমন একটি জোয়ার এসেছিল সে সব জায়গায়, এমনকি দুর্গাপূজা মণ্ডপের প্রবেশ দ্বারেও বঙ্গবন্ধুর প্রতিকৃতি টানানো দেখেছি।

বোম্বেতে অবস্থানকালে মহারাষ্টের গভর্নর নবাব আলী জংগ-এর সঙ্গেও আমার পরিচয় হয়। বাংলাদেশের সমর্থনে আয়োজিত সভায় তিনি উপস্থিত হন এবং আমার বক্তৃতা শোনেন। বিভিন্ন সংগঠনের মাধ্যমে তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধের জন্য প্রচুর অর্থ, গেরিলাদের জন্য পোষাক-পরিচ্ছদ ও অন্যান্য সামগ্রী সংগ্রহ করে দিয়েছিলেন। বাংলাদেশ মুক্ত হবার পর আমি যখন দিল্লীতে বাংলাদেশের হাইকমিশনার ছিলাম তখন প্রবল বৃষ্টিপাতের মধ্যে একদিন হঠাৎ নবাব ইয়ার আলী জংগ আমার বাসায় এসে উপস্থিত হন এবং বলেন যে, বাংলাদেশের মুক্তিযুদ্ধে সাহায্যের জন্য আমি যে তহবিল খুলেছিলাম তাতে প্রচুর টাকা জমা হয়েছে। যেহেতু এ টাকা আমাদের জনসাধারণ কর্তৃক বাংলাদেশকে দেয়া তাই এটি আপনাকে নিতে হবে। মহারাষ্ট্রে তখন দুর্ভিক্ষ চলছিল। সুতুরাং এ বিষয়ে আমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগে কথা বলি। মহারাষ্ট্রের গভর্নও সাহায্য তহবিলের যে চেক প্রদান করেন তা আমি বঙ্গবন্ধুকে পঠিয়ে দিয়ে সমপরিমাণ টাকা বাংলাদেশের পক্ষ থেকে প্রতীকী সাহায্য হিসেবে মহারাষ্ট্রের জনগণকে দেবার পরামর্শ দিই। অতঃপর তাই করা হয়।

শিক্ষক সমিতির পক্ষ থেকে সৈয়দ আলী আহসানকে একবার বাঙালোরে এবং মযহারুল ইসলামকে কেরালাতে বক্তৃতা দিতে পাঠানো হয়। সৈয়দ আলী আহসান, মযহারুল ইসলাম, আনিসুজ্জামান মাঝে মাঝে স্বাধীনবাংলা বেতারকেন্দ্রের অনুষ্ঠানে অংশ নিতেন। আমিও দুবার অংশ নিয়েছিলাম।

সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহে (১৮-২০ তারিখ) দিল্লীতে অনুষ্ঠিত হয় বাংলাদেশ সম্পর্কে একটি আন্তর্জাতিক সম্মেলন। "World Meet on Bangladesh" নামে এটি পরিচিত হয়। এর প্রধান উদ্যোক্তা ছিলেন জয়প্রকাশ নারায়ণ। সেখানে ২৪টি দেশের ১৫০জন প্রতিনিধি সমবেত হন। বাংলাদেশের প্রতিনিধি দলের নেতা রুপে আমি এই সম্মেলনে যোগ দেই। অন্যান্যদের মধ্যে সৈয়দ আলী আহসান, মওদুদ আহমদ ও আবিদুর রহমান প্রতিনিধিদলের সদস্য ছিলেন। এই সম্মেলন খুব সফল হয় এবং বিশ্বজনমত গঠনে আনুকূল্যও সৃষ্টি করে। এই সম্মেলনের সাফল্যের পিছনে গান্ধী ফাউন্ডেশনের বেশ অবদান আছে। এখানে অমরেশ সেন এর ভূমিকা ও তৎপরতা উল্লেখযোগ্য। এখানে একটা ঘটনার কথা আমার মনে পড়ে। নেপালের প্রাক্তন প্রধানমন্ত্রী বি, পি, কৈরালা অমরেশ সেনের বাসায় গোপনে আমার সঙ্গে দেখা করেন এবং আমাদের মুক্তি সংগ্রামে গুর্খাদের স্বেচ্ছাসেবী হিসেবে অংশগ্রহণের প্রস্তাব দেন। সে সময়ে তিনি ভারতে আশ্রিত ছিলেন বলে তাঁর এই প্রস্তাব গ্রহণ করা সম্ভব নয়, একথা তাঁকে জানাই। তবে তাঁর এই আগ্রহের কথা আমি প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদকে জানাবার আশ্বাস দিই। পরবর্তীকালে একথা জানালে তাজউদ্দীন আহমদও এ ব্যাপারে আমার সঙ্গে ঐক্যমত্য প্রকাশ করেন যে, ভারতে আশ্রিত কোন ব্যাক্তি বা গোষ্ঠীর সহায়তা আমাদের নেয়া উচিত হবে না।

দিল্লীর আন্তর্জাতিক সম্মেলন শেষ করেই আমি নিউ ইয়র্কের পথে রওয়ানা হয়ে যাই। বাংলাদেশের পক্ষে জাতিসংঘ সদর দপ্তরে প্রচারকার্য চালানো ও আন্তর্জাতিক সমর্থন আদায়ের জন্য বাংলাদেশ সরকার তখন বিচারপতি আবু সাঈদ চৌধুরীর নেতৃত্বে ১৫জন সদস্যের একটি প্রতিনিধিদল প্রেরণ করেন। আমি এই দলের অন্তর্ভূক্ত ছিলাম, শিক্ষকদের মধ্যে রেহমান সোবহানও ছিলেন। রাজনীতিবিদদের মধ্যে আবদুস সামাদ আজাদ, এম আর সিদ্দিকী, ফণি মজুমদার, সিরাজুল হক, আর ছিলেন সৈয়দ আবদুস সুলতান, ডাঃ আসহাবুল হক এবং ফকির সাহাবুদ্দিনের মতো সংসদ সদস্য; এস, এ করিম, আবুল ফাতাহ ও এ, এম, এ মুহিতের মতো বাংলাদেশের প্রতি আনুগত্য ঘোষণাকারী প্রক্তন পাকিস্তানী কূটনীতিবিদ। আমাদের এই প্রচেষ্টার সাফল্য সম্পর্কে অনেকেই অবহিত আছেন।

জাতিসংঘের অন্যান্য কয়েকটি রাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের প্রতি পর্তুগালের সহানুভূতি ও সমর্থন আদায়ও আমার কার্যাবলীর অন্তর্ভূক্ত ছিল। একদিন আমি জাতিসংঘ ভবনে পর্তুগীজ দূতের সঙ্গে বাংলাদেশ সম্পর্কে আলাপ করছি, তাঁকে আমাদের সংগ্রামের পটভূমি বিশদভাবে বুঝাচ্ছি ঠিক সে সময় আমাদের সামনে দিয়ে হলের ভেতরে যাচ্ছেন পাকিস্তানী প্রতিনিধিদলের সদস্য শাহ আজিজুর রহমান, মাহমুদ আলী, রাজিয়া ফয়েজ প্রমুখ। এঁরা যাবার সময় পর্তুগীজ দূত আমাকে আঙ্গুলের ইশারায় বললেন, ঐ দেখুন, আপনাদের প্রতিপক্ষরাও যাচ্ছেন। রাজিয়া ফয়েজ আমার পূর্ব পরিচিতা ছিলেন। তিনি আমাকে দেখে আমার কাছে এসে হোটেলে আমার ঠিকানা জানতে চাইলেন এবং রাত দশটার পর আমার সঙ্গে দেখা করবেন, বললেন। নির্ধারিত সময়ে তিনি জনৈক ব্যক্তির সঙ্গে এসে আমার সঙ্গে দেখা করেন। তিনি আমাকে এই বলে বোঝাতে চেষ্টা করেন যে, আপনার মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষাবিদ যাঁদের সঙ্গে কাজ করছেন তাঁদের নেতা হলেন তাজউদ্দীন প্রমূখ ব্যক্তি। আমি বললাম তাঁরা জনগণের প্রতিনিধি। গণপ্রতিনিধিরা আমার চাইতে বেশী সম্মানের দাবিদার। সব দেশে তাঁরাই সরকার প্রতিষ্ঠা করেন। আমার বেলায়ও তাই হয়েছে। দেশের স্বাধীনতা সংগ্রামে আমরা লিপ্ত আছি। কে বেশী সম্মানিত কে কম সম্মানিত এ প্রশ্ন এখানে ওঠে না। তাঁকে আমি বলি, আমার দৃঢ়বিশ্বাস, দেশ স্বাধীন হবে এবং তার আর বেশীদিন বাকী নেই। বাংলাদেশে গেরিলাদের হাতে প্রতিদিন যত পাক সৈন্য মারা যাচ্ছে তাদের সংখ্যা পাকিস্তান সরকার গোপন করতে চাইলেও বিদেশী সাংবাদিকরা তাদের হতাহতের যে সংবাদ দিচ্ছেন তাতে বাংলাদেশের জয়ের সম্ভাবনা সম্পর্কে আমি নিশ্চিত। তখন তিনিও অধিক হারে পাক সৈন্য ক্ষয়ের কথা স্বীকার করলেন। আমি তাঁকে আবার প্রশ্ন করি, আপনার এই শারীরিক অবস্থায় আপনি কিভাবে এসেছেন? উল্লেখ্য যে তিনি তখন সন্তানসম্ভবা ছিলেন। তিনি জানান, ইয়াহিয়ার সামরিক সরকারের চাপে আমাকে অনিচ্ছা ও অসুবিধা সত্ত্বেও আসতে হয়েছে। সন্তান ধারনের ৭ মাস অতিবাহনের মেডিক্যাল সার্টিফিকেট প্রদান করা সত্ত্বেও আমাকে অব্যহতি দেয়া হয়নি। দেশ স্বাধীন হবার পর অন্যান্যদের সঙ্গে যখন তাঁকেও বাংলাদেশের বিরোধিতা করার কারণে জেলে পাঠানো হয়েছিল তখন তাঁর স্বামী ও তাঁর বোন আমার কাছে আসেন তাঁর মুক্তির ব্যাপারে বলার জন্য। আমি বঙ্গবন্ধুর কাছে তাঁর সম্পর্কে একথার ওপর জোর দিয়ে বলি যে, তিনি ইচ্ছার বিরুদ্ধে নিউইয়র্ক গিয়েছিলেন, অতঃপর অন্যান্যদের সঙ্গে তিনিও জেল থেকে মুক্তি পান।

জাতিসংঘে দায়িত্বপালনের সঙ্গে সঙ্গে আমি মার্কিন যুক্তরাষ্ট্রে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে বাংলাদেশ সম্পর্কে শিক্ষক, ছাত্রদের সমাবেশ ও জনসভায় বক্তৃতা করি। প্রসংগতঃ উল্লেখ যে, এ সময়ের ১০ বৎসর পূর্বে আমেরিকার এক বিখ্যাত ও প্রাচীন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছিলাম* এবং তার আগে ও পরে আমেরিকাতে বিভিন্ন সেমিনার ও কনফারেন্সে যোগ দিয়েছিলাম। এর ফলে ঐ দেশের বহু শিক্ষক ও শিক্ষাবিদ আমার পরিচিত ছিলেন। অনেকের সঙ্গে ঘনিষ্ঠ বন্ধুত্ব ছিল। তাঁদের মধ্যে কয়েকজন উদ্যোগী হয়ে আমার জন্য এ রকম বিশেষ প্রোগ্রাম এর ব্যবস্থা করেন। এতে বাংলাদেশ সরকারের কোন অর্থ ব্যয় হয়নি। তবে আই, আর, সি নামক একটি আন্তর্জাতিক সংস্থাও এখানে কিছুটা সহায়কের ভূমিকা পলন করেছিল।

যুক্তরাষ্ট্রে অবস্থানরত আমার প্রাক্তন ছাত্র জে, আর খান এ-সময়ে আমার সচিবের কাজ করেন। আমি বক্তৃতা দিই নিউইয়র্ক, কলাম্বিয়া, পেনসিলভানিয়া, ষ্টানফোর্ড, বার্কলে লংবীচ, শিকাগো, বাফেলো, প্রিন্সটন, মিশিগান, নর্থ ক্যারোলাইন, হার্ভার্ড, বষ্টন, ইয়েল প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে। এসব বিশ্ববিদ্যালয়ে মোটামুটিভাবে আমার কর্মসূচী হতো স্থানীয় রেডিও টিভি সাংবাদিকদের কাছে সাক্ষাৎকার প্রদান, মধ্যাহ্নের ফ্যাকাল্টি সদস্যদের সমাবেশে বক্তৃতা দেয়া এবং অপরাহ্নে উন্মুক্ত স্থানে ছাত্র সমাবেশে বাংলাদেশের ওপর বক্তৃতা দিয়ে সমর্থনের আহবান জানানো। উল্লেখ্য যে, এরূপ অনেক ক্ষেত্রে আমার বক্তৃতার পর শ্রোতারা মার্কিন সরকারের নীতির বিরুদ্ধে বক্তৃতা দিতেন। সেটি আমাদের জন্য একটা অত্যন্ত উৎসাহব্যঞ্জক পরিস্থিতি বলে বিবেচিত হতো। আমার সঙ্গে প্রায়ই থাকতেন ডাঃ আসহাবুল হক। তাছাড়া আমার অনুরোধে ও আয়োজনে বিচারপতি আবু সাঈদ চৌধুরী, সৈয়দ আবদুস সুলতান, ডাঃ আসহাবুল হক, সিরাজুল হক প্রত্যেকে এক একটি বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা

* পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ে দক্ষিণ এশীয় ইতিহাস বিভাগের প্রফেসর।

করেন। সংসদ সদস্য সিরাজুল হককে আমি পাঠিয়েছিলাম টেক্সাসে। তিনি বক্তৃতা দিয়ে আসার পরপরই সেখানে পাকিস্তানের পক্ষে বক্তৃতা দিতে যান ডক্টর ফাতেমা সাদেক। তারপর সেখানকার বাঙ্গালীরা আমাকে সত্বর টেক্সাসে গিয়ে বাংলাদেশের পক্ষে বক্তৃতা করার জন্য তাগাদা দেন। আমি ছোট্ট একটি প্রাইভেট বিমানে টেক্সাসে যাই এবং এক ছাত্র শিক্ষক সমাবেশে বক্তৃতা দেই। এখানে অনেক পাকিস্তানী ছিলেন যাদের অনেক প্রশ্নের উত্তর তাৎক্ষণিকভাবে দিতে হয়েছে। আমি যখন বাংলাদেশে পাকিস্তানী সামরিক বাহিনীর বর্বতার নজীরগুলি একের পর এক উল্লেখ করতে থাকি তখনই প্রশ্ন করা বন্ধ হয়ে যায়। এই সভায় ২/৩জন আমেরিকানও আমাদের সপক্ষে বক্তৃতা দিয়েছিলেন বলে আমার মনে পড়ছে।

ফিলাডেলফিয়াতে গভীর ঔৎসুক ছিল বাংলাদেশ সম্পর্কে। তার প্রধান কারণ পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক থাকাকালীন আমার যারা ছাত্র বা গুণগ্রাহী ছিলেন তাদের মধ্যে বেশ কয়েকজন বিশ্ববিদ্যালয় বা ঐ এলাকার বিভিন্ন কলেজে শিক্ষক ছিলেন। আমার সময়কার অনেক অধ্যাপকও সেখানে তখন কর্মরত ছিলেন। এসব কারণে বাংলাদেশ লবি ওখানে খুবই শক্তিশালী ছিল। ফলে পাকিস্তানের জন্য মার্কিন সমরাস্ত্রবাহী জাহাজ সেখানে প্রতিবাদকারীরা ঘেরাও করেছিলেন ছোট ছোট স্পীড বোট নিয়ে। এখানে আমার অনেক প্রাক্তন সহকর্মী অধ্যাপকদের সংগে দেখা হয় এবং যোগাযোগ স্থাপিত হয়। যেমন অধ্যাপক নর্মান ব্রাউন, অধ্যাপক হোলডেন ফারভার, রিচার্ড ল্যামবার্ট প্রমুখ। হার্ভার্ড ডক্টর কিসিঞ্জারের এক সহকারী আমার বক্তৃতার পর পাকিস্তানের পক্ষ নিয়ে খুব সতর্ক করেছিলেন, কিন্তু শ্রোতাদের ওপর কোন প্রভাব বিস্তার করতে পারেননি। মার্কিন জনমত তখন বাংলাদেশের অনুকূলেই ছিল, যদিও মার্কিন সরকারের মনোভাব ছিল এর উল্টো। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আমার বক্তৃতায় ছাত্র, শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের বাইরের লোক উপস্থিত থাকতেন এবং বেতার-টেলিভিশনে তা প্রচারিত হত। তাছাড়া বিভিন্ন শহরে স্থানীয় রেডিও-টেলিভিশন এবং সংবাদপত্রের লোকজন আমার সক্ষাৎকারও গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয় ছাড়া কয়েকটি কলেজেও আমি বাংলাদেশের ওপর বক্তৃতা দেই।

সময়সংক্ষেপ করার জন্য আমার যাতায়াতের ব্যবস্থা হয় প্রধানতঃ উড়োজাহাজে। প্রায় বিশ্ববিদ্যালয়েই আমি প্রথমে ফ্যাকাল্টি ক্লাব এবং ছাত্র-ছাত্রীদের সমাবেশে ভাষণ দিই। উড়োজাহাজে ভ্রমণসূচী এমনভাবে প্রণীত হয় যে, আমি প্রায় প্রত্যেক দিনই একটা না একটা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে হাজির হতে পেরেছি। এ কর্মসূচী প্রণয়নে জে, আর খান অত্যন্ত পারদর্শিতার প্রমাণ রেখেছেন। এসব অনেক প্রোগামে কুষ্টিয়া প্রতিরোধ সংগ্রামের নেতৃত্ব দানকারী ডাঃ আসহাবুল হক আমার সঙ্গে ছিলেন।

নিউইয়র্কে অবস্থানকালে কয়েকজন আইনজ্ঞ ও অস্ত্র ব্যবসায়ী গোপনে আমার সঙ্গে সাক্ষাৎ করেন এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধে অস্ত্র সরবরাহের প্রস্তাব দেন। প্রস্তাবিত অস্ত্রশস্ত্রের মূল্য পরে পরিশোধ করলেও চলবে বলে তাঁরা আমাকে জানান। তাঁরা আরো প্রস্তাব দেন যে, অনুমতি দেয়া হলে, তাঁরা বঙ্গবন্ধুকে পাকিস্তানী কারাগার হতে কমান্ডো অভিযানের মাধ্যমে মুক্ত করার চেষ্টা করবেন। আমার সংশয় ছিল এটি পাকিস্তানী ষড়যন্ত্রের কোন অংশ হতে পারে। যদি তারা তাদের কথায় খাঁটি হয় তাহলেও গোপনভাবে অস্ত্র সরবরাহের সময় অস্ত্র শত্রুর হাতে পড়তে পারে। আর কমান্ডো অভিযানের মাধ্যমে বঙ্গবন্ধুকে মুক্ত করতে গেলে তাঁর জীবনের ওপরে ঝুঁকি আসার আশঙ্কা অধিক। এসব ভেবে আমি তাদের জানালাম এটি আমার এখতিয়ার বহির্ভূত বিষয়। আমি তাঁদের ধন্যবাদ জানিয়ে বললাম দরকার হলে অস্থায়ী বাংলাদেশ সরকার আপনাদের কাছ থেকে অস্ত্র নিবে। এরপর অল্পকালের মধ্যে দেশ স্বাধীন হয়ে যাওয়ায় এ ব্যাপারে আর অনুসন্ধান করার প্রয়োজন হয়নি।

যেসব মার্কিন সিনেটর বাংলাদেশের পক্ষে কথা বলতেন, আমি তাঁদের কয়েকজনের সঙ্গেও সাক্ষাৎ করি। সিনেটর কেনেডির সঙ্গে আমার কলকাতায় সাক্ষাৎ হয়েছিল, তবু আবার তাঁর সঙ্গে দেখা করে তাঁর প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই। সিনেটর স্যাক্সবী ও সিনেটর চার্চের সঙ্গেও বাংলাদেশের সর্বশেষ পরিস্থিতি নিয়ে আলোচনা করি। স্যাক্সবীর এক ছেলে (স্যাক্সাবী জুনিয়র) আমাদের মুক্তিযুদ্ধের সমর্থনের ব্যাপারে বিশেষ ভুমিকা পালন করেছেন।

যুক্তরাষ্ট্রে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সফররত অবস্থায় আমার সঙ্গে বাংলাদেশের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন স্থপতি ডঃ ফজলুর রহমান খানেরও শিকাগোতে সাক্ষৎ হয়। তিনি বাংলাদেশের পক্ষে সেখানে এক বলিষ্ঠ লবির সৃষ্টি

করেন। বাংলাদেশ আন্দোলনের প্রচার কার্যে তার আর্থিক অবদানও ছিল বিরাট। আমি এক রাতের জন্য তাঁর অতিথি ছিলাম। শিকাগো বিশ্ববিদ্যালয়ের আমার এক বন্ধু অধ্যাপক ডিমকও বাংলাদেশ আন্দোলনের পক্ষে সহায়ক শক্তি হিসেবে প্রচুর কাজ করেছিলেন।

লংবীচে, আমার মনে পড়ে, একটি সমাবেশে ভাষণ দেবার পর বাংলাদশের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সেতার বাদক রবি সঙ্কর-এর সঙ্গে আমার সক্ষাৎ হয়। তিনি আমাকে তাঁর বাসায় নিয়ে যান এবং যে যন্ত্র সংগীতের মধ্যমে তিনি বাংলাদেশের জন্য অর্থ সংগ্রহ করছিলেন তার একটি রেকর্ড আমাকে উপহার দেন।

বষ্টন ও হর্ভার্ডে বিমানবন্দরে আমাকে রিসীভ করার জন্য উপস্থিত ছিলেন আমাদের কয়েকজন সিভিল সার্ভিসের সদস্য। তাঁরা আমার সঙ্গে বিভিন্ন জনসভায় উপস্থিত ছিলেন। তাঁদের মধ্যে আমার ঘনিষ্ঠ পরিচিত জনাব খুরশিদ আলম একটি সভায় সভাপতিত্ব করেছিলেন। ডঃ মহিউদ্দীন আলমগীরও যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পক্ষে জনসমর্থনের উদ্দেশ্যে আয়োজিত বিভিন্ন সভা ও অনুষ্ঠানের একজন বিশেষ উদ্যোক্তা ছিলেন। আমার জন্য তার সযত্ন আতিথ্যের কথাও আমার মনে আছে।

নভেম্বরের শেষ দিকে নিউইয়র্ক থেকে কলকাতায় ফেরার পথে লণ্ডনে বাংলাদেশীদের সমাবেশেও আমি বক্তৃতা দেই। সেখানে বিচারপতি আবু সাঈদ চৌধুরী এবং প্রবাসী বাঙ্গালীদের বিভিন্ন সংগঠন ও সংস্থার সঙ্গে আমার ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপিত হয়। সেখানকার বাঙ্গালীরা যথেষ্ট মনোবল নিয়ে কাজ করছিলেন। বস্তুতঃ মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বত্র এবং লণ্ডনে বাঙ্গালী সমাজের মধ্যে ঐক্যের যে বোধ, সংগ্রামের যে সংকল্প এবং ত্যাগ স্বীকারের যে মনোভাব আমি লক্ষ্য করি, তাতে মুক্তিযুদ্ধের পরিণাম ও বাংলাদেশের ভবিষ্যৎ সম্পর্কে বলিষ্ঠ আশার সঞ্চার হয়। লণ্ডন ছাড়া বৃটেনের লিভারপুল অক্সফোর্ড, ক্যামব্রীজ ইত্যাদি স্থানে এবং ইউরোপের বিভিন্ন শহরে গিয়ে আমার বক্তৃতা দেবার কথা ছিল। কিন্তু এটা আমার কাছে স্পষ্ট হয়ে উঠেছিল যে, আমরা সংগ্রামের শেষ পর্যায়ে পৌঁছে গেছি এবং বাংলাদেশ আন্দোলনকে কেন্দ্র করে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তাতে পাকিস্তান শীঘ্রই ভারতের সঙ্গে সরাসরি যুদ্ধে লিপ্ত হয়ে পড়বে। পাকিস্তানের পক্ষে এর একটি কৌশলগত ধারণা ছিল বাংলাদেশের মুক্তিযুদ্ধকে পাক-ভারত যুদ্ধ হিসেবে আন্তর্জাতিকভাবে প্রতিপন্ন করতে পারলে বাংলাদেশ প্রশ্ন চাপা পড়ে যাবে। পরবর্তীকালে নিরাপত্তা পরিষদে ভূট্টোর বক্তৃতা (হাজার বছর ধরে ভারতের সঙ্গে যুদ্ধ অঙ্গীকার) আমার ধারণা যে সঠিক ছিল তার প্রমাণ বহন করে। যাহোক, উপমহাদেশে সর্বাত্মক যুদ্ধ শুরু হয়ে যাবার আসন্ন অবস্থার দরুন আমার উক্ত সফরসূচী বাতিল করে দিল্লী হয়ে আমি কলকাতা ফিরে আসি।

কলকাতায় ফেরার অল্পকাল মধ্যেই মুক্তিযুদ্ধের সর্বশেষ পর্যায় শুরু হয়ে যায়। ঐ সংকট মুহূর্তে ইন্দিরা গান্ধী কলকাতার জনসভায় যে বক্তৃতা করেন, তা আমি বেতারে শুনি ঘরে বসে। সত্যি বলতে কি, সে বক্তৃতা শুনে আমি আশাহত হয়েছিলাম। কেননা আমার আশা হয়েছিল যে, ঐ সময় হয়তো বাংলাদেশকে স্বীকৃতিদানের বিষয়ে তিনি কিছু বলবেন। তারপর সেই রাতেই আকস্মিকভাবে ভারতের ওপর পাকিস্তানী হামলার সংবাদ শোনা গেল। এর পরপরই ভারতীয় সৈন্য ও মুক্তিযোদ্ধাদের সম্মিলিত বাহিনীর দ্রুত অগ্রগতি সত্ত্বেও মনে হচ্ছিল আরো তাড়াতাড়ি এরা ঢাকায় পৌঁছাতে পারছে না কেন। তারপর যেদিন পাকিস্তানীদের আত্মসমর্পণের সংবাদ হলো সেদিন দেখলাম বড়দিনের আরো কিছু দেরী আছে। উল্লেখ্য, সিদ্ধার্থ সংকর রায়কে আমি খ্রীষ্টমাসে স্বাধীন বাংলাদেশে আসার অগ্রিম আমন্ত্রণ জানিয়েছিলাম গত জুন মাসে।

মুক্তিলাভের এই আনন্দ দ্রুত ম্লান হয়ে গেল ঢাকায় বুদ্ধিজীবী হত্যার সংবাদে। আমার কত আপনজনই না দেশদ্রোহীদের ষড়যন্ত্রে অকালে শহীদ হয়েছেন। তবু বারবার নিজেকে বলেছি, এত শহীদ, এত আত্মত্যাগীর মর্যাদা যেন আমরা রক্ষা করতে শিখি স্বাধীন বাংলাদেশে।

দখলদার বাহিনীর আত্মসমর্পনের পর প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ আমাকে বলেন যে, আপনি বয়োজ্যেষ্ঠ শিক্ষাবিদ, ছাত্র-যুবক, মুক্তিযোদ্ধাদের মধ্যে অনেকেই আপনার প্রত্যক্ষ ছাত্র। তারা আপনার কথা শুনবে। বিজয়ের পর প্রত্যেকে যাতে আইন নিজের হাতে তুলে না নেয় এবং সমাজে বিশৃঙ্খলা না ঘটে সেজন্য স্বাধীন

বাংলা বেতারে আপনি একটা বক্তৃতা দিন। দালাল, রাজাকার এবং বাংলাদেশের বিরুদ্ধাচরণ যারা করেছে বাংলাদেশ সরকার তাদের শাস্তি প্রদান করবে বিশেষ আদালতে। তাজউদ্দিন সাহেবের এই পরামর্শে উপরোক্ত আহবান জানিয়ে আমি স্বাধীন বাংলা বেতারে বক্তৃতা দেই। এরপর আমি যশোরে বহু আকাঙ্ক্ষিত স্বাধীন ভুখণ্ড পরিদর্শন করি। অবশেষে '৭২-এর ৪ঠা জানুয়ারী আমি সপরিবারে দেশে ফিরে আসি।

-আজিজুর রহমান মল্লিক
এপ্রিল,১৯৮৪

আফসার আলী আহমেদ*

অসহযোগ আন্দোলন চলাকালে আমরা সংগ্রাম পরিষদ গঠন করে পাক বাহিনীর বিরুদ্ধে যুদ্ধের প্রস্তুতি নিই। ২৫শে মার্চের পর আমি ঐক্যবদ্ধভাবে পাক বাহিনীকে প্রতিরোধ করার জন্য নির্দেশ প্রদান করি। আমি নিজ এলাকায় আত্মগোপন করে যুদ্ধ পরিচালনা করি এবং ভারতে যাওয়ার আগে ইপিআর ও পুলিশদের একত্রিত করে যুদ্ধের জন্য সংগঠিত করি। যুদ্ধে বহু পাক-সেনা নিহত হয়।

২৮শে মার্চ আমি ভারতে চলে যাই এবং জলপাইগুড়িতে অবস্থান করতে থাকি। তখন জলপাইগুড়ির ডি,সি আমাকে অপ্রত্যাশিতভাবে গ্রেফতার করেন। কংগ্রেস নেতৃবৃন্দ আমাকে মুক্ত করার জন্য অনেক চেষ্টা করেও ব্যর্থ হন। তারপর ২৯শে মার্চ স্কর্ট করে আমাকে কলকাতা নিয়ে যাওয়া হয়। দিল্লীর সাথে যোগাযোগ করে রাজ্য সরকার গ্রেফতারকৃত অবস্থায়ই আমাকে দিল্লী পাঠান। সেখানে আমাকে মুক্তভাবে রাখা হয়। মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ-এর সাথে দিল্লীতে আমার সাক্ষাৎ হয়। এরপর আমাকে কলকাতা পাঠিয়ে দেয়া হয়। এবং ভারতের দেওয়ানগঞ্জ ক্যাম্পের দায়িত্ব আমার ওপর অর্পণ করা হয়।

এপ্রিল-মে মাসের দিকে আমি আনসার এবং পুলিশদের আমার এলাকায় অস্ত্রশস্ত্র সংগ্রহ করার নির্দেশ প্রদান করি। ই, পি, আর আনসার এবং পুলিশদের সংগঠিত করে বাংলাদেশের ভেতরে অপারেশন করার জন্য পাঠাই। এরূপ বিভিন্ন অভিযানে তারা কৃতকার্য হন এবং বহু দালাল হত্যা করেন।

আমার এলাকায় দীর্ঘ নয় মাস অনবরত যুদ্ধ চলতে থাকে পাক-সেনাদের সাথে। প্রায় এক লক্ষ টাকা আমার এলাকা থেকে সংগ্রহ করে আমি বাংলাদেশ সরকারের তহবিলে জমা দিই।

আমার এলাকায় আনুমানিক দেড় হাজার লোক পাক সেনাদের দ্বারা নিহত হয়। এই হত্যাযজ্ঞে সৈয়পুরের বিহারীদের ভূমিকা ছিল অগ্রণী। এই এলাকায় প্রায় এক হাজার নারীকে নির্যাতন করা হয়। উল্লেখ্য যে, এখানে ২২শে মার্চ তারিখে এই অত্যাচারের হাত থেকে স্থানীয় জনগণকে রক্ষা করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছিল। পরে বিহারীরা বিশ্বাসঘাতকতা করে বহু লোককে হত্যা করে। সৈয়দপুরে শতকরা ৯৯ভাগ ঘর-বাড়ী ও বিষয়-সম্পত্তি বিনষ্ট ও লুটপাট হয়। উল্লেখ্য যে, ব্যাঙ্কের টাকা-পয়সাও পুড়িয়ে দেয়া এবং লুটপাট করা হয়। সীমান্তে সৈয়দপুরের বিহারীরা ভারতে যাওয়ার প্রলোভন দেখিয়ে ট্রেনের মধ্যে আটকিয়ে প্রায় চার শত লোককে হত্যা করে। এই ঘটনাটি ঘটে সৈয়দপুর থেকে এক মাইল দূরে। আর একটি উল্লেখযোগ্য ঘটনা ব্রজেন্দ্রলাল ঘোষ নামক এক ব্যাক্তি ও তার দুই ছেলেকে আলবদররা হত্যা করে এবং তার দুই মেয়েকেও অপহরণ করে। প্রতিবেশী সালাউদ্দীন নামে এক ব্যক্তি এই ঘটনার প্রতিবাদ করলে তাকে তারা প্রাকাশ্য দিবালোকে হত্যা করে। মাহফুজুর রহমান চৌধুরী নামক একজন দুঃসাহসী মুক্তিযোদ্ধাকেও তারা নৃশংসভাবে হত্যা করে।

সাক্ষর/-
আফসার আলী আহমেদ
২৬-১০৭২

* এন-ই-১২, রংপুর-১২

আব্দুর রাজ্জাক (মুকুল মিয়া)

১৯৭১সালের অসহযোগ আন্দোলনে সাড়া দিয়ে আন্দোলনে সক্রিয় হই। ১০-১৫ই মার্চ থেকে বকুল সাহেবের নেতৃত্বে গোপালপুর জেলা স্কুল মাঠে ছাত্রজনতাকে নিয়ে সামরিক প্রশিক্ষণ খোলা হয় এবং তিনি নিজে প্রায় ১৫০/২০০জন ছেলের হাতে বাঁশের লাঠি ও ডেমি রাইফেল দিয়ে সামরিক প্রশিক্ষণ দেন আমি আরো ৫/৭জন ছেলেসহ স্থানীয় পলিটেকনিক ইনষ্টিটিউট-এর ওয়ার্কশপ থেকে কাঠের বন্দুক তৈরী করে আমাদের ক্যাম্পে সরবরাহ করি। বকুল ও স্থানীয় আওয়ামী লীগ কর্মী ও প্রাদেশিক পরিষদের সদস্য জনাব মরহুম বগা মিয়ার (আব্দুর রব) নেতৃত্বে পাবনা শহরে বেশ কয়েকটি জনসভা হয়। হাজার হাজার সরকারী বেসরকারী কর্মচারী ও জনতা উক্ত জনসভায় যোগদান করেন।

২০শে মার্চ জনাব বকুলের নেতৃত্বে মুক্তিযোদ্ধাদের চারটি দলে বিভক্ত করা হয় এবং চারজন ছাত্রনেতার ওপর চারটা দলের দায়িত্ব দিয়ে তাদেরকে বকুল সাহেবের নির্দেশে শহরের বিভিন্ন রাস্তায় অস্ত্রশস্ত্র দিয়ে পাঠিয়ে দেয়া হয় যাতে পাকবাহিনী পাবনা শাহরে প্রবেশ না করতে পারে।

একটা দলের ভার শহীদ ছিদ্দিকের উপর অর্পণ করা হয় এবং তার দলকে পাঠানো হয় নগরবাড়ী-পাবনা রোডে। একটি দলের ভার আমি নিজে নিয়ে পাবনা-রাজশাহী রোডে থাকি। একটি দলের ভার ইকবালের উপর দেয়া হয় এবং তার দল পাঠানো হয় শালগাড়িয়া রোডে। আর একটি দলের ভার দেয়া হয় বাবুর উপর এবং তাকে পাঠানো হয় পাকশী-পাবনা রোডে। বকুল সাহেব কিছু যোদ্ধা নিয়ে শহরের কন্ট্রোলরুমে থাকেন।

২৩শে মার্চ আমরা সমস্ত পাবনা শহরে বাংলাদেশের পতাকা উত্তোলন করি । ঐদিন নক্সালদের সাথে আমাদের নুরুল খন্দকারের বাড়ীতে সংঘর্ষ হয় এবং নক্সালেরা পালিয়ে যায় ।

২৪শে মার্চ পাক-বাহিনী নগরবাড়ী হয়ে পাবনা শহরে প্রবেশ করে। তাদের ভারী হাতিয়ারের সামনে টিকতে পারবেনা বলে আমাদের বাহিনী বাধা সৃষ্টি করেনি। পাক-বাহিনী পাবনা শহরে প্রতিটি অফিস আদালতে বাংলাদেশের পতাকা দেখে শহরে কার্ফু দিয়ে কয়েক রাউণ্ড গুলি ছুড়ে এবং রাতের বেলা অনেক মহিলার উপর পাশবিক নির্যাতন চালায়। এদিকে আমরা কয়েকটি দল যোগাযোগ করে একত্রিত হই এবং ডিসি ও এসপি সাহেবের সাথে যোগাযোগ করে পাক সেনাদের আক্রমণ করার জন্য প্রস্তুতি নিই। আমরা শহরের আশেপাশের গ্রমগুলোতে জানিয়ে দেই যে আগামী কাল আমরা পাক-বাহিনীকে আক্রমণ করবো এবং তারা যেন তাদের যা কিছু আছে তা নিয়ে আমাদের সাথে যোগ দেয়। ঘোষণা দেয়ার সাথে সাথে হাজার হাজার জনতা ঢাল সরকী, ফালা, তীর ধনুক, রামদা, বর্শা ইত্যাদি নিয়ে ঢোল থালা পিটিয়ে 'জয়বাংলা' শ্লোগান দিতে দিতে চর আশুতোষপুরে এসে জমায়েত হয়।

২৪শে মার্চ ভোর রাত ৪টার সময় পাক-বাহিনী পুলিশ লাইন আক্রমণ করে। পুলিশ বাহিনী পূর্ব হতেই ডিফেন্সে ছিল। পাক-বাহিনী আক্রমণ করার সাথে সাথে তুমুল যুদ্ধ শুরু হয়ে যায়।

২৫শে মার্চ সকাল ৭টার সময় আমরা বকুলের নেতৃত্বে হাজার হাজার জনতাকে নিয়ে ''জয়বাংলা'' শ্লোগান দিতে দিতে শহরে ঢুকে পড়ি এবং পাক-বাহিনীকে আক্রমণ করি। তুমুল যুদ্ধ চলছে এর মধ্য দিয়ে হাজার হাজার জনতা রুটি, ডাব, ভাত ইত্যাদি নিয়ে আমাদের খাদ্যদ্রব্য যোগান দিচ্ছে। জয় বাংলা শ্লোগান শোনার সাথে সাথে পাক-বাহিনী ৪/৫টি দলে ভাগ হয়ে যায়। পরে একত্রিত হয়ে সিনেমা হলের নিকট এসে জমায়েত হয়। এদিকে পুলিশ লাইনে পাক সেনাদের একটি দলের ৮/১০জন নিহত হয়। বাণী সিনেমা হলের কাছে আমরা পাক-বাহিনীর সদস্যদেরকে চারি দিক থেকে ঘিরে ফেললে উপায় না দেখে তারা আত্মসমর্পণ করে। সাথে সাথে হাজার হাজার জনতা এসে তাদেরকে পিটিয়ে হত্যা করে।

পাক সেনাদের ১০/১৫ জনের একটি দল শিল্প এলাকাতে ছিল। তারা উক্ত সংবাদ শোনার সাথে সাথে হাতিয়ার ফেলে রেখে পাবনা থেকে বের হয়ে আরিফপুর গোরস্থানে গিয়ে আশ্রয় নেয়। জনতা এই সংবাদ শোনার সাথে সাথে উক্ত গোরস্থানে গিয়ে ঘেরাও করে। তারপর অনেক খোঁজাখুঁজির পর কয়েকটি কবর থেকে ৫/৭ জন পাক সেনাকে টেনে বের করে তাদেরকে লাঠি দিয়ে পিটিয়ে হত্যা করে। ৪/৫ জন পাক সেনা গোপালপুর মিলের কাছে গিয়ে জনতার হাতে ধরা পড়লে তাদেরকে পিটিয়ে হত্যা করা হয়। অতঃপর পাবনা শহর সম্পূর্ণ মুক্ত হয়ে যায়। এবং আমরা সেখানে অবার বাংলাদেশের পতাকা উত্তোলন করি। সেখানকার অফিস আদালত আমাদের নিয়ন্ত্রণে চলতে থাকে।

২৫শে মার্চের পর পাক-বাহিনী বাংলাদেশে গণহত্যা শুরু করে। পাবনাতে পাক-বাহিনী যাতে প্রবেশ করতে না পারে সেজন্য আমরা রাজশাহী-পাবনা রোড, পাবনা-ঈশ্বরদী রোড, পাকশী-পাবনা রোডে ১৫/২০ জনের এক একটি দল প্রতিরোধ করার জন্য পাঠাই। আর আমরা বকুলের নেতৃত্বে নগরবাড়ী ঘাটে গিয়ে অবস্থান নেই। আমরা সেখানে গিয়ে দেখতে পাই বগুড়া থেকে ক্যাপ্টেন হুদা ৫০/৬০ জনের একটি ইপিআর ও আর্মি বাহিনী নিয়ে নগরবাড়ীতে পৌঁছেছেন। আমরা তাঁর বাহিনীর সাথে যোগ দিই।

১২ই এপ্রিল পাক-বাহিনী বিমান থেকে নগরবাড়ীতে আমাদের উপর বোমা বর্ষণ করে। ঐদিন ১০টার সময় ২/৩টি ফেরী ভর্তি পাক সেনা আরিচা থেকে নগরবাড়ী চলে আসে। এসেই তারা শেলিং করে এবং মেশিনগান থেকে আমাদের দিকে এলোপাতাড়ি গোলবর্ষন করতে থাকে। ২/৩ ঘন্টা তুমুল যুদ্ধ চলার পর আমরা তাদের ভারী অস্ত্রের সামনে টিকতে না পেরে ক্যাপ্টেন হুদার নির্দেশে দল তুলে নিয়ে পাবনার দিকে চলে যাই।

পাক-বাহিনী নগরবাড়ী প্রবেশ করে। তাদের এক কোম্পানী শাহজাদপুরে চলে আসে আর এক কোম্পানী পাবনার দিকে রওয়ানা হয়ে যায়। পথে কাশিনাথপুরে পাক-বাহিনী আমাদের দ্বারা বাধাপ্রাপ্ত হয়। সেখানে ২/৩ ঘন্টা সংঘর্ষের পর আমরা পাবনা হয়ে মুলাডুলি গিয়ে ডিফেন্স গ্রহণ করি। সেখানে ৩/৪ ঘন্টা যুদ্ধের পর ৬/৭ জন ইপিআর ও ১০/১৫ জন লোক নিহত হয়।

১৫/১৬ই এপ্রিল আমরা বোনপাড়া যাই। সেখানে পাক সেনাদের সাথে যুদ্ধে আমাদের ৫/৭ জন ইপিআর শহীদ হন। সেখান থেকে আমরা রাজশাহী জেলার সারদাতে পৌঁছি এবং সেখানে পাক-বাহিনীর সাথে যুদ্ধে আমাদের ২জন মেশিনগান চালক পাক-সেনাদের গুলিতে আহত হন। আমি তাদেরকে উদ্ধার করতে গেলে পাক-সেনাদের একটি শেলের কণা এসে আমার বুকের বাম পাশে লাগলে আমি আহত হই। তারপর তাদেরকে রেখে কোনরকমে আমার বাহিনীর সাথে রাজশাহী জেলার নওগাঁ গিয়ে হাসপাতালে ভর্তি হই। তারপর সেখান থেকে হাসপাতালে ভর্তি হই। প্রায় দেড় মাস চিকিৎসার পর সুস্থ হয়ে উঠি। তারপর কলকাতা চলে যাই। সেখানে গিয়ে বকুলসহ পাবনা জেলার অনেক মুক্তিযোদ্ধার সাথে দেখা হয়। তাদেরকে নিয়ে বকুলের নেতৃত্বে আমরা প্রথমে শিকারপুর ক্যাম্প করি। সেখানে ১০/১৫দিন থাকার পর আমরা কেচুয়াডাঙ্গায় ক্যাম্প করি।

সেখানে প্রায় ১৫০ জন ছেলে বকুলের অধীনে প্রাথমিক সামরিক প্রশিক্ষণ গ্রহণ করে। জুন মাসে ৪৪ জন ছেলেকে নিয়ে মুজিব বাহিনীর সামরিক প্রশিক্ষণের জন্য দেরাদুন যাই। দেরাদুনে সাপ-বিচ্ছুর দারুণ প্রকোপ ও নানা অসুবিধা সৃষ্টি হওয়ায় আমরা চাকার্তা চলে যাই। সেখানে আমরা মোট ৪৫ দিন বিভিন্ন প্রকার অস্ত্রশস্ত্র চালানোর প্রশিক্ষণ গ্রহণ

আগষ্ট মাসে ২/৩ তারিখে আমরা জরপাইগুড়ি চলে আসি। সেখানে ৮১০ দিন থাকার পর জলঙ্গী বড়ার দিয়ে বাংলাদেশের ভেতরে প্রবেশ করি এবং পাবনা পাকশী ব্রীজের নিকটে এসে পাক-সেনা দ্বারা বাদাপ্রাপ্ত হলে আমরা বারতে চলে যাই।

১৭ই আগষ্ট আমরা কুষ্টিয়ার বর্ডার দিয়ে বাংলাদেশে প্রবেশ করি এবং সাঁথিয়া থানার সোনদহ ব্রীজে রাজাকরদের আক্রমণ করি। এতে ৩ জন রাজাকার নিহত হয় এবং একজন রাজাকার জীবিত ধরে নিয়ে আসি। অতঃপর আমরা পাবনা জেলার বোনাইনগর, ফরিদপুর থানায় প্রবেশ করি।

সেপ্টেম্বর মাসে আমরা সাথিয়া থানা ও রাজাকার ঘাঁটি আক্রমণ করি। সেখানে ১২জন রাজাকার নিহত হয়। ১১ জনকে ধরে নিয়ে আসি এবং অনেক গোলাবারুদ উদ্ধার করি।

অক্টোবর মাসে পাক-সেনারা দিঘলিয়া রতনপুরে আমাদের ক্যাম্প আক্রমণ করে। ৩/৪ ঘন্টা তুমুল যুদ্ধ চলার পর পার্শ্ববর্তী গ্রামগুলোতে যে আমাদের আরো দুটি বাহিনী ছিল তাদেরকে খবর দেয়া হয়। সাথে সাথে তারা এসে তিনদিক থেকে ঘিরে পাক-বাহিনীকে আক্রমণ করে। এতে ২৫ জন পাকসেনা নিহত হয়। যুদ্ধ শেষে আমরা ফরিদপুর চলে যাই।

নভেম্বর মাসে আমরা গাঙ্গাহাটি ব্রীজে রাজাকারদের আক্রমণ করি। সেখানে আমাদের দু'জন যোদ্ধা আহত হয় এবং ছয়জন রাজাকার নিহত হয়। এরপর আমরা বোনাইনগর, ফরিদপুর এলাকাতে পোস্টার লাগিয়ে দিই। তাতে লিখা থাকে, উক্ত মাসের মধ্যে যদি রাজাকার হাতিয়ার নিয়ে আত্মসমর্পণ করে তাহলে তাদেরকে কিছু বলা হবে না । আর যারা আত্মসমর্পণ করবেন না তাদেরকে ক্ষমা করা হবে না।

এই সংবাদ রাজাকরদের কানে পৌঁছার সাথে সাথে নভেম্বর মাসের মধ্যে ফরিদপুর থানার সমস্ত রাজাকার হাতিয়ার নিয়ে এসে আত্মসমর্পণ করে। তাদেরকে ক্ষমা করে দেয়া হয়।

১০/১২ডিসেম্বর আমরা বাঘাবাড়ী ঘাটে পাক-সেনাদেরকে আক্রমণ করি এবং আমাদের বিমান বাহিনী বিমান হতে তাদের উপর বোমা বর্ষণ করে। সেখানে পাকসেনাদের সাথে আমাদের ৪/৫ ঘন্টা যুদ্ধ হয়। এতে আমাদের একজন আহত হয়।

সন্ধ্যা হয়ে যাওয়ায় আমরা গ্রামে গিয়ে আশ্রয় নিই। পার্শ্ববর্তী আরো মুক্তিযোদ্ধারা এসে যায়। পরদিন সকালে আমরা পাক-সেনা আক্রমণ করার জন্য বাঘাবাড়ী ঘাটে যাই। কিন্তু সেখানে কাউকে দেখতে পাইনি। জানা গেল তারা রাতে তাদের গাড়ী ও হাতিয়ারে আগুন লাগিয়ে দিয়ে পাবনার দিকে চলে গেছে। আমরা বাঘাবাড়ী ঘাটে গিয়ে দেখতে পাই ১৫/২০টি গাড়ী পড়ে আছে এবং অস্ত্রশস্ত্রে আগুন জ্বলছে।

আমরা শাজহাদপুর ফিরে এসে স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করি এবং বেসরকারী শাসন ব্যবস্থা চালু করি।

স্বাক্ষর/
মুকুল মিঞা
১৮-১১৭৩

আব্দুল করিম খন্দকার

১৯৭০সালের ডিসেম্বর মাসের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। এই নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসন বিজয়ী আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমানকে জেনারেল ইয়াহিয়া এক পর্যায়ে পাকিস্তানের ভাবী প্রধানমন্ত্রী বলেও অভিহিত করেন। সেই পরিস্থিতিতে মহাসমারোহে ২৩শে মার্চ প্রাজাতন্ত্র দিবস পালনের কর্মসূচী গৃহীত হয়। তখন আমি ঢাকায় পাকিস্তান সশস্ত্র বাহিনীতে কর্মরত বাঙ্গালী অফিসারদের মধ্যে সবচাইতে সিনিয়র। সুতরাং সম্মিলিত সশস্ত্র বাহিনীর প্যারেড অধিনায়কত্ব করার দায়িত্ব আমার ওপর অর্পিত হয়। আর প্রধানত সে কারণেই প্রজাতন্ত্র দিবস অনুষ্ঠানের আয়োজনে আমাকে সমন্বয়ের কাজ করতে হয়েছিল। কর্মসূচী ছিল বিপুল। আর তার সাথে তাল মিলিয়ে ব্যস্ত প্রস্তুতি পর্ব।

ফেব্রুয়ারী মাসের তৃতীয় সপ্তাহে একদিন জোনাল আর্মী হেডকোয়ার্টারে (বর্তমান এয়ার হেডকোয়ার্টার) থেকে জনৈক কর্নেল আমাকে ফোন করে জানালেন যে, ২৩শে মার্চের পরিকল্পিত প্যারেড বাতিল করা হয়েছে। প্যারেড বাতিলের সিদ্ধান্তের আকস্মিকতায় বিস্মিত হলাম। প্রায় সাথে সাথেই ব্রিগেড হেডকোয়ার্টার অফিস

কক্ষে প্রবেশ করে দেখি ডজনখানেক পদস্থ পশ্চিম পাকিস্তানী অফিসার আলোচনারত। আমার আকস্মিক ও অনভিপ্রেত উপস্থিতি তাদের মধ্যে একটা অপ্রস্তুত ও কিছুটা বিরূপ ভাবের সঞ্চার করলো। তাদের এ মনোভাব বুঝতে আমার অসুবিধা হল না। আমি বিশেষ আর কোন আলোচনা না করে ফিরে এলাম।

১লা মার্চ। শাহীন স্কুলের বার্ষিক ক্রীয়া প্রতিযোগিতায় পুরস্কার বিতরণী আনুষ্ঠানে পূর্ব পাকিস্তানের এয়ার অফিসার কমান্ডিং এয়ার কমোডর মাসুদের সভাপতিত্ব করার কথা। আগে দেখেছি এ ধরনের অনুষ্ঠানে তার উপস্থিত সব সময় ছিল সাগ্রহ। কিন্তু সেদিন দেখলাম তার ব্যতিক্রম। এয়ার কমোডর আমাকে বল্লেন আমি যেন তার পরিবর্তে অনুষ্ঠানে সভাপতিত্ব করি। দুপুর একটায় জেনারেল ইয়হিয়া পূর্ব ঘোষণা অনুযায়ী ৩রা মার্চে ঢাকায় অনুষ্ঠিতব্য জাতীয় পরিষদের অধিবেশন বাতিল ঘোষণা করলেন। বিদ্যুত গতিতে ঢাকার চেহারা পাল্টে গেল। চারিদিকে বিক্ষোভ। শাহীন স্কুল প্রাঙ্গণ থেকেই দেখলাম বিক্ষুব্ধ জনতার এক বিশাল মিছিল অধিবেশন স্থগিতের প্রতিবাদে শ্লোগান দিতে দিতে মহাখালী থেকে শহরাভিমুখে ধাবমান।

ঘটনা দুটো উল্লেক করলাম এজন্য যে এগুলো থেকে আমার দৃঢ়বিশ্বাস জন্মেছে যে, ১লা মার্চে জেনারেল ইয়াহিয়ার পরিষদ অধিবেশন স্থগিত কোন আকস্মিক ও বিচ্ছিন্ন ঘটনা নয়। ঘোষণার প্রস্তুতি আগে থেকেই চলছিল এবং এ কারণেই এয়ার কমোডর মাসুদ আমাকে পুরস্কার বিতরণী সভার দায়িত্ব দিয়ে নিজে ইয়াহিয়ার ঘোষণা-পরবর্তী সম্ভাব্য পরিস্থিতি সম্পর্কিত কাজে ব্যাপৃত ছিলেন।

ব্যক্তিগত দায়িত্ব পালনে আমাকে প্রায়ই ঢাকা বিমান বন্দরে যেতে হত। ফেব্রুয়ারীর তৃতীয় সপ্তাহ থেকেই লক্ষ্য করলাম যে, পশ্চিম পাকিস্তান থেকে বোয়িং ভর্তি সৈন্য ঢাকায় আনা হচ্ছে। তাদের সাথে আর্মীর স্পেশাল কমান্ডো সেনারাও আসছে এবং তাদের ব্যাগ-ব্যাগেজ নামছে। আমি বুঝতে পারছিলাম যে এটা দেশের দু'অংশের মধ্যে সৈন্য বদলী ও যাতায়াতের একটা সাধারণ ঘটনা নয়। যারা আসছিল তাদের ক্রমবর্ধমান সংখ্যা আমার সন্দিগ্ধ হওয়ার কারণকে আরও জোরদার করছিল। তদানীন্তন ডিএফআই ডাইরেক্টরের একজন উচ্চপদস্থ বাঙ্গালী অফিসারকে এ ব্যাপারে প্রশ্ন করেও সঠিক উত্তর পাইনি।

মার্চের দ্বিতীয় সপ্তাহের পর থেকেই পরিস্কারভাবে অনুভব করলাম যে আমাকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও অন্যান্য কার্যকলাপ থেকে দূরে সরিয়ে রাখা হচ্ছে। উপরমহল থেকে এ ধরনের আচরণ অপ্রত্যাশি হলেও এর কারণ আমার নিকট অবোদগম্য ছিল না।

সারা পূর্ব পাকিস্তান তখন প্রতিবাদমুখর। মানুষ তাদের নিজ নিজ পন্থায় এ অন্যায়ের মোকাবেলার প্রস্তুতি নিচ্ছে। দেখলাম ইকবাল হলের ছাত্ররা কয়েকটি মাত্র পুরোনা ৩০৩ রাইফেল নিয়ে নিজেদের তৈরী করছে শত্রুর মোকাবেলার জন্য। এঘটনায় আমি অবাক হয়ে গিয়েছিলাম। তাদের প্রস্তুতির ধরন দেখে আমার মনে হল যে কত বড় শত্রুর মোকাবেলা তারা করতে যাচ্ছে সে সম্পর্কে একটা পরিস্কার ধারণা পর্যন্ত তাদের নেই। অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত একটা নিয়মিত বাহিনীর মোকাবেলায় ৩০৩ রাইফেল নিয়ে বেসামরিক লোকদের পক্ষে কতটুকু কি করা সম্ভব! কিন্তু তবু সেদিন আমি ওদের প্রাণের আবেগ ও চিত্তের দৃঢ়তায় মুগ্ধ হয়েছিলাম।

পূর্ব পাকিস্তানে কর্মরত পাকিস্তান বিমান বাহিনীর টেকনিশিয়ানদের অধিকাংশই ছিলেন বাঙ্গালী। এই অবস্থার সুযোগ নিয়ে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের কথা সে সময় আমি ভেবেছি। কিন্তু এ ধরনের পদক্ষেপ নেবার আগে রাজনৈতিক অনুমোদন সমীচীন মনে হওয়ায় আওয়ামী লীগ নেতৃবৃন্দের সঙ্গে একটা কার্যকর যোগযোগ স্থাপনের চেষ্টা করি। এই সূত্রে দু'জন আওয়ামী লীগ এমপি আমার বাসায় আসেন। আমি তাদেরকে বল্লাম যে পশ্চিম পাকিস্তানী সৈন্যদের তৎপাতা ও প্রস্তুতি দেখে আমার ধারণা হচ্ছে যে, তারা নির্বাচিত জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করবে না। এ অবস্থায় কি করণীয় জানতে চাইলাম এবং তাদের মাধ্যমে সশস্ত্র বাহিনীতে বাঙ্গালীদের

ভূমিকা সম্পর্কে পার্টির নেতাদের মনোভাব জানবার ইচ্ছাও তাদের নিকট ব্যক্ত করলাম। সে মুহূর্তে তারা আমাকে সুনির্দিষ্ট কিছুই বলতে পারেননি।

২৫শে মার্চ সন্ধ্যার দিকে এয়ারপোর্ট যাই। দেখলাম অতি গোপনে সতর্ক নিরাপত্তা ব্যবস্থায় একটি বিমানে মাত্র একজন কিংবা দু'জন যাত্রীসহ জেনারেল ইয়াহিয়া করাচীর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করলেন। আমি এই সংবাদ টেলিফোনে আওয়ামী লীগ কার্যালয়ে জানিয়ে দিই। আমার মনে আছে, এয়ারপোর্ট থেকেই আমি ক্যান্টনমেন্টে এয়ারফোর্সের সব বাঙ্গালী অফিসারদেরকে খবরটা দেয়ার চেষ্টা করেছি। পরে বাড়ী বাড়ী গিয়ে তাদেরকে আবার খবরটা বিস্তারিত দিই। বলেছি, পরিস্থিতি গুরুতর, একটা ভয়ঙ্কর কিছু ঘটতে যাচ্ছে। আমি তাদের সবাইকে নিরাপত্তামূলক ব্যবস্থা নিতে বলি এবং আমার পরিবারকে ক্যান্টনমেন্টের বাইরে পাঠিয়ে দিই।

রাত এগারটার দিকে কানে আসে পাকিস্তানী সেনাবাহিনীর সশস্ত্র আক্রমণের আওয়াজ। পায়ের আওয়াজের পরপরই ট্যাঙ্ক চলার শব্দ। বুঝতে পারলাম যা একদিন আশঙ্কা করেছিলাম তা বাস্তবে পরিণত হতে শুরু করেছে। রাতভর সারা শহরজুরে যে তাণ্ডব চলছিল, আগুনের আলোতে এবং গুলির আওয়াজে ক্যান্টনমেন্ট থেকেই ঘটনার ভয়াবহতা সম্পর্কে একটা মোটামুটি ধারণা হচ্ছিল। কিন্তু তাণ্ডবের ভয়ঙ্কর রূপটা যে কল্পনার সমস্ত সীমা ছাড়িয়ে গেছে, না দেখা পর্যন্ত সেটা সঠিক বোঝা যায়নি।

২৫শে মার্চ সন্ধ্যা থেকে মাঝ রাতের ভেতরেই জনসাধারণ জায়গায় জায়গায় ব্যারিকেড সৃষ্টি করে পাক সেনাদের চলাচলে বাধা সৃষ্টির চেষ্টা করে। কিন্তু পাকিস্তান সেনাবাহিনীর কাছে এসব ব্যারিকেড কোন বাধাই ছিল না।

২৭শে মার্চ সন্ধ্যায় এয়ার ফোর্স মেসে গেলাম। মেসের পাশে যে পুকুর তার পূর্ব দিক থেকেই নাখালপাড়া এলাকা শুরু। এটা অত্যন্ত গরীব ও নিম্নবিত্ত লোকের এলাকা। কিছুক্ষণের মধ্যেই দেখলাম পাক-বাহিনীর লোকেরা অগ্নিসংযোগকারী যন্ত্র নিয়ে পুরো এলাকাটি ঘিরে ফেলেছে এবং তাদের সাথে মেশিনগানধারী সৈন্যরা পজিশন নিয়েছে।

অল্পক্ষণ পরেই দেখলাম সারা এলাকায় দাউ দাউ করে আগুন জ্বলে উঠল। আতঙ্কগ্রস্ত অসহায় মানুষ প্রাণের ভয়ে আর্তচীৎকার করে বেরিয়ে আসছে বাইরে। সারা শহরে তখন কার্ফু। এরা কার্ফু ভঙ্গ করেছে এই অজুহাতে সঙ্গে সঙ্গে মেশিনগানধারী সৈন্যরা নির্বিচারে গুলি চালাল।

পাকিস্তানী কর্তৃপক্ষের মাঝে একটা ধারণা বদ্ধমূল হয়ে গিয়েছিল যে এই সব গরীব ও নিম্নবিত্ত লোকেরাই আওয়ামীলীগের রাজনৈতিক ভিত্তি-সুতরাং এদেরকে সমূলে নিশ্চিহ্ন করে ফেলতে হবে। মেসে জনৈত পাকিস্তানী ফ্লাইট লেফটেনান্ট যিনি আমার পাশেই দাঁড়িয়ে ছিলেন এবং জানতেন যে, আমি একজন বাঙ্গালী গ্রুপ ক্যাপ্টেন, আমার সামনে মন্তব্য করলেন- This is way to deal with the bastards.

এরই মধ্যে মুক্তিবাহিনীতে কিভাবে যোগদান করা যায় সে কথা ভাবতে শুরু করি। কিন্তু কিভাবে যাবো? আমার বাসায় কয়েকজন গার্ড নিয়োগ করা হয়েছিল নিরাপত্তার জন্য। কিন্তু তাদের আসল উদ্দেশ্য ছিল আমার গতিবিধির ওপর নজর রাখা।

কিন্তু তা সত্ত্বেও দেশ ত্যাগের ব্যাপারে আমি অন্যান্য বাঙ্গালী আফিসার, বিশেষ করে বৈমানিকদের সাথে যোগাযোগ রক্ষা করি। তখনকার উইং কমান্ডার বাশারের সাথেও আমি যোগাযোগ স্থাপন করি এবং তার মাধ্যমে অন্য অফিসারদের সাথে যোগাযোগ রক্ষা করি।

আলাপ-আলোচনার পর আমরা এয়ার ফোর্সের কতিপয় অফিসার চূড়ান্ত সিদ্ধান্ত নিই যে যেমন করেই হোক পাক বাহিনীর সাথে সম্পর্ক ছিন্ন করে মুক্তিযুদ্ধে অংশ নিতেই হবে। আমাদের এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য

আমরা মাঝে মাঝে বিভিন্ন চাইনিজ রেষ্টুরেন্টে আলোচনায় বসতাম। শেষ পর্যন্ত ঠিক হলো যে একদিন একযোগে সবাই পাক বাহিনী ত্যাগ করবো না। কারণ তাতে ধরা পড়লে সবারই একসাথে ধরা পড়ার সম্ভবনা। সিদ্ধন্ত হল ফ্লাইট লেফটেনান্ট নূরুল কাদের প্রথমে সীমান্ত অতিক্রমের বিভিন্ন পথ আগে সরেজমিনে জরিপ করে আসবেন এবং পরে তার রিপোর্ট অনুসারে আমরা বিভিন্ন দলে ভাগ হয়ে ভিন্ন ভিন্ন পথে সীমান্ত অতিক্রম করবো। কথামতো নূরুল কাদের পথের খবর নিতে যান। কিন্তু কাজ শেষে ফিরে আসার সময় তিনি পাক বাহিনীর হাতে ধরা পড়েন। পরে অবশ্য নানা অজুহাত দেখিয়ে তিনি মুক্তি পেয়ে আসতে পেরেছিলেন এবং আমাদের সাথে যোগ দিতে সক্ষম হয়েছিলেন।

অন্যান্য অফিসারদের সাথে মিলে দেশ ত্যাগের এই চূড়ান্ত সিদ্ধান্ত নেবার আগে ২৮শে মার্চ আমি এ ব্যাপারে প্রথম পদক্ষেপ নেই। বেড়াতে যাবার কথা বলে স্ত্রী ও ছেলেমেয়েসহ আমার নিজের গাড়ী নিয়ে বেরিয়ে পড়ি। ডেমরা ঘাট পর্যন্ত গিয়ে গাড়ীটি ভেতরে চাবিসহ ফেলে রেখে অনির্দিষ্ট নিরাপদ স্থানের উদ্দেশ্যে বের হই। ফ্লাইট লেফটেন্যান্ট মারগুব (পরে বাংলাদেশ বিমান দুর্ঘটনায় মারা যান) আমাদের সঙ্গে ছিলেন এবং তিনিই পথ দেখিয়ে আমাদের গ্রামের দিকে নিয়ে যাচ্ছিলেন।

কিন্তু আমাদের প্রথম প্রচেষ্টা সফল হয়নি। ভাড়া করা লঞ্চে কিছুদূর যাবার পর নদীতে অল্প পানির জন্য আটকে পড়ি এবং শেষ পর্যন্ত ভৈরব বাজারের কাছ থেকে ফিরে আসতে বাধ্য হই।

এপ্রিল মাসের ১০কি ১১ তারিখে রাজশাহী সীমান্ত অতিক্রমের লক্ষ্যে আমরা কয়েকজন মিলে আবার ঢাকা ত্যাগ করি। কিন্তু আরিচা এসে পাক বাহিনীর সমাবেশ দেখে আবার ঢাকা ফিরে আসি।

সীমান্ত অতিক্রমের পরবর্তী চেষ্টা চালাই ১০ই মে তারিখে। এবার লক্ষ্য ছিল কুমিল্লার পথে সীমান্ত অতিক্রম করা। নবীনগর পর্যন্ত গিয়ে পাক বাহিনীর সমাবেশ দেখে ফিরে আসি এবং নরসিংদীর কাছে এক জুট মিলের রেষ্ট হাউজে আশ্রয় নেই। মিলের ম্যানেজার ছিলেন ফ্লাইট লেফটেন্যান্ট রেজা এবং তিনিও আমাদের সাথে সীমান্ত অতিক্রমকারীদের দলে ছিলেন।

১২ই মে রাতে কুমিল্লার কালির বাজারে জনৈক কৃষকের বাড়ীতে রাত কাটানোর ঘটনার স্মৃতি এখনো আমার স্মরণে অম্লান। কৃষকটির বাড়ীতে আমরা বেশ কয়েকটি পরিবার আশ্রয় নিয়েছিলাম। রাত ২/৩টার দিকে হঠাৎ দরজায় করাঘাত। পাকসেনারা হবে ভেবে কেউ কেউ দরজা খুলতে দ্বিধা করছিলেন। বল্লাম, পাক সেনারা এসে থাকলে দরজা না খুললেও তারা ভেঙ্গে ঢুকবে। যারা দ্বিধা করছিলেন তাঁরাও একমত হলেন যে, দরজা খোলাই সংগত। দরজা খুলে দেখি বাইরে দাঁড়িয়ে গৃহস্বামী স্বয়ং। তিনি আমাদের জন্য কিছু খাবারের ব্যবস্থা করেছেন এবং বিনয় ও আন্তরিকতার সাথে আমাদের খাবার দাওয়াত দিতে এসেছেন। দরিদ্র কৃষকের বাড়ী। এত রাতে এতগুলো লোকের জন্য এত ভাল ভাল খাবারের ব্যবস্থা দেখে আমরা সবাই বিস্মিত। একদিকে আমরা যেমন বিব্রত বোধ করছিলাম অন্যদিকে তেমনি এই গ্রাম্য কৃষকের আন্তরিকতায় অভিভূত হই। পরে জেনেছিলাম যে আমাদের আশ্রয়দানের অপরাধে আমরা চলে যাবার পর পাকসেনারা উক্ত কৃষকের বাড়ী জ্বালিয়ে দেয়।

আমাদের আশ্রয়দাতা উক্ত কৃষক ও স্থানীয় অন্যান্য কতিপয় লোকের সহয়তায় পরদিন আমরা সীমান্ত অতিক্রম করে মতিনগর বিএসএফ ক্যাম্পে উপস্থিত হই। এখানেই ক্যাপ্টেন আবুর সাথে আমার প্রথম দেখা। তিনি পরে মুক্তিযুদ্ধে শহীদ হন।

আমাদের প্রায় সাথে সাথে বিমান বাহিনীর প্রায় তিন শত জুনিয়র টেকনিশিয়ান ভারতে যায়। এখানে বলা অপ্রাসঙ্গিক হবে না যে, বিমান বাহিনীর যারা সীমান্ত অতিক্রম করে ভারতে গিয়েছিলেন তারা স্বেচ্ছায়

স্বতঃপ্রণোদিত হয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্যই তা করেছিলেন। তাঁদের বেশীর ভাগের সামনেই দেশে তেমন কোন বিপদ ছিল না। বিমান বাহিনীর যারা ভারতে গিয়েছিলেন একাত্তরে তাদের সামনে অন্যান্য পথ খোলা ছিল। তাদের ভারতে যাবার উদ্দেশ্য ছিল একটাই, তাহলো দেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করা।

আগরতালা পৌঁছেই আমি মেজর খালেদ মোশাররফ, মেজর শওকত আলী প্রমুখের সঙ্গে যোগাযোগ করি। পরদিন জেনারেল কালকাত সিং এবং আমি মেজর শাফায়েত জামিলসহ কোলকাতায় যাই। ওখানে পৌঁছে আমি কর্নেল ওসমানীর (পরে জেনারেল) সঙ্গে সাক্ষৎ করি। কোলকাতায় তাঁর সঙ্গে দুই দিন থাকার পর তিনি আমাকে উর্ধ্বতন ভারতীয় সামরিক ও বেসামরিক কর্মকর্তাদের সাথে আলাপ-আলোচনার জন্য দিল্লী যাওয়ার জন্য নির্দেশ দেন। আমি তখন ভারতীয় বিমান বাহিনীর জনৈক পদস্থ কর্মকর্তার সাথে দিল্লী যাই। ইতিমধ্যে আমার সাথে যে সব অফিসার সীমান্ত অতিক্রম করেছিলেন তাঁরাও দিল্লী এসে পৌঁছান।

দিল্লী থেকে কোলকাতা ফেরার পর কর্নেল ওসমানী আমাকে জানালেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আমাকে সরকারের সম্মিলিত সশস্ত্র বাহিনীর ডেপুটি চীফ অব ষ্টাফ নিযুক্ত করেছেন। সংসদ সদস্য কর্নেল (অবসরপ্রাপ্ত) রবকে রাজনৈতিক কারণে চীফ অব ষ্টাফ নিয়োগ করা হয়েছে। একজন এমপি হিসেবে কর্নেল রব আগরতলায় মুজিবনগর সরকারের রাজনৈতিক কর্মকাণ্ড নিয়েই বেশী ব্যস্ত থাকতেন। ফলে যুদ্ধ সংক্রান্ত বিষয়গুলোর বেশীর ভাগ দায়িত্ব আমার ওপরই ন্যস্ত ছিল।

মুক্তিযুদ্ধের সামরিক পরিকল্পনার অংশ হিসেবে সমগ্র এলাকাকে বিভিন্ন সেক্টরে ভাগ করে সেক্টর কমান্ডার নির্ধারণ করা হয়। হেড কোয়র্টারের সাথে যোগযোগের ব্যাপারে আমাদের নিজস্ব কোন শক্তিশালী মাধ্যম না থাকায় আমরা ভারতীয় সেক্টরগুলোর সহায়তায় যোগাযোগ রক্ষা করতাম। কমান্ডার ইন চীফ-এর তরফ থেকে সেক্টর কমান্ডারদের দায়িত্ব ভাগ করে দেয়া হয়। পরে বাস্তব অবস্থার প্রেক্ষিতে সেক্টর কমান্ডারই নির্ধারণ করতেন কোন দায়িত্ব তিনি কেমন করে সম্পন্ন করবেন। সমগ্র এলাকাকে বিভিন্ন সেক্টরে ভাগ করার ফলে যুদ্ধ পরিচালনার ক্ষেত্রে আমরা অধিকতর সমন্বয় সাধনে সক্ষম হই।

ডেপুটি চীফ অব ষ্টাফ হিসেবে ট্রেনিং ও অপারেশনের দায়িত্ব ছিল আমার। মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য যে সব যুবক সীমান্ত অতিক্রম করে ভারতে প্রবেশ করতো তাদের জন্য বর্ডার এলাকাতেই ক্যাম্প খোলা হয়েছিল। এইসব যুব ক্যাম্প থেকেই মুক্তিযোদ্ধাদের রিক্রুট করা হত। এই রিক্রুটমেন্টের ব্যাপারে আওয়ামী লীগের সংসদ সদস্যদের ভুমিকাই ছিল অগ্রণী এবং মূলত তারাই নতুন মুক্তিযোদ্ধাদের নিয়োগ করতেন।

আমি বিশ্বাস করতাম যে দেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণে সকলের সমান অধিকার রয়েছে এবং এ ব্যাপারটিকে সকল প্রকার দলীয় রাজনীতির উর্ধ্বে রাখা প্রয়োজন। এ জন্যই দলমত নির্বিশেষে সকল শ্রেনীর মানুষের মধ্য থেকে আমি মুক্তিযোদ্ধা নিয়োগের চেষ্টা করেছি।

মুক্তিযোদ্ধাদের নিয়োগের ব্যাপারে পেশাদারী মনোভাবের প্রয়োজন ছিল। যুবকদের মানসিক ও শারীরিক যোগ্যতা, মনোবল, দৃঢ়তা ইত্যাদি গুণাবলী নিয়োগ লাভের মানদণ্ড হওয়া উচিত ছিল। কিন্তু নিয়োগের ক্ষেত্রে ভিন্নতর নীতি অনুসৃত হওয়ায় কিছু কিছু অনভিপ্রেত ফল পরিলক্ষিত হয়। আমি ছাত্রলীগ, যুবলীগ, ছাত্র ইউনিয়ন, কমিউনিস্ট পার্টি প্রভৃতি জনমতের সদস্যদের সাথে বহুবার আলোচনায় মিলিত হয়ে মুক্তিযুদ্ধকে সকল প্রকার কোন্দলের উর্ধ্বে রেখে সবাইকে মিলেমিশে একাত্ম হয়ে কাজ করার আহবান জানিয়েছি। রিক্রুটমেন্টের ব্যাপারে আমি সব সময় কর্নেল ওসমানীর সাথে আলোচনা করতাম এসব বিষয় নিয়ে।

মুক্তিযুদ্ধ আরম্ভ হওয়ার বেশ কিছুদিন পরে মুজিব বাহিনী নামে একটা আলাদা সশস্ত্র গ্রুপ গঠনের কথা আমি জানতে পারি। কর্নেল ওসমানী আলাদা নাম ও বৈশিষ্ট্য নিয়ে এই বাহিনী গঠনের ঘোর বিরোধী ছিলেন। আর আমিও এ ব্যাপারে তার সাথে সম্পূর্ণ একমত ছিলাম। মুক্তিযুদ্ধে আমাদের সকল শক্তি ও সম্পদ একই

লক্ষ্যে এবং একই কমান্ডে সমন্বিত হওয়া উচিত এবং এটাই আমরা চেয়েছিলাম। একজন রাজনীতি-নিরপেক্ষ ব্যক্তি হিসেবে আমি অনুভব করতাম যে মুক্তিযুদ্ধ কোন একটা বিশেষ রাজনৈতিক দলের সংগ্রাম নয়-এটা একটা জাতীয় জনযুদ্ধ।

একাত্তরের আগস্ট মাসের শেষ দিকে বাংলাদেশের সেনাবাহিনীর তিনটি ব্যাটালিয়ন গঠন করা হয়-এগুলোকে 'জেড ফোর্স'; 'এফ ফোর্স' এবং 'কে ফোর্স' নামে আভিহিত করা হয়। এগুলো গঠন করার মুখ্য উদ্দেশ্য ছিল যে ক্রমাগত গেরিলা আক্রমণের ফলে পাক বাহিনী যখন দুর্বল ও হতোদ্যম হয়ে পড়বে তখন এই ব্যাটালিয়নগুলোর দ্বারা চূড়ান্ত আঘাত হেনে বাংলাদেশের একটা উল্লেখযোগ্য পরিমাণ এলাকা সম্পূর্ণরূপে শত্রুমুক্ত করা হবে এবং পরবর্তী পর্যায়ে ঐ এলাকা থেকেই রাজনৈতিক কর্মকাণ্ড এবং যুদ্ধ দুই-ই চালিয়ে যাওয়া হবে।

এই ব্যাটালিয়নগুলো সেনাবাহিনী, বিডিআর এবং পুলিশ বাহিনীর যে সব নিয়মিত সৈনিক মুক্তিবাহিনীতে ছিল তাদের ভেতর থেকে গুণাগুণ ও যোগ্যতার ভিত্তিতে বাছাই করা যুবকদের নিয়ে গঠন করা হয়। তিনটি ব্যাটালিয়নে নেয়ার পর নিয়মিত বাহিনীর বাদবাকী সদস্যদের নিয়ে 'সেক্টর ট্রুপস' গঠন করা হয়। ব্যাটালিয়ন এবং সেক্টর ট্রুপসের সদস্যরাই সাধারণভাবে 'মুক্তিফৌজ' নামে অভিহিত হত। বাকী সকল নিয়মিত ও অনিয়মিত গেরিলা যোদ্ধাদের মুক্তিযোদ্ধা বা ফ্রিডম ফাইটার নামে অভিহিত করা হত।

ব্যাটালিয়ন এবং সেক্টর ট্রুপস গঠন করার ফলে এই বাহিনীর বাইরে একান্তভাবে গেরিলা তৎপরতা চালিয়ে যাওয়ার জন্য যারা রয়ে গেলেন তাদের বেশীর ভাগই ছিলেন অপেশাদার, অনভিজ্ঞ ও অতি সামান্য প্রশিক্ষণপ্রাপ্ত। ফলে গেরিলাদের ছোট ছোট গ্রুপগুলোকে সঠিকভাবে নেতৃত্ব প্রদানের অসুবিধা হয়ে পড়ে। এছাড়া ভারত যে পরিমান অস্ত্রশস্ত্র সরবরাহ করতো প্রয়োজনের তুলনায় তা ছিল একান্তই অপ্রতুল। ফলে সাময়িকভাবে গেরিলা বাহিনীর কার্যকারিতা বেশ কিছুটা হ্রাস পায়।

গেরিলা যুদ্ধের ব্যাপারে আমাদের সুস্পষ্ট ধারণার অভাব এবং পরে উদ্ভূত এই পরিস্থিতির মোকাবেলার জন্য একটা কার্যকর পরিকল্পনা তৈরী অপরিহার্য হয়ে পড়ে। এ বিষয়ে কর্নেল ওসমানীর অনুমতি নিয়ে আমি যে প্লান তৈরী করি তাতে যুদ্ধ পরিচালনায় দক্ষ একটা কমাণ্ড গঠন, মুক্তিযোদ্ধা নিয়োগের ক্ষেত্রে সুষ্ঠু নীতি অবলম্বন প্রশিক্ষণ ও পরিবেশের উন্নতি এবং সমন্বয় ও যোগাযোগের ব্যাপারে কর্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছিল।

এখানে উল্লেখ্য যে, বাংলাদেশ সরকারের এক কেবিনেট মিটিং-এ জেনারেল অরোরা এবং ডি পি ধরসহ বহু শীর্ষস্থানীয় ভারতীয় কর্মকর্তাদের উপস্থিতিতে মুক্তিযোদ্ধাদের জন্য অধিকতর প্রশিক্ষণের ব্যবস্থা এবং যুদ্ধোপকরণ সরবরাহের দাবী জানানো হয়। ভারতীয় কর্তৃপক্ষ মুক্তিযুদ্ধে সার্বিক সহযোগিতা দানের পূর্বশর্ত হিসেবে মুক্তিযুদ্ধে জাতীয় চরিত্র আরোপ এবং এর অর্থনৈতিক দিকগুলো তুলে ধরার পরামর্শ দেন।

বাংলাদেশের সশস্ত্র বাহিনীর তিনটি ব্যাটালিয়ন গঠন করার কথা আমি আগেই উল্লেখ করেছি। একটা স্বাধীন দেশের পূর্ণাঙ্গ সশস্ত্র বাহিনী গঠনের প্রশ্নটিকে সামনে রেখে আমরা তখন বাংলাদেশের বিমান বাহিনী গড়ে তোলার কথাও চিন্তা করি। বিমান বাহিনীর প্রয়োজনীয়তাও তখন অনুভূত হচ্ছিল। আমি বিমান বাহিনী গঠনের ব্যাপার নিয়ে প্রধানমন্ত্রী তাজউদ্দিন ও কর্নেল ওসমানীর সাথে আলোচনা করি। এই আলোচনার ফলশ্রুতি হিসেবে পরে প্রধানমন্ত্রী তাজউদ্দিনের উপস্থিতিতে ভারতীয় প্রতিরক্ষা সচিব মি কে বি লাল এবং বিমান বাহিনীর এয়ার মার্শাল দেওয়ানের সাথে আমার আলোচনা হয়। তারা বল্লেন যে, আমাদের বৈমানিকদের ভারতীয় স্কোয়াড্রনের সাথেই অপারেট করতে হবে এবং স্বভাবতই ভারতীয় নিয়ম-কানুন আমাদের ওপর প্রযোজ্য হবে। আমি এই প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করে বিকল্প হিসেবে আমাদেরকে বিমান এবং আনুষঙ্গিক সুবিধাদি

প্রদানের অনুরোধ জানাই যাতে বাংলাদেশ বিমান বাহিনী, তার নিজস্ব পৃথক সত্তা নিয়ে অপারেট করতে পারে। কারণ আমাদের প্রশিক্ষণপ্রাপ্ত বৈমানিক ও টেকনিশিয়ানের কোন অভাব ছিল না।

এর কিছুদিন পর কলকাতায় ভারতীয় বিমান বাহিনী প্রধান এয়ার মার্শাল পি সি লালের সাথে আবার আমার এ ব্যাপারে আলোচনা হয়। এই আলোচনার প্রেক্ষিতে আমরা ভারতীয় বিমান বাহিনী থেকে অটার এয়ারক্রাফট, হেলিকপ্টার এবং একটি ডাকোটা বিমান পাই। এই বিমানগুলো নিয়েই সম্পূর্ণভাবে আমাদের নিজস্ব পাইলট ও টেকনিশিয়ানদের নিয়ে ১৯৭১সালের ২৮শে সেপ্টেম্বর ভারতের নাগাল্যান্ডের ডিমাপুর বিমান ঘাঁটিতে বাংলাদেশ বিমান বাহিনী গঠিত হয়। সে সময় উইং কমান্ডার বাশার ৬নং সেক্টরের কমান্ডার ছিলেন এবং ফ্লাইট লেঃ লিয়াকত ও ফ্লাইট লেঃ নূরুল কাদের তখন ৪ এবং ৫নং সেক্টরে সেনাবহিনীর সাথে যুদ্ধে অংশ নিচ্ছিলেন। এরা ছাড়া বাকী সকল বৈমানিক বিমান বাহিনীর সাথে যুক্ত থাকে।

স্কোয়াড্রন লীডার সুলতান মাহমুদ (বর্তমানে বিমান বাহিনী প্রধান) তখন ১নং সেক্টরের সাথে সংশ্লিষ্ট ছিলেন। আমি তাঁকে সেখান থেকে ডিমাপুর নিয়ে আসি এবং বিমান বাহিনীর প্রশাসনিক ও 'অপারেশন'-এর দায়িত্ব তাঁর ওপর দিই।

যেহেতু আমাদের সম্পদ ও জনবল খুবই সীমিত ছিল সেহেতু বিমান যুদ্ধের কৌশল হিসেবে আমরা দুটো পন্থা অবলম্বন করি। প্রথমত কেবলমাত্র রাতের বেলায় অপারেশন পরিচালনা করা এবং দ্বিতীয়তঃ আমরা যাতে পাকবাহিনীর রাডারে ধরা না পড়ি সেজন্য খুব নীচু দিয়ে উড্ডয়ন করা।

নাগাল্যাণ্ড এক বিস্তীর্ণ জংগলাকীর্ণ পার্বত্য এলাকা। সুতরাং লক্ষ্যবস্তু ঠিক করে নিয়মিত অনুশীলন করা আমাদের পক্ষে খুবই অসুবিধাজনক ছিল। তাই একটা পাহাড়ের ওপর সাদা প্যারাসুট ফেলে সেটাকে লক্ষ্যবস্তু ধরে আমরা অনুশীলনের ব্যবস্থা করি যাতে রাতের বেলায়ও দেখা যায়।

৩রা ডিসেম্বর সার্বিক যুদ্ধ শুরু হলে আমাদের এই ক্ষুদ্র বিমান বাহিনী চট্টগ্রাম ও গোদনাইলে প্রথম আঘাত হানে এবং পাক বাহিনীর মারাত্মক ক্ষতি সাধনে সক্ষম হয়।

মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ডেপুটি চীফ অব ষ্টাফ হিসেবে মুক্তিযুদ্ধের বিভিন্ন দিক প্রত্যক্ষ করার দুর্লভ সৌভাগ্য আমার হয়েছিল। আমাদের তরুণেরা প্রায় বিনা অস্ত্রে অথবা অতি সাধারণ অস্ত্র নিয়ে কেমন করে অতি আধুনিক অস্ত্রে সজ্জিত একটা বাহিনীর সাথে অসীম সাহস নিয়ে মোকাবেলা করেছিল এবং কেমন করে স্বাধীনতা ছিনিয়ে এনেছিল তার বহু ছোট ছোট ঘটনা আজও আমার স্মৃতিতে অম্লান হয়ে আছে। এখানে আমি বহু ঘটনা থেকে একটা মাত্র ঘটনার উল্লেখ করছি।

যুদ্ধ চলাকালে পাকবাহিনীর জন্য প্রয়োজনীয় বস্ত্রসামগ্রী বিশেষ করে অস্ত্রশস্ত্র সরবরাহ বন্ধ করে দেয়ার লক্ষ্যে আমরা চট্টগ্রাম ও চালনা বন্দরকে অকেজো করে দেয়ার একটা পরিকল্পনা নিই। আমরা সিদ্ধান্তে উপনিত হয়েছিলাম যে, যদি নৌ-কামান্ডো পাঠিয়ে পাকিস্তানী বা তাদের মিত্রদের কিছুসংখ্যক জাহাজ ডুবিয়ে দিতে পারি তবে এতে চমৎকার ফল পাওয়া যাবে। ডুবে যাওয়া জাহাজ একদিকে বন্দরের প্রবেশপথকে বন্ধ করে দেবে এবং মানসিক দিক থেকেও অন্য কোন জাহাজ সে পথে যেতে সাহসী হবে না।

এই লক্ষ্যকে সামনে রেখে জুন মাস থেকে প্রায় ১৫০ জন মুক্তিযোদ্ধাকে মুর্শিদাবাদের পলাশীতে নৌ-কমাণ্ডোর প্রশিক্ষণ দেয়া হয়। এই পরিকল্পনার আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত ১৩/১৪ বছর বয়সের একটি কিশোর ডুব-সাঁতার দিয়ে চালনা বন্দরের একটি পাকিস্তানী জাহাজে মাইন ফিট করতে যায় কিন্তু ভ্রান্তিবশত সে একটি চায়নিজ জাহাজের কাছে চলে যায় এবং ওদের হাতে ধরা পড়ে। পরে বহু জিজ্ঞাসাবাদের পর তারা তাকে মুক্তি দেয়। ফিরে এসে অবলীলায় সে তার মৃত্যুর হাত থেকে ফিরে আসার বর্ণনা দিয়েছিল সবার কাছে। মুক্তিপাগল

এই কিশোরের সাহস, দৃঢ়তা ও দেশপ্রেমের দৃষ্টান্তে সেদিন আমরা সবাই বিস্মিত হয়েছিলাম। এই ঘটনা একটা একক বিচ্ছিন্ন কোন ঘটনা নয়-এ রকম হাজার হাজার নজীর সেদিন আমাদের ছেলেরা স্থাপন করেছে।

মে মাসে পরিস্থিতি বিশ্লেষণের পর আমার পরিস্কার একটা ধারণা হয়েছিল যে, ডিসেম্বরের শেষ নাগাদ দেশ পুরোপুরি শত্রুমুক্ত হবে। আমার ঐ ধারণার পেছনে প্রধানতঃ তিনটি কারণ ছিল। প্রথমতঃ যে বিপুল পরিমাণ শরণার্থী ভারতে আশ্রয় নিয়েছিল তারা অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক দিক থেকে ভারতের পক্ষে একটা বিরাট সমস্যা হয়ে দাঁড়ায়। সুতরাং যত শীঘ্র এর একটা সমাধানের পথ বের করার জন্য ভারত উদগ্রীব ছিল।

দ্বিতীয়তঃ পাকিস্তানের দুই অংশকে আলাদা করে দেয়ার যে কামনা ভারতের ছিল তাকে সফল করে তোলার এটাই ছিল সবচেয়ে উপযুক্ত সময়। সুতরাং ভারত এ সুযোগের পূর্ণ ব্যবহার করবে। তৃতীয়তঃ ভারত এটা বুঝতে পেরেছিল যে, বাইরের বিশেষ করে চীনের তরফ থেকে হস্তক্ষেপের সম্ভাবনা একেবারে উড়িয়ে দেয়া যায় না। সুতরাং যুদ্ধে যদি ভারতকে নামতেই হয় তাহলে এমন একটা সময় বেছে নিতে হবে যাতে চীনের পক্ষে যুদ্ধে অংশগ্রহণ অসম্ভব হয়ে পড়ে। নভেম্বর থেকে ফেব্রুয়ারী পর্যন্ত ভারত-চীন এলাকায় প্রচণ্ড শীত ও তুষারপাতের ফলে চীনা সৈন্যদের ব্যাপারে চূড়ান্ত ফয়সালা করে নেয়ার ব্যাপারে ভারতের চেষ্টা করাই স্বাভাবিক।

কেবল ভারতীয় সাহায্যের কথা চিন্তা করেই আমি এ ধারণা পোষণ করিনি। ইতিমধ্যে দেশের জনসাধারণের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা পেয়ে মুক্তিযোদ্ধাদের মনোবল একদিকে যেমন বৃদ্ধি পেয়েছিল তেমনি শত্রুকে চরম আঘাত হানার শক্তিও তাদের দিন দিন বৃদ্ধি পাচ্ছিল। অপরদিকে মুক্তিযোদ্ধাদের ক্রমাগত গেরিলা আক্রমণে এবং দেশের ভেতরে কোটি কোটি বৈরীভাবাপন্ন মানুষের অসহযোগিতা ও প্রতিরোধ পাকবাহিনীকে সম্পূর্ণরূপে হতোদ্যম ও পরিশ্রান্ত করে তুলেছিল।

অবশেষে আমাদের সেই বহু কাঙ্ক্ষিত সময়, শত্রুর পূর্ণ আত্মসমর্পণের সময় ঘনিয়ে এল। ১৬ই ডিসেম্বরের সকাল বেলা। পাক-বাহিণীর আত্মসমর্পণের সিদ্ধান্তের কথা ইতিমধ্যে এসে গেছে। এমন সময় খবর পেলাম বাংলাদেশ সরকারের পূর্ণ কেবিনেটের মিটিং বসেছে এবং আমাকে ওখানে জরুরী কোন বিষয়ে আলোচনার জন্য খোঁজ করা হচ্ছে। কর্নেল ওসমানী তখন সীমান্তের অগ্রবর্তী এলাকা পরিদর্শনের জন্য সিলেটে ছিলেন। সুতুরাং সেই অল্প সময়ে তার সঙ্গে চেষ্টা করেও যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়ে ওঠেনি।

আমাকে প্রধানমন্ত্রী তাজউদ্দিন জানালেন, যে বিকেলে ঢাকায় পাকবাহিনী আনুষ্ঠানিকভাবে আত্মসমর্পণ করবে এবং কর্নেল ওসমানীর অনুপস্থিতিতে বাংলাদেশ মুক্তিবাহিনীর সবচেয়ে সিনিয়র অফিসার হওয়ায় উক্ত অনুষ্ঠানে আমাকে বাংলাদেশ সরকারের প্রতিনিধিত্ব করতে হবে। তদনুসারে জেনারেল অরোরার সঙ্গে বিমানে আগরতলা, এবং ওখান থেকে হেলিকপ্টারে ঢাকা এসে পৌঁছলাম। জেনারেল অরোরা ছিলেন সম্মিলিত বাহিনীর কমান্ডার।

আত্মসমর্পণের দলিলে কেবলমাত্র দু'জনের স্বাক্ষর দানের ব্যবস্থা ছিল-একজন পাক বাহিনীর পূর্বঞ্চলীয় এলাকার প্রধান এবং অন্যজন ভারত ও বাংলাদেশের যৌথ বাহিনীর অধিনায়ক।

অনুষ্ঠানে পাক-বাহিনী প্রধান বিষণ্ণ, ভগ্নপ্রায় ও অশ্রুসিক্ত জেনারেল নিয়াজীকে দেখলাম। যাথাসময়ে উভয় পক্ষের স্বাক্ষর হয়ে গেল। চূড়ান্ত বিজয়ের মাধ্যমে সমাপ্তি ঘটলো বাংলাদেশের মুক্তিযুদ্ধের।

আব্দুল করিম খন্দকার
(এয়ার ভাইস মার্শাল, অবসরপ্রাপ্ত)
আগস্ট, ১৯৮৪।

আবদুল খালেক

উনিশশত সত্তুরের মার্চ মাসে আমি সারদা পুলিশ একাডেমির প্রিন্সিপাল ছিলাম। অনেক আগে থেকেই দেশের রাজনৈতিক ঘটনা-প্রবাহের প্রতি আমার বিশেষ আকর্ষণ ছিল। সামাজিক রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংকৃতিক দিক থেকে পূর্ববঙ্গ/পূর্ব পাকিস্তানকে কোণঠাসা করে রাখার ঘটনাবলী আমার চেতনায় আঘাত দিয়েছিল। লিয়াকত আলী খান, সরদার আবদুর রব নিশতার প্রমূখ ব্যক্তিবর্গ কেন্দ্রীয় রাজনীতিতে পূর্ববঙ্গের প্রতিনিধিত্ব করবেন তা আমি মেনে নিতে পারিনি। রাষ্ট্রভাষা সম্বন্ধে মোহম্মদ আলী জিন্নাহ ও খাজা নাজিম উদ্দিন যে সকল কথা বলেছেন, তাতে উর্দুভাষার প্রতি আমার বিদ্বেষ সৃষ্টি হয়। পঞ্চাশের দশকের গোড়ার দিকে পাকিস্তান পুলিশ সার্ভিসে যোগদান করেও আমার মনোভঙ্গির কোন পরিবর্তন ঘটাইনি, উর্দুভাষা শেখার কোন চেষ্টা করিনি যদিও পুলিশ বিভাগের উর্দুভাষার প্রচলন ছিল সবচেয়ে উল্লেখযোগ্য।

১৯৫৬ সালের সংবিধানের সংখ্যাসাম্য নীতি এবং ১৯৫৮ সালের সামরিকবাদকে আমি মোটেও সমর্থন করিনি। অস্ত্রের ভয় দেখিয়ে ক্ষমতা দখল করাকে আমি নিছক বর্বরতা বলে গন্য করেছি। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের এবং ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানে প্রেক্ষাপটে যারা অবদান রেখেছেন তাদেরকে আমি আজও শ্রদ্ধা করি, ২১শে ফেব্রুয়ারী-রক্তস্নাত পূর্ববঙ্গে যারা পাকিস্তানের অর্থনৈতিক ও রাজনৈতিক বৈষম্যের বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন তারা আমার পরম শ্রদ্ধাস্পদ।

১৯৬৯সালের সামরিক কর্তাদের আদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হলে পুলিশী তল্লাশি চালানো হয়। উক্ত তল্লাশির বিরোধিতা করে কিছু কথা বলার জন্য সামরিক কর্তৃপক্ষ আমার উপর ক্ষেপে যায়। ঐ বছর ঢাকা বিভাগের ডিআইজি থাকাকালে প্রায় সময় সামরিক কর্মকর্তাদের সঙ্গে আমার মতবিরোধ ঘটতো। প্রশাসনের সঙ্গে মতবিরোধ অনেক আগেও হয়েছিল। ১৯৫৪ ও ১৯৬৫ সালের নির্বাচনে আমি নিরপেক্ষ থেকে মহাবিপদের সম্মুখীন হয়েছিলাম। সে সময় আমার উপর কড়া নজর রাখা হতো। ১৯৬৯-এর শেষভাগে ঢাকার জনসাধারণ মওলানা মওদুদীকে পল্টন ময়দানে বক্তৃতা দিতে দেয়নি। গোলমালের দায়ে পুলিশ সুপার মামুন মাহমূদ (শহীদ) কে ময়মনসিংহে বদলী করা হয় এবং তার পদোন্নতি ছয় মাস পিছিয়ে দেয়া হয়। এই প্রসঙ্গে ঘোরতর আপত্তি জানালে মাস তিনেক পরে আমাকে ঢাকা থেকে সারদায় বদলী করা হয়। কিন্তু ঢাকার ঝামেলা থেকে সরে গিয়ে আমি খুব খুশি হই।

১৯৭০এর নির্বাচনের ফলাফল আমি লণ্ডনে বসে শুনতে পাই। পাকিস্তান হাইকমিশনের কর্মকর্তারা হতবাক। দু'চার জনের সঙ্গে কথা বলে বুঝতে পরি যে, ফলাফল কার্যকর হতে দেয়া হবে না। দেশে ফিরে শেখ মুজিবুর রহমান সাহেব কে এ কথা বলতে তিনি হেসে উড়িয়ে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র সমাজ ১৯৭১-এর জানুয়ারী মাস থেকেই পূর্ব পাকিস্তানের স্বাধীনতার কথা উত্থাপন করতে শুরু করেছিল। ৭ই মার্চের ঘোষণা ও অসহযোগ আন্দোলনের ফলে আসন্ন সামরিক আঘাতের মোকাবেলা করার কোন রাজনৈতিক ও সামাজিক প্রস্তুতি আমাদের ছিল কিনা জানি না। আওয়ামী লীগ নেতারা ইয়াহিয়া খানের সঙ্গে সংলাপের রাজনীতিতে উঠেপড়ে লেগেছিলেন। সামরিক কর্মকর্তারা বহু দেশে সংলাপের নামে রাজনীতিবিদদেরকে বোকা সাজিয়েছে এ খবর হয়তবা তাঁদের জানা ছিল না। মার্চের মাঝামাঝি সময়ে সারদা একাডেমিতে কর্মরত ও প্রশিক্ষণরত কয়েকশত পুলিশ খুব অস্থির হয়ে ওঠে। দেশের আসন্ন সামরিক পরিস্থিতিতে তারা জীবন দিয়ে-এই প্রতিশ্রুতি রেখে প্রশিক্ষণপ্রাপ্ত পুলিশ দল নিজ নিজ কর্মস্থলে চলে যায়। একাডেমির স্টাফকে সে সময় স্থানীয় লোকজনদের গুলিবন্দুক বিষয়ক প্রশিক্ষণের কাজে নিয়োজিত করা হয়। সারদা একাডেমির খবর পেয়ে রাজশাহীতে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়। মামুন মাহমুদ (শহীদ)-এর কথা আগেই বলেছি তিনি তখন ময়মনসিংহ থেকে বদলী হয়ে রাজশাহীর ডিআইজি। পুলিশ সুপার শাহ আবদুল মজিদ (শহীদ) মাত্র মাস দু'এক আগে সারদা থেকে বদলী হন। সারদা ও রাজশাহী পুলিশ লাইনে তখন পরিখা তৈরী করা হয় এবং পুলিশের নেতৃত্বে বিবিধ প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলা হয়। রাস্তাঘাট কেটে সামরিক যাতায়াতে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়।

২৩শে মার্চ সারদা একাডেমিতে পাকিস্তানের পতাকা উঠানো হয়নি। এ খবর পেয়ে রাজশাহী গ্যারিসনের লোকজন এমনকি জেলা প্রশাসনের কেউ কেউ সারদা এসেছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের কর্মসূচির সঙ্গে সংগতি রেখে সারদায় কালো পতাকা উঠানো হয় এবং পাকিস্তানী পতাকা নিশ্চিহ্ন করা হয়। গ্যারিসনের ধারেকাছেই আমরা এতকিছু করে যাচ্ছি অথচ তখন আমাদের কোন ভয়ভীতি ছিল না।

২৬শে মার্চের সকালে খবর পেলাম যে ইয়াহিয়া খানের সামরিক অভিযানে রাজারবাগ পুলিশলাইন, পিলখানা ইপিআর হেড কোয়ার্টার, ঢাকা বিশ্ববিদ্যালয় ও ঢাকা শহরের অনেক অংশ বিধ্বস্ত হয়েছে। হাজার হাজার পুলিশ ও ইপিআর লড়াই করে প্রাণ দিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বহু শিক্ষককে হত্যা করা হয়েছে। এসব খবর পাওয়ার সঙ্গে সঙ্গে আমাদের অস্ত্রাগারের তালা খুলে দেয়া হয়। সারদা একাডেমির পুলিশ পরিবারগুলো কোন দিকে সরে যেতে পারেনি। কেননা স্থানীয় লোকজন কাউকে সেই অঞ্চল ছেড়ে যেতে দিচ্ছিল না। সামরিক যানবাহন চলাচলের প্রতিবন্ধকতা আগে থেকে তৈরী করা হয়েছিল। সরকারী আদেশে পদ্মায় নৌকা চলাচল বন্ধ। কাজেই সারদায় বসেই প্রতিরক্ষা/প্রতিরোধের জন্য তৈরী হওয়াই ছিল আমাদের একমাত্র উপায় ও লক্ষ্য।

৩১শে মার্চের শেষ রাতে খবর পেলাম যে একাডেমির পাশ দিয়ে রাতের অন্ধকারে কিছুসংখ্যক সৈন্য চলাচল করেছে। মিনিটকাল বিলম্ব না করে পরিবারসহ সেই অন্ধকারে আমার নিজস্ব গাড়ীতে করে একাডেমির বাইরে চলে আসি। সঙ্গে ব্যবহারের জন্য কাপড়-চোপড় ও টাকা-পয়সা কিছুই নিয়ে আসার সময় পাইনি। একডেমিতে এই নির্দেশ রেখে আসি যে এবার যেন প্রত্যেকে নিজ নিজ নিরাপত্তার পথ বেছে নিতে বিলম্ব না করে। বেলা উঠার সঙ্গে সঙ্গে পুটিয়া থানায় এসেও সেনাবাহিনীর গতিবিধির খবর পেলাম। থানার প্রাঙ্গণে আমার গাড়ীটি ফেলে টমটম নিয়ে নওগাঁ-এর দিকে এগুতে থাকি। আমার স্ত্রী (সেলিনা), মেয়ে (সামিনা) এবং ছেলে (ইনান) আর বাবুর্চি রহিমুদ্দিনকে টমটমে দেখে কে বা কাহারা গুজব রটিয়ে দেয় যে, সারদার একজন পাঞ্জাবী অফিসার পালিয়ে যাচ্ছে। সন্ধ্যার প্রক্কালে একটি স্কুলের পাশে উপস্থিত হই এবং স্থানীয় একজন প্রিন্সিপালের বাসায় উঠি। সেখানে হাজার হাজার লোক এসে উপস্থিত। তারা বিশ্বাস করতে চায় না যে আমি বাঙ্গলী। প্রিন্সিপাল আমাদেরকে স্কুলের প্রাঙ্গণে নিয়ে আসেন। এমন সময় পার্লামেন্ট সদস্য সরদার আমজাদ হোসেন সেই পথে যাচ্ছিলেন। আমাদের বিপদের কথা শুনে তিনি লোকজনকে বুঝালেন যে আমি বাঙ্গালী। কিন্তু কিছুসংখ্যক লোক দাবী করে যে, আমাকে বাংল ভাষায় বক্তৃতা দিয়ে প্রমাণ করতে হবে যে আমি বাঙ্গালী। আমজাদ হোসেনের পরামর্শে অগত্যা বক্তৃতা দিয়ে রেহাই পেলাম। কিন্তু সেখানে রাত কাটাতে সাহস হলো না। অন্ধকারে গরুর গাড়ীতে নওগাঁ-এর দিকে এগুতে শুরু করি। রাত এগারোটায় পথিমধ্যে বাগমারা থানাঘরে উঠে দেখি সেখানে কেউ নেই। কিছুক্ষণ পর একজন সিপাহীর দেখা পেলাম। ওসি বা অন্যান্য পুলিশ কোথায় সে জানে না। ওসির পরিবারের কাছে পরিচয় দিয়ে বৈঠকখানায় বসি। গভীর রাতে তিনি আমাদের খাওয়া-দাওয়ার ব্যবস্থা করেন। সিপাহীটি খবর দিল যে, ঐ জায়গায় আমাদের থাকা নিরাপদ হবে না। সিপাহী বহু কষ্টে একটি গরুর গাড়ীর বন্দোবস্ত করে দেন এবং আমরা ঐ রাতেই নওগাঁর দিকে এগিয়ে চলি। ভোর হতে না হতেই দা, লাঠি, বল্লম ইত্যাদি হাতিয়ার সজ্জিত হাজার হাজার লোকের বেড়াজাল ভেদ করে চলতে হয়। বেলা নয়টার দিকে একটি বাজারে এসে পৌঁছি। সেখানেও আমাকে পাঞ্জাবী বলে সন্দেহ করা হয় এবং আমার বাঙ্গালিত্বের পারিচয় দিতে হয়। পরিবারসহ নওগাঁয় আমাদের আত্মীয় পুলিশ ইন্সপেক্টর লোদীর বাসায় যাচ্ছিলাম। লোদীকে ডেকে আনার জন্য তিনি লোক পাঠালেন এবং আমাদের জন্য খাবার বন্দোবস্ত করলেন। ঘন্টা চারেক পর লোদী সাহেব এসে আমাদেরকে নওগাঁয় নিয়ে গেলেন। কোত্থেকে কিভাবে এখানে এসেছি এ খবর শুনে লোদী পরিবার মর্মাহত। কিন্তু আমরা এতদিন পর নিরাপত্তা বোধ ফিরে পেলাম।

এই সময় সান্তাহারে বাঙ্গালী-অবাঙ্গালীদের মধ্যে হিংসাত্মক কার্যকলাপ বন্ধ করার কাজে লোদী ব্যতিব্যস্ত। ম্যাজিস্ট্রেট আজিজুর রহমান ও মেজর নাজমুল হক মুক্তিযুদ্ধের প্রস্তুতি নিয়ে ব্যস্ত। রাজশাহী জেলার জন্য প্ল্যান বানানো হলো। আমি সারদা অঞ্চলের ভার নেই। সঙ্গে থাকেন সারদা ক্যাডেট কলেজের ক্যাপ্টেন রশীদ এবং

অধ্যাপক আজিমদ্দিন।* ব্যবস্থা করা হলো যে, পাক-সেনাবাহিনীর আক্রমণে নওগাঁর নিরাপত্তা বিপন্ন হলে ইন্সপেক্টর লোদীর পরিবার আমার স্ত্রী, মেয়ে এবং ছেলেকে নিয়ে ধামুরহাট বর্ডার দিয়ে ভারতে আশ্রয় নেবে। ১২ই এপ্রিল আমি সারদায় ফিরে আসি। তখন একাডেমি প্রায় জনশূন্য। ভাইস প্রিন্সিপাল শৈলেন্দ্র কিশোর চৌধুরীর স্ত্রী সন্তানসম্ভবা ছিলেন বলে নিরুপায় হয়ে তারা সারদায় রয়ে গেছেন। পিএসপি ট্রেইনী অফিসারদের মধ্যে বাঙ্গালীরা নিজ নিজ বুদ্ধি খাটিয়ে নিরাপদ স্থানে পৌঁছুবার আশায় বের হয়ে গিয়েছে এবং পশ্চিম পাকিস্তানীদের পদ্মার অপর পারে ভারতে পৌঁছিয়ে দেবার ব্যবস্থা করেছে। আরো জানতে পারলাম যে, তারা ভারতীয় বর্ডার নিরাপত্তা বাহিনীর কাছে রিপোর্ট করেছে।** জনশূন্য একাডেমিতে থাকার কোন যৌক্তিকতা নেই দেখে রশীদ ও আমি ঠিক করি যে, ১৪ই এপ্রিল সন্ধ্যায় চারঘাট হয়ে কুষ্টিয়ার পথে ভারতে প্রবেশ করব। এদিকে ঢাকা থেকে মাঠঘাট পুড়িয়ে জ্বালিয়ে পাক বাহিনীর নাটোরে এসে পৌঁছেছে। গুপ্তচরেরা আমাদের অবস্থান ওদেরকে জানিয়ে দেবে এই বিষয়ে আমাদের কোন সন্দেহ ছিল না। দুটি রাত সারদার বাইরে চারঘাট থানাঘরে কাটাই। থানায় কেউ ছিলনা। শুধু আমি এবং সারদার একজন বাঙ্গালী সিপাহী। ১৪ই এপ্রিল বিকাল চারটায়, সঙ্গে কিছু কাপড় চোপড় নিয়ে সারদা থেকে বেরিয়ে পড়ার জন্য তৈরী হচ্ছি ঠিক এমনি সময় মেশিনগানের বিকট শব্দ শুনতে পেলাম। মিনিট খানেকের মধ্যে খবর পেলাম যে পাক বাহিনী তিন দিক থেকে একাডেমি ঘেরাও করেছে এবং অফিসারর্স মেসে পৌঁছেছে। মুহূর্তকাল বিলম্ব না করে সব কিছু ফেলে পদ্মার দিকে দৌড়ে পালাই। পানির ধারে কিছুসংখ্যক স্থানীয় লোক সামরিক বাহিনীর দৃষ্টির আড়ালে লুকিয়ে আছে। নদী পার হবার কোন যানবাহন আনেকদিন আগে থেকেই সেখানে নেই। সাঁতরিয়ে পার হবার জন্য পানিতে নেমেছি, পিছনে তাকিয়ে দেখতে পাই নিকটবর্তী চরের নালায় একটি ছোট ঘাসের নৌকায় কয়েকজন লোক উঠবার চেষ্টা করছে। কিন্তু ঐ সময় নদীতে এগোলেই মাঝি গুলি খেয়ে মরবে এই ভয়ে বুড়ো মাঝি কাউকে নৌকাতে উঠতে দিচ্ছে না। ঘাস ভর্তি ছোট নৌকাটিতে বড়জোর দু'জন উঠতে পারে। আমি চরে ফিরে আসি এবং নৌকার কাছে গিয়ে মাঝিকে অনুরোধ জানাই আমাকে ঘাসের মধ্যে লুকিয়ে চরের ধার বেয়ে কিছুদুর নিয়ে যাবার জন্য। সৈন্যদের চোখে ধূলি দিয়ে পালাবার আর কোন বুদ্ধি সে সময় মাথায় আসেনি। আমাকে ঘাসের নীচে লুকিয়ে নৌকাটি ধীর গতিতে নদীর চরের ধার বেয়ে চলেছে তাতে কারো সন্দেহ হয়নি যে নৌকাটিতে আমি পালাচ্ছি। এভাবে একাডেমির গন্ডির বাইরে এসে নৌকাটি সরাসরি নদী পার হবার পথে এগিয়ে চলে এবং দ্রুত বেগে অনেক দূরে এসে পৌঁছে। এ সময় সামরিক হেলিকপ্টার থেকে আগুন ছেড়ে গ্রামগুলি জ্বালিয়ে দেয়া হয়। দিশেহারা হাজার হাজার লোক পালিয়ে পদ্মা নদীর চরে এসেছে কিন্তু নদী পার হতে পারছেনা। এদের মধ্যে প্রায় দেড় হাজার লোককে নদীর ধারে গুলি করে হত্যা করা হয়। ঘটনাস্থল থেকে মাত্র চার/পাঁচ শত গজ দূরে উক্ত ঘাসের নৌকা ও আমি। সৈন্যরা ভাবতে পারেনি যে, আমি সেই নৌকায় লুকিয়ে আছি। ঘন্টাখানেক পর পদ্মার অপর পারে পৌঁছি। সঙ্গে কিছু নেই। ভেজা প্যান্ট ও শার্ট। নওগাঁয়ে ফেলে আসা পরিবারের কি অবস্থা ভাবতেই পারছিলাম না। হাজারো দুশ্চিন্তায় একেবারে ভেঙ্গে পড়ি। অত্যন্ত দুঃখের সঙ্গে আজো স্মরণ করছি যে সারদায় গিয়ে আমি একটি ৬০০পৃষ্ঠাব্যাপী বই-এর পাণ্ডুলিপি তৈরী করেছিলাম।এই পাণ্ডুলিপি সারদা একাডেমির ষ্টেনোগ্রাফার শহীদ মোস্তফার হাতেই তৈরী হয়। আমি যেদিন সারদা ছেড়ে পালিয়ে যাই সেদিনই মোস্তফাকে পাক সৈন্যরা গুলি করে হত্যা করে। আমার বাড়ীঘর, পাণ্ডুলিপি সবকিছু লুণ্ঠিত হয়।

১৪ই এপ্রিলের সকাল বেলা সারদা একাডেমির ভাইস-প্রিন্সিপাল শৈলেন্দ্র কিশোর চৌধুরীকে পরিবারসহ পদ্মার ওপারে পৌঁছাবার ব্যবস্থা করা হয়। অনেক অনুরোধের পর স্থানীয় লোকজন তার সন্তানসম্ভবা স্ত্রীর প্রতি সদয় হয়ে কোনক্রমে একটি নৌকা যোগাড় করে দেয়। নদীর ওপারে পৌঁছে চৌধুরী চরেই পরিবারসহ বসে থাকে। তার স্ত্রীকে নিয়ে এগোতে সাহস পায় না। সন্ধ্যার পরক্ষণেই আমরা ভারত সীমান্তে ডাক্তার নরেন্দ্র নাথের

---

* আজিমুদ্দিন পাক বাহিনীর সঙ্গে লড়াই করে শহীদ হন, আর নাজমুল হক সীমান্তের ওপারে যুদ্ধ প্রস্তুতির সময়ে জীপ দুর্ঘটনায় প্রাণ হারান। ক্যাপ্টেন রশীদ আজ আর বেঁচে নেই।

** উল্লেখ্য যে, স্বাধীনতা যুদ্ধের সময় তাদেরকে ভারতে আটকে রাখা হয়। যুদ্ধের পরবর্তী কোন এক সময়ে তাদের পাকিস্তানে ফিরে যাবার ব্যবস্থা করা হয়।

বাড়ীতে আশ্রয় নেই। সেই বাড়ীতে কয়েকশত লোক ইতিমধ্যে আশ্রয় নিয়েছিল। ডাক্তার আমাদেরকে যথাসম্ভব যত্নসহকারে রাখেন। পরের দিন ব্লক ডেভেলপমেন্ট অফিসার আমাকে বহরমপুর জেলা ম্যাজিস্ট্রেটের কাছে পাঠাবার ব্যবস্থা করেন। আমার পরিবারের পরিস্থিতি সম্বন্ধে তাকে জানাই। তিনি আমার বালুরঘাট যাবার ব্যবস্থা করেন। সেখানে নাটোরের এসডিও কামালউদ্দিনের সঙ্গে দেখা হয়। কয়েকদিন আগে তিনি এখানে পালিয়ে আসেন।

বহরমপুরে সারদা একাডেমির পুলিশ ইন্সপেক্টর ক্ষিতিশের সঙ্গে হঠাৎ দেখা হয়। তাকে সঙ্গে করে বালুরঘাট নিয়ে যাই। বহরমপুরে মুর্শিদাবাদের পুলিশ সুপারের সঙ্গেও সাক্ষাৎ করি। বালুরঘাট বাস টার্মিনালে কংগ্রেস কর্মী উৎপল আমাকে খুঁজে বের করে এবং তাদের বাসায় নিয়ে যায়। জানতে পেলাম বহরমপুরের জেলা ম্যাজিস্ট্রেট আমার খবর বালুরঘাট পাঠিয়েছেন। উৎপলদের পরিবার দেশ বিভাগের পূর্বে ঢাকা শহরের বাসিন্দা ছিল। উৎপলদের সঙ্গে পরামর্শ করে পরের দিন ভোরে ক্ষিতিশ ও আরো কয়েকজনকে ভিন্ন ভিন্ন দলে বিভক্ত করে আমার পরিবারের তল্লাশে সীমান্তের এপারে পাঠানো হয়। প্রত্যেক দলের সঙ্গে আমার হাতের লেখা একটি চিঠি আমার পরিবারের জন্য দেই। নওগাঁয়ে সামরিক বাহিনীর উপস্থিতিতে সেখানকার লোকজন ভারত সীমান্তের দিকে পালিয়ে যায় এবং বিভিন্ন বাড়ীতে আশ্রয় নেয়-এই খবর বালুরঘাটে পৌঁছে। বর্ডারের মাইল পাঁচেক ভিতরে ধামুইরহাট থানা অঞ্চলে এক হাজী বাড়ীতে অনেক লোক আশ্রয় নিয়েছিল। তাদের সঙ্গে লোদী পরিবার ও আমার পরিবার সেই বাড়ীতে পৌঁছে। কিন্তু তারা নিরুপায়। সীমান্তের অপর পারেই বা কোথায় যাবে। এদিকে আমার কোন খোঁজ-খবর তাদের জানা নেই। ক্ষিতিশ কয়েকটি আশ্রয়স্থল খুঁজে হাজী বাড়ীতে গিয়ে তাদের সন্ধান পায়। অতঃপর আমার পরিবার জীবনের চূড়ান্ত অনিশ্চয়তার পথ বেছে নিয়ে ক্ষিতিশের সঙ্গে উৎপলদের বাড়ীতে এসে পৌঁছে। এখানেই আমার পরিবার জীবনের আরেক অধ্যায়ের সূচনা। উৎপলের বাবা-মা-ভাই-বোন সবাই আমাদেরকে আপন বলে গ্রহণ করে। পশ্চিম দিনাজপুরের পুলিশ সুপার ঢাকা জেলার দোহার-নবাবগঞ্জ এলাকার বাসিন্দা ছিলেন। আমার শ্বশুরালয়ের এলাকায় খৃষ্টান পরিবারের এই অফিসার ভারতীয় পুলিশ সার্ভিসের সদস্য। তিনি অভাবনীয় সৌজন্য দেখিয়ে আমাদেরকে একটি জীপে কলকাতা পাঠাবার ব্যবস্থা করেন। এবং পথে আমাদের সকলের খরচ বাবদ একশত টাকা হাতে তুলে দেন।

১৮ই এপ্রিল সন্ধ্যার প্রাক্কালে কলকাতায় কীড স্ট্রীটের এমপি হোষ্টেলে বালুরঘাটের কংগ্রেস দলীয় এমপি জয়নাল আবেদিনের অতিথি হিসেবে আশ্রয় নিই। খাওয়া-দাওয়ার খরচ আমাদের নিজেদেরকে বহন করতে হয়েছিল। আমার বা আমার স্ত্রীর সঙ্গে কোন টাকা-পয়সা ছিল না। সামান্য গহনা ছিল মাত্র। আমাদের ছোট ছেলে ইনান তার জন্মদিনে পাওয়া চারশত টাকা সঙ্গে নিয়ে সারদা থেকেই বেরিয়েছিল। পালাবার দিন রাতে ঐ টাকা তার সঙ্গে ছিল। এখন তার টাকা খরচ করতে চায় না। তার হিসেব হলো এতজন লোক মিলে এই টাকা খেয়ে শেষ করার পর আমাদের অবস্থা কি হবে। এমপি হোষ্টেলের কোণে পান-বিড়ি দোকানের বেচাকেনা দেখে সে নিজে একটি পান বিড়ির দোকান করতে চায়। তার হিসেব অনুযায়ী দৈনিক ৭/৮ টাকা লাভ হবে এবং তাতে আমাদের খাওয়ার খরচ কোনক্রমে হয়ে যাবে। ঐ সময় আমাদের পাঁচজনের (বাবুর্চিসহ) জন্য দৈনিক ৫/৬টাকার বেশী খাওয়া খরচ করতে পারিনি।

কীড স্ট্রীটে ১৭ই এপ্রিল কুষ্টিয়ার আমবাগানে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার সনদ পাঠের কথা শুনতে পাই। সোহরাব হোসেন, মমিনউদ্দিন প্রমূখ কয়েকজন কলকাতায় এমপি হোষ্টেলেই ছিলেন। কামরুজ্জামানের সঙ্গে দু'মিনিটের জন্য দেখা হলো। আমাদের বড় বড় নেতারা কে কোথায় আছে জানতে চাইলে তিনি কানে কানে বললেন যে, আগামী দিন সে খবর আমাকে দেয়া হবে। সে মুহূর্তে আমাদের নেতাদের অবস্থান সম্বন্ধে কেউ কিছু বলতে চায়নি।

পরদিন হাইকমিশনে গিয়ে ডেপুটি হাইকমিশনার হোসেন আলী ও পদস্থ অফিসার রফিকুল ইসলাম চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করি। রফিকের ছেলে-মেয়ে ও স্ত্রী তখন ঢাকায়। তাদের জন্য দুশ্চিন্তায় এবং কিছু পেশাগত

দুর্বিপাকে রফিক দিশেহারা। হাইকমিশনে খন্দকার আসাদুজ্জামান, নূরুল কাদের খান ও আরো কয়েকজনের সঙ্গে দেখা হলো। তাদের কছে শুনতে পেলাম যে, সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দিন আহমদ, মনসুর আলী, খন্দকার মোস্তাক আহমেদ, আবদুল মান্নান ও কর্নেল ওসমানীকে বালিগঞ্জের একটি বাসায় থাকতে দেয়া হয়েছে। সেখানে কয়েকজন ভারতীয় তাদের দেখাশুনা করছেন। কামরুজ্জামান অন্যত্র থাকেন। তাদের সঙ্গে দেখা করে অনেক কথা জানতে চেয়েছি। সকলের মুখে একই কথা যে, তারা নিজ নিজ সিদ্ধান্তে ভিন্ন ভিন্ন পথে কলকাতায় এসেছেন। স্বাধীনতার ঘোষণাপত্র দেখতে চেয়েছি। কিন্তু কেউ দেখাননি। বালিগঞ্জের সেই বাসস্থানে তাদের আর্থিক অনটন ও দুরবস্থা দেখে খুবই খারাপ লেগেছে। পাশেই মহিষের বাথান, দুর্গন্ধে টিকা যায় না। নিরাপত্তার অভাবে তারা ঘরের বাইরে যাচ্ছেন না। শুধু কামরুজ্জামান ঘুরেফিরে বেড়াচ্ছেন। কলকাতায় লেখাপড়া করেছেন বলে তার জানাশুনা অনেক লোক ছিল। নজরুল ইসলাম ও মনসুর আলীর পরিবারের কোন খবর নেই। পরিবার উদ্ধারের চিন্তায় তারা দিশেহারা। সারদার ইন্সপেক্টর গাজী গোলাম রহমানকে মনসুর আলীর পরিবার পাবনা জেলার কাজীপুর অঞ্চলে খুঁজে বের করে কলকাতায় আনার জন্য ঠিক করা হলো। পথের খরচ বাবদ একশত টাকা চাওয়া হলো। কিন্তু সে টাকা ১০/১২ দিনেও যোগাড় হয়নি।

খন্দকার আসাদুজ্জামান, নূরুল কাদের ও আমি একসঙ্গে নেতাদের সঙ্গে দেখা করে প্রবাসী প্রশাসন গড়ে তোলার উপদেশ দেই। আমাদের মতে স্বাধীনতার ঘোষণা করে ঘরে বসে দিশেহারা হয়ে থাকলে চলবে না। আমাদেরকে সংঘবদ্ধ হতে হবে এবং যুদ্ধের জন্য সম্ভাব্য প্রস্তুতি নিতে হবে এবং সে জন্য চাই একটি প্রশাসন যন্ত্র। আমাদের প্রস্তাবে সম্মত হয়ে আমাদেরকেই যথোচিত বিধিব্যবস্থা তৈরী করার ভার দেয়া হল। ইতিপূর্বে অস্থায়ী প্রেসিডেন্ট পদে সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী পদে তাজউদ্দিন আহমদ, পররাষ্ট্র মন্ত্রী পদে খন্দকার মোশতাক আহমদ, অর্থমন্ত্রী পদে মনসুর আলী এবং স্বরাষ্ট্র ও রিলিফ মন্ত্রী পদে কামরুজ্জামান অধিষ্ঠিত হন। ১৭ই এপ্রিলের ঘোষণার পরিপ্রেক্ষিতে মুজিবনগর সরকার গঠিত হয়। কিন্তু সরকারের কোন প্রশাসনিক সংগঠন প্রতিষ্ঠিত হয়নি। শুধু কর্নেল ওসমানীকে মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক নিযুক্ত করা হয়েছিল। মুজিব নগর সরকারের খসড়া প্রশাসনিক কাঠামো গড়ে তোলার ভার আমাদেরকে দেয়া হয়। পাবনার ডেপুটি কমিশনার নূরুল কাদের খান এককালে বিমান বাহিনীর অফিসার হিসেবে কাজ করেছেন। তাছাড়া পাবানায় তিনি পাকবাহিনীর মুখোমুখি যুদ্ধ করেছেন। প্রশাসনিক খসড়া তৈরীতে নূরুল কাদেরের অবদান ছিল সবচেয়ে বেশী। আসাদুজ্জামান, নূরুল কাদের ও আমি অফিসার্স ইনচার্জ পদবীতে প্রশাসনের দায়িত্বভার গ্রহণ করি। আমাদের কোন সেক্রেটারিয়েট বিল্ডিং ছিল না। কয়েকটি চেয়ার-টেবিলেই আমরা সকলে মিলেমিশে বসে কাজ করেছি। আর আমাদের সঙ্গে যারা কাজ করেছেন তারাও একই সঙ্গে বসেছেন। কয়েক মাস পর যখন অন্যান্য অফিসার এসে যোগ দেন তখন আমরা সচিব, উপসচিব ইত্যাদি পদের সৃষ্টি করি। আমি স্বরাষ্ট্র সচিব এবং উপরন্তু আইজি পুলিশের দায়িত্বে ছিলাম। নূরুল কাদের খান পাবনা ট্রেজারির যে কয়েক কোটি টাকা সঙ্গে নিয়ে এসেছিলেন সেই টাকাই ছিল মূলতঃ মুজিব নগর সরকারের আর্থিক সম্বল। আগরতলা অঞ্চলেও আমাদের কিছু টাক-পয়সার কড়াক্রান্তি হিসাব-নিকাশ দেয়া হয়। আসাদুজ্জামান অর্থ সচিব, নূরুল কাদের খান সংস্থাপন সচিবের কাজ করেছেন। মুক্তিযুদ্ধ সংগঠনে নূরুল কাদের খান অভাবনীয় প্রতিভার পরিচয় দেন। সেক্টর, সাব-সেক্টর ইত্যাদি বেসামরিক প্রতিষ্ঠান মূখ্যতঃ তারই ধ্যান-ধারণা। ১৭০০ মাইল বর্ডারে এই সব প্রতিষ্ঠান গড়ে তোলার কাজ কিরূপ কঠিন হতে পারে তা হয়ত অনেকের ধারণায় আসবে না।

বিভিন্ন সেক্টর থেকে মুক্তিযুদ্ধের অভিযান পরিচালনা করেছেন আমাদের সেক্টর কমাণ্ডারগণ। তাদের মধ্যে মেজর জিয়াউর রহমান ছিলেন সবচেয়ে সিনিয়র। কমাণ্ডারদের অধীন অফিসার, জোয়ান, ইপিআর ও পুলিশ বাহিনীর সমস্ত পেশার বাঙ্গালী বীর সন্তানেরা কাজ করেছেন। তাঁরা পাক-বাহিনীর ওপর হানা চালিয়েছেন। তাদের অস্ত্র কেড়ে নিয়েছেন। ঘাঁটি থেকে বিতাড়িত করে সেখানে মুক্তিবাহিনীর ঘাঁটি স্থাপন করেছেন। ১৭০০ মাইল স্থল সীমান্তে এই অভিযান একাধারে চালানো হয়। তাতে পাকিস্তানের সামারিক ব্যবস্থাপনা চরম বিপর্যয়ের

সম্মুখীন হয়। দেশের অভ্যন্তরে অবস্থানরত লোকদের মধ্যে অগণিত মুক্তিবাহিনী মানুষের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রতিরোধ ও আক্রমনে পাকবাহিনী কোথাও দাঁড়াতে পারেনি বলে অস্ত্রশস্ত্র ফেলে পালাতে বাধ্য হয়। পলায়নরত পাক-বাহিনীকে ধাওয়া করেছে বাঙ্গালী কৃষক, শ্রমিক, যুবক, ছাত্র, শিক্ষক সাবাই মিলে। এই দৃশ্য সবাই দেখেছে। প্রচার মাধ্যমের অভাবে তা অধিকাংশ সময় প্রচার করা সম্ভবপর হয়নি।

২৫শে মার্চের পর থেকে বাংলাদেশের মানুষ নিরাপত্তা হারিয়ে ফেলে। কিন্তু যাবে কোথায়? যারা সামরিক সরকারের চিহ্নিত শত্রু তাদের বেঁচে থাকার কোন সম্ভবনা ছিল না। এই সাধারণ বিষয়টি অনেকে চিন্তা করতে পারেনি। বাংলাদেশের লোকালয়ে আমার পক্ষে পালিয়ে থাকা সম্ভবপর ছিল না বলেই সারদার এত সব কর্মকাণ্ডের পর আমি দেশত্যাগের চূড়ান্ত সিদ্ধান্ত নিই। ভারতীয় ক্যাম্পে লক্ষ লক্ষ মানুষ হতাশা ও দুর্দশার বোঝা নিয়ে প্রতিদিন এসেছে। তাদের মধ্যে প্রথম দিকে অমুসলমান বাঙ্গালীর সংখ্যাই ছিল বেশী। কিন্তু পরবর্তীকালে পরিস্থিতি হয়েছে ভিন্নতর। ক্যাম্পে সকলেই মিলে দিন কাটিয়েছে। ধর্মীয় ভেদাভেদ আমাদের নজরে পড়েনি।

পাকিস্তানের বর্বর অভিযানের মোকাবেলা করার মত অস্ত্রবল আমাদের ছিল না। এপ্রিল-মে-জুন মাসগুলোয় আমাদের মুক্তিযুদ্ধের প্রতি ভারতীয় মনোভাব আশাব্যঞ্জক ছিল না। প্রত্যক্ষ সংগ্রামের জন্য আমাদেরকে সমরিক সাহায্য দেবে এ কথা আমরা ভাবতে পারিনি। ভারতের বিভিন্ন রাজ্যের মনোভাব যাচাই করে সিদ্ধান্ত নেয়া হবে-যদিও এটা ছিল স্বাভাবিক কিন্তু আমাদের কাছে সেটি ছিল বেদনাদায়ক ও হতাশাব্যঞ্জক। প্রায় এক কোটি বাঙ্গালী ভারতে যেভাবে আশ্রয় নিয়েছিল তাতে ভারতবাসীরা শংকিত হয়ে ওঠে। তাদের সামাজিক ও অর্থনৈতিক পরিস্থিতিতে আমরা উদ্বেগজনক সমস্যা সৃষ্টি করেছিলাম বৈকি। ঐ দুর্দিনে আমরা ছিলাম নক্সালপন্থীদের ভয়ে ভীত। চলাফেরায় বিশেষ সতর্কতা অবলম্বন করা ছাড়া উপায় ছিল না। বিশেষ করে আমাদের নেতাদের নিরাপত্তা নিয়ে আমরা খুব বিব্রত ছিলাম। সে জন্য তাঁদের আবাস্থলে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা হয়। সিআইটি রোডের একটি তৃতীয় শ্রেণীর হোটেলে এক রুমে আমাদের মন্ত্রী ও অস্থায়ী রাষ্ট্রপতিকে পরিবারসহ বসবাস করতে হয়েছে। এই হোটেলকে নিয়েই আমাদের শত্রুরা অপপ্রচারের ডামাডোল বাজিয়েছিল। পশ্চিমবঙ্গে আমাদের দু'চারজন আত্মীয়-স্বজন ছিলেন। তাঁদের কাছে আশ্রয় চেয়ে হতাশ হয়েছি। তারা বড়জোর একদিন দু'দিন থাকতে দেবার পর অন্যত্র চলে যাবার পরামর্শ দিয়েছেন। তাঁরা মনেপ্রাণে চাননি যে পাকিস্তান দ্বিধা-বিভক্ত হয়ে যাক। হাইকমিশনের পদস্থ কর্মচারী রফিকুল ইসলাম চৌধুরী আমাদেরকে তাঁর বাসায় রাখেন। তাঁর বাসায় আরো তিরিশজন লোক ছিলেন। এতজনকে প্রায় তিন মাস খাইয়ে-দাইয়ে তিনি ঋণগ্রস্ত হয়ে পড়েছিলেন। তবু তিনি ও তার স্ত্রী আমাদেরকে বাড়ী ছাড়তে দিবেন না। বহু বুঝিয়ে শেষ পর্যন্ত তাঁদেরকে রাজী করেছি। অতঃপর গোবরা করবখানার নিকটবর্তী একটি বাড়ীতে বসবাসের ব্যবস্থা করি।

এখানে উল্লেখ করা যেতে পারে যে মেঘালয়, মিজোরাম এবং আসামের কোন কোন অঞ্চলে আমাদের লোকজন যখনই প্রবেশ করতে চেষ্টা করেছে। তখনই বাধাপ্রাপ্ত হয়েছে, এমনকি স্থানবিশেষে বন্দী জীবন কাটিয়েছে। তাদেরকে উদ্ধার করার কাজে আমি আপ্রাণ চেষ্টা করেছি। কিছুসংখ্যক লোককে বাংলাদেশ স্বাধীন হওয়ার পরেও উদ্ধার করতে হয়েছে। কংগ্রেসবিরোধী ভারতীয় রাজনৈতিক মহল আমাদের সহায়তায় খুব বেশী আগ্রহ দেখায়নি। পশ্চিমবঙ্গে ১৯৪৭ সালের পর থেকে বহু পূর্ববঙ্গবাসী বসবাস করছে বলে সেখানে স্ববাবতঃ আমরা এককালীন প্রতিবেশীসুলভ ব্যবহার পেয়েছি।

পাকিস্তান সরকার রাজাকার, আল-বদর, আল-শামস ইত্যাদি বাহিনীকে অস্ত্রশস্ত্রে সজ্জিত করে যে ত্রাসের সৃষ্টি করেছিল তার কোন প্রতিরোধ ব্যবস্থা আমরা ভারত থেকে গ্রহণ করতে পারিনি। এই বাহিনীগুলোর সহায়তায় গণহত্যা, নারী নির্যাতন অভিযান চালানো হয়েছে। এই বর্বরতার খবরাখবর আমাদেরকে মরিয়া হয়ে ইতিহাসের সংক্ষিপ্ত সময়ে মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয় অর্জনে উদ্বুদ্ধ করেছে। আমাদের মত যারা দেশের বাইরে যেতে পারেননি তারাই সবচেয়ে বেশী ত্রাস ও নিরাপত্তাহীনতার শিকার হয়েছেন-এ কথা অস্বীকার করার জো নেই। যুদ্ধের সেই ভয়াল মাসগুলোয় অহরহ খবর পেয়েছি যে যশোর, নোয়াখালী, পার্বত্য চট্টগ্রাম এবং আরো

কোন কোন অঞ্চলে আমাদের বিপ্লবধর্মী লোকজন সুযোগ পেলেই মুক্তিযুদ্ধ সমর্থক জোতদার শ্রেণীর মানুষকে হত্যা করেছে। সে সময় খবর পেতাম যে, যেহেতু রাশিয়া জাতিসংঘে আমাদের মুক্তি সংগ্রামকে সমর্থন দিয়েছে সেহেতু রাশিয়াবিরোধী রাজনৈতিক মহল মুক্তি সংগ্রামকে রাশিয়ার চক্রান্ত বলতেও দ্বিধাবোধ করেনি। অভ্যন্তরে সংগ্রামরত মুক্তিযোদ্ধারা আমাদের এই অভ্যন্তরীণ চক্রকে দাবিয়ে রাখতে সক্ষম হয়েছিল। নিয়মিত, অনিয়মিত এবং নিয়মবহির্ভূত মুক্তিযোদ্ধারা বাংলার আপামর জনসাধারণকে সঙ্গে নিয়ে পাকিস্তান বাহিনীকে রুখে দাঁড়িয়েছিল বলেই ভারতীয় সাহায্য সহানুভূতিকে সম্বল করে আমরা এত অল্প সময়ে এত বড় বিজয় লাভে সমর্থ হয়েছি। কাজেই চিহ্নিত শত্রুদেরকে গুনে গুনে বাদ দিয়ে বাকী প্রতিটি বাঙ্গালী ছিল আমাদের মুক্তিযোদ্ধা এবং বিজয় গৌরবের অংশীদার। এত অগণিত মানুষের 'লিস্ট' বানাবে আজ কে বা কারা?

মুক্তিযুদ্ধের কতক দিক রয়েছে যে সম্বন্ধে কিছু মন্তব্য রাখার লোভ সংবরণ করতে পারছি না। একাত্তরের ৭ই মার্চের ঘোষণায় বাংলাদেশের স্বাধীনতার শর্তসম্পৃক্ত মর্মবাণী খুঁজে পেয়েছি কিন্তু ঘোষণাটি স্বাধীনতার ভাষায় লিপিবদ্ধ বলে মেনে নিতে পারিনি। অসহযোগ আন্দোলন ও আওয়ামী লীগের নির্দেশে প্রশাসনিক পরিস্থিতি যে পর্যায়ে এসেছিল তাতে আমি ভাবতে পারিনি যে সামরিক পরাজয় ছাড়া পাকিস্তান বাংলাদেশকে স্বাধীন হতে দেবে। বেসামরিক জনগোষ্ঠিকে একটি সুস্পষ্ট আসন্ন সামরিক শক্তির বিরুদ্ধে অস্ত্রশস্ত্রে সংঘবদ্ধ করার কোন রাজনৈতিক কর্মসূচী না থাকায় ২৫শে মার্চের হত্যাকাণ্ডের পর দিশেহারা ছাত্র, শিক্ষক, কৃষক, শ্রমিক, পুলিশ, ইপিআর ও বাঙ্গালী সেনারা কারো আদেশ ছাড়াই পাকিস্তানের সামরিক শক্তির বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল। ২৫শে মার্চের অব্যবহিত পরেই আমাদের প্রতিটি গ্রামগঞ্জের শহরে বন্দরে 'পশ্চিমা হটাও' অভিযান গড়ে উঠে। ১৯৫২সালের একুশের পর থেকে আওয়ামী লীগ কেন্দ্রীয় সরকার মুসলিম লীগের বিরোধিতা করে যে জনপ্রিয়তা অর্জন করেছিল আইয়ুব আমালের মাঝামাঝি সময়ে নেতৃত্বের অভাবে তা প্রায় নিষ্প্রাণ হয়ে এসেছিল। ১৯৬৬ সালের ছয় দফা, আগারতলা ষড়যন্ত্র মামলা ও ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান শেখ সাহেবকে বাংলাদেশের রাজনৈতিক শীর্ষমণি হিসেবে চিহ্নিত করে। তার অসাধারণ ত্যাগ, তিতিক্ষা ও জনদরদী মনমানসিকতার জন্য ১৯৭০সালের ইলেকশনে আওয়ামী লীগের যে বিজয় সূচিত হয়েছিল তাতে আওয়ামী লীগ ছাড়া অন্য কোন রাজনৈতিক দলের কথা কেউ ভাবতে পারেনি। এ কারণেই স্বাধীনতা যুদ্ধের শীর্ষমণি হিসেবে রাজনৈতিক দিক থেকে আওয়ামী লীগকে মেনে নিতেই হবে।

আওয়ামী লীগের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ এবং আইন পরিষদের নির্বাচিত সদস্যবৃন্দ কোন কেন্দ্রীয় আদেশে দেশত্যাগ করেছেন বলে জানা নেই। ২৫শে মার্চের পর তারা যখন কলকাতা বা আগরতলায় সমবেত হন তখন তাদের মধ্যে যে শূন্যতা পরিলক্ষিত হয় তাতে বুঝা গিয়েছে যে কোন পরিকল্পনা মোতাবেক তাঁরা দেশত্যাগ করেছেন। কর্নেল ওসমানীও তাই করেছেন। এই পূর্বপরিকল্পনাহীনতার জন্য আমরাও বুঝতে পরিনি যে, আমাদেরকে কখন কি করতে হবে। এমনকি আগরতলায় যাঁরা পৌঁছেছিলেন তাঁদের কার্যকলাপের সঙ্গে কলকাতায় অবস্থানরত নেতৃবর্গের কোন সংযোগ ছিল না অনেকদিন। এজন্য ভিনদেশের মাটিতে দাঁড়িয়ে প্রথম দিকে মুক্তিযুদ্ধ সংগঠনের দুটি ধারা সূচিত হয়েছিল। মুজিব নগরে সরকারের প্রশাসন সংগঠিত হওয়ার পর মুক্তিযুদ্ধকে একটি কেন্দ্রীয় প্রশাসনের আওতায় আনা হয় এবং যথারিতি প্রশাসনিক বিধি নিষেধের অন্তর্ভূক্ত করা হয়। এই সকল জটিল কাজ আমরা গুটিকতেক কর্মচারীরা সম্পন্ন করেছি, মাহবুব আলম চাষী (মরহুম), হাসান তৌফিক ইমাম, জহুর আহমদ চৌধুরী (মরহুম), মোস্তাফিজুর রহমান সিদ্দিকী প্রমুখ ব্যক্তিবর্গ আগরতালায় মুক্তিযুদ্ধের প্রশাসনিক কাঠামো বানাবার প্রথম পর্বের সূচনা করেন। পরে তারা কলকাতা কেন্দ্রীক প্রশাসনের অন্তর্ভূক্ত হয়ে পড়েন।

মুক্তিযুদ্ধের রাজনৈতিক নেতৃবৃন্দের মধ্যে পারস্পরিক সমঝোতার কিছুটা অভাব ছিল। কিন্তু এই অভাবকে কোনক্রমে ঢেকে রাখার চেষ্টা প্রশাসন থেকে অতি সতর্কতার সাথে করা হয়। আপামর মুক্তিযোদ্ধারা যে অসীম সাহসিকতা, দৃঢ় আত্মপ্রত্যয় ও মনোবল নিয়ে যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল তাতে কোন মহলের অন্তর্দ্বন্দ্ব ঠাঁই পায়নি। পার্লামেন্টের প্রায় সকল সদস্য ভারতে আশ্রয় নিয়ে মুক্তিযুদ্ধে অংশ নেন। দেশবাসীর কাছে তাঁদের দায় দায়িত্ব

পালনে তারা সব সময় সতর্ক ছিলেন। কিন্তু এমন এক অস্বাভাবিক পরিস্থিতিতে মুক্তিযুদ্ধ চালাতে হয়েছিল যে শুধু তাঁদের প্রজ্ঞার ওপর সব কিছু ছেড়ে দেয়া সম্ভবপর ছিল না। সে জন্য আমাদের সামরিক অফিসারদের প্রজ্ঞাকেই সম্বল করে আমাদের এগুতে হয়েছে। আমাদের প্রধান সেনাপতি কর্নেল সেক্টর কমাণ্ডারদেরকে নিজ নিজ এবং বিস্তৃত মুক্তিবাহিনীর সব কিছু দেখাশুনা করা সম্ভবপর ছিল না। কাজেই সেক্টর কমাণ্ডারদেরকে নিজ নিজ পরিকল্পনানুসারে অনেকাংশে যুদ্ধ পরিচালনা করতে হয়েছে। পার্লমেন্টের সদস্যবৃন্দ প্রশাসনে অতি উচ্চ মর্যাদাসম্পন্ন ছিলেন। কিন্তু যুদ্ধ পরিচালনায় তাঁদেরকে অনেক সময় পাশ কাটিয়ে এগুতে হয়েছে। তাতে কেউ কেউ অস্বস্তি বোধ করেছেন। এই পরিস্থিতি এড়াবার জন্য তাঁদের প্রতি শ্রদ্ধার নিদর্শন হিসেবে আমরা বিভিন্ন অঞ্চলে বেসামরিক কম্যাণ্ড কাউন্সিল গঠন করেছিলাম। কার্যতঃ এই সকল কাউন্সিল যুদ্ধ চালনার কাজে উল্লেখযোগ্যভাবে জড়িত ছিল না। যুদ্ধ সেক্টর কমাণ্ডারদের কলাকৌশল ও পরিকল্পনানুসারে পরিচালিত হয়েছে।

জুলাই মাসের দিকে পার্লামেন্টের সদস্যবৃন্দকে একত্রিত করার ব্যবস্থা গ্রহণ করা হয়। পারস্পরিক সমালোচনা, অভিযোগ ইত্যাদি যেন দানা বেঁধে উঠতে না পারে সে জন্য রাষ্ট্রপতির কাছে এক প্রস্তাব পেশ করি। তিনি তাতে সম্মতি দেন। কিন্তু কোথায় কিভাবে এই সমাবেশ ঘটানো সম্ভবপর হবে তা ছিল ভাবনার বিষয়। ভারতীয় সরকারের সহায়তায় ও সৌজন্যে মেঘালয় ও দার্জিলিং-এর মধ্যবর্তী বাগডোগরা নামক এক নির্জন স্থানে এই সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে পার্লামেন্টের সদস্যবৃন্দ ও মন্ত্রী মহোদয়গণ দু'দিন বহু তর্ক-বিতর্কের সম্মুখীন হন। ফলে তাঁদের মধ্যে পারস্পরিক সমঝোতার পথ সুগম হয়। বাগডোগরা সমাবেশকে মুজিবনগর সরকারের পার্লামেন্টারী অধিবেশন বলা যেতে পারে। এই সমাবেশের খবর আমরা প্রচার করিনি।

স্বাধীনতা যুদ্ধের দিনগুলোয় আমরা যখন আমাদের লোকজনদের সঙ্গে কথা বলেছি তখন তাঁদেরকে সমাজতন্ত্রের প্রতিশ্রুতি দিয়েছি। যে অন্যায়, অবিচার ও শোষণকে লক্ষ্য করে মুক্তিকামী বাঙ্গালীরা পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়েছিল তার অবসান ঘটাতে হলে সমাজতান্ত্রিক ব্যবস্থাই যে আদর্শস্থানীয় তার ব্যতিক্রম কিছু বলার ছিল না। ধনতন্ত্রের কাঠামো ও ভিতকে দুর্বল করতে হলে জনসাধারণকে সমাজতন্ত্রের পথে এগিয়ে নিতে হবে-এই ছিল আমাদের বাণী। এই দুর্গম পথের পাথেয় যে ত্যাগতিতিক্ষা তার নাম ছিল স্বাধীনতাযুদ্ধ। ত্রিশ লক্ষ লোকের জীবন দান আর মা-বোনদের ইজ্জত হানি-এই আমাদের ত্যাগ তিতিক্ষা। ফসল হলো-বাংলাদেশ।

বাংলাদেশ স্বাধীন করব এ বিষয়ে আমাদের দৃঢ়প্রত্যয় ছিল। '৭১-এর নভেম্বর মাসে আমরা ভাবতে শুরু করেছিলাম স্বাধীন বাংলাদেশের প্রশাসনিক ও অর্থনৈতিক কাঠামো বা নীতিমালা এখান থেকেই তৈরী করে নিতে হবে। যুদ্ধোত্তর অর্থনৈতিক ধ্বংসাবশেষের ওপর বিজয়ের গৌরব নিয়ে প্রশাসন চালাতে হলে যে প্রজ্ঞা, ধৈর্য্য ও দূরদর্শিতার প্রয়োজন তা হয়ত রাজনৈতিক মহলে এককভাবে আশা করা সম্ভবপর হবে না এই ভেবে আমাদের উদ্যোগেই প্রশাসনিক ও অর্থনৈতিক মৌল কাঠামো তৈরী করার সিদ্ধান্ত নেয়া হয়। দেশের অভ্যন্তরে অবস্থানরত সরকারী, আধাসরকারী বা সরকার নিয়ন্ত্রিত সংস্থাসমূহ এবং কলকারখানার শ্রমিক কর্মচারীদের ব্যাপারে এটা ধরে নিতে হবে যে তাঁরাও ছিলেন আমাদের মতো মুক্তিযোদ্ধা। এই ছিল আমাদের নীতিগত সিদ্ধান্ত। শুধু ব্যতিক্রম ছিল এইটুকু যে, যারা প্রত্যক্ষভাবে স্বাধীনতাযুদ্ধের বিরোধিতা করে দেশবাসীর কাছে জঘন্য শত্রুবলে চিহ্নিত হয়েছেন তাদের জন্য একটি স্ক্রীনিং কমিটি গঠন করা হয়। একজন বিচারপতি, বিশ্ববিদ্যালয়ের একজন উপাচার্য এবং সরকারের একজন সচিবকে নিয়ে এই কমিটি গঠিত হয়। এই কমিটির রায়কে সরকার চূড়ান্ত বলে মেনে নেবে। তারপর আরো কিছুসংখ্যক চিহ্নিত কর্মচারীর কাছ থেকে আনুগত্যের একটা শপথ নেয়া হবে এর বেশী কিছু নয়। আমাদের মতে এতেই দেশবাসী সন্তুষ্ট থাকবেন এবং প্রচলিত প্রশাসনিক ব্যবস্থায় তেমন কোন ওলট পালট হবে না।

অর্থনৈতিক ক্ষেত্রে সঠিক তথ্য বিবরণীর অভাবে কোন ব্যবস্থা গ্রহণ করা সুবিবেচিত না হলেও অর্থনৈতিক কর্মকাণ্ডের একটা ধারা প্রবাহ আমরা নির্ধারন করেছিলাম। অবাঙ্গালী মালিকানা শিল্প বা ব্যবসায়-প্রতিষ্ঠান

পরিত্যক্ত হয়ে যাবে এই ভেবে পরিত্যক্ত প্রতিষ্ঠানগুলোকে সরকারী নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করা হবে। দেশী মালিকানায় শিল্প বা ব্যবসায় প্রতিষ্ঠান যেগুলো দীর্ঘদিন যাবত বৈষম্যের শিকার হয়েছিল তাদেরকে সকল সুযোগ-সুবিধা দিয়ে চাঙ্গা ও তেজী করে তুলতে হবে। এই ছিল আমাদের অর্থনৈতিক সিদ্ধান্ত। এ ছাড়া, বিরাট মুক্তিবাহিনীকে যথাশীঘ্র কি করে কৃষি বা অন্যান্য ক্ষেত্রে ফিরিয়ে নেয়া যায় তারও ব্যবস্থা করা হবে। অগণিত ছাত্র-শিক্ষক যারা মুক্তিযুদ্ধে জড়িত হয়ে পড়েছে তাদেরকে শান্তিময় জীবনের অভীষ্ঠ মন-মানসিকতায় কিভাবে রূপান্তরিত করা যায় সে দায়িত্ব শিক্ষাবিদদের হাতেই ছেড়ে দেয়া হবে। স্বাধীনতার জন্য ত্যাগ হিসেবে ছাত্র-জীবন থেকে একটি বছর দেবার কথাও তখন চিন্তা করা হয়েছিল যাতে শিক্ষা ব্যবস্থায় কোন মহা সংকটের উদ্ভব না ঘটে।

অর্থনৈতিক পুনর্বাসন এবং সামাজিক শৃঙ্খলার বিধানকল্পে কঠোর প্রশাসনিক ব্যবস্থাপনা আইনসংগত উপায়ে গৃহীত হবে। অর্থনৈতিক, সামাজিক ও প্রশাসনিক কোন নতুন সংস্কারে সঙ্গে সঙ্গে হাত দেয়া হবে না। মুজিব নগর সরকার একটি পরিকল্পনা কমিশন গঠন করেছিল। এই কমিশনে যাঁরা ছিলেন তাঁদের মধ্যে অধ্যাপক মোশারফ হোসেন, অধ্যাপক মোজাফফর আহমদ চৌধুরী ও তাঁদের নির্বাচিত আরো কয়েকজন। যতটুকু মনে পড়ে একটা যুদ্ধোত্তর গরীব দেশের জনসাধারণের খাদ্য-গৃহ ও বস্ত্রসংস্থান ছিল এই পরিকল্পনার মৌল বিষয়।

স্বাধীনতা যুদ্ধের মাসগুলোয় পাকিস্তানী একশত টাকার বিনিময়ে একশত চুয়াল্লিশ ভারতীয় টাকা পাওয়া যায়নি। সমান সমান মূল্যে মুদ্রা বিনিময় হতো। মুজিবনগর সরকারের কর্মকর্তাদের সর্বোচ্চ বেতন ছিল চারশত পাকিস্তানী টাকা। এই টাকা দিয়ে বাড়ী ভাড়া, খাওয়া, অফিসে যাতায়াত, ঔষধ ইত্যাদি বাবদ যাবতীয় খরচ মেটানো হতো। অর্থ ছিল না বলে ব্যয়বহুল নিয়মিত বাহিনী বড় আকারে গড়ে তোলা সম্ভব হয়নি। রিফিউজি ক্যাম্পে খেয়েদেয়ে অধিকাংশ মুক্তিযোদ্ধা বিভিন্ন সেক্টরে অভিযান চালিয়েছে। কি অর্থনৈতিক পরিস্থিতিতে দিন কাটিয়েছি তা ভাবলে অবাক হতে হয়। ঢাকা থেকে লোক মারফত কিছু টাকা পয়সা নেবার ব্যবস্থা শেষ পর্যন্ত করতে হয়েছে। আমার শ্বশুর মরহুম হাফিজুদ্দিন সাহেব এই টাকা দেন। আমার বন্ধু অধ্যাপক মোস্তফা নূরুল ইসলাম বিলেতে ছিলেন তিনিও কিছু পাউণ্ড দিয়ে সাহয্য করেন। তাঁদেরকে এই টাকা ফেরত দিতে হয়নি। লক্ষ লক্ষ মানুষ কি অভাবনীয় কষ্টে দিন কাটিয়েছে তা বলে শেষ করা যাবে না।

কামরুজ্জামান স্বরাষ্ট্র ও রিলিফের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসেবে সীমান্তের একপ্রান্ত থেকে অন্যপ্রান্ত পর্যন্ত ভ্রমণ করেন। অধিকাংশ সময় আমি তাঁর সঙ্গে ছিলাম। আমি বিভিন্ন ক্যাম্পে গিয়ে সেক্টর কমাণ্ডারদের সঙ্গে আলাপ করে তাদের সমস্যা সমাধানের চেষ্টা করেছি। ভারতীয় প্রশাসনের কাছে ক্যাম্পের বিবিধ সমস্যা তুলে ধরেছি। মুক্তিযোদ্ধা বেশে পাকিস্তানী চরদের অনুপ্রবেশ প্রতিহত করার কাজে আমাদের পুলিশ ও অন্যান্য কর্মচারীদেরকেও স্থানে স্থানে খবর সংগ্রহ করতে হয়েছে। মুক্তিযুদ্ধের বিশাল আবর্তে আমার কাজের কোন ধরাবাঁধা পরিধি ছিল না বলা চলে। স্থানে স্থানে জোরালো বক্তৃতা দিয়েছি। সমাজতন্ত্রের মর্মবাণী ব্যাখ্যা করে মুক্তিবাহিনীকে উদ্বুদ্ধ করার কাজে কামরুজ্জামান ও তাজউদ্দিন ছিলেন সোচ্চার। স্বদেশী গান গেয়ে দেশপ্রেমিক শিল্পীরা স্বাধীনতা যুদ্ধকে দেশ-বিদেশ প্রচার করেছেন। মাত্র কয়কজন শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, বেতারকর্মী যে প্রচারকার্য চালিয়েছেন তা অভাবনীয়। মুকুলের ""ঠেটা মালিক্কা"" (গভর্নর ডঃ আব্দুল মোত্তালিব মালিক) নামক প্রোগ্রাম ও ""চরম পত্র"" ছিল সে সময়ের বেতার জগতের অবিস্মরণীয় আলেখ্য। কামরুল হাসান, জহীর রায়হান, হাসান ইমাম, আব্দুল জববার, মুকুল এবং আরো অনেককে আমি আগে থেকে খুব ভালভাবে জানতাম। তাঁদেরকে অনেক খবর দিয়েছি যা নিজ নিজ পদ্ধতিতে তারা ব্যবহার করেছেন। যুদ্ধের বিভিন্ন অঙ্গনের দৈনিক খবর সংগ্রহের ব্যবস্থা আমরা করেছিলাম। আমাদের লোকজন ঢাকা প্রশাসনের সব গুরুত্বপূর্ণ কাগজপত্র সেক্রেটারিয়েট থেকে সংগ্রহ করে কলকাতায় আমাদের কাছে পৌঁছে দিত। রিলে সিস্টেমে এই সব খবর পাঠানো হত। সপ্তাহকালের মধ্যে কলকাতা থেকে আমাদের গোয়েন্দারা ঢাকা ও অন্যান্য শহরের অফিসের গোপনীয় কাগজপত্র, পাকিস্তান সরকারের আদেশ নির্দেশ ইত্যাদি সংগ্রহ করে ফিরে আসতো। অফিসের লোকজন গোপনে গুরুত্বপূর্ণ খবর সরবরাহ করে আমাদেরকে সাহয্য করেছে। মুক্তিকামী ছিল বলেই তারা

একাজ করেছে। আমাদের গোয়েন্দা বাহিনী বিভিন্ন অঞ্চলে দেশপ্রেমিক মানুষের বাড়ীতে লুকিয়ে পালিয়ে রাত কাটিয়েছে। যারা তাদেরকে আশ্রয় দিয়েছিল তারাও পরোক্ষভাবে মুক্তিযুদ্ধ করেছে। আর যারা আমাদের গোয়েন্দাদেরকে খবর দিয়ে সাহায্য করেছিল তাদেরকে কি আমরা প্রকৃত মুক্তিযোদ্ধা বলবো না? স্টেট ব্যাংকের যে সব সিরিজের নোট খোয়া গিয়েছিল সে সব সিরিজের তালিকাও আমাদের লোকজন সংগ্রহ করেছিল। এই সুদক্ষ গোয়েন্দার কাজে প্রধানতঃ পুলিশ, ছাত্র ও বেসামরিক সরকারী কর্মচারীরা নিয়োজিত ছিল।

তারপর আমি ও সভার সকল সদস্যবৃন্দ ডেপুটি কমিশনার সাহেবের বাংলোতে আসি এবং বঙ্গবন্ধু কর্তৃক প্রেরিত সংবাদের কথাও বলি। কিন্তু ডেপুটি কমিশনার বিভিন্ন অজুহাত দেখিয়ে তাঁর অক্ষমতা প্রকাশ করেন। সেখানে পুলিশ সুপার শামসুল হক সাহেব উপস্থিত ছিলেন। তিনি তাঁর আন্তরিকতা ও সহানুভূতি প্রকাশ করলেন।

ডেপুটি কমিশনার হতে সাড়া না পেয়ে আমরা সংগ্রাম পরিষদের সদস্যগণ স্টেশন রোডস্থ রেষ্ট হাউসে আসি এবং স্থির করা হয় যে প্রতিরোধ আন্দোলনকে বাস্তবায়িত করার জন্য কয়েকজন সদস্য সমন্বয়ে এক একটি ইউনিট তৈরী করে শহরের বিভিন্ন স্থানে দায়িত্ব বন্টন করে দেয়া হবে। এ সিদ্ধান্ত অনুযায়ী তৎক্ষণাৎ প্রত্যেক সদস্য স্ব স্ব দায়িত্ব পালনে সচেষ্ট হন।

রেষ্ট হাউস থেকে আমরা ই,পি, আর হেড কোয়ার্টার টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করার চেষ্টা করি। তৎকালীন ই, পি আর অফিসের হেড ক্লার্কের সাথে আমাদের টেলিফোনে আলাপ হয়। তোকে জরুরী সংবাদ ও সার্বিক পরিস্থিতি সম্পর্কে একটি ধারণা দেই। তার মাধ্যমে ক্যাপ্টেন রফিককেও সংবাদ ও সার্বিক পরিস্থিতি সম্পর্কে অবগত করানোর জন্য বলা হয়।

কাপ্তাই ই, পি আর শাখাতেও টেলিফোনে যোগাযোগ করা হয়। ক্যাপ্টেন হারুন তার পরদিন সকালেই সমস্ত শাখার জোয়ানদিগকে নিয়ে চট্টগ্রাম শহরে ক্যাপ্টেন রফিকের সাথে মিলিত হবেন বলে প্রতিশ্রুতি দেন। পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী তিনি সকালে এসে কালুরঘাটে পৌঁছেন।

২৫শে মার্চ গভীর রাত্রে ৮ম বেঙ্গল রেজিমেন্ট হতে টেলিফোনে আওয়ামী লীগ অফিসে বলা হয় সেনানিবাসের চারপাশে বেশ কিছু ছাত্র-যুবক ও উৎসাহী জনতাকে পাঠানোর জন্য। সংবাদ পাওয়া মাত্র মাইকযোগে সকলকে অবহিত করা হয়।

২৬শে মার্চ খুব সকালে আমি আতাউর রহমান কায়ছার ও এম, এ, মান্নানসহ সেনানিবাসের দিকে যাই। পথিমধ্যে পাঁচলাইশ থানার সম্মুখে বেঙ্গল রেজিমেন্টের জোয়ানদিগকে দেখতে পাই। উক্ত রেজিমেন্টের অধিনায়ক মেজর জিয়উর রহমান তার কোম্পানী নিয়ে কালুরঘাটের দিকে অগ্রসর হচ্ছেন। এখানে আমরা জানতে পারি যে সেনানিবাসের E.B.R. সেন্টারে প্রশিক্ষনরত বাঙ্গালী জোয়ানদিগকে রাতে পাক-বাহিনী হত্যা করেছে। আমরা কালুরঘাটে যেয়ে জানতে পারলাম যে, জিয়াউর রহমান বোয়ালখালী থানার দিকে অগ্রসর হচ্ছেন। আমরা মেজর জিয়াউর রহমানকে বোয়ালখালী থানার কুসুমডাঙ্গা পাহাড়ের নিকট তাঁর জোয়ানদের সহ দেখতে পাই; তাঁকে শহরের বর্তমান অবস্থা সম্পর্কে জানাই এবং শহর সংলগ্ন এলাকায় শিবির স্থাপন করার জন্য অনুরোধ জানাই। তবে ২৭শে মার্চ তিনি কালুরঘাট আসবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। কাপ্তাই হতে আগত ক্যাপ্টেন হারুন ও ১৫০ জন ই, পি, আর মেজর জিয়াউর রহমানের সাথে একত্রিত হন।

কালুরঘাট হতে চলে আসার পর সিদ্ধান্ত নেয়া হয় যে রেডিও মারফতে বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণার কথা প্রচার করতে হবে। সিদ্ধান্ত অনুযায়ী ২৬শে মার্চ কালুরঘাট ট্রান্সমিটার সেন্টার হতে বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতা ঘোষণা করি। প্রচারে আমাকে সহযোগিতা করেন রেডিও অফিসের রাখাল চন্দ্র বণিক, মীর্জা আবু মনসুর, আতাউর রহমান কায়সার ও মোশাররফ হোসেন প্রমুখ এম, পি, এ ও এম, এন, এ গণ।

২৭শে মার্চ বিকালে মেজর জিয়াউর রহমান রেডিও মারফত স্বাধীনতা ঘোষণা করেন। মেজর জিয়াউর রহমানের স্বাধীনতা ঘোষণার পর ঘোষণার বক্তব্য নিয়ে জনমনে কিছুটা বিভ্রান্তি দেখা দেয়। তাই সেদিন রাত্রে আমি মীর্জা আবু মনসুর ও মোশারফ হোসেন ফটিকছড়িতে অবস্থানরত প্রাক্তন মন্ত্রী এ, কে, খান সাহেবের সাথে সাক্ষাৎ করি। পুনঃ ঘোষণার জন্য তিনি একটি খসড়া করে দেন। আমরা ফটিকছড়ি হতে কালুরঘাট ট্রান্সমিটার সেন্টারে উপস্থিত হই। সেখানে মেজর জিয়াউর রহমানের নিকট আমি এ, কে, খান কর্তৃক লিখিত খসড়াটি দেই। পুনরায় ২৮শে মার্চ সকালে বঙ্গবন্ধুর পক্ষে মেজর জিয়াউর রহমান সর্বাধিনায়ক হিসেবে স্বাধীনতা ঘোষণা করেন।

২৮শে মার্চ বিকালে মেজর জিয়া তৎকালীন মেজর মীর শওকত ও অন্যান্য ব্যক্তিবর্গের সাথে সম্মুখযুদ্ধ পরিচালনার ব্যাপারে আলোচনা করেন। সেদিন রাত্রে চট্টগ্রাম নৌঘাঁটি আক্রমণ করার সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী আমি ১০ খানা ট্রাক ও বাস যোগাড় করি এবং সন্ধ্যার দিকে সেগুলি হস্তান্তর করি। পরিকল্পনা মোতাবেক তৎকালীন ফুলতলী বাংলা বাহিনী হেড কোয়ার্টার হতে বাংলা বাহিনীর জোয়ানগণ মীর শওকতের নেতৃত্বে রাত্রে কালুরঘাটে পৌঁছেন।

এখানে মীর শওকত আক্রমণ পরিকল্পনা নিয়ে জিয়ার সাথে পরামর্শ করেন এবং উভয়ই ফুলতলী হেড কোয়ার্টারে চলে যান। সেদিন নৌঘাঁটি আক্রমণ করা যায়নি। পরের দিন ২৯শে মার্চ সকালে ফুলতলী বাংলা

বাহিনীর হেড কোয়ার্টারে গেলাম। মীর শওকত ও মেজর জিয়াউর রহমানকে সেখানে পাওয়া গেল না। জানতে পারলাম এক কোম্পানী সৈন্য নিয়ে তাঁরা কক্সবাজার চলে গেছেন। এ সময় তাঁদের সঙ্গে আমাদের যোগাযোগ বিচ্ছিন্ন ছিল।

৩০শে মার্চ পাকবাহিনী কালুরঘাট রেডিও ট্রান্সমিটার সেন্টার লক্ষ্য করে বিমান হামলা করে। সেখানে সুবেদার ছাবেদ আলী তাঁর প্লাটুন নিয়ে অবস্থান করছিলেন। বিমান হামলার পর শহরের বাংলা বাহিনীর জোয়ানগণ ছত্রভঙ্গ হয়ে পড়ে। চট্টগ্রাম শহরে ই, পি আর প্রথম হতে শেষ পর্যন্ত যুদ্ধ করে। চকবাজারে ক্যাপ্টেন হারুন, ও লেঃ শমসের মবিন চৌধুরী তাঁদের প্লাটুন নিয়ে যুদ্ধ করেন। শমসের মবিন ও ক্যাপ্টেন হারুন চকবাজার ও কালুরঘাট যুদ্ধে আহত হন। অবশ্য পাকবাহিনী শমসের মবিনকে ধরে ফেলে। এভাবে পর পর কালুরঘাট, নয়াপাড়া, কাপ্তাই পাকবাহিনীর কবলে চলে যায়। কিন্তু রামগড়, বাগানবাড়ী, খাগড়াছড়ি, চিকন ছড়া আমাদের দখলে ছিল। ২রা মে পাক-বাহিনীর তীব্র আক্রমণে রামগড়ও পাকবাহিনীর কবলে চলে যায়। বাংলা বাহিনীর সকল জোয়ান ভারতের ত্রিপুরা রাজ্যের সাবরুমে আশ্রয় নেয়। কয়েকদিনের মধ্যে হরিণা নামক স্থানে জোয়ানদের জন্য শিবির স্থাপন করা হয়। এখানে যুব প্রশিক্ষণ কেন্দ্রও স্থাপন করা হয়। জুন মাসে হরিণা যুব প্রশিক্ষণ কেন্দ্রের ক্যাম্প প্রধানের দায়িত্ব আমার ওপর অর্পিত হয়। দেশ স্বাধীন হওয়া পর্যন্ত আমি উক্ত শিবিরের প্রধান হিসেবে দায়িত্ব পালন করি। তাছাড়া পূর্বাঞ্চলীয় বেসামরিক বিষয়াদি এবং সামরিক বাহিনীর লিয়াজোঁ অফিসার হিসেবেও নিজ দায়িত্ব পালন করি।

এম, এ, হান্নান
(সভাপতি, চট্টগ্রাম জেলা আওয়ামী লীগ)
২৭ আগষ্ট, ১৯৭৩

ওয়াহিদুল হক

১৯৭১ সালের আন্দোলন হঠাৎ করে হয়নি। এর পেছনে সংগ্রাম ও চেতনার দীর্ঘ ইতিহাস রয়েছে। এই ইতিহাসের সাথে সবাই পরিচিত। তবে আমার বিশ্বাস যে, সাংস্কৃতিক আন্দোলন এই চেতনা প্রবাহের ধারাকে এগিয়ে নিয়েছে সবচেয়ে বেশী এবং সাংস্কৃতিক কর্মীরা সবসময়ে এই আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করেছে রাজনৈতিক কর্মীদের সাথে। নিজেদের বৃত্তে এই আন্দোলন সীমাবদ্ধ থাকেনি এবং এর চরিত্রও কেবলমাত্র কলা-ক্রিয়ার মধ্যে সীমিত ছিল না।

১৯৬১ সালে রবীন্দ্রশতবার্ষিকী উপলক্ষে যেসব সভা ও অনুষ্ঠানের আয়োজন করা হয় তার মূল সুর ছিল বাঙালী জাতীয়তাবাদী চেতনা। স্বাভাবিক কারনেই পাকিস্তান সরকার এর বিরোধিতা করে। কিন্তু যে উৎসাহ ও উদ্দীপনা এই উৎসাহ উদ্যাপনে সৃষ্টি হয় তা থামিয়ে রাখার মত শক্তি কারও ছিল না। এই উদযাপনের সরাসরি ফসল হচ্ছে 'ছায়ানট' যা পরে আমাদের গভীরতম বিশ্বাস ও মূল্যবোধ প্রসারের অন্যতম কেন্দ্রস্থলে পরিণত হয়। অতএব বাঙালীদের রাজনীতি সব সময় তার সংস্কৃতির ওপর নির্ভর করেছে। হয়ত বা অন্য যে কোন দেশের রাজনৈতিক আন্দোলনের চেয়েও।

১৯৭০ সালের ১২ই নভেম্বর খবর আসে যে মহাপ্রলয় হয়েছে তখন প্রথমে খুব একটা কাউকে নাড়া দেয়নি। ঐ সময় আমরা কয়েকজন খবরের ভাষা বুঝি যে ওখানটায় একটা কিছু ঘটেছে। তাড়াহুড়ো করে 'দুর্যোগ নিরোধ কমিটি' গঠন করে নগ্ন পদযাত্রা শুরু করি রাস্তায় "ভিক্ষা দাওগো পুরবাসী" গানটা গেয়ে। আমরা তখনকার দিনেই প্রায় ৫০ হাজার টাকা উঠাই। এর মধ্যে দুর্যোগের ব্যাপকতার খবর চারিদিকে ছড়িয়ে পড়ে। দুর্যোগবাসীদের সাহায্য করার জন্য আমরা ক্ষতিগ্রস্ত এলাকাতেই কাজ করতাম। জায়গার নাম ছিল চর কাজল

(রায়পুরা)। ৭ই মার্চ সেখানে ছিলাম। পরে ঢাকায় ফিরে এসে দেখি খুবই খারাপ যদিও কত খারাপ তা ধারণা করিনি।

পঁচিশে রাতে আমি আমার সংবাদপত্র অফিসেই ছিলাম। সারারাত ধরে শুধু আওয়াজ শুনেছি। ২৬ তারিখে বের হওয়া যায়নি। আতএব ২৭ তারিখে আমরা অফিস ত্যাগ করতে সমর্থ হই।

আমার গাড়ীতে করে আমরা প্রথমে বিশ্ববিদ্যালয়ে যাই এবং বন্ধু-বান্ধবদের খবর নেই। কাউকে পাই, কাউকে পাইনি। বিশ্ববিদ্যালয়ের অবস্থা দেখে আমি আমার সিদ্ধান্ত ঠিক করে ফেলি। ডঃ সরওয়ারের মাধ্যমে আমি কমিউনিস্ট পার্টির সাথে যোগাযোগ করি এবং তাকে বলি এই মুহূর্তে কি কাজ হওয়া উচিত তা যেন সবাইকে জানিয়ে দেয়া যায়। এরপর আমি জনাব রেজা আলীর (বিটঙী) সাথে যোগাযোগ করি। তিনি ছিলেন একাই রাইফেল ক্লাবের সদস্য। আমি তাকে বলি তার কাছে যা আছে যা আছে তা আমাকে দেবার জন্য। রেজা আলী আমাকে ১২টা রাইফেল দেন। আমি এই অস্ত্র নিয়ে সাভার চলে যাই এবং দেওয়ান ইদ্রিসের কাছে দিই। তিনি ছিলেন উক্ত এলাকার একজন নেতা। ২৭ তারিখে আমার স্ত্রীকেও সেখানে দিয়ে যাই এবং পরে ঢাকায় ফিরে আসি।

মির্জা সামাদ একজন প্রবীণ কমিউনিষ্ট নেতা। তার সাথে আমার আলাপ হয় পরিস্থিতি নিয়ে। অস্ত্র সংগ্রহ করা এবং প্রয়োজনবোধে ভারতীয় সাহায্য নিয়ে পাকসেনাদের পরাজিত করা। আমার মনে হয়েছিল রাজনৈতিক কারণেই ভারত আমাদের পক্ষে থাকবে।

২রা এপ্রিল কামাল সিদ্দিকী, কাজী ইকবাল এবং আবুল খায়ের লিটুকে নিয়ে গাড়ীতে করে আমরা রওয়ানা হই। পথে সাভার থেকে আমরা হাসান ইমামকে তুলে নিই। তাঁর পরিবারও সাভারে ছিল দেওয়ান ইদ্রিসের গৃহে।

আরিচা দিয়ে আমরা নৌকাপথে ঝিনাইদহ যাই এবং আশ্চর্য্য হয়ে লক্ষ্য করি যে নদীর ওপারে 'জয় বাংলা' পতাকা উড়ছে! সেখানে বাংলাদেশ স্বাধীন। আমার সাথে থানা পুলিশ অফিসার মাহবুবের আলাপ হয়। সেখানে তখন উপস্থিত ছিলেন তৌফিক এলাহী চৌধুরী, কামাল সিদ্দিকী এবং আরো কয়েকজন। জানতে পারি কামাল সিদ্দিকী প্রায় ১০০ পাকিস্তানী সৈন্যকে মৃত্যুদণ্ড প্রদান করেছেন।

মেহেরপুর বর্ডার বি, এস, এফ, সৈন্যদের সাথে দেখা হয়। আরও দেখা হয় কানাডীয় সাংবাদিকদের সাথে। তাঁরা আমার একটি সাক্ষাৎকার গ্রহণ করেন যা পরে বহু জায়গায় প্রচারিত হয়। বি, এস, এফ-এর সহায়তায় আমরা কলকাতায় পৌঁছাই।

কলকাতায় গিয়ে রাজনৈতিক নেতা মনসুর হাবিবের বাসায় উঠি। এরপর দেখা করি ভবানী সেন এবং ইন্দ্রজীত গুপ্তের সাথে। তাদের বোঝাবার চেষ্টা করি যে ভারতীয় সেনাবাহিনী যদি যশোর দখল করে নেয় এবং দুর্গ স্থাপন করতে পারে তবে আমরা নিজেরাই যুদ্ধ করতে পারবো। এর মধ্যে লক্ষ্য করি যে যারা বাংলাদেশ থেকে এসেছে তারা এখনও একত্রিত হয়নি যদিও 'কিড ষ্ট্রিট'-এর এম, পি হোষ্টেলে অনেকেই জমায়েত হয়েছে। আমার সাথে আওয়ামী লীগারদের কোন যোগাযোগ ছিল না অতএব আমি হাসান ইমামকে বলি তাদের সাথে যোগাযোগ করতে। তখন আমি সিদ্ধান্ত নিই যে ঢাকায় ফিরে আমার পরিবারকে নিয়ে আসবো। ২৭ এপ্রিল ঢাকা পৌঁছে। লক্ষ করি যে শহরের চেহারা পাল্টে গেছে। চারদিকে থমথমে ভাব। মানুষ হাঁটাচালা করছে সন্ত্রস্তভাবে । সবার সাথে পরিচয়পত্র। মাঝে মাঝেই বিভিন্ন বাড়ীতে হামলা হচ্ছে এবং মানুষদের ধরে নিয়ে যাওয়া হচ্ছে এবং তাদের প্রায় কেউই ফিরেছে না।

এরই মধ্যে পালাবার একটা রুট মোটামুটি সৃষ্টি হয়েছে। শিবের বাজার হয়ে সোনাইমুড়ি দিয়ে বর্ডার পর্যন্ত যাওয়া যায়। অটোরিক্সা দিয়ে আমরা কয়েকজন । এভাবে আবার সীমান্ত পার হলাম। কিড ষ্ট্রীট তখন বেশ

লোকারণ্য। অমিতাভ দাশগুপ্ত (ভারতীয় বামপন্থী নেতা) এদের সাথে যোগাযোগ রাখতেন এবং তিনি চেষ্টা করেন আমকে এদের সাথে কাজ করার সুযোগ করে দিতে কিন্তু তা সম্ভব হয়ে ওঠে না। যেহেতু জানা যায় আওয়ামী লীগ ছাড়া অন্য কারও প্রবেশাধিকার নাই।

এরপর মৈত্রী দেবীর সাথে যোগাযোগ হয়। তিনি এই পর্যায়ে বিরাট ভূমিকা পালন করেন। জানা যায় যে একটি বেতার কেন্দ্রে প্রতিষ্টার চেষ্টা চলছে। তাঁরই উদ্যোগে প্যাড ছাপানো হয়। ষ্ট্যাম্প ইত্যাদিও প্রস্তুত করা হয়! আরও খবর পাওয়া যায় যে বিএসএফ-এর মাধ্যমে একটি বেতার ট্রান্সমিটারও পাওয়া যাবে।

এপ্রিলের শেষের দিকে খবর আসে যে 'জয় বাংলা' নামে একটা পত্রিকা বার হচ্ছে। এর অফিস বালু হাক-কাক লেনে। এও খবর শুনি আবদুল মান্নান এই পত্রিকার দায়িত্বে আছেন। জহির রায়হান তাঁর সাথে যোগাযোগ করেছিলেন কিন্তু তাঁকে সাময়িকভাবে বহিস্কার করা হয়েছে। যা হোক বেতার কেন্দ্রের ব্যাপার নিয়ে আমরা আবার ব্যস্ত হয়ে পড়ি। শামসুল হুদা চৌধুরী, মোস্তফা মনোয়ার, কামরুল হাসান, এম আর আখতার মুকুল এবং আমি একটি কমিটি কঠন করি। সার্কাস এভিনিউ-এর একটি বাসায় আমরা বসতাম। ঠিক হয় যে জামিল চৌধুরী এবং মোস্তফা মনোয়ার বাজেট এবং কর্মী তালিকা তৈরী করবেন। তাঁরা তা প্রস্তুত করেন এবং হিসেব দাঁড়ায় মাসিক ১৮,০০০ টাকা সব খরচ ধরে। কিন্তু আওয়ামী লীগ মহলে এই গুজব ছড়িয়ে পড়ে যে বাজেট ধরা হয়েছে দৈনিক ১৮,০০০ টাকা। এই সব ঘটনার পর আমরা বেতার কেন্দ্র থেকে কিছুটা বিচ্ছিন্ন হয়ে পড়ি নিজেদের ইচ্ছায়।

আমি আবার ঢাকায় আসি এবং কয়েকজনকে নিয়ে কলকাতায় ফিরে যাই। এর মধ্যে পরিচিত হচ্ছেন বেনু এবং শাহীন মাহমুদ। কলকাতায় যাবার আগে তাদের বিয়ে দিয়ে তারপর নিয়ে যাই।

ততদিন পশ্চিম বঙ্গ শিল্পী সাহিত্যিক সহায়ক সমিতি গঠিত হয়েছে। দিপেন বিশ্বাস ছিলেন এর সংগঠক। অর্থও সংগৃহীত হয় এবং প্রায় সব শিল্পী-সাহিত্যিকের সাথে জড়িয়ে পরেন। যে সাংস্কৃতিক দল তৈরি হয় তার সভাপতি হন সনজীদা খাতুন, আমি হই পরিচালক। এর নাম দেয় হয় 'বাংলাদেশ মুক্তি সংগ্রামী শিল্পী সংস্থা'। মে মাসে এটা গঠিত হয়। স্কোয়াডের সদস্য সংখ্যা ছিল একশজনের মত।

১৪৪, লেলিন সরণীতে পি, পি, আই অফিসের একটি কক্ষে রিহার্সাল হোত। তিরিশ দিনের প্রতিদিনই রিহার্সাল হয়। ৩রা জুন প্রথম অনুষ্ঠান হয় রবীন্দ্র সদনে। শাহরিয়ার কবির রচিত 'রূপান্তরের গান' নামে একটি গীতি আলেখ্য। আলোকসজ্জা ও মঞ্চ সাজাবার দায়িত্বে ছিলেন মোস্তফা মনোয়ার। যদিও আমাদের সামর্থ্য সীমিত ছিল তবুও অনুষ্ঠান কল্পনাতীতভাবে সফল হয়। বহু সুধীজনের সামনে আমাদের এই অনুষ্ঠান প্রচুর প্রশংসা লাভ করে। আমাদের মনোবল দারুণ বেড়ে যায়। এরপর আমরা পাড়ায় পাড়ায় অনুষ্ঠান করে বেড়াতে থাকি। যে ডাকত আমরা যেতাম। পুজোর সময় প্রচুর অনুষ্ঠান করি। কলা মন্দিরেও আমাদের অনুষ্ঠান হয়।

তবে আমাদের প্রধান কাজ ছিল ক্যাম্পে ক্যাম্পে সংগীত পরিবেশন করা। বেনু এবং শাহীন মাহমুদ দলের নেতা ছিলেন। সকাল বেলা আমাদের একটি গাড়ীতে যতজন ধরতো ততজনকে পাঠানো হোত একটি ক্যাম্পে। সারাদিন প্রোগ্রাম করে তারা ফিরত আবার পরদিন যাবার জন্য। অনুষ্ঠান চলতো এক ঘন্টা ধরে। আমার অনুমান ২৫০টিরও বেশী অনুষ্ঠান করা হয়।

সেপ্টেম্বর মাসে দুটো গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে। প্রথম, বিভিন্ন শিল্পী ও সাহিত্যকদের একত্রে করে একটি সংগঠন করা হয়। এর নাম দেয়া হয় 'লিবারেশন কাউন্সিল অফ দি ইনটেলিজেন্টসিয়া'। এর প্রধান হিসেবে দায়িত্ব নেন অধ্যাপক এ, আর, মল্লিক। জহির রায়হান এবং আলমগীর কবীর এই সংগঠনের বেশ সক্রিয় ছিলেন।

জহির রায়হান ছিলেন একজন খাঁটি দেশপ্রেমিক। কি প্রচণ্ড পরিশ্রমে সংগঠনের জন্য কাজ করেছেন তা বলা যায় না। একটা বিশেষ ঘটনার উল্লেখ করা যায়। একদিন হঠাৎ খবর পাওয়া গেল যে 'জীবন থেকে নেওয়া' ছবির একটা প্রিন্ট কলকাতায় এসেছে। সারাদিন খোঁজার পর পাওয়া গেল সেটি। শেরপুর এলাকার একটি সিনেমা হলের মালিক সাহস করে নিয়ে এসেছেন। মালিক জানালেন এটা তার ব্যক্তিগত সম্পত্তি এবং প্রিন্ট তিনি দেবেন না। তখন মীমাংসায় বসা হলো। জনাব খায়ের (সংসদ সদস্য) এর দায়িত্ব নিলেন। ষাট হাজার টাক নগদ দেওয়া হল মালিককে। এরপর ঠিক হোল ছবি দেখিয়ে যা আয় হবে তার অর্ধেক পাবে শিল্পীরা আর বাকিটা পাবে এম, সি, এ। জহির রায়হান নিজে কিছুই নিলেন না। মনে রাখা দরকার সবার আর্থিক অবস্থা খুবই খারাপ ছিল।

একই মাসে জনাব তাহেরউদ্দিন ঠাকুর এসে বলেন যে দিল্লীতে একটি আন্তর্জাতিক সম্মেলন হতে যাচ্ছে এবং বাংলাদেশের পক্ষে আমরা যাবো গান শোনাতে। ৩৫ সদস্যের একটি দল নিয়ে আমরা পৌঁছাই। আমাদের অনুষ্ঠান অসাধারণভাবে সফল হয়। মঞ্চ নির্দেশনায় মোস্তফা মনোয়ার আশ্চর্যরকম আবহ সৃষ্টি করেন। সমগ্র অনুষ্ঠান যে কি রকম সাড়া জাগায় তা বলার নয়। অনুষ্ঠান শেষ হবার পর ভারতীয় গণসঙ্গীতের দুই প্রধান পুরুষ বিনয় রায় এবং জ্যোতিন্দ্র মিত্র মঞ্চে আসেন এবং গান শোনান। সে অভিজ্ঞতা বলার নয়।

এভাবে আমরা আমাদের কাজ চালিয়ে যাচ্ছিলাম বিভিন্ন শিবিরে। একই সাথে চলছিল অর্থ সংগ্রহের প্রচেষ্টা। তখন ডিসেম্বর মাস। আমি গেলাম জহির রায়হানের কাছে এই ব্যাপারে আলাপ করার জন্য। তাকে খুব আনমনা মনে হচ্ছিল। আমি কথাটা তুলতেই তিনি হঠাৎ বলে উঠলেন, 'ওয়াহিদ ভাই, এসবের প্রয়োজন হবে না। আমি ১৬ তারিখে ঢাকায় যাচ্ছি।' আমি এই কথার কোন কিছুই বুঝলাম না। কারণ, দেশ যে মাত্র কদিন পরই স্বাধীন হবে ভাবিনি। যখন স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে ঘোষণা করা হয় যে দেশ স্বাধীন তখন আমি নজরুল ইসলাম ও তাজউদ্দিন সাহেবের সাথে ছিলাম। আনন্দে যে কি করেছি তা বলার নয়। ১৬ তারিখেই দেশ স্বাধীন হয়। সেদিনের কথা জহির রায়হান বলেছিলেন দু'সপ্তাহ আগে।

ওয়াহিদুল হক
মার্চ, ১৯৮৪

কণিকা বিশ্বাস

২৫শে মার্চ আমি গোপালগঞ্জ মহকুমার কাশীয়ানী থানার ওড়াকান্দি গ্রামে ছিলাম এবং সেখান থেকেই পাক বর্বরদের অমানুষিক নির্যাতনের সংবাদ জানতে পারি। জুলাই মাসের শেষ ভাগে ভারত আগমনের পূর্বপর্যন্ত গোপালগঞ্জ মহকুমার বিভিন্ন অঞ্চলে অবস্থান করি এবং আওয়ামী লীগ কর্মী ও যুবকদের সংগঠনের চেষ্টা করি। মে মাসের মধ্যেই আমরা বেশ শক্তিশালী হই এবং ৫ই মে গোপালগঞ্জ থানা ছাত্রলীগের নেতৃত্বে আমরা গোপালগঞ্জ থানা আক্রমণ করি। গোপালগঞ্জ থানা ইনচার্জ নিহত হয় এবং থানা থেকে ৮২টি রাইফেলসহ বহু গোলাবারুদ উদ্ধার করি। প্রথম দিকে গেরিলা যুদ্ধে আমরা সুবিধা করতে সক্ষম হলেও মে-র মাঝামাঝি প্রায় হাজারখানেক পাকসেনা আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে আমাদের এলাকায় প্রবেশ করলে আমাদের অবস্থা শোচনীয় হয়ে পড়ে। ১৬ই মে রবিবার পাক সৈন্যরা গোপালগঞ্জ থানার সাতপাড়া গ্রামে একাধারে পাঁচ ঘন্টা গুলি চালায় এবং অগ্নিসংযোগ করে। এখানে ১০৩ জন নিরীহ গ্রামবাসী পাকসেনা কর্তৃক নিহত হয়। ঠাকুরবাড়ীর গর্তে একই পরিবারের ৮ জনকে পাকসেনারা গুলি করে হত্যা করে।

১৮ই মে মকসুদপুর থানার ভেন্নাবাড়ী পাকসেনা কর্তৃক আক্রান্ত হয়। সমগ্র গ্রামে তারা আগুন ধরিয়ে দেয়। ছাত্রলীগ কর্মী অমলকে তার পরিবারের অন্যান্য সদস্যের সঙ্গে হত্যা করা হয়। ভেন্নাবাড়ী ও রথবাড়ী এই দুই গ্রামের মধ্যের বিলই ছিল হত্যাকান্ডের কেন্দ্র। এখানে প্রায় ১৩২ জনকে পাক বর্বররা হত্যা করে। এছাড়া

কদমবাড়ী, আনন্দপুর, বেদভিটা, মাদুকান্দি, আড়ুয়াকান্দি, তৈলীভিটা, বৌলতলী, রঘুনাথপুর, গোলাবাড়িয়া এলাকায় পাক সেনারা গণহত্যা চালায়। পূর্বেই উল্লেখ করা হয়েছে কেবল সাতপাড়া গ্রামে ১০৩ জন, ভেন্নাবাড়ী গ্রামে ১৩২ জন লোককে হত্যা করা হয়। তাছাড়া কদমবাড়ীতে ৮ জন, আনন্দপুরে ৫ জন, বেদভিটায় ১২ জন, মাদুকান্দিতে ৪৫ জন, আড়ুয়াকান্দিতে ২ জন, তেলীভিটায় ৭ জন, বৌলতলীতে ১০ জন, রঘুনাথপুর ১৪৪ জন এবং গোলাবড়িতে ১৫০ জনকে পাকসেনারা হত্যা করে। এদের অধিকাংশকে গুলি করে হত্যা করা হয়। বাচ্চাদের তারা আছাড় মেরে বা বেয়নেট দিয়ে খুচিয়ে হত্যা করে।

দিন দিন আমাদের বাহিনীর অবস্থার অবনতি ঘটাতে থাকলে আমরা বেশ কয়েকজন উন্নত অস্ত্র এবং ভারতের সাহায্যের আশায় জুলাই মাসের ২য় সপ্তাহে ভারতাভিমুখে যাত্রা শুরু করি। সাতদিন পথ চলার পর অষ্টম দিন ভারতে পৌঁছি। ভারতের বালেশ্বপুর, ব্যারাকপুর পলতাতে অবস্থান করি। কয়েকদিন পর মুজিবনগরে যাই এবং মুজিবনগরের কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করি। এরপর ঠাকুর নগর সলট লেক, হাসপুর, গয়া, হেলেঞ্চা, খড়েরমাঠ প্রভৃতি স্থানের শরণার্থী শিবিরে সেবাকার্যে আত্মনিয়োগ করি। '৭২-এর মার্চের দিকে আমি দেশে ফিরে আসি।

শ্রীমতি কণিকা বিশ্বাস
জাতীয় সংসদ সদস্যা
(ফরিদপুর, সংরক্ষিত আসন)
৬ জুন, ১৯৭৩

কাজী জাফর আহমদ

১৯৭১ সালে প্রকাশ্য রাজনীতির ক্ষেত্রে আমরা মাওলানা ভাসানীর নেতৃত্বাধীন ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) ও কৃষক সমিতি এবং আমাদের সরাসরি নেতৃত্বে পরিচালিত বাংলা শ্রমিক ফেডারেশন ও পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়নের সাথে জড়িত ছিলাম। আমি ছিলাম বাংলা শ্রমিক ফেডারেশনের সভাপতি। আমাদের মূল সংগঠন ছিল 'কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি'। স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা প্রতিষ্ঠার লক্ষ্যকে সামনে রেখে ১৯৬৯ সালের ১১ ফেব্রুয়ারী আমরা এই গোপন সংগঠন প্রতিষ্ঠা করি। সে বৎসরেরই এপ্রিলে আমরা স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলার কর্মসূচী পেশ করি। এতে পরিকল্পিত রাষ্ট্রকে 'পূর্ব বাংলা জনগণতান্ত্রিক প্রজাতন্ত্র' আখ্যা দেয়া হয়। ১৯৭০ সালের ২২ ফেব্রুয়ারী ঢাকার পল্টন ময়দানে পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন (মেনন গ্রুপ) আয়োজিত এক সভায় অতিথি বক্তা হিসেবে আমরা এই কর্মসূচীর ভিত্তিতে রচিত ১১ দফা কর্মসূচী ঘোষণা করি। এই অভিযোগে পাকিস্তানের সামরিক আইনের অধীনে আমাকে এবং রাশেদ খান মেননকে সাত বৎসরের সশ্রম কারদণ্ড ও সমস্ত সম্পত্তি বাজেয়াপ্তের আদেশ দেয় হয়, মোস্তফা জামাল হায়দার ও মাহবুব উল্লাহকে দেয়া হয় এক বৎসরের কারাদন্ডাদেশ। আমরা আত্মগোপনে চলে যাই, অবশ্য মাহবুব উল্লাহ পরবর্তীকালে গ্রেফতার হন।

১৯৭০ সালে অনুষ্ঠিত নির্বাচনের আমরা বিরোধিতা করি। এর কারণ আমরা তখন রাষ্ট্র হিসেবে পাকিস্তানে আর বিশ্বাস করতাম না, তদুপরি লক্ষ লক্ষ মানুষের জীবননাশী নভেম্বরের জলোচ্ছ্বাস এবং তার পরিপ্রেক্ষিতে পশ্চিম পাকিস্তানী শাসকদের ক্ষমার অযোগ্য উপেক্ষায় আমরা ছিলাম বিক্ষুব্ধ। অন্যদিকে ইয়াহিয়া ঘোষিত 'লীগ্যাল ফ্রেমওয়ার্ক অর্ডারে'র অধীনে নির্বাচন এবং এতে বিজয় পূর্ব বাংলার জনগণের অধিকার প্রতিষ্ঠা করতে পারবে বলে আমরা বিশ্বাস করতাম না। তাই আমরা নির্বাচন বর্জনের আহবান জানাই এবং পাশাপাশি শ্লোগান তুলে ধরিঃ 'শ্রমিক-কৃষক-ছাত্র-জনতা অস্ত্র ধরো, পূর্ব বাংলা স্বাধীন করো'। মওলানা ভাসানীও নির্বাচন বর্জন

করেন এবং ১৯৭০ সালের ৪ ডিসেম্বর পল্টন ময়দানের জনসভায় স্বাধীনতার আহবান জানান। নির্বাচনে আওয়ামী লীগের নিরংকুশ বিজয়ে অনেকে আশাবাদী হলেও আমরা বলেছিলাম পাকিস্তানী বিজাতীয় শাসক গোষ্ঠী যে কোন অজুহাতে পূর্ব বাংলার জনগণকে পাকিস্তানের রাষ্ট্র ক্ষমতায় যেতে দেবে না। এজন্যই আমরা সশস্ত্র সংগ্রামের মধ্য দিয়ে স্বাধীনতার আহবান জানাতে থাকি।

'৭১-এর মার্চে অসহযোগ আন্দোলন শুরু হলে আমাদের তৎপরতা বেড়ে যায়। ৭ই মার্চ প্রচারিত এক প্রচারপত্রে আমাদের আহবান ছিল, 'আঘাত হানো, সশস্ত্র বিপ্লব শুরু করো, জনতার স্বাধীন পূর্ব বাংলা কায়েম করো'। মুজিবের ৭ই মার্চের ভাষণ আমাদের খুব আশান্বিত করতে পারেনি-সেদিনই তিনি সরাসরি স্বাধীনতা ঘোষণা করলে এতে বিপুল রক্তক্ষয়কে এড়ানো যেতো। কয়েকজন সহকর্মীসহ আমি তাঁর সাথে দেখা করে সরাসরি স্বাধীনতা ঘোষণা এবং সশস্ত্র সংগ্রামের প্রশ্নে কথা বলি। রাজনৈতিক মতপার্থক্য থাকলেও ব্যক্তিগত সম্পর্ক আমাদের খারাপ ছিল না। তিনি বলেন, 'তোমাদের গেরিলা যুদ্ধের দরকার নেই, আমি সব ঠিক করে দেবো। ওখানে আমি এখানে তাজউদ্দিন, তারপর দেখবে কি হয়'। এই কথায় স্বাধীনতার প্রশ্নে তাঁকে খুব সিরিয়াস মনে হয়নি-আদৌ তিনি স্বাধীনতার কথা, সশস্ত্র সংগ্রামের মধ্য দিয়ে স্বাথীনতাকে ছিনিয়ে আনার কথা চিন্তা করেছিলেন কিনা সে ব্যাপারে আমাদের সংশয় ছিল। অথবা এমন হতে পারে যে তিনি তখন ভাবছিলেন বিচ্ছিন্নতার কথা- ক্ষমতায় যাবার পর দাবী করতে না পারলে তিনি হয়তো পূর্ব বাংলাকে বিচ্ছিন্ন করতে চেয়েছিলেন। ইয়াহিয়া-ভুট্টোর সাথে মুজিবের আলোচনায় আমরা বিরোধিতা করেছিলাম, কারণ সারা পূর্ব বাংলা তখন জ্বলছে একটি মাত্র দাবীতেঃ স্বাধীনতা। এই পরিস্থিতিতে আমাদের (বাংলা শ্রমিক ফেডারেশন) উদ্যোগ ২৫ মার্চ বিকেলে পল্টন ময়দানে আয়োজিত জনসভায় সভাপতির ভাষণে আমি স্বাধীনতা সংগ্রামের ১৩ দফা কর্মসূচী তুলে ধরি। এই সভায় আমরা বলেছিলাম, আলোচনা ব্যর্থ হতে বাধ্য, আর তাই সারাদেশে অবিলম্বে গেরিলা বাহিনী গঠন করে পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ শুরু করতে হবে। এটাই ছিল তৎকালীন 'পূর্ব পাকিস্তানের' পল্টন ময়দানের শেষ জনসভা। সভাশেষে এক প্রকাণ্ড মিছিলযোগে আমরা শহীদ মিনারে যাই এবং সেখানে শপথ গ্রহণ করি। কর্মীদের পাঠিয়ে দেই তাদের নিজ নিজ এলাকায়।

২৫ মার্চ রাতে পাকিস্তানের সেনাবাহিনী তাদের পৈশাচিক হত্যাকাণ্ড শুরু করলে আমি আশ্রয় নেই এ দেশের প্রগতিশীল সিনেমা আন্দোলনের পথিকৃত শহীদ জহির রায়হানের বাসায়। তিনি এবং তাঁর স্ত্রী নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে আমাকে তিনদিন আশ্রয় দিয়েছিলেন। শুধু তাই নয়, জহির রায়হানের গাড়িটিও আমাদের দিয়েছিলেন ঢাকার বাইরে যাওয়ার জন্য। এই গাড়ী নিয়েই আমরা ঢাকা জেলার শিবপুর চলে যাই সেখানে আমাদের সংগঠনের নেতা আবদুল মান্নান ভূঁইয়া গড়ে তুলেছিলেন এক বিরাট গেরিলা বাহিনী। উল্লেখ করা দরকার যে জহির রায়হানের গাড়িটি যুদ্ধের গোটা সময়টাতেই শিবপুরে ছিলো এবং আমাদের মুক্তিযোদ্ধারা এটাকে বিভিন্ন কাজে লাগিয়েছিলেন।

.

শিবপুরে আমরা নিজেদের মধ্যে দায়িত্ব বণ্টন করে নেই। হায়দার আকবর খান রনো এবং রাশেদ খান মেননকে মাওলানা ভাসানীর সাথে যোগাযোগের জন্য টাংগাইল পাঠানো হয়। তাঁরা দেখা করতে পারলেও বিস্তারিত আলোচনার সুযোগ পাননি, কেননা, ৩ এপ্রিলের মধ্যে পাকবাহিনী মওলানা ভাসানীর সন্তোষ এবং বিন্নাফৈরের দুটি বাড়ীই জ্বালিয়ে দেয়। মওলানা ভাষানী আত্মগোপনে চলে যান।

এদিকে আমার ওপর দায়িত্ব পড়েছিল নিজ এলাকা কুমিল্লার চিত্তরায় গিয়ে বাম এবং আওয়ামী লীগ নেতৃবৃন্দের সাথে যোগাযোগ করার জন্য। চিত্তরা ভারত সীমান্তের কাছাকাছি ছিলো। কিন্তু সেখানে গিয়ে জানতে পারি যে, আওয়ামী লীগের নেতৃবৃন্দ ইতিমধ্যেই সীমান্ত অতিক্রম করে গেছেন।

২৫ বা ২৬ এপ্রিল আমি পূর্ব বাংলার কমিউনিষ্ট পার্টির নেতা দেবেন সিকদারের আগরতলা থেকে লেখা একটি চিঠি পাই। ওতে জানানো হয়েছিলো যে, ৩০ এপ্রিল ভারতের জলপাইগুড়িতে মওলানা ভাসানীর

সভাপতিত্বে বামপন্থীদের এক নীতিনির্ধারণী সভা হবে, আমি যেন অন্য সকলকে জানিয়ে নিজেও চলে আসি। সভা নির্দিষ্ট ৩০ এপ্রিল অনুষ্ঠিত হলেও সেখানে আমাদের আকাঙ্ক্ষিত নেতা মওলানা ভাসানী উপস্থিত ছিলেন না। জানানো হয় যে, মওলানা ভাসানীকে ভারত সরকার সীমান্ত এলাকা থেকে নিয়ে গেছেন। গ্রেফতার কিনা চানা যায়নি। ফলে সভায় উৎসাহ সঞ্চারিত হতে পারেনি। একটি মাত্র সিদ্ধান্ত সেখানে গৃহীত হয় যে, আমরা বামপন্থীরা নিজেদের মধ্যে যোগাযোগ রক্ষা করবো। পরবর্তী সভার তারিখ নির্ধারিত হয় ২১ ও ৩০ মে এবং এর স্থান নির্বাচন ও আয়োজনের দায়িত্ব অর্পিত হয় দেবেন সিকদার ও ন্যাপ সম্পাদক মশিউর রহমানের ওপর। এই সভায় আমি ছাড়া উপস্থিত অন্যরা ছিলেন হাজী মোহাম্মদ দানেশ, অমল সেন, মশিউর রহমান, দেবেন সিকদার, আবুল বাশার, ডাঃ মারুফ হোসেন, ডাঃ সাঈফ-উল-দাহার এবং নজরুল ইসলাম। আমরা ফিরে আসি দেশের অভ্যন্তরে।

পরবর্তী সভা অনুষ্ঠিত হয় কলকাতায়, কিন্তু এতেও মওলানা ভাসানী উপস্থিত ছিলেন না। তাঁর লেখা একটি চিঠি পড়ে শোনানো হয় যাতে তিনি লিখেছিলেন যে, বাইরে বেরোনার ব্যাপারে তাঁর অসুবিধা আছে, তিনি ভালো আছেন।

মওলানা ভাসানী আমাদের কাজ চালিয়ে যেতে বলেছিলেন, তাঁর নির্দেশ ছিল আওয়ামী লীগের সাথে ঐক্যবদ্ধভাবে স্বাধীনতার সংগ্রামে অংশ নেয়ার জন্য। চিঠিতে তিনি জানিয়েছিলেন যে গণচীনসহ কয়েকটি রাষ্ট্রের প্রধানদের নিকট তিনি টেলিগ্রাম পাঠিয়েছেন সমর্থন চেয়ে। মওলানা ভাসানীর এই চিঠিটি এসেছিল ভারতের একজন দায়িত্বশীল নাগরিকের মাধ্যমে। এ প্রসংগে বলা দরকার যে কাগজে-কলমে না হলেও পরোক্ষভাবে সুকৌশলে মওলানা ভাসানীকে বন্দী দশায় রাখা হয়েছিল।

এ সভায় সভাপতিত্ব করেন দিনাজপুরের কৃষক নেতা শ্রবরোদা ভূষণ চক্রবর্তী। বিস্তারিত আলোচনা শেষে মওলানা ভাসানীকে সভাপতি করে 'জাতীয় মুক্তিসংগ্রামে সমন্বয় কমিটি' গঠন করা হয়। কমিটিতে সদস্য হিসেবে নির্বাচিত হন দেবেন সিকদার (পূর্ব বাংলা কমিউনিষ্ট পার্টি), নাসিম আলী (বাংলাদেশের কমিউনিষ্ট পার্টি-হাতিয়ার), অমল সেন (কমিউনিষ্ট সংহতি কেন্দ্র), ডাঃ সাইফ-উদ-দাহার (কমিউনিষ্ট কর্মী সংঘ) এবং আমি (কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি)। সভায় গৃহীত সিদ্ধান্তে আওয়ামী লীগের প্রতি ঐক্যবদ্ধ স্বাধীনতা সংগ্রামের আহবান জানানো হয় এবং এ ব্যাপারে যোগাযোগের দায়িত্ব লাভ করি আমরা। জাতীয় মুক্তি সংগ্রাম সমন্বয় ঘোষণাটি ভারতসহ বিভিন্ন দেশের পত্রপত্রিকার মাধ্যমে যথেষ্ট প্রচার লাভ করেছিলো। এতে বিভেদের নীতি পরিহার করে সকল বামপন্থী ও দেশপ্রেমিক শক্তিসমূহকে আওয়ামী লীগের সাথে একযোগে পাকিস্তানী সেনাবাহিনীর বিরুদ্ধে লড়াই-এ অংশগ্রহণের আহবান জানানো হয়েছিলো। সিদ্ধান্ত অনুযায়ী ১ জুন জাতীয় মুক্তিসংগ্রাম সমন্বয় কমিটির ঘোষণার কপিসহ আমি, রাশেদ খান মেনন এবং হায়দার আকবর খান রনো কলকাতায় অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের সাথে সাক্ষাৎ করে স্বাধীনতাযুদ্ধে বামপন্থীদের অংশগ্রহণের প্রশ্নটি নিয়ে আলোচনা করি। ধৈর্য্য ও সহানুভূতির সাথে বক্তব্য শুনলেও তিনি আমাদের ওপর বিশ্বাস রাখতে অস্বীকৃতি জানান এবং সরকারের মুক্তিবাহিনীতে আমাদের কর্মীদের অন্তর্ভুক্ত করতে অস্বীকার করেন। কারণ হিসেবে তিনি হক-তোয়াহার নেতৃত্বাধীনে কমিউনিষ্টদের শ্রেণী সংগ্রামের এবং স্বাধীনতাবিরোধী তৎপরতার উল্লেখ করেন, তাদের প্রচারপত্রের প্রসংগও টেনে আনেন। আমরা বলি যে হকতোয়াহারা যা করছেন তা নিজেদের দায়িত্বেই করছেন, এর সাথে বামপন্থীদের বিরাট অংশটি আদৌ জড়িত নয়। আপনি কেবল আওয়ামী লীগের সম্পাদকই নন, দেশেরও প্রধানমন্ত্রী এবং এজন্যেই জাতীয় স্বাধীনতার সংগ্রামে যে কাউকে অংশগ্রহণের সুযোগ দেয়া আপনার কর্তব্য। এ প্রসংগে জনাব তাজউদ্দিন জানান যে তাঁকে সিদ্ধান্তের আগে গোয়েন্দা রিপোর্ট সংগ্রহ করতে হবে এবং আমাদের গোয়েন্দা সংস্থার অনুপস্থিতিতে নির্ভর করতে হবে ভারত সরকারের গোয়েন্দা রিপোর্টের ওপর। এই পর্যায়ে বিতর্ক শুরু হয়ে যায়, এক পর্যায়ে আওয়ামী লীগ নেতা আবদুস সামাদ আজাদের উপস্থিতি সে অপ্রিয় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আমরা মর্মাহত হয়ে ফিরে আসি।

দেশে ফেরার পথে জুনের মাঝামাঝি আগরতলায় আমাকে ভারতের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা 'র' আটক করে নিয়ে যায় শিলং-এর একটি ডাক বাংলোয়। সেখানে আমাকে সাত দিন রাখা হয়। ঘটনাটিকে আমি গ্রেফতার বলবো না, কেননা, কোন খারাপ আচরণ আমার সাথে করা হয়নি। কিন্তু সাত দিনব্যাপী অবিরাম প্রশ্নের মাধ্যমে আমাকে ব্যতিব্যস্ত রাখা হয়। আমাকে প্রশ্ন করেছিলেন ভারতের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা 'র'-এর পূর্বাঞ্চলীয় প্রধান মিঃ সুব্রামনিয়াম। তিনি অবশ্য সমগ্র ব্যাপারটিকে 'নিজেদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ আলোচনা' হিসেবে বোঝাতে চেয়েছিলেন। এই আলোচনায় দেশের অতীত ও বর্তমান রাজনীতিতে বামপন্থীদের ভূমিকাসহ বিভিন্ন প্রসংগ এসেছিলো। তিনি বারবার আওয়ামী লীগ এবং ভারতের প্রতি বামপন্থীদের মনোভাব সম্পর্কে জানতে চাচ্ছিলেন। আমি বলেছিলামঃ এই মুহূর্তে আমাদের প্রধান সমস্যা পাকিস্তানের সেনাবাহিনী; এর বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধভাবে লড়াই করতে চাই, আওয়ামী লীগের সাথে মতপার্থক্যসমূহ এখন আমরা তুলে ধরবো না-তাদের সাথে আমাদের সমস্যাসমূহের মীমাংসা আমরা স্বাধীন দেশের মাটিতে করবো, যুদ্ধের মধ্যে বা ভারতের অভ্যন্তরে নয়। ভারতের সেনাবাহিনীর প্রত্যক্ষ অংশগ্রহণের প্রয়োজনীয়তা বা সম্ভাবনার প্রসংগে আমি বলেছিলামঃ ভারতের পক্ষে সেটা উচিত হবে না, আমরা বাংলার মাটিতেই শত্রুদের খতম করবো। স্বাধীনতাকে আমরা ছিনিয়ে আনতে চাই, কারো অনুগ্রহে পেতে চাই না।

অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের সাথে ব্যর্থ আলোচনার পর আমরা নিজেদের উদ্যোগে যেখানে যতটুকু শক্তি নিয়ে যেভাবে সম্ভব স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ অব্যাহত রাখি। মুজিব নগর সরকারকে আমরা অস্বীকার করিনি, কিন্তু তাই বলে প্রত্যক্ষ কোনো যোগাযোগও রাখিনি, সহযোগিতাও পাইনি। সরকার সম্পর্কে আমাদের প্রশ্ন ছিল, সমালোচনা ছিল, কেননা তারা আওয়ামী লীগের বাইরে বিশেষ করে বামপন্থীদের যুদ্ধে অংশগ্রহণ প্রশ্নে অযৌক্তিক সংকীর্ণ নীতি গ্রহণ করেছিলেন। এই নীতি আমাদের হতাশ করেছিল। এজন্যেই আমরা নিজেদের উদ্যোগে লড়াই চালিয়েছিলাম।

স্বাধীনতাযুদ্ধকালে আমাদের সংগঠনের নীতি ছিল দুটিঃ

১। যেখানে সম্ভব বেংগল রেজিমেন্ট, ই পি আর এবং মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে গঠিত সরকারী মুক্তিবাহিনীতে যোগ দিয়ে তাদের নির্দেশ মান্য করে যুদ্ধে অংশগ্রহণ করা এবং (২) কোথাও তেমন বাহিনী না থাকলে, কিংবা দলীয় সংকীর্ণতার কারণে যোগদান সম্ভব না হলে আলাদাভাবে ' গেরিলা ফৌজ' গঠন করে যুদ্ধ পরিচালনা করা। উল্লেখ্য যে, আমাদের সংগঠনের নেতৃত্বাধীন বাহিনীর নাম ছিলো ' গেরিলা ফৌজ'। এর গঠন প্রণালী ছিল-পাঁচ থেকে সাতজন নিয়ে একটি গ্রুপ, কয়েকটি গ্রুপ নিয়ে একটি স্কোয়াড এবং কয়েকটি স্কোয়াড নিয়ে গঠিত হতো এক একটি আঞ্চলিক ইউনিট। এ ব্যাপারে আমাদের নির্দেশ ২৫ মার্চের জনসভাতেই ঘোষণা করা হয়েছিল।

দেশের প্রায় সকল অঞ্চলেই আমাদের কর্মীরা মুক্তিবাহিনীর সাথে একযোগে যুদ্ধে অংশগ্রহণ করে। সেটা সম্ভব না হওয়ায় বিশেষ কয়েকটি এলাকায় গেরিলা ফৌজ গঠন করতে হয়। এই এলাকাগুলি ছিল নিম্নরূপঃ

১। ঢাকা জেলার শিবপুর, মনোহরদী, রায়পুর ও কালিগঞ্জ নিয়ে গঠিত বিস্তীর্ণ অঞ্চলে মান্নান ভূঁইয়ার নেতৃত্বে গেরিলা ফৌজের সংখ্যা ছিল প্রায় দশ হাজার। এই এলাকায় যুদ্ধকালে অন্য কোন বাহিনী গঠিত হয়নি, এমনকি রাজাকার বা বদর বাহিনীও গঠিত হতে পারেনি। প্রসংগত, একটি দুঃখজনক ঘটনা ছিলঃ মাঝে মাঝে মিথ্যে রিপোর্টের ভিত্তিতে প্রবাসী সরকারের পক্ষ থেকে এখানে মুক্তি বা মুজিব বাহিনীকে পাঠানো হতো আমাদের যোদ্ধাদের নিরস্ত্র করার জন্য। প্রায় ক্ষেত্রেই উল্টোটি ঘটতো, কিংবা গেরিলা তৎপরতায় মুগ্ধ হয়ে আগত যোদ্ধারাও দলভুক্ত হয়ে যেতেন। এই এলাকায় আমাদের বিখ্যাত কমান্ডার ছিলেন পাকিস্তানের নৌবাহিনীর সাবেক সদস্য নেভল সিরাজ। উল্লেখ্য যে, যুদ্ধকালে এই এলাকাটি আমাদের সংগঠনের হেডকোয়ার্টার হিসেবে ব্যবহৃত হয়েছিল।

২। কুমিল্লা জেলার সদর দক্ষিণ অঞ্চল। এখানে গেরিলা ফৌজের সংখ্যা ছিল প্রায় পাঁচ হাজার।

৩। টাংগাইলে প্রথম দিকে গেরিলা নেতা কাদের সিদ্দিকীর সাথে ভুল বোঝাবুঝি হলেও পরে মতৈক্যের ভিত্তিতে আমাদের প্রায় পাঁচ হাজার যোদ্ধা অংশ নেন। কাদের সিদ্দিকী দলীয় সংকীর্ণতায় থাকায় অনেক ক্ষেত্রেই আমাদের কর্মীরা তার নেতৃত্বে অধিনায়কের দায়িত্ব পালন করেছেন।

৪। খুলনা জেলার সাতক্ষীরায় সৈয়দ কামেল বখতের নেতৃত্বে প্রায় ২ হাজার সদস্যের গেরিলা ফৌজ গড়ে ওঠে। এখানে যুদ্ধের একপর্যায়ে মুজিব বলে কথিত একদল লোকের হাতে বীরযোদ্ধা কামেল মৃত্যুবরণ করেন। এছাড়া বাগেরহাট সদর, বিষ্ণুপুর, রঘুনাথপুর প্রভৃতি এলাকায় গেরিলা ফৌজের সংখ্যা ছিল প্রায় ৩ হাজার। এই এলাকায় মুক্তিবাহিনীর সংখ্যা খুব কম ছিল।

৫। রাজশাহী জেলার আত্রাই অঞ্চলে আফতাব মোল্লার নেতৃত্বে প্রায় দু'হাজার সদস্যের গেরিলা ফৌজ গড়ে ওঠে। সেখানে আমাদের গেরিলারা স্থানীয় মুক্তিবাহিনীর সাথে সহযোগিতার ভিত্তিতে যুদ্ধ পরিচালনা করেন। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে অন্য এক বামপন্থী নেতা অহিদুর রহমানের সাথে তাদের সংঘাত হয়।

৬। ফরিদপুরের বোয়ালমারী এবং মাদারীপুরের একটি অঞ্চলে মিয়া সাদেকুর রহমানের নেতৃত্বে কয়েকশত সদস্যের গেরিলা ফৌজ গড়ে উঠেছিল।

৭। চট্টগ্রাম শহর ও রাইজান এলাকায় শামসুল আলমের নেতৃত্বে কয়েকশত সদস্যের গেরিলা ফৌজ গড়ে ওঠে। এখানে মুক্তিবাহিনী বা নিয়মিত সেনাবাহিনীর সাথে সম্পর্ক গড়ে তোলা যায়নি। এখানে আমাদের যোদ্ধারা প্রধানতঃ চট্টগ্রাম শহর এলাকায় গেরিলা তৎপরতা পরিচালনা করেছিলেন।

৮। নোয়াখালীর ফেনী অঞ্চলে গড়ে উঠেছিল কয়েকশত সদস্যের এক গেরিলা ফৌজ।

আগেই বলেছিঃ কেবল সেই সব অঞ্চলেই গেরিলা ফৌজ গঠিত হয়েছিল যেখানে সরকারী মুক্তিবাহিনী (বেংগল রেজিমেন্ট, ইপিআরসহ) ছিল না কিংবা থাকলেও সংকীর্ণতার কারণে আমাদের কর্মীরা ওতে যোগ দিতে পারেনি। দেশের অন্য সকল এলাকায় কর্মীরা মুক্তিবাহিনীতে যোগ দিয়ে অধিনায়কের নির্দেশে যুদ্ধ করেছেন-কোনো প্রকার দলীয় বিভেদাত্মক কার্যকলাপ তারা চালাননি। সেই প্রেক্ষিতে যুদ্ধশেষে হিসেব অনুযায়ী সারা দেশে যুদ্ধে অংশগ্রহণকারী আমাদের সংগঠনের কর্মীদের সংখ্যা সব মিলিয়ে ছিল প্রায় ত্রিশ হাজার। দেশের অভ্যন্তরে একমাত্র শিবপুর এলাকায় আমাদের নিজস্ব প্রশিক্ষণ শিবির ছিল। প্রশিক্ষণের ব্যাপারে যুদ্ধকালে যে ক'জন সামরিক অফিসার আমাদের সহযোগিতা করেছিলেন তাঁরা হলেনঃ মেজর জিয়াউর রহমান, মেজর আবুল মঞ্জুর, মেজর খালেদ মোশাররফ, মেজর এম এ জলিল। এরাঁ ছাড়াও মেজর হায়দার, ক্যাপ্টেন মাহবুব, ক্যাপ্টেন এনাম, ক্যাপ্টেন জিয়াউদ্দিন এবং ক্যাপ্টেন জাফর ইমামের নাম উল্লেখযোগ্য। এঁদের সহযোগিতা ছাড়া আমদের কর্মীদের পক্ষে যুদ্ধে অংশগ্রহণ কঠিন হয়ে পড়তো। প্রশিক্ষণের সাথে সাথে তাঁরা অস্ত্রের ব্যবস্থাও করতেন। মেজর জিয়ার জেড ফোর্সে আগস্টের দিক থেকে আমাদের প্রায় এক হাজার যোদ্ধা অংশ নিয়েছিলেন। এ ছাড়া যুদ্ধের শেষ দিকে আমরা দুটি প্রশিক্ষণ শিবির গড়ে তুলেছিলামঃ একটি কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম সংলগ্ন সীমান্তের ওপারে এবং অন্যটি কিশোরগঞ্জ সংলগ্ন সীমান্তবর্তী এলাকায়।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, যুদ্ধকালে জাতীয় মুক্তিসংগ্রাম সমন্বয় কমিটির পক্ষে সরাসরি নেতৃত্ব বা যোগাযোগ প্রতিষ্ঠা করা সম্ভব ছিল না, ফলে যেখানে কমিটির যে সংগঠন বেশী শক্তিশালী ছিল সেখানে অন্য সংগঠনের সদস্যরা তার অধীনে মিলিতভাবে যুদ্ধ করতো। সংগঠন হিসেবে আমাদের কমিউনিষ্ট বিপ্লবীদের সমন্বয় কমিটি নিজেদের মধ্যে মোটামুটি নিয়মিত যোগাযোগ রক্ষা করতে পারতো। যেখানে যোগাযোগ সম্ভব হয়নি সেখানে পূর্বঘোষিত নির্দেশানুযায়ী কর্মীরা যুদ্ধে অংশ নিয়েছিলেন। আমাদের পক্ষ থেকে যুদ্ধের কোনো পর্যায়েই সংকীর্ণতাকে প্রশ্রয় দেয়া হয়নি। জাতীয় স্বাধীনতা সংগ্রামের মূল স্রোতধারার সাথে আমরা মিশে

গিয়েছিলাম। মাও সে তুঙের চিন্তাধারা প্রেরণার অন্যতম উৎস হলেও যুদ্ধকালে গণচীনের ভূমিকার আমরা তীব্র সমালোচনা করেছিলাম। মার্কিন সাম্রাজ্যবাদ ছিল আমাদের ঘোষিত শত্রু সোভিয়েত ইউনিয়ন এবং বিশেষ করে ভারতের সাহায্যকে আমরা স্বাগত জানালেও সে প্রশ্নে আমাদের সন্দেহ ছিল, সংশয় ছিল। আমরা কোনো পর্যায়েই চাইনি যে ভারতের সেনাবাহিনী আমাদের যুদ্ধে সরাসরি অংশ নিক। ভারতের বিভিন্ন বামপন্থী সংগঠন বিশেষ করে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সহযোগিতা আমাদের উপকারে এসেছে। এই সাহায্য ছিল প্রধানত নৈতিক। অনেক সময় তাঁরা আমাদের আশ্রয় এবং খাওয়ার ব্যবস্থা করেছেন, বেশ কয়েকটি ক্ষেত্রে তাঁদের সাহায্যের ফলে শত্রুর হামলার কবল থেকে আমাদের জীবনও বেঁচে গেছে।

যুদ্ধ চলাকালে বেশ কয়েকবার আমার সাথে বাঙালী সামরিক অফিসারদের বিশেষ করে মেজর জিয়াউর রহমান, মেজর খালেদ মোশাররফ এবং মেজর আবুল মঞ্জুরের বিস্তারিত আলোচনা হয়েছিল। আলোচনাকালে আমি তাঁদের মধ্যে আওয়ামী লীগ নেতৃবৃন্দের একাংশের কার্যকলাপ সম্পর্কে বিক্ষোভ লক্ষ্য করেছি। মুজিব বাহিনী সম্পর্কে তাঁরা ছিলেন অত্যন্ত ক্ষুব্ধ। ভারতের সেনাবাহিনীর অযাচিত হস্তক্ষেপও তাদের ক্ষুব্ধ এবং নিরুৎসাহিত করতো বলে মনে হয়েছে। জুনের শেষে বা জুলাই-এর প্রথমদিকে একদিন জিয়া আমাকে সাথে নিয়ে জীপ চালিয়ে ধর্মনগর থেকে করিমগঞ্জ গিয়ে ফিরেছিলেন। চারশ' কিলোমিটার পথে প্রায় সাতে সাত ঘন্টাব্যাপী আলোচনাকালে তিনি বলেছিলেনঃ ভারত চায় না যে বাংলাদেশে গেরিলা যুদ্ধ প্রলম্বিত হোক এবং এজন্যই আমার মনে হয় ভারতের সেনাবহিনীর প্রত্যক্ষ হস্তক্ষেপ আমাদের স্বাধীনতা যুদ্ধের অবসান ঘটাবে। কারণ ভারত একটি ব্যাপারে ভীত-গেরিলা যুদ্ধ প্রলম্বিত হলে তার নেতৃত্ব আওয়ামী লীগের হাতে থাকবে না।

মেজর জিয়ার এই আশংকার সত্যতা সম্পর্কে আমি নিশ্চিত হই আগস্ট মাসে। এই সময় কলকাতার একটি হোটেলে আমার সাথে আলোচনা হয় মুজিব বাহিনীর দুই নেতা এবং আমার এককালীন বন্ধু ও রাজনৈতিক প্রতিপক্ষ শেখ ফজলুল হক মনি ও সিরাজুল আলম খানের। মুজিব বাহিনী গঠনের কারণ জিজ্ঞাসা করলে তাঁরা বলেছিলেনঃ আমরা নিশ্চিত নই যে মুজিব বেঁচে আছেন কিনা, কিংবা তিনি জীবিত অবস্থায় ফিরে আসবেন কিনা। যদি না আসেন তাহলে যে শূন্যতার সৃষ্টি হবে তার জন্যই মুজিব বাহিনী-যাতে (পরিহাসচ্ছলে) তোমরা কিংবা সামরিক বাহিনীর কোনো বাঙালী অফিসার সে শূন্যতার সুযোগ নিতে না পারে। তাঁদের বক্তব্যে বোঝা গিয়েছিলো যে তাঁরা বেংগল রেজিমেন্টের কোনো কোনো কমান্ডার সম্পর্কে যথেষ্ট সংশয় এবং আশংকায় আছেন।

ভারতসহ বিদেশে অবস্থানরত বাঙালী প্রগতিশীলরাও আমাদের নানাভাবে সাহায্য করেছিলেন। বিশেষ করে বৃটেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বাঙালীরা এ ব্যাপারে ছিলেন বিশিষ্ট ভূমিকায়।

কাজী জাফর আহমদ
মার্চ, ১৯৮৪।

ডঃ কামাল সিদ্দিকী

১৯৭০ সালের মাঝামাঝি আমি নড়াইলে এস, ডি, ও হিসেবে যোগদান করি। নড়াইলে আসার পর বিভিন্ন প্রশাসনিক কাজকর্মের মধ্যে ম্যাজিস্ট্রেট-এর দায়িত্ব পালন করা অন্যতম ছিল। এই দায়িত্ব পালন করতে গিয়ে পাকিস্তানী সেনাবহিনীর সাথে আমার সম্পর্ক খারাপ হয়ে পড়ে, যেহেতু রাজনৈতিক কর্মীদের আমি সবসময় জামিনে মুক্তি দিতাম। পাকিস্তান সেনাবাহিনী এটা চাইত না। এবং তাদের অনুরোধ বা উপরোধ উপেক্ষা করার ফলে তারা আমাকে শুভ নজরে দেখত না। ১৯৭০ সালের সময় আমি নড়াইলেই ছিলাম। এই নির্বাচনকে সৎ নির্বাচন বলা যায় এবং আওয়ামী লীগ সামগ্রিকভাবে সমস্ত আসনে জয়লাভ করেন। নির্বাচনে জয়লাভ হলেও পরিস্থিতি আমার কাছে ভাল ঠেকছিল না। মার্চের প্রথমদিকে আমি ঢাকায় আসি এবং সামগ্রিক

অবস্থা দেখে আমার এই ধারণা বদ্ধমূল হয় যে, পাকিস্তানীদের সাথে আওয়ামী লীগের আলোচনা ব্যর্থ হবে। আমার এ ধারণ একক ছিল না। অনেকেরই এরূপ ধারণা ছিল। ৮ই মার্চ আমি নড়াইলে ফিরে যাই। সেখানেও উত্তেজনা বিরাজ করছিল এবং বিভিন্ন মিছিল ও শোভাযাত্রার মাধ্যমে বাঙালীরা রাজপথে তাদের মনোভাব প্রকাশ করছিল।

১১ই মার্চ একটি ঘটনা ঘটে যায়, ফলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়। ঐ তারিখে আমি ক্যান্টনমেন্টে কোন কাজে গাড়ি নিয়ে যাই। আমার গাড়িতে কালো ফ্ল্যাগ ছিল। এই ফ্ল্যাগ দেখা মাত্র পাহারারত সৈনিক চীৎকার করে আমাকে নামতে বলে এবং গুলি করতে উদ্যত হয়। গাড়ি থামাবার পর সে আবার বলে কালো পতাকা নামাও। আমি উত্তর দিই যে, কিছুতেই আমি কালো পতাকা নামাবো না। সৈনিকটি তখন বলে কালো পতাকাসহ ক্যান্টনমেন্টে প্রবেশ করা চলবে না। আমি বলি, কালো পতাকা ছাড়া ক্যান্টনমেন্টে আমি ঢুকতে পারি না এবং সেখান থেকেই ফিরে আসি। এ ব্যাপারে আমি প্রেসে একটি বিবৃতি দিই। তোফায়েল আহমদও এই ঘটনার ওপর একটি বিবৃতি দিয়েছিলেন।

২৫শে মার্চ একটি জরুরী কাজে আমি খুলনায় অবস্থান করছিলাম। ২৫শের রাত্রির ঘটনার পর ২৬ তারিখে রূপসা নদী পার হয়ে আমি কালিয়ায় পৌঁছি। সেখানে একটি জনসমাবেশে আমি বক্তৃতা দিই এবং বলি যে যুদ্ধ শুরু হয়ে গেছে। আমাদের সবাইকে এখন লড়তে হবে। এখানে উল্লেখ্য যে, সরাসরি যুদ্ধে লিপ্ত হবার সিদ্ধান্ত ছিল পূর্বপরিকল্পিত। ১৪ই মার্চ ঝিনাইদহে আমরা কয়েকজন সরকারী কর্মচারী মিলিত হই। এর মধ্যে ছিলেন তৌফিক এলাহি চৌধুরী, শাহ ফরিদ, মাহবুব (পুলিশ) এবং অন্য কয়েকজন। এখানে আমরা শপথ নিই যে, প্রয়োজন হলে দেশের জন্য আমরা অস্ত্র ধারণ করবো। ২৭শে মার্চ নড়াইলে ফিরে এসে দেখি যে, অবস্থা বেশ খারাপ। নড়াইল কম-বেশী জনশূন্য এবং লোকেরা অত্যন্ত ভীত। আমি একটি মাইক নিয়ে শহরের রাস্তায় নেমে পড়ি। এবং ৪টায় একটি সমাবেশের আহবান করি। এই সমাবেশে আমি ঘোষণা করি, নড়াইল স্বাধীন বাংলাদেশের অংশ এবং দেশের স্বাধীনতা রক্ষা করা আমাদের পবিত্র কর্তব্য। যেহেতু রেডিওতে শুনেছিলাম জিয়াউর রহমান মুক্তিযুদ্ধে সামরিক নেতৃত্ব দান করছেন আমরাও সৈনিক হিসেবে তাঁর প্রতি আনুগত্য প্রকাশ করি। এই সভাতে কয়েকজন সংসদ সদস্য নিয়ে একটি যুদ্ধ পরিচালনা কাউন্সিল গঠিত হয়। কয়েকজন আনসার এবং সাধারণ মানুষদের নিয়ে সেনাবাহিনী গঠন করা হয়। মানুষের মাঝে যে কি বিপুল উৎসাহ এবং উদ্দীপনা ছিল তা বর্ণনা করা যায় না। নিম্নবর্ণের বেশ কিছু হিন্দু শুধুমাত্র তীর-ধনুক নিয়েই এই সেনাবাহিনীতে যোগদান করে। যশোর এবং মাগুরা থেকে লোকজন এসেও এই গণবাহিনীর সদস্য হয়।

২১শে মার্চ প্রায় চার লক্ষ লোকের এই বিশাল গণবাহিনী যশোর আক্রমণ করে। এই অভূতপূর্ব দৃশ্য পাকিস্তানীদের জন্য যথেষ্ট ছিল। তারা সহজেই বুঝেছিল যে, এই বিশাল জনস্রোতকে সামনাসামনি পরাস্ত করা সম্ভব নয়। এক কথায় তারা ভীতি ছড়িয়ে ছত্রভংগ হয়ে ক্যান্টনমেন্টে পালিয়ে যায়। বহু পাকিস্তানী সৈন্য আমাদের হাতে ধরা পড়ে। এখানে উল্লেখ্য যে, এরই মধ্যে তারা লুটতরাজ ও ধর্ষণে লিপ্ত হয়েছিল। বহু বিহারী পাকিস্তান সেনাবাহিনীর সাথে যোগ দিয়েছিল। তাদের অনেকেই আমাদের হাতে মৃত্যুবরণ করে।

নড়াইলে ফিরে এসে আমরা জনগণকে সংগঠিত করার ভূমিকা গ্রহণ করি। সবাই এগিয়ে এসেছিল যার যা ছিল তা নিয়ে। খাদ্যদ্রব্যের প্রশ্ন তো বাদই দিলাম। জনগণের মধ্যে তখন একটাই ইচ্ছা ছিল এবং সেটি হচ্ছে মার্চ করে আক্রমণ করা।

কিন্তু পাকিস্তানী সেনাবাহিনীকে এত সহজেই হার মানানো সম্ভব নয়। তারা বিশাল কামান দিয়ে নড়াইলের ওপরে আক্রমণ চালায় এবং আমাদের প্রচুর ক্ষয়ক্ষতি হয়। প্রায় তিনশত আনসার কামানের গুলিতে মারা যায়। এছাড়া বিমান বাহিনী প্রায় সারাক্ষণ নড়াইলের ওপর গুলিবর্ষণ করতে থাকে। আমি অন্যদের সঙ্গে সামগ্রিক অবস্থা বিশ্লেষণ করি। এবং সিদ্ধান্ত নিই যে, আমাদের যুদ্ধবন্দীদের বিচার করা হবে। তাদের বিরুদ্ধে বিভিন্ন

অভিযোগ শোনা হয় এবং সাক্ষ্য গ্রহণ করা হয়। বিচারে তাদের মৃত্যুদণ্ড দেয়া হয় এবং কয়েকশত বন্দীকে গুলি করে এই দণ্ড কার্যকর করা হয়।

আমরা পাকিস্তানী প্রশাসনযন্ত্রকে বিকল করে দিয়েছি, জনগণের মধ্যে দেশপ্রেম এবং যুদ্ধের মনোভাব সৃষ্টি করতে সক্ষম হয়েছি এবং এর ফলে আমার কাছে প্রতীয়মান হয় যে, বিদ্রোহের প্রথম স্তর সম্পূর্ণ হয়েছে, এখন জনগণের মধ্যে যুদ্ধ ছড়িয়ে দেয়ার কাজ। আমি সরকারী কর্মচারীদের ছয় মাসের বেতন দিয়ে বলি যে, অফিসে তারা যেন আর ফিরে না আসে। সক্ষম যোদ্ধাদের বলি সীমান্তের দিকে চলে যেতে যেহেতু নড়াইলকে আর রক্ষা করা সম্ভব হচ্ছে না। এরপর আমি নড়াইল ত্যাগ করি। আমার ইচ্ছা ছিল বাবা-মার সাথে শেষবারের জন্য একবার দেখা করা এবং সে উদ্দেশ্যেই আমি এপ্রিল মাসের ৭/৮ তারিখে ঢাকায় আসি। ঢাকায় আমাদের বাসার দিকে যখন রওয়ানা হচ্ছি তখনই আমার একজন পরিচিত লোকের সাথে দেখা হয়। তিনি আমাকে জানান যে, নড়াইলের সব ঘটনার খবরই ঢাকায় এসে পৌঁছে গেছে। সেনাবাহিনী জানে আমি বহু পাকিস্তানী হত্যা করেছি। যদি বাসায় যাই, আমাকে তো ধরে হত্যা করা হবেই, বাবা-মাও আর বাঁচবে না। একথা শোনার পর আমি স্কুটার নিয়ে নয়ারহাটের উদ্দেশ্যে রওয়ানা হই এবং রাজবাড়ী হয়ে চুয়াডাঙ্গার দিকে যেতে থাকি। পথের মধ্যে লক্ষ্য করি সব জায়গাতেই বিহারীরা অত্যন্ত তৎপর। চুয়াডাঙ্গার উদ্দেশ্যে যখন নৌকা করে যাচ্ছি তখন একটি বিমান এসে নৌকার ওপর গুলি ছোড়ে। আমি পানিতে লাফ দিয়ে জীবন রক্ষা করি এবং শেষে কলকাতায় পৌঁছি।

কলকাতায় গিয়ে কীড স্ট্রীটে সমবেত হই। এখানে বহু এমপির সাথে দেখা হয় এবং ১৭ই এপ্রিলের স্বাধীনতার আনুষ্ঠানিক ঘোষণার কথাও জানতে পারি। এর পরে পাকিস্তানী দূতাবাসের জনাব হোসেন আলী এবং আনোয়ার করিম চৌধুরীর সাথে দেখা করি এবং সমস্ত ঘটনার বর্ণনা দিই। তাদের বক্তব্যও আমি শুনি। তবে আমার মনে হচ্ছিল যে, কলকাতায় আমার অবস্থানের কোন প্রয়োজন নেই, এবং আমি তখন খুলনা সীমান্তের গজাডাংগা ক্যাম্পে যোগদান করি। এই ক্যাম্পের প্রধান ছিলেন ক্যাপ্টেন সালাহউদ্দিন।

মে এবং জুন মাস ট্রেনিং এবং ছোটখাটো অপারেশন পরিচালনার মধ্যে কাটে। জুন মাসের শেষে জেনারেল ওসমানী এই ক্যাম্প পরিদর্শনে আসেন এবং আমার খোঁজ করেন। তিনি আমাকে বলেন যে, মুজিব নগর সচিবালয়ে আমার প্রয়োজন রয়েছে। তাঁর এই সিদ্ধান্তে আমার প্রবল আপত্তি থাকা সত্ত্বেও করার কিছু ছিল না। কারণ তিনি ছিলেন সর্বাধিনায়ক। আমি কলকাতায় ফিরে আসি এবং প্রধানমন্ত্রীর সাথে দেখা করি। তিনি আমাকে সাধারণ প্রশাসন বিভাগের সচিব জনাব নূরুল কাদের খানের সংগে দেখা করতে বলেন। তিনি আমাকে পররাষ্ট্র মন্ত্রীর ব্যক্তিগত সচিব যোগদান করতে আদেশ দেন।

পররাষ্ট্র মন্ত্রী জনাব খন্দকার মোশতাকের সাথে এর পূর্বে আমার কোন আলাপ ছিল না। যাই হোক তাঁর সঙ্গে আমি কাজ করতে শুরু করি। আমার প্রধান কাজ ছিল বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশের কূটনীতিকদের সঙ্গে যোগাযোগ রক্ষা করা। এছাড়া যারা বাংলাদেশের পক্ষে আনুগত্য প্রকাশ করতে চাইতেন তাঁদের সঙ্গে সরকারের যোগাযোগ করিয়ে দেয়া এবং বিভিন্ন আদেশ পৌঁছিয়ে দেয়া। পররাষ্ট্র মন্ত্রীর সাথে যে সকল আন্তর্জাতিক ব্যক্তিত্ব দেখা করতে আসতেন তাঁদের সাক্ষাৎকারের ব্যবস্থা করে দেয়াও আমার কাজের অংশ ছিল। যেহেতু খন্দকার মোশতাক সংসদ বিষয়ক মন্ত্রীও ছিলেন সেহেতু সংসদ সদস্যদের বেতন প্রদানের ব্যবস্থা করা এবং বিভিন্ন সংসদীয় উপদল এবং গোষ্ঠীর সঙ্গে যোগাযোগ রক্ষা করাও আমার দায়িত্বের মধ্যেই এসে পড়ে। সেপ্টেম্বর ও অক্টোবরের দিকে খন্দকার মোশতাক মুজিব নগর সরকারের ভেতর কোণঠাসা হয়ে পরেন। তাঁর বিরুদ্ধে বিভিন্ন মহল থেকে অভিযোগ ছিল যে, তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে গোপনে যোগাযোগ রক্ষা করছিলেন। অতএব, যদিও জাতিসংঘ প্রেরিত প্রতিনিধিদলে তাঁর নেতৃত্ব করার কথা ছিল কিন্তু তাঁকে বাদ দেয়া হয় এবং তাঁর স্থলে দলের প্রধান হিসেবে বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে নিয়োগ করা হয়।

পরবর্তীকালে খন্দকার মোশতাকের ভূমিকা একেবারেই গৌণ হয়ে পড়ে। তিনি মুজিব নগর মন্ত্রী পরিষদের সদস্য হিসেবে বহাল থাকলেও সিদ্ধান্ত গ্রহণকারী মহলে তাঁর প্রভাব একেবারেই ছিল না। যখন থেকে এই অভিযোগ সবার মধ্যে প্রচারিত হলো যে, তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে সরকারের অনুমতি ছাড়া যোগাযোগ করেছেন তখন তিনি প্রায় গৃহবন্দী ছিলেন। একবার তিনি গঙ্গার পারে সান্ধ্য ভ্রমণের অনুমতি চেয়েছিলেন কিন্তু ভারতীয় কর্তৃপক্ষ তা নাকচ করে দেন।

সংসদ সদস্যদের ব্যাপারে আমার প্রশাসনিক দায়িত্ব ছিল এবং সেই সূত্রে আমি জুলাই মাসে বাগডোগরায় বাংলাদেশের সংসদ সদস্যদের সভায় উপস্থিত ছিলাম। সেখানে যে অবস্থার সৃষ্টি হয় তা দেখে বিচলিত হওয়া ছাড়া উপায় ছিল না। সদস্যরা নানাদলে-উপদলে বিভক্ত ছিলেন এবং মুক্তিযুদ্ধের প্রতি সবার মনোভাব সমানভাবে সুদৃঢ় ছিল না। এমনকি অনেক সংসদ সদস্য ও নেতারা পাকিস্তানে ফিরে গিয়ে আপোষ করার পক্ষেও মত প্রদান করেন। এইসব দেখে আমার মনে হচ্ছিল যে, এরা মুক্তিযুদ্ধ পরিচালনা করতে গিয়ে হয়তো বা সবকিছু ভন্ডুল করে ফেলতে পারেন। একক উদ্দেশ্যে সবাই কাজ করছিলেন না। পরবর্তীকালে অবশ্য ভারতীয় রণনীতির পাশে এইসব প্রশ্নের আপেক্ষিক গুরুত্ব কমে আসে।

বামপন্থী রাজনৈতিক সংগঠন ও ব্যক্তিদের প্রতি আওয়ামী লীগের মনোভাব বৈরী ছিল। নীতি হিসেবে নয় কিন্তু বহু আওয়ামী লীগ নেতা এদের বিরোধিতা করতেন। যেমন শিবপুর এলাকায় বামপন্থী নেতা মান্নান ভূঁইয়া একটি মুক্ত অঞ্চল গড়ে তোলেন। এটি অনেক আওয়ামী লীগের লোকজন সহ্য করতে পারতেন না। এমনকি অবস্থা এক পর্যায়ে এতই খারাপ হয়েছিল যে, বহু সদস্য সরকারের কাছে দাবী তোলেন যে, মান্নান ভূঁইয়াকে হত্যা করা হোক এবং তাঁর সংগঠন ধ্বংস করে দেয়া হোক। অন্য একটি ঘটনা যেটা এখানে উল্লেখ করা যায় সেটি হচ্ছে, কিছু সংসদ সদস্যের মাধ্যমে ইসরাইলের অনুপ্রবেশের চেষ্টা। ইসরাইল সরকার ভারতীয় ডানপন্থী রাজনীতিকদের সঙ্গে যোগাযোগ করেন। তাঁরা আবার বাংলাদেশের কিছু সংসদ সদস্যের মাধ্যমে ইসরাইলী সাহয্যের প্রস্তাব নিয়ে আসেন। ব্যাপারটা আমার কাছে খুবই খারাপ ঠেকে এবং আমি সরকারী কর্মচারীর দায়িত্ব বহির্ভূত একটি কাজ করি। আমি তথ্যটি সিপিএম-এর পত্রিকায় জানিয়ে দিই এবং খবরটি এ পত্রিকায় প্রকাশিত হয়। এর ফলে ইসরাইলী লবীর তৎপরতা বন্ধ হয়ে যায়।

কলকাতায় মাওলানা ভাসানীর সংগেও আমার দেখা হয়। তাঁর অবস্থা মোটেই ভালো ছিল না। তাঁর দেখাশুনা করার জন্য কেউ কোন ব্যবস্থা গ্রহণ করেননি। সেপ্টেম্বর মাসের দিকে তিনি কলকাতায় ছিলেন এক প্রকার বন্দীর মত। আমি নিজে থেকেই তাঁর কাপড়-চোপড়ের ব্যবস্থা করি। একটি ব্যাপার বেশ মনে পড়ে। তিনি এসবের মধ্যেও তাল টুপির জন্য আগ্রহ প্রকাশ করেন। আমি সারা কলকাতা খুঁজে তাঁর জন্য এই টুপি সংগ্রহ করি।

এছাড়া মওলানা ভাসানীর বিভিন্ন বক্তব্য আমি মানুষের কাছে পৌঁছে দিতাম এবং অনেক ক্ষেত্রে তাঁর কাছে খবর নিয়ে যেতাম। যথা-উপদেষ্টা পরিয়দের সদস্য হওয়ার অনুরোধ খন্দকার মোশতাকের পক্ষ থেকে আমি বহন করি। খন্দকার মোশতাক অবশ্য চেয়েছিলেন যে, মওলানা ভাসানী যদি এই পরিষদের সদস্য হন, তবে তাঁর নিজস্ব মতামত ভারতবিরোধী জাতীয়তাবাদ, আরো শক্তিশালী হবে। সে সময়ে অবশ্য খন্দকার মোশতাকের অবস্থা অত্যন্ত নাজুক হয়ে পড়েছিল।

ডিসেম্বর মাসে যুদ্ধ শুরু হওয়ার পর সব জল্পনা-কল্পনা এবং কোন্দলের সমাপ্তি ঘটে। ১৬ তারিখ দেশ স্বাধীন হয় এবং ১৮ তারিখ খুলনায় ডি, সি, হিসেবে যোগদান করি।

ডঃ কামাল সিদ্দিকী
মার্চ, ১৯৮৪।

ডঃ কামাল হোসেন

Loss of men and territory in the 1965, with no gain to show for it, had already brought down Ayub's stock with the Punjabi army, since sizeable chunks of inhabited areas lost, as well as men, were Punjabi. The Tashkent Declaration through which Ayub attempted to salvage the situation and obtain restoration of territories, instead of retrieving his own position, did further damage to in since to the Punjabis, the Tashkent Declaration was presented as a 'sell out' a measure of appeasement towards India conceded under Soviet pressure. Bhutto, who by many, and indeed his own accounts, had been one of the men responsible for pushing Ayub into the unfortunate war, not only 'managed to escape from public censure for such a role, but also began to identify himself with the anti Tashkent sentiment and to dissociate himself from it. The old Punjabi Politicians, who had been sitting is out in the wings since 1958 saw in this situation an opportunity to align themselves with a discontented army, together to undermine Ayub.

In the Easter wing, the Bengalis had reacted entirely differently to the war. They had experienced a sense of total isolation, and felt 'exposed' and undefended. It was little consolation to be told by Bhutto that the eastern wings security had been left to assurances extended by the friendly Chinese. The Tashkent Declaration was therefore widely welcomed by almost all sections of the people in the East.

The Punjabi politicians became active in early 1966, seeking to rally opposition forces behind a demand for political concessions from Ayub and the formation of a 'national government' They realised that pressure on Ayub would be truly effective if the Bengalis could be associated with this demand. Their keenness to involve Sheikh Mujib was recounted by Manik Mia (Tafazzal Hussain), the influential editor of the largest circulation Bengali daily Ittefaq. He had attended a meeting of Punjab opposition leaders in Lahore in early 1966. The assembled Punjabi leaders had urged a common opposition front to be formed against Ayub and assured that they were 'confident' that the army would not stand in their way, giving the impression that the spoke on the basis of contacts with the army. they wanted Manik Mia to persuade Sheikh Mujib to join this front. But Manik Mia knew that the question which would be put to him in Dacca was whether a change from Ayub to a central government consisting of another set of Punjabi leaders could redress the accumulated injustices suffered by the Bengalis. He therefore pointedly asked whether those present would agree to proposals for transfer of the capital, or one of the services headquarters to East Bengal or to replace parity on representation with representation on the basis of population. To this question the reply offered was. "Let us wrest away power from Ayub, and then we will see how to see about distributing it among ourselves."

The Bengalis had not forgotten that these politicians had in their day, in the first decade of Pakistan systematically discriminated Against the Bengalis. 'One-Unit' and 'Parity' had been their brain-child. There was, therefore, some skepticism about the advantage to East Bengal of forming a common front of the kind proposed. Such a front could have some appeal for Bengalis if certain specific prior commitments were made to

the Bengalis on the question of province-centre relationships, or in other words, on the question of regional autonomy which the Bengalis demanded.

Soon after Manik Mia's return, Ayub came to Dacca at the end of January. He invited the Bengali opposition leaders to meet him. Among the leaders who were invited apart from Sheikh Mujib, then president of the Awami league, were a number of the 'old guard' leaders, Nurul Amin Yosuf Ali Chowdhury, Hamidul Huq Chowdhury and others. In informal consolations prior to a meeting Ayub, Sheikh Mujib decided to press the other Bengali leaders to agree to a common charter of demands to present to Ayub. He further pressed that in this carter there should be included a number of specific points defining the quantum of autonomy which the Bengalis considered to be essential for securing their interest. This was the occasion on which a number of specific points were put down on paper. Tajuddin Ahmed who was then the General Secretary of the Party, put these points down on paper. Sheikh Mujib pressed Nurul Amin to commit himself to them. Nurul Amin And the older leaders baulked at putting forward what they regarded as too radical a demand for a degree of autonomy which would be a 'red rag' to Ayub. This according to them, would reduce the chances of Ayub conceding to more 'moderate' demands such as 'democratisation of the Constitution', through introduction of direct elections on the basis of universal adult franchise, parliamentary form of Government and association of opposition elements in 'national government' Sheikh Mujib was firm and stated that if they were not going to commit themselves to those points-the precursor of the six points- he would present these himself. The meeting itself with Ayub ended in fiasco, since Hamidul Huq Chowdhury, who claimed to lead off as the spokesmen on behalf of the Bengali leaders was quickly disowned by Sheikh Mujib. Ayub left without any serious discussion taking place.

The Punjabi opposition leaders convened a national conference of opposition leaders in Lahore on 3 February Sheikh Mujib was among the Bengali leaders who were invited to attend Manik Mia pressed him to attend, for it was realised on all sides that his absence would mean that the most effective opposition force in the East was not represented at the conference. Manik Mia continued to urge moderation and attempted to persuade Sheikh Mujib not to press the specific point on autonomy. Sheikh however, remained determined to press these point.

At the Lahore conference when Sheikh attempted to present his 'six point' programme, Chowdhury Mohammed Ali, who was in the chair ruled it out of order. He would not even allow it to be included in the agenda. It was loudly whispered that the 'six point' programme was something which was being introduced with the 'encouragement' of the Government to divide the opposition leaders and to prevent opposition unity.

Sheikh Mujib upon being denied the opportunity to present his proposals to the conference, walked out and released the text of this statement to the press. The assembled opposition leaders were furious but realized that the Bengalis as represented by Sheikh , would not go along with them in the absence of a prior commitment on the quantum of autonomy. The Lahore meeting, therefore, broke up with a clear division

কাদের সিদ্দিকীর জন্য কিছু (উচ্চমানের) অস্ত্রশস্ত্র পাঠানোর ব্যাপারে আমি ভারতীয় উক্ত সেক্টরের বিগ্রেডিয়ার সাচ্চু সিংহের সঙ্গে দেনদরবার করি। এই খবর পাক বাহিনী পায়। ফলে আমার স্ত্রী-পুত্র-পরিবারকে বন্দী করে তাদেরকে কঠোর ইন্টারগেশন করে। অবশ্য অন্য কোন অত্যাচার না করে তাদেরকে ছেড়ে দেয়া হয়। আমি এই খবর ভারতে থেকে পাই। আরো জানতে পারি যে পাক সেনারা আমার পালক পুত্র (কলেজের ছাত্র) সোহরাব হোসেনকে বন্দী করে টাঙ্গাইল জেলে রেখেছে।

মুক্তিযুদ্ধের দীর্ঘ আট মাসে মাইনকার চর, মহেন্দ্রগঞ্জ ও ডালুতে ঘুরে ঘুরে বেঙ্গল রেজিমেন্ট, ইপিআর ও মুক্তিবাহিনীর ছেলেদের সামনে বক্তৃতা করে উদ্বুদ্ধ করতাম। তারা বজ্রশপথে মাতৃভূমি উদ্ধারকল্পে বাংলাদেশে ঢুকতো। নাটিয়াপাড়া, বাঐখোলা, পাটখাগুড়ি, বাসাইল, হাতিবান্ধা ও মিরিকপুরে ১২ জন নিহত হয়। এদের সবাইকে গুলি করে হত্যা করা হয়। গণহত্যার স্থান ছিল মিরিকপুর, বাসাইল। আমার পালিত পুত্রের বাবা খন্দকার শামসুর রহমানকে শুধু আমারই পালক পুত্রের বাবা হওয়ার অপরাধে ধরে এনে টাঙ্গাইল সার্কিট হাউসের সামনে নৃশংসভাবে জবাই করে হত্যা করা হয়।

৩রা এপ্রিল (যেদিন পাক বাহিনী টাঙ্গাইলে প্রথম ঢোকে) নাটিয়াপাড়াতে পাক বাহিনীর সঙ্গে মুক্তিবাহিনীর কাদের সিদ্দিকীর নেতৃত্বে তুমুল যুদ্ধ হয়। নাটিয়াপাড়া বাজার ও আশেপাশের বাড়িঘর পাক বাহিনী পুড়িয়ে দেয়। আমার স্ত্রী বেগম রিজিয়া খালিদ পাক বাহিনীর হাতে থেকে মুক্তি পাওয়ার পর লজ্জায় অপমানে অসুস্থ হয়ে পড়েন। পরে চিকিৎসার জন্য তিনি ছদ্মনামে ঢাকা হলিফ্যামিলি হাসপাতালে ভর্তি হন। আমার প্রাক্তন ছাত্র (ডাঃ আবদুর রহমান) উক্ত হাসপাতালের ডাক্তার আমার স্ত্রীকে বাঁচানোর জন্য অনেক চেষ্টা করেও রক্ষা করতে পারেননি। ৩রা ডিসেম্বর ১৯৭১ সাল শুক্রবার সকাল ন'টায় তিনি প্রাণত্যাগ করেন। মারা যাওয়ার প্রাক্কালে প্রকাশ পেয়ে যায় যে তিনি আমারই স্ত্রী এবং যখন তার লাশ টাঙ্গাইলে নেয়ার জন্য অনুমতি চাওয়া হয়, পাক বাহিনীর কাছে তা অগ্রাহ্য হয়। ফলে একদিন পর ৪ঠা ডিসেম্বর আজিমপুর গোরস্থানে তাকে দাফন করা হয়। সে সময় ঢাকায় ভীষণভাবে বোমাবর্ষিত হচ্ছিল। আমার স্ত্রীর এই অকালমৃত্যুর খবর আমি ঘাটাইলে পাই ১৩ই ডিসেম্বর, সর্বপ্রথম যখন আমি ভারত থেকে টাঙ্গাইলের দিকে আসছিলাম। কাদের সিদ্দিকীর উপস্থিতিতে ১৮ই ডিসেম্বর ঢাকার পল্টন ময়দানে সর্বপ্রথম যে জনসভা হয় সেই সভায় আমি কোরান তেলাওয়াত করি এবং মর্মস্পর্শী বক্তৃতা দিই। এটি ছিল স্বাধীন বাংলাদেশের মাটিতে প্রথম জনসভা। এই সভায় বঙ্গবন্ধুর মুক্তির জন্য আমি মোনাজাত পরিচালনা করি তাতে সমস্ত জনসভা যেন কান্নার রোলে ফেটে পড়ে।

অধ্যক্ষ
এমসিএ (সাবেক এম এন এ)
টাঙ্গাইল

মোহাম্মদ রহমতউল্লাহ

বাংলাদেশের অন্যান্য অঞ্চলের মতো নওগাঁতেও স্বাধীনতা আন্দোলনের জোয়ার পুরোমাত্রায় এসেছিল। বিভিন্ন রাজনৈতিক দলের স্থানীয় শাখাসমূহ তাদের নিজ নিজ কেন্দ্রীয় সংগঠনের। নির্দেশ অনুযায়ী কর্মকান্ড চালিয়ে যাচ্ছিলেন। এ সংগ্রাম ছিল সত্যিকার অর্থেই জনতার সংগ্রাম। অন্যান্য এলাকার মত নওগাঁবাসীদের অবদানও এতে কোন অংশেই কম ছিল না। ২৬ শে মার্চের আগেই নওগাঁর বুকেও স্বাধীনতার প্রতীক বাংলাদেশের পতাকা নওগাঁবাসীরা উড়িয়েছিল।

একাত্তরের ২৫শে মার্চের নিষ্ঠুর ও ভয়াবহ ঘটনাবলীর খবর ঘটনার দু'একদিনের মধ্যেই টুকরো টুকরোভাবে বিভিন্ন সূত্রে নওগাঁতেও এসে পৌঁছেছিল। অনেকের মত আমারও কোন সন্দেহ ছিল না যে ঐ ঘটনা আমাদেরকে এক রক্তক্ষয়ী স্বাধীনতা সংগ্রামের পথে ঠেলে দিয়েছে।

ঢাকা শত্রুকবলিত হওয়ায় ঢাকার সংবাদপত্রগুলো আর ''আমাদের ছিল'' না; ওগুলো দখলদার পাকিস্তানী বাহিনীর প্রচারপত্রে পরিণত হয়েছিল। স্বাধীনতা সংগ্রামের স্বপক্ষে প্রচারণা চালাবার জন্য আমাদেরও পত্রপত্রিকার প্রয়োজন রয়েছে মনে করেই বিভিন্ন প্রতিকূল পরিবেশেও রাজশাহী জেলার নওগাঁ মহকুমা শহরের হোটেল পট্টির পাশে কাজীপাড়ার ছোট একটি হস্তচালিত প্রেস থেকে ১৯৭১-এর ৩০শে মার্চ তারিখে ক্ষুদ্রাকৃতি এক পাতার দৈনিক ''জয় বাংলা'' বের করি। বাংলার আবালবৃদ্ধবনিতার কণ্ঠে ধ্বনিত''জয় বাংলা'' কথাটি

আমাদের জাতীয় শ্লোগানে পরিণত হয়েছিল বলে আমার পত্রিকার নামটিও ''জয় বাংলা'' রাখি। মুক্তিযুদ্ধের একটি মুখপত্রের জন্য এর চেয়ে কোন যোগ্য নাম আমার মনে আসেনি।

মুক্তি সংগ্রামের স্বপক্ষে এবং সুনিয়ন্ত্রিত এক সুনিয়ন্ত্রিত করার জন্য বিভিন্ন বিষয়ে 'জয় বাংলা'য় লেখা হত। নানা রকম পরিস্থিতিতে জনগণের কি করণীয় সে সম্পর্কেও মতামত ব্যক্ত করা হত। নিজেদের দোষ ত্রুটি এবং সকল প্রকার অনাচারের প্রতিও জোরালোভাবে পাঠক-পাঠিকাদের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করা হয়েছে। এছাড়া মুক্তিযোদ্ধাদের বীরত্বপূর্ণ কার্যাবলীর রিপোর্ট সংগ্রহ ও প্রকাশের মাধ্যমে তাদের উৎসাহিত করা হয়েছে। এটি আমার একক প্রচেষ্টা ছিল। লেখা, রিপোর্ট সংগ্রহ, প্রুফ দেখা থেকে শুরু করে বিভিন্ন জায়গায় বিতরণের ব্যবস্থাও আমিই করতাম। সম্পাদকীয় মন্তব্য ও বিভিন্ন রিপোর্ট আমি সাধারণতঃ রাতে এবং খুব ভোরে লিখতাম। তারপর প্রায় সারাদিন ধরে প্রেসে বসে হাত-কম্পোজ শেষে প্রুফ দেখে ছাপা হবার পর বিকেলে পত্রিকার বাণ্ডিল নিয়ে প্রেস থেকে বের হতাম। মুসলিম লীগের সাবেক এম,পি,এ, জনাব কাজী শাহ মাহমুদের মালিকানাধীন প্রেসের জন্য কোন বিপদ না আসে সে কারণে কাজী সাহেবের অনুরোধে পত্রিকায় প্রেসের নাম ছাপা হত না। প্রেসের ম্যানেজার ও কম্পোজিটর যথেষ্ট উৎসাহ নিয়ে কাজ করতেন।

২৬শে মার্চ থেকেই আমরা নিজেদেরকে স্বাধীন হিসেবে গণ্য করছিলাম। তখনও আনুষ্ঠানিকভাবে আমাদের কোন সরকার গঠিত না হলেও এক গোপন সরকারের অস্তিত্ব স্বীকার করে সংগ্রাম পরিষদগুলোকে স্বাধীন বাংলা সরকারের প্রতিনিধি হিসেবে গণ্য করার জন্য ''জয় বাংলা''র প্রথম সংখ্যাতেই মত প্রকাশ করা হয়।

যেহেতু মুক্তিযুদ্ধের প্রথম পর্যায়ে বাংলাদেশের মুক্তাঞ্চল থেকে মুদ্রিত ও প্রকাশিত অপর কোন দৈনিক পত্রিকার অস্তিত্বের কথা আমাদের জানা ছিল না (পরে প্রমানিত হয়েছে ঐ সময়ে সত্যি সত্যি আর কোন 'দৈনিক' পত্রিকা ছিল না) বলে ''জয় বাংলা''র নামের ওপরে ''স্বাধীন বাংলার একমাত্র মুখপত্র'' কথা কয়টি ছাপা হত।

''জয় বাংলা'' প্রথম থেকেই কিছু নীতিমালা অনুসরণ করে চলেছে। কোন কোন স্বার্থান্বেষী মহলের হুমকি, এমনকি সম্পাদকের ব্যক্তিগত নিরাপত্তার প্রতি হুমকিও তোয়াক্কা না করে স্বাধীন ও নিরপেক্ষভাবে নানা প্রকার গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত ব্যক্ত করা এবং সকল প্রকার অনাচারের বিরুদ্ধে কঠোরভাবে প্রতিবাদ জানানো হয়েছে।

৫ই এপ্রিল রাতে আমি রাইফেল বাহিনীর গোলা বারুদের জীপে চড়ে বগুড়া যাই। বগুড়া এলাকার মুক্তিযোদ্ধাদের সঙ্গে যোগাযোগ ও মুক্তাঞ্চল সফর শেষে ৭ই এপ্রিল সন্ধ্যায় নওগাঁ ফিরে আসি। এ কারণে ৬ই ও ৭ই এপ্রিল দু'দিন ''জয় বাংলা'' প্রকাশিত হয়নি। ৮ই এপ্রিল বগুড়ার মুক্তিযোদ্ধাদের তৎপরতার এবং বীরত্বপূর্ণ কার্যকলাপের ওপর ভিত্তি করে ৮ম সংখ্যাটি প্রকাশিত হয়। এ সফরকালে আমি বগুড়ার তৎকালীন ডিসি এবং এসডিও সাহেবের সঙ্গে সাক্ষাৎ করে তাদেরকে বাংলাদেশ সরকারের পক্ষে বগুড়ায় আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণের দায়িত্ব গ্রহণের অনুরোধ জানাই।

এ বিশেষ সংখ্যায় হানাদার বাহিনীর হাত থেকে বগুড়া শহর রক্ষা এবং মুক্তিবাহিনী কর্তৃক আড়িয়ার বাজারে অবস্থিত পাক সেনাবাহিনী গোলা বারুদের ডিপো দখলের বিস্তারিত বিবরণ ছাপা হয়। এছাড়া মুক্তাঞ্চলের টেলিফোন এক্সচেঞ্জগুলোর কর্মীদের সহায়তায় যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠা এবং বেসামরিক কর্তৃপক্ষকে শান্তিশৃংখলা রক্ষার দায়িত্ব প্রদানের কথাও লেখা হয়।

'জয় বাংলা'র ১১শ এবং শেষ সংখ্যাটি প্রকাশিত হয় ১১ই এপ্রিল, ১৯৭১। এ সংখ্যায় যুদ্ধের খবরাখবর সংগ্রহের জন্য জবাসস (জয় বাংলা সংবাদ সংস্থা) গঠনের কথা ঘোষণা করা হয়। বিভিন্ন সূত্রে যেসব খবর পাচ্ছিলাম সেগুলো একটি সংগঠনের মাধ্যমে প্রচার করার উদ্দেশ্যেই এটি আমি গ্রহণ করি। আমাদের কোন নিজস্ব সংবাদ সংস্থা ছিল না এবং কেউ সে রকম কোন উদ্যোগ না নেয়ায় সীমিত সামর্থ্য নিয়েই 'জবাসস' গঠন করি। মুক্তাঞ্চলের কিছু টেলিফোন এক্সচেঞ্জের মাধ্যমে খবরাখবর সংগ্রহের চেষ্টা করা হয়। এ কাজে জনাব সলিম মণ্ডল, পাঁচবিবি এক্সচেঞ্জের শ্রী উপেন্দ্রনাথ ঘোষ ও আরও অনেকে বগুড়া সাকিংট হাউজস্থিত মুক্তিযোদ্ধা

কন্ট্রোল রুমের রিটায়ার্ড সুবেদার দবিরউদ্দিন (ওস্তাদজী) ও হাবিলদার এমদাদুল হক ওরফে তোতাও এ ব্যাপারে সহায়তা করেন। এছাড়া রাইফেল বাহিনীর স্থানীয় কমান্ডার মেজর নাজমুল হকও এ বিষয়ে সহযোগিতা করেন।

দেশের অন্যান্য সীমান্তের মত নওগাঁ সীমান্তেও তখন উন্মুক্ত ছিল। কলকাতার বিভিন্ন পত্রপত্রিকারও দু'এক কপি সীমান্ত পথে আমাদের হাতে আসতে শুরু করেছিল। 'জয় বাংলা'র ১১শ সংখ্যায় 'জবাসস' সংগৃহীত এবং এসব পত্র পত্রিকা থেকে উদ্বৃত হয়ে কিছু সংবাদ ছাপানো হয়। অমৃতবাজার পত্রিকার ৯ই এপ্রিল তারিখের সংবাদে জানতে পারি যে, ২৫শে মার্চ রাতে ঢাকার 'দৈনিক ইত্তেফাক', 'সংবাদ' ও 'দি পিপল'-এর কার্যালয়গুলো ধ্বংস করা হয়েছে এবং বেশ কিছু সাংবাদিক ও কর্মচারীদের হত্যা করা হয়েছে। আরও জানি 'দি পাকিস্তান অবজারভার','দি মনিং নিউজ', ,দৈনিক পাকিস্তান','আজাদ',ও পূর্বদেশ পাকিস্তানী সামরিক বাহিনীর তত্ত্বাবধানে ছাপা হচ্ছে। 'জয় বাংলা'য় এ খবর উদ্বৃত করে মন্তব্য করা হয়- ''পশ্চিমা বর্বরেরা বিশ্বকে ধোঁকা দিবার জন্য উক্ত বিখ্যাত পত্রিকাগুলির নাম বা Goodwill ব্যবহার করিতেছি।'' এই সংখ্যায় জনপ্রিয় সংবাদপত্রগুলোর অফিস ধ্বংস ও সাংবাদিক হত্যার নিন্দা করা হয়।

হানাদারদের আক্রমণের ভয়ে নওগাঁ শহর তখন প্রায় ফাঁকা। কাজীপাড়ার যে ছোট প্রেস থেকে 'জয় বাংলা' ছাপা হচ্ছিল তার কর্মচারীদের অনেক বলে-কয়েও নওগাঁ থাকতে রাজী করান যাচ্ছিল না। সকলের মনেই ভীতি, -এই বুঝি হানাদাররা এসে পড়ে।অন্যান্য প্রেসও বন্ধ। এ পরিস্থিতিতে 'জয়বাংলা' আর ছাপানো সম্ভব হয় নি।

১৬ই ডিসেম্বর বিজয় দিবসের পূর্ব পর্যন্ত বাংলাদেশের ভেতর কিংবা বাইরে থেকে 'স্বাধীন বাংলা'র আর কোন দৈনিক পত্রিকা ছাপা হয়নি। দেশের বাইরে থেকে বাংলাদেশের বিভিন্ন স্থানের নাম দিয়ে বাংলা ও ইংরেজী ভাষায় একাধিক সাপ্তাহিক/পাক্ষিক ইত্যাদি পত্রিকা প্রকাশিত হয়েছিল-কিন্তু 'দৈনিক' একটিও বের হয়নি।

নিজস্ব সীমিত পুঁজির ওপর নির্ভর করেই 'জয় বাংলা' প্রকাশের কাজে হাত দিয়েছিলাম। কারও কাছ থেকে কোন আর্থিক সাহায্য নেবার প্রয়োজন হয়নি। প্রেস কর্তৃপক্ষও কোন লাভ নিতেন না, শুধু কাগজ ও মুদ্রণের খরচ নিতেন। 'জয় বাংলা'র প্রথম সংখ্যার মূল্য ১০ পয়সা ধার্য হয়েছিল। এক ঘণ্টায় ২০০ কপি বিক্রিও হয়েছিল। কিন্তু এ সামান্য দাম আদায়ে ঝামেলার কারণে প্রথম সংখ্যার অবশিষ্ট কপি ও দ্বিতীয় সংখ্যা থেকে শেষ সংখ্যার সকল কপিই বিনামূল্যে বিতরণ করা হয়েছিল।

'জয় বাংলা'র প্রথম সংখ্যাটি ছাপা হয়েছিল ১০০০ কপি। পরবর্তী সংখ্যাগুলোর কোনটা ১,৫০০ কোনটা ৩,০০০ কপি ছাপা হয়। সর্বমোট কপি সংখ্যা ছিল প্রায় ৩০,০০০। খুলনা নিউজপ্রিন্টের হাফ ডিমাই সাইজের কাগজে জয় বাংলা ছাপানো হত। প্রথম কয়েক সংখ্যা এক পাতার এক পাশে এবং অবশিষ্টগুলো এক পাতার দু'পাশে ছাপা হতো। ঐ পরিস্থিতিতে ছোট হাতে চালানো প্রেস থেকে এর চেয়ে বড় আকারে পত্রিকা বের করা কোনমতেই সম্ভব ছিল না।

'জয় বাংলা'র প্রথম সংখ্যাটি আমি নিজে আমার স্কুলজীবনের সহপাঠী জাহিদ হোসেনকে সাথে নিয়ে নওগাঁ শহরে বিলি করেছিলাম- ৩০শে মার্চ, ১৯৭১ তারিখে। এ পত্রিকা প্রকাশকালে নওগাঁর তৎকালীন এম এন এ জনাব বায়তুল্লাহ (পরবর্তীকালে জাতীয় সংসদের ডেপুটি স্পিকার), নওগাঁ, রাজশাহী ও বগুড়া মুক্তাঞ্চলের তৎকালীন কমান্ডার রাইফেল (ইপিআর) বাহিনীর মেজর নাজমুল হক, বিভিন্ন এলাকার মুক্তিযোদ্ধাসহ সমাজের বিভিন্ন স্তরের আরও অনেকেই উৎসাহ দিয়েছেন এবং সহযোগিতা করেছেন। মেজর হকের অনুমতিক্রমেই তার বাহিনীর যানবাহনে নওগাঁর বাইরে 'জয় বাংলা'র বান্ডিল পাঠানো সম্ভব হয়েছে।

এপ্রিলের মাঝামাঝি বাংলাদেশের উত্তরাঞ্চলের মুক্তাঞ্চলের একে একে আমাদের হাতছাড়া হতে থাকে। পাবনা, রাজশাহী, বগুড়া ও অন্যান্য শহরগুলোতে হানাদার বাহিনী ধীরে ধীরে তাদের কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠা করতে

সক্ষম হয়। আমাদের অসংগঠিত, বিশৃংখল, কেন্দ্রীয় নিয়ন্ত্রণবিহীন এবং উপযুক্ত অস্ত্রবিহীন বাহিনী প্রথম পাল্টা আক্রমণেই পশ্চাদপসরণ করতে এবং নিরুপায় হয়ে প্রতিবেশী রাষ্ট্র ভারতে আশ্রয় নিতে বাধ্য হয়। ব্যাপক জনসমর্থন থাকা সত্ত্বেও আপৎকালীন জরুরী ব্যবস্থার কোন পরিকল্পনা না থাকায় কেন্দ্রীয় রাজনৈতিক নেতৃত্বও সম্পূর্ণ ভেঙ্গে পড়ে, বলা চলে সাময়িকভাবে বিলুপ্ত হয়ে যায় এবং এরই ফলে হানাদারদের হামলার মুখে সারাদেশ জুড়ে শুরু হয় মাঠঘাট, বন-বাদড়, নদী-নালা, টিলা-পাহাড় পেরিয়ে পরিকল্পনাহীনভাবে সকলের নিরাপদ আশ্রয়ের জন্য প্রাণান্তকর ছুটাছুটি। সীমান্ত নিকটবর্তী শহর নওগাঁতেও এর কোন ব্যতিক্রম হয়নি।

১৪ই এপ্রিল সকালে রাইফেল বাহিনীর গোলাবারুদসহ রাজশাহীগামী দুটি জীপের কনভয়ে রাজশাহী যাত্রা করি। অধিকাংশ রাস্তাই কাঁচা। দুপুরের আগেই নদীর তীরে কালিকাপুর পৌঁছি। নদীর ওপারে মান্দা। নৌকায় জীপ পারাপারের ব্যবস্থা ছিল। সেখানেই রাজশাহী এলাকা থেকে জীপ যোগে ফিরে আসা নওগাঁ এলাকার সেক্টর কমান্ডার মেজর নাজমুল হকের সঙ্গে দেখা হয়। তিনি রাজশাহী শহর হাতছাড়া হবার খবর দেন এবং কনভয়ে কয়েকজন সৈন্যকে একটি জীপ নিয়ে ঐ এলাকায় অবস্থানরত ক্যাপ্টেন গিয়াসের সঙ্গে যোগ দেবার নির্দেশ দিয়ে অপরটিকে তার সঙ্গে নওগাঁ ফিরতে বলেন। রাজশাহী যাওয়া সম্ভব না বলে আমাকেও তার জীপে তুলে নেন। দুপুর ২টার দিকে আমরা নওগাঁর বলিহার হাউজে ইপিআর সেক্টর হেডকোয়ার্টারে ফিরে আসি। জীপে বসে মেজর হককে আমি নওগাঁ ঘাঁটি রক্ষার্থে সম্ভাব্য হামলার রাস্তাসমূহে প্রতিবন্ধকতা সৃষ্টি করে তার অধীনস্থ সৈন্য এবং স্বেচ্ছাসেবকদের সহায়তায় প্রতিরক্ষা ব্যূহের ব্যবস্থা করার অনুরোধ করি। তিনি নিরাসক্তভাবে আমার বক্তব্য শোনেন। রাজশাহী হাতছাড়া হয়ে যাওয়ার তিনি অনেকটা হতাশ হয়ে পড়েছিলেন এবং শিগগিরই নওগাঁ আক্রমণের আশঙ্কা করছিলেন। হাতিয়ারের জন্যও তিনি চিন্তিত ছিলেন। যে কয়েকটা মেশিনগান তার বাহিনীর হাতে ছিল সেগুলোরও ফায়ারিং পিনের অভাব দেখা দিয়েছিল। হানাদারদের অস্ত্রবলের ধারণা তার ছিল কেননা মূলত তিনি আর্টিলারী কোরের সদস্য ছিলেন কিন্তু রাইফেল বাহিনীর সঙ্গে ডেপুটেশনে যুক্ত ছিলেন। সম্ভবত এসব কারণে আমার মত যুদ্ধে অনভিজ্ঞ ব্যক্তির প্রস্তাবে তার কোন ভাবান্তর হয়নি। এরপরে সংগ্রাম পরিষদের কয়েকজনের সঙ্গে সাক্ষাৎ হয়। সকলের মনেই নানারকম আশঙ্কা। প্রায় ফাঁকা নওগাঁ শহর বিকেলের মধ্যেই আরও ফাঁকা হয়ে যায়।

বিকেলে মেজর হকের সঙ্গে আবার দেখা করি। তাঁকে জিজ্ঞাসা করি আমাদের প্রতিবেশী দেশ থেকে কোন অস্ত্র সাহায্য পাচ্ছেন কিনা। তিনি বলেন, এখনো তো তেমন কিছু পাচ্ছি না। আমি তখন তাঁকে সীমান্তের ওপারের দায়িত্বশীল ব্যক্তিবর্গের সঙ্গে যোগাযোগ করব কিনা জিজ্ঞাসা করি। তিনি বলেন চেষ্টা করে দেখতে পারেন। তাঁর সাথে আলোচনায় এবং হেডকোয়ার্টারের তেড়জোড় দেখে আমার বুঝতে বাকী রইল না যে কোন মুহূর্তে তিনি ঘাঁটি ত্যাগ করবেন। সন্ধ্যার পর সংগ্রাম পরিষদের অফিসেও আর কাউকে পাওয়া গেল না। সব যেন হাওয়ায় মিলিয়ে গেছে। 'মুক্তি' সিনেমার রাস্তার মাথায় টেলিফোন এক্সচেঞ্জটিতে তখনও একজন অপারেটর ছিলেন। সেখান থেকে রাতে বলিহার হাউজের রাইফেল বাহিনীর হেডকোয়ার্টারে ফোন করে কোন সাড়া পাওয়া গেল না। এ পরিস্থিতিতে আমি অপারেটরের সহায়তায় পাঁচবিবি, আত্রাই, জয়পুরহাট ও পত্নীতলা পিসিও বগুড়া সার্কিট হাউজে অবস্থিত বগুড়া কন্ট্রোল রুমের সঙ্গে যোগাযোগ করি এবং রাজশাহীর সর্বশেষ পরিস্থিতির খবর দিয়ে সতর্ক থাকার পরামর্শ দেই। নওগাঁর পরিস্থিতির ইংগিত দেই। পরদিন ১৫ই এপ্রিল সকালে হেডকোয়ার্টার শূন্য থাকার খবর পাওয়া গেল। আগের রাতেই রাইফেল বাহিনীর হেডকোয়ার্টার অন্যত্র সরিয়ে নেয়া হয়েছে। শহরও প্রায় শূন্য। প্রেসও বন্ধ। এ পরিস্থিতিতে আমার শহরে থাকা মানে হানাদারদের হাতে পড়ে খামাখা জান দেয়া বিধায় একটি ব্যাগে কাগজপত্র ও একসেট বাড়তি কাপড় নিয়ে আমার বাসা-কাম-'জয় বাংলা'র দফতরে তালা ঝুলিয়ে রাস্তায় বেরিয়ে পড়ি। সীমান্ত এলাকায় তখন সুযোগমত লুটপাটের প্রবণতা দেখা দিয়েছিল। দু'এক জায়গায় সন্দেহজনক লোকদের তথাকথিত 'চেকপোষ্টে' আমার পরিচয় দিয়ে দলসহ ১৫ই এপ্রিল রাত প্রায় ১১টার দিকে প্রহরাবিহীন নওগাঁ-পশ্চিম দিনাজপুর সীমান্ত অতিক্রম করে ভারতে প্রবেশ করি। ভারতে এটাই ছিল আমার প্রথম প্রবেশ।

ভারতে প্রবেশের কিছুদিন পরে কোলকাতা প্রেসক্লাবের সেক্রেটারীসহ কয়েকজন সদস্য আমাকে কোলকাতা থেকে 'জয় বাংলা' পুনঃপ্রকাশের পরামর্শ দেন। মুক্ত বাংলাদেশ থেকে প্রকাশিত 'জয় বাংলা' সম্ভব হলে পুনরায় মুক্ত বাংলাদেশ থেকেই প্রকাশিত হবে তাদেরকে আমার এ সিদ্ধান্তের কথা জানাই।

ভারত থেকে পরবর্তীকালে অন্যান্য বাংলাদেশী সাংবাদিকেরা বেশ কয়েকটি সাপ্তাহিক/পাক্ষিক পত্রিকা বের করেছিলেন। বাংলাদেশ আওয়ামী লীগ ১১ই মে, ১৯৭১ তারিখে দলীয় মুখপাত্র 'সাপ্তাহিক জয় বাংলা' প্রকাশ করেন। প্রকাশস্থলের নাম দেয়া হয় 'মুজিবনগর'। কোলকাতার পার্ক সার্কাস এলাকার ২১/এ বালুহাক্কাক লেনে এ পত্রিকার দফতর ছিল। কোলকাতাসহ ভারতের পত্রপত্রিকায় আমার ক্ষুদে 'দৈনিক জয়বাংলা'র ব্যাপক প্রচার হওয়া সত্ত্বেও আওয়ামী লীগ কর্তৃপক্ষ তাদের পত্রিকার নামও 'জয় বাংলা' রাখেন। এই দলীয় মুখপত্রটির সঙ্গে আমার কোন সম্পর্ক ছিল না। 'জয় বাংলা সংবাদ সংস্থা (জবাসস)' নামটি অবশ্য আর কেউ ব্যবহার করেননি।

একাত্তরের ১৫ই এপ্রিল মধ্যরাতে আমি ভারতের বালুরঘাট শহরে পৌঁছি। এটি পশ্চিম বাংলা রাজ্যের পশ্চিম দিনাজপুর জেলা সদর। পরদিন ১৬ই এপ্রিল নওগাঁয় মেজর হকের সঙ্গে ১৪ই এপ্রিলের আলোচনা মোতাবেক স্থানীয় এম এল এ শ্রী বীরেশ্বর রায় এবং পশ্চিম দিরাজপুরের জেলা ম্যাজিস্ট্রেট-এর সঙ্গে সাক্ষাৎ করি এবং সাহায্যের প্রয়োজনীয়তার কথা জানাই। উভয়েই জানালেন বিষয়টি উচ্চতর কেন্দ্রীয় রাজনৈতিক সিদ্ধান্তের ওপর নির্ভরশীল। আমাদেরকে সক্রিয়ভাবে কোন সাহায্য দানের ব্যাপারে তারা কিছুই অবগত নন। এরপরে ঐ দিনই খবরের কাগজ কিনে বাংলা দৈনিক 'আনন্দবাজার' ও ইংরেজী দৈনিক 'অমৃত বাজার' পত্রিকার টেলিগ্রাফিক ঠিকানা সংগ্রহ করে বালুরঘাট থেকে 'জবাসস' নাম দিয়ে একটি রিপোর্ট পাঠাই। আমাদের কেন্দ্রীয় নেতৃবৃন্দের অধিকাংশই কোলকাতা পৌঁছে গেছেন এবং পরদিন ভোরে এক্সপ্রেসে বাসে বালুরঘাট থেকে কোলকাতা রওয়ানা হই। কোলকাতায় পৌঁছে পত্রপত্রিকায় মুজিবনগর সরকার গঠনের খবর দেখলাম।

কোলকাতা আগে কখনও যাইনি। কাউকে চিনিও না। স্টেশন থেকে ট্রাক্সী নিয়ে সোজা 'যুগান্তর' পত্রিকার অফিসে গেলাম। সম্পাদক শহরে ছিলেন না। বার্তা সম্পাদক কবি শ্রী দক্ষিণারঞ্জন বসুর ঠিকানা নিয়ে তার বাসায় গিয়ে তার সঙ্গে সাক্ষাৎ করি এবং তাকে 'জয় বাংলা'র কপিগুলো দেই। প্রবীণ সাংবাদিক শ্রী বসু সস্নেহে আমাকে গ্রহণ করে সব খবরাখবর নিলেন। তার বাসায় কিছুক্ষণ বিশ্রাম নিয়ে ঠিকানা সংগ্রহ করে কোলকাতা বাংলাদেশ সহায়ক সমিতির সঙ্গে যুক্ত প্রখ্যাত সাহিত্যিক শ্রী তারাশংকরের সঙ্গে সাক্ষাৎ করি এবং 'জয় বাংলা'র কপি উপহার দেই। তিনি সমিতির সঙ্গে যোগাযোগ রাখতে বলেন। এরপরে চৌরঙ্গীর কিড স্ট্রীটের স্টেট গেস্ট হাউজে যাই এবং ইনচার্জকে অনুরোধ করে রাতের জন্য একটি রুম পাই।

পরদিন ১৯শে এপ্রিল সকালেই বাংলাদেশ মিশনে গিয়ে জনাব হোসেন আলীর সঙ্গে সাক্ষাৎ করি এবং নওগাঁ এলাকার বিস্তারিত খবর জানাই। তাকে বলি এখনও চেষ্টা করলে নওগাঁ এলাকাটি আমাদের দখলে রাখা সম্ভব। তাকে আরও জানাই সক্রিয় সাহায্য পেলে আমাদের বাহিনী বাংলাদেশের সমগ্র উত্তরাঞ্চল দখলে রাখতে পারে এবং আমাদের সরকারও দেশের অভ্যন্তর থেকেই কাজ চালাতে পারে। তিনি আমাকে সরকারী কর্তৃপক্ষের কাছে পেশ করার জন্য একটি লিখিত রিপোর্ট দিতে বলেন। আমি তখন মিশনের টাইপিষ্ট দিয়ে দেশে থাকাকালীন মুদ্রিত 'জবাসস' -এর প্যাডে একটি রিপোর্ট টাইপ করিয়ে দুই কপি জনাব হোসেন আলীকে দেই। জনাব হোসেন আলী এ রিপোর্টটি আমাদের কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেবেন বলে আমাবে বলেন। আমার কাছে কোন বৈধ ট্রাভেল ডকুমেন্ট নেই বিধায় আমাকে মিশন থেকে একটি পরিচয়পত্র দেয়া হয়। একই দিনে মিশনের ফার্স্ট সেক্রেটারী জনাব আর আই চৌধুরী, প্রেস এ্যাটাশে জনাব মকসুদ আলীর সঙ্গেও পরিচয় হয়। এর ৩/৪ দিন পরে পুনরায় জনাব হোসেন আলীর সঙ্গে মিশনে সাক্ষাৎ হলে তিনি আমাকে জানান ১৯ তারিখের 'জবাসসে'র রিপোর্টটি তিনি আমাদের প্রধান সেনাপতি কর্নেল ওসমানীকে পৌঁছে দিয়েছেন।

১৮ ও ১৯ তারিখ দু'দিন ষ্টেট গেষ্ট হাউসে থাকার পর সেখানে অবস্থানরত গণপরিষদ সদস্য ও আওয়ামী লীগ নেতা জনাব অধ্যাপক ইউসুফ আলীর সুপারিশে আমাকে আরও ৭ দিনের জন্য গেষ্ট হাউজে থাকতে দেয়া হয়।

১৯শে এপ্রিল কোলকাতার দৈনিক 'যুগান্তর' 'জবাসস' সম্পর্কিত এবং মুক্তিযুদ্ধ সংক্রান্ত দেশের বাইরে 'জবাসস' প্রাচারিত প্রতম সংবাদটি ছাপা হয়। এতে উত্তরাঞ্চলের সর্বশেষ পরিস্থিতি এবং অবিলম্বে সাহয্যের প্রয়োজনীয়তার কথা বলা হয়। ঐ দিনই ভারতের সর্ববৃহৎ সংবাদ সংস্থা পিটিআই- এর কোলকাতা ব্যুরোর ম্যানেজার শ্রী সুধীর চক্রবর্তীর সঙ্গে দেখা করি এবং বাংলাদেশের একজন সাংবাদিক হিসেবে বিশ্বের লেখক এবং সাংবাদিকদের উদ্দেশ্য করে আমাদের মুক্তিযুদ্ধের স্বপক্ষে এবং গণহত্যার বিরুদ্ধে বিশ্ব জনমত জোদার করার আহ্বান জায়য়ে বিবৃতি দেই। পিটিআই তোদের নেটওয়ার্কের মাধ্যমে সারা বিশ্বে এটি প্রচার করে। প রদিন ২০শে এপ্রিল প্রায় সব গুলো দৈনিকের প্রথম পাতায় এ বিবৃতিটি ছাপা হয়েছে দেখতে পাই। ২১শে এপ্রিল পিটিআই-এর মাধ্যমে প্রচারিত আরেকটি বিবৃতিতে বাংলাদেশে গণহত্যা বন্দের জন্য জাতিসংঘসহ বিশ্ব বিবেকের প্রতি আহ্বান জানাই। এতে বাঙ্গালী মুসলমান নিধনযজ্ঞে পাকিস্তানী বর্বরদের সাহর্য না করার জন্য আরসিডি জোটভুক্ত ইরান ও তুরস্কের মুসলমান বাইদের প্রতিও আহান জানাই। এতে বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দানের জন্যও আবেদন জানানো হয়। এটিও ২২শে এপ্রিল দৈনিক পত্রিকাগুলোতে গুরুত্বের সঙ্গে ছাপা হয়। এরপরে ভারতের অপর সংবাদ সংস্থা উইএআই-এর কোলকাতা ব্যুরোর ম্যানেজার শ্রী ইউআর কালকুর সঙ্গে সাক্ষাৎ করি। বগুড়ার মুক্তিযোদ্ধাদের বীরত্ব সম্পর্কিত আমরা 'জয়বাংলা'র বিশেষ সংখ্যার রির্পোর্টির উদ্ধৃতি দিয়ে ২৫শে এপ্রিল উইএনআই দুটি রিপোর্ট প্রচার করে। ২৬ এপ্রিল এ রিপোর্ট বিভিন্ন দৈনিকের প্রথম পাতায় ছাপা হয়। যুগান্তরের হেডিং ছিল 'বীরের এ রক্ত স্রোত', Statesman -এর Student forced Pak Army Column to Retreat'; দিল্লীর Times of India –এর Many a Heroic Saga from Bangladesh ইত্যাদি।

এর আগে ১৯শে এপ্রিল আকাশবাণী, কোলকাতার সঙ্গে যোগাযোগ হয়। ২১শে এপ্রিলের সংবাদ পরিক্রমায় 'জয় বাংলা' সম্পর্কে এবং আমার প্রদত্ত বিবৃতিগুলোর উল্লেখ করা হয়।

এ সময়ের মধ্যেই কোলকাতার সব প্রথম শ্রেনীর পত্রিকা যথা- আনন্দবাজার পত্রিকা, Hindustan standard, যুগান্তর, Amrita Bazar Patrika, Statesman, সাপ্তাহিক দেশ, অমৃত ইত্যাদির সাংবাদিকসহ কোলকাতা প্রেসক্লাবের সেক্রেটারী ও সদস্যদের সঙ্গে আলাপ পরিচয় হয়। এভাবেই ভারতীয় তথা বিশ্ব প্রচারমাধ্যমের সঙ্গে কোন প্রকার সরকারী সাহায্য বা আনুকূল্য ছাড়াই সম্পূর্ণ ব্যক্তিগত ও অরাজনৈতিক প্রচেষ্টায় ভারতে প্রবেশের এক সপ্তাহের মধ্যেই একটা কার্যকর যোগসূত্র প্রতিষ্ঠায় সক্ষম হই।

কোলকাতায় অবস্থানকালে সাংবাদিক ছাড়াও অন্যান্য বিভিন্ন স্তরের লোকজনের সঙ্গে যোগাযোগ হয়। কোলকাতা সফররত সর্বোদয় নেতা শ্রী জয় প্রকাশ নারায়ণের সঙ্গেও ২৮শে এপ্রিল সাক্ষাত করি এবং আমাদের মুক্তিসংগ্রামের বিভিন্ন দিক সম্পর্কে তাঁকে অবহিত করি। শ্রী নারায়ণ তাঁর এই সফরকালে বাংলাদেশী নেতৃবৃন্দের সঙ্গেও সাক্ষাৎ করেছিলেন। এখানে উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না যে, শ্রী নারায়ণ এবং তাঁর নেতৃত্বাধীন সর্বোদয় ও গান্ধী আদর্শবাদী আন্দোলনের ভারতব্যাপী শত শত প্রতিষ্ঠানের শাখা-উপশাখাগুলো বাংলাদেশের মুক্তিসংগ্রামীদের প্রতি অকুণ্ঠ সমর্থন জানিয়েছে এবং শরণার্থী শিবিরগুলোতে বেসরকারী পর্যায়ে ব্যাপক ত্রাণ তৎপরতা চালিয়েছে। শ্রী নারায়ণ ভারতে এবং ভারতের বাইরে আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্বপক্ষে জোরালো বক্তব্য রেখেছেন এবং ব্যাপক সমর্থন আদায়ের চেষ্টা করেছিলেন । এ সময়ে প্রায় প্রত্যেকদিনই প্রবীণ সাংবাদিক শ্রী দক্ষিণারঞ্জন বসুর সঙ্গে সাক্ষাৎ করতাম। তিনি আমাকে বাংলাদেশের এক তরুণ সাংবাদিক হিসেবে যথেষ্ট স্নেহ করতেন। একদিন সে তাঁর অফিসে তাঁর টেবিলের ওপর রক্ষিত রাশি রাশি কাগজপত্র দেখিয়ে আমাকে বললেন, ''দেখ রহমত' এসবই যুগান্তর এবং অমৃতের পাঠকদের কাছ থেকে পাওয়া তোমাদের

বাংলাদেশ এবং বঙ্গবন্ধুকে নিয়ে লেখা কবিতা, গান ইত্যাদি। এবং প্রতিদিনই আরও আসছে। দু'চারটি পড়ে দেখলাম, সবাই আবেগপূর্ণ ভাষায় লেখা। এ কথা সত্য যে, স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রাম সকল বাংলা ভাষাভাষি বাঙ্গালীর মনকেই আবেগাপ্লুত করেছিল।

এপ্রিলের শেষে এক সন্ধ্যায় আবার আমাদের মিশন প্রধান জনাব হোসেন আলীর সঙ্গে সাক্ষাৎ করলাম। অনেক বিষয়ে আলাপ হলো। তাকেঁ বললাম ভারতের অন্যান্য অঞ্চল, বিশেষ করে রাজধানী দিল্লীতে এবং ভারতের অন্যান্য অবাঙ্গালী অধ্যুষিত এলাকায় আমাদের নিজস্ব লোকজন নেই বললেই চলে। আর এসব এলাকাতে আমাদের বিপক্ষ পাকিস্তানীদের প্রচার চলছে। আমি দিল্লী থেকে এসব প্রচারণার পাল্টা জবাব এবং সর্বভারত এবং আন্তর্জাতিক পর্যায়ে বেসরকারীভাবে মুক্তিযুদ্ধের স্বপক্ষে প্রচার চালাতে চাই। তিনি আমার সঙ্গে একমত হন এবং আমাকে কোলকাতা ও দিল্লী মিশনের সঙ্গে সংযোগ রাখতে বলেন।

দেশ ছাড়ার সময় আমার সঙ্গে যে স্বল্প টাকা ছিল তা বদলিয়ে ভারতীয় ২৫০ টাকার মত পেয়েঠিলাম। কোলকাতায় ১৯শে থেকে ৩০শে এপ্রিল পর্যন্ত ষ্টেট গেষ্ট হাউজ থাকার সুযোগ হয়েছিল বলে থাকা বাবদ কোন ব্যয় হয়নি। তবে খাওয়া, যাতায়াত ব্যয়ে পুঁজি প্রায় শেষ হয়ে এসেছিল। পশ্চিম বাংলার বিধানসভার অধিবেশনের সময় এগিয়ে আসছিল বলে ষ্টেট গেস্ট হাউজ খালি করার সরকারী নির্দেশ দেয়া হয়েছিল। এ ভবনটি এম, এল,এ হোষ্টেল হিসেবেও ব্যবহৃত হত। এ পরিস্থিতিতে যুগান্তর-এর সাংবাদিক শ্রী পরেশ সাহা প্রাক্তন ঢাকা জেলাবসী পূর্ব রেলওয়েতে কর্মরত শ্রী তরুণ গুহের গোবড়া অঞ্চলের বাসায় আমার থাকা-খাওয়ার বন্দোবস্ত করে দিলেন। শ্রী গুহ আমার দিল্লী যাবার টিকেটের বন্দোবস্ত করে দিলেন এবং তাঁর মহল্লার তরুণদের সমিতি 'আদর্শসংঘে'র সদস্যরা চাঁদা তুলে আমাকে ১০০ টাকা দেন। সাহিত্যিক শ্রী শংকর-এর সুপারিশে উল্টোরথে মুক্তিযুদ্ধ সংক্রান্ত একটি লেখা দিয়ে আরও ৫০ টাকা পাই। এভাবেই ৪ঠা মে ট্রেনযোগে দিল্লী রওয়ানা হয়ে পরদিন ৫ই মে দুপুরে দিল্লী পৌঁছি। দিল্লী ষ্টেশন থেকে শ্রী গুহের দেয়া ঠিকানায় তার ভাগ্নের বাসায় যাই। সেখানে থেকে যুগান্তরের দিল্লী অফিসে এবং তাদের পরামর্শমত পশ্চিমবঙ্গের প্রাক্তন রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডুর নেতৃত্বাধীন দিল্লীর মহিলাদের 'বাংলাদেশ এ্যাসিসট্যান্স কমিটির অফিসে যাই। কমিটির সহায়তায় দিল্লীর জয়সিংহ রোডের ওয়াই, এম,সি,এ ট্যুরিস্ট হোষ্টেলে এক সপ্তাহের জন্য আমার থাকা-খাওয়ার বন্দোবস্ত হয়।

এখানে প্রথমেই দিল্লী, বোম্বাই ও মাদ্রাজ থেকে প্রকাশিত ইংরেজী দৈনিক ও অন্যন্য সাময়িকী কিনে প্রচারণার গতিপ্রকৃতি আঁচ করে নেই। IENS ভবনে অবস্থিত কোলকাতার যুগান্তর, Amrita Bazar Patrika, আনন্দবাজার পত্রিকা ও Hindustan Standard- এর ব্যুরোর কয়েক জনের সঙ্গে আলাপ করে বুঝতে পারি রাজধানীর পত্রপত্রিকাগুলো আমাদের প্রতি যথেষ্ট সহানুভূতিশীল তবে প্রভাবশালী Hindustan Times- এর বিশেষ করে Letters column- এ বাংলাদেশ ও শেখ মুজব বিরোধী বিতর্ক চলছে। কয়েকদিনের পত্রিকা পড়ে আমার সে ধারণাই হয়ে ছিল। যেমন ৭ তারিখের পত্রিকায় লক্ষ্ণৌ থেকে তিন মুসলমান ভদ্রলোক লেখেনঃ

".....the majority of Indian Muslims must not be expected to encourage those who are torch bearers of disruptive tendencies in Pakistan ....." শেখ মুজিবের কার্যকলাপের নিন্দা করে লেখা হয়। ".....the responsibility of the carnage and bloodshed in East Bengal lies entirely on him'' এ ছাড়া আরও অনেক যুক্তিতর্কের অবতারণা করা হয়।

৯ই মের সংখ্যায় Bangladesh and the Indian Press' নামে শিরোনামে প্রকাশিত ৩টি চিঠিতে লেখকেরা ভারতীয় প্রচার মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধ গণহত্যার ফলাও প্রচারের জন্য ভারতীয় পত্র-পত্রিকার নিন্দা করেন। তারা এ প্রচারকে অতিরঞ্জিত, নীতিবহির্ভূত বাড়াবাড়ি, পরোক্ষভাবে খোদ ভারতীয় অখণ্ডতারও প্রতিকূল বিধায় ভারতের বৃহত্তর স্বার্থের পরিপন্থী বলে আখ্যায়িত করেন। এসব চিঠিপত্র এ পত্রিকায় পূর্বে প্রকাশিত একটি সম্পাদকীয় মন্তব্যের সমর্থনে লেখা হয়।

এসব বক্তব্যের বিপক্ষে এবং আমাদের স্বপক্ষে কোন লেখা ছাপা হচ্ছে না দেখে এ প্রচারণার একটি যথাযোগ্য প্রত্যুত্তর দেবার সিদ্ধান্ত নেই এবং 'In Defense of Mujib' শীর্ষক একটি দীর্ঘ পত্র লিখে এ পত্রিকার জাঁদরেল সম্পাদক মিঃ বি জি ভার্গিজের সঙ্গে সাক্ষাৎ করি। স্বাধীনচেতা এ সাংবাদিক সরকারী মতামতেরও খুব একটা তোয়াক্কা করতেন না। আমি তাঁকে বলি আপনার পত্রিকায় আমাদের বেশ সমালোচনা করা হচ্ছে কিন্তু আমাদের স্বপক্ষে কিছুই দেখছি না। এই বলে ব্রীফকেস খুলে আমার টাইপ করা চিঠিটা তাঁর হাতে দেই । তিনি মনোযোগ দিয়ে চিঠিটি পড়েন। আমি চিঠিটি শেষ করেছিলাম 'Joy Bangabandhu! Joy Bangla!!' দিয়ে। তিনি বলেন, 'এ দু'টো বাদ দিতে হবে, এগুলো শ্লোগান'। আমি বলি প্রথমটি বাদ দিতে পারেন তবে দ্বিতীয়টি রাখতে হবে, কারন 'Joy Bangla' আমাদের জাতীয় শ্লোগান। তিনি আমাকে প্রথম শ্লোগানটি বাদে বাকী চিঠিটা হুবহু ছেপে দেবেন বলে জানান।

মিঃ ভার্গিজের কাছে যুক্তি সহকারে আমাদের সংগ্রামের কারণগুলোও ব্যাখ্যা করি। এরপরে তার পত্রিকার কলামে বাংলাদেশ বিরোধী বিতর্ক বন্ধ হয়ে যায়। ১০ মে তারিখে আমার চিঠিটি চাপা হয়, ১৩ মে আমাদেরকে সমর্থন এবং পাকিস্তানপন্থীদের নিন্দা করে একসাথে ৫টি চিঠি ছাপা হয় এবং ১৫ মে লক্ষ্ণৌর অবসরপ্রাপ্ত মেজর জেনারেল হাবিবুল্লাহ এবং দিল্লী বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের প্রফেসর কে এ ফারুকীর পাকিস্তানীদের নিন্দা এবং আমাদের আন্দোলন ও নেতাকে সমর্থন করে লিখিত ২টি চিঠি প্রাকাশের মধ্য দিয়ে প্রভাবশলী Hindustan Times এর পাতায় পাকিস্তানপন্থীদের বাংলাদেশবিরোধী প্রচারণার প্রচেষ্টার শোচনীয় পরিসমাপ্তি ঘটে। প্রফেসর ফারুকী পাকিস্তানী বাহিনীকে তৈমুর, চেংগীস ও হালাকু খানের মত বর্বর বলে আখ্যায়িত করেন।

একই সময়ে দিল্লীর প্রধান প্রধান সংবাদ পত্রের সম্পাদক ও অন্যান্য সাংবাদিক এবং সংবাদ সংস্থার কর্মকর্তাদের সঙ্গেও যোগাযোগ করি। ১০ই মে ইউএনআই দিল্লী থেকে আমার রাজধানীতে অবস্থান এবং কাজকর্মের সংক্ষিপ্ত বিবরণ দিয়ে তিন প্যারার একটি সংবাদ প্রচার করে। এছাড়া আকাশবাণীর (অল ইন্ডিয়া রেডিও) কেন্দ্রীয় কর্মকর্তাদের সঙ্গেও সাক্ষাৎ করি। আকাশবাণীর মহাপরিচালক শ্রী এ কে সেনের পরামর্শ অনুযায়ী আকশবাণীর বহির্বিশ্ব কার্যক্রম, বিশেষ করে উর্দু সার্ভিসের জন্য আমাদের মুক্তি সংগ্রাম সম্পর্কে কতগুলো কথিকা রচনা করি। একটি সিরিজ হিসেবে প্রচারের জন্য তিন ভাগে এগুলো লিখি। মূল শিরোনাম ছিল 'Recent events in Bangladesh' উপ-শিরোনামে ছিল- Historical Background (১৯৪৭ সালের আযাদী থেকে ১৯৭০ পর্যন্ত ঘটনার ভাবাবেগবর্জিত সংক্ষিপ্ত তথ্যমূলক বিশ্লেষণ); Election in Pakistan and Aftermath (নির্বাচনের ফলাফল, অসহযোগ আন্দোলন ও স্বাধীনতা ঘোষণার প্রেক্ষাপট); এবং শেষেরটি Genocide in Bangladesh (২৫শে মার্চের পরের গণহত্যার বিবরণ এবং পাকিস্তানী মিথ্যা প্রচারণার জবাব)। ইংরেজিতে লেখা এ কথিকাগুলো উর্দূতে অনুবাদ করে আকাশবাণী দিল্লী কেন্দ্রের বহির্বিশ্ব উর্দু সার্ভিসের বিশেষ অনুষ্ঠানে ১৯৭১ এর ২, ৪, এবং ৮ই জুন প্রথম প্রচারিত হয় এবং পরে পুনঃপ্রচারিত হয়। প্রতিটি কথিকার জন্য ১০ মিনিটের বেতার সময় বরাদ্দ ছিল। এছাড়া আকাশবাণী দিল্লীর 'হামারে মেহমান' অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের ওপর আমার একটি ১০ মিনিটের টিভি সাক্ষাৎকার প্রচারিত হয় ১৪ মে তারখে। এটি উর্দুতে গৃহীত হয় এবং ভাংগা ভাংগা উর্দুতে আমার বক্তব্য পেশ করি। একই দিন দিল্লী টেলিভিশন তাদের 'আজকাল' অনুষ্ঠানে আমার একটি ১০ মিনিটের টিভি সাক্ষাৎকার প্রচার করে । মুক্তিযুদ্ধের ওপর এ সাক্ষাৎকারে একই সাথে দিল্লী সফররত আওয়ামী লীগের ধর্মীয় ফ্রন্ট আওয়ামী ওলামা লীগের সভাপতি জনাব খায়রুল ইসলাম যশোরীর সাক্ষাৎকারও প্রচারিত হয়। শ্রোতাদের সুবিধার্থে এটি হিন্দিতে গৃহীত হয় এবং আমরা ভাংগা ভাংগা হিন্দিতে শ্রোতাদের বোধগম্যভাবে আমাদের বক্তব্য পেশ করি। মওলানা যশোরী তখন মুক্তিযুদ্ধের স্বপক্ষে ভারতীয় ওলামাদের সঙ্গে যোগাযোগ স্থাপনের চেষ্টা চালাচ্ছিলেন। এছাড়া তরুণদের জন্য সর্বভারতীয় অনুষ্ঠান যুব বাণীতেও আমার আরেকটি সাক্ষাৎকার প্রচারিত হয়। আকাশবাণীতে প্রচারিত কথিকাগুলো উর্দু অনুবাদ সাংবাদিক জনাব নজমুল হাসান কয়েকটি উর্দু পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করেছিলেন। মে এবং জুন এই দু'মাসে দিল্লীস্থ প্রচারমাধ্যম গুলোর সহায়তায় ব্যাপক প্রচার চালাই। আকাশবাণীতে প্রচারিত কথিকাগুলোর মূল ইংরেজী

স্ক্রীপ্ট সাইক্লোস্টাইল করে 'জবাসস' এর External Bureau নাম দিয়ে দিল্লী, বোম্বাই, মাদ্রাজ ও অন্যান্য এলাকা থেকে প্রকাশিত বিভিন্ন ধরনের পত্র-পত্রিকার ঠিকানায় ডাকযোগে পাঠাই। দিল্লীর অনেক প্রবীণ সাংবাদিক বন্ধু আমাকে হেসে জিজ্ঞেস করতেন, ''রহমত, আপনার 'জবাসস' -এর External Bureau টা কোথায়?'' আমিও হেসে জবাব দিতাম, ''আমাদের সব কিছুই এখন চলমান, আজ একানে কাল ওখানে। আমরা হাতের ব্রীফকেসটাই আপাততঃ 'জবাসস' -এর চলমান ব্যুরো''।

দিল্লী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সঙ্গে আমার যোগাযোগ হয়। এই বিশ্ববিদ্যালয়ের তরুণদের একটি মুখপত্র AEON এর সম্পাদক তাদের বাংলাদেশ সংখ্যার জন্য আমরা একটি লেখা নেন। এ সময়েই একদিন দিল্লীতে যাত্রাবিরতিকালে দিল্লী বিশ্ববিদ্যালয়ের গেষ্ট হাউজে অবস্থানরত ডঃ এ আর মল্লিকের সঙ্গে সাক্ষাৎ করি।

দিল্লী যাবার পূর্বে কোলকাতা থেকে একজন উত্তর কোরীয় সাংবাদিককে সাথে নিয়ে বনগাঁও এলাকার শরণার্থী শিবিরগুলো পরিদর্শন করে ক্যাম্প কর্মকর্তাদের সঙ্গে আলাপ-আলোচনা করেছিলাম। কয়েকটি ছবিও নিয়েছিলাম। এর ওপরে ভিত্তি করে ''UN Must rush to the rescue of victims'' নামে একটি সচিত্র রিপোর্ট তৈরী করি। বোম্বাই থেকে প্রকাশিত ইংরেজী, উর্দু, হিন্দি, মলয়ালম ইত্যাদি ভাষায় মুদ্রিত BLITZ-এর ১৫ই মে এটি প্রকাশিত হয়।

জবাসস-এর External Bureau নামে কিছু বাংলা দেশাত্মবোধক কবিতার ইংরেজী অনুবাদ সাইক্লোষ্টাইল করেও প্রচার করা হয়েছিল। এ সম্পর্কিত কিছু রিপোর্ট কোলকাতার অমৃত ও দেশ পত্রিকায়ও ছাপা হয়েছিল। দেশ পাত্রকার নিয়মত ফিচার ''ঘরোয়া''র লেখক ''শ্রীমতি'' (শ্রীমতি সুজয়া সেন)-এর সঙ্গেও আমার দিল্লীতে পরিচয় হয়েছিল। মাতৃসমা এ মহিলার স্নেহ আমার অনেকদিন মনে থাকবে। বাংলাদেশের মুক্তিসগ্রামের প্রতি তার অকৃত্রিম দরদ ছিল। জওয়াহরলাল নেহেরু প্রতিষ্ঠিত দৈনিক National Herald-এর সম্পাদকীয় পাতায় 'জবাসস' প্রচারিত ''Bengaless are not Cowards'' নামক একটি কবিতাও ছাপা হয় ১৩ মে তারিখে।

এছাড়া বাংগালোর ও হুবলী থেকে একযোগে প্রাকশিত ঐ এলাকার কানাড়া ভাষার Samyukta Karnataka Group of Papers মে'র শেষে আমরা সাক্ষাৎকার গ্রহণ করে। দিল্লীর কয়েকজন মুসলমান সাংবাদিক বন্ধু কিছু উর্দু পত্র-পত্রিকাতেও আমার লেখার অনুবাদ পড়েছেন বলে আমাকে জানান। মোট কথা আমার সীমিত প্রচেষ্টায় এই অল্প সময়ের মধ্যেই যতটা সম্ভব প্রচারকার্য চালিয়েছিলাম এবং দিল্লীর সাংবাদিক মহলে সুপরিচিত হয়ে উঠেছিলাম। এ সময়ে শ্রী ফণী মজুমদারের নেতৃত্বে বাংলাদেশের একটি সংসদীয় দল দিল্লী সফরে আসেন। বেগম নূরজাহান মুর্শেদও এ দলে ছিলেন। দিল্লী প্রেসক্লাব তাঁদের একটি সম্বর্ধনার আয়োজন করে। শ্রী মজুমদার ও বেগম মুর্শেদ এ সভায় বক্তৃতা দেন। আমিও সেখানে উপস্থিত ছিলাম।

জয়সিংহ রোডের ট্যুরিস্ট হোষ্টেল থেকে সাংবাদিক বন্ধু শ্রী যতীন্দ্র ভাটনগরের বাসায় কিছুদিন থাকি। এরপরে বাকী সময় দিল্লীস্থ শান্তি পরিষদের আন্তর্জাতিক হোষ্টেলে তাদের মেহমান হিসেবে থাকি। কথিকা ও সাক্ষাৎকারের জন্য আকাশবাণী ও টেলিভিশন থেকে এবং অন্যান্য পত্রিকা থেকে দু'একটি লেখার জন্য প্রাপ্ত সম্মানীর টাকায় আমার খরচ চলে যায়। থাকার জন্য কোন খরচ হয়নি। খাওয়ার জন্য মাঝে মাঝে কিছু খরচ হয়েছে। যাতায়াত, পত্রপত্রিকা কেনা এবং ডাক খরচ সম্মানীর টাকা থেকে চালানো সম্ভব হয়েছিল।

গান্ধী শান্তি পরিষদের হোষ্টেলে অবস্থানকালে বেনারসের গান্ধীয়ান ইনস্টিটিউট অব ষ্টাডিজ-এর যুগ্ম পরিচালক অধ্যাপক শ্রী সুগত দাশ গুপ্তের সঙ্গে পরিচয় হয়। সর্বোদয় নেতা শ্রী জয়প্রকাশ নারায়ণ এ প্রতিষ্ঠানের অবৈতনিক পরিচালক ছিলেন। অধ্যাপক দাশ গুপ্ত আমাকে তাদের ইনষ্টিটিউট-এর বাংলাদেশ মুক্তিযুদ্ধ সংক্রান্ত কার্যক্রমে অংশ নেবার জন্য আমন্ত্রণ জানান। আমি সময়মত যোগাযোগ করবার প্রতিশ্রুতি দেই। এ হোষ্টেলে অবস্থানকালে ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কয়েকজন অধ্যাপকের সংগেও আমার পরিচয় হয়। তাদেরকেও

মুক্তিযুদ্ধ সংক্রান্ত কাগজপত্র দেই। এছাড়া অল ইন্ডিয়া পঞ্চায়েত পরিষদ-এর সেক্রেটারী শ্রী জি এল পুরীর সঙ্গে আমার পরিচয় হয় তার পরিষদও আমাদের সংগ্রাম সমর্থন করেছিল।

দিল্লীতে অবস্থানকালে আমাদের কুটনৈতিক প্রতিনিধি পাকিস্তান হাইকশিনের দলত্যাগী সাবেক দ্বিতীয় সচিব জনাব কে এম শাহাবুদ্দিন-এর সঙ্গেও আমি যোগাযোগ রক্ষা করেছি। জুন মাসের মাঝামঝি খবর প্রচারিত হয়, যুক্তরাষ্ট্র পাকিস্তানকে নতুন সমরাস্ত্রের চালান পাঠাচ্ছে। বাংলাদেশের পক্ষ থেকে মুক্তিযুদ্ধের স্বার্থবিরোধী এ আক্রমণের প্রতিবাদ করা হয়। দিল্লীতে ঐ সময়ে মাত্র কয়েকজন খাস বাংলাদেশী ছিলাম। সে কারণে অন্যান্য বাঙ্গালী ও অবাঙ্গালী সমর্থকদের সহায়তায় ২৫শে জুন, ১৯৭১ মার্কিন দূতাবাসের সম্মুখে এক বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। দিল্লীর সাংবাদিক বন্ধুদের সহায়তায় দেশী-বিদেশী সংবাদ সংস্থা এবং টেলিভিশন প্রতিনিধিদের দ্বারা এ মিছিলের খবর বিশ্বব্যাপী প্রচারের ব্যবস্থা হয়। দূতাবাসের গেটে রাষ্ট্রদূতের প্রতিনিধির কাছে জনাব শাহাবুদ্দীন প্রতিবাদলিপি অর্পণ করেন। ভারতের সকল প্রধান প্রধান দৈনিকে এ বিক্ষোভের সচিত্র প্রতিবেদন প্রকাশিত হয়েছিল।

দিল্লীতে আমার কাজ-কর্মের বিস্তারিত রিপোর্ট কোলকাতা মিশনে জনাব হোসেন আলীর কাছে পাঠাতাম। জুনের শেষে দিল্লী থেকে কোলকাতা ফিরে এসে জনাব হোসেন আলী, প্রেস অ্যাটাশে জনাব মসকুদ আলী ও অন্যান্যদের সঙ্গে সাক্ষাৎ করি। কোলকাতা ফেরার পর আকশবাণীর কোলকাতা কেন্দ্র থেকে ৩রা জুলাই ''জানেন ওদের মতলবটা কি'' শীর্ষক আমার একটি ১০ মিনিটের কথিকা পূর্বাঞ্চলীয় শ্রোতাদের অনুষ্ঠানে প্রচারিত হয় এবং পরে পুনঃপ্রচারিত হয়। এতে আমি বিভিন্ন সূত্রে থেকে প্রাপ্ত বঙ্গালীদেরকে জাতিগতভাবে পংগু করার পাকিস্তানী চক্রান্ত সম্পর্কে শ্রোতাদের অবহিত করে হুঁশিয়ার থাকবার অনুরোধ জানাই। এর পরে আমি যশোর সীমান্ত এলাকায় যাই এবং নানা প্রকার খবরাখবর সংগ্রহ করি। এছাড়া নওগাঁ এলাকার লোকজনের সঙ্গে সাক্ষাতের জন্য বালুরঘাটে যাই। সেখানে নওগাঁর এম এস এ জনাব বায়তুল্লাহ ও অন্যান্যরা ছিলেন। ঐ এলাকায় মুক্তিযোদ্ধাদের ক্যাম্পের অন্যতম সংগঠক নওগাঁর জনাব এম এ জলিলের সঙ্গে সীমান্ত এলাকায় স্থাপিত কয়েকটি ক্যাম্প ঘুরে দেখি এবং খবরাখবর সংগ্রহ করি।

কোলকাতায় এ যাত্রা অবস্থানকালে আমি গান্ধী শান্তি পরিষদের কোলকাতা কেন্দ্রের আতিথ্য লাভ করি। এ প্রতিষ্ঠানও সীমান্ত এলাকার শরণার্থী শিবিরগুলোতে 'অক্সফাম'-এর সহযোগিতায় নানা রকম ত্রাণকার্য চালচ্ছিল। এ সময়ে ভারতের কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং সরকারী ত্রাণ তৎপরতার সার্বিক দায়িত্বে নিয়োজিত কর্নেল পি, এস, লুথরার সঙ্গেও তাঁর কোলকাতার দপ্তরে পরিচয় হয়। ত্রাণ তৎপরতার ব্যাপকতা সম্পর্কে তাঁর কাছেই একটি ভাল ধারণা পাই।

জুলাইর শেষে উত্তর ভারতের বেনারস শহরের শ্রী জয়প্রকাশ নারায়ণের নেতৃত্বাধীন Gandhian Institute of Studies এর বাংলাদেশ বিষয়ক কাজকর্মে যোগ দেবার জন্য দিল্লীতে থাকাকালীন যুগ্ম পরিচালক অধ্যাপক দাশগুপ্তের আমন্ত্রণ অনুযায়ী বেনারস যাই। কনসালট্যান্ট অন ভাংলাদেশ অ্যাফেয়ার্স হিসেবে প্রাথমিকভাবে তিন মাসেন জন্য ইনস্টিটিউটের সঙ্গে যুক্ত থাকি। আমাকে ৫০০ টাকা সম্মানী (Honorarium) দেয়া হয়। এ ফেলোশীপটি তিন মাস পর আবার এক বৎসরের জন্য বাড়ানো হয়েছিল তবে বাড়তি সময়ের মধ্যে মাত্র দু'মাস কাটবার পরেই দেশে ফিরে আসি। ইনষ্টিটিউট-এর অবৈতনিক পরিচালক ও সর্বোদয় নেতা শ্রী জয়প্রকাশ নারায়ণের উদ্যোগে ১৮ থেকে ২০শে সেপ্টেম্বর তিন দিনব্যাপী ''International Conference on Bangladesh'' দিল্লীতে অনুষ্ঠানের ব্যবস্থা হয়। এতে বিশ্বের বিভিন্ন দেশের বাংলাদেশ সমর্থক প্রতিষ্ঠানসমূহের পক্ষ থেকে প্রতিনিধিরা যোগ দেন। এ কনফারেন্সে ব্যবহারের জন্য নানা রকম ওয়ার্কিং পেপার ইষ্টিটিউট থেকে তৈরী করা হয়। আমি বাংলাদেশ সম্পর্কে বিশ্ব পত্রপত্রিকার রিপোর্টের ওপর ভিত্তি করে ''Genocide in Bangladesh'' ''Bangladesh in world Press'' শিরোনামে দুটি পুস্তিকা প্রস্তুত করি এবং অন্যান্য ওয়ার্কিং পেপার তৈরীতেও অন্যদের সাহায্য করি। এ পুস্তিকা দুটি এবং ওয়ার্কিং পেপারগুলো ঐ কনফারেন্সে বিতরণ করা হয়।

আগষ্ট মাসে খবর বের হয় যে পাকিস্তান সরকার শেখ মুজিবের বিচার করবে। বিশ্বের বিভিন্ন দেশের বিবেকবান ব্যক্তিরা এর প্রতিবাদ করেন। ভারতের বিভিন্ন জায়গাতেও প্রতিবাদ মিছিল বের হয়। উত্তর ভারতের বেনারসেও ইনষ্টিটিউট-এর যুগ্ম পরিচালক শ্রী সুগত দাস গুপ্তের নেতৃত্বে বুদ্ধিজীবী ও অন্যান্যদের প্রায় এক মাইল দীর্ঘ এক প্রতিবাদ মিছিল বের হয়। আমিও এতে যোগ দেই। বেনারস হিন্দু ইউনিভার্সিটিরও অনেকে এত অংশ নেন।

সেপ্টেম্বরের ২২ তারিখে বেনারসে শ্রী জয়প্রকাশ নারায়ণের সঙ্গে আমার দ্বিতীয়বার সাক্ষাৎ হয়। এই সাক্ষাৎকালে শ্রী নারায়ণ আমাকে বলেন, ভারতের অবাঙ্গালী অধ্যুষিত অনেক এলাকাতেই পাকিস্তানপন্থীরা আপনাদের বিরুদ্ধে ২৫শে মার্চের আগেই বাংলাদেশে ব্যাপকহারে বিহারী নিধনের অভিযোগ করে প্রচার চালাচ্ছে। বিভিন্ন সভা-সমিতিতে আপনাদের স্বপক্ষে বক্তব্য রাখবার সময় আমাকেও মাঝে মাঝে এ বিষয়ে প্রশ্ন করা হয়। এ অভিযোগ কতটা সত্যি? আমি তাকে জানাই ২৫শে মার্চের আগে বাঙ্গালীরা এ ধরনের কাজ ব্যাপক হারে করেছে এ অভিযোগ সত্য নয়। দু'এক জায়গায় এ ধরনের ছোটখাটো ঘটনা অবশ্য ঘটেছে তাতে উভয় পক্ষেই ক্ষয়ক্ষতি হয়েছে। তবে এটাকে ব্যাপক বিহারী হত্যা কোন মতেই চলা চলে না। কোন কোন এলাকায় বাঙ্গালীরাই বেশী ক্ষতিগ্রস্ত হয়ছে। তবে ২৫শে মার্চে পাকিস্তানী গণহত্যা শুরুর পরে আমাদের দখলাধীন কোন কোন জায়গায় কিছু বাড়াবড়ি হয়েছে সেটা সত্য । তবে তার জন্য দায়ী হানাদারেরা এবং তাদের সহযোগী বিহারীরা। এর উত্তরে তিনি বলেন, ২৫শে মার্চ পর্যন্ত ঘটনা সম্পর্কে আমি আপনার কাছ থেকে নিশ্চিত হলাম। ২৫শের পরের ঘটনার দায়-দয়িত্ব তো পাকিস্তানীদের । যদিও পাকিস্তান সরকার তাদের 'শ্বেতপত্রে' আমাদের ঘাড়েই আবার দোষ চাপিয়েছে।'' এর পরে তিনি আমাদের ১ থেকে ২৫শে মার্চ পর্যন্ত ঢাকা, পশ্চিম পাকিস্তান এবং কিছু নামকরা বিদেশী পত্র-পত্রিকায় প্রকাশিত রিপোর্টের ভিত্তিতে এ অভিযোগ খণ্ডন করে ব্যাপক প্রচারের জন্য একটি রিপোর্ট তৈরী করার চেষ্টা করতে বলেন। তিনি বলেন, এ রিপোর্ট ভাবাবেগবর্জিত এবং নিরপেক্ষ হতে হবে। এ আলোচনার পরদিন ২৪শে সেপ্টেম্বর বিদেশী পত্রিকার ঐ সময়ের কপি খুঁজবার জন্য দ্বিতীয়বার দিল্লী যাই। আমার রিপোর্ট প্রণয়নের জন্য আমি দিল্লীর ইন্টারন্যাশনাল স্টাডিজ লাইব্রেরী, বৃটিম হাইকমিশন লাইব্রেরী এবং ইউ,এস, আই,এস লাইব্রেরীতে ঢাকা, পিণ্ডি, প্যারিস, লন্ডন ও নিউ ইয়র্কের প্রধান প্রধান পত্রিকাসমূহ অনুসন্ধান করি।

এসব পত্রিকার রিপোর্টের ওপর ভিত্তি করে ''Pakistani Propaganda- Is it based on Facts?" - নামে একটি তথ্যমূলক পুস্তিকা রচনা করি। এতে পাকিস্তান সরকারের ''শ্বেতপত্রে'' বিহারী নিধনের অভিযোগও খণ্ডন করা হয়ে। আমাদের কোলকাতা মিশনও আমার এ কাজে আগ্রহ দেখান এবং এ রিপোর্টের কপি পাঠাবার অনুরোধ জানান। আমি যথাসময়ে তা পাঠাই। ইনষ্টিটিউট থেকে মুদ্রিত করে এ রিপোর্টটি ব্যাপকভাবে প্রচার করা হয়। আমিও ডাকে আমরা বিভিন্ন সাংবাদিক বন্ধুর কাছে এটি পাঠাই।

নভেম্বর মাসে পুনরায় কোলকাতা আসি। এ সময়ে জানতে পারি আমার শ্রদ্ধেয় শিক্ষক ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ মোজাফফর আহমদ চৌধুরী কোলকাতায় অবস্থান করছেন। আমি শিশন থেকে ঠিকানা নিয়ে আচার্য প্রফুল্ল চন্দ্র ষ্ট্রীটের হোটেল পূর্বরাগে তার সঙ্গে সাক্ষাৎ করি। অনেক আলোচনা হয়। তিনি তখন বাংলাদেশের ভবিষ্যৎ শাসনতন্ত্রের রূপরেখা প্রণয়নে ব্যস্ত ছিলেন।

ইতিমধ্যেই ভারত সরকারের সক্রিয় সহযোগিতায় মুক্তিযুদ্ধের তৎপরতা অনেক বৃদ্ধি পায়। এবারে কোলকাতা থেকে শিলিগুড়ি হয়ে মেঘালয় সীমান্ত পথে দেশের অভ্যন্তরে ঢোকার প্রস্তুতি নিয়ে শিলিগুড়ি পর্যন্ত যাই। ততদিনে সীমান্ত এলাকায় প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। ফলে শিলিগুড়ি থেকে ফের কোলকাতা ফিরে এলাম। সীমান্তে জোরেশোরে লড়াই চলছে শুনে নভেম্বরের শেষে কোলকাতা ছেড়ে নওগাঁ সীমান্ত নিকটবর্তী ভারতীয় শহর বালুরঘাট রওয়ানা হই। কিন্তু বালুরঘাটে তখন পাকিস্তানী শেলিং-এর কারনে শহর প্রায় ফাঁকা হয়ে গিয়েছিল বলে মালদা থেকে পুনরায় কোলকাতা ফিরে আসি। খবর পাই ভারতীয় নিয়মিত বাহিনী

মুক্তিযোদ্ধাদের সঙ্গে একযোগে লড়াই চালাচ্ছে এবং বাংলাদেশ সীমান্তে ভারতীয় সামরিক বাহিনীর শক্তি বৃদ্ধি করা হয়েছে। এর পরে ঘটনার দ্রুত পট পরিবর্তন হতে থাকে। ৪ঠা ডিসেম্বর ভারত-পাকিস্তান প্রকাশ্য যুদ্ধ শুরু হয়। এ পরিস্থিতিতে গান্ধীয়ান ইনষ্টিটিউট অব ষ্টাডিজের সবার কাছ থেকে বিদায় নেবার জন্য ডিসেম্বরের প্রথম সপ্তাহে বেনারসে যাই। সেখান থেকে শ্রী জয় প্রকাশ নারায়ণের কাছ থেকে বিদায় নেবার জন্য পাটনা যাই ১১ই ডিসেম্বর। শ্রী নারায়ণ-এর সঙ্গে সাক্ষাতের পরে ১৩ ডিসেম্বর কোলকাতা পৌঁছি। শত্রুমুক্ত হওয়ার আশা করা হচ্ছিল। কোলকাতায় সবার কাছ থেকে বিদায় নিয়ে ১৬ই ডিসেম্বর ভোর পাঁচটায় এক্সপ্রেস বাসযোগে নওগাঁ সীমান্তের নিকটবর্তী বালুরঘাট রওয়ানা হই। বিকেলে বাসে বসেই রেডিওতে ঢাকায় পাক বাহিনীর আত্মসমর্পণের খবর শুনি। ১৬ থেকে ২২শে ডিসেম্বর পর্যন্ত বালুরঘাট শহরে থাকি। বাংলাদেশ সীমান্ত এলাকার রাস্তাঘাটে পাকিস্তানী মাইন পোঁতা ছিল এবং ভারতীয় বাহিনী মাইন অপসারণের কাজ চালচ্ছিল। ২২শে ডিসেম্বর মুক্তিবাহিনীর জীপে বালুরঘাট ছেড়ে নওগাঁ শহরে ফিরে আসি।

মোহাম্মদ রহমতউল্লাহ
সম্পাদক, দৈনিক জয়লাংলা' নওগাঁ
জুন, ১৯৮৪।

অধ্যাপক রেহমান সোবহান

My direct involvement with the Liberation struggle dates from after the election to the Pakistan National Assembly in December 1970. However prior to that, along with other economists from Bangladesh I had been drawn into the Bangladesh nationalist struggle as far back as a decade ago. The Bengali economists had been in the forefront in identifying the extent of the economic deprivation of Bangladesh as a result of the domination of the Pakistani state by a ruling elite based in West Pakistan. Throughout the 1960's I had occasion to articulate my views in various public forums and in professional and popular publications on the subject of regional disparity and the need to view Pakistan in terms of two economies. These views received Widespread publicity and earned the writer, along with other of his colleagues, considerable notoriety in the eyes of the Pakistani ruling class.

The views of the Bengali economists were vigorously and directly communicated to policymakers in Pakistan through our involvement in various seminars and committees. The seminar of the Second Five Years Plan in Rawalpindi in 1960 in which I participated along with Prof. Nurul Islam, the East Pakistan panel of Economists on the Second Plan in the same year, where Professors Akhlaqur Rahman, Mosharaf Hossain and myself were associated; the First Finance Commission in 1961, where Prof. Nurul Islam was a member and I was an adviser to the East Pakistan members; the panel of Economists on the Third Plan in 1965 where Mosharaf Hossain and myself were members; the Fourth five Year Plan in 1970 where Professors Mazharul Haq, Nurul islam, Akhlaqur Rahman, Anisur Rahman and myself were members; these were all occasions where sharp contradictions on economic policy were evident and bitter exchanges took place, between East wing economists and the planners and policymakers of Pakistan. In 1969-70 in my capacity as Executive Editor of the weekly Forum I had occasion to publicize my views to the public on the subject of the deprivation of Bangladesh and to also engage in a

number of publicized confrontations with the CMLA of that time, General Yahya Khan, and with his principal economic advisor Mr. M. M. Ahmed.

The research and public position on the rights of Bangladesh taken up by the Bengali economists inevitably drew them into more active association with the political struggle for Bengali nationalism. Some of us were frequently consulted by the political leadership of the nationalist movement of economic issues. The 6 point programme of the Awami League was influenced, by our writing, though as far as I am aware no economists actually participated in its preparation. At the time of the Round Table Conference in Pindi in early 1969. Bangabandhu Sheikh Mujibur Rahman, drew upon the services of prof. Nurul Islam, Prof. Anisur Rahman and Prof. Wahidul Haq to advise him in the preparation of the memorandum he presented to the confedence. In the summer of 1970, prof. Nrul Islam, Prof. Anisur Rahman Dr. A. R. Khan, Dr. Swadesh Bose, Dr. Hasan Imam and myself met in Karachi with Dr. kamal Hossain to draw up the Awami League election manifesto. Its radical orientation and analytical content owes in some measure to the efforts of this group.

Up to December 1970, however, our contribution was still spasmodic. However immediately after the massive electoral victory of the Awami Leaguer in December, 1970, Bangabandhu decided to move ahead with the task of framing a viable constitution which fully incorporated the provisions of the 6 point programme in which the Awami League had fought its election camping. he wanted to discuss in detail the implications of putting such a constitution into operation so that the 6 point programme could be taken beyond the level of election rhetoric and be presented at the negotiating table and to the National Assembly as a seriously thought out and workable constitutional programme for the country.

In the months after the election a series of meeting were convened by Bangabandhu to discuss the constitution. These meeting were attended by the high command of the Awami League made up of the Tajuddin Ahmed, Nazrul Islam, Capt. Monsoor Ali, Qamrzzaman and Khondhar Mushtaq Ahmed and by Dr. Kamal Hossain, Prof. Nurul Isam, Prof. Muzaffar Ahmed Chowdhury, prof. Sarwar Murshed, Prof. Anisur Rahman and myself. In these days long and intensive discussion, usually held in a house on the banks of the Buriganga, the academic participants, including Dr. Kamal Hossain played the most active role. However Tajuddin Ahmed was quite as fertile in his contribution as any of the academics demonstration deep political insight dialectical skill and an extraordinary capacity to absorb and break down complicated technical issues to their basic essentials. Bangabandhu was himself an active participant giving us the benefit of his political experience and shrewd commonsense. By the time the group had finished their exercise, the Awami League had a constitutional draft and a fully worked out negotiating position for any future political dialogue which may have ensued.

In order to ascertain if any of the leading political parties in West Pakistan had given any serious thought to the constitution or had decided to take the 6 points seriously I was requested by Bangababdhu and Tajuddin Ahmed to pay an informal Visit to West Pakistan in January 1971. During this visit in Lahore I met separately with Dr. Mubasher Hasan and with Mian Mahmud Ali Qasuri of the PPP who were meant to be the leading

brains of the party. Neither gave me the impression that they had given any serious thought to the task of constitution making and had little to offer but rhetorical pestering on the subject of national unity. I was interested to learn after liberation that some of my remarks made in conversation with Qasuri were subsequently passed on by him to Pakistan Military Intelligence who used them in their subsequent interrogation of Dr. Kamal Hossain when he was held in custody by them during the liberation war.

When I moved from Lahore to Karachi I had extensive discussions with Barrister Rafi Raza who was then functioning as the constitution adviser to Mr. Bhutto. From my talks with Raja I learnt that he had been entrusted by Bhutto with formulating the constitutional position of the PPP for the forthcoming assembly session. In practice, he had done little work on this largely because Bhutto was himself disinclined to go into the fine points of constitution making. Discussions with one of Bhutto's principal lieutenants, Abdul Hafeez Peerzada, confirmed this point. On my return to Dhaka I could this report to Bangabandhu that the PPP was far from prepared for serious constitutional discussions.

This point was fully confirmed when the Bhutto accompanied by PPP entourage visited Dhaka at the end of Janrary 1971. From what I learnt of these talks from Tajuddin Ahmed, the PPP were more interested in their share of power rather than to discuss the implications of implementation a constitution based on 6 Points. During the PPP visit to Dhaka I had discussions with Rafi Raza and Mubasher Hasan and also with some of the PPP radicals such as Mehraj Mohammed Khan. Discussions tended to revolve around Quasi philosophical issues rather than specifics. Others are better equipped than me to give the details, of the PPP-Awami League talks though some of the principal protagonists have now been eternally silenced. My own impressions were that neither the PPP nor Yahya Khan had made any effort prior to March 1, 1971 to define a serious negotiating position on the subject of 6 Points. As far as I know, no discussion ever took place between the Awami League and any of the political leadership of West Pakistan on the concrete problems involved in implementing 6 points, when detailed discussions did get underway at 5 Minutes to midnight, in March of 1971, the constitutional issue had moved beyond 6 Points and the Generals had already decided to settle the issue by blood and fire.

In the tense period prior to March 1, I put some to the concerns indicated above into print in my writings for Forum. In this I tried to spell out in more explicit terms the implications implementation 6 Points and the issues at stake for the political leadership in West Pakistan. The universal theme of my writings in the columns of Forum was that the 6 Points were the last chance for a political realization to the Pakistany crisis. Beyond this lay the path of mass struggle and independence for Bangladesh. Few Bangalis at that time retained any sentimental attachment to the Pakistan concept. The only question appeared to be whether the parting of the ways would emerge through a process of constitutional evolution or through armed confrontation.

The decision by President Yahya Khan on March 1st, 1971 to postpone the meeting of the constituent Assembly in my mind marked the watershed which constitutes the political independence of Bangladesh. The non cooperation movement which was

initiated on that day throughout Bangladesh, at the call of Bangabandhu, Sheikh Mujibur Rahman, Repudiated the political authority of the Pakistan government within the territory of Bangladesh. This political authority was never again restored. All subsequent attempts by the Pakistan government after March 26, 1971 to restore their authority were seen by the masses of Bangladesh as acts of usurpation by foreign military occupation power.

The totality of the success realized by the call for non-cooperation immediately created a crisis for maintaining essential civic and economic services within Bangladesh. Once the entire labor force, administration and law enforcing authorities had answered Banababdhu's call for noncooperation the writ of the Pakistan Government in Bangladesh quite literally ceased to run outside the military cantonments. This vacuum had to be filled if social life in the country was not to break down completely. Bangabandhu had therefore assumed both political and administrative authority throughout the country once Yahya had ordered the Pakistan army to withdraw into the cantonments on 6 March 1971, From This day on Bangladesh assumed self rule for the first time since the Battle of Plessey in 1757.

The grant will be operated by a Committee for Assistance to Bangladesh Intellectuals format for the purpose by the LACF office in India .the Committee consists of Mr . Justice S.A. Masud of Chancellor of Chittagong University, Professor Syed Ali Ahsan, Head of the Department of Bengali in Chittagong University and former Director of the Bengali Academy in Dacca, professor A .B . Shah , Director of Programmes of the LACF in India , Mr .Sushil Bhadra, Mr Sushil Mukherjea , social workers from Calcutta .

The Committee has already provided ad hoc financial assistance to 25 scholars from Bangladesh and is preparing a comprehensive list of others who have emigrated to India . The Committee is also trying to persuade some of the Indian Universities to offer

temporary assignments to Bangladesh scholars and secure the cooperation of India publishers to facilitate the publication of their manuscripts .

The Committee is also sponsoring a special issue of Quest, the well know intellectual and cultural journal , to be edited by Dr. A R Mullick and professor Syed Ali Ahsan .

Scholars , Writers and intellectuals from Bangladesh are requested to contact Mr. Sushil Mukherjea at the Committee's office at p 542 Raja Basanta Roy Road , Calcutta 29.

sd / - A. B. Shah
Director of Progammes , India .

এ সময় মিসেসী লী থ (Lee Thaw) নামক এক ভদ্রমহিলা কোলকাতায় আসেন এবং ওবেরয় গ্রাণ্ড হোটেল অবস্থান করেন। তিনি ছিলেন আন্তর্জাতিক উদ্বাস্তু সমিতির (International Refugee Organisation) প্রতিনিধি। তিনি লোককদের জন্য কিছু সাহয্য এনেছিলেন। তার অর্থদানের পাত্র ছিল সৃষ্টিধর্মী লেখক, শিল্পী এবং সাংবাদিক। ৫-৭-৭১ তারিখ আমি মিসেস থ কর্তৃক অনুরুদ্ধ হয়ে লেখক এবং সাংবাদিকদের একটি তালিকা তাকে প্রদান করি। সে তালিকা অনুসারে যারা পূর্বের সাহায্য সংস্থা থেকে কিছু পাননি এবং সৃষ্টিশীল লেখক, শিল্পী এবং সাংবাদিক তাদের মধ্যে এ অর্থ বিতরণ করা হয়েছিল। প্রথম পর্যায়ে ১১জন লেখক, শিল্পী এবং সাংবাদিককে ৫হাজার ৮শত টাকা দেয়া হয়েছিল এবং পরবর্তী পর্যায়ে ২২হাজার ৫শত টাকার জন্য অনুরোধ জানানো হয়েছিল। যারা সাহায্য পেয়েছিলেন তাদের মধ্যে শিল্পী কামরুল হাসান, জহীর রায়হান, অভিনেত্রী সুমিতা এবং আরো অনেক ছিলেন। তবে একটি কথা এখানে না বললে অন্যায় হবে তা হচ্ছে লেখক ও সাংবাদিক ফয়েজ আহমদ প্রথমে সাহায্য নিয়েছিলেন কিন্তু পরে তার চেয়ে ও দুঃস্থ কোন লেখক এবং সাংবাদিকের আনুকূল্যে অর্থ প্রত্যাখ্যান করেছিলেন।

এ সময়ে আরেকটি আন্তর্জাতিক সাহায্য সংস্থা কোলকাতায় উপস্থিত হয়। উক্ত সংস্থা বাংলাদেশ মিশনের প্রধান হোসেন আলীর সংগে যোগাযোগ করেন। এই সংস্থার নাম ছিল International Rescue Committee সংক্ষেপে I. R. C । উক্ত প্রতিষ্ঠান মূলতঃ ইহুদীদের প্রতিষ্ঠান ছিল। দ্বিতীয় মহাযুদ্ধের সময় ইউরোপ থেকে যে সমস্ত ইহুদী পালিয়ে আমেরিকায় আশ্রয়ের জন্য উপস্থিত হয়েছিলেন, মূলতঃ তাদের সাহায্যের জন্য এ সংস্থাটি গড়ে ওঠে। আমাদের দুর্দশার সময় সংস্থাটি যখন কোলকাতায় আসে তখন এদের পশ্চাদভুমি সম্পর্কে আমাদের কোন ধারণা ছিল না। যাই হোক, জনাব হোসেন আলী এ সংস্থার সংগে ডঃ মল্লিকের যোগসূত্র ঘটিয়ে দেন এবং তিনি বাংলাদেশ বুদ্ধিজীবী সকলের সংগে পরামর্শ করে এই অর্থ বরাদ্দ করবার ব্যবস্থা করেন। এই অর্থ সাহায্য পাবার ফলে আমরা বাংলাদেশের মুক্তিযুদ্ধের সকল প্রকার সংবাদ সংগ্রহ এবং সংরক্ষণের জন্য বাংলাদেশ আর্কাইভস নামক একটি প্রতিষ্ঠান গড়ে তুলতে সক্ষম হই । আর্কাইভস- এর পৃষ্ঠপোষক হয়েছিলেন ডঃ মল্লিক এবং আমি সভাপতি হয়েছিলাম। মোট ১৬ জন ব্যক্তি আর্কাইভস- এর কর্মপরিচালনায় নিযুক্ত হয়েছিলেন। এদের মধ্যে অধিকাংশই ছিল বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং কলেজের ছাত্র এবং আমার সহকারী হিসাবে আর্কাইভস - এর প্রধান দায়িত্বে ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলার অধ্যাপক আবু জাফর (বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক)। আর্কাইভস ভারতীয় এবং বিদেশী সংবাদপত্রে বাংলাদেশ সংক্রান্ত যে সমস্ত খবর প্রকাশিত হত তা সংগ্রহ করতো। এই সংগৃহীত তথ্যাদি নথিবদ্ধ করে একটি হওয়ার পর আমি বাংলাদেশ সরকারের আর্কইভস - এ দিয়ে দিয়েছি। আর্কাইভস এর পক্ষ থেকে একটি রেফারেন্স লাইব্রেরী সার্ভিস প্রতিষ্ঠার চেষ্টা নেয়া হয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত অর্থের অভাব এ পরিকল্পনাটি কার্যকর হয়নি। ডঃ মযহারুল ইসলাম আই আর সি- র কাছ থেকে একটি অনুদান নিয়েছিলেন বাংলাদেশ থেকে আগত এবং বিভিন্ন ক্যাম্পে অবস্থানরত

বিবিধ আঞ্চলিক জনগোষ্ঠীর কাছ থেকে ''লোকলোর ''সংগ্রহের জন্য । এই লোকলোর সংগ্রহের কাজে মযহারুল ইসলামকে সাহায্য করেছিলেন অধ্যাপক সুনীল কুমার মুখোপাধ্যায়।

এ সময় কোলকাতায় বিখ্যাত ভারতীয় ঐতিহাসিক ডঃ রমেশ চন্দ্র মজুমদার বাংলাদেশ তথ্যানুসন্ধান কমিটি নামে একটি কমিটি গঠন করেন। উক্ত কমিটির সম্পাদক ছিলেন শ্রী শৈবালকুমার গুপ্ত । মূলতঃ এই কমিটির উদ্দেশ্য ছিল পূর্ব পাকিস্তান থেকে হিন্দুকে সম্পূর্ণ নিশ্চিহ্ন করে উক্ত দেশকে পুরোপুরি ইসলামী দেশ বানানো । তাঁর মুদ্রিত প্রশ্নাবলীর একটি প্রশ্ন ছিল ''বাছিয়া হিন্দুদের নির্বিচারে হত্যা, গৃহদাহ ও লুণ্ঠনের পরিকল্পনা ছিল এমন অনুমান করিবার সংগত কারণ আছে কি? হিন্দু সম্পত্তি লুঠ হইয়া থাকিলে কাহারা করিয়াছে''? আমার সংগে সে সময় ডঃ রমেশ মজুমদারের যোগাযোগ হয় এবং আমি তাঁর এই তথ্যানুসন্ধান ব্যাপারে দুঃখ প্রকাশ করি। সৌভাগ্যের বিষয় বাংলাদেশ থেকে উদ্বাস্তু হয়ে যারা চলে এসেছিলেন এমন সব হিন্দুরা ডঃমজুমদারের সাম্প্রদায়িক অনুসন্ধানের প্রতিবাদ করেছিলেন। তাঁরা পরিষ্কার জানিয়ে দিয়েছিলেন যে, তৎকালিন পূর্ব পাকিস্তান থেকে যারা অত্যাচার হয়ে ভারতে আশ্যয় নিয়েছে তারা হিন্দু ও নয়, মুসলমান ও নয়, তারা বাংলাদেশী এবং সকল বাংলাদেশী সম্মিলিত ভাবে স্বাধীনতা আন্দোলনে জড়িত। শেষ পর্যন্ত ডঃ রমেশ মজুমদার তাঁর সাম্প্রদায়িক অনুসন্ধান তৎপরতা বন্ধ করতে বাধ্য হন। এখানে একটি কথা বলে রাখা ভাল যে ডঃ মজুমদারের লোকেরা ক্যাম্পে অবস্থানরত সাধারণ হিন্দুদের সাক্ষাৎকার নিয়েছিলেন, তারা বুদ্ধিজীবীদের কাছে আসেননি এবং তারা সাধারণ হিন্দুরাই সাম্প্রদায়িকতার বিরুদ্ধে তাদের বক্তব্য রেখেছিলেন।

২৩শে জুলাই আমি বাঙালোর শহরের গান্ধী স্মারক নিধির আমন্ত্রণক্রমে বাঙালোরে যাই এবং সেখানে চার দিন অবস্থান করি। বাঙালোর এবং মহীশুরে আমি বাংলাদেশের সংস্কৃতি এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের ওপর মোট দশটির মত বক্তৃতা করি। বাঙালোরে গান্ধী স্মারক নিধির প্রচেষ্টায় বাংলাদেশ রিলিফ কমিটি গঠিত হয়েছিল এবং তারা বাংলাদেশের জন্য কিছু অর্থ সাহায্য করেছিলেন।

১লা আগস্ট তারিখে ইন্দো-সোভিয়েত কালচারাল সোসাইটি বাংলাদেশের ওপর একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে আমি প্রধান অতিথি ছিলেন এবং ঔপন্যাসিক নরেন্দ্র নাথ মিত্র সভাপতি ছিলেন ।

১৪ থেকে ১৬ই আগস্ট দিল্লীতে জয় প্রকাশ নারায়ণ বাংলাদেশর ওপর আন্তর্জাতিক সেমিনার আহ্বান করেন উক্ত সম্মেলনের উদ্দেশ্য ছিল বাংলাদেশের স্বাধীনতার যর্থাথ্য বিশ্ববাসীর কাছে প্রমাণিত করা। উক্ত সম্মেলনে বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসাবে ডঃ মল্লিকের নেতৃত্বে দশজন সদস্য দিল্লীতে এসেছিলেন। এদের মধ্যে আমি ছিলাম, ডঃ সারওয়ার মুর্শেদ ছিলেন, ডঃ স্বদেশ বোস, ডঃ মোতিলাল লাল, মিঃ ওসমান, জামাল, মিঃ সাদেক খান, মিঃ মওদুদ আহমদ, মিঃ আলমগীর কবীর ছিলেন।

সেপ্টেম্বর মাসের ১১তারিখ বিখ্যাত আমেরিকান অর্থনীতিবিদ এবং ভারতে যুক্তরাষ্ট্রের প্রাক্তন রাষ্ট্রদূত প্রফেসর গলব্রেইথ বাংলাদেশের বুদ্ধিজীবীদের সঙ্গে সাক্ষাৎ করেন। তাঁরই অনুরোধক্রমে এই সাক্ষাৎকারের ব্যবস্থা হয়। সার্কাস এভিনিউতে বাংলাদেশ মিশনে সাক্ষাৎকারটি ঘটে। উক্ত অনুষ্ঠানে ডঃমল্লিক, ডঃ সারওয়ার মুর্শেদ, ডঃআনিসজ্জামান এবং আমি উপস্থিত ছিলাম। সম্ভবতঃ আরো কয়েকজন ছিলেন আমরা এখন তাঁদের নাম স্মরণ নেই। গলব্রেইথ সাহেব বাংলাদেশ থেকে আগত বুদ্ধিজীবী এবং ছাত্রদের জন্য একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনা পেশ করেন । আমরা বিনয়ের সংগে তাঁর প্রস্তাব প্রত্যাখান করি । আমরা তাঁকে সবিনয়ে কিন্তু দৃঢ়তার সংগে জানাই , আমাদের উদ্দেশ্য হচেছ স্বাধীনতাযুদ্ধে জয়লাভ করা এবং স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করা, আমাদের উদ্দেশ্য স্থায়ীভাবে বিদেশে পুনর্বাসন নয় । যখন গলব্রেইথ সাহেব আমাদের সামনে এ প্রস্তাব উপস্থিত করেছিলেন সে সময় আমেরিকার হারভারড বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ বিষয় একটি কমিটি

গঠিত হয়। উক্ত কমিটির নাম ছিল HARVARD SUMMER SCHOOL COMMITTEE EAST PAKISTAN REFUEES। এখবরটি প্রকাশিত হয় The Harvard Crimson নামক পত্রিকার ৩০ শে জুলাই সংখ্যায়।

২৯ আগস্ট থেকে ৭সেপ্টেম্বর পর্যন্ত কোলাকাতায় মহাজাতি সদন ভবনে বঙ্গ সংস্কৃতি সম্মেলনের সপ্তদশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ময়মনসিংহ - এর লোকগাথা অবলম্বনে কবি চন্দ্রবতী নামক একটি নৃত্যনাট্য পরিবেশিত হয়। এ অনুষ্ঠানে অবনীন্দ্র জন্মশবার্ষিকী ও অনুষ্ঠিত হয়। আমি প্রধান অতিথি হিসেবে ২৯ আগস্ট বঙ্গ সংস্কৃতি সম্মেলন উদ্বোধন করি । উক্ত সম্মেলনের সভাপতি ছিলেন আনন্দ বাজার পত্রিকার সম্পাদক এবং বিশেষ অতিথি ছিলেন উপাচার্য ডঃ অম্লান দও।

এ সময় হার্ভার্ড গ্রুপ- এর পক্ষ থেকে অর্থনীতিবিদ গুস্তাভ পাপানেক কোলকাতায় আমার সংগে যোগাযোগ করেন এবং কয়েকদিন বিস্তারিত আলোচনার পর একটি প্রস্তাব ফোর্ড ফাউণ্ডেশন এর কাছে পেশ করেন। প্রস্তাবটি মেমোরেণ্ডাম আকারে ছিল এবং নাম ছিল 'The longer term problem of Bengali refugee Intellectuals'। মেমোরেণ্ডামে পাপানেকের স্বাক্ষরের তারিখ হচ্ছে ১লা জুলাই ১৯৭১ । পাপানেকের এই প্রস্তাব শেষ পর্যন্ত কার্যকর হয়নি। শুধু উচ্চতর গবেষণার জন্য বাংলাদেশের দু' জন শিক্ষককে তিনি আমেরিকার অধ্যয়নের বৃত্তি দিতে সক্ষম হন। পাপানেক তাঁর মেমোরেণ্ডাম ফোর্ড ফাউণ্ডেশনের জর্জ জাইগেনষ্টাইন-এর কাছে পাঠিয়েছিলেন।

কোলকাতায় ওরিয়েন্ট লংগম্যানস এ সময় 'বাংলাদেশ ষ্টোরি' নামে একটি গ্রন্থ প্রকাশ করবে বলে সিদ্ধান্ত নেয়। তারা আমার সংগে যোগাযোগ করে এবং আমি তাঁদের সংগে একটি চুক্তিতে আবদ্ধ হই কিন্তু শেষ পর্যন্ত তারা গ্রন্থ প্রকাশের ব্যাপারে বেশীদূর অগ্রসর হয়নি ।আমার সাথে মেলবোর্ন বিশ্ববিদ্যালয়ের প্রফেসর জন টি মেলবুনি আমাকে অষ্ট্রেলিয়ায় আমন্ত্রণ জানান। এই আমন্ত্রণের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিনের সংগে আমার আলোচনা হয়। ১১নভেম্বরে আমি অষ্ট্রেলিয়ায় যাবার জন্য প্রস্তুত হই। কিন্তু অবশেষে পাকিস্তান ভারত যুদ্ধ আরম্ভ হওয়ায় আমি যাত্রা স্থগিত রাখি। শেষ পর্যন্ত আমার যাওয়া হয়নি। এ ক্ষেত্রে একটি কথা উল্লেখ করা দরকার যে, প্রফেসর মেলবুনি অষ্টেলিয়ার মেলবর্ণ বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ষ্টাডিজ বলে একটি ইনষ্টিটিউট স্থাপনের পরিকল্পনা করেছিলেন। এই ইনষ্টিটিউট শেষ পর্যন্ত হয়নি।

বিখ্যাত ফরাসী সংবাদপত্র La Monde (লা মঁদ) এ সময় আমার সংগে যোগাযোগ করে এবং জানায় যে তারা বাংলাদেশের কবিতার ওপর একটি বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করবে। ১০ডিসেম্বর ১৯৭১ সালের সংখ্যায় লা মঁদ বাংলাদেশের কিছু কবিতার অনুবাদ এবং আলোচনা পত্রস্থ করেন। সেখানে আমার 'প্রতিদিনের শব্দ' কবিতার ফরাসী অনুবাদ মুদ্রতি হয়েছিল। বোম্বই এর Quest পত্রিকা বাংলাদেশ সংখ্যা প্রকাশ করে। উক্ত সংখ্যায় আমার একটি আলোচনা ছিল এবং একটি কবিতা ছিল। আমার প্রবন্ধটি ছিল মুক্তিযুদ্ধের ওপর এবং বাংলাদেশের জনগনের স্বাধীনতার আগ্রহ এবং তাৎপর্যের ওপর।

সবশেষে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কথা না বললে আমার বক্তব্য অসম্পূর্ণ থাকবে। আমি স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে নিয়মিতভাবে 'ইসলামের দৃষ্টিতে' এই নামে কতকগুলি কথিকা প্রচার করি। উক্ত কথিকাগুলোর মধ্যে আমি কোরান শরীফ এবং হাদীস থেকে উদাহরণ উপস্থিত করে প্রমান করার চেষ্টা করেছিলাম যে' বাংলাদেশের জনগনের প্রতি পাকিস্তানীদের আচরণ সর্বতোভাবে ইসলামবিরোধী। আমার আলোচনাগুলো জনপ্রিয় হয়েছিল বলে শুনেছি এবং বাংলাদেশের মানুষ সেগুলো শুনেছেন এবং উৎসাহিত বোধ করেছেন। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে আমি কবিতাও পাঠ করেছি। আমাদের স্বাধীনতা সংগ্রামে এই বেতার কেন্দ্রের দান যথেষ্ট। শুধুমাত্র উচ্চারিত বাণীর সাহয্যে মানুষের চৈতন্যকে যে উদ্বুদ্ধ করা যায় তার প্রমাণ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র দিয়েছিল।

আমি স্বাধীনতার সংগে সংগে দেশে ফিরতে পারিনি। তখন সকলেই দ্রুতগতিতে দেশমুখী হচ্ছিলেন তাই ইণ্ডিয়ান এয়ার লাইন্স এ পর্যায়ক্রমে সকলের ব্যবস্থ হয়েছিল। আমি জানুয়ারি মাসের ১১তারিখে দেশে ফিরেছি। দেশে ফিরে মনে হয়েছিল একটি নতুন প্রত্যুষে আমি যেন নতুন সূর্যোদয় দেখেছি। ঠিক সেই মুহুর্তের মানসিক অবস্থার কথা ব্যাখ্যা করতে পারব না। একটি নতুন চৈতন্যের প্রান্তরে আমি নিজকে উপস্থিত দেখে অভিভূত হয়েছিলাম।

সৈয়দ আলী আহসান
১৯এপ্রিল , ১৯৮৪

ডঃ অজয় রায়

২৫ শে মার্চের কাল রাত্রিতে ইয়াহিয়ার সামরিক চক্রের চাতুরিতে ঢাকায় শিল্পী কামরুল হাসান অঙ্কিত ইয়াহিয়ার জানোয়ার মুখ উন্মোচিত হল। শুরু হল অপারেশন সার্চলাইট, হল নয় মাসব্যাপী গণহত্যাযজ্ঞের উদ্বোধন- বাংলার রক্তে, বাঙালীর রক্তে।

কামান, মর্টার আর মেশিনগানের বিকট কানফাটা গর্জনে সে রাত্রে ঘুম ভেঙ্গে গিয়িছিল। প্রচণ্ড শব্দে ভেঙ্গে গিয়েছিল জানালার কাঁচ। আর্ত মানুষের অসহায় চীৎকারকে ছাপিয়ে সারারাত ধরে শুনছিলাম আগ্নেয়াস্ত্রের শব্দ, ট্রাক ও ট্যাঙ্কের পদাচরণ ধ্বনি। শঙ্কিত চিত্তে আমরা অপেক্ষা করছিলাম যে কোন মুহুর্তে পৈশাচিক বাহিনীর উপস্থিতি। বুঝতে কষ্ট হয়নি সারারাত ধরে কিসের হোলি উৎসব- কাদের রক্তে ঢাকার রাজপথ পরিণত হচ্ছে রক্ত নদীতে।

যা আমরা আশঙ্কা করেছিলাম অবেশেষে তাই ঘটল। সারাদেশের সাথে আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজ ও অপেক্ষা করছিলাম উদ্বেগব্যাকুল চিত্তে ইয়াহিয়া মুজিবের আলোচনার ফলাফল। অসহায়ভাবে লক্ষ্য করছিলাম ইয়াহিয়া সরকারের সামরিক অভিযানের প্রস্তুতি। আমরা আশঙ্কা করছিলাম এ ধরেনের এক ভয়ংকর পরিস্থিতি, অনুমান করেছিলাম আসন্ন গণহত্যার পূর্বাভাষ। তাই মার্চের ২২/২৩ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজ ও দেশের বুদ্ধিজীবীদের পক্ষ থেকে গণহত্যার পূর্বাভাষ জানিয়ে আমরা প্রেরণ করেছিলাম জরুরী বার্তা ইউ, এন ও-র সেক্রেটারি জেনারেল ও বিশ্বের অন্যান্য নেতৃবর্গের কাছে। আমাদের আশঙ্কা অমূলক ছিল না।

সে রাত্রে পাকিস্তানের বীর জোয়ানেরা কত বাংগালীকে হত্যা করেছিল তার সংখ্যা হত্যাকারীরা ও বলতে পারবে না। শুধু এটুকু জানি- রাজারবাগে শত শত পুলিশ প্রতিরোধ যুদ্ধে প্রাণ দিয়েছে, প্রাণ দিয়েছে নীলক্ষেত কমলাপুর এলাকার শত শত বস্তিবাসী, আত্মাহুতি দিয়েছে জগন্নাথ হল ও ইকবাল হলের অসহায় ছাত্ররা, রাস্তার অসহায় নিরস্ত্র মানুষ আর রাস্তায় রাস্তায় বেরিকেড তৈরীরত শত শত সাধারণ মানুষ ও অকুতোভয় শ্রমিকেরা।

সব রাতের শেষ আছে। ২৫ শে মার্চের কালরাত্রিও এক সময় পোহাল। দূরাগত আজানের ধ্বনি ভেসে আসল। না- ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদ থেকে সেদিন আজানের ধ্বনি উচ্চরিত হয়নি সাহস পাননি নামাজের আহ্বান জানাতে ধর্মপ্রাণ মুয়াজ্জিন। যেন মনে হল দূরাগত ঐ আজানের ধ্বনি মধ্যে সারা বাংলাদেশের কান্না ঝরে পড়ছে। এমন বিষদ আর ক্রন্দনময় আজান ধ্বনি জীবনে শুনিনি।

রাত পোহাল, সকাল হল, ২৬শে মার্চের সকাল। সূর্যদেব কি সেদিন আমাদের সাথেও কেঁদেছিল, না রোষে গর্জন করে ছড়িয়েছিল দাবাগ্নি! পর্দা সরিয়ে দেখলাম আমাদের এলাকায় বেশ কিছু সশস্ত্র বাহিনীর লোকদের উপস্থিত। দেখলাম মাঠের এককোণে জড় করা কয়েকটি মৃতদেহ, চোখের সামনে টেনে নিতে দেখলাম পাশের

ভবনে একতলার অধিবাসী মুকতাতিদরের মৃতদেহ। কর্কশ কণ্ঠে নির্দেশ এল এলাকাবাসীদের প্রতি- অবিলম্বে কালপতাকা আর বাংলাদেশের পতাকা নামিয়ে ফেলার। হঠাৎ লক্ষ্য করলাম জনৈক সৈনিক আমাদের ভবন শীর্ষ লক্ষ্য করে গুলি ছুড়ল। ভবনটি কেঁপে উঠল। মনে পড়ে গেল আমাদের ভবন শীর্ষেও বাংলাদেশের পতাকা উড়ছে, ছেলেরা ২৩ মার্চ তারিখে উত্তোলন করেছিল আর নামায়নি। অতি সন্তর্পণে মিলিটারীর চক্ষু এড়িয়ে ছাদে উঠে হামাগুড়ি দিয়ে পতাকাকে ধীরে নামিয়ে আনলাম। মুহুর্তে চিত্ত বেদনায় উদ্বেলিত হয়েছিল। ভেবেছিলাম এই পতাকা কি আবার কোনদিন তুলতে পারব।

দেখলাম বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক ডঃ মুর্তজাকে দিয়ে ও আরও কয়েকজনকে দিয়ে আমাদের ভবনের দিকে এল। আতঙ্কে অপেক্ষা করছিলাম যে কোন মুহুর্তে মৃত্যুদূতের আগমন। নীচের তলায় লোকজন ছিল না কিছুক্ষণ দরজায় লাথি মারল, সৌভাগ্য ওরা চারতলা পর্যন্ত উঠে এল না। একটু পরে লাশগুলি নিয়ে আমাদের উদ্দেশে পুনর্বার সাবধানবাণী উচ্চারণ করে ওরা স্থান ত্যাগ করল । আমরা বাচঁলাম।

রেডিওতে ঘোষিত হল, অবাঙালী কণ্ঠে, কর্কশ আর ভাংগা বাংলায় , সারাদেশ কঠোরভাবে সান্ধ্য আইন বলবৎ করা হয়েছে, রাস্তায় বা ঘরের বাইরে দেখা মাত্র গুলি করা হবে। পাকিস্তানের দেশপ্রেমিক সেনাবাহিনী প্রতিরোধ আন্দোলনকে ভেংগে গুঁড়িয়ে দিয়েছে। ম্লান মুখে সহধর্মিণী পাশে এসে দাঁড়াল। উদ্বেগ ব্যাকুল স্বরে জিজ্ঞেস করল 'বঙ্গবন্ধুর' খবর কি? কি জবাব দেব! আমি ও ভাঁবছিলাম তার কথা। পেরেছেন কি নিজেকে বাঁচাতে? নিরাপদ স্থানে সরে গিয়েছেন কি! ভাবছিলাম অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দের কথা, ছাত্র নেতাদের কথা। পরে সন্ধ্যায় শুনলাম পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়ার রেডিও ভাষণ- সমগ্র পরিস্থিতির জন্য বাংগালী, আওয়ামী লীগ ও বঙ্গবন্ধুকে দায়ী করে কুৎসিৎ ও অশালীণ ভাষায় আক্রমণ করলে। সেদিন বঙ্গবন্ধুকে দেশদ্রোহী, বিশ্বাসঘাতক আখ্যা দিয়ে স্বয়ংসিদ্ধ প্রেসিডেন্ট কর্কশ কণ্ঠে উচ্চারণ করেছিলেন The man and his party are enemies of Pakistan He had attacked the solidarity and integrity of Pakistan this crime will not go unpunished'' সেই কণ্ঠ এতদিন পরে আজ ও আমার কর্ণে ধ্বনিত হয়।

এত নিরাশার মধ্যেও আশার আলোর ঝলকানি বয়ে আনল 'আকাশবাণী'- ভেসে এল রেডিও তরংগে মধুর আশ্বাসবাণী ''সোনার বাংলা আমি তোমায় ভালবাসি'। আকাশবাণী জানাল পূর্ব পাকিস্তানে গৃহযুদ্ধ শুরু হয়ে গেছে। ঢাকার আশেপাশে, রংপুর, দিনাজপুর ,কুষ্টিয়া, য়শোর, চট্টগ্রামে পাকিস্তানী সৈন্যদের সাথে বাঙালী মুক্তিফৌজের যুদ্ধ চলছে। রাত্রে বিবিসি ও ভয়েস অব আমেরিকা ও শোনাল একই বার্তা। এত ভয়ঙ্কর পরিস্থিতিতে ও আশ্বস্ত হলাম, না,বাঙালী রুখে দাঁড়িয়েছে । মুক্তিযুদ্ধ, স্বাধীনতার যুদ্ধ শুরু হয়ে গেছে।

পরদিন ২৭শে মার্চ। কয়েক ঘণ্টার জন্য সান্ধ্য আইন শিথিল। ভীতসন্ত্রস্ত চিত্তে ছুটে গেলাম জগন্নাথ হলে ছোট ভাই বাবুর খোঁজ। বাবু বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্র লীগের একজন সক্রিয় কর্মী। সারা হল এলাকা জনশূন্য-হল ভবনগুলি বিধ্বস্ত, অগ্নিদগ্ধ, রক্তাপ্লুত। নরমেধযজ্ঞের সাক্ষ্য হিসাবে তখন ও সিঁড়িতে, ছাদে, বিভিন্ন কক্ষে এখানে সেখানে পড়ে রয়েছে গুলিবিদ্ধ, বেয়োনেটবিদ্ধ অসংখ্য ছাত্রদের লাশ। রক্ত, মৃতদেহ আর বারুদের গন্ধে বাতাস ভরপুর। সামনে মাঠে সদ্যখাদিত এক গণকবর- অনেকেরই হাত পা বেরিয়ে রয়েছে। তখনকার মনোভাব আজ আর বুঝাতে পারবো না কেমন একটা আচ্ছন্ন ও মোহগ্রস্ততার মধ্য দিয়ে পায়ে পায়ে এগিয়ে গেলাম বাবুর দোতালার ঘর পর্যন্ত। সারা ঘর বিপর্যস্ত রক্তাক্ত। পেলাম না তার মৃতদেহ সন্ধান। বুঝলাম বাবু আর ও অনেকের সাথে গণকবরের অভ্যন্তরে শায়িত।

দেখা করলাম তখন ও জীবিত গৃহ শিক্ষকদের সাথে- রসায়ন শাস্ত্রের অধ্যাপক গোপাল কৃষ্ণ নাথ, জগন্নাথ হলের নরমেধযজ্ঞের একজন নীরব সাক্ষী, দেখা হল সংস্কৃতির অধ্যাপক রবীন্দ্র ঘোষ ঠাকুরের সাথে। মুখে কার ও কথা নেই, এরা সবাই দিশেহারা, স্তব্ধ, জীবন্মৃত। দ্রুত নিরাপদ স্থানে সরে যেতে বলে পথে নেমে পড়লাম। ঐ ভয়ঙ্কর পরিস্থিতিতেও বিশ্ববিদ্যালয় এলাকা- জগন্নাথ হল মিনার এলাকা, ইকবাল হল,

নীলক্ষেত এলাকা ঘুরে দেখলাম। খবর সংগ্রহ করলাম যথাসাধ্য। সব এলাকা অত্যাচারক্লিষ্ট। রমনা কালীবাড়ী, আনন্দময়ী আশ্রয়, শিববাড়ী, কোন এলাকাই রেহাই পায়নি। রেহাই পায়নি রোকেয়া হল সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর আবাস এলাকাও। বিশ্ববিদ্যালয়ের ক্লাব ভবন ও শক্তির দাপটের সাক্ষ্য বহন করেছে।

পথে পথে মিলিটারী- চোখ চোখ তাদের দানবীয় দৃষ্টি। দৃষ্টিতে ঝরে পড়েছে ঘৃণা। তার মধ্য দিয়ে ক্লান্ত- ম্লান বিষণ্ণ মুখে ফিরে এলাম বাসায়। এলাকা প্রায় জনশূন্য। সহকর্মীরা চলে গেছেন নিরাপদ আশ্রয়ের সন্ধানে। উদ্বিগ্ন মাতা, উৎকণ্ঠিতা স্ত্রী জানতে চাইলেন আমরা কোথায় যাব? বুঝতে পারছিলাম নিরাপত আশ্রয়ে চলে যাওয়া উচিত, কিন্তু কোথায় যাব? ঢাকার, বাংলাদেশের কোন স্থান আজ নিরাপদ? একবার ভাবলাম নদীর ওপারে জিঞ্জিরার দিকে যাওয়ার, যেদিকে সবাই যাচ্ছে। কিন্তু মিলিটারী চক্রব্যূহ ভেদ করে হাঁটাপথে সদরঘাট পর্যন্ত যাওয়ার ঝুঁকি অনেক, আর সেদিকের ও যেকি অবস্থা কে জানে। পরে শুনেছিলাম পলায়নপর নিরস্ত্র জনতার ওপর সদরঘাট এলাকায় নির্বিচারে গুলি করে হত্যা করেছে অসংখ্য নরনারী- এই পিশাচ বাহিনী।

বেলা বারোটার দিকে এলেন সহকর্মী অধ্যাপক রফিকুল্লাহ আমাদের খোঁজে। জানালেন তারা আশ্রয় নিয়েছে ওর বড় ভাইয়ের ওখানে- আমাদেরকেও সেখানে নিয়ে যেতে এসেছেন। আর আধ ঘণ্টার মধ্যেই পুনরাই কার্ফিউ জারী হবে, অতএব আর দ্বিধা না করে একরকম এক বস্ত্রেই গৃহত্যাগ করলাম।

সেই কাল রাত্রিতে ও পরদিন জগন্নাথ হল ও তার আশেপাশের এলাকায় যে নির্মমতম হত্যাকাণ্ড ঘটেছিল তার প্রত্যক্ষদর্শী জগন্নাথ হলের তৎকালীন ছাত্র কালীরঞ্জন শীল হলে থেকে ও সেদিন অলৌকিকভাবে বেঁচে গিয়েছিলেন।

শ্রী শীল সেই রাত্রে আত্মরক্ষা করতে সমর্থ হলে ও পরদিন সকালে মিলিটারীর হাতে ধরা পড়ে যায়। তাকে ও অন্যান্য অনেককে দিয়ে জগন্নাথ হল ও আশেপাশের এলাকা থেকে লাশ বহন করানো হয়েছিল। মিলিটারীর আনাগোনা কমলে তিনি সুইপারদের বস্তিতে একটি বাথরমে লুকিয়েছিলেন। পরে জনৈক ব্যক্তি সেখান থেকে তাঁকে উদ্ধার করে বুড়িগংগার তীরে পৌঁছে দেয়। জগন্নাথ হলে আক্রমণের আর একজন সাক্ষী ঐ হলের গৃহশিক্ষক শ্রী গোপাল কৃষ্ণনাথ।

সেদিন পচিঁশে মার্চের রাত্রিতে 'অপারেশন সার্চ লাইটের' মেঠোকর্মিরা ও অধিনায়কগণ অপারেশন সম্পর্কে অয়ারলেসের মাধ্যমে কথোপকথন করেছিলেন তা জনাব জামিল চৌধুরী (বর্তমানে বাংলাদেশ জাতীয় সম্প্রচার একাডেমীর পরিচালক) ও আর ও কয়েকজন রেকর্ড করেন।

২৭ শে মার্চ থেকে শুরু হল আমার পলাতক জীবন, আত্মগোপনের পালা। ঢাকার নানা স্থানে কখনও সপরিবারে এক স্থান থেকে অন্য স্থানে পালিয়ে বেড়িয়েছি। পরে জেনেছি বিশ্ববিদ্যালয় আবাসে একাধিকবার মিলিটারী আমার সন্ধানে গিয়েছিল। বহুবার বিপদের মধ্যে পড়েছি। তবু সাহস করে ঢাকার বিভিন্ন এলাকা ঘুরে দেখেছি সে সময়, দেখেছি ওদের অত্যাচারের নানা রুপ অসহায়ভাবে। ওদের নারকীয় কাণ্ডকারখানা আর অত্যাচার সম্পর্কে তথ্য সংগ্রহ করেছি। সেই দুঃসময়ে ঢাকার আত্মগোপনে যারা নিজেদের জীবন বিপন্ন করেও আমাকে এবং আমার পরিবারকে আশ্রয় দিয়েছিল, নানাভাবে সাহায্য করেছিল তাদের কথা কোনদিন ভুলব না। ভুলব না ডঃ আজাদের কথা, ডঃ ওবাইদুল হকের কথা, ডঃ মুর্তজার কথা, অধ্যাপক এ, বি এম হবিবুল্লাহর কথা।

অনেকবার বিপদের মধ্যে পড়েছি। একদিনের কথা বলি- দিনটি ছিল ১১ই এপ্রিল। ধানমণ্ডী আবাসিক এলাকায় এক পরিচিত বন্ধু পাট ব্যবসায়ীর ওখানে সপরিবার আশ্রয় নিয়েছিলাম কয়েক দিন আগে। বিকাল সাড়ে তিন বা চারটার দিকে একটি মিলিটারী জীপ কয়েকজন সেপাই ও অফিসারসহ বাসায় এল। আমরা উৎকণ্ঠিত ও শঙ্কাকুল চিত্তে অন্দরমহলে অপেক্ষা করছি। এই বুঝি ধরা পড়ে গেলাম। কিছূক্ষণপরে পরে ওরা চলে গেল। গৃহকর্তা জানালেন ওরা জানতে চাইল এখানে বিশ্ববিদ্যালয়ের কোন অধ্যাপক আশ্রয় নিয়েছে কিনা।

গৃহকর্তা অনেক কষ্টে তাদের বিদায় করতে সমর্থ হয়েছেন অন্ততঃ সাময়িকভাবে। তিনি আরও জানালেন আমাদের সেখানে আর থাকাটা নিরাপদ নয়। ভাবলাম আবার যদি তারা ফিরে আসে তবে সবাই বিপদে পড়ব। এদিকে বিকেল ৫টায় আবার কার্ফিউ বলবৎ হবে, নতুন আশ্রয় স্থল খোঁজার সময় নেই। বন্ধুকে জানালাম যে আজ রাতের জন্য আমার বিশ্ববিদ্যালয়ের আবাসই হবে সবচাইতে নিরাপদ স্থান,কেননা, যদি ওরা আমরা সন্ধানেই এসে থাকে তাহলে নিশ্চয় তারা ওখানে প্রথম খোঁজ করে এসেছে। ৫টার একটু আগে আমরা বিশ্ববিদ্যালয় বাসায় এসে আশ্রয় নিলাম। বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকায় তখন শ্মশানের নীরবতা, জন প্রাণী নেই, দু'একটা কুকুর কেবল ইতস্ততঃ ঘুরে বেড়াচ্ছে। কোন বাতি না জ্বালিয়ে সেই রাতে আমরা কাটালাম ভয়ে ভয়ে।ঈশ্বরকে ধন্যবাদ কোন বিপদ ঘটেনি।পরদিন আবার নতুন আশ্রয়ের সন্ধনে বেরিয়ে পড়লাম। আর একদিনের কথা- আজিমপুর এলাকায়। একটি গলির ভেতর একটি মেসে আশ্রয় নিয়েছি একা ।রাতে এগারটার দিকে বেশ হৈ চৈ- চারদিকে চুটাছুটি, বন্দুকের গুলি। কিছুক্ষণ পর বুঝা গেল সমস্ত এলাকা মিলিটারী কর্ডন করেছে ।ঘরে ঘরে তল্লাসী চলছে। মেসের অধিবাসী আমরা ক'জন আতঙ্কিত হয়ে অপেক্ষা করছি। কখন দুশমনদের আবির্ভাব ঘটে। কিন্তু আমাদের মেসে ওদের পদার্পণ ঘটেনি। পরদিন সকালে জানা গেল আশেপাশে এলাকা থেকে বেশ কয়েকজন যুবক ও ছাত্রকে তারা ধরে নিয়ে গেছে। ভাবলাম এদের মধ্যে ক'জন জীবন নিয়ে ফিরে আসতে পারবে !

২৭শে মার্চ সন্ধায় বিবিসি রেডিও অস্ট্রেলিয়ার বরাত দিয়ে জানাল যে বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছেন এবং তিনি চট্টগ্রাম রয়েছেন। অপরদিকে রেডিও পাকিস্তান ক'দিন ধরেই বলে চলেছে শেখ সাহেবকে ২৬শে মার্চ তাঁর বাসভবন থেকে গ্রেপ্তার করে পশ্চিম পাকিস্তান নিয়ে যাওয়া হয়েছে। ২৮শে মার্চ বিকেল স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মেজর জিয়ার স্বাধীনতা ঘোষণার কথা (শেখ সাহেবের পক্ষে) আমরা শুনলাম। এই দু'টি ঘোষণাই আমাদের বন্দী অসহায় জীবনে উদ্দীপনার সৃষ্টি করেছিল বলাই বাহুল্য।

প্রায় প্রতিদিন কোন কোন এলাকায় নরহত্যা সংঘটনের খবর পেতে থাকলাম। শুনলাম ২৯শে মার্চ রাত্রে শাঁখারী বাজার ও তাঁতী বাজার এলাকায় হিন্দু নরনারীদের শেয়াল কুকুরের মত হত্যা করা হয়েছে। এপ্রিলের মাঝামাঝিতে একদিন সাহস করে একা একা তাঁতী বাজার গেলাম। সেখানে আমার পূর্বপরিচিত জগন্নাথ কলেজের প্রধান ইতিহাসের অধ্যাপক নারায়ণ সাহা থাকেন তাঁর সন্ধানে। দেখলাম সারা এলাকা নিস্তব্ধ। ওর বাড়ী ফাঁকা। গলির মোড়ে এক পান বিড়ির দোকানে ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম ওদের কথা। জানাল ওরা জিঞ্জিরায় চলে গেছে। নদীর ওপারে। সে আরও জানাল যে, তাঁতী বাজার আর শাঁখারী বাজার এলাকা এখন অবাঙালীরে দখলে, অধিকাংশ হিন্দুদের পরিত্যক্ত বাড়ী ওদের দখলে। আমাকে ওদিকে যেতে নিষেধ করল।শাঁখারী বাজার এখন 'টিক্কা খান রোড'।

২৮ শে মার্চ রাত্রে কেন্দ্রীয় শহীদ মিনারকে তোপ দেগে গুঁড়িয়ে দেয় হল ।আমাদের সাংস্কৃতিক চেতনার প্রতীক আমাদের সংগ্রামের প্রতীক এখন মসজিদে রুপান্তরিত। রিক্সা করে একদিন ঐ পথ দিয়ে যাওয়ার কালে দেখলাম কারা যেন সবুজ রঙে বাংলা ও উর্দু বড় বড় হরফে লিখে রেখেছে "মসজিদ-মসজিদ"। মে মাসের মাঝামাঝি সময়ে এক রাত্রে ডিনামাইট দিয়ে ঐতিহাসিক রমনা কালী মন্দির উড়িয়ে দেয় হল ধূলিস্যাৎ করা হলেআনন্দময়ী আশ্রম। এপ্রিল মাসের প্রথম সপ্তাহে খবর পেলাম মোহাম্মদপুর এলাকার অনেক বাঙালীকে হত্যা করা হয়েছে। শোনা যেতে লাগল প্রতি রাত্রেই কোন না কোন অঞ্চল থেকে লোক নিয়ে যাওয়া হচ্ছে- এর সাথে চলছে লুটপাট, আর নারী নির্যাতন। শিশুরা ও বাদ পড়ছে না। বিশ্ববিদ্যালয়, কলেজ-স্কুলের ছাত্রীরাও নির্যাতনের শিকার হচ্ছে। সারা ঢাকা শহর ক্রমশঃ পরিণত হচ্ছে একটি বন্দিশালায়।

এর মধ্যে আর একটি বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছিল। অবাঙালীদের পাশাপাশি প্রতিক্রিয়াশীল রাজনৈতিক দলসমূহ প্রতিদিনই মিছিল ও শোভাযাত্রা বের করতে শুরু করেছে পাক বাহিনী ও সরকারের

সমর্থনে। এদের অনেকেই চট্টগ্রাম ও বাংলাদেশের অন্যান্য অঞ্চলে সংঘটিত নৃশংসভাবে তথাকথিত অবাঙালী হত্যাকাণ্ড সর্ম্পকে অতিরঞ্জিত খবর পরিবেশন ও বক্তৃতা, বিবৃতি দিতে শুরু করল। এর প্রতিক্রিয়া ঢাকাতে অনুসৃত হল আরও বাঙালী নিপীড়ন, হত্যাকাণ্ডের মাধ্যমে। শোনা যাচ্ছিল নারায়ণগঞ্জে শীতলক্ষ্যা, ধলেশ্বরী নদীতে, ঢাকায় বুড়িগংগা নদীতে প্রতিদিনই অসংখ্য লাশ একত্রে বাঁধা অবস্থা ভেসে যায়। ঢাকা অবরুদ্ধ, বাংলাদেশ বাইরের জগতে থেকে একেবারে বিচ্ছিন্ন। স্থির করলাম বাংলাদেশের প্রকৃত শাসরুদ্ধকর পরিস্থিতি সম্পর্কে, গণহত্যা সম্পর্কে বহির্বিশ্বকে যে করেই হোক জানাতে হবে। নরহত্যা ও নির্যাতন সম্পর্কে সংগৃহীত তথ্যের একটি প্রতিবেদন তৈরি করলাম উপরোক্ত মেসের একজন রুমমেটকে দিয়ে। তার অফিস থেকে গোপনে কয়েক কপি টাইপ করলাম। যে করেই হোক এই প্রতিবেদন বাইরে পাঠাতে হবে। ডঃ আজাদের সাথে যোগাযোগ করলাম তাঁর প্রতিষ্ঠানে তখন ও ২/১ জন বিদেশী রয়েছন যারা এখনও ঢাকা ত্যাগ করেননি, তবে শীঘ্রই করবেন। একদিন বিকেলে ওদের একজনের সাথে ডঃ আজাদসহ দেখা করলাম। সবকিছু জানালাম এবং এ ব্যাপারে তার সহয়তা কামনা করলাম। তিনি সানন্দে রাজী হলেন এবং কিছু ছবিও তুলেছেন। এ সবই তিনি আমেরিকায় পাঠাবার ব্যবস্থা করবেন এবং যাওয়ার সময় আরও তথ্য প্রদান করলে নিয়ে যাবেন সেখানে বাংলাদেশের পক্ষে জনমত সৃষ্টির সহায়তায়। এভোবেই মুক্তিযুদ্ধের পক্ষে আমাদের প্রথম কাজ শুরু হল। তিনিও জানালেন যে তিনি চলে গেলে ও একজনকে বলে যাবেন আমাদের সাথে যোগযোগ স্থাপনের জন্য।

এদিকে ২৬ শে মার্চ থেকেই নরহত্যার পাশাপাশি বাঙালীর মুক্তিযুদ্ধে প্রাথমিক পর্ব শুরু হয়ে গেছে। ঢাকা ছাড়া বাংলাদেশর সর্বত্র পাক বাহিনী প্রতিরোধের সম্মুখীন হচ্ছে।ইপিআর,পুলিশ,ইবিআর,প্রাক্তন সৈনিক, ছাত্র ,জনতার মধ্য থেকে স্বতঃস্ফূর্তভাবে স্থানীয়ভাবে মুক্তিফৌজ গড়ে উঠেছে। স্বাধীন বাংলা বেতার মারফত স্বাধীনতা যুদ্ধের কথা দেশের আনাচে কানাচে ছড়িয়ে পড়েছে।চট্টগ্রাম ও পারিপার্শ্বিক এলাকায় মেজর জিয়াউর রহমান ও ক্যাপ্টেন রফিকুল ইসলামের নেতৃত্বে, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা মেহের পুর সীমান্তে মেজর ওসমানের নেতৃত্বে ;ময়মনসিংহে মেজর শফিউল্লাহর নেতৃত্বে;ব্রাক্ষণবাড়িয়া, আখাউড়া এলাকায় মেজর খালেদ মোশাররফের নেতৃত্বে; সিলেট অঞ্চলে মেজর দত্তের নেতৃত্বে প্রতিরোধ যুদ্ধ চলছে। এই নামগুলি সেদিন অবরুদ্ধ ঢাকাবাসীর ছিল প্রেরণার উৎস।তখনই স্থির করেছিলাম পাকিস্তানী অধিকৃত ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর চাকুরী নয়, মুক্তিযুদ্ধের পক্ষে যে কোন কাজ করাই হবে পবিত্রতম কর্তব্য। প্রথম দিকে স্থির করেছিলাম ঢাকাতেই আত্মগোপন করে অবস্থান করে স্বাধীনতা যুদ্ধের পক্ষে কাজ কারার চেষ্টা করব সীমিত সাধ্য নিয়ে। কেননা এটি ক্রমশ স্পষ্ট হয়ে উঠেছিল যে আমাদের প্রাথমিক প্রতিরোধ টিকবে না, ভেঙ্গে পড়বে। গেরিলা যুদ্ধই হবে আমদের ভরসা, আর এজন্য প্রয়োজন দেশের অভ্যন্তরে জীবনের ঝুঁকি নিয়ে ও থেকে যাওয়া। তাই সেই দুর্যোগকালে ও কয়েকজন সাথে যোগাযোগের চেষ্টা করলাম ঢাকায় থেকে প্রতিরোধের সপক্ষে কোন কিছু করা যায় কিনা। কিন্তু অবস্থা ক্রমশঃ খারাপ হতে লাগল। কার ও সাথে যোগাযোগ করা সম্ভব হচ্ছিল না। ঢাকায় অবস্থান করাও অসম্ভব হয়ে উঠেছিল। প্রতিরাতেই ঢাকার কোন কোন এলাকা পাকিস্তানী হামলার শিকার হচ্ছিল।

বুঝতে পারছিলাম সপরিবার ঢাকায় আর থাকা নিরাপদ নয়। শুভানুধ্যায়ীরা বিশেষ করে ডঃআজাদ পরামর্শ দিলেন ঢাকা ছেড়ে মুক্তাঞ্চলে চলে যাওয়ার। কিন্তু সমস্যা দেখা দিল অসুস্থ স্ত্রী আর বৃদ্ধামাতাকে নিয়ে। ১১ই এপ্রিল আকাশবাণীর মারফৎ জানলাম মুজিবনগরে বাংলাদেশ সরকার প্রতিষ্ঠার কথা। ইতিমধ্যে স্বাধীনতার কথা ঘোষিত হয়েছে-যা পূর্বেই উল্লেখ করেছি।পরে আগরতলায় আমার এক ছাত্র মুক্তিযোদ্ধা সঞ্জয়ের সাথে দেখা হওয়ায় তাকে জিজ্ঞেস করেছিলাম তারা নোয়াখালী শহরে কিভাবে স্বাধীনতার কথা জানতে পারে। সে আমায় জানিয়েছিল যে,২৭শেমার্চ সকাল থেকে স্থানীয় আওয়ামী লীগ নেতৃবৃন্দও অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দ বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা করেছেন এ সম্পর্কে মাইকযোগে প্রচার করতে থাকে এবং বঙ্গবন্ধুর বাণী সম্বলিত একটি হ্যাণ্ডবিল জনগণের মধ্যে বিতরণ করা হয়।তার মতে বঙ্গবন্ধুর এই বাণীটি টেলিগ্রাফ অফিসের কর্মচারীরা পান এবং তারা নেতৃবৃন্দকে জানান। এ ঘটনা থেকে আমার মনে হয় বঙ্গবন্ধুর

বাণীটি চট্টগ্রামে ধৃত হওয়ার পর টেলিগ্রাফ ও অয়ারলেসের কর্মচারীবৃন্দ বিভিন্ন স্থানে প্রেরণ করেন। তারা আবার অন্যান্য স্থানের সাথে যোগাযোগ করে। এই বাণী এভাবেই স্বতঃস্ফূর্তভাবে দেশের বিভিন্ন অঞ্চলে প্রচারিত হয়। আরও অনেকর কাছ থেকে একই ধরনের কথা শুনতে পাই।

২২শে এপপ্রিল।অধ্যাপক হাবিবুল্লাহ যোগাযোগ করলেন একটি দুঃস্থ অসহায় হিন্দু পরিবারের জন্য আশ্রয় খুঁজতে হবে। ভদ্রলোক একজন সরকারী চাকুরে। তাঁকে কয়েকদিন হল মিলিটারী ধরে নিয়ে গেছে। আর ফিরে আসেননি। সকন্যা মহিলা বিপদে পড়েছেন। কন্যাটির প্রতি মিলিটারীর নজর পড়ছে।মিলিটারীর লোকজন প্রতিদিন আগাগোনা করছে, আর ভয় দেখাচ্ছে। টাকা দাবী করছে বাবাকে ছেড়ে দেবে এই বাবদে। মিসেস আব্বাসের সাথে যোগাযোগ করে ওদের একটি আশ্রয়ের ব্যবস্থা করলাম। আজিমপুরায় আমার এক পরিচিত হিন্দু সরকারী কর্মচারী পালাতে পারেননি, সরকারী নির্দেশে আবার কাজে যোগ দিয়েছেন। কয়েকজন অবাঙ্গালী তাকে ভয় দেখাচ্ছে, তারা বৈকালিক চা-পানের উদ্দেশ্যে। খবর পাঠিয়েছেন মেয়েটির জন্য কিছুদিনের জন্য নিরাপদ আশ্রয়ের।সুলতানার সাথে যোগাযোগ করলাম। ও রাজী হল মেয়েটির একটি সুব্যবস্থা করার। আজিমপুরায় যে মেসে থাকতাম সেখানকার একজন একদিন সন্ধ্যায় জানালেন- তাকে তার অফিসে জনৈক অবাঙ্গালী কর্মচারী ভয় দেখাচ্ছে যে তিনি মুক্তিবাহিনীর সাথে যোগাযোগ রাখছেন- টাকা চাইছে। স্থির করেছেন মুক্তাঞ্চলে চলে যাবেন, মুক্তিবাহিনীতে যোগ দেবেন। সব ঠিকঠাক করে ফেলেছেন।পরদিন সকালেই চলে যাবেন। সকালে তাকে শুভেচ্ছা জানিয়ে বিদায় নিলাম। তার সঙ্গে আর দেখা হয়নি।

স্থির হয়েছিল এপ্রিলের শেষে ঢাকা ত্যাগ করব। পুরানো এক রাজনৈতিক কর্মীবন্ধু মেসেজ পাঠিয়েছেন অবিলম্বে মুক্তাঞ্চলে সরে যাওয়ার জন্য। আমার জন্য ঢাকায় থাকা আর কিছুতেই নিরাপদ নয়। বার্তাবাহক সব ব্যবস্থা করবেন।কিন্তু উদ্যোগ ব্যর্থ হল। মিলিটারী ব্যূহ ভেদ করে বেরিয়ে যাওয়া সম্ভব হল না। অর্ধপথ থেকে ফিরে এলাম আবার ঢাকায়। এবার অন্য সূত্র ধরলাম।দাউদকান্দি থেকে বেশ কয়েক মাইল দূরে ভিতরে এক গ্রামে আমার স্ত্রীর দূর সম্পর্কের এক মামা থাকেন । সেখানে যাওয়া স্থির করলাম। ডঃওবাদুল হকের অফিসে ঐ অঞ্চলের কর্মচারীর সন্ধান পাওয়া গেল।সে খবর নিয়ে জানাল আমাদের আত্মীয়রা গ্রামে আছেন ওদিকে মিলিটারীর দৌরাত্ম্য নেই।মুক্তাঞ্চল বলা চলে।সে আমাদের ওখানে নিয়ে যেতে রাজী হল ।ওর নাম নুরুল ইসলাম। স্থির হল নারায়ণগঞ্জথেকে লঞ্চ বা নৌকায় আমরা ঐ গ্রামের দিকে যাব।ডঃআজাদ পরামর্শ দিলেন হিন্দু পরিচয়ে কিছুতেই যাওয়া যাবেনা। যেতে হলে মুসলমান পরিচয়ে।কিন্তুবিপত্তি হল মাকে নিয়ে। মা কিছুতেই প্রথম জিজ্ঞাসাতে মুসলমান নাম বলতে পারেন না ,মুখ দিয়ে আসল নাম বেরিয়ে আসে। অতএব স্থির হল আমরা রাস্তায় জিজ্ঞাসাবাদের পাল্লায় পড়লে নেটিভ ক্রিশ্চিয়ান পরিচয় দেব। নাম স্থির করার প্রয়োজন নেই। ক্রিশ্চিয়ানরা বাংলা নামেই পরিচয় দেয়। হলিক্রস কলেজের পরিচিত এক সিষ্টারের কাছ থেকে ‘ক্রশ’, কিছু বাংলা ও ইংরেজী বাইবেল ও অন্য পুস্তক যোগাড় হল।মা ও স্ত্রী ‘ক্রশ’ঝুলালেন গলায়। স্থির হল ১৫ই মে আমরা ঢাকা ত্যাগ করব। ডঃ আজাদ ওর প্রতিষ্ঠানের কর্মচারী হিসাবে পরিচয় পত্র জোগাড় করে দিলেন।

ঢাকা ত্যাগের কয়েকদিন আগে চক্ষু চিকিৎসক ডঃআলিম চৌধুরীর সাথে যোগাযোগ করলাম। তিনি পূর্ব পরিচিতি অসহায় আন্দোলনের সময়েই তার সাথে যোগাযোগ স্থাপিত হয়েছিল। তাঁকে সব জানালাম। তিনি সেদিন বলেছিলেন যে তাঁর প্রকাশ্য রাজনৈতিক কোন পরিচয় নেই উপরন্তু তিনি চিকিৎসক, কাজেই ঢাকায় থাকা তাঁর জন্য অতটা বিপদজনক নয়। স্থির হল তিনি ঢাকায় আগত গেরিলাদের যোগাযোগকারী ব্যক্তি হিসাবে কাজ করবেন। তাদের আশ্রয় ,প্রয়োজনে চিকিৎসা ঔষধ পত্রাদি যোগানোর ব্যাপারে- অন্যান্যদের সহায়তায়। ডঃআজাদের সাথে যোগাযোগ রাখার কথাও তাঁকে বললাম। আর ও কয়েকজনের সাথে এ ব্যাপারে দেখা করলাম। সরকার ঘোষণা করেছে ১লা জুলাইর মধ্যে বিশ্ববিদ্যালয়ে যোগদানের জন্য। যাওয়ার কয়েকদিন আগে বিভাগীয় প্রধান ইন্নাস আলীর সাথে দেখা করলাম তাঁর আজিমপুরস্থ অস্থায়ী বাসভবনে। তিনি পাকিস্তানীদের গুলিতে

আহত হয়েছিলেন, তখন নিরাময়ের পথে। সাশ্রুনেত্রে বিদায় জানালেন, মাথায় হাত রেখে আশীর্বাণী উচ্চারণ করলেন।

বিদায়ের মুহুর্ত এগিয়ে এল। ডঃআজাদ ও ডঃহক নিবিড় আলিঙ্গনে বিদায় জানাল- আশার বাণী উচ্চারণ করল আবার দেখা হবে- হয়তো মুক্তদেশে। ডঃআজাদকে আর একটি প্রতিবেদন হস্তান্তরিত করলাম বাইরে পাঠাবার জন্য। দেশ মুক্ত হবার পর অনেকের সাথে দেখা হয়েছিল কিন্তু এই নীরব দেশকর্মীর সাথে আর দেখা হল না। চিরতরে তিনি হারিয়ে গেলেন। পথে কোন বিপদ হয়নি। কেবল পাগলার ওখানে আমাদের গাড়ী আটকিয়ে জনৈক মিলিটারী অফিসার আমার পরিচয় ও কোথায় যাচ্ছি জিজ্ঞেস করেছিল। মাকে দেখিয়ে বলেছিলাম ওঁকে চিকিৎসার জন্য ঢাকায় আনিয়েছিলাম- গ্রামে ফিরে যাচ্ছেন। আমরা মুক্তি পেলাম। নদীর ধারে গেলাম অসংখ্য লাশ পড়ে রয়েছে। চারদিকে শকুনের উল্লাস। অনেকগুলি নারায়ণগঞ্জ অভিমুখি বাস আটকানো- যাত্রীদের পথের পাশে সারিবদ্ধভাবে দাঁড়ানো। শেষ পর্যন্ত ওদের কি হয়েছিল জানি না।

অবশেষে নারায়ণগঞ্জ থেকে লঞ্চ ও নৌকাযোগে আমরা আমাদের উদ্দিষ্ট গ্রামে পৌঁছালাম নূরুল ইসলামের সহয়তায়। আসবার সময় শীতলক্ষ্যা ও ধলেশ্বরীতে ভেসে যেতে দেখলাম অসংখ্য মৃতদেহ নূরুল ইসলাম জানাল দিন কয়েক আগে নারায়ণগঞ্জ ও আশেপাশের এলাকায় মিলিটারী অপারেশন হয়েছে- এ তারই ফলশ্রুতি।

আমাদের আত্মীয়রা আমাদের গ্রহণ করল সাদরে। অনেকদিন পর মার মুখে দেখলাম আশ্বস্তির ঝিলিক। দাউদকান্দি থেকে বেশ কয়েক মাইল গভীরে গ্রামটি।যাতায়াতের সুবিধা নেই তাই আপাতদৃষ্টিতে নিরাপদ। অন্যদিকে মুক্তিবাহিনীর ছেলেদের একটি ভাল আশ্রয়কেন্দ্র হিসাবে গড়ে উঠতে পারে।গ্রামবাসীদের অনেকে এবং আশেপাশের গ্রামসহ বেশ কিছু বিশ্ববিদ্যালয় ও কলেজ থেকে পলাতক এবং স্থানীয় ছাত্র আমার সাথে যেগাযোগ করল- ঢাকার অবস্থা জানতে চাইল। ওরা জানাল যে আশেপাশের গ্রাম মিলে ওরা একটি ছোটখাটো মুক্তিবাহিনী গড়ে তুলতে চেষ্টা করছে।কিন্তু প্রশিক্ষণ ও অস্ত্রের বড্ড অভাব। পরামর্শক্রমে ঠিক হল আপাততঃ সশস্ত্র প্রতিরোধ সম্ভব নয়। এখন কেবল সংগঠন গড়ে তোলা আর চতুর্দিকে সতর্ক দৃষ্টি রাখা বিশেষ করে দাউদকান্দিতে ঘাঁটি স্থাপন করা পাক বাহিনীর গতিবিধির ওপর। স্থির হল ১০/১২ জনের একটি দল ভারতে গিয়ে প্রশিক্ষণ ও অস্ত্র নিয়ে চলে আসবে। ওরা ফিরে এলে আর একটি দল যাবে এবং ক্রমান্বয়ে এই প্রক্রিয়া চলবে যতদিন না স্থানীয়ভাবে প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা যায়।

কয়েকদিন গ্রামে কাটালাম। একদিন রাতে দাউদকান্দি কুমিল্লা মহাসড়কের দু;পাশে কয়েকটি গ্রামে মিলিটারী অপারেশন চালাল। এর ঢেউ আমাদের গ্রামেও এসে লাগল । গ্রামবাসীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ল। বিশেষ করে হিন্দু জনসাধারণ । আমার আত্মীয়রাও স্থির করল ওরা ভারতে চলে যাবে কিছু দিনের মধ্যেই। তাই স্থির করলাম ভারতে গিয়েই মুক্তিযদ্ধের পক্ষে কাজ করার। স্থির হল ২২শে মে ভারতের উদ্দেশ্যে যাত্রা করব। স্থানীয় মুক্তিবাহির একটি ছোট দল আমাদের সাথে যাবে তবে ওরা ভিন্ন পথে, আমরা মিলিত হব সি এণ্ড বি রোড পার হয়ে গোমতী নদীর ওপারে। গভীর রাত্রে একজন পথ প্রদর্শক সাথে নিয়ে আমরা আবার পথে নামলাম। দীর্ঘপথ কখনও হেঁটে, কখনও নৌকাযোগে পেরিয়ে আশ্রয় নিলাম চান্দিনার কাছে এক গরীব নাপিতের বাসায়। পরদিন রাত্রে আমরা অতিক্রম করলাম সবচাইতে বিপজ্জনক পথ চান্দিনা-কুমিল্লা রোড এবং পরে সি এণ্ড বি রোড। অতিক্রম করলাম গোমতী নদী ,ওপারে মুক্তিবাহিনীর দলটির সাথে দেখা হল। আমরা সেখান থেকে বুড়িচং হয়ে নয়নপুরের কাছ দিয়ে ভারতীয় সীমান্ত অতিক্রম করলাম। প্রণাম জানালাম দেশের মাটিকে। চোখে জল এল। ভাবছিলাম আবার কি ফিরে যেতে পারব জন্মভূমির কোলে। দুপুরে আমরা পৌঁছালাম সীমান্ত শহর সোনামুড়ায় ২৪শে মে। ছোট শহরে ভরে গেছে বাংলাদেশ থেকে আগত হাজার হাজার শরণার্থীতে। আপাততঃআশ্রয় পেলাম স্ত্রীর দূর সম্পর্কের বোনের বাসায়। দেখা হল আওয়ামী লীগের প্রাদেশিক সংসদ সদস্য অধ্যাপক খুরশীদ আলমের সাথে। তিনি পূর্বপরিচিত। মুক্তিবাহিনীর ছোট দলটির আগমনের

উদ্দেশ্য ওকে জানালাম, ওরা আশ্রয় পেল যুবশিবিরে। কয়েকদিন অধ্যাপক আলমের সাথে কাজ করলাম রিক্রুটিং সেন্টারে। দলে দলে যুবকরা আসছে সীমান্ত পেরিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য। এদের রাজনৈতিক মতবাদ ভিন্ন, কিন্তু মাতৃভূমি উদ্ধারে দৃপ্ত শপথে সকলেই বলীয়ান। ভারতীয় কর্তৃপক্ষ সদাসতর্ক যেন উদ্বাস্তুদের সাথে পাকিস্তান চর বা গোয়েন্দা অনুপ্রবেশ না করতে পারে। একদিনের ঘটনা- বিকেলে থানা থেকে জনৈক পুলিশ এসে আমাকে জরুরী প্রয়োজনে থানায় নিয়ে এল থানা অফিসার জানালেন যে তারা গোয়েন্দা সন্দেহে কয়েকজনকে আজ আটক করেছে- সবাই পরিচয় দিচ্ছে বিশ্ববিদ্যালয়ের ছাত্র বলে। আমি সনাক্ত করতে পারি কি না। সন্দেহের কারণ ওদের সাথে রয়েছে বাংলাদেশের অভ্যন্তরের রাস্তা ঘাট ও নদীপথের মানচিত্র। আমার সাথে ও ধরনের কিছু ম্যাপ ও কাগজপত্র ছিল। ডঃআজাদ অন্যান্যদের সহযোগিতায় জোগাড় করে ঢাকা ত্যাগের সময় আমাকে দিয়েছিলেন মুক্তিবাহিনীর লোকজনদের কাজে লাগাতে পারে এই ভরসায়। ছাত্রদের সাথে থানা হাজতে কথা বলে সন্দেহমুক্ত হলাম, ওরা প্রকৃতই ছাত্র। কয়েকজন আমাকে চিনতে ও পারল। ওরা মুক্তিযুদ্ধে অংশ নিতে এসেছে। অফিসারকে বলায় ওরা মুক্তি পেল কিছুক্ষণ পরে।

মুক্তিযুদ্ধে আরো সক্রিয়ভাবে কাজ করতে চাই। তাই পরদিন আমরা এলাম আগরতলায়। সপরিবারে আশ্রয় নিলাম আগরতলায় কলেজের উদ্বাস্তু শিবিরে। কলেজের হোষ্টেলের একটি কামরায় আমাদের স্থান করে দিলেন সুপার শ্রী ভট্টাচর্য। বাংলাদেশের মুক্তিযুদ্ধে নানা ভাবে এবং উদ্বাস্তুদের দেখাশুনার ব্যাপারে শ্রী ভট্টাচার্য যে অমূল্য অবদান রেখেছেন তা আমি আজ ও শ্রদ্ধার সাথে স্মরণ করি। হাজার হাজার শরণার্থী- সাধারণ মানুষ, ছাত্র, শিক্ষক। দেখা হল ছাত্রনেতা আবদুল কুদ্দুস মাখন সহ বেশ ক'জন ছাত্রনেতার সাথে, দেখা হল জনাব জিল্লুর রহমান ও কয়েকজন আওয়ামী লীগ নেতৃবৃন্দের সাথে। নেতাদের জানালাম যে আমি ভারতে এসেছি উদ্বাস্তু হিসাবে থাকার জন্য নয়, মুক্তিযুদ্ধে কাজ করতে।

সেদিন বিকেলে ভারতীয় চলচ্চিত্র, ডকুমেনটেশন বিভাগ আমার একটি সাক্ষাৎকার চিত্রায়িত করল। ঢাকা ও বাংলাদেশের যে গণহত্যা চলেছে তার একটি বিশদ বিবরণ দিলাম। এই চিত্রায়ন পরে ভারতের নানা স্থানে প্রদর্শিত হয়েছিল। পরদিন ছিল নজরুল জয়ন্তী, সত্যবাবুর উদ্যোগে উদ্বাস্তু ও যুবশিবিরের ছাত্ররা অনুষ্ঠান করল। আমরা অনেকেই বক্তৃতা করলাম। দেখা হল চট্টগ্রামের বিশিষ্ট আওয়ামী লীগ নেতা এম আর সিদ্দিকীর সাথে। তাঁকে সব জানালাম। তিনি পরামর্শ দিলেন কোলকাতায় চলে যাওয়ার জন্য। সেখানে মুজিব নগরস্থ বাংলাদেশ সরকার ও ডঃ এ আর মল্লিকের সাথে দেখা করার জন্য। সেখানে আমাদের মত লোকের নাকি বিশেষ প্রয়োজন।

স্থির করলাম কোলকাতা চলে যাওয়ার। কয়েকদিন শরণার্থী শিবির ও যুবশিবির ঘুরে ঘুরে বাংলাদেশ থেকে আগত বিভিন্ন অঞ্চলের লোকজনদের কাছ থেকে বাহিনীর অত্যচার সম্পর্কিত বেশ কিছু তথ্য সংগ্রহ করলাম। দেখা হয়েছিল দেবদাস চক্রবর্তী ও ডঃ এস আর বোসের সাথে। সমস্যা দেখা দিল অসুস্থ স্ত্রী ও মাকে নিয়ে। ওঁদের চিকিৎসা ও বিশ্রামের প্রয়োজন। স্থির হল আসামে শিবসাগরে কর্মরত বড় ভইয়ের কাছে মা ও স্ত্রীকে রেখে আমি কোলকাতায় চলে যাব। চিঠি লিখলাম কোলকাতাস্থ বাংলাদেশ মিশনে ডঃ এ আর মল্লিকের কাছে আমার আসামের ঠিকানা জানিয়ে। প্রায় নিঃস্ব অবস্থায় আসামে পৌঁছলাম কয়েকদিন পরে। কিন্তু আসামে এসে বিপদে পড়লাম আসাম কর্তৃপক্ষ আদেশ জারী করেছেন উদ্বাস্তুদের সব রকম চলাচল নিষিদ্ধ করে। বড় ভাই চেষ্টা করতে লাগলেন আমার কোলকাতা যাওয়ার অনুমোদন লাভের। দেরী হচ্ছিল। এরই মধ্যে ডঃ আনিসুজ্জামান এবং ডঃ মল্লিকের পক্ষ থেকে তার কন্যা আমার ছাত্রী সেলিনার চিঠি পেলাম। ত্বরিত কোলকাতা যাওয়ার কথা দু'জনেই লিখেছেন। অনেক নাকি কাজ। আসাম সরকারেরও অনুমতি পাওয়া গেল।

কোলকাতার পথে গৌহাটিতে একদিন অবস্থান করলাম। গৌহাটি বিশ্ববিদ্যালয়ের বাঙালী শিক্ষকদের সাথে দেখা করলাম। ওদের আসামে বাংলাদেশের পক্ষে জনমত সৃষ্টির প্রয়াসে কাজ করার আবেদন জানালেন। তড়িঘড়ি করে বিশ্ববিদ্যালয়ে ওরা একটি সভারও আয়োজন করল- বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে বক্তব্য রাখলাম, আসামবাসীদের সহযোগিতা কামনা করলাম। আসাম থেকে এলাম উত্তরবংগে। শিলিগুড়ি, রামগঞ্জ

প্রভৃতি সীমান্তে অবস্থিত শরণার্থী শিবির ও মুক্তিযোদ্ধাদের ক্যাম্প ইত্যাদি ঘুরে দেখলাম। যতদুর পারি বিভিন্ন অঞ্চলের তথ্য সংগ্রহ করতে চেষ্টা করলাম। বিভিন্ন শরণার্থী শিবির ঘুরে খেলাম আর একটি উদ্দেশ্য ছিল পিতৃদিবের সন্ধান। মুক্তিযুদ্ধে আরম্ভ হওয়ার সাথে সাথেই তাঁর সঙ্গে আমাদের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। ২৫শে মার্চে তিনি ছিলেন দিনাজপুর, আর আমারা ঢাকায়। কোথাও তার সন্ধান মিলল না। আবশেষে দিনাজপুর সীমান্তের কাছাকাছি মুক্তিযোদ্ধাদের এক শিবিরে তার সন্ধান পেলাম। দিনাজপুর শহরের কয়েকজন মুক্তিযোদ্ধা জানাল যে বাবা গ্রামের বাড়ীতে আশ্রয় নিয়েছেন। তারা আরো জানাল যে সেই গ্রামটি বর্তমানে মুক্তিযোদ্ধাদের একটি ভাল আশ্রয়স্থল বাবা মুক্তিযোদ্ধদের নিরাপদ আশ্রয় দান ইত্যাদি কাজে ব্যাপৃত রয়েছেন।

অবশেষে কোলকাতা পৌছলাম জুন মাসের মাঝামাঝিতে। আশ্রয় পেলাম মাসীমার ভবানীরপুরস্থ বাসায়। প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের সাথে দেখা করলাম তিনি আমাকে বাংলাদেশ সরকারের প্ল্যানিং সেলের সাথে যুক্ত থেকে কাজ করার নির্দেশ দিলেন। যোগাযোগ হল ডঃ এ আর মল্লিক ডঃ আনিসুজ্জামান, ডঃ খান সারওয়ার মুর্শিদ, আধ্যাপক আলী আহসান ও আন্যান্য আনেকের সাথে। মুক্তিযুদ্ধের কাজে সর্বাত্বকভাবে নেমে পড়লাম। ডঃ আনিসুজ্জামান সরকারের বিশেষ কাজে জড়িয়ে পড়ায় মে মাসে গঠিত বাংরাদেশ শিক্ষক সমিতির সম্পাদকের দায়িত্ত আমার উপর বর্তাল।

অবরুদ্ধ ঢাকয় অবস্থানকালে ও বিভিন্ন শরণার্থী শিবির থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নারকীয় হত্যার আকটি প্রতিদেন আমরা তৈরী করেছিলাম। তার সংক্ষিপ্তসার এখানে উল্লেখিত হল। এই প্রতিবেদনে আমরা পাকিস্তানসহ বিভিন্ন দেশ বহু ব্যাক্তি, সংঠন ও সরকারের কাছে প্রেরণ করি।

ঢাকর ঘটনাঃ ২৫শে মার্চ জগন্নাথ হল ও তৎপপার্শ্ববর্তী এলাকায় সংগঠিত হয় সবচাইতে বড় নরহত্যা। জগন্নাথ হলের যে সব নিহত ছাত্র ও কর্মচারির নাম সংগ্রহ করা হয়েছিল- সর্বশ্রী স্বপন চৌধুরী (ছাত্রনেতা গণপতি হালদার, সুশীল দাশ (সহ-সাধারন সম্পাদক), রমণীমোহন ভট্টাচার্য, রণদা রায়, সুভাষ চক্রবর্তী, প্রবীর পাল, কিশোর মোহন সরকার, ভবতোষ ভৌমিক, বরদা কান্ত তরদার, সত্যদাস, কার্তিক শীল পল্টনদাস, কেসব চন্দ্র হালদার, নির্মল কুমার রায়, সুজিত দত্ত, রবীন্দ্র রায়, বিধান ঘোষ, মৃনাল বোস, মনোরঞ্জন বিশ্বাস, অজিত রায় চৌধুরী, সত্যনাগ, রুপেন্দ্র সেন, মুরারী বিশ্বাস, বিমল রায়, প্রদিপ নারায়ণ রায় চৌধুরী, নিরঞ্জন চন্দ্র, সুব্রত সাহা, প্রিয়নাথ (৪র্থ শেনীর কর্মচারী), দুখী রাম (৪র্থ শ্রেণীর কর্মচারী), সুনিল দাস (৪থ শ্রেণীর কর্মচারী), শংকর মোদক (৪র্থ শ্রেণীর কর্মচারী) খগেন্দ্র চন্দ্র দে ৪র্থ শ্রেণীর কর্মচারী,) মতিলাল দে (৪র্থ শ্রেণীর কর্মচারী), রাজভর (৪র্থ শ্রেণীর কর্মচারী), লতিফুর রহমান (অতিথি ছাত্র), বদরুদোজ্জা (অতিথি ছাত্র), মহতাব উদ্দিন (অতিথি ছাত্র), এবং আরও বহু ছাত্র যাদের নাম সংগ্রহ করা আর কোনদিনই হয়ত সম্ভব হবেনা।

এছাড়া ইকবাল হলেও বেশ কিছু ছাত্র-ছাত্রী এবং আশ্রয়প্রার্থী বস্তি এলাকার অসংখ্য নরনারী।

এই গনহত্যায় বিশ্ববিদ্যালয়ের আরও যে সব কর্মচারী নিহত তারা হলেন: মধুদে- সকলের মধু দা, বিশ্বদ্যিালয়ের ক্যান্টিনের মালিক ও তার স্ত্রী, বড় ছেলে এবং পুত্রবধু, ননীরাজভর, রোকেয়া হলের দারোয়ান ও স্ত্রী ও সকল সন্তানসন্ততি, খগেন দে, দর্শন বিভাগের ৪র্থ শ্রেণীর কর্মচারী, শামসুল মোল্লা ইকবাল হলের দারোয়ান, রোকেয়া হলের দারোয়ান মইনুদ্দিনের স্ত্রী, ছেলেমেয়ে ও পুত্রবধু, চুন্নু মিয়া, রোকেয়া হলের মালী আব্দুল খালেক, রোকেয়া হলের মালী, পিয়ার মোহাম্মদ, রেজিস্ট্রার অফিসের পিয়ন ২৭ শে মার্চ ঢাকা থেকে পালাতে গিয়ে রাস্তয় নিহত হয়।

এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাব ভবনে পাঁচটি মৃতদেহ পাওয়া যায়। এদের ৪ জন হল ক্লাবের বেয়ারার, অন্যজনের পরিচয় পাওয়া যায়নি- সম্ভবত ওদের কারও অতিথিঃ আব্দুল মজিদ, সিরাজুল হক, সোহরাব হোসেন, আলী হোসেন।

২৫শে মার্চ থেকে ২৯ শে মার্চের মধ্যে যেসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হত্যা বা আহত করা হয়েছিলঃ

প্রফেসর গোবিন্দ চন্দ্র দেব, উপমহাদেশের প্রখ্যাত দার্শনিক ও দর্শন বিভাগের পধান। ২৬ শে মার্চ প্রাতঃকালে প্রার্থনারত অবস্থায় প্রথমে বন্দুকের গুলিতে পরে সঙ্গিনের খোঁচায় হত্যা করা হয়। তার মুসলিম পরক পুত্রকে ও হত্যা করা হয় একই সাথে। মুহাম্মদ মুনিরুজ্জমান, পরিসংখ্যান বিভাগের প্রধান, তকে তার ভই, এক ছেলে ও ভইপোসহ ২৬ শে মার্চের সকালে হত্যা করা হয়। মুহাম্মদ মুকতাদির, ভূতত্ত্ব বিভাগের সিনিয়র লেকচারার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোড আবাসিক এলাকায় তার বাসভবনে ২৬ শে মার্চ সকালে হত্যা করা হয়। শ্রী অনদ্বৈপায়ন ভট্টাচার্চ, লেকচারার পলিত পদার্থবিদ্যা বিবাগের গৃহশিক্ষক জগন্নাথ হল। হলের মধ্যে তার বাস ভবনের বাথরুমের লুকিয়ে ছিলেন ২৫ শে মার্চ রাতে সেনবাহিনীর লোকজন ওখোনে তাঁকে হত্যা করে। ডক্টর জোতির্ময় গুহঠাকুরতা, রীডার ইংরেজী বিভাগ, প্রোভস্ট জগনাথ হল; ২৬ শে মার্চ সকালে হত্যা করা হয়। শ্রী অনুদ্বৈপায়ন ভট্টচার্য অধ্যাপক রাজ্জাক ও মিসেস গুহঠাকুরতা তাবেবাসায় য়য়ে আসেন। ২৭ শে মার্চ সকালে হাসপাত নিয়ে যাওয়া হয়, ২৯শে মার্চ হাসপাতালে মারা যান। মুহাম্মদ সাদেক, ডাকা বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুলের শিক্ষক, ফুলার রোড এলাকায় তার বাসভবনে তাকে হত্যা করা হয়। ২৭ শে মার্চ সকালে তাকে বাসভবনের পিচনের মঠে কবরস্থ করা হয়। ড. ফজলুর রহমান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের সিনিয়র ললেকচারার, তাকে এবং তার এক ভাইপোকে নীলক্ষেত এলাকায় তার বাসভবনে হত্যা করা হয়। একই সাথে এ ভবনের ছাদে আশ্রয় নেয়া অসংখ্য বস্তিবাসীকেও হত্যা করা হয়। ঐ সব লাশ দীর্ঘদিন ধরে ছাদে পড়ে ছিল। জনাব এ আর খান খাদিম, পদার্থবিদ্যা বিভাগের লেকচারার, ঢাকা হল (শহীদুল্লাহ হল) সংলগ্ন কর্মচারীদের আবাসস্থলের তাকে ২৬শে মার্চ হত্যা করা হয়। জনাব শরাফত আলী লেকচারার গনিত বিভাগ, একই স্থানে একই সময় তাকে ও হত্যা করা হয়। এছাড়া এই স্থানে আরও তিনজকে হত্যা করা হয় যাদের শনাক্ত করা সম্ভব হয়নি। ড. মুহাম্মদ শহাদত আলী, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট সিনিয়র লেকচারার ২৬শে এপ্রিল ডাকা থেকে তার বাড়ী নরসিংদী যাওয়ার পথে পাক ফৌজের হাতে নিহত হন।

ঐ কাল রাত্রিতে এবং তৎপরবর্তী নিম্নলিখিত শিক্ষকগণ মৃত্যুর সম্মুখীন হয়েছিলেনঃ

প্রফেসর এম ইন্নাস আলী, পদার্থবিদ্যা বিভাগের প্রধান ও বিশিষ্ট বিজ্ঞানী। আধ্যাপক ও তদীয় পুত্র ফিরোজ আলীকে পাক বাহিনীর একটি দল ২৫শে মার্চ রাত্রে নীলক্ষেতস্ত বাসভবনে প্রবেশ করে তাদের প্রতি লক্ষ করে গুলি করে। এর ফলে তারা ইভয়েই আহত হন। পরে তাদের হাসপাতপলে স্থানান্তরিত করা হয় এবং সেখানে আরোগ্য লাভ করেন। অধ্যাপক এ কে রফিকুল্লাহ রীডার পদার্থবিদ্যা বিভাগ, ৩১ শে মার্চ জিঞ্জিরা থেকে সপরিবারে নৌকাযোগে পলায়ন কালে পাক বাহিনীর গুলিতে মৃত্যুবরণ করেন। প্রফেসর এম এন হুদা অর্থনীতির অধ্যাপক, ২৫শে মার্চ রাত্র জগন্নাথ হলের নিকট তার বাসভবনে ঢুকে তার প্রতি গুলি ছোড়া হয়- সৌভাগ্যবশত তিনি রক্ষা পান। প্রফেসর মফিজুল্লাহ কবীর, ইতিহাসের অধ্যাপক ও সলিমুল্লাহ হলের প্রভোষ্ট, শহীদ মিনারের নিকট তার বাসভবনে ২৫ শে মার্চ গভির রাত্রে আত্মগোপন করে রক্ষা পননি। অধ্যাপক আবদুর রাজ্জাক, রাষ্টবিজ্ঞাণ বিভাগের অধ্যাপক ২৫ শে মার্চ রাত্রে শহীদুজ্জামনের নিকটস্থ তার বাসভবনের একটি কক্ষে আত্মগোপন করে অলৌকিকভাবে রক্ষা পান।

সে সময় ঢাকায় আর যেসব বিশিষ্ট ব্যক্তি নিহত হয়েছিলেনঃ কমান্ডার মোয়াজ্জম হোসেন, তথাকথিত আগরতলা মামলা ২নং আসামী। ২৫ শে মার্চ রাত্রিতে তাকে তার বাসভবনে থেকে টেনে বের করে এনে উন্মুক্ত রাজপথে গুলি করে মারা হয়। বাংলাদেশের স্বাধীনতার চেতনা উদ্দীপনায় কমান্ডার মোয়াজ্জেম হোসেনের অবদান অমুল্য। অধ্যক্ষ যোগেশ চন্দ্র ঘোষ, বিখ্যাত সধনা ঔষদালয়ের প্রতিষ্ঠাতা; ৩১ শে মার্চ গেন্ডারিয়ায় তার বাসভবনে এই অশীতিপর বৃদ্ধকে নৃসংশভাবে হত্যা করা হয়। ড. এস দে বিসিএসআইআর প্রতিষ্ঠানের বিশিষ্ট বিজ্ঞানী; এপ্রিল মাসে গেন্ডারিয়ার বাসভবনের কাছে তাঁকে হত্যা করে তাঁর মৃতদহ লোহার পুলের কাছে ফেলে রাখা হয়। ড.শৈলেন ভদ্র, শল্যচিকিসক, শাখাঁরী বাজারের নিকটে তার বাসভবনে ৩১ শে মার্চ পাক বাহিনী তাকে নৃশংসভাবে হত্যা করে। দানবীর রণদা প্রসাদ সাহা মির্জাপুর হাসপাতালের প্রতিষ্ঠাতা, সম্ভবত এপপ্রিল মাসের মাঝমাঝি সময়ে তাঁকে ও তাঁর পুত্রকে গভর্নর ভবনে ডেকে আনা হয় সেখান থেকে বের হবার পর সেনাবাহিনীর লেকজন ওদের ধরে নিয়ে যায়- সম্ভবত ক্যান্টনমেনটে পিতা পুত্র উভয়কে হত্যা করে। শহীদ সাহেবের, সাংবাদিক ও সাহিত্যিক কিছুদিন যাবৎ মানসিক রোগে ভুগচিলেন। ৩১ শে মার্চ সকালে সংবাদ অফিস ভবনে অগ্নিসংযোগ করে পাক বাহিনী সদস্যরা তাকে পুড়িরে মারে। জহিরুল আসলাম, ঔপন্যাসিক ও সাংস্কৃতিক, সংগঠক, জিঞ্জিরায় ২রা এপ্রিল তারিখে পাক বাহিনী যে বর্বর নরহত্যাকান্ড চালায় তাতে তিনি অন্য অনেকের সাথে নিহত হন। মেহেরুন্নেছা, কবি ও রেডিও মেকানিক, ২ মে মার্চ তাকে বর্বর পাক বাহিনীর সদস্যরা মা ও ছোট ভাইসহ নির্মম অত্যাচারের পর হত্যা করে। আবু তালিব দৈনিক ইত্তিফাকের সাংবাদিক, ২৯শে মার্চ মিরপুর এলাকায় পাক বাহিনীর কতিপয় অবাঙ্গালী অনুচরদের হাতে মৃত্যুবরণ করেন। ডা. আজহার আলী, রেডিওলজিস্ট, নভেম্বরের মাঝামঝি সময়ে খুব সম্ভব ১৬ই নভেম্বর তাকে পাক বাহিনীর অনুচরেরা বাড়ী থেকে ধরে নিয়ে গিয়ে হত্যা করে। তার মৃতদেহ ফকিরাপুলের কাছে পাওয়া যায়। ডা. হুমায়ুন কবীর, সদ্য পাশ করা ডাক্তার, ডা. আজহার আলীর সাথে একই সময়ে তাঁকে হত্যা করা হয়। এ দুটি হত্যার খবর আমরা কলকাতয় পাই- ডাকায় যোগাযোগ রক্ষাকারী গেরিলা ইউনিটের কাছ থেকে নভেম্বারের শেষে। ২৮শে মার্চ থেকে ৩১শে মার্চের মধ্যে ইত্তেফাক ,পিপলস ও সংবাদ অফিস ভবন পাক বাহিনীর আক্রমণের শিকার হয়। বেশ কজন লোক এইসব অফিসে নিহত হয়। ঢাকা থেকে আগত লোক মারফত খবর পাওয়া গেল নভেম্বর মাসের প্রথম সপ্তাহে ঘোড়াশাল ন্যাশনাল জুট মিলের বেশ ক'জন বাঙালী কর্মচারীকে পাকিস্তানী সৈন্যরা গুলি করে মেরেছে।

অন্যান্য অঞ্চলে অনুষ্ঠিত গণহত্যার স্বাক্ষর

নানা সূত্র থেকে আমরা বাংলাদেশের অন্যান্য অঞ্চলে অনুষ্ঠিত নারকীয় হত্যাকান্ডের সংবাদ সংগ্রহ করিঃ

চট্টগ্রাম ও আশপাশের অঞ্চলঃ শ্রী পিসি বর্মন, লোকহিতৈষী চট্টগ্রাম শহরের অধিবাসী, চট্টগ্রামে মাচের শেষের দিকে সশস্ত্র সংগ্রামের সময় তার বাসভবনে পাক বাহিনী তকে নির্মমভাবে হত্যা করে । তাঁর পুত্রও সম্ভাবত নিহত হয়। জনাব আলী ইমাম, চট্টগ্রাম স্টেট ব্যাংক শাখার কর্মচারী; মার্চ- এপ্রিলে পাক বাহিনীর হাতে নিহত হন। কাজী হাসান চট্টগ্রাম মেডিকেল কলেজের ছত্র; প্রতিরোধ যুদ্ধকালে লালখাঁ বাজারে স্বীয় বাসভবনে পাক হানাদারদের হাতে মৃত্যুবরন করেন। শ্রী নতুন চন্দ্র সিংহ, কুণ্ডেশ্বরী ঔষধালয়ের প্রতিষ্ঠাতা, একই সময়ে স্বীয় প্রতিষ্ঠনে এই সত্তুর বছর বয়স্ক বৃদ্ধকে বর্বরভাবে হত্যা করা হয়। কাওসার আহমেদ, চট্টগ্রাম পিআইএ অফিসের তরুণ কর্মচারী। বর্বর পাক বাহীনীর সদস্যরা বিমান বন্দ থেকে ধরে নিয়ে গিয়ে হত্যা করে। সঠিক সময় জানা য়ায়নি। শ্রী বীরেন্দ্র লাল চৌধুরী, প্রবর্তক সংঘের নিবেদিতপ্রাণ বৃদ্ধ পুরুষ; এপ্রিল -মে মাসে এই সংসারত্যাগী বৃদ্ধ সন্ন্যাসীকে পাক বাহিনীর জল্লাদেরা নির্মমভাবে হত্যা করে । শ্রী শান্তিময় খাস্তগীর, কানুনগোপাড়া কলেজের অধ্যক্ষ; কলেজের অফিসে কর্মরত অবস্থায় পাক বাহিনীর নির্মম জল্লাদের গুলিতে শহীদ হন। ঘটনাটি ঘটে ৩১শে জুলাই্ শ্রী অবণীমোহন দত্ত, চট্টগ্রাম সরকারী কলেজের দর্শনের অধ্যাপক অবরুদ্ধঅবস্থায় চট্টগ্রাম শহরে আটকা পড়ে গিয়েছিলেন। পালাননি বা পালিয়ে যেতে পারেননি। বাসা থেকে তাকে ও তার ভাইপোকে জল্লাদেরা ধরে নিয়ে যায়, আর ফিরেত পারেননি। চিরতরের জন্য হারিয়ে গেছেন।

শামসুদ্দিন আহমদ, ইঞ্জিনিয়ার কাপ্তাই জল বিদ্যুৎ কেন্দ্রের প্রধান কর্মকর্তা, সম্ভবত জুলাই আগস্ট মাসে বর্বর পাক সৈন্যের হাতে মৃত্যুবরণ করেন। জনাব শামসুল হক, চট্টগ্রামের এসপি; স্বাধীনতা যুদ্ধের প্রথম দিকে চট্টগ্রামে তকে পাক সৈন্যেরা হত্যা করে। শ্রী খগেন্দ্রনাথ সিংহ চট্টগ্রাম সিগনেট লাইব্রেরীর মালিক। এপ্রিল-মে মাসের দিকে তিনি পাক বাহিনীর ঘাতকদের হাতে মৃত্যুবরণ করেন। জনাব আব্দুল খালেক, চট্টগ্রাম কোতোয়ালীর তরূণ ওসি, সশস্ত্র মুক্তিযুদ্ধে যোগ দিয়েছিলেন। ইপিআর বাহিনী পশ্চাদপসারণ করলে তিনি চাচার বাসায় আশ্রয় নেন গ্রামে। সেখান থেকে ১৬ই এপ্রিল ধরে নিয়ে এসে অত্যাচারের মাধ্যমে তাঁকে ২২শে এপ্রিলের দিকে তাকে পাক বাহিনী ধরে নিয়ে যায়, আর কোন দিন ফিরে আসেননি। শামসুল আবেদীন, চট্টগ্রাম হাবিব ব্যাংক শাখার একজন অফিসার; তাঁকেও ধরে নিয়ে গিয়েছিল পাক বাহিনীর সৈন্যরা এপ্রিল-মে মাসের দিকে। ফিরতে পারেননি। ডা. শফি, দন্তচিকিৎসক, মার্চ-এপ্রিলে পাক বাহিনীর জল্লাদেরা তার জীবন নির্বাপিত করে দেয় বন্দুকের গুলিতে।

অবরুদ্ধকালে কুমিল্লা শহরে যেসব বিশিষ্ট ব্যক্তি পাক বাহিনীর হাতে নিহত হন তাদের মধ্যে সে সময় আমরা যাদের নাম সংগ্রহ করতে পেরেচিলাম তারা হলেনঃ

